Barcode - 4990010123271
Title - Bengal Legislative Assembly Proceedings (1980) vol.72, pt. 3
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 917
Publication Year - 1980
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13

Vol. 72-III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventy Two Session

(February–May Session, 1980)

(The 17th, 18th, 19th, 20th, 21st, 22nd, 24th, 25th & 26th March, 1980)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price Rs. 171/-

Vol. 72-III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventy Two Session

(February–May Session, 1980)

(The 17th, 18th, 19th, 20th, 21st, 22nd, 24th, 25th & 26th March, 1980)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

**Price Rs. 171/-**

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### SHRI TRIBHUBAN NARAYAN SINGH

### Members of the Council of Ministers

1. Shri Jyoti Basu, Chief Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Department of Power and Hill Affairs Branch of Department of Development and Planning.

2. Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Department of Labour.

3. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Hill Affairs and Jhargram Affairs Branches) and Department of Excise.

4. Shri Pravas Chandra Roy, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundarban Areas Branch of Department of Development and Planning.

5. Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.

6. Shri Buddhadev Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs.

7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development and Metropolitan Development Branch of Public works Department.

8. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.

9. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

10. Shri Chittabrata Mazumder, Minister-in-charge of Department of Cottage and Small-Scale Industries.

11. Shri Mohammed Amin, Minister-in-charge of Transport Branch of Home Department.

12. Shri Partha De, Minister-in-charge of Primary Education, Secondary Education, and Library Service Branches of Department of Education.

13. Shri Hashim Abdul Halim, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

14. Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forest and Department of Tourism.

15. Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

16. Shri Sambhu Charan Ghosh, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

17. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Fisheries and Department of Co-operation.

18. Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture.

19. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department (excluding Metropolitan Development Branch) and Department of Housing.

20. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Department of Health and family Welfare.

21. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Panchayats and Community Developement and Jails Branch of Home Department.

22. Shri Sudhin Kumar, Minister-in-charge of Department of Food and Supplies.

23. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

24. Srimati Nirupama Chatterjee, Minister of State-in-charge of Welfare Branch of Relief and Welfare Department.

25. Shri Sambhunath Mandi, Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department, and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

26. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State-in-charge of Transport Branch of Home Department.

27. Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

28. Shri Kanti Chandra Biswas, Minister of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

29. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Syed Abul Mansur Habibullah**

**Deputy Speaker : Shri Kalimuddin Shams**

**SECRETARIAT**

**Secretary : Shri P. K. Ghosh**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. A.K.M. Hassan Uzzaman, Shri (92 - Deganga - 24 Parganas)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Murshidabad)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
5. Abdus Satter, Shri (55 - Lalgola - Murshidabad)
6. Abedin, Dr. Zainal (34 - Itahar - West Dinajpur)
7. Abul Hassan, Shri (145 - Bowbazar - Calcutta)
8. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
10. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
11. Anisur Rahaman, Shri (93 - Swarupnagar - 24 - Parganas)
12. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
13. Bag, Dr. Saswati Prasad (204 - Mahishadal - Midnapore)
14. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
15. Bandyopadhyay, Shri Gopal (183 - Singur - Hooghly)
16. Bandyopadhyay, Shri Balai (184 - Haripal - Hooghly)
17. Bandyopadhyay, Shri Debabrata (63 - Berhampore - Murshidabad)
18. Banerjee, Shri Amiya (96 - Hasnabad - 24 Parganas)
19. Banerjee, Shri Binoy (156 - Sealdah - Calcutta)
20. Banerjee, Shri Madhu (257 - Kulti - Burdwan)
21. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - 24 - Parganas)
22. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24 - Parganas)
23. Barma, Shri Manindra Nath [9 - Tufanganj (S.C.) - Cooch Behar]
24. Barman, Shri Kalipada [101 - Basanti (S.C.) - 24 Parganas]
25. Basu, Shri Bimal Kanti (5 - Cooch Behar West - Cooch Behar)
26. Basu, Shri Debi Prosad (77 - Nabadwip - Nadia)
27. Basu, Shri Gopal (129 - Naihati - 24 Parganas)
28. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24 Parganas)
29. Basu, Shri Nihar Kumar (131 - Jagatdal - 24 Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Basu Ray, Shri Sunil (258 - Barabani - Burdwan)
31. Bauri, Shri Bijoy [241 - Raghunathpur (S.C.) - Purulia]
32. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
33. Baxla, Shri John Arther [10 - Kumargram (S.T.) - Jalpaiguri]
34. Bera, Shri Pulak (203 - Moyna - Midnapore)
35. Bera, Shri Sasabindu (172 - Shyampur - Howrah)
36. Bhaduri, Shri Timir Baran (64 - Beldanga - Murshidabad)
37. Bharati, Shri Haripada (142 - Jorabagan - Calcutta)
38. Bhattacharjee, Shri Buddhadev (140 - Cossipur - Calcutta)
39. Bhattacharya, Shri Kamal Krishna (180 - Serampore-Hooghly)
40. Bhattacharya, Dr. Kanailal (165-Shibpur-Howrah)
41. Bhattacharya, Shri Nani (12 - Alipurduar - Jalpaiguri)
42. Bhattacharyya, Shri Gopal Krishna (135 - Panihati - 24-Parganas)
43. Bhattacharyya, Shri Satya Pada (68 - Bharatpur - Murshidabad)
44. Bisui, Shri Santosh [221 - Garhbeta West (S.C.) - Midnapore]
45. Biswas, Shri Binoy Kumar (82 - Chakdah - Nadia)
46. Biswas, Shri Hazari [53 - Sagardighi (S.C.) - Murshidabad]
47. Biawas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
48. Biswas, Shri Jnanendranath (74 - Krishnaganj (S.C.) - Nadia]
49. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24-Parganas]
50. Biswas, Shri Kanti Chandra (86 - Gaighata - 24 Parganas)
51. Biswas, Shri Kumud Ranjan [98 - Sandeshkhali (S.C.) - 24-Parganas]
52. Biswas, Shri Satish Chandra [80 - Ranaghat East (S.C.) - Nadia]
53. Bora, Shri Badan [255 - Indas (S.C.) - Bankura]
54. Bose, Shri Ashoke Kumar (148 - Alipore - Calcutta)
55. Bose, Shri Biren (25 - Siliguri - Darjeeling)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaipuri)
57. Bouri, Shri Nabani [249 - Gangajalghati (S.C.) - Bankura]
58. Chakraborty, Shri Jatin 151 (Dhakuria - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

59. Chakraborti, Shri Subhas (139 - Belgachia - Calcutta)
60. Chakraborty, Shri Umapati (196 - Chandrakona - Midnapore)
61. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
62. Chattapadhya, Shri Sailendra Nath (181 - Champdani - Hooghly)
63. Chattraj, Shri Suniti (288 - Suri - Birbhum)
64. Chatterjee, Shri Bhabani Prosad (293 - Nalhati - Birbhum)
65. Chaterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
66. Chatterjee, Shri Ram (185 - Tarakeswar - Hooghly)
67. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan
68. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
69. Chawdhuri, Shri Subodh (47 - Manikchak - Malda)
70. Chhobhan Gazi, Shri (120 - Magrahat West 24 Parganas)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
72. Chowdhuri, Shri Gunadhar (254 - Kotulpur - Bankura)
73. Chowdhury, Shri Abdul Karim (28 - Islampur - West Dinajpur)
74. Chowdhury, Shri Benoy Krishna (271 - Burdwan South - Burdwan)
75. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
77. Chowdhury, Shri Subhendu Kumar [145 - Malda (S.C.) - Malda]
78. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) - Cooch Behar]
79. Das, Shri Banamali [283 - Nanur (S.C.) - Birbhum]
80. Das, Shri Jagadish Chandra [128 - Bijpur - 24 Paraganas]
81. Das, Shri Nikhil (158 - Burtola - Calcutta)
82. Das, Shri Nimai Chandra (118 - Falta - 24 Parganas)
83. Das, Shri Sandip (146 - Chowringhee - Calcutta)
84. Das, Shri Santosh Kumar (168 - Panchla - Howrah)
85. Das, Shri Shib Nath [205 - Sutahata (S.C.) - Midnapore]
86. Das Mahapatra, Shri Balai Lal (212 - Ramnagar - Midnapore)
87. Das Sharma, Shri Sudhir Chandra (224 - Kharagpur Town - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

88. Daud Khan, Shri (107 - Bhangore - 24 Parganas)
89. De, Shri Partha (251 - Bankura - Bankura)
90. Deb, Shri Saral (90 - Barasat - 24 Parganas)
91. Dey, Shri Ajoy Kumar (194 - Arambagh - Hooghly)
92. Digpati, Shri Panchanan [193 - Khanakul (S.C.) Hooghly]
93. Doloi, Shri Rajani Kanta [219 - Keshpur (S.C.) - Midnapore]
94. Ghosal, Shri Aurobindo (171 - Uluberia South - Howrah)
95. Ghosh, Srimati Chhaya (58 - Murshidabad - Murshidabad)
96. Ghosh, Shri, Debsaran (72 - Kaliganj - Nadia)
97. Ghosh, Shri Krishna Pada (155 - Beliaghata - Calcutta)
98. Ghosh, Shri Malin (178 - Chanditala - Hooghly)
99. Ghosh, Shri Sambhu Charan (186 - Chinsurah - Hooghly)
100. Goppi, Shrimati Aparajita (4 - Cooch Behar North - Cooch Behar)
101. Goswami, Shri Ramnarayan (273 - Raina - Burdwan)
102. Goswami, Shri Subhas (248 - Chhatna - Bankura)
103. Guha, Shri Kamal Kanti (7 - Dinhata - Cooch Behar)
104. Guha, Shri Nalini Kanta (141 - Shyampukur - Calcutta)
105. Gupta, Shri Jyotsna Kumar (284 - Bolpur - Birbhum)
106. Gupta, Shri Sitaram (130 - Bhatpara - 24 Parganas)
107. Habib Mustafa, Shri (44 - Araidanga-Malda)
108. Habibur Rahaman, Shri (54 - Jangipur - Murshidabad)
109. Haldar, Shri Krishnadhan [124 - Kulpi (S.C.) - 24 Parganas]
110. Haldar, Shri Renupada [122 - Mandirbazar (S.C.) - 24 Parganas]
111. Hashim Abdul Halim, Shri (89 - Amdanga - 24 Parganas)
112. Hazra, Shri Haran [169 - Sankrail (S.C.) - Howrah]
113. Hazra, Shri Monoranjan (192 - Pursurah - Hooghly)
114. Hazra, Shri Sundar (222 - Salbani - Midnapore)
115. Hira. Shri Sumanta Kumar [154 - Taltola (S.C.) - Calcutta]
116. Jana, Shri Haripada (Bhagabanpur) (208 - Bhagabanpur - Midnapore)
117. Jana, Shri Hari Pada (Pingla) (217 - Pingla - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

118.Jana, Shri Manindra Nath (177 - Jangipara - Hooghly)

119.Jana, Shri Prabir (206 - Nandigram - Midnapore)

120.Kalimuddin Shams, Shri (147 - Kabitirtha - Calcutta)

121.Kar, Shri Nani (88 - Ashokenagar - 24 Parganas)

122.Kazi Hafizur Rahaman, Shri (56 - Bhagabangola - Murshidabad)

123.Khan, Shri Sukhendu [256 - Sonamukhi (S.C.) - Bankura]

124.Kisku, Shri Upendra [245 - Raipur (S.T.) - Bankura]

125.Koley, Shri Barindra Nath (175 - Amta - Howrah)

126.Konar, Shri Benoy (275 - Memari - Burdwan)

127.Kuiry, Shri Daman, (236 - Arsha - Purulia)

128.Kujur, Shri Sushil [14 - Madarihat (S.T.) - Jalpaiguri]

129.Kumar, Shri Sudhin (163 - Howrah Central - Howrah)

130.Kundu, Shri Gour Chandra (81 - Ranaghat West - Nadia)

131.Let (Bara), Shri Panchanan [290 - Mayureswar (S.C.) Birbhum]

132.Lutful Haque, Shri (51 - Aurangabad - Murshidabad)

133.M. Ansar-Uddin, Shri (167 - Jagatballavpur - Howrah)

134.Mahanti, Shri Pradyot Kumar (228 - Dantan - Midnapore)

135.Mahata, Shri Satya Ranjan (237 - Jhalda - Purulia)

136.Mahato, Shri Nukul Chandra (234 - Manbazar - Purulia)

137.Mahato, Shri Shanti Ram (238 - Jaipur - Purulia)

138.Maitra, Shri Birendra Kumar (42 - Harishchandrapur - Malda)

139.Maitra, Shri Kashi Kanta (75 - Krishnanagar East - Nadia)

140.Maity, Shri Bankim Behari (207 - Narghat - Midnapore)

141.Maity, Shri Gunadhar (125 - Patharpratima - 24-Parganas)

142.Maity, Shri Hrishikesh (126 - Kakdwip - 24-Parganas)

143.Maity, Shri Satya Brata (211 - Contai South - Midnapore)

144.Majee, Shri Surendra Nath [232 - Kashipur (S. T.) -Purulia]

145.Majhi, Shri Dinabandhu (66 - Khargram (S. C.) - Murshidabad)

146.Majhi, Shri Raicharan [282 - Ketugram (S. C.) - Burdwan]

147.Majhi, Shri Sudhangshu Sekhar [233 - Bunduan (S.T.) - Purulia]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

148. Majhi, Dr. Binode Behari [247 - Indpur (S. C.) - Bankura]
149. Maji, Shri Pannalal (176 - Udaynarayanpur - Howrah)
150. Maji, Shri Swadesranjan (201 - Panskura East - Midnapore)
151. Majumdar, Shri Chittabrata (162 - Howrah North - Howrah)
152. Majumdar, Shri Sunil Kumar (285 - Labhpur - Birbhum)
153. Mal, Shri Trilochan [292 - Hansan (S. C.) - Birbhum]
154. Malakar, Shri Nani Gopal (83 - Haringhata - Nadia)
155. Malik, Shri Purna Chandra [272 - Khandoghosh (S. C.) - Burdwan]
156. Malik, Shri Sreedhar [ 267 - Ausgram (S. C.) - Burdwan]
157. Mandal, Shri Bhakti Bhusan (286 - Dubrajpur - Birbhum)
158. Mandal, Shri Gopal [197 - Ghatal (S. C.) - Midnapore]
159. Mandal, Shri Prabhanjan (127 - Sagore - 24-Parganas)
160. Mandal, Shri Rabindranath [91 - Rajarhat (S. C.) - 24-Parganas]
161. Mandal, Shri Siddheswar [287 - Rajnagar (S. C.) - Birbhum]
162. Mandal, Shri Sudhangshu [99 - Hingalganj (S. C.) - 24-Parganas]
163. Mandal, Shri Sukumar [79 - Hanskhali (S. C.) - Nadia]
164. Mandal, Shri Suvendu (220 - Garhbeta East - Midnapore)
165. Mandi, Shri Sambhunath [232 - Binpur (S. T.) - Midnapore]
166. Mazumdar, Shri Dilip Kumar (264 - Durgapur-I - Burdwan]
167. Mazumdar, Shri Dinesh (108 - Jadavpur - 24-Parganas)
168. Md. Sohorab, Shri (52 - Suti - Murshidabad)
169. Ming, Shri Patras [26 - Phansidewa (S. T.) - Darjeeling]
170. Mir Abdus Sayeed, Shri (115 - Maheshtala - 24-Parganas)
171. Mir Fakir Mohammad, Shri (71 - Nakashipara - Nadia)
172. Mitra, Dr. Ashok (149 - Rashbehari Avenue - Calcutta)
173. Mitra, Shri Parimal (19 - Kranti - Jalpaiguri)
174. Mitra, Shri Ranjit (85 - Bongaon - 24-Parganas)
175. Mohammad Ali, Shri (43 - Ratua - Malda)
176. Mohammed Amin, Shri (133 - Titagarh - 24-Parganas)
177. Mohanta, Shri Madhabendu (70 - Palashipara - Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

178.Mojumder, Shri Hemen (104 - Baruipur - 24-Parganas)

179.Mondal, Shri Ganesh Chandra [100 - Gosaba (S. C.) - 24-Parganas]

180.Mondal, Shri Kshiti Ranjan [97 - Haroa (S. C.) - 24-Parganas]

181.Mondal, Shri Raj Kumar [170 - Uluberia North (S. C.) - Howrah]

182.Mondal, Shri Sahabuddin (73 - Chapra - Nadia)

183.Mondal, Shri Sasanka Sekher (291 - Rampurhat - Birbhum)

184.Morazzam Hossain, Shri Syed (218 - Debra - Midnapore)

185.Mostafa Bin Quasem, Shri (94 - Baduraia - 24-Parganas)

186.Motahar Hossain, Dr. (294 - Murarai - Birbhum)

187.Mridha, Shri Chitta Ranjan [105 - Canning West (S. C.) - 24-Parganas]

188.Mukherjee, Shri Amritendu (76 - Krishnanagar West - Nadia)

189.Mukherjee, Shri Anil (252 - Onda - Bankura)

190.Mukherjee, Shri Bama Pada (259 - Hirapur - Burdwan)

191.Mukherjee, Shri Bhabani (182 - Chandernagore - Hooghly)

192.Mukherjee, Shri Bimalananda (78 - Santipur - Nadia)

193.Mukherjee, Shri Biswanath (202 - Tamluk - Midnapore)

194.Mukherjee, Shri Joykesh (166 - Domjur - Howrah)

195.Mukherjee, Shri Mahadeb (239 - Purulia - Purulia)

196.Mukherjee, Shri Narayan (95 - Basirhat - 24-Parganas)

197.Mukherjee, Shri Niranjan (112 - Behala East - 24-Parganas)

198.Mukherjee, Shri Rabin (113 - Behala West - 24-Parganas)

199.Mukhopadhyay, Dr. Ambarish (243 - Hura - Purulia)

200.Mullick Chowdhury, Shri Suhrid (159 - Maniktola - Calcutta)

201.Munsi, Shri Maha Bacha (27 - Chopra - West Dinajpur)

202.Murmu, Shri Nathaniel [36 - Tapan (S. T.) - West Dinajpur]

203.Murmu, Shri Sarkar [39 - Habibpur (S. T.) - Malda]

204.Murmu, Shri Sufal [40 - Gajol (S. T.) - Malda]

205.Nanda, Shri Kiranmoy (214 - Mugberia - Midnapore)

206.Nurbu La, Shri Dawa (24 - Kurseong - Darjeeling)

207.Naskar, Shri Gangadhar [109 - Sonarpur (S. C.) - 24-Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

208. Naskar, Shri Sundar [110 - Bishnupur East (S. C.) - 24-Parganas]
209. Nath, Shri Monoranjan (279 - Purbasthali - Burdwan)
210. Neogy, Shri Brajo Gopal (190 - Polba - Hoogly)
211. Nezamuddin, Shri Md. (153 - Entally - Calcutta)
212. O'Brien, Shri Neil Aloysus (Nominated)
213. Ojha, Shri Janmejay (215 - Pataspur - Midnapore)
214. Omar Ali, Dr. (200 - Panskura West - Midnapore)
215. Oraon, Shir Mohan Lal [18 - Mal (S. T.) - Jalpaiguri]
216. Paik, Shri Sunirmal [209 - Khajuri (S. C.) - Midnapore]
217. Pal, Shri Bijoy (260 - Asansol - Burdwan)
218. Pal, Shri Rashbehari (210 - Contai North - Midnapore)
219. Panda, Shri Mohini Mohan (244 - Taldanga - Bankura)
220. Pandey, Shri Rabi Shankar (144 - Barabazar - Calcutta)
221. Pathak, Shri Patit Paban (161 - Bally - Howrah)
222. Phodikar, Shri Prabhas Chandra (198 - Daspur - Midnapore)
223. Pramanik, Shri Abinash [188 - Balagarh (S. C.) - Hooghly]
224. Pramanik, Shri Radhika Ranjan [121 - Magrahat (S. C.) - 24-Parganas]
225. Pramanik, Shri Sudhir [2 - Sitalkuchi (S. C.) - Cooch Behar]
226. Purkait, Shri Probodh [102 - Kultali (S. C.) - 24-Parganas]
227. Rai, Shri Deo Prakash (23 - Darjeeling - Darjeeling)
228. Raj, Shri Aswini Kumar (250 - Barjora - Bankura)
229. Ramzan Ali (29 - Goalpokhar - West Dinajpur)
230. Rana, Shri Santosh (230 - Gopiballavpur - Midnapore)
231. Ray, Shri Achintya Krishna (253 - Vishnupur - Bankura)
232. Ray, Shri Birendra Narayan (57 - Nabagram - Murshidabad)
233. Ray, Shri Matish (137 - Baranagar - 24-Parganas)
234. Ray, Shri Naba Kumar [32 - Kaliaganj (S. C.) - West Dinajpur]
235. Roy, Shri Amalendra (67 - Barwan - Murshidabad)
236. Roy, Shri Banamali [15 - Dhupguri (S. C.) - Jalpaiguri]
237. Roy, Shri Dhirendra Nath [21 - Rajganj (S. C.) - Jalpaiguri]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

238.Roy, Shri Haradhan (261 - Raniganj - Burdwan)

239.Roy, Shri Hemanta Kumar (278 - Manteswar - Burdwan)

240.Roy, Shri Krishnadas (227 - Narayangarh - Midnapore)

241.Roy, Shri Monoranjan (199 - Nandanpore - Midnapore)

242.Roy, Shri Nanu Ram [195 - Goghat (S. C.) - Hooghly]

243.Roy, Shri Pravas Chandra (111 - Bishnupur West - 24-Parganas)

244.Roy, Shri Sada Kanta [1 - Mekliganj (S. C.) - Cooch-Behar]

245.Roy, Shri Tarak Bandhu [17 - Mainaguri (S. C.) - Jalpaiguri]

246.Roy Barman, Shri Khitibhusan (116 - Budge Budge - 24-Parganas)

247.Roy Chowdhury, Shri Nirode (87 - Habra - 24-Parganas)

248.Rudra, Shri Samar Kumar (157 - Vidyasagar - Calcutta)

249.Saha, Shri Jamini Bhusan (132 - Noapara - 24-Parganas)

250.Saha, Shri Kripa Sindhu [191 - Dhaniakhali (S. C.) - Hooghly]

251.Saha, Shri Lakshi Narayan [266 - Kanksa (S. C.) - Burdwan]

252.Sajjad Hussain, Shri Haji (30 - Karandighi - West Dinajpur)

253.Samanta, Shri Gouranga (216 - Sabong - Midnapore)

254.Santra, Shri Sunil [274 - Jamalpur (S. C.) - Burdwan]

255.Sanyal, Shri Samarendra Nath (69 - Karimpur - Nadia)

256.Sar, Shri Nikhilananda (281 - Mongalkot - Burdwan)

257.Sarkar, Shri Deba Prasad (103 - Joynagar - 24-Parganas)

258.Sarkar, Shri Kamal (134 - Khardah - 24-Parganas)

259.Sarkar, Shri Sailen (46 - Englishbazar - Malda)

260.Sarker, Shri Ahindra (35 - Gangarampur - West Dinajpur)

261.Sarker, Shri Dhirendranath [33 - Kushmandi (S. C.) - West Dinajur]

262.Satpathy, Shri Ramchandra (231 - Jhargram - Midnapore)

263.Sen, Shri Bholanath (268 - Bhatar - Burdwan)

264.Sen, Shri Deb Ranjan (269 - Galsi - Burdwan)

265.Sen, Shri Dhirendranath (289 - Mahammad Bazar - Birbhum)

266.Sen, Shri Lakshmi Charan ( 160 - Belgachia West - Calcutta)

267.Sen, Shri Sachin (152 - Ballygunge - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

268. Sen Gupta, Shri Dipak (6 - Sitai - Cooch Behar)
269. Sen Gupta, Shri Prabir (187 - Bansberia - Hooghly)
270. Shaikh Imajuddin, Shri (62 - Hariharpara - Murshidabad)
271. Shamsuddin Ahamed, Shri (49 - Kaliachak - Malda)
272. Shastri, Shri Vishnu Kant (143 - Jorasanko - Calcutta)
273. Sing, Shri Buddhabed [229 - Nayagram (S. T.) - Midnapore]
274. Singh, Shri Chhedilal (114 - Garden Reach - 24-Parganas)
275. Singh, Shri Khudi Ram [226 - Keshiary (S. T.) - Midnapore]
276. Singha Roy, Shri Jogendra Nath [13 - Falakata (S. T.) - Jalpaiguri]
277. Sinha, Shri Atish Chandra (65 - Kandi - Murshidabad)
278. Sinha, Dr. Haramohan (280 - Katwa - Burdwan)
279. Sinha, Khagendra Nath [31 - Raiganj (S. C.) - West Dinajpur]
280. Sinha, Shri Probodh Chandra (213 - Egra - Midnapore)
281. Sinha Ray, Shri Guru Prasad (276 - Kalna - Burdwan)
282. Sk. Siraj Ali, Shri (225 - Kharagpur Rural - Midnapore)
283. Soren, Shri Suchand [246 - Ranibandh (S. T.) - Bankura]
284. Subba, Shrimati Renu Leena (22 - Kalimpong - Darjeeling)
285. Sur, Shri Prasant Kumar (150 - Tollygunge - Calcutta)
286. Tah, Shri Dwarka Nath (270 - Burdwan North - Burdwan)
287. Talukdar, Shri Pralay (164 - Howrah South - Howrah)
288. Tirkey, Shri Monohar [11 - Kalchini (S. T.) - Jalpaiguri]
289. Tudu, Shri Bikram [253 - Balarampur (S. T.) - Purulia]
290. Uraon, Shri Punai [16 - Nagrakata (S. T.) - Jalpaiguri]
291. Vacant (37 - Kumarganj - West Dinajpur)
292. Vacant (41 - Kharba - Malda)
293. Vacant (48 - Sujapur - Malda)
294. Vacant (138 - Dum Dum - 24-Parganas)
295. Vacant (223 - Midnapore - Midnapore)

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta on Monday, the 17th March, 1980 at 1.00 P.M

## PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair. 11 Ministers, 4 Ministers of State and 138 Members.

## Held over Starred Questions

## (to which oral answers were given)

[1-00 – 1-10 P.M.]

### Development of Madrasa Education

***136.** (Admitted question No. *287.) **Shri Rajani Kanta Doloi :** will the Minister-in-charge of the Education (Primary, Secondary and Library Services) Department be pleased to state the steps taken during the tenure of (i) the previous Government and (ii) the present Government (up to January, 1980) for improvement and development of Madrasa Education in the State?

**Shri Partha De :** During the tenure of the previous Government, all High / and Jr. Madrasahs were treated at par with High and Jr. High Schools for the purpose of grants-in-aid etc. The Senior Madrasahs which impart traditional type of education used to get financial assistance in the form of lump grant, D. A and pay contribution for the teaching and non-teaching staff

During the tenure of the present Government all benefits of grant-in-aid given to the Secondary type of Madrasahs in the past have been retainad. Additional benefits granted to Secondary Schools have also been extended to Secondary type of Madrasahs. The rates of lump

grants used to be paid to the Senior Madrasahs have been enhanced from the year 1977-78.

Moreover, a Committees has been set up by the Government to go into the details of the Senior Madrasah Education system to make recommendation for bringing about qualitative improvement in the teaching and other allied matters to suit the present day requirements. The terms of reference of the Committee also including recommendation regarding the amoluments of the teaching and non-teaching staff of the recognised Senior Madrasahs.

**শ্রী রজনীকান্ত দোলুই** : মাদ্রাসা এডুকেশন ডেভেলপমেন্টের জন্য আপনি যে কমিটি সেট আপ করেছেন সেই কমিটির রিপোর্ট কি আপনি ইতিমধ্যে পেয়েছেন?

**শ্রী পার্থ দে** : সেই কমিটি একটা প্রাথমিক রিপোর্ট দিয়েছেন।

**শ্রী রজনীকান্ত দোলুই** : সেই রিপোর্ট থেকে মাদ্রাসা এডুকেশন এর ডেভেলপমেন্ট সম্বন্ধে প্রাথমিক কি চিন্তা করেছেন, কিভাবে কি করবেন?

**শ্রী পার্থ দে** : এই রিপোর্ট এখনও পর্যালোচনা করে দেখা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দোলুই** : প্রিভিয়াস গভর্নমেন্টের লাম্প গ্র্যান্ট আপনি বললেন এনহ্যান্স করেছেন, সেটা কিভাবে কতটা বাড়িয়েছেন?

**শ্রী পার্থ দে** : এডুকেশন ফ্রি হবার পর সেকেন্ডারী স্কুলগুলোকে আর লাম্প গ্রান্ট দেওয়া হয় না। জুনিয়র অ্যান্ড হাই স্কুলকে পুরো স্যালারি যা তাদের লাগে সেটা দেওয়া হয়। কাজেই লাম্প গ্র্যান্টের প্রশ্ন আর আসে না। তারপর, সমস্ত সিনিয়র, জুনিয়র এবং হাই মাদ্রাসার শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের বেতন দেবার জন্য যত টাকা লাগবে সব সরকার দেবেন এবং ছেলেমেয়েরা সেখানে বিনা বেতনে পড়ে।

**শ্রী সন্দীপ দাস** : Will the Hon'ble Minister-in-charge be pleased to state if any scheme to introduce Science education in Madrasa education?

**শ্রী পার্থ দে** : That is a matter which is being considered by the committee.

**শ্রী রজনীকান্ত দোলুই** : মাদ্রাসা বোর্ড কি ফাংশন করছে?

**শ্রী পার্থ দে** : হ্যাঁ, মাদ্রাসা বোর্ড ফাংশন করছে।

## Starred Question
## (to which oral answers were given)

### বাঁকুড়া জেলার ইন্দপুর গোয়েঙ্কা হাই স্কুল

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯।) শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বাঁকুড়া জেলার ইন্দপুর গোয়েঙ্কা হাই স্কুলের পরিচালক সমিতির বিরুদ্ধে সরকারের নিকট কোন অভিযোগ আছে কি; এবং

(খ) এই স্কুলে একাদশ ও দ্বাদশ শ্রেণীর জন্য সরকার যে অর্থ বরাদ্দ করেছেন তা যথার্থ ব্যবহৃত হয়েছে কিনা, সে সম্বন্ধে সরকার কোন তদন্ত করিয়াছেন কি?

শ্রী পার্থ দে ঃ (ক) পরিচালক সমিতির কার্যকলাপের বিরুদ্ধে সরকারের নিকট অভিযোগের একটি দরখাস্ত এসেছে।

(খ) এই বিষয়ে তদন্ত করা হচ্ছে।

আমি এর সঙ্গে আনুষঙ্গিক আরও ২/১টি তথ্য দিতে চাই। ইন্দপুর গোয়েঙ্কা হাই স্কুলের নিয়ামক সমিতি নির্বাচিত হয়েছিল ৪.২.৭৯ তারিখ। তারপর এই ব্যাপারে শ্রী নিরাপদ মন্ডল নামে এক ভদ্রলোক মুনসেফ আদালতে মামলা করে এবং তার ফলে পরবর্তী কার্য প্রণালী স্থগিত আছে। আর একটা যে অভিযোগ ছিল সেটা এই মামলার আওতায় পড়ে না। গৃহ নির্মাণের জন্য তাদের ৪৫ হাজার টাকা দেওয়া হয়েছিল কিন্তু তারা তার মধ্যে মাত্র সাড়ে ছয় হাজার টাকা খরচ করেছে। বাকি টাকা কেন খরচ হয় নি সে সম্বন্ধে অনুসন্ধান করা হচ্ছে। এছাড়া তাদের লাইব্রেরীর বই কেনার জন্য ২ হাজার টাকা এবং ল্যাবোরেটরি গ্র্যান্ট ২ হাজার টাকা যা দেওয়া হয়েছিল সেটাও খরচ হয় নি বলে অভিযোগ এসেছে। সমস্ত ব্যাপারে বিস্তৃত ভাবে অনুসন্ধান করা হচ্ছে এবং পরবর্তী পর্যায়ে ব্যবস্থা অবলম্বন করা হবে।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ এই কমিটি বাতিল করবেন এরকম কোন পরিকল্পনা করেছেন কি?

শ্রী পার্থ দে ঃ বাতিল করবার প্রশ্ন নেই। কমিটি গঠন সম্পর্কে একটা মামলা চলছে কাজেই কোর্টের সুচিন্তিত রায়ের পরে এ সম্পর্কে চিন্তা করা হবে।

শ্রী সুভাষ গোস্বামী ঃ এখন তাহলে কোন কমিটি পরিচালনা করছে?

শ্রী পার্থ দে ঃ নূতন কমিটি সম্পর্কে মামলা চলছে, কাজেই পুরান কমিটি চালাচ্ছে।

### বন্যা ও খরাত্রাণে কেন্দ্র-প্রদত্ত অর্থের ব্যয়ের হিসাব

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫।) শ্রী নানুরাম রায় ঃ অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কেন্দ্রীয় সরকার ১৯৭৮-৭৯ সালে পশ্চিম বাংলা সরকারকে বন্যা ও খরাত্রাণ বাবদ যে টাকা দিয়েছিলেন তাহার ব্যয়ের কি সম্পূর্ণ হিসাব পাওয়া গিয়াছে?

**ডঃ অশোক মিত্র :** ১৯৭৮-৭৯ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হইতে বন্যাত্রাণে সহায়তা বাবদ ৮৮.৯৩ কোটি টাকা পেয়েছেন। সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরগুলি থেকে প্রাপ্ত হিসাব অনুসারে দেখা যায় যে, ঐ বৎসরে বন্যাত্রাণে মোট ১০১, ২৩, ২১, ০০০ টাকা ব্যয় হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মন্ত্রী মহাশয় বললেন, ৮৮ কোটি টাকার হিসেব পাওয়া গেছে। আমার প্রশ্ন হচ্ছে বাকি যে টাকার হিসেব পাওয়া গেল না সে সম্বন্ধে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

**ডঃ অশোক মিত্র :** আমরা ৮৮ কোটি ৯৩ লক্ষ টাকা কেন্দ্রের কাছ থেকে পেয়েছি এবং আমরা খরচ করেছি ১০১ কোটি টাকা। কাজেই আমরা তো ২৩ কোটি ২১ লক্ষ টাকার বাড়তি হিসেব দিয়েছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** ৮৮ কোটি ৯৩ লক্ষ টাকা যা খরচ করেছেন তার হিসেব দিয়েছেন কি?

**ডঃ অশোক মিত্র :** অ্যাকাউনট্যান্ট জেনারেল, ওয়েস্ট বেঙ্গল-এর কাছে পুরোপুরি হিসেব দেওয়া হয়েছে।

[1-10 – 1-20 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** এই হিসাব কবে দাখিল করেছেন?

**ডঃ অশোক মিত্র :** ৪/৫ মাস হবে।

**শ্রী সন্দীপ দাস :** আপনারা কত টাকার খাদ্য সামগ্রী এবং অন্যান্য জিনিসপত্র কেন্দ্রের কাছ থেকে পেয়েছেন?

**ডঃ অশোক মিত্র :** এই মূহুর্তে হিসাবটা নাই, আপনি নোটিশ দিলে বলতে পারি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** এই টাকাগুলি খরচ করার সময় দলবাজির অভিযোগ আপনার কাছে এসেছে কিনা?

**ডঃ অশোক মিত্র :** কোন কোন জায়গায় খবর পেয়েছি, যে সমস্ত জায়গার পঞ্চায়েতগুলি কংগ্রেসিদের দখলে ছিল সেখানে দলবাজি হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** কোন কোন জায়গায় দলবাজি হয়েছে আপনি বলতে পারেন?

**ডঃ অশোক মিত্র :** নোটিশ দিলে বলতে পারব, কারণ খুব বেশি জায়গা কংগ্রেসিদের দখলে নেই।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন সি. পি. এম.-র পঞ্চায়েত সদস্যরা যেখানে রয়েছে এবং গ্রাম সভার প্রধান যেখানে রয়েছে তারা সেই টাকাগুলি নিয়ে নিজেদের ঘরবাড়ি বানিয়েছে, নিজেরা সাংঘাতিক ভাবে চুরি করেছে।

**মিঃ স্পিকার ঃ** দিস কোয়েশচেন ইজ ডিসঅ্যালাউড।

*২২০ স্থগিত।

*২২১ স্থগিত।

*২২২ স্থগিত।

**এক হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপন**

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে এক হাজার নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও প্রায় তিন হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগের পরিকল্পনাটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**শ্রী পার্থ দে ঃ** ১৯৭৭-৭৮ সালে এক হাজারটি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনাটি অনুমোদিত হয়। এই পরিকল্পনা অনুযায়ী এ পর্যন্ত ৬৯৮টি বিদ্যালয় স্থাপিত হয়েছে এবং প্রায় এক হাজার পাঁচ শত প্রাথমিক শিক্ষক নিযুক্ত হয়েছেন।

তবে এ প্রশ্ন যেভাবে বলা হয়েছে তার এটা উত্তর। কিন্তু পরবর্তী পর্যায়ে আরও বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়েছে পরবর্তী বছরগুলিতে, প্রতি বছরই ১২০০ করে প্রাথমিক বিদ্যালয় তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছিল, সেই অনুযায়ী আরও কিছু কিছু বিদ্যালয় স্থাপন করা হয়েছে। তবে কোন কোন জেলায় কিছু মামলা সংক্রান্ত ব্যাপারের জন্য এই প্রথমে যে ১ হাজার বিদ্যালয় স্থাপনের যে পরিকল্পনা ছিল সেটা পুরোপুরি সম্পন্ন হতে পারে নি। প্রায় আনুমানিক ৬৯৮টি করা হয়েছে। সংখ্যাটা দেওয়া হয়েছে অর্থাৎ প্রায় ৭০০ মত হয়েছে আর গুলি মামলার কারণে আটকে আছে। কিন্তু আরও পশ্চিমবাংলায় অনেক বেশি বিদ্যালয় হয়েছে তার সংখ্যাটা এখনই বলা যাবে না, নোটিশ দিলে বলে দেব।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কতগুলি বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হয়েছে এবং অনুমোদনের ভিত্তিটা কি?

**শ্রী পার্থ দে ঃ** অনুমোদনের মোটামুটি একটা স্বীকৃত ভিত্তি আছে, তা হল আমরা সরকারে আসার পরে প্রথমে আমরা ঠিক করি যে আমাদের পশ্চিমবাংলাতে যেসব গ্রামে বিদ্যালয় নেই সেইসব গ্রামে বিদ্যালয় তৈরি করতে হবে, এবং যেসব গ্রামে বিদ্যালয় নেই সেইসব গ্রামগুলিতে বিদ্যালয় দেওয়া সম্পূর্ণ হয়ে গেলে তার পরবর্তী পর্যায়ে আমরা অন্য জায়গায় যেখানে জনসংখ্যা বেশি আছে সেখানে বিদ্যালয় দেবার প্রচেষ্টা নেব। এখনও পর্যন্ত যে বিদ্যালয় স্থাপন বা অনুমোদন চলছে প্রাথমিক স্তরে সেটা হচ্ছে যে গ্রামে বিদ্যালয় নেই, বিদ্যালয়হীন গ্রামে বিদ্যালয় দেওয়া হবে।

**শ্রী সন্দীপ দাস ঃ** মন্ত্রী মহাশয় কি ভিত্তিতে অর্গানাইজড প্রাইমারী টিচার্সদের প্রতিষ্ঠিত স্কুলে অনুমোদন দিচ্ছেন না, জানাবেন কি?

**মিঃ স্পিকার :** এ সম্পর্কে প্রশ্ন নিয়ে আগে দীর্ঘ উত্তর দিয়েছেন। এখন আবার কি দেবেন?

**শ্রী সন্দীপ দাস :** ওঁনার কাছে আমি জানতে চাইছি, ক্যাটাগরিকালি প্রি-কনডিশন ফুলফিল করেছেন এই রকম অর্গানাইজড প্রাইমারী টিচার্সদের কেন করা হচ্ছে না?

**মিঃ স্পিকার :** This question has no bearing to that effect.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী কি জানাবেন, হাওড়া স্কুল বোর্ডে ইনজাংশন ছিল, সেই ইনজাংশন অর্ডার ভায়োলেট করে কতকগুলো অর্ডার দেওয়া হয়েছে কিনা?

**শ্রী পার্থ দে :** প্রথমটা আমার জানা নেই আপনি যে মন্তব্য করলেন। স্বাভাবিক ভাবে দ্বিতীয়টাও আমার জানা নেই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে গ্রামে স্কুল নেই সে গ্রামে মঞ্জুরীকৃত স্কুল দু মাইলের মধ্যে হচ্ছে কিনা?

**শ্রী পার্থ দে :** এই রকম কোন অভিযোগ পাই নি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** যদি পান তাহলে সে সম্পর্কে ব্যবস্থা নেবেন কি?

**শ্রী পার্থ দে :** যদি পাই তারপর বিবেচনা করব।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মন্ত্রী মহাশয় বলেছেন যে, যে গ্রামে স্কুল নেই সে গ্রামে স্কুল দেবেন — এই পলিসি আগেও ছিল, এখন আছে। কিন্তু একটা স্কুল চলছে, কিন্তু সেই স্কুলকে অ্যাফিলিয়েশন না দিয়ে পাশে অন্য জায়গায় আর একটা স্কুল করা হচ্ছে এ রকম খবর জানা আছে কি?

**শ্রী পার্থ দে :** এমন কোন বিশেষ অভিযোগ নেই। তা সত্বেও একটা বিদ্যালয় প্রতিষ্ঠা এবং বিদ্যালয়ের শিক্ষকদের নিয়োগের ব্যাপারে এই সরকারের একটা সাধারণ নীতি আছে। এই সরকারের যে নীতি তা হচ্ছে, সাধারণ নিয়োগ নীতি। কেউ কোন সংগঠন তৈরি করেছেন, এইটা সরকারকে দেখাতে পারলেই, তিনি চাকরি পাবেন — এইটা প্রথম থেকেই বর্জন করা হয়েছে। দুটো প্রশাসনকে এক সঙ্গে জড়িত করা হচ্ছে, এইটা করবেন না। এই রকম নির্দিষ্ট অভিযোগ পাই নি।

*প্রশ্ন নং ২২৪ স্থগিত।

*প্রশ্ন নং ২২৫ স্থগিত।

**মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের পদ্ধতি**

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৭।) **শ্রী বিমলকান্তি বসু :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মাধ্যমিক বিদ্যালয়গুলিতে সাবস্ট্যানটিভ ভ্যাকান্সিতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কি নীতি অনুসরণ করা হয়;

(খ) অবসর, মৃত্যু অথবা পদত্যাগজনিত কারণে উক্ত শ্রেণীর পদ শূন্য হইলে সেই শূন্য পদে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অগ্রিম অনুমোদন লওয়া কি আবশ্যিক; এবং

(গ) নূতন পদ অনুমোদন (অ্যাডিশনাল পোস্ট স্যাংশোন) সম্বন্ধে সরকারের নীতি কি?

**শ্রী পার্থ দে :** (ক) জেলা পরিদর্শকের অনুমতি সাপেক্ষে সংশ্লিষ্ট বিদ্যালয়ের পরিচালক সমিতি সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে দরখাস্ত আহ্বান করেন এবং সাক্ষাতকারের (Interview) মাধ্যমে যোগ্য প্রার্থী নির্বাচন করিয়া নিয়োগপত্র দেন।

(খ) হ্যাঁ।

(গ) শ্রেণী সংখ্যা (No of class Units) অনুপাতে কোন বিদ্যালয়ে শিক্ষক সংখ্যা কম হইলে মঞ্জুরীকৃত কোটা (Quota)র ভিত্তিতে ঐ সংশ্লিষ্ট বিদ্যালয়ে নূতন পদ মঞ্জুর করা হয়।

[1-20 – 1-30 P.M.]

**শ্রী সন্তোষকুমার দাস :** বর্তমান সরকার এই যে ক্লাস টুয়েলভ পর্যন্ত যে সব স্কুলের স্যাংশান দিয়েছেন তার জন্য অতিরিক্ত শিক্ষক নেবার ব্যবস্থা হয়েছে কিনা অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী পার্থ দে :** এর সঙ্গে এই প্রশ্ন আসে না, মাধ্যমিক বিদ্যালয়ের প্রশ্ন এই সঙ্গে উঠে না, তাহলেও বলে দিতে পারি যে সেটা অনুমোদন করা হয়েছে।

**শ্রী সন্তোষকুমার দাস :** কত জন শিক্ষক নেওয়া হবে?

**শ্রী পার্থ দে :** সেটা নির্ভর করে কোন্ বিদ্যালয়ে কোন্ কোন্ বিষয় পড়ান হয়, কতগুলি ক্লাস সেখানে আছে, কতগুলি বিষয় পড়ান হয় ইত্যাদি বিভিন্ন বিদ্যালয়ে ভ্যারি করবে।

**শ্রী সুভাষ গোস্বামী :** একাদশ ও দ্বাদশ শ্রেণীতে অ্যাডহক ভিত্তিতে যে সমস্ত শিক্ষক নিয়োগ করা হচ্ছে, কত দিন এই অ্যাডহক শিক্ষক দেওয়া হবে?

**শ্রী পার্থ দে :** এটা আলাদা প্রশ্ন, এই রকম করে উত্তর দেব কি করে?

**শ্রী রজনীকান্ত দোলুই :** নূতন পদ অনুমোদনের ক্ষেত্রে বললেন একটা কোটা অনুযায়ী স্যাংশান দেওয়া হয়, এটা কি কোটার কথা বললেন?

**শ্রী পার্থ দে :** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অর্ডার প্রয়োজন, তার জন্য কিছু আর্থিক সংস্থান করতে হলে, প্রতি বছর পশ্চিমবঙ্গ সরকার নূতন শিক্ষকদের

নিয়োগ করার জন্য কতটা আর্থিক সংস্থান করতে পারবেন, কতটা প্রয়োজন আছে বিভিন্ন বিদ্যালয়ে বিভিন্ন জেলায়, এটা ঠিক করে এই কোটা ঠিক করা হয়।

*227-Held over

*228-Held over

### Films exempted from Amusement Tax

***229.** (Admitted question No. *169.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in charge of the Finance Department be pleased to state —

(a) the names of films exempted from the liabilities of Amusement Tax during the tenure of the present Government (up to January, 1980) under orders of the Finance Minister; and

(b) the names of films exempted from the liabilities of Amusement Tax during the tenure of the present Government (up to January, 1980) on the recommendation of the information and Public Relations Department?

**Dr. Ashok Mitra :** (a) No film has been exempted from the liabilities of Amusement Tax during the tenure of the present Government (upto January 1980).

(b) No such films have been exempted.

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি কি কোন ফিল্মে অ্যামিউজমেন্ট ট্যাক্স ফ্রী করার কথা চিন্তা করছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** না, করছি না।

### মাধ্যমিক স্তরে বৃত্তিমূলক শিক্ষা

***২৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *৪২৭।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মাধ্যমিক স্তরের শিক্ষায় বৃত্তিমূলক শিক্ষার উপর গুরুত্ব দানের বিষয়ে সরকারের কি কোন পরিকল্পনা আছে?

**শ্রী পার্থ দে ঃ** আপাতত নেই।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাধ্যমিক স্তরে ওয়ার্ক এডুকেশন বিষয়টা যে সংযোগ করা হয়েছে, এর ভবিষ্যত সম্বন্ধে কোন চিন্তা ভাবনা করছেন কিনা, এটা রাখা হবে কিনা?

**শ্রী পার্থ দে ঃ** এই প্রশ্নের কি উত্তর দেব।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন গুরুত্ব দানের সরকারের কোন পরিকল্পনা নাই, আমি তাই প্রশ্ন করছি এডুকেশন কমিশন কোঠারী কমিশন বলে পরিচিত,

তাঁদের যে সুপারিশ ছিল অর্ধেক উচ্চ মাধ্যমিক শিক্ষা বৃত্তিমূলক হবে, এই পরিপ্রেক্ষিতে সরকার বিবেচনা করে দেখছেন কি?

**শ্রী পার্থ দে :** মাননীয় সদস্য বোধ হয় ভুল করছেন, এই প্রশ্নটা মাধ্যমিক স্তরের বিদ্যালয় সম্পর্কে, উচ্চতর মাধ্যমিক স্তরের বিদ্যালয় সম্পর্কে ছিল না। এ সম্পর্কে একটা আলাদা প্রশ্ন হতে পারে, আপনি সে প্রশ্ন করলে আমি তার উত্তর দিতে পারি।

### সরকারি স্তরে প্রধান শিক্ষকের শূন্যপদ

***২৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৭।) **শ্রী বিমলকান্তি বসু :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে সরকারি মাধ্যমিক হাই স্কুলগুলিতে মোট কতজন প্রধান শিক্ষক-শিক্ষিকার পদ শূন্য আছে;

(খ) কোচবিহার জেলায় এইরূপ শূন্যপদের সংখ্যা কত; এবং

(গ) উক্ত পদগুলি পূরণ করা সম্পর্কে সরকারের তরফ হইতে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রী পার্থ দে :** (ক) আটটি।

(খ) একটি।

(গ) চারটি শূন্য পদে ইতিমধ্যে নিয়োগপত্র জারি করা হইয়াছে। বাকি চারটি শূন্য পদে শিক্ষক-শিক্ষিকার নাম সুপারিশ করিবার জন্য পাবলিক সার্ভিস কমিশনকে অনুরোধ করা হইয়াছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্যার, এই কোশ্চেন আওয়ারে একটা বিশেষ প্রিভিলেজ আমাদের আছে কিন্তু স্যার, আমরা দেখছি, প্রশ্নগুলি স্থগিত রাখা হচ্ছে, মিনিস্টাররা থাকছেন না, আমরা উত্তর পাচ্ছি না। আপনি স্যার, এটা একটু দেখুন।

**মিঃ স্পিকার :** এর আগে আপনি আমার অফিস সংক্রান্ত ব্যাপারে যেটা বলেছিলেন সেটা আমি দেখেছি, তবে এখানে এই স্থগিত থাকা না থাকার ব্যাপারটা আমার অফিস সংক্রান্ত ব্যাপার নয়।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্যার, কটা দিন আর এই প্রশ্নের উত্তর পাবার জন্য থাকবে, কাজেই স্যার, আপনি মিনিস্টারদের একটু অ্যাকটিভ হতে বলুন।

**মিঃ স্পিকার :** আমি ব্যাপারটা দেখছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, আমিও বহু কোশ্চেন দিয়েছি, কোন কোশ্চেনেরই উত্তর পাই নি।

**মিঃ স্পিকার :** আপনি যদি গাড়ি করে হাজার হাজার প্রশ্ন এনে জমা দেন তার জন্য তো আমি দায়ী নই। আমার এখানে দেখবার বিষয় হচ্ছে হাউসে যথেষ্ট প্রশ্ন ডিল করা হচ্ছে কিনা — আমি দেখছি হাউসে যথেষ্ট প্রশ্ন ডিল করা হচ্ছে। পার্লামেন্টে কটা প্রশ্ন ডিল করা হয় আপনি দেখেছেন?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, আমি যে প্রশ্নগুলি করেছি তার একটাও আসে নি এবং দেখা যাচ্ছে পরীক্ষামূলক ভাবে যে বিরোধী দলের প্রশ্নগুলি কম আসছে।

***232—Held over**

**Administrators in Urdu Medium Schools**

***233.** (Admitted question No. *265.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in charge of the Education (Primary, Secondary and Library Services) Department be pleased to state —

(a) the number of Urdu Medium Schools where the Board of Secondary Education has dissolved the Managing Committee and appointed Administrators during the tenure of the present Government (up to January, 1980); and

(b) the number of such Administrators who, despite having no knowledge of Urdu, have been appointed as Administrators of Urdu Medium Schools ?

**Shri Partha De :** (a) There as reported by the West Bengal Board of Secondary Education.

(b) The Board has informed the Govt. that it does not appoint Administrators on the basis of their knowledge of any particular language.

[1-30 - 1-40 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই যে ৩টি ম্যানেজিং কমিটি ডিজলভ করেছেন, কি কারণে করেছেন সেটা জানাবেন কি?

**শ্রী পার্থ দে :** এটা সম্পর্কে বোর্ডের কাছ থেকে যা জেনেছি তার প্রধান কারণ হচ্ছে এই কমিটির যে স্ট্যাচুটরি লাইফ থাকে সেই লাইফ পিরিয়ডের বাইরে তারা কাজ করছিল সেই জন্য সুপারসিড করা হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আপনি বললেন যিনি উর্দু মিডিয়াম স্কুলে অ্যাডমিনিস্ট্রেটর হবেন তার উর্দু জানা না থাকলেও চলবে। উর্দু জানা না থাকলেও চলবে কি করে বললেন?

**শ্রী পার্থ দে :** এটা বোর্ডের বক্তব্য

**শ্রী রজনীকান্ত দোলুই :** যিনি উর্দু মিডিয়াম স্কুলের অ্যাডমিনিস্ট্রেটর হবেন উর্দু জানা না থাকলে তিনি ঐ স্কুলের অ্যাডমিনিস্ট্রেটর হয়ে কাজ করবেন কি ভাবে?

**শ্রী পার্থ দে :** যেভাবে কাজ হয় সেইভাবেই হবে। এতে অসুবিধার কি আছে?

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগের বেসিসটা কি?

**শ্রী পার্থ দে :** এই যে তিনটি ক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে তারা সকলেই সরকারি দপ্তরের অফিসার।

### প্রাথমিক শিক্ষার সুযোগপ্রাপ্ত শিশুর শতকরা হিসাব

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গের মোট শিশুর কত শতাংশে রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলির মাধ্যমে শিক্ষা লাভে সক্ষম হচ্ছে, এরূপ কোন পরিসংখ্যান রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, তাহা কিরূপ?

**শ্রী পার্থ দে :** (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গে ৬-১১ বৎসর বয়সের মোট শিশুর প্রায় শতকরা ৮৬ শতাংশ প্রাথমিক বিদ্যালয়গুলির মাধ্যমে শিক্ষা লাভ করিতেছে।

**শ্রী সন্তোষকুমার দাস :** পশ্চিমবঙ্গে কম্পালসারি প্রাইমারী এডুকেশন চালু করার কথা সরকার চিন্তা করছে কি?

**শ্রী পার্থ দে :** আইন গত ভাবে চালু আছে।

**Mr. Speaker :** Question hour is over.

### Adjournment Motions

**মিঃ স্পিকার :** আজ আমি শ্রী রজনীকান্ত দোলুই মহাশয়ের কাছ থেকে একটি মূলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। শ্রী দোলুই কলকাতা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের বিদ্যুতের হার বৃদ্ধির সিদ্ধান্তের কথা আলোচনা করতে চেয়েছেন।

সদস্য মহাশয় বিদ্যুৎ বিভাগের বাজেট বিতর্কে এ সম্বন্ধে আলোচনা করার সুযোগ পাবেন।

তাই আমি এই মূলতুবী প্রস্তাবে আমার অসম্মতি জানাচ্ছি।

তবে সদস্য মহাশয় ইচ্ছা করলে কেবলমাত্র সংশোধিত প্রস্তাবটি পাঠ করতে পারে না।

**Shri Rajani Kanta Doloi** : This House do now adjourn its business to discuss a matter of urgent public importance, namely, the Calcutta Electric Supply Corporation has arbitrarily decided to revise its electricity rates for all types of consumers, industrial, commercial and domestic. The revised rates are proposed to be increased w.e.f. 16th April 1980. This is the second time during the tenure of the present Government in the State that the CESC has increased the rates. In Jully, 1978 the Govt. has allowed the CESC an increase of 2.5 paise per unit in the rates of CESC. The consumers who are already affected by the spiral increase in the prices of all essential commodities will be over burdened with the further increase in the rates. Instead of providing any relief from the frequent load-shedding the Govt. has allowed the CESC to increase their rates without any valid reason. Such increase in the rates is bound to effect adversely on the economy of West Bengal.

**Calling attention to matters of urgent public importance.**

**অধ্যক্ষ মহোদয় :** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা ঃ—

১। রবিবার কলকাতার কড়েয়ায় সংঘর্ষ — শ্রী রজনীকান্ত দোলুই।

২। ২৪ পরগনা জেলার কেশবপুরে জনৈক অনুকূল নস্কর এর খুনের ঘটনা — শ্রী রজনীকান্ত দোলুই।

৩। পুরুলিয়ায় জলের হাহাকার — শ্রী রজনীকান্ত দোলুই।

৪। দশ হাজার অশিক্ষিত কলেজ কর্মীর আন্দোলনের হুমকী — শ্রী রজনীকান্ত দোলুই।

5. Death of 5 persons in a colliery near Asansol — Shri Rajani Kanta Doloi and Shri Dhirendra Nath Sarker.

6. Influx of Refugees from Assam and Meghalaya to West Bengal — Shri Rajani Kanta Doloi.

7. Arrangement for regular supply of Kerosene Oil and cooking gas to the Ministers — Shri Rajani Kanta Doloi.

8. Possibilities of enhancement of Electricity rates by W. B. State Electricity Board — Shri Rajani Kanta Doloi.

9. Load shedding, power failure in West Bengal — Shri Rajani Kanta Doloi.

10. Proposal for increase of electricity rates by Calcutta Electric Supply Corporation — Shri Rajani Kanta Doloi.

11. Steel crisis in M. T. P. — Shri Rajani Kanta Doloi.

12. Talks between Union and State Govt. on Diesel and Kerosene crisis — Shri Amalendra Roy.

আমি পুরুলিয়ায় জলের হাহাকার বিষয়ের উপর শ্রী রজনীকান্ত দোলুই কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**Shri Bhabani Mukherjee :** Reply will be given in the 27th next.

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল এই রকম একটা প্রতিবন্ধী দিবসে দিল্লিতে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের দৃষ্টিহীন মানুষরা তাদের উপর যে বৈষম্যমূলক আচরণ হচ্ছে তার জন্য তারা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাত করতে গিয়েছিল। কিন্তু দুর্ভাগ্যজনক ভাবে দিল্লির পার্লামেন্ট স্ট্রিটে সেই সব অন্ধ মানুষদের উপর ইন্দিরা কংগ্রেসের পুলিশরা লাঠি চার্জ করেছে। এতে বহু অন্ধ রক্তাক্ত হয়েছে ১১৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এর বিরুদ্ধে তীব্র ধিক্কার জানাই। আমি অনুরোধ করবো এই হাউসে এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে একটা প্রস্তাব গ্রহণ করা হোক। আপনি অবিলম্বে বিসনেস অ্যাডভাইসারী কমিটির একটা মিটিং ডেকে এ সম্বন্ধে আলোচনার একটা দিন স্থির করুন।

**শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব করলেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাই। অন্ধরা কি ল অ্যান্ড অর্ডার ভঙ্গ করেছে কি প্রবলেমের সৃষ্টি করেছে যে এইভাবে লাঠি চার্জ করে তাদের উন্ডেড করেছে এবং ১১৮ জনকে গ্রেপ্তার করেছে ঐ ইন্দিরা কংগ্রেসের পুলিশ? আবার তারাই বলেন পশ্চিমবাংলায় ল অ্যান্ড অর্ডার নেই। আজকে দেখুন স্যার, কিভাবে তারা প্রবলেম ক্রিয়েট করছে। এটা একটা ঘৃণ্য ব্যাপার। এর বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ জানাই।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার — এটা অন্য স্টেটের ব্যাপার। এটা কি এখানে আলোচনা হতে পারে। কোথায় লাঠি চার্জ হল, কেন হল তা নিয়ে কি এখানে আলোচনা হতে পারে। স্যার এ সম্বন্ধে আমি আপনার রুলিং চাইছি।

**মিঃ স্পিকার ঃ** এটা পয়েন্ট অব অর্ডার নয়, অতএব রুলিংয়ের প্রশ্ন উঠে না।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, আমি একটা প্রিভিলেজ মোশান দিয়েছি সেটা স্যার কি হল? স্যার, হাউস যখন চলছে তখন মুখ্যমন্ত্রী হঠাৎ স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে রেট বাড়াবার অনুমতি দিয়ে দিলেন।

[ 17th March, 1980 ]

**মিঃ স্পিকার ঃ** আপনি তো লিখিতভাবে প্রিভিলেজ মোশানের নোটিশ দিয়েছেন আমি সেটা পড়ে উত্তর দেব আর যদি দরকার মনে করি তাহলে আমি ওটা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি ছিলেন চলে গেছেন; থাকলে ভাল হত। আন্তর্জাতিক শিশু বর্ষে — একটা গুরুত্বপূর্ণ সময়ে দেখা যাচ্ছে প্রাইমারী ছেলেদের জন্য একটা স্পোর্টর্সের ব্যবস্থা করা হয়েছে — অ্যারেঞ্জমেন্ট করা হয়েছে ফ্রম প্রাইমারী এডুকেশন ডিপার্টমেন্ট। প্রাইমারী স্কুল এতে জয়েন করবেন এবং একটা অর্ডার গেছে তাতে বলেছেন যারা অংশ গ্রহণ করবে তাদের উচ্চতা তিন ফুট তিন ইঞ্চি হওয়া চাই।

[1-40 – 1-50 P.M.]

দ্বিতীয়ত দেখা যাচ্ছে যে সমস্ত জায়গায় খরচ করার জন্য ৬৭২৮ টাকা দেওয়া হয়েছে সেগুলি আত্মসাৎ করা হয়েছে এবং টাকাগুলি নিয়ে নয় ছয় করা হয়েছে। সে জন্য প্রাথমিক শিক্ষক সমিতির সদস্যরা প্রতিবাদ করেছিলেন, যাদের জন্য এই আইটেম দিয়েছেন সেগুলিতে তারা পড়ছে না, এটা কি করছেন। কিন্তু ডায়মন্ড হারবার সাবডিভিশন মহকুমার যে কমিটি ছিল, যেহেতু তারা সি. পি. এম.-এর দ্বারা পরিচালিত সেখানে কারুর কথা শোনে নি এবং ইচ্ছাকৃত ভাবে করা হয়েছে। যাদের যে টাকা পাবার কথা তাদের সেই টাকা দেওয়া হয় নি, কম দেওয়া হয়েছে। তাদের জন্য যে টাকা অ্যালট করা হয়েছিল সমস্ত টাকাটা আত্মসাৎ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাথমিক শিক্ষামন্ত্রী মহাশয় এখানে নেই, তিনি যদি এটা গ্রহণ করেন তাহলে ভাল হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার শিশুদের নিয়েও ছিনিমিনি খেলছে, শিশুদের টাকাও আত্মসাৎ করেছে। সেই কথা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি। বিগত শনিবার আমি নিজের চোখে একটা ঘটনা দেখেছি। একটা বিরাট দুর্ঘটনা হতে যাচ্ছিল বালিগঞ্জ স্টেশনের লেভেল ক্রসিংয়ে এবং কয়েক শত লোক কাটা পড়ত। ঘটনাটা হচ্ছে, কসবা ওভার ব্রীজ হবার পর, বিজন সেতু হবার পর সেখানেও লোক চলাচল করে। কিন্তু হাজার হাজার লোক রেল লাইন পার হবার চেষ্টাও করে। রেল কর্তৃপক্ষ সেখানে কয়েকটি খুঁটি পুঁতে রেখেছেন। শুধু তাই নয়, রেল লাইনের ধারে কয়েক শত হকার্স বসেছে। কাজেই যে কোন সময়ে সেখানে মানুষ রেলে কাটা পড়বে। সেখানে যদি একটা দেওয়াল তুলে দেওয়া না যায় তাহলে একটা বিরাট দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। এই ব্যাপারটি রেলওয়ে অথরিটিকে জানানোর জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি।

**শ্রী মহম্মদ আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার রতুয়া কেন্দ্রে কংগ্রেস

(আই)-এর অত্যাচার এবং জুলুম অব্যাহত গতিতে চলছে। এরা সি. পি. এম. কর্মীদের উপর অত্যাচার, হত্যা করেছে তার কোন তদন্ত হয় নি। গত ১২/৩/৮০ তারিখে কংগ্রেসের সমর মুখার্জী ও আরো অনেকে একজন ডাকাত ও অন্যান্যদের সঙ্গে নিয়ে গিয়ে জে. এল. আর. ও.-র অফিসে গিয়ে হামলা করেছে। তারা ডেপুটেশনের নাম করে গিয়ে সেখানে সমস্ত ফাইলপত্র তছরূপ করেছে এবং সরকারি কর্মচারীদেরও মারধর করেছে। সেখানে জে. এল. আর. ও.-র পক্ষ থেকে পুলিশকে জানান হয় কিন্তু পুলিশ নিষ্ক্রিয় থাকে। তারপর মালদহ জেলার কো-অর্ডিনেশন কমিটি ডি. এম.-এর কাছে ডেপুটেশনে গেছে। তারা টেলিগ্রাম করেছে, তার একটা কপি আপনার কাছে জমা দেবার জন্য বলেছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তারা একটা প্রতিবেদন পাঠিয়েছে আমি সেটা আপনার মাধ্যমে দিয়ে দিচ্ছি। কংগ্রেস (আই) সমস্ত সদস্যদের মারধর করেছে এবং তারা সরকারি কর্মীদেরও রেহাই দেয় নি। সে জন্য এই অভিযোগের কথা আমি হাউসে উত্থাপিত করছি এবং আপনার কাছে কাগজটা দিয়ে দিচ্ছি।

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি বহুবার বলেছি যে হাওড়া থেকে হাইকোর্টে আসার কোন ট্রাম নেই, যদিও ট্রাম আমাদের কলকাতায় চলছে। আমি আগেও বলেছি যে ঐ অঞ্চলে আসার জন্য বাস, ট্রাম নেই। যদিও একটা মিনিবাস ছিল কিন্তু সেটাও বন্ধ হয়ে গেছে। আমি ট্রান্সপোর্ট মিনিস্টারকে ব্যক্তিগত ভাবেও অনুরোধ করেছি যে হাওড়া থেকে হাইকোর্ট ট্রাম লাইন চালু করলে অন্তত ডালহাউসি — এসপ্লানেডের অনেকটা সার্ভ করবে। আমাদের এই দিকে আসার অত্যন্ত সুবিধা হবে। কাজেই আমি আপনার মাধ্যমে তাঁর কাছে আবার অনুরোধ করছি জনসাধারণের কথা বিবেচনা করে তাড়াতাড়ি যাতে এই লাইনে ট্রাম চালু করা হয় তার ব্যবস্থা করবেন।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পঞ্চায়েত ও কারা বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

পশ্চিমবঙ্গে যে সমস্ত পঞ্চায়েত সমিতিগুলি আছে সেই সমস্ত পঞ্চায়েত সমিতিগুলিতে এখনো পর্যন্ত ম্যাচিং গ্র্যান্টের টাকা পৌছয়নি। এর ফলে সমস্ত জায়গায় পঞ্চায়েতের কাজকর্ম ব্যহত হচ্ছে এবং চৌকিদার, দফাদাররা বেতন পর্যন্ত পাচ্ছে না, তাদের প্রচন্ড অসুবিধা হচ্ছে। যাতে অবিলম্বে এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী তারকবন্ধু রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি।

উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় আই. আই. টি. স্কীমে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামীণ উন্নয়নের জন্য লক্ষ লক্ষ টাকার কাজ হওয়ার কথা। পঞ্চায়েতের মাধ্যমে সেখানে স্কীম তৈরি হয়ে গেলেও টাকা খরচ হয় নি। কোনো কোনো ব্যাঙ্ক এবং কিছু কিছু অফিসাররা টেকনিক্যাল পয়েন্ট তুলে সেই স্কীমগুলির কাজে বাধার সৃষ্টি করছে, যার ফলে এই স্কীমগুলিতে আজকে কোনো কাজ হতে পারছে না সব বানচাল হয়ে যাচ্ছে। এদিকে মার্চ মাস শেষ হতে চলল,

ফাইনানসিয়াল ইয়ার শেষ হয়ে যাচ্ছে অথচ টাকা এখনো পাওয়া যাচ্ছে ফলে এই টাকা আর পাওয়া যাবে না, গ্রামের উন্নতিও হবে না। তাই এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং হাউসের সামনে এই বক্তব্য রাখছি।

**শ্রী ননী কর :** স্পিকার স্যার, আমি একটি নৃশংস ঘটনার কথা আপনার মাধ্যমে হাউসের সামনে উল্লেখ করছি।

গত ১৪ তারিখ রাত্রিবেলা সদ্য বিবাহিতা বাণী ঘোষকে বীরা রেল স্টেশনে খুন করা হয়েছে। এই ঘটনার পরে রেলওয়ে অ্যাডমিনিস্ট্রেসনের কার্যকলাপের কথাই আমি বিশেষ করে এখানে উল্লেখ করতে চাই। রাত্রি সাড়ে দশটার সময় বীরা রেল স্টেশনের অন্ধকার প্ল্যাটফর্মে দুষ্কৃতকারীরা তাঁর স্বামীকে বেঁধে রেখে তাঁকে খুন করে। ঐ স্টেশনটি মন্ত্রী হালিম সাহেবের নির্বাচন কেন্দ্রের মধ্যে। ঐ ঘটনার খবর পেয়ে ওখানকার পঞ্চায়েতের লোকেরা বীরা স্টেশনে যায় এবং সেখান থেকে তারা কন্ট্রোলে খবর পাঠাবার ব্যবস্থা করে। কিন্তু কন্ট্রোল থেকে কোনো জায়গায় আর খবর দেওয়া হয় না। পরের দিন সকালবেলা বনগাঁয়ে খবর দিল রেলওয়ে অ্যাকসিডেন্ট বলে এবং ভেন্ডারে করে বস্তা নিয়ে গেল ডেড বডি নিয়ে আসার জন্য। সকালবেলা আমাদের কাছে খবর এলে পরে আমরা বেঙ্গল পুলিসকে খবর দিই। আমাদের হাবড়া থানার পুলিশ সেখানে যায়। আমাদের কাছে খবর হচ্ছে ঐ ঘটনার পর সেখানে অত লোক জমা হওয়া সত্ত্বেও রেলওয়ে অ্যাডমিনিস্ট্রেশন ঘটনাটিকে কোনো রকম গুরুত্বই দেয় না। ফলে দুষ্কৃতকারীদের ধরা সম্ভব হয় না। পরে তারা শিয়ালদহ কন্ট্রোলে খবর দেয়, সেখান থেকে পুলিশ কুকুর যায়, চার পায়ের কুকুররা। দুপায়ের কুকুররা গন্ধ পেলেও, চার পায়ের কুকুররা কোনো গন্ধ পায়নি। এই রকম একটা ঘটনা ঘটে গেল অথচ সেখানে প্ল্যাটফর্মে কোনো আলো ছিল না, দেশে বিদ্যুত ঘাটতি থাকলেও রেলওয়ের ক্ষেত্রে সেটা প্রযোজ্য না।

তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, বীরা রেল স্টেশনে কোনো আলো নেই, সেখানে আজকে অবাধে গুন্ডামী চলছে। ১৯৭৭ সালের পর গত ২ বছর যাবৎ ওখানে শান্তি বজায় ছিল, এখন শ্রীমতী ইন্দিরা জেতার পর গুন্ডারা আবার উৎসাহী হয়ে উঠে এই সব ঘটনা ঘটাচ্ছে।

বীরা রেলওয়ে স্টেশনের ঐ হত্যা ঘটার সম্বন্ধে একটি চিঠি আমি চিফ মিনিস্টারকে দেবার জন্য আপনার কাছে জমা দিচ্ছি। আমি আশা করি চিফ মিনিস্টার এবিষয়ে যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন।

[1-50 – 2-00 P.M.]

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েতের বিরুদ্ধে দুর্নীতির অনেক অভিযোগ এই হাউসে উঠেছে। আমি একটি স্পেসিফিক ইলাসট্রেশন দিচ্ছি। মুর্শিদাবাদ জেলার জলঙ্গী অঞ্চল প্রধান শ্রী প্রণব বিশ্বাসের বিরুদ্ধে সুস্পষ্ট দুর্নীতির অভিযোগ আমার কাছে এসেছে। তাঁর ভাইয়ের নামে ইউনাটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়াতে ৮০ হাজার টাকা জমা দিয়ে অ্যাকাউন্ট করা হয়েছে বলে

আমি অভিযোগ পেয়েছি। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি এই অভিযোগটি তদন্ত করে দেখুন যে এটা সত্যি কিনা। আমরা চাই পঞ্চায়েতের হাতে আরোও অধিক ক্ষমতা কিন্তু পঞ্চায়েতের মধ্যে যদি এই রকম দুর্নীতি দেখা যায় এবং দলীয় স্বার্থে ব্যবহার করা হয় তাহলে পঞ্চায়েত ব্যবস্থা সম্বন্ধে জনসাধারণের বিতৃষ্ণা জন্মে যাবে।

**শ্রী মাধবেন্দু মোহান্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি লক্ষ্য করছি এক শ্রেণীর পুলিশ কর্মচারী চুরি-ডাকাতি, ছিনতাই প্রভৃতি অপরাধের বিরুদ্ধে উৎসাহ না দেখালেও জমিদার-জোতদারদের স্বার্থ রক্ষা করার জন্য কৃষক বর্গাদারদের উচ্ছেদের কাজে উৎসাহের অন্ত নেই। এই রকম একজন করিৎকর্মা অফিসার-এর নাম হাউসের সামনে রাখছি।

**মিঃ স্পিকার :** ব্যক্তিগত কোন অফিসারের নাম এখানে উত্থাপন করবেন না।

**শ্রী মাধবেন্দু মোহান্ত :** ঠিক আছে স্যার, আমি নাম উত্থাপন করছি না। নদীয়া জেলার তেহট্ট থানা এলাকায় একজন বর্গাদার ২৩ শতক জমি চাষ করে যার নাম হচ্ছে আদম আলি। একজন জোতদার ঐ ২৩ শতক জমির ফসল ঐ বর্গাদার চুরি করেছে বলে থানায় ডায়েরি করেন। তখন সেই উৎসাহী অফিসারটি গ্রামে যান এবং গ্রামে গিয়ে আদম আলির সমস্ত ফসল এবং তাঁর ভাইয়ের ৪/৫ বিঘা জমির ফসল (যিনি অন্য জমিতে চাষাবাদ করেনও) নিয়ে যায়। ঐ সমস্ত জমির ফসল ঐ জোতদারের একজন বন্ধুর হেফাজতে রাখে। আদম আলির বাবা যাঁর বয়স ৭০/৭৫ তাঁকেও গ্রেপ্তার করেছে। এইভাবে ঐ করিৎকর্মা অফিসারটি অত্যাচার করেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং আমাদের ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন অবিলম্বে এই ধরনের অত্যাচার বন্ধ হয়।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে প্রশাসন ব্যবস্থা যে ভেঙ্গে পড়েছে সে ব্যাপারে এই হাউসে অনেক আলোচনা হয়েছে এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনিও বলেছেন — কাগজে দেখলাম — কাকে কাজ করতে বলব, চেয়ারকে। যাই হোক আমি স্পেসিফিক মেনশন করছি। পশ্চিমবঙ্গে কোন উন্নয়নমূলক কাজ হচ্ছে না। পশ্চিমবঙ্গে সরকারি কর্মচারীরা যারা কো-অর্ডিনেশন কমিটি করছে তারা কোন কাজ করছে না এবং যে সমস্ত সরকারি কর্মচারীরা কাজ করতে চাচ্ছে তাদেরকেও কাজ করতে দেওয়া হচ্ছে না। এইভাবে পুরো প্রশাসন আজকে বিপর্যস্ত হয়ে পড়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীও হতাশা বোধ করছেন। তিনি বলছেন, আমি নিরুপায়, আমি কি করবো। এক অফিসারের টেবিল থেকে অন্য টেবিলে ফাইল যেতে অনেক সময় লাগছে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, এই সমস্ত কো-অর্ডিনেশন কমিটির নেতারা যারা এই সমস্ত কাজ করছে তাঁদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সত্যযুগ কাগজে একটি খবর দেখলাম, সেখানে বলছে, কংগ্রেস (আই) এর তরফ থেকে যেহেতু আসামে অসমিয়াদের উপর নির্যাতন হচ্ছে সেইহেতু আজকে কামরূপ এক্সপ্রেস অবরোধ করার জন্য একটা কর্মসূচী নিয়েছেন। এই কামরূপ এক্সপ্রেস আসামিদের চেয়ে অ-অসমিয়ারাই বেশি যাতায়াত

করেন। আজকে এই যে কর্মসূচী তাঁরা নিয়েছেন এর ফলে বাঙালিরাই বেশি ক্ষতিগ্রস্ত হবে এবং যারা এই খবর জানে না এই রকম বহু ছেলেমেয়ে যাবে ঐ কামরূপ এক্সপ্রেসে এবং তার ফলে তারা অসুবিধায় পড়বেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যারা এই কর্মসূচী গ্রহণ করতে যাচ্ছেন তাদের সঙ্গে আলোচনা করে মিলিতভাবে কর্মসূচী গ্রহণ করা হোক।

দ্বিতীয় কথা হচ্ছে আজকে এখানে এই ঘটনা হলে তার রিঅ্যাকশন আসামেও হবে এবং বাঙালিদের উপর আরও বেশি নির্যাতন হবে কিনা সেটা চিন্তা করতে অনুরোধ করছি। সুতরাং এ বিষয়ে এখনি হস্তক্ষেপ করা উচিত।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য :** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩ দিন ধরে বি. টি. রোডের উপরে পানিহাটি স্পোর্টিং ক্লাবের সামনে ২০০ মিটার রাস্তা ভীষণ ভাবে ক্ষতিগ্রস্ত হয়ে গেছে। কর্পোরেশনের ৭২ ইঞ্চি পাইপ ফেটে গিয়ে একটা দুরুহ অবস্থার সৃষ্টি করেছে। আজকে দেখলাম ৩টি গাড়ি সেখানে অকেজো হয়ে পড়ে আছে। এত বিরাট বিরাট গর্ত যে যানবাহন অচল হয়ে যাচ্ছে। সুতরাং এই ২০০ মিটার রাস্তার বিষয়ে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা উচিত।

**শ্রী সন্তোষকুমার দাস :** স্যার, কলকাতা থেকে যে স্টেট বাস আমতা, উদয়নারায়ণপুর, এবং জগৎবল্লভপুর পর্যন্ত যায় সেগুলি প্রায় না যাবার সামিল হয়েছে। এক ঘন্টা অন্তর এগুলি যাওয়ার কথা কিন্তু দেখা যাচ্ছে ৩ থেকে সাড়ে ৩ ঘন্টা সময় নিচ্ছে, এর ফলে জনসাধারণের অসুবিধা হচ্ছে এসব কথা যখন কর্মীদের বলা হয় তখন তারা অসহিষ্ণু হয়ে পড়ে। যার ফলে কর্মী এবং যাত্রীদের মধ্যে একটা গোলযোগের সৃষ্টি হয়। পরিবহন মন্ত্রীকে তাই অনুরোধ করছি নিয়মিত ভাবে যাতে এই রুটের স্টেট বাসগুলি চলাচল করে সেই ব্যবস্থা আপনি করুন।

**শ্রী অমলেন্দ্র রায় :** স্যার, আমি কেন্দ্রীয় সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রীর বিরুদ্ধে বিধানসভা এবং বিধানসভার সদস্যদের অধিকার ভঙ্গের একটা প্রিভিলেজের নোটিশ পেয়েছি।

**মিঃ স্পিকার :** আমি এখন কিছু বলতে পারছি না, আগে দেখি সেটা অ্যালাউ করা যায় কিনা এবং প্রিভিলেজ আছে কিনা সেটা দেখব।

[2-00 – 2-10 P.M.]

## Laying of Report.

## The Annual Report on the Working and Affairs of the Westing House Saxby Farmer Limited for the financial year ended 30th June, 1977.

**Shri Bhabani Mukherjee :** Sir, with your permission I beg to lay the fifty-fifth Annual Report on the working and affairs

of the Westing House Saxby Farmer Limited for the financial year ended 30th June, 1977.

## FINANCIAL

### Budget of the Government of West Bengal for 1981-82

### VOTING ON DEMAND FOR GRANTS

### DEMAND NO. 12

### Major Head : 241 — Taxes on Vehicles

The following speeches of Shri Md. Amin, minister-in-charge of transport Deptt. taken as read

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপরিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮০-৮১ আর্থিক বছরে ১২ নং দাবির অধীনে মুখ্য খাত "২৪১ — যানবাহনের উপর কর" বাবদ ব্যয়নির্বাহের জন্য ৫২,৬৫,০০০ টাকা মঞ্জুর করা হোক।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতায় এবং জেলাগুলিতে স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের যে বলবৎকরণ সংস্থা রয়েছে, সে সম্পর্কে ব্যয়নির্বাহের জন্য উল্লিখিত দাবি জানানো হচ্ছে। মোটরযান পরিদর্শকের (প্রায়োগিক এবং অ-প্রায়োগিক) এবং আঞ্চলিক পরিবহন আধিকারিক/সহ-আঞ্চলিক পরিবহন আধিকারিকদের নিয়ে গঠিত এই সংস্থা মোটরযান আইন, পশ্চিমবঙ্গ মোটরযান আইন এবং এই দুটি আইন অনুসারে প্রণীত নিয়মাবলীর বিধান বলবৎ হচ্ছে কিনা সেদিকে নজর রাখেন। মোটরযান কর ও ফ্রী ইত্যাদি ঠিকমতো আদায় করা হচ্ছে কিনা সেটা এই সংস্থার কর্মকুশলতার উপর বহুলাংশে নির্ভর করে।

৩। কর-সংক্রান্ত প্রশাসন-ব্যবস্থা বিশেষভাবে সমীক্ষা করবার পর একজন প্রবীণ আধিকারিক যে সুপারিশ করেছিলেন তার ভিত্তিতে, মোটরযান কর আরোপণ ও আদায়ের পদ্ধতি আরও অনায়াস করার উদ্দেশ্যে ১৯৩২ সালের বঙ্গীয় মোটরযান কর আইনের পরিবর্তে ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ মোটরযান কর আইন প্রণয়ন করা হয়েছে। যেসব যানবাহন কর ফাঁকি দিয়ে পালিয়ে যেতে চেষ্টা করে সেগুলিকে ধরবার জন্য ২নং জাতীয় সড়কে, ৬নং জাতীয় সড়কে এবং ৩৪নং জাতীয় সড়কে পণ্যপ্রবেশ কর সংক্রান্ত চেকপোস্টের যেসমস্ত জায়গা আছে, সেখানে সুসংবদ্ধ চেকপোস্ট স্থাপনের কাজ আর কিছুদিনের মধ্যেই শুরু করা হবে বলে প্রস্তাব রয়েছে। বর্তমান বলবৎকরণ শাখার কর্মকুশলতা বাড়িয়ে তোলার জন্য ঐ শাখার পুনর্বিনাসের বিষয়টিও সরকার সক্রিয়ভাবে বিবেচনা ক'রে দেখছেন।

৪। মহাশয় এই ব'লে আমি সভার বিবেচনার জন্য আমার এই বাজেট পেশ করছি।

## DEMAND NO. 68

### Major Head : 335 — Ports, Light Houses and Shipping.

The following speeches of the Minister in-charge of Transport Deptt. are taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮০-৮১ আর্থিক বছরে ৬৮ নং দাবির অধীনে মুখ্য খাত "৩৩৫ — বন্দর, আলোকস্তম্ভ ও জাহাজ-চলাচল" বাবদ ব্যয়নির্বাহের জন্য ৩৫,০০,০০০ টাকা মঞ্জুর করা হোক।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের অন্তর্দেশীয় জলপথ পরিবহন শাখা সম্পর্কে ব্যয়নির্বাহের জন্যই উল্লিখিত দাবি জানানো হচ্ছে। এই শাখার মধ্যে রয়েছে —

(১) সমীক্ষা ও নিবন্ধন উপ-শাখা,

(২) পরীক্ষাগ্রহণ উপ-শাখা,

(৩) পুলিং উপ-শাখা,

(৪) সরকারি পোতাঙ্গন,

(৫) অন্তর্দেশীয় জলপথ পরিবহন নাবিক প্রশিক্ষণকেন্দ্র।

৩। অন্তর্দেশীয় জলযানগুলির সমীক্ষা ও নিবন্ধন এবং নাবিকদের পরীক্ষা পরিচালন ১৯১৭ সালের ভারতীয় জলযান আইন অনুসারে রাজ্য সরকারের সাংবিধিক কৃত্য। এই রাজ্যের নদীবহুল জেলাগুলির জেলা-আধিকারিকদের হেফাজতে যেসমস্ত লঞ্চ রাখা হয় সেগুলির রক্ষণাবেক্ষণ, সংস্কার ও সুরক্ষার জন্য রয়েছে পুলিং উপ-শাখা। অন্তর্দেশীয় জলপথ পরিবহন শাখার সঙ্গে যুক্ত সরকারি পোতাঙ্গনটিতে পুলের জলযানগুলির ছোটখাট মেরামতের কাজ করা হয়ে থাকে। অন্তর্দেশীয় জলপথ পরিবহন নাবিক প্রশিক্ষণকেন্দ্রে লঞ্চ-নাবিকদের প্রশিক্ষণ দেওয়া হয়।

৪। তাছাড়া, নৌ-যন্ত্রবিদ্যা প্রশিক্ষারত যোগ্য প্রার্থীদের আমরা বাণিজ্য ও শিল্প বিভাগ মারফত বৃত্তিদানসূত্রে সাহায্য ক'রে থাকি। এই রাজ্যের যেসব ক্যাডেটের বাবা-মা/অভিভাবক প্রশিক্ষণের পুরো খরচা মেটাতে অপারগ, তাঁদের সাহায্য করার জন্যই রাজ্য সরকারের এ ধরনের বৃত্তির ব্যবস্থা। প্রত্যেক বছর নৌ-যন্ত্রবিদ্যা প্রশিক্ষণ অধিকার-এর ক্যাডেটদের জন্য পাঁচটি এবং প্রশিক্ষণ জাহাজ "রাজেন্দ্র"-র ক্যাডেটদের জন্য দশটি বৃত্তি মঞ্জুর করা হয়।

৫। অন্তর্দেশীয় জলপথ পরিবহন ব্যবস্থা প্রায় অচল হয়ে পড়েছে। তাই, সেই ব্যবস্থার পুনরুজ্জীবনের ব্যাপারে সরকার বিশেষভাবে মনোযোগী হয়েছেন। হাওড়া-কলকাতা ফেরি পরিবহন কর্মসূচীর রূপায়ণের কাজে যথেষ্ট উন্নতি লক্ষ্য করা যাচ্ছে। আশা করা যায়, এই ফেরি পরিবহন ব্যবস্থা অনতিবিলম্বেই চালু করা যাবে। সুন্দরবন অঞ্চলে সুবিন্যস্তভাবে

একটির পর একটি জেটি নির্মাণের কর্মসূচীও রূপায়ণের পথে। ফরাক্কা থেকে হলদিয়া অবধি জলপথকে "জাতীয় জলপথ" হিসাবে ঘোষণা করা যায় কিনা, পরামর্শদাতাদের কাছ থেকে সম্ভাব্যতা-সংক্রান্ত রিপোর্ট পাওয়ার পর ভারত সরকার এ বিষয়টি বিবেচনা ক'রে দেখবেন।

৬। মহাশয়, এই ব'লে আমি সভার বিবেচনার জন্য আমার এই বাজেট পেশ করছি।

## DEMAND NO. 69

### Major Head : 336 — Civil Aviation.

The following speeches of the Transport Minister are taken as read

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮০-৮১ আর্থিক বছরে ৬৯ নং দাবির অধীনে মুখ্য খাত "৩৩৬ — অসামরিক বিমান-চালনা" বাবদ ব্যয়নির্বাহের জন্য ৩১,৯৪,০০০ টাকা মঞ্জুর করা হোক।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেহালায় স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের অধীনে যে ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউট রয়েছে সেটি পরিচালনার জন্যই ব্যয়বরাদ্দের এই দাবি জানানো হচ্ছে।

৩। রাজ্যসরকার ১৯৬৩ সালে তদানীন্তন বেঙ্গল ফ্লাইং ক্লাবের কাছ থেকে ঐ ফ্লাইং ইনস্টিটিউট অধিগ্রহণ করেন। ইনস্টিটিউটটিতে বিমান-চালনা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। যত ঘন্টা বিমান-চালনা এবং যে-পর্যন্ত প্রশিক্ষণ দরকার, ইনস্টিটিউটে তা সাফল্যের সঙ্গে সমাপ্ত করলে পর প্রশিক্ষার্থীদের বেসরকারি বিমান-চালকের লাইসেন্স এবং বাণিজ্যিক বিমান-চালকের লাইসেন্সও দেওয়া হয়। এ উদ্দেশে ইনস্টিটিউট পাঁচটি "পুষ্পক" বিমান এবং সেইসঙ্গে প্রয়োজনীয় প্রশিক্ষক ও ইঞ্জিনিয়ার গোষ্ঠী রেখেছেন। তাছাড়া বিমানগুলির রক্ষণাবেক্ষণের জন্য ইনস্টিটিউটের নিজস্ব একটি কারখানাও আছে।

৪। ইনস্টিটিউটটিতে বর্তমানে ৮২ জন প্রশিক্ষার্থী রয়েছেন। এঁদের মধ্যে ৩১ জন এসেছেন রাষ্ট্রীয় রণশৈক্ষবাহিনী থেকে, আর ৫১ জন হচ্ছেন শৌখিন বিমান-চালক। ১৯৭৯ সালের অক্টোবর থেকে, ঘন্টাপিছু বিমান-চালনার ব্যয় ১৯২ টাকা থেকে বেড়ে গিয়ে ২০২ টাকায় দাঁড়িয়েছে। বিমান-চালনার এই ব্যয় আরও বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে, যেসমস্ত তরুণ ও তরুণী অর্থনীতিক দিক থেকে দুর্বলতর শ্রেণীভুক্ত, বিমান-চালনাকে ভবিষ্যৎ কর্মজীবনের আশ্রয় হিসাবে গ্রহণ করা তাঁদের পক্ষে সম্ভব হয়ে উঠছে না। এ অবস্থার কথা মনে রেখেই, ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউটের যেসব মেধাবী প্রশিক্ষার্থী সীমিত আয়ের পরিবারভুক্ত তাঁদের বৃত্তিদানসূত্রে আর্থিক সাহায্য করবার জন্য সরকার একটি বৃত্তিদান কর্মপ্রকল্প প্রণয়ন করেছেন। এই কর্মপ্রকল্প অনুসারে, বৃত্তিভোগী প্রশিক্ষার্থী ঘন্টাপিছু বিমান-চালনার মোট ব্যয় ১৯২ টাকার জায়গায় ঘন্টাপিছু মাত্র ১১ টাকা দিয়েই প্রশিক্ষালাভ করতে পারবেন। বাকি টাকাটা দেবেন রাজ্যসরকার এবং ভারত সরকার। কর্মপ্রকল্পটি চলতি বছরেই চালু করা হয়েছে

এবং ইতিমধ্যে ৫ জন প্রশিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়েছে। বৃত্তিভোগী প্রশিক্ষার্থীদের সংখ্যা বছরের পর বছর ক্রমান্বয়ে বেড়ে যাবে।

৫। তরুণ-তরুণীদের যাতে প্রশিক্ষা গ্রহণের যথেষ্ট সুযোগ-সুবিধা দেওয়া যায় সেজন্য ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউটের উপযুক্ত উন্নতিসাধনের ব্যাপারে রাজ্য সরকার অত্যন্ত আগ্রহী। এ উদ্দেশ্যে, ১৯৮০-৮১ সালে ১১ লক্ষ টাকা ব্যয়ে একটি প্রশিক্ষণ-বিমান সংগ্রহের এবং ১৫ লক্ষ টাকা ব্যয়ে ৭ একর জমি কেনার প্রস্তাব রয়েছে।

৬। মহাশয়, এই ব'লে আমি সভার বিবেচনার জন্য আমার এই বাজেট পেশ করছি।

## DEMAND NO. 71

### Major Head : 338 — Road and Water Transport Services.

The following Speeches of the Minister-in-charge of Transport Deptt. are taken as read

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮০-৮১ আর্থিক বছরে মুখ্যখাত "৩৩৮ — সড়ক ও পরিবহন ব্যবস্থা", "৫৩৮ — সড়ক ও জলপথ পরিবহন ব্যবস্থা সম্পর্কে মূলধন বিনিয়োগ" এবং "৭৩৮ — সড়ক ও জলপথ পরিবহন ব্যবস্থার জন্য ঋণ" সংক্রান্ত ৭১ নং দাবির অধীনে ব্যয়নির্বাহের জন্য ৫৫,৮৩,৬৫,০০০ টাকা মঞ্জুর করা হোক।

২। ১৯৭৭ সালে যখন বর্তমান সরকার কার্যভার গ্রহণ করেন তখন এই রাজ্যের বিশেষত কলিকাতা মহানগরী অঞ্চলের পরিবহন ব্যবস্থা অত্যন্ত বিপর্যস্ত ছিল। যতদূর সম্ভব এই ব্যবস্থার উন্নতিকল্পে আমরা আমাদের প্রশাসনিক ও আর্থিক সামর্থ সর্বতোভাবে প্রয়োগ করি। ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যার আঘাত সত্ত্বেও পরিবহন সমস্যার উল্লেখযোগ্য উন্নতি ধীরে ধীরে পরিলক্ষিত হচ্ছিল। কিন্তু ডিজেল সংকট ও চেসিসের অপ্রতুলতা এ বিষয়ে অগ্রগতির প্রধান প্রতিবন্ধক। ফলে যানবাহনের চাহিদা ও যোগানের মধ্যে ফারাকের যে সামগ্রিক চিত্রটি পাওয়া যাচ্ছে তার ফল হল যাত্রীসাধারণের প্রচুর দুর্ভোগ। পরিবহন সমস্যার প্রতি আমরা সম্পূর্ণ সজাগ আছি এবং তাঁদের দুর্দশা লাঘব করার উদ্দেশ্যে আমরা সব রকম প্রয়াস চালিয়ে যাচ্ছি। কিন্তু সকল চেষ্টা সত্ত্বেও চেসিসের অপ্রতুলতা ও ডিজেল তেলের দুষ্প্রাপ্যতা সম্পর্কীয় বাধাবিঘ্ন দূরীকরণ এককভাবে এই রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়।

৩। মাননীয় সদস্যদের হয়ত মনে আছে যে, যখন বর্তমান সরকার ক্ষমতায় আসীন হন তখন তিনটি সরকার-পরিচালিত সংস্থা এবং কলিকাতা ট্রামওয়েজ কোম্পানি অত্যন্ত লোকসানের মধ্যে চলছিল, কিন্তু বর্তমানে তাদের দৈনিক অর্থ সংগ্রহের গড় পরিমাণ বেশ বেড়ে গেছে। ১৯৭৮-৭৯ সালে কলিকাতা রাজ্য পরিবহন নিগমের দৈনিক অর্থ সংগ্রহের গড় পরিমাণ ছিল ২.৩৮ লক্ষ টাকা এবং ডিসেম্বর, ১৯৭৯ সালে ঐ সংগ্রহের পরিমাণ

হয়েছে ৩.২৬ লক্ষ টাকা। প্রচন্ড রকম অসুবিধার সম্মুখীন হওয়া সত্ত্বেও কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন নিগমের দূরপাল্লার বাস সমেত রাস্তার চালু বাসের প্রাত্যহিক সংখ্যা বেড়ে গেছে। ১৯৭৮-৭৯ সালে রাস্তায় চালু বাসের সংখ্যা ছিল ৬৩১টি, ১৯৭৯ সালের ডিসেম্বর মাসে ঐ সংখ্যা বেড়ে গিয়ে ৭৩০টিতে দাঁড়িয়েছে। ১৯৮০-৮১ সালের আর্থিক বছরে কলিকাতা রাজ্য পরিবহন নিগম ২০০টি বাস সংগ্রহ করার পরিকল্পনা নিয়েছে। ১৯৭৮-৭৯ সালে ঠাকুরপুকুরে একটি নূতন বাস ডিপো চালু হয়েছে এবং লবণ হ্রদে একটি নূতন বাস ডিপো নির্মাণের কাজ সমাপ্ত প্রায়; তাছাড়া ১৯৮০-৮১ সালে কসবাতে আর একটি নূতন বাস ডিপো তৈয়ারি করার প্রকল্প আছে। ১৯৭৯ সালের মে মাসে একটি নূতন ইন্সেন্টিভ স্কীম চালু করা হয়েছে এবং তার ফলে কলিকাতা রাজ্য পরিবহন নিগমের কাজকর্মে যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হচ্ছে। বর্তমান বছরে শহরের এবং দূরপাল্লার রুটে যথাক্রমে ৯টি এবং ২টি নূতন রুট চালু হয়েছে।

৪। কলিকাতা ট্রামওয়েজ কোম্পানির কাজকর্মের সার্বিক উন্নতির জন্য আন্তরিক প্রচেষ্টা চালানো হচ্ছে। বিভিন্ন বিভাগের কাজকর্মের কিছু উন্নতি ঘটানোও সম্ভবপর হয়েছে। দক্ষিণ কলিকাতার কতকগুলি রুটের ট্রাম অন্যদিকে ঘুরিয়ে দেওয়ার দরুন ট্রাম চলাচলের অসুবিধা হচ্ছিল, তথাপি প্রাত্যহিক রাস্তায় চালু গাড়ির সংখ্যা বেড়ে গেছে। ১৯৭৮-৭৯ সালে রাস্তায় চালু গাড়ির সংখ্যা ছিল ২৯৮, ১৯৭৯ সালের ডিসেম্বর মাসে এই সংখ্যা বেড়ে গিয়ে রাস্তায় চালু গাড়ির গড় ৩০৮ দাঁড়িয়েছিল। প্রচন্ড অসুবিধা সত্ত্বেও প্রাত্যহিক অর্থসংগ্রহের গড় বেড়েছে। ১৯৭৮ সালে ডিসেম্বর ও ১৯৭৯ সালের জানুয়ারি মাসের মোট অর্থসংগ্রহের পরিমাণ যেখান ৭৬.২৪ লক্ষ টাকা ছিল সেখানে ১৯৭৯ সালের ডিসেম্বর ও ১৯৮০ সালের জানুয়ারি মাসে মোট অর্থ সংগ্রহের পরিমাণ হয়েছে ৮৩.২৬ লক্ষ টাকা। মেট্রো রেল তৈয়ারির দরুন প্রচন্ড অসুবিধা সত্ত্বেও হাওড়া স্টেশন থেকে বিড়লা প্ল্যানেটোরিয়াম পর্যন্ত একটি নূতন রুট ৪ঠা জুলাই, ১৯৭৯ থেকে চালু হয়েছে। ১৯৭৯ সালের ডিসেম্বর মাসে একটি নূতন টাইম টেবল ও ইন্সেন্টিভ স্কীম চালু হয়েছে এবং এর ফলে ট্রাম চলাচলের মাত্রা অনেকটা বেড়ে গেছে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, কলিকাতা ট্রামওয়েজ কোম্পানিকে একটি সরকারি কোম্পানিতে পরিণত করার উদ্দেশ্য নিয়ে এই সভার বিগত সূত্রে কলিকাতা ট্রামওয়েজ কোম্পানি (প্রতিষ্ঠান অধিগ্রহণ) বিধেয়ক, ১৯৭৮ গ্রহণ করা হয়েছিল। আশা করা যায় উক্ত কোম্পানি শীঘ্রই গঠন করা সম্ভব হবে।

৫। কলিকাতা মহানগরী অঞ্চলের পরিবহন ব্যবস্থার সার্বিক উন্নতির জন্য প্রচুর অর্থ লগ্নি করা দরকার। মহানগরী এলাকার পরিবহন ব্যবস্থার সার্বিক উন্নতিকল্পে "কলিকাতা পরিবহন পরিকল্পনা" নামে একটি বিরাট পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, তার তিনটি প্রধান অংশ যথা — (১) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন নিগম, (২) কলিকাতা ট্রামওয়েজ কোম্পানি এবং (৩) সি এম ডি এ। এই প্রকল্পটি রূপায়ণের জন্য বিশ্বব্যাঙ্কের কাছ থেকে আর্থিক সাহায্য গ্রহণের জন্য আলোচনা চলছে। পরিকল্পনা সম্বলিত একটি প্রতিবেদন বিগত ১৯৭৯ সালের অক্টোবর মাসে বিশ্বব্যাঙ্ক প্রেরিত অ্যাপ্রাইজাল মিশনের কাছে পেশ করা হয়েছিল। আশা করা যায় যে, বিশ্বব্যাঙ্কের আর্থিক সাহায্য দানের কর্মসূচী

শীঘ্রই রূপায়িত হবে। এই বিষয়ে ১৯৮০-৮১ সালের রাজ্য পরিকল্পনা খাতে মোট ২৫.৬৫ কোটি টাকা ধরা হয়েছে।

৬। উত্তরবঙ্গ রাজ্য পরিবহন নিগম গণপরিবহনের ক্ষেত্রে বিশেষত উত্তরবঙ্গে যেসব জেলায় রেল যোগাযোগ ব্যবস্থা খুবই অপর্যাপ্ত সেখানে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ক'রে চলেছে। ১৯৭৮-৭৯ সালে যেখানে বাসরুটের সংখ্যা ছিল ২৩১, সেখানে ১৯৭৯ সালের ডিসেম্বর মাসে সেই সংখ্যা বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ২৩৪টিতে। ১৯৭৯ সালের ডিসেম্বর মাস পর্যন্ত উত্তরবঙ্গ রাজ্য পরিবহন নিগমের মোট ৩৪৩টি বাস ও ৬৮টি ট্রাকের মধ্যে প্রত্যহ গড়ে ২৭৬টি বাস ও ৪০টি ট্রাক রাস্তায় চালু ছিল। নিগমের দৈনিক গড় অর্থ-সংগ্রহ বেড়ে চলেছে — ১৯৭৮ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত যেখানে ১.০২ লক্ষ টাকা সংগ্রহ ছিল, সেখানে ১৯৭৯ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত বেড়ে গিয়ে ১.১৪ লক্ষ টাকায় দাঁড়িয়েছে। ১৯৮০-৮১ সালের আর্থিক বছরে নিগম মোট ১০০.০০ লাখ টাকায় ৩২টি স্ট্যান্ডার্ড বাস সংগ্রহ করার ও ডিপোর উন্নতিসাধন করার পরিকল্পনা নিয়েছে।

৭। দুর্গাপুর রাজ্য পরিবহন নিগম পশ্চিমবঙ্গের ১৩টি জেলায় তাদের প্রাত্যহিক সার্ভিস চালু করতে পেরেছে এবং অদূর ভবিষ্যতে আরও কয়েকটি নূতন আন্তরাজ্য ও আন্তজেলা সার্ভিস চালু করা যাবে বলে তারা আশা করে। দুর্গাপুর থেকে কাটোয়া পর্যন্ত দূরপাল্লার একটি নূতন সার্ভিস ২৮এ নভেম্বর, ১৯৭৯ থেকে চালু করা হয়েছে। নিগমের বর্তমান বাস সংখ্যা ১২৮ এবং ১৯৭৯-৮০ সালের আর্থিক বছরে আরও ২০টি নূতন বাস বাড়বে। প্রাত্যহিক অর্থসংগ্রহের পরিমাণও বেড়ে চলেছে। ১৯৭৯ সালের ডিসেম্বর মাসে নিগমের অর্থসংগ্রহের পরিমাণ ১০.১৯ লক্ষ টাকা এবং এই নিগমের অর্থসংগ্রহের ইতিহাসে এটাই হচ্ছে সর্বোচ্চ পরিমাণ। সুরী বাস স্ট্যান্ডে একটি সাব ডিপো এবং পুরুলিয়া, বর্ধমান ও বাঁকুড়াতে আরও ৩টি ডিপো তৈরি হচ্ছে। একটি টায়ার নবীকরণ প্ল্যান্টও তৈয়ারি করা হচ্ছে। উন্নতধরনের রক্ষণাবেক্ষণের জন্য ২টি নূতন চেসিস সেড তৈরি করা হচ্ছে। আগামী আর্থিক বছরে ৪৫ লক্ষ টাকায় ২০টি নূতন বাস সংগ্রহ করার প্রস্তাব আছে।

৮। বিধিবদ্ধ আইনগুলির মধ্যে একটি নূতন আইন যথা, পশ্চিমবঙ্গ (মোটরযান অধি-গ্রহণ) আইন, ১৯৭৯, সংযোজন করা হয়েছে যার বলে আপৎকালীন সময়ে সরকার মোটর-যান অধিগ্রহণ করতে সক্ষম হবেন। যাত্রী পরিবহন ব্যবস্থার দ্রুত সম্প্রসারণের জন্য ও যাত্রীবাহী বাসের পারমিট দান পদ্ধতি সুনির্দিষ্ট করার জন্য মোটরযান (পশ্চিমবঙ্গ দ্বিতীয় সংশোধন) বিধেয়ক গৃহীত হয়েছে। পূর্বতন সংশোধনগুলিকে আরও উদ্দেশ্যমূলক করার জন্যে এই বছর এই সভাগৃহে মোটরযান বিধেয়কের আরও কতকগুলি সংশোধন প্রস্তাব আনার কথা আছে। মোটরযান কর আরোপণ ও আদায়ের পদ্ধতি আরও ঋজু করার জন্য বঙ্গীয় মোটরযান কর, ১৯৩২-এর বদলে পশ্চিমবঙ্গ মোটরযান কর আইন, ১৯৭৯, বিধিবদ্ধ করা হয়েছে। অন্য রাজ্যের মোটরযান করদাতারা যে সুবিধা ভোগ ক'রে থাকেন এই রাজ্যের করদাতাদের অনুরূপ সুবিধা দেওয়ার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ মোটরযান কর (সংশোধন) আইন, ১৯৭৯তে বিধিবদ্ধ করা হয়েছে যে ট্যাক্স টোকেন নবীকরণ করার জন্য করদাতারা ১৫

দিন অতিরিক্ত সময় পাবেন। জাতীয় পারমিট প্রকল্পে ও আঞ্চলিক পারমিট প্রকল্পে, করদানে বিলম্বের জন্য অনুমোদিত হারে জরিমানা আদায়ের যে প্রতিশ্রুতি এই রাজ্য সরকার দিয়েছেন, সেই প্রতিশ্রুতি পালনে সক্ষম হওয়ার জন্য বিধানসভার বর্তমান অধিবেশনে পশ্চিম-বঙ্গ মোটরযান কর আইন, ১৯৭৯-এর একটি সংশোধনী প্রস্তাব আনা হবে। আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ ও রাজ্য পরিবহন কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপীলের শুনানীর জন্য লবণহ্রদস্থিত পূর্ত ভবনে বিগত ১লা নভেম্বর, ১৯৭৯ থেকে রাজ্য পরিবহন আপীল ট্রাইবুনাল কাজ শুরু করেছেন।

৯। মৃতপ্রায় অন্তর্দেশীয় জলপথ পরিবহন ব্যবস্থা উজ্জীবিত করার উদ্দেশ্যে সরকার বিশেষভাবে দৃষ্টি দিচ্ছেন। হাওড়া-কলিকাতা ফেরী সার্ভিস চালু করার বিষয়ে প্রভূত উন্নতি পরিলক্ষিত হয়েছে। আশা করা যায় এই সার্ভিস শীঘ্র চালু হবে। সুন্দরবন অঞ্চলে অনেক গুলি জেটি নির্মাণের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। ফরাক্কা থেকে হলদিয়া পর্যন্ত জলপথকে "জাতীয় জলপথ" বলে ঘোষণা করার বিষয়টি ভারত সরকারের বিবেচনাধীন আছে।

১০। ১৯৬৩ সালে নিষ্প্রাণ অবস্থায় বেহালার ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউটকে তৎকালীন বেঙ্গল ফ্লাইং ক্লাবের কাছ থেকে অধিগ্রহণ ক'রে স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের নিয়ন্ত্রণাধীনে আনা হয়েছিল। আপনারা ভালভাবেই জানেন যে, এই রাজ্যের তরুণ-তরুণীরা অন্যান্য রাজ্যের তরুণ-তরুণীদের মত প্রশিক্ষালাভের সুযোগ সুবিধা পাচ্ছেন না। সীমিত আয়ের পরিবারভুক্ত তরুণ-তরুণীরা যাতে প্রশিক্ষালাভের সুযোগ-সুবিধা পেতে পারেন এবং বিমান-চালক বা বিমান-চালিকা হিসাবে নিজেদের কর্মজীবন গড়ে তুলতে পারেন সেজন্য একটি বৃত্তিদান কর্মপ্রকল্প রচনা করা হয়েছে। ১৯৮০-৮১ সালের আর্থিক বছরে মোট ২৬ লক্ষ টাকা ব্যয়ে একটি প্রশিক্ষণ বিমান এবং ৭ একর জমি কেনার প্রস্তাব আছে।

১১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপরোক্ত বক্তব্যে আমি সংক্ষেপে আমার বিভাগের কাজ-কর্মের বিবরণ ও ভবিষ্যত দৃষ্টিভঙ্গীর কথা বলেছি। আমি সর্বদাই মনে রেখেছি যে, আমাদের বর্তমান পরিবহন ব্যবস্থা অত্যন্ত জটিল। আমাদের সকল চেষ্টা সত্ত্বেও পরিবহন চাহিদা এবং আমাদের বর্তমান পরিবহন ব্যবস্থার মধ্যে এখনও একটা বড় রকমের ফারাক থেকে যাচ্ছে। আমাদের দৃঢ় বিশ্বাস যে, জনগণের সহযোগিতা ও সমর্থন পেলে আমরা অবস্থার উন্নতি ঘটাতে পারব। আমি আশা করব যে মাননীয় সদস্যরা আলোচনায় অংশ গ্রহণ করবার সময় এমন সাজেশান দেবেন যেটা পরিবহনকে উন্নত করবার জন্যে সহায়ক হবে। মহাশয়, এই ব'লে আমি ৭১ নং দাবির অধীনে এই ব্যয়বরাদ্দ মঞ্জুর করার জন্য সভাকে অনুরোধ জানাচ্ছি।

**Mr. Speaker :** All the cut motions are in order.

## Demand No. 12

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরকারের চিফ হুইপ এই বিষয়ের উপর যে বেশি গুরুত্ব দিচ্ছেন না সেটা এই ২।। ঘন্টা সময় নির্দ্ধারণ করা দেখে বুঝতে পারছি। স্টেট ট্রান্সপোর্ট আজকে পশ্চিমবাংলায় বিশেষ করে কলকাতায় এবং শহরতলী এলাকায় সর্বাপেক্ষা বৃহৎ সমস্যা। মন্ত্রী মহাশয় বললেন যে আমাদের এই বিষয়ে আলোচনা করে সাজেশান রাখতে, কিন্তু আগাগোড়া পরিস্থিতির পর্যালোচনা যদি না করা যায় তা হলে আমরা কিছু সাজেশান দিতে পারি? আমার সামনে রেখেছেন ২০ মিনিট সময়, এই ২০ মিনিট সময়ে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট ট্রাম, বাস, মিনিবাস, ইন্টারন্যাল ওয়াটারওয়েজ সমস্ত কিছু বলা সম্ভব নয়। যাই হোক, আমিন সাহেব খুব ভাল লোক, সৎ লোক, কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে গুটি গুটি মিনিস্টার ইজ গুড ফর নাথিং এই তাঁর সম্বন্ধে ধারণা জন্মেছে। ট্রাম, বাস কিছুরই উন্নতি হচ্ছে না, বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছেন। বামফ্রন্ট সরকারের যতটা ব্যর্থতার দিক আছে সব থেকে বড় ব্যর্থতা এই পরিবহন ব্যবস্থায়। এগ্রিকালচার মিনিস্টার, কো-অপারেটিভ মিনিস্টারের পক্ষে টাকা খরচ করলে সঙ্গে সঙ্গে কিছু করা সম্ভব নয়। কিন্তু ট্রান্সপোর্ট মিনিস্টার টাকা খরচ করলে কিছু করতে পারেন। ৩০ বছর ধরে দেখেছিলাম আগেকার সরকার নীতি নিয়েছিলেন যে, বাস রুট ন্যাশানালাইজ করা হবে, প্রাইভেট বাস তুলে দেওয়া হবে। সেখানে অনেকে সন্দেহ প্রকাশ করেছিলেন, কিন্তু আজকে দেখছি তার থেকে ব্যাক করে বাস রুটকে ন্যাশানালাইজ না করে প্রাইভেট ওনারকে দিয়ে দিচ্ছেন। এটা যদি অন্য কোন গভর্নমেন্ট করত তা হলে সমালোচনার ঝড় বইতো। বামফ্রন্ট সরকার গরিবের বন্ধু তাঁরা বড় লোকদের পক্ষে নয় — ন্যাশানালইজেশানের পক্ষে, ব্যক্তিগত মালিকানার পক্ষে নয়, কিন্তু আমরা দেখতে পাচ্ছি তাঁরা ন্যাশানালাইজেশান না করে প্রাইভেট বাস রুটের দিকে চলে যাচ্ছেন। কেন ন্যাশানালাইজেশান করতে পারছেন না? আমরা আগে দেখতাম — এই সমস্ত ট্রান্সপোর্টে অসুবিধা ছিল, ইউনিয়নের লোকেরা সব থেকে বেশি পলিটিক্স-এ যতটা ব্যস্ত থাকতো কাজে ততটা নয়। আমরা ভেবেছিলাম বামফ্রন্ট সরকার এসে এই কর্মীদের তাঁরা উদ্বুদ্ধ করবার চেষ্টা করবেন তাঁদের কর্তব্য পালনে, কিন্তু আমরা দেখছি উল্টো হয়ে গেছে। সৎ কর্মী যাঁরা তাঁরা প্রমোশন পাচ্ছেন না, অসৎ কর্মী যারা আছেন তাঁদের সমর্থন করছেন। আমরা দেখেছি একখানা বাসের মালিক যিনি তিনি পাকা বাড়ি করছেন, আর স্টেট ট্রান্সপোর্টের লস্ হচ্ছে। কেন লস্ হচ্ছে এটা সমীক্ষা করার দিন এসেছে। আপনি বলেছেন সাজেশন দিতে, আমি আপনার সঙ্গে একমত বাসের উন্নতি করা দরকার, কিন্তু তিনি কি একদিনও বিরোধী দলের সঙ্গে এই ব্যাপারে আলোচনায় বসেছেন? তিনি ২ ঘন্টার জন্যও আমাদের সঙ্গে আলোচনায় বসেন নি। আজকে তাঁর ব্যর্থতার সম্বন্ধে বলতে গিয়ে অনেক কিছু বলতে হয়। আমি মোটামুটি ১৯৭৭ সাল, ১৯৭৮ সালকে বাদ দিচ্ছি, ১৯৭৯ সালের কাগজে যেগুলি বেরিয়েছে, তাঁর নিজের কাগজ সত্যযুগ, যুগান্তর ইত্যাদিতে সেগুলি পড়ছি। ১১/৭/৭৭ তারিখে সত্যযুগে বেরিয়েছে ৫৮ হাজার টাকার অর্ডার,

পেমেন্ট ৯২ হাজার টাকা। ২০/৭/৭৭ তারিখে যুগান্তর পত্রিকায় বেরিয়েছে — বেলঘোরিয়ার ডিপোতে পুরো অরাজকতা, মন্ত্রী মহাশয় অবাক। ২৩/৭/৭৭ তারিখে সত্যযুগে বেরিয়েছে পরিবহনের হাল দেখে খোদ মন্ত্রীর চক্ষু চড়কগাছ। ১২/৮/৭৭ তারিখে যুগান্তরে বেরিয়েছে — কাজের সময়ে পাত্তা নেই। ১১/৯/৭৭ তারিখে সত্যযুগে বেরিয়েছে — রাষ্ট্রীয় পরিবহনের ২০ লাখ টাকার সরঞ্জাম পুরো অকেজো। ২৫/১১/৭৭ তারিখে যুগান্তরে বেরিয়েছে—ফৌজী অফিসার বাড়ছে বাসের সংখ্যা কমছে। ৬/২/৭৯ তারিখে আনন্দবাজারে বেরিয়েছে—দরকার নূতন দৃষ্টিভঙ্গীর। ১২/২/৭৯ তারিখে যুগান্তর পত্রিকায় বেরিয়েছে—ফৌজী মেজাজে স্টেট বাসের নাভিশ্বাস।

[2-10 - 2-20 P.M.]

২৭.২.৭৯ তারিখে 'সত্যযুগ' কাগজে বেরিয়েছে, 'রাষ্ট্রীয় পরিবহনের ডিপোগুলো দুর্নীতির ডিপো'। ১৯.৬.৭৯ তারিখ 'যুগান্তর' কাগজে বেরিয়েছে, 'ব্যয় বাড়ছে আয় কম — মন্ত্রী মহাশয়ের সব স্লোগান'। ৭.১১.৭৯ তারিখে 'যুগান্তর' কাগজে বেরিয়েছে, 'এত ফন্দি ফিকির তবু সেই দুর্ভোগ'। ৮.১১.৭৯ তারিখ 'যুগান্তর' কাগজে বেরিয়েছে, 'কেঁচো খুড়তে কেউটে'। ২৯.২.৮০ তারিখ 'সত্যযুগ' কাগজে বেরিয়েছে, 'লোকসানে চামপিয়ান স্টেট বাস — সেই একই ডায়ালগ, দাদা, কতক্ষণ দাঁড়িয়ে'? আজকের খবরের কাগজে বেরিয়েছে, 'সরকারি বাস -এর নূতন টায়ার যায় কোথায়'? স্যার, একবার দেখুন কি গুরুতর অভিযোগ। তাহলে স্টেট বাস-এর কাজ আপনি কি করতে পেরেছেন? এবারে আপনারা রিকুইজিশন ব্যাপারটা দেখুন। কোন গাড়িতে কি মাল রিকুইজিশন করা হয়েছে এবং কি মাল সাপ্লাই করা হয়েছে সেটা আমি পড়ে শোনাচ্ছি।

| **Requsition No.** | **Bus No.** | **Requisitioned article** | **Supply** | **Value** |
|---|---|---|---|---|
| 1248 | 1954 | Reconditioned Dynamo | New Dynamo | Rs.1800/- A532 |
| As per verbal order of S. K. | | | | |
| 1119 | 2049 | Nut Bolt | Fan Belt | |
| 1272 | 3109 | Booster Hose Rs.2/- | Spring Bolt | Rs.19/- |
| 3468 | 1253 | Cottar pin -10 p | King pin | Rs.350/- |
| 6194 | From Shop | King pin Repair Cottar pin Rs. 350.10 | King pin | Rs.700/- |
| Job No.R542 | Blacksmith sec | Spring Bush 6/-X4 | Gear pinion 50/-X4 Bush | =200/- |

আমার বক্তব্য হচ্ছে ব্যানার্জী কমিশন যে রিপোর্ট দিয়েছেন সে সম্পর্কে আপনারা কিছু করছেন না। তবে শুধু আপনারাই নন, যাঁরা এটা করেছিল তাঁরাও কিছু করেন নি। আমরা দেখছি যে সমস্ত দুর্নীতি পরায়ন অফিসার রয়েছে তাদের প্রোমোশন হয়ে যাচ্ছে। আপনারা এই বাস-এর ব্যাপারে কি করেছেন? ডিপোগুলো এই যে দুর্নীতির আখড়া হয়েছে তারজন্য আপনারা কি ব্যবস্থা করেছেন? আপনি বলবেন, আপনারা কি আবার প্রাইভেট বাস-এর দিকে ফিরে যাচ্ছেন? আপনারা কি স্টেট বাস তুলে দিচ্ছেন? আমি জানতে চাই এই যে বছরের পর বছর আমরা টাকা দিচ্ছি এই টাকা কোথায় যাচ্ছে? আর একটা কথা সত্য কিনা আমি জানি না, তবে 'বাংলাদেশ' পত্রিকায় একটা খবর দেখলাম আপনি, চিফ মিনিস্টার এবং ফাইনান্স মিনিস্টার এক সঙ্গে বসে ঠিক করেছেন বাস-এ ৫ পয়সা ভাড়া বাড়াবেন। আমরা জানি ১ পয়সা ভাড়া বাড়াবার জন্য এই কলকাতায় অনেক বাস, ট্রাম একসময় পুড়েছিল। আজকে কলকাতা শহরের অবস্থা এমন হয়েছে যে, একজন লোক বাড়ি থেকে বেরুবার পর যতক্ষণ পর্যন্ত না সে আবার ঘরে ফিরছে ততক্ষণ পর্যন্ত মানুষের চিন্তার অবধি থাকে না। আপনি আজকাল ট্রামে, বাস-এ চড়েন না, কিন্তু আমরা চড়ি তাই সমস্ত অবস্থাটা জানি।

বাস্তব অবস্থাটা আমরা কি দেখছি? আমি জানি না এটা সত্য কথা কিনা যে আপনাদের আমলে চালু হয়েছে যে যত যাত্রী নিয়ে যেতে পারবে তেমন তেমন কমিশন পাবে। তাই যদি হয় তাহলে ওভার লোডিং হতে বাধ্য। ওভার লোডিংকে আপনারা এনকারেজ করছেন। আজকে যে অ্যাকসিডেনট হল করিমপুরের কাছে, এরজন্য সকলেই দুঃখিত, কিন্তু সেখানে এত লোককে চড়ান হয়েছিল যদি কমিশন বসান যায় তা হলে সব কিছু বেরবে। স্টেট বাসেই যদি এইরকম হয় তাহলে প্রাইভেট বাসের ব্যাপারে পুলিশ দিয়ে আপনি কি করে বন্ধ করবেন? আপনার নিজের গাড়িতেই লোক ভর্তি হচ্ছে। আগে স্পেশ্যাল বাসে ঠিক হয়েছিল লোকে দাঁড়াবে না, আজকে স্পেশ্যাল বাসেও লোক দাঁড়িয়ে যাচ্ছে, মিনি বাসেও মাথা নিচু করে লোক যাচ্ছে, সেখানেও কোন ব্যবস্থা নিচ্ছেন না। কেন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আজকে দিল্লির মত করুন, সেখানে প্রাইভেট বাস নিয়ে তারা চালাচ্ছেন, আমি এর আগে বলেছিলাম তখন আপনারা হেসে উড়িয়ে দিয়েছিলেন সেখানে ডি.টি.সি. লাভ করছে তাহলে কি তারা ভুল করছে? আজকে আপনার নিজের বাসের জন্য যে টাকা খরচ হচ্ছে সেটা আপনি চিন্তা করে দেখুন আজকে ডিপোতে বাইরে থেকে লোক নিয়ে আসছেন। ডিপো সম্বন্ধে যাদের অভিজ্ঞতা আছে তাদের নেওয়া হচ্ছে না। আজকে সব থেকে বড় কথা পুলিশ অফিসারকে নিয়ে সি. এস. টি. সি.-র মাথায় বসালে যা কখনও এর আগে হয় নি, আমি বলি ইঞ্জিনিয়ারকে বসান যে নো হাউ জানে, যেভাবে আপনারা আজকে প্রশাসন চালাচ্ছেন তাতে বাসের উন্নতি হতে পারে না। আমি পরিষ্কার ভাবে আপনার কাছে জানতে চাই আপনি সাধারণ মানুষকে স্বচ্ছন্দে যাতায়াত করতে দেবেন কি না। আজকে তারা মানুষের মত চলতে পারবে কিনা, চেসিস পাওয়া যাচ্ছে না আপনিই বলেছেন, সারা ভারতবর্ষের সকল প্রদেশ যদি পায় আমরা কেন পাচ্ছি না। দ্বিতীয় কথা আজকে সত্যযুগে যেটা বেরিয়েছে টায়ার চলে যাচ্ছে আর এদিকে আমরা দেখছি অনবরত টায়ার বার্স্ট করে যাচ্ছে। আপনারা নূতন টায়ার দিচ্ছেন না, এক্সপিরিয়েন্সড লোক আপনারা আনছেন না। কলকাতা শহরে যে

প্রাইভেট বাস চলছিল তার জন্য আপনি ডিজেল যোগাড় করে দিতে পারছেন না এ ব্যবসাটা সরকারের। লক্ষ লক্ষ লোক কয়েক ঘন্টার মধ্যে শিয়ালদহ হাওড়ায় নামছে তারা বাসের অভাবে সময় মত অফিসে আসতে পারছে না তাদের অফিসে লালকালি পড়ছে আপনি তার ব্যবস্থা করতে পারছেন না, এটা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যদিও আমীন সাহেব অত্যন্ত ভাল লোক তাহলেও আমি বলতে বাধ্য হচ্ছি যে তিনি সম্পূর্ণভাবে ব্যর্থ, আমার মনে হয় তাঁর পদত্যাগ করা উচিত। দ্বিতীয় কথা নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের ভার দিয়েছেন স্টেট মিনিস্টারের উপর। আজকে তিনি চুরিকে সমর্থন করছেন চোরকে সমর্থন করছেন। যে চোর তাকেই প্রমোশন দিচ্ছেন। আজকে আমি একটা ঘটনার কথা বলি, আমার বাড়ি যেখানে সেই গ্রামে একটা স্টেট বাস স্ট্যান্ড আছে সেখানে একদিন বাস এসে দাঁড়াল, ৪০ জন লোক বিনা টিকিটে নামল। গ্রামের ছেলেরা জিজ্ঞাসা করল যে এদের টিকিট নাই কেন? স্টেট বাসের টাকা খরচ করে স্ট্যান্ড করা হয়েছে কিন্তু আশ্চর্যের বিষয় তার পর দিন থেকে ঐ বাস স্ট্যান্ডে আর গাড়ি দাঁড়ায় না, প্রায় ২ বছর হল এখন গ্রামের বাইরে বাস দাঁড়ায়।

[2-20 – 2-30 P.M.]

মন্ত্রীকে তিনখানা চিঠি দিয়েছি। দলবাজিকে সমর্থন করে উনি সাধারণ লোককে ভোগাচ্ছেন। উনি এখন মিচকি হাসছেন। চুরি করলে সেই লোক প্রোমোশন পায়। আর অন্য দলের লোক তাকে ট্রান্সফার করা হয়। আজকে সেখানে গ্রামের লোককে সাহায্য করা উচিত ছিল। তার ফল কি হল? গ্রামের লোকেরা ভুগছে। দু বছর হল, মন্ত্রী এটা দেখতে পারেন নি। উনি আমাকে বললেন, অফিসারকে বলুন। মন্ত্রীকে বলেছি, আবার অফিসারকে বলতে যাব কেন? কি যুক্তি আছে, ওখানে বাস না যাওয়ার, কি অপরাধ হয়েছে? কন্ট্রাকটর চুরি করল, আর জনসাধারণের অপরাধ হয়ে গেল? আজকে সেই কথা ভাবতে হবে, এই কথা আমরা বলছি। একটা ডিপোতে একজন সৎ অফিসার বদলি হয়ে গেল। এমন ইউনিয়নের ব্যবস্থা যে বিক্রির টাকা অনেক কমিয়ে দিল। যে লোক ট্রান্সফার হয়ে গিয়েছিল সেই লোক মন্ত্রীর পেয়ারের লোক, তাকে আবার সেই জায়গায় তাই ফিরিয়ে নিয়ে যাওয়া হল। আজকে আমার বক্তব্য হচ্ছে, আপনি শুধু কলকাতা দেখবেন, আর উত্তরবঙ্গটা দেখার জন্য জমিদারিটা ওকে দিয়ে দেবেন না। উত্তরবঙ্গটাও দেখুন, সেখানে অনেক অসুবিধা আছে। উত্তরবঙ্গকে ট্রান্সপোর্টের ব্যাপারে বলা হত গোল্ড মাইন। একটা কথা বলতে চাই, কুচবিহারের রাজার যখন ট্রান্সপোর্ট ছিল, তখন হেড কোয়ার্টারস ছিল ওখানে। তখন ওই ট্রান্সপোর্ট কুচবিহারে সীমাবদ্ধ ছিল। আজকে সেটা কুচবিহার, শিলিগুড়ি, রায়গঞ্জ, মালদহ, কলকাতা পর্যন্ত বিস্তৃত হয়েছে। আজকে রায়গঞ্জে করলে মধ্যস্থলে হয়। আপনি শিলিগুড়িও করতে পারেন। কিন্তু কেন্দ্রস্থলে করলে ভাল হয়, তাহলে কন্ট্রোল রাখা যায় অ্যাডমিনিস্ট্রেটিভ দিক থেকে। কুচবিহারে যখন হেডকোয়ার্টারস হয়েছিল তখন অন্য পরিস্থিতিতে হয়েছিল। কিন্তু আজকে মধ্যস্থলে আনতে হবে। আপনি নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টকে যদি চাঙ্গা করতে না পারেন, তো দিয়ে দিন। কিন্তু বছরের পর বছর এত টাকা লস করছেন কেন? আজকে বাসের সুবিধা বাড়ল না। বহরমপুরে মেয়েদের জন্য একটা বাথরুম পর্যন্ত নেই, মালদহেও নেই। আজকে আড়াই বছরেও এইটা করতে পারলেন না। আর একটা কথা ট্রামের কথা। ট্রামের কথা কি আর

বলব? আপনি বলেছেন, ট্রামের সংখ্যা বেড়েছে। কিন্তু আগে দেখতাম ট্রাম আসত। এখন দেখি বহুক্ষণে ট্রাম আসে না। আর ট্যাক্সির কথা বলি, আজকেও কেস করে এলাম। ১০ খানা ট্যাক্সি চলে গেল — বলল, যাব না, বাড়ি যাচ্ছি, দক্ষিণে চলুন, উত্তরে যাব না। এই রকম অবস্থা বন্ধ করতে পারেন না? এম. এল. এ-র পরিচয় গোপন রেখে দু টাকা বেশি দিয়ে হাওড়া যেতে হয়। এম. এল. এ. বলতে লজ্জা লাগে। এইসব জায়গায় ব্যবস্থা নিতে পারেন না? বেশি ট্যাক্সি দিতে তো পয়সা লাগে না। কেন বাড়াচ্ছেন না? দ্বিতীয়ত, আর. টি. এ.-র দুর্নীতির কথা, এক দলের দুর্নীতির কথা ৩০ বছর ধরে বলে এসেছেন। আপনারা কি করছেন? কংগ্রেস আমলে টাকা নিয়ে অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট দেওয়া হয়েছে। আপনাদের আমলে দেখতে পাচ্ছি, তার থেকেও বেশি টাকা পয়সা চলছে। আমি জানি না, মন্ত্রীর মাধ্যমে হচ্ছে কি না। কিন্তু ট্যাক্সির পারমিট দিন। এতে তো পয়সা লাগছে না। রাত আটটার পরে ট্যাক্সি যেতে চায় না। রাত্রে যাতে বেশি পয়সা নিয়েও যায় তার ব্যবস্থা করুন। কিন্তু একটা রোগী পর্যন্ত নিয়ে যাবে না — এইটা কি রকম কথা?

তারপরে ইন্টারনাল ওয়াটার ট্রান্সপোর্ট সম্বন্ধে আমি আপনাকে দু চার কথা বলতে চাই। আপনারা বলছেন দুর্নীতির কথা অনেক বলে যাচ্ছি, সময় কম, সব বলতে তাই পারছি না। আগেকার দিনে ৭০০ টাকা ব্যয় করতেন যখন ১৯৫০-১৯৬৮ পর্যন্ত ২২টি ভ্যাসেল ছিল। এখন সেটা অনেক টাকা বেড়ে গেছে। আজকে আমার বক্তব্য হচ্ছে আপনি ছোট করে দেখান, ডিটেইলস কিছু বলেন না, ১০ লাইনে লিখে শেষ করে দেন। ফ্লাডের সময় স্টোর-কিপার রিপোর্ট দিলেন ১ লক্ষ টাকা ক্ষতি হয়েছে, আপনি বলছেন ৩ লক্ষ টাকা, এটা যুগান্তরে বেরিয়েছে ২০শে অক্টোবর ১৯৭৮ সালে, কার কথা ঠিক, স্টোর-কিপারের কথা ঠিক না কি আপনার কথা ঠিক? আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি — এখানে সি. পি. টিক উড বলে যেটা কেনা হয়েছে তার বাজার দাম হচ্ছে ১৩৫ টাকা, অথচ সেটা কেনা হয়েছে ৩৬৫ টাকা দরে, এটা মন্ত্রী মহাশয় জানেন, তাও কেনা হয়েছে। ইট ২৬০০ টাকা দরে কেনা হয়েছে, বাজার দাম ১৬০০ টাকা। আপনারা কতকগুলি লোককে পাইয়ে দেবার রাজনীতি করছেন। আমি আপনাকে বলছি যে দরকার হলে আমি লিখিতভাবেও আপনার কাছে অভিযোগ দিতে পারি। আপনি দলবাজি না করে কি করে এর উন্নতি করা যায় তার চেষ্টা করুন, এবং তা যদি করেন, আপনার সঙ্গে আমরাও আছি। কিন্তু দুঃখের সঙ্গে বলছি যে আপনি যে পন্থায় এগুচ্ছেন, তাতে আপনি তা চাচ্ছেন না বলে মনে হচ্ছে। এখানে এক সময়ে যাঁরা কাজ করতেন শ্রী জে এন তালুকদার, তাঁদের নিয়ে বসুন, বসে কি করে সমাধান করা যায় সেটা দেখুন। এই বলে বাজেটকে সমর্থন না করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নবকুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বাজেট ব্যয় বরাদ্দে আমাদের সম্মতি চাইছেন। আমি এ সম্বন্ধে বলতে গিয়ে প্রথমেই বলতে চাই যে তিনি যে দলের, সেই দলই কিন্তু তাঁর এতে সম্মতি দেন নি। ট্রান্সপোর্ট এমন অবস্থায় যে পশ্চিমবঙ্গে তাঁর দলের যে প্রধান তিনি এই অব্যবস্থার সমালোচনা করেছেন এমন কি মুখ্যমন্ত্রী মহাশয়ও সমালোচনা করেছেন। কলকাতার ট্রাম এবং বাসে যে অবস্থা তাতে আমি আবেদন করি যে এই বাস উঠিয়ে দিয়ে তিনি কলকাতায় ঠেলাগাড়ির ব্যবস্থা করুন, তাহলে ঝামেলা থাকে না।

কলকাতাবাসীকে বলে দেওয়া হোক যে তোমরা গ্রামে গিয়ে বাস কর, কলকাতায় বাস করতে হবে না।

**(সরকারি দলের জনৈক সদস্য : গরুর গাড়ি করলে সুবিধা হয়)** না, আমি ঠেলাগাড়ির কথা বলছি। আমি বাজেট সম্বন্ধে কিছু আলোচনা করতে চাই। আমাদের মাননীয় মন্ত্রীর বক্তব্য আমি শুনেছি। ক্যালকাটা ট্রামওয়েজ-এর ম্যানেজমেন্ট টেকওভার করা হয়েছিল ১৯৬৭ সালে, আর ক্যালকাটা ট্রামওয়েজ কোনও-এর যে একুইজিশন অব আন্ডারটেকিং অ্যাক্ট ১৯৭৬ তাতে যে কন্ডিশন ছিল, তাতে সেই অ্যাক্ট থেকে কিছুটা পড়ে দিচ্ছি।

The State Govt. shall deposit in cash, in the court of the Chief Judge of the City Civil Court, Calcutta, to the credit of the company, an amount equal to the sum of Rs. 2 Crore 18 Lakhs for the transfer of, and vesting in the State Govt. u/s 3 of the undertaking of the company.

For the avoidance of doubts, it is here by declared that the liabilities of the company in relation to its undertaking which has vested in the State Government under section 3, shall be met from the amount referred to in sub-section (1).

In meeting the liabilities of the company in relation to its undertaking which has vested in the State Government under section 3, the Court shall distribute the amount referred to in sub-section (1) amongst the creditor of the company, whether secured or unsecured, in accordance with their rights and interests, and if there is any surplus left after such distribution, amongst the contributories of the company in accordance with the rights and interests of such contributories.

[2-30 – 2-40 P.M.]

তার মানে এগ্রিমেন্ট হয়ে গেল যে কোম্পানি ১৯৬৭ সালে যেটা টেকওভার অব ম্যানেজমেন্ট হল এবং মূল কোম্পানী যখন অ্যাকুইজিশন অব আন্ডারটেকিং ১৯৭৬ সালে হল তখন কোম্পানীর যে লায়াবিলিটিস ছিল সেটা ডিডাক্ট হয়ে যাবে এবং বাকি টাকাটা সিটি সিভিল কোর্টে জমা থাকবে এবং সেখানে শেয়ার হোল্ডাররা ডিমান্ড প্রেস করে টাকা তুলে নেবেন। সেখানে যেটা লায়াবিলিটিস ছিল ৮৯ লক্ষ টাকা সেটা ডিডাক্ট হয়ে গেল। কিন্তু স্যার, এই বামফ্রন্ট সরকার আসার পর হঠাৎ এই অ্যাক্টের পরিবর্তনের চিন্তা ধারা করলেন। কি করলেন এই বামফ্রন্ট সরকার আসার পর? এঁদের একজন প্রভাবশালী ব্যক্তি লন্ডনে গিয়ে কোম্পানীর নেতাদের সঙ্গে আলোচনা করলেন। সেখানে তাঁদের মধ্যে কি গোপন আলোচনা হল বুঝতে পারলাম না। তারপর দেখা গেল আমাদের বর্তমানে সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু মহাশয়, তিনি আবার লন্ডন গেলেন এবং সেখানে গিয়ে সেই কোম্পানীর তদানিন্তন ডাইরেক্টার আজও তিনি ডাইরেক্টার আছেন, মিঃ পারসিভাল গ্রিফিথের সঙ্গে

আলোচনা করলেন। আলোচনা করার পর এই কোম্পানীর সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের, এই কোম্পানীর সঙ্গে দিল্লির সরকারের কি আলোচনা হল তা একটু এখানে পড়ে দিতে চাই। মিঃ পারসিভাল গ্রিফিথ জ্যোতি বাবুকে লিখছেন, ৫ই এপ্রিল, ১৯৭৮ তারিখে, তিনি লিখছেন।

**Dear Chief Minister,**

I write with reference to your letter of 7th October, 1977 regarding the affairs of the Calcutta Tramways Company. In that letter you were good enough to tell me that the matter was under discussion with the Government of India and that the purpose of the present letter is to ask if these discussions have now progressed to the stage where payment can be made.

তাঁর মানে ৮৯ লক্ষ টাকা যেটা ডিডাক্ট মানি যার সম্বন্ধে অ্যাক্ট হয়েছিল সেটার ব্যাপারে আবার আলোচনা হয়েছিল।

তখন জ্যোতি বসু মহাশয় তার উত্তরে বলছেন।

**My Dear Sir Griffiths :**

Kindly refer to your letter dated 5th April, 1978 regarding acquisition of the undertaking of the Calcutta Tramways Co. Ltd.

The matter was under reference to the Government of India. We have recently received their views and are having the matter processed at this end as quickly as possible.

I shall again write to you later.

এরপর মিঃ পারসিভাল গ্রিফিথ লিখছেন জ্যোতি বাবুকে, সেটা হল ১৯শে সেপ্টেম্বর, ১৯৭৮ তারিখে।

**Dear Chief Minister,**

I hesitate to bother you again about the affairs of the Calcutta Tramways Company, but we have just had on unofficial report which, if correct, would be very disturbing. It was to the effect that it is proposed to deduct from the agreed compensation for the take-over of the Calcutta Tramways Company a sum of Rs. 89 Lakhs on account of the Liabilities of the company on 19th July, 1967.

জ্যোতি বাবু তাঁর লেটার মিঃ পারসিভাল গ্রিফিথকে যেটা লিখেছেন সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে রেফার করেছেন।সেন্ট্রাল গভর্নমেন্টের ফাইনান্স ডিপার্টমেন্ট সেটা পারসিভাল গ্রিফিথকে জানিয়ে দিলেন। ফাইনান্স ডিপার্টমেন্ট মিঃ পারসিভাল গ্রিফিথকে জানিয়েছেন, তাঁরা লিখছেন।

**My Dear Sir Griffiths :**

Please refer to your letter dated the 19th September, 1978 in regard to the deduction of a sum of Rs. 89 Lakhs on account of liabilities of the Calcutta Tramways Company as on 19.7.67 from the compensation payable to the company. I have had the matter looked into. On a similar reference by Mr. B. P. Poddar, এই বি. পি. পোদ্দার সম্বন্ধে আমি পরে আলোচনা করছি যে এই ভদ্রলোককে

One of the share holders, in July, 1978 the matter was examined and he was informed that there was nothing in the agreement between the Government of West Bengal and the Company to shift the liabilities of the company prior to taking over of its management to the State Government and in the absence of any express agreement to the contrary, the encumbrances prior to the taking over of the management continue to be the liabilities of the company and have to be payable from the compensation.

সেন্ট্রাল গভর্নমেন্ট জানিয়ে দিলেন পারসিভাল গ্রিফিথকে, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের সঙ্গে প্রথম যেটা এগ্রিমেন্ট হয়েছে এবং যে অ্যাক্ট রয়েছে সেটা কিভাবে উপেক্ষা করা হয়েছে একবার দেখুন। তারপর মাননীয় জ্যোতি বাবু পারসিভাল গ্রিফিথকে একটি লেটার লিখলেন।

**My Dear Sir Griffiths :**

Kindly refer to your letter dated 19th September, 1978 regarding acquistion of the undertaking of the Calcutta Tramways Co. Ltd. and payment of compensation therefor. We are having the matter examined taking into account all related issues. It is hoped that a decision will be arrived at shortly.

সেন্ট্রাল গভর্নমেন্ট জানিয়ে দিয়েছেন ডিডাকশন মানি লায়াবিলিটি আছে, ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীকে আমরা সেটা দেব না। তারপরেও মাননীয় জ্যোতি বাবু ৮৯ লক্ষ টাকা ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীর পারসিভাল গ্রিফিথকে পাইয়ে দেবার চেষ্টা করছেন। এই টাকা উনি কার জন্য পাইয়ে দেবার চেষ্টা করছেন? এটা কি পশ্চিমবাংলার জনগণের জন্য পাইয়ে দেবার চেষ্টা করছেন? অ্যাক্ট যেটা তৈরি হয়েছে তাতে তো লায়াবিলিটি ডিডাকশন মানি হয়ে গেছে। এই ৮৯ লক্ষ টাকা লায়াবিলিটি ডিডাকশন মানি হয়ে গেছে, সেই ব্যাপারে আমাদের চিফ মিনিস্টার ওকালতি করছেন। মাননীয় স্পিকার মহাশয়, বর্তমান লেফট ফ্রন্ট সরকারের পোদ্দার গ্রুপের প্রতি সফট কর্নার আছে। পোদ্দার গ্রুপস ট্রান্সপোর্ট কোম্পানী মেনটেন করে এবং এই বি. পি. পোদ্দার শেয়ার হোল্ডার। তাদের সঙ্গে এই সব আলোচনা চলছে এবং ৮৯ লক্ষ টাকা পাইয়ে দেবার চেষ্টা করছেন। ট্রান্সপোর্ট মিনিস্টার এই সব ব্যাপারে কিছু জানেন কিনা যেটা এগ্রিমেন্ট হয়ে গেছে অথচ টাকা পাইয়ে দেবার জন্য আপনাদের চিফ মিনিস্টার চেষ্টা করছেন। আপনাদের দলের মধ্যে সব চেয়ে প্রভাবশালী ব্যক্তি

তিনি এই চেষ্টা করছেন। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে থাকলে ভাল হত, ট্রান্সপোর্ট মিনিস্টারের কাছে আমার আবেদন পশ্চিমবাংলার জনসাধারণের স্বার্থে ৮৯ লক্ষ টাকা কিছু প্রাইভেট শেয়ার হোল্ডারকে অ্যাক্ট ভায়োলেট করে পাইয়ে দেবার চেষ্টা করছেন একজন প্রভাবশালী ব্যক্তি? ট্রান্সপোর্ট মিনিস্টার আজকে এখানে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন। কিন্তু কিছু দিন আগে আমরা দেখেছি মোটর ভেহিকেলস ট্যাক্স ইনক্রিজ করা হয়েছে। বেশি টাকা দাবি করা হয়েছে। আমি আপনার রেড বুক-এ সেই ব্যাপারে পড়েছি। সেই রেট বুকে যে হিসাব দিয়েছেন তারই একটা দৃষ্টান্ত তুলে ধরতে চাইছি। তাতে বলছেন বাজেট ফর ১৯৮০/৮১, গ্রস রিসিপ্ট আন্ডার দি ইন্ডিয়ান মোটর ভেহিকেলস অ্যাক্ট কিভাবে ইনক্রিজ হচ্ছে। ১৯৭৬/৭৭ সালে হয়েছে ১ কোটি ৯৪ লক্ষ ১ হাজার টাকা, ১৯৭৭/৭৮ সালে হয়েছে ১ কোটি ৩৩ লক্ষ ৪ হাজার টাকা, তার মানে ইনকাম কমে যাচ্ছে। ১৯৭৮/৭৯ সালে রেট বুকের হিসাবে দেখা যাচ্ছে ট্যাক্স ইনকাম যা হয়েছে সেটা হল ওনলি ৫৯ লক্ষ ৮৬ হাজার টাকা।

[2-40 – 2-50 P.M.]

ওঁরা কংগ্রেস আমলের ট্রান্সপোর্টের কথা বললেন এবং ওনার বাজেট বক্তব্যে উনি বলেছেন যে উনি না কি তার উন্নতি করার চেষ্টা করছেন। ওনাদেরই দেওয়া রেড বুকে দেওয়া আছে কংগ্রেস আমলে কত লোকসান দিয়ে গেছেন। ওনারা ট্যাক্সেশন অ্যাক্ট করে রেট বাড়িয়েছেন। কিন্তু মোট ইনকাম দিন দিন কমেই গেছে। ১৯৭৬-৭৭ সালে ছিল ১,৯৪,০১,০০০ তার পর ১৯৭৭-৭৮ সালে সেটা কমে হল ১,৩৩,০৪,০০০ আবার ১৯৭৮-৭৯ সালে সেটা কমে হল ৫৯,৮৬,০০০। এটা হল গ্রস রিসিট আন্ডার দি ইন্ডিয়ান মোটর ভিহিকেল অ্যাক্ট। আবার গ্রস রিসিটস আন্ডার দি স্টেট মোটর ভিহিকেলস ট্যাক্সেশন অ্যাক্ট ১৯৭৬-৭৭ সালে ১০,৬১,৩২,০০০ ১৯৭৭-৭৮ ১১,৬৫,৯৫,০০০ আর ১৯৭৮-৭৯ সালে ৭,৬৯,২৭,০০০। অর্থাৎ দেখা যাচ্ছে দিন দিন কমে যাচ্ছে। আজকে কলকাতাবাসী বলছেন যে কলকাতায় বাস নামছে না কেন? ক্যালকাটা ট্রান্সপোর্টে মোট ১০০০ বাস। এটা আপনাদের রেড বুকেই আছে। তার মধ্যে ৬০০ বাস হয়তো এক আধ বার নামে বাকি টাইম বসে থাকে ২৭৫টি বাস রুট কন্ট্রোল করে। আর বাকি অন্যান্য বা একটা কি দুটি ট্রিপ দিয়ে বসে থাকে তারা কাজ করতে চায় না। তারপর তো ব্রেক ডাউন তো আছেই। তারপর আবার যারা কো-অর্ডিনেশন কমিটির যারা ড্রাইভার ক্লিনার কন্ট্রাকটার তারা তো কিছুই করে না ব্রেক ডাউন বলে বসে থাকে। তাদের কাছে এক্সপ্ল্যানেশন নেওয়ার ক্ষমতা মিনিস্টারের নাই। কারণ তাঁকে তো একটা দলের হয়ে কাজ করতে হয়। মিঃ স্পিকার স্যার, তার পর আমরা দেখেছি যে এই বর্তমান সরকার আসার পর ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টকে, দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্টকে, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টকে কিভাবে ভরতুকি দেওয়া হয়েছে। আমরা এর আগে এ রকম দেখি নি। আপনাদের তো লজ্জা নাই। যদি লজ্জা থাকত তাহলে আপনারা এখানে মাথা তুলে দাঁড়াতে পারতেন না। আপনারা কিভাবে আগের থেকে ভরতুকি দেওয়া বাড়িয়েছে তার আমি হিসাবে দিচ্ছি। ১৯৭৩-৭৪ সালে যখন কংগ্রেস রাজত্ব ছিল যখন আপনারা ভাবতে পারেন নি পশ্চিমবাংলায় আপনারা ক্ষমতায় আসবেন। আমি ঐ সময় থেকে একটা হিসাব দিচ্ছি। ১৯৭৩-৭৪ সালে ৫ কোটি ৩০ লক্ষ ১৩ হাজার, ১৯৭৪-৭৫ সালে ১৩ কোটি, ৩ লক্ষ

৯১ হাজার ১৯৭৫-৭৬ সালে ১৪ কোটি ৯ লক্ষ ৭১ হাজার, ১৯৭৬-৭৭ সালে ১০ কোটি ৭৪ লক্ষ ২৪ হাজার, ১৯৭৭-৭৮ সালে ১৩ কোটি ৩১ লক্ষ ৮০ হাজার আর ১৯৭৮-৭৯ সালে ১৪ কোটি ১৯ লক্ষ। কংগ্রেস আমলে দেখুন কি ছিল আর আপনাদের আমলে দেখুন কিভাবে বেড়েছে। এই সব কথা বললেন মন্ত্রী মহাশয় হয়তো বলবেন যে কংগ্রেস আমলের জঞ্জাল সাফ করার জন্য এই ভরতুকি বাড়িয়ে দিতে হল। কিন্তু এবারে আপনারা কি বক্তব্য রেখেছেন?

১৯৭৮-৭৯ সালে কত টাকা ভরতুকী দিতে হয়েছে তার হিসাবটা দেখুন, সেটা হচ্ছে ১৪ কোটি ১৯ লক্ষ টাকা। এটা আবার বেড়ে যাচ্ছে। তাহলে আপনি কি মনে করেন যে কংগ্রেসের আমলের এই জঞ্জালকে ভাল করতে পেরেছেন? ট্রান্সপোর্টের যে রেড বুক, সেটা থেকে কি আপনি এই দক্ষতা দেখাতে চাইছেন? আপনারা হিসাব রাখছেন অথচ সদস্যদের বক্তব্য শুনতে চাচ্ছেন না। একদিকে ভরতুকী বাড়ছে, আর একদিকে আবার ইনকাম কমছে। ইনকামের কথা বলছি যে কি ধরনের ইনকাম হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্রান্সপোর্ট মিনিস্টার এখানে ট্যাক্স বাড়িয়ে দিয়েছেন। ট্যাক্স অ্যাক্টটা কি ভাবে পরিচালিত হয় তার একটা নিশ্চয়ই হিসাব আছে। এই ব্যাপারে একটা নিয়ম আছে। ট্রাক লাইসেন্স, আপনার যেকোন একটা প্রোভিন্সের একটা পারমিট নিয়ে সেখানে ট্যাক্স পে করে পশ্চিমবাংলায় চালাতে পারে। আবার পশ্চিমবাংলায় ট্যাক্স পে করে পারমিট নিয়ে উড়িষ্যাতেও চালাতে পারে। পশ্চিমবাংলায় যখন ট্যাক্স বাড়িয়ে দিলেন, উড়িষ্যায় কিন্তু তখন ট্যাক্স বাড়ল না। সেটা কি আপনি লক্ষ্য করেছেন যে আপনি যখন ট্যাক্স বাড়ালেন তার আগে কত ট্রাক এই পশ্চিমবাংলায় চলত এবং এই ট্যাক্স বাড়ানোর ফলে পশ্চিমবাংলায় ট্রাকের সংখ্যা বাড়ছে না কমছে? এটার একটা হিসাব রাখা উচিত ছিল। আজকে দেখা যাচ্ছে যে ৩০ পারসেন্ট ট্রাক কমে গেছে। তারা রুট চেঞ্জ করেছে, পারমিট তারা চেঞ্জ করেছে এবং অতিরিক্ত ট্যাক্স পে করার জন্য পশ্চিমবাংলায় চলছে না। আমরা দেখেছি যে এরা উড়িষ্যার ট্যাক্স কুপন নিয়ে পশ্চিমবাংলায় ভাড়া খাটছে পারমিট পশ্চিমবাংলার আর ট্যাক্স পাবে উড়িষ্যা — এটা হয় না। পারমিট উড়িষ্যার, ট্যাক্স দেবে উড়িষ্যায় কিন্তু চলছে পশ্চিমবাংলায়। একটা ইন্ডিয়ান কন্সটিটিউশান ল আছে, সেটা মেন্টেন করতে হবে। পশ্চিমবাংলায় যে গাড়িটা ট্যাক্স পে করে সেটা কিন্তু উড়িষ্যায় গিয়ে লোকাল ট্রিপ মারতে পারে না আবার উড়িষ্যায় লোকাল ট্যাক্স পে করে পারমিট নিয়ে এখানে এসে লোকাল ট্রিপ মারছে। এই জিনিসটা কি আপনি ভেবেছেন? উড়িষ্যায় যারা ট্যাক্স পে করে, মাদ্রাজে যারা ট্যাক্স পে করে, তারা যে এখানে এসে লোকাল ট্রিপ মারছে সেটা কি আপনি খেয়ালে রেখেছেন? আপনি দেখুন, পশ্চিমবঙ্গের যে কোন গাড়ি, যারা পশ্চিমবাংলায় ট্যাক্স পে করে তারা কিন্তু উড়িষ্যায় গিয়ে লোকাল ট্রিপ দিতে পারে না। ওখানকার পুলিশ তাদের ধরছে, এবং বলছে যে তুমি পশ্চিমবাংলায় ট্যাক্স পে কর, এখানে লোকাল ট্রিপ মারতে পার না। সেদিকে আপনার কোন দৃষ্টি নেই, কোন বিচক্ষণতা নেই। উড়িষ্যার গাড়ি, মাদ্রাজের গাড়ি, বিহারের গাড়ি — এই সমস্ত ট্রাকরা পশ্চিমবঙ্গে লোকাল ট্রিপ মারছে এবং তাতে পশ্চিমবঙ্গের ট্যাক্স কালেকশন কমে যাচ্ছে, সেদিকে আপনাদের দৃষ্টি নেই, সে সম্পর্কে কোন চিন্তা করছেন না, অথচ ভরতুকী দিচ্ছেন্। আপনারা আশাবাদী যে বামফ্রন্ট সরকার জনদরদী সরকার, জনসাধারণের সরকার, আমরা অনেক কিছু উন্নতি করতে পারব। স্যার,

প্রাইভেট বাস সম্পর্কে একটু আলোচনা করতে হয়। স্টেট ট্রান্সপোর্টের অবস্থাটাতো দেখলেন, এবার প্রাইভেট বাসের অবস্থাটা একটু দেখুন। আপনি যতগুলি পারমিট দিয়েছেন তার মধ্যে কতগুলি এই কলকাতার রুটে দৈনন্দিন নামছে তার হিসাব কি রেখেছেন? বিভিন্ন প্রাইভেট বাস কোম্পানীর মালিকদের সঙ্গে আমি ব্যক্তিগত ভাবে আলোচনা করেছি এবং তাদের জিজ্ঞাসা করেছি যে আপনার গাড়ি রয়েছে, রুট রয়েছে, আপনি গাড়ি চালাচ্ছেন না কেন? এদের আপত্তি হচ্ছে দুটো। তারা বলছে যে গাড়ি চালাবো কি করে? গাড়ি চালাবার পরে যে ইনকাম হয় তার একটা পারসেন্ট আমাদের দিতে হয় ড্রাইভারকে, সেকেন্ড দিতে হয় আমাদের কন্ডাক্টর এবং ক্লিনারকে। তারপরে আমাদের ম্যানেজমেন্ট রয়েছে, তারপর আবার কো-অর্ডিনেশন কমিটি রয়েছে তাদের একটা চাঁদা আছে। অর্থাৎ কোন একটা পাবলিক বাস রুটে নামলে তাকে একশত টাকা কো-অর্ডিনেশন কমিটির নেতা, যার নাম আমি পরিষ্কার বলে দিতে পারি, তিনি ট্রান্সপোর্ট মিনিস্টারের একজন হিতাকাঙ্খী ব্যক্তি, তার আপনজন। নামটা যদি আপনারা শুনতে চান আমি বলে দিতে পারি। কিন্তু আপনারা নিশ্চয়ই শুনতে চাইবেন না, যাতে একটা স্ক্যান্ডলিং হয় সেটা আপনারা চাইবেন না। কাজেই আমি আর নামটা বলছি না। তিনি ট্রান্সপোর্ট মিনিস্টারের আপনজন। তিনি কো-অর্ডিনেশন কমিটির নাম দিয়ে প্রতিটি পাবলিক বাসকে বলছেন যে রুটে নামতে গেলে একশত টাকা দিতে হবে।

[2-50 - 3-00 P.M.]

১০০ টাকা করে পার ডে এক একটি প্রাইভেট বাসকে দিতে হবে। তাহলে আমাদের বিচার করতে হবে যে, কো-অর্ডিনেশন কমিটির চামচাদের ঐ টাকা দিয়ে, ড্রাইভার, ক্লিনার, কন্ডাক্টরদের বেতন দিয়ে ম্যানেজমেন্টের খরচ বাদ দিয়ে প্রাইভেট বাস আজকে রাস্তায় নামাতে পারা যায় কি না। কাজেই এইসব দলবাজি যেখানে চলছে সেখানে আপনি কি করে ট্রান্সপোর্ট-এর উন্নতি করবেন? আমরা চাই না আপনারা সরকার থেকে চলে যান। আপনারা বলেন যে, মানুষ আপনাদের চাইছে, আজকে যানবাহনের যে অবস্থা করেছেন তাতে কি মানুষ আর আপনাদের চাইছে? আমরা তো চাই আপনারা ট্রাম বাসের উন্নতি করুন, বাস চালান। আপনারা কংগ্রেস যেসব দুর্নীতিমূলক কাজ করেছে বলে দাবি করেন, সেই সব কাজ না করে ভাল কাজ করুন। আমরা জানি আর. টি. এ. বোর্ডে দুর্নীতি আছে। আপনারা নূতন বোর্ড করেছেন। আর. টি. এ. সম্বন্ধে আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে দার্জিলিং-এ কথা হয়েছিল। তিনি বলেছিলেন কি করে নূতন নূতন বাস বের করব? আর. টি. এ. থেকে লাইসেন্স দেওয়া হচ্ছে, কিন্তু কোর্ট থেকে ইনজাংশন হয়ে যাচ্ছে, রুটে বাস বেরচ্ছে না। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, আপনি নাকি কতগুলি বাস রুটকে ন্যাশানালাইজ করতে যাচ্ছেন? উনি উত্তরে বলেছিলেন, ওটা স্ট্যান্ট দিয়েছি, জনগণ কিভাবে এটাকে নেয় সেটা দেখছিলাম। আমি তাই বলছিলাম স্ট্যান্ট দিয়ে কোনো কাজ হবে না, জনগণের ইচ্ছাকে বাস্তবায়িত করুন। কলকাতায় আর. টি. এ.-র ভূমিকা সম্পর্কে আমি একটা দৃষ্টান্ত দিতে চাই। তারা বহু ভুয়া পারমিট দিয়েছে। তার মধ্যে দুটি ঘটনার কথা আমি এখানে উল্লেখ করছি। এমন এক ব্যক্তির নামে পারমিট ইস্যু করা হয়েছে, যার স্বনামে বেনামে ৬টি বাস আছে এবং একটি বড় গ্যারেজ আছে। আর একটি নামে পারমিট ইস্যু করা হয়েছে, যে নামে এবং যে অ্যাড্রেসে কোন

লোকই নেই। সেটা আমি নিজে খোঁজ নিয়ে দেখেছি। অথচ আজকে আপনারা বেকার সমস্যার কথা বলছেন। তাই আমি বলব যে, যদি সত্যিই বেকার সমস্যার সমাধান করতে হয় তাহলে বেকার যুবকদের সমবায় পদ্ধতিতে আর. টি. এ. থেকে বাসের লাইসেন্স দেওয়া যায় কি না সে বিষয়ে চিন্তা করে দেখুন। দুঃখের বিষয় হচ্ছে তা না করে আপনারা আজকে পোদ্দার গ্রুপের মত আর একটা গ্রুপ করবার চেষ্টা করছেন। বন্যার ব্যাপারে তো আপনারা অনেক কিছুই করেছেন। এখন অন্তত পরিবহন নিয়ে কিছু ভাল কাজ করার চেষ্টা করুন। বর্তমান সরকারের পরিবহন মন্ত্রী রেড বুকে যে তথ্য দিয়েছেন তার সঙ্গে এই বাজেট বিবৃতির কোথাও মিল নেই। সুতরাং তিনি তাঁর এই বিবৃতির মধ্যে অসত্য বক্তব্য রেখেছেন। এই বিবৃতিটি দেখলে মনে হয় যেন এ বিষয়ে আমাদের কোন সমস্যাই নেই, তিনি বহু প্রশংসাসূচক বক্তব্য রেখেছেন। কিন্তু এর দ্বারা পশ্চিমবাংলার জনগণকে ভুল বোঝানো যাবে না। পরিশেষে আমি মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি আমাদের সামনে উপস্থিত করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি । জয় হিন্দ।।

**শ্রী বীরেন বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় পরিবহন মন্ত্রী কর্তৃক প্রস্তাবিত বাজেটকে পূর্ণ সমর্থন করে দু' একটি কথা বলতে চাই। আমার পূর্বে বিরোধী পক্ষের দু'জন বক্তা তাঁদের বক্তব্য রেখেছেন। তাঁরা এখানে 'ধান ভাঙতে শিবের গীত' গেয়ে গেলেন। আমরা জানতাম যে, তাঁরা আমাদের বিরোধিতা করবেন। আমরা এখানে ক্ষমতায় এসেছি ২ বছর কয়েক মাস, এখনো তিন বছর পূর্ণ হয় নি। ইতি মধ্যেই আমরা দেখতে পেয়েছি যে, আমাদের সামনে বহু সমস্যা আছে। আমরা সাধারণ মানুষের স্বার্থে সেই সব সমস্যাগুলি দূর করার চেষ্টা করছি। মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ও তাঁর প্রস্তাবিত বাজেটে সেই দৃষ্টিভঙ্গীর কথা ঘোষণা করেছেন। সেই কারণেই গত বছর পরিবহন খাতে যে পরিমাণ টাকা ধার্য করা হয়েছিল, এ বছর তার দু'গুণ বেশি টাকা এ বছর এই খাতের জন্য প্রস্তাব করা হয়েছে। তিনি তাঁর বাজেট প্রস্তাবনায় কয়েকটি হিসাব এখানে দিয়েছেন। আমি তার আগে বিরোধী পক্ষের দু-একজন বক্তা যা বললেন তার সম্বন্ধে কয়েকটি কথা উলেখ করতে চাই। মাননীয় বীরেন বাবু তিনি কিছু হিসাব দিয়েছেন নাট, বল্টু, টায়ারের ব্যাপারে এবং দুর্নীতির কিছু কথা বলেছেন। তিনি এও বলেছেন পরিবহন মন্ত্রীর পদত্যাগ করা উচিত কারণ তিনি অপদার্থ। আমি তাঁকে স্মরণ করিয়ে দেব যে, ওনারা আড়াই থেকে ৩ বছর কেন্দ্রে ছিলেন এবং এই কয় বছর কেন্দ্রে থাকায় তারা সারা ভারতবর্ষের মানুষের সামনে যে কাজের দৃষ্টান্ত রেখেছিলেন তার ফলে এবারকার নির্বাচনে জনসাধারণ তাদেরকে পরিত্যাগ করেছেন। কিন্তু আমি এইটুকু গর্ব করে বলতে পারি পশ্চিমবাংলায় আমরা ৩ বছর ক্ষমতায় আছি এবং সম্প্রতি লোকসভার নির্বাচনে পশ্চিমবাংলার মানুষ বামফ্রন্টকে পরিত্যাগ করে নি। তিনি একটাও দৃষ্টান্ত দিতে পারবেন না যে তাঁরা সদ্‌ভাবে সাধারণ মানুষের জন্য কিছু করেছেন। ৩ বছর ধরে নিজেদের মধ্যে দলিয় ঝগড়া করার ফলে দেশের জন্য তারা কিছু করতে পারেন নি। সুতরাং তাঁর মুখে আমাদের সম্বন্ধে বলা শোভা পায় না। আমি নব কৃষ্ণ বাবুর সম্বন্ধে বেশি কিছু বলতে চাই না কারণ তাঁরা দীর্ঘ ৩০ বছর ধরে সারা পশ্চিমবাংলায় একচেটিয়া রাজত্ব করে গেছেন এবং তার ফলে তাদের আমলে সারা ভারতবর্ষে তথা পশ্চিমবাংলায় অবস্থা কি হয়েছে সেটা বিশদভাবে ব্যাখ্যা করার কোন অবকাশ নেই। তিনি

ভরতুকি সম্বন্ধে কিছু কথা বললেন। কিন্তু তিনি তাদের আমলে ট্রান্সপোর্ট শ্রমিক কর্মচারীদের মহিলা এবং মাগ্গী ভাতা কি ছিল সেগুলি উল্লেখ করলেন না। কিন্তু এটা সকলেই জানেন বিগত ৩ বছরে আমরা ক্ষমতায় আসার পরে আমরা সরকারি কর্মচারী এবং সরকারের আন্ডারে যে সমস্ত করপোরেশন আছে সেই সমস্ত করপোরেশনের কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিয়েছি এবং তাঁরা যা মাহিনা পেতেন তার চেয়ে অনেক বেশি বর্তমানে পাচ্ছেন। স্বভাবতঃই ভরতুকি মানে শুধু অপচয় নয়, প্রয়োজনের জন্য ভরতুকি দেওয়া হয় এবং সেই দৃষ্টান্ত নিয়েই ভরতুকি দেওয়া হয়েছে। যাই হোক, এবারকার বাজেট প্রস্তাবনায় অনেকগুলি গাড়ি আনার কথা বলা হয়েছে। আমি উত্তর বাংলা সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। আপনারা সকলেই জানেন, উত্তরবাংলার অন্যতম পরিবহন হচ্ছে — যানবাহন বলুন, চলাচলের ব্যবস্থা বলুন — মোটরযান এবং রেলের কোন সুযোগ-সুবিধা উত্তরবাংলার লোক পান না, বিশেষ করে পশ্চিম-দিনাজপুরের মানুষ তো বটেই। সুতরাং চলাচলের অসুবিধার জন্য পরিবহনের উপর চাপ সৃষ্টি হয়েছে এবং সেই চাপ বহন করার ক্ষমতা বর্তমানে উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট করপোরেশনের নেই। সেইজন্য আমি মাননীয় পরিবহন মন্ত্রীকে এইটুকু অনুরোধ করব যে, উত্তরবাংলার জন্য অন্তত রাষ্ট্রীয় পরিবহনের দিকে আর একটু নজর দিন এবং আরও বাস কিভাবে চালানো যায়, যদিও তার একটা হিসাব দেখছিলাম তিনি অনেকগুলি রুট বাড়িয়েছেন এবং যে সংখ্যক বাস ছিল সেই সংখ্যক বাস রেখে অনেকগুলি রুট বাড়িয়েছেন এবং দৈনিক যে ইনক্যাম ছিল তার চেয়ে অনেক বেশি বেড়েছে। সুতরাং এর থেকে প্রমাণিত হচ্ছে আগেকার আমলে সম্ভাবনা থাকা সত্ত্বেও বাসগুলিকে ফ্লাই করানো হয় নি।

[3-00 – 3-10 P.M.]

এখন সেগুলিকে খুব বৈজ্ঞানিক ভাবে ফ্লাই করানো হচ্ছে এবং একটা বাস থেকে অনেক বেশি কাজ দেওয়া হচ্ছে কিন্তু প্রয়োজনের চেয়ে তা খুব নগন্য। সেজন্য উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের আরও বেশি ফ্লিট দেবার প্রয়োজন আছে। সঙ্গে সঙ্গে বেসরকারি ক্ষেত্রেও দৃষ্টি দেবার দরকার আছে। এ ক্ষেত্রে একটি প্রধান সমস্যা হচ্ছে যে কোন নূতন পারমিট দিলেই হাইকোর্টের ইনজাংশান আসে আমাদের জেলায় অনেকগুলি রুট দেওয়া হয়েছিল কিন্তু ইনজাংশানের জন্য কার্যকরি হচ্ছে না। যেমন দার্জিলিং শিলিগুড়ি, কালিম্পং শিলিগুড়ি, শিলিগুড়ি কুচবিহার, শিলিগুড়ি জলপাইগুড়ি ইত্যাদি রুটে অনেকগুলি মিনিবাসের প্রাইভেট রুট দেওয়া হয়েছিল কিন্তু তার সমস্তগুলি ইনজাংশানের ফলে বন্ধ হয়ে আছে। সরকারের আর্থিক সীমিত ক্ষমতা থাকার ফলে সরকারি বাস বাড়ানো যাচ্ছে না। এ ক্ষেত্রে বেসরকারির উপর অনেকখানি নির্ভর করতে হয় কিন্তু হাইকোর্টের ইনজাংশান এবং মালিকদের মনোপলি রুট চালু রাখার ফলে জনসাধারণের সমস্যার সমাধান হচ্ছে না। সুতরাং আইনের এদিকটা বিশেষভাবে খেয়াল করা প্রয়োজন। আরেকটি কথা হচ্ছে ক্যালকাটা শিলিগুড়ি রুটে এখন মাত্র দুটি রকেট বাস আছে। একটি জলপাইগুড়ি এবং আরেকটি শিলিগুড়ি থেকে কলকাতায় আসে, এটা মোটামুটিভাবে লাভজনক রুট। আমার বক্তব্য হচ্ছে শুধু নাইট সার্ভিস না করে ভোরবেলা শিলিগুড়ি থেকে ছাড়ল এবং রাত্রি সাড়ে আটটায় আরেকটা করা যায় কিনা আপনি চিন্তা করুন, দিনের বেলায় জলপাইগুড়ি কলকাতা, কুচবিহার কলকাতা রুট চালাতে

পারলে ভাল লাভজনক হবে। এখানে একটিমাত্র ট্রেন দার্জিলিং মেল শিলিগুড়ি থেকে কলকাতায় আসে তার উপর উত্তরবঙ্গের মানুষকে নির্ভর করতে হয়, অন্যান্য যেগুলি আছে সেগুলি দীর্ঘ সময় নেয়, সেজন্য ট্রেনের সুযোগ সুবিধা লোকে কমই পায়, অথচ এদিকে টুরিস্ট বাড়ছে বহু মধ্যবিত্ত পরিবার দার্জিলিং ইত্যাদি পূজার সময় যান কিন্তু সেখানে স্বাভাবিক ভাবে যাতায়াত একটা অসম্ভব ব্যাপার, সেইজন্য অনুরোধ করব রাষ্ট্রীয় পরিবহনের বাইরে মিনিবাস, ট্যাক্সি কলকাতা শিলিগুড়ি রুটে দেওয়া যায় কিনা চিন্তা করে দেখবেন। উত্তরবঙ্গের রাষ্ট্রীয় পরিবহনের ৪০ খানা ট্রাক ফ্লিট আছে। একসময় এটা খুব সুনাম অর্জন করেছিল বর্তমানে এটা খুব লোকসান হচ্ছে এবং কর্তৃপক্ষরা নাকি এটা তুলে দেবার জন্য চিন্তা করছেন যার আমি প্রতিবাদ করছি। উত্তরবঙ্গে ২৫০টি চা বাগান আছে বহু বাগানের চা রাষ্ট্রীয় পরিবহনের ট্রাকে করে কলকাতায় আসত, যেগুলি এখন প্রাইভেট ট্রান্সপোর্ট কর্পোরেশন বহন করে কিন্তু কিছু কিছু ক্ষেত্রে এই ট্রাকগুলি চা সমেত উধাও হয়ে গেছে। স্বাভাবিক ভাবে রাষ্ট্রীয় পরিবহন যদি এই দায়িত্ব নেয় তাহলে শুধু চা বহন করেই এই ফ্লিটগুলিকে আবার চাঙ্গা করে তোলা যায়।

সুতরাং এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি চেসিসের অভাবের কথা বলেছেন, এবং ডিজেল সমস্যা সম্বন্ধেও আলোচনা করেছেন। আসামে তথাকথিত আন্দোলনের ফলে ডিজেল এবং অন্যান্য তৈল জাতীয় জিনিস এখানে আসা বন্ধ হওয়ার ফলে পশ্চিমবাংলায় একটা ক্রাইসিস দেখা দিয়েছে। কেন্দ্রীয় সরকার এ বিষয়ে কোন আগ্রহ প্রকাশ করছেন না কোটা বাড়াবার ক্ষেত্রে। অবশ্য এটা একটা সাময়িক সঙ্কট। কিন্তু চেসিসের ব্যাপারে একটা দুর্নীতির চক্র গড়ে উঠেছে। বিহার, ইউ. পি. তে কোটা অনেক বেশি। অথচ সেখানে ঠিকমত বিক্রি হয় না। পশ্চিমবাংলায় কিছু বেনামি এজেন্সী হাউস আছে যারা এখান থেকে কন্ট্রাকট নিয়ে বিহার থেকে চেসিস সাপ্লাই করার ফলে পশ্চিমবাংলার স্বার্থের কিছুটা হানি হচ্ছে এবং হাজার হাজার টাকার সেল ট্যাক্স ফাঁকি পড়ছে। এখানে চেসিস ব্যবহার হচ্ছে কিন্তু সাপ্লাই হচ্ছে বিহার থেকে। অতএব চেসিস বাড়াবার কোটার ক্ষেত্রে একটা প্রচেষ্টা করা উচিত। আরেকটি সমস্যার কথা যেটা নবকুমার বাবু বলেছেন সেটা হচ্ছে রেজিস্ট্রেশনের কথা। বহু অভিযোগ আছে যে এখানে এর কিছু কিছু অসুবিধা হয় এবং ট্যাক্সেশনের টাকার বেলায় কিছু পার্থক্য আছে। যেমন আসাম থেকে আমাদের এখানে কিছুটা বেশি। এর ফলে শিলিগুড়ি এবং উত্তরবাংলার অনেক চা আসামে গিয়ে রেজিস্ট্রেশন করিয়ে এখানে চালাচ্ছে। এ দিকে দৃষ্টি দেওয়া দরকার। শেষ করবার আগে দুর্নীতি সম্বন্ধে কিছু বলতে চাই। দুর্নীতি এই বিভাগে প্রচুর আছে, বিশেষ করে মোটর ভিহিকেলসে ফিটনেসের ক্ষেত্রে এবং ট্যাক্সেশন ফাঁকি দেবার ক্ষেত্রে। আমরা এখন এগুলি বন্ধ করতে পারি নি। এ ক্ষেত্রে ফ্লাইং চেকিংয়ের জন্য যে সমস্ত ইন্সপেকটর আছে তাদের মোবাইল কোর্ট করার কথা কিন্তু গত ৬ মাসে এই রকম কোন মোবাইল চেকিং শিলিগুড়িতে হয় নি অথচ আমরা জানি লাইসেন্স বা পারমিট নেই এইরকম বহু ট্রাক চলছে। এদিকে একটু ভালভাবে দেখার প্রয়োজন আছে এবং দরকার হলে আরও বেশি ইন্সপেকটর নিয়োগ করার প্রয়োজন এবং এর জন্য আলাদা বিভাগ করা যায় কিনা তার জন্য চিন্তা করতে হবে। এই কথা বলে এই বাজেট কে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট কে সমর্থন করে আমি গুটিকয়েক কথা বলতে চাই। বিরোধী পক্ষ থেকে দুর্নীতির কথা বলা হয়েছে তাতে মনে হচ্ছে হঠাৎ এই সরকার ক্ষমতাসীন হবার পর যেন দুর্নীতি হচ্ছে, যা পশ্চিমবাংলায় আর কোন দিন ছিল না। কিন্তু এর বোঝা উচিত দীর্ঘ ৩০ বছরে যে অবস্থার সৃষ্টি হয়েছিল তার লিগেসি হিসাবে আমরা পশ্চিমবাংলায় এসেছি ৩ বছরে এটা হয় নি।

[3-10 – 3-20 P.M.]

মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে কিছু কিছু উন্নতির কথা বলেছেন, যেমন কালেকশান যদি ধরা যায় তাহলে ১৯৭৮-৭৯ সালে যেখানে কালেকশান ছিল ২.৩৮ লক্ষ সেখানে সেটা বেড়ে ১৯৭৯ সালে হয়েছে ৩.২৬ লক্ষ। তিনি বাসের সংখ্যা বাড়াবার কথা বলেছেন, ১৯৭৮-৭৯ সালে যেখানে ৬৩১টি বাস ছিল সেখানে ১৯৭৯ সালে সেটা বেড়ে ৭৩০ দাঁড়িয়েছে। ১৯৮০-৮১ সালে বলেছেন ২০০টি নূতন বাস বাড়াবেন। এর মধ্যে শহরের কাছে সুবার্ব এলাকায় ৯টি এবং দূরপাল্লায় আরো ২টি চালু করবার ব্যবস্থা করেছেন। ১৯৭৮-৭৯ সালে যেখানে প্রতিদিন গাড়ি চলেছে ২৯৮টি, ১৯৭৯ সালে চলেছে ৩০৮টি। ১৯৭৮ সালে ডিসেম্বর পর্যন্ত এক বছরে যেখানে সেল হয়েছে ৭৬.২৮ লক্ষ টাকা, সেখানে ১৯৭৯ সালে সেটা বেড়ে ৮৩.২৬ লক্ষ টাকায় দাঁড়িয়েছে। এগুলি নিশ্চয়ই শুভ লক্ষণ। কিন্তু আমি বলতে চাই উত্তরবঙ্গে কিছু ত্রুটি পরিলক্ষিত হয়েছে। আমরা যখন ক্ষমতায় আসি তখন সেখানে ২০০ মত বাস দৈনিক চলত, এখন সেটা বেড়ে ২৬৬ তে দাঁড়িয়েছে। যেখানে প্রতি মাসে ইনকাম ছিল ২৩ লক্ষ টাকা সেখানে সেটা ৪০ লক্ষে দাঁড়িয়েছে। তবুও কিন্তু জনগণের জীবনে প্রতিদিন দুর্বিসহ যন্ত্রনা, আমরা তার হাত থেকে পশ্চিমবঙ্গের মানুষকে মুক্তি দিতে পারি নি। কারণ, আমরা যারা কলকাতার আশেপাশের অঞ্চল থেকে শহরে প্রতিদিন আসি আমরা দেখেছি প্রতিদিন কলকাতা শহরে ঠেলা রিক্সা যা ভারতবর্ষের কোন শহরে নেই, শ্লথ গতিতে চলেছে। আজকে কলকাতার কোন একটা মোড়ে যদি যান তাহলে দেখবেন আপনার এবং মন্ত্রীদের গাড়ি ছাড়া অন্যদের গাড়ি আধ ঘন্টা, থ্রি-কোয়াটার দাঁড়িয়ে থাকে। সেজন্য এই শ্লথ গতির ঠেলা এবং রিক্সা বন্ধ হওয়া দরকার। এতে হয়ত তাদের রুটি রোজগারের প্রশ্ন উঠবে, কিন্তু পৌর মন্ত্রী যেমন দৃঢ় হস্তে শিয়ালদহে হকার উচ্ছেদ করেছেন তেমনি দৃঢ় হস্তে কলকাতায় ঠেলা এবং রিক্সা বন্ধ করা উচিত। কারণ ঠেলা এবং রিক্সা কলকাতার বাসকে শ্লথ গতিতে রূপান্তরিত করেছে, এটাকে বন্ধ করা দরকার। সঙ্গে সঙ্গে আমি একথা বলতে চাই যে বিগত বাজেট অধিবেশনে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু কিছু নূতন রুটে বাস চালু করবেন বলে কথা দিয়েছিলেন। সেগুলি বাস্তবে রূপায়িত হয় নি। কুচবিহার থেকে কলকাতায় যে বাস চলত সেটা বন্ধ হয়েছে। উত্তরবঙ্গে সরকার পরিচালিত যে মিনি-বাস চলে তার স্ট্যান্ডার্ড হাইট, কিন্তু যে প্রাইভেট মিনি-বাস চলে তার স্ট্যান্ডার্ড হাইট নেই। তাছাড়া পরিবহন মন্ত্রীর কাছে বলব যে তাঁর দপ্তরে প্রতিদিন দেখা যায় কন্ডাক্টর, ড্রাইভার শতকরা ৩০ থেকে ৩৫ ভাগ অ্যাবসেন্টি থাকে। এটা বন্ধ করতে হবে। পশ্চিমবঙ্গের মানুষ অনেক আশা নিয়ে আমাদের ভোট দিয়েছে, কিছু মানুষের ব্যক্তিগত সুযোগ সুবিধার জন্য কিছু কর্মচারী স্যাবোটেজ করবে সেটা মেনে নেওয়া যায় না। সেজন্য দৃঢ় হস্তে এর মোকাবেলা

করতে হবে। আমি সাজেশান রাখতে চাই সিকিম থেকে যে ট্রান্সপোর্টগুলি সিকিম গভর্নমেন্টের পক্ষ থেকে পশ্চিমবঙ্গে আসে তারা পশ্চিমবঙ্গকে ট্যাক্স দেয় না, কিন্তু আমরা যখন সিকিমে যাই তখন আমাদের ট্যাক্স দিতে হয়। ওদের রোড ট্যাক্স দিতে পারি কিন্তু ওদের অর্গানাইজেশানের মাধ্যমে আমাদের বাড়তি টাকা দিতে হয়, সেটার ব্যাপারে দুই গভর্নমেন্টের মধ্যে কথা বলার প্রয়োজন আছে। সঙ্গে সঙ্গে পার্শ্ববর্তী রাজ্যে রেজিস্ট্রেশান কস্ট কম থাকার ফলে আসাম উড়িষ্যায় রেজিস্ট্রি হয়, ফলে পশ্চিমবঙ্গ ট্যাক্সেশান থেকে বঞ্চিত হয়। তাছাড়া আপনার কাছে একথা বলতে চাই যে প্রাইভেট বাসগুলির জন্য বিভিন্ন জেলাতে যে কমিটি আপনারা করেছেন, রাজ্য সরকার নূতন নূতন যে রুট মঞ্জুর করেছেন সেই ব্যাপারে প্রাইভেট বাসের মালিকরা হাইকোর্টে ইনজাংশান দিচ্ছে, ফলে নূতন রুটে বাস চালু হচ্ছে না। সেজন্য আইন সংশোধন করতে হবে যাতে করে প্রাইভেট বাসের মালিকরা হাইকোর্টের শরণাপন্ন হয়ে সরকারের নীতি ব্যর্থ করে দিতে না পারে। আমাদের বিরোধী দলের সদস্য বীরেন বাবু, নবকুমার বাবুর আমাদের বক্তব্য শোনার ধৈর্য হল না, তাঁরা চলে গেলেন, ৩২ বছর ধরে পশ্চিমবঙ্গের, ভারতবর্ষের শাসন ব্যবস্থা তাঁদের কুক্ষিগত ছিল, তাঁরা দুর্নীতি সৃষ্টি করে গেছেন। সেই দুর্নীতি নিশ্চয়ই বামফ্রন্ট সরকার রাতারাতি দূর করতে পারবেন না।

পরিবহন মন্ত্রী মহাশয় তাঁর প্রস্তাবিত বাস কেন রাস্তায় নামাতে পারছেন না তার কারণ বলেছেন। তিনি বলেছেন স্পেয়ার পার্টস পাচ্ছি না। আমি জিজ্ঞাসা করি অশোক লেল্যান্ড, টাটা প্রভৃতিরা এই সমস্ত পার্টস সাপ্লাই করে যদি কোটি কোটি টাকা সংগ্রহ করতে পারে তাহলে পশ্চিমবঙ্গ সরকারের অধীন ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিংকে আপনারা এই স্পেয়ার পার্টস-এর জন্য অর্ডার দিয়ে সেখান থেকে তা সংগ্রহ করছেন না কেন? পশ্চিমবঙ্গের ছেলেরা অন্যান্য রাজ্যে গিয়ে পশ্চিমবাংলার জন্য স্পেয়ার পার্টস তৈরি করে দিচ্ছে, অথচ পশ্চিমবাংলার শিল্পগুলি ধুকছে। স্যার, হিন্দ মোটর মাঝে মাঝে লে অফ করে এবং তার ফলে শ্রমিকরা মার খায়। পশ্চিমবাংলায় এটা ওদের একটা ক্রনিক ডিজিজ হয়ে দাঁড়িয়েছে। তাদের ড্রয়িং দিলে তারা চেসিস তৈরি করতে পারবে না এটা আমি মানতে রাজি নই। কাজেই আপনাকে আজ ডিসিশন নিতে হবে, হিন্দ মোটরকে ড্রয়িং দিয়ে বলতে হবে যদি টাটা এটা তৈরি করতে পারে, যদি দক্ষিণ ভারত এটা তৈরি করতে পারে তাহলে পশ্চিমবাংলায় তোমরা এটা কেন করতে পারবে না? পশ্চিমবাংলায় ইনচেক টায়ার রয়েছে। সেখানে স্পেসিফিকেশন দিয়ে আপনারা টায়ার তৈরি করাতে পারেন। এটা খুবই দুঃখের বিষয় যে, সরকার পরিচালিত সংস্থাগুলো এখানে ধুকছে। মন্ত্রী মহাশয় টাকার অঙ্ক বাড়িয়েছেন এটা সমর্থন যোগ্য এবং ধীরে ধীরে উন্নতি হচ্ছে এটাও আশার কথা। তারপর, এই যে পিক আওয়ার্সে দেখা যায় দুর্গাপুর থেকে বর্ধমানের বাস — এ লোকেরা বাস-এর ছাদে বসে যাচ্ছে, কৃষ্ণনগর থেকে যে বাস যায় তাতে ছাদে বসে লোকেরা যাচ্ছে এগুলি দেখার জন্য আপনার দপ্তরের কোন ইন্সপেক্টর আছে কি? এই যে হাজার হাজার টাকা লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে তাতে আপনার দপ্তরের লোক কি করছে আমি জানি না। গত বছর অন্ডালের কাছে একটি বাস-এর ছাদে বসে লোকেরা যাচ্ছিল এবং সেই বাস দুর্ঘটনার ফলে ৩০/৩৫ জন লোক মারা গেল। আমি মনে করি আপনার দপ্তরের অফিসারদের এগুলি দেখা উচিত যাতে লোকেরা ছাদে বসে না যায়। তারপর, পিক আওয়ার্সে এসপ্ল্যানেড, ডালহাউসী প্রভৃতি জায়গায় সার্ভে

করা দরকার। আমি দেখেছি হাওড়া থেকে বাস আসছে এবং এক একটা রাস্তার মোড়ে জ্যাম হয়ে যাচ্ছে — এগুলি তদন্ত করা দরকার, সার্ভে করা দরকার। শুধু তাই নয়, দিনের বেলায় যাতে লরি যাতায়াত না করতে পারে, রাত্রে মালবাহী বাস না চলে তার ব্যবস্থা করা দরকার। এই ব্যবস্থা দিল্লি এবং গুজরাটে রয়েছে। সেসব জায়গায় এই ব্যবস্থা থাকলে আমাদের পশ্চিমবাংলায় সেটা হবে না কেন? বাস-এ যারা ঝুলে যায় তাদের স্বার্থে দিনের বেলায় কলকাতা শহরে যাতে মালবাহী লরি না চলে, রিক্সা এবং ঠেলাগাড়ী না চলে সেই ব্যবস্থা করা দরকার। অবশ্য আমি জানি এই কাজ দুরুহ। তারপর নির্দিষ্ট সময়ে বাস যাতায়াত করবে এই ব্যবস্থা আপনাকে করতেই হবে। ধর্মতলায় যে সমস্ত দূরপাল্লার বাস স্ট্যান্ড রয়েছে সেখানে গিয়ে দেখবেন সেই স্ট্যান্ডের চারি পাশে ফেরিওয়ালারা ঘিরে রয়েছে।

[3-20 – 3-30 P.M.]

সমস্ত অঞ্চলটা এমন ভাবে নোংরা করে রাখেন যার জন্য যাত্রীদের দারুণ দুর্ভোগ ভুগতে হয়। সেটা যাতে বন্ধ হয় সেদিকে নিশ্চয়ই দৃষ্টি দেবেন। যাতে ফেরিওয়ালাদের অবস্ট্রাকশান বন্ধ হয় তার দায়িত্ব নিতে হবে। স্টেট ট্রান্সপোর্টের যে স্ট্যানডিং পয়েন্টগুলি আছে সেই স্ট্যানডিং পয়েন্টে যাতে শেড থাকে এবং ল্যাট্রিন থাকে সেই ব্যবস্থাও করতে হবে যদিও আমরা দেখেছি উত্তরবঙ্গে কয়েকটি জায়গায় আছে, সব জায়গায় করতে হবে। পরিশেষে আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই আমি তার কাছে একটি দাবি জানাব প্রতিদিন কলকাতায় এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে যাত্রী সাধারণ যে দুর্ভোগ ভোগেন ট্রেন চলাচলের অনিয়মিত ব্যবস্থায় যদিও এখানে অতীশ বাবু বললেন কেন ইন্দিরা সরকার আসার পর ঘন্টার পর ঘন্টা যদি ট্রেন অনিয়মিত ভাবে চলে যদিও তিনি বলবেন যে বিদ্যুতের সঙ্কট এবং পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা নাই এইসব কথা হয়ত বলবেন কিন্তু আমরা দেখেছি এই সরকারের আমলে ট্রেনের কি অব্যবস্থা চলেছে। মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়কে আরেকটু গিয়ারআপ করতে অনুরোধ করছি। আমি আরেকটি দাবি জানাব যে ব্যারাকপুর শিল্পাঞ্চল থেকে মিনি বাস যাতে কলকাতা শহরে আসে এবং বারাসাত থেকে যাতে কলকাতায় মিনিবাস চালু করা যায় এই ব্যাপারে তিনি বিশেষ দৃষ্টি দেবেন। এই বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই করিমপুরের যে বাস দুর্ঘটনায় যে সমস্ত লোক মারা গিয়েছে তাদের আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং তাঁদের পরিবারবর্গের প্রতি সমবেদনা জানিয়ে এই বাজেট ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্যকে শুরু করছি। আজকে এখানে যে বাজেট উত্থাপন করা হয়েছে জনতা দলের পক্ষ থেকে এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে কথা বলা হয়েছে যে পরিবহন সমস্যা একটা বিরাট আকার ধারণ করেছে আমি তাদের বলতে চাই যে এই সমস্যা একদিনে সৃষ্টি হয় নি। এই সমস্যা খতিয়ে দেখতে গেলে পিছনের দিকে আমাদের যেতে হবে আজকে এই সমস্যা এক ঘন্টা বা কয়েক দিনের মধ্যে সৃষ্টি হয় নি। দীর্ঘ দিন ধরে এই সমস্যা পুঞ্জীভূত হয়েছে। দীর্ঘ দিন ধরে এর পরিচালন ব্যবস্থা অত্যন্ত ত্রুটি হওয়ার ফলে আজকে এই সমস্যা ঘনীভূত হয়ে উঠেছে এবং তার জন্যই সর্বসাধারণের চোখে এই সমস্যা বিরাট আকার ধারণ

করেছে। আজকে জনতা দলের বা কংগ্রেস দলের পক্ষ থেকে যাঁরা বলেছেন তাঁরা যদি চিন্তা করতেন তাহলে দুই ধরনের বাস না চালিয়ে শুধু স্টেট বাস চালানোর ব্যবস্থা করতেন। আজকে বাস চালানোর ক্ষেত্রে সব চেয়ে যে অসুবিধা দেখা দিয়েছে সেটা হচ্ছে একদিকে পাবলিক সেক্টারে বাস চলছে, আরেক দিকে স্টেট সেক্টারে বাস চলেছে। আজকে প্রাইভেট বাসগুলো তারা ইচ্ছামত বন্ধ করছে এবং যাত্রীদের দুর্ভোগ দিনের পর দিন বাড়িয়ে দিচ্ছে। এই সমস্ত প্রাইভেট বাসগুলি যাতে ইচ্ছাকৃত ভাবে বন্ধ করে দিতে না পারে তার জন্য মন্ত্রী মহাশয়ের অবিলম্বে ব্যবস্থা নিতে হবে। অন্য দিকে স্টেট বাসের যে সংখ্যা আছে তার বৃদ্ধি করতে হবে এবং স্টেট বাস মেনটেন করা যেভাবে দরকার সেইভাবে করা হচ্ছে না। এর ফলে আমরা দেখতে পাচ্ছি দূরপাল্লার গাড়ি বলুন আর সর্টপাল্লার গাড়িই বলুন এই সমস্ত স্টেট বাসগুলিকে রাস্তায় বার করার পরেই আবার গ্যারেজে পাঠিয়ে দেওয়া হচ্ছে। এতে যাত্রীদের আরও দুর্ভোগ বাড়ছে। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাত্রীদের দুর্ভোগের কথা চিন্তা করে স্টেট বাসের সংখ্যা বৃদ্ধি করুন, যদিও আমরা জানি যে ইচ্ছাকৃত ভাবে বাস বৃদ্ধি করা যায় না, বর্তমানে যে আইন-কানুনের ব্যবস্থা আছে এবং অন্যদিকে রাস্তাঘাটের সমস্যা যা আছে সেগুলির কথাও চিন্তা করতে হবে। প্রথম কথা হচ্ছে রাস্তা সম্প্রসারণ করতে হবে। স্টেট বাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে। সঙ্গে সঙ্গে আমি এইটা বলব, আজকে বাসের সংখ্যা বৃদ্ধি করলেই হবে না। একদিকে আইন-কানুনের সমস্যা আছে, আর একদিকে রাস্তাঘাটের সমস্যা আছে। আজকের দিনে ৫/৭ শো বাস বাড়াতে গেলে রাস্তার সম্প্রসারণ করতে হবে, রাস্তা বড় করার চেষ্টা করতে হবে। কলকাতা শহরের উপর যাতে আরও বাস চালানো যায় তার চেষ্টা করতে হবে। অন্যদিকে সাধারণ যাত্রী যারা আছেন, যাদের ঝুলে ঝুলে যাতায়াত করতে হচ্ছে, সেইসব যাত্রীদের দিকে তাকিয়ে মন্ত্রীসভাকে সিদ্ধান্ত নিতে হবে। যাত্রীদের জন্য নিশ্চয় 'এস' মার্কা এই ধরনের ডিলুক্স বাস যেমন চলছে, মিনিবাস যেমন চলছে, তেমনি সাধারণ যাত্রীদের জন্য স্টেট বাসকে আরও বেশি পরিমাণে বাড়াতে হবে যাতে সাধারণ যাত্রীরা বেশি পরিমাণে সুযোগ নিতে পারে। অন্যদিকে উত্তরবঙ্গের মানুষ আমাদের সব চেয়ে বেশি দুর্ভোগ। আমরা দেখেছি, কংগ্রেস আমলে উত্তরবঙ্গকে সব চেয়ে বেশি অবহেলা দেখানো হয়েছে। ৩০ বছরের শাসনে উত্তরবঙ্গকে আরও নামানো হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, উত্তরবঙ্গে আমার জেলা পশ্চিম দিনাজপুরে ট্রেন নেই। ফলে তিনশো সাড়ে তিনশো মাইল কলকাতা আসতে গেলে বাসে করে আসতে হয়, তাতে কি দুর্ভোগ ভুগতে হয়, সেটা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন। সেখানে ঘাড় লেগে যায়, বাসে বসে আসা যায় না। কাজেই আপনার মাধ্যমে, মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, উত্তরবঙ্গের গাড়িগুলোর যাতে আরও ভালভাবে ব্যবস্থা করা যায়, অন্তত সাধারণ মানুষের আসার ব্যবস্থা যাতে ভালভাবে করা যায় সেদিকে দৃষ্টি দিতে হবে। অন্যদিকে দৃষ্টি দিতে হবে গাড়িতে ব্যাপক সংখ্যায় লোক নেওয়া সম্পর্কে। এর ফলে এমন অবস্থা দাঁড়ায় যে লোকের পা রাখার জায়গা থাকে না, বা জিনিসপত্র রাখার জায়গা থাকে না। এই অবস্থা বন্ধ করতে হবে। ব্যাপক লোক যাতে না উঠতে পারে তার দিকে নিশ্চয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে হবে। অন্যদিকে নর্থ বেঙ্গলে বাসের সংখ্যা যেমন বৃদ্ধি করেছেন, তেমনি আরও কিছু বাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে। নর্থ বেঙ্গলে বাসের সংখ্যা বৃদ্ধি করে কলকাতার সঙ্গে

যোগাযোগের ব্যবস্থা ভালভাবে করতে হবে। তার সঙ্গে অন্যান্য রাজ্যে যে সমস্ত ব্যবস্থা আছে বাসের ব্যাপারে যেমন বাস চালু রাখা, বাসের শেড চালু করা এবং বাসের টারমিনাস ঠিক করা তার ব্যবস্থা করতে হবে এবং তার ব্যবস্থা করবার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। কংগ্রেসের পক্ষ থেকে নব বাবু ঠেলা গাড়ির কথা বলেছেন। উনি ঠিকই বলেছেন, কংগ্রেসের ৩০ বছরের শাসনে মানুষের আজকে ঠেলা গাড়িতে আসা-যাওয়ার ব্যবস্থায় এসেছে। আজকে মানুষের জন্য এই অবস্থার সৃষ্টি করেছেন, তাই আজকে বৈজ্ঞানিক যুগে বাস করে ঠেলা গাড়ির স্বপ্ন দেখছেন। বিরোধী দলের লোক বলে আজকে একটা কন্সট্রাকটিভ ক্রিটিসিজম দেওয়া উচিত ছিল। আজকে যে সমস্যার সামনা-সামনি আমরা, সেটা সৃষ্টি করেছেন ওঁরাই। তার থেকে বাঁচতে গেলে কিভাবে কি করা যায়, বিরোধী দলের সদস্য হিসাবে কিভাবে কি করলে ভাল হত — এই সাজেশান দিলে ভাল করতেন। আজকে বাস দুর্ঘটনায় মারা গেলে, তারপর মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহণ করেন সেইসব পরিবারবর্গকে কিছু সাহায্য দেবেন। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই সম্পর্কে একটা আইন চালু করুন যাতে করে বাসের ড্রাইভার, কন্ট্রাকটর, ক্লিনার এবং যাত্রী যারা দুর্ঘটনার কারণে মারা যাবেন তাহলে কি রকম টাকা পাবেন বা কি সুযোগ-সুবিধা পাবেন সেটা লিপিবদ্ধ থাকবে। সেটা ঠিক করে দেওয়া দরকার যাতে দুর্ঘটনায় পতিত ব্যক্তিদের পরিবারবর্গ সেই সুযোগটুকু পান এবং তার জন্য দরখাস্ত করতে পারেন বা ব্যবস্থা নিতে পারেন।

[3-30 - 4-00 P.M.]

(Including Adjournment)

অন্যদিকে আজকে যে ট্রাকগুলি রাস্তায় চলে তার স্পিড যদি আজকে বেঁধে দেওয়া যায়, তাহলে রাস্তায় অ্যাক্সিডেন্ট কম হয়। রাস্তার এই অ্যাক্সিডেন্ট থেকে বাঁচতে গেলে ট্রাকগুলি স্পিড বেঁধে দেওয়া উচিত, তাতে কিছুটা সুবিধা হবে। আমি সর্বশেষে যে কথা বলতে চাই আজকে পরিবহনের যে সমস্যা তাতে বাসের সংখ্যা আরও বাড়াতে হবে, যাত্রী সাধারণের যাতে আরও সুযোগ করে দেওয়া যায়, তার ব্যবস্থা করতে হবে। এই কথা বলে আবার বাজেট কে সমর্থন করে, আমার বক্তব্য শেষ করছি।

**(এখানে হাউসের কাজের সাময়িক বিরতি হয়।)**

[4-00 - 4-10 P.M.] (After adjourment)

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটি গুরুত্বপূর্ণ বিভাগের ব্যয় বরাদ্দের দাবির উপর আমরা আলোচনা করছি — সেই দপ্তরটি হল পরিবহন দপ্তর। স্যার, এই গুরুত্বপূর্ণ পরিবহন দপ্তরের ব্যয় বরাদ্দের দাবির উপর আলোচনা করতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই যে, জনজীবনে সমস্যা অনেকগুলি থাকে কিন্তু কতকগুলি সমস্যা থাকে যেগুলি ইমিডিয়েটলি সুলভ করা দরকার। সেই সমস্যাগুলি কোন দায়িত্বশীল সরকারই কোন রকম অজুহাত দিয়ে এড়িয়ে যেতে পারেন না। সেই অর্থে পরিবহন ব্যবস্থা এইরকম একটি গুরুত্বপূর্ণ দপ্তর। আজকে গোটা পশ্চিমবাংলায় বিশেষ করে এই কলকাতা শহরে

পরিবহন ব্যবস্থা বিশেষ করে রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা যে ভেঙ্গে পড়েছে সেকথা সরকারি এবং বেসরকারি সমস্ত মহলই স্বীকার করতে বাধ্য। স্যার, এখানে অনেক বক্তা মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়কে শুধু স্কেপগোট করার জন্য বলেছেন যে তিনি ভাল মানুষ ইত্যাদি ইত্যাদি, আমি কিন্তু এসব কথা বুঝি না, আমি মনে করি না এটা কোন বিশেষ মন্ত্রী দপ্তরের ব্যাপার। ক্যাবিনেট অ্যাজ এ হোল এর জন্য রেসপনসিবল। জনসাধারণের এই সমস্ত গুরুত্বপূর্ণ সমস্যাগুলিকে গভর্নমেন্ট কি দৃষ্টিভঙ্গীতে দেখেন বা সেখানে গভর্নমেন্টের অ্যাটিচুড সত্যি সত্যি কি সেটাই হচ্ছে প্রশ্ন। সেখানে শুধু মুখের কথা নয়, কাজে কি হচ্ছে সেটাই হচ্ছে দেখার। কাজেই আমি শুধু পরিবহন মন্ত্রী মহাশয়কে এই পরিবহন ব্যবস্থার ব্যর্থতার জন্য দায়ী করতে চাই না, আমি এনটায়ার ক্যাবিনেটকে এর জন্য দায়ী করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণে বলেছেন, কোথাও কোথাও পরিবহন ব্যবস্থার উন্নতি হচ্ছে। তিনি তাঁর বাজেট ভাষণে আরো বলেছেন, পরিবহন ব্যবস্থার অগ্রগতি বাধাপ্রাপ্ত হচ্ছে ডিজেলের দুষ্প্রাপ্যতা এবং চেসিস-এর দুষ্প্রাপ্যতার জন্য। ভাগ্যি সাম্প্রতিককালে ডিজেলের দুষ্প্রাপ্যতা এসেছিল তাই মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় বলার সুযোগ পেলেন যে ডিজেলের দুষ্প্রাপ্যতার জন্য এই অবস্থা হয়েছে। কিন্তু আমার জিজ্ঞাসা, পরিবহন ব্যবস্থার এই ফেলিয়োর এটা কি সাম্প্রতিক কালের? এসব কথা বলে পরিবহন ব্যবস্থার ব্যর্থতা আমি বলব, মাননীয় মন্ত্রী মহাশয় ঢাকতে পারবেন না। তা ছাড়া, ঐ যে অতীতের উত্তরাধিকার সূত্রে পাওয়া যে সমস্ত জঞ্জাল তা দূর করতে সময় লাগবে এসব কথা বলেও পরিবহন দপ্তরের যে চূড়ান্ত ব্যর্থতা একে ঢাকতে পারবেন না।

শুধু তাই নয়, মাননীয় পরিবহন মন্ত্রী সাজেশান চেয়েছেন। আমি শেষ কালে নিশ্চয় সাজেশান দেব যদি উনি সাজেশান গ্রহণ করতে চান। কিন্তু তার আগে বক্তব্যকে সম্পূর্ণ লঘু করে দেখবার চেষ্টা করছেন। ত্রুটি হয়েছে, কিন্তু অ্যাডমিনিস্ট্রেশনের উন্নতির কোন লক্ষণ দেখতে পাচ্ছি না। উনি বলেছিলেন ডিসেম্বর ১৯৭৯ সাল, এর মধ্যে কলকাতা স্টেট ট্রান্সপোর্টে ৭০৩টি নাকি নূতন বাস বেরচ্ছে। আমি অন্য কথা বলতে চাচ্ছি না, উনি পরিবহন সম্পর্কে যে কথা বলছেন সেই ব্যাপারে পাবলিক এক্সপেরিয়েন্স কি — আমার যারা জনসাধারণ রাস্তা ঘাটে চলাফেরা করি তারা সেটা ভাল করেই উপলব্ধি করছি। আজকে মন্ত্রী বলেছেন, সরকারি তরফের বিভিন্ন সদস্য বলেছেন রাষ্ট্রীয় পরিবহন সংখ্যা বেড়েছে। আমি জানি না তাদের বাস্তব অভিজ্ঞতা কি — রাস্তা ঘাটে যে বাস চলছে তা আপনারা সকলেই জানেন। আমি আনন্দবাজার, স্টেটসম্যান, যুগান্তরের কথা বলব না, সি. পি. এম.-এর আস্থাভাজন কাগজ সত্যযুগে ২৯শে ফেব্রুয়ারি বলা হয়েছে রাষ্ট্রীয় পরিবহন সংখ্যা কমেছে।তারা তিন মাসের স্ট্যাটিসটিক্স দিয়েছে। নভেম্বর, ১৯৭৯ তারিখে ৬২৭টি বাস ডিপো থেকে বেরিয়েছিল, ১৬১টি বাস রাস্তায় বিকল হয়ে যায়। অর্থাৎ শেষ পর্যন্ত নেট ৪৬৬টি বাস থাকে। প্রাকটিক্যালি ৪৬৬টি বাস নভেম্বরে গড়ে চালু ছিল। ডিসেম্বর ১৯৭৯ তারিখে ৬২৯ টি বাস ডিপো থেকে বেরিয়েছিল ১৯২টি রাস্তায় অচল হয়েছিল, ইন প্রাকটিস রাস্তায় চালু ছিল ৪৩৭টি। জানুয়ারি ১৯৮০ তারিখে ডিপো থেকে বেরিয়েছিল ৬২৩টি, ১৬৮টি রাস্তায় অচল হয়েছিল, কার্যতঃ ৪৫০টি বাস গড়ে চালু ছিল। আমরা নিশ্চয় মনে করব না যে সত্যযুগ কাগজ বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে চক্রান্ত করবার জন্য এটা করেন নি, আমীন

সাহেবকে ডিসক্রেডিট করার জন্য এই রকম ডিসটরটেড ফিগার দিয়েছে, এটা নিশ্চয় ভাববনা। আমীন সাহেব যে তথ্য দিয়েছেন সেটা কারচুপিতে ভরা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিবহন সমস্যা যে জায়গায় দাঁড়িয়ে রয়েছে সেটা আপনি ভালভাবেই জানেন। কলকাতা মহানগরীর ৬৫/৭০ লক্ষ লোক এই পরিবহন ব্যবস্থার উপর সম্পূর্ণ নির্ভরশীল, তাঁদের জন্য পরিবহনের এই হাল দেখা যাচ্ছে। ৩০০ ট্রাম চলে, প্রাইভেট বাসের অবস্থা হল এই রকম। ট্যাক্সির সংখ্যা অনেক কমে গেছে। শতকরা ৩০ শতাংশ মিনিবাস চলে না। সাধারণ মানুষকে এই পরিস্থিতির মধ্যে চলতে হচ্ছে। পরিবহন ব্যবস্থা উন্নতির ক্ষেত্রে আমীন সাহেব ব্যর্থ হয়েছেন। কিন্তু একটি জায়গায় খুব তৎপরতা দেখতে পাচ্ছি — এই পরিবহন সঙ্কটের সুযোগ নিয়ে কলকাতার যাত্রী সাধারণের জন্য সব সাধারণ বাসগুলিকে তিনি স্পেশ্যাল বাস করে দিয়েছেন একটি করে 'এস' লাগিয়ে দিয়ে। এই ভাবে মানুষকে বাধ্য হয়ে বাসের অভাবে উপায় বিহীনভাবে স্পেশ্যাল বাসে যেতে হচ্ছে। সুকৌশলে এই তৎপরতা তিনি দেখিয়েছেন। উনি স্ট্যাটিসটিক্স যাই দিন না কেন ইন প্র্যাকটিস তুলনামূলক ভাবে স্পেশ্যাল বাসের সংখ্যা বেড়েছে, সাধারণ বাসের সংখ্যা কমেছে এটা আমরা দেখতে পাচ্ছি। স্পেশ্যাল বাসে লোক চাপলে মাথা নিচু করে যেতে হত। এখন স্পেশ্যাল বাসে দাঁড়াতে দেওয়া হচ্ছে। সাধারণ বাসগুলিকে রং করে স্পেশ্যাল করে দেওয়া হচ্ছে। বামফ্রন্ট সরকার সুকৌশলে এই তৎপরতাটা দেখিয়েছেন যে কি করে প্রকাশ্যে ভাড়া বৃদ্ধি ঘোষণা না করেও যাত্রী সাধারণের পকেট কাটা যায়।

[4-10 – 4-20 P.M.]

এই রকম একটা সঙ্কটজনক অবস্থার সুযোগ আপনারা নিয়েছেন। আজকে এই যে সঙ্কটময় পরিস্থিতি এটা উদ্দেশ্যমূলক ভাবে তৈরি করা হয়েছে। কয়েকদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যা সংবাদপত্রে বেরিয়েছে আনন্দবাজার পত্রিকায় এবং অন্যান্য পত্রিকাতেও বেরিয়েছে। তিনি পরিবহন সঙ্কটের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করতে বলেছেন যে স্টেট বাসে যেসব কর্মচারীগণ কাজ করেন তারা অনেকেই আসেন না অনেক কর্মচারী সময় মত আসে না এবং যে হারে অনুপস্থিত থাকলেও কাজ চালানো যায় অনুপস্থিতির সংখ্যা তার চেয়েও অনেক বেশি এটা খুবই আক্ষেপের কথা। সত্যিই এটা আক্ষেপের কথা। আজকে এই রকম অবস্থা হল কেন এই রকম পরিস্থিতি হল কেন। যেখানে একটা বামফ্রন্ট সরকার ক্ষমতায় অধিষ্ঠিত যারা বাম নীতি চর্চা করে বাম রাজনীতি এবং সেই উন্নত রাজনীতির সংস্পর্শে এসে শ্রমজীবী মানুষের শ্রমিক কর্মচারীদের প্রভূত উন্নতি হওয়া উচিত ছিল তাদের ন্যায় নীতি বোধ, তাদের দায়িত্ব বোধ তাদের কর্তব্য বোধ আরও উন্নত হবার কথা আজকে কেন সেটা হচ্ছে না। আজকে এই রকম বেদনাদায়ক অবস্থা কেন? অথচ অতীতে আমরা দেখেছি বামপন্থী রাজনীতির সংস্পর্শে এসে পশ্চিমবাংলার মানুষ শ্রমিক কর্মচারী উন্নত নৈতিকতা, নিষ্ঠা কর্তব্য বোধের দায়িত্ব বোধের পরিচয় দিয়েছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই আমরাও ছিলাম তখন সেই যুক্তফন্ট সরকারের আমলে ১৯৬৯ সালে অনেকেরই হয়তো স্মরণ আছে যে সেই সময় কলকাতার রাস্তায় কতগুলি চলত এবং তার অবস্থা কি ছিল। তখন বাসের গায়ে লেখা থাকত যে যাত্রী সাধারণকে দৃষ্টি আকর্ষণ করছি যে কতগুলি গতিহীন বাস

সচল অবস্থায় আনা সম্ভব হয়েছে সাধারণ কর্মীদের চেষ্টায় এবং সহযোগিতায়। এই অবস্থা গত যুক্তফ্রন্ট সরকারে আমলে ছিল।

It was practically a challenge against bureaucracy and corrupted administration.

সাধারণ কর্মচারীরা আমলাতন্ত্রের বিরুদ্ধে দুর্নীতি পরায়ণ অফিসারদের বিরুদ্ধে একটা চ্যালেঞ্জ ঘোষণা করেছিল। এই রকমভাবে অনেক অচল বাস সচল হয়েছিল ঐ শ্রমিক কর্মচারীদের সহযোগিতায় তাদের কর্তব্য বোধ, উন্নত মানের দায়িত্ব বোধে আর আজকে কেন মুখ্যমন্ত্রীকে এই কথা বলতে হচ্ছে যা আনন্দবাজার পত্রিকায় স্পষ্টভাবে ফুটে উঠেছে। এই একটা পেনফুল অবস্থা কেন। কারণ বামফ্রন্ট রাজনীতির যথাযথ ফুটে উঠে নি রাজনীতি চর্চার মান অবনতি হয়েছে। যার আজকে এই পরিণতির সৃষ্টি হয়েছে। আজকে তাদের দৃষ্টিভঙ্গির অবনতি হয়েছে তারা আজকে আমলাতন্ত্রের দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে চলেছেন। আপনারা নিজেরাই অর্থাৎ মন্ত্রীরাই যদি আমলাতন্ত্রের সলিলে নিমজ্জিত হন তাহলে শ্রমিক কর্মচারীদের আপনারা কাজ করাবেন কি করে। টোকো আমের গাছ পেতে সেখানে যদি মিষ্টি ফল আশা করেন তাহলে কি করে তা পাবেন — তা হতে পারে না। আজকে আপনারা যে রাজনীতির চর্চা করছেন তার পরিণতি হিসাবে আজকে আপনারা এই জায়গায় এসে দাঁড়িয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় সাজেশান চেয়েছেন, আমার কিছু সাজেশান আছে, আমি সেগুলি বলে আমার বক্তব্য শেষ করছি। আজকে ট্রাফিক জ্যামের ঘটনা প্রায়ই ঘটছে। আপনি জানেন যে এই কলকাতায় লরি একটা সমস্যা। আপনি হয়ত আশ্চর্য হয়ে যাবেন যে ৬০ হাজার লরি শহরের মধ্যে আছে এবং দুটি করে যদি গাড়ি চলে তার একটা লরি। কাজেই ট্রাফিক জ্যামের এটা একটা সমস্যা। অথচ যে আইন আছে, নিয়ম আছে অফিস টাইমে সকাল ৮টা থেকে ১১টা পর্যন্ত এবং বিকাল ৪টা থেকে ৭টা পর্যন্ত লরি কলকাতার রাস্তায় চলবে না। সেই আইনকে অমান্য করে হাজার হাজার লরি চলছে এবং ট্রাফিক জ্যাম হচ্ছে। সেই আইনকে কঠোর হস্তে দমন করা দরকার। তাছাড়া এই সমস্যার ব্যাপক উন্নতির জন্য রাষ্ট্রীয় পরিবহন আরো বাড়ান দরকার। এগুলি যদি না করা যায় তাহলে পরিবহনের ক্ষেত্রে সমস্যার সমাধান হবে না। আপনারা সকলে জানেন যে বিশ্বব্যাঙ্ক ইতিমধ্যে সি. এম. ডি. এ.-এর মাধ্যমে ৪টি কিস্তিতে ট্রাম অ্যান্ড স্টেট বাসের জন্য ১০ কোটি টাকা দিয়েছে এবং আরো ৯৫ কোটি টাকা দিতে প্রস্তুত এই পরিবহন ব্যবস্থার জন্য। কিন্তু এই ব্যাপারে একটা সঙ্কট দেখা দিয়েছে। বিশ্বব্যাঙ্ক একটা শর্ত আরোপ করেছেন। তারা বলেছেন যে এই টাকা তারা দেবেন কিন্তু একজন চিফ কো-অর্ডিনেটর অভিজ্ঞ এবং দায়িত্বশীল অফিসারকে সর্বক্ষণের জন্য নিযুক্ত করতে হবে। সেই অফিসার এমন মানুষ হবেন, যাকে নিত্যনৈমিত্তিক পরিবহন ব্যবস্থা নিয়ে থাকতে হবে। মাননীয় আমীন সাহেব প্রস্তাব করেছিলেন সি. এস. টি. সি.-র যিনি চেয়ারম্যান, এস. কে. সিং, তার নাম। কিন্তু বিশ্বব্যাঙ্ক তাতে রাজি হন নি। পরবর্তীকালে মোস্তাক সাহেবের নাম করা হয়েছিল তাতে এরা রাজি হয় নি। এখন ব্যাপারটা মাননীয় মুখ্যমন্ত্রীর বিবেচনাধীন রয়েছে। কে হবে এই নিয়ে কতদিন চলবে জানি

না। ৯৫ কোটি টাকা বিশ্বব্যাঙ্ক থেকে পাবার সুযোগ রয়েছে সেটা নষ্ট না হয়ে যায়। তারপর ট্রাফিক ল সম্পর্কে এ কথা বলতে চাই যে ট্রাফিক আইন যে ভাবে প্রয়োগ হয়, প্রত্যেক ক্রসিংয়ে ক্রসিংয়ে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য ট্রাফিক পুলিশ থাকা দরকার কিন্তু সেখানে থাকে না। ট্রাফিক সিগন্যাল যেগুলি আছে তার মধ্যে অনেকগুলি অকেজো হয়ে আছে। এই কারণেও ১৫ থেকে ২০ পারসেন্ট ট্রাফিক জ্যাম হয় এবং এতে পরিবহন চলাচলে সঙ্কট সৃষ্টি করে। ট্রাফিক আইনকে লঙ্ঘন করার জন্য কঠোর হস্তে দমন করা হয় না। এ ক্ষেত্রে ২৬শে ফেব্রুয়ারি লন্ডনের চিফ সুপারিনটেনডেন্ট অব পুলিশ, ট্রাফিক, তিনি এখানে এসেছিলেন এবং বক্তব্য রেখেছিলেন। তিনি বলেছিলেন যে লন্ডনে দৈনিক ২০ লক্ষ ফাস্ট মুভিং কার চলে। অথচ সেখানে ৪০ লক্ষ ৮০ হাজার কারের বিরুদ্ধে ট্রাফিক আইন ভঙ্গ করার দায়ে কেস করা হচ্ছে। কিন্তু কলকাতায় ১ লক্ষ ৭০ হাজার ট্রাফিক প্লাই করে সেখানে মাত্র ২● থেকে ২২ হাজার ট্রাফিক আইন ভঙ্গের কেস রুজু করা হয়। কাজেই কঠোর হস্তে দমন করা হচ্ছে না। আমি আরো কতকগুলি সাজেশানস আপনার কাছে দিতে চাই এই পরিবহন সমস্যা সমাধান করার জন্য এবং স্পেসিফিক ভাবে এই কথা বলতে চাই। একটা হচ্ছে ইমিডিয়েট স্টেপ নিতে পারেন, আর একটা হচ্ছে লং টার্ম প্রোগ্রাম। ইমিডিয়েট স্টেপ বলতে — অবিলম্বে যানবাহনের সংখ্যা বাড়াতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে, আমাদের যানবাহন রক্ষণাবেক্ষণ ঠিক মত হচ্ছে না, এটা অত্যন্ত নেগলেকটেড হচ্ছে। যানবাহন রক্ষণাবেক্ষণের ব্যাপারে আরো যত্নশীল হওয়া দরকার এবং ট্রাফিক আইনকে যাতে কঠোর ভাবে কার্যকরি করা যায় সেই ব্যবস্থা নিতে হবে।

[4-20 – 4-30 P.M.]

অবিলম্বে অকেজো ট্রাফিক সিগনালগুলির সংস্কার করার ব্যবস্থা করুন। রাস্তায় ক্রসিংগুলিতে ট্রাফিক পুলিশ মোতায়োন করার ব্যবস্থা করুন। আজকে ফুটপাথগুলির এমন অবস্থা যে, পথচারীরা ফুটপাথ ব্যবহার না করে রাস্তা দিয়ে চলে। যাতে তারা ফুটপাথ দিয়ে চলতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। লরি এবং ঠেলাগাড়ি যাতে নির্দিষ্ট সময়ে প্ল্যাই না করে তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। দীর্ঘ মেয়াদি পরিকল্পনা হিসাবে চক্ররেল-এর ব্যবস্থা করতে হবে এবং বিভিন্ন রাস্তার প্রসার বাড়াতে হবে। এই কয়টি সাজেশন মন্ত্রী মহাশয়ের কাছে আমি রাখছি, কারণ তিনি সাজেশন চেয়েছিলেন। আমার সময় হয়ে গেছে সুতরাং এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে কিছু অতিরিক্ত সময় দেওয়ার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী নিরঞ্জন মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পরিবহন মন্ত্রী মহাশয় আজকে এখানে যে ব্যয় বরাদ্ধের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি।

এটাকে সমর্থন করতে গিয়ে আমাদের আজকে যান-বাহনের যে সঙ্কট চলছে সেই সঙ্কটের বিষয়ে গভীরভাবে আলোচনা করা দরকার। এটা শুধু বক্তৃতা বা বিবৃতি দেওয়ার ব্যাপার নয়। সমস্ত সদস্যদের এবিষয়ে গভীরভাবে দৃঢ় ভাবে চিন্তা ভাবনা করতে হবে এবং সেটা করা উচিত।

আমি এতক্ষণ ধরে আমাদের নবোদয় কংগ্রেসের নব বাবুর বক্তৃতা শুনছিলাম। তিনি এর মধ্যে কিছু ন্যাবা দেখেছেন। কারণ তিনি এর মধ্যে কোনো কিছুই ভাল দেখতে পাচ্ছেন না। অথচ আমরাও তাঁর কাছ থেকে এই বিধানসভায় কোনো গঠনমূলক আলোচনাও শুনতে পেলাম না। আমরা জানি সেটা ওঁরা করবেন না। কিন্তু আমাদের এস. ইউ. সি.-র পক্ষের দেবু বাবুর কথাগুলি শুনে আমার আশ্চর্য লাগল। অবশ্য তিনি যে সাজেশনগুলি রাখলেন, সেগুলি ভাল। কিন্তু তিনি যেভাবে তাঁর বক্তব্য পেশ করলেন তাতে মনে হল তিনিও সব কিছুতেই ন্যাবা দেখছেন। অবশ্য এতে আমাদের কিছুই করার নেই।

এটা ঠিকই যে, আমাদের দেশের যে অবস্থা, যেভাবে জনসংখ্যা বেড়েছে সেভাবে যানবাহন বাড়ানো সম্ভব হয় নি। আমরা জানি আজকে আমাদের যে বিদ্যুৎ সঙ্কট, সেটা এক দিনে সৃষ্টি হয় নি এবং এক দিনে, কি এক বছরে, কি দু' বছরেও সেই সঙ্কটের সমাধান হবে না। তেমনি যানবাহনের ক্ষেত্রেও একই অবস্থা। স্বাধীনতার পরের কংগ্রেস রাজত্বে এবং তার পরবর্তীকালের ইন্দিরা গান্ধীর ১১ বছরের রাজত্বকালের পরিণতি হিসাবে পরিবহন ক্ষেত্রে দেশের মানুষকে একটা অন্ধকারময় পরিস্থিতির মধ্যে এনে দাঁড় করানো হয়েছে। তার অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে আজকের এই যানবাহন সঙ্কট। এই সঙ্কটের তীব্রতা যে ক্রমশ বৃদ্ধি পাচ্ছে তা কেউ অস্বীকার করতে পারে না। এই তথ্যের ব্যাপার এবং সেই তথ্য আমরা নিশ্চয়ই জনসাধারণের সামনে উপস্থিত করব। কিছু কিছু পরিবর্তন হয়েছে, উন্নতি হয়েছে, যানবাহনের সংখ্যা বেড়েছে। কিন্তু যেভাবে জনসংখ্যা বেড়েছে এবং বিভিন্ন ক্ষেত্রে দেশের মধ্যে যেভাবে পরিবর্তন সাধিত হয়েছে সেভাবে তার সঙ্গে সমতা রেখে এখন পর্যন্ত আমরা পরিবহনের উন্নতি ঘটাতে পারি নি। যার ফলেই এই সঙ্কট ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। সুতরাং আজকে এ বিষয়ে আমাদের অত্যন্ত দ্রুততার সঙ্গে, জরুরী ব্যবস্থার মাধ্যমে এই সঙ্কটের মোকাবিলা করা দরকার।

বামফ্রন্ট মন্ত্রী সভা এবং বামফ্রন্টের পরিবহন মন্ত্রী সেই উদ্যোগই গ্রহণ করেছেন। সুতরাং আজকে এই বাজেট বরাদ্দকে সমর্থন করতে গিয়ে আমাদের দেখতে হবে যে, আমরা কতটুকু এগিয়েছি, আমরা কতটুকু কি করতে পেরেছি এবং কোথায় আমাদের ঘাটতি আছে, কিভাবে সেই ঘাটতি পূরণ করতে হবে। আমাদের এই বিধানসভার পরিবর্তন ঘটেছে, একটা শ্রেণী স্বার্থের, একটা কায়েমী স্বার্থের সরকারের হাত থেকে দেশের শ্রমিক, কৃষক, সাধারণ মানুষের সরকার প্রতিষ্ঠিত হয়েছে, কিন্তু দেশের যে শাসন ব্যবস্থা এত দিন ছিল, যে আমলাতান্ত্রিক ব্যবস্থা এত দিন ছিল, যুগ যুগ ধরে যা দেশের মানুষকে শোষণ করে, লুঠ করে এসেছে তার কোনো পরিবর্তন এখনো ঘটে নি।

আজকে যদি বলা যায় তাহলে পরিবহনের প্রধান বাহন হচ্ছে, রেল, ট্রাম, স্টেট বাস, প্রাইভেট বাস, মিনিবাস, ট্যাক্সি, অটোরিক্সা, সাইকেল রিক্সা, ঘোড়ার গাড়ি, গরুর গাড়ি প্রভৃতি এই সমস্ত গাড়ি মানুষকে এক জায়গা থেকে অন্য জায়গায় বহন করে। এগুলিই হচ্ছে পরিবহনের প্রধান মাধ্যম। এর মধ্যে ট্রাম এবং তিনটি রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা আছে সরকারি পরিচালনায় আর অন্যান্য সব ব্যক্তিগত মালিকানায় পরিচালিত হয়। রেল কেন্দ্রীয় সরকার পরিচালনা করেন। এটা আমাদের কিছু করার নেই। ট্রেনের ভাল ব্যবস্থা এবং এর মাধ্যমে

দেশের মানুষের যাতায়াতের দুর্বিসহ অবস্থার হাত থেকে বাঁচানো এটা আমাদের এক্তিয়ারের বাইরে। এটা কেন্দ্রীয় সরকার করেন। আমাদের যানবাহন ব্যবস্থা বেশির ভাগই নির্ভর করতে হয় ব্যক্তিগত মালিকানার উপর। যে সমস্ত প্রাইভেট বাস, মিনি বাস এবং ট্যাক্সি চলে বিভিন্ন জায়গায় এবং অন্যান্য যে সমস্ত গাড়ি চলে সেগুলো সবই ব্যক্তিগত মালিকানায় বেশির ভাগ যানবাহন নিয়ন্ত্রিত হয়। এই সমস্ত মালিকদের চরিত্র কি? এদের চরিত্র হচ্ছে, এতকাল ধরে তারা খালি মুনাফা লুঠেছে, এ ছাড়া এই সমস্ত প্রাইভেট বাস চলে তারা কোন পরিবহনের কোন নিয়ম-কানুন আইন কোন কিছুই মানে না আর যে সমস্ত শ্রমিক কর্মচারী যারা ঐ সমস্ত প্রাইভেট বাসের সঙ্গে নিযুক্ত তাদের দারিদ্রতার সুযোগ নিয়ে ১৩/১৪/১৫ ঘন্টা ডিউটি করানো হয়। এই সমস্ত প্রাইভেট বাসের মালিকেরা মুনাফাকে বড় করে দেখে এবং মুনাফা বজায় রাখবার জন্য বাসগুলিকে চালনা করা হয়। এও আমরা দেখেছি, যখন কোন রকম ডিজেল বা এই জাতীয় সঙ্কট সৃষ্টি হয় তখনই এই সমস্ত প্রাইভেট বাসের মালিকেরা পরিবহন ব্যবস্থা কমিয়ে দিয়ে মুনাফা বজায় রাখার চেষ্টা করেন, যখন কোন বিবাহ বা অন্যান্য কোন অকেসান আসে তখনই ইচ্ছামত কোন আইন-কানুন না মেনে রুট থেকে বাসগুলিকে তুলে নিয়ে চলে যায়। দেশের মানুষ যারা প্রতিদিন যাতায়াত করেন, অফিস আদালত বা রুজি রোজগারের জন্য তাদের দিকে বিন্দুমাত্র তাকান না। তারা যেমন তাদের বাসের শ্রমিক কর্মচারীদের উপর ব্যবহার করেন ঠিক তেমনি মানুষগুলিকেও ব্যবহার করেন। এখন এর হাত থেকে আমাদের মুক্তি পেতে হবে এবং মুক্তি পেতে হলে আমি কতকগুলি সাজেশান মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে রাখব। আপনি যদি হিসাব দেখেন তাহলে দেখবেন — কলকাতা শহরতলিতে আগে প্রাইভেট বাস ১৪০০ মতন চলত। ৬০০ বাস আমরা আসবার আগেই কমিয়ে দেওয়া হয়েছে এবং বর্তমানে আরোও কিছু কমে গিয়ে মাত্র ৬০০ বাস কলকাতার আশেপাশে রাস্তায় চলছে। অর্থাৎ ১৪০০ জায়গায় ৬০০তে নামিয়ে দিয়েছে। অন্যদিকে সরকারি উদ্যোগ নিয়ে নূতন প্রাইভেট বাস, কিভাবে রাষ্ট্রীয় পরিবহনে স্টেট বাস বাড়ানোর পরিকল্পনা গ্রহণ করে কিছু কিছু করে প্রতি বছর প্রতি মাসে কি রকম বাড়ানো হল তার সংখ্যা আমি বলব। মাননীয় মন্ত্রী মহাশয়ও তাঁর বাজেট ভাষণে বলেছেন। অন্যদিকে প্রাইভেট বাসের মালিকরা তারা যাতে করে কোন ক্ষেত্রেই কো-অপারেটিভ মারফত বা যারা সরকারকে বাস বাড়িয়ে সহযোগিতা করতে ইচ্ছুক তাদের বাস যাতে না বেরুতে পারে এদের বিরুদ্ধে ষড়যন্ত্র করে অসুবিধা করবার জন্য কোর্টের আশ্রয় চলে গেল। এইভাবে ১৯৭৭ সালের জুন মাসে ১৬টি জেলায় ১ হাজার ৬১টি রুটে ৩ হাজার ৬৬৫টি স্থায়ী পারমিট আর ১ হাজার ৩৮১টি অস্থায়ী পারমিট মোট ৫ হাজার ৪৬টি বাসের পারমিট দেওয়া হয়েছিল।

[4-30 – 4-40 P.M.]

এই সরকার ১৯৭৯ সালের মার্চ পর্যন্ত মোট ১০৭টি বাসের পারমিট দিতে পেরেছেন, কিন্তু এ ক্ষেত্রে চেসিসের অভাব আছে। এ ছাড়া ৩৩০টা রুটের ২৬২৮টি বাসের পারমিট কার্যকরি করা যায় নি, বাস মালিকদের কোর্টে কেস করার ফলে, অর্থাৎ ১৩৮টা কেস কোর্টে পেনডিং আছে। এই কেসের সমাধান না হলে বাস পারমিট দেওয়া সত্বেও তারা রাস্তায় বাস

বার করতে পারছে না। তাহলে মোট ২৭৩৫টি নূতন বাস রাস্তায় যদি নামান যেত তাহলে ৫০৪৬টি বাস নিয়মিত ভাবে চলত যাতে মানুষের খানিকটা রিলিফ হতে পারত। এ ক্ষেত্রে আমার সাজেশান হচ্ছে এই বাসের রুটগুলিকে সরকার থেকে জাতীয় করণ করে ব্যক্তিগত মালিকানায় হোক, বা কো-অপারেটিভের মাধ্যমেই হোক তাদের এই রুটগুলিতে বাস চালাবার কন্ট্রাকট দেওয়া হোক, এ ব্যবস্থা করলে ইচ্ছা মত রুট থেকে বাস উঠিয়ে নেওয়া যাবে না এবং সে ক্ষেত্রে সরকারের একটা নিয়ন্ত্রণ থাকবে। এই বিষয়টা আমি মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলব। এটা করলে মুনাফাখোরী মালিকদের এই সরকারকে হেয় করার যে কৌশল সেটা ব্যর্থ হবে। এর পরই দ্বিতীয় স্থান হচ্ছে স্টেট বাসের। আমরা জানি বর্তমানে যা সংখ্যা আছে তার চেয়ে চাহিদা অনেক বেশি, যার ফলে সঙ্গতভাবেই মানুষের মধ্যে সমালোচনা হয় কিন্তু এই চাহিদা এবং ফারাককে পূরণ করার জন্য মন্ত্রী সভার চেষ্টা আছে কিনা সেটা দেখতে হবে। তথ্যে বলছে প্রতি বছর ধীরে ধীরে অগ্রগতি হচ্ছে, কিন্তু তুলনামূলক ভাবে কম। এর কারণ হচ্ছে ট্রামের ক্ষেত্রে সমস্ত ট্রেড ইউনিয়ন মিলে একটা সুস্থ পরিবেশ রচনা করে এখানে একটা উদ্দীপনা সৃষ্টি করতে পারা গেছে। এইরকম ভাবে যদি স্টেট বাসের মধ্যেও করা যেত তাহলে অবস্থা আরও উন্নত হত। কিন্তু এখানেও যে উন্নতি আছে সেটা কম নয়। আমি শুধু ৭৭ সালের একটা হিসাব এবং ৮০ সালের একটা হিসাব দেব। ৭৭ সালের জুন মাসে এই সরকার যখন ক্ষমতায় এলেন তখন কলকাতা শহরে ৫৬৫ খানা বাসের মধ্যে ৪৫৩ খানি চলত, স্পেশ্যাল বাস চলত ৫০ এবং ৬২ খানা দূরপাল্লার বাস চলত।

সেই জায়গায় ৮০ সালের ফেব্রুয়ারিতে বাস চলেছে ৭২৫ খানা। সুতরাং দেবব্রত বাবু ইচ্ছা করে এখানে তথ্যের বিকৃতি করলেন। কলকাতার জনসংখ্যা বৃদ্ধি হয়েছে, রাস্তার অবস্থার কথাও তাঁর জানা উচিত ছিল। তিনি শুধু স্পেশ্যাল বাসের কথা বলেছেন। কলকাতা শহরে ফেব্রুয়ারি মাসে বাস চলেছে ৪৮৪ খানা, স্পেশ্যাল বাস ১৪২, এবং ৯৯ খানা দূরপাল্লার বাস চলেছে। লং রুটের আরও চাহিদা আছে। লং রুটের বাস আরও বেড়েছে বলে আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। রাষ্ট্রীয় পরিবহন সম্বন্ধে একটি কথা বলতে গিয়ে আমলাতন্ত্র সম্বন্ধে কয়েকটি উদাহরণ দিতে চাই। ট্রামের ক্ষেত্রে ট্রেড ইউনিয়ন এবং শ্রমিকদের মধ্যে ঐক্যবদ্ধ ভাবে চলার ফলে ট্রাম ব্যবস্থা ভালভাবে চলছে। কলকাতা থেকে ট্রাম তুলে দিয়ে পাতাল রেলের পরিকল্পনা তাঁরা করলেন — যেটা কবে হবে আমরা জানি না। আমি বলছি একটা চক্র রেল করা হোক। যাতে কলকাতার সংকীর্ণ রাস্তায় যানবাহন সমস্যা হবে না। এই চক্র রেল সম্বন্ধে দিল্লিতেও কথা হয়েছে আমি আবেদন করছি এই ইস্যুটা আবার তুলুন। ট্রামের ক্ষেত্রে সিলেকশন গ্রেড ১.৩.৭৪ থেকে ৩১.৩.৭৮ পর্যন্ত আছে। কিন্তু এখানে বাসের বেলায় এর হিসাব চেয়ে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট থেকে একটা চিঠি '৭৯ সালের সেপ্টেম্বরে যায় কিন্তু আজ পর্যন্ত হেড কোয়ার্টার গণেশ অ্যাভিনিউ থেকে ঐ চিঠির জবাব বা পয়সার হিসাব তাঁরা দিতে পারলেন না। এর ফলে শ্রমিকদের মধ্যে একটা বিক্ষোভ আছে। এটা ঠিক কথা যে অনুপস্থিতির জন্য বাস চলে না। '৪৯ সালে একটা টাইম সিডিউল তৈরি করা হয়েছিল। ট্রামের অফিসাররা ইউনিয়নের সঙ্গে বসে একটা টাইম টেবল ঠিক করেন কিন্তু স্টেট বাসে এসব তাঁরা কিছুই করতে পারলেন না। প্রায় প্রত্যেকটি বাসের

তাদেরকে জানোয়ারের মত ৮/১০ ঘন্টা করে ডিউটি করতে হয়। সপ্তাহে তাদের কোন রিলিফ না থাকায় তাদের যে কি শারিরীক অবস্থা হয় সেটা চিন্তা করার ব্যাপার।

[4-40 – 4-50 P.M.]

কামাই করতে বাধ্য হওয়ার ফলে আজকে অনেক সময় সঙ্কট সৃষ্টি হয়। আমি তাই পরিবহন মন্ত্রীকে বলব যে সমস্যা আছে, সেই সমস্যার আরো গভীরে গিয়ে তৎপরতা দিয়ে সেই সমস্যাকে দেখতে হবে। কিন্তু যে অগ্রগতি তিনি সৃষ্টি করেছেন, যে উত্তেজনা পরিবহন ব্যবস্থার মধ্যে তিনি আনতে পেরেছেন এটাকে তিনি আরো এগিয়ে নিয়ে যান, কঠোর হস্তে এই ধরনের যে স্যাবোটেজ ব্যক্তিগত মালিকানায় করছে তার বিরুদ্ধে রুখে দাঁড়ান, পশ্চিমবঙ্গের মানুষ আপনার পাশে থাকবে, এই বিশ্বাস রেখে এবং এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ আমিন ঃ** মিঃ স্পিকার, স্যার, এবারে ট্রান্সপোর্ট বাজেটের উপর আলোচনার জবাব দেওয়ার খুব বেশি কিছু নেই, তবে যা দরকার তা নিশ্চয়ই বলব। তার কারণ হল অপোজিশন পক্ষের সদস্যরা কতকগুলি সাধারণ কথা যা বলার তা বলে গেলেন। আমি প্রথমে দুটো বিষয় বলে দিতে চাই। একজন মাননীয় সদস্য হাউসকে ভুল বোঝাবার চেষ্টা করেছেন যে আমাদের আমলে নাকি রেভেনিউ রিসিট কমে গেছে। রেভেনিউ রিসিটের হিসাব আমি আপনাদের কাছে পড়ে দিচ্ছি, আপনারা বুঝতে পারবেন। ১৯৭৪-৭৫ সালে ৯ কোটি ৪০ লক্ষ ৫ হাজার ৬৯১ টাকা ৯২ পয়সা উঠেছিল। ১৯৭৫-৭৬ সালে ১০ কোটি ২৮ লক্ষ ৭০ হাজার ৮৮৩ টাকা ৪৯ পয়সা উঠেছিল। ১৯৭৬-৭৭ সালে ১২ কোটি ৭৩ লক্ষ ৯০ হাজার ২৭১ টাকা ৩১ পয়সা উঠেছিল। এতক্ষণ কংগ্রেস আমল গেল। তারপর আমাদের সরকার এল, আমাদের আমলে ১৯৭৭-৭৮ সালে ১৩ কোটি ৫৭ লক্ষ ৮৫ হাজার ৫৩০ টাকা ১৩ পয়সা উঠেছিল। ১৯৭৮-৭৯ সালে ১৪ কোটি ৫০ লক্ষ ৭৩ হাজার ৬০৪ টাকা ৫২ পয়সা উঠল, আর ১৯৭৯-৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ১২ কোটি ১০ লক্ষ ৮ হাজার ২৫১ টাকা ৫১ পয়সা উঠেছে। সুতরাং রেভেনিউ রিসিটের কথা যে বলেছেন কমেছে আমি সেটা প্রমাণ করে দিচ্ছি যে কমে নি, সেটা বেড়েছে। রেভেনিউ রিসিট মানে হচ্ছে আর. টি. এ. যে টাকাটা আদায় করে সেটা। দ্বিতীয়ত ট্রাম কোম্পানীর প্রশ্ন তুলে কংগ্রেস বেঞ্চের একজন সদস্য ২ কোটি ১৮ লক্ষ টাকা যেটা কোর্টে জমা আছে সেটা নিয়ে তিনি জ্যোতি বাবুর কিছু চিঠির নকল এখানে পেশ করলেন, এমনভাবে পেশ করলেন যাতে মনে হতে পারে যে জ্যোতি বাবু বোধ হয় কিছু একটা অন্যায় কাজ করেছেন। রাইটার্স বিল্ডিংসে তাঁদের লোকজন আছে, কাজেই নকল যোগাড় করা এমন কিছু নয়। ট্রাম কোম্পানী ন্যাশানালাইজ এর ব্যাপারে ওঁদেরই সরকার যখন ছিল তখন কোর্টে ওঁরাই টাকাটা জমা দিলেন ২ কোটি ১৮ লক্ষ টাকা, ৮৯ লক্ষ টাকা তার থেকে কেটে নিতে হবে এই দাবিও ওঁদের সরকারই জানালেন। মামলা এখন কোর্টে বিচারাধীন। প্রাক্তন ট্রাম কোম্পানীর লোকেরা মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে যখন বললেন — ওঁদের সরকারের কাছে গিয়েছে, বলেছে যে এর আপনারা মীমাংসা করে দিন, তখন আমরা এই বিষয় নিয়ে আলোচনা করি, সেখানে জ্যোতি বাবু ছিলেন, আমাদের আইন মন্ত্রী ছিলেন, অ্যাডভোকেট জেনারেল ছিলেন, এর বিভিন্ন দিক আমরা দেখেছি। আমি শুনেছি যে প্রাক্তন ট্রাম কোম্পানী একটা মামলা করবে সিটি সিভিল

কোর্টে এটা জমা থাকার জন্য তারা ইন্টারেস্ট পাচ্ছে না। কাজেই ইন্টারেস্ট যে লস হল সেই লস দিতে হবে। আমরা বলেছি ওরা যদি মামলা করে তো করুক, কোর্টে যা বিচার হবে তাই হবে, আমাদের করার কিছু নেই। সেজন্য একটা কথা যখন বলবেন তখন মনে রাখবেন শেষ পর্যন্ত তার কি মানে দাঁড়াবে। ওটা না ভেবে যদি বলেন তাহলে তাতে কোন ফল হবে না। বীরেন বাবু অনেকগুলি কথা বললেন, তিনি এটাও বলেছেন যে পরিবহন মন্ত্রী ভাল লোক, সৎ লোক, আবার একথাও বললেন যেহেতু উনি ব্যর্থ হয়েছেন সেজন্য ওঁর পদত্যাগ করা উচিত।

দুটি কথা একই সঙ্গে কেন তিনি বললেন? আমি ভাল লোক কিনা জানি না, কারণ নিজেকে জানা এত সহজ নয়। কিন্তু আপনি যদি মনে করেন আমি ভাল লোক তাহলে এই ভাল লোকের পদত্যাগ কেন দাবি করছেন? আমি যদি ভাল লোক হই তাহলে আমাকে সাজেশান দিন, আমি সেগুলি দেখব। ন্যাশানালাইজেশন অব প্রাইভেট বাসে প্রশ্ন আসে না এবং সেকথা নিশ্চয়ই কেউ বলবেন না। প্রাইভেট বাসে ন্যাশানালাইজ করা নীতিগত দিক থেকে খারাপ। আপনারা জানেন সরকারি বাস-এর ১০ গুণ হচ্ছে প্রাইভেট বাস। প্রাইভেট বাস ন্যাশানালাইজ করলে তাদের কমপেনসেশন দিতে হবে একথা আমাদের সংবিধানে রয়েছে। আমরা তো সংবিধানের বাইরে যেতে পারি না। তবে অন্যান্য যে সমস্ত কথা বলা হয়েছে, যেমন রুট ন্যাশানালাইজ করে গাড়ি চালান যাতে হাইকোর্টে যেতে না পারে — এগুলি ভাল প্রস্তাব, আমি এগুলি মনে রাখব। তবে আমাদের স্কীম তখনই সফল হবে যখন প্রাইভেট বাস-এর মালিকরা আমাদের সঙ্গে কো-অপারেট করবেন। তবে গত ৩ বছরে আমাদের এটা মনে হয় নি যে তারা আমাদের সঙ্গে কো-অপারেশন করে নি। এখানে করাপশনের কথা বলা হয়েছে। সরকারের সব বিভাগেই করাপশন রয়েছে, পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় করাপশন থাকে। তবে আমরা এই করাপশন কমাতে চাই, একে বন্ধ করতে চাই। তবে আমি বা আমাদের বামফ্রন্ট সরকার একথা বিশ্বাস করে না যে পুঁজিবাদী সমাজ ব্যবস্থা থেকে করাপশন মুক্ত করা যায়। তবে বিরোধি দলের সদস্যরা যদি আমাকে দেখিয়ে দিতে পারেন যে মন্ত্রী পরিষদের কোন সদস্য বা সরকার করাপশনকে সাহায্য করছেন তাহলে তাঁর যে শাস্তি দেবেন আমি সেটা মানতে রাজি আছে। তারপর, একজন মাননীয় সদস্য এখানে সংবাদপত্রের অনেক কোটেশন পড়েছেন। সংবাদপত্রে অনেক সমালোচনা হয়। আমরা সংবাদপত্রের সমালোচনাকে স্বাগত জানাই কারণ তাঁরা আমাদের ভুল ধরিয়ে দেয়। আমার কাছে যে সমস্ত অভিযোগ আসে আমি সেগুলির তদন্ত করি, কোনটা বাদ পড়ে না। আমি যদি দেখি কোথাও কিছু গোলমাল হয়েছে তাহলে তাকে শুধরে নেবার চেষ্টাও করি। এখানে একজন মাননীয় সদস্য বললেন, আমি, চিফ মিনিস্টার এবং অর্থমন্ত্রী নাকি ঠিক করেছি বাস-এর ভাড়া বাড়বে। **(শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ 'বাংলাদেশ' পত্রিকায় এটা বেরিয়েছে)** ভাড়া বাড়বে কি না সে সম্বন্ধে আর. এন. দত্ত কমিশন বসিয়েছি, তাঁদের রিপোর্ট পেলে সরকার ঠিক করবেন ভাড়া বাড়বে কিনা। তবে এর মধ্যে অবস্থার অবনতি ঘটেছে। বেসরকারি বাস কমে যাবার ফলে সরকারি বাস গত ২/৩ বছরে যা বেরিয়েছিল তার কোন উপকার জনসাধারণ বুঝতে পারছে না। ৩০০ সরকারি বাস পড়ে আছে এবং ওই সংখ্যক প্রাইভেট

বাস কমে যাবার ফলে যাত্রীদের অসুবিধা থেকেই গেল। তারপর, রেলওয়ে পরিবহন দারুণ সঙ্কটের সম্মুখীন হয়েছে।

[4-50 - 5-00 P.M.]

গুডস ট্রান্সপোর্ট প্রায় স্যাচুরেশান পয়েন্ট-এ এসে গেছে, একথা চারিদিকে শুনছি, তবে এর কোন সারভে হয়েছে বলে আমার জানা নাই। তবে এটি ঠিক যে ওয়াগন আর পাওয়া যাচ্ছে না। ওয়াগনের অভাবে মালবহনের জন্য রোড ট্রান্সপোর্টের দিকে চলে যাচ্ছে লোকে দিনের পর দিন। জনজীবনে লরির চাহিদা অনেক বেড়ে গিয়েছে, এটা আমাদের দেশে বর্তমান আর্থিক অবস্থার একটা নূতন ডেভেলাপমেন্ট। কোন কিছু স্বীকার করতে গেলে এটিকে যদি মিস করি তাহলে রং ক্যালকুলেশান এ চলে যাব। তার ফলে দাঁড়িয়েছে প্রাইভেট বাস-এ টাকা লগ্নি করার উৎসাহ কমে গিয়েছে। আমি যদি ঠিক বুঝতে পেরে থাকি তাহলে এটা হচ্ছে এটা ঠিক নয়, যে প্রাইভেট বাস চালিয়ে লস হচ্ছে, লস এখনও হচ্ছে না, তবে আগে থেকে প্রফিটের মারজিন অনেক কমে গেছে। কেন না দুই তিন বছরের মধ্যে ডিজেল, পার্টসের, চেসিস-এর দাম বেড়েছে এবং অপারেশন-এর কস্ট অ্যাজ এ হোল বেড়ে গিয়েছে। একটা লোক ২ লক্ষ টাকা খরচ করে একটা বাস কিনবে — সে যদি ২ লক্ষ টাকা খরচ করে একটা লরি কেনে তাহলে তার প্রফিট দুই গুণ তিন গুণ হবে। সুতরাং একজন ব্যবসায়ী কোন দিকে যাবে? আমি কি চাই সেটা বড় কথা নয়, এটা সরকারকে এবং আপনাদের মনে রাখতে হবে। ট্যাক্সি পারমিট কেন দিচ্ছেন না — একজন এখানে বললেন আমি বলছি পারমিটের দরজা খুলা আছে পারমিট নেবার লোক নাই। দরখাস্ত করলেই পারমিট পাওয়া যায়। এখানে স্পেশ্যাল বাস এবং মিনিবাসের কথা উঠেছে, স্পেশ্যাল বাস আমরা কিছু চালিয়েছি — ওদের সময়ও চলেছে। কিন্তু এটা কি লক্ষ্য করেছেন লং রুটের সমস্ত গাড়ি আমরা পাল্টে দিয়েছি. নূতন গাড়ি দেওয়া হয়েছে। লং রুটের গাড়ি যখন আমরা রিপ্লেস করলাম তখন সে গাড়ি বিক্রি করে দেওয়া ভাল না ঐ বডি তৈরি করে স্পেশ্যাল হিসাবে চালিয়ে দেওয়া ভাল। মাঝখানে দুটো পয়সা পাওয়া যাবে। লোকসান কেন সেটা আলাদা প্রশ্ন। সরকারি বাস কর্মীরা যে ন্যূনতম সুযোগ সুবিধা পান সেটা এখনও যথেষ্ট বলে মনে করি না — শ্রমিক কর্মচারীদের অনেক সমস্যা আছে অনেক অসুবিধার মধ্যে তাদের কাজ করতে হয়। যদিও তাদের একটা অংশ তাদের কাজ ঠিকমত করে না — এ অভিযোগও ঠিক কিন্তু সমস্ত শ্রমিক কর্মচারীদের দোষ দেওয়া ঠিক হবে না — কিছু লোক এখনও প্রাণপণ চেষ্টা করে গাড়িগুলি চালিয়ে যাচ্ছেন তা না হলে কলকাতার এই জটিল পরিবহন টিকে আছে কি করে? এই কথা বুঝতে হবে কোন বেসরকারি বাসের শ্রমিক কর্মচারীরা তারা অমানুষিক অবস্থার মধ্যে কাজ করতে হয় তাদের অবস্থার দিকেও আমাদের লক্ষ্য রাখা উচিত। এটাকে আলাদা ভাবে বিচার করলে চলবে না, সামগ্রিক ভাবে যে সামাজিক অবস্থার মধ্যে আমরা বাস করছি তারই একটা পরিচয় পাওয়া যায়, এই পরিবহন ইত্যাদি করতে গিয়ে যতটুকু উন্নতি হয়েছে ক্যালকাটা স্টেট কর্পোরেশন, নর্থ বেঙ্গল স্টেট কর্পোরেশন, দুর্গাপুর ট্রান্সপোর্ট কর্পোরেশন, বা ট্রাম কোম্পানিতে এগুলিতে নিশ্চয় শ্রমিক কর্মচারীদের আবদান আছে। যারা অফিসার শ্রমিক এঁদেরও অবদান আছে — সকলের

মিলিত প্রচেষ্টায় এই উন্নতি সম্ভব হয়েছে, যার জন্য আমি সকলকে অভিনন্দন জানাতে চাই। একজন বললেন মিলিটারি অফিসারকে তাড়িয়ে দিয়ে পুলিশ অফিসার আনলেন। এটা কি আপনারা ঠিক করবেন কে আসবে, আমাদের কাছে মিলিটারি, পুলিশ, আই. এ. এস. এইসব কোন বাদবিচার নেই, ভালমন্দ লোক সব জায়গায় আছে। উপযুক্ত লোক দেখেই আমরা নিযুক্ত করি। আমরা এইরকম অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার ফলে কাজের ক্ষতি যদি হয়ে থাকে তাহলে দয়া করে সেটা বলবেন, তা না হলে ঐভাবে কোন ব্যক্তির বিরুদ্ধে যার আত্মপক্ষ সমর্থন করার কোন সুযোগ এখানে নেই, হাউসে তাকে টেনে আনা উচিত নয়। চেসিসের কথা এখানে বলেছেন আমি একটা আনন্দের সংবাদ দিতে পারি আমরা দিল্লি পর্যন্ত ছুটাছুটি করে এই মাসের টেলকো ২৪ খানা চেসিস দিয়েছেন। তাঁরা জানিয়েছেন যে ইতিমধ্যে ৫জন টাকা জমা দিয়েছেন, আর বেসরকারি বাসের খবর আর. টি. এ. পারমিট দিতে পারে প্রথম পর্যায়ে যখন আর. টি. এ. পারমিট দেবার চেষ্টা করল, অ্যাপ্লিকেশন ইনভাইট করল ১৮ হাজার দরখাস্ত পাওয়া গিয়েছিল এবং প্যানেল করার আগে ইনজাংশন হয়ে গেল। আর. টি. এ. যখন পারমিট দেওয়ার জন্য অ্যাপ্লিকেশন ইনভাইট করল তখন ১৯ হাজার দরখাস্ত হল। কিন্তু প্ল্যান করার আগে ইনজাংশন হয়ে গেল। আর সেই ইনজাংশন ভ্যাকেট করতে গিয়ে প্রায় দেড় বছর লেগে গেল। আজকে দ্বিতীয় পর্যায়ে আর. টি. এ. ফেব্রুয়ারি মাসে ১৯৫ টাকা অর্ডার লেটার দিয়েছে। আমার কাছে যে খবর এসেছে তাতে দেখছি ইতিমধ্যে ৫খানা নেমে গিয়েছে এবং বিভিন্ন রুটে চলতে শুরু করেছে। মার্চ মাসে তারা আড়াইশো অর্ডার লেটার দেবে এবং যেহেতু টেলকোর এবং লেল্যান্ডের চেসিস পাওয়ার চেষ্টা করছি সেইহেতু আমার মনে হচ্ছে আজকে কিছু করা যাবে। কিন্তু কলকাতার নাগরিকদের এত দুঃখ কষ্ট হত না যদি আমাদের এই বারের যে পরিকল্পনা ছিল সেটা সম্পূর্ণ ভাবে কার্যকরি হয়ে যেত। অর্থাৎ আমাদের সরকার হওয়ার পর ৪১০ খানা নূতন গাড়ি কেনার ব্যবস্থা করলাম। যারা সি. এস. টি. সি. সম্বন্ধে বলছেন, কেন এত সাবসিডি বাড়ছে, তাঁদের আমি বলব, শ্রমিক কর্মচারীদের মাইনে বেড়েছে, জিনিসপত্রের দাম বেড়েছে, সেইজন্য এইটা হচ্ছে। তাছাড়া, এই ৪১০ গাড়ি কিনতে হবে। সাবসিডি না বাড়ালে টাকা কেউ দেবে না। কিন্তু সমস্ত কিছু আমাদের হাতে নেই। এত চেষ্টা সত্ত্বেও আমরা অনেক কিছুই করে উঠতে পারছি না। বাঙ্গালোরের মাইকো কোম্পানিতে চার মাস ধরে ধর্মঘট চলেছে। যার জন্য ৪১০ খানা গাড়ি আসতে পারে নি, যেগুলি মার্চ মাসে চলে আসার কথা। ৪১০ খানার মধ্যে ২২টা সেমি-আরটিকুলেটেড ডাবল ডেকার যেগুলোকে ট্রেলার গাড়ি বলে। যে ডেলিভারি শিডিউলড আছে তাতে আমার মনে হয় মে মাসে ১১০ খানা গাড়ি চলে আসবে। আর এইটা চলে এলে বর্তমান পরিস্থিতির অনেকটা উন্নতি হবে। আমরা তাতে ঠিক করেছি, কয়েকটা রুটে .........

**মিঃ স্পিকার :** মিঃ আমিন, একটু বসুন। নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী আজকের এই ব্যয় বরাদ্দের উপর আলোচনা ৪টে বেজে ৫৯ মিনিটের সময় শেষ হওয়ার কথা। কিন্তু এই আলোচনা এবং ব্যয় বরাদ্দের উপর ভোট গ্রহণের জন্য আরও কিছু সময়ের প্রয়োজন। অতএব পশ্চিমবঙ্গ বিধানসভার কার্য প্রণালী ও পরিচালন নিয়মাবলীর ২৯০ ধারা অনুযায়ী

আজকে এই ব্যয়বরাদ্দের উপর আলোচনার সময়, আরও ১০ মিনিট বাড়িয়ে দেবার জন্য সভার সম্মতি চাইছি। আশা করি, সদস্যগণ এতে সম্মত হবেন।

(সদস্যগণ — হ্যাঁ।)

এই ব্যয় বরাদ্দের উপর আলোচনার সময় আরও ১০ মিনিট বাড়ানো হল।

**শ্রী মহম্মদ আমিন :** স্যার, এই ১১০ খানা নূতন গাড়ি এলে পরে চেষ্টা করা হবে বর্তমানে যে রুট আছে তার উন্নতি বিধান করে যে দাবিগুলি আছে তা পূরণ করার। যেমন, কলকাতা-শ্রীরামপুর, খড়িবাড়ি-শ্যামবাজার, শ্যামবাজার-রাজারহাট, কলকাতা-হাবড়া ভায়া অশোকনগর। সরল বাবু তো বক্তৃতা করলেন বললেন না তাঁর বারাসাত থেকে কলকাতা পর্যন্ত একটা নূতন রুট হয়েছে। বীরেন বাবু একটা দাবি জানিয়েছেন। আমি তাঁকে জানাই, তৃতীয় রকেটটি চালু করবার প্রস্তাব বিবেচনাধীন আছে। সরকার আশা করছেন, শীঘ্রই সেটা হবে। অনেক দাবি আমার কাছে আছে। আর একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করতে চাই, সেটা হল, ডিজেল নিয়ে। ডিজেল নিয়ে অসুবিধা হয়েছে। ডিজেলের সরবরাহ যে কমে গিয়েছিল তারজন্য নিরুপায় হয়ে রেশন করতে হয়েছে যেটা আজ থেকে চালু হয়েছে। কিন্তু এটা মনে করবার কোন কারণ নেই যে অবস্থার যদি উন্নতি হয় তাহলেও রেশন চালু থাকবে। শেষে অবস্থা আরও খারাপ হলে কি হবে এই আশঙ্কা নিয়ে সরকারকে এই কাজ করতে হয়েছে। কারণ আমাদের কিছু কর্তব্য আছে।

[5-00 – 5-10 P.M.]

যতটা আমরা পাব তার মধ্যে সম বন্টন করার একটা ব্যবস্থা করাই আমাদের উদ্দেশ্য। কিন্তু বাস মালিকরা তাদের অ্যাপ্রিহেন্সন জানিয়েছে। আমরা তাদের ডেকেছি, বেঙ্গল বাস সিন্ডিকেটের প্রতিনিধি এবং পাম্প ডিলারস্ অ্যাসোসিয়েশনের সঙ্গে জয়েন্ট মিটিং করে আমাদের সরকারে এটা মনে হয় রেশনিং-এ যে ডিজেল দেওয়া হবে বেসরকারি গাড়ি কত ট্রিপ দেয় এবং ডেইলি সেটা তারা চালায় কি না সে হিসাবও আমরা নেব। এটা করতে গিয়ে কলকাতায় যে পারমিট দেওয়া হচ্ছে তার সংখ্যা হচ্ছে ১৭৯৮, তার মধ্যে এই পর্যন্ত যারা পারমিট নিয়েছে তার সংখ্যা হচ্ছে ১৩৪৯, বাকি গাড়িগুলি গেল কোথায়, সেই অনুসন্ধান করার আমাদের একটা সুযোগ হয়েছে। বাস করবে বলে নিয়ে যে ট্রাক করে ফেলবে সেটা চলবে না। যতদিন না পরিস্থিতির পরিবর্তন হয়, এইরকম চলবে সেটা আমি আগেই বলেছি। আজকে ব্যয় বরাদ্দের দাবির উপর যে বিতর্ক হয়েছে, তার জবাবে আমার এই কয়টি কথা বলার ছিল। এই কথা বলে আমি শেষ করতে চাইছি যে পরিকল্পনা করতে আমাদের সময় লেগেছে। এখন কিন্তু অবস্থা উন্নতির দিকে যাচ্ছে এবং অদূর ভবিষ্যতে আমার মনে হয়, আমরা একটা সুরাহা করতে পারব। তবে একথা আমি কোনদিন বলি নি, আজও বলব না যে কলকাতা পরিবহন সমস্যার সমাধান হয়ে যাবে। পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় থেকে, এর সমাধান করা যায় না। রোড সারফেস এরিয়া কলকাতায় ৬ শতাংশ, দিল্লিতে ২৫ শতাংশ,

বোম্বেতে ১৯ শতাংশ, তার উপর এখানে আছে ঠেলা গাড়ি, রিক্সা, এই সমস্ত বাদ দিয়ে সমস্যার সমাধান করে দেব, এমন বাপের বেটা আজও জন্মায়নি। এর মধ্যে একটা ব্যবস্থা করে নিতে হবে। মাননীয় সদস্যদের সহযোগিতায়, শ্রমিক কর্মচারীদের সহযোগিতায়, আমাদের বামফ্রন্ট সরকার কৃতিত্বের সঙ্গে অবস্থার সঙ্গে মোকাবিলা করতে পারবে, এই কথা বলে সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে, আমার বক্তব্য শেষ করছি।

### Demand No-12

**Mr. Speaker** : There is only one cut motion under Demand No 12. I now put the cut motion to vote.

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mohammed Amin that a sum of Rs. 52,65,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "241—Taxes on Vehicles", was then put and agreed to.

### Demand No. 68

**Mr. Speaker** : There is no cut motion under demand No. 68. So, I put the main motion to vote.

The motion of Shri Mohammed Amin that a sum of Rs. 35,00,000 be granted for expenditure under demand No. 68, Major Head : "335—Ports, Lighthouses and Shipping", was then put and agreed to.

### Demand No. 69

**Mr. Speaker** : There is no cut motion under demand No. 69. So, I put the main motion to vote.

The motion of Shri Mohammed Amin that a sum of Rs. 31,94,000 be granted for expenditure under demand No. 69, Major Head : "336—Civil Aviation", was then put and agreed to.

### Demand No. 71

**Mr. Speaker** : There is no cut motion under demand No. 71. So, I put the main motion to vote.

The motion of Shri Mohammed Amin that a sum of Rs. 55,83,65,000 be granted for expenditure under demand No. 71, Major Heads : "338—Road and Water Transport Services, 538—Capital Outlay on Road and Water Transport Services, and 738—Loans for Road and Water Transport Services", was then put and agreed to.

## Demand No. 4

**Major Head : 214—Administration of Justice**

**Shri Hashim Abdul Halim :** Sir, on the recommendation of the the Governor, I beg to move that a sum of Rs. 6,03,21,000 be granted for expenditure under demand No. 4, Major Head : "214— Administration of Justice".

মাননীয় সদস্যদের বক্তৃতার পরে আমি জবাবী ভাষণে আমার বক্তব্য রাখব। ছাপানো বক্তব্য আপনাদের মধ্যে বিতরণ করা হল।

As you all know, there are huge arrears in all the courts of the State. The magnitude of the problem has gone to such an extent that law's delay has now become proverbial. The following figures will reveal the problem to some extent;

(i) The number of regular suits and miscellaneous cases pending in district courts as on 30.9.78—2,04,385.

(ii) The number of regular and miscellaneous appeals pending in the district courts as on 30.9.78—9,520.

(iii) The number of cases pending in sessions courts as on 31.12.78—2,716.

(iv) The number of cases pending in Magisterial Courts as on 31.12.78—8,03,641.

(v) The number of cases pending in the High Court about 70,000.

Not only subordinate courts, but the High Court as well, is suffering from the malady of arrears. The reasons are many,—the important of which are inadequacy of the number of courts and officers as well. Additional courts are sanctioned as and when required on the recommendation of the High Court. In fact, the following temporary courts are functioning at present :—

| | |
|---|---|
| (i) Additional District and Sessions Judges ... | 31 |
| (ii) Subordinate Judges ... ... | 4 |
| (iii) Munsifs ... ... | 21 |
| (iv) Judicial Magistrates ... ... | 11 |

Of these temporary courts, 7 courts of Additional District and Sessions Judges, 1 court of Munsif and 3 courts of judicial Magistrates have been sanctioned by the present Govt.

But these are negligible compared with the actual requirement. On a rough estimate eighty (80) more sessions courts and 230 Magisterial Courts are immediately required to liquidate the arrears. But paucity of funds and insufficiency of accommodation stand in our way.

Steps are also being taken to fill up all the vacant posts of Munsifs and Magistrates.

The Government of India was moved for sanction of funds with a view to enabling this Government to establish the required number of courts. On the recommendation of the Seventh Finance Commission the Government of India has agreed to allot a sum of Rs. 418.56/- Lakhs for upgradation of judicial Administration for the period from 1979 to 1984. It is expected that it will be possible to establish as many as nine (9) Higher Courts and 20 lower courts during 1980-81. It is also expected that it will be possible to construct during 1980-81 eight Higher Court buildings, thirty four lower court buildings, two residential quarters for Higher court officers and fourteen residential quarters for lower court officers, out of the allotment made by the Government of India.

In 1979-80 two new schemes for construction of Court buildings were financed from the State fund. Many new construction schemes could not be taken up due to financial stringency. The continuing construction schemes, however, will be financed as usual and some of these schemes have been completed. To mention in brief, the construction of first floor of the existing record room at Alipore, the construction of record room at Malda, the construction of a seperate building for the Civil Court at Darjeeling and construction of residential quarters for the judicial Officers at Alipurduar have been completed. The construction of the first floor over the newly constructed record room in the Civil Court premises, Howrah is also nearing Completion. The reconstruction of the council building at Cooch Behar and the District Registrar's Office and record room at Cooch Behar destroyed by violent mob on 27.8.74 was taken up, but the work did not progress for non-availability of cement and steel. The construction of type II quarters for judicial Officers at Ranaghat, Nadia has also been taken up.

A sum of rupees 139.45 Lakhs has been provisionally provided from the Annual Plan for 1980-81. The said sum on final allocation will provide source of finance for a good number of urgent schemes such as construction of Civil and Criminal Court buildings at Barrackpore, Barasat, Krishnagar, Ranaghat, Uluberia, Arambagh, Raiganj, Balurghat, Bankura and Purulia. Many continuing schemes are also expected to be completed during the year 1980-81.

There Commissions of Enquiry viz., (a) Sarma Sarkar Commission, (b) Chakraborty Commission and (c) Basu Commission were set up under the Chairmanship of Shri J. Sarma Sarkar, Retd. Judge of the Calcutta High Court, Shri Haratosh Chakraborty, a member of the West Bengal Higher Judicial Service and Shri Ajay Kumar Basu, Retd. Judge of the Calcutta High Court, respectively, to enquire into allegations of (a) Persistent misuse of authority of power, (b) Killing of numerous persons in this State for political motives etc. and (c) Various malpractices and corruption. All the above allegations relate to the period from 20 3.70 to 31.5.75. The term of all the three commissions has been extended till 31.12.80. The first two commissions have submitted interim reports which have already been placed before the Assembly.

A 'Lawyer's Cell' was also constituted in connection with the work of the aforesaid three Commissions of Enquiry for representing the State before those commissions.

A cabinet sub-committee was constituted for considering the question of release of all the political prisoners. On the recommendation of the aforesaid sub-committee 9 persons who were convicted and sentenced for committing offences of political nature, were released in terms of Resolution passed and issued from this Department during the year 1979. Cases of a few others will be considered on receipt of the required particulars.

During the year 1979, 338 cases of withdrawals from prosecution of political nature were taken up for consideration. Out of the aforesaid 338 cases instructions for withdrawal were issued by the Government in 171 cases.

Junior lawyers often face difficulty in purchasing law books for their practice. With a view to helping them a total grant of rupees 1,64,000/- have been sanctioned during the current financial year to the

different Bar Libraries for purchase of law books. similar provision has also been made in the next year Budget.

A sum of rupees 350/- has been sanctioned as outfit allowance to each of the members of the West Bengal Civil Service (Judicial).

A new set of rules viz., the West Bengal Higher Judicial Service (Determination of seniority) Rules, 1979, have been promulgated with retrospective effect from 20.6.72. By these rules the seniority of direct recruits and promotes to the West Bengal Higher Judicial Service shall be determined according to the date of appointment on probation in case of direct recruits and according to the date of promotion to a post if the officiation is continuous in the case of promotees. The seniority rules were amended after taking into consideration the decisions of Supreme Court in the matter of fixation of seniority between direct recruits and promotees in certain other services. This has ameliorated a long standing grievance of the promotees to the West Bengal Higher Judicial Service that although they are appointed to the service much earlier than certain direct recruits, the latter gain seniority over them by virtue of their appointment on probation against permanent posts and confirmation after completion of the probationary period for one year.

The Judicial Officers are required to perform more arduous and complicated job in comparison with other officers of the State Govt. But the pay they receive for their job is at par with other officers. Considering this aspect it has been decided to introduce the pay scale of Rs. 1200-2000/- in the West Bengal Higher Judicial Service with effect from 1.1.73. It has also been decided to introduce the selection grade of Rs. 2000-2250/- in the West Bengal Higher Service with effect from the same date. Further, a special pay of rupees 200/- per month has been sanctioned to the District and Sessions Judges with effect from 1.9.79.

A comprehensive scheme for Legal Aid is being prepared by Govt. Under this scheme Legal Aid will be given to any person belonging to scheduled castes and scheduled tribes and labourers will not be required to undergo the means test. In matrimonial suits also legal Aid will be given to ladies having an income not exceeding Rs. 200/- a month and whose parents and brothers have no means to assist them. Under the new scheme Legal Aid includes Legal Advice also. For implementation

of the proposed revised scheme an additional amonut of rupees 5 Lakhs has been provided in the Social Security Budget.

A scheme for defence of Bargadars in cases filed against them in the High Court has already been finalised and Bargadar Respondents will be given all legal help free of cost.

Some time back, the Commissioner of Wakfs, West Bengal reported to Government that his office was suffering from serious financial crisis. He approached Government for a loan of rupees one lakh to tide over the said financial crisis. Considering the report of the Commissioner of Wakfs, a loan of rupees one Lakh repayable in fifty monthly instalments was sanctioned to him.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**Mr Speaker** : All the cut motions are in order.

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that the amount of the demand be reduceed to Re.1/-

**Shri Rajani Kanta Doloi** : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

**Shri A. K. M. Hassanuzzaman** : — Ditto —

**Shri Sasabindu Bera** : — Ditto —

**Shri Balailal Das Mahapatra** : — Ditto —

**Shri Birendra Kumar Maitra** : — Ditto —

**Shri Prabodh Purkait** : — Ditto —

**Shri Bijay Bouri** : — Ditto —

**Demand No. 8**

**Major Head** : 230—Stamps and Registration.

**Shri Hashim Abdul Halim** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,45,52,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "230—Stamps and Registration".

The following speech of the Judicial Minister is taken as read.

Out of the sum of Rs. 3,45,52,000, the break-up figures of expenditure on Stamps and Registration are as follows :—

| | | |
|---|---|---|
| (a) Registration | — | Rs. 2,74,61,000 |
| (b) Stamps Judicial | — | Rs. 9,50,000 |
| (c) Stamps Non-Judicial | — | Rs. 61,41,000 |
| **Total** | **—** | **Rs.3,45,52,000** |

I am giving a resume and survey of the working of this department. There are at present 212 Registration Offices including 17 Sadar Offices. The estimated amount of receipt for the year 1979-80 is about Rs. 3,19,45,000/- against the total figure of Rs. 2,85,96,641/- during the previous year 1978-79. The total estimated receipt and actual receipt for "230—Stamp and Registration fees" are Rs. 24,52,60,000/- and Rs. 22,90,52,305/- for the year 1979-80 and 1978-79 respectively. Against the actual expenditure of Rs. 3,16,29,465/- during the year 1978-79, the estimated expenditure during the year 1979-80 is about Rs. 3,04,70,000/- under the head "230—Stamps and Registration". Of the 212 Registration Offices in the State 40 Offices are housed in Govt Buildings borne in book of the Public Works Department. The rest are accommodated in rented houses. A centrally sponsored scheme for constructing Departmental Buildings for all S. R. O.s and quarters of officers and staff during the sixth Plan period has been undertaken. Steps are being taken to implement it. The scheme when implemented will dispense with recurring expenditure incurred in this respect.

Also a crash programme for liquidating arrears in copying an indexing has been launched in four districts viz. 24 parganas, Calcutta, Howrah and Bankura. The unemployed persons, who are getting unemployment assistance, have been appointed for the purpose. A state service styled as West Bengal Registration Service was constituted with effect from 30/1/53. They are recruited on the result of the West Bengal Civil Service (Executive) Examination held by the Public Service Commission since 1952. 41 temporary Offices are now functioning in the State. A proposal for introduction of a radically new system (Filling system), according to rules already framed, is being considered by the Govt. Which by dispensing with the copying of deeds executed by the registrant public, will streamline the registration process and the bottle-neck

in way of prompt delivery of the deeds to the registrant public, will be removed.

The 1262 extra muharrirs have been regularised by the Govt. and the regularisation of the rest of extra-muharrirs (about 600) is under the process.

This department is running short of officers. At present about 56 posts of Sub-Registrars are lying vacant. As a result of which many Registration Offices can not be manned by full time officers. All the candidates recommended by the Public Service Commission against the vacancies of 1976, 1977 and 1978 could not be appointed yet. There are Seventeen such candidates. Attempts are being made so that all of them can be appointed as early as possible.

The department has been running satisfactorily.

The expenditure incurred for the administration of Indian Stamp Act, 1899, so far it relates to this State is booked under the Major Head : "230—Stamps and Registration".

The final demand for grant "under Stamps" for Rs. 70,91,000 represents the cost of collection of stamps duty and expenses on sale of stamps. The amount of duty estimated to be collected during the years under review is Rs. 23.11 crores.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**Mr. Speaker** : All the cut motions are in order.

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that the amount of the demand be reduceed to Re.1/-

**Shri Rajani Kanta Doloi** : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

**Shri Balailal Das Mahapatra** : — Ditto —

**Shri Birendra Kumar Maitra** : — Ditto —

[5-10 – 5-20 P.M.]

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সেই ব্যয় বরাদ্দ দাবির পরিপ্রেক্ষিতে আমি কিছু বলতে চাচ্ছি। তাঁর ব্যয় বরাদ্দের দাবি সম্পর্কে আলোচনা করতে গিয়ে ইংরাজীতে একটি কথা পড়েছিলাম, সেটা মনে পড়ে গেল — জাস্টিস ডিলেড ইজ জাস্টিস ডিনায়েড। এখানে দেখতে পাচ্ছি সত্যিই জাস্টিস ডিলেড হয়েছে। কেন? না, হাইকোর্ট থেকে আরম্ভ করে বিভিন্ন আদালত, দেওয়ানী আদালতে পর্যন্ত লক্ষাধিক মামলা জমে রয়েছে, তার কোন নিষ্পত্তি হয় নি এবং নিষ্পত্তি হওয়ার কোন সম্ভাবনাও নেই। কোথাও দেখছি বিচারকের অভাব, কোথাও দেখছি আদালত কক্ষের অভাব — এই ধরনের বিভিন্ন অবস্থার সৃষ্টি হয়েছে। তার ফলে এই সব জমে থাকা মামলার কবে যে নিষ্পত্তি হবে এবং কিভাবে হবে তার কোন সম্ভাবনা দেখা যাচ্ছে না। স্টেটসম্যান পত্রিকায় ল কমিশনের ৭৭তম রিপোর্ট পড়লাম। সেখানে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে এবং বলা হয়েছে এই ভাবে যদি মামলা জমে থাকে তাহলে কি রকম ধরনের নিষ্পত্তি হবে এবং জনসাধারণকে আইনের সুফল কিভাবে পাইয়ে দেওয়া যাবে তার কোন নিশ্চয়তা এখনো পাওয়া যাচ্ছে না। এর ফলে আইনের প্রতি বা আইনের শাসনের প্রতি বা প্রকৃত বিচারের প্রতি জনসাধারণের যে একটা শ্রদ্ধার ভাব ছিল সেটা বিশেষ ভাবে কমে যাচ্ছে এবং অনেক অশ্রদ্ধা হয়েছে এই বিচারালয়ের বিচারের প্রতি এটা আমরা বেশ পরিষ্কার বুঝতে পারছি। উভয় পক্ষ মামলা দায়ের করছে, দেখা গেল কোন ক্ষেত্রে দিন পড়ছে এবং দিন এমন ভাবে পড়ছে যখন উভয় পক্ষেরই হাজির হতে অসুবিধা দেখা দিচ্ছে। ফলে বিচারের কোন নিষ্পত্তি দেখে যেতে পারছেন না। কাজেই এই বিচার ব্যবস্থাকে গতিশীল করবার জন্য অনুরোধ করছি। রেজিস্ট্রি ডিপার্টমেন্ট জুডিসিয়াল ডিপার্টমেন্টেরই একটা বিশেষ অঙ্গ। অবশ্য তিনি তার বক্তব্যের ভিতর স্বীকার করেছেন বিভিন্ন জায়গায় সাব-রেজিস্ট্রারের অভাব আছে। কেন সাব-রেজিস্ট্রারের অভাব হচ্ছে? সাব-রেজিস্ট্রারের অফিস হচ্ছে বিরাট একটা ঘুষের আড্ডাখানা। সেখানে দেখা যাচ্ছে ঘুষ দিলে নাবালক সাবালক হয়ে যাচ্ছে, আবার সাবালক নাবালক হয়ে যাচ্ছে। কপিং সেকশনের অভিযোগ হচ্ছে সেখানে কপি করবার কোন বই নেই। এই বই কিভাবে পাওয়া যাবে সেটা আমি জানি না, মন্ত্রী মহাশয় এর জন্য কি ব্যবস্থা করেছেন সেটাও আমার জানা নেই। কিন্তু দেখা যাচ্ছে কপিং সেকশনে কিছুই কপি করা হচ্ছে না। এক একটি সাব-রেজিস্ট্রার অফিসে এক বিরাট বড়বাবু সেজে বসেছেন। ৩/৪টি সাব-রেজিস্ট্রি অফিসে একজন সাব-রেজিস্ট্রার দ্বারা চলছে। অন্তত এই সাব-রেজিস্ট্রার নিয়োগ না হওয়া পর্যন্ত বিভিন্ন ল গ্রাজুয়েটকে ইমিডিয়েটলি কিছু কাজ করবার জন্য যদি বসানো হয় তাহলে বোধ হয় ভাল হয়, মাননীয় আইনমন্ত্রীর কাছে এটাই আমার সাজেশন। কিন্তু সেই রকম কোন সুষ্ঠু ব্যবস্থা হয় নি। বা এই সব ধরনের যে কাজ চলছে যেসব গাফিলতি হচ্ছে ঘুষ নিচ্ছে বা এই রকম ধরনের যে দুর্নীতি চলছে বড় বাবু যে দুর্নীতি করছে তাকে স্ক্রুটিনি বা চেক করার জন্য কোন ব্যবস্থা অবলম্বিত হয় নি। আমি আর একটি বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্ম অ্যাক্টের ১৬/৪ ধারা আমরা দেখতে পাচ্ছি যে যদি দুজন চাষী তাদের উৎপন্ন ফসল নিয়ে বিবাদ করে এবং বিবাদ হতে পারে মহাজনদের সঙ্গে বিবাদ বাধতে পারে সেখানে সেই উৎপন্ন ফসল ভাগ বন্টন করে দেবার জন্য ভাগচাষী কেস করতে পারে এবং এই আইনে

বলা আছে যে কেস দায়ের করার ২১ দিনের মধ্যে রায় দিয়ে দিতে হবে বিচার করে দিতে হবে নিশ্চিত ভাবে এই আইনে সেটা লিখে দেওয়া আছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ২১ দিন কেন ২১ হাজার দিনের মধ্যেও সেই রায় হয় না। কিভাবে এর একটা সুষ্ঠু ব্যবস্থা হবে একটা সুষ্ঠু বন্টন ব্যবস্থা হবে সে কথা কোন রকমভাবে জানা গেল না। এই জন্য বহু কৃষক বহু ভাগচাষী যারা ফসল উৎপাদন করছে তারা বিব্রত বোধ করছে। আর একটা কথা হাইকোর্টে একটা স্টেট কাউন্সিল তৈরি হয়েছে। এই স্টেট কাউন্সিল যেটা আগে জানতাম একজন স্টেট কাউন্সিল সে তিনটি মাত্র মামলা বা কেস দেখবে। কিন্তু এখন দেখা যাচ্ছে ঐ স্টেট কাউন্সিল তিনটি কেস দেখবেন না বহু কেস তাকে দেখতে হবে এবং এটা খুবই আশ্চর্যের কথা যে অনেক কেস দেখতে গিয়ে তিনি কোন কেসই দেখতে পাচ্ছেন না। যার ফলে দেখা যাচ্ছে সরকার বহু জায়গায় হেরে যাচ্ছেন। শোনা যায় স্টেট ভারসেস কেস হলেই সরকার নিশ্চিত ভাবে হারবেন এতে কোন সন্দেহ নেই। বলা যেতে পারে এটা বিভিন্ন ভাবে আমরা দেখতে পাচ্ছি দেওয়ানী আদালতে স্টেটের পক্ষে যেসব ল ইয়ার রয়েছেন তারা ঘুষ নিচ্ছেন এবং তারা উপস্থিত হচ্ছেন না কোথায়ও বা নিজেরা অনুপস্থিত থেকে বিরোধী পক্ষকে মামলায় জিতে নেবার সুযোগ করে দিচ্ছে। এইগুলি চেক করবার বা স্ক্রুটিনি করাবার আজও পর্যন্ত কোন ব্যবস্থা অবলম্বিত হয় নি। আর একটি অবস্থার কথা বলি — আমরা দেখতে পাচ্ছি যে শিডিউল কাস্ট এবং ট্রাইবসদের সম্বন্ধে আমাদের মাননীয় মন্ত্রী একটা ভাষণ দিয়েছিলেন। ইন্ডিয়ান কনস্টিটিউশনের ১৬/৪ ধারায় বলা আছে যে শিডিউলড কাস্ট এবং ট্রাইবসদের সুবিধার্থে দরকার হলে কিছু আইন প্রণয়ন করতে পারেন। দেখা গেছে ১৯৭৬ সালে এই রকম আইন প্রণয়ন করা হয়েছিল কিন্তু তাতে কোন পানিশেবল সেকশন তৈরি করা হয় নি। আজকে ভালভাবে রেজিস্ট্রার মেনশন ইত্যাদি ইত্যাদি ব্যাপারে প্রমোশন ব্যাপারে ঠিক ঠিক ভাবে কাজ হচ্ছে না। খুব গাফিলতি হচ্ছে। এটা খুবই দুঃখের কথা যেটা উনি করলেন এবং শিডিউলড কাস্ট এবং ট্রাইবসদের দরদ দেখানোর কথা ঘোষণা করলেন — কিন্তু এটা যদি ঠিকমত ভাবে না করেন তাহলে অনেক জিনিস ব্যহত হবে।

[5-20 – 5-30 P.M.]

আমি মনে করি আইন মন্ত্রী হিসাবে তার এটার প্রতি লক্ষ্য রাখা উচিত এবং আশা করি তিনি লক্ষ্য রাখবেন। আর একটা বিশেষ ঘটনার কথা আইন মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই। সেটা হচ্ছে, বিভিন্ন জায়গায় নিয়োগের ব্যাপারে প্রচন্ড দলবাজি হচ্ছে, এবং আমার মনে হয় যারা এই রকম ধরনের আদালতে নিযুক্ত আছেন, তাদের নিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে নিয়োগ করা দরকার। প্রসঙ্গক্রমে আমি এই কথা বলতে চাই যে আমাদের কাঁথিতে একটা ঘটনা ঘটেছে, যেটা অত্যন্ত আশ্চর্যজনক। সেটা হচ্ছে, নিমাই সুন্দর জানা এবং সত্যব্রত করমহাপাত্র — এরা দু'জনে আমার মনে হয় গভর্নমেন্টের পক্ষ থেকে ভাল ল ইয়ার এবং তারা এই ধরনের কেস করতেন এবং ভালই করতেন। কিন্তু তাদের এই ভাবে নামিয়ে দেওয়া হল। নিমাই সুন্দর জানা, শুনলাম যে আই. পি. সি.কে বেশি সম্মান দেখাতে গিয়েছিলেন, অর্থাৎ আইনমত কাজ করতে গিয়েছিলেন। সেটা সরকারের নির্দেশের বিপক্ষে গেল অর্থাৎ হল না। উপসংহারে আমি এই কথা বলতে চাই যে আইনের শাসন যাতে বজায় থাকে এবং

আইন মোতাবেক যাতে শাসন হয় তার জন্য নিশ্চয়ই চেষ্টা করবেন। আমরা দেখেছি যে যখন সরকার পরিবর্ত্তন হয় তখন এই সরকারের কাছে লোকে অনেক কিছু আশা করেছিল। তারা ভেবেছিল যে বিচার বিভাগ গতিশীল হবে যাতে আইনের সুফল সকলের কাছে পৌঁছে যায় কিন্তু তা হল না। আমি সব শেষে রবীন্দ্রনাথের একটা কথা দিয়ে শেষ করছি —

**প্রতিকারহীন শক্তের অপরাধে,**

**বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।**

এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। — জয়হিন্দ।

**শ্রী আব্দুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাসিম আব্দুল হালিম সাহেবের বাজেট বক্তৃতা দেখে তার দৈন্যতার কথা চিন্তা করে আমার দুঃখ হচ্ছে। উনি প্রথম যখন আসেন তখন কিছু মামলা উঠিয়ে নেবার পর বিপ্লব নিয়ে এসেছিলেন। কিন্তু আজকের বাজেট বক্তৃতা দেখে মনে হচ্ছে তিনি যেন চুপসে গেছেন, মনে হচ্ছে এই ডিপার্টমেন্টটা রাখা উচিত কি না। তিনি বলেছেন যে তার কোন ক্ষমতা নেই এবং এটা প্রকাশ পাচ্ছে। আমার মনে হয় বিচার বিভাগের সব থেকে অবিচার বেশি আছে। তাই বিচার বিভাগের কয়েকটা কথা আপনার সামনে তুলে ধরব। তিনি প্রথমে আসবার পরে বলেছিলেন যে অ্যাকুমুলেশন অব কেসেস যেটা ছিল তার মূল কারণ হচ্ছে আগেকার সরকার। সেই প্রসঙ্গে বর্ত্তমানে ৩ বছর আসার পর আমি হাসিম আব্দুল হালিম সাহেবকে বলছি, আপনি যে বক্তব্য রেখেছেন তার মধ্যে ৩ বছরে আরো বেশি মামলা বেড়ে গেছে। প্রথমে যে অভিযোগ করেছিলেন কংগ্রেস সরকারের বিরুদ্ধে এখন দেখা যাচ্ছে এই সরকার দায়ী বিভিন্ন আদালতে মামলা জমার জন্য। আজকে আপনারা আসার পর দেখা যাচ্ছে যে পূর্বের চেয়ে অনেক বেশি মোকদ্দমা বেড়ে গেছে। আপনাদের দলের কমিটেড ল'ইয়ার নিয়েছেন। আজকে জুডিসিয়াল ডিপার্টমেন্টটা মনে হয় সি. পি. এম.-দলের আখড়ায় পরিণত হয়েছে। তার কারণ সেখানে ওঁর নিজের দলের লোকেদের নিয়ে গিয়ে পাইয়ে দেওয়ার রাজনীতি আরম্ভ করেছেন। বসু কমিশন, শর্মা কমিশন, চক্রবর্তী কমিশন, দত্ত কমিশন, প্রতিটি কমিশনের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে, জনগণের ট্যাক্সের টাকা ওঁদের দলের কমিটেড ল'ইয়ারদের একটা দল তৈরি করে তাদের পাইয়ে দেওয়া হচ্ছে। সেই — সমস্ত ল'ইয়ারদের একটা অ্যাসোসিয়েশন করা হয়েছে। সেই সমস্ত কেসের ফল কি হচ্ছে? নাথিং। এই মাসের ১৩ তারিখে হরষিত চক্রবর্তী কমিশনের রিপোর্ট-এর বিষয়ে একটা রায় প্রকাশ করা হয়েছে।

**শ্রী হাসিম আব্দুল হালিম :** ওটা আমাদের নয়। ওটা হোম ডিপার্টমেন্টের ব্যাপার।

**শ্রী আব্দুস সাত্তার :** আপনার বাজেট বিবৃতির ৩ পাতায় এ সম্বন্ধে আপনি উল্লেখ করেছেন।

স্যার, আপনি জানেন গত ১৩ তারিখে হাইকোর্টে জাস্টিস সব্যসাচী মুখার্জী হরষিত চক্রবর্তী কমিশনে যেসব মিসা কেস রেফার করা হয়েছিল সেসব সম্বন্ধে বলে দিয়েছেন যে, সংবিধানের ১ নং লিস্টে এটা আছে, সুতরাং এই কেসগুলি সম্বন্ধে এনকোয়ারী করার কোনো এক্তিয়ার কমিশনের নেই। সুতরাং আজকে এই যে, রিপোর্ট প্রকাশ করা হয়েছে, এটা

একটা বোগাস রিপোর্ট, অথচ এর পিছনে হাজার হাজার টাকা, লক্ষ লক্ষ টাকা খরচ হ'ল। আজকে দেখা যাচ্ছে যে, এই সমস্ত কমিশনগুলি বে-আইনি কমিশন। কমিশনের এই সব বিষয়ে বিচার করার কোনো এক্তিয়ার নেই। সুতরাং আজকে সরকার পক্ষ বিভিন্ন কমিশন করে লক্ষ লক্ষ টাকা তাঁদের দলীয় আইনজীবীদের পাইয়ে দিচ্ছেন। সাধারণ মানুষের টাকা তাঁরা এই ভাবে খরচ করছেন, নষ্ট করছেন। হরষিত চক্রবর্তী কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্টের কোনো মূল্য নেই, সেটা আমরা ডাস্টবিনে ফেলে দিতে পারি। আজকে শা-কমিশনের রিপোর্টের কি অবস্থা হয়েছে? সেটা তো আমরা জানি। আজকে দিল্লি কোর্টের রায়ে প্রমাণিত হয়েছে যে, যেসব কমিশন চালু হয়েছিল, সেগুলি বে-আইনি ছিল। আজকে শুধু দলবাজি করার জন্য এইসব কমিশন করা হয়েছে। দেশের মঙ্গলের জন্য কমিশন করা হয় নি, নিজেদের দলের লোকেদের কিছু পাইয়ে দেওয়ার জন্য এই সমস্ত কমিশন করা হয়েছে।

ঐ একটি কাজ করা ছাড়া, অর্থাৎ ল'ইয়ারদের নিয়োগ করা ছাড়া মাননীয় মন্ত্রী মহাশয়ের আর কোনো কাজ নেই। সেটা তাঁর এই ২/৩ পাতার বাজেট বক্তৃতা দেখেই বোঝা যাচ্ছে। আমি তাই ভাবছিলাম যে, কেন ভদ্রলোককে এখনো মন্ত্রী করে রাখা হয়েছে? তাঁর মন্ত্রিত্ব করার কিছুই নেই। আজকে শুধু অ্যাপয়েন্টমেন্ট অব ল'ইয়ারস, অ্যাপয়েন্টমেন্ট অব দি পাবলিক প্রসিকিউটরস, অ্যাপয়েন্টমেন্ট অব দি জে. পি. ছাড়া আর কোনো কাজ নেই। তারপর যেসব পি. পি. তিনি নিয়োগ করছেন সেসবও বে-আইনি ভাবে করছেন। তাই আমি বলছি বিচার বিভাগের সমস্ত কাজকর্ম বে-আইনি ভাবে চলছে। স্যার, মালদহে একজনকে পি. পি. হিসাবে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল, সে যখন কোর্টে অ্যাপিয়ার হয়েছিল তখন হায়ার জুডিসিয়াল সার্ভিস অফিসার তাকে বলেছিল, আই ডু নট লাইক টু সি ইয়োর ফেস, ইয়োর অ্যাপয়েন্টমেন্ট ইজ ইললিগ্যাল। তার কারণ নিয়ম হচ্ছে আন্ডার সেকশন ২৪ অব দি সি. আর. পি. সি. অনুযায়ী ইন কনসালটেশন উইথ দি সেশন জাজ অ্যাপয়েন্টমেন্ট দিতে হবে। একই কান্ড ঘটেছিল আলিপুরে, সেখানেও অ্যাপয়েন্টমেন্ট ইললিগ্যাল হয়েছিল, কারণ ইন কনসালটেশন উইথ দি সেশনস জজ করা হয় নি। সুতরাং সমস্ত বে-আইনি কাজ করা হচ্ছে।

[5-30 - 5-40 P.M.]

আপনারা দলবাজি করুন তাতে আমার কোন আপত্তি নেই কিন্তু বে-আইনি ভাবে দলবাজি করার ব্যবস্থা আপনারা সৃষ্টি করেছেন। আপনারা বসু কমিশন, শর্মা সরকার কমিশন, দত্ত কমিশন তৈরি করেছেন কিন্তু কি পেয়েছেন? কিছুই পান নি। তাই আজকে কিছু না পেয়ে বলছেন ওটা হোম ডিপার্টমেন্টের ব্যাপার। কিন্তু আপনি কেন উল্লেখ করলেন? আপনার যখন এক্তিয়ারের বাইরে তখন কমিশনের কথা কেন বললেন? অমুক কমিশন করেছি, অমুক কমিশন করেছি — আপনার বক্তৃতার মধ্যে আছে। আর এখন সমস্ত দোষ নন্দ ঘোষ — ঐ জ্যোতি বসুর ব্যাপার — এইসব বলে তো কোন লাভ হবে না। আপনি সমস্ত টাকা অপচয় করেছেন। আপনি নিজেই স্বীকার করেছেন বিচারকের স্বল্পতা হেতু এই সমস্ত মামলা করা হচ্ছে না। কিন্তু আমি বলতে পারি, হাইকোর্ট ১৯৭৭ সালে ১৪ জন মুনসেফকে Select করে দিলেন কিন্তু আজও পর্যন্ত তাদের অ্যাপয়েন্টমেন্ট দেন নি। ১৯৭৮ সালে ৩০ জনের অ্যাপয়েন্টমেন্ট হয়েছে, তাদের পুলিশ ভেরিফিকেশান হয়ে গেছে, মেডিক্যাল হয়ে গেছে

— সমস্ত কিছুই হয়ে গেছে কিন্তু আব্দুল হালিম সাহেব তিনি অ্যাপয়েন্টমেন্ট লেটার ইস্যু করছেন না অথচ বলছেন আজ, মুনসেফ কম ইত্যাদি ইত্যাদি। পি. এস. সি.তে ৫০ পারসেন্ট অ্যাপয়েন্টমেন্ট হয়, হাইকোর্টে ৫০ পারসেন্ট অ্যাপয়েন্টমেন্ট হয়। পি. এস. সি. থেকে অ্যাপয়েন্টমেন্টের যে কোয়ালিফাইং মার্কস ছিল ৫০ পারসেন্ট সেটা কমিয়ে নিয়ে আসা হয়েছে ৪০ পারসেন্ট। উনি তাঁর দলের লোকেদের পাঠাচ্ছেন এবং দলবাজি করার জন্য বলে দিচ্ছেন ঐ ঐ লোককে ওরাল ইনটারভিউ নেবে। ১৯৭৭ এবং ১৯৭৮ সালে পি. এস. সি. থেকে সমস্ত অ্যাপয়েন্টমেন্ট হয়ে গেছে, কিন্তু আজও পর্যন্ত হাইকোর্ট থেকে যে সমস্ত অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে সেই সমস্ত লোকেরা অ্যাপয়েন্টটেড হল না Not a single munsif has been appointed till date. এও শুনছি তিনি বলছেন তোমরা কাগজপত্র পাঠাও তা না হলে অ্যাপয়েন্টমেন্ট দেব না। এইভাবে হাইকোর্ট থেকে চিঠি দেওয়া হচ্ছে। হাইকোর্টে কয়েকজন লোক অ্যাপয়েন্টমেন্ট পেয়ে মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন। তিনি তাদেরকে বলেছেন আপনারা কত টাকা বেতন পান, চাকুরি করে কি হবে, চুরি করতে হবে। তাই যদি হয় তাহলে বেতন বাড়িয়ে দিন, বেতন বাড়িয়ে দিচ্ছেন না কেন? জুডিসিয়াল অফিসার যারা আছেন তাঁরা যখন ট্রান্সফার হন এক জায়গা থেকে অন্য জায়গায় তাদের সেখানে থাকবার ঘর বাড়ি পাওয়া যায় না। কোথায় থাকবেন তাঁরা? আমি বলছি, আমাদের আমলে হয় নি কিন্তু আপনি বলেছিলেন এইসব ব্যবস্থা হবে কিন্তু আজও পর্যন্ত তাদের ব্যবস্থা কিছুই করেন নি। তার ফলে জুডিসিয়ারি স্টান্ডার্ড লো হয়ে যাচ্ছে এবং লো হতে বাধ্য। উনি বলেছেন হাইয়ার জুডিসিয়াল সার্ভিসের বেতন বাড়িয়ে দিয়েছেন। কিন্তু আমি বলব, আমরা যখন ছিলাম তখন বাড়ানো হয়েছে আর এই ঘর বাড়ি তৈরি করার ব্যাপারে আপনার বাজেট বক্তৃতায় প্রতি বছরই একই কথা দেখতে পাচ্ছি। অ্যাডিশনাল জাজদের অ্যাকোমোডেশনের জন্য আলাদা কিছু করেন নি।

অ্যাকোমোডেশন আজ পর্যন্ত কিছু হয় নি, কিছুদিন আগে মুর্শিদাবাদের ডিসট্রিক্ট জাজ নিয়ম মাফিক কিছু অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন, সেটা কিভাবে মিস হয়েছে সেটা আমি আপনাকে বলছি। জেলা জাজের অ্যাডভারটাইসমেন্ট অনুসারে ফারাক্কা, ক্যালকাটা বহরমপুর এক্সচেঞ্জ থেকে ৫০টি নাম গেল, তাদের পরীক্ষা হল এবং ৬টি ছেলে সিলেকটেড হয়েছিল। যে ছেলেটি ফার্স্ট হয়েছিল তার নাম অশোক কর্মকার, এবং যে সেকেন্ড হয়েছিল তার নাম বীরেন্দ্র বর্মা। অশোক কর্মকার একজন গরিবের ছেলে সে অ্যাপয়েনটেড হয়েছিল তার অর্ডার নম্বর হচ্ছে ১৬৬, ডেটেড ২৮.৭.১৯৭৯। সেই ৬ জনের মধ্যে ৪ জন কাজে যোগ দিলেন, সেখানকার কো-অর্ডিনেশন কমিটি মন্ত্রীর সঙ্গে দেখা করলেন অমনি সঙ্গে সঙ্গে জুডিসিয়াল সেক্রেটারি জেলা জজকে বললেন যারা অ্যাপয়েন্টমেন্ট পেয়েছে তাদের মধ্যে যারা ফার্স্ট এবং সেকেন্ড হয়েছে তাদেরকে যেন জয়েন করতে না দেওয়া হয়। সে আগে টেমপোরারি কপিস্টের কাজ করত, পরীক্ষা দিয়ে সে প্রথম হয়েছে। এল. ডি. এবং কপিস্ট এক নয়, যারা টেমপোরারি কপিস্ট তাদের জেলা তরফ নো পে এল. ডি.র অ্যাডভারটাইজমেন্টে পরীক্ষায় যে ছেলেরা ফাস্ট এবং সেকেন্ড হল কো-অর্ডিনেশন কমিটির হস্তক্ষেপে তাদের চাকরি দেওয়া হল না এই ভাবে মিসইউজ অফ পাওয়ার চলছে। বিচার বিভাগে যদি এইভাবে দুর্নীতি চলে তাহলে কিভাবে জুডিসিয়ালি ডেভেলপমেন্ট করবেন, কোর্ট বাড়িয়ে মুনসেফ বাড়িয়ে কিভাবে কি ব্যবস্থা করবেন জানি না। যদি শুধু দলবাজি করেন। এই ভাবে জনসাধারণের লক্ষ লক্ষ

টাকা আপনারা ধ্বংস করছেন, তাই বলছি তিনি যে ব্যয় বরাদ্দের দাবি করেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40 – 5-50 P.M.]

**শ্রী অরবিন্দ ঘোষাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূতপূর্ব আইন মন্ত্রী যা বললেন তা থেকে এটাই মনে হল আইনের ব্যাপারে তিনি আসল সমস্যাই বুঝতে পারেন নি। এ আমলের আইন মন্ত্রী সমস্যা বোঝেন কিন্তু সুরাহা করতে পারছেন না, কারণ তা সম্ভবপর নয়। জনসাধারণের কাছে প্রথম যেটা বড় হয়ে দেখা দিয়েছে সেটা হচ্ছে দুর্নীতি। সাধারণ মানুষের কাছে আদালত একটা বিভীষিকা। লোক কথায় বলে আদালতের প্রতিটা ইঁট হাঁ করে আছে, এখানে এখন ইঁট থেকে বিচারকের চেয়ার পর্যন্ত হাঁ করে আছে, এটা কিন্তু আইন মন্ত্রীর এক্তিয়ারে নয়। আদালতের যে কোন শ্রেণীর কর্মচারীই হোক সবাই মিলে এ কাজ করছে — এর মধ্যে উকিল বাবুরাও আছেন। সুতরাং দুর্নীতি মুক্ত প্রশাসন গড়ে তোলা একা আইন মন্ত্রীর পক্ষে সম্ভব বলে আমি মনে করি না। ঘুষের রেট ১০ বছর আগে যেটা ৫ আনা ছিল এখন পাঁচসিকে হয়েছে, যেটা ১০ আনা ছিল সেটা আড়াই টাকা হয়েছে। এই ঘুষ নেওয়া এটা অনেকটা অর্থনৈতিক কারণেই হয়, কিন্তু পরে এটা লোভে দাঁড়িয়ে যায়। একজন মুনসেফ যে ৬০০ টাকা মাইনে পায় তাকে কুচবিহার বা মেদিনীপুরে আপনি পাঠালেন যেখানে তাকে হয়ত ৩০০ টাকা বাড়ি ভাড়া দিতে হবে। তাহলে সে খাবে কি? সেইজন্য বাধ্য হয়েই এইসব জিনিস বেড়ে যাচ্ছে। এক একটা নূতন নূতন আইন হচ্ছে আর দুর্নীতিও প্রসার লাভ করছে, সেইজন্য আমি মনে করি দুর্নীতি যদি আমরা দূর করতে পারি তাহলে কোর্ট কে আমরা জনপ্রিয় করতে পারব। আজকে এখানে মানুষে যে হয়রানি হচ্ছে সেটা সকলেরই জানা আছে। আজকে একটা মামলা শেষ হতে ৫/১০ বছর লেগে যায় এবং হাইকোর্টে গেলে একটা জীবনে তা শেষ হয় না। রেন্ট কন্ট্রোলে দু-তিন বছর সময় যেখানে লাগত এখন সেখানে ৬ বছর লেগে যাচ্ছে। একটা লোক যে ১০ টাকা ভাড়া দেয় তাকে উকিল বাবুরাই পরামর্শ দিচ্ছে ১০ টাকা ভাড়া দিয়ে লাভ নেই তুমি রেন্ট কন্ট্রোলে যাও তাহলে ১০/১২ বছর তোমার ভাড়া লাগবে না। একজন সাব-রেজিস্টার বছর খানেক পূর্বে তার এজলাসেই বলছেন আমার টাকা আমাকে দিয়ে দাও। এ ব্যাপারে আমরা হাওড়া বার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ডি. এমের কাছে অভিযোগ করি কিন্তু কিছুই করতে পারি নি। অতএব ঘুষের রাজত্ব বন্ধ করতে না পারলে কিছু হবে না। এখানে একটা মজার জিনিস হচ্ছে যে এই ব্যাপারে কোন রাজনীতি নেই, যিনি বন্দেমাতরম বলেন, জয় হিন্দ বলেন, ইনক্লাব বলেন, কিন্তু এ বিষয়ে তাঁরা সবাই ইউনাইটেড। আমি বলব এ বিষয়ে কো-অর্ডিনেশন কমিটির যদি প্রতিটা কোর্টে একটা করে ভিজিলেনসের ব্যবস্থা করতে পারেন তাহলে খানিকটা এর সুরাহা হবে। অর্থনৈতিক দিক দিয়ে মুনসেফ বা ম্যাজিস্ট্রেটের মাইনা বৃদ্ধি করতে হবে। একজন কর্মচারী যে ২৫০/৩০০ টাকা মাইনে পান তাকে মুন্সেফের অর্ডার লিখতে হয় তাঁর ঐ টাকায় কিভাবে সংসার চলে। সুতরাং কেউ যদি পয়সা নেয় তার অন্যায়টা কি আছে? সেইজন্য আমরা কিছু করতে পারছি না এ ব্যবস্থা শেষ করতে হবে।

তাছাড়া ল্যান্ড সিলিং এর ব্যাপার নিয়ে আজকে একটা আলাদা ব্যাপার হচ্ছে, মন্ত্রী

মহাশয়কে বলি এটা আমাদের একটা চিন্তার কারণ হয়ে উঠেছে। যে কোন জমি ২ মাসের মধ্যে পার্মিশন না পেলে আইনে আছে সেটা অটোমেটিক্যালি রেজিস্ট্রি হবে। কিন্তু ম্যাজিস্ট্রেট পার্মিশন দেবেন না, কম্পিটেন্ট অথরিটি পার্মিশন দেন না ২০০ টাকা কমপক্ষে ঘুষ না দিলে। এই মিনিমাম ঘুষ দিলে তারপর জমির দলিল জমা করবেন। ঘুষের হার ক্রমশ বাড়ছে। আজকে লিগ্যাল এড সম্বন্ধে বলেছেন। এই লিগ্যাল এডের ব্যবস্থা ওঁরা করেছিলেন কিছু মস্তান উকিলকে প্রোভাইড করার জন্য। সেটা বদলানো উচিত। সেগুলি যদি না করতে পারেন তাহলে আমি মনে করি বিচার ব্যবস্থার কোন সুরাহা হবে না। আর একটা কথা বলি বছর খানেক আগে আমি একটা সমীক্ষা করেছিলাম, তাতে দেখেছি হাওড়া জেলার হাওড়া সদর, কয়েকটি কোর্ট নিয়ে পাবলিকের পকেট থেকে ঘুষ বাবদ ডেলি প্রায় ২৫ হাজার টাকা যায়। এই ঘুষ বন্ধ, কর্মচারীদের কাজের উন্নতি এবং অফিসারদের মাইনের উন্নতি না করতে পারলে আমরা যতই আলোচনা করি বিচার ব্যবস্থার কোন সুরাহা হবে না, মন্ত্রী মহাশয়ের করার কোন ক্ষমতা নেই। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন মন্ত্রী আজকে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি ভেবেছিলাম আমার আগে প্রখ্যাত সব ব্যবহারজীবীরা বলবেন, তাঁদের কাছ থেকে কিছু শিখতে পারব। কিন্তু যা দেখলাম যা শুনলাম তাতে ট্রেনে এক ধরনের মাজন বিক্রি হয় সেই জিনিস পেলাম। কাগজ নাড়ছে, হাত নাড়ছে, ছুরি দেখাচ্ছে, আমরা যারা ট্রেনে চড়ি তারা এটা জানি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার ছোট্ট একটা গল্প মনে পড়ল — একটা চোর সে একটা সাধুর আড্ডায় গিয়েছিল, সাধু তাকে চুরিটা ভুলিয়ে দেওয়ার চেষ্টা করল, সে ভুলে গেল। কিন্তু চোর এক সন্ধ্যাবেলায় একজনের ঘটি আর একজনের বাড়িতে গিয়ে রেখে এল। তখন সাধু জিজ্ঞাসা করল এটা কি? চোর বলল পুরান দিনের অভ্যাস ছাড়তে পারছি না। আমাদের মাননীয় সদস্য সেই যে পুরান দিনের অভ্যাস সেটা এখনও ছাড়তে পারছেন না, ভূত তাঁর মাথায় পুরোপুরি আছে, ছেড়ে যাবে কিনা এমন আশা করি না। এই ব্যয় বরাদ্দ সমর্থন করতে গিয়ে তাঁর যে ব্যর্থতা দেখছি, যে কেসের সংখ্যা দিয়েছেন সেই আলোচনায় আমি যাব না, আমরা জানি যে প্রত্যেকটি কোর্টে প্রত্যেকটি ম্যাজিস্ট্রেটের ফাইলে হাজার হাজার কেস পড়ে আছে। আমাদের বক্তব্য হচ্ছে কি করে এগুলি তাড়াতাড়ি ডিসপোজ করা যায় তার ব্যবস্থা করা দরকার। সেজন্য যে কোন ব্যবস্থা মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করবেন আমি মনে করি সাধারণ মানুষ তাকে স্বাগত জানাবে। অসুবিধা হচ্ছে এখানে যাঁরা অনেক কেস সম্বন্ধে আপত্তি করেন কোর্টে কিন্তু তাঁরাই সেই কেস যাতে দেরি হয় তার জন্য যথা সম্ভব ব্যবস্থা করেন। কারণ, কেস যত দেরি হবে উকিল বাবুদের পেট তত ভরবে এটা হচ্ছে প্রবাদ বাক্য। মাননীয় মন্ত্রী মহাশয় আর এক জায়গায় কোন হিসাব দেন নি, তার দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। জাজ কোর্ট, দেওয়ানী কোর্ট, হাইকোর্ট ইত্যাদি ছাড়াও আরো কিছু কিছু কোর্ট আছে যেগুলি মাননীয় আইন মন্ত্রীর আওতায় আছে, যেমন ইন্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনাল, লেবার কোর্ট, ওয়ার্কম্যানস্ কমপেনসেশন কোর্ট ইত্যাদি আছে।

[5-50 – 6-00 P.M.]

এগুলিতে কত মামলা রয়েছে এবং গরিব মানুষকে কিভাবে হয়রানি হতে হয় সে সম্পর্কে মন্ত্রী মহাশয়কে সংবাদ সংগ্রহ করতে বলছি এবং সেখানে কি পরিমাণ দুর্নীতি হয় সেটাও যেন তিনি দেখেন। আমাদের সুপ্রিম কোর্ট মন্ত্রী মহাশয়ের আওতার বাইরে হলেও সেখানে কি ধরনের মামলা কতদিন ধরে পড়ে রয়েছে সেটা যেন তিনি লক্ষ্য করেন। মাননীয় সদস্য অরবিন্দ বাবু বলেছেন, সুপ্রিম কোর্টে ৬ বছর লাগে এবং কোন কোন মামলা ১০ বছর পর্যন্ত লাগে। এ সম্বন্ধে যদিও আমাদের বলার কোন অধিকার নেই, তবুও বলছি বিচার তরান্বিত করবার ব্যবস্থা করা দরকার এবং সেখানেও যাতে সাধারণ মানুষের হয়রানি না হয় সেটা দেখা দরকার। আইনের বিচার যাতে মানুষ তাড়াতাড়ি পায় সেই ব্যবস্থা করা দরকার। এখানে কেউ কেউ ঘুষের কথা বলেছেন। আপনাদের এটা জানা উচিত যে, এই ঘুষের ব্যাপারে মন্ত্রী মহাশয়ের বোধ হয় কিছু করণীয় নেই। আমি যতদূর জানি তাতে বলতে পারি একজন আর্দালি ঘুষ নিচ্ছে এটা যদি মন্ত্রী মহাশয় নিজে চোখে দেখেন তাহলে ওই আর্দালিকে সাজা দেবার ক্ষমতা সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের নেই। বিচারক যে পর্যন্ত না তার বিচার করছেন সে পর্যন্ত মন্ত্রী মহাশয়ের কিছু করণীয় নেই। তবে আমি মনে করি এর প্রতিবিধান হওয়া দরকার। আর্দালি থেকে শুরু করে জজ পর্যন্ত ঘুষ খায়। আপনারা দেখবেন ক্রিকেট খেলা দেখতে জজ সাহেব যাচ্ছে, তাঁর জামাই যাচ্ছেন, যে জামাই হয় নি সে যাচ্ছে, পুত্রবধূ যাচ্ছে, যে পুত্রবধূ হয় নি সেও যাচ্ছে। কাজেই বিভিন্ন জায়গায় এই যে ঘুষ চলছে এর প্রতিবিধান হওয়া দরকার। আমি এই ব্যাপারে একটা সুনির্দিষ্ট প্রস্তাব মন্ত্রী মহাশয়কে গ্রহণ করবার জন্য অনুরোধ করছি। আপনারা জানেন আমাদের ভিজিলেন্স কমিটি রয়েছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে আইনের ব্যাপারে একটা স্পেশ্যাল ভিজিলেন্স কমিশন করা হোক এবং তাদের সমস্ত রকম অধিকার দেওয়া হোক, নিচু থেকে উপর পর্যন্ত যে কেউ ঘুষ নেবে তার সম্বন্ধে ব্যবস্থা করা হোক। আমাদের সংবিধানে এরকম একটা ব্যবস্থা করা দরকার যে, বিধানসভা বা পার্লামেন্টের অধিকার থাকবে এবং সংশ্লিষ্ট মন্ত্রীকে অধিকার দেওয়া থাকবে ঘুষের ব্যাপারে যদি কেউ ধরা পড়ে তাহলে তাকে শাস্তি দেবার অধিকার মন্ত্রী মহাশয়ের থাকবে। এই ঘুষের ব্যাপারে সংশ্লিষ্ট কর্মচারীদের কথাও উঠেছে। কর্মচারীদের মধ্যে ভালও আছে মন্দও আছে। অরবিন্দ বাবু বলেছেন সেখানে ঘুষ না দিলে কোন কাজ হয় না। এই আইন বিভাগের মজ্জায় মজ্জায় ঘুষ রয়েছে। আগেকার দিনে বিয়ের আগে জিজ্ঞেস করা হত ছেলে কি কাজ করে, মাইনে কত পায় এবং উপরি কত? এই উপরিটাই হল ঘুষ। ঘুষের কথা যা বলা হচ্ছে তাতে আসল কথা হল ঘুষ কখনও একতরফা ভাবে হয় না। আমরা ঘুষ দিই বলেই সেখানে ঘুষ চলে। আমরা যদি ঘুষ দেওয়া বন্ধ করি তাহলে এই ঘুষ নেওয়া বন্ধ হবে। অবশ্য ঘুষ না দিলে একটা অসুবিধা হয়ত হবে বিচার শেষ হতে দেরি হবে। এস. ডি. ও.-র কাছে মামলা তাড়াতাড়ি ওঠার জন্য ঘুষ দেওয়া হয় এরকম বহু উদাহরণ আছে। আর একটা জিনিস লক্ষ্য করেছি যদি কেউ মনে করে প্রতিপক্ষকে হয়রানি করব তখন সে একটা মামলা করে দিল এবং মামলার মানেই হল বেশ কয়েক বছর ধরে সেটা চলবে।

আরেকটা অসুবিধার কথা আপনাদের কাছে বলার দরকার আছে, আমরা যখন

মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন ইত্যাদিতে যখনই কোন গঠনমূলক কাজ করতে যাই — ঐ যারা বন্ধুরা আইনের কথা এখানে বললেন যে অসুবিধার কথা বললেন তারাই তখন পরামর্শ দেন ২২৬ করতে। যাতে করে আমাদের যে কোন গঠনমূলক কাজের প্রচেষ্টা সঙ্গে সঙ্গে ব্যহত হয়ে যায়। আজকে এখানে তাঁরা বললেন যে মিউনিসিপ্যালিটিগুলিকে কাজ করতে দেওয়া উচিত কিন্তু তারাই তাদের নিভৃত চেম্বারে পরামর্শ দিল কি করে এটা দেরি করা যায় এবং লোককে বলেন যখন আমাদের সময় আসবে তখন দেখা যাবে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট অনুযায়ী শ্রমিকরা যখন মামলা করে ওয়ার্কাররা ছাঁটাই হবার পর মামলা করতে যায় — প্রথমে তো অনেক তদ্বির তদারক করে সে মামলা যদি কোর্টে পৌঁছায় এই উকিল দেওয়া টাইম নেওয়া আপত্তি করা নানা রকম আনুষঙ্গিক ব্যাপার শেষ করে যখন একটা মামলা শুনানি অবস্থায় আসে এর মধ্যে প্রায় ২ বছর আড়াই বছর কেটে যায়। এই দুই বছর আড়াই বছর কেটে যাওয়ার ফলে একজন ছাঁটাই শ্রমিক সে কি করে চলবে তার কোন বিধান কোন ব্যবস্থা আইনের মধ্যে নাই, যদিও মাননীয় মন্ত্রী মহাশয় আইনের সাহায্য চাওয়ার ব্যবস্থা করেছেন তবুও তাঁকে বিবেচনা করতে হবে যে ছাঁটাই শ্রমিক তারা যখন মামলা করে তাদের সাহায্যের কোন ব্যবস্থা তিনি দিতে পারেন কি না। আমাদের বামফ্রন্ট সরকার অনেক রকম অ্যালাউনসের এবং ভাতার ব্যবস্থা করেছেন। যে সমস্ত শ্রমিক কর্মচারী মালিকদের বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে ছাঁটাই হয়েছে তাদের সাহায্যের জন্য এই ধরনের কোন অ্যালাউনস কোন সাহায্যের কথা মাননীয় শ্রমমন্ত্রী বিবেচনা করেন তাহলে আমরা বাধিত হব এবং সাধারণ মানুষ অনেক উপকৃত হবে। আমি এখানে একটা কথা শুধু বলতে চাই যে যে পরিমাণ অর্থ তিনি পেয়েছেন সেটা যদি পাওয়া যায় সেগুলি দিয়ে আদালত সম্প্রসারণ করলে বিচার বিভাগের কাজ এগুবে এবং দ্রুত বিচার নিষ্পত্তি হবে। এটাকে অগ্রাধিকার দিয়ে মাননীয় অর্থমন্ত্রী যেন বিশেষ ভাবে বিবেচনা করেন। যে টাকা মঞ্জুরী চাওয়া হয়েছে এর পরেও যদি আরও বেশি টাকা দরকার হয় সেটাও যেন তিনি দেন যাতে এই কাজকে ত্বরান্বিত করা যায়, এই কয়েকটি কথা বলে এই বাজেট বরাদ্দকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জোহান আর্থার বাকসালা :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, স্ট্যাম্প এবং রেজিস্ট্রেশনের ব্যয় বরাদ্দের দাবি মাননীয় আইন মন্ত্রী মহাশয় পেশ করেছেন সেটা আমি সমর্থন করছি। আমি বলতে চাই স্ট্যাম্প এবং রেজিস্ট্রেশন আইনের পরিবর্তন হওয়া উচিত এবং আজকের দিনের উপযোগী হওয়া দরকার। আমি আরও বলতে চাই সমাজের দুর্বলতর মানুষের বিশেষ করে তপশীল ভুক্ত জাতি ও উপজাতি যাতে এই আইনের দ্বারা বিশেষ সুবিধা পায় তার ব্যবস্থা হওয়া উচিত। জমি কেনা বেচার ব্যাপারে রেজিস্ট্রি অফিসে ঠিকমত তত্ত্বাবধানের ব্যবস্থা না থাকার জন্য মানুষকে ঠকান হচ্ছে এটা বন্ধ হওয়া বিশেষ দরকার।

[6-00 – 6-10 P.M.]

কত টাকা জমা কত টাকার স্ট্যাম্প দরকার, সেটা জানার সহজ ব্যবস্থা হওয়া জন্য দরকার। প্রত্যেক থানায় একটা করে সরকারের রেজিস্ট্রি অফিস থাকা দরকার। বিশেষ করে উত্তরবঙ্গের অনেক সাব-রেজিস্ট্রি অফিসে অফিসার না থাকার জন্য এক একজন অফিসারকে

দু তিনটে অফিসে দেখতে হচ্ছে প্রায় সব জায়গায়। সেই জন্য প্রত্যেক অফিসে অফিসার রাখা দরকার। দলিল নকলের সহজ ব্যবস্থা অবলম্বন করা দরকার। কারণ, কৃষকদের হয়রানি হচ্ছে, মামলার নষ্ট হচ্ছে। এর উপর বিশেষ করে নজর দেওয়া উচিত। উপজাতিদের জমি বিক্রির সময় পারমিশন নিতে হয়, এই পারমিশন দেওয়ার অফিসার জেলা শহরে থাকেন তাতে করে সাধারণ গরিব চাষীদের অবস্থা খারাপ হয়। এইজন্য নজর দেওয়ার দরকার আমি বলতে চাই, উপজাতি তালিকাভুক্ত লোকেরা যাতে এখানে চাকরি পেতে পারে তার ব্যবস্থা করা উচিত এবং গত সরকারের সময় বহু মামলা পড়ে আছে এবং এই সরকার আসার পর সেই মামলা শেষ করার জন্য চেষ্টা করছেন। তবু মামলা পড়ে আছে। আমি আইন মন্ত্রীর কাছে এই আবেদন রাখব, যাতে এই মামলা তাড়াতাড়ি শেষ হয়। এই আবেদন আইন মন্ত্রীর কাছে রেখে তাঁকে সাধুবাদ জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**শ্রী হাসিম আব্দুল হালিম :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমার বাজেট প্রস্তাবের উপর মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। কয়েকজন সদস্য ভাল ভাল প্রস্তাব দিয়েছেন। আমরা নিশ্চয় সে প্রস্তাব বিবেচনা করব। আমার দুঃখ এইজন্য যে আমাদের সামনে প্রাক্তন যিনি বিভাগীয় মন্ত্রী ছিলেন তিনি কোন সাজেশন দিতে পারেন নি। উনি রাজনৈতিক বক্তব্যই রেখে গেলেন। প্রাক্তন বিচার বিভাগীয় মন্ত্রী হিসাবে উনি অভিজ্ঞ ছিলেন, পাঁচ বছর এই দপ্তর তাঁর অধীনে ছিল; কোথায় ব্যর্থ হলেন, কেন করতে পারলেন না, কি অসুবিধা, কি হলে পারা যেত — এই ব্যাপারগুলো যদি জানাতেন তাহলে আমরা বোধ হয় আরও জানতে পারতাম। আমরা ঠিক করতে পারতাম কিভাবে কি করব। উনি এইসব কথা বলতে চান নি। উনি বলেছেন পি. পি. অ্যাপয়েন্টমেন্ট ইললিগ্যাল। পি. পি. অ্যাপয়েন্টমেন্ট আইন অনুযায়ী হয় নি। পি. পি. অ্যাপয়েন্টমেন্ট কিভাবে হয়? ডিসট্রিক্ট জাজ ম্যাজিস্ট্রেটের সঙ্গে আলোচনা করে একটা প্যানেল পাঠান। আমরা পি. পি. অ্যাপয়েন্টমেন্ট করে দিই। আমরা কয়েকটা অ্যাপয়েন্টমেন্ট সংশোধন করে দিয়েছি। উনি সেই সম্পর্কে বলেছেন, আপনারা আইন ভঙ্গ করেছেন। কি বে-আইনি করেছি? হাইকোর্ট বলেছিলেন, পুরনো প্যানেল থেকে করবেন না, ফ্রেশ প্যানেল থেকে নিয়োগ করুন। আমরা ফ্রেশ প্যানেলে সেই লোককেই করলাম। তাহলে বে-আইনি কোথায় হল? উনি তো মন্ত্রী ছিলেন। এই কাজটা এইভাবে করে ভাল করেছি নাকি? উনি আর কি বললেন? বললেন, মুনসেফ অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে হাইকোর্টের প্যানেলে আমরা চাকরি দিই নি। কয়েকটা প্রস্তাব এসেছিল হাইকোর্ট থেকে। আমরা বিচার করে জানতে চাই। অ্যাডিশনাল ডিসট্রিক্ট জাজ নিয়োগের ব্যাপারে হাইকোর্ট কি করেন। হাইকোর্ট অ্যাপ্লিকেশনগুলো সরকারের কাছে পাঠান। সরকার বিচার-বিবেচনা করে দেখেন, কোনগুলো উপযুক্ত, আর কোনগুলো ঠিক নয়। মাননীয় সাত্তার সাহেব যখন মন্ত্রী ছিলেন, ওঁনার মুর্শিদাবাদ জেলার একজন লোককে অ্যাডিশনাল ডিসট্রিক্ট জাজ হিসাবে হাইকোর্ট সিলেক্ট করেছিল। উনি তাকে কি অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন? আমি নাম বলে দিচ্ছি — শ্রী রমেন্দ্র মোহন রায়। উনি জনতার প্রার্থী হয়ে আমাদের প্রার্থীর বিরুদ্ধে দাঁড়িয়ে নির্বাচনে হেরে গেলেন। আমরা নির্বাচিত হয়ে সরকারে আসার পরে তবু তাঁকে নিয়োগ করেছিলাম। কোথায় ছিলেন সাত্তার সাহেব? জজ নিয়োগের ক্ষেত্রে আমরা রাজনীতি করছি? কারা করেছে? শ্রী রমেন্দ্র মোহন রায়কে নিয়োগ করেন নি কারা? আমরা শ্রী রমেন্দ্র মোহন রায়কে নিয়োগ করে দিয়েছি। কাশী বাবু

আমাকে বলার পর কাগজপত্র দেখবার পর ফাইল দেখলাম। তারপর তাঁকে নিয়োগ করে দিয়েছি। রাজনীতি আমরা করছি? কি বলতে চান? ডিস্পিউট ছিল হাইকোর্টের সামনে মুনসেফ নিয়োগের ব্যাপারে। এখন রফা হয়েছে, আমি গতকাল ১৩ জনের নাম সিলেক্ট করে হাইকোর্টে পাঠিয়েছি। কি ডিস্পিউট ছিল? অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ-এর সময় অ্যাপ্লিকেশন সহ তাঁরা নাম পাঠাতেন, মুনসেফের বেলায় অ্যাপ্লিকেশন পাঠাতে রাজি ছিলেন না। আমরা বলেছি অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জজের বেলায় যেমন অ্যাপ্লিকেশন সহ পাঠান সেই রকম মুনসেফের বেলাতেও অ্যাপ্লিকেশন সহ পাঠাতে হবে। সরকারকে জানতে হবে, কাকে তাঁরা নিয়োগ করছেন, কি ভিত্তিতে নিয়োগ করছেন, কি তাঁর কৃতিত্ব, কোন কোর্টে সে ওকালতি করেছেন, কত বছর ওকালতি করছেন, শুধু আপনারা নাম পাঠিয়ে দিলেন আর সরকার রাবার স্ট্যাম্প মেরে নিয়োগ করে পাঠিয়ে দেবেন, এটা হতে পারে না। পরে রফা হয়েছে। চিফ জাস্টিসের সঙ্গে আমরা বসেছিলাম, বসে মিটমাট হয়েছে। গতকাল ১৩ জনের নাম পাঠিয়েছি, আর বাদ বাকি দেখছি, আমরা কিছুদিনের মধ্যেই নিয়োগ করে দেব। কিন্তু উনি রাজনীতির কথা বললেন, কি সুবিধা অসুবিধা ছিল তাতো উনি বলেন নি? কারা রাজনীতি করছেন এতদিন ধরে? জজ নিয়োগের ব্যাপারে আমরা দেখি নি? হাইকোর্টের একজন প্রধান বিচারক হল ডাঃ বিধানচন্দ্র রায়ের সময়ে, উনি জজ নিয়োগ হয়েছিলেন। সেই ভদ্রলোক কে ছিলেন? উনি কংগ্রেসের একজন প্রার্থী ছিলেন ডঃ নারায়ণ রায়ের বিরুদ্ধে, বিধানসভার নির্বাচনে হেরে গেলেন, তারপরে তিনি হাইকোর্টের জজ হয়ে গেলেন। কারা রাজনীতি করেছেন? দেখিয়ে দিতে পারেন সাত্তার সাহেব কোন সি. পি. এম. ক্যাডারকে আমরা জজ নিয়োগ করেছি কিনা? এটা কি দেখিয়ে দিতে পারেন তিনি? আমরা প্রায় তিন বছর রাজত্ব করছি। একটা উদাহরণও কি দিতে পারেন? পারবেন না, কারণ আমরা এসব করি না, আমরা জানি এটা আমরা করি না, তাঁরাও জানেন আমরা করি না। কিছু না পেয়ে আজকে তো কিছু বলতে হবে, এম. এল. এ. হয়েছেন, তিনি দাঁড়িয়েছেন একটা শ্রেণীর প্রতিনিধিত্ব করছেন, সেই শ্রেণীর কথা তো তাঁকে বলতেই হবে এবং বলতে হবে এই তো ক্ষতি করছে বামফ্রন্ট সরকার।

জুডিসিয়াল অফিসারদের বাড়ির কথা বলেছেন, কত দুঃখ কষ্ট ওনার, বিচারকদের বাড়ি নেই, সাব ডিভিশনে গেলে ৩০০ টাকা ভাড়া দিতে হয়, অমুক করতে হয়, তমুক করতে হয়, তাঁদের বাড়ি মন্ত্রী মহাশয় করে দেন না, পাঁচ বছর তো উনি মন্ত্রী ছিলেন, কটা বাড়ি করেছিলেন, দিতে পারেন হিসাব? কোন হিসাব নাই। আমাদের বামফ্রন্ট সরকার আসার আগে পর্যন্ত জুডিসিয়াল বিভাগের লোয়ার জুডিসিয়ালদের জন্য কোন বাড়ির কোন— পরিকল্পনা পশ্চিম বাংলায় হয় নি। আমাদের সরকার আসার পরে নূতন পরিকল্পনা শুরু হয়েছে, পুরুলিয়ায়, রানাঘাটে কাজ আরম্ভ হয়েছে এবং বামফ্রন্ট সরকার জুডিসিয়ালদের জন্য বাড়ির কাজ আরম্ভ করেছে। কি সব কথা বলেন ওনারা। উনি তো মন্ত্রী ছিলেন, এই ডিপার্টমেন্টেরই মন্ত্রী ছিলেন, সেসব কথা উনি বললেন না, আজেবাজে যে রকম মিথ্যাকে সত্য বলে যত কিছু গোলমাল করে দিতে চাইছে। এই বামফ্রন্ট সরকার কিছু করছেন না। সিলেকশন অব এমপ্লয়ীজ মুর্শিদাবাদের, ওনার জেলার ব্যাপার, হতে পারে ওনার কোন লোক বে-আইনি ভাবে চাকুরি নেবার চেষ্টা করেছিলেন, আমাদের সরকারের নিয়ম হচ্ছে চাকুরি হবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত, কোন মন্ত্রীর কোন চাকুরি দেবার ক্ষমতা নাই। আমাদের

সরকার থেকে মুর্শিদাবাদ জেলার জজকে জানানো হয়েছে যে সমস্ত ভ্যাকেন্সি আছে, তাতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মারফত লোক নেবেন, কোন মন্ত্রীর কোন চাকুরি দেবার ক্ষমতা নাই। এটা আমাদের সরকার থেকে জানানোর পর দেখা গেল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম এল এবং ডিপার্টমেন্ট থেকেও কিছু লোক চাকুরি খুঁজছিলেন, তারাও ইন্টারভিউ দিলেন। অদ্ভুত ব্যাপার, যারা বেকার নয়, তাঁরাও ইন্টারভিউ দিলেন, আর যারা বেকার আছে, তাঁরাও ইন্টারভিউ দিলেন। কিন্তু দেখা গেল যাদের চাকুরি আছে তারাই সিলেক্টেড হয়ে গেলেন, আর যাঁরা বেকার তাঁরা সিলেক্টেড হলেন না। খুব ভাল ব্যবস্থা। সাত্তার সাহেব তো এটাই চান, যাঁরা চাকুরি করছেন, তাদের সুবিধা হোক আর যারা বেকার আছে, তারা বেকারই থাকুক, যাতে বামফ্রন্ট সরকারের বদনাম হয়, যাতে আমাদের পলিসি ব্যর্থ হয়। যখন এই খবরটা আমাকে দেওয়া হল, ওখানকার জনসাধারণ ওখানকার এলাকার মানুষ রিপ্রেজেনটেশন দিলেন, যারা বেকার ছিলেন, তাঁরাও রিপ্রেজেনটেশন দিলেন — সরকার আইন করেছেন, কিন্তু জেলা জজ এইরকম নিয়োগ করছেন, তখন সরকার থেকে জেলা জজকে বলা হল যে রিক্রুটমেন্ট রুল আছে, সেটা মানতে হবে, যদি কোন বে-আইনি এমপ্লয়মেন্ট হয়ে থাকে তো সেটা বাতিল করতে হবে। কোর্ট আছে, হাইকোর্ট আছে মামলা করুক। দুজন এ. পি. পি.-এর কথা বললেন মেদিনীপুরের, কত দুঃখ হল। তিনি তো মন্ত্রী ছিলেন ৫ বছর, তাদের জন্য বাড়ি ঘর কি সব করে দিয়েছেন? তিনি মেদিনীপুরের দুজন এ. পি. পি.-কে বেছে নিলেন। মামলাতে—করলেন, হাইকোর্টে, হাইকোর্ট কি রায় দিয়েছে? সাত্তার সাহেব তো মামলায় ছিলেন, সরকার যা করেছে, আইনত করেছে, আর তারপরে কি আছে। এটা রাজনীতি হল, যাই হোক এটা ওনার ব্যাপার।

[6-10 – 6-19 P.M.]

**শ্রী আব্দুস সাত্তার :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, উনি মেদিনীপুরের কথা তুলেছেন এবং সে কথা বলতে গিয়ে যেটা আমি বলি নি, যেটা আমি রেফার করি নি সেটা আমার নাম দিয়ে বলাচ্ছেন।

**মিঃ ডেপুটি স্পিকার :** That is not a point of order.

**শ্রী হাসিম আব্দুল হালিম :** আপনি কি বলেছেন, না বলেছেন সেটা এখানে যাঁরা বসে আছেন তাঁরা শুনেছেন। আমি যা নোট নিয়েছি সেই নোট অনুযায়ী আমি উত্তর দিয়ে যাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি গভর্নমেন্ট ল'ইয়ারের কথা বলেছেন। স্যার, আমরা জানি, ইন্দিরা কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন তাঁরা উকিল-টুকিলের চিন্তা করতেন না, সেখানে তাঁরা চাইতেন কমিটেড জাজ, কমিটেড জুডিসিয়ারি। আমরা বলেছি, সরকারি মামলা কমিটেড উকিল ছাড়া করতে পারবে না। কারণ সেখানে বর্গাদারের মামলা কে করবে — সাত্তার সাহেব, ভোলা সেন মহাশয় এঁরা কি সেইসব কেস করতে পারবেন? বর্গাদারের মামলা সেই করতে পারবে যে বর্গাদারকে সমর্থন করে। এই নীতি আমরা সেখানে গ্রহণ করেছি যে যেখানে স্টেটের পলিসির ব্যাপার থাকবে, যেখানে স্টেটের পলিসির ব্যাপারে আইন সংক্রান্ত ব্যাপার থাকবে সেখানে এমন উকিল দিতে হবে যে সরকারি নীতিকে সমর্থন করে, বিশ্বাস করে। যাঁরা সরকারের নীতিকে সমর্থন করেন, বিশ্বাস করেন আমরা মনে করি তাঁরা সঠিক

ভাবে সেখানে মামলা করতে পারবেন। এটাতেই ওঁদের গায়ে খুব জ্বালা ধরেছে। আমরা জানি এতে ওঁদের গায়ে জ্বালা ধরবে কারণ বিগত দিনে ওঁরা মানুষের উপর অত্যাচার করার জন্য এই কোর্টকে অত্যাচারের যন্ত্র হিসাবে ব্যবহার করতেন। আমরা কিন্তু কোর্টকে সেই উদ্দেশ্যে ব্যবহার হতে দিচ্ছি না, আমরা সেখানে সাধারণ মানুষের পাশে গিয়ে দাঁড়িয়েছি এবং তাদের জন্য কিছু করার চেষ্টা করছি। এই প্রসঙ্গে আমি বলতে পারি, হাইকোর্টে মামলায় বর্গাদাররা যাতে ডিফেন্স করতে পারে বিনা পয়সায়, সেইজন্য আমরা তাদের সাহায্য করার ব্যবস্থা করে দিয়েছি। বর্গাদাররা সেখানে বিনা পয়সায় মামলা করতে পারবে। বিগত দিনগুলিতে আমরা এ ক্ষেত্রে কি দেখেছি? আমরা দেখেছি, ২০০ জনকে পার্টি করে হাইকোর্টে মামলা করে দিল, সেখানে বর্গাদাররা টাকা পয়সা যোগাড় করতে পারল না, কলকাতায় আসতেও পারল না, মামলাও লড়তে পারল না, একতরফা হয়ে গেল। সেখানে জোতদারের উকিল আর সরকারি উকিল হাত মিলিয়ে বর্গাদারকে শেষ করে দিল। এইসব তো আজকে আর হচ্ছে না, আজকে নূতন নূতন ব্যবস্থা হচ্ছে এবং তাই দেখছি ওঁদের গায়ে জ্বালা ধরছে। স্যার, যখন দেখি ওঁদের গায়ে জ্বালা ধরছে তখন বুঝতে হবে আমরা ঠিক কাজ করছি, কিন্তু যখন ওঁরা প্রশংসা করেন তখন বুঝতে হবে কোথাও ভুল হচ্ছে, গোলমাল হচ্ছে। মাননীয় সদস্য সুনির্মল পাইক এবং অন্যান্য অনেক মাননীয় সদস্য রেজিস্ট্রেশন অফিসে কর্পোরেশানের কথা বলেছেন। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে এই রেজিস্ট্রেশন ডিপার্টমেন্টের অনেক সমস্যা আছে। আমরা যখন ক্ষমতায় আসি তখন দেখেছি এক একটা জেলাতে ১।।/২/৩ লক্ষ দলিল পেনডিং। সেখানে প্রেস থেকে ভলিয়ুম পাওয়া যায় না। যে সব ভলিয়ুমে দলিল নকল হয় — আমরা আসার পর সেখানে আমরা রেজিস্ট্রেশন আইনের সংশোধন করলাম এবং তাতে কপিং সিস্টেম করে যাতে ভলিয়ুমে নকল করতে না হয় তার ব্যবস্থা করলাম। এখন বকেয়া দলিল ক্লিয়ার না করা পর্যন্ত, এটার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আমরা ফিলিং সিস্টেম করতে পারছি না। গভর্নমেন্ট প্রেস থেকে ভুলিয়ুম পাওয়া যাচ্ছে না, নানান রকমের সমস্যা সেখানে আছে। আমরা বাইরে থেকে ভলিয়ুম ছাপাবার ব্যবস্থা করেছি — সরস্বতী প্রেস সরকার নেবার পর ঐ প্রেসের সঙ্গে আমরা আলোচনা করেছি এবং তাদের প্রায় ৪০ হাজার ভলিয়ুম ছাপাবার দায়িত্ব আমরা দিচ্ছি। আমরা আশা করছি কয়েক মাসের ভেতরেই এই সমস্যার সমাধান করার দিকে আমরা এগিয়ে যেতে পারব। এই প্রসঙ্গে আমি আরো জানাতে চাই, আমি আমার বাজেট বক্তৃতার মধ্যেও সেকথা বলেছি, ৪টি জেলাতে — কলকাতা, হাওড়া, বাঁকুড়া এবং ২৪ পরগনা — আমরা ক্লিয়ারেন্স প্রোগ্রাম আরম্ভ করেছি। বেকার যুবক যারা বেকার ভাতা পাচ্ছেন তাদেরকে কাজে নিয়োগ করে — আন-এমপ্লয়মেন্ট অ্যালাউন্স পলিসি অনুযায়ী ১০০ দিন কাজ করে আরো বাড়তি ২০০ টাকা দিয়ে আমরা অনেক কিছু কাজ করতে পেরেছি। আশা করছি আগামী দিনে এই প্রোগ্রামকে অন্যান্য জেলাতে আমরা এক্সটেন্ড করতে পারব এবং সমস্যার সমাধান করার দিকে এগিয়ে যেতে পারব। তারপর মাননীয় সাত্তার সাহেব বলেছেন, আমরা যা কিছু কাজ করি সবই খারাপ কাজ করি, আমরা ভাল কাজ কিছু করি না। আমি ওঁনাকে জানিয়ে দিতে চাই যে এই দু বছর কয়েক মাসের মধ্যে আমরা ১০ টি নূতন কোর্ট করতে পেরেছি। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে ৩৬০ টি কোর্ট দাবি করেছিলাম কিন্তু তাঁরা মাত্র ১৬০ টি কোর্ট দিতে রাজি হয়েছেন, ৪ কোটি কত টাকা তাঁরা দেবেন, ৫ বছরের মধ্যে এটা করতে হবে। আমরা সেই

সমস্ত প্ল্যান তৈরি করছি এবং আশা করছি আগামী কয়েক মাসের মধ্যে সেগুলি তৈরি হয়ে যাবে। আমি আবার দিল্লি যাব, সেখানে নূতন কেন্দ্রীয় আইন মন্ত্রীর সঙ্গে আলোচনা করব এবং তা করে এই টাকা আদায় করার চেষ্টা করব। সেই টাকা পেলে কিছু সমাধান আমরা করতে পারব বলে আশা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাত্তার সাহেব এবং অনেক মাননীয় সদস্য জজেদের বেতনের প্রসঙ্গ তুলেছেন এবং বলেছেন এঁদের বেতন অত্যন্ত কম। স্যার, আমি আমার বাজেট বক্তৃতার মধ্যে বলেছিলাম যে, এটা অত্যন্ত দুঃখের কথা যে আমাদের দেশের বিচারক, মুনসেফ এঁরা যে বেতন পান সেটা কোন বৃটিশ কোম্পানি বা আমেরিকান কোম্পানির ড্রাইভারদের বেতনের থেকেও কম। এটা লজ্জার কথা। কিন্তু আমার কি ক্ষমতা আছে তাঁদের বেতন বাড়িয়ে দেওয়ার। পে কমিশন নেই, সংবিধান নেই? আমাদের হাতে সব কিছু আছে যে আমরা যা করতে চাইব তাই করতে পারব? রাজ্যের যে অর্থনৈতিক অবস্থা আছে তাতে চাইলেই কি করা যাবে? সাত্তার সাহেব এটা মনে রাখেন নি যে পে কমিশন ছাড়া কোন সরকারি কর্মচারি বেতন বৃদ্ধি করা যায় না। পে কমিশনের রিপোর্ট এলেই আমরা দেখব। সুনির্মল বাবু রেজিস্ট্রেশনের ব্যাপারে ল গ্র্যাজুয়েটদের নিয়োগ করা যায় কি-না, সেই বিষয়ে বলেছেন। পাবলিক সার্ভিস কমিশন ছাড়া নিয়োগ করা যায় না। আমরা পাবলিক সার্ভিস কমিশনের সঙ্গে আলোচনা করেছি আউট-সাইড রিক্রুটমেন্ট করার জন্য, ডাইরেক্ট রিক্রুটমেন্ট করার জন্য। কিন্তু তারা এখনো পর্যন্ত আমাদের এই ব্যাপারে কিছু জানান নি। তাদের উত্তর পাবার পর ডাইরেক্ট রিক্রুটমেন্ট সম্ভব হবে, তখন আমরা নিশ্চয় করব। আর তারা যদি অনুমোদন না দেন তাহলে কি করে করব? সমস্যা আছে, সমাধান করার কিছু নেই। আইনের ব্যবস্থা, সংবিধানের ব্যবস্থা, প্রশাসনিক ব্যবস্থা ইত্যাদি যে সমস্ত জিনিসগুলি রয়েছে সেখানে আপনারা বলতে চান এই ব্যবস্থার মধ্য দিয়ে সব সমাধান হয়ে যাবে? এটা আমরা বিশ্বাস করি না। হ্যাঁ, আমরাও এই ব্যবস্থার মধ্যে আছি, এই সমাজ ব্যবস্থার মধ্যে আছি, বামফ্রন্ট সরকার আছে, টাটা বিড়লা ইত্যাদি সবাই আছে। এই সমাজ ব্যবস্থার পরিবর্তন হয়ে গেছে? এই সমাজ ব্যবস্থার মধ্যে দুর্নীতি বন্ধ করা যাবে এটা আমরা অন্তত মনে করি না, কেউ দাবিও করি না। সে কথা একবারও বলিনি, কিন্তু আমরা চেষ্টা করব — মানুষকে বলতে হবে আমরা যেটুকু করতে পারব করব, যেটুকু করতে পারব না, করতে পারলাম না। এই কারণে করতে পারলাম না, সেটা মানুষকে বোঝাতে হবে। আমরা যদি সৎ থাকি তাহলে মানুষ বুঝে থাকবে এবং ভবিষ্যৎ প্রমাণ করবে যে পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকার যেটা মানুষের জন্য করছে সেটা মানুষ গ্রহণ করবে এবং আমাদের পাশে দাঁড়িয়ে আগামী দিনে সমাজ পরিবর্তনের আন্দোলন যাতে তীব্র হয়, জোরদার হয় সেই বিষয়ে আমাদের সমর্থন করবে। এই কথা বলে আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

**Demand No. 4**

**Mr. Speaker :** The motion of Shri Sasabindu Bera that the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions of Sarbasree Rajani Kanta Doloi, A. K. M. Hassan Uzzaman, Sasabindu Bera, Balailal Das Mahapatra, Birendra Kumar Maitra, Probodh Purkait and Bijoy Bauri that the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Hashim Abdul Halim that a sum of Rs. 6,03,21,000 be granted for expenditure under demand No. 4, Major Head : "214—Administration of Justice", was then put and agreed to.

### Demand No. 8

The motion of Shri Sasabindu Bera that the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions of Sarbasree Sasabindu Bera, Balailal Das Mahapatra, and Birendra Kumar Maitra that the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Shri Hashim Abdul Halim that a sum of Rs. 3,45,52,000 be granted for expenditure under demand No. 8, Major Head : "230—Stamps and Registration", was then put and agreed to.

### ADJOURNMENT

The House was then adjourned at 6.19 P.M. till 1 P.M. on Tuesday, the 18th March, 1980 at the 'Assembly House', Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 18th March, 1980 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 5 Ministers of State and 151 Members.

### Held over Starred Questions
### (to which oral answers were given)

**সাঁইবাড়ি ও হেমন্ত বসু হত্যা মামলা প্রত্যাহার**

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৫০।) **শ্রী নানুরাম রায় :** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার সাঁইবাড়ি মামলা ও কলিকাতায় হেমন্ত বসু হত্যা মামলা প্রত্যাহার ক'রে নেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হলে, ইহার কারণ কি?

**শ্রী হাসিম আবদুল হালিম :**

(ক) হ্যাঁ, সাঁইবাড়ির মামলা প্রত্যাহার করা হইয়াছে।

হেমন্ত বসু হত্যা মামলা প্রত্যাহার করা হয়নি।

(খ) সাঁইবাড়ির মামলা মূলত রাজনৈতিক। সরকারের ঘোষিত নীতি অনুযায়ী এই মামলা প্রত্যাহার করা হইয়াছে।

হেমন্ত বসু হত্যা মামলার ক্ষেত্রে নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে পূর্বতন সরকার কর্তৃক হাইকোর্টে যে আপীল দায়ের করা হইয়াছে বর্তমান সরকার সেই আপীলটি না চালাবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত আপীল হাইকোর্টে বিচারাধীন আছে।

[ 1-00 — 1-10 P.M. ]

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে হেমন্ত বসু হত্যার মামলা যেটা পূর্বতন সরকার হাইকোর্টে আপীল করেছিল সেটা তুলে নিয়েছেন। কি কারণে তুলে নিয়েছেন?

**শ্রী হাসিম আবদুল হালিম :** রাজনৈতিক কারণে আসামিদের ধরা হয়েছিল এবং নিম্ন আদালতে আসামিরা খালাস পেয়েছিল।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন সাঁইবাড়ির ব্যাপারটি

রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে ঘটেছিল। তাহলে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে মার্ডার হলে তাকে ছেড়ে দেওয়া চলতে পারে কি না?

**শ্রী হাসিম আবদুল হালিম :** মাননীয় সদস্য নিশ্চয় জানেন এই বামফ্রন্ট সরকার গঠিত হবার আগে নির্বাচনের প্রাক্কালে আমাদের ৩৬ দফা কর্মসূচী ছিল। আমরা জনগণকে বলেছিলাম যে আপনারা ভোট দিয়ে আমাদের এই সরকার গঠন করেন, আমরা এই এই কাজ করবো। ৩৬ দফা কর্মসূচীর মধ্যে এটা ছিল যে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে যেসব মামলা হয়েছে আমরা সেগুলি তুলে দেব। আমরা প্রতিশ্রুতিবদ্ধ সেই কারণে আমরা ঐসব মামলা তুলে নিয়েছি।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে হেমন্ত বসুর মামলা যেটা হাই কোর্টে আপীল করেছিলেন পূর্বতন সরকার বর্তমানে সেটা তুলে দিয়েছেন কারণ নিম্ন আদালতে আসামিরা ছাড় পেয়েছিল। নিম্ন আদালতে পুনরায় ভাল করে মামলা করে এই হত্যাকান্ডের একটা কিনারা আপনি করবেন কি না?

**শ্রী হাসিম আবদুল হালিম :** এটা বিচার ব্যবস্থায় হতে পারেনা। পুলিশ যাদের ধরেছিল তাদের সম্বন্ধে পুলিশ বলেছিল যে এরা খুন করেছে। কিন্তু কোর্ট তাদের বলল যে এরা খুন করেনি এবং তাদের ছেড়ে দিয়েছিল। এখন পুলিশ চার্জশিট দিয়ে দিয়েছে এই বলে যে ওরাই খুন করেছে। এখন পুলিশ আর অন্য খুন করেছে এটা বলতে পারেনা।

**শ্রী জন্মেজয় ওঝা :** এমনতো হতে পারে যে নিম্ন আদালতে ভাল বিচার হয়নি, উচ্চ আদালতে ভালভাবে বিচার হতে পারত?

**শ্রী হাসিম আবদুল হালিম :** আমিতো আগেই বলেছি যে রাজনৈতিক কারণে ওরা ছাড়া পেয়েছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন ৩৬ দফা কর্মসূচীর ভিত্তিতে তারা যে নীতি গ্রহণ করেছিলেন তাতে তারা বাধ্য হয়েছেন মামলা তুলে নিতে। এখন সেই নীতিতে তাঁরা যদি আস্থাবান থাকেন তাহলে রাজনৈতিক কারণে যদি কাউকে হত্যা করা হয়ে থাকে তাহলে সে সম্পর্কে তিনি কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী হাসিম আবদুল হালিম :** মাননীয় সদস্য জনতা পার্টির সদস্য কি না জানিনা। ওনাদের পার্টিও তো আমাদের কর্মসূচীর মধ্যে ছিলেন। আমাদের আসার আগে পর্যন্ত রাজনৈতিক কারণে যেসব মামলা হয়েছে সেগুলি আমরা তুলে নেব এই কথাই বলেছিলাম এবং সেইরকম কাজ হয়েছে এবং তাতে আপনারাও তো উপকৃত হয়েছেন আপনারা আপনাদের তরফ থেকে যেসব মামলা আমাদের দিয়েছিলেন আমরা সেগুলি তুলে দিয়েছি। আর আপনি যেটা বলছেন এখনকার ব্যাপার সে সম্বন্ধে এখনও কোন সিদ্ধান্ত হয়নি, হলে বিবেচনা করব। জনতা সরকার যখন ছিল আমরা শুনেছি যে দিল্লিতে জর্জ ফার্নানডেজও মামলা তুলে নিয়েছিলেন।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে রাজনৈতিক কারণে যদি কাউকে হত্যা করা হয় তাহলে বর্তমান সরকারের নীতি কি হবে?

**শ্রী হাসিম আবদুল হালিম :** আমি মাননীয় সদস্যকে বলছি যে এইসব ব্যাপারে কোন

সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। যদি কোন সময় সিদ্ধান্ত করা হয় তাহলে ছেড়ে দেওয়া হবে। আর যদি সিদ্ধান্ত না হয় ছেড়ে দেওয়া হবেনা।

**মফঃস্বল জিলাসমূহে অত্যাবশ্যকীয় পণ্যের সরবরাহ**

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৬।) **শ্রী সুনীল বসু রায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে সরকার মফঃস্বল জিলাসমূহে কোন কোন অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহের ব্যবস্থা করিয়াছেন?

**শ্রী সুধীন কুমার :**

(১) চাল

(২) গম

(৩) ময়দা ও সুজি

(৪) চিনি (পুরুলিয়া, মুর্শিদাবাদ, নদীয়া, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায়)

(৫) লবন

(৬) ভোজ্য তেল

(৭) ডাল

(৮) কয়লা

(৯) কেরোসিন তেল

(১০) ডিজেল

(১১) সিমেন্ট

(১২) দেশলাই (হুগলি বর্ধমান, মেদিনীপুর, ও বাঁকুড়া)

(১৩) নিয়ন্ত্রিত দরে কাপড় (কো অপারেটিভ মারফত)

(১৪) এক্সারসাইজ বুক

(১৫) গায়ে মাখা সাবান

(১৬) চা

মালের সংগ্রহ প্রয়োজনমত হলেই মফঃস্বল জেলাগুলিতেও দেওয়া হবে।

**শ্রী সুনীল বসু রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই সকল পণ্য সংগ্রহের ব্যাপারে কোনরকম অসুবিধা রাজ্য সরকার বোধ করছেন কি না বা অপ্রতুল কি না?

**শ্রী সুধীন কুমার :** সমস্ত জিনিস যে সময় প্রয়োজন, যেখানে প্রয়োজন এবং যতটুকু

প্রয়োজন তা পাওয়া যাচ্ছেনা।

**শ্রী সুনীল বসু রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এটা না পাবার কারণ কি?

**শ্রী সুধীন কুমার ঃ** প্রত্যেকটি বস্তুর কারণ বিভিন্ন রকম। ১৬টি বস্তু সম্পর্কে বলেছি এবং এই ১৬টির থেকে আরও বহু কারণ আছে। যদি আলাদাভাবে বলেন তাহলে বলে দেব।

### রেশনে নিকৃষ্টমানের চাল-গম সরবরাহ

***১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৬।) শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রেশনে সম্প্রতি যে চাল-গম সরবরাহ করা হচ্ছে তা অত্যন্ত নিকৃষ্টমানের; এবং

(খ) অবগত থাকলে, এবিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) সরকার অবগত আছেন যে রেশন মারফত সরবরাহ করা চাল ও গমের মান উন্নত ধরনের নয়।

(খ) (১) কেন্দ্রীয় সরকার যে মানের চাল ও গম সংগ্রহ করেন সেই মান উন্নত করার জন্য বারবার বলা হচ্ছে।

(২) আতপ চালের বদলে সিদ্ধ চাল সরবরাহ করার দাবিও করা হচ্ছে।

(৩) উত্তর ভারতের রাজ্য থেকে সংগ্রহ করা সিদ্ধ চাল রান্না করা দুরুহ হওয়ায় তার বদলে দক্ষিণ ভারতের সিদ্ধ চাল এবং ভাল আতপ চালই দিতে বলা হচ্ছে।

(৪) এভাবে যে চাল ও গমই কেন্দ্রীয় সরকার দেবেন তা বিলি করার জন্য দেবার আগে খাদ্য বিভাগ ও খাদ্য করপোরেশনের অভিজ্ঞ কর্মচারী দিয়ে যুগ্মভাবে নিয়মিতভাবে পরীক্ষা করার ব্যবস্থা এই সরকার ক্ষমতায় এসে চালু করেছেন। কোন খাদ্য শস্য অখাদ্য বলে মনে হলে তা বিলি করার জন্য গুদাম থেকে সরবরাহ না করার জন্য খাদ্য করপোরেশনকে নির্দেশ দেওয়া হয়।

(৫) অপরিষ্কার ও অন্যান্য বস্তু মিশ্রিত চালকে চালাই ও পুনর্বার ছাঁটাই করে বিলি করার নির্দেশ দেওয়া হইয়াছে।

## Starred Question
### (to which oral answers were given)

**মালয়েশিয়া থেকে আমদানিকৃত তাল-তেল**

***৩০৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৫।) **শ্রী জন্মেজয় ওঝা :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৭৭ সাল থেকে ৩১এ ডিসেম্বর, ১৯৭৯ সাল পর্যন্ত মালয়েশিয়া থেকে পশ্চিমবঙ্গে কত তাল-তেল আমদানি করা হয়েছে; এবং

(খ) এই তেল আমদানির ভার কোন সংস্থাকে দেওয়া হয়েছিল?

**শ্রী সুধীন কুমার :**

(ক) (খ) পশ্চিমবঙ্গ সরকার মালয়েশিয়া থেকে তাল তেল আমদানি করেন না।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পশ্চিমবঙ্গ সরকার আমদানি করে না। আমার প্রশ্ন হচ্ছে, এই তাল তেল কারা সরবরাহ করছেন?

**শ্রী সুধীন কুমার :** কেন্দ্রীয় সরকার।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই সময়ের মধ্যে কত তাল তেল পেয়েছেন এবং রেশনের মাধ্যমে দেওয়া হচ্ছে কি না?

**মিঃ স্পিকার :** আলাদা নোটিশ দিতে হবে।

**শ্রী সুধীন কুমার :** জানুয়ারি ১৯৮০ পর্যন্ত ৩,৯৬৫ মেট্রিক টন পাম-তেল রেশন দোকানের মাধ্যমে বিক্রয় করা হয়েছে।

[ 1-10 — 1-20 P.M. ]

**Guidelines for granting route permits**

***309.** (Admitted question No. *254.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state–

(a) Whether it is a fact that the State Government has issued guidelines to be followed by the State Transport Authority, West Bengal and the different Regional Transport Authorities, in the matter of granting route permits for buses and trucks; and

(b) if so, what are the salient features of the guidelines ?

**Shri Mohammed Amin :**

(a) During the tenure of the present Government no such guidelines have been issued.

(b) Question does not arise.

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এবিষয়ে কোনো গাইড

লাইন যদি না করা হয়ে থাকে তাহলে কি বিগত সরকারের আমলের গাইড লাইনই মেনে চলা হচ্ছে?

**শ্রী মহঃ আমিন :** প্রশ্ন অনুযায়ী উত্তর ইতিমধ্যেই দেওয়া হয়েছে।

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** আর. টি. এ. থেকে বিবাহ ইত্যাদি উৎসবের জন্য সাধারণকে যেসমস্ত বাস ভাড়া দেওয়া হয় সে সম্বন্ধে কোনো গাইড লাইন আছে কি?

**শ্রী মহঃ আমিন :** না, সে সম্বন্ধে কোনো গাইড লাইন নেই।

**Mr. Speaker** : Starred questions nos. *310 & *311 are taken together.

### কয়লার মূল্যবৃদ্ধি

*৩১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কয়লার উর্ধমুখী দর প্রতিরোধের জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) পশ্চিমবঙ্গের সঙ্গে ভারতের উত্তর-পশ্চিমের রাজ্যগুলিতে কয়লার দরের আনুপাতিক তফাত কত?

**শ্রী সুধীন কুমার :**

(ক) কলিকাতায় ও জেলাগুলিতে সড়ক পরিবহনের পরিবর্তে রেলযোগে চাহিদামত কয়লা সরবরাহ ব্যবস্থা করা গেলে উর্ধমুখী দর প্রতিরোধ করা যাইতে পারে। এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সহিত আলোচনা করা হইতেছে।

কলিকাতা ও ২৪ পরগনায় মিডলম্যানদের মাধ্যমে ট্রাকে কয়লা আনার পারমিট দেওয়ার যে ব্যবস্থা চালু ছিল তাহা ত্রুটিপূর্ণ ছিল। সরকার সেই ব্যবস্থা রদ করিয়া ডিলারদের সরাসরি পারমিট দেওয়ার বন্দোবস্ত করেন। এই ব্যবস্থা হাইকোর্টের আদেশে বাতিল হওয়ার ফলে পূর্বাবস্থা বজায় রাখিতে হইয়াছে।

(খ) কোল ইন্ডিয়া লিমিটেডের খবর অনুসারে ভারতের উত্তর পশ্চিমের রাজ্যগুলির কতকগুলি স্থানে দর নিম্নরূপ :—

| | | | | |
|---|---|---|---|---|
| (১) | জয়পুর | প্রতি ৪০ কেজি | - | ২১.০০ টাকা |
| (২) | কানপুর | „ „ | - | ২৩.৬০ টাকা |
| (৩) | লক্ষ্ণৌ | „ „ | - | ২৩.০০ টাকা |
| (৪) | চন্ডীগড় | „ „ | - | ২৩.০০ টাকা |

পশ্চিমবাংলায় পোড়া কয়লার যে দর বাঁধা আছে তাহা উপরিউক্ত পশ্চিম অঞ্চলের গড় দাম অপেক্ষা অনেক কম।

**পশ্চিমবঙ্গে কয়লার চাহিদা**

*৩১১। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৩।) **শ্রী অমলেন্দ্র রায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বিভিন্ন ধরনের কয়লার বাৎসরিক বা মাসিক চাহিদা কত;

(খ) চাহিদামত কয়লার সরবরাহ অব্যাহত আছে কি; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হইলে কয়লা সরবরাহ অব্যাহত রাখার জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রী সুধীন কুমার :**

(ক) খাদ্য ও সরবরাহ দপ্তর শুধুমাত্র গৃহস্থের ব্যবহারের জন্য পোড়া কয়লার বিষয়ে দেখাশুনা করে, পশ্চিমবঙ্গে পোড়া কয়লার চাহিদা মাসিক কমপক্ষে ১,৫০,০০০ মেঃ টন।

(খ) না।

(গ) প্রতিমাসে উচ্চ পর্যায়ের বৈঠকে অধিক পরিমাণে সরবরাহ অব্যাহত রাখিবার জন্য কি কি ব্যবস্থা নেওয়া যায় তাহা কোল ইন্ডিয়া, ইষ্টার্ণ কোল ফিল্ড লিঃ ও রেলওয়ে অফিসারদের সঙ্গে আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করা হয়। ফলে এ মাসের বরাদ্দ ১,৫০,০০০ মেঃ টন হইয়াছে। ইহা ছাড়া পোড়া কয়লা সংগ্রহ ও সরবরাহ সংক্রান্ত বিষয়ে অসুবিধা দূর করিবার জন্য আসানসোলে রাজ্য সরকারের অধীনে একটি সরকারি অফিস আছে। সমস্ত কোলিয়ারীর টাকা একই অফিসে যাহাতে জমা দেওয়া যায় তাহার জন্য আসানসোলে একটি অফিস কোল ইন্ডিয়া সম্প্রতি খুলিবেন বলিয়াছেন।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পোড়া কয়লা যেটা পশ্চিমবাংলায় বিক্রি হয় তার অনুমোদিত দর কত?

**শ্রী সুধীন কুমার :** সারা পশ্চিমবাংলায় কোন অনুমোদিত দর নেই।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** কেন্দ্রীয় সরকারের খনি মন্ত্রী অভিযোগ করেছিলেন কয়লার দর সাড়ে ৭ টাকা হওয়া উচিত এবং রাজ্য সরকার সেই দর বাড়িয়ে দিচ্ছে এ কথা কি সত্যি?

**শ্রী সুধীন কুমার :** একথা সত্যি নয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** কোল ইন্ডিয়া সাড়ে ৭ টাকা দরে বিক্রি করছে কিন্তু আমাদের ১৫ টাকা ২০ টাকা দরে কিনতে হচ্ছে এই ব্যাপারটা বলবেন কি?

**শ্রী সুধীন কুমার :** এরজন্য কতকগুলি কারণ আছে। কালোবাজারি এর জন্য দায়ী।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি মেনে নিয়েছেন কোল ইন্ডিয়া সাড়ে ৭ টাকা দরে বিক্রি করে এবং আমাদের ব্যবসায়ী সেই দামে পায়?

**শ্রী সুধীন কুমার :** ব্যবসায়ীরা পেলেও ব্যবসায়ীরা সেই কয়লা দোকানে পায়না, তাঁরা পান কোলিয়ারী থেকে। কোলিয়ারী থেকে আনতে গেলে ট্রাকে করে নিয়ে আসতে হয় এবং

বর্তমানে ট্রাকের ভাড়া উর্ধ্বগতি হয়েছে, সেখানে ফাটকাবাজি চলে এটা আপনারা সকলেই জানেন। এইসব সত্বেও কোন একটি নির্দিষ্ট দামের মধ্যে যাতে কয়লা বিক্রি হয় তারজন্য আমরা আগে একটি প্রস্তাব রেখেছিলাম কিন্তু সেই প্রস্তাব কোল-ইন্ডিয়া প্রত্যাখান করেছেন। বর্তমানে ঐ দপ্তরের যিনি কেন্দ্রীয় মন্ত্রী তিনি সেই প্রস্তাব পুর্নবিবেচনার জন্য রেখেছেন। যদি সেই প্রস্তাব কার্যকর করা যায় তাহলে নির্দিষ্ট দামে কয়লা সরবরাহ সম্ভব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কালোবাজারিরা এই যে পরিস্থিতির সৃষ্টি করেছেন তার প্রতিরোধের জন্য সরকারের কিছু করার আছে কি?

(নো রিপ্লাই)

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** কবে নাগাদ ঐ প্রপজাল এক্সিকিউট হবে এবং কোল-ইন্ডিয়া এই যে সাড়ে ৭ টাকা দরে কয়লা দিচ্ছে সেই কয়লা ব্যবসায়ীরা ২২ টাকা ২৫ টাকায় বিক্রি করছে এটা খুব বেশি দাম বলে কি আপনি মনে করেন না?

**শ্রী সুধীন কুমার ঃ** নিশ্চয়ই উচিত নয়। কিন্তু আমি আপনাদের কাছ থেকে বিভিন্নরকম দাম শুনছি। এইরকম যদি নির্দিষ্ট অভিযোগ করেন তাহলে খুব ভাল হয় কারণ যখন অনুসন্ধান করা হয় তখন সাক্ষ্য দিতে কেউ এগিয়ে আসেন না। যারা অভিযোগ করলেন তারা যদি পরে এগিয়ে আসেন তাহলে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যায়। সেই ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছেনা এই সমস্ত কালোবাজারিদের বিরুদ্ধে। অন্যদিকে আর একটি ব্যাপার আছে সেটা হচ্ছে ট্রাকের অব্যবস্থা। ট্রাকের ফাটকাবাজি চলছে। কালোবাজারিদের সাথে এদের কোন সম্পর্ক নেই। আজকে এই যে পরিবহন ব্যাঘাত সৃষ্টি করছে এটাও দাম বাড়ার জন্য দায়ী।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, যারা কয়লার ডিলার তাদের উপর সরকারের কোন নিয়ন্ত্রণ আছে কি?

**শ্রী সুধীন কুমার ঃ** যারা উর্ধ্ব মূল্য নেন তাদের বিরুদ্ধে অ্যান্টিপ্রফিটিয়ারিং অ্যাক্ট অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে পারা যায় কিন্তু সেই আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে গেলে যে অসুবিধা আমরা বেশি বোধ করেছি সেটা হচ্ছে সাক্ষী সেই সাক্ষীর জন্য আমরা প্রতিহত হয়ে আসি, কাজে পরিণত করতে পারিনা।

[ 1-20 — 1-30 P.M. ]

**কোচবিহার জেলার গ্রাম পঞ্চায়েতগুলিতে জব অ্যাসিস্ট্যান্ট নিয়োগ**

*৩১২। (অনুমোদিত প্রশ্ন নং *৬১১।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার বিভিন্ন ব্লকের অন্তর্গত গ্রাম পঞ্চায়েতগুলিতে জব অ্যাসিস্ট্যান্ট পদে লোক নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, উক্ত জেলার কোন কোন ব্লকে উক্ত পদে লোক নিয়োগের কাজ সম্পন্ন হইয়াছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

(ক) এখনও হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রী দেবরঞ্জন সেন :** যে সমস্ত ব্লকে জব অ্যাসিসটেন্ট এখন পর্যন্ত নেওয়া হয়নি সেগুলি কবে নেওয়া হবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** বিভাগ থেকে নির্দেশ দেওয়া হয়েছে ৩১শে মার্চের মধ্যে এদের নিয়োগ করতে হবে।

**শ্রী দেবরঞ্জন সেন :** এই তারিখের মধ্যে যদি নিয়োগ না করেন তাহলে সরকার পক্ষ থেকে এই সমস্ত ব্লকের দায়িত্বে যাঁরা আছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** পয়লা এপ্রিলের পরে এ প্রশ্ন করবেন।

**মিঃ স্পিকার :** *৩১৩ এবং *৩১৪ একসঙ্গে হোক।

### কালোবাজারে সিমেন্ট

*৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৫।) **শ্রী সরল দেব :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কালোবাজারে প্রচুর পরিমাণে সিমেন্ট পাওয়া যায়; এবং

(খ) সত্য হইলে, কালোবাজারে সিমেন্ট বিক্রি বন্ধ এবং সাধারণ মানুষ যাহাতে ন্যায্যমূল্যে সিমেন্ট পায় তারজন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী সুধীন কুমার :**

(ক) ও (খ) সিমেন্ট কালোবাজারে বিক্রয় হয়, এই অভিযোগ সম্পর্কে সরকার অবহিত আছেন। তবে কালোবাজারে প্রচুর পরিমাণে বিক্রয় হওয়া সম্ভব নয়, কারণ শতকরা ৭৫ ভাগ সিমেন্ট পারমিটের মাধ্যমে যায়। কালোবাজারে বিক্রয় বন্ধ করার জন্য এনফোর্সমেন্ট এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মীদের মারফত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়।

### ফ্রি সেল-এ সিমেন্ট

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৮।) **শ্রী সন্তোষকুমার দাস :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডিলার মারফত ফ্রি সেল-এর জন্য যে সিমেন্টের কোটা দেওয়া হয় পশ্চিমবঙ্গে গত এক মাসে (১লা হইতে ৩১এ জানুয়ারি, ১৯৮০) তার পরিমাণ কত;

(খ) ডিলাররা খাদ্য দপ্তরের নির্দেশমত এই ফ্রি সেল-এ সিমেন্ট-এর দাম না নিয়ে ক্রেতা সাধারণের কাছ থেকে তার চেয়ে বেশি দাম নেয় এরূপ কোন অভিযোগ সরকারের নিকট আছে কি; এবং

(গ) এই ফ্রি সেল ব্যবস্থা বন্ধ করার ইচ্ছা সরকারের আছে কি না?

**শ্রী সুধীন কুমার :**

(ক) গত জানুয়ারিতে ডিলারদের ফ্রি সেল কোটা ছিল ১৭৪৯.২৫ মেঃ টন

(খ) ফ্রি সেল সম্পর্কে এরূপ নির্দিষ্ট কোন অভিযোগ বিভাগীয় অফিসে আসে নাই।

(গ) বর্তমানে নাই।

**শ্রী সন্তোষ দাস :** ফ্রি সেলে ডিলাররা কত সিমেন্ট পেল সেটা এম. এল. এ. দের জানাবার নিয়ম আছে। কিন্তু এটা পাবার পর এবং ডিসট্রিবিউট হবার পর আমরা কেন জানতে পারি?

**মিঃ স্পিকার :** এবিষয়ে আপনি খবর নেবেন, কারণ এটা আপনার একটা অভিযোগ।

**মহম্মদ সোহরাব :** ডিলাররা কে কত সিমেন্ট পেল সেটা এম.এল.এ. দের জানাবার কোন নিয়ম আছে কি?

**শ্রী সুধীন কুমার :** এই প্রশ্ন ইতিপূর্বে আরেকজন সদস্য করেন যে তিনি দেরিতে কেন পান। পোষ্ট অফিস মারফৎ এটা পাঠানো হয় বলে অনেক সময় দেরীতে পেয়ে থাকেন। আপনি যদি অভিযোগ করেন যে আপনি পাননি তাহলে আপনি সেটা জানাবেন।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি :** সিমেন্ট যা জেলায় যাচ্ছে সেই সিমেন্ট জনসাধারণের কাছে বিতরণ করবার কী প্রথা চালু আছে?

**শ্রী সুধীন কুমার :** সিমেন্ট কনট্রোল অর্ডারের কপি আমি হাউসের সামনে দিয়ে দেব।

**শ্রী জন্মেজয় ওঝা :** এইরকম কোন চিঠি দেবার বা সংবাদ দেবার কোন নিয়ম আছে কি না এম.এল.এদের যে এত সিমেন্ট গেল?

**শ্রী সুধীন কুমার :** এম.এল.এদের দেবার কোন নিয়ম নেই।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** ২৫ পারসেন্ট ফ্রি সেল এবং ৭৫ পারসেন্ট পারমিটের মাধ্যমে দেওয়া হয়। আমার বক্তব্য হচ্ছে, এটা ঠিক নয়, কারণ বারাসত সাবডিভিসনে দেখেছি ৫০%, ৫০%। কত পারসেন্ট কি কি বাবদে এগুলি ডিসট্রিবিউটেড হয়?

**মিঃ স্পিকার :** আপনি অর্ডারটা পড়ে নেবেন।

**শ্রী দেবরঞ্জন সেন :** প্রচুর পরিমাণে সিমেন্ট যা কালো বাজারে পাওয়া যায় সেটা কোথা থেকে আসে জানাবেন কি?

(কোন উত্তর নাই)

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** সিমেন্টের জন্য যে দরখাস্ত করা হয় সেই দরখাস্ত অনুযায়ী পর পর না দিয়ে এনকোয়ারী পিছু ২ টাকা, এবং পারমিট পিছু ৫ টাকা নেয় বলে যে অভিযোগ আমি এখানে করেছিলাম সে বিষয়টি আপনি তদন্ত করেছেন?

**মিঃ স্পিকার :** আমি এই কোশ্চেন অ্যালাউ করছি না।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মন্ত্রী মহাশয় বললেন এম.এল.এদের দেওয়া হয় কিন্তু আমি বলছি আমরা পাইনা, অথচ শুনছি ওঁরা পান তাহলে এর মধ্যে কোন ষড়যন্ত্র আছে কি?

[ 1-30 — 1-40 P.M. ]

**শ্রী সুধীন কুমার :** মাননীয় সদস্য যদি ইতিপূর্বে আমি যা বলেছি তা দয়া করে শুনতেন তাহলে জানতে পারতেন এম এল এদের কাছে নোটিশ দেবার কোন নিয়ম নেই, যা দেওয়া হয় সেটা অফিসারদের কাছে। উনি কি করে পেয়েছেন সে প্রশ্ন ওঁকে করুন, আমাকে নয়।

**শ্রী সন্তোষকুমার দাস :** এম এল এদের এটা জানান উচিত কি না বলুন?

**মিঃ স্পিকার :** সেটা আলাদা প্রশ্ন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন বিগত বছরে সিমেন্টের কালোবাজারি ধরা পড়েছিল কি না?

**শ্রী সুধীন কুমার :** পড়েছিল।

**শ্রী কমলকৃষ্ণ ভট্টাচার্য :** মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য একটা কথা বলছি যে সিমেন্টের ব্ল্যাকমার্কেটের সবচেয়ে বড় ঘাঁটি হচ্ছে মেট্রো রেল। সেখানে যারা সিমেন্ট ডিল করছে তাদের সেখানে খবর নিলে জানতে পারবেন।

**স্পেশ্যাল বাসে যাত্রীদের দাঁড়াইয়া যাওয়া সম্বন্ধে নিষেধাজ্ঞা**

*৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৯।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্পেশ্যাল ('এস' মার্কা) বাসে যাত্রীদের দাঁড়াইয়া না যাওয়ার নিয়মটি তুলিয়া দেওয়া হইয়াছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে, সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি এই 'এস' মার্কা বাসগুলিতে অগণিত যাত্রীকে দাঁড়াইয়া যাতায়াত করিতে দেখা যায়?

**শ্রী মহম্মদ আমিন :**

(ক) না।

(খ) সম্প্রতি রাস্তায় বিশেষ করে প্রাইভেট বাসের সংখ্যা কমে যাওয়ায় স্পেশ্যাল বাসেও যাত্রী সাধারণের একান্ত অনুরোধে কিছু কিছু যাত্রী দাঁড়াইয়া যান।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যেহেতু স্পেশ্যাল বাসের যাত্রীদের নির্দিষ্ট সুযোগ-সুবিধা সরকার দিতে পারছেন না এমন অবস্থায় স্পেশ্যাল বাসের যাত্রীদের কাছ থেকে বাড়তি ভাড়া নেওয়া ন্যায় সঙ্গত বলে মনে করেন কি না?

**শ্রী মহম্মদ আমিন :** বাড়তি নেওয়া হচ্ছে না, ভাড়া যা আছে তাই-ই নেওয়া হচ্ছে। তবে লোককে অনুরোধ করা হয় দাঁড়িয়ে যেন না যান।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যতদিন পর্যন্ত না স্পেশ্যাল বাসের যাত্রীরা বসে যেতে পারছেন ততদিন পর্যন্ত স্পেশ্যাল বাসের বাড়তি ভাড়া তাদের কাছ থেকে নেওয়া স্থগিত রাখার সরকারের পরিকল্পনা আছে কি না?

(নো রিপ্লাই)

**শ্রী দেবপ্রসাদ সরকার :** আজকে স্পেশ্যাল বাসে সরকারের অর্থনৈতিক দিক থেকে যথেষ্ট লাভ হচ্ছে, সেজন্য কি সাধারণ বাসগুলিকে স্পেশ্যাল বাসে রূপান্তরিত করছেন বর্তমান সরকার?

**শ্রী মহম্মদ আমিন :** না, সেটা ঠিক নয়।

## Increase of price of essential commodities in the Calcutta wholesale market

***316** (Admitted question No. *1021.) **Shri Dawa Narbu La** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state–

(a) if it is a fact that there has been a recent increase in the prices of edible oil, rapeseed, sugar and pulses in the Calcutta wholesale market;

(b) if so, what are the reasons for such increase in prices; and

(c) what were the prices of those commodities in open market in West Bengal on 1st January, 1979, 31st December, 1979 and 15th February, 1980?

**Shri Sudhin Kumar :**

(a) Yes

(b) Increase in prices of these commodities in the open market in states wherefrom West Bengal have to import these commodities through the trade channel. There is no price control of such commodities there.

| (c) | 1st January 1979 | 31st December 1979 | 15th February 1980 |
|---|---|---|---|
| | (In rupees per quintal) | | |
| Mustard Oil | 945.91 | 1182.14 | 1264.44 |
| Mustard Seed | 422.92 | 482.00 | 467.27 |
| Sugar | 236.07 | 429.00 | 540.00 |
| Masur | 358.46 | 292.10 | 295.56 |
| Moong | 420.67 | 467.08 | 457.50 |
| Gram | 286.43 | 278.17 | 273.75 |

**শ্রী মহম্মদ সোহরাব :** মন্ত্রী মহাশয় বললেন, এর উপর তাঁর কনট্রোল নেই। কিন্তু রেপসিড তো আপনার কনট্রোলে রয়েছে?

**শ্রী সুধীন কুমার :** রেপসিড আমরা আমদানি করিনা, বিক্রিও করিনা।

***317 Held over**

**Supply of oil from Assam to West Bengal**

***318** (Admitted question No. *257.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state–

(a) if it is a fact that after the recent disturbance in Assam, supply of oil from Assam to West Bengal has declined;

(b) if so, what action has been taken by the Government of West Bengal in the matter; and

(c) the quantity of oil supplied to West Bengal from Assam during the months of January, October, November and December in 1978 and 1979 and January, 1980 ?

**Shri Sudhin Kumar :**

(a) Yes

(b) State Govt. had directed the oil companies to despatch H.S.D. oil to North Bengal districts by rail from the installation at Rajbundh and also by road from Mourigram. Request to the above effect was also made to the Govt. of India.

(c) The figures of despatch of H.S.D. oil in the months of 1979 and 1980 as obtained from the State Co-ordinator of oil companies are specified below :–

| | | |
|---|---|---|
| January'78 | ... | 8615 KL. |
| January'79 | ... | 8629 KL. |
| October'78 | ... | 6193 KL. |
| October'79 | ... | 1028 KL. |
| November'78 | ... | 7539 KL. |
| November'79 | ... | 11400 KL. |
| December'78 | ... | 8876 KL. |
| December'79 | ... | 7832 KL. |
| January'80 | ... | Nil. |

**"প্রবেশ কর"**

*৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, "প্রবেশ কর" (এন্ট্রি ট্যাক্স) থেকে প্রাপ্য অর্থ বিভিন্ন জেলায় মিউনিসিপ্যালিটিগুলিকে দেওয়া হয়; এবং

(খ) সত্য হলে মুর্শিদাবাদ জেলার মিউনিসিপ্যালিটিগুলি ঐ বাবদ বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে (৩১এ ডিসেম্বর, ১৯৭৯ পর্যন্ত) কত টাকা পেয়েছে?

**শ্রী প্রশান্তকুমার শূর :**

(ক) হ্যাঁ

(খ) ২৫,৬৬,৫৯৫ টাকা।

**শ্রী সন্দীপ দাস :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এন্ট্রি ট্যাক্সের কতভাগ টাকা স্টেট গভর্নমেন্ট নেয়?

**শ্রী প্রশান্তকুমার শূর :** স্টেট গভর্নমেন্ট একটা পয়সাও নেয়না। সি এম ডি এ পায় ৫০ শতাংশ, কলকাতা কর্পোরেশন পায় ২৫ শতাংশ, সি এম ডি এর অন্তর্ভূক্ত মিউনিসিপ্যালিটি পায় ১৭ শতাংশ এবং সি এম ডি এর বাইরের মিউনিসিপ্যালিটি পায় ৮ শতাংশ।

[ 1-40 — 1-50 P.M. ]

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, অন্যান্য রাজ্যে এই যে এন্ট্রি ট্যাক্স আছে কি হারে আছে এবং সেটার পুরো টাকাটাই কি মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন পায়?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমার যতদূর জানা আছে কংগ্রেসের ট্যাক্স রিয়েলাইজেশন

করার জন্য যে টাকাটা লাগে সেটা স্টেট গভর্নমেন্ট রাখে আর সবটাই মিউনিসিপ্যালিটি গুলিকে দেয়।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** যে এন্ট্রি ট্যাক্সগুলি বিভিন্ন কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিকে দেওয়া হয় তারমধ্যে থেকে বিভিন্ন পঞ্চায়েতগুলিকে দেওয়ার কোন পরিকল্পনা আছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** না, পরিকল্পনা নেই।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** পঞ্চায়েত থেকে যে ট্যাক্স তোলা হয় তা দেওয়ার কোন পরিকল্পনা আছে কি না এবং এ বিষয়ে কনসিডার করবেন কি না।

**শ্রী প্রশান্তকুমার শূর :** না, বর্তমানে কোন পরিকল্পনা নাই।

**কলিকাতায় ধীরগতিসম্পন্ন যানবাহন চলাচল নিষিদ্ধ করার পরিকল্পনা**

*৩২০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮১।) **শ্রী সরল দেব :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় ধীরে চালিত যানবাহন, যথা, ঠেলাগাড়ি ও রিক্সা চলাচল বন্ধ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকর হইবে?

**শ্রী মহম্মদ আমিন :**

(ক) সম্পূর্ণভাবে বন্ধ করার কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, ভারতবর্ষের অপরাপর শহরের ধীর মন্থর গতিতে চালিত ঠেলা, ও রিক্সা বন্ধ আছে, কলকাতা শহরের জনস্বার্থের সুবিধার্থে এই কাজ করা যাবেনা কেন?

**শ্রী মহম্মদ আমিন :** এটা একটা বিতর্কিত প্রশ্ন, স্বপক্ষে যুক্তি আছে, বিপক্ষেও যুক্তি আছে। আপনি এখানে প্রশ্ন করেছিলেন যে পরিকল্পনা আছে কি না আমি বলেছি বর্তমানে সেরকম কোন পরিকল্পনা নাই। তবে যেটুকু আছে সেটা হচ্ছে লাইসেন্স ছাড়া যে রিক্সা ও ঠেলা চলে সেগুলি বন্ধ করবার জন্য আমরা একটা প্রচেষ্টা করছি।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী বললেন স্বপক্ষে এবং বিপক্ষে অনেক যুক্তি আছে এদের রুজি রোজগারের প্রশ্ন আছে সেটা আমরা জানি কিন্তু প্রশান্ত শূর মহাশয় যখন হকার্সদের উচ্ছেদ জনস্বার্থের খাতিরে করছেন তাহলে আপনি কেন জনস্বার্থের খাতিরে এই কাজ করবেন না?

**Mr. Speaker :** You are initiating a discussion. I would not allow it.

**শ্রী সুমন্তকুমার হীরা :** কলকাতায় লরি চলাচল দিনের বেলায় বন্ধ করবেন কি না?

**শ্রী মহম্মদ আমিন :** দিনের বেলা লরি চালচল বন্ধ করবার জন্য একটা নিষেধাজ্ঞা আছে সেটা যদি কোন ক্ষেত্রে না মানা হয় সেটা অন্য কথা।

**শ্রী সরল দেব :** সকাল ৮টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত বন্ধ করা হবে কি না?

**শ্রী মহম্মদ আমিন :** এরকম হলে ব্যবসা চলবে কি করে? এসেনসিয়াল সাপ্লাই যদি কলকাতা শহরে না আসে তাহলে কলকাতার নাগরিকদের বেশি অসুবিধা হবে।

**শ্রী নির্মলকুমার বোস :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন লাইসেন্স ছাড়া ঠেলা এবং রিক্সা যা কলকাতা শহরে চলছে তা নিয়ন্ত্রণ করার জন্য একটা ব্যবস্থা করছেন। লাইসেন্স ছাড়া ঠেলা ও রিক্সার সংখ্যা আপনার জানা আছে?

**শ্রী মহম্মদ আমিন :** লাইসেন্স যাদের আছে তাদের সংখ্যা ৬ হাজার। কিন্তু লাইসেন্স ছাড়া তার কোন গণনা করা হয়নি।

**জেলা পরিষদগুলিকে "রোড সেসের" টাকা প্রদান**

*৩২১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিভিন্ন জেলা পরিষদের প্রাপ্য "রোড সেসের" টাকা কি নিয়মিত সময়ে দেওয়া হচ্ছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** হ্যাঁ।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি জেলা পরিষদ কে রোড সেসের যে টাকা তাদের দেওয়ার বিধান আছে সেটা অ্যাকচুয়াল ডিমান্ড, না অন অ্যাকচুয়াল কালেকশন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** অন অ্যাকচুয়াল কালেকশন।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** আমাদের বামফ্রন্ট প্রতিষ্ঠিত হওয়ার পর গত জানুয়ারি মাস পর্যন্ত কত টাকা জেলা পরিষদকে দেওয়া হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এক কোটি টাকা।

**শ্রী তিমিরবরণ ভাদুড়ী :** কোন জেলাকে কত টাকা দেওয়া হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

| | | | |
|---|---|---|---|
| 1. Cooch Behar | 5,40,727/- | 9. Howrah | 2,00,000/- |
| 2. Jalpaiguri | 2,40,000/- | 10. Hooghly | 6,12,720/- |
| 3. Darjeeling | 1,40,000/- | 11. Burdwan | 43,00,000/- |
| 4. West Dinajpur | 6,67,969/- | 12. Birbhum | 1,50,000/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 5. | Malda | 9,40,692/- | 13. | Bankura | 6,89,892/- |
| 6. | Murshidabad | 2,30,000/- | 14. | Purulia | 2,48,000/- |
| 7. | Nadia | 1,30,000/- | 15. | Midnapore | 4,50,000/- |
| 8. | 24-Parganas | 4,60,000/- | | | |

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** যে জেলা যে টাকা আদায় করে, তারা সেই টাকা পায় না, অন্যভাবে এটা ঠিক করেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** যে জেলা যে টাকা আদায় করে সেই হিসাবে পায়।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** আদায় করা হয় জে, এল, আর ও অফিস থেকে। সেখান থেকে ভালভাবে আদায় না হওয়ার জন্য জেলা পরিষদের টাকা কমে যাচ্ছে। এই ব্যাপারে পঞ্চায়েত দপ্তরের কতটা হাত আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এইটা ভূমি রাজস্ব দপ্তর থেকে হয়ে থাকে।

**হাওড়া-আমতা রুটে মিনিবাসের ভাড়া**

*৩২২। (অনুমোদিত প্রশ্ন নং *৯১০।) **শ্রী সন্তোষকুমার দাস :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কর্তৃক নির্ধারিত হাওড়া-আমতা ভায়া রানিহাটি মিনিবাসের হাওড়া থেকে আমতা পর্যন্ত ভাড়া কত; এবং

(খ) উক্ত রুটের ভাড়া কমানোর জন্য সরকার কি কোন সুপারিশ করিয়াছেন বা করিবেন?

**শ্রী মহম্মদ আমিন :**

(ক) প্রতি কিলোমিটার ১৩ (তের) পয়সা হিসাবে ৩৯ (উনচল্লিশ) কিলোমিটার দূরত্বের জন্য মোট ৫ (পাঁচ) টাকা ভাড়া ধার্য করা হইয়াছে।

(খ) বর্তমানে উক্ত ভাড়া কমানোর কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রী সন্তোষকুমার দাস :** মন্ত্রী মহাশয় মনে করেন কি যে, যে ভাড়া গত সরকার নির্ধারণ করেছিলেন সেইটা মানুষের সামর্থের তুলনায় অনেক বেশি?

**শ্রী মহম্মদ আমিন :** যারা মিনিবাস চড়েন তাদের মধ্যে তো বিভিন্ন শ্রেণীর লোক আছেন। সুতরাং কার সামর্থ কতটা সেটা কি করে বুঝব?

**শ্রী সন্তোষকুমার দাস :** মিনিবাসের ভাড়া ড্রাইভার এবং কন্ট্রাকটারেরা ইচ্ছেমত নেয় এবং তা নিয়ে অভিযোগ হয়। তারা যে ইচ্ছেমত ভাড়া নেয় এই সম্পর্কে জানেন কি?

**Mr. Speaker :** This question is disallowed.

**শ্রী দীপক সেনগুপ্ত :** মিনিবাসে দাঁড়িয়ে আসা অ্যালাউ করেছেন এবং স্পেশ্যাল বাসেও করেছেন। এই পরিপ্রেক্ষিতে ভবিষ্যতে যে নূতন মিনিবাস আসবে তার হাইট বড় করবার জন্য নির্দেশ দেবেন কি?

**Mr. Speaker :** You raised question on policy matter. The question should be solicit information on facts, but not about policy.

## Unstarred Question

## (to which written answers were laid on the table)

### বর্গা রেকর্ড পরিবর্তন

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫১।) **শ্রী নানুরাম রায় :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিক কাজে আরামবাগ ব্লকে তিরোল গ্রাম পঞ্চায়েতের নৈসরাই গ্রামের শ্রীচন্ডীচরণ হাটীর বর্গা রেকর্ড পরিবর্তন করিয়া শ্রী জয়দেব কোঙর-এর নামে রেকর্ড করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে কারণ কি?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) (খ) নৈসরাই গ্রামটি সাহালালপুর (জে এল নং ১৭৬।১) মৌজার একটি অংশ। সাহালালপুর মৌজার ২৪৮২ (সাবেক ২৪০৯) নং দাগটি ৬২০ নম্বর খতিয়ানের অন্তর্গত। ঐ খাতিয়ানে রায়তের নাম ছিল কৃষ্ণচন্দ্র হাটী পিং কৈলাসচন্দ্র হাটী এবং ২৩নং কলমে বর্গাদার হিসাবে শ্রী চন্ডীচরণ হাটীর পিং অক্ষয়চন্দ্র হাটী নাম লিপিবদ্ধ ছিল। খানাপুরী বুঝারতের সময়ে শ্রী জয়দেব কোঙর ও তাহার অপর দুই ভাই রেজেস্ট্রি কোবালা মূলে ঐ দাগের জমি ক্রয় করায় তাহাদের নাম রেকর্ড করা হয় এবং দাগটি তাহাদের খাস দখলে থাকায় বর্গা দং চন্ডীচরণ হাটীর নামের পর "মালিক কর্তৃক বেদখল হেতু পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ১৯খ ধারা প্রযোজ্য" লেখা হয়।

সবশেষে জয়দেব কোঙার ও তাহার দুই ভাই-এর তিনটি আলাদা খতিয়ান খোলা হয়েছে এবং বর্তমান অ্যাটেস্টেড (তস্দিক্-সম্পন্ন) রেকর্ড বর্গা দং চন্ডীচরণ হাটীর নাম রেকর্ড করা আছে এবং "মালিক কর্তৃক বেদখল হেতু ১৯খ ধারা প্রযোজ্য" এইরূপ লেখা আছে।

### General Hospital at Kharagpur

**25.** (Admitted question No. 109.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state–

(a) whether it is a fact that the previous Government approved a proposal for construction of Sub-divisional Hospital at Kharagpur in Midnapore district; and

(b) if answer to (a) be in the affirmative–

(i) the present position of the proposal,

(ii) the action taken by the previous Government in the matter,

(iii) the action taken by the present Government in the matter,

(iv) When is the hospital expected to be opened for public,

(v) What was the estimated cost of construction of this hospital, and

(vi) amount so far spent by the State Government in the matter ?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :** (a) The previous Government approved a proposal for construction of a 250-bedded general hospital at Kharagpur in the year 1976.

(b) (i) 85 per cent. of works have been completed including internal water supply, sanitation and plumbing works and electrical works.

(ii) The previous Government finalised the land as well as plan and estimate for construction of the hospital excluding water supply arrangement and also completed 17 per cent. of the constructional works covering an expenditure of Rs. 23,70,000 on the account.

(iii) The present Government sanctioned the execution of works for water supply arrangements for the hospital besides continuing the execution of the works of construction and other works of the hospital. 68 per cent. of the works have been completed so far.

(iv) By September 1980.

(v) Rs. 1,43,80,019. (Cost of construction of the buildings of the hospital including Staff Quarters–Rs. 1,37,32,361 and cost of water supply arrangements for the hospital Rs. 6,47,658.)

(vi) Rs. 1,27,40,292.

## Appointment of Class III and IV posts in Co-operation Department

**26.** (Admitted question No. 118.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state–

(a) the number of persons appointed to Class III and Class IV posts under the Co-operation Department and the Directorate during the tenure of the present Government (up to January 1980); and

(b) the number of them belonging to–

(i) Scheduled Casts,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community ?

**Minister-in-charge of the Co-operation Department :**

| | Class III | Class IV | Total |
|---|---|---|---|
| (a) Department .. .. .. | 15 | 1 | 16 |
| Directorate .. .. .. | 30 | 74 | 104 |
| (b)(i) Department .. .. | 3 | .. | |
| Directorate .. .. | 5 | 19 | |
| (ii) Department .. .. | .. | .. | |
| Directorate .. .. | 1 | 4 | |
| (iii) Department .. .. | 1 | .. | |
| Directorate .. .. .. | 1 | 3 | |

**Appointment of Class III and IV posts in Food and Supply**

**27.** (Admitted question NO. 127.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state–

(a) the number of persons appointed in Class III And IV posts under the Department and Directorates of Food and Supplies during the tenure of the present Government (up to January 1980); and

(b) the number of them belonging to–

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community ?

**Minister-in-charge of the Food and Supplies Department :** (a) The number of persons appointed in Class III and IV posts under the Food and Supplies Department during the tenure of the present Government (up to January 1980) is as follows :

(b) The number of them belonging to

| | | Class III | Class IV | Total |
|---|---|---|---|---|
| | | 499 | 444 | — |
| | | Class III | Class IV | Total |
| (i) | Scheduled Castes .. .. | 67 | 99 | 166 |
| (ii) | Scheduled Tribes .. .. | 10 | 37 | 47 |
| (iii) | Muslim Community .. | 22 | 21 | 43 |

**Appointment of Group 'B' and 'C' posts in Commerce and Industries Department :**

**28.** (Admitted question No. 132.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state–

(a) if it is a fact that some persons have been appointed to Group 'B' and Group 'C' posts under the Commerce and Industries Department and its Directorates during the tenure of the present Government (up to January 1980); and

(b) if so–

(1) the total number of such appointment.

(2) the number of them belonging to (i) Scheduled Castes, (ii) Scheduled Tribes, and (iii) Muslim Community ?

**Minister-in-charge of the Commerce and Industries Department :** (a) Yes (b) (1) 223.

(2) (i) 28, (ii) 2 and (iii) 8.

**Appointment in C.S.T.C., N.B.S.T.C., D.S.T.C. and C.T.C.**

**29.** (Admitted question No. 138.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Home (Transport) Department be pleased to state–

(a) the number of persons appointed in (i) Calcutta State Transport Corporation, (ii) Calcutta Tramways Co., (iii) North Bengal State Transport Corporation and (iv) Durgapur State Transport Corporation during the tenure of the present Government (up to January 1980); and

(b) the number of them belonging to (i) Scheduled Castes, (ii) Scheduled Tribes and (iii) Muslim Community ?

**Minister-in-charge of the Home (Transport) Department :** (a) number of persons appointed during the tenure of the present Govern-

ment up to January, 1980, in (i) Calcutta State Transport Corporation–1,924, (ii) Undertaking of the Calcutta Tramways Co. Ltd.–624, (iii) North Bengal State Transport Corporation–133, (iv) Durgapur State Transport Corporation–157.

(b) Out of the persons appointed as above the number of those belonging to Scheduled Castes, Scheduled Tribes and Muslim Community are as follows :

(i) In Calcutta State Transport Corporation–

Scheduled Castes–304

Scheduled Tribes–11

Muslim Community–99

(ii) In the Undertaking of the Calcutta Tramways Co. Ltd.–

Scheduled Castes–62

Scheduled Tribes–Nil

Muslim Community–84

(iii) In North Bengal State Transport Corporation–

Scheduled Castes–12

Scheduled Tribes–1

Muslim Community–9.

(iv) In Durgapur State Transport Corporation–

Scheduled Castes–9

Scheduled Tribes–Nil

Muslim Community–7.

## রেগুলেটিং মার্কেট

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় রেগুলেটিং মার্কেট প্রতিষ্ঠার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তার কাজ কতদূর অগ্রসর হয়েছে; এবং

(খ) এই রাজ্যে জেলাওয়ারী কতগুলি মার্কেট সংস্থাপন করা হবে?

**কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) পশ্চিমবঙ্গে কৃষিপণ্য বিপণন (নিয়ন্ত্রণ) আইন, ১৯৭২-এর আওতায় ৩৫টি নিয়ন্ত্রিত বাজার (রেগুলেটেড মার্কেট) সমিতি সংগঠিত হয়েছে।

৩৫টি প্রধান বাজার চত্বর নির্মাণের জন্য ইতিমধ্যে ২২টির জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে। আবার, ইহার মধ্যে ১১টি বাজার চত্বর নির্মাণের কাজ শুরু হয়েছে এবং বাকি ১১টির নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে।

(খ) রাজ্য সরকার কর্তৃক স্থিরীকৃত হয়েছে যে, কৃষকগণ যাতে তাদের কৃষিজাত পণ্য ন্যায্য মূল্যে বিক্রি করিতে পারেন, সেইজন্য প্রত্যেক মহকুমায় অন্তত একটি করে প্রধান বাজার চত্বর এবং প্রয়োজনীয় সংখ্যক উপ-বাজার চত্বর সংস্থাপন করা হবে। এ ব্যাপারে সরকারি পর্যায়ে উদ্যোগও শুরু হয়েছে।

## বিচারকের স্বল্পতা

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২১২) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিচারালয়গুলিতে বিচারকগণের স্বল্পতার জন্য দ্রুত মামলা নিষ্পত্তি হয় না; এবং

(খ) পশ্চিমবঙ্গের ফৌজদারী ও দেওয়ানী আদালতগুলিতে বর্তমানে কতগুলি বিচারকের পদ শূন্য আছে?

**বিচার বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) অনেকাংশে তাহাই।

(খ) বর্তমানে ফৌজদারী ও দেওয়ানী আদালতগুলিতে প্রায় ৫৮টি বিচারকের পদ শূন্য আছে। শূন্য পদগুলির বিশদ বিবরণ নিম্নে প্রদত্ত হইল :

মুন্সেফের আদালত—১১টি

জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের আদালত—১২টি

মুন্সেফ রেজিস্ট্রার—১৪টি

এতদ্ব্যতীত ২১ জন আধিকারিক (অফিসার) একই সঙ্গে মুনসেফ ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসাবে কাজ করিতেছেন। ইহা হইতে প্রতীয়মান হয় যে, ২১টি আদালতে বিচারকের পদ শূন্য রহিয়াছে।

## পশ্চিমবঙ্গে আদিবাসী উপজাতি গোষ্ঠী

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২২২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন কোন আদিবাসী উপজাতি গোষ্ঠী বাস করেন;

(খ) ঐ উপজাতিসমূহের মোট জনসংখ্যা কত; এবং

(গ) উপজাতিসমূহের ভাষা ও সংস্কৃতি সংরক্ষনের জন্য রাজ্য সরকারের কোন সুনির্দিষ্ট কর্মসূচী আছে কি?

**তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় :** নিম্নেবর্ণিত ৩৮টি উপজাতি গোষ্ঠী পশ্চিমবঙ্গে বাস করেন—

(১) অসুর; (২) ওরাওঁ; (৩) করমালি; (৪) কিসান; (৫) কোরওয়া; (৬) কোড়া; (৭) খারওয়ার; (৮) খোনদ; (৯) গরেত; (১০) গারো; (১১) গোন্ড; (১২) চাকমা; (১৩) চিকবরৈক; (১৪) চেরো; (১৫) নাগসিয়া; (১৬) পারহাইয়া; (১৭) বিরহিয়া; (১৮) বিরহড়; (১৯) বেদিয়া; (২০) বৈগ; (২১) ভুটিয়া (সেরপা, টটো, ডুকপা, কাগাড়ে, তিব্বতী, য়োলমো); (২২) ভূমিজ; (২৩) মগ, (২৪) মাহালি; (২৫) মাহলি; (২৬) মাল পাহাড়িয়া; (২৭) মুণ্ডা; (২৮) মেচ; (২৯) শ্রু; (৩০) রাভা; (৩১) লেপচা; (৩২) লোধা, খেরিয়া, খাড়িয়া; (৩৩) লোহারা, লোহরা; (৩৪) শবর (৩৫) সাওতাল (৩৬) শাওরিয়া, পাহাড়িয়া, (৩৭) হাজং এবং (৩৮) হো।

(খ) ১৯৭১ সনের আদমশুমারি অনুসারে মোট জনসংখ্যা ২,৫৩২,৯৬৯ জন।

(গ) এই বিভাগের অধীন সাংস্কৃতিক গবেষণাগারের মাধ্যমে উপজাতিসমূহের ভাষা ও সংস্কৃতি সংরক্ষণের জন্য কিছু কর্মসূচী রহিয়াছে।

উক্ত গবেষণাগারের সংগ্রহশালায় আদিবাসীদের ব্যবহৃত জিনিসপত্র, ছবি, আলোকচিত্র প্রভৃতি সংগ্রহ করিয়া সংরক্ষণের ব্যবস্থা রহিয়াছে। তাছাড়া আদিবাসীদের ভাষা, শিক্ষা ও সংস্কৃতিক নানা বিষয়ে গবেষণার মাধ্যমে আদিবাসী-জীবনের বিভিন্ন দিকের উপর আলোকপাত করা হয় এবং গবেষণালব্ধ ফল পুস্তিকাকারে প্রকাশ করা হয়।

আদিবাসীদের সংস্কৃতির প্রচার ও উন্নয়নকল্পে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানকে অনুদান দেওয়ার কর্মসূচীও রহিয়াছে।

বিশেষভাবে উল্লেখযোগ্য বর্তমান সরকার সাঁওতালদের 'অলিচিকি লিপি'কে স্বীকৃতি দিয়াছেন।

## সার বিতরণ

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯।) **শ্রী রজনীকান্ত দোলুই :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সার বিতরণের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

**কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) রাজ্য সার সরবরাহের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার বিভিন্ন সংস্থা মারফত সার রাজ্যে সরবরাহ করেন। দেশে প্রস্তুত-করা সার প্রস্তুতকারীগণই নিজেদের নিযুক্ত বন্টনকারী মারফত বিতরণ করেন। যেসব সার বিদেশ থেকে আমদানি করা হয়, তা দু'ভাবে বন্টন করা হয়। কেন্দ্রীয় সরকার বিদেশ থেকে আমদানি-করা সারের কিছু পরিমাণ রাজ্য সরকারকে দেন। সেই সার বন্টনের জন্য রাজ্য সরকার ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন ও ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন সমেত মোট ৩৭ জন মুখ্য সার বন্টনকারী নিযুক্ত করেছেন। ঐসব মুখ্য সার বন্টনকারীগণ জেলায়, ব্লকে ও গ্রামে বন্টনকারী নিযুক্ত করে ঐ সার বিলির ব্যবস্থা করেন। বিদেশ থেকে

আমদানি-করা সারের কিছু পরিমাণ সার কেন্দ্রীয় সরকার হিন্দুস্তান ফার্টিলাইজার কর্পোরেশনকেও দেন। ঐ সংস্থা ঐ সার নিজস্ব বন্টনকারী মারফত ঐ রাজ্যে কৃষকদের নিকট বিলি করেন।

(খ) নিম্নোক্ত সময়সীমার মধ্যে রাজ্যে ব্যবহৃত সারের পরিমাণ—

(১) পূর্বতন সরকারের স্থায়িত্বকালে, এবং

(২) বর্তমান সরকারের আমলে (৩১এ জানুয়ারি, ১৯৮০ পর্যন্ত)?

(খ) (১) ১৯৭২ সালের ফেব্রুয়ারি থেকে ১৯৭৭ সালের জানুয়ারি পর্যন্ত উদ্ভিদ খাদ্যের নিম্নলিখিত পরিমাণ সার বিগত সরকারের আমলে ব্যবহৃত হয়েছিল :

| | | এন | পি | কে | মোট (টন) |
|---|---|---|---|---|---|
| ১৯৭২-৭৩ | .. .. | ৫২,৪১৯ | ১৭,৩১২ | ২৩,১৬৩ | ৯২,৮৯৪ |
| ১৯৭৩-৭৪ | .. .. | ৫৪,০৩১ | ১৮,৪১২ | ২৬,৮৯৩ | ৯৯,৩০৮ |
| ১৯৭৪-৭৫ | .. .. | ৮৪,০০০ | ২১,৫৫০ | ২১,৩৬৪ | ১২৬,৯১৪ |
| | | | • | | ৩১৯,১১৬ |
| ১৯৭৫-৭৬ | .. .. | ৮৫,৯৫৪ | ২৪,৮৬০ | ১৯,৯৪৮ | ১৩০,৭৬২ |
| ১৯৭৬-৭৭ | .. .. | ৯৭,৫১২ | ২৬,৭৬১ | ২৩,৯১০ | ১৪৮,১৮৩ |
| মোট | .. | ৩৭৩,৮৮৮ | ১০৮,৮৯৫ | ১১৫,২৭৮ | ৫৯৮,০৬১ |

(খ) (২) ১৯৭৭ সালের ফেব্রুয়ারি মাস থেকে ১৯৮০ সালের জানুয়ারি পর্যন্ত যে সার এই রাজ্যে ব্যবহৃত হয়েছে (উদ্ভিদ-খাদ্যের ভিত্তিতে) তা নিম্নে দেওয়া হল :

| | | এন | পি | কে | মোট (টন) |
|---|---|---|---|---|---|
| ১৯৭৭-৭৮ | .. .. | ১১৩,৯২০ | ২৮,৯৮৯ | ২৯,২৩৭ | ১৭২,১৪৬ |
| ১৯৭৮-৭৯ | .. .. | ১৪৬,৩৮৬ | ৫৩,০৭৫ | ৪৩,৯৬১ | ১৪৩,৪২২ |
| ১৯৭৯-৮০ | .. .. | ১৪৪,৯৩৬ | ৬২,৪৯৬ | ৩২,৮৮৪ | ২৪০,৩১৬ |
| মোট | .. | ৪০৪,২৪২ | ১৪৪,৫৬০ | ১০৬,০৮২ | ৬৫৫,৮৮৪ |

## Amount spent for Netaji Indoor Stadium

**34.** (Admitted question No. 274.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Education (Sports) Department be pleased to state–

(a) The total amount spent by the State Government for construction of Netaji Indoor Stadium in Calcutta; and

(b) The net earnings from the Stadium in 1976, 1977, 1978 and 1979?

**Minister-in-charge of Education (Sports) Department :** (a) About Rs. 3.16 crores.

(b) Total rent received from the Stadium during the period from 1976 to 1979 is Rs. 13,31,072.10. The year-wise break-up is given below :

| | | | |
|---|---|---|---|
| 1976 | .. | .. | Rs. 2,16,072.10 |
| 1977 | .. | .. | Rs. 5,30,000.00 |
| 1978 | .. | .. | Rs. 1,75,000.00 |
| 1979 | .. | .. | Rs. 4,10,000.00 |
| | Total | .. | Rs. 13,31,072.10 |

**Loans to Film producers/Technicians and Studios**

**35.** (Admitted question No. 327). **Shri RAJANI KANTA DOLOI :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) the names of the film-producers, technicians and studios to whom loans have been sanctioned during the tenure of the present Government (up to January, 1980); and

(b) the amount of loans sanctioned to each one of them?

**Minister-in-charge of the Information and Cultural Affairs Department :** (a) and (b) The list is given below :

| চিত্র প্রযোজকদের নাম | ঋণ মঞ্জুরের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|
| (১) মাধবী চিত্র .. .. .. .. | ১.৫০ |
| (২) কো-অপ প্রডাকশন .. .. .. | ১.১৫ |
| (৩) জুবিলী ফিল্মস্ .. .. .. .. | ১.৫০ |
| (৪) মুভি মেকার্স .. .. .. .. | ১.৫০ |
| (৫) দেবব্রত রায় প্রডাকশনস্ .. .. .. | ১.৫০ |
| (৬) শ্রীদুর্গা চিত্রম্ .. .. .. .. | ১.০০ |
| (৭) ডলফিন্ ফিল্মস্ .. .. .. .. | ১.৫০ |

| চিত্র প্রযোজকদের নাম | ঋণ মঞ্জুরের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|
| (৮) দুর্গা চিত্রম্ .. .. .. .. | ১.৫০ |
| (৯) বিচিত্রা ফিল্মস্ .. .. .. .. | ১.৫০ |
| মোট .. | ১২.৬৫ |

| ফিল্ম স্টুডিওর নাম | ঋণ মঞ্জুরের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|
| (১) সাইট অ্যাণ্ড সাউণ্ড .. .. .. | ০.৫০ |
| (২) বেঙ্গল ফিল্ম লেবরেটরিজ .. .. .. | ১.৩৬ |
| (৩) ডি এস রেকর্ডিং ইউনিট .. .. .. | ১.০০ |
| মোট .. | ২.৮৬ |

কোন ফিল্ম টেকনিশিয়ানকে ঋণ দেওয়া হয় না

### Pension for Sportsmen

**36.** (Admitted question No. 328.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education (Sports) Department be pleased to state—

(a) If it is a fact that pension/other financial assistance are sanctioned by the State Government from time to time to needy sportsmen;

(b) If so, the names, addresses and amount sanctioned to them during the period—

(i) from March, 1972 to March, 1977, and

(ii) from July, 1977 to January, 1980?

**Minister-in-charge of Education (Sports) Department :** (a) Yes.

(b) The names and addresses of the beneficiaries are given in the enclosed list.

(i) Rs. 70,960

(ii) Rs. 37,750

### Cultivation of orange

**37.** (Admitted question No. 332). **Sri. Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Development and Planning (Hill Affairs)

Department be pleased to state whether any steps have been taken by the State Government to increase cultivation of oranges in the Hill Areas of Darjeeling district?

**Minister-in-charge of the Development and Planning (Hill Affairs) Department:** Under the programme for accelerated development of Hill Areas of Darjeeling, a total sum of Rs. 46.81 lakhs (approx.) has been sanctioned for the years 1974-80 for increased cultivation of orange in the hill areas of Darjeeling district in the following manner:

(1) Spraying of fungicides and insecticides on orange trees,

(2) Supply of fertilisers and micronutrient of orange orchard,

(3) Development of orange orchard,

(4) Establishment of sub-tropical progeny orchard-cum-nursery,

(5) Raising of citrous and temperate fruit nurseries at Government Farms,

(6) Expansion of sub-tropical fruit (Orange) orchard in compact areas, and

(7) Sub-tropical fruit research scheme at Dalapchand.

**ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি**

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৫।) **শ্রী অনিল মুখার্জি:** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মাধ্যমিক শিক্ষাস্তরে বিনাবেতনে দশম শ্রেণী পর্যন্ত বর্তমান সরকার পড়ার ব্যবস্থা করায় গত দু'বছরে (১৯৭৭-৭৮ ও ১৯৭৮-৭৯) ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছে কিনা;

(খ) পাইয়া থাকিলে, কত বৃদ্ধি পাইয়াছে ও দুর্বল শ্রেণীর পরিবারের ছাত্রছাত্রীর সংখ্যা কত; এবং

(গ) "বিনাবেতনে" শিক্ষাদান প্রকল্প চালু করার পর কোন বিদ্যায়তন কর্তৃক বেতন ছাড়া অন্যান্য ফি গ্রহণের ব্যাপারে কোন বিধিনিষেধ আছে কি?

**শিক্ষা (প্রাথমিক মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়:** (ক) হ্যাঁ।

(খ) এখনই ইহার মূল্যায়ন সম্ভব নয়।

(গ) হ্যাঁ, বেতন ব্যতীত অন্যান্য ফি সরকারের নির্ধারিত হারে আদায় করা যাবে।

**পাড়ুয়ায় গৃহনির্মাণ বাবদ সাহায্য**

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯১।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী:** পঞ্চায়েত ও সমষ্টি

উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার পান্ডুয়া থানার কোন্ কোন্ গ্রামে কত গম্ ও গৃহনির্মাণ বাবদ কত টাকা পঞ্চায়েতের মাধ্যমে সাহায্য হিসাবে দেওয়া হইয়াছে;

(খ) সাহায্যপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে এমন কোন ব্যক্তি আছেন কিনা যাঁহারা গৃহনির্মাণ বাবদ সাহায্য লইয়াছেন অথচ গৃহনির্মাণ করেন নাই; এবং

(গ) থাকিলে, তাঁহাদের নাম, ঠিকানা ও কত সাহায্য লইয়াছেন তাহার বিবরণ?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ** (ক) এতদ্‌সংলগ্ন বিবরণীতে প্রদত্ত হইল।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

Statement referred to clause 'Ka' of unstarred question No. 39
(Admitted question No. 39)

| ক্রমিক নং | গ্রাম পঞ্চায়েতের নাম | গৃহ নির্মাণ বাবদ প্রদত্ত টাকা (অ্যাড হক্) | প্রদত্ত গম (কুইন্টাল হিসাবে) | প্রদত্ত নগদ টাকা |
|---|---|---|---|---|
| ১ | বেড়েলা .. .. | ১০,০০০ | ৪৭.৭৫ | ১৪,৫০০ |
| ২ | জামনা .. .. | ৮,৫০০ | ৩৮.৮০ | ১৩,০০০ |
| ৩ | হারাল .. .. | ১২,০০০ | ৬৯.২০ | ২৫,০০০ |
| ৪ | বস্তিকা .. .. | ৯,০০০ | ৪৮.১০ | ১৮,০০০ |
| ৫ | রামেশ্বরপুর .. .. | ১০,০০০ | ৪৮.১০ | ১৯,০০০ |
| ৬ | সিমলাগড় .. .. | ১০,০০০ | ৫৪.০০ | ২২,০০০ |
| ৭ | পাঁচগোড়া .. .. | ১০,০০০ | ৪৫.১০ | ১৪,৫০০ |
| ৮ | সরাই .. .. | ৯,০০০ | ৫৪.০০ | ২০,০০০ |
| ৯ | জামগ্রাম .. .. | ৯,৫০০ | ৪২.২০ | ১৯,০০০ |
| ১০ | ইলসোবা .. .. | ১৩,০০০ | ৬৩.৩০ | ২১,০০০ |
| ১১ | শিখিরা .. .. | ৯,০০০ | ৫৩.৫৫ | ১৪,৫০০ |
| ১২ | ইটাচুণা .. .. | ১০,০০০ | ৪১.০৫ | ২০,৫০০ |
| ১৩ | পাণ্ডুয়া .. .. | ৯,০০০ | ৫১.০৫ | ২০,৪০০ |
| ১৪ | বেলুন .. .. | ৯,০০০ | ৫৪.০০ | ২২,০০০ |
| ১৫ | ক্ষীরকুন্দী .. .. | ৯,০০০ | ৩৮.৮০ | ১৪,০০০ |
| ১৬ | জয়ার .. .. | ১০,০০০ | ৫৬.৯৫ | ২২,৫০০ |

### জে এল আর ও পদের সংখ্যা

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৩।) **শ্রী অনিল মুখার্জি:** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১এ জানুয়ারি, ১৯৮০ তারিখে পশ্চিমবঙ্গে জে এল আর ও পদের সংখ্যা কত ছিল;

(খ) এঁদের সকলকে রেভিনিউ অফিসারের ক্ষমতা দেওয়া হয়েছে কি;

(গ) এই চাকুরীতে নিয়োগের পদ্ধতি কি; এবং

(ঘ) এই নিয়োগের জন্য যোগ্যতাবলী কি কি?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়:** (ক) ৩৭৯টি।

(খ) এঁদের সকলকে পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইনের ১৮ এবং ৫০ ধারা মতে ক্ষমতা দেওয়া হয়েছে।

(গ) জে এল আর ও-গণ ওয়েস্ট বেঙ্গল সাব অর্ডিনেট ল্যান্ড রেভিনিউ সার্ভিস, ১নং গ্রেড-এর অন্তর্ভুক্ত। ঐ সার্ভিসের দুই-তৃতীয়াংশ পদে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সরাসরি নিয়োগ হয় এবং এক-তৃতীয়াংশ পদ সার্কেল ইন্সপেক্টর, কানুনগো গ্রেড-২ প্রভৃতি হইতে পদোন্নতির দ্বারা পূরণ করা হয়।

(ঘ) পরীক্ষার মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে কলা, বিজ্ঞান, বাণিজ্য অথবা কৃষি বিষয়ে স্নাতক হতে হবে। পদোন্নতির ক্ষেত্রে কোন শিক্ষাগত মান নির্দিষ্ট করা নেই। কিন্তু নিচের পদগুলিতে অন্তত পক্ষে পাঁচ বৎসরের অভিজ্ঞতা আবশ্যক।

### সি আই টি ফ্ল্যাট

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৯।) **শ্রী নানুরাম রায়:** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের অধীনে সর্বমোট কতগুলি ফ্ল্যাট রহিয়াছে (৩১এ ডিসেম্বর, ১৯৭৯ সাল পর্যন্ত);

(খ) ৩১এ ডিসেম্বর, ১৯৭৯ পর্যন্ত কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট কর্তৃক কতগুলি ফ্ল্যাট বিতরণ করা হইয়াছে; এবং

(গ) প্রাপকদের মধ্যে তফসিল জাতি ও আদিবাসী কতজন?

**পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয়:** (ক) ৮,২৬৭টি ফ্ল্যাট।

(খ) ৮,০৬১টি ফ্ল্যাট।

(গ) সি আই টি-এর বোর্ড অব্ ট্রাস্টিস নির্দেশিত পন্থানুযায়ী ফ্ল্যাট বিতরণের ব্যাপারে কোন শ্রেণীগত সংরক্ষণ নাই। ফলে এই অবস্থায় প্রশ্নের সঠিক উত্তর জানানো সম্ভব নয়।

**হাই ও জুনিয়র স্কুলের সংখ্যা**

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৫২০।) **শ্রী নানুরাম রায়ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মে, ১৯৭৯ পর্যন্ত পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় হাইস্কুল, জুনিয়র হাইস্কুলের সংখ্যা কত; এবং

(খ) স্কুল অনুমোদনের সময় কোন্ সংরক্ষণ নীতি অনুসরণ করা হয়?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ** (ক) মধ্যশিক্ষা পর্ষদ জানাইয়াছেন যে, মে ১৯৭৯ পর্যন্ত পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় হাইস্কুল ও জুনিয়র হাইস্কুলের সংখ্যা নিম্নরূপ—

(১) হাইস্কুল—৪,৬৬৪,

(২) জুনিয়ার হাইস্কুল—৩,৩৩৩।

(খ) না, তবে অনুমোদনের ক্ষেত্রে শিক্ষায় অনগ্রসর আদিবাসী ও তফসিলি জাতি, অধ্যুষিত অঞ্চল ও পার্বত্য অঞ্চলের বিদ্যালয়গুলিকে অগ্রাধিকার দেওয়া হয়।

**মৌলানা আজাদ কলেজে শিক্ষারত তফসিলি ছাত্র**

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩১।) **শ্রী নানুরাম রায়ঃ** তফ্সিলি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মৌলানা আজাদ কলেজে শিক্ষারত তফ্সিলি ছাত্রদের জন্য ছাত্রাবাসে থাকার কোন ব্যবস্থা নেই;

(খ) সত্য হলে, কারণ কি;

(গ) উক্ত সম্প্রদায়ভুক্ত ছাত্রদের ছাত্রাবাস বাবদ কেন্দ্রীয় সরকার কোন অনুদান দেন কি; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে বার্ষিক অনুদানের পরিমাণ কত?

**তফ্সিলি ও আদিবাসী (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ** (ক) না। মৌলানা আজাদ কলেজে 'প্রাক-পরীক্ষা শিক্ষণকেন্দ্রে' শিক্ষারত মফঃস্বলের ছাত্রদের জন্য ছাত্রাবাস আছে।

(খ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

(গ) উক্ত ছাত্রাবাস পরিচালনা কেন্দ্র পোষিত 'প্রাক-পরীক্ষা শিক্ষণ' কর্মসূচীর অন্তর্ভুক্ত এই কর্মসূচী রূপায়ণের প্রারম্ভিক কালে কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ ব্যয়ভার বহন করিতেন। বর্তমানে উক্ত খাতে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক 'কমিটেড লেভেল অফ্ এক্সপেন্ডিচার' বহন করার পর যে অতিরিক্ত ব্যয় হয় তাহার শতকরা ৫০ ভাগ কেন্দ্রীয় সরকার অনুদান হিসাবে প্রদান করেন এবং বাকি ৫০ ভাগ রাজ্য সরকার বহন করেন। চলতি আর্থিক বৎসরে এই বাবদ কোন অতিরিক্ত ব্যয় না হওয়ায় কেন্দ্রীয় অনুদানের প্রশ্ন উঠে না।

### বি ই, পরীক্ষায় ছাত্রপিছু সরকারি ব্যয়

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪২।) **শ্রী নানুরাম রায়ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় জানাইবেন কি—একটি ছাত্রকে বি ই পাশ করাতে সরকারের গড়ে কত টাকা খরচ হয়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ** বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ, হাওড়া থেকে একটি ছাত্রকে বি ই, পাশ করাতে সরকারের সর্বসমেত গড়ে প্রায় ২০,০০০ টাকা খরচ হয়। জলপাইগুড়ি গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে একটি ছাত্রকে বি ই পাশ করাতে সরকারের সর্বসমেত গড়ে প্রায় ১৬,০০০ টাকা খরচ হয়।

### আদিবাসীদের নিকট হইতে জমি ক্রয়

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৮।) **শ্রী নানুরাম রায়ঃ** তফ্‌সিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯-৮০ সালে আদিবাসীদের নিকট হইতে জমি ক্রয়ের যে পরিকল্পনা ছিল তা কতটা বাস্তবে রূপায়িত হয়েছে; এবং

(খ) কতজন আদিবাসীর জমি সরকার ক্রয় করেছেন ও তা বন্টন করেছেন?

**তফসিলি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ** (ক) পরিকল্পনাটি রূপায়ণের জন্য চলতি বৎসরে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ রাখা হয়েছে। রাজ্য পর্যায়ে একটি কমিটি গঠন করা হয়েছে এবং প্রত্যেক জেলা থেকে প্রস্তাব আহ্বান করা হয়েছে।

(খ) এখন পর্যন্ত তিনজন আদিবাসীর জমি ক্রয় করার জন্য ১৪,৪০০ টাকা মঞ্জুর করা হয়েছে। জমির স্বত্ব সম্পর্কে সরকারি উকিলের মতামত পাওয়ার পর উক্ত জমি ক্রয় করা হইবে।

### Landslides and erosions of Soil in Darjeeling district

**46.** (Admitted question No. 581.) **Shri Dawa Narbu La and Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Development and Planning (Hill Affairs) Department be pleased to state the steps taken by the Government for control of landslides and soil erosion in the hill areas of Darjeeling district during the period :—

(i) from March, 1972 to March, 1977, and

(ii) from July, 1977 to January, 1980?

**Minister-in-charge of the Development and Planning (Hill Affairs) Department:** The accelerated development programme for the Hill Areas of Darjeeling commenced from the year 1974-75. The Government have so far spent Rs. 122.66 lakhs during the period 1974-77 and Rs. 306.95 lakhs during the period 1977-80 as detailed below for control of landslides and soil erosion in the hill areas of Darjeeling.

| | Amount sanctioned (Rupees in lakhs) 1974-77 | 1977-80 |
|---|---|---|
| A. State Plan .. .. | 44.91 | 219.63 |
| B. State Hill Affairs Budget .. | .. | 0.21 |
| C. Central Assistance .. .. | 77.75 | 87.11 |
| Total .. | 122.66 | 306.95 |

The major types of schemes undertaken in the hills of Darjeeling for control of landslides and soil erosion are afforestation, sausage works for control of river erosion; Jhora training; treatment of slips; prevention of sinking and Bench Terracing.

### বয়স্ক শিক্ষাকেন্দ্র

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৮।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন জেলায় কতগুলি বয়স্ক শিক্ষাকেন্দ্র আছে;

(খ) প্রত্যেকটি কেন্দ্রে কতজন ব্যক্তি শিক্ষা গ্রহণ করিতে পারে;

(গ) চলতি আর্থিক বৎসরে কোন্ জেলায় কতগুলি উক্ত প্রকার কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে;

(ঘ) এইগুলিতে মোট কতজন শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের ব্যবস্থা থাকিবে;

(ঙ) উক্ত কেন্দ্রগুলিতে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষা রীতি প্রচলিত আছে কি;

(চ) এই বয়স্ক শিক্ষাকেন্দ্র স্থাপনের ক্ষেত্রে সরকার কি নীতি অনুসরণ করেন; এবং

(ছ) এই সমস্ত শিক্ষাকেন্দ্রে শিক্ষায় অগ্রগতির পরিমাপ করার কোন ব্যবস্থা আছে?

**শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় ঃ** (ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যে সমস্ত বয়স্ক শিক্ষাকেন্দ্র আছে তাদের একটি তালিকা নিচে পেশ করা হোল ঃ

| জেলা | সাধারণ বয়স্ক শিক্ষা কেন্দ্র | নন-ফর্মাল শিক্ষা কেন্দ্র | ফার্মার্স ফাংশনাল লিটারেসি সেন্টার |
|---|---|---|---|
| কলকাতা .. .. .. | ১৩০ | .. | .. |
| হাওড়া .. .. .. | ৮৮ | ১০০ | .. |

| জেলা | | | | সাধারণ বয়স্ক শিক্ষা কেন্দ্র | নন-ফর্মাল শিক্ষা কেন্দ্র | ফার্মার্স ফাংশনাল লিটারেসি সেন্টার |
|---|---|---|---|---|---|---|
| হুগলি | .. | .. | .. | ৯৪ | ১০০ | .. |
| ২৪-পরগনা | .. | .. | .. | ২০৭ | ৫০ | ৬০ |
| নদীয়া | .. | .. | .. | ৮২ | .. | .. |
| মুর্শিদাবাদ | .. | .. | .. | ১০২ | .. | ৬০ |
| বর্ধমান | .. | .. | .. | ১৬১ | .. | ৬০ |
| বাঁকুড়া | .. | .. | .. | ৯৪ | .. | ৬০ |
| বীরভূম | .. | .. | .. | ৮৮ | .. | ৬০ |
| পুরুলিয়া | .. | .. | .. | ৯০ | ১০০ | .. |
| মালদা | .. | .. | .. | ৮০ | .. | .. |
| পঃ দিনাজপুর | .. | .. | .. | ৮২ | .. | ৬০ |
| জলপাইগুড়ি | .. | .. | .. | ৮৬ | .. | .. |
| দার্জিলিং | .. | .. | .. | ১৩০ | .. | .. |
| কোচবিহার | .. | .. | .. | ৬২ | .. | ৬০ |
| মেদিনীপুর | .. | .. | .. | ১৯৯ | ১০০ | ৬০ |

সাধারণ বয়স্ক শিক্ষাকেন্দ্রগুলির মধ্যে কেবল ৬০টি কেন্দ্রে একটি ক'রে শাখা আছে; অপর সবগুলিতেই দু'টি করে শাখা আছে। একটি পুরুষদের ও একটি মহিলাদের জন্য।

(খ) সাধারণ বয়স্ক শিক্ষাকেন্দ্রগুলিতে প্রতি শাখায় ২০ জন করে শিক্ষার্থী ৬ মাস কাল ধরে শিক্ষা গ্রহণ করে। এইভাবে প্রতি শাখায় বছরে দু'টি করে সেশন পরিচালিত হয়। নন-ফর্মাল শিক্ষাকেন্দ্র এবং ফার্মার্স ফাংশনাল লিটারেসি সেন্টারের শিক্ষার্থী সংখ্যাকেন্দ্র প্রতি ৩০ এবং শিক্ষাকাল ১০ মাস।

(গ) কেন্দ্রের অর্থানুকূল্যে কলকাতা এবং জলপাইগুড়িতে ছাড়া বাকি ১৪টি জেলায় প্রত্যেকটিতে ৩০০টি কেন্দ্রযুক্ত একটি ক'রে রুর‍্যাল ফাংশনাল লিটারেসি প্রোজেক্ট অনুমোদিত হয়েছে। দ্বিতীয়ত রাজ্য সরকারের অর্থানুকূল্যে কলকাতা ছাড়া রাজ্যের বাকি ১৫টি জেলায় ৩০০টি কেন্দ্রযুক্ত একটি করে রুর‍্যাল ফাংশনাল লিটারেসি প্রোজেক্ট অনুমোদিত হচ্ছে।

(ঘ) এইগুলিতে মোট ২৬১,০০০ শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের ব্যবস্থা থাকবে।

(ঙ) না।

(চ) এই বয়স্ক শিক্ষাকেন্দ্র স্থাপনের ক্ষেত্রে সরকার নিম্নোক্ত নীতি অনুসরণ করেন ঃ—

(১) বিশেষ উন্নয়ন প্রকল্প (যথা সি এ ডি এ, আই আর ডি, ডি এ পি পি ইত্যাদি) চালু আছে এমন দুটি পরস্পর সংশ্লিষ্ট ডেভেলপমেন্ট ব্লক নির্বাচন করা হয়।

(২) তফসিলি জাতি ও তফসিলি উপজাতি এলাকাগুলিকে অগ্রাধিকার দেওয়া হয়।

(ছ) হ্যাঁ।

**এনকেফেলাইটিস রোগে আক্রান্ত ব্যক্তিদের সংখ্যা**

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৭।) **শ্রী সুনীল বসু রায়ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় এনকেফেলাইটিস ব্যাধি সম্প্রতি পুনরাবির্ভুত হইয়াছে (জিলাওয়ারী আক্রান্ত ও মৃতের সংখ্যা কত);

(খ) উক্ত রোগের পৌনঃপুনিকতা ও ভয়াবহতা বিবেচনায় নিরাকরণের জন্য কোনও ব্যবস্থা গৃহীত হইয়াছে কি; এবং

(গ) হইয়া থাকিলে, তাহা কতদূর কার্যকর হইয়াছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ** (ক) সংশ্লিষ্ট জেলাগুলির নাম ও এই রোগে আক্রান্ত ও মৃত ব্যক্তির তালিকা দেওয়া হল—

| | | |
|---|---|---|
| বর্ধমান (৯-২-৮০ পর্যন্ত) .. .. .. .. | ৭৯৭ | ৩০৭ |
| বীরভূম (১৮-২-৮০ পর্যন্ত) .. .. .. .. | ৭৩ | ৩৪ |
| বাঁকুড়া (১৩-২-৮০ পর্যন্ত) .. .. .. .. | ৭৪ | ৩২ |
| মুর্শিদাবাদ (১৬-১১-৭৯ পর্যন্ত) .. .. .. | ১২ | ৭ |
| হুগলি (১৩-১১-৭৯ পর্যন্ত) .. .. .. | ১৮৭ | ৬২ |
| পশ্চিম দিনাজপুর (২২-১১-৭৯ পর্যন্ত) .. .. | ৯৭ | ৩৩ |

(খ) হ্যাঁ, হইয়াছে।

(গ) যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের ফলে এই রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা ক্রমশ হ্রাসের দিকে গেছে। ১৮-২-১৯৮০ তারিখের পর কোন জেলা হইতে আর রোগ আক্রমণের কোন সংবাদ পাওয়া যায় নি।

## ADJOURNMENT MOTIONS

**অধ্যক্ষ মহোদয়ঃ** আমি আজ সর্বশ্রী বলাইলাল দাস মহাপাত্র, সামসুদ্দিন আহমেদ এবং বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয়ের কাছ থেকে তিনটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী মহাপাত্র চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতালে ওষুধের অভাবের অভিযোগ, দ্বিতীয় প্রস্তাবে শ্রী আহমেদ গ্রামাঞ্চলে বিদ্যুতের অভাবে জনসাধারণের দুর্গতি এবং তৃতীয় প্রস্তাবে শ্রী মৈত্র গিরিডাঙ্গা যক্ষা হাসপাতাল বন্ধের অভিযোগের বিষয়ে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম ও তৃতীয় প্রস্তাবে উল্লেখিত বিষয় সম্পর্কে সদস্য মহাশয় প্রশ্ন বা দৃষ্টি আকর্ষণীর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে পারেন।

দ্বিতীয় প্রস্তাবের বিষয়ে সদস্য মহাশয় বিদ্যুৎ বাজেটে আলোচনা করতে পারবেন।

তাই আমি তিনটি মুলতুবী প্রস্তাবেই আমার অসম্মতি জানাচ্ছি।

তবে সদস্যরা ইচ্ছা করলে কেবলমাত্র সংশোধিত প্রস্তাবগুলি পাঠ করতে পারেন।

[1-50—2-00 P.M.]

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল :

চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতালের রোগীরা চিকিৎসার অভাবে এক সংকটজনক অবস্থায় উপস্থিত হয়েছেন। এই হাসপাতালে প্রায় ২৫০ জন রোগী চিকিৎসাধীনে রয়েছেন গত ১৬ দিন যাবত ঔষধও পান নাই। কয়েক লক্ষ টাকার ঔষধের ঘাটতির অভিযোগ পেয়ে হাসপাতাল কর্তৃপক্ষ গত ২৮শে ফেব্রুয়ারি হতে ঔষধের স্টোরটি বন্ধ করে দেন। ইতিমধ্যে ঔষধের অভাবে গত শনিবার পর্যন্ত ২৫ জন রোগী মারা গিয়েছেন বলে সংবাদ পাওয়া গেছে। কয়েক লক্ষ টাকার ঔষধ কেনার বিল, চালান প্রভৃতি সব ঠিক আছে কিন্তু স্টোরে ঔষধ নাই।

এই যে অবস্থা ঘটেছে, এর অবিলম্বে প্রতিকারের জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

৩৬০ শয্যা বিশিষ্ট নিরাময় পরিচালিত গিরিডাঙা যক্ষা হাসপাতালটি বন্ধ হইয়াছে। এই হাসপাতালটিতে কতকগুলি সংকটাপন্ন রোগী ভর্তি ছিলেন। কিন্তু সরকার হাসপাতালটি খোলা রাখার কোন চেষ্টা করেননি। ১৯৭৬ সনে এই হাসপাতালের বরখাস্ত কর্মীকে পুনর্বহালের জন্য আন্দোলন হয় এবং এই বরখাস্ত কার্য সঠিক কিনা তাহা যাচাই করার জন্য কর্তৃপক্ষ একটি কমিটি নিয়োগ করেন। 'এই কমিটি এই বরখাস্ত যুক্তিসংগত বলিয়া অভিমত দেন। তথাপি হাসপাতালটি বন্ধ করা হইল। হাসপাতালের অব্যবস্থার জন্য একটি মৃত প্রায় রোগী ডাক্তারের সাহায্যের অভাবে মারা যান।

**Shri Shaikh Imajuddin :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,-

The supply of electric power in rural areas of throughout West Bengal is not normal though it is available at the Feeder Stations due to the negligence of the W.B.S.E.B. breakdown of the lines, are left unattended or unrepaired for days together. Consequently the machineries

like, flour mills, husking mills, deep tubewells, shallow tubewells, river lifts and ice-cream and small factories, have become idle for the want of power. As a result the farmers, small industrialists etc., have been incurring heavy losses. The lines which have been broken down under the Kaliachak Sub-Division in the district of Malda, have been left unrepaired for days together.

**Calling Attention to Matters of Urgent Public Importance**

আমি এখন মুলতুবী প্রস্তাব প্রসঙ্গ শেষ করে দৃষ্টি আকর্ষণী প্রস্তাবে আসছি। আমি আজকে ছটি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি। যথা :

(১) মহিলার ফ্ল্যাটে যুবকের লাশ—শ্রী সামসুদ্দিন আহমেদ।

(২) গোয়ালিয়র মনুমেন্টের চূড়া চুরি যাওয়ার ঘটনা—শ্রী সেখ ইমাজুদ্দিন।

(৩) ২৪ পরগনা জেলার মোহনপুর গ্রামে জ্বালানী হিসাবে ব্যবহারযোগ্য মাটির সন্ধান—শ্রী সেখ ইমাজুদ্দিন।

(৪) হার্ডিঞ্জ হোস্টেল থেকে বহিরাগতদের উচ্ছেদের নামে পুলিশী হামলা—শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী সমর রুদ্র।

(৫) বন্ধ সিনেমা হল খোলার দাবিতে সিনেমা হলের কর্মীদের ধর্মঘট ও বিধানসভা অভিযান—শ্রী সেখ ইমাজুদ্দিন।

(৬) কাঁথি পলিটেকনিক স্কুলের নির্মাণ কার্যে শৈথিল্য—শ্রী বলাইলাল দাস মহাপাত্র।

আমি হার্ডিঞ্জ হোস্টেল থেকে বহিরাগতদের উচ্ছেদের নামে পুলিশী হামলা বিষয়ের উপর শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী সমর রুদ্র কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি। কবে উত্তর দেবেন?

**শ্রী ভবানী মুখার্জি :** ২৪ তারিখে।

**Budget of the Government of West Bengal for 1980-81.**
**Voting on Demands for Grants**

**Demand No. 26**

Major Head: 260-Fire Protection and Control

**Shri Prasanta Kumar Sur:** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,00,00,000 be granted for expenditure under Demand No. 26, Major Head: "260-Fire Protection and Control".

The Budget speech of Shri Prasanta Kumar Sur is taken as read.

১৯৫০ সালে কলিকাতা ও পার্শ্ববর্তী শিল্পাঞ্চলে অবস্থিত ৩০টি স্থায়ী দমকলকেন্দ্র নিয়ে পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ সংস্থা প্রতিষ্ঠিত হয়। পশ্চিমবঙ্গে বর্তমানে দমকলকেন্দ্রের সংখ্যা ৭৩। তন্মধ্যে কতকগুলি দমকলকেন্দ্রের ব্যয়ভার স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) দপ্তর বহন

করে। তজ্জন্য ২৭ নং দাবির অধীন /২৬৫—আদার অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস—III—সিভিল ডিফেন্স—নন-প্ল্যান—২—এয়ার রেড প্রিকশান—(বি)-ফায়ার ফাইটিং" খাতে ১৯৮০-৮১ সালের জন্য মোট ১,৮৩,৯০,০০০ টাকা ব্যয়বরাদ্দের দাবি স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় পৃথকভাবে পেশ করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইহা সুপরিজ্ঞাত যে, পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ সংস্থা আগুনের হাত থেকে জীবন ও সম্পত্তি রক্ষার ব্যাপারে অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। গত তিন দশক যাবত আমাদের দেশে পরিকল্পিত অর্থনৈতিক উন্নয়নের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। তার জন্য সরকারি ও বেসরকারি ক্ষেত্রে প্রভূত অর্থ বিনিয়োগ করা হয়েছে। আধুনিক ব্যবস্থা সমন্বিত ও যথোপযুক্তভাবে উন্নত কোন অগ্নি নির্বাপণ সংস্থার সহায়তায় জাতীয় সম্পত্তি রক্ষার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা না হ'লে জাতীয় অর্থনীতি অপূরণীয় ক্ষতির সম্মুখীন হবে।

জনবল, সাজ-সরঞ্জাম ও সাংগঠনিক দিক থেকে বিবেচনা করলে পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ সংস্থা খুবই পিছিয়ে আছে। শান্তির সময়েই মাত্র এই সংস্থা তার ভূমিকা পালন করতে সমর্থ। এই রাজ্যে শহরাঞ্চলের আয়তনবৃদ্ধির সঙ্গে পাল্লা দিয়ে অগ্নি নিবারণ ও অগ্নি নির্বাপণ—এই উভয় ক্ষেত্রেই এই সংস্থা ক্রমশ পিছিয়ে পড়ছে। এইসব কারণে আমরা ক্ষমতায় অধিষ্ঠিত হবার পরেই পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ সংস্থার প্রশাসনিক কাঠামোর যথোপযুক্ত উন্নতির জন্য চিন্তা-ভাবনা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংস্থার নানাবিধ অসুবিধা ও দুর্বলতা রয়েছে। কল-কারখানা হ'তে আদায়ীকৃত লাইসেন্স ফি সরকারি রাজস্বের একটি প্রধান সূত্র হলেও প্রধানত উপযুক্ত কর্মীর অভাবে এই লাইসেন্স আদায়ের পরিমাণ মোটেই আশাব্যঞ্জক নয়। অধিকাংশ যন্ত্রপাতি ও সাজ-সরঞ্জাম জীর্ণ এবং সত্বর এগুলির পরিবর্তন করা প্রয়োজন। অগ্নি নির্বাপণের জন্য অত্যাধুনিক উন্নত যন্ত্রপাতি সংগ্রহ করা এবং সেগুলি ঠিকভাবে চালাবার জন্য উপযুক্ত দক্ষ কর্মীর ব্যবস্থা করা অত্যন্ত জরুরী। শহরে বর্ষায় জল জমা একটি বাৎসরিক ঘটনা। জমা জল দ্রুত পাম্প করার জন্য উপযুক্ত কর্মী ও যন্ত্রপাতির অভাব রয়েছে। প্রয়োজনের তুলনায় দমকলকেন্দ্রের সংখ্যাও সীমিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অগ্নি নির্বাপণের বিষয়টি পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত নয়। যথেষ্ট চেষ্টা সত্ত্বেও যোজনা কমিশন, অগ্নি নির্বাপণের বিষয়টিকে পরিকল্পনার অন্তর্ভুক্ত করতে সম্মত হন নি। আর্থিক কৃচ্ছ্রতা সত্ত্বেও অগ্নি নির্বাপণ সংস্থার উন্নয়ন ও প্রসারের জন্য আমরা একটি মোটামুটি কর্মসূচী গ্রহণ করেছি। ব্যবসায়িক ও শিল্পগত গুরুত্ব বিবেচনা ক'রে নূতন দমকলকেন্দ্র প্রতিষ্ঠার জন্য ৫০টি স্থান নির্দিষ্ট করা হয়েছে। তার মধ্যে আরামবাগ, কাটোয়া, মেদিনীপুর, মাথাভাঙ্গা ও মেখলিগঞ্জে নূতন দমকলকেন্দ্র প্রতিষ্ঠার কাজ এগোচ্ছে। জলপাইগুড়ি জেলার মালবাজারে একটি নূতন দমকলকেন্দ্র প্রতিষ্ঠা করা হচ্ছে। ভারতীয় চা সমিতি (ডুয়ার্স শাখা) এই উদ্দেশ্যে তিন লক্ষ টাকা দান করেছে এবং বাকি খরচ বাবদ ৩,২২,০০০ টাকা আমরা দিয়েছি। আশা করা যাচ্ছে এই কেন্দ্রটি শীঘ্রই কাজ আরম্ভ করবে। হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশনের সহযোগিতায় হলদিয়ায় একটি দমকলকেন্দ্র প্রতিষ্ঠা করা

হয়েছে। হলদিয়ায় আরও একটি দমকলকেন্দ্র প্রতিষ্ঠার প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে।

পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ সংস্থার ট্রেনিং স্কুল এবং বেহালা দমকল কেন্দ্রের নূতন গৃহ নির্মাণের জন্য গত বছর বেহালায় ৫.১৬ একর জমি দখল করা হয়েছিল। জমির মালিক হাইকোর্টে আবেদন করলে হাইকোর্ট এই বিষয়ে সাময়িকভাবে নিষেধাজ্ঞা জারি করেন। ফলে বেহালায় একটি নূতন দমকলকেন্দ্র স্থাপন ও টালিগঞ্জ থেকে ট্রেনিং স্কুল স্থানান্তরিত করার পরিকল্পনা অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখতে হয়েছে।

দমকলকেন্দ্রগুলি প্রধানত ভাড়া বাড়িতে অবস্থিত হবার দরুন সরকারকে ভাড়া বাবদ প্রচুর অর্থ ব্যয় করতে.হয়। ভাড়া বাড়ি থেকে সরকারের নিজস্ব বাড়িতে দমকলকেন্দ্রগুলি স্থানান্তরিত করার একটি দীর্ঘমেয়াদী প্রস্তাব গ্রহণ করা হয়েছে। সিউড়িতে এর জন্য একখন্ড জমি পাওয়া গেছে। প্রাথমিক ব্যবস্থাদি সম্পূর্ণ হবার পরেই সেখানে নূতন গৃহ নির্মাণ করা হবে এবং বর্তমান সিউড়ি দমকলকেন্দ্রটিকে সেখানে স্থানান্তরিত করা হবে। মানিকতলাতে ৫০ লক্ষ টাকা ব্যয়ে পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ সংস্থার প্রধান কার্যালয়ের জন্য একটি প্রশাসনিক ভবন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আগামী আর্থিক বৎসরে এই কাজ আরম্ভ হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরাতন ও জীর্ণ যন্ত্রপাতি ও সাজ-সরঞ্জাম বদল ও নূতন যন্ত্রপাতি ক্রয় ক'রে অগ্নি নির্বাপণ সংস্থার দক্ষতা বৃদ্ধির জন্য সরকার নানাবিধ ব্যবস্থা গ্রহণ করেছে। আর্থিক অসুবিধার জন্য এই বিষয়ে আশানুরূপ উন্নতি হয় নি। আগামী বছরে এই বিষয়ে যথোপযুক্ত উন্নতির জন্য সবরকম চেষ্টা করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অগ্নি নির্বাপণ সংস্থা যাতে প্রকৃতই কল্যাণপ্রদ সংগঠনে পরিণত হয় তজ্জন্য আমরা এই সংস্থার সাংগঠনিক ক্ষেত্রে সুদূরপ্রসারী পরিবর্তন আনবার সিদ্ধান্ত গ্রহণ করেছি। আধুনিক বিজ্ঞানসম্মত প্রথায় অগ্নি নির্বাপণ সংস্থাকে পুনর্গঠনের জন্য একটি বিস্তৃত এবং ব্যাপক রিপোর্ট প্রণয়নের উদ্দেশ্যে একজন পরামর্শদাতাকে নিযুক্ত করা হয়েছে। তাঁর রিপোর্ট শীঘ্রই পাওয়া যাবে।

অগ্নি নির্বাপণ সংস্থার লাইসেন্স বিভাগে একজন বিশেষ আধিকারিক নিয়োগ করা হয়েছে। তিনি লাইসেন্স বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও লাইসেন্স ফি আদায়ের পরিমাণ বৃদ্ধির জন্য উপযুক্ত সুপারিশ করবেন। উপরি-উক্ত দু'টি রিপোর্ট পাবার পর অগ্নি নির্বাপণ সংস্থাকে একটি গতিশীল সংস্থায় পরিণত করার জন্য সরকার যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে অনেক বহুতল-বিশিষ্ট গৃহ নির্মিত হচ্ছে। এইসব বহুতল বিশিষ্ট গৃহে যথোপযুক্ত অগ্নি নিরোধ ও অগ্নি নির্বাপণের ব্যবস্থাদি প্রবর্তনের গুরুত্ব সম্পর্কে সরকার সচেতন। ১৯৫০ সালের অগ্নি নির্বাপণ সংস্থা আইনে এই বিষয়ে উপযুক্ত ধারা সন্নিবেশিত করার বিষয়টি বিবেচনাধীন আছে। এই ধরনের অট্টালিকায় অগ্নি নির্বাপণের কাজে যাতে উপযুক্ত দক্ষতা অর্জন করা যায় সেই উদ্দেশ্যে কয়েকটি অতি আধুনিক যন্ত্রপাতি ক্রয় করার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অসন্তুষ্ট কর্মিবাহিনী নিয়ে কোন সুদক্ষ প্রশাসন ব্যবস্থা গ'ড়ে

তোলা সম্ভব নয়—বিশেষত যদি কর্মীদের দীর্ঘদিনের অনেক দাবি অমীমাংসিত থাকে। দমকল কর্মীদের ন্যায্য দাবি পূরণের ব্যাপারে সরকার সচেষ্ট। সম্প্রতি বহুদিনের একটি অমীমাংসিত দাবি পূরণ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে, বর্তমান দমকল কর্মীদের ১২ ঘন্টা ডিউটির স্থলে ৮ ঘন্টা ডিউটি প্রবর্তন করা সম্বন্ধে সরকার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই দাবি শ্রমজীবী মানুষের আন্তর্জাতিক দাবির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এটি নূতন দৃষ্টিভঙ্গীর পরিচায়ক এবং সমগ্র দেশে অগ্নি নির্বাপণ সংস্থার ক্ষেত্রে নবতম প্রয়াস। আট ঘন্টা ডিউটি প্রবর্তন করা হ'লে দমকল কর্মীরা অন্যান্য সরকারি কর্মচারীর ন্যায় সপ্তাহে দেড়দিন ছুটি ভোগ করতে পারবে। আট ঘন্টা ডিউটি প্রবর্তিত হ'লে অগ্নি নির্বাপণ সংস্থার সাংগঠনিক ক্ষেত্রে বিরাট পরিবর্তন হবে এবং তার ফলে এই সংস্থার দক্ষতা বহুগুণ বৃদ্ধি পাবে। এ ছাড়া, দমকল কর্মীদের রেশন প্রদান, ঝুঁকি ভাতার পরিমাণবৃদ্ধি ও অন্যান্য কয়েকটি দাবি সম্বন্ধে বেতন কমিশনের সঙ্গে আলোচনা ক'রে সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে।

মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, অগ্নি নির্বাপণ সংস্থা একটি জীবনরক্ষাকারী প্রতিষ্ঠান। এর কাজ হ'ল আকস্মিক মৃত্যু থেকে জীবন রক্ষা এবং সম্পত্তির ধ্বংস নিবারণ। বর্তমান বছরে এই সংস্থাকে ৮,৬২৩টি ক্ষেত্রে অগ্নি নির্বাপণের কাজ করতে হয়েছে। ২৫ কোটি সম্পত্তির মধ্যে ২০.৮৫ কোটি টাকার সম্পত্তি রক্ষা করা গেছে। ১,৬৫৪ জন লোকের জীবনরক্ষা হয়েছে। ৭৬টি প্রাণীর জীবনও রক্ষা করা সম্ভব হয়েছে।

সরকারের দিক থেকে আমরা দমকল বাহিনীর প্রয়োজনীয় ভূমিকা সম্পর্কে সচেতন। দমকল বাহিনীর উপরে রাজ্যের অর্থনীতি কিছু পরিমাণে নির্ভরশীল। জাতীয় পরিকল্পনা রূপায়ণের মধ্য দিয়ে যে সম্পদের সৃষ্টি হয়েছে, দমকল বাহিনীর সহায়তা ব্যতীত তা রক্ষা করা সম্ভব হ'ত না। এই সংস্থা যাতে আরও কল্যাণপ্রদ ভূমিকা পালন করতে পারে তার জন্য একে নূতনতর ভিত্তিতে পুনর্গঠিত করতে হবে এবং এই উদ্দেশ্যে আমরা যথোপযুক্ত সম্পদ সংগ্রহ করার জন্য আমাদের সাধ্যমত চেষ্টা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি সভাকে জানাতে চাই যে, অনেক সময় কিছু কিছু লোক দমকল কর্মীদের নিষ্ঠুরভাবে আক্রমণ করে এবং দমকলের যন্ত্রপাতি ক্ষতিগ্রস্ত করে। অগ্নি নির্বাপণের আহ্বান পেয়ে দেরিতে উপস্থিত হবার অভিযোগে এই আক্রমণ। মাননীয় সদস্যবৃন্দ জানেন যে, শহরের রাস্তাগুলিতে প্রায়ই যানবাহনের জট সৃষ্টি হয় এবং এই কারণেও বহু ক্ষেত্রে দ্রুত অগ্নি নির্বাপণের কাজ আরম্ভ করা কর্মীদের আয়ত্তের বাইরে চলে যায়। আমি বলতে চাই যে, জনসাধারণের পক্ষে এই ধরনের কাজকে উৎসাহ দেওয়া উচিত নয়। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তাঁরা যেন এই ধরনের ঘটনায় প্রয়োজনবোধে হস্তক্ষেপ করেন।

এই কটি কথা ব'লে আমি মাননীয় সদস্যদের আমার ব্যয় বরাদ্দের দাবি সমর্থন করার জন্য অনুরোধ জানাচ্ছি।

## Demand No. 74

Major Head: 363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat).

**Shri Prasanta Kumar Sur :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 36,78,07,000 be granted for expenditure under Damand No. 74, Major Head : "363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)".

The Budget speech of Shri Prasanta Kumar Sur is taken as read.

১৯৭৭ সালের জুন মাসে আমরা যখন মন্ত্রিসভা গঠন করি, তখন এই রাজ্যে কলিকাতা পৌরসভা সমেত মাত্র একশতটি পৌর-প্রতিষ্ঠান ছিল। সর্বভারতীয় ক্ষেত্রে পৌরকরণ বিষয়ে পশ্চিমবঙ্গের অবস্থা মোটেই সুখকর নয়। এই পৌর-প্রতিষ্ঠানগুলি অচলায়তন বিশেষ ছিল। দুর্নীতি, স্বজন-পোষণ ও রাজনৈতিক ধান্দাবাজীর পীঠস্থানে পরিণত হয়েছিল। নাগরিকদের সামান্যতম সুযোগসুবিধাদানের প্রতিও তাদের নজর ছিল না। স্বায়ত্বশাসনের ছিঁটে ফোটাও অবশিষ্ট ছিল না। কমিশনারদের বোর্ড যখন চরম উদাসীনতা, অপদার্থতা দেখাতেন বা যখন তাঁদের ক্রমাগত কর্তব্যচ্যুতির মাত্রা সীমা ছাড়িয়ে যেত তখন প্রাক্তন শাসকবর্গ পৌরসভা বাতিলের পন্থা অবলম্বন করতেন, যেন বাতিল করাই পৌরসংস্থার সকল রোগহরণ বিশল্যকরণী। এই পন্থায় বেশ কয়েকটি পৌরসংস্থাকে বাতিল ক'রে গণতান্ত্রিক নীতিকে বিসর্জন দেওয়া হয় এবং তৎপরিবর্তে আমলাতান্ত্রিক শাসনের প্রবর্তন করা হয়। এর চেয়েও অদ্ভুত ব্যাপার ছিল। প্রাক্তন শাসকদলের বিশেষ প্রিয়পাত্র কয়েকটি পৌরসংস্থা সকল রকমের সুযোগ সুবিধা ভোগ করতেন এবং অন্যান্য সকলে বিমাতৃসুলভ ব্যবহার পেতেন। তার প্রমাণ ১০০টি পৌরসংস্থার মধ্যে ১৯৭৪-৭৫ সালে মাত্র ২৯টি পৌরসংস্থা ডেভেলপমেন্ট গ্র্যান্ট পেলেন, ১৯৭৫-৭৬ সালে ২০টি এবং ১৯৭৬-৭৭ সালে মাত্র ২৫টি পৌরসংস্থা উক্ত খাতে সাহায্য পাওয়ার সৌভাগ্য অর্জন করলেন। এই ক'বছরে প্রায় ৫০টি স্বায়ত্বশাসন সংস্থা যেমন দুর্গাপুর, রামপুরহাট, জয়নগর-মজিলপুর, কালিম্পঙ প্রভৃতি উন্নয়নকার্যের জন্য আদৌ কোন অনুদান পায় নি। আমরা যখন এ রাজ্যে স্বায়ত্বশাসন ব্যবস্থার হাল ধরি তখন এই ছিল অবস্থা।

মাননীয় সদস্যগণ জানেন শাসন ক্ষমতায় এসে প্রথমেই আমরা গণতান্ত্রিক অধিকার পুনঃ-প্রবর্তনের ব্যবস্থা নিই। যে সকল পৌরসংস্থার বোর্ডের সম্পূর্ণ বাতিলীকরণ বা সাময়িক অবলুপ্তি ঘটানো হয়েছিল তাদের পুনঃপ্রতিষ্ঠা করি। পৌরসংস্থাগুলিকে অনুদান বিষয়ে যে পক্ষপাতদুষ্ট নীতি অবলম্বন করা হত তারও অবসান ঘটাই। বাজেটে যে টাকার সংস্থান করতে পারি তা সমস্ত পৌরসংস্থার মধ্যে প্রত্যেকের প্রয়োজন অনুযায়ী সুষ্ঠুভাবে ভাগ-বাটোয়ারা করি। প্রচুর প্রযত্নে রাজ্যের স্বায়ত্বশাসন বিভাগে এতদিনে শৃঙ্খলা আনয়ন করা সম্ভব হয়েছে যার অস্তিত্ব কংগ্রেসি রাজত্বে একেবারেই ছিল না।

আগেই বলা হয়েছে সর্বভারতীয় ক্ষেত্রে পৌরকরণ বিষয়ে পশ্চিমবঙ্গ অনেক পেছিয়ে আছে। এ রাজ্যের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা বিবেচনায় কিন্তু পৌরকরণের গতি দ্রুততর হওয়া দরকার। ১৯৪৭ সালের স্বাধীনতা লাভের ফলশ্রুতিতে যে দেশবিভাগ হল তার সবচেয়ে দুর্ভাগ্যজনক বলি সম্ভবত পশ্চিমবঙ্গ। দ্বিখণ্ডিত নূতন রাজ্য শিল্পে স্বল্পোন্নত, কৃষিতে অনগ্রসর। তদুপরি সীমান্তের ওপার থেকে লক্ষ লক্ষ শরণার্থীর আগমনে উদভ্রান্ত এই নূতন আগন্তুকদের শিল্পে চাকুরী দেওয়া সম্ভব ছিলনা, কৃষিতেও ছিলনা তাদের জন্য কোন স্থান।

ফলে তারা গ্রাম এলাকায় ক্ষুদ্র শিল্প বা বেচাকেনা নিয়ে জীবিকানির্বাহ আরম্ভ করে। এরূপ অসংখ্য লোকের ভিড়ে তাবৎ গ্রামের চেহারা আধাশহরের রূপ নেয়। আজ এরকম ২২৩টি খুদে বা আধাশহর গড়ে উঠেছে যেখানে ১ কোটি লোকের বাস। কিন্তু দুঃখের বিষয় এর শতকরা ৫০ ভাগকেও পৌরকরণ করা সম্ভব হয়নি। সমস্যাটি সম্বন্ধে আমরা সম্যক ওয়াকিবহাল আছি। আমরা জানি সমগ্র পশ্চিমবঙ্গের উন্নয়ন এই সকল ইতস্ততঃ বিক্ষিপ্ত গ্রোথ সেন্টারের উন্নয়নের উপর নির্ভরশীল। অতএব আমরা পৌরকরণ বিষয়টিকে যথাযোগ্য গুরুত্বের সঙ্গে গ্রহণ করেছি। আমাদের কার্যসূচীর প্রথম পর্যায়ে সতেরটি গ্রোথ সেন্টারকে ধরা হয়েছে। তার মধ্যে চব্বিশ-পরগনা জেলার হাবড়াতে একটি নূতন পৌর-প্রতিষ্ঠান, মুর্শিদাবাদের বেলডাঙ্গায় একটি পৌর-প্রতিষ্ঠান এবং নদীয়া জেলার গয়েশপুরে একটি নোটিফায়েড এরিয়া অথরিটি ইতিমধ্যে গঠিত হয়েছে। খুব শীঘ্র তিনটি মহকুমা সদর—উলুবেড়িয়া, ডায়মণ্ডহারবার ও ইসলামপুরে পৌরপ্রতিষ্ঠান এবং আসানসোল মহকুমায় বার্ণপুর, কুলটি-বরাকর, নিয়মতপুর ও দিশেরগড় এই চারটি নোটিফায়েড এরিয়া অথরিটি স্থাপিত হতে চলেছে। আরও অন্যান্য স্থানে পৌরসংস্থা গঠনের কাজ হাতে নেওয়া হয়েছে। হয়তো আগামী আর্থিক বৎসরে দ্বিতীয় পর্যায়ের কাজ হাতে নেওয়ার আগেই সেগুলো গঠনের কাজ শেষ হবে। কোচবিহার জেলার তুফানগঞ্জ, মাথাভাঙ্গা, মেখলীগঞ্জ ও হলদিবাড়ি এই চারটি টাউন কমিটিকে, দুর্গাপুর, সাঁইথিয়া ও কল্যাণী এই তিনটি নোটিফায়েড এরিয়া অথরিটিকে পৌর প্রতিষ্ঠানে রূপান্তরিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ সম্পর্কে আইনের খুটিনাটি ব্যবস্থা গ্রহণ সম্পূর্ণ হয়েছে এবং শীঘ্রই সরকারি বিজ্ঞপ্তি জারি হবে।

আমার ধারণায়—সম্ভবত মাননীয় সদস্যগণেরও সেই ধারণা অর্দ্ধশতাব্দীর পূর্বে রচিত মিউনিসিপ্যাল অ্যাক্ট আজকের দিনের অনুপযোগী, প্রাক্তন সরকার মাঝে মধ্যে সেই আইনের পরিবর্তন করে তার গণতান্ত্রিক চেহারা পাল্টে ফেলেছিলেন। আমরা এসেই বুঝলাম যে, পৌর-প্রতিষ্ঠানগুলির উপর সরকারি নিয়ন্ত্রণ কমিয়ে আনা বিশেষ প্রয়োজন। ক্ষমতা বিকেন্দ্রীকরণের স্বপক্ষে যে জনমত সোচ্চার হয়েছে তার পরিপ্রেক্ষিতে এই আইনের প্রয়োজনীয় সংশোধন অত্যন্ত জরুরী। তদুদ্দেশ্যে একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করে আইনের সংশোধনের ব্যবস্থা করা হয়। উক্ত কমিটির সুপারিশগুলি একটি নতুন বিলে গ্রথিত করা হয় বেঙ্গল মিউনিসিপ্যাল সেকেণ্ড অ্যামেণ্ডমেন্ট বিল। মাননীয় সদস্যগণ অবগত আছেন গত অধিবেশনে আমি এই সভায় বিলটি পেশ করেছিলাম। এই বিলটি সিলেক্ট কমিটিতে পরীক্ষার জন্য পাঠানো হয়। এতদিনে পরীক্ষা সম্পূর্ণ হয়েছে। শীঘ্রই সিলেক্ট কমিটির সুপারিশসহ বিলটি আইনে পরিণত হলে রাজ্যের স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানগুলির গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালনার সুরাহা হবে।

এখানে উক্ত বিলটির মৌলিক বিশেষত্বগুলির একটি ধারণা দেওয়া বোধ হয় অপ্রাসঙ্গিক হবেনা। প্রায়ই দেখা যায় যে, পৌরপ্রতিষ্ঠানগুলির চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান জীবিকা নির্বাহের তাগিদে স্বকীয় ব্যবসা বা বৃত্তি অনুসরণে এত ব্যস্ত থাকেন যে, সর্বক্ষণ পৌর-প্রতিষ্ঠানের কাজে প্রয়োজনীয় মনোযোগ দিতে পারেন না। সেইজন্য নতুন বিলে তাদের পারিশ্রমিকের ব্যবস্থা করা হয়েছে। আরও দেখা যায় যে, পৌরপ্রতিষ্ঠানের উন্নয়নমূলক প্রকল্পগুলি সুষ্ঠুভাবে রূপায়ণের জন্য যে ধরনের প্রযুক্তি বিদ্যায় অভিজ্ঞ কর্মচারী দরকার তার অভাব

পৌরপ্রতিষ্ঠানে আছে। প্রধান উৎস কর আদায়ের হার দিন দিন ভয়ঙ্করভাবে কমে আসছে। এইসব কারণে প্রত্যেক পৌরপ্রতিষ্ঠানকে সরকারি তহবিল থেকে একজন এক্সিকিউটিভ অফিসার, ইঞ্জিনিয়ার, হেলথ অফিসার ও অ্যাকাউনটেন্ট দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আশা করা যায় যে, এইসব অফিসার নিয়োগের ফলে পৌরপ্রতিষ্ঠানের কার্যপদ্ধতিতে যথেষ্ট উন্নতি হবে। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, পুরোন আইনে পৌর-প্রতিষ্ঠানে কর্মচারি নিয়োগে যে সরকারি হস্তক্ষেপের ব্যবস্থা বলবৎ ছিল তা বহুলাংশে শিথিল করা হয়েছে।

ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯৫১, সম্পর্কে ও উপরোক্ত মন্তব্যগুলি খাটে। এই আইন আজকের প্রয়োজন সাধন করেনা এবং এর অনেকগুলি বিধি অকেজো ও অপ্রচলিত হয়ে গেছে। সেই কারণে এই সরকার তৎপরিবর্তে ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেশন বিল, ১৯৭৯, রচনা করেন। এই নূতন আইনে কলিকাতা করপোরেশনে নূতন শাসনব্যবস্থার কাঠামো সংগঠন, করধার্যের নূতন নীতিনির্ধারণ, করপোরেশন ফাণ্ডের বিলিব্যবস্থা, জনস্বাস্থ্য, জলসরবরাহ, পয়ঃপ্রণালী, ড্রেনেজ, বস্তি উন্নয়ন, গৃহনির্মাণ ইত্যাদি সকল বিষয়ে নতুন নতুন আইনের বিধান রাখা হয়েছে। গত অধিবেশনে এই বিলটি উপস্থাপিত করা হয় ও যথারীতি সিলেক্ট কমিটিতে পাঠানো হয়। সিলেক্ট কমিটির বিবেচনা শেষ হয়েছে। এই অধিবেশনেই বিলটি আইনে পরিণত করার জন্য পেশ করা হবে।

পৌরসংস্থাগুলি ও কলিকাতা করপোরেশনের নির্বাচন দীর্ঘকাল বকেয়া রয়েছে। এটা খুবই পরিতাপের বিষয় যে, এইসব সংস্থাগুলি এমন প্রতিনিধি দ্বারা চালিত হচ্ছে যাদের কার্যকালের মেয়াদ বহুদিন আগেই শেষ হয়ে গেছে। আরও পরিতাপের বিষয় যে, এমন অনেক পৌরসংস্থা আছে যেখানে কোন নির্বাচিত প্রতিনিধিই নেই। এই পরিস্থিতির গুরুত্ব সম্বন্ধে আমরা সম্যক অবহিত ছিলাম এবং ১৯৭৯-এর ডিসেম্বর মাসে চন্দননগর সমেত চুরাশীটি পৌরসংস্থার নির্বাচন সম্পন্ন করার সিদ্ধান্ত নিয়েছিলাম। মাননীয় সদস্যগণের হয়ত স্মরণে আছে যে, বিগত বাজেট বক্তৃতায় আমি এ সম্পর্কে ঘোষণা করেছিলাম। কিন্তু কয়েকটি নিয়মতান্ত্রিক বাধার জন্য এটা সম্ভব হয়নি। বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯৩২-এর একটি ধারার সংশোধনের ফলে মিউনিসিপ্যাল ভোটারের সর্বনিম্ন যোগ্যতাসম্পন্ন বয়স ১৮ নির্দিষ্ট হয়। এই নির্দেশকে কার্যকর করার জন্য নূতন করে বাড়ি বাড়ি ঘুরে ভোটার তালিকা প্রস্তুত করার প্রয়োজনীয়তা দেখা দেয়। কারণ অ্যাসেম্বলী ভোটার তালিকা ভোটদাতার সর্বনিম্ন বয়স ২১ বছরের ভিত্তিতে রচিত হয়েছিল।

১৯৭৯-র মে মাসে মিউনিসিপ্যাল ভোটার তালিকা প্রস্তুত ও ছাপানোর কাজে হাত দেওয়া হয়। আগস্ট মাসের শেষাশেষি তা প্রায় সমাপ্ত হয়, কিন্তু ঠিক সেই সময়ে মধ্যবর্তী লোকসভা নির্বাচনের ঘোষণা এসে গেল ও তারজন্য স্বভাবতই মিউনিসিপ্যাল নির্বাচন স্থগিত রাখতে হল।

১৯৭৯ সালে যে মিউনিসিপ্যাল নির্বাচনের সিদ্ধান্ত নেওয়া হয় তা থেকে কয়েকটি পৌরসংস্থা বাদ পড়ে। কারণ তাদের ওয়ার্ডগুলির পুনর্বিন্যাসের কাজ আজও শেষ হয়নি। এই পুনর্বিন্যাস অবশ্য প্রয়োজনীয় ছিল। কারণ একই পৌরসংস্থার বিভিন্ন ওয়ার্ড অবৈজ্ঞানিক ভিত্তিতে বিন্যস্ত হওয়ার দরুন পরস্পর ভোটার সংখ্যায় গভীর বৈষম্য দেখা দেয়। এই পৌরসংস্থাগুলির মধ্যে দুবরাজপুর, খড়গপুর, গারুলিয়া, টাকী, তারকেশ্বর, বালি, হাওড়া ও

চাকদা পড়ে। লোকসভা নির্বাচনের অব্যবহিত পরে সরকার দুবরাজপুর, খড়গপুর ও গারুলিয়া পৌর-প্রতিষ্ঠানের ওয়ার্ডগুলির পুনর্বিন্যাস সম্পন্ন করেছেন। টাকী, তারকেশ্বর ও বালির কাজ প্রায় শেষ হয়ে এল। আগামী মিউনিসিপ্যাল নির্বাচনের যে তালিকা প্রস্তুত হয়েছে তাতে এদের অন্তর্ভূক্ত করা হয়েছে। হাওড়া পৌরপ্রতিষ্ঠানটির নির্বাচন কিছু বিলম্ব হবে কারণ এই পৌর-প্রতিষ্ঠানটির শাসনব্যবস্থা ঢেলে সাজাবার জন্য পৃথক আইন রচনা করা হচ্ছে। চাকদা পৌরপ্রতিষ্ঠানটির নির্বাচন আইনগত বাধার জন্য বর্তমানে সম্ভব হচ্ছে না।

মিউনিসিপ্যাল ভোটদাতার যোগ্যতা অর্জনের সর্বনিম্ন ১৮ বছর বয়স গণনার হিসাব নির্দিষ্ট হয়েছিল ১লা এপ্রিল ১৯৭৯ তারিখ থেকে। নির্বাচন না হওয়ার জন্য সেই তারিখ ১লা এপ্রিল, ১৯৮০ থেকে পুনরায় নির্দিষ্ট হয়েছে। বিভিন্ন মিউনিসিপ্যাল অথরিটিকে উক্ত ১লা এপ্রিল, ১৯৮০ তারিখে প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করতে বলা হয়েছে এবং নতুন দাবি ও আপত্তি পেশের তারিখও ঘোষণা করতে বলা হয়েছে। কিন্তু এই কার্যক্রমও পরিবর্তনসাপেক্ষ। কারণ ইলেকশন কমিশনের নির্দেশে ইতিমধ্যে অ্যাসেম্বলী ভোটার তালিকা সংশোধনের কাজ হাতে নেওয়া হয়েছে।

যেসকল পৌরপ্রতিষ্ঠানে ওয়ার্ড পুনর্বিন্যাসের কাজ শেষ হয়েছে সেখানে ভোটার তালিকা প্রস্তুতের কাজে শীঘ্রই হাত দেওয়া হবে।

পৌরসংস্থার নির্বাচন রাজনৈতিক দলগুলির প্রতিযোগিতায় সম্পন্ন হোক এটাই সরকারের অভিপ্রায়। এই জন্যেই ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল ইলেকশন রুল ১৯৭৫-র ধারাগুলি সংশোধন করে অ্যাসেম্বলী নির্বাচনের নিয়মগুলির সঙ্গে সামঞ্জস্য বিধানের প্রয়োজন হয়। সংশোধিত নিয়মাবলী সম্প্রতি প্রকাশিত ও বিলি করা হয়েছে। ভোটার তালিকা চূড়ান্তরূপে প্রকাশিত হলেই নির্বাচনের কার্য সুনির্দিষ্ট নির্ধারিত হবে।

পৌরপ্রতিষ্ঠানগুলির আয়ের প্রধান উৎস হচ্ছে সম্পত্তির উপর কর। অনুন্নত এলাকায় হোল্ডিংগুলির উপর বেশি কর ধার্য করা সম্ভব নয়। কারণ তাদের বাড়িভাড়া হিসাবে আয়যোগ্যতা খুব কম। বেশিরভাগ ক্ষেত্রেই করদাতাদের কর দেওয়ার ক্ষমতাও কম হওয়ায় করের মাত্রা বাড়ানোও যুক্তিযুক্ত নয়। বিভিন্ন পৌরসংস্থার করনির্ধারণ নীতিতেও সামঞ্জস্য নেই। ফলে পৌরসংস্থাগুলির আয়ে গভীর বৈষম্য এবং বিভিন্ন পৌরসংস্থার করদাতাদের ক্ষোভের কারণ হয়ে দাঁড়ায়। বর্তমানে যে পদ্ধতিতে সম্পত্তির মূল্যায়ন (ভ্যালুয়েশন) এবং করনির্ধারণ সম্পন্ন হচ্ছে তা বিশেষ সন্তোষজনক নয়। নানাকারণে সম্পত্তির মূল্যায়ন নিম্নহারে নিরূপণ করা হচ্ছে যার ফলে অ্যাসেসমেন্টে অসামঞ্জস্য দেখা যাচ্ছে। মূল্যায়নে সমতা এনে এবং করনির্ধারণে অপক্ষপাতমূলক নীতিনির্ধারণ করে যাতে সমস্ত পৌরসংস্থায় আয় বৃদ্ধি হয় তারজন্য ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশন অ্যাক্ট, ১৯৭৮, পাশ করা হয় এবং একটি সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড স্থাপিত হয়। একসঙ্গে কলকাতা পৌরসভা সহ অন্যান্য পৌরপ্রতিষ্ঠানগুলি এই বোর্ডের আওতার অধীন হোক এটা সরকারের অভিপ্রায় নয়। বরং প্রথমে কলকাতা করপোরেশন ও তৎপরে ক্রমান্বয়ে অন্যান্য পৌর-প্রতিষ্ঠানগুলিকে এই বোর্ডের এক্তিয়ারে আনা যাবে। বোর্ডের কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে এবং তার জন্যে আগামী আর্থিক বছরে প্ল্যান বাজেটে ১৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের পৌরসংস্থাগুলির বিশেষ করে কলকাতা করপোরেশন করবিন্যাসে একটি বৈচিত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন এ রাজ্যে কেন্দ্রীয় সরকারের ছোটবড় বহু সম্পত্তি আছে—তা অধিগৃহীত হোক অথবা স্বনির্মিত হোক। ইংরেজ শাসনকালে সেইসকল সম্পত্তির জন্য কেন্দ্রীয় সরকার পৌরসংস্থাগুলিকে কর দিতেন। কিন্তু আমাদের নূতন সংবিধানে কেন্দ্রীয় সরকারকে এই করদান থেকে অব্যাহতি দেওয়া হয়েছে, ফলে পৌরসংস্থাগুলির প্রচুর আর্থিক ক্ষতি হয়। বিষয়টি পুনর্বিবেচনার জন্য ভারত সরকারের সঙ্গে দীর্ঘ আলাপ আলোচনা চলে। শেষ পর্যন্ত একটি চুক্তি বলে স্থির হয় যে, ভারত সরকার সার্ভিস চার্জ হিসাবে নামমাত্র কর দেবেন ১৯৫৪ সালের ১লা এপ্রিল তারিখে বা পরে তাদের যেখানে যে সম্পত্তি আছে তার দরুন। ব্যাপারটার এখানেই ইতি নয়। এর আরও মজার বিষয় আছে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ প্রায়শই নানারকম ওজর আপত্তি তুলে ঐ সামান্য সার্ভিস চার্জটুকু দেওয়াও বন্ধ করে দেয়। তাদের বক্তব্য যে, তারা পৌরসংস্থা থেকে কোন উপকার পাননা। আমাদের সরকার মনে করেন এ যুক্তি অবান্তর। একেই আমাদের স্থানীয় সংস্থাগুলি আর্থিক অনটনে ভুগছে তার উপর কেন্দ্রীয় সরকারের দরুন কোটি কোটি টাকার কর থেকে বঞ্চিত হওয়া কিছুতেই সম্ভব নয়। জনতা সরকার থাকাকালীন আমরা বিষয়টি উত্থাপন করি এবং প্রয়োজনবোধে সংবিধান সংশোধনের কথাও বলি। কেন্দ্রে নূতন সরকার বসেছে, তাদের দরবারেও বিষয়টি আমরা উত্থাপন করব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে কোন সন্দেহ নেই যে, আমাদের স্থানীয় সংস্থাগুলি আর্থিক অনটনের কারণেই উদ্দেশ্য সাধনে বহুলাংশে অপারগ হয়েছে। ফলে সরকারি অনুদানের উপর তাদের নির্ভর করতে হয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, রাজ্যের সংস্থাগুলির আর্থিক প্রয়োজনের সমীক্ষার এযাবত কোন চেষ্টাই হয়নি। আমরা বিষয়টি গভীরভাবে অনুধাবন করি এবং পৌরসংস্থাগুলির সার্বিক উন্নয়নের জন্য নীতি নির্ধারনের প্রয়োজনীয়তা অনুভব করি। তদুদ্দেশ্যে একটি মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন গঠিত হয়েছে। এই কমিশন মিউনিসিপ্যাল সংস্থাগুলির আয়ব্যয়ের মধ্যে যে ফারাক রয়েছে সেই ফারাক পূরণের উপায় নির্ধারণের চেষ্টা করবে। কমিশনের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে, আগামী আর্থিক বৎসরের মধ্যে তারা তাদের মন্তব্য পেশ করবেন।

মাননীয় সদস্যগণ অবগত আছেন কলকাতা করপোরেশনের কর্মচারীদের বেতন কাঠামোয় সমতা আনবার জন্য একটি পে কমিশন গঠিত হয়েছিল। সম্প্রতি সেই কমিশনের সুপারিশ সরকার পেয়েছেন। অনুরূপভাবে পৌরসংস্থার কর্মচারীদের জন্য প্রাক্তন সরকারের গঠিত দুইটি পে কমিটি যে রিপোর্ট দিয়েছিল তার বিরুদ্ধে কর্মচারীদের আপত্তি ও অভিযোগ শ্রবণের জন্য একটি পে রিভিউ কমিটি স্থাপিত হয়েছিল। সেই কমিটির সুপারিশগুলিও পাওয়া গেছে। সব সুপারিশগুলি একসঙ্গে সরকারের বিবেচনাধীন রয়েছে। আশা করা যাচ্ছে যে, শীঘ্রই প্রস্থ সুপারিশ প্রকাশ করা যাবে।

বিভাগীয় কমিশনার ও জেলাশাসক মারফত বঙ্গীয় মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯৩২-এর অন্তর্গত স্থানীয় প্রতিষ্ঠানগুলি প্রশাসনপদ্ধতি যে যথেষ্ট নয় তা বহুপূর্বেই প্রমাণিত হয়েছে। জেলা অফিসগুলির সঙ্গে সরকারি বিভাগের পুরোপুরি সংযোগ প্রায়ই রক্ষিত হয়না। সুতরাং এ পদ্ধতি বরবাদ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং সারা রাজ্যে স্থানীয় প্রতিষ্ঠানসমূহের

কর্মপদ্ধতি দেখা শোনা করার জন্য এবং সুসংবদ্ধ নগর উন্নয়ন প্রকল্প গ্রহণ করার জন্য প্রশাসনিক বিষয়ে এই বিভাগের নিয়ন্ত্রণাধীন একটি স্থানীয় প্রতিষ্ঠান অধিকার (Directorate of Local Bodies) গঠিত হয়েছে। এই অধিকারের অন্যতম কাজ হল পৌরকরণের উপযোগী নূতন নূতন উন্নয়নক্ষেত্র চিহ্নিত করা এবং সেসব জায়গায় পৌরসংস্থা গঠন করা। স্থানীয় প্রতিষ্ঠানগুলির কাজের অগ্রগতি মাঝে মাঝে পরিমাপ করার ভারও এই অধিকারের এবং এই অধিকার তাদের বিভিন্ন কর্মধারায় সমন্বয় কীভাবে হতে পারে সে বিষয়েও উপদেশ দেবে। বলা বাহুল্য বর্তমানে পৌরসংস্থাগুলিকে উপদেশ ও অনুমতি নেওয়ার জন্য জেলাশাসকদের দ্বারস্থ হওয়ার যে রীতি আছে তা এখন থেকে বাতিল করা হবে।

আমরা এই বিভাগের অন্তর্গত একটি ইঞ্জিনিয়ারিং শাখাও গঠন করেছি এবং অচিরে আমরা এই শাখাটিকে একটি পূর্ণাঙ্গ অধিকারে পরিণত করতে চাই। আমাদের অভিজ্ঞতা থেকে দেখা গেছে যে, বিভিন্ন প্রকল্প তৈরি করা ও সেগুলির রূপায়ণের জন্য উপযুক্ত বিশেষজ্ঞ কর্মী বেশির ভাগ পৌরপ্রতিষ্ঠানের নেই। তার ফলে পৌরপ্রতিষ্ঠানের বরাদ্দ অর্থ ঠিকমতো কাজে লাগানো হয়না। এই শাখা গঠনের মূল উদ্দেশ্য পৌরপ্রতিষ্ঠানগুলিকে প্রয়োজনমত কারিগরি সাহায্য দেওয়া। আর একটি দরকারি বিষয়ের কথাও আমরা ভেবেছিলাম। সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, এই বিভাগ এখন থেকে সি এম ডি এ এলাকার বাইরে শহরাঞ্চলে জলসরবরাহ, নর্দমা ও ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী সংক্রান্ত প্রকল্প গ্রহণ করবে এবং এইসব প্রকল্প সরকারের স্বাস্থ্যবিভাগ রূপায়িত করবে। প্রস্তাবিত ইঞ্জিনিয়ারিং অধিকারের উপর ন্যস্ত হবে সি এম ডি এ-র অন্তর্গত শহরাঞ্চলে বস্তি-উন্নয়ন প্রকল্প পরিকল্পনা। সামনের বছরে এই শাখার জন্য ২৭ লক্ষ টাকা বাজেট বরাদ্দ করা হয়েছে।

মাননীয় সদস্যদের কাছে এই বিভাগের কাজকর্মের সাধারণভাবে আলোচনা প্রসঙ্গে আর একটি বিষয় উল্লেখ করছি। এটি হচ্ছে ব্যানার্জি তদন্ত কমিশন গঠন। পূর্বর্তন সরকারের আমলে বিগত ১৯৭২-এর জুন থেকে ১৯৭৭-এর জুন এই পাঁচ বছরে কলকাতা পৌরসংস্থার কয়েকজন অফিসারের বিরুদ্ধে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার ও অন্যান্য ত্রুটি সংক্রান্ত অনেক অভিযোগ পাওয়া গেছে। এইসব অভিযোগ খতিয়ে দেখার জন্য যদি আমরা বিচারবিভাগীয় তদন্ত করতে গাফিলতি দেখাই তা হলে তা হবে কর্তব্যচ্যুতির সামিল। সুতরাং আমরা কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত জর্জ শ্রীযুক্ত অমরনাথ ব্যানার্জির সভাপতিত্বে একটি কমিশন গঠন করেছি। এই কমিশন অভিযোগগুলির তদন্ত করবেন। শ্রীযুক্ত ব্যানার্জি তাঁর কাজ শুরু করেছেন। যথাসাধ্য তাড়াতাড়ি অভিমত দেওয়ার জন্য তাঁকে অনুরোধ জানান হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ পর্যন্ত আপনাকে এই বিভাগের সাধারণ প্রশাসনের কথা বলছি। এখন আমি এ বছর নগর উন্নয়নের জন্য যে খরচ হয়েছে তা আপনাকে জানাতে চাই। এ বিষয়ে যে সমস্ত খুঁটিনাটি হিসেবের দিকে আপনার ও মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি সেগুলি হয়তো আপনাদের কিছুটা বিরক্তিকর মনে হতে পারে। আমি প্রথমেই পরিষ্কার করে বলতে চাই যে, উন্নয়নমূলক প্রকল্প তৈরি করা ও ব্যয়বরাদ্দ করার ব্যাপারে আমরা পূর্বতন সরকারের যদৃচ্ছ বা "যেমন খুশি তেমন" নীতি পরিহার করেছি। সেকথা আগেই বলেছি, প্রতি বছর কয়েকটি অনুগ্রহভাজন মিউনিসিপ্যালিটিকে উন্নয়ন প্রকল্প বাবদ অর্থ মঞ্জুর করা হত। বর্তমান সরকার গোড়া থেকেই রাজ্যের প্রতিটি শহরাঞ্চলের

উন্নতির দিকে দৃষ্টি দিয়েছেন এবং এজন্য প্রদেয় অর্থ সাহায্যের বরাদ্দ বাড়ানো হয়েছে এবং প্রতিটি মিউনিসিপ্যালিটিকে উন্নয়নমূলক কাজের জন্য অর্থসাহায্য বরাদ্দ করা হয়েছে। আলোচ্য বছরে পৌরপ্রতিষ্ঠানগুলিকে উন্নয়ন প্রকল্পের জন্য অনুদানের পরিমাণ ৪৩০ লক্ষ টাকা। প্রধানত এইসব কাজের জন্য অর্থ সাহায্য বরাদ্দ করা হয়—

(১) **পৌর অঞ্চল উন্নয়ন ঃ** পৌরপ্রতিষ্ঠানগুলিকে এ বাবদ ৯০ লক্ষ টাকা সাহায্য দেওয়া হয়েছে। এই সাহায্যের আওতায় পড়ে রাস্তা ও নর্দমা নির্মাণ; হস্তচালিত নলকূপ স্থাপন, বাজার, পার্ক ও খেলার মাঠ তৈরি করা, হরিজনদের জন্য গৃহ নির্মাণ এবং জীর্ণ বিদ্যালয়গুলির মেরামতি। এইসব সাহায্যের শর্ত এই যে, সরকার প্রকল্পের দুই-তৃতীয়াংশ ব্যয়ভার এবং পৌরপ্রতিষ্ঠানগুলি এক-তৃতীয়াংশ ব্যয়ভার বহন করবেন। সুতরাং এই সাহায্যকে বলা চলে ভরতুকি সাহায্য বা matching grant।

(২) **নির্বাচিত শহরগুলিতে ব্যাপক উন্নয়ন ঃ** শহরাঞ্চলে রাস্তা ও নর্দমা নির্মাণ, বাজার, বিদ্যালয় ও হরিজনগৃহ তৈরি করা, পার্ক ও খেলাধুলার মাঠ নির্মাণ, বিদ্যালয় গৃহ সংস্কার, জলসরবরাহ এবং বস্তি উন্নয়ন বাবদ পৌরপ্রতিষ্ঠানগুলোকে ১,৫৫,৪০,০০০ টাকা সাহায্য বরাদ্দ করা হয়েছে। এসব কাজের জন্য যে প্রকল্প নেওয়া হবে সেগুলির ব্যয়ভার সরকার পুরোপুরি বহন করবেন।

এ প্রসঙ্গে উল্লেখযোগ্য এই যে, পৌরপ্রতিষ্ঠানগুলি রাস্তা নির্মাণের জন্য যেসব প্রকল্প গ্রহণ করেছে সেগুলি ত্বরান্বিত করার জন্য সরকার একটি পরিকল্পনা গ্রহণ করেছেন। আমাদের অভিজ্ঞতায় দেখা গেছে যে, প্রয়োজনীয় মুহূর্তে রোলার না পাওয়ার জন্য পৌরপ্রতিষ্ঠানগুলি যেসব রাস্তা নির্মাণ প্রকল্প গ্রহণ করে সেগুলির কাজের অগ্রগতি ব্যহত হয়। সুতরাং স্থির হয়েছে যে, সরকার স্থানীয় প্রতিষ্ঠান অধিকারের জন্য ২০টি রোলার কিনবেন, এবং পৌরপ্রতিষ্ঠানগুলিকে তাদের প্রয়োজনমত সেগুলি ব্যবহার করতে দেওয়া হবে।

(৩) জরুরী ধরনের স্বল্প মেয়াদী উন্নয়ন প্রকল্প গ্রহণ করার জন্য পৌরপ্রতিষ্ঠানগুলিকে অর্থ সাহায্য দেওয়ার বন্দোবস্ত হয়েছে। বর্তমান বছরে এ খাতে ৭৫ লক্ষ টাকা বন্টন করা হয়েছে। এর মধ্যে ৫০ লক্ষ টাকা দেওয়া হয়েছে রাস্তা ও কালভার্ট তৈরি করার জন্য এবং বাকি ২৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে বাজার, বিদ্যালয় গৃহ, শ্রমিকদের বাসস্থান ইত্যাদি নির্মাণ, পার্ক খেলাধূলার জন্য মাঠ তৈরি এবং পানীয়জল সরবরাহের জন্য।

(৪) মাননীয় সদস্যগণ অবগত আছেন, যে, আজও বেশির ভাগ পৌরপ্রতিষ্ঠান এলাকায় মাথায় করে মলমূত্রাদি বয়ে নিয়ে যাওয়ার সেকেলে রীতি চালু আছে। এটা নিঃসন্দেহে খুবই দুর্ভাগ্যজনক। শহরাঞ্চলে এই জঘন্য ব্যবস্থা দূর করার জন্য সরকার পর্যায়ক্রমে খাটা পায়খানাগুলিকে স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করার প্রকল্প গ্রহণ করেছেন এবং এ বাবদ পৌরপ্রতিষ্ঠানগুলিকে ৪৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

(৫) শহরাঞ্চলে টাউনহল ও কমার্সিয়াল এস্টেট গড়ে তোলার প্রয়োজনীয়তা বহুদিন ধরে অনুভূত হচ্ছে। প্রতি পৌর এলাকায় একটি করে টাউনহল ও কমার্সিয়াল এস্টেট গড়ে তোলা সঙ্গত বলে মনে হয়েছে। গত বছর অর্থাৎ ১৯৭৮-৭৯ সালে ১২টি টাউনহল ও ১৩টি কমার্সিয়াল এস্টেট গড়ে তোলার জন্য মোট ২৫ লক্ষ টাকা সাহায্য দেওয়া হয়েছিল।

এ বছর সে টাকা বাড়িয়ে করা হয়েছে ৬৫ লক্ষ টাকা এবং গড়ে তোলা হবে ২১টি টাউনহল ও ১৮টি কমার্সিয়াল এস্টেট, এটি একটি চলতি প্রকল্প এবং চালু থাকবে ১৯৮২-৮৩ পর্যন্ত। আশা করা যাচ্ছে যে, এই সময়ের মধ্যে ৪৩টি টাউনহল ও ৫৩টি কমার্সিয়াল এস্টেট গড়ে তোলা হবে।

আলোচ্য বর্ষে পশ্চিমবঙ্গ যে প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন হয়েছে তাতে গ্রাম বাংলার অর্থনীতি বিধ্বস্ত হয়েছে। এ রাজ্যের বেশ কয়েকটি জেলা খরা কবলিত। বিশেষত বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া ও মেদিনীপুর সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। পাট ও ধানের সমূহ ক্ষতি ছাড়াও জেলাগুলিতে পানীয়জলের অত্যন্ত অভাব প্রকট হয়েছে। এ অবস্থায় মোকাবিলা করার জন্য সরকারকে এগিয়ে আসতে হয়েছে। পানীয়জল সরবরাহের ব্যবস্থা করার দায়িত্ব এই বিভাগের উপর ন্যস্ত। তাই আমরা তৃষ্ণার্ত বাংলাকে (শহরাঞ্চলে) সাহায্য দেওয়ার জন্য যথাসাধ্য করেছি। নলকূপ ও ইঁদারা খননের জন্য বর্তমান আর্থিক বছরে ১০৩ লক্ষ টাকা সাহায্য হিসাবে পৌরপ্রতিষ্ঠানগুলিকে দেওয়া হয়েছে।

আমরা কিছু কিছু দীর্ঘ-মেয়াদী প্রকল্পও গ্রহণ করেছি। পৌর এলাকায় আনুমানিক ১৬০.৩১ লক্ষ টাকা ব্যয়ে জলসরবরাহ বাড়ানোর জন্য অন্যূন ২৫টি প্রকল্প নেওয়া হয়েছে। তাছাড়া পৌর-এলাকা-বহির্ভূত শহরাঞ্চলে এই ধরনের ৩টি প্রকল্প নেওয়া হয়েছে। এজন্য আনুমানিক খরচ হবে ৫৮ লক্ষ টাকা। এই ২৮টি প্রকল্পের কাজ এগিয়ে চলেছে এবং আশা করা যাচ্ছে যে, আগামী আর্থিক বছরের মধ্যে এগুলি সম্পূর্ণ করা যাবে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখন ম কলকাতা কর্পোরেশনের কাজের ফিরিস্তি দিতে চাই। রাজ্যের বৃহত্তম স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান এই কর্পোরেশন এই বিভাগের প্রশাসনিক আওতায় পড়ে। যেহেতু এই প্রতিষ্ঠানের কর্মধারায় পুঙ্খানুপুঙ্খ বিশদ বিবরণ দিতে গেলে যে সময় লাগবে তা এই সভার হাতে নেই, সেজন্য আমি যে চারটি কর্মধারা শহরজীবনের সঙ্গে অচ্ছেদ্যভাবে জড়িত শুধু সেগুলির উল্লেখ করব। এর মধ্যে প্রথমেই উল্লেখ্য শহরে পানীয়জল সরবরাহ। পলতা ওয়াটার ওয়ার্কস থেকে শহরে জল সরবরাহ করার যে ব্যবস্থা আছে তা অতি পুরাতন ব্যবস্থা। দীর্ঘ সময়ের জন্য ও যেসব রাস্তার নিচে জলের মেন পাইপ আছে সেসব রাস্তায় ভারী যানবাহন চলাচল করার জন্য বহু জায়গায় জলের মেন পাইপগুলো জীর্ণ হয়েছে। এইসব পাইপ সংস্কার করা ও দেখাশোনা করা একটি সমস্যায় দাঁড়িয়েছে। সুতরাং পুরনো মেন পাইপ বদলানোর জন্য ২.৭৫ কোটি টাকার একটি প্রকল্প তৈরি করা হয়েছে। এটি এখন বিবেচনাধীন। ইতিমধ্যে বেশ কয়েকটি মেন পাইপ বদলানো হয়েছে। শহরের দক্ষিণ অঞ্চলে জলসরবরাহ ব্যাহত হওয়ার কারণ হল জলের চাপের হ্রাস এবং সেজন্য অকল্যাণ্ড স্কোয়ারে একটি এবং সুবোধমল্লিক স্কোয়ারে একটি— এই মোট দুটি Boosting Station নির্মাণ করা হয়েছে। এগুলি শীঘ্রই চালু হবে এবং তা হলে ঐ অঞ্চলের জলের চাপ বৃদ্ধি পাবে। শহরের যেসব অংশে জলের অনটন সেসব জায়গায় জলসরবরাহ বাড়ানোর জন্য বেশ কয়েকটি বড় মাপের নলকূপ খনন করা হয়েছে।

কলকাতা কর্পোরেশন ও সরকারকে শেষ পর্যন্ত আর একটি চিরন্তন সমস্যার সম্মুখীন হতে হয়, তা হল রাস্তা সংস্কার। আলোচ্য বর্ষে কলকাতা করপোরেশন ১০০টি রাস্তার মোট

৫৭ কি.মি. অংশ মেরামত করেছে। এজন্য খরচ হয়েছে ২ কোটি টাকা এবং এর মধ্যে সরকারের অনুদান ১ কোটি টাকা। এছাড়া ৩১টি রাস্তা সংস্কারের জন্য নেওয়া হয়েছে। ৩টির কাজ শেষ হয়েছে এবং ৪টির কাজ চলছে। এছাড়া ২৪টি ফুটপাথের মেরামতির কাজ এবছরে নেওয়া হয়েছে।

যথেষ্ট অসুবিধা থাকা সত্ত্বেও শহরকে জঞ্জাল-মুক্ত করার জন্য কর্পোরেশন কাজ চালিয়ে যাচ্ছে। দু-একটি ছোটখাটো ক্ষেত্র ছাড়া বেশিরভাগ ক্ষেত্রেই জঞ্জাল দূর করা সম্ভব হয়েছে। সাধারণ সাফাই প্রচেষ্টাকে জোরদার করার জন্য মাঝে মাঝে "পরিচ্ছন্ন কলকাতা" অভিযান চালানো। এইসব অভিযানে বড় বড় রাস্তার মোড় থেকে ফেরিওয়ালা ও বে-আইনি অনুপ্রবেশ হটানো হয়।

সাফাই কাজের জন্য যে ১২০টি গাড়ি আছে তার সংখ্যা বাড়ানো হয়েছে। ৮০টি অতিরিক্ত গাড়ি এ কাজে যুক্ত হয়েছে। আগামী জুন মাসের মধ্যে আরও ৫০টি গাড়ি বাড়ানো হবে বলে আশা করি।

কলিকাতা কর্পোরেশনের অ্যাসেসমেন্ট বিভাগের সঙ্গে কলকাতার বাসিন্দারা অল্পবিস্তর সংশ্লিষ্ট। এ বিভাগের কাজের কয়েকটি মূল বিষয় উল্লেখ করা যেতে পারে। এই বিভাগের কাজের বিভিন্ন স্তরে যে অসুবিধা ছিল তা দূর করার জন্য এই বিভাগের কর্মপদ্ধতি ঢেলে সাজানো হয়েছে। নূতন ব্যবস্থা নেওয়ায় এবং লবন হ্রদ শহরে একটি বিশেষ শাখা খোলার প্রাথমিক একত্রীকৃত রেট গত বছরের ১১২৬ লক্ষ টাকা থেকে বেড়ে এ বছর ১৪২৫ লক্ষ টাকা হয়েছে। আদায়ের জন্য বিলের সংখ্যা বেশ বেড়েছে। গত বছরে যেখানে বিলের টাকার পরিমাণ ছিল ২০০ লক্ষ, এ বছরে সেখানে নূতন ও অতিরিক্ত আদায়ী বিলের টাকার পরিমাণ হয়েছে ৭০০ লক্ষ।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতিক্রমে এবারে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। সামগ্রিকভাবে রাজ্যের আর্থ-সামাজিক উন্নতির জন্য পৌরপ্রতিষ্ঠানগুলির উপযুক্ত পরিচর্যা দরকার। আমাদের বামফ্রন্ট সরকার এ বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ। সপ্তম লোকসভার যে নির্বাচন সম্প্রতি হয়ে গেল তাতে পশ্চিম বাংলার জনগণ আমাদের প্রতি তাঁদের যে আস্থা আর একবার দেখালেন সেজন্য আমরা কৃতজ্ঞ। একথা স্বীকার করার কারণ আছে যে, গত তিন বছর ধরে বামফ্রন্ট সরকার যে নীতি অবলম্বন করে চলেছেন নির্বাচকমণ্ডলী তা যে অনুমোদন করেন তা আর একবার প্রমাণিত হল। আমাদের তরফ থেকে আমরাও প্রতিশ্রুতি দিচ্ছি যে, আমরা দৃঢ় নিষ্ঠার সঙ্গে স্থানীয় শাসন প্রতিষ্ঠানগুলির প্রশাসনিক ক্ষেত্রে সংস্কারমূলক পরিবর্তন আনব এবং এইসব প্রতিষ্ঠান যাতে প্রকৃত গণতান্ত্রিক হিসাবে কাজ করতে পারে তা দেখব।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কটি কথা বলে আমি মাননীয় সদস্যদের কাছে আমার এই ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য উপস্থাপিত করছি।

**Mr. Speaker :** There is no cut motion on Demand No. 26 & 74. Now Shri Benoy Banerjee to speak.

[2-00—2-10 P.M.]

**শ্রী বিনয় ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী যে বাজেট বরাদ্দ আমাদের সামনে উত্থাপিত করেছেন তা অত্যন্ত মামুলি। এর ভিতর নূতনত্ব কিছুই দেখা যাচ্ছেনা। আমরা দেখেছি যে আমাদের পশ্চিমবাংলায় ২২৩টি শহর আছে এবং তারমধ্যে প্রায় ১০০টি হচ্ছে মিউনিসিপ্যালিটি এবং করপোরেশন। সমস্ত মিউনিসিপ্যালিটি এবং করপোরেশনের চেহারা প্রায় একই রকম। যদি এইসব মিউনিসিপ্যালিটি এবং কলকাতা করপোরেশনের কার্যক্রম পর্যালোচনা করেন তাহলে দেখবেন প্রতিটি মিউনিসিপ্যালিটি এবং করপোরেশন অর্থাভাবে জর্জরিত হয়ে পড়েছে এবং এমন অবস্থায় উপস্থিত হয়েছে যে দৈনন্দিন জীবন যাত্রায় যেটা বিশেষ প্রয়োজন জল রাস্তাঘাট পরিষ্কার রাখা যেটা দরকার তা সুষ্ঠুভাবে পরিচালিত করতে পারছেন না। এরপর দেখুন মিউনিসিপ্যালিটিগুলির কিরকম চেহারা। সেখানে খাটাল রাস্তার উপর অপরিচ্ছন্ন পরিবেশ অস্বাস্থ্যকর পরিবেশ এগুলি সব অবজ্ঞা করা হচ্ছে। রাস্তায় গরু ছাগল ভেড়া ঘুরে বেড়াচ্ছে। একটা অদ্ভুত চেহারায় মিউনিসিপ্যালিটিগুলি পরিচালিত হচ্ছে। আমরা দেখলাম মন্ত্রী মহাশয় প্রথমেই আরম্ভ করলেন কংগ্রেস কি করেছে এবং তিনি কতটা ভাল করেছেন। আমরা তুলনামূলক বিশ্লেষণের জন্য বাজেট পেশ করতে বলিনি। আমরা দেখতে চাই যে তিনি কি করেছেন এবং ভবিষ্যতে তিনি কি করবেন। তারপর আপনার ডিপার্টমেন্ট অত্যন্ত অবজ্ঞাত। তার কারণ এই দু-বছরে পাঁচ বার সেক্রেটারি বদলি হল। যখনই কোন সেক্রেটারি সুষ্ঠুভাবে কাজ করবার জন্য সবকিছু গুছিয়ে নিয়ে এসেছে তখনই তাকে বাতিল করে দেওয়া হল। এটা স্বাভাবিক ব্যাপার। তারপর আর একটা জিনিস লক্ষ করলাম ওঁরা এই দুরবস্থার মধ্যে ৪০টি মিউনিসিপ্যালিটির জন্য ৪৪ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। সেই বরাদ্দ ফিরে যাবার দাখিল হয়েছে। যতগুলি মিউনিসিপ্যালিটি আছে, নগর আছে তারমধ্যে কলকাতা করপোরেশন সবচেয়ে শ্রেষ্ঠ এতে কোন সন্দেহ নেই। এর যে একটা বিশিষ্ট স্থান আছে সমস্ত পশ্চিমবাংলার মধ্যেই যে শুধু আছে তা নয় সমস্ত ভারতবর্ষের মধ্যেও আছে এমন কি পৃথিবীর মধ্যে এর একটা স্থান আছে। কিন্তু যদি আপনারা এই কলকাতা করপোরেশনের রূপ তার যে চেহারা সেটা আপনাদের সামনে প্রকাশ করা যায় তাহলে দেখবেন কি ভয়াবহ অবস্থা। এবারে কলকাতা করপোরেশনের বাজেটে দেখলাম যে প্রায় ৩৭ কোটি কয়েক লক্ষ টাকা ডেফিসিট হয়েছে। শুধু ডেফিসিট হয়নি আরও যদি পুঙ্খানুপুঙ্খরূপে সেই বাজেটকে পর্যালোচনা করি তাহলে দেখব যে আরও ৪।৫ কোটি টাকার বেশি ডেফিসিট হবে। কি অর্থনৈতিক অবস্থা কলকাতা করপোরেশনের It was estimated in 1976 by the world Bank that even at the lowest acceptable standard of civic service the average per capita municipal cost in India was Rs.225/- where as the average per capital collected by the civic body was Rs.65/- only in Calcutta. এ একটা অদ্ভুত পরিস্থিতি। যেখানে দরকার এত টাকা সেখানে যা আদায় এবং অনুদান যা পাওয়া যায় সব মিলিয়ে মাত্র ৬৫ কোটি টাকা। তারপর আরও যে সমস্ত টাকা পয়সা সেটাও ঠিকমত ব্যয়িত হচ্ছেনা। আমরা প্রায়ই জঞ্জাল অপসারণের অভিযান দেখি। আবার দু'চার দিন পরে সেই জঞ্জাল জমে পাহাড় প্রমাণ হচ্ছে। খাটাল এখানে থাকবে না বলা হচ্ছে, কিন্তু আবার খাটাল জমে উঠছে। খবরের কাগজের মাধ্যমে যা কিছু প্রচার করা হয় তার কোন নমুনা আমরা পাইনা। আর একটা জিনিস হচ্ছে, এই

ড্রেনেজ সিস্টেম। এর এমনই উন্নতি হয়েছে যে বাড়িতে বাস করা দায় হয়েছে। আন্ডার গ্রাউন্ড সুয়েজে লোকের বাড়ি ভেসে যাচ্ছে। দরবাগান বস্তি বলে একটা বস্তি আছে। আমি সেখানে গিয়েছিলাম এবং দেখেছি যে এক তলার লোকেদের দোতলায় উঠে যেতে হয়েছে। এইরকম অবস্থা সেখানে চলছে। সবথেকে মজার কথা হচ্ছে, এই যে এফ্লুয়েন্ট একে ট্রিটমেন্ট করার জন্য যে প্লান্ট দরকার সেটা কলকাতায় নেই এবং ডিসচার্জ করবার জন্য যে পাইপলাইন দরকার সেটাও এখানে নেই। হাওড়াতে একটা প্লান্ট আনা হয়েছিল। আপনারা জানেন যে সেডিমেনটেশান ট্যাঙ্ক কলকাতায় আছে, ডঃ বি.এন. দে এটা করেছিলেন। দুটি ট্যাঙ্কের মধ্যে একটি অনেকদিন ধরে অকেজো হয়ে পড়েছিল এবং তারফলে ভাল কাজ হয়না। যেটুকু কাজ করা যায় তাও ঠিকমত হচ্ছেনা। অথচ কলকাতার ডোমেসটিক এবং ইন্ডাস্ট্রিয়াল-এর যে এফ্লুয়েন্ট তা পরীক্ষা করে দেখা গেছে যে ডোমেসটিকের যেটা সেটা হচ্ছে ৩ শত এবং ইন্ডাস্ট্রিয়াজের হচ্ছে ১০ হাজার। ডোমেসটিককে যদি ঠিকমত স্বাস্থ্যকর ভাবে পরিচালিত করা হয় তাহলে এটা ৩শত থেকে নামিয়ে ৩০ করতে হবে। কিন্তু সেই ব্যবস্থা কোথায়? আপনাদের স্মরণ থাকতে পারে যে যখন সেডিমেন্টেশান ট্যাঙ্ক হয়েছিল ডঃ বি.এন.দে'র আমলে তখন কলকাতা হাইকোর্টে ইনজাংশান হয়েছিল এবং বলা হয়েছিল যে এখান বি.ও.ডি. অর্থাৎ বায়োলজিক্যাল অক্সিজেনের যে ডিম্যান্ড তা পূরণ হবেনা, জনস্বাস্থ্য ক্ষুন্ন হবে এবং লোকের জীবন বিপন্ন হবে। তখন আবার বলা হয়েছিল, যে জায়গা দিয়ে সেডিমেন্টেশান ক্যানেল গেছে সেখানে লোক বসতি নেই। অর্থাৎ সেখানে বি.ও.ডি'র কোন প্রভাব পড়বেনা। আর যদি ঠিক নাও হয় তাহলেও জনস্বাস্থ্য ক্ষুন্ন হবেনা। কিন্তু সেইসব জায়গায় লোকে বেশি গেছে, নুতন নুতন শহর গড়ে উঠছে। আবার তার মাঝখান দিয়ে বিরাট বিরাট পরিকল্পনা চলছে তাতে আরও নুতন গড়ে তোলার জন্য। সেই সেডিমেন্টেশান ট্যাঙ্ক দিয়ে অবশ্য আজকে সেডিমেন্টেশান ট্যাঙ্ক থাকুন, আর নাই থাকুক তাতে কিছু যায় আসেনা। তার কারণ নর্দমা ফুঁড়ে এফ্লুয়েন্ট যেভাবে বাড়িতে গিয়ে ঢুকছে, রাস্তায় যেভাবে বেরিয়ে আসছে এবং পানীয় জলের সঙ্গে মিশে যাচ্ছে এবং তারফলে জনস্বাস্থ্য কিভাবে বিপন্ন হচ্ছে তার হদিশ করা খুব অসুবিধার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এ ছাড়া আর একটা বিষয় আছে, সেটা হচ্ছে যে, আপনি হয়ত জানেন পৌরমন্ত্রী প্রশান্তবাবু কলকাতা শহরের উন্নতির জন্য অনেক কিছু করছেন এবং জীবন-পণ করে তিনি কিছু করবার চেষ্টা করছেন। কিন্তু তাতে কি হচ্ছে? ওঁর স্ট্যাটিসটিক্স অনুযায়ী আমরা দেখতে পাচ্ছি যে, সি.এম.ডি.এ প্রায় ৩০০ কোটি টাকা ব্যয় করেছে এবং পৌর বাজেটে দেখছি কর্পোরেশনের উন্নতির জন্য সি.এম.ডি.এ. ১৪৭ কোটি টাকা ব্যয় করছে। আমাদের কলকাতা শহরে ১ লক্ষ ৩২ হাজারের সামান্য কিছু বেশি আছে এবং তার যে কনসোলিডেটেড রেট তার থেকে আমরা প্রায় ১৪ কোটি টাকা পাই। এখন প্রচলিত নিয়ম অনুযায়ী এরসঙ্গে ২০ গুণ করে যদি আমরা কলকাতার ভ্যালুয়েশন করি তাহলে হয়ত খুব বেশি হলে ৩০০ কোটি টাকার মত ভ্যালুয়েশন হয়। আজকে বিড়লার যে সম্পদ আছে তা দিয়ে সে কলকাতা শহরকে দু-তিনবার কিনে ফেলতে পারে। টাটাও তা পারে। আজকে এই শহরের জন্য সরকারের তরফ থেকে ৩০০ কোটি টাকার বেশি ব্যয় করা হচ্ছে, অথচ এই শহরের মোট মূল্য ৩০০ কোটি টাকাও হবেনা। সেই শহরের রিপেয়ারের ব্যবস্থা করছেন, জল সরবরাহের ব্যবস্থা করছেন, ড্রেনেজের ব্যবস্থা করছেন, খাটাল অপসারণের ব্যবস্থা করছেন, এই জাতীয় অনেক কিছুই ব্যবস্থা করছেন। অথচ এই শহরের মোট সম্পদের দাম ৩০০

কোটি টাকারও কম। অথচ সরকার এর পিছনে ৩০০ কোটি টাকা খরচ করছেন এবং বলছেন আগামী দিনে আরও ২০০/৩০০ কোটি টাকা খরচ করতে হবে। এ একটা অদ্ভুত ব্যাপার। এসব প্রশান্ত বাবু জানেন শচীনবাবু জানেন।

[2-10—2-20 P.M.]

তারপর যেখানে বানতলা সেডিমেনটেশন ট্যাঙ্ক গিয়েছে, সেখানে একটা ভায়বহ বিপর্যয় দেখা দিতে পারে। সেখানে একটা স্লুইস গেট আছে। সেটার সম্বন্ধে আমি গতবার কর্পোরেশন বাজেট বিতর্কের সময়ে বলেছিলাম যে, অতি বৃষ্টি বন্যা অথবা নদীতে জলস্ফীতি ঘটলে স্লুইস গেট ভেঙে যেতে পারে যে কোন মুহূর্তে। গেটটির দেখাশোনার দিকে কর্তৃপক্ষ আদৌ নজর দেননা বলেই বিপদ ঘটতে পারে। স্লুইস গেট যদি ভেঙে যায় একশ মাইল গতিবেগে জলরাশি ধেয়ে আসবে কলকাতার দিকে, সমস্ত কলকাতা শহর প্লাবিত হয়ে যাবে, ২/১ ঘন্টার মধ্যে কলকাতা ডুবে যাবে। তেরতলা বাড়িতে যাদের বসবাস তাঁরাও নিস্তার পাবেন না। আমরা শুনতে পাই ইঞ্জিনিয়াররা সেখানে কদাচিত যান, তারা কষ্ট করে অত দূরে যেতে চাননা। এবং ওখানে কলকাতা থেকে কুলটি পর্যন্ত যে বিস্তীর্ণ জায়গা রয়েছে ছ হাজার হেক্টর জবরদখল জমিতে ফুল আর তরকারি চাষ হয়। একজন ৩০০ টাকা দিয়ে এক বিঘা জমি নিয়ে ১০০০ টাকায় আর একজনকে দিয়ে দিচ্ছে। এইরকম অদ্ভুত ব্যাপার অনেকদিন ধরে সেখানে চলছে। অফিসাররা সেখানে গিয়ে ঐসব জিনিস-পত্র নিয়ে চলে আসে। বামফ্রন্ট সরকার আসার পর আমরা আশা করেছিলাম যে, এই বিরাট সম্পত্তি, কোটি কোটি টাকার সম্পত্তি কর্পোরেশন আবার গ্রহণ করতে পারবে। আজকে শোনা যাচ্ছে যে, সি.এম.ডি.এ. অনেক কাজ করেছে। কিন্তু কোথায় যে কি কাজ করেছে তা দেখবার আমাদের অবকাশ হচেছনা। এসব খোঁজ নিতে হলে আমাদের রোজ একজন করে লোককে কর্পোরেশন অফিসে পাঠাতে হয়। আমরা স্যুয়ারেজ-এর বিষয়ে কর্পোরেশনকে জানালে পর কি দেখি? সেখান থেকে একজন লোক আসে, এসে বলে আমাদের কিছু টাকা দিন, তাহলে আমরা সব ব্যবস্থা করে দেব। একটা দুর্বিসহ অবস্থার মধ্যে কলকাতার লোকেরা বাস করছে, এর কোন পরিবর্তন করা হয়নি। আজকে সি.এম.ডি.এ কি করছে? তারা খালি কাগজে বিজ্ঞাপন দেন কলকাতা কি ছিল আর এখন কি হতে চলেছে। আমার মনে হয় এই যে ৩০০ কোটি টাকা ব্যয় হয়েছে সমস্ত টাকাই অ্যাডভারটাইজমেন্ট-এর জন্য খরচ হয়ে গেছে। বিরাট বিরাট অ্যাডভারটাইজমেন্ট, হাতে হাতে সব কাগজ বিলি করছেন, দেখুন, আমরা কি করেছি, কলকাতাকে সুন্দরী নগরী করেছি কিন্তু এইরকম আর্থিক দুরবস্থার মধ্যে এইরকম খরচা করা উচিত নয়। মাননীয় পৌরমন্ত্রী বলেছেন কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ ব্যবহার করছেন কিন্তু আমি তো দেখলাম কেন্দ্রীয় সরকার এবং আমাদের প্রাদেশিক পশ্চিমবঙ্গ সরকার তাদের কাছে করপোরেশনের পাওনা হচ্ছে আড়াই কোটি টাকা। সেই টাকা দিচ্ছেন না এবারকার বাজেটে দেখলাম। তারপর আমরা জানি, বিগত কংগ্রেস সরকার অনেক লোক নিয়োগ করেছিলেন এই করপোরেশনে এবং অনেককে নিয়ম বহির্ভূত নিয়োগ করেছিলেন যেটা করা উচিত নয়। কারোও চাকুরীর ক্ষতি হোক এটা আমি চাইনা কিন্তু এইরকমভাবে নিয়ম বহির্ভূতভাবে বহু লোককে চাকুরীতে নেওয়া হয়েছিল। মাননীয় পৌরমন্ত্রীর সদিচ্ছা থাকলেও ওনার আমলে বহু লোকের নিয়োগ হয়েছে। কিভাবে নিয়োগ করা হল সেটা আমি বলছি।

প্রথমে ক্যাজুয়ালে নেওয়া হল, তারপর ৬।৭ মাস কাজ করলেন, কাজ করার পর রাইটার্সে নেওয়া হল। রাইটার্সের যে পজিশন সেই পজিশন হচ্ছে জুনিয়ার ক্লার্কের পজিশন তাদেরকে পারমানেন্ট করে দেওয়া হল। এইভাবে ব্যাকডোর দিয়ে লোক নেওয়ার রাস্তা প্রশস্ত হয়ে গেল। এইভাবে আর্থিক দুরবস্থার মধ্যে রেখে করপোরেশনের সর্বাঙ্গীন মঙ্গল কি করে করবেন তা আমি বুঝতে পারছি না। আমি শুনলাম, যেখানে ১ জন লোকের দরকার সেখানে ৩ জন বসাচ্ছেন। কাজের কিছু নেই। এভালুয়েশান অফ জব ওয়ার্ক কোনদিন করা হয়নি। এই এভালুয়েশানের কথা আমি বার বার বলেছি। কদিন আগে খবরের কাগজ দেখলাম মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন কাউকে খুঁজে পাওয়া যাচ্ছেনা কোথায় ৬০০ লোক তাদের হদিশ মিলছে না এই সমস্ত ঘোস্ট লেবাররা এইরকম ভাবে মাহিনা নিয়ে যাচ্ছে। আপনারা এই ৩ বছরের ভিতরে তাদের যদি খুঁজে বের করে না আনতে পারেন, তাদের কাজ থেকে যদি ছাঁটাই না করে দিতে পারেন তাহলে তো কিছুই হবেনা। কারণ আপনারা নিজেরাই স্বীকার করেছেন যে ঘোস্ট লেবাররা আছে। উনি বলেছেন আরবানাইজেশান করবেন কর্পোরেশনের কিন্তু কর্পোরেশনের যে চেহারা এবং যেভাবে আর্থিক দুর্গতিতে ভুগছে তাতে করে কতটা করতে পারবেন তা আমার সন্দেহ আছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক বারবার টাকা দিতে গিয়ে নানারকম মন্তব্য করেছেন, বলেছেন টাকা কি জলে ফেলে দেব। জলে না ফেললেও আনডার গ্রাউন্ডে চলে যাবে। আজ পর্যন্ত যত কিছু কাজ করেছে সোয়ারেজ ড্রেনেজের কাজ হয়েছে। আমার মনে হয় ওরা ভুল করে বলেছেন টাকা জলে ফেলে দেব, বলা উচিত ছিল আমরা কি টাকা গর্তে ফেলে দেব আনডার গ্রাউন্ড সোয়ারেজে ফেলে দেব। তারপর কলকাতায় এই সমস্ত অবস্থার জন্য নানারকম রোগ ছড়িয়ে পড়ছে সেদিন মাননীয় মন্ত্রী ও খবরের কাগজে স্টেটমেন্ট দিয়েছেন যে, কলকাতায় ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব হয়েছে। কিন্তু এর জন্য কি ব্যবস্থা আপনারা নিয়েছেন? আমরা দেখেছি, ১ জন লোক পিচকারী নিয়ে কিছু তেল নিয়ে বাড়ি বাড়ি যাচ্ছে। সেই তেলের মধ্যে প্রায় ৯০ পারসেন্ট জল মেশানো। তারা আবার সবার বাড়ি যায়না, ঐ এম.এল.এ বা প্রাক্তন কাউনসিলার তাদের বাড়িতে যান।

[2-20—2-40 P.M.]

সর্বস্তরের লোকের কাছে তারা যায়না। মন্ত্রী মহাশয় জানেন যে এক একটা মশা ৫ মাইল উড়ে আসতে পারে, সুতরাং যে মশা প্রতিদিন ৫ মাইল আসতে পারে সে কলকাতার মধ্যে যেকোন দিনই আসতে পারে। অতএব এর কি দরকার আছে আমি জানিনা। আপনারা খাটাল আইন পাশ করলেন, এবং এ নিয়ে একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে রাতারাতি সমস্ত খাটাল অপসারণ করা হল, কিন্তু আবার তারা এখানে এসে হাজির হওয়ায় এনকেফেলাইটিস রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। হেলথ ডিপার্টমেন্টে বললে তাঁরা বলেন তাঁদের কিছু করার নেই। তারপর এয়ার এবং ওয়াটার পলিউশন আছে, কলকাতায় ৬ হাজারের মত ফ্যাক্টরী আছে যার শব্দের ঠেলায় মানুষের বেঁচে থাকা একটা প্রহসন হয়ে গেছে। এয়ার পলিউশন সাংঘাতিক ব্যাপার, এয়ার, ওয়াটার এবং সাউন্ড পলিউশনের জন্য অদূর ভবিষ্যতে কলকাতা শহরে বেঁচে থাকাই সম্ভব হবেনা। পৃথিবীর সমস্ত জায়গায় স্বাস্থ্যের উন্নতি হয়েছে, মানুষের আয়ু বৃদ্ধি হয়েছে, কিন্তু আমরা দেখছি ল্যাটিন আমেরিকায় অর্ধেক ৬ বছরের মধ্যে মারা যাচ্ছে, কারণ সেখানে এয়ার, সাউন্ড ও আনডারগ্রাউন্ড পলিউশন এত

বেশি যে ৬/৭ বছরের মধ্যে শিশু সব মারা যাচ্ছে। এদিকে যদি মন্ত্রী মহাশয় দৃষ্টি না দেন তাহলে কলকাতা শহরের অবস্থাও একদিন তাই হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য:** স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলব। কংগ্রেস বা জনতা পার্টি থেকে এই বাজেটের উপর কোন ছাঁটাই প্রস্তাব দেওয়া হয়নি, তাতেই মনে হয় ওঁদের বক্তব্য কিছু নেই। পৌর সমস্যা আছে সে সম্পর্কে আমি দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করব। ১৯৪৭ সালের সময় এখানকার লোকসংখ্যা ছিল ২ কোটি ৬৩ লক্ষ, আর আজকে সেখানে হচ্ছে প্রায় ৫ কোটি। বৃটিশ আমলে এই স্বায়ত্ত শাসনগুলি তৈরি হয়েছিল কিছু বড়লোকের আরাম করার জন্য এবং কন্ট্রাক্টারদের কিছু টাকা পাইয়ে দেবার জন্য। কংগ্রেস আমলে লোক বৃদ্ধির সঙ্গে সঙ্গে যেভাবে পরিকল্পনা করা উচিত ছিল গত ৩০ বছরে তা হয়নি। একটা চিরাচরিত প্রথা অনুযায়ী ট্যাক্স কালেকশন করা এবং সরকারি অনুদান নিয়ে বোর্ডের মিটিং করা, তাতে কিছু জলখাবার খাওয়া এবং কন্ট্রাক্টারদের কাছ থেকে টাকা নেওয়া ছাড়া আর কোন কাজ ছিল না। ১৯৬৭ সালে প্রথম যুক্তফ্রন্টের আমল থেকে আরম্ভ হল কিছু কাজ করা, কিন্তু ওঁদের চক্রান্তে সেই সরকার ভেঙ্গে যাওয়ায় কাজ বন্ধ হয়ে যায়, তারপর এই সরকার যখন গঠিত হল তখন থেকেই পরিকল্পনার মধ্যে দিয়ে কাজ আরম্ভ হল। একথা পরিষ্কারভাবে বলা যায় এই সরকারই এই বিভাগে একটা গতিশীলতা এনে একটা কর্মকান্ড আরম্ভ করেছেন। পশ্চিমবাংলার মানুষ জানে যে জনসাধারণের কল্যাণের জন্য এই বিভাগ কাজ করছে। ক্ষমতা বিকেন্দ্রীকরণ করার জন্য যেমন পঞ্চায়েত ব্যবস্থা এই সরকার পুনরায় চালু করেছেন ঠিক তেমনি ভাবে পৌরসভাগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য একটা ব্যাপক প্রচেষ্টা এই সরকার গ্রহণ করেছেন। পৌরসভাগুলির আর্থিক অবস্থার কথা সকলেই জানেন। বিভিন্ন পৌরসভায় অসংখ্য টাকা বকেয়া হয়ে পড়ে আছে। স্বাধীনতার পর ছিন্নমূল উদ্বাস্তুরা যখন কলকাতায় আসতে আরম্ভ করে তখন তারা কলকাতা এবং তার আশেপাশের অঞ্চলে কোন উন্নয়ন পরিকল্পনা না করেই কলোনী ইত্যাদি স্থাপন করে বসবাস করতে আরম্ভ করে। যেখানে তাদের খাওয়ার সংস্থান নেই সেখানে তাদের কাছ থেকে ট্যাক্স পাওয়া দুরুহ ছিল। স্বাভাবিক ভাবেই তৎকালীন যুক্তফ্রন্ট সরকার প্রথম এই ব্যবস্থা করেছিলেন যে এ সমস্ত নিম্ন মধ্যবিত্ত মানুষ যাদের সম্পত্তির ভ্যালুয়েশন ৫০ টাকার নিচে তাদের ট্যাক্স মকুব। এ জিনিস ভারতবর্ষে সেই সরকারই প্রথম করেছিলেন। কিন্তু বিগত কংগ্রেস সরকার তাদের জন্য রাস্তা, জল ইত্যাদির ব্যবস্থা না করেই তাদের উপর চাপ দিয়ে ট্যাক্স আদায় করা হয়েছিল, অথচ বড় বড় শিল্প পতি অ্যাসেসমেন্ট তাঁরা কম করে ধরেছিলেন, অর্থাৎ তাঁদের ভ্যালুয়েশন যেখানে বেশি হওয়া উচিত সেখানে ট্যাক্স কম ছিল, আর যেখানে সম্পত্তির মূল্য কম সেখানে জোর জবরদস্তি করে ট্যাক্স আদায় করা হত।

[2-30—2-40 P.M.]

সেই পদ্ধতির পরিবর্তন আজকে বামফ্রন্ট সরকার করতে যাচ্ছেন। বিগত দিনে কর্পোরেশন, মিউনিসিপ্যালিটিতে যারা নাকি গরিব মানুষ ছিল তারা ট্যাক্স দিতে পারতেন না, পৌরসভায় এই সম্বন্ধে আলোচনা করে যদি কিছু ট্যাক্স মকুব করে দিতেন তাহলে কিছুটা আদায় করতে

পারতেন। পৌরসভা, কর্পোরেশনে যাদের আয় ৫০ টাকার উপর ১০০ টাকা পর্যন্ত তাদের আর্থিক অবস্থা খারাপ। যদি পৌরসভার জনপ্রতিনিধিরা বিচার করে দেখতেন যে এই সমস্ত লোকের কিছু ট্যাক্স কমিয়ে দিয়ে আমরা ট্যাক্স আদায় করতে পারি তাহলে ট্যাক্স আদায় বেশি করতে পারতেন। কিন্তু কংগ্রেসি আমলে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টের ধারাকে পরিবর্তন করে বললেন যে মকুব হবে না। তার ফলে পৌর সভার আর্থিক অবস্থা খারাপ হচ্ছে। বামফ্রন্ট সরকার আসার পর প্রচন্ডভাবে বিভিন্ন খাতে টাকা দিয়েছেন। কিন্তু আগে পৌরসভাগুলিতে যেখানে ২/৩ লক্ষ টাকা খরচ হত আজকে সেখানে ১ কোটি টাকা খরচ হচ্ছে, ফলে মিউনিসিপ্যালিটিতে খরচ বাড়ছে। সেই সমস্ত কাজ পরিচালনা করার জন্য যে সমস্ত ছোট ছোট মিউনিসিপ্যালিটি আছে তাদের অল্প কর্মচারী আছে, সেইসব কাজ তাদের পক্ষে করা সম্ভব হচ্ছে না। সেইসব এক্সপার্ট ইঞ্জিনিয়ার তাদের নেই, সেজন্য সেই কাজ তাদের পক্ষে করা সম্ভব হচ্ছে না। সেজন্য মন্ত্রী মহাশয় বিভাগীয় ইঞ্জিনিয়ারিং উইং করে তাদের সাহায্য করার জন্য এগিয়ে এসেছেন, সেটা লক্ষ্যণীয় ব্যাপার। পৌরসভাগুলির আর্থিক দুর্গতি কিভাবে ইভোক করা যায়, কিভাবে ঠিকভাবে তাদের পরিচালনা করা যায়, কিভাবে টাকা পয়সার সাশ্রয় হতে পারে, কিভাবে নানাভাবে টাকা আসতে পারে তার মূল্যায়ন করার জন্য গভর্নমেন্টের পক্ষ থেকে মিউনিসিপ্যাল ফাইনান্স কর্পোরেশন হয়েছে। আমি আশা করব এই কাজ যাতে সঠিকভাবে হয় তার ব্যবস্থা করবেন। কিন্তু গ্রেটার ক্যালকাটা সি এম ডি এ এলাকার যা অবস্থা এটা আরো ভয়াবহ অবস্থা, এদিকে দৃষ্টি দিতে হবে। কারণ, আমরা দেখেছি মাত্র ১ হাজার ৪২৫ স্কোয়ার কিলোমিটার এলাকাতে পশ্চিমবঙ্গের যা পপুলেশন তার ওয়ান ফিফ্‌থ প্রায় ১ কোটি মানুষ বসবাস করে। কলকাতায় যেভাবে জনসংখ্যা বাড়ছে তাতে ৩৪টি বড় মিউনিসিপ্যালিটি, ২ টা কর্পোরেশন, আর কিছু আর্বান এরিয়া নিয়ে যে গ্রেটার ক্যালকাটার এরিয়া তৈরি হল সেখানে পপুলেশন বোধ হয় ১ কোটির উপর। সেখানকার রাস্তা-ঘাটের যে অবস্থা, যান-বাহনের যে অবস্থা, সেখানকার নানারকমের যে অসুবিধা সেই অসুবিধা দুর করার জন্য আশে-পাশে যে পৌরসভাগুলি আছে সেগুলিকে একত্রিত করে ব্যাপক উন্নয়নের ব্যবস্থা করতে না পারলে আগামী দিনে ভয়াবহ অবস্থা হবে। আজকে কলকাতায় ১ কোটি মানুষ বাস করছে, আগামী ১০ বছরে কত বৃদ্ধি পাবে তার হিসাব করা যায় না। সুতরাং এখনই যদি বৃহত্তর কলকাতায় সি এম ডি এ এলাকার সমস্ত উন্নয়ন কেন্দ্রীভুত না হয় তাহলে সব পরিকল্পনা ব্যর্থ হবে। পৌরসভাগুলিতে নিজস্ব ভাবে লোকালিটি যখন তৈরি হয়, মানুষ যখন বাড়ি-ঘর তৈরি করে তখন তারা নিজেরাই ১০ ফুট, ১২ ফুট রাস্তা দিয়ে মিউনিসিপ্যালিটিকে হ্যান্ড ওভার করে, তখন মিউনিসিপ্যালিটি সেটার সংস্কার করে এটা একটা ব্যবস্থা আছে। কিন্তু জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে মিউনিসিপ্যালিটিগুলি যদি রাস্তাগুলি বাড়াবার পরিকল্পনা না নেয়, এখনও যে সমস্ত ফাঁকা জমি আছে সেই জমির উপর রাস্তা তৈরি করার ব্যবস্থা না করে তাহলে যে সমস্যা আছে সেই সমস্যা থেকে যাবে গ্রেটার ক্যালকাটায়। সেজন্য মনে হয় সরকারের পক্ষ থেকে এমন একটা পরিকল্পনা করা উচিত যাতে আরো ব্যাপক উন্নয়ন হবে, আরো বড় বড় রাস্তা হবে, তাহলে ভবিষ্যতের মানুষ আমাদের আশীর্বাদ করবে।

কিন্তু এই অবস্থায় পৌরসভার যে সমস্ত সমস্যা রয়েছে, তাদের যে সমস্ত কাজ বেড়েছে সেদিকে সরকারকে দৃষ্টি দিতে হবে। উন্নয়ন ব্যবস্থা কংগ্রেস আমলে তাঁরা করেছিলেন, সি এম

ডি এ কলোনীর ডেভেলপমেন্ট করেছিল, কিন্তু দেখেছি মিউনিসিপ্যালিটির সঙ্গে এই ব্যাপারে কোন পরামর্শ নেই। সমস্ত মিউনিসিপ্যালিটিগুলো সুপারসিড করে সেখানে একজিকিউটিভ অফিসার নিয়োগ করে নানারকম পরিকল্পনা করা হল, কলোনি ডেভেলপ করার ব্যবস্থা হল। ডেভেলপ করার ব্যবস্থা হল বটে, কিন্তু সেখানে নর্দমার ব্যবস্থা নেই, জল নিকাশের ব্যবস্থা নেই—শুধু রাজনীতি করার জন্য এইসব করা হয়েছিল। কিভাবে টাকা খরচ করলেন? ওঁদের পক্ষে লোক যাবে এই দৃষ্টিভঙ্গি নিয়ে কোটি কোটি টাকা খরচ করলেন ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত। কিন্তু বামফ্রন্ট সরকার গঠিত হবার পর এই কলোনি উন্নয়নের জন্য নূতন ব্যবস্থা করা হয়েছে। এখানে আর. আর. ডিপার্টমেন্টের মন্ত্রী মহাশয় রয়েছেন, তিনি জানেন টাকা খরচ যা করা হচ্ছে তার দায়িত্ব পৌরসভাকে দেওয়া হয়েছে। একটা জেলার বেশি উন্নতি হোক এবং আর একটা জেলার কম উন্নতি হোক এরকম না করে একটা ব্যাপক পরিকল্পনার ভিত্তিতে কলোনি ডেভেলপমেন্টের কথা বলা হয়েছে। কলোনি ডেভেলপমেন্টের নিয়ম হচ্ছে আর. আর. ডিপার্টমেন্টের কোন জায়গায় যদি ১ লক্ষ টাকার কাজ হয় তাহলে এখন ৫০ হাজার টাকা দেবে এবং কাজ শেষ হলে বাকি ৫০ হাজার টাকা দেবে। কেন্দ্রীয় সরকারের টাকা কিভাবে আমলাতান্ত্রিকতার মধ্য দিয়ে আসে তা আমরা জানি। এখন সমস্যা হল মিউনিসিপ্যালিটি যেভাবে কাজ করাবার চেষ্টা করছে তাতে ৬/৭ মাস পর বা ১ বছর পর যদি টাকা আসে এবং তখন যদি জিনিসপত্রের দাম ৫০ পারসেন্ট বা ৬০ পারসেন্টে বেড়ে যায় এবং মিউনিসিপ্যালিটির ঘাড়ে যদি সেই বাড়তি টাকার বোঝা চাপিয়ে দেওয়া হয় তাহলে তাদের পক্ষে কাজ করা দুরুহ হয়ে পড়ে। সি এম ডি এ যখন উন্নয়ন করছিল তখন কোটেশন ছিল ৬ হাজার টাকা পার প্লট, কিন্তু সেটা যখন পৌরসভাকে দেওয়া হল তখন সেই টাকার পরিমাণ হল আড়াই হাজার এবং এই টাকায় মিউনিসিপ্যালিটিকে রাস্তাঘাটের উন্নয়ন করতে হবে, জলের ব্যবস্থা করতে হবে। স্যার, এখানে খাটাল উচ্ছেদ সম্বন্ধে বলা হয়েছে। একথা ঠিক যে আমরা এখনও এই খাটাল অপসারণ করার ব্যবস্থা করতে পারিনি। আমি মনে করি এই ব্যাপারে জনগণেরও উদ্যোগ নেওয়া উচিত। আমরা দেখেছি বিহার, উড়িষ্যা প্রভৃতি জায়গা থেকে প্রচুর লোক এই কলকাতা এবং বৃহত্তর কলকাতায় আসে ছাগল, গরু, মহিষ ইত্যাদি নিয়ে। বিভিন্ন জায়গায় এই যে খাটালগুলি রয়েছে তারা নানারকম জঞ্জাল সৃষ্টি করছে অথচ এগুলি অপসারণের কোন ব্যবস্থা এখনও হলনা। বৃহত্তর কলকাতার একদিকে রাস্তা অবরোধ এবং অন্যদিকে খাটাল এই যে সাংঘাতিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে এটা কিভাবে দূর করা যায় সেটা সরকারকে ভেবে দেখতে হবে। পৌরসভার পানীয় জলের যে সমস্যা রয়েছে সেখানে সি এম ডি এ কিছু কিছু ব্যবস্থা করছে বটে, কিন্তু সেটাকে অপ্রতুলই বলা চলে। গ্রেটার ক্যালকাটার সমস্ত মিউনিসিপ্যালিটি বিশেষ করে যেখানে লক্ষ লোক বাস করে সেখানে জলের সুব্যবস্থা করা উচিত। সেই ব্যবস্থা হয়েছে বটে, তবে আরও বেশি করে উদ্যোগ নিতে হবে। জল নিকাশের ব্যবস্থা প্রসঙ্গে পৌর মন্ত্রীকে অনুরোধ করব কতগুলি মিউনিসিপ্যালিটিতে এই ব্যবস্থা রয়েছে বটে, কিন্তু পাশাপাশি সমস্ত মিউনিসিপ্যালিটিতেই এই ব্যবস্থা করা উচিত।

[2-40—2-50 P.M.]

জল নিকাশের প্রশ্নে একথা আমি বলতে চাই এটা মাত্র একটা মিউনিসিপ্যালিটির

ব্যাপার নয় যাতে পাশাপাশি কতকগুলো মিউনিসিপ্যালিটি নিয়ে এই জল নিকাশের ব্যবস্থা করা হয়, কেননা আমরা জানি সমস্ত ব্যারাকপুর মহকুমায় বিভিন্ন মিউনিসিপ্যালিটিগুলির সবই জল নিকাশের ব্যবস্থা করতে হয় গঙ্গাতে। সেখানে ওয়াটার পলিউশনের দিকে লক্ষ্য করতে হবে। বিভিন্ন শিল্পে সমস্ত জল এই মিউনিসিপ্যালিটিগুলি জল নিকাশের ব্যবস্থা করতে পারে না, যার ফলে বিগত বন্যার সময়ে দেখেছি যেখানে বন্যা হওয়া উচিত নয় শিল্পাঞ্চলে গঙ্গার পাড়ে সেখানেও বিরাট বিরাট এলাকা জলে ডুবে ছিল। সুতরাং জল নিষ্কাশনের ব্যবস্থা কোন একটি নির্দিষ্ট পৌরসভাকে না দিয়ে এটাকে আরও ব্যাপকভাবে কয়েকটি মিউনিসিপ্যালিটি ধরে যদি সরকার পরিকল্পনা করেন—আমি মাননীয় মন্ত্রী প্রভাস রায়ের সঙ্গে এ বিষয়ে কথা বলেছিলাম যে দু-তিনটি মিউনিসিপ্যালিটিকে কেন্দ্র করে বড় বড় ড্রেণের ব্যবস্থা করতে না পারেন তাহলে এই যে ব্যারাকপুর মহকুমা গঙ্গার পশ্চিম ধারে যে সমস্ত শহর আছে তার জল নিকাশের ব্যবস্থা হবে না। জল নিকাশের সাথে সাথে গঙ্গার জল যাতে ক্ষতি না হয় তার ব্যবস্থা রাজ্য সরকারকে করতে হবে। একদিকে গঙ্গার জল জমে যাচ্ছে এবং তার সাথে জলের একটা বিরাট সমস্যাও দেখা দিচ্ছে। পানীয় জলের সমস্যাও বিরাট। আমি অনেক বার বলেছি অকট্রয়ের টাকা তার হিসাব হচ্ছে ৫০ পারসেন্ট টাকা রাখছেন সরকার আর ২৫ পারসেন্ট টাকা নিচ্ছেন কর্পোরেশন। এত দিন ছিল গ্রেটার ক্যালকাটা ২৫ পারসেন্ট, আর ২৫ পারসেন্ট পেত মিউনিসিপ্যালিটিগুলি। ঐ সি.এম.ডি. এ'র বাইরে মিউনিসিপ্যালিটিকে দেওয়ার প্রশ্ন যখন এল তখন কলকাতা কর্পোরেশনের বাইরে যে মিউনিসিপ্যালিটিগুলি তাদের যে শতকরা ২৫ পারসেন্ট তার থেকে ৮ পারসেন্ট কেটে নিয়ে ঐ সি.এম.ডি.এ. এলাকার বাইরের মিউনিসিপ্যালিটিগুলিকে দেওয়ার ব্যবস্থা করা হল কিন্তু গভর্নমেন্টের যে অংশ আর কলকাতা কর্পোরেশনের যে অংশ সেই অংশে হাত দেওয়া হল না। এইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে অকট্রয়ের টাকা এবং অন্যান্য টাকা অন্যান্য স্টেটে যেমন বোম্বে বা অন্য স্টেটে যে ব্যবস্থা আছে সেইরকম সেই টাকা যাতে পৌরসভার হাতে যায় পৌরসভার উন্নয়নের জন্য তার ব্যবস্থা করবেন। পৌরসভাগুলিকে সাহায্য করবার জন্য আরও পরিকল্পনা করবেন এই আবেদন রেখে এই বাজেটকে পরিপূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**श्री हाजी शाजाद हुसैन** : मिस्टर स्पीकर सर, मैं आपसे ये अनुरोध करुँगा कि यह बजट अभी हम जो पढ़कर देखे तो मालूम हुआ कि २४ परगना या और जितने भी बंगाल में डिस्ट्रीक्ट हैं, उनमें हर जगह म्युनिस्पल एरिया का अरेन्जमेन्ट बहुत ही अच्छा हैं और हर जगह की म्युनिस्पिलटी को इस बजट में रुपया काफी मिला हैं।

अब मैं आपको वताना चाहता हूँ कि हमारा सब डिविजन इस्लामपुर जो है, वह १-११-५६ को ट्रान्सफर होकर बिहार से पश्चिम बंगाल में आया। मगर बड़े दुख की बात हैं कि डाक्टर बी.सी. राय के टाइम से और पी.सी.सेन के टाइम से कुछ थोड़ा सा अरेन्जमेन्ट बालूरघाट सदर सब-डिविजन में और कुछ थोड़ा सा रायगंज

में हुआ है और है भी। मगर अभी-अभी मैं इस बजट की किताब के देखता हूँ कि जितने भी जिले यहाँ हैं, उनका बजट करीब-करीब १-३ लाख का बजट हैं। मगर हमारे इस जिले में ये हम देख रहे हैं कि सिर्फ ३५ हजार रुपया आपने रखा है–सिर्फ ३५ हजार। और जिलों का वजट जव हम पढ़कर देखते हैं तो लाख से ज्यादा ही हैं। कहीं-कही थोड़ा कम ८०-८५-९० हजार रुपये का है।

सवसे बड़े दुख की बात यह है कि हम लोगों को बिहार से लाया गया तो क्यों लाया गया? आप लोगों को साउथ से नार्थ बंगाल में जाने के लिए यह जो इलाका बिहार में पड़ता था, वह पुर्निया जिला हैं। डाक्टर बी. सी. राय नेहरुजी को पकड़कर बोले कि नहीं तुमको देना ही पड़ेगा, दक्षिण बंगाल से उत्तर बंगाल में जाने का रास्ता। और उस समय चीफ मिनिस्टर डाक्टर ब्री. सी. राय ने चोपरा, इस्लामपुर, ग्वालपुकुर और करनदीघी थाने के पार्ट को कटवा लिया १-११-५६ में। आपलोगों को मालूम होना चाहिए कि साऊथ बंगाल से नार्थ बंगाल से जाने के लिए डाक्टर बी. सी. राय के डिमाण्ड के कारण बिहार का यह इलाका दे दिया गया–बंगाल टू बंगाल में जाने के लिए। मगर बड़े दुख के साथ बोलना पड़ता हैं कि अभी तक आप लोगों ने सिर्फ म्युनिस्पिलटी में ही नहीं, हर मामले में, हर चीज में, इस इस्लामपुर सब-डिबिजन को पीछे करके रखा है। इसकी ओर जरा भी ध्यान नहीं रखते हैं। बिहार वालों ने उठाकर हमलोगों को बंगाल में फेंक दिया और आपलोग बंगाल बाले हम लोगों को भूल गए। कम से कम आपलोगों को पता होना चाहिए कि सब-डिबिजन इस्लामपुर की कोई जगह बंगाल में हैं। आप लोगों को मालूम होना चाहिए कि सव-डिबिजन इस्लामपुर की एरिया से चार मेम्बर इस विधान सभा में चुनकर आये हैं। इस्लामपुर सब-डिबिजन में चार कांस्टीटयून्सी हैं। मगर आपलोग इस ओर जरा भी ध्यान नहीं देते हैं। आपलोगो ने हमलोगो को रिफ्यूज कर दिया हैं। हमारी एरिया की उन्नति की ओर नजर ही नहीं देते हैं। इस्लामपुर सब-डिबिजन को आपलोग निगले कोढ़ समझते हैं। हमलोगों को विहार से रिफ्यूज कर दिया गया फिरभी आपलोग अभी तक हमलोगो को अच्छी निगाह से नहीं देखते हैं। वजट में हमारे जिले के लिए सिर्फ ३५ हजर रुपये का आरेन्जमेन्ट हैं, जो आजके जमाने में चाय-पान के खर्च में चला जायगा । है या नहीं? बिरेनबाबू आज आप क्यों नहीं बोलते हैं ?

अब मैं आपलोगों को बताऊँ बालूरघाट में थोड़ा सा आरेन्जमेन्ट हैं। करीब दो किलोमीटर को म्युनिस्पिल एरिया बनाकर रखे हैं–सिर्फ दो किलोमीटर को। यह हमारा डिस्ट्रीक्ट हेडक्वाटर हैं। इस्लामपुर-सब-डिबिजन में तो कुछ भी नही हैं। रायगंज सब-

डिबिजन में आपलोगों ने क्या किया है? वहाँ हाफ किलोमीटर की एरिया को आपलोगों ने म्युनिस्पिल एरिया बनाकर रखा हैं। और सब-डिबिजन इस्लामपुर को तो आपलोग जीरो करके रखे हैं। हम मिनिस्टर साहब से अनुरोध करते हैं कि आप जरा बजट को उठाकर देखिए बंगाल में सब से कम पैसा आपने बालूरधाट और वेस्ट दीनाजपुर कोजो बिहार से आया है, दिया है। उसमें भी सब-डिबिजन इस्लामपुर को एकदम निलकर दिए हैं–उसे छोड़ दिए हैं। सब-डिबिजन इस्लामपुर में म्युनिस्पिलटी का कोई आरेन्जमेन्ट नहीं हैं।

दालखोला हमारी कांस्टीटयून्सी करनदीघी में पड़ता हैं। जहाँ जूट का बहुत बड़ा मार्केट हैं। वहाँ पर हजारों मन जूट डेली खरीद होता हैं। १०-१५ हजार मन जूट का खरीद होता हैं, जो वहाँ से कलकत्ता लाया जाता हैं। कलकत्ता से उस मार्केट का बहुत बड़ा सम्पर्क हैं। जूट के लिए वह बहुत बड़ा मार्केट हैं। अगर उस मार्केट के डवलपमेन्ट के लिए कोई आरेन्जमेन्ट नहीं हैं। म्युनिस्पिल एरिया भी नहीं हैं। हमारे दालखोला इलाके में २०-२५ ट्रकें चलती हैं, जो लोकल ट्रकें हैं। वहाँ से टैक्स भी वसूला जाता हैं। मगर कोई भी हिसाब-किताब नहीं रखा जाता है।

एक चीज और आपलोगों को याद दिलाना चाहता हूँ कि हमारी एरिया देहाती हैं जो शहर के करीब नहीं हैं। मगर वहाँ पर फायर बिग्रेड का कोई इन्तजाम नहीं हैं। अगर वहाँ पर आग लग जाय तो सव घर जलकर छाई हो जायगा। उसे बुझाने का कोई इन्तजाम नहीं किया जा सकता है। दालखोला से पुर्निया हेड क्वाटर ५० किलोमीटर दूर हैं। इतनी दूरी से फायर बिग्रेड आते हैं आग लगने पर सब कुछ जलकर भस्म हो जायगा। इस्लामपुर में फायर बिग्रेड का कुछ इन्तजाम है मगर वह भी करीब चालीस किलोमीटर दूर हैं। अभी अभी एक महीने के कवल हुआ हमारे बगल के मुहम्मद पुर ग्राम में आग लग गई थी। उस समय मैं अपने घर मैं ही मौजूद था, आग की खबर पाकर हम दौड़ हुए उस गाँव में गए। वह गाँव हमारे यहाँ से हाफ किलोमीटर दूर है। मैं फौरन दालखोला मार्केट से रायगंज को फोन किया। फायर बिग्रेड की जब जरुरत थी तो नहीं पहुँचा। वहाँ से ३ घंटे से देर में पहुँचा। फायर बिग्रेड के पहुँचने के पहले ही सब घर जल कर राख हो गया। सब कुछ सत्यानाश हो गया। डयूटी पर जो लोग थे, उन लोगों ने गाँव वालों से साइन करवा लिया कि हम लोग फायर बिग्रेड लेकर पहुँचे थे। इस तरह से फायर बिग्रेड काम में भी नहीं आया और गवर्नमेन्टका पैसा भी मिसयूज हुआ। पाब्लिक का कोई लाभ नहीं हो सका। एक साल के कवल जूट गोदाम में आग लग गई। जूट में आग लगने

से क्या होता हैं, आप सभी लोगों को मालूम हैं। उस जूट गोदाम में आग लगी या लगाया गया, पता नहीं। मगर इस्लामपुर और रायगंज को फायर बिग्रेड के लिए टेलीफोन किया गया। फायर बिग्रेड पहुँचा जरुर मगर ३ घण्टा बाद। पूरा गोदाम जलकर छाई हो गया। जितनी मारवाड़ियों की गद्दी थी, जलकर छाई हो गई। इस्लामपुर से भी फायर आया और रायगंज से भी आया मगर जलकर राख होने के बाद। इसके बाद डयूटी पर आये हुए लोग सिगनेचर कराकर चले गए।

[2-50 — 3-00 P.M.]

इसी लिए हमें वहुत दुख से बोलना पड़ रहा हैं कि जब इस्लामपुर सव-डिबिजन बिहार का एरिया था और वह आप लोगों को दे दिया गया तो आप लोगों को इस एरिया पर थोड़ा ध्यान देना चाहिए। अगर ज्यादा न कर सकें तो कम से कम कुछ तो कीजिए। उस इस्लामपुर का डबलपमेन्ट तो कीजिए जो बिहार से बंगाल में आया हैं। आप लोग तो हमें भूल जाते हैं कि हमलोग भी अब बंगाल के ही रहने वाले हैं। हमें पहचानते ही नहीं हैं, अगर पहचानते हैं तो निर्बाचन के समय, एलेक्शन के समय। एलेक्शन के समय सभी पार्टी वाले वहाँ पहुँचते हैं और तरह-तरह के आश्वासन देते हैं। गाँव-गाँव में जाकर तरह-तरह की लालच देते हैं। और वहाँ वालों से कहते हैं, वादा करते हैं कि आपलोग हमारी पार्टी को कामयाव कीजिए। आपलोगों के लिए हम सब कुछ कर देंगे। स्कूल कालेज सभी खोलवा देंगे। हास्पीटल, रोड सभी कुछ कर दिया जायगा। इस तरह से दुनियाँ भर के वादे किए जाते हैं। गरीबों को अमीर बनाने के लिए कहा जाता हैं। कहते हैं कि बड़े-बड़े जमीन्दारों की जमीन लेकर गरीबों में बाँट देंगे। ये सारी बातें बोलते जरुर हैं मगर कब तक? जब तक वोट का काम होता हैं। एलेक्शन के बाद उन सभी गाँवों को भूल जाते हैं। इस तरह से गलत वादा करते हैं और जब एलेक्शन पार हो जाता है तो फिर आपलोग भूल जाते हैं।

हमारे पुर्निया के भाई जो अभी बोल रहे थे, वेभी १-११-५६ को ट्रान्सफर होकर आये हैं। म्युनिस्पिलटी का कोई भी आरेन्जमेन्ट नहीं किया गया हैं। आपको इस ओर नजर देना चाहिए। हमलोग देखते हैं कि रायगंज बालूरघाट में सिर्फ म्युनिस्पिलटी बनाकर रख दिया गया हैं। वहाँ कोई आरेन्जमेन्ट नहीं हैं। वहाँ पर मेथ्तर माथा पर टीन लेकर पायखाना आज भी फेलते हैं। यह नियम हर्गिज नहीं होना चाहिए था क्योंकि हमलोग स्वाधीन राज्य के नागरिक हैं। अब हम आजाद हो गए है। गन्दगी को माथापर टीन उठाकर फेका जाय, यह बरदास्त के बाहर है। इस तरह से हम

देखते हैं कि रायगंज और बालूरघाट म्युनिस्पिलटी में कोई इन्तजाम नहीं हैं। अभी तक मेथ्तरों को माथा पर गन्दगी का टीन उठाकर बाहर फेकना पड़ रहा हैं। यह बड़े शर्म और लज्ञा की बात हैं।

हमारे पास माल्दा जिला हैं। वहाँ भी कोई आरेन्जमेन्ट नहीं हैं। वहाँ कोई भी इन्तजाम नहीं हैं। वहाँ भी सिर पर गन्दा उटाकर बाहर फेंका जाता हैं। यह बड़े शर्म की बात हैं। माल्दा में फायर बिग्रेड का इन्तजाम हैं, मुझे मालुम हुआ। मगर फायर बिग्रेड की टंकी में पानी भरने के लिए मशीन का इन्तजाम अरेंजमेन्ट नहीं हैं। अगर फायर बिग्रेड की टंकी में पानी नहीं रहेगा तो भला फायर बिग्रेड रहकर ही क्या करेगा? आग किस चीज से बुझायेगा। अगर फायर बिग्रेड को टेलीफोन किया गया कि फलाँ जगह आग लगी है, तो फायर बिग्रेड पहुंचकर ही क्या करेगा? उसकी टंकी में पानी तो रहेगा ही नहीं। हैण्ड पाम्प से कब तक टंकी भरेगा? जब तक वह टंकी भरेगा, तव तक सब कुछ जलकर राख हो जायगा।

हमारे इलाके के लिए कांग्रेस के अमल में तीन लाख रुपये की स्कीम पीने के पानी के लिए थी। इसको मंजूर भी कर लिया गया था। उसके बाद सी. पी. एम के शासन में वह रुपया कहाँ चला गया, कुछ पता नहीं। वह स्कीम कहाँ चली गईं, कुछ मालूम नहीं हैं। स्पीकर सर, हमारा मालदा, वेस्ट दीनाजपुर एकदम से निग्लेक्टेड एरिया समझा जाता हैं। मगर हम देखते हैं कि उसी के वगल में कूच विहार, जलपाईगुड़ी, दार्जिलिंग और सिलीगुड़ी के डबलपमेन्ट के लिए सब समय कितना रुपया दिया जाता है? वहाँ कितना अच्छा इन्तजाम किया जाता हैं? उन जिलों के लिए तमाम रुपया खर्च किया जाता हैं। मगर हमें बड़े दुख के साथ कहना पड़ता है कि वेष्ट दीनाजपुर और मालदा के लिए कुछ भी रुपया उन जिलों की वनिवस्त नहीं खर्च किया जाता हैं। हमें कुछ भी सुबिधा नहीं दी जाती हैं। मैं तो कहूँगा कि इन एरियाओं को निग्लेक्ट करके रखा गया हैं। जो कुछ भी किया जाता हैं, वह नहीं के बराबर हैं।

इसीलिए आपको चाहिए कि हमारी एरिया में, हमारे सब डिबिजन में दलखोला मार्केट जो बहुत बड़ा जूट मार्केट का एरिया हैं, उसपर थोड़ा ध्यान दें। वहाँ अगर आप फायर बिग्रेड का इन्तजाम करदें तो वहाँ के लोग कुछ सुख का अनुभव करेंगे। फायर बिग्रेड का इन्तजाम नहीं होने से अगर पछुआ वयार चले और एक घर में भी आग लग जाय तो कोई घर नहीं बच पायेगा। आदमी टयूवेल और कुओं से पानी खींचकर आग बुझाने की कोशिश करता ही रहेगा मगर कोई भी घर बचा नहीं पायेगा। आग लगने पर आदमी लाचार हो जाता हैं, वह कुछकर नहीं पाता

हैं। इसीलिए मैं आपसे रिक्वेस्ट करता हूँ और बार-बार याद दिलाना चाहता हूँ कि हमारी एरिया के सब-डिबिजन इस्लामपुर में कारपोरेशन बनाइए।

हमें दुख हैं कि जब हम बिहार में थे तो बिहारी नहीं समझे जाते थे और जब हम बंगाल में आये तो हमें बंगाली नहीं समझा जाता हैं—हमें भी बंगाली समझने की कोशिश कीजिए। हम भी बंगला बोल सकते हैं, बोलते भीं हैं। जिस वक्त हमें तालीम मिली थी उस टाइम में हम बिहार में थे। हमलोग तालीम पाये थे, उर्दू-हिन्दी, इंगलिश आरबी और फारसी में। उस समय हमारी एरिया में बंगला स्कूल नहीं था। मगर अब हम लोग अपने बच्चों को उर्दू-हिन्दी के साथ-साथ बंगला भाषा को भी पढ़ाते हैं।

[3-00—3-10 P.M.]

আমি বাংলা জানি বলতে পারি কিন্তু লিখতে পারি না। আমি নিউজ পেপার পড়তে পারি। তাই আমি বলছি আমাদের বাঙালি বলে মনে করবেন। আজকে দেখছি ইসলামপুরকে সম্পূর্ণভাবে বাদ দিয়ে দেওয়া হয়েছে। আপনারা মালদায় যান কিন্তু তার পাশে ইসলামপুর যান না। আপনারা মালদা দিয়ে রায়গঞ্জ হয়ে দার্জিলিং যান—কিন্তু আমাদের দিকে একবারও তাকিয়ে দেখেন না যে কি অবস্থা ওখানকার। কারণ আমাদের ওখানে তো সার্কিট হাউস নেই। দার্জিলিং ঠান্ডা জায়গা সেখানে সার্কিট হাউস আছে সেইখানেই আপনারা যান। আমি তাই দেখতে পাচ্ছি এই ব্যয় বরাদ্দে ইসলামপুরের কোন উল্লেখ নেই। মাত্র ৩৫ হাজার টাকা রেখেছেন। তাই আমি আপনার এই বাজেট বরাদ্দকে সমর্থন করতে পারছি না। আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী প্রশান্ত সুর মহাশয় যে দুটি ব্যয় বরাদ্দের দাবি এখানে উপস্থিত করেছেন আমি সেই দাবীর প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রথমেই অভিনন্দন জানাই এই কারণে যে তাঁর যে দীর্ঘ দিনের অভিজ্ঞতা আছে পৌর প্রতিষ্ঠান পরিচালনার এবং তিনি কলিকাতা কর্পোরেশনের পরিচালনার ব্যাপারে তিনি দীর্ঘ দিন যুক্ত ছিলেন সেই অভিজ্ঞতা দিয়ে সেই সমস্যা বুঝে অল্প দিনের মধ্যে পৌরসভাগুলিকে তাদের পরিচালন ক্ষেত্রে একটা নূতন দৃষ্টিভঙ্গিতে আনতে পেরেছেন এবং কিছু উন্নয়নের উদ্যোগ গ্রহণ করেছেন।

আজকে তার এই বাজেট ভাষণের মধ্যে দিয়ে সেই জিনিসগুলি অত্যন্ত স্পষ্ট হয়ে প্রকাশ পেয়েছে। সে জন্য তাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শাসনের ক্ষেত্রেও গণতান্ত্রিক ব্যবস্থার ক্ষেত্রে স্থানীয় স্বায়ত্ব শাসন অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান গ্রহণ করে আছে। এটা সারা পৃথিবী জুড়ে স্বীকৃত। আমাদের দেশে কি পশ্চিমবাংলায়, কি ভারতের অন্যত্র এই স্থানীয় স্বায়ত্ব শাসন কখনও গুরুত্ব লাভ করেনি। সংবিধানে এটা স্বীকৃত হলেও যে গুরুত্ব দেবার কথা সেটা পায়নি। দীর্ঘদিন পরে পশ্চিমবাংলার গ্রামীণ স্বায়ত্ব শাসনের

ক্ষেত্রে একটা পরিবর্তন আনতে সক্ষম হয়েছি। পঞ্চায়েত ব্যবস্থা একটা নূতন দিক নির্দেশ করেছে এবং এই পঞ্চায়েত ব্যবস্থা যে কতখানি সফল হয়েছে সেটা বিগত বন্যার পরে পুনর্বাসনের ক্ষেত্রে পঞ্চায়েতের উদ্যোগের মধ্যে আমরা দেখেছি। আজকে তাই বামফ্রন্ট সরকারের কাছে এই দায়িত্ব এসেছে, গ্রামীণ পর্যায়ে পঞ্চায়েত যে নূতন উদ্যোগ সৃষ্টি করেছে, গণতান্ত্রিক ব্যবস্থায় যে নূতন পরীক্ষা ব্যবস্থা আনতে পেরেছে, পৌর স্বায়ত্ব শাসনের ক্ষেত্রে সেই কাজ করতে হবে। কলকাতা এবং মফঃস্বলে যে সমস্ত পৌর প্রতিষ্ঠান রয়েছে, এই দুটি ব্যবস্থাতে এই জিনিস আনতে হবে। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় যে উদ্যোগ গ্রহণ করেছেন তার জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কি লক্ষ্য করছি? বিনয়বাবু নেই, তিনি বলেছেন, পুরানো কথা বলা চলবে না, পুরানো কথা বলে লাভ কি? কিন্তু পুরানো যে নীতি তার ফলে আজকে এই অবস্থার সৃষ্টি হয়েছে। আমরা এতদিন দেখেছি, যদি বা কলকাতা পৌর প্রতিষ্ঠানের ব্যাপারে সরকার কিছু নজর দিয়েছেন, কলকাতার সমস্যার কিছুটা গুরুত্ব পেয়েছে। মফঃস্বলে যে সমস্ত পৌর প্রতিষ্ঠান রয়েছে সেটার কোন গুরুত্ব লাভ করেনি, মফঃস্বলের দিকে নজর দেওয়া হয়নি। আজকে বাজেট বক্তৃতায় মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে কেবল মাত্র বর্তমানে যে সমস্ত পৌরসভা রয়েছে তা নয়, নুতন যে সমস্ত গ্রোথ সেন্টার রয়েছে—দেশ বিভাগের সময় থেকে, উদ্বাস্তু আগমনের সময় থেকে, উদ্বাস্তু আগমনের পরে গ্রামে যে সব শহরমুখী এলাকা গড়ে উঠেছে সেগুলিকে পৌরকরণ করা হয়নি, আর্বানাইজেশনে আনা হয়নি। তাই, নুতন দৃষ্টি দিয়ে সেই সব এলাকাগুলিকে পৌরকরণ করতে হবে এবং পৌর স্বায়ত্ব শাসনের সমস্ত সুযোগ সুবিধা তাদের দিতে হবে এবং এই দিকে আজকে নজর দেওয়া একান্ত দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতার কথা আমাদের ভাবতেই হবে। কলকাতা শুধু পশ্চিমবঙ্গের নয়, ভারতবর্ষের অন্যতম প্রধান শহর। এই কথা আজকে স্বীকার করতে হবে যে কলকাতার অবস্থা অত্যন্ত খারাপ। ভারতবর্ষের মধ্যে যে বড়বড় শহর আছে তার মধ্যে সব চেয়ে নোংরা শহর হচ্ছে কলকাতা, এই বিষয়ে কোন সন্দেহ নেই। দিনের পর দিন কলকাতা নোংরা হতে বসেছে। কলকাতা শহরকে বাঁচাতে, কলকাতা শহরকে আবর্জনা মুক্ত করতে হবে, একে পরিচ্ছন্ন করতে হবে, এর পয়ঃপ্রণালীর ব্যবস্থা পরিষ্কার করতে হবে, জল যাতে না জমে তার ব্যবস্থা করতে হবে। কিন্তু কথা হচ্ছে, কলকাতার দায়িত্ব কি কেবল কলকাতা পৌর প্রতিষ্ঠানের উপর? কলকাতার দায়িত্ব কি কেবল মাত্র রাজ্য সরকারের উপর? এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কি কোন দায়িত্ব নেই? মাননীয় মন্ত্রী মহাশয়, তার বাজেট বক্তৃতায় বলেছেন যে কলকাতায় কেন্দ্রীয় সরকারের অনেক সম্পদ আছে এবং যেটা সাংবিধানিক কারণে তারা কর থেকে মুক্ত। কিছু ব্যবস্থা আগের আমলে হয়েছে কিন্তু এখনও অনেক টাকা কেন্দ্রে পাবার কথা। এটা গেল সম্পদের কথা, করের কথা এবং আইনের কথা। কলকাতা ভারতের অন্যতম শহর। কলকাতা কেবল পশ্চিমবঙ্গের রাজধানী নয়, ভারতেরও প্রাক্তন রাজধানী এবং ভারতবর্ষের সব চেয়ে জনবহুল শহর। এই শহরের আর্থিক উন্নতি এবং সামগ্রিক উন্নয়নের দায়িত্ব কেন্দ্রীয় সরকার অস্বীকার করতে পারেন না। কলকাতা এবং তার পার্শ্ববর্তী এলাকায় যে প্রচুর অর্থ আছে তার থেকে প্রচুর পরিমাণে কর কেন্দ্রীয় সরকার আদায় করেন। কাজেই এই এলাকা উন্নয়নের দায়িত্ব তারা এড়িয়ে যেতে পারেন না। কলকাতা এবং পার্শ্বে যে পৌর এলাকা আছে তার আশেপাশে যে পৌরসভা রয়েছে, সেই এলাকায় কারা বাস করে? সেই এলাকায় কেবল মাত্র পশ্চিমবঙ্গের

মানুষই বাস করেনা। অন্যান্য রাজ্য থেকে তারা এসেছে, যদিও তারা পশ্চিমবঙ্গের অধিবাসী। আজকে বিহার থেকে, উত্তর প্রদেশ থেকে, অন্ধ্র প্রদেশ থেকে, মধ্যপ্রদেশ থেকে যারা এখানে এসে অর্থ উপার্জন করেন এবং তাদের অর্জিত অর্থ মানি অর্ডার করে প্রতি মাসে তারা নিজেদের রাজ্যে পাঠিয়ে দেয়। কাজেই এই রাজ্যের অর্থ অন্য রাজ্যে চলে যাচ্ছে। সুতরাং এটা সমগ্র ভারতবর্ষের শহর এই শহরের উন্নতির দায়িত্ব শুধু রাজ্য সরকার বা পৌর প্রতিষ্ঠানের নয়, এই দায়িত্ব কেন্দ্রীয় সরকারেরও রয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার সেই দায়িত্ব পালন করছেন না। সুতরাং আমাদের আজকে ভাবতে হবে এবং আরো অর্থ বরাদ্দ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোম্বাই শহরের উন্নতির জন্য, দিল্লির উন্নতির জন্য, মাদ্রাজের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকার অর্থ ব্যয় করছেন। রাজনৈতিক কারণে, বৈষম্যগত কারণে পশ্চিমবঙ্গের জন্য সেই সাহায্য পাওয়া যায়নি। তাই, কলকাতার উন্নতির জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের বেশি করে টাকা দাবি করতে হবে। আজকে যদিও এটা প্রাসঙ্গিক নয়, কিন্তু কলকাতার কথা যখন উঠেছে তখন প্রশ্ন জাগে যে কলকাতার ভবিষ্যত কি? যে ভাবে গঙ্গার জল কমে যাচ্ছে, যে ভাবে পলি জমছে, যে ভাবে বন্দর মজে যাচ্ছে এবং অল্পদিনের মধ্যে হয়ত কলকাতা মরে যাবে। তাই, কলকাতাকে বাঁচানোর জন্য, গঙ্গার যে নাব্যতা, গঙ্গার জলের যে ব্যবস্থা সেটা আজকে কেন্দ্রীয় সরকারকে করতে হবে। আজকে যদি তা না করা হয় তাহলে কলকাতাকে বাঁচান যাবেনা।

[3-10—3-20 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা পৌর প্রতিষ্ঠান বিল এবং বঙ্গীয় পৌর বিল, এই দুটি বিল এই বিধান সভায় আলোচিত হবার পর সিলেক্ট কমিটিতে আলোচিত হচ্ছে। সিলেক্ট কমিটি তাঁদের যে রিপোর্ট দেবেন তার উপর আবার এই বিধান সভায় আমরা সে দুটি নিয়ে আলোচনার সুযোগ পাব। সেই বিলে যে সমস্ত সুপারিশগুলি করা হয়েছে বা যে কাঠামোর কথা বলা হয়েছে তার মধ্যে আমি যাচ্ছি না। কিন্তু প্রাসঙ্গিকভাবে দৃষ্টিভঙ্গির ব্যাপারে একটা কথা বলতে চাই। স্বাধীনতার ৩২/৩৩ বছর পরেও ভারতবর্ষে স্থানীয় স্বায়ত্বশাসন বা পৌর স্বায়ত্বশাসন যথেষ্ট গুরুত্ব লাভ করেনি। কারণ দৃষ্টিভঙ্গির অভাব। পূর্বের সরকার এ বিষয়ে যে দৃষ্টিভঙ্গি নিয়েছিলেন তাতে ভাল কিছুই হতে পারে না। আজকে সেই দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটেছে, বামফ্রন্ট সরকার গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন। পূর্বের সরকার গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করতেন না, তাঁরা পৌর প্রতিষ্ঠানকে কতগুলি রাজনৈতিক কারণে নিয়ন্ত্রণ করবার ব্যবস্থা করেছিলেন, পৌর প্রতিষ্ঠানকে সরকারের একটা ব্রাঞ্চে পরিণত করেছিলেন। কিন্তু স্থানীয় স্বায়ত্বশাসনে সরকারি নিয়ন্ত্রণ থাকার কথা নয়। স্থানীয় স্বায়ত্বশাসন গণতান্ত্রিক প্রতিষ্ঠান হিসাবে গড়ে ওঠা উচিত। স্যার, আমি এ বিষয়ে এখানে একটি বই থেকে একটু পড়ে শোনাব। ডঃ মহিত ভট্টাচার্য, যিনি বর্তমানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞানের প্রধান এবং তিনি দিল্লিতে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ্ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন-এর এই বিষয়ের অধ্যাপক ছিলেন, তিনি একটি বই-তে লিখছেন ম্যানেজমেন্ট অফ্ আর্বান গভর্নমেন্ট ইন ইন্ডিয়া কেন এই দুর্দশা, এর মূলে হচ্ছে the static structure of Municipal Government and poverty of municipal resources are due largely to the prevailing attitude of the State Government to the municipal authorities. আগের আমলের কথা তিনি বলছেন, in India the municipal structure is almost

an integral part of the static structure. এর থেকে আলাদা করে কখনই এটাকে ভাবতে পারেননি। The constitutional allocation of local government in the State List coupled with paternalistic tradition of the Indian Administration has weakened the local administration more and more. এখানেই সব চেয়ে বেশি ভুল হয়েছে। The prevailing weakness and inefficiency can hardly be attributed to the absence of any static policy for municipal stimulation. কোনো নীতি ছিল না সরকারের। The dilapidating conditions of municipal authorities have provided special excuse for increasing control of the State Government over these institutions. এবং এর ফলে সর্বনাশ হচ্ছে পৌর প্রতিষ্ঠানের। আজকে তাই দৃষ্টিভঙ্গির ব্যাপারে স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান যাতে সঠিক ভাবে চলতে পারে, নির্বাচিত সদস্যরা যাতে গণতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমে চালাতে পারে তার ব্যবস্থা আমাদের করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা পৌর প্রতিষ্ঠানের যে এলাকা পূর্বে ছিল সেই এলাকাকে রেখেই কাঠামোর পরিবর্তন করবার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু আজকে কথা উঠেছে বৃহত্তর কলকাতার উন্নয়নের জন্য ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটির উন্নয়নের জন্য ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটির সমস্ত এলাকা নিয়ে কলকাতা পৌর প্রতিষ্ঠানের এলাকা করা উচিত। কলকাতা পৌর প্রতিষ্ঠানের সংলগ্ন যে সমস্ত এলাকা আছে সেই সমস্ত এলাকাকে নিয়ে একটা বৃহত্তর কলকাতা পৌর প্রতিষ্ঠান করা উচিত। এর মধ্যে কোনো পার্থক্য থাকা উচিত নয়। লন্ডনে আমরা দেখছি বৃহত্তর লন্ডনকে নিয়ে লন্ডন মিউনিসিপ্যাল অথরিটিস হয়েছে, প্যারিসে বৃহত্তর প্যারিস হয়েছে এবং যখন আমাদের দেশে বোম্বাইতে বৃহত্তর বোম্বাই হয়েছে, তখন আমাদের কলকাতাকে বৃহত্তর কলকাতা সি.এম.ডি.এ. এলাকা নিয়ে করা উচিত এবং সেদিকে আমাদের নজর দেওয়া উচিত। প্রশাসনিক ক্ষেত্রে বড় এলাকা হলে অনেকে বলেন যে, ক্ষমতা কেন্দ্রীভূত হবে। কিন্তু আমরা আজকে কলকাতা পৌর প্রতিষ্ঠানের জন্য বরো কাউন্সিল করতে যাচ্ছি, সেই রকম সি.এম.ডি.এ. এলাকার জন্যও যদি করা হয় তাহলে ক্ষমতা কেন্দ্রীভূত হতে পারবে না। ছোট ছোট সংস্থা করে সেখানকার মানুষের নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা দিয়ে আমরা এক্ষত্রেও গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ করতে পারি।

একই সঙ্গে এফিসিয়েনসি এবং ডেমোক্রেসী এই দুইয়ের মধ্যে সামঞ্জস্য বিধান করার দিকে আমাদের দৃষ্টি দেওয়া উচিত। কলকাতা এবং মিউনিসিপ্যালিটির প্রধান সমস্যা হচ্ছে আর্থিক সমস্যা। শহর পরিষ্কার রাখা পানীয় জলের ব্যবস্থা করা পয়ঃপ্রণালীর ব্যবস্থা করা ইত্যাদি কোন কিছুই তারা করতে পারছে না কারণ টাকা নেই। যে টাকা আসে কর আদায় করে কিম্বা সরকারি অনুদান থেকে তার বেশির ভাগই কর্মচারীদের মাইনে দিতেই চলে যায়। জলপাইগুড়ির কথা জানি সেখানে কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা কর্তৃপক্ষ খরচ করে দিয়েছেন। মেয়ের বিয়ে, অসুখ ইত্যাদির জন্য তারা টাকা পাচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই তিনি ডাক্তার ভবতোষ দত্তের নেতৃত্বে একটা মিউনিসিপ্যাল ফাইনান্স গঠন করেছেন এবং আশা প্রকাশ করেছেন অল্প দিনের মধ্যেই তাঁরা এ বিষয় একটা সুপারিশ

করবেন। অর্থাৎ কি কি প্রস্তাব বাস্তবে গ্রহণ করলে এগুলিকে ভায়াবল ইউনিটে পরিণত করা যায় সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। পৌর প্রতিষ্ঠানগুলির আয়ের প্রধান উৎস সম্পত্তির উপর কর। অধিকাংশ মিউনিসিপ্যালিটির শতকরা ৬০/৭০ ভাগ এই সম্পত্তির উপর কর থেকেই আদায় হয়, বা অন্যান্য কর থেকে। অর্থাৎ ট্যাক্স রেভিনিউ হচ্ছে প্রধান সোর্স অফ ইনকাম। কিন্তু আমাদের সেটা ঠিক মতন ভ্যালুয়েশন হচ্ছে না, অ্যাসেসমেন্ট হচ্ছে না এবং যা হচ্ছে তা আদায় হচ্ছে না। এ ক্ষেত্রে ত্রুটিপূর্ণ অবৈজ্ঞানিক এবং দুর্নীতিপূর্ণ ব্যবস্থা আছে। ১৯৭২ সালে একটা সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড হয়েছে। সম্প্রতি এই বোর্ড এখানেও গঠন করা হয়েছে। এই বোর্ডের কাজ অবিলম্বে আরম্ভ করা উচিত। মন্ত্রী মহাশয় বলেছেন আগে কলকাতার কাজ শেষ হবে তারপর মিউনিসিপ্যালিটি। আমি বলব একটা বোর্ড দিয়ে হবে না—একটা বোর্ড কলকাতা নিয়ে থাক আরেকটা বোর্ড করুন যেটা মফস্বলের পৌরসভাগুলির ভ্যালুয়েশন করবে। সুতরাং এ দিকে দৃষ্টি দেওয়া দরকার। আরেকটি প্রস্তাব হচ্ছে গুজরাট এবং মহারাষ্ট্র যে জিনিস সেখানে করেছে তা করা। আমাদের রাজ্য সরকার অনেক টাকা দেন, যেটা কর্মচারীদের মাগ্গীভাতা, ডি.এ. বা ডেভেলাপমেন্ট গ্র্যান্ট বাবদ বলুন, কিন্তু এ বিষয়ে আইনের কোন রকম ধরা বাঁধা ব্যবস্থা নেই, তারা যেটা করেছে তাতে স্ট্যাচুটারি প্রভিসন দরকার। অর্থাৎ আইন বলে দেবে কিভাবে কি হবে। কেন্দ্রে একটা ফাইনান্স কমিশন আছে, তারা ঠিক করে দেন ৫ বছর অন্তর অন্তর কোন রাজ্যকে কিভাবে দেওয়া হবে। সেইরকম পৌরসভাগুলির জন্য একটা ফাইনান্স কমিশন করা উচিত, যারা প্রতি ৫ বছর অন্তর পৌরসভাগুলির আর্থিক সংগতি বিবেচনা করে রাজ্য সরকারের কাছে সুপারিশ করবেন—সেই রিপোর্ট বিধানসভায় পেশ করা হবে—এবং রাজ্য সরকার সেই সুপারিশ অনুযায়ী অর্থ বরাদ্দ করবেন। এই রকম একটা ব্যবস্থা করা দরকার। হার্ডকো সম্বন্ধে অনেকের ধারণা এঁরা যদি খালি বাড়িই করে কিন্তু এঁরা আবর্জনা ও পানীয় জলের জন্য টাকা দিয়ে থাকে। কাজেই তাদের টাকা এই সব কাজে ব্যবহার করা দরকার। কেরালার মত আমাদের এখানেও একটা আরবান ডেভেলপমেন্ট ব্যাংক করা উচিত, যেমন সমবায়ের জন্য স্টেট কো-অপারেটিভ ব্যাংক আছে। এই রকম আরবান ডেভেলপমেন্ট ব্যাংক করলে পৌরসভাগুলি সেখান থেকে অর্থ পেতে পারে। পৌরসভার জন্য যেমন আলাদা ডাইরেক্টরেট আছে তেমনি এর সঙ্গে একটা মিউনিসিপ্যাল ইনটেলিজেন্স ব্যুরো গঠন করুন। যাদের কাজ হবে আর্থিক ব্যাপারে এবং কর্মচারীদের ব্যাপারে তথ্য সংগ্রহ করা কলকাতার জন্য যেমন একটি মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন আছে, প্রত্যেক মিউনিসিপ্যালিটির জন্যই সেইরকম একটা করা উচিত। আরেকটি কথা বলে আমি শেষ করব, সেটা হল আমাদের ক্যালকাটা কর্পোরেশন আছে, অনেকগুলি পৌরসভা আছে এবং আরবানাইজেশনের ফলে আরও অনেক মিউনিসিপ্যালিটি হবে সেখানে তাদের কর্মচারীদের ট্রেনিংয়ের জন্য একটা ট্রেনিং ইনস্টিটিউট রাজ্য সরকারের গঠন করা উচিত যেমন ইউ.পি. মহারাষ্ট্র, অন্ধ্রতে আছে। কলকাতা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অফ সোস্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট আছে, কিন্তু এই প্রতিষ্ঠানের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছিলেন সেই টাকা ফেরত গেছে। পৌরসভাগুলির গবেষণার জন্য এই রকম একটি প্রতিষ্ঠান করা উচিত। আমি যে সমস্ত কথা বললাম আশা করি সেই কাজগুলি তিনি তাড়াতাড়ি করবেন।

[3-20—3-30 P.M.]

**শ্রী মতীশ রায়ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। কংগ্রেসি বন্ধুরা বলেন পৌরসভার মধ্যে যে সমস্যা তা এই সরকার সমাধানের জন্য কিছুই করছেন না। ১৯৪৭ সালে যখন দেশ ভাগ হয় তখন কেন্দ্রে এবং রাজ্যে যাঁরা ক্ষমতায় ছিলেন তাঁরা তখন থেকে এ পর্যন্ত কিছুই করেন নি। সেই সময় লক্ষ লক্ষ ছিন্নমূল মানুষ যখন ওপার বাংলা থেকে এপার বাংলায় এসে পুনর্বাসনের জন্য দাবি করেছিল সেদিন কেন্দ্রে এবং রাজ্যে যে সরকার দায়িত্বে ছিলেন তাঁরা তাঁদের পুনর্বাসনের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করেন নি। সেই মানুষগুলো নিজেদের বাঁচার জন্য কলকাতা এবং তার আশেপাশে যে সমস্ত খালি জায়গা ছিল সেখানে গায়ের জোরে বসে পড়েছিল বা কোথাও সামান্য অর্থের বিনিময়ে জায়গা কিনে ঘর করেছিল। কিন্তু সেদিন পৌরসভার সঙ্গে আলোচনা করে কোন নগর পরিকল্পনা করা হয়নি, যার ফলে আজকে কলকাতা শহর বা আশেপাশের অঞ্চলগুলি জঞ্জাল নগরীতে পরিণত হয়েছে। সেখানে ড্রেণ, পানীয় জল, ইত্যাদি আধুনিক নগর পরিকল্পনা করতে গেলে যে ব্যবস্থা করা উচিত তা করা অসম্ভব হয়ে দাঁড়ায়। এই কাজ যদি করতে হয় তাহলে তার জন্য সবচেয়ে বেশি প্রয়োজন অর্থের। অথচ কেন্দ্রীয় সরকার এই উদ্বাস্তুদের জন্য রাজ্য সরকারের যে ন্যায্য পাওনা তা তাঁরা কোনদিনই দেননি। মাননীয় পুনর্বাসন মন্ত্রী মহাশয় যখন তাঁর বাজেট পেশ করবেন তখন তিনি মাস্টার প্ল্যানের কথা বলবেন, কিন্তু আমরা দেখেছি গত ৩০ বছর ধরে কেন্দ্রীয় সরকার এ বিষয়ে তাঁর দায়িত্ব পালন করেন নি, বরং তাঁরা এই সরকারের উপর দায়িত্ব চাপিয়ে দিয়ে নিজেরা বাঁচার চেষ্টা করছেন। যাইহোক পৌর মন্ত্রী মহাশয় এই আর্থিক দূরবস্থার কথা জানা সত্বে ধীর পদক্ষেপে মানুষের দুঃখ কষ্ট বোঝবার জন্য এবং নাগরিক জীবন যাতে সুস্থভাবে চলতে পারে সেইভাবে কাজ করার তিনি চেষ্টা করছেন। আজকে আমাদের আত্ম-সন্তুষ্টির হবার কোন কারণ নেই। আমি মনে করি শুধু পৌরসভার যে দপ্তর সেই দপ্তর এককভাবে কাজ করলে নগর এবং নাগরিকদের স্বাভাবিক উন্নতি করা সম্ভব নয়। এর সাথে আরও কয়েকটি দপ্তর ওতপ্রোতভাবে জড়িত হয়ে আছে। যেমন, আমি বলছি, আজকে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, হাউসিং ডিপার্টমেন্ট তারা কলকাতা এবং কলকাতার আশে-পাশে হাজার হাজার বাড়ি তৈরি করছে—সেই বাড়ি তৈরি করার সময়ে পৌরসভা এবং পৌর প্রতিনিধিদের সাথে আলোচনা করে জল-নিষ্কাশনের ব্যবস্থা এবং পানীয় জলের ব্যবস্থা করছে না। কেন আমি এই কথা বলছি—হাউসিং বোর্ড থেকে যে সমস্ত বাড়ি তৈরি করে তারা খেয়াল-খুশি মত প্ল্যান করে বাড়ি তৈরি করেন। আজকে পৌরসভা যে পরিকল্পনা নিয়ে এই সমস্ত জিনিস তৈরি করছেন সেই পরিকল্পনা যদি একত্রিতভাবে গৃহীত হয় তাহলে কাজের দিক থেকে অনেক সুবিধা হয়। সেইজন্য এক ডিপার্টমেন্টের সাথে আর একটি ডিপার্টমেন্টের সমন্বয় হওয়া দরকার। ইরিগেশান ডিপার্টমেন্টের কাজ বিভিন্ন পৌর এলাকায় আছে। বাগজোলা খাল সেই বাগজোলা খালের যে মারাঠা ডিচ আছে তার কাজ আছে। তাছাড়া গঙ্গার দুইধারে সমস্ত আবর্জনা জমে আছে এবং গঙ্গার ঘাটগুলি আছে। এই সমস্ত যে কাজগুলি আছে এই কাজগুলি পৌরসভার যে আর্থিক সঙ্গতি সেই আর্থিক সঙ্গতি দিয়ে কাজগুলি সমাধান করা যাবে না এবং তার ফলে সাধারণ নাগরিকদের যে দাবী সেই দাবি এবং নিম্নতম সুযোগ-সুবিধা তারা দিনের পর দিন হারাচ্ছেন। সেই জন্য আজকে ইরিগেশন ডিপার্টমেন্টের সাথে পুর্নবাসন দপ্তর এবং পৌর দপ্তরের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে উন্নয়নের পথে হাত বাড়াতে হবে। অতীতে যেমন আমরা

দেখেছি, পৌরসভার যে ক্ষমতা একদিকে আইনের ক্ষমতা নেই—সরকারি সম্পত্তির উপর ট্যাক্স বসাবার ক্ষেত্রে আজও সেই অধিকার স্বীকৃত হয়নি। মাননীয় পৌরমন্ত্রী সে কথা বলেছেন। আমি আর একটি জিনিস জানি যেটা অতীতে কংগ্রেস আমলে হত না—আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি তার পাশের এলাকায় মেট্রো টিউব রেলওয়ে তৈরি হচ্ছে। সেই মেট্রো টিউব রেওলয়ের কার শেডের কাজ বরানগর এলাকায় হচ্ছে। যে এলাকা নিয়ে হচ্ছে সেখানে পৌর এলাকার একটা অংশ আছে, পঞ্চায়েতের এলাকা আছে, পূর্ত দপ্তরের জায়গা আছে, ইরিগেশন ডিপার্টমেন্টের জায়গা আছে—প্রত্যেকটি দপ্তর আলাদা আলাদাভাবে তাদের কর্মপন্থা সম্বন্ধে চিন্তা করছিলেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করার পর তিনি নিজে সেই কাজে হাত দিয়েছেন। আমি দেখেছি, মাননীয় মুখ্যমন্ত্রী হস্তক্ষেপ করার ফলে জনসাধারণের মধ্যে আস্থা এসেছে, তাদের পুনর্বাসনের একটা এলাকা উন্নতি করার জন্য সমস্ত ডিপার্টমেন্টের সাথে আলোচনা করে তিনি নির্দেশ দিয়েছেন কাজ করতে। সেইজন্য আমি বলছি নাগরিকদের জীবন যদি উন্নতি করতে হয় তাহলে পৌরসভার ক্ষমতাকে একটা সুনির্দিষ্ট জায়গায় নিয়ে যেতে হবে। আর একটি ব্যাপার হচ্ছে বিশেষ করে গত ১০।১২ বছর ধরে কলকাতা এবং শিল্পাঞ্চলে যেটা দেখেছি সেটা হচ্ছে পার্শ্ববর্তী কতকগুলি রাজ্য আছে—সেখানকার গরিব মানুষদের বোঝানো হয়, তোমরা যদি বরাকর এবং কনটাই-এ পার হয়ে একবার যদি পশ্চিমবাংলায় ঢুকে যাও তাহলে তোমাদের খাওয়ার সংস্থান হবে এবং ফুটপাতে জায়গা পাবে। সেইজন্য আজকে দেখছি, দিনের পর দিন ফুটপাতে জনসংখ্যা বাড়ছে, পরিবার নিয়ে সেখানে বসবাস করছে। তারা পৌর এলাকায় থাকছে, কলকাতা মহানগরীতে থাকছে। আজকে যদি সেখানে হাত দিতে যাই অমনি লোকেরা বলবেন গরিব মানুষের উপর অত্যাচার করা হচ্ছে। সেইজন্য আজকে পৌরমন্ত্রীকে অনুরোধ করব রাস্তার ফুটপাত দখল করার যে প্রবণতা দেখা দিয়েছে তা থেকে মুক্ত হতে হলে অবিলম্বে ব্যবস্থা নিতে হবে। পানীয় জলের ক্ষেত্রে পৌরমন্ত্রীর বিশেষভাবে

(3-30—4-05 P.M.) (including adjournment)

দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে নগর উন্নয়নের ক্ষেত্রে শুধু কলকাতা এবং হাওড়াকে চিন্তা করলেই হবে না। মাননীয় পৌরমন্ত্রী জানেন ব্যারাকপুর এমন একটি মহকুমা যেখানে ১৭টির বেশি মিউনিসিপ্যালিটি আছে—২টি ক্যানটনমেন্ট বোর্ড নিয়ে। এই সাব-ডিভিসনের জনসংখ্যা হচ্ছে ৩৫ লক্ষ যেটা পশ্চিমবাংলার ১০টি জেলা থেকে বেশি, অথচ মহকুমার মধ্যে থাকার জন্য পৌরআইনে যে বিধি ব্যবস্থা আছে তাতে ক্যালকাটা কর্পোরেশন কিংবা হাওড়া পৌরসভা যে স্তরের সাহায্য পেয়ে থাকে ব্যারাকপুর মহকুমার পৌরসভাগুলি সেই স্তরের সাহায্য পায় না। সেজন্য পৌরমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ১৭টি মিউনিসিপ্যালিটির গোটা এলাকার পরিস্থিতি এক, সমস্যা এক, এই ১৭টি মিউনিসিপ্যালিটিকে নিয়ে তিনি একটা নতুন বোর্ড করে গোটা এলাকার উন্নতির জন্য যদি পৌর সভার প্রতিনিধিদের সাথে আলোচনা করে তার ব্যবস্থা করেন তাহলে আমি মনে করি ওখানকার সাধারণ মানুষরা অনেক উপকৃত হবে। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে পৌর কর্মচারী বিশেষ করে যারা ধাংগড়, মেথর, তাদের বাসস্থানের বন্দোবস্ত আমাদের করতে হবে। আজকে পৌর সভার ক্ষমতা নেই সেকথা মাননীয় মন্ত্রী মহাশয় নিজেও জানেন। বিভিন্ন পৌর সভায় আমরা বলি যে হরিজনদের জন্য প্রকৃত

উন্নয়নের কাজ আমরা করব, তাদের শিক্ষার ব্যবস্থা করব, মানুষ হিসাবে তারা যাতে বাঁচতে পারে তার ব্যবস্থা আমরা করব। আমি সেজন্য মাননীয় পৌর মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব কেন্দ্রীয় সরকারের সঙ্গে তিনি আলোচনা করুন, রাজ্য স্তরে আলোচনা করে দেখুন, গোটা পৌরসভার যারা অধঃস্তন কর্মচারী তাদের বাসস্থানের বন্দোবস্ত আমাদের করতে হবে। তারা আজকে যে অবস্থার মধ্যে বাস করে সভ্য জগতে কোন মানুষ এইভাবে বাস করতে পারে না। এজন্য পৌর কর্তৃপক্ষের কাছে যদি আমরা তাদের বাসস্থানের জন্য দাবি করি তাহলে তাদের সেই আর্থিক ক্ষমতা নেই। বাসস্থান তৈরি করতে গেলে যে টাকার প্রয়োজন পৌর সভার কোষাগার থেকে সেই টাকা দিতে তাদের বাসস্থান তৈরি করতে পারবে না। আমার শেষ কথা হচ্ছে পৌর মন্ত্রী মহাশয় জানেন বরানগর-কামারহাটি মিউনিসিপ্যালিটির ৫ লক্ষ লোকের পানীয় জলের বন্দোবস্তের জন্য ডাঃ বিধানচন্দ্র রায় একটা জয়েন্ট ওয়াটার ওয়ার্কস স্কীম নিয়েছিলেন। ভোলা সেন মহাশয় সি এম ডি এ দপ্তরের যখন মন্ত্রী হয়ে এলেন তখন তিনি সেই পরিকল্পনাকে বাতিল করে দিলেন। ইতিমধ্যে সেখানে ১৪ লক্ষ টাকা খরচ হয়ে গেছে, মাননীয় পৌর মন্ত্রী মহাশয় সেকথা জানেন, আর কিছু টাকা খরচ করলে এই ৫ লক্ষ মানুষের জন্য সুষ্ঠুভাবে পানীয় জল সরবরাহ করা সম্ভব। সেই কাজে যাতে পৌর মন্ত্রী মহাশয় হস্তক্ষেপ করেন তার জন্য অনুরোধ করছি। কেননা ইতিমধ্যে আমরা জানি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দুটো পৌরসভার পক্ষ থেকে আমরা বিধানসভার সদস্যরা এই ব্যাপারে তাঁর হস্তক্ষেপ চেয়েছি। আর সামান্য কিছু টাকা খরচ করলে এই ৫ লক্ষ মানুষের পানীয় জল সরবরাহ করা সম্ভব। সেই কারণে পৌর মন্ত্রী মহাশয় তাঁর সীমিত ক্ষমতার মাধ্যমে নগর উন্নয়নের ক্ষেত্রে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তা সমর্থন করছি। আমার শেষ কথা ফায়ার ব্রিগেড সম্বন্ধে। কিছু কিছু মফস্বল এলাকা আছে যেখানে নতুন বন্দর, বাজার, জন সমাবেশ গড়ে উঠেছে। যেমন বীরপুরের কথা বলা চলে। সেখানে ভয়াবহ অগ্নিকাণ্ডে কয়েক লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়ে গেছে। সেই বীরপুরে যাতে একটা ফায়ার ব্রিগেড স্টেশন হয় মাননীয় পৌর মন্ত্রীর কাছে সেই আবেদন রেখে তাঁর বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**(At this stage the House was adjourned till 4-05 P.M.)**

[4-05—4-15 P.M.] (after adjournment)

**শ্রী সমর কুমার রুদ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে স্থানীয় প্রশাসন এবং নগর উন্নয়ন মন্ত্রী মহাশয় দুটি খাতে যে দুটি বাজেট এনেছেন আমি তাকে সমর্থন করছি। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ইন্দিরা কংগ্রেস ক্ষমতায় থাকাকালীন তাঁরা এই কলকাতা কর্পোরেশন চালিয়েছেন এবং তার আগেও তাঁরা চালিয়েছিলেন। আমি তৎকালীন পৌরমন্ত্রীকে জিজ্ঞাসা করছি বাইরের যে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলো ছিল তাদের অফিসগুলো কোথায় এবং কোথা থেকে সেই সমস্ত পৌরসভাগুলি পরিচালিত হত? আমি জানি এই যে ১০০টি পৌর প্রতিষ্ঠান রয়েছে তার কোথাও তিনি যাননি। কিন্তু আমাদের বর্তমান পৌরমন্ত্রী সেই ১০০টি পৌর প্রতিষ্ঠানের জন্য ৩৬ কোটি টাকার বাজেট এনেছেন। ইন্দিরা কংগ্রেস দল যখন ক্ষমতায় ছিলেন তখন তাঁরা দুর্নীতির আশ্রয় নিয়েছেন, স্বজন পোষণ করেছেন এবং রাজনৈতিক ধান্দা এই সমস্ত চালিয়ে গেছেন। তাঁরা বহু জায়গায় পৌর সংস্থাগুলি সুপারসিড

করেছেন, বোর্ড অব কমিশন সাসপেন্ড করেছেন এবং নিজেদের হাতে সমস্ত ক্ষমতা রেখে চালিয়ে গেছেন। আমি মনে করি পৌর প্রতিষ্ঠানের ক্ষেত্রে নূতন শাসন ব্যবস্থা আনা দরকার, করধার্য করার জন্য নূতন নীতি করা দরকার, নূতন আইন করা দরকার, সরকারি নিয়ন্ত্রণ যাতে কম হয় এবং ক্ষমতা বিকেন্দ্রীকরণ হয় সেই ব্যবস্থা করা দরকার, আইনের সংশোধন করে কলকাতা কর্পোরেশন এবং অন্যান্য মিউনিসিপ্যালিটির হাতে যাতে বেশি করে ক্ষমতা যায় এবং তারা যাতে সেগুলি বেশি করে পরিচালনা করতে পারেন সেই ব্যবস্থা করা দরকার। কেন্দ্রীয় সরকার পৌর সংস্থাকে কোন কর দেয়না। সার্ভিস চার্জরূপী নামমাত্র তাদের কর দেবার কথা ১৯৫৪ সালের ১লা এপ্রিল থেকে। কিন্তু আজ পর্যন্ত সেই সার্ভিস চার্জ তারা দেয়নি। যারা এখানে ইন্দিরা কংগ্রেস দলের মাননীয় সদস্য আছেন তাঁদের বলি যে তাঁরা বলুন কেন সার্ভিস চার্জ দেওয়া হয়না যখন কলকাতা কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটির কাছ থেকে সার্ভিস রেন্ডার করতে হয়। আপনারা দেখে থাকবেন এমনকি যে সমস্ত বুর্জোয়া সংবাদপত্র আছে, যেসব সংবাদ পত্র বিশেষ করে বামফ্রন্ট সরকারকে সমালোচনাই করেন, খুবই আশ্চর্যের কথা যে আমাদের এখানে যে পৌরমন্ত্রী আছেন এই বিষয়ে তার সহায়তা করে তার সম্বন্ধে লিখেছেন যে এই নর্দমা, রাস্তাঘাট এগুলি তিনি খুব ভালভাবে করছেন, আমি এটা আনন্দবাজার পত্রিকা থেকে বলছি। আপনি জানেন যে এই বিষয়ে হাইকোর্টের মাননীয় বিচারপতি অমর ব্যানার্জিকে দিয়ে একটি এনকোয়ারী কমিশন করা হয়েছে যে অফিসারদের দুর্নীতি, স্বজন পোষণ এবং অন্যায় কার্যকলাপ বন্ধ করবার জন্য ব্যবস্থা করা হয়েছে, সি.এম.ডি.এ. অথরিটি তারা ক্যালকাটা মেট্রোপলিটন ডিস্ট্রিক্টে যে আছে সেটা হচ্ছে উত্তরে কল্যাণী এবং দক্ষিণে বারুইপুর এই যে ৫৪৪ স্কোয়ার মাইল এবং একদিকে ত্রিবেণী আরেকদিকে উলুবেড়িয়া এইসব জায়গায় বিভিন্ন স্কীম করা হয়েছে, ফিলটার ওয়াটার সাপ্লাই স্কীমকে বাড়িয়ে দেবার জন্য। হাওড়ায় যেখানে একটা ওয়াটার ওয়ার্কস করা হচ্ছে এবং গার্ডেনরীচ ওয়াটার ওয়ার্কস ওয়াটার সাপ্লাই এবং এখানে ফিলটার ওয়াটার যাতে বেশি করে দেওয়া যায়, যেমন পলতা থেকে সরবরাহ করা হচ্ছে তেমনি গার্ডেনরীচ থেকে দক্ষিণ দিকে যাতে দেওয়া যায় তার চেষ্টা করা হচ্ছে। অকল্যান্ড প্লেস যেখানে একটি রিজারভার করা হয়েছে এবং সুবোধ মল্লিক স্কোয়ারে আরও একটি রিজারভার করা হয়েছে। আমাদের দরকার ফিলটার ওয়াটার ১৪ কোটি গ্যালন। এছাড়াও বিভিন্ন টিউবওয়েল অনেক জায়গায় বসান হয়েছে। পলতায় যে মেন ওয়াটার পাইপ আছে সেটাকেও পরিবর্তন করা হচ্ছে এবং বহু জায়গায় মেন পাইপ পরিবর্তন করা হচ্ছে, তারপর স্যার, কলকাতা কর্পোরেশনে যে আমাদের শিক্ষা বিভাগ আছে সেখানে ২৬৬টা কর্পোরেশন স্কুল আছে, আর ডে অ্যান্ড নাইট স্কুল আছে ৯টি। সেখানে ক্লাস ওয়ান থেকে ফাইভ পর্যন্ত পড়ান হয়। তারপরে স্যার, কলেরা এবং স্মলপক্সে ডেথ রেট অনেক কমে গেছে, ইনএফেকটিভ হেপাটাইটিস-এর সংখ্যাও অনেক কমে গেছে। নর্দমা ছাড়ানো হচ্ছে এবং ইঁদারা ছাড়ানো হচ্ছে এবং খাটা পায়খানার জায়গায় স্যানিটারি পায়খানা করা হয়েছে বস্তিতে। ফুটপাত বহু জায়গায় সারানো হচ্ছে এবং ফেরীওলা এবং বে-আইনি লোক যারা ফুটপাত দখল করে বসে আছে তাদের সরানোর জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনিও নির্দেশ দিয়েছেন পুলিশ কর্তৃপক্ষকে যেখান থেকে লোক সরানোর কথা বলা হচ্ছে সেখান থেকে যদি লোক না সরে তাহলে তিনি সেখানকার ও.সিকে দায়ী করবেন। যেসমস্ত আমাদের গাড়ি আছে ময়লা সরিয়ে নেওয়ার জন্য

তার সংখ্যা হচ্ছে ৫২০টি। এখানে আরও ৮০টি নতুন গাড়ি নেওয়া হয়েছে এবং আরও ৫০টি নতুন গাড়ি নেওয়া হচ্ছে। কলকাতা কর্পোরেশনের আইন পরিবর্তন করবার জন্য যে বিল এই সেশানে আনা হচ্ছে তাতে একজন মেয়র একজন ডেপুটি মেয়র এবং একজন চেয়ারম্যান অফ দি মিটিং থাকবেন। মেয়র ইন কাউন্সিল তৈরি হবে এবং এই মেয়র ইন কাউন্সিলে এক-একজন সদস্য থাকবেন। সিলেক্ট কমিটিতে যে বিল গেছে তাই থেকে আমরা এগুলি জানতে পারছি। সেগুলো করে নেওয়া হচ্ছে। বস্তি ইমপ্রুভমেন্ট যেগুলো সরানো হচ্ছে বহু জায়গায় বিশেষ করে আমার এলাকায় ৩৮ নম্বর ওয়ার্ডে ড্রেন হচ্ছে বাদুড়বাগান ষ্ট্রীট, পঞ্চানন ঘোষ লেন, ১১৩ কেশব চন্দ্র সেন স্ট্রিট, রাজনারায়ণ স্ট্রিট, রাজা দীনেন্দ্র স্ট্রিট ইত্যাদি জায়গায়। এইসব জায়গা পরিষ্কার করা হচ্ছে। পটোয়ার বাগান লেনে যে বস্তি আছে সেখানে সি, এম, ডি, এ থেকে সরানো হচ্ছে। ৩৯ নম্বর ওয়ার্ডে সেখানে একটা ওয়াটার মেন আছে ১৮"। সেখান থেকে জল সরবরাহ করা হয়না। বহুকাল থেকে আছে, ১৯৫৬ সাল থেকে আছে। সেখানে নূতন করে অন্য পাইপ দিয়ে ২ লক্ষ ৬০ হাজার টাকা দিয়ে যাতে করে জল সরবরাহ বাড়ে তার ব্যবস্থা করা হচ্ছে। বিশেষ করে এখানে একটা কথা বলবার আছে যে সেখানে জল সরবরাহ বেড়ে যাবে। শিয়ালদহে যে ফ্লাই ওভার এটি সারা বিশ্বের মধ্যে সর্ববৃহৎ ফ্লাই ওভার। এত বড় ফ্লাই ওভার আর কোথাও হয়নি। এর লেন্থ হচ্ছে ২ হাজার ফিট। এইটা হায়াৎ খাঁ লেন থেকে প্রাচী সিনেমা পর্যন্ত হচ্ছে। এর কাজ শেষ হবে ১৯৮১ সালের ডিসেম্বর মাসে। শিয়ালদহ স্টেশনে দিনে প্রায় ৮ লক্ষ প্যাসেঞ্জার যাতায়াত করেন এবং প্রত্যেক ঘন্টায় ৭৫ হাজার প্যাসেঞ্জার যাতায়াত করেন এবং তাদের অসুবিধা হচ্ছে বলে এইটা হচ্ছে, এই ফ্লাই ওভার হচ্ছে। এই ফ্লাই ওভার থেকে তিনটে সাইড ওয়ে হচ্ছে। একটা মহাত্মা গান্ধী রোড অর্থাৎ হ্যারিসন রোড থেকে যাবে, আর একটা যাবে বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রিটের দিকে, আর একটা বেলেঘাটা মেন রোড থেকে। এই তিনটি হচ্ছে। ৬০ ফিট চওড়া এই ফ্লাইওভার। এখান থেকে ট্রাম বাস ইত্যাদি যাতায়াত করবে এবং ফ্লাই ওভারের নিচে দিয়ে যাতে যাত্রীরা যাতায়াত করতে পারেন, তার ব্যবস্থা হবে। সেখানে স্টল যদি করা যায় তাহলে সেখান থেকে যাদের সরানো হয়েছে, তাদের অগ্রাধিকার দেওয়া হবে। ফ্লাই ওভারের নিচে রাস্তা হচ্ছে স্লো মুভিং ভিহিকেলের জন্য এবং বেলেঘাটা মেন রোডের নিচে ফ্লাই ওভার হবে দু-দিকে। একটা কোর্ট কমপ্লেক্স তৈরি করা হচ্ছে। এখানে ১৪ তলা বাড়ি হবে। এই কোর্ট কমপ্লেক্সে কোর্ট থাকবে, বাজার থাকবে, স্টল থাকবে। এরজন্য ৬ কোটি ৩১ লক্ষ টাকা খরচ করা হবে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে এই পর্যন্ত কোন সাহায্য পাওয়া যায়নি। এখানে এই ব্যাপারে আমাদের মাননীয় পৌরমন্ত্রী নিজে এই ব্যবস্থা গ্রহণ করে কাজ চালিয়ে যাচ্ছেন। সাব-রেল তাও তিনি করছেন। তিনি করছেন দমদম থেকে বেলগাছিয়া, আর টালিগঞ্জ থেকে চৌরঙ্গী। এই দুটো দিকের সাব রেলের ব্যবস্থা হয়েছে। ১৯৮২ সালের মধ্যে দমদম থেকে বেলগাছিয়া হয়ে যাবে বলে মনে হচ্ছে। আর ১৯৮৪ সালের মধ্যে এই দিকটা হয়ে যাবে। এইদিকে যেটা করেছেন বর্তমান পৌরমন্ত্রীই করেছেন। এতদিন কংগ্রেস (আই) দল ক্ষমতায় ছিল। তারা তো কিছুই করেননি এবং যারা বস্তির মধ্যে থাকেন তাদের মধ্যে আগে কোন উপকার হয়নি। সেখানে ড্রেন বন্ধ ছিল, আলো, পায়খানা চলত না। কেন কিছু হয়নি? এইসব জায়গা নূতন করে বস্তি ইম্পপ্রুভমেন্ট করেছেন দিকে দিকে। সেই কাজ এগিয়ে গিয়েছে এবং সেটা সম্পূর্ণ হয়ে যাবে। শুধু বস্তির মধ্যে নয়, রাস্তার জঞ্জাল সাফ

*করা, রাস্তাঘাট পরিষ্কার করা, আলোর ব্যবস্থা করা, জল সরবরাহের ব্যবস্থা করা, রাস্তাঘাট মেরামত করা এবং অন্যান্য বহু ব্যাপারে কলকাতার নাগরিকেরা যেসব কর্মকান্ড এত কম দিনের মধ্যে দেখেছেন সেটা আমাদের আগে যারা ক্ষমতায় ছিলেন তাদের সময়ে দেখেন নি।* তারা কিছুই করেননি। এইজন্য এই দুটো খাতে বাজেট যেটা উত্থাপিত হয়েছে তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি।

[4-15—4-25 P.M.]

**শ্রী নির্মলকুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়েছি একটা বিষয়ে উল্লেখ করার জন্য। আমি আপনার কাছে লিখিত নোটিশ দিয়েছি এই বিধানসভার অধিকারভঙ্গ এবং সভার অবমাননার বিষয়ে। এই সম্পর্কে আমি একটা প্রস্তাব পেশ করেছি। যুগান্তর পত্রিকা এই বিধানসভার অধিকারভঙ্গ করেছে এবং সভার অবমাননা করেছে। এই নির্দিষ্ট অভিযোগ আমি আপনার কাছে পেশ করেছি। গত শনিবার দিন ইন্ডিয়ান College of Arts and Draftsmanship (Taking over of Management) (Amendment) Bill, যা সভায় আলোচনা হয়েছে তার বিবরণ গত পরশু রবিবার ১৬.৩.৮০ তারিখে যুগান্তরে যা ছাপা হয়েছে সেটা কেবলমাত্র ভুল নয়, সম্পূর্ণ বিপরীত। মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকারের বক্তৃতা হিসাবে যা ছাপা হয়েছে তা হচ্ছে, দেবপ্রসাদ সরকার আরও কড়া ভাষায় বলেছেন সরকারি অর্থ তছরূপ হচ্ছে। দেবপ্রসাদবাবুর বক্তৃতার কপি আমি সংগ্রহ করেছি, এখানে রয়েছে। তিনি একথা একেবারেই বলেন নি, ভাল করেই জানি। সংবাদপত্রের স্বাধীনতা আছে রিপোর্ট করার তাদের মত করে, কিন্তু যা বলা একেবারেই হয়নি, তা ছাপবার অধিকার তাদের নেই। আমরা এখানে বলব রাম, আর তারা ছাপবেন শ্যাম, তাতো হয়না এবং এতে প্রতিষ্ঠানের অবমাননা করা হয়েছে। এই বিধানসভার অনেক রুলিং আছে, আপনি জানেন, কমন্স সভার আছে। তাই বিষয়টা আপনি অধিকার রক্ষা কমিটিতে প্রেরণ করুন। এই আপনার কাছে আমার অনুরোধ।

**শ্রী প্রশান্তকুমার শূর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আশা করেছিলাম যে বিরোধী দল থেকে কিছু সমালোচনা পেয়ে যাব যাতে সেই ত্রুটি বিচ্যুতি শুনে আগামী দিনের কাজ করা যায়। কিন্তু আমি খুব দুঃখিত, বিরোধী দলের কেউই বলেননি, কিন্তু একজনও আমার বাজেটের উপর বক্তৃতা রাখেননি। বিনয়বাবু কিছু বললেন কিন্তু কি দৃষ্টিভঙ্গিতে আমাদের শহর উন্নয়নের ব্যাপার হওয়া উচিত বা আমাদের কি করণীয়, তার কোন উল্লেখ তিনি করলেন না। তিনি কলকাতা কর্পোরেশন সম্পর্কে কয়েকটি তথ্য হাজির করলেন কিন্তু ভুলে গেছেন পৌর প্রতিষ্ঠান যখন কংগ্রেস পরিচালনা করতেন, এবং তাঁরা কংগ্রেসে ছিলেন, সেই সময় পৌর প্রতিষ্ঠানের কি দুরবস্থা তাঁরা করে তুলেছিলেন। সেই দুরবস্থার কথা ভুলে গিয়ে কয়েকটি কথা বললেন এবং বললেন কর্পোরেশন বাজেটে ঘাটতির কথা। আপনার মনে আছে ১৯৭২ সালের ২০ শে মার্চ সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভা গঠিত হয়, তারপর দুদিনের মধ্যে ২২শে মার্চ তারিখে তাঁরা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট ১৯৫১ এর একটা ধারা সংশোধন করেন এবং তারজন্য কলিকাতা কর্পোরেশনকে কোন শো-কজ করেননি, না করেই রাতারাতি ২২শে মার্চ তারিখে সুপারসিড করেন এবং নির্বাচিত মেয়রকে আসন থেকে সরিয়ে আমলাকে বসান। অভিযোগ কি ছিল? কর্পোরেশনের আর্থিক সঙ্গতি রাখতে পারছেন না, তাদের সমস্ত

কাজকর্মে অবনতি ঘটেছে, সুতরাং পৌরপ্রতিষ্ঠানকে বাতিল করে দেব। আমি একটা হিসাব *আপনার কাছে দিচ্ছি। আমি যখন ১৯৭০-৭১ সাল পর্যন্ত ছিলাম, আমার যতদূর ধারণা, ২/৩ কোটি ঘাটতি ছিল, কিন্তু তাঁদের হাতে নেবার পরে ঘাটতির বহর কিভাবে বেড়েছে* আমি দেখাচ্ছি। ১৯৭২ সালে নেবার সাথে সাথে ৩ কোটি থেকে ঘাটতি হল ৭ কোটি ৮৭ লক্ষ টাকা, ১৯৭৩-৭৪ সালে সেটা বেড়ে হল ৮ কোটি ৮২ লক্ষ টাকা, ১৯৭৪-৭৫ সালে লাফ দিয়ে হল ১১ কোটি টাকা, ১৯৭৫-৭৬ সালে ১২ কোটি ৬৫ লক্ষ টাকা, ১৯৭৬-৭৭ সালে ১২ কোটি ৮২ লক্ষ টাকা, আবার ১৯৭৭-এর মধ্যে হল ১৪ কোটি ৯২ লক্ষ টাকা। এ থেকে আপনি বুঝতে পারছেন ৪ কোটি থেকে ১৪ কোটিতে আসল। আমরা যে সময়ে পৌর প্রতিষ্ঠান পরিচালনা করলাম, যে প্রতিষ্ঠানের সেই সময়কার অকর্মণ্যতার দরুন, অপদার্থতার দরুন আপনারা পৌর প্রতিষ্ঠানকে বাতিল করলেন, কংগ্রেস (আই) দলের শাসনের সময়, তাঁরা যখন রুল করলেন তখন সেই ঘাটতি গিয়ে দাঁড়াল ১০ কোটি পর্যন্ত।

[4-25—4-35 P.M.]

একথাটাতো জনতা দলের বিনয়বাবু বলতে পারতেন যে কেন এটা হল। এটা সিদ্ধার্থশঙ্কর রায়ের যে সরকার সেই সরকারের অপদার্থতা, অকর্মণ্যতার জন্য এটা হয়েছে এবং এই করে তারা পৌরপ্রতিষ্ঠানকে জঞ্জালে ভর্তি করেছেন।

**শ্রী মহম্মদ সোহরাব** : এখন কি সেই জঞ্জাল সাফাই হচ্ছে?

**শ্রী প্রশান্তকুমার শূর** : হ্যাঁ, হচ্ছে। you go all and then come to this House. তাঁরা বলেছেন জঞ্জালের কথা। আমি একথা বলি যে এই সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভায় সুব্রত মুখার্জি নামে একজন মন্ত্রী ছিলেন, তিনি যখন কলকাতা শহরকে পরিষ্কার করতে পারলেন না, জঞ্জাল সাফাই করতে পারলেন না তখন তিনি কর্পোরেশনের একজন অধস্তন কর্মচারী লাইটিং-ইনসপেকটার-শান্তিসেন, তাঁর কাছে সারেনডার করলেন। তিনি সেখানে ৪০০/৫০০ টাকা মাহিনা পেতেন, তাঁকে সেখানকার চাকরি থেকে ছাড়িয়ে পশ্চিমবঙ্গ সরকারের একটি চাকরি দেওয়া হল এবং সেই চাকরি দিয়ে তাঁকে কর্পোরেশন পাঠানো হল স্পেশ্যাল ডি.সি (কনজারভেন্সী) বলে এবং তাঁর মাহিনা হল দু-হাজার টাকার উপর। এগুলি আপনাদের জানা দরকার। আরও বলি, এই স্পেশ্যাল ডি.সি (কনজারভেন্সী) এক বছরের জন্য ক্যাবিনেট তাঁর পোস্ট স্যাংশান করেছিলেন কিন্তু ইতিমধ্যে সুব্রত মুখার্জি ও সিদ্ধার্থশঙ্কর রায়ের এবং কংগ্রেসের কোন্দলের জন্য এক বছর পরে যখন তাঁকে আরও এক্সটেনশন দেওয়া দরকার, তারজন্য পোস্ট ক্রিয়েট করা দরকার তখন সেটা ক্যাবিনেটে যেতে পারল না। সুব্রত মুখার্জি তখন সিদ্ধার্থশঙ্কর রায়ের কাছে যেতে পারলেন না, তিনি গোপাল দাস নাগের কাছে গেলেন এবং তাঁকে দিয়ে একটা সই করিয়ে নিলেন। আপনারা জানেন, আমাদের যে পদ্ধতি আছে তাতে চিফ মিনিস্টার যদি সই না করেন তাহলে ক্যাবিনেটে সেটা মেনশন করা যায়না এবং তারফলে সেটা ক্যাবিনেটে মেনশন করা হলনা, পোস্ট ক্রিয়েটেড হলনা। অথচ আরও তিন বছর তাঁকে অন্যায় ভাবে চাকরি দেওয়া হল without any sanction of the cabinet and even without any recommendation or approval of the Chief Minister. এইভাবে অন্যায় কাজ তাঁরা করেছেন। আমি যখন এই দপ্তরের ভার নিই তখন আমি

আমার ডিপার্টমেন্টের সেক্রেটারির কাছে এক্সপ্লানেশন কল করেছিলাম যে How he can give an appointment without creation of the post by the cabinet and even without the approval of the Chief Minister~ He has no authority. তারপর এই শান্তি সেনের চাকরি ২৫শে মে পর্যন্ত ছিল কিন্তু তিনি একটা দরখাস্ত করেন ছুটির—প্রিপারেটরি টু রিটায়ারমেন্ট—৪ মাস আগে ছুটির দরখাস্ত করেন। আমরা চেষ্টা করেছিলাম—ভেবেছিলাম, দেখা যাক তিনিতো কাজ করছেন, কাজ করুন, এই অ্যাপয়েন্টমেন্ট বে-আইনি হলেও এতদিন আমরা তাঁকে ডিসটার্ব করিনি কিন্তু দেখলাম তিনি ছুটির দরখাস্ত করে আমাকে প্রেসার দিতে চাইলেন। একদিকে জঞ্জাল জমিয়ে দিয়ে এবং অন্য দিকে ছুটির দরখাস্ত করে তিনি আমাদের ব্ল্যাকমেল করার চেষ্টা করলেন এই বলে যে আমার চাকরির মেয়াদ আরও বাড়িয়ে দাও তা না হলে কলকাতা জঞ্জাল মুক্ত হবেনা। আমি বলছি, কোন দরকার নেই আপনার মতন অফিসারের, আপনি চলে যান, ছুটিতে চলে যান। আমি ছেড়ে দিয়েছি তাঁকে। এই ধরনের দুর্নীতি আমরা কখনও বরদাস্ত করিনা, করবনা। যে ৪০০/৫০০ টাকা মাহিনা পেত সেই লোককে এইরকম অন্যায় ভাবে এনে ২ হাজার ২৫০০ টাকা মাহিনা দিয়ে অন্যান্য অফিসারদের মাথার উপর যেভাবে চাপিয়ে দেওয়া হল এই অন্যায় সাধারণ মানুষ কখনও বরদাস্ত করবে না। তারপর এখানে খাটাল অপসারণের ব্যাপারে অনেকে অনেক কথা বলা হল। আমি আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে—আমি এ ব্যাপারে চালেঞ্জ করেও বলছি—এই খাটাল অপসারণের জন্য আজ পর্যন্ত আমরা যতগুলি চেষ্টা করেছি তার সবগুলি বানচাল করেছেন হয় শঙ্করদাস ব্যানার্জি, না হয় অশোককুমার সেন। আমি এ ব্যাপারে তথ্যও দিয়ে দিতে পারি। সেখানে যতগুলি নোটিশ আমরা দিয়েছি, সমস্ত ক্যাটেলগুলি ধরে নিতে চেয়েছি সেই অবস্থা বুঝে শঙ্করদাস ব্যানার্জি এবং অশোককুমার সেন মহাশয়, তাঁরা অ্যানটিসিপেটারী অর্ডার নিয়েছেন এবং নিয়ে আমাদের খাটাল অপসারণের সমস্ত পরিকল্পনা বানচাল করে দিয়েছেন।

আপনারা তাকে এম.পি. করেছেন আপনারা শুনুন কি ব্যাপার তিনি করেছেন। এদিকে কলকাতার জঞ্জাল মুক্ত করার জন্য আপনাদের কংগ্রেস আই থেকে রাজ্যসভায় বলছেন আর এদিকে কলকাতা যাতে জঞ্জাল স্তুপীকৃত থাকে তার চেষ্টা আপনারা করছেন। আপনারা খাটাল বন্ধ করে দেবার যে আমাদের পরিকল্পনা সেই পরিকল্পনাকে বানচাল করে দেবার চেষ্টা করছেন। What is the moral, what is the stand ? আপনারা আবার এখানে চিৎকার করেন। লজ্জা করে না আপনাদের। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনাকে বলছি আপনি শুনুন ধাপার কথা। সেখানে জমি কর্পোরেশন থেকে লিজ দেওয়া হয়েছিল শ্রী এস. সেন নামে ব্যক্তিকে যিনি হাইকোর্টের অরিজিনাল সাইডের রেজিস্ট্রার ছিলেন বহু আগে। ৩০ বছরের লিজ দেওয়া হয়েছিল এবং ৩০ বছর পর পর সেই লিজ রিনিউ হয়ে আসছিল। আমরা যখন কলকাতা কর্পোরেশনে অপোজিশনে ছিলাম আমরা বার বার বলেছিলাম রিনিউয়্যাল করবেন না। কর্পোরেশন রিনিউয়্যাল না করলেও করতে পারে It is option to the Corporation কিন্তু পৌর প্রতিষ্ঠান তাদের হাতে ছিল এবং ওদের সাথে যোগাযোগ ছিল কিছু বোধ হয় ভাগবাটোয়ারাও ছিল ওঁরা ৩০ বছর পর পর রিনিউ করে গিয়েছে। আর আমরা যখন আসি আমি যখন মেয়র হই তখন আমি কর্পোরেশনে প্রস্তাব এনেছিলাম আর আমরা এটা রিনিউ করব না আর লিজ দেবনা। এবং সেই প্রস্তাব আমরা পাশ করেছিলাম এবং পরদিন গিয়ে আমরা দখলও নিয়েছিলাম। দখল নেবার পর তিনি হাইকোর্টে গিয়ে

*ইনজাংশন দিয়েছিলেন এবং সেই ইনজাংশনেও আমরা জিতেছিলাম। কিন্তু জেতবার পর* সুপ্রীম কোর্টে আপীল করে এখন সেটা পেনডিং আছে। বিনয়বাবু বললেন কিন্তু বিনয়বাবু জানেন কিভাবে ধাপায় ১০ কোটি টাকার জমি উদ্ধার করা হয়েছিল। ইউনাইটেড ফ্রন্টের টাইমে আমি প্রতিনিধি ছিলাম আমি এটা করেছি আমি দখল নিয়েছি। সেখানে জঞ্জাল ফেলার চেষ্টা করেছিলাম। সেখানে আবার ইনজাংশন দিল। তারপর কোর্টের পারমিশন নিয়ে সেখানে জঞ্জাল ফেলা হয়। আপনারা দেখুন কিভাবে প্রতিষ্ঠানের সম্পত্তিকে বরবাদ করবার জন্য দুর্নীতির রথচক্র ওরা চালাচ্ছে। আপনারা ক্যাজুয়েলের কথা বলছেন। ২৫ কোটি টাকার বিল আপনারা করেননি কেন আমরা তো পৌর প্রতিষ্ঠানে গিয়ে দেখলাম। আপনারা কেন বিল করলেন না। পৌর প্রতিষ্ঠানের যেখানে এইরকম আর্থিক সঙ্কট সেখানে ২৫ কোটি টাকার বিলই করলেন না। তখন আমাদের এই ধরনের সিদ্ধান্ত নিতে হয়েছে এবং ১৯৭৭-৭৮ সালে ক্যাজুয়েল লোক নিয়ে সল্টলেকে আলাদা অফিস করে আমরা ২৫ কোটি টাকার বিল তৈরির কাজ চালাচ্ছি। পৌর প্রতিষ্ঠানের এত অর্থ সঙ্কট সুতরাং টাকা আদায় করার জন্য নূতন বিল করার জন্য ক্যাজুয়েল শ্রমিক নিয়েছি।

[4-35—4-45 P.M.]

(এ ভয়েস ঃ তাতেতো এর চেয়ে অনেক বেশি টাকা লেগে যাচ্ছে)

আপনি তো জানেন না কর্পোরেশনের ব্যাপার জানেন না। লক্ষ লক্ষ টাকা ওভারটাইম দিতে হচ্ছে তাতেও কাজ হচ্ছেনা। আপনারা ঘোস্ট লেবারের কথা বলেছেন। ঘোস্ট লেবার আছে কি নেই সেটা আমি বলতে পারিনা। তবে এই কথা আমি বলতে পারি যে জঞ্জাল সাফাই করার জন্য যে লরির মজুর আছে সেটা ১৪৫০। আমাদের প্রতি গাড়িতে ৮ জন করে মজুর লাগে এবং ছুটি ইত্যাদি নিয়ে আমাদের ১২৫ খানা লরি চলে। অর্থাৎ হাজারের মত লোক লাগে। আর কিছু হয়ত ছুটিতে থাকে। কিন্তু আমরা যদি অতিরিক্ত কাজ করাই, আমাদের যদি সাফাইয়ের কাজ করাতে হয় তাহলে আমাদের কনট্রাক্টরদের কাছ থেকে লেবার নিতে হয় যাদের ঠিকা মজুর বলে। আমরা সমস্ত মজুরের উপস্থিতি পাইনা। এতদিন ধরে যে অবস্থায় চলেছে সেটা আজও চলছে। কিন্তু আমরা এটা বন্ধ করব এইকথা বলতে পারি। বিনয়বাবু পলিউশনের কথা বলেছেন। আমি স্বীকার করি যে আজকে ওয়াটার পলিউশন, এয়ার পলিউশন, সাউন্ড পলিউশন ইত্যাদি অনেক পলিউশন আছে। আমি এইকথা বলতে পারি যে এবারে আমরা যে মিউনিসিপ্যাল অ্যাক্ট আনছি, এতে কিছু কিছু প্রভিসন করছি, যেসব ইন্ডাস্ট্রিজ এই ধরনের জল দুষিত করে তাদের আমরা বাধ্য করাবো যে তোমরা কিছুতেই আমাদের নালা-নর্দমায় দুষিত জল ঢালতে পারবেনা। তোমাদের পরিশোধন করে ছাড়তে হবে। এই ব্যবস্থা আমাদের যে মিউনিসিপ্যাল বিল আনছি তাতে আছে। বিনয়বাবু বললেন যে ৩ শত কোটি টাকার সম্পত্তি নয়, সেখানে ৩ শত কোটি টাকা খরচ করছেন কেন? তার মানে কী? কলকাতার কোন উন্নয়ন দরকার নেই, কলকাতার উন্নয়নের জন্য টাকা ব্যয় করব না, কলকাতা ডুবে যাক? এসব কি বলছেন? একদিকে বলছেন ভারতবর্ষের মধ্যে প্রাচীনতম নগরী এবং বলছেন যে এটা সর্ববৃহৎ নগরী। আবার সঙ্গে সঙ্গে বলেছেন, কলকাতার জন্য ৩ শত কোটি টাকা কেন খরচ করছেন কারণ তার মূল্যায়ন ৩ শত কোটি টাকা নয়। আমি জিজ্ঞাসা করছি, তাহলে কলকাতা ডুবে যাবে, ধ্বংস হয়ে যাবে? আমরা

*মনে করি যে তা ঠিক নয়। কলকাতা উন্নয়নের জন্য ব্যয় করা দরকার এবং ভ্যালুয়েশনের কথা বললেন। আমরা সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বসিয়েছি। সেই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড* এই জন্য বসিয়েছি, আমরা মনে করি কলকাতার বাড়ি ঘরের যে মূল্যায়ন সেটা সঠিক মূল্যায়ন নয়, আন্ডার অ্যাসেসমেন্ট আছে। এটা সঠিক মূল্যায়ন হওয়া দরকার যাতে কর্পোরেশনের আয় বাড়তে পারে। এখানে সাজ্জাত হোসেন নেই, তিনি বলেছেন যে বালুরঘাট, রায়গঞ্জ, এদের জন্য আমি মাত্র ডেভেলপমেন্ট গ্রান্ট ৩৫ হাজার টাকা দিয়েছি। কিন্তু উনি যদি দেখেন তাহলে দেখবেন যে বালুরঘাটের জন্য আমরা ২।। বছরে ১১ লক্ষ ৯৯৩ টাকা দিয়েছি এবং রায়গঞ্জের জন্য দিয়েছি ৮ লক্ষ ৬২ হাজার ৮২৩ টাকা। তিনি ১৯৭৭-৭৮ এর ডেভেলপমেন্ট গ্রান্ট ৩৫ হাজার টাকা দেখে ভুল করছেন। তবে একটা কথা যেটা আমার বক্তৃতার মধ্যেও আছে যে ইসলামপুরে আমরা একটা মিউনিসিপ্যালিটি করতে যাচ্ছি। এই ব্যাপারে অনেকদুর এগিয়ে গেছি এবং অল্প কিছুদিনের মধ্যে করতে পারব। আমরা এটা মনে করি যে সদর মহকুমা যে কয়টা আছে সেই মহকুমার মধ্যে এই মিউনিসিপ্যালিটি হওয়া দরকার এবং ইসলামপুর তার মধ্যে অন্যতম। সুতরাং ইসলামপুরে মিউনিসিপ্যালিটি করব। যেমন উলুবেড়িয়াতে করব সেই পরিকল্পনাও আমাদের আছে। আর ইতিমধ্যে যাদবপুরে একটা মিউনিসিপ্যালিটি করতে যাচ্ছি। এর প্রায় সবই শেষ হয়েছে, অল্প কয়েকদিনের মধ্যে তার নোটিফিকেশন করব এবং সেখানে যেহেতু মিউনিসিপ্যালিটি করতে যাচ্ছি, ইতিমধ্যে প্রায় ১০ লক্ষ টাকা বরাদ্দ করেছি, সেই টাকা সেখানে ব্যয় হচ্ছে। সুতরাং বিভিন্ন নতুন নতুন আর্বান এলাকায় যে সমস্ত গ্রোথ সেন্টার সেসমস্ত গুলিও আমাদের চিন্তাধারার মধ্যে আছে। আরও অনেক বেশি এলাকাকে পৌর অঞ্চলের অন্তর্ভুক্ত করা উচিত এবং অর্থ সাহায্য করে তাদের উন্নয়ন করা উচিত। আমরা ক্রমশ সেই দিকেই অগ্রসর হচ্ছি।

মাননীয় সদস্য নির্মল বোস কতগুলি যুক্তিপূর্ণ কথা বলেছেন। আজকে বৃহত্তর কলকাতার সমস্যা থেকে কলকাতার সমস্যাকে আলাদা করে দেখা যায়না। বিশেষ করে স্যুয়ারেজ, ড্রেনেজ সমস্যার প্রতি আমাদের দৃষ্টি দিতে হবে। বরাহনগর, কামারহাটি, দমদম প্রভৃতি এলাকার স্যুয়ারেজ সিসটেম বা ড্রেনেজ সিসটেম-এর কথা আমাদের চিন্তা করতে হয়। কৃষ্ণপুর ক্যানেল হবে কিনা, বাগজলা-খাল পরিষ্কার করতে হবে কিনা, একথাগুলি আমাদের যথাযথভাবে চিন্তা করতে হয়। সুতরাং বৃহত্তর কলকাতার কনসেপ্ট নিয়ে আলোচনা করে সমস্ত বৃহত্তর কলকাতাকে নিয়ে এটা একটা পৌর প্রতিষ্ঠান হলে অনেক বিষয়েই সুবিধা হবে। তবে এটা আলাপ-অলোচনা সাপেক্ষে আমি মনে করি হতে পারে। সবাই মিলে আলোচনা করে সেটা করা যেতে পারে।

তারপর কলকাতার জন্য যে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড হয়েছে এবং সে সম্বন্ধে কিছু বলা হয়েছে। এটা এখন পর্যন্ত শুধু কলকাতার জন্য হয়েছে, একই সঙ্গে অন্য জায়গার জন্যও হতে পারে সেই প্রভিসন আমাদের আছে। আমার বাজেট বক্তৃতায় শুধু কলকাতার কথা বলা হয়েছে, তবে সাইমালটেনিয়াসলি অন্য জায়গার জন্য করবার কোনও অসুবিধা নেই।

আর একটা কথা বলেছেন ভারতবর্ষের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যেমন ফিনান্স কমিশন আছে, সেইরকম একটা মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন করার কথা। যারা ৫/৬ বছর অন্তর

কাজ করবে। এবং এবিষয়ে একটা পারমানেন্ট বডি করতে তিনি বলেছেন। আমি তাঁকে *বলব যে, আমরাই ফার্স্ট টাইম মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন করেছি এবং তাদের কাছে* জানতে চাইছি যে, মিউনিসিপ্যালিটিগুলির এই ঘাটতি কি করে রোখা যায়, কিভাবে পূরণ করা যায়। তাঁরা তাঁদের সাজেশন দেবেন এবং আমরা স্টেট গভর্নমেন্টে সেগুলি আলোচনা করব। তবে পার্মানেন্ট বডি থাকবে কি থাকবে না, সেটা নিয়ে ভবিষ্যতে আলোচনা করা যেতে পারে।

তারপর মতীশবাবু যে কথা বললেন তাতে আমার মনে হল তিনি সঠিক কথাই বললেন। ইরিগেশন, পি.ডাব্লু.ডি. ইত্যাদি বিভাগের সঙ্গে এক সঙ্গে বসে যদি পরিকল্পনা গুলিকে কার্যকর করার ব্যবস্থা করা হয় তাহলে আমারও মনে হয় পরিকল্পনাগুলি বাস্তবায়িত হতে পারে।

[4-45—4-55 P.M.]

হকার্সদের সম্বন্ধে যে কথা উঠেছে, সে সম্বন্ধে আমি এখানে একটু বলতে চাই। পূর্ব ভারতের যে অর্থনৈতিক অবস্থা, তাতে কলকাতা হচ্ছে তার সব চেয়ে বড় বানিজ্য কেন্দ্র, এখানে পোর্ট, ডক্ রয়েছে। স্বাভাবিকভাবেই পূর্ব ভারতের বিভিন্ন জায়গা থেকে মানুষ এখানে আসে এবং বসবাস করে। আজকে আসামে প্রাদেশিকতার জিগির উঠেছে। আমরা পরিষ্কার করে বলে দিতে চাই যে, আমরা প্রাদেশিকতার জিগির পশ্চিমবঙ্গে তুলতে দিতে পারিনা। কারণ আমরা ভারতবাসী। আজকে আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে সুব্রত মুখার্জির নেতৃত্বে শিলিগুড়িতে অবরোধ করার চেষ্টা করা হচ্ছে। কেন্দ্রে ইন্দিরা গান্ধী বসে আছেন, তথাপি আজকে এইভাবে তাঁর দলের পক্ষ থেকে প্রাদেশিকতার চক্রান্ত চলছে। তিনি একে রোধ করতে পারছেন না। পশ্চিমবাংলায় কোনও প্রাদেশিকতা নেই, এখানে আজকে প্রাদেশিকতার জিগির তোলার চক্রান্ত চলেছে, জাতীয় ঐক্যকে ধ্বংস করবার চেষ্টা চলেছে, ন্যাশানাল ইনটিগ্রিটি বিরোধী কাজ করতে চাইছে ইন্দিরা কংগ্রেস। গণতান্ত্রিক মানুষের ঐক্যকে ধ্বংস করে সাম্প্রদায়িকতা এবং প্রাদেশিকতার জিগির তোলার চেষ্টা করা হচ্ছে। আজকে আমাদের দৃঢ়ভাবে এর বিরুদ্ধে আন্দোলন করা উচিত। মতীশবাবু একটি কথা বলেছেন। বরানগর কামারহাটি মিউনিসিপ্যালিটির যে ওয়াটার সাপ্লাই পরিকল্পনা সেটার স্টাডি কমপ্লিট হয়ে এসেছে। আমরা এল.আই.সি থেকে টাকা নিয়ে এই পরিকল্পনা কার্যকর করব কারণ ওয়ার্ল্ড ব্যাঙ্কের যে প্রোজেক্ট আছে তারমধ্যে টাকা ধরা নেই। আমরা ভাবছি, আসানসোল শিলিগুড়ি, বরানগর কামারহাটির যে ওয়াটার সাপ্লাই প্রোজেক্ট সেটা এল.আই.সির কাছ থেকে টাকা নিয়ে কাজ করতে চাই। এছাড়া হরিজনদের কোয়াটারের কথা বলেছেন। আমরা ১৯৭৭ সালের বাজেটে ৫০ লক্ষ টাকা রেখেছিলাম। প্রত্যেক মিউনিসিপ্যালিটিকে ৫০ লক্ষ টাকা দিয়ে এই হরিজনদের কোয়াটার করার পরিকল্পনা ডেভেলপমেন্টের ফান্ড থেকে টাকা দিয়ে করার চেষ্টা করেছি। আমার মনে হয় সরকারের এইদিকে দৃষ্টি আছে এবং সেইদিকে আমরা কাজ করে যাচ্ছি। আমি তার একটি কথা বলছি অল্প সময় হলেও আমরা একটা নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত শহরগুলি আছে মহকুমার শহরগুলি সেই শহরগুলি উন্নয়নের ক্ষেত্রে চিন্তা করছি যাতে করে ধীরে ধীরে শহর এবং গ্রামের যে ব্যবধান সেই ব্যবধানকে

কমিয়ে আনতে পারব এবং কলকাতা শহরের উপর যে চাপ সেই চাপকে কমানোর জন্য মফস্বল অঞ্চলে যে শহরগুলি আছে সেই শহরগুলি উন্নয়নের জন্য আমাদের একান্তভাবে কাজ করার দরকার। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** There is no cut motion under Demand Nos. 26 and 74. So I put the Demands to vote.

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 3,00,00,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "260-Fire Protection and Control". was then put and agreed to.

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs.36,78,07,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : "363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)", was then put and agreed to.

## Statement under rule 346

**শ্রী ননী ভট্টাচার্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের কাছে একটি বিবরণ আপনার মাধ্যমে রাখছি। মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দোলুই বিধানসভায় উল্লেখ প্রসঙ্গে স্বাস্থ্যমন্ত্রীর স্পেশ্যাল অফিসারের নিয়োগ ও চাকুরীর মেয়াদ বৃদ্ধির সম্পর্কে একটি বিকৃত ও অসত্য বিবরণ দেন।

১৯৬৭ সালে নহে, ১৯৬৯ সালে তাকে একান্ত সচিব হিসাবে নিয়োগ করা হয়। উহা আদৌ প্রমোশন ছিলনা। চাকুরীতে পদযোগ্যতা বলেই তাঁকে ঐ পদে নিয়োগ করা হয়। এবারও স্বাস্থ্যমন্ত্রীর স্পেশ্যাল অফিসার হিসাবে তাঁর নিয়োগও প্রমোশন হিসাবে হয়নি। ঐ পদযোগ্যতা বলেই হয়েছে। দ্বিতীয়ত একজন স্বাধীনতা সংগ্রামী সরকারি কর্মচারীর চাকুরীর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত যে সরকারি আদেশ আছে তা হল ৩০ বছর চাকুরী অথবা ৬৫ বছর বয়স এতদ্ উভয়ের মধ্যে যার মেয়াদ আগে পূর্ণ হবে ততদিন পর্যন্ত সংশ্লিষ্ট কর্মচারীর ক্ষেত্রে চাকুরীর মেয়াদ বাড়ানো হবে। ঐ আদেশ বলেই শ্রী চক্রবর্তীর চাকুরীর মেয়াদ স্বরাষ্ট্র দপ্তর কর্তৃক বাড়ানো হয়েছে।

এ ছাড়াও আরও কতকগুলি ভিত্তিহীন সর্বৈব অসত্য অভিযোগ করা হয়েছে। এগুলি স্বাস্থ্যমন্ত্রীর স্পেশ্যাল অফিসার সম্পর্কে এই ধরনের অসত্য এবং উদ্দেশ্য প্রণোদিত ভাবেই করা হয়েছে এবং বিধানসভার সদস্যবৃন্দের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করা হয়েছে মাত্র। এটা না বললে ভুল বলা হয় যে বাইরের কোন অফিসার বা কর্মচারীর সম্বন্ধে আলোচনা হয় তাকে ডিফেন্ড করা দরকার। যে সমস্ত কথা সেদিন তিনি বলেছিলেন তা সম্পূর্ণভাবে বিকৃত, অসত্য এবং ভিত্তিহীন কথা। সেইজন্য সদস্যদের মধ্যে যাতে কোনরকম বিভ্রান্তি দেখা না দেয় সেই হিসাবে এই স্টেটমেন্ট আমাকে করতে হল।

## Demand No. 44

Major Heads : 288-Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Person and Repatriates), 44-Capital Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced

Persons), and 688-Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons).

***Shri Radhika Ranjan Banerjee :*** *Sir, on the recommendation of* the Governor, I beg to move that a sum of Rs.13,45,38,000 be granted for expenditure under Demand No.44, Major Heads : "288-Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Person and Repatriates). 488-Capital Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons). and 688-Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation and Displaced Persons)".

The Budget speech of shri Radhika Ranjan Banerjee is taken as read

মাননীয় স্পিকার মহাশয়,

মোট তের কোটি পঁয়তাল্লিশ লক্ষ আটত্রিশ হাজার টাকার ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপিত করার কালে আমি এই সভাকক্ষে পশ্চিম বাংলায় শরণার্থীদের ত্রাণ ও পুনর্বাসন সম্পর্কে সরকারের নীতি এবং কর্মসূচীর একটি রূপরেখা করছি।

মাননীয় স্পিকার মহাশয়, দেশবিভাগের তেত্রিশ বছর পরও অধুনালুপ্ত পূর্ব পাকিস্তান (এখন বাংলাদেশ) থেকে আগত শরণার্থীদের পুনর্বাসনের সমস্যাটি বহুলাংশে অমীমাংসিত রয়ে গেছে। সেই কারণে বামফ্রন্ট সরকারকে সমস্যাটিকে সামগ্রিকভাবে মূল্যায়ন করে দেখতে হচ্ছে। লোকসভার সদস্য শ্রীসমর মুখোপাধ্যায়কে চেয়ারম্যান করে যে শরণার্থী পুনর্বাসন কমিটি গঠিত হয়েছে, সেই কমিটি শরণার্থী পুনর্বাসনের কি কি কাজ এখনও ধরা হয়নি, অথচ এখনও কর্তব্য হিসাবে রয়ে গিয়েছে সেগুলির হিসাবনিকাশ করবেন এবং এই জটিল সমস্যাটির সমাধানকল্পে কেন্দ্রীয় সরকারের কাছে যে পাঁচশ কোটি টাকা চাওয়া হয়েছে, সেই টাকার মধ্যে কি কি পরিকল্পনা এবং কর্তব্য পালন করতে হবে সেগুলি সম্পর্কে সুপারিশ করবেন। আশাকরা যাচ্ছে, ১৯৮০ সালের মে মাসের মধ্যে কমিটি তাঁদের চূড়ান্ত রিপোর্ট পেশ করবেন। এই রিপোর্ট পাওয়ার পর পরিকল্পনাগুলির বিস্তারিত দিকগুলি হিসাবনিকাশ করে রাজ্য সরকার এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সাহায্য চাইবেন।

বসত ও কৃষিজমির উপর পুনর্বাসনপ্রাপ্ত শরণার্থীদের বিনামূল্যে স্বত্ব প্রদানের পরিকল্পনা রূপায়ণের কাজটি স্থগিত রাখতে হয়েছিল, কারণ দলিলের মধ্যে কেন্দ্রীয় সরকার কিছু আপত্তিকর শর্ত আরোপ করতে চেয়েছিলেন। এ বিষয়ে বিঘ্নগুলি দূরীভূত করে স্বত্ব প্রদানের কাজটি আবার শুরু হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী গ্রামীণ পরিবারগুলি প্রাপ্ত জমির উপর নিঃশর্ত স্বত্ব পাবেন, এবং শহরের পরিবারগুলি, দশ বছরের মধ্যে জমি হস্তান্তর করতে পারবেন না—এই শর্তে বরাবরের জন্য প্রাপ্ত জমির পাট্টা পাবেন। অবশ্য, শহরের কলোনিগুলি সম্পর্কে কেন্দ্রীয় সরকার এখনও পর্যন্ত সবুজ সঙ্কেত দেখাননি। তবুও এখনকার অবস্থাটাও উদ্বাস্তুদের পক্ষে যথেষ্ট লাভজনক হবে, কারণ এইসকল স্বত্বের বলে তারা ব্যাঙ্ক, জীবনবিমা এবং অন্যান্য সরকারি বিভাগ থেকে ঋণ পাবার যোগ্যতা অর্জন করবেন।

*মাননীয় স্পিকার মহাশয়, কেন্দ্রীয় সমাজকল্যাণ বিভাগ যদিও সদনগুলিতে অবস্থিত শরণার্থীদের পুনর্বাসনের ব্যয় বহন করতে রাজি হয়েছেন, তথাপি এখনও রাজ্য সরকারকে তাঁরা প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করেননি। কিন্তু সদনগুলিতে অনির্দিষ্ট কালের জন্য পুনর্বাসনযোগ্য পরিবারগুলিকে রেখে দিলে নিরর্থক অর্থব্যয় হয়, অতএব কেন্দ্রীয় সরকার অর্থবরাদ্দ করবেন এই আশায় রাজ্য সরকার এই বাবদ খরচা করে যাচ্ছেন। এই বছর আনুমানিক সাতশ পরিবারকে পরিবারপ্রতি দু-হাজার টাকা গৃহনির্মাণ ঋণ এবং পাঁচ হাজার টাকা ক্ষুদ্র ব্যবসায় ঋণ দিয়ে পুনর্বসতি দেবার প্রস্তাব আছে।*

প্রাক্তন শিবিরভুক্ত পরিবারগুলিকে তাদের বসবাসের স্থানে পুনর্বাসনের ব্যাপারটি ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শেষ করার ওপর নির্ভরশীল, অথচ এই কাজটি শহর জমি (সীমা ও নিয়ন্ত্রণ) আইনের বিভিন্ন বিধিনিষেধের জন্য বিঘ্নিত হচ্ছে। বিঘ্নগুলি দূরীভূত করে পুনর্বাসনের কাজ ত্বরান্বিত করার বিশেষ সনিষ্ঠ প্রয়াস চালানো হচ্ছে। প্রায় এক হাজার পরিবারকে পরিবারপিছু দু-হাজার টাকা ঋণ দিয়ে অধিগৃহীত জমিতে পুনর্বসতি দেবার প্রস্তাব আছে।

বাংলাদেশের ভারতীয় ছিটমহল থেকে আগত শরণার্থীদের পুনর্বসতি দানের কাজটি কোচবিহার, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি এবং দার্জিলিং (শিলিগুড়ি) জেলায় এ বছরেও চলবে। তবে এই ধরনের কতগুলি পরিবারকে পুনর্বসতি দিতে হবে তা এখনই জানা সম্ভবপর নয়, কারণ তাদের আগমন একসঙ্গে না ঘটে মাঝে মাঝে ঘটছে এবং এই পরিবারগুলিকে সনাক্তকরণের কোন নির্দিষ্ট পদ্ধতিও ঠিক করা যাচ্ছেনা, তার সঙ্গে আবার কর্ষণযোগ্য কৃষিজমির অভাবও আছে। এই ধরনের সাড়ে তিনশ পরিবারকে পরিবারপিছু ২,০০০ টাকা গৃহনির্মাণ ঋণ এবং ৮,৬৫০ টাকা কৃষি ও কৃষিজমি খরিদ ঋণ—সাকুল্যে পরিবারপ্রতি ১০,৬৫০ টাকা ঋণ দিয়ে পুনর্বসতি দেওয়া হবে এবং এর জন্য ৩৭.২৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

অন্যান্য শরণার্থী পরিবারগুলিকে পুনর্বসতি দানের কাজের বিশেষ অগ্রগতি হয়নি। এদের মধ্যে আছে হুকুমদখলকৃত বাড়ির জবরদখলকারী, সি এ এবং ই পি অ্যাক্টের দ্বারা আশ্রয়প্রদ পরিবার, অধুনালুপ্ত লেক মেডিক্যাল কলেজ ও হাসপাতালের পরিত্যক্ত ঘরগুলিতে জবরদখলকারী ইত্যাদি। কেন্দ্রীয় সরকারের সহায়তায় এই বহুদিন-স্থায়ী সমস্যাটিকে সত্বর সমাধানের জন্য নিরবচ্ছিন্ন প্রচেষ্টা চালানো হচ্ছে। রবীন্দ্র সরোবরের লেক ব্যারাকে বহু বছর ব্যাপী অবস্থিত ২০০ পরিবারকে লেক গার্ডেন্স-এ তৈরি বাড়ি দিয়ে পুনর্বসতি দেবার কথা আছে। টালী নালার ধারে হেস্টিংস কলোনির ৭২টি দুঃস্থ উদ্বাস্তু পরিবারকে পঞ্চান্নগ্রাম প্রকল্পে। পুনর্বসতি দেওয়া সম্ভবপর হয়েছে, এরা বহুকাল ধরে অত্যন্ত দুর্দশার মধ্যে বাস করছিলেন।

মাননীয় স্পিকার মহাশয়, একটি কথা আপনার মাধ্যমে আমি সভার কাছে জানাতে চাই যে, উদ্বাস্তু কলোনিগুলির উন্নয়নের কাজে কেন্দ্রীয় সরকার ১৯৭৯-৮০ আর্থিক বছরে মাত্র ২৭ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন বলে এই কাজ বিশেষভাবে বিঘ্নিত হয়েছে। কেন্দ্রীয় সরকার এমন আভাসও দিয়েছেন যে, ভবিষ্যতে এই বাবদ আর কোন অর্থ পাওয়া যাবেনা। এই বিহ্বলকারী আঘাতের ফলে এই রাজ্যে কলোনিগুলির উন্নয়নের কাজ বস্তুত বিপর্যস্ত হয়ে

গেছে। অবশ্য আমাদের তরফ থেকে বিষয়টি নিয়ে জোরালোভাবে চাপ সৃষ্টি করার জন্য কেন্দ্রীয় সরকারকে এইটুকু রাজি করানো গেছে যে, কলোনিগুলির উন্নয়নের উদ্দেশ্যে ষষ্ঠ পরিকল্পনায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার জন্য তাঁরা প্ল্যানিং কমিশনের কাছে বিষয়টি পেশ করবেন। গৃহনির্মাণের মালমশলার মূল্যবৃদ্ধির গতি অনুধাবন করে কেন্দ্রীয় সরকার প্ল্যানিং কমিশন, অর্থ মন্ত্রক, পূর্ত ও গৃহনির্মাণ মন্ত্রক এবং রাজ্য সরকারের শরণার্থী ও পুনর্বাসন বিভাগ ও সি এম ডি এ-র আধিকারিকবৃন্দকে নিয়ে একটি স্টাডি টিম গঠন করেছেন। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে ষষ্ঠ পরিকল্পনায় এই বাবদ ১৪ কোটি টাকা বরাদ্দ করানোর চেষ্টা করছেন। পি ডব্লু ডি কনস্ট্রাকশন বোর্ড, পাব্লিক হেলথ ইঞ্জিনিয়ারিং এবং সি এম ডি এ—এই চারটি এজেন্সি ছাড়াও রাজ্য সরকারের পক্ষে উন্নয়নের কাজ করার জন্য পঞ্চম এজেন্সি হিসাবে পৌরসভাগুলিকে পৌরসভার অন্তর্ভুক্ত এলাকার কাজগুলি সম্পন্ন করতে দেওয়া হয়েছে। লক্ষ করা গেছে যে, পৌরসভাগুলিকে কাজ করতে দেবার ফলে কাজকর্মের মধ্যে গতিশীলতা এসেছে, কাজও অনেক বেশি হয়েছে।

শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের নিয়ন্ত্রণে চারটি উৎপাদন কেন্দ্র আছে। এগুলি হল— (১) হাবড়া উৎপাদন কেন্দ্র, (২) উত্তরপাড়া কেন্দ্র, (৩) কামারহাটি উৎপাদন কেন্দ্র এবং (৪) টিটাগড় উৎপাদন কেন্দ্র। এই উৎপাদন কেন্দ্রগুলি সমাজকল্যাণ কেন্দ্র হিসাবে, না-লাভ না-লোকসানের ভিত্তিতে পরিচালিত হয়। এই কেন্দ্রগুলির প্রধান লক্ষ হল বয়ন, ছুতোর, সেলাই ইত্যাদি শিল্পে শিক্ষণ দান করে শিক্ষার্থীদের জীবিকা অর্জনের যোগ্য করে তোলা। এই কেন্দ্রগুলিতে শাড়ি, ধুতি, ফ্রক, থান, জামার কাপড়, আসবাবপত্র, বেতের বাক্স ইত্যাদি তৈয়ারি হয় এবং এগুলি প্রধানত এই বিভাগ পরিচালিত বিভিন্ন শিবির ও সদনের অধিবাসীরাই ব্যবহার করে থাকেন। এছাড়া উৎপাদন কেন্দ্রগুলি বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার কাছ থেকেও অর্ডার পেয়ে থাকেন। ফলত উৎপাদন কেন্দ্রগুলিতে সারা বছরেই কাজ থাকে। সরকারি ও বেসরকারি সংস্থাগুলি বস্ত্রাদি সরবরাহের উদ্দেশ্যে উৎপাদনের জন্য এই বিভাগ কেন্দ্রগুলিতে কাঁচামাল কিনে দিয়ে থাকেন। ১৯৭৯-৮০ আর্থিক বছরে এই কেন্দ্রগুলির জন্য এই বিভাগকে ১৩,৮২,০০০ টাকা খরচ করতে হয়েছে। এ ছাড়া, কর্মচারীদের বেতন, শ্রমিকদের মজুরি এবং কাঁচামাল কেনার জন্য ১২,২০,৭৫২ টাকা খরচ করতে হয়েছে। এই বছরে কেন্দ্রগুলিতে উৎপাদিত পণ্যের মূল্য হল ১৫ লক্ষ টাকা। যদিও কর্মসংস্থানের উদ্দেশ্যে স্থাপিত এই কেন্দ্রগুলি লাভজনক ব্যবস্থা হিসাবে গঠিত হয়নি, তথাপি লাভের জন্য মাঝে মাঝে এগুলি থেকে বাইরের অর্ডার নিয়ে মাল সরবরাহ করা হয়। কেন্দ্রগুলি পরিচালনা করে যাওয়ার জন্য আগামী আর্থিক বছরে ২৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

মাননীয় স্পিকার মহাশয়, পশ্চিমবঙ্গে অবস্থিত পূর্বতন ও অধুনাতন সকল শরণার্থীর জন্য চিকিৎসা দানের উদ্দেশ্যে রাজ্য সরকারের একাধিক পরিকল্পনা আছে। এই পরিকল্পনাগুলি অনুসারে বিভিন্ন সরকারি হাসপাতালে টি বি রোগি এবং অন্যান্য রোগিদের জন্য হাসপাতালে আসন সংরক্ষণের ব্যবস্থা ব্যতীত কিছু ভ্রাম্যমাণ মেডিক্যাল ইউনিটও আছে। এগুলির জন্য বর্তমান বাজেটে ৪৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

উদ্বাস্তু পরিবারগুলির ছেলেমেয়েদের প্রাথমিক শিক্ষার জন্য এই বিভাগ ১,৫৮৩টি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের খরচ দিচ্ছে। নয়া শরণার্থীদের সকল ধরনের শিক্ষার

সুযোগসুবিধাদানের জন্য সরকার ১৯৯টি মাধ্যমিক বিদ্যালয় এবং ১০টি মহাবিদ্যালয়কে আর্থিক সহায়তা দান করছে। এছাড়া নয়া শরণার্থীদের জন্য বিদ্যালয়গৃহ নির্মাণ, বৈজ্ঞানিক পরীক্ষাগার স্থাপন আসবাবপত্র ক্রয়, বৃত্তি, পুস্তক ক্রয় ইত্যাদি বাবদ অনুদানের ব্যবস্থা আছে।

মাননীয় স্পিকার মহাশয়, সকল ধরনের অপ্রদায়ক ঋণ মকুবের কর্মসূচী রূপায়ণের কাজটির বেশ সন্তোষজনকভাবেই অগ্রগতি হয়েছে। যত তাড়াতাড়ি সম্ভব উদ্বাস্তু ঋণ গ্রহীতারা যেন ঋণভার থেকে মুক্ত হয়ে জমিগুলিকে বন্ধকমুক্ত করতে পারেন, সেই উদ্দেশ্যে ঋণ মকুবের কাজটিকে ত্বরান্বিত করার জন্য জেলা কর্তৃপক্ষগুলিকে বিশেষভাবে নির্দেশ দেওয়া হয়েছে। জমিগুলি বন্ধকমুক্ত হবার পূর্বেই এইসকল ঋণগ্রহীতা যাতে করে ব্যাঙ্ক ইত্যাদি ঋণদানকারী সংস্থাগুলির কাছ থেকে ঋণ গ্রহণের যোগ্যতা অর্জন করতে পারে তার জন্য মকুব আদেশের সঙ্গে সঙ্গে একটি করে সার্টিফিকেট দেবার ব্যবস্থা করা হয়েছে।

দায়মুক্ত দলিল না থাকার জন্য ৩.০৪ লক্ষ উদ্বাস্তু কৃষিজীবি পরিবারগুলির মধ্যে খুব অল্প সংখ্যকই এস এফ ডি এ এম এফ এ এল পরিকল্পনা অনুযায়ী সাহায্য পাচ্ছিলেন। এখন ঋণ মকুবের সার্টিফিকেট দেওয়ার জন্য এই বিঘ্ন বহুলাংশে দূর হয়েছে এবং উদ্বাস্তু কৃষিজীবীরা ব্যাঙ্ক অথবা অন্যান্য ঋণদানকারী প্রতিষ্ঠানগুলির কাছ থেকে ঋণ পাওয়ার সুযোগ লাভ করছেন এবং প্রতিষ্ঠানগুলিও এই ব্যাপারে এগিয়ে আসছেন। এই বাবদ এই বছরে এক কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

১৯৫০-এর পরে স্থাপিত জবরদখল কলোনিগুলির অধিকাংশ উদ্বাস্তুর কাছে এমন কোন কাগজপত্র ছিলনা যা থেকে তাদের ঐসকল জমিতে নিরবচ্ছিন্ন অবস্থানের প্রমাণ পাওয়া যায়। সরে জমিনে তদন্ত করে জানা গেছে যে, দখলীকৃত জমির মধ্যে প্রায় ১০,৫৭৫.২৭৯ একর বসত ও কৃষিজমির মালিক হচ্ছেন সরকার অর্থাৎ এইগুলি সব খাস জমি। সম্প্রতি ভূমি ও ভূমিসংস্কার বিভাগের এবং শরণার্থী ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রী পর্যায়ের পারস্পরিক আলোচনায় সিদ্ধান্ত হয়েছে যে, এই জমিগুলি সরাসরি সংশ্লিষ্ট উদ্বাস্তুদের সঙ্গে বন্দোবস্ত করা হবে। প্রথমে বসতজমিগুলি বন্দোবস্ত করা হবে এবং গ্রামাঞ্চলে প্রতিটি পরিবার সর্বোচ্চ ১০ কাঠা করে জমি পাবে। এই কাজ সম্পন্ন হবার পর কৃষিজমিগুলি বন্দোবস্তের ব্যবস্থা করা হবে। কাজটিকে ত্বরান্বিত করার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, দুই বিভাগের আধিকারিকদের নিয়ে টিম/সেল গঠন করা হবে।

দন্ডকারণ্য ছেড়ে আসা উদ্বাস্তুদের প্রত্যাবর্তনের কাজটি ১৯৭৯-৮০ আর্থিক বছরেও চলেছিল এবং এইজন্য কেন্দ্রীয় সরকারকে প্রত্যাবর্তনের সময়সীমা ৩১এ আগস্ট, ১৯৭৯ থেকে আরও বাড়াতে বলা হয়েছিল। এই বাড়তি সময়ের মধ্যে ৬০০-র কিছু বেশি পরিবারকে দন্ডকারণ্যে প্রত্যাবর্তন করানো গেছে। এইসকল পরিবারকে ত্রাণ দেওয়া এবং তাদের প্রত্যাবর্তনের ব্যবস্থা করার জন্য এই বিভাগের গত দু'বছর ধরে একান্তভাবে ব্যস্ত থাকতে হয়েছে। আশা করা যায় যে, এই কাজের সফল সমাপ্তির পর আমরা অন্যান্য শরণার্থীদের আশু সমস্যাগুলির সমাধানকল্পে সমস্ত শক্তি নিয়োগ করতে পারব।

অতীতে উদ্বাস্তু কলোনিগুলির বিদ্যালয় এবং মহাবিদ্যালয়গুলিকে জমি আবন্টন কালে বিদ্যায়তনগুলির কাছ থেকে জমির আনুপাতিক দাম নেওয়া হত এবং প্রায়শই অধিকাংশ বিদ্যায়তন এই টাকা দিতে পারতেন না ফলত, তাঁরা সি এম ডি এ এবং অন্যান্য সংস্থা

থেকে প্রয়োজনীয় সাহায্য পেতেন না। বামফ্রন্ট সরকার বিদ্যালয় এবং মহাবিদ্যালয়গুলিকে বিনামূল্যে জমি বন্টন করছেন এবং ১৯৭৯-৮০ আর্থিক বছরে এইরূপ ১৭টি বিদ্যায়তন বিনামূল্যে জমি পেয়েছেন।

মাননীয় স্পিকার মহাশয়, পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের ত্রাণ ও পুনর্বাসন বাবদ যাবতীয় অর্থ কেন্দ্রের দেওয়ার কথা, কিন্তু বিভিন্ন ধরনের কারণে অর্থ যোগানের স্বাভাবিক প্রবাহ বিঘ্নিত হচ্ছে, ফলত আমাদের বহু কর্মসূচী কার্যকর করা যাচ্ছেনা।

মাননীয় স্পিকার মহাশয়, আমাদের বিঘ্ন অনেক, সঙ্গতিও অত্যন্ত কম, কিন্তু এই সীমাবদ্ধতার মধ্যেও আমরা দৃঢ়তার সঙ্গে উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন সমস্যার মোকাবিলা করছি। লক্ষ অর্জিত হবার উদ্দেশ্যে আমাদের যে সনিষ্ঠ প্রয়াস চলেছে, আমরা আশা করি দলমত নির্বিশেষে সকলেই দ্বিধাহীনভাবে আমাদের সেই প্রয়াসের সঙ্গে যুক্ত হবেন এবং সহযোগিতা করবেন।

## Demand No. 47

Major Head : 289-Relief on account of Natural Calamities

**Shri Radhika Ranjan Banerjee :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,60,00,000 be granted for expenditure under Demand No.47, Major Head : "289-Relief on account of Natural Calamities".

The Written speech of Shri Radhika Ranjan Banerjee is taken here read

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সমস্যাক্লিষ্ট এই রাজ্য প্রকৃতির রোষ থেকে বোধ হয় একটি বৎসরও অব্যাহতি পায়নি। বর্তমান বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে অদ্যাবধি গত দু'বৎসর ন' মাসের মধ্যে প্রতি বৎসরেই এই রাজ্যের ব্যাপক অংশে বন্যা, খরা, ঘূর্ণিঝড় ইত্যাদি এক বা একাধিক বিপর্যয় ঘটে চলেছে। প্রাকৃতিক বিপর্যয় উদ্ভূত সমস্যাগুলির মোকাবিলা ও ক্ষতিগ্রস্ত জনসাধারণের ত্রাণ ও পুনর্বাসনের কাজে রাজ্য সরকারকে সর্বতোভাবে নিয়োজিত থাকার ফলে রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক কাজগুলির অগ্রগতি ব্যাহত হচ্ছে এবং ত্রাণের জন্য রাজ্য সরকারকে প্রভূত পরিমাণ অর্থ ব্যয় করতে হচ্ছে।

জনসাধারণের ত্রাণ ও পুনর্বাসন ও বন্যাবিধ্বস্ত গ্রামগুলির পুনর্গঠনের কাজ চলাকালে প্রকৃতি তার খামখেয়ালীতে আবার নতুন করে এক সমস্যা সৃষ্টি করায় সঙ্কট তীব্র থেকে তীব্রতর হয়। বিগত বৎসরের অবিরাম ও নজিরবিহীন বর্ষণের পর চলতি আর্থিক বৎসরের সূচনাতেই অনাবৃষ্টি বা অত্যন্ত কম ও অনিয়মিত বৃষ্টির ফলে রাজ্যের সবকটি জেলা—কোথাও কম বা কোথাও ব্যাপকভাবে—এক অস্বাভাবিক খরা-পরিস্থিতির সম্মুখীন হয়। ১৯৭৯ সালের মার্চ থেকে মে মাস অবধি জেলাগুলিতে বৃষ্টিপাতের পরিমাণ স্বাভাবিকের তুলনায় প্রায় ৭০ শতাংশ কম হওয়ায় এক ভয়াবহ ও করুণ অবস্থার সৃষ্টি হয়। যেসব এলাকায় খরা-পরিস্থিতি তীব্র আকার ধারণ করে সেগুলি হ'ল বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমা, মালদহ, পশ্চিম দিনাজপুর, নদীয়া জেলার কিছু এলাকা ও ২৪-পরগনা জেলার সমগ্র দক্ষিণাঞ্চল। অধিক ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে পানীয় জলের চরম সঙ্কট দেখা দেয়। এমনকি দার্জিলিং জেলার কালিম্পং মহকুমাতেও এই সঙ্কট দেখা যায়। খরার ফলে বিভিন্ন জেলায় আউশ ধানের ফলন উল্লেখযোগ্যভাবে হ্রাস পায়। রাজ্যের ৮ লক্ষ ৭ হাজার ৫০০ হেক্টর আউশ আবাদযোগ্য জমির মধ্যে খরার ফলে ১ লক্ষ ৯৪ হাজার হেক্টর জমিতে আদৌ চাষ সম্ভব হয়নি। ২ লক্ষ ৯৪ হাজার হেক্টর জমির আউশ ফসল হয় আংশিক বা সম্পূর্ণ বিনষ্ট হয়েছে। খরায় আউশ ধানের মূল্য প্রায় ৫০ কোটি টাকা। বিগত বৎসরের বন্যায় চরমভাবে ফসলহানির পরে খরায় পুনরায় ফসল বিনষ্ট হওয়ায় কৃষিনির্ভর জনসাধারণের এক বিরাট অংশ আবার সঙ্কটে পড়েন। এ ছাড়া বৃষ্টির অভাবে চাষের কাজ সম্পূর্ণভাবে ব্যাহত হওয়ায় স্থানীয় ক্ষেতমজুর, দিনমজুর ও প্রান্তিক কৃষকেরা আবার দুর্দশাগ্রস্ত হন। খরার ফলে আউশ ধান চাষের মরসুমে ৫ কোটি ৩৫ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়। রাজ্য সরকার সামগ্রিকভাবে রাজ্যের খরা-পরিস্থিতির ওপর সজাগ দৃষ্টি রেখে দুর্গত জনসাধারণকে ত্রাণ সাহায্য দেবার উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। অধিক খরা-কবলিত এলাকাগুলিতে নলকূপ বা কূপ খনন করে পানীয় জলের আশু ব্যবস্থা ছাড়াও ট্যাঙ্কার সহযোগে গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ করা হয়। অবস্থার গুরুত্ব উপলব্ধি করে ১৯৭৯ সালের এপ্রিল মাস থেকেই বাঁকুড়া ও পুরুলিয়া জেলার অনধিক শতকরা দু'জনকে ও অন্যান্য জেলার অনধিক শতকরা একজনকে খয়রাতি সাহায্য দেবার ব্যবস্থা ছাড়া দুঃস্থ কর্মক্ষম জনসাধারণের কর্মসংস্থানের উদ্দেশ্যে প্রতিটি খরাকবলিত জেলায় ব্যাপকভাবে "কাজের বিনিময়ে খাদ্য" প্রকল্প চালু করার ব্যবস্থা করা হয়। গত এপ্রিল থেকে জুন মাসের মধ্যে এই উদ্দেশ্যে বিভিন্ন জেলায় বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্যের পরিমাণ হ'ল ২ কোটি ৯৪ লক্ষ ১৫ হাজার টাকা ও ৩৭ হাজার ৯৫০ মেট্রিক টন। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয় বিবেচনা করে গত আর্থিক বৎসরের শেষেই "কাজের বিনিময়ে খাদ্য" প্রকল্পে নিযুক্ত শ্রমিকের দৈনিক মজুরির হার নগদ এক টাকার পরিবর্তে দু'টাকা ও দু'কেজি গমের বদলে তিন কেজি হিসাবে বৃদ্ধি করায় এই প্রকল্পে নিযুক্ত দুঃস্থ জনসাধারণ নিজেদের পরিশ্রমের বিনিময়ে মন্দার মরসুমে কিছু উপার্জনে সক্ষম হয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের একক প্রচেষ্টায় এই সমস্যার যথাযোগ্য মোকাবিলা অসম্ভব বিবেচনা ক'রে খরা-পরিস্থিতি উদ্ভব হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারকে ...স্ত বিষয় অবহিত করে অবিলম্বে একটি সমীক্ষক দল পাঠিয়ে বাস্তব অবস্থা উপলব্ধি ...অনুরোধ করা হয়। গত জুন মাসের শেষার্ধে একটি কেন্দ্রীয় সমীক্ষক দল এই রাজ্যে

এসে অধিক খরা-কবলিত এলাকাগুলি সরে জমিনে পরিদর্শন করে খরার ব্যাপকতা, স্থায়িত্ব ও ক্ষয়ক্ষতি বিষয়ে রাজ্য সরকারের অভিমত সমর্থন করেন। কেন্দ্রীয় সরকার যাতে অবিলম্বে খরা-ত্রাণের জন্য রাজ্য সরকারকে ৩৪ কোটি ৫৩ লক্ষ টাকা ও ১ লক্ষ ৪৫ হাজার মেট্রিক টন খাদ্যশস্য বরাদ্দ করেন সে বিষয়ে সুপারিশের জন্য ঐ দলকে অনুরোধ করা হয়। এই দলের সুপারিশক্রমে গত আগস্ট মাসে কেন্দ্রীয় সরকার খরা-ত্রাণের জন্য রাজ্য সরকারকে সর্বমোট ১০ কোটি ২৫ লক্ষ টাকা নিম্নলিখিত খাতে পরিকল্পনা বাবদ অগ্রিম সাহায্য হিসাবে মঞ্জুর করতে স্বীকৃত হন ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১) বিভিন্ন কৃষি প্রকল্প বাবদ | .. | .. | ৪ কোটি | ৬৫ | লক্ষ টাকা |
| (২) খরা প্রতিরোধক কর্ম প্রকল্পে নিযুক্ত শ্রমিকদের নগদ অর্থে মজুরি বাবদ | .. | .. | ৩ ,, | ৬০ | ,, |
| (৩) পানীয় জল সরবরাহ বাবদ | .. | .. | ২ ,, | ০০ | ,, |
| মোট | .. | | ১০ কোটি | ২৫ | লক্ষ টাকা |

কেন্দ্রীয় সরকারকে খয়রাতি সাহায্য বাবদ মাত্র ১০ হাজার মেট্রিক টন খাদ্যশস্য বরাদ্দের অনুরোধ সত্বেও তাঁরা এই অনুরোধ রক্ষা করেন নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমন ধানের চাষের মরসুমে খরা-পরিস্থিতির সামান্য উন্নতি না হওয়ায় অবস্থা আরও ভয়াবহ হয়। দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু বিলম্বে আসায় এবং আসার পর ক্ষণস্থায়ী ও অনিয়মিত হওয়ায় সমগ্র গাঙ্গেয় উপত্যকায় বৃষ্টিপাতের পরিমাণ অস্বাভাবিকভাবে হ্রাস পায়। ফলে দক্ষিণ বাংলার প্রায় সবকটি জেলা, বিশেষ করে সমগ্র বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলার সমগ্র ঝাড়গ্রাম মহকুমা ও গড়বেতা, কেশপুর, কেশিয়াড়ি, শালবনী ও খড়গপুরের গ্রামাঞ্চল ও বর্ধমান জেলার দুর্গাপুর ও আসানসোল মহকুমার পল্লী এলাকাগুলিতে খরার ব্যাপকতা ও স্থায়িত্বের ফলে স্থানীয় জনসাধারণ চরম সঙ্কটে পড়েন। আমন চাষের মরসুমে এই দীর্ঘস্থায়ী খরার ফলে ৭ লক্ষ ৫ হাজার হেক্টর জমিতে আমন চাষ আদৌ সম্ভব হয়নি। যেসব জমিতে চাষ কোনমতে সম্ভব হয় সেখানেও শেষ অবধি বহুক্ষেত্রে ফসল রক্ষা করা যায়নি। খরার ফলে বিনষ্ট আমন ফসলের আনুমানিক মূল্য হল দু'শো ছত্রিশ কোটি টাকা। প্রয়োজনের তুলনায় বৃষ্টিপাতের পরিমাণ অত্যন্ত কম হওয়ায়, ক্ষুদ্র-বৃহৎ-মাঝারি যেকোন শ্রেণীর জলাধারগুলি প্রায় শুষ্ক থাকায় জলের অভাবে রবিশস্য চাষের মরসুমে কৃষিকার্য উল্লেখযোগ্যভাবে ব্যাহত হয়। আমন ও রবিশস্য মরসুমে কৃষিকার্য ব্যাহত হওয়ায় মোট ৩২ কোটি ৩৭ লক্ষ ৫ হাজার শ্রম-দিবস নষ্ট হয়। এই পরিসংখ্যান থেকে সহজেই অনুমেয় যে, গ্রামবাংলার সামগ্রিক অর্থনীতিতে এই খরা কি গভীর ক্ষতের সৃষ্টি করেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবস্থার গুরুত্ব যথাযোগ্য উপলব্ধি করে রাজ্যের বামফ্রন্ট সরকার খরা-কবলিত এলাকার দুঃস্থ জনসাধারণের দুর্দশামোচনের উদ্দেশ্যে যুদ্ধকালীন জরুরী অবস্থার মতো প্রয়োজনীয় ত্রাণ ব্যবস্থা গ্রহণ করেন। খরা-কবলিত জেলাগুলির দুঃস্থ জনসাধারণের ত্রাণ সাহায্যের উদ্দেশ্যে ব্যাপকভাবে "বিশেষ কাজের বিনিময়ে খাদ্য" ও অন্যান্য গ্রামীণ

উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণের মাধ্যমে অভাবগ্রস্ত এলাকায় খাদ্যসরবরাহ সুনিশ্চিত ও কর্ম-সংস্থানের ব্যবস্থা করা হয়। এই প্রকল্পগুলি রূপায়ণের জন্য শুধুমাত্র ত্রাণ বিভাগ থেকেই সেপ্টেম্বর থেকে ডিসেম্বর মাসের মধ্যে ৪ কোটি ৮৯ লক্ষ টাকা ও ৫১ হাজার ৫০০ মেট্রিক টন খাদ্যশস্য বরাদ্দ করা হয়। ভবিষ্যতে খরা-প্রতিরোধে সহায়ক হয় এইরূপ প্রকল্প যেমন, খাল বা পুষ্করিণী খনন বা সংস্কার, ক্ষুদ্র বা মাঝারি সেচ প্রকল্প, ভূমি-সংরক্ষণ ইত্যাদি প্রকল্পগুলি যথাসম্ভব রূপায়ণের নির্দেশ দেওয়া হয়। জেলাগুলি থেকে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী গত ১লা এপ্রিল, ১৯৭৯ থেকে ৩১এ জানুয়ারি, ১৯৮০ অবধি ত্রাণ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্যে বিভিন্ন প্রকল্প রূপায়ণের মাধ্যমে পল্লী-অঞ্চলে ১৮,৮১৯টি পুরাতন রাস্তা সংস্কার, ১,৪৮৭টি নতুন রাস্তা নির্মাণ, ৮,৪৪৪টি খাল বা পুষ্করিণী খনন বা সংস্কার, ৪,০২২টি ক্ষুদ্র সেচ ও কৃষি-সহায়ক প্রকল্প, ১,২৪৩টি বন্যানিরোধক বাঁধ পুনর্নির্মাণ বা সংস্কার করা হয়েছে। এ ছাড়া অন্যান্য মোট ১১,২১৯টি বিভিন্ন ক্ষুদ্র প্রকল্প যেমন, জঙ্গল পরিষ্কার, খেলার মাঠের জমি সমতল করা ইত্যাদি ছাড়াও ৯,৬০,২৩৮টি প্রাথমিক বিদ্যালয়ভবন ও বন্যায় ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি সংস্কার করা হয়েছে। এইসব প্রকল্প রূপায়ণের মাধ্যমে উল্লিখিত সময়ে যে শ্রম-দিবস সৃষ্টি সম্ভব হয়েছে তার সংখ্যা হল ৩ কোটি ১৫ লক্ষ ১২ হাজার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ কথা বিনাদ্বিধায় বলা যায় যে এইসব প্রকল্প বাস্তবে রূপায়িত করে গ্রামাঞ্চলে যে হারে স্থায়ী সম্পদ সৃষ্টি করা হয়েছে বা হচ্ছে তা পূর্বতন কোন সরকারের আমলে হয়নি। এই প্রকল্পের মাধ্যমে গ্রামাঞ্চলে শুধুমাত্র গ্রামীণ সম্পদই সৃষ্টি হয়নি—ক্ষেতমজুর, দিনমজুর ও প্রকৃত অভাবী দুঃস্থ জনসাধারণের কাজের সুযোগ বৃদ্ধির সঙ্গে সঙ্গে ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরির হারকে সুনিশ্চিত করেছে এবং খাদ্যশস্যের মূল্য-বৃদ্ধিকে যথেষ্ট প্রতিহত করেছে। বহুবিধ বাধা-বিপত্তি ও চক্রান্তের মধ্যেও রাজ্যের বামফ্রন্ট সরকার তার ঘোষিত কর্মসূচী রূপায়িত করার ফলে এবং নিরপেক্ষ ও দলমত-নির্বিশেষে প্রকৃত দুঃস্থ জনসাধারণকে প্রয়োজনীয় ত্রাণ-সাহায্য দানের উদার নীতি কার্যকর হওয়ায় গ্রামবাংলার দুঃস্থ জনসাধারণ ভরসা ও আত্মবিশ্বাসলাভে সক্ষম হয়েছেন এবং কায়েমী স্বার্থের বিরুদ্ধে ঐক্যবদ্ধ ও সংগঠিত হবার প্রয়াসকে সুদৃঢ় করে নতুন উৎসাহ ও প্রেরণা সৃষ্টি করেছেন। এ ছাড়া নিজের শ্রমের বিনিময়ে পারিশ্রমিক অর্জনে তাঁদের আত্মমর্যাদা বৃদ্ধি পেয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কর্মে অক্ষম দুঃস্থ জনসাধারণের ত্রাণ-সাহায্যের উদ্দেশ্যে গত নভেম্বর ও ডিসেম্বর মাসে খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়। সমগ্র বাঁকুড়া ও পুরুলিয়া জেলা, মেদিনীপুর জেলার সমগ্র ঝাড়গ্রাম মহকুমা, গড়বেতা, কেশপুর, কেশিয়াড়ি, শালবনি ও খড়গপুরের পল্লী অঞ্চল এবং বর্ধমান জেলার সমগ্র আসানসোল ও দুর্গাপুর মহকুমার জনসংখ্যার অনধিক শতকরা চারজন ও অন্যান্য এলাকায় জনসংখ্যার অনধিক শতকরা দেড়জনকে ($১\frac{১}{২}$) খয়রাতি সাহায্য দেওয়া হয়। ফলে সারা রাজ্যের প্রায় ৮ লক্ষ দুঃস্থ ও খরাক্লিষ্ট ব্যক্তি এই সাহায্যলাভে সক্ষম হন। এ ছাড়া খরা-কবলিত ১২টি জেলার ১১১টি ব্লকে কেন্দ্রীয় সরকার ও "কেয়ার" সংস্থার সাহায্য ও সহযোগিতায় পুষ্টি-বিধানের জরুরী খাদ্য প্রকল্প রূপায়ণের মাধ্যমে গর্ভবতী জননী, শিশু ও দুঃস্থদের মধ্যে রান্না করা খাবার ও গুঁড়ো দুধ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে ও হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খরা-পরিস্থিতির উপশম না হওয়ায় কেন্দ্রকে পুনরায়, সমস্ত বিষয় অবহিত করে অধিক সাহায্যদানের অনুরোধ করায় গত ডিসেম্বর মাসে একটি কেন্দ্রীয় সমীক্ষক দল এই রাজ্যে আসেন এবং তাদের কাছে অতিরিক্ত ১১ কোটি ২২ লক্ষ ৪০ হাজার টাকা ও ৩ লক্ষ ১৯ হাজার মেট্রিক টন খাদ্যশস্য বরাদ্দের দাবি করা হয়। গত জানুয়ারি মাসে কেন্দ্র ৩ কোটি ৮২ লক্ষ টাকা অর্থাৎ সর্বমোট ১৪ কোটি ৭ লক্ষ টাকা পরিকল্পনা বাবদ অগ্রিম সাহায্য হিসাবে মঞ্জুর করতে স্বীকৃত হন। এ ছাড়া খরাপীড়িত এলাকায় "বিশেষ কাজের বিনিময়ে খাদ্য" প্রকল্পের জন্য ৭৫ হাজার মেট্রিক টন চাল বরাদ্দ করেন। কিন্তু এই মঞ্জুরীকৃত অর্থ এখনও রাজ্য সরকারের হাতে এসে পৌঁছয়নি। এছাড়া কেন্দ্র কর্তৃক বরাদ্দকৃত খাদ্যশস্য বাস্তবে ভারতীয় খাদ্য নিগম সরবরাহে ব্যর্থ হওয়ায় খরাপীড়িত এলাকাগুলিতে বিশেষ খরা-ত্রাণ প্রকল্প রূপায়ণ বেশ কয়েকবার বিঘ্নিত হয়। এই প্রকল্প অব্যাহত রাখার জন্য রাজ্য সরকারকে অনেক ক্ষেত্রে নিজ তহবিল থেকে খাদ্যশস্য ক্রয় করতে হয়েছে। এক কথায় খরা-ত্রাণের জন্য আর্থিক ব্যয়ভার সম্পূর্ণভাবে রাজ্য সরকারকেই বহন করতে হচ্ছে। শুধুমাত্র ত্রাণ বিভাগই ১লা এপ্রিল, ১৯৭৯ থেকে ২৯এ ফেব্রুয়ারি, ১৯৮০ তারিখের মধ্যে ত্রাণ বাজেটে বরাদ্দকৃত ১২ কোটি ৬৭ লক্ষ টাকার মধ্যে ত্রাণ বিভাগকে ২১ কোটি ৩৩ লক্ষ টাকা ব্যয় করতে হয়েছে এবং এর মধ্যে শুধুমাত্র "কাজের বিনিময়ে খাদ্য" প্রকল্পে ব্যয়ের পরিমাণ হল প্রায় দশকোটি টাকা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, রাজ্যের বামফ্রন্ট সরকার জনসাধারণের সার্বিক কল্যাণে অঙ্গীকারবদ্ধ এবং আর্থিক ও অন্যান্য সীমাবদ্ধতার মধ্যে তারা নিরন্তর এই প্রয়াস চালিয়ে যাচ্ছেন। রাজ্যের দুঃস্থ জনসাধারণকে ত্রাণ-সাহায্য দানের উদ্দেশ্যে রাজ্যে এই সরকার ক্ষমতায় আসীন হওয়ার পরে শুধুমাত্র ত্রাণ বিভাগ তিন বৎসরে যে পরিমাণ অর্থ ব্যয় করেছেন তার বার্ষিক গড় হিসাব হল ২৫ কোটি ৩০ লক্ষ টাকা অথচ পূর্বতন সরকারের আমলে একই উদ্দেশ্যে ব্যয়িত তিন বৎসরের বার্ষিক গড় ব্যয়ের পরিমাণ ১১ কোটি ৭৫ লক্ষ টাকা। একটিমাত্র উদাহরণই আমার বক্তব্যের যৌক্তিকতা সম্বন্ধে যথেষ্ট বলেই মনে হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৮ সালের নজিরবিহীন বন্যার অব্যবহিত পরেই এই দীর্ঘস্থায়ী ও ব্যাপক খরা-পরিস্থিতির মোকাবিলা খুব সহজসাধ্য বিষয় না হলেও এই রাজ্যের সর্বস্তরের জনগণের অকুণ্ঠ সমর্থন ও অনমনীয় মনোবল এবং সর্বোপরি পঞ্চায়েত সংস্থাগুলির প্রশংসনীয় কর্মোদ্যম ও সরকারের বিভিন্ন স্তরে পারস্পপিক সহযোগিতার ফলেই অবস্থা কোন সময়েই আয়ত্বের বাইরে যেতে পারেনি। গতবারের বন্যার সময়ের মতো "কাসা", "ল্যুথেরাণ ওয়ার্ল্ড সারভিস" ইত্যাদি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলিও তাঁদের সহযোগিতার হাত প্রসারিত করে খরাত্রাণে এগিয়ে এসেছেন। এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই যে, বন্যা বা ঘুর্ণিঝড়ের পর ক্ষতিগ্রস্ত দুঃস্থ জনসাধারণের নিরাপদ আশ্রয়ের জন্য ত্রাণ বিভাগ 'ইউরোপিয়ান ইকনমিক কম্যুনিটি" প্রতিশ্রুতি আনুমানিক ৩ কোটি ৬০ লক্ষ টাকার আর্থিক সাহায্যে অধিক বন্যাপ্রবণ ১০টি জেলায় ১২০টি পাকা আশ্রয়শিবির গঠনের প্রকল্প ইতিমধ্যে রচনা করেছেন এবং প্রয়োজনীয় আর্থিক সাহায্য লাভের পরই এই প্রকল্প বাস্তবে রূপায়িত করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসামের সাম্প্রতিক ঘটনার ফলে জলপাইগুড়ি, কোচবিহার ইত্যাদি সীমান্তবর্তী জেলাগুলিতে আগত শরণার্থীদের সাময়িকভাবে আশ্রয়শিবিরে রেখে ত্রাণ সাহায্য ও চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। ২৯এ ফেব্রুয়ারি, ১৯৮০ তারিখ অবধি আলিপুরদুয়ার রেল স্টেশনে আগত শরণার্থীর সংখ্যা হল ২,৪৭৯ এবং ঐ তারিখ অবধি আশ্রয়শিবিরে আশ্রিত শরণার্থীর সংখ্যা ছিল ১,৯০৮। অন্যান্য আগত শরণার্থীরা হয় তাঁদের আত্মীয়-স্বজনের সঙ্গে আছেন বা অন্যত্র চলে গেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার বোধ হয় স্মরণ আছে যে পরিবর্তিত পরিস্থিতিতে একটি সুষ্ঠু জনকল্যাণমুখি ত্রাণনীতি রচনা ও বাস্তবে রূপায়ণের উদ্দেশ্যে বর্তমান "রিলিফ ম্যানুয়াল" সংশোধনের জন্য কার্যকর ব্যবস্থার কথা বিগত বাজেট অধিবেশনে উল্লেখ করেছিলাম। জনপ্রতিনিধিত্বমূলক বিভিন্ন সংস্থার দায়িত্বশীল ও অভিজ্ঞ সদস্যদের নিয়ে গত এক বৎসর হল একটি শক্তিশালী কমিটি গঠন করে এই কাজের সম্পূর্ণ দায়িত্ব ঐ কমিটিকে দেওয়া হয়েছে এবং এ বিষয়ে ইতিমধ্যে বিশেষ অগ্রগতি হয়েছে। আশাকরি আগামী আর্থিক বৎসর শেষ হওয়ার আগেই এই কাজ সম্পন্ন হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চলতি আর্থিক বৎসরে যে ব্যাপক ত্রাণব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা মাননীয় সদস্যগণের আন্তরিক সহযোগিতার ফলেই সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে একথা অনস্বীকার্য। আগামী বৎসরেও অনুরূপ সহযোগিতার আশা রেখে ১৯৮০-৮১ সালে উপরোক্ত খাতে ব্যয়বরাদ্দের প্রস্তাব অনুমোদনের অনুরোধ জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker** : All the cut motions are in order.

**Demand No. 44**

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1-

**Shri A.K.M. Hassan Uzzaman** : That the amount of the Demand be reduced by Rs.100.

**Demand No. 47**

**Shri Balailal Das Mahapatra** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100.

**Shri A.K.M. Hassan Uzzaman** : -do-

**Shri Sasabindu Bera** : -do-

[4-55—5-05 P.M.]

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা** : মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এই সভায় উপস্থিত করেছেন সেই দপ্তর এমন দুটা বিষয়কে কেন্দ্র করে যে বিষয়ের সঙ্গে মানবিক প্রশ্ন গভীরভাবে জড়িত। সুতরাং এই দপ্তরের জন্য যে অর্থ চাওয়া হয়েছে তার

বিরোধিতা করার কোন প্রশ্ন আসেনা। কিন্তু সেই সঙ্গে সঙ্গে এই দপ্তরের কাজ ঠিকভাবে চলছে কিনা, স্মরণার্থী উদ্বাস্তু যাঁরা এসেছেন তাঁদের সমস্যা সমাধান ঠিকভাবে হচ্ছে কিনা, প্রাকৃতিক বিপর্যয় যে সমস্ত মানুষ পড়েছে তাদের দুঃখ দুর্দশা মোচনের জন্য সঠিকভাবে কাজ হচ্ছে কিনা সে বিষয়ে আলোচনা করার প্রয়োজন আছে। উদ্বাস্তু সমস্যা সম্পর্কে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দেশ ভাগ হবার পর পূর্ববঙ্গ থেকে যে লক্ষ লক্ষ শরণার্থী পশ্চিমবাংলায় চলে এসেছিল তাদের সুষ্ঠু পুনর্বাসন আজ পর্যন্ত হয়নি। পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের জন্য কেন্দ্রীয় সরকার যে নীতি অনুসরণ করেছিলেন সেই নীতি যদি পুর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রেও অনুসরণ করতেন তাহলে এই সমস্যা অনেকখানি সমাধান হত এবং পশ্চিমবাংলায় অর্থনীতির উপর এই সমস্যার জন্য যে চাপ সৃষ্টি হয়েছে তা হত না। পশ্চিম পাকিস্তান থেকে উদ্বাস্তু যারা এসেছিল তারা সেখানে যেসব সম্পত্তি ছেড়ে এসেছিল তারজন্য ২৯২ কোটি টাকা ক্ষতিপূরণ এবং আরও কয়েকশো কোটি টাকা পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছিলেন, কিন্তু পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তুদের ক্ষেত্রে সেই ব্যবস্থা গ্রহণ না করার ফলে আজকে এই সমস্যা একটা বিরাট  সমস্যার সৃষ্টি করেছে এবং ৩৩ বছরেও তার সমাধান আমরা করতে পারিনি। রাধিকা বাবু উদ্বাস্তু দপ্তরের ভার গ্রহণ করার পর বলেছিলেন তিনি বোধহয় পশ্চিমবঙ্গের শেষ উদ্বাস্তু মন্ত্রী হবেন কিন্তু আজ তাঁর বাজেট বিবৃতি দেখে মনে হচ্ছে তাঁর সে আশা সফল হবেনা। কারণ এই সমস্যা পশ্চিমবাংলার কত গভীরে আছে সেটা এই সরকার এখন পর্যন্ত মূল্যায়ন করতে পারেননি। এঁরা একটা কমিটি গঠন করে তাঁদের বিভিন্ন তথ্য সংগ্রহ করার দায়িত্ব দিয়েছেন যার উপর ভিত্তি করে একটা পরিকল্পনা তৈরি করে কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করে টাকা চাওয়া হবে এবং তারপর এই সমস্যার সমাধান করা যাবে। কিন্তু এখন অবস্থা দেখে মনে হচ্ছে এই সমস্যা আরও দীর্ঘদিন ধরে আমাদের চালাতে হবে। সবচেয়ে দুঃখের বিষয় গত ৩ বছর ধরে এই সমস্যা কোন জায়গায় আছে তার সঠিক পর্যালোচনা করা সম্ভবপর হয়নি। যেটুকু তথ্য সংগ্রহ করেছি তাতে জেনেছি পূর্ববঙ্গ থেকে ৬০ লক্ষ উদ্বাস্তু এই দেশে এসেছিল, এর মধ্যে অর্ধেকের পুনর্বাসন হয়েছে, বাকি ৩০ লক্ষের পুনর্বাসন হয়নি। কোয়াটার্স কলোনী, সরকারি অনুমোদিত কলোনী, প্রাইভেট কলোনী ইত্যাদিতে লক্ষ লক্ষ উদ্বাস্তু বিভিন্ন অব্যবস্থার মধ্যে তাঁরা দিন কাটাচ্ছেন। যারজন্য একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে। এটা খুবই লজ্জার বিষয় যে এইরকম একটা ইনহিউম্যান অবস্থায় দিনের পর দিন বসবাস করছে। ১৯৭৯-৮০ সালের জন্য এই দপ্তরের ব্যয় বরাদ্দ ছিল ১২ কোটি ১০ লক্ষ টাকা! এবার চেয়েছেন ১৩ কোটি টাকা, কিন্তু এই সমস্যা সমাধানের জন্য যদি আরও টাকা চাইতেন তাহলে আমরা সেটা সানন্দে গ্রহণ করতে পারতাম। দেশ স্বাধীন হবার পর এই রাজ্যে স্থায়ীভাবে রিফিউজি টেকিং সেন্টারে পরিণত হয়েছে। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে দেশভাগ হলে পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু এসেছে, ১৯৭১ সালে বাংলাদেশ থেকে শরণার্থী এসেছে, বাংলাদেশের সঙ্গে চুক্তি হলে যে সমস্ত ছিট মহল পরিবর্তন করা হল সেই সমস্ত ভারতীয় ছিট মহল থেকে বারে বারে উদ্বাস্তু উত্তরবঙ্গে কুচবিহার, জলপাইগুড়ি ও শিলিগুড়িতে এসেছে, আবার সম্প্রতি দেখতে পাচ্ছি ভারতবর্ষের বিভিন্ন অঙ্গ রাজ্যে পুরুষানুক্রমে যারা বসবাস করছিলেন নাগরিকত্বের প্রশ্নে বিদেশি নাগরিক হিসাবে তারা সেখান থেকে বহিষ্কৃত হয়ে এখানে আসতে আরম্ভ করেছেন। আসামের নলবাড়ি মহকুমায় ত্রাণ শিবির থেকে পশ্চিমবাংলার আলিপুরদুয়ার ইত্যাদি

জায়গায় প্রায় ২৫০ জন শরণার্থী এসেছেন, বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের ফলে, অথচ তাঁরা সেখানে ৬০০ বছর ধরে বসবাস করছিলেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে কিছু কিছু প্রাদেশিকতার গন্ধ, চিন্তা-ধারা ছড়িয়ে পড়ছে যার পরিণাম ভয়াবহ হতে পারে। পূর্ববঙ্গ থেকে লক্ষ লক্ষ উদ্বাস্তু ভারতবর্ষে এসেছে, একথা মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করবেন যে ভারতবর্ষের উদ্বাস্তুরা এখন পর্যন্ত নাগরিকত্বের অধিকার পায়নি, সকলে ভোটাধিকারের অধিকার পায়নি। আসামে আজকে যে ঘটনা ঘটেছে যদি সেই হিসাবে উদ্বাস্তুদের সিটিজেনশিপ রাইট দিয়ে তাদের পুনর্বাসন না করা যায় তাহলে যেসব উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে বা অন্যান্য জায়গায় তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে সেইসব রাজ্যে কয়েক বছর বাদে দেখা যাবে একটা মুভমেন্ট শুরু হল ফরেন ন্যাশানাল সরিয়ে দাও। এই যদি পরিস্থিতি সারা ভারতবর্ষ ব্যাপি একসঙ্গে চলতে থাকে তাহলে পশ্চিমবঙ্গের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে? তাই বলতে পারি দেশ স্বাধীন হওয়ার পর থেকে পশ্চিমবঙ্গ একটা স্থায়িভাবে রিফিউজি টেকিং সেন্টারে রূপান্তরিত হয়েছে। এই সমস্যা সমাধান করার জন্য আমাদের চেষ্টা করা দরকার উদ্বাস্তুরা যাতে নাগরিক অধিকার পায়, ভোটিং রাইট যাতে পায় তারজন্য একটা ইউনিফর্ম রীতি অনুসরণ করা হোক। কিছু কিছু লোক সেই অধিকার পেয়েছে, কিছু কিছু লোক পায়নি, আজকে সমস্ত উদ্বাস্তুদের ক্ষেত্রে যাতে একই নীতি অনুসরণ করা যায় সেই দিকে লক্ষ করার প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে গতবার দণ্ডকারণ্য থেকে বহু উদ্বাস্তু পশ্চিমবঙ্গে চলে এসেছিল। তাদের মধ্যে একটা বড় অংশ মরিচঝাঁপিতে ছিল। আপনারা তাদের সেখানে বাস করতে দিলেন না, তাদের মরিচঝাঁপি থেকে দণ্ডকারণ্যে পাঠিয়ে দিলেন। দণ্ডকারণ্যে তারা কিভাবে পুনর্বাসন পেল সেটা দেখার দায়িত্ব কি পশ্চিমবঙ্গ সরকারের ছিলনা? আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের উদ্বাস্তু দপ্তরের কোন অফিসার বা মাননীয় মন্ত্রী মহাশয় একবারও সেখানে গিয়ে দেখলেন না যেসব উদ্বাস্তু মরিচঝাঁপিতে ছিল বা অন্যান্য জায়গায় ছিল তাদের জোর করে দণ্ডকারণ্যে ফেলতে দিলাম, তাদের পুনর্বাসন ঠিকমত হচ্ছে কিনা, দণ্ডকারণ্যে কর্তৃপক্ষের যেসব সুযোগ সুবিধা তাদের দেওয়ার কথা সেগুলি দিচ্ছে কিনা। সম্প্রতি দেখতে পাচ্ছি সেখানে উদ্বাস্তু এবং আদিবাসীদের মধ্যে একটা গণ্ডগোল বাঁধানোর জন্য কাজ করতে শুরু করেছে। উদ্বাস্তুদের যেসব আবাদী জমি দেওয়া হয়েছিল সেই আবাদী জমি আদিবাসীরা জবর দখল করে নিয়েছে। সংবাদপত্রের রিপোর্টে দেখলাম মালকান গিরিতে গ্রামের নাম এম.পি. ২৭নং, ২৮নং, সেখানকার সমস্ত জমি যেগুলি উদ্বাস্তুদের দেওয়া ছিল সেগুলি আদিবাসীরা জবর দখল করে নিয়েছে। সেখানে যে সেচের ব্যবস্থা সম্প্রসারিত করা হচ্ছে সেই সেচের সুযোগ এলে সেখানে ভাল ফসল হবে, সেজন্য উদ্বাস্তুদের সেই জমি থেকে বঞ্চিত করার চেষ্টা হচ্ছে। সেজন্য উদ্বাস্তু এবং আদিবাসীদের মধ্যে একটা বিরোধ দেখা দিতে চলেছে। এটা যদি হয় তাহলে আবার তা পশ্চিমবঙ্গের দিকে চলে আসবে, তার মানে পশ্চিমবঙ্গের ঘাড়ে আবার একটা বোঝা এসে পড়বে। মরিচঝাঁপি সম্পর্কে যা বলেছি তা পশ্চিমবঙ্গের জনসাধারণ জানে, এই হাউসে বার বার আলোচনা হয়েছে ভাল হয়েছে কি মন্দ হয়েছে। কিন্তু উদ্বাস্তু বলে যারা এল তাদের সম্পর্কে রাজ্য সরকারের যা করণীয় তা হচ্ছে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে।

[5-05—5-15 P.M.]

যাতে করে দন্ডকারণ্যে যে সমস্ত উদ্বাস্তুরা রয়েছে, তারা যাতে তাদের নাগরিকত্বের অধিকার নিয়ে মনুষ্যজনোচিত আচরণ পায় এবং সেইভাবে বসবাস করতে পারে, তার চেষ্টা করতে হবে। আমি যে কথা বলতে চাই আপনারা উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করুন, দন্ডকারণ্য কর্তৃপক্ষ অসহায়, তাদের জমি জবর দখল ব্যাপারটা মূলত আইন শৃঙ্খলার প্রশ্ন, এটা দন্ডকারণ্য কর্তৃপক্ষের কোন এক্তিয়ারে নেই, রাজ্য সরকার কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করছেন না, এইভাবে যদি চলে, উদ্বাস্তু সমস্যা পশ্চিমবঙ্গের উপর একটা কনস্ট্যান্ট লায়েবিলিটি হিসাবে দেখা দিতে পারে, সেজন্য পশ্চিম বাংলার অর্থনীতিকে যাতে চাঙ্গা করতে পারেন, মানবিক সমস্যার সমাধান করতে পারেন, সেটা ভেবে দেখতে হবে। এক দিকে উদ্বাস্তুদের পুনর্বাসন হচ্ছেনা, অন্য দিকে যেখানে উদ্বাস্তুরা নিজেদের প্রচেষ্টায় কেন্দ্রীয় সরকারের সাহায্যে পুনর্বাসনের সুযোগ তৈরি করতে হয়েছে, এই সরকারের আমলে সেখান থেকে উদ্বাস্তুদের তাড়িয়ে দিয়ে তাদের বাড়ি ঘর দখল করে নিয়েছে। বার্মা থেকে ১৫১টি বাঙালি পরিবার বেহালার নিকটে কালোয়াগ্রামে যেখানে কেন্দ্রীয় সরকার থেকে নিজেদের পুনর্বাসনের জন্য সাড়ে সাত লক্ষ টাকা ঋণ নিয়ে ৯১টি গৃহ তৈরি করেছে ৪৭ বিঘা জমির উপর—সব কয়টি ঘর এখনও তৈরি হয়নি, ইতিমধ্যে দেখা গেল, ১৯৭৮ সালের জুলাই মাসে হঠাৎ একদল অজ্ঞাত পরিচিত ব্যক্তি, জোর জবরদস্তি করে তাদের সেই সমস্ত ঘর ইত্যাদি দখল করে নিয়েছে, উদ্বাস্তুরা তখন প্রতিকারের জন্য আবেদন করেছে কিন্তু কোন প্রতিকার তারা পায়নি। ব্যাপার কি, এক দিকে উদ্বাস্তুরা পুনর্বাসন পায়নি, পশ্চিম বাংলার আইন শৃঙ্খলার পরিস্থিতি এমন হয়েছে যে উদ্বাস্তুদের হঠিয়ে দেওয়া হচ্ছে। এই যদি চলতে থাকেতো উদ্বাস্তুরা দাঁড়াবে কোথায়? ঘর তৈরি করেও ঘর পায়নি, যে ঋণ তারা নিয়েছে সেই ঋণ তাদের ঘাড়ে চেপে রইল, সেই ঋণ তাদের পরিশোধ করতে হবে, এই যে ব্যাপার এই সম্বন্ধে নিশ্চয়ই ভেবে চিন্তে দেখতে হবে। আপনি যে বাজেট গত বছর এনেছিলেন তাতে বলেছিলেন যে এক একটি ক্যাম্পে যে উদ্বাস্তু পরিবার রয়েছে, তাদের পুনর্বাসনের জন্য ঘর তৈরি করার অন্য এত টাকা দেওয়া হবে, জমিজমা কেনবার জন্য দু হাজার এবং ৫ হাজার দু ভাগে টাকা দেওয়া হবে এবং সাড়ে আট হাজার টাকা পর্যন্ত দেওয়া হবে, এইভাবে গত বছর বাজেটে বলেছিলেন যে আপনারা ৭৫০টি পরিবারকে এইভাবে পুনর্বাসন করবেন। এই বাজেটে আনুমানিক ৭০০ পরিবারকে পুনর্বাসন দেবার কথা ভাবছেন। আমি জানতে চাই গত বছর যে বাজেট পেশ করেছিলেন—যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে কতটি পরিবারের পুনর্বাসন করেছেন, কতটা অ্যাচিভ করতে পেরেছেন, সেটা আমাদের কাছে তুলে ধরলে আমাদের অনেকটা সুবিধা হত বুঝতে, কাজ কিভাবে এগুচ্ছে না এগুচ্ছে। কিন্তু সেদিকে আপনি লক্ষ্য দেননি। আর একটা সমস্যার প্রতি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে আমাদের পশ্চিম বাংলায়—উদ্বাস্তুদের কতকগুলি উৎপাদন কেন্দ্র রয়েছে, বিভিন্ন বিষয়ে উদ্বাস্তুদের প্রশিক্ষণ দেওয়া হত, পরবর্তীকালে যাতে তারা স্বনির্ভর হতে পারে। ১৯৫৫-৫৬ সালে যে সমস্ত কেন্দ্রে বিভিন্ন জিনিস উৎপন্ন হয়েছে, বাঁশের জিনিস, বেতের জিনিস, সুতো কাপড়ের জিনিস, গেঞ্জি ইত্যাদি জিনিস, এই সমস্ত জিনিস বিভিন্ন ডিপার্টমেন্টে এবং বাইরের লোকদের কাছে বিক্রি করার ব্যবস্থা ছিল। আমি শুনে অবাক হয়ে গেলাম যে সমস্ত জিনিস রিফিউজীরা তৈরি করেছে গত

২০ বছর ধরে, এই সমস্ত জিনিস প্রায় দেড় কোটি টাকা মূল্যের জিনিস ধারে বিক্রি করেছে বিভিন্ন দপ্তরে, সরকারি অফিসে, সেই টাকা তাঁরা দেননি এবং ১৯৭৮ সালের সেই টাকা আদায় করার জন্য তাগিদ দেওয়া হয়েছে।

যাতে টাকা তাড়াতাড়ি আদায় হয়, কিন্তু তাতে ফল ভাল হয়নি। বকেয়া টাকার এক দশমাংশ আদায় হবেনা, উদ্বাস্তুদের শ্রমে যে জিনিস তৈরি হচ্ছে তার এরকম অবস্থা হবে এবং তার যথাযথ হিসেব থাকবে না, আমি মনে করি এই জিনিস চলতে পারে না। আপনি যদি এগুলি বন্ধ না করেন তাহলে আপনার দপ্তরের উপযোগিতা সম্বন্ধে কোন আস্থা আসেনা। আমাদের পশ্চিমবাংলায় এই উদ্বাস্তু সমস্যা একটা বিরাট সমস্যা হিসেবে রয়েছে, এর সমাধান আমাদের করতেই হবে। আপনি আগে বলেছিলেন আপনারা ৫০০ কোটি টাকা চেয়েছেন ফাইনান্স কমিশনের কাছে, কিন্তু এখন বলছেন আমরা একটা রিভিউ কমিটি করেছি তারা সমস্ত সিচুয়েশন অ্যাসেস্ করে আমাদের কাছে রিপোর্ট দিলে আমরা সেই টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আনব। তাহলে গতবার ৫০০ কোটি টাকা কিভাবে চেয়েছিলেন? উদ্বাস্তুদের জায়গায় তাদের স্বত্ব দেবার ব্যাপারে আপনি বলেছিলেন, হয়ে গেছে। কিন্তু আমরা চাই যে সমস্ত উদ্বাস্তুরা বাড়িঘর করে রয়েছে তাদের যাতে সেই সমস্ত জমির উপর মালিকানা স্বত্ব দেওয়া হয় তার ব্যবস্থা করা দরকার। তারা যদি জমির উপর মালিকানা স্বত্ব পেত তাহলে তার উপর নির্ভর করে তারা অন্যান্য কিছু কিছু সুযোগ সুবিধা ব্যাংকের কাছ থেকে পেয়ে নিজেদের জীবনযাত্রা নির্বাহ করার ব্যবস্থা করতে পারত। আমি প্রস্তাব করছি আপনি বিধানসভার সদস্যদের নিয়ে ছোট একটা কমিটি করুন এবং তাঁরা সমস্ত কিছু পর্যালোচনা করে আপনার কাছে রিপোর্ট দেবেন। এবারে আমি ত্রাণ দপ্তরের কাজকর্ম সম্বন্ধে কিছু বলব। প্রাকৃতিক বিপর্যয় যে সমস্ত মানুষ ক্ষতিগ্রস্ত হয় এবং তাদের জন্য যে টাকা বরাদ্দ করা হয় আমরা সম্পূর্ণ রূপে তাকে সমর্থন করি কারণ এটা মানবিক কাজে খরচ করা হয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলব, এই ত্রাণ সামগ্রী যাদের জন্য বরাদ্দ করা হয় তাদের কাছে সেটা সবসময় যথাযথভাবে বিতরণ করা হয়না এবং যেটাও বিতরণ করার কথা বলা হচ্ছে সেটা সত্যিসত্যি বিতরণ করা হচ্ছে কিনা সেটা দেখার কোন ব্যবস্থা নেই। যাদের কাছে এটা বিতরণ করা হচ্ছে তাদের কাছে মাস্টার রোল আছে কিনা সেটাও ভালভাবে দেখা দরকার। আমরা জানি ভুয়ো মাস্টার রোল, ভুল মাস্টার রোল করে অনেক অর্থের অপচয় হয়েছে। গত বন্যায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের যে হাউস বিল্ডিং লোন এবং গ্রান্ট দেওয়া হয়েছে তাতে কথা ছিল তার একটা তালিকা পঞ্চায়েত অফিসে টাঙিয়ে রাখা হবে। কিন্তু আমরা দেখলাম তারা সেটা টাঙিয়ে রাখেনি। আমার বক্তব্য হচ্ছে ত্রাণ বিতরণের ক্ষেত্রে যাতে কোন রকম দুর্নীতি না হয় সেই ব্যবস্থা আপনি করুন। আমরা বিভিন্ন সময় মেনশন-এর মাধ্যমে এই বিধানসভায় ত্রাণ বিতরণ সম্পর্কে বক্তব্য রেখেছি, আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। আমি আশা করি আপনি এই ব্যাপারে দৃষ্টি দেবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ননী কর:** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ এবং ত্রাণ বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন আমি শুরুতেই তাকে সমর্থন করছি, অভিনন্দিত করছি। উদ্বাস্তু বিভাগ ওঁরা তুলে দেবেন ঠিক করেছিলেন এবং তাঁরা ওঁদের মুখ্যমন্ত্রীকে দিয়ে কলকাতার লায়েলকা মাঠে ঘোষণা করলেন যে উদ্বাস্তু সমস্যার

সমাধান হয়ে গেছে। ওঁরা উদ্বাস্তুদের নাম কেটে দিয়ে বললেন এরা হচ্ছে পিছিয়ে পড়া মানুষ। কিন্তু আমি দেখলাম এই বিভাগ আজকে কিছু কিছু কর্মকান্ড নতুন করে শুরু করেছে।

[5-15—5-25 P.M.]

এইটা শুধু আমি বলছি না, বিরোধী পক্ষের অন্যতম নেতাও এটাকে যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে মনে করেছেন। এইটা যে তিনি বুঝতে পেরেছেন সেজন্য তাঁকে আমি অভিনন্দিত করতে চাই। এইটা কংগ্রেস (আই) এর তরফ থেকে উত্তর দেওয়া দরকার বা তাদের আগে যারা ছিলেন তাদের তরফ থেকে উত্তর দেওয়ার প্রয়োজন আছে যে উদ্বাস্তু সমস্যাকে এত জটিল থেকে জটিলতর করা হল কেন। এইটা যে এই রকম হয়েছে এইটা যে এইভাবে পশ্চিমবঙ্গের ঘাড়ে চাপান হয়েছে এইভাবে—এইটা বলতে পারেন কেন? আমি বলতে চাই এই সমস্যাকে ৩১ বছর ধরে জিইয়ে রেখে সমস্যাকে জটিল করেছেন, অসুবিধা করেছেন, লোকের কষ্ট বাড়িয়েছেন এবং আজকে এর সমাধান অনেক কষ্টকর হয়েছে। ওঁরা অনেক আগে থেকে ১৯৬০ সাল থেকে বলতে শুরু করেছিলেন, এটা রেসিডিউয়ারী সমস্যা। অতএব তার সমাধান হবে—অল্প সময়ে করতে হবে। এই দৃষ্টিভঙ্গি ছিল বলে কি অবস্থা হয়েছে আমি তার একটা উদাহরণ দিয়ে বলতে চাই। পশ্চিমবঙ্গের জবর দখল কলোনীর যে সমস্ত উদ্বাস্তু সরকার জমি দিল না বলে যারা নিজেরা জায়গা দখল করে যে কলোনীগুলো গড়ে তুললো ১৯৫৮-৫৯ সালের হিসাবে সেই কলোনীর সংখ্যা হবে ১৪৯। আর আজকে এখন যে হিসাব তাতে কলোনীর সংখ্যা প্রায় ৯শো। কেন এই রকম হল? উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যদি এরা জমি দিতেন, যদি উদ্বাস্তুদের জন্য কোন ব্যবস্থা করা হত, তাহলে তাদের নিজেদের চেষ্টায়, নিজেদের হাতে আইন তুলে নেওয়ার দরকার হত না, তাদের জমি দখল করতে হত না। শুধু সেখানেই শেষ নয়। এই ব্যবস্থায় কলোনীর যে অবস্থা কেন্দ্রীয় সরকার—শুধু কংগ্রেস সরকার নয়, পরবর্তী কেন্দ্র জনতা সরকারও শুধু ওই ১৪৯টা কলোনীকে স্বীকার করতে রাজি হয়েছিলেন। বলেছিলেন, তাদের স্বীকৃতি হবে, তাদের জন্য কিছু ব্যবস্থা হবে। সেইসব জমি অ্যাকুইজিশন হবে, তারা প্লট পাবেন। অনেক চেষ্টার পরে জনতা সরকারকে যখন সবটা বোঝানো গেল না, কিছুটা বোঝানো গেল, তারা শেষ সময়ে স্বীকার করলেন যে আরও ১৭৫টা মতো জবর দখল কলোনীকে স্বীকৃতি দেওয়া যাবে বা স্বীকৃতি দিতে রাজি হলেন। এইটা বোধ হয় কংগ্রেস (আই) সদস্যরা জানেন না। এইটা হয়েছে এই মন্ত্রী মহাশয় আসার পরে। কিন্তু সেখানে বাকি যে কলোনীগুলো থাকলো সেগুলো সম্পর্কে কি হবে? জবরদখল কলোনীতে শুধু প্লট দেওয়ার প্রশ্নই নয়, উন্নয়নের প্রশ্নও আছে, যারা পরে জবর দখল করেছিলেন তাদের স্বীকৃতির প্রশ্ন আছে। এটা শুধু গ্রামে নয়, শহরেও আছে। পশ্চিমবঙ্গে এই বিভাগ ভূমি রাজস্ব বিভাগের সঙ্গে পরামর্শ করে ঠিক করেছেন সরকারের ভূমি রাজস্ব বিভাগের যে জমি আছে সেই সমস্ত জমিতে যারা বসে আছেন সেখানে তাদের পুনর্বাসন দিয়ে রেগুলারাইজেশন করতে হবে। কিন্তু যে জমি অন্যত্র বেসরকারি জমির মালিক যারা সেইগুলো অ্যাকুইজেশন করতে গেলে কি হবে। এখন অ্যাকুইজেশন করার সমস্যা অনেক। যে জমি দাম ছিল দুশো কি আড়াইশো টাকা, সেটা এখন তিন হাজার, চার হাজার হয়ে দাঁড়িয়েছে। অর্থাৎ জবর দখল কলোনীগুলো যেগুলো আছে সেগুলো রেগুলারাইজ করার ক্ষেত্রে

এত দেরি করার জন্য এবং এখনও পর্যন্ত সবগুলো স্বীকৃতি না দেওয়ার জন্য এইসব অসুবিধা হয়েছে। আমি রাধিকাবাবুকে অনুরোধ করবো, তিনি জবর দখল কলোনীর স্বীকৃতি দেওয়ার ব্যাপারে কলোনীগুলোর মধ্যে বিভিন্ন প্লটে যে সমস্ত কো-অপরেটিভ জবরদখল কলোনী আছে তাদের স্বীকৃতি দেওয়ার ব্যাপারে তাদের রেগুলারাইজেশন করার ব্যাপারে চিন্তা করুন।

একথা বলা দরকার অতীতে নিয়ম হয়েছিল যদি কোন প্লট রেগুলারাইজ করতে হয়, কাউকে প্লট অ্যালট করতে হয় তাহলে জমির দাম দিতে হবে। উদ্বাস্তুদের জমি দেবেন, তাদের কিছু টাকা দেবেন কিন্তু তাদের প্লট দিতে হলেই টাকা দিতে হবে এটা একটা অদ্ভুত ব্যাপার। আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি কারণ তিনি এই ব্যবস্থা করেছেন যে, আজকে কোন রিফিউজিকে প্লট দিতে হলে, আজকে স্কোয়াটারকে রেগুলারাইজ করতে হলে তার আর প্লটের জন্য দাম দিতে হবে না। মন্ত্রী মহাশয়ের এই কাজের জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং আমি আশাকরি কংগ্রেস বন্ধুরাও তাঁকে ধন্যবাদ দেবেন। কথা ছিল জবরদখল কলোনীগুলিকে শুধু স্বীকৃতি দেবেন তাই নয়, স্বাভাবিক পৌর জীবনের যে সমস্ত সুযোগ সুবিধা আছে, ইলেকট্রিক কানেকশন ইত্যাদি সব কিছুর ব্যবস্থা করা হবে। অতীতে ব্যবস্থা ছিল তারা ইলেকট্রিক কানেকশন পাবে না। নো অবজেকশন সার্টিফিকেট দিতে হবে এরকম একটা নিয়ম ছিল। কিন্তু এই সরকার আসার পর ঠিক হয়েছে উদ্বাস্তু যারা বাংগাল ভাষায় কথা বলে তারা দরখাস্ত করলে ইলেকট্রিক কানেকশন পাবে। তবে শুধু উদ্বাস্তুদের বাড়িতেই ইলেকট্রিক কানেকশন দেবার ব্যবস্থা হয়নি, তারা যদি ছোটখাট মেশিন চালায় সেইজন্যও সরকার বিদ্যুতের ব্যবস্থা করেছেন। এই ব্যবস্থা করার জন্য আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। যে সমস্ত সরকারি কলোনী তৈরি হয়েছে তার ডেভেলপমেন্ট কমপ্লিট হয়নি। ডেভেলপমেন্ট করার ব্যাপারে যে ব্যবস্থা ছিল তাতে দেখছি সরকারের কতগুলি ডেভেলপমেন্ট এজেন্সী ছিল, যেমন পি ডবলিউ ডি, কনস্ট্রাকশন বোর্ড, পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, সি এম ডি এ তারা তেমন কিছু ব্যবস্থা করেনি এবং তাদের এই না করার মধ্যে অন্য কারণ থাকতে পারে। বাজারে দাম বাড়ার ফলে যে পরিমাণে ডেভেলপমেন্ট হবার কথা ছিল সেটা হয়নি এবং এই জিনিস কংগ্রেস সরকারের আমলে দেখেছি এবং জনতা সরকারের আমলেও দেখেছি। আজকে জিনিসপত্রের দাম বেড়েছে কিন্তু ডেভেলপমেন্টের দাম বাড়েনি। ডেভেলপমেন্ট হচ্ছেনা বলে ওঁরা বলতেন, কিন্তু আজকে এই ডেভেলপমেন্টের ক্ষেত্রে নতুন গতিবেগ দেখছি। ৪টি মিউনিসিপ্যালিটিকে ভার দেওয়া হয়েছে যে তারাও ডেভেলপমেন্ট করবে এবং তার জন্য পরিকল্পনা হচ্ছে। তবে এ ব্যাপারে যে টাকার প্রশ্ন আছে সেটা আপনারা সকলেই স্বীকার করবেন। মন্ত্রী মহাশয় বলেছেন, কেন্দ্রীয় সরকার সেই টাকা দিতে চাননা। আমি অনুরোধ করছি সেই টাকা আদায় করবার জন্য আমাদের পুনর্বাসন মন্ত্রীকে সকলে সাহায্য করুন, কেন্দ্রীয় সরকার যাতে টাকা দেয় তার জন্য তাদের চাপ দিন। আমরা দেখছি টাকার অভাবে ডেভেলপমেন্ট-এর কাজ বন্ধ হয়ে যাচ্ছে। বিরোধী দলের বন্ধু বলেছেন, গতবার বলেছিলেন ৭১৫ দেবেন এবং এবারেও বলছেন ৭১৫ দেবেন—তাহলে হল কি? স্যার, আগে বলা হয়েছিল মেয়ে পুনর্বসতি পাবে না, সংসার না থাকলে পুনর্বসতি পাবে না, ৪৫ বছর বয়স হয়ে গেলে আর পুনর্বসতি পাবে না। এখন কথা হল যার বয়স ছিল তখন

৩০ বছর এই ২৫ বছর পর তার বয়স তো বাড়বেই। তাছাড়া এতগুলো বছরের মধ্যে অনেকে মরে গেছে এবং তাদের পুনর্বাসন হয়নি। কিন্তু এই সরকার আসার পর এই ব্যাপারে রিল্যাকসেশন হয়েছে। এখন পুনর্বসতির ক্ষেত্রে ঘর তৈরি করবার জন্য ২ হাজার টাকা দেওয়া হচ্ছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে আজকে একটা পায়খানা ২ হাজার টাকায় করা যাচ্ছে না, তাহলে ঘর, রান্নাঘর ইত্যাদি তারা ওই ২ হাজার টাকায় কি করে করবে?

[5-25—5-35 P.M.]

এটা সুখের কথা যে এই সরকার আজকে সেই টাকা বাড়াবার জন্য চেষ্টা করছেন। সমস্যা অনেক আছে—সমস্যা কম নয়। এক্স-সাইট ক্যাম্প যেখানে ক্যাম্প ছিল—আমি দুটির নাম পর্যন্ত করতে পারি—বাগজোলা, সেখানে হাজার হাজার পরিবার বাস করতেন, আজকে সেখান থেকে তারা যেহেতু বাংলাদেশের বাইরে যায়নি সেইহেতু তাদের নাম কেটে দেওয়া হয়েছে অথচ তারা সেখানে থাকছে। আজকে তাদের পুনর্বাসনের জন্য যে জমির দরকার সেখানে অতীতে জমি অ্যাকুইজিশন পর্যন্ত করা হয়নি, এখন তো টাকায় কুলাচ্ছে না। তারপর ঐ কুপার্স ক্যাম্প—সেখানকার সমস্যা তো বিশাল হয়ে আছে। আজকে সেই কারণে এই সমস্ত ক্যাম্পে যে সব উদ্বাস্তু ভাইরা এখনও আছেন তাদের জন্য ব্যবস্থা করতে হবে। এই প্রসঙ্গে আরো বলতে চাই লোন রেমিশন স্কীম যেটা চালু হয়েছে এবং তার জন্য যে নো লোন সার্টিফিকেট দেওয়া চালু হয়েছে সে সম্পর্কে। নিশ্চয় এতে গ্রামাঞ্চলের এবং শহরাঞ্চলের উদ্বাস্তুরা দারুণভাবে উপকৃত হবেন কারণ তারা আজকে নো লোন সার্টিফিকেট পেলে অন্য জায়গা থেকে ঋণ পেতে পারবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই লোন রেমিশন স্কীম আজকে এটাতে এখনও পর্যন্ত টাইপ লোন রেমিশন হল না। আমি যে অঞ্চল থেকে এসেছি সেই হাবড়ার যে বিল্ট হাউস স্কীম সেটা ঋণ কি ঋণ নয় এত বছরেও কেন্দ্রীয় সরকার সে সম্পর্কে সিদ্ধান্ত করতে পারলেন না। আজকে সুখের কথা, রাজ্য সরকার বলেছেন, কেন্দ্রের কাছে রেকমেন্ড করেছেন এবং কেন্দ্রীয় সরকারের—জনতা সরকারের যিনি মন্ত্রী ছিলেন—তিনি আমাকে চিঠিও লিখেছিলেন যে না, রাজ্য সরকার তার ব্যবস্থা করতে পারবেন। কিন্তু স্যার, এই প্রসঙ্গে বলি, আজ পর্যন্ত চেষ্টা করেও সরকারি অফিসারের যে চিঠি যা না হলে গভর্নমেন্ট অর্ডার হয়না তা আদায় করা যাচ্ছে না। তারপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এরপর আর একটি প্রশ্নে যেতে চাই। স্যার, আপনি জানেন, আমাদের এখানে ১৩০টি ছিটমহল আছে কোচবিহারের পাশে। সেই ছিটমহলের রিফিউজি কত হবে তা কেউ বলতে পারে না। ঐ ১৩০ যে ছিটমহল আছে সেখানে ১৯৫১ সালে যে সেনসাস হয়েছিল তাতে কত লোক সেখানে আছে সেই সেনসাস রিপোর্ট কুচবিহারে পুড়ে গিয়েছে, কাজেই আজকে কেউ বলতে পারেন না সেই সমস্ত ছিটমহলে কত লোক আছেন। ছিটমহলগুলির লোকরা এলে পরে তাদের পুনর্বাসনের জন্য ১২।। হাজার টাকা করে দেবার ব্যবস্থা আছে। কত আসবে আমরা জানি না কিন্তু আমি বলব, এই ছিটমহল তা যদি পশ্চিমবঙ্গের অংশ হয় তাহলেও তার সঙ্গে পশ্চিমবঙ্গের কোন যোগাযোগ নেই, সেখানে কোন পঞ্চায়েত নেই, কিছুই নেই। ঐ ছিটমহলগুলি রাজনৈতিকভাবে, ভৌগলিকভাবে আমরা বলি, সেটা পশ্চিমবাংলার অংশ, তাদের লোকরা এলে নিশ্চয় বেশি করে টাকা দিতে হবে কিন্তু ১৯৭১ সালের পর যারা রিফিউজি হয়ে এসেছেন তাদের কি হবে? আজকে আসামে যে প্রশ্ন উঠেছে—নাগরিকদের তাড়াবার যে প্রশ্ন উঠেছে, পশ্চিম বাংলাতেও সেই প্রশ্ন উঠবে। কেন্দ্রীয় সরকার বলেছেন,

১৯৭১ সালের পর যারা এসেছেন তারা উদ্বাস্তু হিসাবে স্বীকৃতি পাবেন না। স্যার, বর্মা থেকে, পাকিস্থান থেকে উদ্বাস্তুরা এলে তারা উদ্বাস্তু হতে পারবে কিন্তু বাংলাদেশ থেকে উদ্বাস্তুরা এলে তারা উদ্বাস্তু হবেন না এটা কেন? কথা তোলা হয় যে মুজিব-ইন্দিরার চুক্তি ছিল এবং তারজন্য ঠিক হয়েছিল লোককে আর আসতে হবে না, তার আগে সাকসেনা সাহেব বলেছিলেন, পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু যারা আসবে তাদের শুধু সামান্য রিলিফ দেওয়া প্রয়োজন, সেটা তিনি ১৯৫০ সালে বলেছিলেন। কিন্তু ১৯৫০ সাল চলে গিয়েছে তারপরেও ক্যাম্প খুলতে হয়েছে, কলোনী করতে হয়েছে, টাকা দিতে হয়েছে। তারপর আসুন নেহেরু-লিকায়ত চুক্তির কথায়। সেখানেও আমরা দেখেছি, একই কথা বলা হয়েছিল যে আর রিফিউজি আসবে না কিন্তু আমরা দেখেছি, রিফিউজি এসেছে। স্যার, আজকে এটা বাস্তব সত্য যে ১৯৭১ সালের পর যারা এসেছেন তারা থেকে গিয়েছেন, যাচ্ছেন না। তাদের নাগরিক অধিকার, তাদের পুনর্বাসনের ব্যবস্থা ইত্যাদির ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এই ব্যাপারটি কেন্দ্রের কাছে তুলুন, কারণ কেন্দ্রকে এ ব্যাপারটা সম্বন্ধে জানানোর প্রয়োজন আছে। আজকে আমি মনে করি এই উদ্বাস্তুদের ব্যাপারটা জাতীয় পর্যায়ে নিয়ে যাবার চেষ্টা করতে হবে। পরিশেষে স্যার, আমি শুধু এইটুকু বলতে চাই যে, উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ যে রিহ্যাবিলিটেশন কমিটি করেছেন সেখানে একথাটা স্বীকার করা ভাল যে অতীতে কখনও পুনর্বাসনের জন্য কি প্রয়োজন তার জন্য কিছু ঠিক করা হয়নি। কিন্তু সেই হিসাব আমরা জানি এবং জানি বলেই আমরা মনে করেছি যে ৫০০ কোটি টাকা দরকার। তাই আমরা ৫০০ কোটি টাকা দাবি করেছি। এর জন্য কি করে কি করা যাবে তার জন্য আমরা সকলে মিলে পশ্চিমবাংলার এই অবস্থার কথা সেখানে তুলে ধরে তার একটা ব্যবস্থা করা দরকার। আজকে পশ্চিমবাংলার উদ্বাস্তু সমস্যার সমাধান না হলে পশ্চিমবাংলার অন্যান্য সমস্যার সমাধান করা যাবে না। আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে মাননীয় মন্ত্রী মহাশয় যে রিলিফ বিভাগের যে ব্যয় বরাদ্দ এখানে এনেছেন সেটাও সমর্থন করতে গিয়ে আমি শুধু একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে নির্বাচনের সময় ওঁরা বলেছিলেন এটা বামফ্রন্ট নয় এটা হচ্ছে গম ফ্রন্ট। সত্যি সত্যিই এতবড় একটা ভীষণ বন্যা আবার অপর দিকে খরা তার মোকাবিলা করতে গিয়ে আমরা গরিব মানুষকে গম দিতে পেরেছি, হাজার হাজার মানুষের কাজের ব্যবস্থা হয়েছে হাজার হাজার মানুষের ত্রাণের ব্যবস্থা করতে আমরা পেরেছি। সত্যি সত্যিই আমরা গরিব মানুষকে গম দিতে পেরেছি এবং তাতে যে আমাদের গম ফ্রন্ট বলা হচ্ছে এর জন্য আমি বামফ্রন্ট সরকারকে ধন্যবাদ জানাচ্ছি।

[5-35—5-45 P.M.]

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী রাধিকারঞ্জন ব্যানার্জি মহাশয় ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন। তিনি ৪৭ নং দাবি উত্থাপন করতে গিয়ে বলেছেন তিনি নাকি অনেক কাজ করেছেন। ন্যাচারাল ক্যালামিটি অর্থাৎ আমাদের পশ্চিমবাংলায় যে ভয়াবহ বন্যা এসেছে যে দুর্বিসহ খরা এসেছে তার তিনি মোকাবিলা করতে পেরেছেন বলে তিনি উৎসাহিত হয়েছেন গর্ব অনুভব করেছেন। স্যার, আপনি জানেন যে দুটি দপ্তর আছে একটি হচ্ছে পঞ্চায়েত দপ্তর যার মন্ত্রী হচ্ছে দেবব্রত বন্দ্যোপাধ্যায় যিনি আমার জেলার লোক আর একটি ত্রাণ দপ্তর যেটা

রাধিকাবাবুর দপ্তর, এই দুটি দপ্তর হচ্ছে, যত কারচুপি দুর্নীতির আছে, সেই সবই এই দুটি দপ্তরে আছে। রাধিকাবাবুর দপ্তরের বরাদ্দের টাকা সব সি.পি.এম-এর লোকরা পাক তাতে আর কি কিন্তু পঞ্চায়েত দপ্তরের বরাদ্দের টাকা থেকে যেন সি.পি.এম-এর ক্যাডাররা যেন বঞ্চিত না হয় এটা দেখবেন। তাদের যেন জুড়ে দেওয়া হয়। যা হোক বর্তমান অবস্থায় কিরকম ধরনের দুর্নীতি চলছে সে সম্বন্ধে কিছু বলব। কিছু দিন আগে ১৯৭১ সালে বন্যা হল এবং সে সময়ে মুর্শিদাবাদ জেলার কাঁদি অঞ্চলেও বন্যা হয়েছিল। আমাদের ওখানে গম এসেছিল এবং সেই গম নিয়ে কিরকম দুর্নীতি হয়েছিল সেটা আমি শুধু বলিনা ওখানকার সবাই তা জানে। আমি কংগ্রেস আই দলের এম.এল.এ আমি বললেন হয়তো আপনারা উড়িয়ে দেবেন। কিন্তু আপনাদের শরিক দল আর এস.পি. দলের বিশিষ্ট মাননীয় সদস্য তিনি ক্ষোভের সঙ্গে বলেছেন কিরকম দুর্নীতি হয়েছে। ১ কুইন্টাল গম ৭।৮ মাইল রাস্তায় আসতে ৫০ কে. জি. হয়ে গেল। কিভাবে মাল যে লোপাট তা তিনি জানতেন এবং তিনি একটা মিটিংয়েও বলেছিলেন যে এই ধরনের দুর্নীতি হয়েছে। এরজন্য আপনি যদি গর্ব অনুভব করেন তো করতে পারেন। তারপর দেখা গেল নির্বাচনের প্রাক্কালে সব রিলিফ দেওয়া জি.আর দেওয়া শুরু হয়ে গেল কিছু কিছু সব পার্টি ক্যাডারদের ঘরেও গেল। কিন্তু যেই মাত্র নির্বাচন শেষ হয়ে গেল আর সেখানে জি.আর গেলনা। মন্ত্রী মহাশয় গর্বভরে বলছেন যে বিগত সরকার ত্রাণ কার্যকম করেছেন। বিগত সরকার ত্রাণ খাতে ১১ কোটি ৭৫ লক্ষ টাকা খরচ করেছিল আর আপনার সেখানে ২৫ কোটি ৩০ লক্ষ টাকা খরচ বরাদ্দ করেছেন। প্রায় দ্বিগুণ হয়ে গেছে। আর এই টাকা নিয়ে আপনারা কি করছেন? পার্টি ফান্ডের টাকা বাড়াচ্ছেন যাতে সামনের নির্বাচনে আপনারা ভাল করে লড়তে পারেন। আর একটা জিনিস ৬ই জানুয়ারি লোকসভার নির্বাচন হয়ে গেল তখন দেখা গেল হাজার হাজার বস্তা গম চাল সব বিলি হল তার পরদিন সব বন্ধ হয়ে গেল আর মার্চ মাস চলছে সেখানে আর জি. আর. যায়না। আবার যখন নির্বাচন আসবে তখন আবার দেওয়া হবে। এবং এইভাবে কারচুপি চলছে। তাই এই দাবিকে সমর্থন করা যায়না। মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া ব্লকের এক গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি একদিন আমার কাছে এসে বলছে আমি আর চাকুরি করতে পারছি না কাজ করতে পারছিনা। কেননা এই ধরনের দুর্নীতি দেখা যায়না। কোথা থেকে সব জি.আর. বিলি হয়ে যাচ্ছে ভাগবাটোয়ারা হয়ে যাচ্ছে। কথা হচ্ছে রিলিফের ব্যাপারে, ত্রাণের ব্যাপারে ব্যাপক কারচুপি হয়েছে। তিনি ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন এবং রিলিফ ম্যানুয়াল যেটা আছে, সেটা তার পছন্দ নয়, সেটা তিনি পরিবর্তন করতে চাইছেন। তিনি নিশ্চয়ই পরিবর্তন করবেন। তার যে মূল উদ্দেশ্য বেকার ভাতা দেওয়া সেই ব্যাপারে রিলিফ ম্যানুয়ালে অসুবিধা আছে, সেটা তিনি দুর করতে চাইবেন। আর একটি কথা এই সম্পর্কে আমি তাকে বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এম.এল.এ'দের কাছে কিছু ক্লথিং বিলি করার জন্য দেওয়া হয়েছে। শাড়ি, ধুতি, প্যান্ট আর জামা এগুলি বিলি করার জন্য দেওয়া হয়েছে। আমি আপনাকে একটা প্যান্টের নমুনা দেখাচ্ছি যে কি ধরনের জিনিস দেওয়া হয়েছে। এই হচ্ছে প্যান্টের নমুনা। (এই সময়ে একটা লাল প্যান্টের কাপড় তুলে ধরে) এর রঙটা লাল ঠিক রেখেছেন কিন্তু বস্তু বলে কিছু নেই। আমার সন্দেহ হয় এটা কাগজের তৈরি কিনা। এর ওজন ৫ থেকে ৭ গ্রামের মত। এটা যদি জলে ফেলে দেওয়া যায় তাহলে বোধ হয়

ভ্যানিস হয়ে যাবে। এটাকে ভাঁজ করলে মনে হয় দেশলাইয়ের বাক্সে ঢুকে যাবে। এটা ঠিক ঢাকার মসলিনের মত। কাজেই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এই ধরনের নিকৃষ্ট ধরনের জামা, প্যান্ট যাতে বিলি করার জন্য না দেন। এগুলি যদি আমরা লোককে দিই তাহলে তারা আমাদের সম্পর্কে কি ভাবছেন? এর দাম ২৫ থেকে ৫০ পয়সার বেশি হবেনা। এগুলি গরিব মানুষের মধ্যে বিলি করে কি লাভ হচ্ছে আমি জানিনা। কাজেই আমি অনুরোধ করব যে এই ধরনের নিকৃষ্ট মানের জিনিস যেন ভবিষ্যতে না দেওয়া হয়।

এরপর আমি ৪৪নং দাবির পরিপ্রেক্ষিতে দু-একটি কথা বলব। স্যার, এই দাবী সম্পর্কে আপনি জানেন বামফ্রন্টের শরিক দলগুলি বিভিন্ন সময়ে বিভিন্ন বক্তব্য রেখেছে। বিগত সরকারের সময়ে, বিগত ৩০ বছরে পূর্ববঙ্গ থেকে লক্ষ লক্ষ মানুষ বঞ্চিত হয়ে নিপীড়িত হয়ে পশ্চিমবঙ্গে এসেছিলেন। তখন এঁরা তাঁদের খুবই দরদের সঙ্গে বলেছিলেন যে, তোমাদের জন্য পশ্চিমবঙ্গেই পুনর্বাসনের ব্যবস্থা হওয়া সম্ভব, কিন্তু ভারত সরকার তা হতে দিচ্ছেন না। সেই সময়ে দক্ষিণ কলিকাতার টালিগঞ্জ অঞ্চলে তাঁদের ৯৯ বছরের লিজ হিসাবে জমি বন্টন করা হয়েছিল। তখন বামফ্রন্টের বিভিন্ন দলের পক্ষ থেকে বলা হত যে, আপনারা লিজ হিসাবে জমি নেবেন না, জমির মালিকানা দিলেই তবে নেবেন। এইরকম ভাবে নানারকম কথা বলে তখন তাঁদের বিভ্রান্ত করা হত। এঁদের সেই দরদ যে কতটা প্রকৃত ছিল তা আমরা গত বছর মরিচঝাঁপির কাহিনী থেকেই দেখতে পেলাম। ইতিপূর্বে, বিগত সরকারের আমলে বামফ্রন্টের অনেক সদস্য দন্ডকারণ্যে গিয়ে উদ্বাস্তুদের বোঝাতেন যে, আমরা পশ্চিমবাংলায় যদি কখনো ক্ষমতায় আসি তাহলে আপনাদের আর দন্ডাকারণ্যে থাকতে হবেনা, আমরা আপনাদের পশ্চিমবঙ্গেই পুনর্বাসনের ব্যবস্থা করে দেব। তারপর দীর্ঘদিন পরে ঐতিহাসিক কারণে বিভিন্ন চক্রান্তের ফলে বামফ্রন্টের শরিক দলগুলি পশ্চিমবঙ্গের ক্ষমতায় এসেছেন। ফলে দন্ডাকারণ্যের উদ্বাস্তুরা আশান্বিত হয়ে সরকারি সাহায্য ছাড়াই নিজেরা অনেক কষ্ট করে মরিচঝাঁপিতে এসে পুনর্বাসনের ব্যবস্থা করেছিলেন। কিন্তু বামফ্রন্ট সরকার তাঁদের বাধা দিলেন, জোর করে দন্ডকারণ্যে ফিরিয়ে দিলেন। সুতরাং এটা আজকে প্রমাণ হয়ে গেছে যে, আপনারা ৩০ বছর ধরে তাঁদের মিথ্যা প্রলোভন দেখিয়ে এসেছিলেন, প্রকৃত সাহায্যের যখন প্রয়োজন হল তখন তাঁদের সাহায্য করেননি। সুতরাং এটা পরিষ্কার বোঝা যাচ্ছে যে, উদ্বাস্তুরা বুঝতে পেরে গেছেন এই বামফ্রন্ট সরকারের আমলে তাঁদের জন্য কিছুই হবেনা। এটা সত্যি কথা যে, কংগ্রেস উদ্বাস্তু ভাইদের সমস্ত সমস্যা মেটাতে পারেনি। কিন্তু তবুও তাঁরা অনেক কিছু করবার চেষ্টা করেছিলেন। কিন্তু বামফ্রন্ট সরকারের নেতারা আজকে কি করলেন? তাঁদের সামান্য সহানুভূতিটুকু পর্যন্ত দেখাতে পারলেন না। মরিচঝাঁপির উদ্বাস্তুরা আমরা জানি অনেক কাকুতিমিনতি করেছিলেন, তাঁরা সরকার থেকে কোনও সাহায্য না নিয়েই সেখানে থাকতে চেয়েছিলেন, তাঁরা বলেছিলেন, আমরা বাঙালি, আমরা বাংলায় থাকব। আপনারা তাঁদের এই সুযোগটুকুও দিতে পারেননি। জোর করে তাঁদের আবার দন্ডকারণ্যে পাঠিয়ে দেওয়া হল। সেখানে তাঁরা আবার কি অবস্থায় আছে, সে খোঁজ পর্যন্ত এই সরকারের পক্ষ থেকে নেওয়া

হয়নি। আমাদের এখানে মাননীয় সদস্য জয়ন্তবাবু প্রশ্ন রেখেছিলেন সেবিষয়ে। আপনাদের কোনও মন্ত্রী আর কোনওদিন সেখানে খোঁজ নিয়েছিলেন কি, যে তাঁরা সেখানে কিরকম কষ্টের মধ্যে আছেন? আপনারা কোনও খোঁজ নেননি। দন্ডকারণ্যে চলে গিয়ে তাঁরা কি অবস্থায় আছেন, সে সম্পর্কে খোঁজ নেওয়ার সময় আপনাদের নেই। কাজেই আজকে আপনাদের লজ্জা পাওয়া উচিত, লজ্জায় মাথা হেঁট করা উচিত। আপনারা শরণার্থীদের বিভিন্ন সময়ে বিভিন্নভাবে বিভ্রান্ত করেছেন, প্রকৃত পক্ষে তাঁদের জন্য কিছুই করেননি। এখন আবার আসামের উদ্বাস্তদের সম্বন্ধে বলছেন। বলছেন আসাম থেকে যাঁরা চলে আসছেন তাদের বিষয়ে কেন্দ্রের ব্যবস্থা নেওয়া উচিত।

[5-45—5-55 P.M.]

আসাম থেকে আগত যে সমস্ত উদ্বাস্তু জলপাইগুড়ি জেলায় আশ্রয় নিয়েছেন তাদের জন্য কি আপনি ঠিকমত ব্যবস্থা করতে পেরেছেন? তাও পারেন নি। বিগত সরকারের আমলে সি.এম.এর দ্বারা উদ্বাস্তু কলোনী গুলির উন্নয়নের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু আপনারা সেই ব্যবস্থা রাখেন নি এবং করার কোন চেষ্টাও করছেন না। কাজেই আপনি বাজেটে যে টাকা ব্যয়-বরাদ্দ চেয়েছেন তা দিয়ে কেবল ক্যাডার পোষা আর পার্টি ফান্ডে টাকা বাড়ানো হবে, জনসাধারণের কোন মঙ্গল এর দ্বারা হবেনা। সেইজন্য বাধ্য হয়ে সমর্থন করতে পারছিনা। আমি এই বাজেটের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার :** আমি কার্য উপদেষ্টা কমিটির ৫৪তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির বৈঠক আজ ১৮ই মার্চ, ১৯৮০ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ২০শে মার্চ, হইতে ২৬শে মার্চ, ১৯৮০ তারিখ পর্যন্ত বিধানসভার কার্যক্রম ও সময়সূচী নিম্নলিখিতভাবে নির্ধারণের সুপারিশ করেছে।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Thursday, | 20-3-80 | .. | | Demand No. 21 - | 255-Police | .. 4 hours |
| Friday, | 21-3-80 | .. | (i) | Demand No. 7 - | 229-Land Revenue | |
| | | | | | 504-Capital Outlay on Other General Economic Services. | 4hrs. |
| | | | (ii) | Demand No. 75 - | 500-Investments in General Financial & Trading Institutions. | |
| | | | (iii) | The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (amendment) Bill, 1980. (Introduction, Consideration & Passing) | | ½ hrs. |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Saturday, | 22-3-80 | .. | (i) | Demand No. 59 - | 314-Community Development (Panchayat.) 363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat). 714-Loans for Community Developmetn (Panchayat.) | 3 hrs |
| | | | (ii) | Demand No. 60 - | 314-Community Development (excluding). 514-Capital Outlay on Community Development (Excluding Panchayat). | |
| | | | (iii) | The Bengal Agricultural Income Tax (Amendment) Bill, 1980. (Introduction, Consideration & Passing) | | ½ hrs. |
| | | | (iv) | The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1980. (Introduction, Consideration & Passing) | | ½ hrs |
| Monday, | 24-3-80 | .. | (i) | Demand No. 43 - | 288-Social Security and Welfare (Civil Supplies) | 2 hrs. |
| | | | (ii) | Demand No. 54 - | 309-Food 509-Capital Outlay on Food 709-Loans for Food | |
| | | | (iii) | Demand No. 55 - | 310-Animal Husbandry 510-Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | 710-Loans for Animal Husbandry | 2 hrs. |
| | | (iv) | Demand No. 56 - | | 311-Dairy Development<br>511-Capital Outlay on Dairy Development (Excluding) Public Undertakings)<br>711-Loans daily development (Excluding Public Undertakings.) | |
| | | (v) | The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1980 (Introduction, Consideration & Passing). | | | ½ hrs |
| Tuesday, | 25-3-80 .. | (i) | Presentation of Supplementary Estimates for 1979-80. | | | 4 hrs |
| | | (ii) | Demand No. 67 - | | 734-Loans for Power Projects | |
| | | (iii) | Demand No. 50 - | | 298-Co-operation<br>498-Capital Outlay on Co-operation<br>698-Loans for Co-operation | 2 hrs. |
| Wednesday, | 26-3-80 .. | (i) | Demand No. 42 - | | 287-Labour and Employment | |
| | | (ii) | Demand No. 46 - | | 288-Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of displaced persons and Wel fare of Scheduled Castes, etc.)<br>688-Loans for Social Security and We- | 4 hrs. |

| | | | |
|---|---|---|---|
| | | | lfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of displaced persons and Welfare of Scheduled Castes, etc.) |
| (iii) | Demand No. 1 | - | 211-State Legislatures. |
| (iv) | Demand No. 6 | - | 200-Collection of Taxes on Income and Expenditure. |
| (v) | Demand No. 9 | - | 235-Collection of Other Taxes on Property and Capital Transactions. |
| (vi) | Demand No. 10 | - | 239-State Excise. |
| (vii) | Demand No. 11 | - | 240-Sales Tax. |
| (viii) | Demand No. 13 | - | 245-Other Taxes and Duties on Commodities and Services. |
| (ix) | Demand No. 14 | - | 247-Other Fiscal Services. |
| (x) | Demand No. 16 | - | 249-Interest Payments. |
| (xi) | Demand No. 20 | - | 254-Treasury and Accounts Administration. |
| (xii) | Demand No. 22 | - | 256-Jails. |
| (xiii) | Demand No. 27 | - | 265-Other Administrative Services. |
| (xiv) | Demand No. 28 | - | 266-Pensions and Other Retirement benefits. |
| (xv) | Demand No. 30 | - | 268-Miscellaneous General Services. |
| (xvi) | Demand No. 32 | - | 277-Education (Sports). |
| (xvii) | Demand No. 33 | - | 277-Education (Youth Welfare) |
| (xviii) | Demand No. 40 | - | 284-Urban Development. |

| | |
|---|---|
| | 484-Capital Outlay on Urban Development. |
| | 684-Loans for Urban Development. |
| (xix) Demand No. 45 - | 288-Social Security and Wel fare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes). |
| | 488-Capital Outlay on Social Security and Welfare (Wel fare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes.) |
| (xx) Demand No. 48 - | 295-Other Social and Community Services. |
| | 495-Capital outlay on other Social and Community Services |
| | 695-Loans for other Social and Community Services. |
| (xxi) Demand No. 49 - | 296-Secretariat Economic Services. |
| (xxii) Demand No. 51 - | 304-Other General Economic Services. |
| (xxiii) Demand No. 57 - | 312-Fisheries. |
| | 512-Capital Outlay on Fisheries. |
| | 712-Loans for Fisheries. |
| (xxiv) Demand No. 72 - | 339-Tourism. |
| (xxv) Demand No. 73 - | 544-Capital Outlay on other Transport & Communication Services. |
| | 744-Loans for other Transport and Communication Services. |
| (xxvi) Demand No. 84 - | 766-Loans to Government Servants etc. |
| | 767-Miscellaneous Loans. |

*(১) আগামী ২২এ মার্চ, ১৯৮০ শনিবার পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন* বিধির ৩৫১ নং নিয়মানুযায়ী কোন উল্লেখ হইবে না।

(২) আগামী ২৫শে মার্চ, ১৯৮০ মঙ্গলবার মৌখিক প্রশ্নোত্তর, দৃষ্টি আকর্ষণী এবং পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালনবিধির ৩৫১ নং নিয়মানুযায়ী কোন উল্লেখ হইবেনা।

(৩) শনিবার ২২শে মার্চ, ১৯৮০ অধিবেশন সকাল ৯টায় বসিবে।

আমি এখন মাননীয় মন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে প্রস্তাবটি পেশ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী ভবানী মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্য উপদেষ্টা সমিতির ৫৪ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় উত্থাপন করছি।

**মিঃ স্পিকার :** আমি আশা করি, আপনাদের কারও অমত নেই, কাজেই প্রস্তাবটি গৃহীত হল।

[5-55—6-05 P.M.]

**শ্রী নীহারকুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুনর্বাসনমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তা আমি সমর্থন করছি। ৩৩ বছর দেশ ভাগ হয়েছে কিন্তু আজ পর্যন্ত উদ্বাস্তু সমস্যার সমাধান হয়নি। আমি প্রথমেই মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি, দীর্ঘদিনে এই অবহেলিত সমস্যার বিচার বিশ্লেষণ করে এর আসল রূপটি কি সেটা তিনি সঠিকভাবে বলেছেন, তবে একথা ঠিক যে পশ্চিমবাংলায় এই সমস্যাকে কংগ্রেস ঝুলিয়ে রেখে দিয়েছিল। ৩৩ বছর পর ৮০ লক্ষ উদ্বাস্তুর মধ্যে পুনর্বাসনের আংশিক সুযোগ সুবিধা পেয়েছে মাত্র ২২ পারসেন্ট এবং এই সমস্যাকে আরও জটিল করার পেছনে সবচেয়ে বড় অবদান হচ্ছে কেন্দ্রীয় সরকারের। শুরু থেকেই এমন একটা বৈষম্যমূলক আচরণ তাঁরা করেছিলেন যাতে এই সমস্যার সমাধান না হয়। পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু এসেছিলেন তাঁদের পুনর্বাসনের সম্পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিয়েছিলেন। অপর দিকে পূর্ববঙ্গের উদ্বাস্তুদের ক্ষেত্রে দায়িত্ব দেওয়া হল রাজ্য সরকারের উপর। পুনর্বাসনের জন্য ৩৩ বছর ধরে যে ব্যয় বরাদ্দ হল তার গড় হিসাবে পশ্চিম পাকিস্তানের প্রতিটি পরিবারের পিছনে গড়ে ব্যয় করা হল ১৫০০ টাকা আর পূর্ব পাকিস্তানের জন্য ১৩০ টাকা। এরই ফলে এখানে এই সমস্যা জটিল আকার ধারণ করল। এই কারণেই গত ৩৩ বছর ধরে এই সমস্যার কোন সমাধান হয়নি। অবশ্য ১৯৬৭ সালে যখন যুক্ত ফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষমতায় এলেন সেই সময় কিছুটা প্রচেষ্টা হয়েছিল সামগ্রিকভাবে সমস্যাটি কোথায় তা বোঝার। সেদিন কেন্দ্রীয় সরকারকে বোঝাবার চেষ্টা করা হয়েছিল পশ্চিমবাংলার জনসংখ্যার শতকরা ১৮ জন উদ্বাস্তু। সুতরাং এই সমস্যা সমাধান না হলে পশ্চিমবাংলার উন্নয়ন হবেনা। সেদিন যথাযথভাবে কেন্দ্রীয় সরকারের কাছে সমস্যা রাখা সত্ত্বেও এর সমাধানের কোন ব্যবস্থা হয়নি। বর্তমানে এই সরকার সামগ্রিকভাবে বিচার করেছেন। আমরা দেখেছি মন্ত্রী মহাশয় এই রিপোর্টের মধ্যে বলেছেন পুনর্বাসন কমিটি একটি গঠন করা হয়েছে যারা বিশ্লেষণ করে দেখছেন সমস্যা কোথায়, সমাধানের ক্ষেত্রে কি কি পরিকল্পনা গ্রহণ করা যায়, এরজন্য কত টাকার প্রয়োজন

এবং সেই প্রয়োজনীয় টাকা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। অর্থাৎ এই বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই টাকা আদায় করা ছাড়া আর কোন রাস্তা নেই, কারণ এরই উপর নির্ভর করছে পশ্চিমবাংলার সামগ্রিক উন্নয়ন। সেই ভাবেই কেন্দ্রীয় সরকারের কাছে সরকার পক্ষ থেকে ৫০০ কোটি টাকার দাবি রাখা হয়েছে। এ ছাড়াও একটি মাস্টার প্ল্যানের কথা চিন্তা করা হয়েছে। সুতরাং স্থায়ীভাবে পরিকল্পনা করার জন্য যে কমিটি কাজ করছেন সেই টাকা আদায় করার ক্ষেত্রে পশ্চিমবাংলার সমস্ত উদ্বাস্তু পেছনে আছে। এই দাবির পেছনে শুধু যে সংগঠিত উদ্বাস্তু জেলায় জেলায় ইউ.সি.আর.সি'র নেতৃত্বে আছে তা নয় পশ্চিমবাংলার সমস্ত গণতান্ত্রিক শক্তিও এই দাবির সঙ্গে যুক্ত আছেন। কেন্দ্রীয় সরকার কি দৃষ্টিভঙ্গি নিয়ে এই পুনর্বাসন সমস্যা দেখছেন তা আমরা জানিনা। যেমন ক্যাম্পের কথাই যদি ধরা যায় তাহলে কি দেখা যাবে? লক্ষ লক্ষ উদ্বাস্তু যারা সরকারের কাছ থেকে একটা নয়া পয়সা সাহায্য পায়নি তাদের সংখ্যা লক্ষ লক্ষ হবে এবং তারা পুনর্বাসনের সমস্ত সুযোগ সুবিধা থেকে বাইরে। এইভাবে যদি লক্ষ লক্ষ উদ্বাস্তুকে পুনর্বাসন পরিকল্পনা থেকে বিচ্ছিন্ন করা হয় তাহলে পুনর্বাসন কিভাবে সম্ভব হবে? কিন্তু তাদের কথা কেন্দ্রীয় সরকার কোন সময়ে চিন্তা করেননি। কলকাতা এবং কলকাতা শহরতলীতে আড়াই লক্ষ উদ্বাস্তু যারা বাড়ি ভাড়া করে আছে প্রতিদিন জিনিসপত্রের দাম ও বাড়ি ভাড়া যেভাবে বাড়ছে তাতে তাদের সেখান থেকে উচ্ছেদ হওয়ার কথা চিন্তা করতে হচ্ছে। অগণিত উদ্বাস্তু পরিবার যারা রেল লাইন বা খালের ধারে বসবাস করছে তাদের সংখ্যাও লক্ষ লক্ষ হবে। তাদের পুনর্বাসনের কথা আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার বা পূর্বের রাজ্য সরকার চিন্তা করেন নি। কিন্তু যে সামগ্রিক পুনর্বাসনের কথা বলা হয়েছে তাতে তাদের কথা আমাদের সরকার চিন্তা করছেন - এটা আশার কথা। আমরা দেখছি কেন্দ্রীয় সরকারকে যতক্ষণ পর্যন্ত না আমরা সক্রিয় করতে পারব ততক্ষণ পর্যন্ত এই সমস্যার সমাধান হতে পারেনা। যেমন ১১ হাজার পরিবার যারা আজও ক্যাম্পে তাদের পুনর্বাসন দিতে হবে। একটা হিসাবে আমরা দেখছি এদের বেশিরভাগ সংখ্যাই হচ্ছে কৃষিজীবী। কিন্তু কেন্দ্রীয় সরকার এদের ক্ষুদ্র ব্যবসায়ী হিসাবে ধরে নিলেও তাদের ক্ষুদ্র ব্যবসায়ী ঋণ দেওয়া হবেনা, তবে বাড়ি করার জন্য মাত্র ২০০০ টাকা দেওয়া হবে, ২০০০ টাকায় কি বাড়ি হয় জানিনা, একটা স্যানিটারী পায়খানা করতেই ২০০০ টাকা বা তার বেশি লেগে যায়। এই কারণে ক্যাম্প উদ্বাস্তু পুনর্বাসন বিভিন্ন ক্ষেত্রে থেমে গেছে সুতরাং এই বাড়ি করতে ২০০০ টাকার আরও বেশি তাদের সাহায্য করতে হবে। এই প্রশ্ন কেন্দ্রীয় সরকারের সঙ্গে জড়িত। তাদের যখন ক্ষুদ্র ব্যবসায়ী ঋণ দেওয়া হবেনা তখন তাদের রোজগার তারা কিভাবে করবে সেকথাও পরিষ্কারভাবে বলা হচ্ছেনা। কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছেনা। অবিলম্বে ক্যাম্প উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া হোক। এরপর আমি আসছি উন্নয়নের কথায়। আমাদের হিসাবে প্রায় ৯০০ জবর দখল কলোনী আছে। এছাড়া সরকার প্রতিষ্ঠিত কলোনী আছে। সরকার প্রতিষ্ঠিত কলোনীর কথা বাদ দিলাম, জবর দখল কলোনীগুলি যে স্বীকৃতি পেয়েছে তাদের উন্নয়নের প্রশ্নটি আসছে এবং সেখানে কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে প্রতি প্লটে ২।। হাজার টাকা হিসাবে কলোনীগুলির উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করতে হবে? ২।। হাজার টাকার মধ্যে তার পয়ঃপ্রণালী, রাস্তা-ঘাট এবং যাবতীয় ব্যবস্থাদি করতে হবে। আমার কাছে যেটুকু খবর আছে তাতে বলতে পারি পুনর্বাসন বিভাগ প্রথমে চেষ্টা করেছিলেন এই সমস্ত উন্নয়নের কাজ সি এম ডি এ'র মারফত করানো যায় কিনা। সি এম ডি এ দায়িত্ব

নিতে চায়নি। আজকে মাল মশলার দাম যেভাবে বেড়েছে তাতে ২।। হাজার টাকায় এই সমস্ত উন্নয়নের কাজ করা সম্ভব নয়। শেষ পর্যন্ত মিউনিসিপ্যালিটির ঘাড়ে এই দায়িত্ব চাপান হয়েছে। এই ২।। হাজার টাকায় কিভাবে মিউনিসিপ্যালিটি কাজ করবে, আখেরে কোন অবস্থায় গিয়ে দাঁড়াবে, সমস্ত টাকাটা যে জলে ফেলে দেওয়া হচ্ছে না সেটা ঠিক করে বলা যায়না। একইভাবে দেখছি বায়নানামা স্কীমে হাজার হাজার উদ্বাস্তু পরিবার আছে যারা মুসলমান পরিত্যক্ত বাড়িতে ছিলেন বা সরকারি বাড়িতে জবর দখল করে ছিলেন তাঁদের বায়নানামা পরিকল্পনায় পুনর্বাসন দেওয়া হয়েছে। উন্নয়নের ক্ষেত্রে তারা বাদ পড়বে, এদের উন্নয়নের দায়িত্ব সরকার নেবেন না, অদ্ভুত ব্যাপার। এই যে হাজার হাজার উদ্বাস্তু পরিবার একসাথে উদ্বাস্তু উপনিবেশে আছে বায়নানামা পরিকল্পনায় নিজেদের পুনর্বাসন করেছে তারা উন্নয়ন পরিকল্পনার সুযোগ পাবেনা। সরকার প্রতিষ্ঠিত কৃষি পরিকল্পনা উন্নয়নের সুযোগ পাবেনা কেন্দ্রীয় সরকারের চলতি যে নিয়ম সেই নিয়মের মধ্য দিয়ে, এটা আমরা মোটামুটি উপলব্ধি করেছি। শেষ কথা এই দাঁড়াচ্ছে ৩৩ বছর ধরে যে সমস্যাকে অবহেলা করা হয়েছে এবং যে অবহেলার ফলে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু পুনর্বাসনের সমস্যা আজকে পাহাড় প্রমাণ হয়ে দাঁড়িয়েছে, যে সমস্যা আমাদের পশ্চিমবঙ্গের সমস্তরকম উন্নয়নের প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে, যে সমস্যার সমাধান করতে না পারলে পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়, তাকে সমাধান করার ক্ষেত্রে আজকে কেন্দ্রীয় সরকারকে বাধ্য করতে হবে যাতে যথাযথভাবে তারা আর্থিক সাহায্য দেয়। সেজন্য আজকে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যা সমাধানের ক্ষেত্রে একটা মাত্র কথা আছে সেটা হচ্ছে মাস্টার প্ল্যান, যে পরিকল্পনা আমাদের সরকার করেছেন এবং যে পরিকল্পনার মধ্য দিয়ে একমাত্র পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যার সমাধান হতে পারে সামগ্রিকভাবে, আংশিকভাবে নয়। সেই মাস্টার প্ল্যানের টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করতে হবে। আমি পুনর্বাসন মন্ত্রীকে এই আশ্বাস দিচ্ছি যে পশ্চিমবঙ্গের সমস্ত উদ্বাস্তু এই মাস্টার প্ল্যানকে সামনে রেখে একত্রিত হচ্ছে, পশ্চিমবঙ্গের সমস্ত বিবেকবান মানুষ উদ্বাস্তু দপ্তরের পিছনে সমবেত হবে এবং পশ্চিমবঙ্গের সমস্ত সংগ্রামী মানুষের মিলিত আন্দোলনে কেন্দ্রীয় সরকারকে বাধ্য করতে হবে যে মাস্টার প্ল্যানের জন্য তুমি ৫শো কোটি টাকা অনুমোদন কর। এই মাস্টার প্ল্যান অনুমোদন করলে এই প্ল্যানের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যার সুষ্ঠু সমাধান হতে পারে। এই কথা বলে মাননীয় উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন সেই দাবিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-05—6-15 P.M.]

**শ্রী ননী কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা এখানে বলতে চাই। গতকাল বিধানসভায় উল্লেখপর্বে বলেছিলাম যে বীরা রেলওয়ে স্টেশনে বাণী ঘোষ খুন হয় কিন্তু রেলওয়ে পুলিস প্রশাসন এই ব্যাপারে আশে পাশের থানার সঙ্গে কোন যোগাযোগ করেনি। আমি শুনলাম অল ইণ্ডিয়া রেডিও আমার নাম করে বলেছে এবং পশ্চিমবাংলার বিধানসভার সি পি এম সদস্য হিসাবে আমার নাম করে বলেছে — আমি নাকি বলেছি পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলা নেই, আমি একথা বলিনি, এবং একবারও তা আমি মনে করিনা, পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা আছে। এতে রেলওয়ে পুলিস প্রশাসনের অযোগ্যতা প্রমাণিত হয়েছে, বরং বলেছি ওয়েস্ট বেঙ্গল পুলিস সংবাদ পেয়ে আসামিকে ধরেছে, তারা ব্যবস্থা

নিয়েছে। আমি আপনার মাধ্যমে এটা আবেদন করতে চাই আমি যে কথা বলেছিলাম, তা প্রসিডিং-সে আছে রেকর্ডে আছে, আমাদের সাংবাদিক বন্ধুরা যেন ঠিক ঠিক রিপোর্ট করেন এবং আমার নামটা ব্যবহার করে অহেতুক খেলা করতে যাওয়া ঠিক হবেনা, একথাই আমি আপনার মাধ্যমে বলতে চাই।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহোদয় ১৯৮০-৮১ সালের বাজেট বরাদ্দ এনেছেন, সেই বরাদ্দের পরিমাণ হচ্ছে ২৭ কোটি ৫ লক্ষ ৩৮ হাজার টাকা। এই বরাদ্দ তিনি দুভাগে ভাগ করেছেন, একটা ত্রাণ বিভাগ, আর একটা পুনর্বাসন বিভাগ। এই ত্রাণ এবং পুনর্বাসন সবার কাছেই মধুর জিনিস, শুধু তাই নয়, এটাকে অসমর্থন করা বা এর বিরোধিতা করা, আমি মনে করি দেশেরই ক্ষতি। তাই আমি একে প্রথমেই সমর্থন জানাচ্ছি। সেই সমর্থন জানাতে গিয়ে আমার বক্তব্যের মধ্যে কিছু কিছু ত্রুটি বিচ্যুতির কথা বলব, নিশ্চয়ই মাননীয় মন্ত্রী মহাশয় সেগুলি যেন সমালোচনার উর্দ্ধে থেকে তাঁর দপ্তরের সহায় হিসাবে গ্রহণ করেন, তাহলে আমি আনন্দিত হব। সেই সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলব। আমি আজকে ১৯৭২ সালের বিধান সভার কার্য বিবরণী থেকে দেখছিলাম। তাতে কংগ্রেসের এখনকার যিনি নেতা রজনীবাবুর বক্তব্য কি ছিল এই পুনর্বাসন ব্যাপারে, সেটা দেখছিলাম। তিনি সেদিন বলেছিলেন ১৯৭২ সালে মহান নেত্রী এসেছেন, তিনি ভারতকে জগৎসভার শ্রেষ্ঠ আসনে নেবেন। সেই সঙ্গে সঙ্গে তিনি বলেছিলেন, পুনর্বাসন দপ্তর সম্বন্ধে বক্তব্য রাখতে গিয়ে, আমাদের নেত্রী এসে সব সমাধান করে দেবেন এবং নিশ্চয়ই এটা তুলে দেবেন।

আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তাঁরা ক্ষমতায় ছিলেন কিন্তু এই ৫ বছরের মধ্যে তাঁরা এই সমস্যার সমাধান করতে পারেননি। আজকে তাঁরা সমালোচনা করছেন, কিন্তু আমি মনে করি তাঁদের আত্মপ্রত্যয় সম্বন্ধে, নিজেদের সম্বন্ধে সমালোচনা করা দরকার যে এই সমস্যার সমাধান তাঁরা করতে পারেননি। আজকে ৩০ বছর ধরে এদের পুনর্বাসনের কাজ চলেছে এবং আমরা দেখেছি জনসাধারণের উন্নয়নের জন্য যে বরাদ্দ হয়েছে তার থেকে টাকা কেটে নিয়ে ওই পুনর্বাসনের কাজে দেওয়া হয়েছে। কিন্তু এই পশ্চিমবাংলায় এই ত্রাণের ক্ষেত্রে আমরা দেখেছি বহুভুক্ষু মানুষ খেতে পায়না, উলঙ্গ এবং অর্ধ উলঙ্গ অবস্থায় আছে, কোনরকমে শাক পাতা খেয়ে আছে তাদের জন্য এই ত্রাণ বিভাগ সামান্য কিছু ছুঁড়ে দেয়। ত্রাণমন্ত্রী বলেছেন ১৯৭৮ সালে বন্যা হয়েছে এবং তারপর খরা হয়েছে। আমরা দেখেছি এর আগে মেদিনীপুর, বাঁকুড়া, বর্ধমান এবং হাওড়ায় বন্যা হয়েছে। তবে মেদিনীপুরের মানুষ আমরা দেখেছি সেখানে পুনর্বাসন হয়নি, যারা নিঃস্ব হয়েছে, যাদের ঘরবাড়ি নষ্ট হয়ে গেছে তাদের সামান্য কিছু অনুদান ছুঁড়ে দিয়েছে, যেমন মানুষ তার বাড়ির পোষা পাখীকে ছুঁড়ে দেয়। এদের স্থায়ী পুনর্বাসনের কোন ব্যবস্থা হয়নি। আমি মনে করি এই বিভাগ হচ্ছে দুর্নীতির কারখানা। আমাদের বর্তমান ত্রাণ মন্ত্রীর কোন দোষ না থাকতে পারে, কিন্তু এর আগে কংগ্রেসের যিনি ত্রাণমন্ত্রী ছিলেন, যিনি একদিন পদ্মশ্রী উপাধি পেয়েছিলেন সেই অর্ধেন্দু নস্কর নিজের ইচ্ছামত বিনা টেন্ডারে দেড়কোটি টাকার ত্রাণ সরঞ্জাম কিনে বিলি করেছিলেন এবং এই সমস্ত কিছুরই রেকর্ড আছে। বামফ্রন্ট সরকারেরও

যদি সেরকম কোন দোষ থাকে তাহলে তাদেরও কিন্তু সমালোচনার সম্মুখীন হতে হবে। পঞ্চায়েতের মাধ্যমে যে সমস্ত ত্রাণ সামগ্রী বিলি করা হয়েছে আমি তার ত্রুটির কথা বলব। পাঁশকুড়া ১নং ব্লকে রঘুনাথবাড়ি গ্রাম পঞ্চায়েত ঠিক করলেন কুটিরশিল্পী যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের অনুদান দেওয়া হবে এবং গত ৭.৫.৭৯ তারিখে তাদের দিয়ে সহি করিয়ে নেওয়া হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি সেই ৪৯ জনকে টাকা দেওয়া হয়নি। শুধু তাই নয়, দ্বিতীয় কিস্তিতে ৩১ জন, তারপর ৭২ জন এবং তারপর ২২ জনকে দেওয়া হবে এরকম সংখ্যা ঠিক করা হয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ইচ্ছাকৃতভাবে তাদের সেই টাকা দেয়নি। অনুরূপভাবে আমি দেখাচ্ছি পাঁশকুড়া দুনম্বর ব্লকের গ্রাম প্রধান জগবন্ধু সরকার যিনি একসময় পাতাশুকার একটা কোম্পানীতে কাজ করতেন ৬০০ টাকা বেতনে, তিনি এখন পঞ্চায়েতে ১০০ টাকা ভাতা পান। কিন্তু প্রশ্ন হল তিনি কি করে পাকা বাড়িতে বাস করেন? তারপর, ১নং মহিষাদল ব্লকের শীতলপুর গ্রাম প্রধান কি করে পাকা বাড়ি তৈরি করলেন? শুধু এই ঘটনাই নয়, ওই অঞ্চলের একজন উপ-প্রধান তিনিও পাকা বাড়ি তৈরি করেছেন। এই সমস্ত দেখা দরকার। আমি কতকগুলো উদাহরণ আপনার সামনে তুলে ধরছি। আমি মনে করি, এইটা বামফ্রন্ট সরকারের দোষারোপের মধ্যে পড়ে ঠিকই, কিন্তু এইটা দোষারোপ করছি না। এইটা তারা বামফ্রন্ট সরকারকে কলঙ্কমুক্ত না করে, তারা কলঙ্কময় করে দিচ্ছে। সেইজন্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি নিশ্চয় ত্রাণ সামগ্রী নিয়ে এইরকম যেন না হয়, সেটা দেখবেন। এইরকম অপচয় না হয়, এইরকম আত্মসাৎ করার চেষ্টা না করে সেটা দেখা দরকার। সেইজন্য আবেদন রাখছি আজকে ত্রাণ সামগ্রীতে যে লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা ব্যয় হয়, সেটা যেন অপচয় না হয়। সেটার যেন সুষ্ঠুভাবে বিলি-বন্টন হয়। যারা দুঃখী মানুষ খেতে পাচ্ছে না, থাকবার ঘর নেই, যারা কাপড় পাচ্ছেনা — তারা যেন ত্রাণ পায়। যেমন কংগ্রেস করেছিল ক্রাশ স্কীম, জনতা সরকারের মাধ্যমে আমরা করেছি, কাজের মাধ্যমে খাদ্য, ফুড ফর ওয়ার্ক-এর কাজ। এই কাজ যাতে সুষ্ঠুভাবে হয় সেটা দেখা দরকার। অর্ধেক কাজ করে, অর্ধেকটা পার্টির পকেটে চলে গেল — এইটা ঠিক নয়। সঙ্গে সঙ্গে এই বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ।

[ 6-15 — 6-25 P.M. ]

**শ্রী সুশীল কুজুর :** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, আমি এই ব্যয়-বরাদ্দের দাবির যৌক্তিকতা স্বীকার করছি এবং দাবি সমর্থন করছি।

এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, ত্রাণ ও পুনর্বাসন সমস্যা আমাদের দেশে স্থায়ী রূপ নিয়েছে। দেশ স্বাধীন হওয়ার সময় তৎকালীন কংগ্রেস দলের ক্ষমতা দখলের লোভের জন্য এবং পরবর্তিকালে কেন্দ্রে ও রাজ্যে কংগ্রেস সরকারগুলোর অনুসৃত নীতিই এই সমস্যার জন্য দায়ী।

মিঃ ডেপুটি স্পিকার স্যার, পার্শ্ববর্তী দেশ থেকে প্রতি বৎসর দলে দলে মানুষ সর্বহারা হয়ে এই রাজ্যে আশ্রয়ের জন্য প্রবেশ করছে। এমনকি ভারতের বিভিন্ন অঙ্গরাজ্য থেকেও প্রায় প্রতি বছর শত শত পরিবার এই রাজ্যে আসছে। তাদের দায়-দায়িত্ব এই রাজ্যকে বহন করতে হচ্ছে। উপরন্তু নানা ধরনের প্রাকৃতিক বিপর্যয় লেগেই আছে। এই বিরাট সমস্যা

সমাধানে কেন্দ্রীয় সরকারের যে ভূমিকা থাকা উচিত সে ভূমিকা কেন্দ্রীয় সরকার পালন করছেনা। এ বিষয়ে আমাদের উচিত আরও বেশি চাপ সৃষ্টি করা।

এই প্রসঙ্গে আরও একটি বিষয় উল্লেখ করা প্রয়োজন বলে মনে করি। ত্রাণ ও পুনর্বাসনের বর্তমান ব্যবস্থা আরও গতিশীল করা দরকার যাতে উদ্দেশ্য ঠিকভাবে পালিত হয়। ত্রাণ দপ্তরের বিভিন্ন প্রকল্প থাকা সত্বেও সেগুলোকে কাজে লাগানো হয়না। বিশেষ করে তপসিলিভুক্ত জাতি ও উপজাতিরাই বিশেষ করে উপেক্ষিত হয়। সাম্প্রতিককালে আমরা আরও লক্ষ্য করেছি যে কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার ফলে ফুড ফর ওয়ার্ক প্রকল্পটি বন্ধ হতে চলেছে। এই অবস্থায় রাজ্য সরকারকেই আরও বেশি দায়িত্ব পালন করতে হবে। ব্যাপকভাবে আই, আর, ডব্লিউ এর মাধ্যমে ভুখা মানুষদের বাঁচাতে হবে। এই বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাজারী বিশ্বাস :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্রী যে বাজেট বক্তব্য পেশ করেছেন আমি তাকে পুরাপুরি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমি প্রথমেই উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে বলতে চাই যে, এই সমস্যা হচ্ছে জাতীয় সমস্যা। এই সমস্যা সৃষ্টি করেছেন বিগত দিনে যাঁরা সরকারে ছিলেন তাঁরা। তাঁরা দেশকে দুভাগে ভাগ করেছেন এবং তার পরিণতি হিসেবে পূর্ববাংলা থেকে প্রায় দেড়কোটি মানুষ উদ্বাস্তু হয়ে তাদের ভিটেমাটি ছেড়ে পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষের বিভিন্ন জায়গায় চলে এসেছে এবং মূলত তারা এই পশ্চিমবাংলাতেই বেশিরভাগ আশ্রয় নিয়েছে। আমার লজ্জা লাগে যে, দেশ স্বাধীন হবার ৩০ বছর পরও ৮০ লক্ষ মানুষের আজ পর্যন্ত পুনর্বাসন হলনা। এটা অত্যন্ত দুঃখের কথা যে, এখনও পর্যন্ত ওই উদ্বাস্তু ভাইরা ক্যাম্পে ক্যাম্পে বাস করছে এবং পশুর মত বাস করছে। একটি ঘরে কাপড় আড়াল দিয়ে একপাশে বাবা মা থাকেন এবং অপরদিকে ছেলে-বৌ থাকেন। আজকে তারা যে সাধারণভাবে মানুষের সম্মান নিয়ে সমাজ জীবন যাপন করতে পারছে না তার জন্য দায়ী হচ্ছে আমাদের কেন্দ্রীয় সরকার। তদানিন্তন কংগ্রেস সরকারের প্রধানমন্ত্রী পন্ডিত নেহেরু বলেছিলেন, পূর্ববাংলা থেকে যে সমস্ত উদ্বাস্তুরা আসবে তার সমস্ত দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকার বহন করবেন। এই প্রতিশ্রুতি তিনি দিয়েছিলেন অথচ দেখছি দেশ স্বাধীন হবার ৩০ বছর পরও এই সমস্যার সমাধান হলনা এবং সেই সমস্যা আরও জটিল হয়েছে এবং তার ফলে ৮০ লক্ষ মানুষের এখনও পুনর্বাসন হয়নি। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কি রাজনৈতিক উদ্দেশ্যে দেশ ভাগ করা হয়েছিল তা আমরা জানি। কিছু পুঁজিপতি এবং সামন্ত প্রভুদের পুঁজি বৃহৎ করবার জন্য, তাদের স্বার্থ কায়েম করবার জন্য দেশ ভাগ করা হল এবং পূর্ববাংলা থেকে আগত উদ্বাস্তু ভাইদের পুনর্বাসনের কথা তাঁরা বিচার করলেন না। এই যে তাঁরা চিন্তা করলেন না তার ফলে দেখছি লক্ষ লক্ষ মানুষ আজকেও পদ্ম পাতার মত ভেসে বেড়াচ্ছে তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য। দন্ডকারণ্য থেকে কিছু উদ্বাস্তু আমাদের পশ্চিমবাংলার বুকে এসেছিল এবং তারা মরিচঝাঁপিতে আশ্রয় নিয়েছিল। কিছু বিচ্ছিন্নকামী মানুষ তাদের ভুল বুঝিয়ে এখানে এনেছিল বলতে গেলে বলতে হয় কেন্দ্রীয় সরকারের অব্যবস্থার ফলে দন্ডকারণ্যে যে সমস্ত উদ্বাস্তু ছিল তাদের মধ্যে একটা বিক্ষোভ ছিল যে তাদের পুনর্বাসন সুষ্ঠুভাবে হয়নি। কোটি কোটি টাকা খরচ করা হয়েছে সত্য, কিন্তু তাদের সুষ্ঠ পুনর্বাসন হয়নি বলে উদ্বাস্তুদের মধ্যে একটা

বিক্ষোভ এবং হতাশা সৃষ্টি হয়েছিল। এর উপরে কিছু বিচ্ছিন্নকামী মানুষ তাদের উসকানি দিল এবং তার ফলে আমরা দেখলাম ১ লক্ষ ২ হাজার মানুষ মরিচঝাঁপিতে চলে এল। এই বিচ্ছিন্নকামী মানুষের দল এবং প্রতিক্রিয়াশীল চক্র তাদের উসকানি দিল, এই সরকারের বিরুদ্ধে চক্রান্ত করল এবং তার ফলে দেখা গেল ওই উদ্বাস্তুরা পশ্চিমবাংলার ভেতরে আর একটা ক্ষুদ্র রাজ্য সৃষ্টি করল। তারা ঘোষণা করল আমরা এখানে একটা স্বাধীন সরকার করব, এখানকার জলা, মাটি দখল করে আমরা এখানে একটা সরকার করব। এটা সকলেই স্বীকার করবেন যে, পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্যে আলাদা একটা রাষ্ট্র হতে পারেনা। কিন্তু তারা সেই জিনিস লঙ্ঘন করে সেই ঘোষণা করল এবং তার ফলে পশ্চিমবঙ্গ সরকার তদানিন্তন প্রধানমন্ত্রী মোরারজী দেশাইর সঙ্গে আলোচনা করলেন এবং তাঁকে এই ব্যাপারে হস্তক্ষেপ করতে বললেন। প্রধানমন্ত্রী মোরারজী দেশাই পশ্চিমবঙ্গ সরকারের নীতি সমর্থন করলেন এবং তারপর সেই সমস্ত উদ্বাস্তুদের ফিরে যেতে হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে, ত্রাণ দপ্তরের তরফ থেকে বলা হল এদের দন্ডকারণ্যে নিয়ে গিয়ে সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করুন, আমরা আপনাদের সঙ্গে সহযোগিতা করব। মাননীয় সদস্য প্রবোধবাবু বললেন এই সরকারের তরফ থেকে কোন রকম উদ্যোগ গ্রহণ করা হয়নি। একথা সত্য নয়। পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণমন্ত্রী বলেছিলেন কোনরকম সাহায্যের প্রশ্ন এলে আমরা চিন্তা করব এবং আমরা আশা রাখব যাতে নাকি সেখানে উদ্বাস্তুদের সমস্যার সমাধান হয়। আমাদের ত্রাণমন্ত্রী এই প্রশ্ন রেখেছিলেন এটা আমরা জানি।

[6-25—6-30 P.M.]

স্যার, বিগত দিনের কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের এ সম্পর্কে দৃষ্টিভঙ্গি কি ছিল সেই প্রশ্নে আমি এখন আসছি। স্যার, তদানীন্তন রাজ্য সরকারগুলি কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রশ্নটি যেভাবে রেখেছিলেন তারজন্য দেখা গিয়েছিল যে কেন্দ্রীয় সরকার মনে করেছিলেন এই উদ্বাস্তু সমস্যার সমাধান হয়ে গিয়েছে, আর কোন সমস্যা নেই। সেখানে জনতা সরকারের আমলে আমরা শুনেছিলাম যে উদ্বাস্তু সম্পর্কিত কেন্দ্রীয় মন্ত্রী দপ্তর তাঁরা তুলে দেবার কথা ঘোষণা করেছিলেন। স্যার, আমরা এই ঘোষণা শুনে অবাক হয়েছিলাম কারণ যেখানে এখনও লক্ষ লক্ষ উদ্বাস্তুর পুনর্বাসনের ব্যবস্থা হয়নি সেখানে কেন্দ্রীয় সরকার এই ঘোষণা করছেন কেন? পরবর্তীকালে দেখলাম, তদানিন্তন রাজ্য সরকারের পক্ষ থেকে এই সমস্যা যে এখনও আছে সেই তথ্য কেন্দ্রীয় সরকারের কাছে রাখা হয়নি। এই হচ্ছে বিগতদিনগুলির রাজ্যসরকার এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি এবং এই দৃষ্টিভঙ্গির জন্য আজকেও এই সমস্যা পুঞ্জিভূত হয়ে আছে। আজকে এই সমস্যার সমাধান করতে গেলে আমি বলব, এটাকে জাতীয় সমস্যা হিসাবে দেখতে হবে এবং এই উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য দলমত নির্বিশেষে সমস্ত মানুষকে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে। বামফ্রন্ট সরকার গঠিত হবার পর এ সম্পর্কিত একটি কমিটি হয়েছে এবং তার চেয়ারম্যান হয়েছেন শ্রী সমর মুখার্জি, এম.পি.। সেখানে তাঁর নেতৃত্বে যে কমিটি হয়েছে সেই কমিটি পরিসংখ্যান নিচ্ছেন এবং সেই পরিসংখ্যানের মাধ্যমেই ঠিক করা হবে কোন্ শ্রেণীর কত লোক কি ভাবে জীবিকা অর্জন করেন এবং করবেন এবং তার উপরই ভিত্তি করে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রাখা হবে। সেখানে ৫শো কোটি টাকা তার ভিত্তিতে পুনর্বাসনের জন্য

ব্যবস্থা করতে হবে। এই সরকার যে বলিষ্ঠ নীতি নিয়েছেন, যে বলিষ্ঠ উদ্যোগ গ্রহণ করেছেন এই ধরনের উদ্যোগ অতীতে কোন সরকার গ্রহণ করেন নি। সেখানে কত টাকা লাগবে, কোন খাতের জন্য কত টাকা লাগবে, কি ধরনের কাজ করা হবে ইত্যাদি বিষয়ে পরিসংখ্যান তৈরি করার উদ্যোগ অতীতে কোন সরকার গ্রহণ করেন নি। আজকে এই বামফ্রন্ট সরকারের মাননীয় ত্রাণমন্ত্রীর উদ্যোগে সেই বলিষ্ঠ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আরো যে সমস্ত উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেগুলি হচ্ছে, কৃষি কলোনীতে যে সব ব্যবস্থা হয়ে আছে বিগত দিনের সরকারের নীতির ফলে—সেখানে সেই সমস্ত জমির পাট্টা দেওয়া হয়নি এবং তার ফলে তারা ঋণ পায়না, সে সমস্ত জমি মহাজনের কাছে রেখে তারা টাকা নিতে বাধ্য হয় এবং এই সবের জন্য তারা আবার রিফিউজি হয়ে যাচ্ছেন। এই সরকার সেখানে বলিষ্ঠ নীতি নিয়ে সেই সমস্ত জমির নিঃশর্ত পাট্টা দেবার ব্যবস্থা করেছেন। এতদিন যে সমস্ত বাধাবিঘ্ন ছিল এই বামফ্রন্ট সরকার সেই বাধাবিঘ্ন অপসারণ করে নিঃশর্ত ভাবে গ্রামের কৃষি জমি, বাস্তুভিটার জমির পাট্টা দেবার ব্যবস্থা করেছেন। শহরাঞ্চলে সেখানে ১০ বছরের বাধ্যবাধকতা রেখে তাদের পাট্টা দেবার ব্যবস্থা করেছেন। তা ছাড়া ৩৬ কোটি টাকা ঋণ মকুব করার সিদ্ধান্ত হয়েছে। স্যার, গত ৩০/৩২ বছর ধরে কোন রাজ্য সরকারই কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ করে এই ধরনের উদ্যোগ নেয়নি, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ আলোচনা করে উদ্বাস্তু ভাইরা যে ঋণগ্রস্ত ছিল সেই ৩৬ কোটি টাকার ঋণ থেকে তাদের মুক্তি দেবার ব্যবস্থা করেছেন এবং তার ভিত্তিতে রাজ্য সরকার সার্টিফিকেট দেবারও সিদ্ধান্ত নিয়েছেন। এই সার্টিফিকেট পেলে উদ্বাস্তু ভাইরা আবার ঋণ পাবার সুযোগ পাবেন এবং তা পেলে তারা জীবিকা অর্জনের ক্ষেত্রে খানিকটা এগিয়ে যেতে পারবেন। তারপর এই রাজ্য সরকার আরো সিদ্ধান্ত নিয়েছেন যে, যে সমস্ত উদ্বাস্তু ভাইরা ১৯৭৭ সাল পর্যন্ত বিভিন্ন জায়গায় জবরদখল করে বাড়িঘর করে আছেন—জমিদারের জমিতে, ধনী লোকের জমিতে বা সরকারি জমিতে বা অন্যান্য জায়গায় তাদের বসতবাটির জন্য প্লট দেওয়া হবে। সেখানে উদ্বাস্তু দপ্তর, ভূমি ও ভূমিরাজস্ব দপ্তর তারা যৌথ ভাবে একটি কমিটি করেছেন এবং সেখানে উদ্বাস্তু ভাইদের জমি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই কাজ যাতে তরান্বিত হয় সেজন্য তারা চেষ্টা করছেন, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, এই কাজটা যাতে তাড়াতাড়ি হয় সেজন্য আপনি দৃষ্টি দিন। স্যার, আজ যে সমস্ত কাজ করা হচ্ছে এই সমস্ত কাজ করার উদ্যোগ অতীতের সরকারগুলি নেয়নি এবং তার ফলেই এই উদ্বাস্তু সমস্যা আজকে অত্যন্ত জটিল আকার ধারণ করেছে। পরিশেষে স্যার, ত্রাণ ব্যবস্থা সম্পর্কে কয়েকটি কথা বলব। এখানে ইমাজুদ্দিন সাহেব বললেন, সমস্ত চুরি হয়ে যাচ্ছে ইত্যাদি। তিনি বাজার গরম করতে চাইলেন এবং তা করবার জন্য বাজার থেকে একটি প্যান্ট কিনে এনে বিধানসভায় দেখালেন। বিশেষ করে একটা ছেলের প্যান্ট নিশ্চয় বাবা পরবে না। বাপের জন্য ফুল প্যান্ট আছে, কাপড় আছে। ইমাজুদ্দিন সাহেব বাজার থেকে কিনে এনে এখানে বাজার গরম করতে চাইছেন। উনি জেনে রাখুন এভাবে বাজার গরম করা যাবে না। ওনাদের নীতির ফলে লক্ষ লক্ষ মানুষকে অপরের একটা বোঝায় পরিণত করেছে। ওনাদের নীতির ফলে ভারতবর্ষ ভাগ হয়েছে এবং তারই ফলে আজ লক্ষ লক্ষ মানুষ রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, পদ্ম পাতায় ভেসে বেড়াচ্ছে। তার জন্য ওঁদের লজ্জা হওয়া উচিত। কিন্তু ওদের সে লজ্জা নেই। আমরা তার একটা ব্যবস্থা করতে চলেছি আমরা একটা বলিষ্ঠ দৃষ্টান্ত স্থাপন করতে পেরেছি। বিগত ইতিহাসে আমরা তা দেখতে পাই

নি। ১৯৭৮ সালে ভয়াবহ প্রলয়ঙ্কর বন্যা পশ্চিমবাংলার বুকে বয়ে গেল এই সরকার না থেকে যদি অন্য সরকার থাকতো তাহলে গ্রাম বাংলার মানুষ একেবারে নিঃশেষ হয়ে যেত। তাদের কিন্তু কলকাতায় আসতে হয় নি লোকের বাড়ি বাড়ি গিয়ে ফ্যান দাও রুটি দাও বলতে হয় নি এবং কেউ না খেয়েও মরে নি। এই সরকার তার জন্য সুব্যবস্থা করতে পেরেছিল। গরিব মানুষদের জন্য সুষ্ঠু ব্যবস্থা করতে পেরেছিল। তার জন্য এই সরকার ধন্যবাদ পাবার দাবি রাখে। এই কাজে গ্রামের মানুষ আমাদের পাশে এগিয়ে এসেছিল। এই কথা বলে আমি শেষ করার আগে মাননীয় প্রবোধবাবু যে কথা বললেন যে যেসব কেন্দ্রীয় সংস্থা ছিল সেখানে আর উৎপাদন হচ্ছে না সব বন্ধ হয়ে গেছে। আমি তাঁকে বলছি যে চার জায়গায় এই সংস্থা আছে, এবং সেখানে কাজকর্ম হচ্ছে আর সেই জিনিসপত্র যা তৈরি হচ্ছে তারা নিজেরা ব্যবহার করছে এবং অন্যান্য লোকরাও কিনছে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে রেখেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি।

[6-35—6-45 P.M.]

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে দুটি বাজেটের টাকার বরাদ্দ এখানে উপস্থিত করেছি তার উপর মাননীয় সদস্যরা যা বলেছেন এবং বিশেষ করে জনতা পার্টির প্রতিনিধি মাননীয় সদস্য শ্রী প্রবোধ সিংহ মহাশয় যে বক্তব্য রেখেছেন তাতেও দেখতে পাচ্ছি এবং কিছুদিন ধরে একটা দৃষ্টিভঙ্গির পরিবর্তন জনতা পার্টির প্রতিনিধিদের মধ্যে লক্ষ্য করছি। আমি এতে আনন্দিত হয়েছি যে অতীতের ভুল সংশোধন তারা করতে পারছেন। এতদিন পর্যন্ত আমাদের পশ্চিমবাংলায় আমরা সরকারে আসার পর এবং কেন্দ্রে জনতা পার্টি থাকা অবস্থায় আমরা পশ্চিমবাংলার উদ্বাস্তু জনগণের সম্পর্কিত যে সমস্ত বাস্তব প্রস্তাব কেন্দ্রের কাছে উপস্থিত করেছিলাম এবং দুঃখের সঙ্গে আজ পর্যন্ত যে কথা বার বার বলার চেষ্টা করেছিলাম তা জনতা সরকারের পক্ষ থেকে অতীতে কংগ্রেস সরকারের উদ্বাস্তু দপ্তর বিরতির নীতি সেই একই নীতির সঙ্গে সুর মিলিয়ে জনতা সরকার কাজ করে গিয়েছিল। আমরা সেই নীতির পরিবর্তন চেয়েছিলাম। আজ আমি শুনে সত্যি খুবই আনন্দিত যে অতীতের সেই ভুল ভ্রান্তি কাটিয়ে কেন্দ্রে কিংবা আমাদের এই প্রদেশে মাননীয় সদস্যদের মধ্যে দেখলাম তার একটা পরিবর্তন হয়েছে। মাননীয় সদস্য কিছু কংক্রীট সাজেশনও দিয়েছেন। তিনি যে সব তথ্য দিলেন সে সম্বন্ধে আমি দু একটি কথা উত্তর দেব। আমি বক্তৃতা বেশি দীর্ঘ করতে চাই না। তার কারণ আমি যে ব্যয় বরাদ্দ যে বাজেট উপস্থিত করেছি তার উপর বিশেষ তেমন কিছু খুব একটা সমালোচনা হয় নি। উনি যে কথা প্রথমে বলেছেন যে আমি নাকি মন্ত্রী হয়ে এই কথা ঘোষণা করেছিলাম পশ্চিমবাংলার জনগণের কাছে যে উদ্বাস্তু পুনর্বাসনের যে কাজ, সেই কাজ আমি শেষ করে ফেলতে পারব এবং আমিই হব শেষ মন্ত্রী উদ্বাস্তু পুনর্বাসনের। আমি দ্বিধাহীন কণ্ঠে আবার এই কথা ঘোষণা করতে চাই যে এই ধরনের কোন কথা আমি বলিনি। আমার মুখ থেকে আমি কোনদিন কোন কাগজের কাছে, কোন পত্রিকার কাছে, আমি নিজে এই কথা বলিনি। আমি জানি সমস্যার গভীরতা অত্যন্ত বেশি এবং এই সমস্যাকে জটিলতর করেছিলেন শেষের কেন্দ্রে কংগ্রেস সরকার। সুতরাং এই জটিল সমস্যা থেকে সারা পশ্চিমবাংলার উদ্বাস্তুদের যে প্রশ্ন, সেই প্রশ্নটা খুব সহজ নয়। আনন্দবাজার হোক, যুগান্তর হোক, তারা আনন্দের আতিশয্যের ফলে অথবা বাজিমাৎ করার জন্য এই রকম একটা কথা আমার মুখ দিয়ে প্রবেশ করিয়ে জনগণের কাছে সরবরাহ যদি

করে থাকেন তাহলে তার জন্য নিশ্চয়ই আমি দায়ী নই। তবে দুঃখের কথা, লজ্জার কথা যে আমাদের দেশের পত্র পত্রিকাগুলি এই ধরনের, যে কথা আমি বলিনি সেই কথা আমার মুখ দিয়ে প্রচার· করার চেষ্টা করেছেন। আমি এর প্রতিবাদ করেছি। আমি শুধু এইটুকু আপনাদের কাছে বলতে চাই, অন্তত আমরা যে সব আবেদন করেছিলাম কেন্দ্রীয় সরকারের কাছে, পশ্চিমবাংলার উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য যে বৈষম্যমূলক আচরণের কথা আপনারা সকলে তুলেছেন, একথা ঠিক যে পশ্চিম পাকিস্থান থেকে আগত উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য যে সমস্ত নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছিলেন, তা থেকে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে পূর্ববঙ্গ থেকে যে সমস্ত উদ্বাস্তুরা পশ্চিমবঙ্গে এসেছিলেন তাদের প্রতি। সব চেয়ে আশ্চর্যের কথা, দুঃখের কথা, লজ্জার কথা সেদিনও লোকসভার নির্বাচন হয়ে গেল, কেন্দ্রে নতুন কংগ্রেস সরকার, ইন্দিরা গান্ধী এসেছেন। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন যে আমাদের উদ্বাস্তুদের সম্পর্কে পুনর্বাসন মন্ত্রীর হাতে কিছু টাকা পয়সা ডিসক্রিশনারী ফান্ডে থাকত। নিরন্ন উদ্বাস্তু, যারা খেতে পারেনা তাদের কখনও কখনও ৩০ টাকা, ৪০ টাকা করে বিশেষ ক্ষেত্রে সাহায্য দেওয়ার জন্য যে ডিসক্রিশনারী ফান্ড ছিল, পশ্চিমবঙ্গের পুনর্বাসন মন্ত্রীর হাতে সেটাও তারা বন্ধ করে দিয়েছেন। গত জানুয়ারি মাসের প্রথমে তারা আমার কাছে এসে যখন জানান, আমি এর প্রতিবাদ করি। কিন্তু সেই প্রতিবাদ না শুনে তারা জানিয়ে দিলেন যে আপনারা কোন খরচ করবেন না, আমরা কোন ডিসক্রিশনারী ফান্ডে টাকা দিতে পারব না। সামান্য ৩০ হাজার টাকা তারা বন্ধ করে দিলেন। সুতরাং মর্নিং শোস দি ডে। এই প্রথম আক্রমণ উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের উপরে হল। যারা অত্যন্ত দরিদ্র উদ্বাস্তু যাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা নেই—একেই তো শতকরা ২২ থেকে ২৩ ভাগ আংশিক পুনর্বাসন হয়েছে পশ্চিমবঙ্গে, তার উপর যে সমস্ত উদ্বাস্তুরা আছে তাদের এই আইনের মধ্যে পুনর্বাসন দেওয়া যায়না, তাদের ক্ষেত্রে যদি কোন রকম ব্যবস্থা করা যায় সেটাও তারা বন্ধ করে দিলেন। সে জন্য আমি বলেছি যে কেন্দ্রে অতীতের কংগ্রেস সরকারের উদ্বাস্তু বিরোধী যে নীতি, উদ্বাস্তুদের প্রতি বিশ্বাসঘাতকতার যে নীতি তারা গ্রহণ করেছিলেন, সেই নীতি আবার নতুন করে এখন তারা গ্রহণ করছেন এবং তার ফলে এই প্রথম আক্রমণ শুরু হল বলে আমার মনে হয়েছে। তাই, আজকে যারা উদ্বাস্তুদের দরদি সেজে, কংগ্রেস (আই)-এর পক্ষ থেকে প্রতিনিধি হিসাবে যারা দরদ দেখাচ্ছেন, সহযোগিতার কথা বলেছেন, আমি তাদের সকলের কাছে সমবেত আবেদন করতে চাই, নীতি পরিবর্তনের সংগ্রামে কেন্দ্রের সঙ্গে আপনারা যদি না করতে পারেন, বামফ্রন্ট সরকার যে সিদ্ধান্ত নিয়েছে, সেই সংগ্রামে আপনারা যদি সহযোগিতা করেন তাহলে কেন্দ্রে এই যে উদ্বাস্তু বিরোধী নীতি, বিশ্বাসঘাতকতাপূর্ণ নীতি, সেটা আমরা পরিবর্তন করতে পারব। আমি বিশ্বাস করি প্রবোধ বাবুর বক্তৃতার এবং আরো বিশ্বাস করি যে তাদের হাত সম্প্রসারিত হবে এবং এই ঐক্যকে আরো দৃঢ়ভাবে এবং পশ্চিমবাংলার উদ্বাস্তু এবং গণতান্ত্রিক মানুষ মিলে কেন্দ্রীয় কংগ্রেস সরকারের উদ্বাস্তু বিরোধী নীতিকে আমরা ভাঙ্গতে পারবো। আমরা সুস্থ একটা উদ্বাস্তু পুনর্বাসনের পরিকল্পনা করেছি। আমরা একটা কমিটি করেছি। আপনারা জানেন যে উদ্বাস্তুদের পুনর্বাসনের ক্ষেত্রে সিক্সথ ফিনান্স কমিশন যখন এসেছিলেন, আমাদের পশ্চিমবাংলার সরকারের পক্ষ থেকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং আমাদের ফিনান্স মিনিস্টার এই ২ জন সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে এটা উপস্থিত করা হয়েছিল। দেশাই সাহেব তখন প্রধানমন্ত্রী ছিলেন, তার কাছে এই কথা বলা

*হয়েছিল যে ৫ শত কোটি টাকা আমাদের উদ্বাস্তু পুনর্বাসনের জন্য চাই।*

*সেই ৫০০ কোটি টাকা দিয়ে কোন কোন* অংশের উদ্বাস্তুদের জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা যাবে এবং সেগুলি কিভাবে পরিকল্পিত আকারে খরচ করা হবে, তা খতিয়ে দেখবার জন্য এম.পি. সমর মুখার্জির নেতৃত্বে ডেলিমিটেশন কমিশন গঠন করা হয়েছে, তিনি তার চেয়ারম্যান। তাঁরা সারা পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের সম্বন্ধে সার্ভে করছেন, প্রত্যেক অংশের উদ্বাস্তুদের মধ্যে যাচ্ছেন এবং কি কি পরিকল্পনা গ্রহণ করা হলে পশ্চিমবঙ্গে পূর্ণাঙ্গ পুনর্বাসনের ব্যবস্থা হতে পারে সে সম্পর্কে তাঁদের রিপোর্ট আমরা ২/১ মাসের মধ্যে যাতে পেতে পারি তার জন্য ব্যবস্থা করা হয়েছে। সেটা হলে ৫০০ কোটি টাকা কোন কোন খাতে ব্যয় করা যাবে তা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে সুনির্দিষ্ট আকারে হাজির করব।

আর একটা কথা যেটা জনতা দলের প্রবোধ-বাবু বলেননি, কিন্তু কংগ্রেস থেকে মাননীয় সদস্য বললেন, এবং যেহেতু তিনি বলেছেন সেহেতু আমি সেই বক্তব্যকে গুরুত্ব দিচ্ছি, কারণ আমরা বিরোধী দলকে গুরুত্ব দিই। কিন্তু তিনি এখানে সম্পূর্ণ অসত্য কথা বলেছেন। আমরা আমাদের সরকারের নেতৃত্বে পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক মানুষের সহযোগিতায় যখন উদ্বাস্তু ভাইদের দন্ডকারণ্যে ফেরত পাঠাই তখন কেন্দ্রে লোকদলের সরকার, চরণ সিং-এর সরকার। সেই সরকারকে আমরা জানিয়েছিলাম যে, আমরা উদ্বাস্তুদের জন্য দন্ডকারণ্যে যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রস্তাব করেছিলাম সেই প্রস্তাব অনুযায়ী তাঁরা সেখানে যাতে সুযোগ পায় তা দেখবার জন্য আমরা এম.পি.-দের একটা টিম নিয়ে, পার্লামেন্টের সদস্যদের নিয়ে যেতে চেয়েছিলাম। সেই সময়ে সে প্রতিশ্রুতিও আমাদের কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন এবং তাঁরা বলেছিলেন যে, তাঁরা সমস্ত সুযোগ সুবিধাই পাবে। আপনাদের হয়ত স্মরণ আছে আমি এই বিধানসভায় বলেছিলাম যে, তাঁরা সেই সমস্ত সুযোগ সুবিধা পাচ্ছে কিনা তা দেখবার জন্য আমরা সেখানে যেতে চাই। এর কয়েক দিন পরেই আমাদের কেন্দ্রীয় সরকার জানিয়ে দিলেন যে, না, এম.পি. টিম এখন যেতে পারবে না। আগে আমাদের পুনর্বাসন মন্ত্রী সেখানে যাবেন পটারুড্যাম উদ্বোধন করবেন। তারপর তাঁরা আমাদের জানাবেন। আমি একথা আগেও বিধান সভায় বলেছিলাম। কাজেই একথা মাননীয় কংগ্রেস সদস্যের ভুলে যাওয়া উচিত হয়নি। কেন্দ্রীয় সরকার যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং সেই অনুযায়ী তাঁরা যেটুকু সুযোগ সুবিধা এখন পর্যন্ত দিচ্ছেন এবং যেগুলি পেয়ে উদ্বাস্তুরা সেখানে ফিরে গেছেন সেসব টুকুই আমাদের বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী চিঠি লিখে এবং প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে করেছেন। তাঁর চেষ্টার ফলেই সেইটুকুও হয়েছে। সুতরাং এর সবটুকু কৃতিত্ব পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের। ইতিমধ্যে কেন্দ্রে নতুন সরকার হয়েছে এবং সেখানেও আমি গিয়েছিলাম। আমি আগামীকাল আবার কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীর সঙ্গে দেখা করার জন্য দিল্লি যাচ্ছি। ২১ তারিখ তাঁর সঙ্গে উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত বিষয়ে আলাপ-আলোচনা হবার কথা আছে এবং কতগুলি বিশেষ বিশেষ ঘটনা সম্বন্ধে তাঁর সঙ্গে আলোচনা হবে। ইতিপূর্বে আমি সেখানে গিয়ে আর.আই.সি.-র ব্যাপারে কতগুলি প্রশ্ন উত্থাপন করে এসেছিলাম, তাঁরা বলেছিলেন পরবর্তীকালে হবে।

[6-45—6-55 P.M.]

আমি উদ্যোগী হয়ে তাঁর কাছে চিঠি লিখেছি—আমি ২১ তারিখে যাচ্ছি, ২২ তারিখেও থাকবো—আমি বলেছি আপনার যখন সুবিধা হবে আমার সাথে দেখা করবেন। উনি ২১ তারিখে দেখা করবার জন্য চিঠি দিয়েছেন। আপনারা যেসব সমস্যার কথা বললেন সেইসব সমস্যা নিয়ে কথা হচ্ছে এবং কথা হবে। অতীতের কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের কোন সমস্যা আছে বলে মনে করেন নি তাই দপ্তর তুলে দিয়েছেন—ওরা রেসিডুয়ারী প্রবলেম হিসাবে দেখেছিলেন এবং প্রশাসনের অন্যান্য দপ্তরের সাথে যুক্ত করে দিয়েছিলেন এবং সেই অনুযায়ী জনতা সরকার, লোকদল সরকার এবং বর্তমানে কংগ্রেস আই সরকার তাঁরা উদ্বাস্তুদের ব্যাপারে বিভিন্ন দপ্তরের সঙ্গে যুক্ত করে দিয়েছেন। একজন মন্ত্রী উদ্বাস্তু সমস্যার সমাধান করতে পারছেন না। এখন ৩।৪ জন কেন্দ্রীয় মন্ত্রীর সাথে দেখা না করলে উদ্বাস্তুদের সমস্যা সম্পর্কে আলোচনা হওয়া অসম্ভব। সুতরাং নীতির পরিবর্তন দরকার, নীতির পরিবর্তনের কথা পূর্বেও বলেছি এবং আজও বলছি এবং সেই নীতির পরিবর্তন আমরা করেছি। আমি টাইটেল ডিডের কথা বলেছি। আমি আগেরবার রিহ্যাবিলিটেশন মিনিস্টারের সাথে কথা বলেছিলাম। তাঁকে এই কথা বলেছিলাম, পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের সম্পর্কে যে কনট্রিবিউটারি লোন যেটা মকুব করা হয়েছে সেই লোন রেমিশন হয়ে গেছে এবং তা গ্র্যান্টে পর্যবসিত হয়েছে। আমি বলেছিলাম, লোন যদি রেমিশন হয়ে যায় এবং তা যদি পশ্চিমবঙ্গ সরকারের কাছে গ্র্যান্ট হিসাবে আসে এবং সেই টাকায় পশ্চিমবঙ্গে যে সমস্ত সম্পত্তি আমরা করেছি এবং উদ্বাস্তুদের মধ্যে বিলি করেছি—সেই সম্পর্কে আমরা যে অ্যাকুইজিশান করেছি, অধিগ্রহণ করেছি—সেই সম্পর্কে কেন্দ্রের সঙ্গে আমাদের এ বিষয়ে নির্ভরশীল হওয়ার কোন কারণ নেই। তিনি বললেন, হ্যাঁ, এই ব্যাপারে আপনি চিঠি লিখে জানাবেন। আমি লিখে জানিয়েছি। মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি—আমি আমাদের পশ্চিমবাংলার এল.আর-এর কাছে এই বিষয়ে উত্থাপন করেছিলাম। তিনি আমাকে জানিয়েছেন হ্যাঁ, আপনি যে বিষয়ে উত্থাপন করতে চাচ্ছেন—যে ধারণা নিয়ে, যে যুক্তি নিয়ে উত্থাপন করতে চাচ্ছেন তা ঠিক। রেমিশন গ্র্যান্ট হয়ে যাওয়ার পর কেন্দ্রের উপর নির্ভরশীল হয়ে থাকার প্রয়োজন নেই। আপনি ইচ্ছা করলে টাইটেল ডিডের ক্ষেত্রে যে সমস্ত জমি অধিগ্রহণ করেছেন সেইগুলি উদ্বাস্তুদের শর্ত দিতে পারবেন—সেটা কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল নয়। তবে এই কথা বলতে পারি, কেন্দ্রীয় সরকারের সাথে যখন দেখা করতে যাচ্ছি তখন এ বিষয়ে তাঁর সঙ্গে আমি আলোচনা করব এবং সেই কথা জানিয়েও দিয়েছি। এখানে কংগ্রেস আই-এর প্রতিনিধিরা ৩০ বছর ৯৯ বছর লিজের কথা তুলেছেন। কিন্তু তখন লিজ ছিল না—শর্ত ছিল জঘন্য। তখন কি শর্ত ছিল, একজনকে জমি দিলে বলা হত—তুমি গণতান্ত্রিক আন্দোলনে যোগ দিতে পারবে না, কোন রাজনৈতিক সংগ্রামে যোগ দিতে পারবে না। তা যদি কর তাহলে তোমার জমি হাত ছাড়া হয়ে যাবে। এই শর্ত ছিল কন্টকিত। আমরা আসার পর সেটা নাকচ করে দিয়েছি এবং বলেছি এই ধরনের শর্ত দেওয়া যাবে না।

**Mr. Deputy Speaker :** As the time is to expire just now, I think more time will be required in connection with this debate. Under rule 290, with the permission of the House, I wish to extend the time by 15 minutes.

(Voices - Yes)

So, the time is extended by 15 minutes.

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** সুতরাং টাইটেল ডিডের ক্ষেত্রে দাম নিয়ে ভূমিসংস্কার মন্ত্রীর সঙ্গে আলোচনা করে ঠিক করেছি যে ভেস্টেড ল্যান্ডে যে সমস্ত উদ্বাস্তু আছে তাদের মালিকানা সত্ব দেওয়া হবে এবং জমি বিনামূল্যে হোক কিংবা নামমাত্র মূল্যে তাকে জমি দিয়ে দেওয়া হবে। বসতবাটী হিসাবে যাঁরা আছেন তাঁদের দিয়ে দেওয়া হবে। এরপর কৃষিযোগ্য জমিতে যাঁরা আছেন তাঁদের যে শর্ত সেই হিসেবে দেওয়া হবে এবং দুটি বিভাগের অফিসাররা যৌথভাবে তদন্ত করে এগুলি বিলি করবেন। রুর‍্যাল কলোনীর ক্ষেত্রে আমরা বিলি করেছি। গ্রামাঞ্চলে যে উদ্বাস্তুরা আছে তাদের ফ্রিহোলড টাইটেল দিয়েছি, তবে তার মধ্যে একটা শর্ত হচ্ছে এই যে সরকারের অনুমতি ছাড়া ১০ বছরের মধ্যে তারা হস্তান্তর করতে পারবে না। আমরা তদন্ত করে দেখেছি কিছু কিছু জায়গায় তারা জমি হস্তান্তর করেছে। সেটা যাতে না হয় তারই জন্য সরকারের অনুমতি ছাড়া ১০ বছরের মধ্যে বিলি করতে পারবেন না। তারপর যা ইচ্ছা করতে পারবেন। শহরের জমি সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলে ঠিক করেছি যে নূতন পরিস্থিতিতে কেন্দ্রীয় মন্ত্রী যদি একমত হন তাহলে সেটার টাইটেল কি হবে সেটা পশ্চিমবঙ্গ সরকার ঠিক করবেন। সেটা হলে আমরা ফ্রিহোলড টাইটেল দিয়ে দোব। কাজেই বৈষম্যমূলক আচরণ পশ্চিমবঙ্গ সরকারের প্রতি হয়েছে। প্রবোধবাবু প্রোডাকশন সেন্টারের কথা বলেছেন, অতীতের সরকারের আমলে টিটাগড় প্রোডাকশন সেন্টার থেকে বহু জিনিস বাকিতে দিয়ে দেওয়া হয়েছিল, আমরা দেখলাম সেই টাকা পরিশোধ করা হয়নি। সরকারের অফিসারদের সঙ্গে আলোচনা করে এই টাকা যাতে পরিশোধ করা যেতে পারে তার জন্য কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে এবং যাতে সমস্ত টাকা উঠে আসে তার জন্য চেষ্টা করছি এবং যদি কোন অফিসার এর সঙ্গে জড়িত থাকেন তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে। তারপর আমরা গতবার ঠিক করেছিলাম ৭০০ ক্যাম্প রিফিউজিকে পুনর্বাসন দোব। ক্যাম্প রিফিউজিদের যদি কোথাও পুনর্বাসন দিতে হয় তাহলে সেই জায়গায় সেই ক্যাম্প রিফিউজি যদি সম্মত হন তাহলে সেই জায়গায় দিতে হবে। আমি মনে করি এটার একটু পরিবর্তন করা দরকার। এই সমস্ত ক্যাম্পে যে সমস্ত রিফিউজি আছে তাদের জন্য সরকার থেকে ১২০ লক্ষ টাকা খরচ করতে হয়। অতীতের কেন্দ্রীয় সরকার যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই সমস্ত প্রতিশ্রুতি না মেনে টাকা না দেওয়ার জন্য সেই টাকা এখন আমাদের সরকার পক্ষ থেকেই দিতে হচ্ছে। এই কারণে আমাদের সেই সমস্ত বিধি ব্যবস্থার মধ্যে দিয়ে যেতে হচ্ছে।

[6-55—7-02 P.M.]

আমাদের পক্ষ থেকে ক্যাম্প রিফিউজিদের পুনর্বাসনের জন্য যে দায়িত্ব সেই দায়িত্ব আমরা নিয়ে তাকে প্রায়রিটি দিয়ে পুনর্বাসনের ব্যবস্থা করছি। মন্ত্রী হিসাবে আমি বলতে পারি আমাদের বিভাগের মধ্যে যে সমস্ত ত্রুটি ছিল সেইগুলি দূর করে যাতে একটা সুস্থ পরিবেশের মধ্যে দিয়ে এই বিভাগ চালান যায় সেই সমস্ত পদক্ষেপ আমরা নিয়েছি এবং আপনারা যদি

সহযোগিতা করেন তাহলে আমার বাজেটের মধ্যে যে সমস্ত বক্তব্য উপস্থিত করেছি সেগুলি আমরা ত্বরান্বিত করতে পারব। আসাম সম্পর্কে যেসব প্রশ্ন করা হয়েছে সে সম্পর্কে আমি কিছু বলতে চাই না। কেবল যশোডাঙ্গা ক্যাম্পে যে পরিবারগুলি আছে তাদের প্রত্যেককে আমরা ৮ কে.জি. করে গম দিচ্ছি এবং তাদের রক্ষা করবার জন্য চেষ্টা করছি, কিন্তু যেভাবে উপস্থিত করা হয়েছে তাতে ঘটনাটা কিন্তু ঠিক নয়। অনেক লোক আলিপুরদুয়ারে এসে গেছে এটা ঠিক নয়, যশোডাঙ্গা ক্যাম্পে আমরা খুব স্ক্রুটিনি করে সেখানে তাদের রাখার চেষ্টা করেছি। আপনারা যে দু-একজন সমালোচনা করলেন তাতে তাঁদের বলতে চাই যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে স্টাডি টিম কলকাতায় এসেছিল তারা সরেজমিনে তদন্ত করে দুটি নোট দিয়ে গেছেন। আমাদের রিলিফ টাকা পঞ্চায়েতের মাধ্যমে খরচ করা হয়েছিল সেই সম্পর্কে তাঁরা যে নোট দিয়ে গেছেন সেই সম্পর্কে বলে আমি শেষ করছি।

The study Team from Government of India had gone through the records maintained by Chanak Gram Panchayat for execution of F.F.W, R.W.P. and R.R.P. Part-I and II. The Study Team highly appreciated the upto-date maintenance of records and reports with accuracy. This is commendable for the Panchayat who had no initial training for maintenance of such records. The Gram Panchayat had brought to the notice that their full demand for maintaining the schemes is not met with by the State Government. This may be looked into by the State Government Authorities while sanctioning funds for further schemes. The Team had occasion to inspect one morum road in rainy season and it has observed that it had with stood the strain of the season and such achievements are worth commending. সুতরাং যে সমস্ত কথা বলা হয়েছে যে গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে টাকা অপচয় করা হয়েছে তা ঠিক নয়। সেইজন্য সরকার পক্ষ থেকে বিভিন্ন বিভাগের সেক্রেটারিকে নিয়ে জেলাওয়ারী ভিত্তিতে তদন্ত করে তার অর্ধেকেরও বেশি রিপোর্ট গ্রাম পঞ্চায়েতগুলি থেকে এসে গেছে এবং আশা করছি ৩১শে মার্চের মধ্যে বাকি সবগুলি এসে যাবে। এই কথা বলে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি শেষ করছি।

## Demand No. 44

**Mr. Deputy Speaker :** I have received two cut motions. The cut motions are in order and are taken as moved. I put the cut motions to vote.

The motion of Shri Sasabindu Bera that the amount of the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri A.K.M. Hassanuzzaman that the amount of the demand be reduced by Rs. 100/-, was then put and lost.

I now put the main demand to vote.

*The motion of Shri Radhika Ranjan Banerjee that a sum of Rs. 13,45,38,000 be granted for expenditure under Demand No. 44, Major Heads: "288-Social Security and Welfare (Relief and Rehabilitation of* Displaced Person and Repatriates), 488-Capital Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons), and 688-Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons)", was then put and agreed to.

**Demand No. 47**

**Mr. Deputy Speaker:** I have received seven cut motions. The cut motions are in order and are taken as moved. I put the cut motions to vote.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri A.K.M. Hassanuzzaman -ditto-

The motion of Shri Sasabindu Bera -ditto-

I now put the main demand to vote.

The motion of Shri Radhika Ranjan Banerji that a sum of Rs. 13,60,00,000 be granted for expenditure under Demand No. 47, Major Head: "289-Relief on account of Natural Calamities", was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7-02 P.M. till 1 P.M. on Wednesday the 20th March, 1980 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta on Wednesday, the 19th March, 1980 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 11 Ministers, 3 Ministers of State, and 176 Members.

[1-00 - 1-10 P.M.]

### ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার :** আমি আজ সর্বশ্রী সেখ ইমাজুদ্দীন, জন্মেজয় ওঝা, এবং শ্রী প্রদ্যোত কুমার মহান্তি মহাশয়ের কাছ থেকে ৩টি মূলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবে শ্রী ইমাজুদ্দীন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে প্রধানমন্ত্রীর লেখা চিঠির বিষয়বস্তু সম্পর্কে, দ্বিতীয় প্রস্তাবে শ্রী ওঝা আসামে বাঙ্গালি নিগ্রহ ও সেখান থেকে বাঙ্গালি উদ্বাস্তুর পশ্চিমবঙ্গে প্রবেশ সম্পর্কে এবং তৃতীয় প্রস্তাবে শ্রী মহান্তি গ্রাম পঞ্চায়েত সমিতির হিসেবে কারচুপি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম প্রস্তাবের বিষয় সদস্য মহাশয় আগামী পুলিশ বাজেটের সময় আলোচনা করতে পারবেন।

দ্বিতীয় প্রস্তাবের বিষয় সম্পর্কে গত ২৮শে ফেব্রুয়ারি বিধানসভায় ১৮৫নং ধারায় আনীত প্রস্তাব বিস্তারিত আলোচনা হয়েছে। প্রচলিত বিধি অনুসারে এ সম্পর্কে আর আলোচনা হতে পারে না।

তৃতীয় প্রস্তাবের বিষয় সদস্য মহাশয় আগামী পঞ্চায়েত বাজেট বিতর্কে আলোচনা করার সুযোগ পাবেন।

তাই আমি তিনটি প্রস্তাবেই আমার অসম্মতি জানাচ্ছি। তবে সদস্যরা ইচ্ছা করলে কেবলমাত্র সংশোধিত প্রস্তাবগুলি পাঠ করতে পারেন।

**শ্রী সেখ ইমাজুদ্দীন :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবী রাখছেন। বিষয়টি হল—প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলার অবনতি, রাজনৈতিক কর্মীদের খুন এবং সারা রাজ্যে সন্ত্রাসের রাজত্ব কায়েম করা সম্পর্কে মুখ্যমন্ত্রীকে একটি চিঠি দিয়েছিলেন। মুখ্যমন্ত্রী সেই চিঠির জবাবে বলেছেন যে ওইসব অভিযোগগুলি ভিত্তিহীন। প্রধানমন্ত্রী কর্তৃক প্রেরিত উক্ত পত্র এবং মুখ্যমন্ত্রী কর্তৃক দেয় জবাবের সম্পর্কে আলোচনা করা হউক।

**শ্রী জন্মেজয় ওঝা :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি

নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন বিষয়টি হল—আসাম সরকার সম্প্রতি বহুসংখ্যক বাঙালিকে গ্রেপ্তার অথবা বহিষ্কার করিয়েছেন। ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসীদের বিতাড়িত করা হইয়াছে। একজন শ্রদ্ধেয় সন্ন্যাসীকে বিষ প্রয়োগে হত্যার চেষ্টাও হয়েছিল। সংঘের শরণার্থী শিবিরগুলি বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। সরকারি শিবিরও বন্ধ, এই অসহনীয় অবস্থার পরিণতি স্বরূপ সহস্র সহস্র বাঙালি আসাম ত্যাগ করিয়া পশ্চিমবঙ্গে প্রবেশ করিয়াছেন। উত্তরবঙ্গের রেল স্টেশনগুলিতে তাহারা অনাহারে ও আশ্রয়হীন অবস্থায় দিনযাপন করছেন।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি :** মিঃ স্পিকার স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হ'ল :—

গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির বর্তমান আর্থিক বৎসরে হিসাব প্রস্তুত করার বিষয়ে কারচুপি হচ্ছে। বিভিন্ন পঞ্চায়েতকে দেওয়া অর্থের প্রায় শতকরা ৭০ ভাগ অর্থ তছরূপ হয়েছে। ভুয়া ভাউচার তৈরি করে সরকারের কাছে হিসাব দাখিলের চেষ্টা চলছে, সরকারি কর্মচারীরা যারা এই কাজে সহায়তা করতে সম্মত হচ্ছে না তাদের ভীতি প্রদর্শন ও হয়রানি করা হচ্ছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**অধ্যক্ষ মহোদয় :** আমি নিম্নলিখিত বিষয়গুলির উপর নোটিশ পেয়েছি :

১। বীরভূমে গিরিডাঙ্গায় যক্ষা হাসপাতাল বন্ধ — শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র, শ্রী অজয় কুমার দে, শ্রী প্রদ্যোতকুমার মহান্তি, ডঃ রাসবিহারী পাল, শ্রী বিনয় ব্যানার্জী, শ্রী প্রবোধকুমার সিংহ, শ্রী বলাইলাল দাস মহাপাত্র, শ্রী নানুরাম রায় এবং শ্রী পঞ্চানন দিগপতী, শ্রী বঙ্কিমবিহারী মাইতি এবং শ্রী সরল দেব।

২। কলিকাতাবাসীদের মধ্যে গ্যাসট্রো এনট্রাইটিস রোগের বৃদ্ধি — শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী রজনীকান্ত দোলুই।

৩। ব্যারাকপুর বি. এন. বসু হাসপাতালের শল্য চিকিৎসক সাসপেন্ড — শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী কৃষ্ণদাস রায়।

৪। সুন্দরবনে বাঘের পেটে ৫ জনের জীবনান্ত — শ্রী রজনীকান্ত দোলুই।

৫। আসামে বাঙালিদের উপর নির্যাতনের প্রতিবাদ রাজ্যব্যাপী ছাত্র ধর্মঘট — শ্রী রজনী কান্ত দোলুই।

৬। নেতাজী রচনাবলী প্রকাশন — শ্রী রজনীকান্ত দোলুই।

৭। আসাম থেকে আলিপুর দুয়ারে বাঙালি উদ্বাস্তুর আগমন — শ্রী রজনীকান্ত দোলুই।

8. Reported plan of Cong. (I) to seal rail and road links with Assam. — Shri Ashoke Kr. Bose.

9. Murder of one Amrik Singh near Howrah Maidan — Shri Janmejoy Ojha and Shri Rajani Kanta Doloi.

10. The Sahitya Akademi Award, 1979 — Shri Rajani Kanta Doloi.

আমি Reported plan of congress (I) to seal rail and road links with Assam বিষয়ের উপর শ্রী অশোক কুমার বসু কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী পার্থ দে :** এই বিষয়ে ২১শে মার্চ Chief Minister statement দেবেন।

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিস্তা ব্যারেজ প্রকল্পের প্রধান দুটি কাঠামো—তিস্তা ব্যারেজ ও মহানন্দা ব্যারেজের নির্মাণ কাজ চলছে। এই দুটি কাজের জন্য নদী গর্ভের নিচে প্রায় ৩ মিটার থেকে ৫ মিটার পর্যন্ত খুঁড়তে হচ্ছে এবং জল নিষ্কাশন ও মাটি সরানোর জন্য পাম্প ও ভারী ভারী যন্ত্রপাতি বসাতে হয়েছে। এইসব বিদ্যুৎ চালিত পাম্প ও যন্ত্রপাতি চালনার জন্য একটি ডিজেল চালিত 'পাওয়ার হাউস' স্থাপন করতে হয়েছে। এতদিন শিলিগুড়ির 'ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন' নিয়মিত ডিজেল সরবরাহ করছিলেন। হঠাৎ সমস্ত দেশে ডিজেলের অভাব হওয়ায় শিলিগুড়ির ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন' হঠাৎ ডিজেল সরবরাহে তাঁদের অক্ষমতা জানান।

[1-10–1-20 P. M.]

সেচ ও জলপথ বিভাগের সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারগণ ডিজেল সরবরাহ অব্যাহত রাখার জন্য ও প্রকল্পের কাজ যাতে পিছিয়ে না পড়ে সেজন্য অবিরত চেষ্টা চালিয়ে যেতে থাকেন। রাজ্য সেচ দপ্তরের সচিব কেন্দ্রীয় সেচ মন্ত্রক এবং পেট্রোলিয়াম ও রাসায়নিক মন্ত্রকের সচিবদের সঙ্গে যোগাযোগ স্থাপন করেন। আমি নিজে প্রথমে এই রাজ্যের খাদ্য ও সরবরাহ দপ্তরের মন্ত্রী মহাশয়ের গোচরে বিষয়টি আনি। তিনি সেই সময় মৌরীগ্রাম ডিপো থেকে তিস্তা প্রকল্পের জন্য বিশেষ অনুমতিপত্র মারফত ৪০০ কিলোলিটার হাইস্পিড ডিজেল সরবরাহে সাহায্য করেন। পরবর্তিকালে আমি যখন দিল্লি যাই সেই সময় ২৬-২-৮০ তারিখে পেট্রোলিয়াম ও রাসায়নিক দপ্তরের কেন্দ্রীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে বিষয়টি আলোচনা করি এবং তাঁকে জানাই যে এখনই হাইস্পিড ডিজেলের ব্যবস্থা যদি আপনি না করেন তাহলে তিস্তা প্রকল্পের কাজ অবিলম্বে বন্ধ হয়ে যাবে এবং ৩ মিটার থেকে ৫ মিটার পর্যন্ত নদীর গভীরে যে কাজ হচ্ছে তাতে প্রচণ্ড বেগে জল উঠবে এবং তা সঙ্গে সঙ্গে পাম্প দিয়ে নিষ্কাশন না করে দিতে

পারলে ব্যারেজের কাজ শুধু বন্ধ করতে হবে তাই নয়, পরন্তু ব্যারেজ যতটা নির্মিত হয়েছে তা ক্ষতিগ্রস্ত হয়ে যাবে এবং সেজন্য আপনি দায়ী থাকবেন। তখন তিনি ১৯৮০ সালে মার্চ মাসের জন্য এই রাজ্যের মাসিক বরাদ্দের উপর আরও ৫০০ কিলোলিটার হাই স্পীড ডিজেল সরবরাহ করার অনুমতি দেন। লো-ডিজেল সম্পর্কে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সাহায্য করেন।

ডিজেলের এই অনিয়মিত সরবরাহের জন্য চলতি কাজের বছরে (১৯৭৯-৮০) প্রকল্পের কাজের অগ্রগতি কিছুটা ব্যহত হয়। বর্তমানে শিলিগুড়ি ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন থেকে নিয়মিতভাবে ডিজেল সরবরাহের জন্য তিস্তা প্রকল্পের কাজ এই সংকট থেকে আপাতত মুক্ত হয়েছে বলা চলে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই তো কেন্দ্রীয় সরকার আপনাদের সঙ্গে ভাল সম্পর্ক রাখছেন। ইরিগেশন মিনিস্টার, পাওয়ার মিনিস্টার, গ্যাস মিনিস্টার সকলেই তো সাহায্য করে যাচ্ছেন দেখছি।

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** যা সত্য ঘটনা তা যখন বলতে যাই এবং তিস্তা ব্যারেজ-এর ব্যাপারে যখন জানাই যে সমস্ত দেশ ধ্বংস হয়ে যাবে এবং এর জন্য আপনারাই দায়ী থাকবেন, এই কথা যখন বলি, তখন ৫০০ কিলোলিটার হাই স্পিড ডিজেল সরবরাহ করার অনুমতি দেন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** সেটা এক মাসের জন্য পেয়েছেন তো?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** যা বলবার বলে দিয়েছি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** এটা সার্কুলেট করার জন্য মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে অনুরোধ করছি।

**মিঃ স্পিকার :** আমি এখন মাননীয় মন্ত্রী শ্রী প্রভাসচন্দ্র রায় মহাশয়কে ফারাক্কা সম্পর্কে বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আমার বাজেটের সময়, কোশ্চেনের সময় এবং কলিং অ্যাটেনশনে গঙ্গার জল ভাগাভাগি নিয়ে আলোচনা করেন আমাদের অনেক মাননীয় সদস্য—দাবি করেন, গঙ্গার জল ভাগাভাগি বাংলাদেশ ও ভারত সরকারের মধ্যে, জনতা পার্টির সময়, কিভাবে কি হয়েছে সেটা জানতে চেয়েছেন আরও দুই একজন মাননীয় সদস্য বলেছেন শ্রীমতী ইন্দিরা গান্ধীর সময়ে ১৯৭৫ সালে কি হয়েছিল, সেই ভাগাভাগি সম্বন্ধেও জানতে চান। একজন বলেছেন আমি তখন মাননীয় স্পিকার মহাশয়কে বলি, আপনি যদি বলেন তাহলে আজকে দিতে পারব না কিন্তু পরে দিতে পারি। আজকে সেগুলি আপনাদের টেবিলে দিয়েছি। সেখানে গঙ্গার জল ভাগাভাগি সম্পর্কে জনতা পার্টির সময় কি চুক্তি হয়েছে তার নকল এবং শ্রীমতী গান্ধীর সময় ১৯৭৫ সালে কি নীতির ভিত্তিতে জল ভাগাভাগি হয়েছিল সেই এগ্রিমেন্ট—এগুলি আমি আপনাদের টেবিলে বিতরণের ব্যবস্থা করে দিয়েছি।

**Statement under rule 346 made by Shri Pravash Ch. Roy on the 19th March, 1980.**

Joint India-Bangladesh Press Release

Embargo : Not to be published / broadcast / telecast before 17.00 hours

IST/1730 hours BST on 18th April, 1975

Dacca/New Delhi, April, 18.

The Delegation from India led by His Excellency Shri Jagjivan Ram, Minister of Agriculture and Irrigation, and the delegation from Bangladesh led by His Excellency Mr. Abdur Rab Serneabat, Minister for Flood Control, Water Resources and Power, met in Dacca from the 16th to 18th April, 1975. The talks were held in a cordial atmosphere and where characterised by mutual understanding that exists between the two friendly countries.

The Indian side pointed out that while discussions regarding allocation fair weather flows of the Ganga during lean months in terms of the Prime Minister's declaration of May, 1974 are continuing, it is essential to run the Feeder Canal of the Farakka Barrage during the current lean period. It is agreed that this operation may be carried out with varying discharges in ten-day periods during the months April and May, 1975 as shown below ensuring the continuance of the remaining flows for Bangladesh :

| Month | Ten-day period | Withdrawal cusecs |
|---|---|---|
| April, 1975 | 21st to 30th | 11,000 |
| May, 1975 | 1st to 10th | 12,000 |
| | 11th to 20th | 15,000 |
| | 21st to 31st | 16,000 |

Joint teams consisting of experts of two Governments shall observe at the appropriate places in both the countries the effects of the agreed withdrawals at Farakka, in Bangladesh and on the Hooghly river for the benefit of Calcutta Port. A joint team will also be stationed at Farakka to record the discharge into the feeder canel and the remaining flows for Bangladesh. The teams will submit their reports to both the Governments for consideration.

C. C. PATAL,
Additional Secretary,

S. Z. KHAN
Secretary.

[ 19th March, 1980 ]

Statement made by Shri Pravash Ch. Roy, Minister for Irrigation and Waterways Under rule 346 on the 19.3.80.

**AGREEMENT BETWEEN THE GOVERNMENT OF THE REPUBLIC OF INDIA AND THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH ON SHARING OF THE GANGA WATERS AT FARAKKA AND ON AUGMENTING ITS FLOWS.**

THE GOVERNMENT OF THE REPUBLIC OF INDIA AND THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH,

**DETERMINED** to Promote and strengthen their relations of friendship and good neighbourliness.

**INSPIRED** by the common desire of promoting the well-being of their peoples,

**BEING** desirous of sharing by mutual agreement the waters of the international rivers flowing through the territories of the two countries and of making the optimum utilisation of the water reasources of their region by joint efforts,

**RECOGNISING** that the need of making an interim arrangement for sharing of the Ganga waters at Farakka in a spirit of mutual accommodation and the need for a solution of the long-term problem of augmenting the flows of the Ganga are in the mutual interests of the peoples of the two countries,

**BEING** desirious of finding a fair solution of the question before him, without affecting the rights and entitlements of either country other than those covered by this Agreement, or establishing any general principles of law or precedent,

**HAVE AGREED AS FOLLOWS :**

A. Arrangments for sharing of the waters of the Ganga at Farakka.

**ARTICLE-I**

The quantum of waters agreed to be released by India to Bangladesh will be at Farakka.

## ARTICLE-II

(i) The sharing between India and Bangladesh of the Ganga waters at Farakka from the 1st January to the 31st May every year will be with reference to the quantum shown in coloumn 2 of the Schedule annexed here to which is based on 75 per cent availability calculated from the recorded flows of the Ganga at Farakka from 1948 to 1973.

(ii) India shall release to Bangladesh Water by 10 day periods in quantum shown in coloumn 4 of the Schedule :

Provided that if the actual availability at Farakka of the Ganga waters during a 10-days period is higher or lower than the quantum shown in coloumn 2 of the Schedule it shall be shared in the proportion applicable to that period ;

Provided further that if during a particular 10-day period, the Ganga flows at Farakka come down to such a level that the share of Bangladesh is lower than 80 per cent of the value shown in coloumn 4, the release of waters to Bangladesh during that 10 day period shall not fall below 30 per cent of the Value shown in coloumn 4.

## ARTICLE-III

The waters released to Bangladesh at Farakka under Article I shall not be reduced below Farakka except for reasonable uses of waters, not exceeding 200 cusecs, by India between Farakka and the point on the Ganga where both its banks are in Bangladesh.

## ARTICLE-IV

A Committee consisting of the representatives nominated by the two Governments (hereinafter called the Joint Committee) shall be constituted. The Joint Committee shall set up suitable teams at Farakka and Hardinge Bridge to observe and record at Farakka the daily flows below Farakka Barrage and in the Feeder Canal, as well as at Hardinge Bridge.

## ARTICLE-V

The Joint Committee shall decide its own procedure and method of functioning.

## ARTICLE-VI

The Joint Committee shall submit to the two Governments all date collected by it and shall also submit a yearly report to both the Governments.

### ARTICLE-VII

The Joint Committee shall be responsible for implementing the arrangements contained in this part of the Agreement and examining any difficulty arising out of the implementation of the above arrangements and of the operation of Farakka Barrage. Any differences or dispute arising in this regard, if not resolved by the Joint Committee shall be referred to a Panel of an equal number of Indian and Bangladeshi experts nominated by the two Governments. If the difference or dispute still remains unresolved, it shall be referred to the two Government which shall meet urgently at the appropriate level to resolve it by mutual discussion and failing that by such other arrangements as they may mutually agree upon.

B. Long-Term Arrangements

### ARTICLE-VIII

The two Governments recognise the need to co-operate with each other in finding a solution to the long-term problem of augmenting the flows of the Ganga during the dry season.

### ARTICLE-IX

The Indo-Bangladesh Joint Rivers Commission established by the two Governments in 1972 shall carry out investingation and study of schemes relating to the augmentation of the dry season flows of the Ganga, proposed or to be proposed by either Government with a View to finding a solution which is economical and feasible, It shall submit its recommendation to the two Governments within a period of three years.

### ARTCILE-X

The two Governments shall consider and agree upon a scheme or schemes, taking into account the recommendations of the Joint Rivers Commission, and take necessary measures to implement it or them as speedily as possible.

### ARTICLE-XI

Any difficulty, difference or dispute arising from or with regard to this part of the Agreement, if not resolved by the Joint Rivers Commission, shall be referred to the two Governments which shall meet urgently at the appropriate level to resolve it by mutual discussion.

C. Review and Duration.

## ARTICLE-XII

The provisions of this Agreement will be implemented by both parties in good faith. During the period for which the Agreement continues to be in force in accordance with Article XV of the Agreement, the quantum of waters agreed to be released to Bangladesh at Farakka in accordance with this Agreement shall not be reduced.

## ARTICLE-XIII

The Agreement will be reviewed by the two Government at the expiry of three years from the date of coming into force of this Agreement. Further reviews shall take place six months before the expiry of this Agreement or as may be agreed upon between the two Governments.

## ARTICLE-XIV

The review or reviews referred to in Article XIII shall entail consideration of the working, impact, implementation and progress of the arrangements contained in parts A and B of this Agreement.

## ARTICLE-XV

This Agreement shall enter into force upon signature and shall remain in force for a period of five years from the date of its coming into force. It may be extended further for a specified period by mutual agreement in the light of the review or reviews referred to in Article XIII.

**IN WITNESS WHEREOF** The undersigned, being dully authorised thereto by the respective Governments, have signed this Agreement.

**DONE** in duplicate at Dacca on November 1977 in Hindi, Bengali and English languages. In the event of any conflict between the texts, the English text shall prevail.

| | |
|---|---|
| (SURJIT SINGH BARNALA) | (REAR ADMIRAL MUSHARRAF HUSAIN KHAN) |
| FOR THE GOVERNMENT OF THE REPUBLIC OF INDIA. | FOR THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH |

DACCA NOVEMBER 5, 1977.

**SCJEDI-E**

[ Vide Article II (I) ]

Sharing of waters at Farakka between the 1st January and the 31st May every year.

| 1 | | 2 | 3 | 4 |
|---|---|---|---|---|
| Period | | Flows reaching Farakka (based on 75% availability from observed data (1948–73) | Withdrawal by India at Farakka | Release to Bangladesh |
| | | Cusecs | Cusecs | Cusecs |
| January | 1-10 | 98,500 | 40,000 | 58,500 |
| | 11-20 | 89,750 | 38,500 | 51,250 |
| | 21-31 | 82,500 | 35,000 | 47,500 |
| February | 1-10 | 79,250 | 33,000 | 46,250 |
| | 11-20 | 74,000 | 31,500 | 42,500 |
| | 21-28/29 | 70,000 | 30,750 | 39,250 |
| March | 1-10 | 65,250 | 26,750 | 38,500 |
| | 11-20 | 63,500 | 25,500 | 38,000 |
| | 21-31 | 61,000 | 25,000 | 36,000 |
| April | 1-10 | 59,000 | 24,000 | 35,000 |
| | 11-20 | 55,500 | 20,750 | 34,750 |
| | 21-30 | 55,000 | 20,500 | 34,500 |
| May | 1-10 | 56,500 | 21,500 | 35,000 |
| | 11-20 | 59,250 | 24,000 | 35,250 |
| | 21-30 | 65,500 | 26,750 | 30,750 |

**শ্রী রজনীকান্ত দলুই** : বর্তমান কেন্দ্রীয় সরকার এ সম্পর্কে কি স্ট্যাণ্ড নিয়েছেন সেটা কি ওর মধ্যে বলা আছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** : সে সম্পর্কে আলাদা প্রশ্ন করবেন উত্তর দিয়ে দেব।

# BUDGET OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR 1980-81

## DEMAND NO.34

Demand No-34 277-Education (Excluding sports and youth Welfare), 278 Art and Culture, and 677-Loans for Education, Art and Culture (Excluding sports and youth Welfare)

The written speech of Shri Sambhucharan Ghosh is taken as read

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশ অনুযায়ী ১৯৮০-৮১ সালের ৩৪ নং অভিযাচনের অধীনে "২৭৭—শিক্ষা (ক্রীড়া ও যুবকল্যাণ ব্যতীত)", "২৭৮—কলা ও সংস্কৃতি" এবং "৬৭৭—শিক্ষা, কলা ও সংস্কৃতি বিষয়ক ঋণ (ক্রীড়া ও যুবকল্যাণ ব্যতিত)" মুখ্য খাতে মোট ২৪৮ কোটি ৩৭ লক্ষ ৯১ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব উপস্থাপন করার অনুমতি প্রার্থনা করছি। এ ছাড়াও শিক্ষা প্রসঙ্গে আরও কিছু ব্যয়বরাদ্দের প্রস্তাব রয়েছে, সেগুলি অন্য অভিযাচনের অন্তর্ভুক্ত এবং সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত মন্ত্রিগণ সেগুলি উপস্থাপন করবেন। ১৯৮০-৮১ সনের শিক্ষা বিষয়ে ব্যয়বরাদ্দের অধিকাংশই অবশ্য ৩৪ নং অভিযাচন তথা বর্তমান প্রস্তাবের অন্তর্গত।

১৯৮১ সালের জানুয়ারি মাস থেকে পশ্চিমবঙ্গও এমন একটি রাজ্য হবে যেখানে উচ্চতর মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষা অবৈতনিক। এই রাজ্যের সকল সম্প্রদায়ের এবং সকল অংশের বহু ছাত্রছাত্রী প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক শিক্ষা গ্রহণে আরও অগ্রসর হবে, বিশেষত সেই সকল সম্প্রদায় যারা তাদের সন্তানদের শিক্ষার ব্যয় বহন করতে পারত না।

১৯৭৯-৮০ সালে ১ম শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত স্কুলগামী ছাত্রছাত্রীদের সংখ্যা দারুণ বৃদ্ধি পেয়েছে। শিক্ষাকে অবৈতনিক করা হয়েছে এবং অন্যান্য ফিগুলি যুক্তিসঙ্গতভাবে ধার্য করা হয়েছে। ১৯৭৮-৭৯ সালে শতকরা ৮৪ জন ছাত্রছাত্রী প্রাথমিক স্কুলে ভর্তি হয়েছিল এবং ১৯৭৯-৮০ সালে তা বৃদ্ধি পেয়ে শতকরা ৮৬ ভাগে দাঁড়ায়। ১৯৭৭—৭৯ সালের মধ্যে ৪,৮৯,৫৭১ জন বেশি ছাত্র-ছাত্রী ভর্তি মাধ্যমিক বিদ্যালয়গুলিতে নথিভুক্ত হয়েছে। ১৯৭৯-৮০ সালে এই বৃদ্ধির হিসেব ধরা হয়েছে ২,০০,০০০ জন। ৩,৪০০ প্রাথমিক বিদ্যালয় এবং ১০,২০০ প্রাথমিক শিক্ষকের পদ অনুমোদিত হয়েছে এবং ইতিমধ্যেই বেশ কিছু বিদ্যালয় স্থাপিত হয়েছে এবং শিক্ষকও নিয়োগ করা হয়েছে। বাকিগুলি মহামান্য আদালতের রায়ের অপেক্ষায় আছে। ৩৪১ টি নতুন মাধ্যমিক বিদ্যালয় অনুমোদিত হয়েছে এবং ১৩,৫০০ শিক্ষকের পদ সৃষ্টি করা হয়েছে জুনিয়ার হাইস্কুল, হাইস্কুল, মাদ্রাসা এবং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের জন্য বৃত্তিগত ও পৃথক বিদ্যালয় সহ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিকে গ্রন্থাগারিক ও প্রয়োজনীয় অ-শিক্ষক কর্মচারী নিয়োগের অনুমতি দেওয়া হয়েছে। প্রথাগত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলি স্থাপনের কর্মসূচীটি চালানো হবে এবং তাকে অনুপূরণ করবে বিভিন্ন বয়স গোষ্ঠীর জন্য ২,৮৫০ টি অ-প্রথাগত শিক্ষাকেন্দ্র।

প্রতিটি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়কে একটি করে পাকা বাড়ি দেওয়া পর্বতপ্রমাণ কাজ। এই প্রান্তে একটি বড় সংগ্রাম চলছে। রাজ্য সরকার, পঞ্চায়েত ও জেলা বিদ্যালয় পর্ষদগুলি একটি পরিকল্পনা অনুযায়ী শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে ৩,০৩২ প্রাথমিক বিদ্যালয় ভবন তৈরির কাজ হাতে নিয়েছেন। এই বাবদ ৮.৫০ কোটি টাকা রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল ইউনিসেফ, কেয়ার এবং অন্যান্য স্বেচ্ছাসেবক সংস্থা থেকে সংগৃহীত হয়েছে। মাল-মশলা সংগ্রহের বহু বিপত্তি সত্ত্বেও এই প্রকল্প উল্লেখযোগ্যভাবে অগ্রগতি লাভ করেছে সমস্ত অঞ্চলেই। এর মধ্যেই ২৮১ টি বাড়ি তৈরি হয়ে গিয়েছে এবং ব্যবহৃত হচ্ছে। এছাড়া আরও ১০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে বন্যায় ক্ষতিগ্রস্ত ৫০০ প্রাথমিক বিদ্যালয়ের মেরামতির জন্য ১,৯৬৭ উচ্চতর মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং জুনিয়ার হাইস্কুলকে মূলধনী অনুদানের আওতায় আনা হয়েছে এবং এই খাতে ৬,০৬,৩০,৮০৭ টাকা মঞ্জুর করা হয়েছে। পশ্চিমবঙ্গে এটাই একটি বছরের সর্ববৃহৎ স্কুলের জন্য গৃহনির্মাণ প্রকল্প। আগামী বছরে আরও অধিক সংখ্যক প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়কে এই স্কুলবাড়ি তৈরি প্রকল্পের আওতায় এনে এই প্রকল্পকে সমান উদ্যমে চালিয়ে যেতে চাই।

সকল তফসিলি জাতি ও উপজাতি মেয়েদের এবং ৪০ শতাংশ অন্যান্য মেয়েদের স্কুলের পোশাক বিতরণ করা হচ্ছে। নিয়মিত উপস্থিতির জন্য বৃত্তি দেওয়া হচ্ছে সকল তফসিলি জাতি ও উপজাতি ছাত্রীদের এবং শতকরা ২০ ভাগ অন্যান্যদের। স্লেট, পেন্সিল ও খাতা ১ম শ্রেণী থেকে ৪র্থ শ্রেণী পর্যন্ত সকল ছাত্রছাত্রীকে দেওয়া হয়েছে।

তফসিলি জাতি উপজাতি ছাত্র ছাত্রীদের জন্য ১০টি আশ্রম ধরণের স্কুল স্থাপন করা হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়গুলিতে খেলাধূলা ও শরীর চর্চার জন্য বিশেষ অনুদানের প্রচলন করা হয়েছে।

সমস্ত স্তরে এবং জেলায় স্কুল ছাত্রছাত্রী এবং শিক্ষকদের মধ্যে এই ব্যবস্থা বিশেষ উৎসাহ-সঞ্চার করেছে। এই প্রকল্প আগামী দিনেও চালু রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আর একটি অনুদানের ব্যবস্থা করা হয়েছে যাতে প্রাথমিক বিদ্যালয়গুলি শিক্ষার সরঞ্জাম পায়।

প্রাথমিক বিদ্যালয়গুলির মাসিক আনুষঙ্গিক ব্যয় ১৫ টাকা থেকে বর্ধিত করে ২৫ টাকা করা হয়েছে।

মাধ্যমিক স্কুলগুলিতে পাঠ্যপুস্তক ব্যাঙ্ক স্থাপনের কাজ চলছে।

এই প্রকল্পকে নতুনভাবে চালনা করা হবে যাতে ষষ্ঠ শ্রেণীর সকল ছাত্রছাত্রীকে একটি বিষয়ের বই বিনামূল্যে দেওয়া যায়।

বিদ্যালয়ের জন্য বেতার কর্মসূচীর পরীক্ষাটি সফল হয়েছে। নিম্ন মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষাকে সার্বজনীন করার জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে যেমন—অনুন্নত অঞ্চলের তফসিলি জাতি ও উপজাতি পরিবারের পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত স্কুলের ছাত্রছাত্রীদের পোশাক ও খাদ্য বিতরণের কর্মসূচী। ঐসকল ছাত্রছাত্রীর নিয়মিত উপস্থিতির জন্য বৃত্তির বিষয় বিবেচনা করা হচ্ছে। দূরবর্তী অনুন্নত অঞ্চলে চারটি আশ্রম ধরনের জুনিয়ার হাই স্কুল স্থাপনের প্রস্তাব নেওয়া হয়েছে।

অভিভাবকদের টিউশন ফি ব্যতীত সকল ফি লাঘব করা হয়েছে। চলতি শিক্ষাবর্ষ থেকে অনুমোদিত বিদ্যালয় ও মাদ্রাসাগুলির আনুষঙ্গিক ব্যয়, খেলাধূলা, ভাড়া এবং করের বোঝা লাঘব করার জন্য বাড়তি অনুদান দেওয়া হচ্ছে। স্কুলের পরীক্ষাগ্রহণের জন্য স্কুলগুলিকে বিশেষ সুবিধায় খাতা দেওয়ার ব্যবস্থা হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলি যাতে নিয়মিতভাবে বিশেষ সুবিধায় হোল-সেল কনজিউমার্স কে-অপারেটিভ মারফত ছাত্রছাত্রীদের জন্য খাতা পায় তারও ব্যবস্থা করা হয়েছে। ভর্তি ফি স্কুল ও মাদ্রাসাগুলির ক্ষেত্রে মকুব করা হয়েছে। পশ্চিমবঙ্গ স্কুল স্পোর্টস অ্যাসোসিয়েশনকে জেলা ও শহরে পূর্ণোদ্যমে সক্রিয় করে তোলার ব্যবস্থা করা হয়েছে। সমস্ত জেলা, রাজ্য ও সর্বভারতীয় প্রতিযোগিতায় সমস্ত জেলার ছাত্রছাত্রীরা অধিক সংখ্যায় যোগদান করছে।

শিশুপুষ্টি প্রকল্পের আওতায় কলিকাতার ২,৫০,০০০, কলিকাতা ছাড়া শহরাঞ্চলের ৫,০০,০০০ এবং গ্রামাঞ্চলের ২৬,২১,০০০ প্রাথমিক বিদ্যালয়ের শিশুকে আনা হয়েছে। কেয়ার ১২,৫০,০০০ শিশুর এবং বাকিটা রাজ্য সরকার বহন করার দায়িত্ব নিয়েছে। এই প্রকল্প জেলা বিদ্যালয় পর্ষদ এবং জেলা স্কুল পরিদর্শকের তত্ত্বাবধানে চলছে। এই খাতে বার্ষিক ৩৪০.৮০ লক্ষ টাকা ব্যয়িত হচ্ছে।

বিদ্যালয়ের শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীদের স্বার্থ খুব যত্ন সহকারে রক্ষা করা হচ্ছে। পে কমিশনের অন্তবর্তিকালীন সাধারণ সুপারিশের ভিত্তিতে সকল শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীদের সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে। এ ছাড়া নিম্ন বেতনভোগী শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীদের জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। ৩৪১ জন আংশিক সময়ের শিল্প-শিক্ষককে পূর্ণ সময়ের জন্য নিয়োগ করা হয়েছে। দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের পাহাড়ের ক্ষতিপূরণ ভাতা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় রাষ্ট্রায়াত্ত ব্যাঙ্ক মারফত বেতন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। পূর্ণ বেতন অনুদানের আওতায় সমস্ত মাধ্যমিক স্কুল, মাদ্রাসা, হাই ও জুনিয়ার হাইস্কুলকে আনা হয়েছে।

বেতনক্রম ও অন্যান্য সংলগ্ন বিষয়ের অসমতা দূর করার পূর্ণ চেষ্টা সত্বেও এখনও কিছু কিছু বাকি রয়ে গেছে। বেতন কমিশনের সুচিন্তিত সুপারিশের জন্য অপেক্ষা করা হচ্ছে। কমিশনের কাছ থেকে অবহিত হলেই আমরা সব রকম চেষ্টা করব বাকি বিষয়গুলির সমাধান করার।

বিধানসভা সংশোধিত পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ আইনের প্রতিবিধান অনুযায়ী অধিগৃহীত বোর্ড নবগঠিত বোর্ড দ্বারা প্রতিস্থাপিত হচ্ছে। পর্ষদ ও সংসদ সাফল্যের সঙ্গে পরীক্ষাগুলি গ্রহণ করছে এবং উত্তীর্ণ পরীক্ষার্থীদের বকেয়া সার্টিফিকেটগুলি দেওয়া হয়ে গেছে। পর্ষদ ভূগোল ও অন্যান্য বিষয়ের শিক্ষকদের জন্য একটি সংক্ষিপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। মাধ্যমিক শ্রেণীর পাঠ্যক্রম পুনর্বিন্যাস করার জন্য নিয়মানুগ প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। উচ্চ মাধ্যমিক শিক্ষাস্তরকে বিজ্ঞানভিত্তিক পাঠ্যক্রমের উপযোগী করার জন্য পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ একটি প্রকল্প গ্রহণ করেছে। স্টেট কাউন্সিল ফর এডুকেশনাল রিসার্চ অ্যাণ্ড ট্রেনিং স্থাপন করা হয়েছে। নতুন পাঠ্যক্রমের ভিত্তিতে এই সংস্থা প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক লিখবে।

এই সংস্থা প্রাথমিক শিক্ষকদের নতুন দিক নির্দেশ ও প্রশিক্ষণেরও দায়িত্ব নিয়েছে। সমগ্র স্কুল-শিক্ষার মান যাতে উন্নত হয় স্টেট-কাউন্সিল ফর এডুকেশনাল রিসার্চ অ্যাণ্ড ট্রেনিং সেদিকে নজর রাখবে। মাদ্রাসা শিক্ষা পুনরীক্ষণ কমিটি তাদের প্রাথমিক প্রতিবেদন পেশ করেছে, চূড়ান্ত প্রতিবেদন শীঘ্রই পাওয়া যাবে। প্রাথমিক শিক্ষাকে গণতান্ত্রিক ও সুসংগঠিত করার জন্য ১৯৭৩ সালের প্রাথমিক শিক্ষা আইন সংশোধিত করার প্রস্তাব শীঘ্রই আনা হচ্ছে। অ-প্রথাবদ্ধ শিক্ষার সংগঠন ও বিষয় বিবেচনার্থে একটা কমিটি গঠিত হয়েছে। কমিটি তাঁদের প্রথম রিপোর্ট পেশ করেছেন এবং তারই ভিত্তিতে সরকার একটা পরিকল্পনা রচনা করে তাকে কার্যকরি করেছেন।

এই রাজ্যে গ্রন্থাগার-সংক্রান্ত বিষয়ে বিশেষ অগ্রগতি হয়েছে। পশ্চিমবঙ্গ সাধারণ গ্রন্থাগার বিল ১৯৭৯ অনুমোদিত হয়েছে। একটি রাজ্য গ্রন্থাগার সংসদ গঠিত হচ্ছে। চলতি বছরে ১,০০০ প্রাথমিক/গ্রামীণ গ্রন্থাগার ও ৬৩টি শহর গ্রন্থাগার স্থাপন করা হচ্ছে এবং এইজন্য ব্যয়িত হচ্ছে ১,৩৪,৫৭,০০০ টাকা। কলিকাতার জন্য একটি মহানগরী গ্রন্থাগার স্থাপিত হচ্ছে।

সমস্ত স্পনসর্ড এবং সরকারি গ্রন্থাগার এবং বহুসংখ্যক বেসরকারি গ্রন্থাগারকে বই কেনার, বই সংরক্ষণের, আসবাবপত্র ও গৃহ নির্মাণের জন্য অনুদানের ব্যবস্থা করা হয়েছে। গ্রামীণ ও শহরাঞ্চলের গ্রন্থাগারের জন্য উচ্চ মানের বাছাই করা পত্রিকা ও সাময়িকী নিয়মিতভাবে সরকার ক্রয় করছেন। ১৯৮০-৮১ আর্থিক বৎসরে ৪০১.০০ লক্ষ টাকা গ্রন্থাগার উন্নয়নকল্পে বরাদ্দ করা হয়েছে।

বর্তমানে অন্ধ এবং মূক ও বধির ছাত্রদের জন্য সাতটি শিক্ষাপ্রতিষ্ঠান আছে। তারা মাত্র ৭০০ জন শিক্ষার্থীকে শিক্ষা দিতে পারে। বর্তমান সুযোগ-সুবিধা অপ্রতুল হওয়ায় রাজ্য সরকার পশ্চিম দিনাজপুর ও মুর্শিদাবাদে দুইটি অন্ধদের জন্য স্কুল স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। আগামী দিনে যেসকল জেলায় এই প্রকার প্রতিষ্ঠান নেই, সেখানেও প্রতিবন্ধীদের জন্য এরূপ প্রতিষ্ঠান স্থাপনের প্রকল্প নেওয়া হবে।

এই রাজ্যের বর্তমান শিক্ষা প্রশাসন এই বিশাল প্রকল্পগুলি রূপায়ণের পক্ষে যথেষ্ট নয়। সেই অনুসারে প্রশাসন পুনরীক্ষণ ও পুনর্গঠনের প্রস্তাব করা হয়েছে।

বর্তমানে এ রাজ্যের ছয়টি বিশ্ববিদ্যালয় তাঁদের সংস্থানের জন্য রাজ্য সরকারের অনুদান পেয়ে থাকেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও কেন্দ্রীয় সরকারের সহায়তায় বিশ্ববিদ্যালয়গুলিতে কয়েকটি উন্নয়ন প্রকল্প নেওয়া হয়েছে।

রাজ্যের উচ্চশিক্ষার উন্নতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাহায্যের উপর বিশেষভাবে নির্ভরশীল। যদি মঞ্জুরী কমিশনের অনুদান বন্ধ হয়ে যায় তাহ'লে বিশ্ববিদ্যালয়ে ও মহাবিদ্যালয়ে পাঠাগার ও পরীক্ষাগার সুষ্ঠুভাবে চলতে পারে না।

শোনা যাচ্ছে ষষ্ঠ পরিকল্পনায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুদানের পরিমাণ ১২৬ কোটি টাকা। কিন্তু প্রকৃতপক্ষে প্রয়োজন ৩০০ কোটি টাকা। প্রয়োজনের তুলনায়, এমনকি পঞ্চম পরিকল্পনায় মঞ্জুরী কমিশনের অনুদানের তুলনায় এই সাহায্যের পরিমাণ অত্যন্ত কম।

পঞ্চম পরিকল্পনায় এই সাহায্যের পরিমাণ ছিল ২১০ কোটি টাকা। এর ফলে উচ্চশিক্ষার ক্ষেত্রে বিশেষ উদ্বেগের কারণ ঘটেছে।

উল্লেখযোগ্য বিষয় এই যে, কেন্দ্রীয় সরকার পরিচালিত বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের এই অর্থকৃচ্ছ্রতার আওতায় আসে নি। কেন্দ্র-পরিচালিত বিশ্ববিদ্যালয়ে ও রাজ্য-পরিচালিত বিশ্ববিদ্যালয় এবং শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে এই বৈষম্য এতই প্রকট যে একটি প্রশ্ন মনে জাগে—রাজ্যগুলি কি শুধু কেন্দ্রের দয়ার পাত্র?

মেদিনীপুরে একটি নূতন বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে ডঃ ভবতোষ দত্ত মহাশয়ের সভাপতিত্বে একটি পরিকল্পনা কমিটি গঠন করা হয়েছিল। সেই কমিটির রিপোর্টের ভিত্তিতে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নিকট আর্থিক সাহায্য পাবার অনুমোদন চাওয়া হয়েছে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পরিচালক সমিতি সাময়িকভাবে বাতিল করা হয়েছে যাতে পরিচালক মন্ডলীর সুষ্ঠুভাবে পুনর্গঠন করা যায়। দৈনন্দিন কার্য পরিচালনার জন্য একটি পরিচালন-সংসদ গঠন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় পরিচালনার উন্নতির জন্য এবং অধিকসংখ্যক নির্বাচিত সদস্য দ্বারা সংসদগুলি গণতান্ত্রিক পদ্ধতিতে পুনর্গঠিত করার জন্য পুরনো আইনের পরিবর্তে নূতন আইন প্রণয়নের কাজ হাতে নেওয়া হয়েছে। ইতিমধ্যে ১৯৬৬ সালের কলিকাতা বিশ্ববিদ্যালয় আইন বাতিল ক'রে ১৯৭৯ সালের কলিকাতা বিশ্ববিদ্যালয় আইন চালু করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়গুলির অফিসার সহ অ-শিক্ষক কর্মীদের বেতন-ক্রম সংশোধন করা হয়েছে।

কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ে আইন পাঠক্রম চালু করার বিষয়টি যথেষ্ট এগিয়ে গিয়েছে। কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ে জীবন বিজ্ঞান পাঠক্রম এবং দুর্গাপুর সরকারি মহাবিদ্যালয়ে ভূ-বিদ্যা পাঠক্রম চালু করার বিষয়টি সরকার বিবেচনা করছেন।

মহাবিদ্যালয় শিক্ষাক্ষেত্রে নূতন প্রতিষ্ঠান স্থাপনের চেয়ে বর্তমান প্রতিষ্ঠানগুলিকে সংহত ও উন্নত করার দিকে জোর দেওয়া হয়েছে। বেসরকারি মহাবিদ্যালয়গুলির পঠন-পাঠনের উন্নতির জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ—

(১) বেসরকারি মহাবিদ্যালয়ে অধ্যক্ষ ও শিক্ষক নির্বাচনের জন্য ১৯৭৯ সালের ১লা নভেম্বর থেকে ১৯৭৮ সালের পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় নিয়োগ কৃত্যক আইন অনুসারে পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় নিয়োগ কৃত্যক গঠিত হয়েছে।

(২) বেসরকারি মহাবিদ্যালয়ের এবং ডে স্টুডেন্টস্ হোমের শিক্ষক এবং অ-শিক্ষক কর্মচারীদের রাজ্য সরকারের কর্মচারীদের সঙ্গে ১৯৭৯ সালের ১লা এপ্রিল ও ১লা নভেম্বর—এই দুই কিস্তিতে মহার্ঘভাতা দেওয়া হয়েছে।

(৩) পে-প্যাকেট প্রকল্প চালু হওয়ার পূর্ব পর্যন্ত অর্থাৎ ১৯৭৮ সালের জানুয়ারি পর্যন্ত বেসরকারি অ-পোষিত মহাবিদ্যালয়ের শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীদের বকেয়া বেতন দেওয়ার জন্য ঐ মহাবিদ্যালয়গুলিকে আর্থিক সাহায্য দেওয়ার সিদ্ধান্ত সরকার নিয়েছেন।

(৪) অনুন্নত এলাকায়ও মহিলাদের জন্য কলেজীয় শিক্ষা বিস্তারের সরকারি নীতি অনুসারে ১৯৭৯-৮০ শিক্ষাবর্ষে নিম্নলিখিত তিনটি মহাবিদ্যালয় স্থাপন করা হয়েছে—

(ক) বর্ধমান জেলার রানিগঞ্জে (মহিলাদের জন্য)

(খ) বীরভূম জেলার সিউড়িতে (মহিলাদের জন্য)

(গ) বাঁকুড়া জেলার খাতড়ায় (সহ-শিক্ষা)

(৫) তিনটি মফস্বল মহাবিদ্যালয়ে বিজ্ঞানের পাঠক্রম চালু করা হয়েছে এবং ১৯৭৯-৮০ শিক্ষাবর্ষে কয়েকটি মহাবিদ্যালয়ে কলা, বিজ্ঞান (জীবন বিজ্ঞান সহ) এবং বাণিজ্য বিষয়ে অনার্স ও পাশ পাঠক্রমের অনুমোদন দেওয়া হয়েছে।

(৬) প্রশাসনিক ও আর্থিক গোলযোগের জন্য হুগলি জেলার কামারপুকুরের শ্রীরামকৃষ্ণ সারদা মহাবিদ্যাপীঠের ও কলিকাতার নেতাজীনগর মহাবিদ্যালয়ের প্রশাসনের দায়িত্ব আইন প্রণয়ন দ্বারা সরকার অধিগ্রহণ করেছেন। এই দুই মহাবিদ্যালয়ের পরিচালনের স্থায়িত্ব সরকার জনস্বার্থে আরও দুই বছরের জন্য বাড়িয়ে দিয়েছেন।

(৭) বঙ্গবাসী মহাবিদ্যালয়সমূহের এবং কলিকাতার বিড়লা কলেজ অব সায়েন্স অ্যান্ড এডুকেশনের আর্থিক ও প্রশাসনিক গোলযোগ ঘটার ফলে আইন প্রণয়ন ক'রে ১৯৭৯ সালে সরকার এই মহাবিদ্যালয়গুলি অধিগ্রহণ করেছেন।

বয়স্ক-শিক্ষার ক্ষেত্রে একটি ব্যাপক কর্মসূচী রূপায়ণের কাজ হাতে নেওয়া হয়েছে। এই পরিকল্পনাকে শক্তিশালী করার জন্য বয়স্ক-শিক্ষার একটি পৃথক অধিকার স্থাপন করা হয়েছে। ১৪টি জেলায় ১৪টি কেন্দ্র-পোষিত গ্রামীণ শিক্ষাদান প্রকল্প অনুমোদন করা হয়েছে। প্রতিটি প্রকল্পে প্রতিটি সংলগ্ন দুইটি ব্লকের অন্তর্গত ৩০০টি শিক্ষাকেন্দ্র মঞ্জুর করা হয়েছে। এ ছাড়া ১৫টি জেলার জন্য অনুরূপ ১৫টি রাজ্য-পোষিত প্রকল্প অনুমোদন করা হয়েছে। ১৫ থেকে ৩৫ বছর বয়স্ক লোকেদের জন্য ৪০০টি অ-প্রথাগত শিক্ষাকেন্দ্র স্থাপন করা হয়েছে। ১৯৭৮-৭৯ সাল পর্যন্ত কৃষকদের জন্য যে ৪৮০টি ক্রিয়ামূলক কেন্দ্র-পোষিত শিক্ষাকেন্দ্র ছিল সেগুলি রাজ্য প্রকল্পের আওতায় আনা হয়েছে। রাজ্য বয়স্ক-শিক্ষা পরিকল্পনা প্রসারের জন্য মেলা, প্রদর্শনী প্রভৃতি অনুষ্ঠানের জন্য ১০ লক্ষ ৫ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে।

কারিগরি শিক্ষার ক্ষেত্রে কর্মশালা, পরীক্ষাগার ও অন্যান্য সুযোগ-সুবিধার উন্নতিবিধান ক'রে বর্তমান শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে সংহত করাই আমাদের উদ্দেশ্য। এ সত্বেও যথেষ্ট কর্মসংস্থানের সম্ভাবনাময় ক্ষেত্রে সীমিত বিস্তারের সুযোগ আছে।

এ রাজ্যে এখন মোট ২৬টি কারিগরি বিদ্যার ডিপ্লোমা শিক্ষাকেন্দ্র আছে। তার মধ্যে ২৪টি সরকারি। আশা করা যায় আগামী বছরে বাকি দুটিও সরকার অধিগ্রহণ ক'রে নেবেন। ডিপ্লোমাস্তরে খনিজবিদ্যা, কৃষিবিদ্যা, মৎসচাষ বিদ্যা, পেট্রোল রসায়ন বিদ্যা ও কাষ্ঠ সম্পর্কীয় বিদ্যা প্রভৃতি চালু করার জন্য কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রককে অনুমোদন ও আর্থিক সাহায্য দেবার জন্য অনুরোধ করা হয়েছে। পাদুকা শিল্প বিজ্ঞানের জন্য ডিপ্লোমা পাঠক্রম চালু করার বিষয়টি পরীক্ষা ক'রে দেখা হচ্ছে। ডিপ্লোমা পাঠক্রমের সুযোগ-সুবিধা বাড়াবার জন্য আসানসোল পলিটেকনিকে খনিজবিদ্যা বিষয়ে ছাত্রভর্তির সংখ্যা বাড়ানো হয়েছে।

যন্ত্রপাতি, আসবাবপত্র এবং বই কেনার জন্য সমস্ত পলিটেকনিকগুলিকে ১৯৭৯-৮০ সালে যথোচিত ব্যয় মঞ্জুর করা হয়েছে। এইসব পলিটেকনিকগুলির বাড়ি এবং পরীক্ষাগার সংস্কার ও পুনর্গঠনের জন্য ব্যয় মঞ্জুর করা হয়েছে। পলিটেকনিক ছাত্রদের বৃত্তি দেওয়ার জন্য সরকার সর্বপ্রথম অর্থ মঞ্জুর করেছেন এবং এ সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

রাজ্যের চারটি প্রযুক্তিবিদ্যার কলেজে উন্নয়নের জন্য কয়েকটি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। চলতি আর্থিক বছরে যন্ত্রপাতি ও বই কেনার জন্য এবং বিদ্যালয়গৃহ সংস্কারের জন্য যথোচিত অর্থ মঞ্জুর করা হয়েছে। পশ্চিমবঙ্গ নিয়োগ কৃত্যকের মাধ্যমে শিক্ষক নির্বাচন সাপেক্ষে এইসমস্ত প্রযুক্তিবিদ্যার কলেজে সাময়িক ও আংশিক সময়ের জন্য শিক্ষকের পদ অনুমোদন করা হয়েছে।

নিরীক্ষা কমিটির সুপারিশক্রমে রাজ্যের দু'টি সরকারি কারিগরি বিদ্যার কলেজে উন্নয়নের জন্য পর্যায়ক্রমে ব্যবস্থা নেওয়া হয়েছে। চলতি আর্থিক বছরে দু'টি সরকারি কারিগরি বিদ্যার কলেজে যন্ত্রপাতি, আসবাবপত্র ও বই কেনার জন্য যথোচিত অনুদান দেওয়া এবং স্নাতকোত্তর গবেষণাকার্যের সুযোগ-সুবিধার উন্নতির জন্য প্রয়োজনীয় কর্মী সহ একটি কমপিউটর কেন্দ্র বসানো হয়েছে।

জলপাইগুড়ি কারিগরি কলেজ প্রাঙ্গণে হাসপাতাল নির্মাণের জন্য এবং জলসরবরাহ বাড়ানোর জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

আরও সুযোগ-সুবিধা প্রসারের জন্য নূতন পরিকল্পনা প্রণয়ন ও প্রবর্তনের উদ্দেশ্যে কারিগরি শিক্ষা অধিকারকে ও রাজ্য কারিগরি শিক্ষা পর্ষদকে আরও শক্তিশালী ক'রে পুনর্গঠনের প্রস্তাব করা হয়েছে।

স্বর্গীয় শরৎচন্দ্র বসুর কলিকাতার বাসভবন, ১নং উডবার্ণ পার্কে "নেতাজী ইনস্টিটিউট ফর এশিয়ান স্টাডিজ" স্থাপন করা হয়েছে। এই প্রতিষ্ঠানে এশিয়া মহাদেশের, বিশেষ ক'রে সুদূর প্রাচ্য এবং দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সংস্কৃতি, সামাজিক, সাংবিধানিক ও অর্থনৈতিক বিষয়ে গবেষণা চালানো হবে।

রাজ্যসরকার যে "উর্দু অ্যাকাডেমি" স্থাপন করেছেন তার যথাবিধি উদ্বোধন করা হয়েছে এবং এই অ্যাকাডেমি কাজ আরম্ভ করেছে। উর্দু ভাষা ও সাহিত্য উন্নয়নের জন্য অ্যাকাডেমি কয়েকটি পরিকল্পনা গ্রহণ করেছেন এবং ঐ সমস্ত পরিকল্পনা কার্যকরি করার জন্য আর্থিক সাহায্যও দেওয়া হয়েছে।

জনগণের দীর্ঘদিনের দাবি পূরণের জন্য সরকার রবীন্দ্র রচনাবলীর স্বল্পমূল্যে পুনঃপ্রকাশের ব্যবস্থা করেছেন। শ্রীসরস্বতী প্রেসকে প্রথম খন্ড মুদ্রণের ভার দেওয়া হয়েছে। ইচ্ছুক ক্রেতাদের নাম নথীভুক্ত করার জন্য শীঘ্রই বিজ্ঞাপন দেওয়া হবে।

বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রাবাসের কর্মীদের সরকার মাথাপিছু প্রতি মাসে ৬২ টাকা ক'রে ভরতুকি দিয়ে আসছেন। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তসাপেক্ষে সরকার ভরতুকির পরিমাণ দুই কিস্তিতে বাড়িয়ে দিয়েছেন। প্রথম কিস্তিতে ১৯৭৯ সালের ১লা সেপ্টেম্বর থেকে ৩৮ টাকা ক'রে এবং দ্বিতীয় কিস্তিতে ১৯৭৯ সালের ১লা নভেম্বর থেকে ২৫ টাকা ক'রে বাড়িয়ে দিয়ে ভরতুকির পরিমাণ মাথাপিছু প্রতি মাসে ১২৫ টাকা করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় ভূমিকা শেষে ব্যয়বরাদ্দের প্রস্তাবটি সভার বিবেচনার্থে উপস্থাপন করছি।

**Demand No 35**

**Major Head** : 279 Scientific Services and Research.

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশ অনুযায়ী ১৯৮০/৮১ সালের ৩৫ নং অভিযাচনের অধীন "২৭৯"—বিজ্ঞান প্রকল্প এবং গবেষণা খাতে মোট ২৯ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব উপস্থাপন করার অনুমতি প্রার্থনা করছি।

**Demand No 31**

**Major Head** : 276 Secretariat—Social and Community Services.

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশ অনুযায়ী ১৯৮০/৮১ সালের ৩১ নং অভিযাচনের অধীন "২৭৬—সচিবালয়—সমাজ ও সমষ্টি কৃত্যক খাতে মোট ১ কোটি ৫২ লক্ষ ২৫ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব উপস্থাপন করার অনুমতি প্রার্থনা করছি।

**Mr. Speaker** : All the cut motions under Demand Nos. 34, 35 are in order.

**Demand NO. 34**

**Shri Balailal Das Mahapatra** : Sir, I beg to move that the Demand be reduced by Rs. 100/-

| | | |
|---|---|---|
| Shri Renupada Halder | : | -do- |
| Shri Prabodh Purkait | : | -do- |
| Shri Bijoy Bouri | : | -do- |
| Shri Sasabindu Bera | : | -do- |
| Shri A. K. M. Hassanutzzaman | : | -do- |
| Shri Birendra Kumar Moitra | : | -do- |

**Demand No. 35**

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that the Demand be reduced by Rs. 100/-

[1-20 - 1-30 P.M.]

**শ্রী হরিপদ ভারতী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী রাজ্যের শিক্ষা খাতে ব্যয় বরাদ্দের যে দাবি পেশ করলেন তার টাকার অঙ্কগত দিকটা নিঃসন্দেহে খুব আপত্তিজনক নয়। কারণ প্রতিটি জনকল্যাণমুখী রাষ্ট্র, প্রতিটি সভ্য দেশই শিক্ষাকে একটা অসাধারণ গুরুত্বপূর্ণ বিষয় বলে তারা মনে করে থাকেন এবং তাই শিক্ষা খাতে তাদের ব্যয় বরাদ্দের

অঙ্কটা চিরকালই বেশি থাকে। আমি বরং মনে করি সেই তুলনায় আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় যে টাকার ব্যয় বরাদ্দ পেশ করেছেন তা তুলনামূলক ভাবে কম। তিনি যদি আরো বেশি পরিমাণ টাকা দাবি করতেন তাহলে তাঁর সেই দাবি অসঙ্গত হচ্ছে বলে আমি অন্তত ব্যক্তিগত ভাবে দলগত ভাবে মনে করতাম না। কিন্তু সমস্ত ব্যয় বরাদ্দ সম্বন্ধে যে কথা প্রযোজ্য শিক্ষা খাতের ব্যয় বরাদ্দ সম্বন্ধেও সেই কথা প্রযোজ্য যে এই টাকা কি অর্থে ব্যয়িত হবে, কিভাবে ব্যয়িত হবে এবং দেশ কল্যাণের কোন উদ্দেশ্য তার মধ্য দিয়ে সাধিত হবে, এই প্রশ্নটা নিঃসন্দেহে অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখের সঙ্গে এই কথা বলতে চাইব যে শিক্ষা ব্যবস্থা আমাদের দেশে পরিচালিত হচ্ছে বছর বছর শিক্ষা খাতে যে টাকার বরাদ্দ আমরা শুনছি, পাশ করছি তা সত্যি সত্যি এক অর্থে জাতি গঠনের দিক থেকে সম্পূর্ণ অর্থহীন বলে আমাদের মনে হচ্ছে। আমাদের দুর্ভাগ্য যে স্বাধীনতার পরে ৩৩ বছর কেটে গেল, কিন্তু এখন পর্যন্ত আমাদের কোন জাতীয় শিক্ষা নীতি আমরা গ্রহণ করতে পারিনি, এখন পর্যন্ত গতানুগতিক শিক্ষা পদ্ধতিই অবলম্বন করে চলেছি, এখন পর্যন্ত সেই শিক্ষা ব্যবস্থার আশ্রয় গ্রহণ করে চলেছি যাকে একদিন বিশ্ববিদ্যালয় লক্ষ্য করে এই শিক্ষার প্রতিভূরূপে কলকাতা বিশ্বদ্যিালয় গ্রহণ করে। আমাদের দেশবন্ধু চিত্তরঞ্জন বলেছিলেন 'এটা গোলামখানা, গোলাম তৈরির কারখানা''। এই বিশ্ববিদ্যালয় থেকে ছাত্র ছাত্রীদের বেরিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অংশ গ্রহণ করতে বলেছিলেন। আমাদের দুঃখ যে এতকাল পরে আমরা পরাধীনতা মোচন করেছি। আমরা আমাদের দেশ স্বাধীনভাবে গড়ে তুলতে চেয়েছি। কিন্তু সেই দিক থেকে আমরা কোন মৌলিক পরিবর্তন আজ পর্যন্ত সাধন করতে পেরেছি? শিক্ষার কোন উদ্দেশ্য এতে পেয়েছি, শিক্ষার কাঠামোগত দিকটা, তার চেহারাগত দিকটা ছাড়া তার কোন তাত্বিক দিকটা অনুসন্ধান করবার চেষ্টা করেছি? এমন কথা বলবার সাহস, সুযোগ আমাদের নেই। কাজেই সেই গতানুগতিক শিক্ষা ব্যবস্থাই চলবে এবং তার জন্য বছর বছর বিরাট টাকার অঙ্ক আমরা বরাদ্দ করব। এই সাহায্য আমাদের করা উচিত কিনা মাননীয় শিক্ষা মন্ত্রী সেই কথা ভেবে দেখবার চেষ্টা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলা বাহুল্য যে এদেশের মানুষ বোঝে অনুকরণ এবং শিক্ষা ব্যবস্থাই আমরা চালু করেছি। তারা কিন্তু একে শিক্ষা বলেন নি। রুশো থেকে আরম্ভ করে মন্তেশ্বরী পর্যন্ত কোন শিক্ষা বিশেষজ্ঞ ব্যক্তি শিক্ষার মানকে একটা অর্থহীন ব্যবস্থা বলে গ্রহণ করতে চান নি। আমাদের দেশের কথা নাই বা বললাম। কারণ বললে অত্যন্ত গুরুগম্ভীর শোনাবে। আমাদের দেশের মনিষীরা যখন বলেছিলেন "সা বিদ্যা যা বিমুক্তয়ে অথবা বিদ্যয়া মৃত মশ্নুতে" তখন হয়ত আমাদের কাছে তার তাৎপর্য তেমন করে স্পষ্ট হয়ে ওঠেনি। কিন্তু বীর সন্ন্যাসী বিবেকানন্দ সেদিন যখন বললেন, শিক্ষাকে আমরা তাই বলি যে মানুষের অন্তর্নিহিত বস্তুর বিকাশ সাধন করে, তখন হয়ত আমরা তার তাৎপর্য গ্রহণ করি না, কিম্বা রবীন্দ্রনাথ যে অর্থে বলেন, "হে ভারত তব শিক্ষা দিয়েছে ধন, বাহিরে তার এত স্বল্প আয়োজন, দেখিতে দীনের মত, অন্তরে স্পষ্ট তার ঐশ্বর্য্য যত" তখন আমরা বোধ করি উপলব্ধি করতে চাই না। শ্রী অরবিন্দ, মহাত্মা গান্ধী শিক্ষা তত্ব সম্বন্ধে যা বলেছেন সেই বিষয়ে কোন চিন্তা করবার অবকাশ আমরা গ্রহণ করি না। আমরা কাঠামোগত শিক্ষা ব্যবস্থা নিয়ে অনেক পরীক্ষা নিরীক্ষা করেছি। দশম শ্রেণীকে একাদশ শ্রেণীতে পরিণত করেছি, একাদশ শ্রেণীকে দ্বাদশ শ্রেণীতে পরিণত করেছি। ঝড়ের মত আমাদের এই সব পরীক্ষা

নিরীক্ষা চলছে। দ্বিবার্ষিক ডিগ্রী কে ত্রিবার্ষিক করেছি। এর মধ্য দিয়ে আমাদের দেশকে আমরা কোন শিক্ষার দিকে টেনে নিয়ে চলেছি, আর এই শিক্ষা জাতি গঠনের দিক থেকে কতটা কার্যকর হবে, কি দায় দায়িত্ব দিয়েছি, এই কথা বোধ করি আজকে ভাববার অবকাশ আছে। তা যদি না ভাবা যায়, যদি কোন নীতির কথা না ভাবি তাহলে এই শিক্ষা ব্যবস্থা আমাদের দেশে শুধু শিক্ষিত বেকারই তৈরি করবে, মানুষ তৈরি করবে না, জাতি গঠনের সহায়ক হবে না, এই কথা বলবার দিন এসেছে। না বললে আমাদের কর্তব্যহীন হবে। তাই আমি আপনার কাছে এই কথা বলতে চেয়েছি। আমি বলতে চাই, আমাদের প্রিন্সিপ্যাল অব এডুকেশন নেই, আমাদের পলিসি অব এডুকেশন আছে। এবং সেই পলিসি নিয়ে আমরা নানা রকম পরীক্ষা-নিরীক্ষা করেছি এবং করছি। চেহারাগত, কাঠামোগত শিক্ষার কথা বলেছি,—আমি তার একটি দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। কাঠামোগত যে শিক্ষা ব্যবস্থা তার একটা নিয়ম আছে, কিন্তু সেই নিয়ম পালন করা হচ্ছে না। তার প্রসার ঘটুক, তার বিস্তার লাভ হোক, এই যদি ইচ্ছা হয় তাহলে তার সমন্বয় সাধন করতে হবে, তার বিভিন্ন অঙ্গ প্রতঙ্গকে এক সূত্রে গ্রথিত করতে হবে, তার সঙ্গে একটা সহযোগিতার সম্পর্ক গড়ে তুলতে হবে। কিন্তু প্রসার হচ্ছে না, শ্রীবৃদ্ধির, এবং চেহারা ও স্বাস্থ্য বৃদ্ধির কোন ব্যবস্থা নাই। তার প্রসার যে হচ্ছে না তার প্রমাণ তো বছর বছর মন্ত্রী মহাশয়ের ভাষণ। প্রথম থেকে তিনি শুরু করেছেন, অন্তত প্রত্যেকটি গ্রামে অন্তত পক্ষে একটি করে প্রাথমিক বিদ্যালয় গঠন করবার ব্রত উদ্‌যাপন করবেন। গতবারে তিনি বলেছিলেন, ১০০০ স্কুল করবেন। আবার এ বছর প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ১৯৮০-৮১ সালে তিনি ১২শত প্রাইমারী স্কুল করার কাজ সম্পূর্ণ করবেন। তিনি প্রাথমিক শিক্ষা বিস্তারের কথা বলছেন। অথচ মাননীয় পার্থ দে মহাশয় গতকাল প্রশ্নের উত্তরে বললেন যে ১ হাজার প্রাথমিক বিদ্যালয় করতে পারেন নি—কিন্তু ৭০০ মত করেছেন। কিন্তু আমাদের সংবাদ, ৭০০ নয় আরও কম করেছেন। অর্থাৎ প্রতিশ্রুতি অনুসারে প্রাথমিক বিদ্যালয় গঠন করতে পারেন নি। অতএব প্রসার আকাঙ্খিত ভাবে ঘটছে না। আমি এই কথা বলতে চাই এটা করা কিন্তু খুবই তাঁর পক্ষে সুবিধাজনক হত যদি তিনি কিছু সাহায্য গ্রহণ করতেন। সে সাহায্য তিনি গ্রহণ করতে চান নি। আমি এখানে বহুবার বলেছি যে সমস্ত অর্গানাইজার টিচার প্রাথমিক বিদ্যালয় গঠন করেছেন তাদের সহযোগিতা তিনি নিতে পারতেন। সেইসব প্রতিষ্ঠানের মাধ্যমে যদি তিনি একটু চেষ্টা করতেন তাহলে হয়ত তাঁর প্রতিশ্রুতি রাখতে পারতেন। কিন্তু সে চেষ্টা তিনি করেন নি বরং এই কথা বলেছেন যে ঐসব অর্গানাইজার টিচারদের স্কুল নেওয়া যাবে না। তাদের শিক্ষকরূপে নিযুক্ত করা যাবে না, তার কারণ, সেগুলি নাকি জোতদাররা প্রতিষ্ঠা করেছেন। যদি বুঝতাম তাদের শিক্ষকতার যোগ্যতা নেই, যদি বুঝতাম সেখানে পঠন পাঠনের ব্যবস্থা নেই, সেখানে স্কুল বাড়ি নেই, যদি বুঝতাম যে সেখানে ছাত্র ছাত্রী নেই, শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা নেই, তাহলে যদি তাদের স্কুল বলে গণ্য না করতেন তাহলে বলার কিছু ছিল না। কিন্তু মজার কথা হচ্ছে, তাদের শিক্ষাগত যোগ্যতা থাকা সত্ত্বেও তারা শিক্ষক হতে পারবে না। সেদিন যা শুনলাম, ঐ সমস্ত অর্গানাইজার টিচাররা এসপ্ল্যানেড ইস্টে প্রসেশন করে এসেছিল তারা বলেছেন, যে মাননীয় পার্থবাবু নাকি বলেছেন, ঐ সমস্ত স্কুলগুলি জোতদার তৈরি করেছে, কংগ্রেসীরা তৈরি করেছে। আমি জানি না তিনি একথা বলেছেন কিনা। তবে একথা বলতে পারি ঐ সমস্ত জোতদাররা বা জমিদাররা যদি এই সব প্রতিষ্ঠান

না করত তাহলে উনিই লেখাপড়া শিখতে পারতেন কিনা সন্দেহ, তাহলে অনেকেরই শিক্ষা পাবার সুযোগ থাকত না। আমি অবশ্য তাদের অন্য সব ব্যাপার সমর্থন করি না। কংগ্রেস তৈরি করেছে, জোতদার জমিদার তৈরি করেছে, এটা কিন্তু বিচারের মাপকাঠি হতে পারে না। স্কুলগুলিতে পঠন পাঠনের ব্যবস্থা আছে কিনা, ছাত্রছাত্রী আছে কিনা, এবং যারা ওখানে শিক্ষকতা করছে তাদের শিক্ষাগত যোগ্যতা আছে কিনা এটাই দেখার বিষয় হওয়া উচিত। কিন্তু সেখানে যদি রাজনৈতিক পরিস্থিতিকে ঢুকিয়ে দেওয়া হয়, সেখানে যদি রং বদলানোর প্রশ্ন থাকে, তাহলে আমরা মারাত্মক জালের মধ্যে গিয়ে পড়ব। কারণ সরকারের বদল হবে, রং বদল হবে, এক রংয়ের শিক্ষক বদলে আর এক রংয়ের শিক্ষক আসবে। এই শিক্ষা ক্ষেত্রে এ জিনিস যেন না হয় এই কথাই আমি শিক্ষা মন্ত্রীকে বলব।

[1-30 – 1-40 P.M.]

এই প্রসঙ্গে আর একটা কথা বলব, দুঃখের সঙ্গে বলব, অবশ্য কিছু আনন্দও তার সঙ্গে আছে, কারণ ঐ অর্গানাইজার টিচাররা তাঁদের দাবি-দাওয়া নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চেয়েছিলেন। আমি জ্যোতিবাবুকে ধন্যবাদ দেব, তিনি আমাদের অনুরোধ রক্ষা করেছিলেন, ওঁদের সঙ্গে কথা বলেছিলেন, ওঁদের দাবি-দাওয়া শুনেছিলেন। যদি আমরা তাঁকে পরিপূর্ণভাবে বুঝে থাকি তাহলে নিশ্চয়ই তিনি সহানুভূতির সঙ্গে ওঁদের সমস্যাগুলিকে দেখেছিলেন এবং তিনি বলেছিলেন, আমি দিল্লি থেকে ফিরে আপনাদের সমস্ত কথা আবার শুনব এবং যা করণীয় তা করব, যা করা সম্ভব তা করব। কিন্তু আশ্চর্যের সঙ্গে দেখছি, দুঃখের সঙ্গে দেখছি যে, যখন মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে এবিষয়ে কথা হল এবং সে সম্বন্ধে কিছু কিছু সংবাদ কোথাও কোথাও বেরল তখন সঙ্গে সঙ্গে বিভিন্ন জেলা বোর্ড অকস্মাৎ রাতারাতি শিক্ষক নিয়োগ শুরু করে দিল। অর্গানাইজার টিচারদের জন্য মাননীয় মুখ্যমন্ত্রী যাতে ভবিষ্যতে কোনো ব্যবস্থা করতে না পারেন, তার জন্য ব্যবস্থা চলছে। নিঃসন্দেহে এর প্রতিবাদ করা দরকার। আমি এই মাত্র সংবাদ পেলাম ২৪-পরগনার জেলা বোর্ডের তরফ থেকে সমস্ত নিয়োগ পদ্ধতিকে অবজ্ঞা করে, বিধি-নিয়মকে উপেক্ষা করে অকস্মাৎ কিছু শিক্ষক নিযুক্ত হয়েছে। এবং সেই স্কুল বোর্ডের অন্যতম সদস্য ফরোয়াড ব্লকের একজন মানুষ তার প্রতিবাদ করেছেন। কিন্তু তাঁর প্রতিবাদ কেউ শোনেনি। জনতা সদস্য নয়, সরকারি পক্ষের সদস্যরও কোনো প্রতিবাদই গৃহীত হয়নি। এই ভাবে চলছে। আমার কাছে টেলিগ্রাম এসেছে, সেই টেলিগ্রামের মধ্যে দেখছি অন্যান্য জেলা বোর্ডেও এই ভাবে নিয়োগের জন্য একটা প্রচেষ্টা অকস্মাৎ দেখা দিয়েছে। কিন্তু কেন এই অসহ্য, অবৈধ প্রচেষ্টা? শিক্ষক নিয়োগের জন্য যে উপযুক্ত মান-দন্ড আছে, সেই মানদন্ডের ভিতর দিয়ে শিক্ষকরা নিযুক্তি পান। তাঁরা যদি অর্গানাইজার টিচার হ'ন, তাঁদের মধ্যে কেউ যদি জ্যোতিবাবুর কথা পাওয়া কোনো ব্যক্তি হ'ন, তাহলেই বা ক্ষতিটা কোথায়? আর কথা কার চলবে, আর কার চলবেনা, এমন কোনো ব্যবস্থাকে নিশ্চয়ই আমরা আমন্ত্রণ জানাতে পারিনা। আমরা নিয়োগ পদ্ধতিকে, অন্তত শিক্ষক নিয়োগ পদ্ধতিকে শুদ্ধ রাখতে চাই, নিরপেক্ষ রাখতে চাই এবং সেই বিচারের মানদন্ড যুক্তিযুক্ত হওয়া চাই, একথা আমি আপনাদের বলতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশের এই দেহগত, কাঠামোগত যে দিকটার কথা বললাম, সেই দিকে একটু চেয়ে দেখুন—ভারতবর্ষ যেমন বিচিত্র দেশ, বহু বৈচিত্র আমাদের

মধ্যে তেমন আমাদের শিক্ষা জগতে কাঠামোর দিক থেকেও কত বৈচিত্র। এক দিকে সরকারি বেসরকারি স্কুল কলেজ আছে, আর এক দিকে মিশনারী স্কুল কলেজ আছে। কোথাও বাংলা মিডিয়াম—মাতৃ-ভাষা মিডিয়াম, কোথাও ইংলিশ মিডিয়াম। সব মিলে-মিশে এই শিক্ষা ব্যবস্থার এক বিচিত্র মূর্তি। তার মধ্যে দিয়ে নিঃসন্দেহে যেকথা আমাদের বামপন্থী বন্ধুরা বলেন, সরকারি পক্ষের বন্ধুরা বলেন, শ্রেণীহীন সমাজ গড়বেন—অর্থনীতি দিয়েই শুধু গড়বেন কিনা জানিনা—কিন্তু শিক্ষা ব্যবস্থায় যদি এই শ্রেণী বৈষম্য বৃদ্ধি করবার কাঠামো থাকে, যদি এক শ্রেণীর ছাত্র-ছাত্রীদের অভিজাত করে গড়ে তোলা হয়, স্বাধীনতার ৩৩ বছর পরেও যদি ইংলিশ মিডিয়াম স্কুল থাকে এবং সেগুলি যদি কুলীন স্কুল বলে পরিগণিত হয় এবং সেখানে বিত্তবান ও উচ্চপদস্ত কর্মচারীদের ছেলে-মেয়েদের শিক্ষিত করে গড়ে তুলতে চান, তাহলে নিঃসন্দেহে শ্রেণী বৈষম্য তৈরি হবে। এবং সেই শ্রেণী বৈষম্য আমাদের শিক্ষার কল্যাণ করবে না, সামাজিক স্বাস্থ্য রক্ষার সহায়ক হবে না। আমি সেদিকে আপনাদের দৃষ্টি দিতে বলছি। সঙ্গে সঙ্গে আপনাদের কাছে আমার বলবার কথা এই যে, আজকে আমরা দেখছি যে, কেবল মাত্র কথা দিয়েও কথা রক্ষা করা হচ্ছে না, প্রতিশ্রুতি রক্ষা হয় না তাই নয়, অন্য দিক দিয়ে জিনিস ঘটেছে, যার জন্য আমি বর্তমান সরকারের শিক্ষামন্ত্রীকে একটু ধন্যবাদ দেব, সাধুবাদ দেব। আপনারা নিজেরাই বার বার ঘোষণা করেছেন যে, দশম শ্রেণী পর্যন্ত আমরা অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করেছি। আগামী বৎসরে দ্বাদশ শ্রেণী পর্যন্ত অবৈতনিক করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। আপনারা নিঃসন্দেহে দাবি করতে পারেন একটা কৃতিত্বের—শিক্ষক, অশিক্ষক কর্মচারীদের বেতন ও মাগ্গী ভাতার দায়িত্ব নিয়েছেন—সবকিছু কৃতিত্বের কথা আমরা মানি কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলব আপনারা তো বেতনের দায়িত্ব নিয়েছেন কিন্তু একটা স্কুল বা কলেজ কেবলমাত্র শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতনের দায়িত্ব বহন করে না, আরও বহুবিধ ব্যয় স্কুল এবং কলেজগুলিকে বহন করতে হয়। আপনারা নিজেরাই কিছু কিছু স্বীকার করেছেন। কলেজকে তো আপনারা অবৈতনিক করেন নি, ছেলেমেয়েরা বেতন দেয় এবং তার ২৫ ভাগ কলেজগুলির জন্য বরাদ্দ রেখেছেন তার মধ্য দিয়ে যদিও পর্যাপ্ত নয় সেই টাকা। আমি বহুবার বলেছি এবং আজ বলছি, অন্তত এই টাকার শতকরা ৪০ ভাগ কলেজগুলিকে যদি না দেন তাহলে কলেজগুলি পরিচালনা করা যাবে না। শতকরা ২৫ ভাগ দিয়ে কলেজগুলির ক্রমবর্ধমান ব্যয়-ভার পরিচালনা করা যাবে না। যদি চান বিজ্ঞানের কার্যকলাপ চলবে, গবেষণা চলবে, পরীক্ষা-নিরীক্ষা হবে, যদি চান উচ্চ শিক্ষা ঠিকমত পরিচালিত হবে, পঠন-পাঠন বৈজ্ঞানিক পদ্ধতিতে হবে তাহলে নিশ্চয়ই আপনারা এই কথা চিন্তা করে রাখবার সুযোগ নেবেন। কলেজগুলিকে ২৫ ভাগ টাকা দিলে হবে না। কিন্তু কলেজগুলিকে আপনারা তো কিছু দিচ্ছেন—স্কুলগুলিতে তো বেতন বন্ধ করে দিয়েছেন—কিন্তু তাদের চলবে কি করে? তাদের ব্যয়-ভার কে বহন করবেন? আপনারা তো কোন পয়সা দিচ্ছেন না। অতীতে সেখানে ডেভেলপমেন্ট ফি, আরও কত কত ফি খাতে সীমাহীন উপার্জনের ব্যবস্থা ছিল—পার্থবাবু এইসব কমানো উচিত বলে বলেছেন—অনুগত বিদ্যালয় নাহয় কথা শুনল কিন্তু বাকি বিদ্যালয় আছে—তারা কত টাকা সংগ্রহ করছেন এইসব খাতে আপনাদের সেটা জানা আছে কিনা জানি না। আপনারা না হয় অনুগত বিদ্যালয়ের এই সমস্ত ফি কমিয়ে দিলেন কিন্তু কে. জি. কিন্ডারগার্ডেন, নার্সারি প্রভৃতি এই সমস্ত ব্যক্তিগত মালিকানায় পরিচালিত বিদ্যালয়ে অনেক অনেক টাকা অবিভাবকদের কাছ থেকে কেড়ে নেওয়া হয়। সেই

সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান আজ ব্যাঙের ছাতার মতন গজিয়ে উঠেছে আমাদের দেশের চতুর্দিকে। তারা ফলাও কারবার করে চলেছেন, মুনাফার ব্যবসা করে চলেছেন শিক্ষার নামে। তাদের দিকে আপনাদের দৃষ্টি নেই। আপনারা হয়ত বলবেন, এরা আমাদের এক্তিয়ারের বাইরে। এক্তিয়ার যখন নেই তখন আপনারা করবেন না। কিন্তু শিক্ষকদের যে বেতন দেন, অশিক্ষক কর্মচারীদের যে বেতন দেন এবং আপনারা যখন বেতনের দায়িত্ব নিয়েছেন অধ্যাপক বা স্কুল শিক্ষক নিয়োগের ব্যাপারে যে কর্তৃত্ব করছেন তার চেয়ে অনেক বেশি পঠন-পাঠনের সুষ্ঠু পদ্ধতিতে বাধা সৃষ্টি করছেন। আপনারা নিয়োগ করতে পারেন না দীর্ঘকাল যাবত স্কুল এবং কলেজের ক্ষেত্রে। শম্ভুবাবু ইদানিং কলেজের ক্ষেত্রে সার্ভিস কমিশন করছেন। যদিও সার্ভিস কমিশন সম্বন্ধে আগে যে ফতোয়া দিয়েছিলেন তখন কিন্তু সার্ভিস কমিশন গঠিত হয়নি, কাজ শুরু করেনি। সুতরাং রাম না জন্মাতেই শম্ভুবাবু রামায়ন তৈরি করলেন। আজকে করেছেন, আজকে করবার পর সেই সার্ভিস কমিশনের মধ্যে দিয়ে অনুমোদিত হয়ে আসতে আসতে যে সময় লাগে সেই সময়ের মধ্যে পঠন-পাঠন কি করে হবে, ক্লাস কি করে চলবে। কোন অধিকারে আপনারা বিদ্যালয় বা মহাবিদ্যালয়ে দিচ্ছেন না? টাকা দিচ্ছেন বলে এই রকমের অত্যাচার করবেন, এমনভাবে স্বাধীনতা নেবেন এটা ভাবা যায় না, এটা প্রত্যাশা করা যায় না। কারণ পঠন-পাঠন চালাতে হবে, শিক্ষার মানের তো উন্নতি করতে হবে—তাই যদি করতে হয় তাহলে নিঃসন্দেহে এই নিয়োগ পদ্ধতির পরিবর্তন আবশ্যক এবং কলেজ বা স্কুল পরিচালনা সমিতির সঙ্গে আপনাদের ব্যবস্থা থাকা প্রয়োজন নতুবা এইভাবে কাজ সম্ভবপর নয়। আমি আর একটি কথা এই প্রসঙ্গে বলব, আমরা যারা শিক্ষক আমরা আপনাদের কাছ থেকে অনেক প্রসাদ পেয়েছি, অনেক মাগ্গী-ভাতা পেয়েছি—আমি দ্ব্যর্থহীন ভাষায় তারজন্য আপনাদের সাধুবাদ দেব।

[1-40 – 1-50 P.M.]

কিন্তু অশিক্ষক কর্মচারীরা কলেজে কি তাঁরা কম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। কিন্তু তাঁদের কতটুকু মাইনে, মাগ্গী-ভাতা বৃদ্ধি করেছেন? তাঁরা কি ভাবে জীবনযাপন করেন এটা কি চিন্তা করেছেন? পে-কমিশন করেছেন কিন্তু সেটা এখন শূণ্যে দোদুল্যমান, কবে হবে কেউ তা জানিনা, কিন্তু যতদিন পর্যন্ত পে-কমিশন না হচ্ছে ততদিন পর্যন্ত এই অশিক্ষক কর্মচারী স্কুল কলেজে কি বেতন পান তা ওঁরা জানেন। তাঁরা অনেকে বিদ্যালয়, মহাবিদ্যালয় আগে থেকে কিছু অর্থ পেতেন, কলেজ পরিচালন সমিতি দিচ্ছিলেন ওঁরা নূতনভবে এসে সেই টাকাগুলো কেটে দিয়েছেন, অথচ পে-কমিশনের মাধ্যমে কোন বৃত্তির সুযোগ ওঁরা পাননি। আমি আশা করব যতদিন পে-কমিশনের রিপোর্ট প্রকাশিত না হয় ততদিন পর্যন্ত স্থিতাবস্থা বজায় রাখবার চেষ্টা করুন। আপনারা গরিবের কথা, শোষিত সমাজের কথা বলেন আর ঐ সমস্ত গরিব মানুষ যাঁরা স্কুল, কলেজে ক্লাস ফোর স্টাফ বা কেরানি তাদের কথা চিন্তা করবেন না? আপনাদের সমস্ত চিন্তা কি অধ্যাপক, অধ্যক্ষদের মধ্যেই সীমাবদ্ধ রাখবেন, অন্তত আপনাদের কথার সঙ্গে তার কোন সংগতি থাকে না। যাও করেছেন তাও অনেক শিক্ষক পাননা, এবং ক্লাস ফোর স্টাফ তারা তো কিছুই পায়না। এদের সম্বন্ধে কলকাতা শহরকে নিয়ে একটা সার্কুলার জারি করেছেন, তার ভেতর দিয়ে তাদের যা পাওয়ার কথা তারা সকলে তা পাননা। এর কিছু দৃষ্টান্ত পার্থ দে মহাশয় এবং বারি সাহেব জানে কারণ

ওঁদেরই কাছে আমরা তাদের পাঠিয়ে ছিলাম। দক্ষিণ কলকাতায় কিছু স্কুলের ক্লাস ফোর স্টাফ, তারা দিনের পর দিন মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করবার চেষ্টা করেছেন এবং আমি ধন্যবাদ দেব পার্থ বাবু এবং বারি সাহেবকে যে তাঁরা সহানুভুতির সঙ্গে তাঁদের কথা বিবেচনা করেছেন। কিন্তু মন্ত্রী মহাশয় বললে কি হবে, আমলারা সেসব শোনেননা। মন্ত্রী মহাশয় দিচ্ছেন সহানুভুতি আর আমলারা তা প্রত্যাখ্যান করছে। আজ পর্যন্ত তারা রাইটার্স বিল্ডিং, মন্ত্রীদের বাড়ি এবং বিধানসভায় ঘুরছে কিন্তু কোন প্রতিকার হয়না। আশা করি আপনাদের যদি সহানুভুতি থাকে আপনারা তাহলে সেই অনুসারে কাজ করবেন এবং আমলাতন্ত্রের ফাঁসে নিজেদের গলা ফাঁসিয়ে দেবেন না। সঙ্গে সঙ্গে আজকে অনেক স্কুলে যেমন শিক্ষকের অভাবে পড়াশুনা হচ্ছে না এই ব্যাপারে নিয়োগ পদ্ধতির কথা আমি কিছু বলতে চাই তেমনি আবার কিছু কিছু স্থানে অদ্ভুত ঘটনাও ঘটছে। যোগ্য শিক্ষক আছেন, কিন্তু তাঁরা বিদ্যালয়ে প্রবেশ করতে পারেন না। মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমার ভগবানপুর থানার, ইছাবাড়ি হাইস্কুলে—যেটা অ্যাপ্রুভড স্কুল তাঁর হেড মাস্টার মহাশয় নির্মল কুমার মাইতি, ৩০.৮.১৯৭৪ সাল থেকে স্কুলে ঢুকতেই পারছেন না। তিনি মামলা করে জিতেছেন, ডি. পি. আই. অর্ডার দিয়েছেন কিন্তু আজ পর্যন্ত কিছু হল না।

মন্ত্রীরা হয়ত বলবেন ১৯৭৪ সালে আমরা ছিলাম না এটা ঠিক, কিন্তু ৭৭ সালে তো এসেছেন, ৭৮, ৭৯ তে তো ছিলেন, ৮০ সালেও আছেন এতদিনেও এর প্রতিকার হলনা? অর্থাৎ এইরকমভাবে অবিচার দিনের পর দিন চলছে যার মধ্য দিয়ে আপনারা সরকারি ব্যবস্থা পরিচালনা করছেন কিন্তু এর প্রতিকার সাধারণ মানুষ চায়। আমি সাধুবাদ দিচ্ছি শিক্ষা মন্ত্রককে কারণ আপনারা বেতন, ভাতা বৃদ্ধি করেছেন, শিক্ষার অনেকখানি ব্যয়ভার গ্রহণ করেছেন, অবৈতনিক শিক্ষা চালু করেছেন, কিন্তু সঙ্গে সঙ্গে একটি কথা মনে হচ্ছে যে বিশ্ব বিদ্যালয় থেকে আরম্ভ করে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে স্বায়ত্ত শাসন আপনারা হরণ করেছেন। এক্ষেত্রে রবীন্দ্রনাথের গানের একটি ছত্র আমার মনে পড়ছে—

"বাম হাতে তোল খড়গ জ্বলে ডান হাতে তোর শঙ্কাহরণ

দুইনয়নে স্নেহের হাসি ললাট নেত্র অগ্নিবরণ।।"

অর্থাৎ শিক্ষামন্ত্রী এবং শিক্ষা মন্ত্রক একের পর এক বিশ্ববিদ্যালয় পর্ষদ, কাউন্সিল, সমস্ত স্কুল, কলেজের পরিচালন সমিতিগুলিকে খড়্গ হাতে ছিন্ন ভিন্ন করছেন, সঙ্গে সঙ্গে বরাভয় দেখিয়ে বলছেন আমরা বেতন, মাগ্গীভাতা বৃদ্ধি করেছি, দায়-দায়িত্ব গ্রহণ করেছি। অর্থাৎ আমরা আছি কিছু ভয় নেই, স্বাধীনতা চেয়ো না। এ ক্ষেত্রে আমি একটা গীতার বাণী আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি, 'সর্বধর্মাণ্ পরিত্যজ্য মামেকং শ্মরণম্ ব্রজ" আমি পয়সা দেব, উদ্ধার করব কিন্তু মধ্যে মধ্যে দুঃখের সঙ্গে মনে হয় যে আমাদের শম্ভু বাবু যিনি নেতাজীর আদর্শে অনুপ্রাণিত তিনি কি নেতাজীর সেই অগ্নিক্ষরা বাণী যা আমাদের স্কুলকে একদিন উদ্বুদ্ধ করেছিল তা কি তিনি স্মরণ করেন? অর্থাৎ Give me blood and I will give you freedom. তিনি সেই আদর্শ পরিবর্তন করে বলেছেন give me freedom and I will give you bread. এবং একের পর এক সমস্ত স্বায়ত্তশাসন শেষ করলেন, কলকাতা বিশ্ববিদ্যালয় গ্রহণ করার সময় বলেছিলেন এখানকার জঞ্জাল দূর করবেন, দুর্নীতির পঙ্ক

থেকে বিশ্ববিদ্যালয়কে উদ্ধার করবেন, গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনবেন। অনেকদিন হয়ে গেল, ইউনিভার্সিটি বিল পাশ হয়ে গেল কিন্তু সেই গণতান্ত্রিক পরিবেশ আর ফিরছে না। আবার একটা কমিটি করেছেন, সেই কমিটি বসে বসে দেখবেন কবে, কিভাবে, কোথায় নির্বাচন করা যায় এবং ৬ মাস থেকে ১ বছরের মধ্যে তাঁরা রিপোর্ট তৈরি করবার সময় নেবেন। এক বছর পর তাঁরা যা সুপারিশ করবেন সেই অনুযায়ী ব্যবস্থা হবে আর ততদিন যদি আপনারা না থাকেন—বিস্মিত হবার কিছু নেই—তাহলে কিভাবে গণতন্ত্র আনবেন জানিনা। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দুর্নীতি দূর করবার জন্য যে বোস কমিশন করেছিলেন তাঁরা তাঁদের কাজ সমাপ্ত করতে পারলেন না এবং রিপোর্টও দিতে পারলেন না। আপনাদের নিজস্ব কমিশনের উপর আপনাদের বিশ্বাস নেই। অতএব আপনারা যে কিভাবে গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনছেন সেটা আমরা বুঝতে পারছি না। আপনাদের গণতন্ত্রকে রক্ষা করার নমুনা হিসাবে দেখলাম সেদিন পার্থ বাবু মধ্যশিক্ষাপর্ষদকে পুনর্গঠন করলেন। যে পর্ষদ পুনর্গঠিত হল ৬৩ জন মানুষকে নিয়ে তারা সমস্তই মনোনীত, নির্বাচিত নন। অর্থাৎ আড়াই বছর নিলেন মনোনীত পর্ষদ গঠন করতে, এই ভাবে গণতন্ত্রকে রক্ষা করছেন।

[1-50 – 2-00 P.M.]

কাজেই বেতন দেবেন অর্থনৈতিক দায়িত্ব নেবেন তার বিনিময়ে সব স্বাধীনতা কেড়ে নেবেন মানুষের সমস্ত শিক্ষাগত অধিকারকে এইভাবে পদদলিত করবেন না। মাননীয় শিক্ষামন্ত্রীর না শিক্ষা না মন্ত্রীর দায়িত্ব দুটোর কোনটাই পালিত হতে পারেনি। আমি আপনাকে নিঃসন্দেহে স্যার আশুতোষের কথা শোনাইনি। কারণ, কালান্তর ঘটেছে, আশুতোষ আপনাদের কাছে আর প্রাতঃস্মরণীয় নয়। ফ্রিডম সম্বন্ধে বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে সেই সময় তিনি যে চিন্তা করেছিলেন আপনার সামনে আমি তা তুলিনি, তবুও বলব একেবারে স্বাধীনতাহীন প্রাণহীন আদর্শহীন শিক্ষা ব্যবস্থায় আর যাই করুন শিক্ষার দায়িত্ব পালন করতে পারবেন না। টাকা দিচ্ছি বলে ঐ দাবি করবেন কেন? টাকা আপনারও নয়, আমারও নয়, দেশবাসীর টাকা দেশের শিক্ষা ব্যবস্থায় ব্যয়িত হচ্ছে। আপনারা খরচ করছেন বলে এইভাবে দিনের পর দিন এই স্বাধীনতা হরণ করে চলবেন তা চলবে না। এবারে একজন বহুদিনের অভিজ্ঞ শিক্ষকরূপে আমি শিক্ষা মন্ত্রীর কাছে একটা কথা বলতে চাই পড়াশুনার উন্নতি যদি চান তাহলে কেবলমাত্র এই পথে গেলে হবে না। আজকে আমি মহাবিদ্যালয়ের কথা বলছি, সেখানে কয়টা দিন ক্লাস হয়? সিলেবাসের বোঝা অনেক বাড়িয়েছেন, অনেক নিত্য নূতন পরীক্ষা-নিরীক্ষা করছেন, কিন্তু যে কয়টা দিন ক্লাস হয় সেই কয়টা দিন যদি আপনাদের বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পরিচালনার জন্য ক্লাস বন্ধ রাখতে হয় তাহলে পরীক্ষা-নিরীক্ষাই চলবে, ফলাফলও চলবে, দুর্নীতিও চলবে এবং উচ্চ শিক্ষার ডিগ্রি হয়ত আমাদের দেশে থাকবে, কিন্তু পঠন-পাঠন হবে না, সরস্বতীর এত আয়োজন সেই সারস্বত মন্দির হয়ত শুকিয়ে পাষাণে পরিণত হবে। আমার তাই মনে হয় এই দিকে দৃষ্টি দিন। ক্লাসের দিন সংখ্যা, খোলা থাকার দিন সংখ্যা আরো যদি না বাড়ান, এমনি করে যদি আরো কমিয়ে দিয়ে ফুল সেসান পরীক্ষার ব্যবস্থা করেন, এর উপর আমাদের দেশে মহা-মণীষী, মণীষীদের মহা প্রয়াণ ঘটছে, তারজন্য ছুটি হয়, এইসব যদি হিসাব করেন তাহলে মন্ত্রী মহাশয় দেখবেন ছুটিই প্রায় বছরে সব সময়, ক্লাসের সময় কম। অথচ আমরা চাই ক্লাসের সংখ্যা বাড়ুক, শিক্ষার মান উন্নত হোক এটা সম্ভব

নয়। কাজেই সেইদিকে আপনি দৃষ্টি দেবেন এই কথা আপনার কাছে বলতে চাই। আপনাদের এত কিছু আয়োজন সত্বেও শিক্ষার পরিবেশ অনুকূল নয়, আশানুরূপ নয়। দাবি-দাওয়ার লড়াই সর্বত্র চলছে চলবে, কিন্তু এটা সত্য আজকে সেখানে ট্রেড ইউনিয়নের আবহাওয়া এসে শিক্ষার আবহাওয়াকে বিষাক্ত করে তুলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্যানেল থেকে অনেক অধ্যক্ষ নিযুক্ত করে বিভিন্ন কলেজে পাঠিয়ে ছিলেন, তাঁরা অনেকে গেছেন, অধ্যক্ষ হতে পেরেছেন। কিন্তু তাঁরা কতজন থেকেছেন, কতজন ফিরে এসে আবার তাঁর নিজের জায়গায় অধ্যাপক হয়ে গেছেন তার বিবরণ নিশ্চয়ই মন্ত্রী মহাশয় জানেন। প্রিন্সিপ্যাল আজ আর কেউ হতে চায় না, কাউকে জোর করে দিলেও থাকতে চায় না, পাঠালেও যায় না, এমন কি স্কেল বেশি দিলেও নেয় না। আবহাওয়া দূষিত, আবহাওয়া সন্ত্রস্ত, আবহাওয়ার বিস্ফোরণ শিক্ষার অনুকূলে নয়। তাই আজকে আপনার কাছে আবেদন শিক্ষার উন্নতি যদি চান তাহলে আবহাওয়ার পরিবর্তন করবার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন, আবহাওয়াকে সুস্থ করবেন শিক্ষার দিক থেকে। এইভাবে শিক্ষাকে মারবার চেষ্টা করবেন না। আমার শেষ কথা বিশ্ববিদ্যালয় বিল যখন তৈরি হচ্ছিল তখন তার সিলেক্ট কমিটিতে আমি একজন ছিলাম। মাননীয় শিক্ষামন্ত্রী তখন বলেছিলেন এবং আমরা তা নিয়ে অনেক বাদানুবাদ করেছি যে শিক্ষাকে যদি আমাদের বিশেষ করে সর্বজনীন করতে হয়, জনমুখী করতে হয় তাহলে বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে সর্বস্তরের মানুষের প্রতিনিধিত্ব থাকার আবশ্যকতা আছে।

ট্রেড ইউনিয়নের প্রতিনিধিত্ব, কিষাণের প্রতিনিধিত্ব, সকলেরই প্রতিনিধিত্ব থাকবে একথা তিনি বলেছিলেন। একথা তখন আমরাও বলেছিলাম। কিন্তু আজকে আপনার কাছে আমার বক্তব্য হচ্ছে আপনি কি বিশ্ববিদ্যালয়ে প্রতিনিধিত্ব দিয়েই ওই জনমুখী শিক্ষা ব্যবস্থার সমস্ত প্রকল্প সমাপ্ত করতে চাচ্ছেন? আজকে কলেজে কলেজে দাবি উঠেছে কিন্তু কলেজ পরিচালক মণ্ডলী নির্বাক, কারণ আপনার কাছ থেকে কোন আদেশ বা উপদেশ নেই। ছাত্ররা চাচ্ছে তাদের প্রতিনিধিত্ব থাকবে পরিচালক মণ্ডলীতে। (শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ স্পনসর্ড কলেজে রয়েছে।) স্পনসর্ড কলেজ সকলে নয়, শম্ভুবাবু। অশিক্ষক কর্মচারীরাও প্রতিনিধিত্ব চাচ্ছেন এবং তাঁরা শুধু চাচ্ছেন তা নয়, তারজন্য তাঁরা দাবি করছেন, সংগ্রাম করছেন। আশ্চর্যের বিষয় তাঁদের জন্য কোন ব্যবস্থা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাঠ্যসূচীর অনেক পরিবর্তন হয়েছে, অনেক পরীক্ষা নিরীক্ষা হচ্ছে ভাষাকে কেন্দ্র করে। ঐচ্ছিক না আবশ্যিক এ নিয়ে বহু পরীক্ষা নিরীক্ষা চলছে। আমি একটি কথাই বহুবার বলেছি এবং আজকে আবার বলছি। আপনারা এই সংস্কৃতের প্রতি বিমাতৃসুলভ মনোভাব নিয়েছেন কেন? নিঃসন্দেহে যাঁরা চান ভারতীয় শিক্ষা ব্যবস্থার মধ্য দিয়ে ভারতীয় নাগরিক হয়ে উঠবে আমি তাঁদের হয়ে আপনার কাছে বলছি সংস্কৃতকে এইভাবে দূরে সরিয়ে রেখে ভারতীয় শিক্ষার আয়োজন স্বার্থক হয় না, সম্পূর্ণ হয়না। এই সংস্কৃত-র ক্ষেত্রে পরিদর্শকের যে ব্যবস্থা আপনি করেছেন সেটা একটা অদ্ভুত ব্যাপার। মাত্র একজন ইন্সপেক্টর সমস্ত জায়গার সব সংস্কৃত শিক্ষা প্রতিষ্ঠানকে পর্যবেক্ষণ করে তাদের অনুমোদন দেবে। আমি মনে করি এই অবস্থায় তাঁর পক্ষে সম্ভব নয় দুর্নীতি মুক্ত হওয়া। কাজেই আপনি এই পরিবর্তন করুন। আমি অনুরোধ করব যতটুকু শিক্ষা এই সংস্কৃত-র মধ্যে রয়েছে তাকে রক্ষা করবার জন্য আপনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষকদের পেনশন সম্বন্ধে কোন বক্তব্য নেই, পেনশন বর্ধিত করেছেন কিনা আমি জানিনা। আপনি বলেছিলেন বর্ধিত করবেন। তারপর, আমি এটাও জানিনা শিক্ষকদের সমস্ত কিছু শেষ হয়ে যাবার পর তাঁদের আর সম্প্রসারণ দিচ্ছেন কিনা। আপনার বক্তব্যের মধ্যে এসব ব্যাপারে কোন ইঙ্গিত নেই। আমি আশাকরি আপনি যখন আপনার বক্তব্য রাখবেন তখন এ সম্বন্ধে আপনি আপনার চিন্তা ব্যক্ত করবেন। আমি টাকার জন্য নয়, টাকার অঙ্ক বড় হলেও আমি একে সমর্থন করছি, কিন্তু অন্যান্য কারণে আমি আপনার এই শিক্ষা বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করতে বাধ্য হচ্ছি।

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উচ্চশিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি দু একটি কথা উল্লেখ করতে চাই। বামফ্রন্ট সরকারের শাসনের সময়কালে যে সমস্ত ক্ষেত্রে অনেকগুলো গুরুত্বপূর্ণ গুণগত পরিবর্তন পশ্চিমবাংলার সমাজে, পশ্চিমবাংলার মানুষের জীবনে ঘটেছে, শিক্ষাক্ষেত্রে সেই পরিবর্তন সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে চিহ্নিত করা যায় সমগ্র পশ্চিমবাংলায়। সমগ্র ভারতবর্ষে ৬০ দশকের সময়কাল থেকে শুরু করে ৭০ দশকের শেষভাগ পর্যন্ত শিক্ষাক্ষেত্রে যে চরম নৈরাজ্য চরম অরাজকতা, বিশেষ করে পশ্চিমবাংলায় এটা ৭০ দশকের গোড়ার থেকে শুরুহয়, তা আমাদের জীবনের ক্ষেত্রে ছিল গ্লানিকর, লজ্জাজনক। সেই সবের অসংখ্য দৃষ্টান্ত আপনি জানেন এবং ইতিপূর্বে বিভিন্ন আলোচনায় মাননীয় সদস্যরা উপস্থিত করেছেন বিভিন্ন ঘটনা যার মধ্যে এইটা প্রতীয়মান হয়েছে, প্রতিফলিত হয়েছে। সত্তরের দশকের অন্তত ১৯৭৬ সালের শেষভাগ পর্যন্ত পশ্চিমবাংলার শিক্ষা জগতে সম্পূর্ণ নৈরাজ্যজনক, হতাশাজনক অবস্থা ছিল এবং সম্পূর্ণভাবে পশ্চিমবাংলার আশা-আকাঙ্ক্ষার পরিপন্থী ছিল। এই রকম অবস্থায় বামফ্রন্ট সরকার বিপুল জন সমর্থন নিয়ে রাজ্য শাসনে হাত দেন এবং শিক্ষার ক্ষেত্রে স্তুপীকৃত জঞ্জাল পরিষ্কার করার কাজে আত্মনিয়োগ করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন সেই সময়কালের ঘটনাবলি এবং আমি তার পুনরাবৃত্তি করে সময় নষ্ট করতে চাই না। দু-একটা কথা নিশ্চয় পরে উল্লেখ করব। বামফ্রন্ট সরকারের সবচেয়ে কৃতিত্ব শিক্ষা ক্ষেত্রে দুটো দিকে জাতীয় জীবনে প্রতিফলিত হয়েছে। একটা সামগ্রিক শিক্ষার বিকাশ ও বিস্তারের পথ উন্মুক্ত হয়েছে। দ্বিতীয়ত, শিক্ষার উৎকর্ষ, শিক্ষার মানোন্নয়ন, সেটা অনেকটা এগোবার চেষ্টা করছে। শিক্ষার বিকাশ এবং বিস্তারের ক্ষেত্রে সীমাবদ্ধ ক্ষমতায় যেটুকু সাধ্য আছে, সঙ্গতি আছে, সাধ আছে সমস্ত কিছুকে উজাড় করে বামফ্রন্ট সরকার শিক্ষাকে আজকে দেখছেন। তার প্রতিফলন ইতিমধ্যে দেখতে শুরু করেছি। রবীন্দ্রনাথ বলেছিলেন, শিক্ষাকে পাথরের বদ্ধ কুণ্ডলীর আবর্ত থেকে মর্ত জনের দ্বারে দ্বারে পৌঁছে দিতে হবে। কংগ্রেস শাসনের ৩০ বছরের শাসনকালে ওঁরা এর ধার কাছ দিয়ে যান নি। প্রথম বামফ্রন্ট সরকার সেইদিকে শিক্ষার মুখকে চালনা করেছেন। পশ্চিমবাংলার মর্তজনের মধ্যে ধীরে ধীরে শিক্ষাকে পৌঁছে দেবার জন্য চেষ্টা করে চলেছেন। সেই সম্পর্কে একান্ত বাস্তব কর্মসূচী নিয়ে এগিয়ে চলেছেন এবং তার সফলতা শিক্ষার জীবনে আমরা লক্ষ্য করেছি। আমি দু-একটা দৃষ্টান্ত হিসাবে উল্লেখ করতে চাই। যেমন ১৯৭৬ সালে পশ্চিমবাংলা প্রাইমারী স্কুলের এজ গ্রুপ ৫ থেকে ১২ বছর বয়স যারা পড়ত তাদের সংখ্যা ছিল ৪৮ লক্ষ এবং ৪৮ লক্ষ যে পড়ত বছরের শেষে ২৫ লক্ষ ছাত্র তারা পড়া ছেড়ে দিয়ে চলে যেত পড়াশোনা কন্টিনিউ করতে পারত না ড্রপ আউট করত। প্রতি বছর এই ঘটনা ঘটত। সর্ব ভারতীয় চিত্র যদি দেখি

তাহলে সেটা আরও ন্যক্কার জনক। পড়তে যারা যেত তারা পড়া চালাতে পারে না অভিভাবকেরা বাধ্য হয়ে চায়ের দোকানে বয়ের কাজ করতে পাঠাত বা রাখালি করতে পাঠাত বা কুলিগিরি করতে পাঠাত। আর কিছু না পারলে ভিক্ষে করতে পাঠাত। শতকরা ৫০ ভাগ এই রকম হত। সারা দেশের পরিস্থিতি আরও মারাত্মক। প্রাইমারি স্কুলে ড্রপ আউট করা এই ছাত্রের সংখ্যা বর্তমানে পশ্চিমবাংলার শিক্ষা জগতের দিকে লক্ষ্য করলে কি দেখা যাবে। এই বছর ১৯৭৯ সালে যে রিপোর্ট বেরিয়েছে, তাতে দেখছি প্রায় ৬৬ লক্ষ ৫ থেকে ১২ বছর বয়সের ছেলে প্রাইমারী স্কুলে পড়াশোনা করছে।

এবং ৫ থেকে ১২ বছর বয়সের যে বালক বালিকা পশ্চিমবাংলায় আছে এদের সংখ্যা হচ্ছে শতকরা ৮৬ ভাগ, খুব সহজ কথা নয়। এখন কি হারে পশ্চিমবাংলায় প্রাইমারী স্কুলে নতুন ছাত্রছাত্রী পড়তে যাচ্ছে সে সম্পর্কে যদি খোঁজ খবর করা যায় তাহলে দেখা যাবে যে জনসংখ্যা বৃদ্ধির হার যেখানে পশ্চিমবাংলায় শতকরা ২.২ ভাগ সেখানে তার চেয়ে অনেক বেশি প্রায় ৬ ভাগ বৃদ্ধি প্রতি বছর ঘটছে। এর ফলে ১৯৭৬ সালে যেখানে সংখ্যাটা ছিল ৪৮ লক্ষ এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ৬৬ লক্ষে। বলবেন এটা কি ম্যাজিকের সাহায্যে হল? এটা এতদিন ঘটে নি কেন? এতদিন কি অভিভাবকরা তাদের সন্তানদের পড়তে দিতে চান নি? না, ঘটনাটা তা নয়। সেখানে এমন কোন মা বাবা নেই যে তার সন্তানদের লেখাপড়া শেখাতে চায় না। সে ক্ষেতমজুর বলুন, গরিব কৃষক বলুন, জনমজুর বলুন, শহরই বলুন আর গ্রামই বলুন, সর্বত্রই মা বাবার এই আশা থাকে যে আমার সন্তান হাঁটি হাঁটি পা-পা করে প্রাইমারী স্কুলে যাবে, সেকেণ্ডারী স্কুলে যাবে এবং সেখানে গিয়ে লেখাপড়া শিখে চাকরির ব্যবস্থা করবে এবং তা করে ভেঙ্গে পড়া সংসারটার পাশে গিয়ে দাঁড়াবে। এই আশা এই বাসনা প্রত্যেক বাবা মা-ই করে থাকেন। কিন্তু তা সত্ত্বেও ১৯৭৬ সাল পর্যন্ত পশ্চিমবাংলার চিত্র হচ্ছে, প্রতি বছর গড়ে ২০ থেকে ২৫ লক্ষ ছাত্র যারা হাঁটি হাঁটি পা- পা করে অ-আ-ক-খ শিখতে স্লেট নিয়ে স্কুলে যেত তারা পরের বছর আর যেতে পারল না। এখন কিন্তু পশ্চিমবঙ্গের চিত্র ভিন্ন। মাননীয় মন্ত্রী মহাশয়রা নিশ্চয় তাঁদের বক্তব্য রাখার সময় বিস্তৃত তথ্য দিয়ে উপস্থিত করবেন কিন্তু আমি জোরের সঙ্গে বলতে পারি এই যে ড্রপ আউট, ঝরে যাওয়া—এক ক্লাস থেকে আর এক ক্লাসে যাবার পথে এই যে ২৫ লক্ষ ছাত্রছাত্রী পড়াশুনা ছেড়ে চলে যেত তার একটা নাটকীয়, গুণগত পরিবর্তন সাধিত হয়েছে। আজকে পশ্চিমবাংলার বুকে অর্থনৈতিক কারণে এবং যে কারণে এই ড্রপ আউট হত সেই ড্রপ আউট নেই। পশ্চিমবঙ্গের এই যে সাফল্য এই যে অ্যাচিভমেন্ট সারা ভারতবর্ষের মধ্যে তুলনা করে দৃষ্টান্ত হিসাবে একটি রাজ্যও আপনারা দেখাতে পারবেন না যেখানে পশ্চিমবাংলার মতন এই ক্ষেত্রে এইরকম সাফল্য লাভ করা সম্ভব হয়েছে। শিক্ষার ক্ষেত্রে কোন কোন রাজ্যে হয়ত দ্বাদশ শ্রেণী পর্যন্ত অবৈতনিক আছে কিন্তু সরকার শুধু অবৈতনিক শিক্ষা করে দিলেই শিক্ষার সুযোগের প্রসার হয়না—সেখানে নিশ্চয়ই একটা বাধা দূর হয়, অন্তত স্কুলে যাবার জন্য সেখানে যে পয়সা দিতে হত, কলেজে যাবার জন্য যে পয়সা দিতে হত অবৈতনিক শিক্ষা হলে মাহিনা মকুব হল, তাকে পয়সা দিতে হয়না, সেখানে স্কুলে যাবার একটা সুযোগ সৃষ্টি হয় কিন্তু তার চেয়েও গুরুত্বপূর্ণ কারণ হচ্ছে সামাজিক এবং অর্থনৈতিক কারণ। বামফ্রন্ট সরকারের কৃতিত্ব এখানেই যে তারা সামাজিক রোগ সারানোর মধ্য দিয়ে প্রাইমারী স্কুলে এই ড্রপ আউট বন্ধ করতে সক্ষম হয়েছেন। এটা একটা ঐতিহাসিক ঘটনা। একদিকে স্কুলের

বেতন না দেবার প্রশ্নটা—অবৈতনিক শিক্ষা ক্রমান্বয়ে ৬ থেকে ৮, ৮ থেকে ১০, ১০ থেকে ১২ এই রকম ধাপে ধাপে এগুচ্ছে অন্যদিকে পাশাপাশি লক্ষ্য থাকছে স্কুল যাতে ঐ অনুন্নত শ্রেণীর মানুষদের সন্তানরা, পার্বত্য উপজাতি সম্প্রদায়ের মানুষদের সন্তানরা, দরিদ্র মানুষদের সন্তানরা স্কুলে যেতে পারে। এইসব ব্যবস্থা করার জন্য সেখানে সব রকম প্রয়োজনীয় ব্যবস্থা নেবার চেষ্টা চলছে। আমি দু-একটি দৃষ্টান্ত এই প্রসঙ্গে দিতে চাই। প্রথম হচ্ছে ইনসেন্টিভ চালু করা। যেটা আপনাদের সময়েও ছিল কিন্তু আপনারা চালু করেন নি, আপনারা কিছু বাছা বাছা লোকেদের মধ্যে, সিলেক্টেড লোকেদের মধ্যে এটাকে সীমাবদ্ধ করে রেখেছিলেন। আমাদের সরকার প্রথমে এসেই ঐ শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস ইত্যাদিদের ঘরের ছাত্রছাত্রীদের—মেয়েরা যদি স্কুলে যায় নিয়মিত তাহলে তারা মাসে এক টাকা করে বছরে ১২ টাকা ইনসেন্টিভ পাবে এই ব্যবস্থা চালু করেন। এই পরিকল্পনা আপনাদের সময়েও ছিল কিন্তু আপনারা চালু করেন নি। দ্বিতীয়ত, স্কুলে পাঠাতে পারলেও অনেক সময় বইপত্র অভিভাবকরা কিনে দিতে পারেন না। আজকে ক্লাশ ফোর পর্যন্ত আমাদের রাজ্য সরকার সমস্ত দায়দায়িত্ব সেখানে নিয়েছেন—খাতা, বই, পেন্সিল ইত্যাদির দায়িত্ব নিয়েছেন।

[2-10–2-20 P. M.]

তার ফলে কি হয়েছে? সেই গরিব স্কুলের বই কিনতে পারলনা, অভিভাবকরা তাই ছেলেকে স্কুলে পাঠাতে পারতনা, আজকে সেই অবস্থা নেই। তার চেয়ে বড় কথা যেটা যে ক্ষেতমজুর, কৃষক যাদের সন্তানরা ড্রপ আউট করত, গরিব ঘরের ছেলেরা ড্রপ আউট করত, কারণ মানুষগুলি পেটের ভাত যোগাড় করতে পারত না, মাথায় হাত দিয়ে থাকত, পরের দিন বাচ্চাগুলিকে কি খাওয়াবে এই নিশ্চয়তা ছিল না, স্কুলে পাঠানো তো দূরের কথা, সেই জায়গায় আজকে কাজের বিনিময়ে, গ্রামের উন্নয়নমূলক বিভিন্ন কাজের মধ্য দিয়ে যে অবস্থা সৃষ্টি করেছেন তাতে আজকে তাদের খাদ্যের সংস্থান হয়েছে, ফলে তাদের আজকে কপাল ঠুকে ভাবতে হয় না তাদের সন্তানদের পরের দিন স্কুলে পাঠাতে পারবে কি পারবে না। তাই সমগ্র পশ্চিম বাংলার অবস্থা কি তা বুঝবার চেষ্টা করুন, গুণগত পরিবর্তন হয়েছে। আজকে যেমন প্রাইমারী শিক্ষাক্ষেত্রে বিস্তীর্ণ সুযোগ ঘটেছে, সমস্ত শিক্ষাক্ষেত্রে নতুন পরিমণ্ডল, নতুন আবহাওয়া সৃষ্টি হয়েছে, একথা কি অস্বীকার করতে পারেন? মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয় অনেক কথা বলে গেলেন, মাননীয় হরিপদ ভারতী মহাশয়, আপনি কি বলতে পারেন আজকে কি এই ঘটনা ঘটে যে সেদিনের মত ভট্টাচার্য বিশ্ববিদ্যালয়ের চত্বরে খুন হয়েছে? একথা কি বলতে পারেন অখিলেশ ব্যানার্জীর মত উপদলীয় ছাত্রপরিষদের নেতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ঘরে খুন হয়ে পড়ে আছে, একথা কি বলতে পারেন সেদিনের মত প্রধান শিক্ষক বিমল দাশগুপ্তের মত লোককে গায়ে পেট্রোল ঢেলে তাঁর ঘরে পুড়িয়ে মারছে, একথা কি বলতে পারেন সত্যেন সেনের মত অধ্যাপককে তাঁর ক্লাস রুমের ভিতর গুলি করে হত্যা করছে? আজকে শিক্ষা জগতে এই ধরনের ঘটনা শিক্ষা জগতে নেই, আজকে সেই আবহাওয়া নেই। ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সালের মধ্যে অসংখ্য ঘটনা ঘটেছিল, সেকথা কি ভুলে গেছেন?

(**শ্রী সুনীতি চট্টরাজ :** কবে?)

সুনীতিবাবু আপনার স্মরণ শক্তি খুবই কম, আপনি খুব সহজে ভুলে যান, আপনি কজন সত্যেন সেনকে চেনেন, আপনি চেনেন, একজনকে, আমি বলছি বেলুড় কলেজের অধ্যাপক সত্যেন সেনের কথা, আপনার বন্ধুরা গিয়ে তাঁকে গুলি করে হত্যা করেছিল। সুতরাং সেদিন সেই বিষাক্ত আবহাওয়া সমস্ত শিক্ষা জগতকে কালিমালিপ্ত করেছিল, পঙ্কিল করে তুলেছিল, এটা আপনার স্মরণে আছে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এই রকম ঘটনা ঘটেনি, কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১৯৭৩ সাল একটা ভয়ংকর কালো বছর, সেই বছরে ওদের কীর্তির ফলে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে ঘটনা ঘটেছে, তার ফলে একটা ইঞ্জিনিয়ারও বেরোয়নি, একটা ডাক্তারও বেরোয়নি, ২৭০০ বার পরীক্ষা পিছিয়েছে, পরীক্ষা হলেও সেই পরীক্ষার ফল বেরোয়নি, একটা বিভৎস অবস্থা, আশুতোষের বিশ্ববিদ্যালয়ে, স্যার যদু নাথ সরকারের বিশ্ববিদ্যালয়ে বাঙালির গর্ব কলিকাতা বিশ্ববিদ্যালয়ে, বিশ্ববিদ্যালয়ের চত্বরে একটা বিভৎস অবস্থার সৃষ্টি করেছিল—ওঁর স্মরণ শক্তি কম, কিন্তু পশ্চিমবাংলার মানুষের স্মরণ শক্তি খুব কম নয়। উনি (সুনীতি বাবু) আশা করতে পারেন অনেক কিছু কিন্তু সেই আশা দুরাশা হবে। সুতরাং গুণগত দিক থেকে, শিক্ষার উৎকর্ষের দিক থেকে আবহাওয়ার যে পরিবর্তন পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত হয়েছে, একথা যে অস্বীকার করবে, সে নিজের সঙ্গে ছলনা করবে। সুতরাং আজকে পশ্চিম বাংলায় গুণগত দিক থেকে শিক্ষাজগতে—শুধু প্রাথমিক ক্ষেত্রে নয়, মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে নয়, শুধু উচ্চ শিক্ষাক্ষেত্রে নয়, সমস্ত শিক্ষাক্ষেত্রে সামগ্রিকভাবে শিক্ষার জগতে একটা সুষ্ঠু আবহাওয়া সৃষ্টি হয়েছে। সত্তর দশকের গোড়ার দিকে ছাত্রসমাজের মধ্যে যে অবস্থার সৃষ্টি করেছিলেন পরীক্ষা সম্পর্কে, পরীক্ষাকে কেন্দ্র করে যে গণ্ডগোল, যে খুনোখুনি, যে মারামারি, চলেছিল এবং বোমা ও পটকা ফাটিয়ে সমস্ত শিক্ষাজগতকে অন্ধকারাচ্ছন্ন করার চেষ্টা হয়েছিল, আজকে পশ্চিম বাংলায় আমাদের বাম ফ্রন্ট সরকার আসার পরে—এই সরকার এসেছেন তিন বছর পূর্ণ হতে চলেছে, কয়টি ঘটনা এই রকম দেখাতে পারেন? যে কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১৯৭২ থেকে ১৯৭৬ সালের মধ্যে ২৭০০ বার পরীক্ষা পিছিয়েছিল, সেখানে বামফ্রন্ট সরকার আসার পরে কবার পিছিয়েছে? অনেক কথা বলেছেন, গণতন্ত্র কেড়ে নিয়েছেন বিশ্ববিদ্যালয়ে কাউন্সিল বসিয়েছেন, এখনও তাঁরা গণতান্ত্রিকভাবে নির্বাচন করতে পারেনি, বলেতে পারেন কি ২৭০০ বার পরীক্ষা পিছিয়েছে কলিকাতা বিশ্ববিদ্যালয়?

বামফ্রন্ট সরকার তাদের সময়ে নিজেদের তত্ত্বাবধানে সমগ্র পশ্চিমবঙ্গে একটা সুস্থ স্বাভাবিক আবহাওয়া সৃষ্টি করতে পেরেছেন। তাই আবহাওয়া সৃষ্টি যেমন গুণগত দিক থেকে উচ্চ শিক্ষার ক্ষেত্রে হয়েছে তেমনি সর্বস্তরে হয়েছে। শুধুমাত্র আবহাওয়া সৃষ্টি নয়, বর্তমান সরকার যে অনেক টাকা দিচ্ছেন সামগ্রিকভাবে বর্তমান সরকারের শিক্ষামন্ত্রী তার বাজেটে উল্লেখ করেছেন। এটা শিক্ষা জগতের দীর্ঘদিনের দাবি ছিল। মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয় শিক্ষা জগতে শিক্ষা আন্দোলনের সঙ্গে যুক্ত আছেন। তিনি দেশ বিদেশের নানান তথ্য আপনাদের সামনে বিভিন্ন সময়ে উপস্থিত করেছেন এবং আমরাও বিভিন্ন সময়ে বিভিন্ন বক্তব্য সেই বিষয়ে বিধানসভা ভবনে রেখেছি। কিন্তু বর্তমান সরকার গুণগতভাবে শতকরা ৩০ ভাগের উপর শিক্ষা খাতে বরাদ্দ রেখেছেন। ভারতবর্ষের কোন একটা রাজ্য সরকার এই কৃতিত্ব দেখাতে পেরেছেন? মধ্য শিক্ষা আন্দোলনের পক্ষ থেকে, উচ্চ শিক্ষা আন্দোলনের পক্ষ থেকে, ছাত্র আন্দোলনের পক্ষ থেকে স্বাধীনতার পরবর্তী কাল থেকে কেন্দ্রীয় বাজেটের ১০ ভাগ এবং রাজ্য বাজেটের ৩০ ভাগ ব্যয় বরাদ্দের দাবি বারে বারে উপস্থাপিত করেছি। তখন

তো কুম্ভকর্ণ নেতাদের ঘুম ভঙ্গ হয়নি। সেই সময় তো ভঙ্গ হতে দেখিনি। আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার গুণগত দিক থেকে পরিবর্তনের সাথে সাথে পরিমাণগত দিক থেকে শিক্ষার বিরাট দিকটা যে নিশ্চিত করতে যাচ্ছেন সে সম্বন্ধে ওদের গায়ে জ্বালা ধরেছে, তাই ওরা আজকে এই কথা বলছেন। আজকে লক্ষ লক্ষ তরুণ প্রাণ, লক্ষ লক্ষ শিশু শিক্ষার প্রকৃত আলো পাচ্ছে এবং যারা সমাজে সকল দিক থেকে লাঞ্ছিত, বঞ্চিত, শোষিত হয়েছিল তারা আজকে জানবার সুযোগ পাচ্ছে। এই সুযোগ আরো বেশি করে পেলে ওদের মধ্যে ওদের আতঙ্ক যে বাড়বে সেই বিষয়ে কোন সন্দেহ নেই। তাই ওরা আজকে আতঙ্কিত, তাই যে কোন প্রশ্নে যে কোন ভাবে বাধা দেওয়া ছাড়া ওদের ভিন্ন কোন গত্যন্তর নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ভারতী মহাশয়কে আমি খুব তারিফ করি তিনি যে কথা বলবার চেষ্টা করেছেন আমাদের সরকার যে নীতি গ্রহণ করতে বাধ্য হয়েছেন সেটা হচ্ছে শিক্ষক এবং শিক্ষক কর্মচারীদের বেতন নিশ্চিতকরণ—এটা কি সহজ কথা? ৮০ হাজার শিক্ষক ও শিক্ষক কর্মচারীদের বেতনের গ্যারান্টি সৃষ্টি করাটা কি সহজ কথা? এটা যদি এত সহজ ব্যাপার হত তাহলে দীর্ঘদিন তো আপনারা ক্ষমতায় ছিলেন তখন করেন নি কেন? ৩০ বছর আপনারা তো দেশ শাসন করেছেন। শিক্ষা অবৈতনিক করার মধ্যে যদি কোন কৃতিত্ব না থাকে, যদি কোন বাহবা না থাকে তাহলে এতদিন করেন নি কেন? তাই গাত্রদাহ হওয়া খুব স্বাভাবিক। এমতাবস্থায় শিক্ষাক্ষেত্রে আরো যে সমস্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত রাজ্য সরকার ইতিমধ্যে গ্রহণ করেছেন তার সুফলগুলি ফলতে শুরু করেছে। আমরা জানি উৎপাদনের উপকরণের মালিকানা যতক্ষণ পর্যন্ত সামাজিক মালিকানায় রূপান্তরিত করা না যাচ্ছে ততক্ষণ পর্যন্ত শুধু শিক্ষা ক্ষেত্রে কেন কোন ক্ষেত্রেই বৈপ্লবিক পরিবর্তন বলতে আমরা যা বুঝি অর্থাৎ বন্টনের ক্ষেত্রে সামগ্রিক সামাজীকরণ সম্ভব হয় না সংবিধানের চৌহদ্দীর মধ্যে থেকে। এই সীমাবদ্ধতা নিয়েই বামফ্রন্ট সরকার তাদের প্রচেষ্টায় অবৈতনিক করেছেন শিক্ষাকে। বামফ্রন্ট সরকারের সামান্য প্রচেষ্টার ফল ফলতে শুরু করেছে। শিশুরা শিক্ষার আলো পাবার চেষ্টা করছিল, সেই সুযোগ তারা পেয়েছে। আজকে তারা এই শিক্ষার আলোয় আলোকিত হয়ে মাধ্যমিক স্তর পর্যন্ত এগোচ্ছে এবং এর মধ্য দিয়ে সমাজ, দেশকে বোঝবার চেষ্টা করছে এবং কে শত্রু, কে মিত্র এটা জানবার চেষ্টা করছে। যে শিক্ষা জগৎ বৈজ্ঞানিক ও বাস্তব ভিত্তির উপর অবিন্যস্ত ছিল তাকে বিন্যস্ত করবার চেষ্টা হচ্ছে, প্রাথিমিক স্তর থেকে শুরু করে সর্বস্তর পর্যন্ত শিক্ষাকে উন্নত করবার চেষ্টা করা হচ্ছে। স্বাভাবিকভাবেই ওরা ক্ষুব্ধ হবেই, হিংস্র হবেই সেই বিষয়ে কোন সন্দেহ নেই। স্যার, আপনি জানেন সমস্ত শিক্ষা স্তর নিয়ে আমরা অনেক আলোচনা করতে পারি, তার মধ্যে আমি যেতে চাচ্ছি না, আমার অত সময়ও নেই। কিন্তু এটুকু আমি উল্লেখ করতে চাই ওরা বাড়ির ভিত তৈরির আগেই ছাদ তৈরি শুরু করেছিল। কেন্দ্রীয় সরকার মাধ্যমিক স্তরে কমিশন বসালেন, কিন্তু প্রাথমিক স্তরে কমিশন বসাবার কোন পরিকল্পনা কেন্দ্রীয় সরকার করলেন না। ওঁরা ৩০ বছর ধরে ক্ষমতায় বসে হাতে নাতে শাসন চালিয়েছেন কিন্তু শিক্ষার ক্ষেত্রে কোন চিন্তাই ওঁরা করেন নি। আজকে পশ্চিমবাংলায় এই তিন বছরের যে অভিজ্ঞতা সেই তিন বছরের অভিজ্ঞতা নিয়ে আমরা চেষ্টা করছি যে কি করে শিক্ষা নীতিকে আরও গণতন্ত্রিকরণ করা যায়। আপনাদের শিক্ষা নীতি স্থিরীকৃত হত কিছু আমলাতন্ত্র নিয়ে আর কিছু উর্বর মস্তিষ্ক নিয়ে আর কারও পরামর্শ আপনারা নেননি। আজকে দেখুন প্রাথমিক স্তরে সিলেবাস কমিটি হয়েছে এবং আপনারা যে

কমিটি করেছিলেন সেখানে শিক্ষকদের প্রতিনিধিত্ব করার স্থান ছিল না আমরা তা করেছি। ঐ কংগ্রেস পার্টি যে কমিটি করেছিল আমরা তাকে বরবাদ করি নি। আমরা সেই একই ব্যক্তিকে চেয়ারম্যান করে আরও প্রতিনিধি বাড়িয়ে তাকে পুনর্গঠন করেছি এবং আপনাদের কংগ্রেসের প্রাথমিক শিক্ষক সংগঠন থেকেও আমরা প্রতিনিধি নিয়েছি। হ্যাঁ, স্বাভাবিকভাবে আমাদের লোক থাকবে। আপনাদের লোক থাকবে আর আমাদের লোক থাকবে না? আমরা গণতন্ত্রিকরণ করার যে পরিকল্পনা নিয়েছি তাতে মাধ্যমিক স্তর থেকে উচ্চ শিক্ষা স্তর পর্যন্ত সংগতি রেখে যাতে এটা করা যায় তার চিন্তাই আমরা করছি।

(**শ্রী সুনীতি চট্টরাজ :** আমরাও করেছিলাম। তাতে আপনাদের লোকও ছিল।)

স্যার, আপনি জানেন স্টেট কাউন্সিল অব এডুকেশনাল রিসার্চ অ্যাণ্ড স্টাডিজ গঠিত হয়েছে তারা সামগ্রিকভাবে শিক্ষা ব্যবস্থার কথা চিন্তা করছেন। কারণ যেভাবে এত দিন চলেছে তাতে দেখেছি এই শিক্ষাকে সামগ্রিকভাবে চিন্তা করা হয় নি। এটা শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের সমস্ত জায়গাতেই শিক্ষা সুবিন্যস্ত নয়। আজকে এই পশ্চিমবঙ্গ সরকার তার সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে শিক্ষাকে সামগ্রিকভাবে চিন্তা করছেন। এবং এই দিকে এই সরকার অনেক সাফল্য লাভ করেছে। আজকে হরিপদ বাবুর বক্তৃতা শুনে মনে হচ্ছে তাঁর বক্তৃতার ধার অনেক কমে গেছে। আমি সামগ্রিকভাবে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আহ্বান জানাই এই অ্যাসেম্বলীর মধ্যে এবং বাইরে যে আসুন আমরা সকলে মিলে জনগণের সমর্থন নিয়ে একে সাফল্য মণ্ডিত করতে এগিয়ে আসব।

**শ্রী মহম্মদ সোহরাব :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন সে সম্বন্ধে প্রথমেই বলতে চাই যে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর লোডশেডিং-এর ফলে যেমন পশ্চিমবাংলো অন্ধকারের মধ্যে ডুবেছে তেমনি আমাদের শিক্ষামন্ত্রী শিক্ষা জগতে একটা নৈরাজ্য এনে শিক্ষা জগতকে অন্ধকারের মধ্যে নিয়ে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শম্ভুবাবুর জন্য দুঃখ হয়—আজকে যে সমস্ত বাজেট এসেছে অন্যান্য বাজেটে যেমন একজন মন্ত্রী থাকেন এখানে একজন মন্ত্রী বাজেট উত্থাপন করলেন—কিন্তু এখানে দুজন মন্ত্রী আছে। এরকম কোন বাজেটে দেখা যায় না। আমার মনে হয় শম্ভুবাবু ফরওয়ার্ড ব্লকের লোক আর এতবড় একটা দপ্তর সেখানে একজন সি. পি. এম. মন্ত্রীর যদি নাম না থাকে তাহলে তো খুব অসুবিধা দাঁড়িয়ে যায়। উত্থাপন মাননীয় শম্ভুবাবু করলেও বিবৃতিতে তাঁরা দু'জনের নাম দেওয়ার প্রয়োজন মনে করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এডুকেশন হচ্ছে মেইন ইনস্ট্রুমেন্ট ফর সোশ্যাল কনস্ট্রাকশন। কিন্তু এই বামফ্রন্ট সরকার শিক্ষা ব্যবস্থাকে ঐ সোসাল কনস্ট্রাকশন না করে এটা কে তাঁরা ইউজ করছে ফর পলিটিক্যাল কনস্ট্রাকশন হিসাবে। আজকে আমরা যদি প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত প্রতিটি স্তরের শিক্ষা ব্যবস্থার দিকে তাকিয়ে দেখি, তাহলে দেখব যে, রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এরা প্রতিটি স্তরকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আজকে প্রাথমিক স্তরে যেভাবে সিলেবাস তৈরি করা হয়েছে তাতে আমরা দেখছি যে, ছোট ছোট ছেলেদের ইংরাজী তো শেখানো হচ্ছেই না, অপর দিকে জাতীয়তাবোধে উদ্বুদ্ধ হবার শিক্ষাও দেওয়া হচ্ছে না। তাদের আজকে মার্কস-এর বুলি এবং ক্লাস স্ট্রাগলের কতগুলি বুলি শেখানো হচ্ছে। সুতরাং গোড়া থেকেই কি করে তাদের পলিটিক্যালাইজড করা যায়, সেই চেষ্টা চলছে। সেই দিকেই বামফ্রন্ট সরকারের শিক্ষা ব্যবস্থা চলছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাথমিক স্তর থেকে আজকে ইংরাজী শিক্ষা তুলে দেবার ব্যবস্থা হয়েছে, কিন্তু আমার মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন ইংরাজী মিডিয়ামের স্কুলগুলি তুলে দেবার ব্যবস্থা করেছেন কি? কিছু দিন আগে মাননীয় জ্যোতিবাবু স্বস্ত্রীক বিলাতে গিয়েছিলেন, সেখানে তিনি ইংরাজীতে কথা বলেছিলেন। তিনি যদি ইংরাজী না জানতেন তাহলে আর একজন দোভাষী লাগত। মুখ্যমন্ত্রী নিজেই ইংরাজী শিক্ষায় শিক্ষিত। তাঁর কথা না হয় ছেড়ে দিলাম, তাঁর ছেলেও তো ইংরাজী মাধ্যমে শিক্ষালাভ করছিলেন, তাকে নেপালে ভর্তি করা হয়েছিল, লেখাপড়া শেষ করেছে কিনা জানি না। কিন্তু তাকে ইংলিশ মিডিয়ামে পড়ানো হয়েছিল। সুতরাং আজকে কি জাতীয় স্তরে, কি আন্তর্জাতিক স্তরে ইংরাজী ছাড়া আমাদের চলতে পারে না। মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন যে, আমরা যারা পিছিয়ে পড়েছি, তারা যাতে একটু শিক্ষার আলো পাই তার জন্য এই ব্যবস্থা করছি। তাহলে এটাই কি ধরে নিতে হবে যে, মজুরের ছেলে মজুর হবে, হুজুরের ছেলে হুজুর হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ইংলিশ মিডিয়াম স্কুলগুলি চলবে, অপর দিকে একই সঙ্গে আমাদের শিক্ষা ব্যবস্থায় ডিগ্রি কোর্স পর্যন্ত ইংরাজীকে তুলে দেওয়া হচ্ছে। অথচ আজকে আমরা দেখছি যে, কেবল বড় লোকেদের ছেলেরাই ইংলিশ মিডিয়াম স্কুলে পড়তে যাচ্ছে না। আজকে ইংলিশ মিডিয়াম স্কুলে ভর্তি হবার জন্য সাধারণের মধ্যেও প্রতিযোগিতা শুরু হয়ে গেছে। শুধু বড় শহরেই নয়, আমাদের জেলার রঘুনাথপুরের মত ছোট শহরেও আজকে ইংলিশ মিডিয়াম স্কুল করার চেষ্টা চলছে। শুধু মাত্র বিত্তশালী লোকেদের ছেলেরাই এই সব স্কুলে পড়ে না, আজকে গভর্নমেন্ট থেকে সল্টলেকে ইংলিশ মিডিয়াম স্কুল করা হয়েছে। সেখানে শুধু বড়লোকেরা বাস করে না, মিডিলক্লাস লোকেরা সেখানে বাস করতে যাচ্ছে। সুতরাং ইংরাজী উঠিয়ে দিয়ে নয়, যাতে সকলেই ইংরাজী শেখার সুযোগ পায় সেই ব্যবস্থা করতে হবে। তা না হলে আমাদের ছেলেরা কমপিটিশনে পিছিয়ে পড়বে। আজকে আমরা ন্যাশানাল ইনটিগ্রিটির কথা বলি। আজকে হিন্দী অনেক দূরে পড়ে আছে, সুতরাং ইংরাজীর মাধ্যমেই একমাত্র ন্যাশনাল ইনটিগ্রিটি হতে পারে। আজকে জাতীয় শিক্ষা নীতির কথা বলা হয়। ৪২ তম সংবিধান সংশোধনের দ্বারা এডুকেশনকে কনকারেন্ট লিস্টে আনা হয়েছিল। যখন জনতা সরকার এসেছিল তখন তারা বলেছিল যে, এটাকে আমরা বাতিল করে দেব। তখন সারা ভারতবর্ষের শিক্ষক সংস্থা এ. আই. এফ-এর মাধ্যমে প্রতিবাদ জানানো হয়েছিল। তখন বলা হয়েছিল এডুকেশনকে কনকারেন্ট লিস্টে রাখতে হবে। আরো একটি দুটি সংস্থাও সেই দাবি করেছিল, তারাও বলেছিল এডুকেশনকে কনকারেন্ট লিস্টে রাখতে হবে। তারাই আবার বর্তমানে চাইছে স্টেট লিস্টে রাখতে। সেদিন আমরা এ. আই. এফ. এ.-র তরফ থেকে প্রাইম মিনিস্টারকে বলে এসেছি একটা জাতীয় শিক্ষা নীতি গ্রহণ করা দরকার এবং এটা ন্যাশানাল ইনটিগ্রিটির জন্য দরকার।

[2-30–2-40 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে এম. বি. বি. এস.-এর ওরাল পরীক্ষার জন্য দুইজন এগজামিনার এসেছিলেন হরিয়ানা এবং দিল্লি থেকে। তাঁদের কাছে শুনলাম ন্যাচারালি কোশ্চেনসগুলি ইংরাজীতে পুট করা হয়েছিল তারা বলল ক্যানডিডেট কুড নট আন্ডারস্ট্যান্ড দি কোশ্চেনস। সুতরাং এই অবস্থা যদি আজকে হয়—কমপিটিটিভ পরীক্ষা যখন হবে তখন

*বাইরে থেকে এগজামিনাররা আসবেন—সুতরাং এইভাবে তো আমাদের স্ট্যাণ্ডার্ড লো হয়ে যাচ্ছে। ইংরাজী ভাষাকে আপনারা কি করতে চাচ্ছেন তা আমরা বুঝতে পারছি না এবং এর* ফলে পশ্চিমবাংলার ছেলে-মেয়েদের কি অবস্থা হবে তা মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুধাবন করবার জন্য অনুরোধ করছি। প্রাইমারী ফাইনাল পরীক্ষা উঠিয়ে দেওয়া হয়েছে—আজকে পার্থবাবু এবং শম্ভুবাবু বুঝতে পারছেন না কিন্তু বারি সাহেব বুঝতে পারবেন—যারা মাধ্যমিক স্কুলে শিক্ষকতা করেন তাঁরা বুঝতে পারবেন—যারা ক্লাস ফোর পাশ করার পর ক্লাস ফাইভ কিম্বা সিক্সে হাইস্কুলে ভর্তি হতে যাবে তাদের কি বিপত্তি, কি অসুবিধার সৃষ্টি হয় তা ঐ মাধ্যমিক স্কুলের মাস্টার মহাশয়রা জানতে পারেন। কারণ সেখানে হয়ত নাম্বার অব স্টুডেন্টস বাড়তে পারে কিন্তু কোয়ালিটি যে কোথায় নেমে যায় তা আর বুঝিয়ে বলবার দরকার নেই। প্রাইমারী স্কুলের স্কুল বোর্ডের দায়িত্ব দেওয়া হয়েছে অ্যাডমিনিস্ট্রেটরের উপর। আজকে স্কুল বোর্ড মানেই রাজনীতির আড্ডা। আজকে আপনারা নমিনেটেড স্কুল বোর্ডে কিম্বা এডহক স্কুল বোর্ডে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে সমস্ত কাজ করছেন। সেখানে আমরা কি দেখতে পাচ্ছি—প্রত্যেকটি স্কুল বোর্ডে ডি. এম.কে মেম্বার করা হয়েছে যদিও তিনি কোনদিনও মিটিং অ্যাটেন্ড করেন না। অরগ্যানাইজড টিচারদের সম্বন্ধে মাননীয় হরিপদ ভারতী মহাশয় বললেন—আমি সে বিষয়ে বেশি কিছু বলতে চাই না। যেখানে স্কুল আছে সেখানে আপনি না করতে পারেন কিন্তু যে সমস্ত গ্রামে স্কুল নেই দেয়ার আর সাম স্কুললেস ভিলেজেস সেখানে অরগ্যানাইজড স্কুল করা হয় তাহলে রেকগনিসন দিতে আপত্তি কোথায়? আপনারা বলেছেন স্কুল করবেন কিন্তু আগে থেকে কেউ যদি স্কুল করে থাকেন তাদেরকে আপনারা রেকগনিসান দিচ্ছেন না কেন? এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ব্যাপার। কয়েকদিন আগে পার্থবাবু একটা স্টেটমেন্ট দিয়েছিলেন যে, প্যানেল তৈরি করা হচ্ছে, সেখানে রাজনীতির ব্যাপার নেই, ডি. পি. আই. অনুমোদন করছেন। কিন্তু প্যানেল তৈরি করা হচ্ছে কিভাবে—প্যানেল তৈরি করা হচ্ছে, সেখানে মেম্বাররা যাচ্ছেন, মেম্বাররা প্রেজেন্ট না থাকলেও তাঁরা নমিনি থাকছেন। ঐ হাসনাৎ সাহেব তিনি মেম্বার হয়ে প্রেজেন্ট থাকতে পারেন নি তাঁর নমিনিকে পাঠিয়ে দিয়েছেন। সুতরাং এই ভাবে মার্কিং করে ডি. পি. আই-এর কাছে পাঠালে ডি. পি. আই. অ্যাপ্রুভ করছেন। সুতরাং প্যানেল ঐ রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্যই তৈরি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, প্রতিটি স্কুল বোর্ডে রিসেন্টলি একটা সার্কুলার দিয়েছেন। ১৯৩০ সালে যে অ্যাক্ট আছে সেখানে বলা হয়েছে D. P. I. shall be the ex-officio Secretary. এটা কি জন্য—চেক্‌স অ্যাণ্ড ব্যালেন্সের জন্য। ফিনানসিয়াল ইরেগুলারিটি যদি কেউ করে তাহলে পরে ডি. আই. আপত্তি জানাতে পারেন—রেফার টু দি ডিপার্টমেন্ট কনসার্ণ্ড। আর সার্কুলারে কি আছে—স্কুল বোর্ডগুলি ফিনানসিয়াল ইরেগুলেট করুন না কেন—ডি. আই.-কে বাধা দেবার প্রয়োজন নেই, তাঁরা কাজ করে যাবে, খরচ করে যাবেন। পরবর্তী স্টেজে খরচ করার পর যদি প্রয়োজন মনে করেন তাহলে ইউ ক্যান রেফার দি ম্যাটার টু দি ডি. পি. আই.। সুতরাং এইভাবে স্কুল বোর্ডগুলিতে দুর্নীতি এবং রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করবার ব্যবস্থা করা হয়েছে। আজকে প্রত্যেকটি স্কুলে টেক্সট বুকের কোন ব্যবস্থা করা হয়নি। এর ফলে ছেলেমেয়েদের কি অবস্থা হচ্ছে তা সহজেই বোঝা যাচ্ছে। এর পরে আমি মাধ্যমিক স্তর সম্বন্ধে দুএকটি কথা বলব—মাননীয় মন্ত্রী মহাশয় ক্লাস টেন পর্যন্ত ফ্রি করেছেন—যা আমরা করতে পারিনি—তিনি

করেছেন এবং তারজন্য আমি তাঁকে সাধুবাদ নিশ্চয়ই জানাব।

কংগ্রেসের অরিজিনাল অবলিগেশন যেটা ছিল সেটা তাঁরা ফুলফিল করতে পেরেছেন বলে ধন্যবাদ দিচ্ছি এবং আগামী বছরে ক্লাস ১২ পর্যন্ত করবেন বলছেন সেটা ভাল কথা কিন্তু হরিপদ বাবু যেটা বলেছেন সেইটিই বাস্তব কথা যে একটা বাঘকে পিঞ্জরের মধ্যে রেখে দিয়ে ভাল খাবার দিয়ে তার স্বাধীনতা কেড়ে নেওয়া হল। বোর্ডের কথা না বলাই ভাল, ১৯৭৭ সালে বোর্ড সুপারসিডেড হয়েছে, একটা নমিনেটেড বোর্ড গত ১৪ তারিখে রিকন্সটিউটেড হয়েছে, এটা করতে তাঁদের আড়াই বছর সময় লাগল, অথচ ছাত্রদের ভাগ্য নিয়ন্ত্রণ তাঁদের দ্বারাই হবে। ইতিমধ্যে তাঁরা কারিকুলাম এবং সিলেবাস এর নানারকম পরিবর্তন করলেন। সিলেবাস এবং কারিকুলাম মধ্যশিক্ষা স্তরে এর আগে ইণ্ডিয়া আণ্ডার পিপল বলে ইতিহাস এবং ভূগোল পড়ান হচ্ছিল, এর দ্বারা ছেলেমেয়েরা তাদের দেশকে জানতে পারত, কিন্তু এখন নিজের মাকে এবং দেশকে না জানিয়ে চীন এবং রাশিয়াকে কিভাবে জানবে সেইদিকে দৃষ্টি দেওয়া হয়েছে। যে কোন উন্নতিশীল দেশে বর্তমানে ওয়ার্ক এডুকেশনের উপর জোর দেওয়া হচ্ছে, ৭৪ সালে যে নতুন শিক্ষাব্যবস্থা প্রচলিত হয় তাতে মাধ্যমিক স্তরে ওয়ার্ক এডুকেশন চালু করা হয়েছিল এর মধ্যে ক্রটি বিচ্যুতি কিছু কিছু ছিল কিন্তু সেই ক্রটিগুলিকে কিভাবে দূর করা যায় কিভাবে ছেলেদের অ্যাপ্টিচুড তৈরি করা যায় সেটা সেইভাবে করা হল না। কিন্তু এই ওয়ার্ক ওরিয়েন্টেড এডুকেশন না হলে কোন কিছুই হবে না। ঈশ্বরভাই প্যাটেলের নেতৃত্বে যে প্যাটেল রিভিউ কমিটি তৈরি হয়েছিল সেখানে তারা ওয়ার্ক ওরিয়েন্টেড সেন্টার করার কথা বলেছিলেন। সেইদিকে প্রবণতা না দেখিয়ে সেটাকে কিভাবে বিপর্যস্ত করা যায় সেই ব্যবস্থা আপনারা করলেন অর্থাৎ কংগ্রেস যে ব্যবস্থা করেছিল সেটা ঠিক নয় বলে তুলে দেবার চেষ্টা করলেন। আপনার বহু ম্যানেজিং কমিটিকে সুপারসিড করেছেন কিন্তু আশ্চর্যের বিষয় সেখানে কোন গভর্নমেন্ট অফিসারকে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে নিয়োগ করছেন না। ম্যানেজিং কমিটি যদি দোষ করে নিশ্চয়ই তাকে সুপারসিড করতে হবে, কিন্তু সেখানে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে সরকারি কর্মচারীকে নিয়োগ না করে নিজের দলের লোককে অ্যাডমিনিস্ট্রেটর করে দিচ্ছেন। এর ফলে আমরা কি দেখছি দেখুন কংগ্রেস আমলে যে সমস্ত শিক্ষকদের উপর অত্যাচার করা হয়েছিল তাদের আবার পুনর্বহাল করা হবে বলে মন্ত্রী মহাশয় বলেছিলেন। কিন্তু আজকে অ্যাডমিনিস্ট্রেটররা যে সমস্ত লোককে নিয়োগ করছেন সে বেলায় সমস্ত বেআইনি কাজ করছেন। আগে একটা নিয়ম ছিল কোন শিক্ষক বা অশিক্ষককে ডিসচার্জ করতে গেলে বোর্ডের প্রায়র পারমিশন লাগে, কিন্তু সাসপেনশনের বেলায় এটা প্রয়োজন হয় না। সাসপেনশনের বেলায়ও একটা প্রায়র অ্যাপ্রুভাল দরকার অর্থাৎ একটা মিনিমাম টাইম দেওয়া উচিত যে ৩০ দিনের মধ্যে এটাকে অ্যাপ্রুভড করিয়ে নিতে হবে।

[2-40–2-50 P. M.]

কিন্তু রাজনৈতিকভাবে বহু শিক্ষককে সাসপেন্ড করা হয়েছে। আইনে প্রভিসন আছে সাসপেন্ড হলে তাকে একটা সাবসিস্টেনস অ্যালাউন্স দিতে হবে। কিন্তু এইরকম বহু উদাহরণ আছে যা তাঁরা পাচ্ছে না। বর্ধমানের রসুলপুর স্কুলের শিক্ষক সৈয়দ মকরুন হোসেন ২।।—৩ বছর সাসপেন্ড হয়ে আছেন কিন্তু তাঁকে কোন সাবসিস্টেনস অ্যালাউন্স দেওয়া হচ্ছে না।

অপরদিকে দেখছি রবীন ব্যানার্জী ডাঁইহাট স্কুলের একজন ক্লাস ফোর স্টাফ যাঁকে ৬৩ সালে ম্যানেজিং কমিটি ডিসচার্জ করেছিল তাকে সি. পি. এম. বলে সমস্ত কিছুই দেওয়া হচ্ছে। অর্থাৎ দুজনের বেলায় দুরকম নিয়ম। আজকে শিক্ষক নিয়োগ নিয়ে বহু জায়গায় গোলমাল হচ্ছে। বহু নতুন শিক্ষক নিয়োগের অর্ডার হয়েছে। কিন্তু এ নিয়ে নানারকম চাপ সৃষ্টি চলছে, যেমন বেহালার চিলড্রেন ওয়লফেয়ার অ্যাসোসিয়েশন একটা গার্লস স্কুল সেখানে শিক্ষক নিয়োগ নিয়ে নানারকম দুর্নীতি চলছে। ৭৪ সালে যে নতুন শিক্ষা ব্যবস্থা চালু করা হল তখন থ্রি ইয়ার্স হায়ার সেকেন্ডারী যার মূল উদ্দেশ্য কোঠারি কমিশনে বলা হয়েছিল যে মেন কোর্স দিতে হবে বৃত্তিমূলক শিক্ষার উপর। কিন্তু এই ৩ বছরের মধ্যে এই সমস্ত হায়ার সেকেন্ডারী স্কুলগুলিতে বৃত্তিমূলক শিক্ষার উপরে কতখানি জোর দেওয়া হয়েছে জানিনা, গত ৭৮ সালে যখন সেন্ট্রাল গভর্নমেন্ট ম্যালকম আহিসসীব কমিটি তৈরি করেছিলেন তাতে তাঁরা বলেছিলেন এর উপর যদি গুরুত্ব না দেওয়া হয় তাহলে হায়ার এডুকেশনে সংকট বৃদ্ধি হবে। কোঠারি কমিশন বলেছিলেন যে মিনিমাম ফিফটি পারসেন্ট ছেলেদের ভোকেশনাল ট্রেনিংয়ের ব্যবস্থা করতে হবে। কিন্তু আজ পর্যন্ত সেই ব্যবস্থা সৃষ্টি করা হয়নি। বিভিন্ন যে সমস্ত ইনস্টিটিউট খোলা হয়েছে সেখানে যে সমস্ত জিনিস করা দরকার জব পোটেন্সিয়াল বৃদ্ধি করা দরকার সেগুলি আপনারা করছেন না। এবার আমি দুএকটি কথা হায়ার সেকেন্ডারী কাউন্সীল সম্বন্ধে বলব, এর আগে যে কাউন্সিল ছিল তারা শিক্ষকদের জন্য একটা নতুন কোর্স চালু করেছিল, short course for teachers and the headmasters করা হয়েছিল সে সমস্ত কি হল? তারজন্য যে সেমিনারের ব্যবস্থা করা হয়েছিল সে সমস্ত আপনারা কিছুই করছেন না। এখন হায়ার সেকেন্ডারী যেখানে নতুন ভাবে করেছেন এরা সমস্ত কিছু ড্রপ করে দিয়েছেন। এই ওরিয়েন্টেশন ক্যাম্প ফর টিচার্স অ্যাণ্ড হেডমাস্টার্স এটাও ওঁরা বাতিল করে দিয়েছেন কিরকমভাবে এই কাউনসিল চলছে তার দু-একটি নমুনা দিই। গত পরীক্ষায় হায়ার সেকেন্ডারী ভোকেশনাল কোর্সে যে ফার্স্ট হয়েছিল তার ফল বের হতে দেরি হয়েছিল কেন? তখন ঠিক হয়েছিল একটা সাবজেক্ট যদি কেউ ফেল করে তাহলে তাকে ১০ নম্বর গ্রেস দেওয়া হবে। কিন্তু দেখা গেল গ্রেস নম্বর না দিয়ে মার্কশীট চলে গেল এবং পরবর্তী স্টেজে নিজেরা জেনেশুনে হেডমাস্টারকে ডেকে মার্কশীট কারেকশন করে দেওয়া হল। আজকে বামফ্রন্ট সরকারের নীতি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে বা পেপারে অ্যাডভার্টাইজমেন্ট করা হবে। কিন্তু ভেরি রিসেন্টলি কাউন্সিলে যে ৬৫ জনকে অ্যাডহক বেসিসে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে তাদের কোন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নেওয়া হয়েছে, কোন খবরের কাগজে অ্যাডভার্টাইজমেন্ট করা হয়েছিল সেটা মন্ত্রী মহাশয়কে জানাবার জন্য অনুরোধ করছি। আজকে সেই কাউন্সিলে ৬৩ বছর বয়সের দু'জন আছেন, তাঁদের এত বেশি প্রয়োজন যে তাঁদের না হলে হয় না, সেজন্য তাঁদের ১৪ শো টাকা মাস মাইনে দিয়ে রি-এমপ্লয়মেন্ট দিয়ে রাখা হয়েছে। আবার গভর্নমেন্টের একজন ডেপুটেশনে গেছেন, তাঁর ৫৮ বছর পার হয়ে গেছে, তাঁর বেতন ১১শো থেকে কমিয়ে ৬০০ করে দেওয়া হয়েছে। ডেপুটি সেক্রেটারি, এগজামিনেশন, তিনি এমপ্লয়মেন্ট অফিসার ছিলেন হলদিয়াতে, এতবড় কাউন্সিল যেখানে ১ লক্ষ ২৫ হাজার ছেলে পরীক্ষা দিচ্ছে সেখানে তাঁর কোন টিচিং এক্সপিরিয়েন্স নেই, তাঁকে সেখানে বসিয়ে দেওয়া হয়েছে। আপনি এই সম্বন্ধে একটু খোঁজ নেবেন। অনেক স্কুলকে রেকগনিশান দেওয়া হয়েছে যেগুলির

কোন ইনস্পেকশন হয়নি। মন্ত্রীর কাছে এসেছে, মন্ত্রী তাদের রেকগনিশন দিয়েছেন। উচ্চ শিক্ষার ব্যাপারে একথা বলা যেতে পারে যে মাননীয় শম্ভু বাবু সবাইকে সুপারসিড করে দিয়েছেন। যখন কেন্দ্র ৯টি বিধান সভা ভেঙ্গেছে তখন মাননীয় মন্ত্রী মহাশয় গণতন্ত্রের কথা বললেন কিন্তু শম্ভু বাবু সমস্ত বিশ্ববিদ্যালয়কে ভেঙ্গে চুরমার করে দিলেন সেখানে গণতন্ত্রের কিছু হল না। আমি শম্ভু বাবুকে বলব বিশ্ববিদ্যালয়কে সুপারসিড করে অ্যাকাডেমিক এফিসিয়েন্সি কি বেড়েছে? একটু আগে সুভাষ বাবু বলছিলেন, আমি তাঁকে বলব পরীক্ষা কি ঠিকভাবে হচ্ছে? পরীক্ষা ঠিকভাবে হচ্ছে না, রেজাল্ট ঠিকভাবে বেরুচ্ছে না। ক্যালকাটা ইউনিভার্সিটি বিলের মধ্যে আমরা অনেক ব্যবস্থার কথা বলেছিলাম। একটু আগে সুভাষ বাবু আশুতোষ, যদুনাথ সরকারের কথা বললেন, আপনাদের মুখে তাঁদের কথা বলা সাজে না, তাঁদের নীতি আদর্শ আপনারা বিসর্জন দিয়েছেন। রহড়া রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ সেন্টিনারী কলেজের প্রিন্সিপ্যাল স্বামীজীকে নিয়ে আপনারা কি কেলেঙ্কারী করলেন। আমি একদিন শম্ভু বাবুর ঘরে গিয়েছিলাম, দেখলাম নেতাজীর ছবি টাঙানো আছে। রামকৃষ্ণ মিশনে নেতাজী, স্বামী বিবেকানন্দের আদর্শ নিয়ে ছেলেরা শিক্ষিত হয়। কয়েকদিন আগে নরেন্দ্রপুরে গিয়েছিলাম, দেখলাম তার দেওয়ালে দেওয়ালে আপনারা যা চাইছেন সেই মার্ক্সিজমের পোস্টার। শম্ভু বাবুর কোন উপায় নেই, আলিমুদ্দিন স্ট্রিট থেকে যা ফতোয়া আসবে তাকে মেনে নিতে হবে। ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইস-চান্সেলর মিঃ পোদ্দারকে আপনি ভাইস-চান্সেলর করতে চাননি, কিন্তু আপনার উপর চাপ পড়ায় শেষ পর্যন্ত আপনাকে সেটা মেনে নিতে হয়েছে। আলিমুদ্দিন স্ট্রিটের চাপে পোদ্দারকে আপনাকে শেষ পর্যন্ত ভাইস-চান্সেলর করতে হয়েছে। পোদ্দার সাহেব ভাইস-চান্সেলর কনফারেন্সে গেলেন না। যেহেতু সতীশ বাবু তাঁর অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে বাধা দিয়েছিলেন সেইহেতু ওখানে বিভিন্ন ইউনিভার্সিটির ভাইস-চান্সেলরদের সামনে তিনি ছোট হয়ে যেতে পারেন সেইজন্য তিনি সেখানে গেলেন না। তারপর রানাঘাট কলেজের প্রিন্সিপ্যালকে নিয়ে সেই ম্যানেজিং কমিটির মিটিং কলকাতায় হয়, রানাঘাটে হয়নি। সেখানকার ছাত্র পরিষদ কলেজের দাবি-দাওয়া নিয়ে যখন আন্দোলন করেন তখন আপনারা বলেন সমাজ বিরোধীরা এইসব করছে। ক্যালকাটা ইউনিভার্সিটি বিলে আজকে অটোনমি শেষ করেছেন।

[2-50 – 3-00 P.M.]

এবারে আমি মাদ্রাসা এডুকেশন এবং বাংলাভাষার কথা বলব। মাদ্রাসা এডুকেশন বোর্ডের চেয়ারম্যান করেছেন স্টেট মিনিস্টারকে। আমি একটা ঘটনা এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই। আলাউল হক মন্ডল তিনি উর্দুতে পরীক্ষা দিয়েছিলেন বলে তাঁর পেপার ক্যানসেল হয়নি। কিন্তু যারা বাংলায় পরীক্ষা দিয়েছে তাদের পেপার ক্যানসেল হয়ে গেল এবং পরশুর মিটিংয়েও এই বিষয়ে কোন সিদ্ধান্ত হয়নি। তারপর টোলের ক্ষেত্রে দেখতে পাচ্ছি অনেক ভূয়ো টোল চলছে। অনেক ডেপুটেশন এই ব্যাপারে এসেছে। রজনীবাবু এই ব্যাপারে পন্ডিতদের নিয়ে আপনার কাছে গিয়েছিলেন। টোলের যাঁরা ইনসপেকটর তাঁদের বিরুদ্ধে যদি অভিযোগ দেওয়া হয় তাহলে সেটা ঐ ইনসপেকটরের উপরই তদন্তের ভার পড়বে। আমি আশ্চর্য হচ্ছি আপনারা এইভাবে তদন্তের ব্যবস্থা করেছেন। ডি. পি. আই. এতবড় গুরুত্বপূর্ণ পোস্ট, কিন্তু আমরা দেখছি এই ডি. পি. আইয়ের পদ আজ পর্যন্ত পূরণ করতে পারলেন না। তিনি কলেজ এবং হাইয়ার এডুকেশন নিয়ে ডিল করেন অথচ এতবড় গুরুত্বপূর্ণ পদ পূরণ করা

হল না। আমার মনে হয় এই ব্যাপারেও আপনি ঐ পোদ্দার সাহেবের ঘটনার মতই কিছু করতে পারছেন না। অর্থাৎ আলিমুদ্দিন স্ট্রিটের চাপে আপনি কিছু করতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি এডুকেশনের ক্ষেত্রে ইনসপেকশন এবং প্রাইমারী থেকে ইউনিভার্সিটি পর্যন্ত কোন ব্যবস্থা নেই—প্রাইমারী তে তো নেই, মাধ্যমিক এবং কলেজেও নেই। আমরা লক্ষ্য করছি এইভাবে প্রাইমারী থেকে আরম্ভ করে ইউনিভার্সিটি পর্যন্ত সমস্ত শিক্ষা ব্যবস্থাকে রাজনৈতিক উদ্দেশ্যে আপনারা নিয়ে যাচ্ছেন। গোটা শিক্ষা জগতকে আজ অন্ধকারে নিয়ে এসেছেন। এই সব কারণে আমি এই বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বসু :** মাননীয় স্পিকার মহাশয়, সরকার পক্ষ থেকে মাননীয় শিক্ষামন্ত্রী শম্ভু ঘোষ এবং পার্থ দে যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিরোধীপক্ষের দুজন মাননীয় সদস্য অধ্যাপক হরিপদ ভারতী এবং সোহরাব সাহেবের বক্তৃতা শুনেছি। আমি শুনে শুনে দেখলাম হরিপদবাবু সরকারের শিক্ষানীতি প্রসঙ্গে সাধুবাদ দিলেন বার বার ৭বার। তিনি শিক্ষামন্ত্রী মহাশয়ের প্রশংসা করেছেন শিক্ষকদের বেতন বৃদ্ধি করবার জন্য আমি ভেবেছিলাম তিনি বক্তব্য শেষ করবার পূর্বে বিরোধীপক্ষের সদস্য হিসেবে বিরোধিতা করলেও অন্তত কিছুটা সমর্থন করবেন। কিন্তু আমি দেখলাম তিনি ৭বার সাধুবাদ দেবার পরও বললেন আমি এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করছি। সোহরাব সাহেব দুবার সাধুবাদ দিলেন এবং শেষে জ্বালাময়ী ভাষায় বিরোধিতা করলেন। হরিপদবাবু ফিলসফি এবং লজিকের অধ্যাপক, কিন্তু এটা কেমন হল? প্রেমিসেস হল এক রকম এবং কনক্লুসন হল অন্যরূপে? আমি ভেবেছিলাম তিনি আংশিক সমর্থন করবেন। সোহরাব সাহেব বললেন দারুণ নৈরাজ্য। কয়েক বছর আগে আমরা দেখেছি নৈরাজ্য কাকে বলে। আমরা দেখেছি স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় চলছে না, শিক্ষকরা ক্লাশে পড়াতে পারছেন না, সিনেটের সভা হতে পারছে না। আমি একবার যখন সিনেটে বক্তৃতা করছিলাম তখন আমার মাইক কেড়ে নিয়েছিল এবং আমাকে বলল ইন্দিরা গান্ধীর নাম করা চলবেনা। তারপর দেখেছি পরীক্ষা হলে গণ নকল চলেছে, পয়সা দিলে নকল সাপ্লাই করছে এবং পুলিশ সেখানে নির্বিকার। উপাচার্য নিহত হয়েছেন এরকম নৈরাজ্য আমরা দেখেছি। কিন্তু বামফ্রন্ট সরকার বিশেষ গুরুত্ব দিয়ে এই নৈরাজ্যের অবসান ঘটিয়ে সুষ্ঠু ব্যবস্থা এনেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মুহূর্তে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় শিক্ষা ব্যবস্থা যত স্বাভাবিক, অন্যত্র কোথাও তা নয়। এই কথা পূর্বাপর কেন্দ্রীয় সরকারের শিক্ষামন্ত্রী স্বীকার করেছেন। কি হচ্ছে বিহারে, কি হচ্ছে অন্ধ্রে, কি হচ্ছে মহারাষ্ট্রে, সেখানে শিক্ষক হত্যা হচ্ছে, ওখানে উপাচার্যকে বের করা হয়েছে। সম্প্রতি বোম্বাই গিয়েছিলাম, দিন পনেরো আগে। বোম্বাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমার বন্ধু অধ্যাপক রাম যোশীর সঙ্গে দেখা করলাম। তিনি বললেন, কিভাবে এক ছাত্র ঘরে ঢুকে তাঁকে বের করে দিয়ে নিজেকে উপাচার্য হিসাবে ঘোষণা করেছে। পশ্চিমবঙ্গে এই জিনিস আর চলছে না। এখানে পশ্চিমবঙ্গে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় চলছে, পরীক্ষা নিয়মিত হচ্ছে, ফল প্রকাশ হচ্ছে টোকাটুকি এখানে-ওখানে হয়ত হচ্ছে, কিন্তু সামান্যই। অনেক হচ্ছে না। লুকিয়ে-চুরিয়ে হচ্ছে। কোথাও পরীক্ষাও হলে

গণ নকল হচ্ছে না। হলে মাইক লাগিয়ে উত্তর বলে দেওয়া হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাত্রের অন্ধকার কেটে গিয়ে দিনের আলো উঠছে। অন্ধকারের জীব পেঁচাদের এই আলো সহ্য হচ্ছে না। তারা এই আলো নিভিয়ে দিতে চায়। অন্ধকারের জীব অন্ধকার ফিরিয়ে আনতে চায়। কিন্তু তারা হতাশ হবেন। পশ্চিমবাংলায় এই জিনিস হবে না। অধ্যাপক সতীন চক্রবর্তী মহাশয়-এর নাম সোহরাব সাহেব বোধ হয় জানেন। তিনি কংগ্রেসের টীচারস সেলের সভাপতি ছিলেন, এখন আছেন কিনা জানি না। তিনি কিন্তু অল্প কয়েকদিন আগে সপ্তাহে একটা প্রবন্ধ লিখেছেন। বামফ্রন্টকে অনেক গাল দিয়েছেন। কিন্তু লিখেছেন, ছাত্র-অভিভাবক-শিক্ষা অনুরাগী এবং সত্যানুসন্ধানী শিক্ষক সকলেই স্বীকার করবেন যে শিক্ষায়তনগুলিতে বিগত দশকের শিক্ষা তথা পঠন-পাঠনের আবহাওয়া ক্রমশ লোপ পাচ্ছে। ৭০ এর আগেও ১০ বছর, তিন বছর আগে ৭ বছর-এর দশকেও শিক্ষার আবহাওয়া পশ্চিমবঙ্গে চলে গিয়েছিল। একথা কংগ্রেস টীচারস সেলের সভাপতি বলছেন। এই অবস্থার পরিবর্তন হয়েছে। বামফ্রন্টের শিক্ষা নীতির বিরুদ্ধে প্রধান বক্তব্য বিরোধী পক্ষের কি? তিনটে—এক, শিক্ষাক্ষেত্রে স্বায়ত্তশাসন লোপ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুল সব অধিগ্রহণ করা হয়েছে, প্রশাসক নিয়োগ করা হয়েছে। দুই, ইংরাজী তুলে দেওয়া হচ্ছে। তিন, রাজনৈতিক দলবাজি করা হচ্ছে। অধিগ্রহণ এইটা কি শিক্ষক আন্দোলনের দাবি নয়? কামারপুকুর কলেজ অধিগ্রহণের জন্য কলেজ অধ্যাপক—শিক্ষকরা মিছিল করেন নি, সমাবেশ করেন নি। বঙ্গবাসী কলেজের প্রভিডেন্ট ফান্ড যখন তছরূপ করা হল তার বিরুদ্ধে শিক্ষকরা তখন আন্দোলন করেন নি? সারা পশ্চিমবাংলার শিক্ষকরা আন্দোলন করেন। নেতাজী নগর কলেজ অধিগ্রহণের জন্য আন্দোলন করেন নি? যখন দুর্নীতি হয়, অপশাসন হয়, অনাচার হয়—এর জন্য শিক্ষক সমাজ এগিয়ে আসেন অধিগ্রহণ করার জন্য। কেন? এখানে বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং কলেজ, বিশেষ করে কলকাতা বিশ্ববিদ্যালয়, আমি তার সঙ্গে যুক্ত, নির্বাচন হবার কথা হচ্ছে না। পূর্বতন সরকারের অব্যবস্থার জন্য হয় নি। তারজন্য করতে হয়েছে। অধিগ্রহণ হয়ে গেল, নূতন আইন করতে হবে, নূতন ব্যবস্থা করতে হবে, এর আগে কখনও যা হয় নি, এই সরকার তাই করলেন। আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের কথায় আসছি। অধিগ্রহণের পরে কি পরিবর্তন হয়েছে? পরীক্ষা নিয়ামকের অফিসকে কেন্দ্র করে কি চরম দুর্নীতি চলেছিল, কি জিনিস আমরা দেখেছি, টাকা দিয়ে মারকশিট বেরোচ্ছে, টাকা দিয়ে ফল পাল্টে দেওয়া হচ্ছে। এই সমস্ত জিনিস বন্ধ করবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনেককে ছাঁটাই করা হচ্ছে। সেখানে আজকে পরীক্ষাগুলো ঠিকমত হচ্ছে, ক্লাস ঠিকমতো হচ্ছে সভাগুলো ঠিকমত হচ্ছে।

[3-00 - 3-10 P.M.]

সমস্ত কাজে ঠিকমত পরিবর্তন হয়েছে, কলকাতা বিশ্ববিদ্যালয়ে পরিবর্তন হয়েছে।

দ্বিতীয় কথা নতুন আইন করতে হবে, পূর্বে যা কখনও হয়নি, বামফ্রন্ট সরকার সকলের সঙ্গে পরামর্শ করেছেন, সমস্ত শিক্ষা সংগঠনের সঙ্গে পরামর্শ করেছেন, ছাত্র সংগঠনের সঙ্গে আলোচনা করেছেন, আলোচনা করে বিল আনা হয়েছে। পাশ হয়েছে। মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয় বলেছেন, আমি তো বিস্মিত হলাম, তিনি জ্ঞানী, তিনি পন্ডিত এবং বিশ্ববিদ্যালয়ের সিনেটের সদস্য ছিলেন এবং শুধু তাই নয় তিনি তো অ্যাবসেন্টি মেম্বার নন,

তিনি সভায় উপস্থিত ছিলেন, এবং আলোচনায় অংশ গ্রহণ করেছিলেন, তিনি আজকে যখন একথা বললেন—বিল্ল তো পাশ হয়েছে, এখন একটা কমিটি করা হয়েছে করে সব কাজ আটকে দেওয়া হয়েছে। আমি তাঁর কাছে বলছি ক্যালকাটা ইউনির্ভাসিটি এ্যাক্ট ১৯৭৯-এর যে সিলেক্ট কমিটি হয়েছিল, তাতে তিনি সদস্য ছিলেন, সেই সভায় তিনি আলোচনায় অংশগ্রহণ করেছেন, ৫৯(২) ধারায় কি আছে? তাতে আছে উপাচার্য চ্যানসেলারের অনুমোদন নিয়ে একটা কমিটি করবেন, যে কমিটি ফাস্ট স্ট্যাটুট ইত্যাদি করবেন, তবেই তো নির্বাচন হবে। নির্বাচন করার জন্যই তো কমিটি, কমিটি না হলে নির্বাচন হবে না, তিনি এটা জানেননা, এটা আমি ভাবতে পারিনা। তিনি পন্ডিত মানুষ কিন্তু তিনি জেনেশুনে বিভ্রান্ত করবেন কমিটি করে কাজ আটকে দেওয়া হয়েছে? কমিটি না হলে তো নির্বাচন হবেই না। ৫৯(২) ধারা অনুযায়ী এই কমিটি করা হয়েছে। তাই অতি সত্বর যাতে নির্বাচন হয় তারই জন্য এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এটা হচ্ছে ব্যাপার।

এখানে অধিগ্রহণ, স্বায়ত্ব শাসনের কথা উঠেছে, ইংরেজ আমলের পুরানো ধারা বদলাতে হবে। স্বায়ত্ব শাসন মানে আমরা বুঝি শিক্ষক পড়াশুনার পাঠক্রমে তৈরি করবেন, নিজে পড়াবেন এবং পরীক্ষার ব্যবস্থা করবেন। সেক্ষেত্রে তাঁর পূর্ণ স্বাধীনতা। সরকারি অর্থের ব্যাপারে নিশ্চয়ই সরকারের নিয়ন্ত্রণ থাকবে, পরিচালনার ব্যাপারে নিশ্চয়ই সরকারের নিয়ন্ত্রণ থাকবে, এটাতে স্বায়ত্ব শাসনের অভাব নাই, স্বাধিকারের অভাব নাই। আজকে এই ধারণা আমাদের পাল্টাতে হবে। সেদিক থেকে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায়, শিক্ষককে শিক্ষা দেবার ব্যাপারে পূর্ণ স্বাধীনতা এই সরকার দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে ভাষার প্রস্তাব উঠেছে। বারে বারে হরিপদ ভারতী মহাশয় বলেছেন—গতানুগতিক শিক্ষা দেবার চেষ্টা। সামান্য একটু পরিবর্তন হলেই কিভাবে গেল গেল রব হয়, কেন কি ব্যাপার—তা আপনি জানেন। চিরকাল রবীন্দ্রনাথের কথা বলা হয়, রবীন্দ্রনাথ কি বলেছেন? রবীন্দ্রনাথ বলেছেন মাতৃভাষায় শিক্ষা দিতে হবে। আজকে আমি জিজ্ঞাসা করি মাননীয় সদস্যদের—এর পরে মাননীয় দেবপ্রসাদবাবু বলবেন এবং তিনি, সবাই জানেন ইংরেজীর পক্ষে, পৃথিবীতে কোন স্বাধীন দেশ আছে যেখানে প্রাথমিক শিক্ষা শিশুদের বাচ্চা ছেলেমেয়েদের একাধিক ভাষায় শিক্ষা দেওয়া হয়, সবাই মাতৃভাষায়ই শিক্ষা গ্রহণ করে। মাতৃভাষায় শিক্ষা গ্রহণের পরে—ইংরেজীতো তুলে দেওয়া হচ্ছে না, সারাজীবন ধরে ইংরেজী শিখবে। নিজের ভাষা, মাতৃভাষা প্রথম থেকে শেষ পর্যন্ত চলবে। ক্লাস টুয়েলভ পর্যন্ত পড়বার পরে কলেজে ইংরেজী এবং বাংলা বাধ্যতামূলক করা কেন দরকার হবে? স্পেশালাইজেশনের ব্যাপার, আমি যদি সমাজ বিজ্ঞান পড়ি তবে আমাকে কেন ইংরেজী এবং বাংলা পড়তে হবে? কমার্সের ছাত্র ছাত্রীদের কেন ইংরেজী এবং বাংলা বাধ্যতামূলক পড়তে হবে, কেন সায়েন্সের ছাত্র ছাত্রীদের ইংরেজী এবং বাংলা পড়া দরকার হবে? হিউম্যানিটিজ পড়ে যারা সেই অভাগা ছাত্রছাত্রীদের তো ইংরেজী এবং বাংলা বাধ্যতামূলক পড়তে হচ্ছে, এই হচ্ছে নিয়ম। সুতরাং বামফ্রন্ট সরকার ভাষার ব্যাপারে যে নীতি গ্রহণ করেছেন, এটা বৈজ্ঞানিক নীতি, এই নীতিতে যদি কায়েমী স্বার্থে আঘাত লাগে, বলবার কিছু নাই কি করবার কিছু নাই।

মাননীয় সদস্য দলবাজির কথা তুলেছেন। মাননীয় সোহরাব সাহেব কি জানেননা, যে মধ্যশিক্ষাপর্ষদ তৈরি করা হয়েছে তাতে তিনি সদস্য আছেন বামফ্রন্ট সরকার যে কমিটি

করেছেন সমস্ত দলের মানুষদের নিয়ে সমস্ত শিক্ষক সমিতির মানুষদের নিষেধ করেছেন, সমস্ত শিক্ষক সংগঠনের মানুষদের নিয়ে করেছেন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে কাউন্সিল হয়েছে, তাতে সমস্ত পক্ষের মানুষদের নিয়ে করেছেন। সুতরাং বামফ্রন্ট সরকার শিক্ষা সংক্রান্ত প্রতিটি কাজ সমস্ত মানুষদের নিয়ে, তিনি যে দলেরই হোন না কেন, শিক্ষক সংগঠনের মানুষদের নিয়ে করবার চেষ্টা করেছেন, কি বিদ্যালয় অনুমোদনের ক্ষেত্রে কি শিক্ষক নিয়োগের ক্ষেত্রে, কি কোন পরিষদ গঠনের ক্ষেত্রে. কোন জায়গায়ই দলবাজি হয়নি। ভুল ত্রুটি হতে পারে কিন্তু মূল যে দৃষ্টিভঙ্গি, তাতে বামফ্রন্ট সরকারের কোনরকম ত্রুটি নাই। এখানে বিরোধী দলের সদস্যরা যখন একথা বলেন আমাদের এখানে উচ্চ ঘরের মানুষেরাই উচ্চ শিক্ষা পায়, আমি তাঁদের সঙ্গে একমত, আজকে যে সরকার, তাঁরা এই চেষ্টাই করছেন যাতে সেখানে সাধারণ গরিব ঘরের মানুষদের নিয়ে যেতে পারেন, তারই জন্য শিক্ষাকে অবৈতনিক করার চেষ্টা করছেন এবং ক্লাস টুয়েলভ পর্যন্ত করেছেন, এটা বামফ্রন্ট সরকারের মস্তবড় কৃতিত্ব এবং এরই জন্য বিগত লোকসভা নির্বাচনে বামফ্রন্ট জয়ী হয়েছেন, এটা জয়ী হওয়ার একটা অন্যতম কারণ। কিন্তু শিক্ষাকে অবৈতনিক করার ক্ষেত্রে এখানে থামলে চলবেনা, আরও এগিয়ে যেতে হবে। তবে উচ্চ শিক্ষা নিয়ন্ত্রণ করা দরকার। যদি শিক্ষাকে বৃত্তিমূলক না করতে পারেন, তাহলে শিক্ষায় ভীড় বাড়বে, তাই উচ্চ শিক্ষাকে বৃত্তিমূলক করার যে কথা উঠেছে, জোর দেবার কথা উঠেছে, আমি তা সর্বান্তকরণে সমর্থন করি।

শিক্ষার সর্বোচ্চ স্তর পর্যন্ত অবৈতনিক এবং মাধ্যমিক স্তরের পর বৃত্তিমূলক করা এই দিকে বিশেষ করে নজর দিতে হবে, এই কাজ আমাদের করতে হবে। শিক্ষকদের নিয়মিত বেতনের কথা এখানে বলা হয়েছে। শিক্ষকদের পেনসন দেওয়া ইত্যাদি ব্যাপার এটা একটা মস্তবড় কৃতিত্ব বামফ্রন্ট সরকারের। সেখানে পিপলস বেনিফিটের যে ব্যবস্থা সেটা তারা করতে পেরেছেন। তারপর কলেজ শিক্ষকদের ক্ষেত্রে পুর্ননিয়োগের—রিএপয়েন্টমেন্টের ব্যবস্থা এটা একটা মস্তবড় কাজ হয়েছে। এই ক্ষেত্রে মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব, অধ্যাপকদের ক্ষেত্রে যেমন পুনর্নিয়োগের ব্যবস্থা হয়েছে তেমনি অধ্যক্ষদের ক্ষেত্রেও সেটা করা উচিত। ৬০ বছরের পর দু বছর তারপর এক বছর করে তিন বছর যাতে করা হয় সেটা দেখা উচিত। কারণ অধ্যক্ষরাও শিক্ষক, তাঁরা কেবল প্রশাসক নন, সুতরাং তাঁদের ক্ষেত্রেও এই জিনিসটা করা দরকার। তারপর ঐ কলেজ সার্ভিস কমিশন এটাও একটা মস্তবড় কৃতিত্ব, তার কারণ, কলেজে কি করে শিক্ষক নিয়োগ করা হবে সে ব্যাপারে নিরপেক্ষ কমিশন তারা সমস্ত ব্যাপারটা করবেন, এটা খুব ভাল কাজ হয়েছে বলেই আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পর আমি দু/একটি মূল প্রশ্নে আসব—সেই মূল প্রশ্নগুলি হচ্ছে, শিক্ষা ব্যবস্থায় যে পরিবর্তন হচ্ছে সেখানে আমরা কি লক্ষ্য করছি? আমাদের সমাজে যে ভাবে শিক্ষা ব্যবস্থা চলছে তাতে নিচের তলার মানুষরা সুযোগ সুবিধা পাচ্ছেন না। আজকে কথা উঠেছে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেবার ব্যাপারে। সেখানে কলকাতায় যে সমস্ত মিশনারী স্কুল রয়েছে, বেশি মাহিনার স্কুল রয়েছে তাদের ব্যাপারে কি হবে সে সম্পর্কে সরকারকে অবিলম্বে দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে, সে দিকে নজর দিতে হবে। মাধ্যমিক শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় শ্রী পার্থ দে এখানে রয়েছেন, মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষা অবৈতনিক করার পর আমরা দেখছি সেখানে নানান রকমের ফিজ আদায় করা হয়। সে সম্পর্কে সরকার সেই ফিজ বেঁধে দিয়েছেন, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব,

*এটা ভালভাবে বিবেচনা করে স্কুলগুলি যাতে ভাল ভাবে চলে তার ব্যবস্থা করুন এবং দরকার হলে সরকার থেকে তাদের আরো সাহায্য দেবার ব্যবস্থা করুন। স্যার, শিক্ষক এবং* অধ্যাপকদের কথা বলার সঙ্গে সঙ্গে আমি অশিক্ষক কর্মচারীদের বিষয়টিও আনতে চাই। বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা এ সম্পর্কে বলেছেন, আমি তাঁদের সঙ্গে এ ব্যাপারে একমত যে কেবলমাত্র শিক্ষক বা অধ্যাপকদের দিয়েই শিক্ষা প্রতিষ্ঠানগুলি চলে না, সেখানে অশিক্ষক কর্মচারীদেরও ভূমিকা আছে। সেই অশিক্ষক কর্মচারীদের বেতন বৃদ্ধি, তাদের চাকরির শর্তাবলীর পরিবর্তন ইত্যাদি নানান দাবি তাদের রয়েছে, সেই দাবি মানতে হবে। সেখানে কিছু কিছু দাবি সরকার ইতিমধ্যেই মেনে নিয়েছেন কিন্তু তাদের বেতন, পেনসন, মহার্ঘভাতা ইত্যাদি বিষয়গুলি নিয়েও অবিলম্বে মীমাংসা হওয়া দরকার। তারা আন্দোলনের পথে চলেছেন, আশা করি এ দিকে একটি ব্যবস্থা মন্ত্রী মহাশয় করবেন। তারপর কলেজ শিক্ষকদের আশা ছিল এবারের বাজেটে তাদের জন্য মেডিক্যাল অ্যালাউন্স, হাউস রেন্ট অ্যালাউন্সের ব্যবস্থা থাকবে, এটা না থাকার জন্য তাদের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এটা বিবেচনা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে এই কক্ষে আমি যে বিষয়টি নিয়ে বারবার বলেছি সেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের কথা আমি আবার বলতে চাই। স্যার, আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন একটি কলেজের একজন অধ্যাপক, কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাউনসিলের একজন সদস্য হিসাবে বলছি না, একজন বাঙ্গালি হিসাবে বলছি আমি মনে করি কলকাতা বিশ্ববিদ্যালয় ভারতবর্ষের প্রাচীন তিনটি বিশ্ববিদ্যালয়ের মধ্যে অন্যতম। এই বিশ্ববিদ্যালয় আমাদের গর্বের বস্তু। শিক্ষা ও সংস্কৃতির জগতের সঙ্গে যারা যুক্ত তাদের কাছে এই বিশ্ববিদ্যালয় একটি গর্বের বস্তু। কিন্তু স্যার, এই কলকাতা বিশ্ববিদ্যালয় নিদারুণ আর্থিক দুরবস্থার মধ্যে দিয়ে চলেছে। আজই মাননীয় উপাচার্য মহাশয়ের কাছে আমি শুনছিলাম যে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে ইউ. জি. সির কাছ থেকে তারা ৫ কোটি টাকা পেয়েছিলেন, ষষ্ঠ পরিকল্পনা কালে তারা ৭ কোটি টাকা চেয়েছিলেন কিন্তু আজই উত্তর এসেছে মাত্র এক কোটি টাকা ইউ. জি. সি দেবেন। এই প্রসঙ্গে আমি কংগ্রেস মাননীয় সদস্যদের বলব, কলকাতা বিশ্ববিদ্যালয় আমাদের আপনাদের সকলের, এই বিশ্ববিদ্যালয়ের জন্য ইউ. জি. সি মাত্র এক কোটি টাকা দেবেন ষষ্ঠ পরিকল্পনাকালে এটা হতে পারে না। এরজন্য আমাদের সকলের উচিত ইউ. জি. সির কাছে দাবি করা যাতে কলকাতা বিশ্ববিদ্যালয় তার চাহিদা মতন টাকা পায়। আমাদের দেখতে হবে কলকাতা বিশ্বদ্যািলয় যেন টাকার অভাবে না ভোগে। রাজ্য সরকার অনেক অর্থ দিয়েছেন, তা ছাড়া গতকাল এবং আজকেও কাগজেও আছে দেখেছি রাজ্য সরকার অনেক সম্পত্তিও দিচ্ছেন। সেখানে আলিপুর সেন্ট্রাল জেল সরকার বিশ্ববিদ্যালয়কে দিচ্ছেন, তার আগে সল্ট লেকে জমি দিয়েছেন। আমরা টাকা চাই, আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের জন্য ক্যাম্পাস চাই। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের কি সুন্দর ক্যাম্পাস আছে কিন্তু আমাদের নেই, এটা লজ্জার কথা, দুঃখের কথা। সরকার সিদ্ধান্ত নিয়েছেন কলকাতা কর্পোরেশন এলাকার মধ্যে কোন জেল থাকবে না। সেখানে আলিপুর জেলে মাত্র ১২ একর জমি আছে কিন্তু প্রেসিডেন্সি জেলে ৭০ একরের উপর জমি আছে। আজকে আমার প্রশ্ন, সেটা কি দেওয়া যায় না? আমি বলব, বিশ্ববিদ্যালয়কে আরো জমি দিতে হবে। স্যার, এত দুরবস্থার মধ্যেও কিন্তু কলকাতা বিশ্ববিদ্যালয়ের জ্ঞানীগুনী পন্ডিতরা গবেষণা করছেন এবং তারজন্য সারা পৃথিবীতে সম্মান পাচ্ছেন।

[3-10 – 3-20 P.M.]

আমি আগেই যে কথা বলেছি আবার বলি কলকাতা বিশ্ববিদ্যালয় মরলে আমরা বাঁচব কি মরব সেটা বড় কথা নয়, আমাদের সবাই মিলে চেষ্টা করতে হবে কি করে একে বাঁচানো যায়। বিরোধী সদস্যরা বিরোধিতা করবেন এটা আমরা জানি। এটা তাদের করা দরকার গণতন্ত্রের জন্য। কিন্তু বিরোধিতা মানে সব ক্ষেত্রেই বিরোধিতা নয়। আমরাও দীর্ঘকাল বিরোধী দলে ছিলাম। কিন্তু কতগুলি কথা আছে যেগুলি একমত হয়ে বলতে হয়। শিক্ষা নীতির যেখানে আপত্তি আছে করুন, ভাল কাজগুলি সমর্থন করুন। আসুন সকলে মিলে আমরা শিক্ষাকে বাঁচাই, বড় করি। শিক্ষা বাঁচলে আমাদের সকলের ভবিষ্যত বংশধররা বাঁচবে। অপনারা বাঁচুন, আমাদের বাঁচান। শিক্ষা ক্ষেত্রে সম্মিলিত ভাবে চেষ্টা করা উচিত। বামফ্রন্ট সরকারের গণমুখী বৈজ্ঞানিক শিক্ষা নীতিকে সমর্থন করুন। এই কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা বরাদ্দের উপর যে বাজেট উপস্থিত হয়েছে এই প্রসঙ্গে আমি আমার বক্তব্য শিক্ষা সংস্কারের প্রশ্নে বলছি। গণতান্ত্রিক শক্তির দিক থেকে তিনটি দাবি দেশের মানুষের সামনে সোচ্চার হয়েছে। এই তিনটি দাবির মধ্যে এক নং হচ্ছে সর্বজনীন শিক্ষা ব্যবস্থা প্রবর্তন অর্থাৎ সর্ব নিম্ন স্তর থেকে সর্বোচ্চ স্তর পর্যন্ত শিক্ষার দ্বারটি সকলের কাছে সমানভাবে উন্মুক্ত করার সুযোগ দিতে হবে। দ্বিতীয় দাবি ছিল—শিক্ষা প্রতিষ্ঠানগুলির অটোনমি বা স্বাধিকার সংরক্ষণ করতে হবে এবং এই স্বাধিকারকে সম্প্রসারিত করতে হবে। আর তৃতীয় দাবি ছিল দেশের অভ্যন্তরে গণতান্ত্রিক জীবনবোধ, গণতান্ত্রিক মূল্যবোধকে বৈজ্ঞানিক ভিত্তিতে ন্যায় অন্যায়, সত্যমিথ্যা ধরবার জন্য গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ শিক্ষা ব্যবস্থার প্রবর্তন—এই তিনটি দাবি বাম এবং গণতান্ত্রিক· আন্দোলনের ক্ষেত্র শিক্ষা সংস্কারের প্রশ্নে দেখা দিয়েছিল এবং এই তিনটি সরকার তাদের শিক্ষা বাজেটের মধ্য দিয়ে জনগণের গণতান্ত্রিক আশা-আকাঙ্ক্ষার সঙ্গে সংগতিপূর্ণ এই মৌলিক তিনটি দাবি পূরণ করার ক্ষেত্রে কতটুকু সাফল্য অর্জন করেছেন তারই নিরীখে এই বাজেট আলোচিত হওয়া উচিত। এই তিনটি দাবি পূরণ করা দূরে থাক বরং বামফ্রন্ট সরকার বিগত ৩ বছরে তাদের শিক্ষা নীতির মধ্য দিয়ে এই দাবিগুলিকে অত্যন্ত নগ্নভাবে, নির্লজ্জভাবে পদদলিত করেছেন। কিভাবে তারা পদদলিত করেছেন আমি একটি একটি করে উদাহরণ দিয়ে দৃষ্টান্ত দিয়ে আপনার কাছে তুলে ধরতে চাই। শিক্ষা সম্প্রসারণের প্রশ্নে এতাবৎকাল কংগ্রেস সরকার শিক্ষা সংকোচনের যে নীতি গ্রহণ করেছিলেন আমরা আশা করেছিলাম বর্তমান সরকার সেই শিক্ষা সংকোচনের নীতি পরিহার করে শিক্ষা সম্প্রসারণ নীতি গ্রহণ করবেন। কিন্তু কি দেখলাম? বর্তমান সরকার পূর্বেকার কংগ্রেস সরকারের সংকোচন নীতিকে আরও পাকাপোক্ত ভাবে প্রবর্তন করার ব্যবস্থা করেছেন। তার প্রমাণ এই সরকার ক্ষমতায় আসার পরেই শম্ভুবাবু, পার্থবাবু যে স্ট্যাটিসটিক্স দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ৩০০ মাধ্যমিক স্কুল অনুমোদন কেটে দিয়েছেন। যে সমস্ত অনুমোদিত স্কুল আছে তার ছাত্র ভর্তির সংখ্যা বেঁধে দিয়েছেন। এইভাবে তারা শিক্ষা সংকোচনের নীতি পাকাপোক্তভাবে গ্রহণ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু এইখানেই শেষ নয়, বামফ্রন্ট সরকার যে ভাষানীতি গ্রহণ করেছেন সেই ভাষা নীতি এই রাজ্যে শিক্ষা সংকোচনের ক্ষেত্রে একটা সব চেয়ে বড় মারাত্মক

পদক্ষেপ, এই কথা আমি বলব। আমি বলব সংস্কার মুক্ত মন নিয়ে আজকে এই হাউসের সবাইকে বিষয়টি বিবেচনা করার জন্য। ভাষানীতি যেটা ওঁরা নিয়েছেন সেটা হচ্ছে ওনারা ক্লাস ৫ পর্যন্ত ইংরাজী তুলে দিয়েছেন এবং এটা ১৯৮১ সাল থেকে কার্যকর হবে এই কথা পার্থ দে মহাশয় বলেছেন। ডিগ্রি স্তরে যে পাঁচটি ভাষা ইংরাজী বাংলা হিন্দী উর্দু, নেপালী যে কোন একটি ভাষার একটি ভাষা আবশ্যিক ঐচ্ছিক হিসাবে গ্রহণ করতে পারে এই নীতি ওঁরা ঘোষণা করেছেন। ডিগ্রি স্তরে ভাষায় পাশ ফেলে পরীক্ষায় পাশ ফেলের কোন হেরফের থাকবে না। অর্থাৎ কার্যত ডিগ্রি স্তরে ভাষাকে আবশ্যিক রাখলেন না অর্থাৎ কার্যত ভাষা তুলে দিলেন ভাষার গুরুত্ব হ্রাস করলেন এবং বিশেষ করে ইংরাজীর গুরুত্ব রাখলেন। এর পরিণাম কি—আমি আপনাদের অনুরোধ করব বিষয়টি বিবেচনা করার জন্য। এর দ্বারা প্রকৃত শিক্ষা ক্ষেত্রে কি হবে? শিক্ষার তাৎপর্যটাকে একটু পৃথক করে আলোচনা করা দরকার। ভাষা হচ্ছে চিন্তার বাহন ভিহিকল অব থটস। ভাষা হচ্ছে চিন্তাভাবনার মাধ্যম এবং জ্ঞান বিজ্ঞানের জগতে যদি আমাদের প্রবেশ করতে হয় তাহলে ভাষা জ্ঞান ছাড়া সেখানে প্রবেশ করতে পারবেন না। তাই বলা হচ্ছে language is the gateway of knowledge, জ্ঞান বিজ্ঞানের জগতে এটা হচ্ছে প্রবেশ দ্বার। জ্ঞান বিজ্ঞান জগতের যে কোন কথা যে কোন বিষয় আয়ত্ব করতে হয় তাহলে ভাষাজ্ঞান ছাড়া তা সম্ভব নয়। ভাষাগত ব্যুৎপত্তি সাহায্য করে। ভাষাগত জ্ঞান ছাড়া শিক্ষার ক্ষেত্রে বাধার সৃষ্টি করে। তাই অধিক জ্ঞান এবং তাকে উপলব্ধি করার তাকে প্রকাশ করার জন্য ভাষাজ্ঞান প্রয়োজন। ভাষা এবং জ্ঞানবিজ্ঞান ওতপ্রোতভাবে জড়িত। আমাদের বামফ্রন্ট সরকার যেভাবে ভাষাকে হ্রাস করে দিচ্ছেন শিক্ষা ক্ষেত্রে তার দ্বারা কার্যত শিক্ষা নিচের দিকেই চলে যাবে। দ্বিতীয়ত ইংরাজী তুলে দিচ্ছেন প্রাথমিক স্তর থেকে এবং বলছেন শিক্ষার সর্বস্তরে মাতৃভাষা শিক্ষার মাধ্যম হওয়া উচিত। তাই ইংরাজী তুলে দেওয়া দরকার। এখানে প্রশ্ন হচ্ছে যে এখানে কোন দ্বিমত নাই। যে শিক্ষার সর্বস্তরে মাতৃভাষা মাধ্যম হওয়া উচিত। কিন্তু প্রশ্ন হচ্ছে বিষয়টি পরস্পর বিরোধী হয়ে যাচ্ছে সর্বস্তরে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা করতে হবে—কিন্তু তার জন্য ইংরাজি শিক্ষা তুলে দেবার প্রয়োজন কোথায়? এতে জনগণের মনে একটা বিভ্রান্তির সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। যেহেতু জনগণের মাতৃভাষা সম্পর্কে একটা আবেগ আছে সেই সুরে আবেগের সুযোগ নিয়ে বিভ্রান্তির সৃষ্টি করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে ওঁরা জানেন আমাদের মাতৃভাষা আমাদের দেশে সর্বশ্রেষ্ঠ এবং উন্নত হওয়া সত্বেও আজ পর্যন্ত আমাদের দেশে বাংলা ভাষার মাধ্যমে মেডিক্যাল সায়েন্স জুরিসপুডেন্স, ইঞ্জিনিয়ারিং জ্ঞান-বিজ্ঞান জগতের সমস্ত শিক্ষা বাংলা ভাষার মাধ্যমে চর্চা করা সম্ভব নয় বাংলা ভাষাকে সর্বস্তরের মাধ্যম হিসাবে যদি নিয়ে যেতে হয় তাহলে তার একটা প্রক্রিয়া আছে। এযাবৎকাল বাংলা যত উন্নত হয়েছে তা একটা প্রক্রিয়ার মধ্য দিয়ে হয়েছে।

[3-20–3-30 P. M.]

আমাদের দেশের শিক্ষিত সম্প্রদায় ইংরাজি ভাষার মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের জ্ঞানলাভ করে মাতৃভাষার মাধ্যমে তা প্রকাশ করবার চেষ্টা করেছেন। আর চেষ্টা করতে গিয়ে চিন্তাভাবনায় দ্বন্দ্ব হয়েছে এবং সেই দ্বন্দ্বের অবসান এবং মিলনের মধ্যে দিয়েই মাতৃভাষার অগ্রগতি হয়েছে। এইভাবে ভারতবর্ষের বিভিন্ন ভাষাগুলি ইংরাজি ভাষার মত উন্নত ভাষার সংস্পর্শে

এসে ক্রমাগত উন্নত হয়েছে। তাই আমাদের দেশের মনিষীরা, রামমোহন, বিদ্যাসাগর ইংরাজি শিক্ষার প্রসার চেয়েছিলেন শরৎ চন্দ্র, নজরুল ও রবীন্দ্রনাথও। তাঁরা জানতেন ইংরাজি ভাষার প্রসার ঘটলে মাতৃভাষার অগ্রগতি হবে। অথচ আজকে বামফ্রন্ট সরকার নতুন থিসিস আবিষ্কার করেছে, ইংরাজি ভাষার জন্য নাকি মাতৃভাষার সর্বনাশ হয়ে যাচ্ছে। সুতরাং সব মাতৃভাষার মাধ্যমে করতে হবে, ইংরাজি বাতিল করে দিয়ে। দ্বিতীয় কথা হচ্ছে ইংরাজি বিদেশি ভাষা, সুতরাং তুলে দিতে হবে। এই যদি যুক্তি হয় তাহলে আমাদের দেশের স্বদেশি যুগের যে আন্দোলন হয়েছিল, সেই স্বদেশি আন্দোলন যখন সমস্ত বিদেশি দ্রব্য বর্জন করা হয়েছিল তখন স্বদেশি নেতারা, জাতীয়তাবাদী নেতারা কিন্তু ইংরাজি ভাষা বর্জনের দাবি করেননি। কারণ তাঁরা জানতেন ইংরাজি ভাষার প্রয়োজন আছে। অথচ আজকে যাঁরা বিদেশি পুঁজি, বহুজাতিক পুঁজিপতি সংস্থাগুলির মুখে বিরোধিতা করছেন, কার্যক্ষেত্রে বিদেশি পুঁজিকে স্বাগত জানাচ্ছেন তাঁরা বিদেশি ভাষা বর্জনের কথা বলছেন। আর এক দিকে ইয়াংকি কালচারের দিকে আমাদের যুবশক্তি ক্রমশঃ আকৃষ্ট হচ্ছে, তার বিরুদ্ধে প্রতিবাদ করে তাদের স্বদেশি করে গড়ে তুলতে চাইছেন না। অপরদিকে ইংরাজি ভাষাকে তড়িঘড়ি করে তুলে দেবার চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বিষয়টা বিচার করে দেখতে অনুরোধ করছি। আজকে সুকৌশলে ইংরাজি তুলে দিয়ে সাধারণ ছাত্রছাত্রীদের কাছে উচ্চ শিক্ষার দরজা বন্ধ করে দেওয়া হচ্ছে, যেটা অতীতে কংগ্রেস সরকার প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে করতে চেয়েছিলেন। আজকে বামফ্রন্ট সরকার জনসাধারণের সম্মুখিন না হয়ে সুকৌশলে ইংরাজি তুলে দিচ্ছেন। এর ফলে সাধারণ ঘরের ছেলেমেয়েরা ইংরাজিতে কাঁচা হয়ে থাকবে, ফলে উচ্চশিক্ষার একমাত্র মাধ্যম যে ইংরাজী সেই ইংরাজিতে কাঁচা হওয়ার জন্য উচ্চ শিক্ষালাভের মানসিকতা নষ্ট হয়ে যাবে। কারণ তাদের মধ্যে হীনমন্যতা আসবে, ইংরাজি না জানার জন্য উচ্চ শিক্ষার দরজার দিকে যাবে না। তাই বলছিলাম আজকে বামফ্রন্ট সরকার সুকৌশলে ইংরাজি শিক্ষার সঙ্গে সঙ্গে উচ্চ শিক্ষার দরজা সাধারণ ছাত্রদের জন্য বন্ধ করে দিচ্ছেন তাই আজকে বামফ্রন্ট সরকার এই সমস্ত জনবিরোধী শিক্ষা নীতি চালু করার জন্যই শিক্ষা প্রতিষ্ঠানগুলির গণতান্ত্রিক অধিকার খর্ব করে অটোনমি গড়ে তুলছেন। আজকে বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে, স্কুল কলেজ, শিক্ষা পর্যদ প্রতিটি জায়গায় গণতান্ত্রিক কাঠামোকে ভেঙ্গে অটোনমি চালু করেছেন। শিক্ষা ক্ষেত্রের গণতন্ত্র হত্যার রক্তারক্তি নজির হচ্ছে আজকেই এই বাজেটের পর চারটে বিশ্ববিদ্যালয় অধিগ্রহণের বিল এই হাউসে আনা হচ্ছে।

তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখের সঙ্গে বলছি যে, বামফ্রন্ট সরকারের শিক্ষানীতি এবং ভাষা নীতি দেশের সভ্যতা এবং মনুষ্যত্বের উপর আক্রমণ করেছে। তাই আজকে এই সরকারের ভাষা নীতির প্রতিবাদে এই বিধানসভার বাইরে হাজার হাজার ছাত্র, শিক্ষক, অভিভাবক এসেছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে অনুরোধ করছি যে, মন্ত্রিসভার পক্ষ থেকে কেউ সেখানে গিয়ে তাদের বক্তব্য শুনে নিজেদের বক্তব্য তাঁদের কাছে রাখুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি বামফ্রন্ট সরকারের জনবিরোধি শিক্ষা নীতি, ভাষা নীতির প্রতিবাদে এবং ৫ম শ্রেণী পর্যন্ত ইংরাজি তুলে দেবার প্রতিবাদে এবং শিক্ষা ক্ষেত্রে যে চরম বিপর্যয় ডেকে আনা হচ্ছে তার বিরুদ্ধে প্রতিবাদে আমাদের দলের তরফ থেকে আমরা আজ এই বিধানসভা কক্ষ ত্যাগ করছি।

*(এই সময় এস. ইউ. সি. দলের সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করেন)*

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষামন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সম্পর্কে কয়েকটি কথা আমি বলব। প্রথমেই বলি, আজ পর্যন্ত এতদিন ধরে দেশ স্বাধীন হলেও শিক্ষার একটা মৌলিক পরিবর্তন হয়নি। গতানুগতিক অনুযায়ী সেই ট্রাডিশন সমানে চলেছে। এটা খুবই দুর্ভাগ্যের কথা। শিক্ষা একটা জাতীয় জীবনকে সমৃদ্ধ করে, জাতীয় জীবনকে এগিয়ে নিয়ে যায়, জাতীয় জীবনের যে পূর্ণ বিকাশ সেই বিকাশ শিক্ষার মাধ্যমে হয়। সেই শিক্ষা আজকে বাইরের যে গতানুগতিক শিক্ষা—আমরা যেখানে গিয়ে পৌঁছেছি সেখান থেকে ক্রমে ক্রমে আমাদের আসল যে শিক্ষা সেই শিক্ষার থেকে দূরে সরিয়ে দিয়েছে। রবীন্দ্রনাথ একটি কথা বলেছিলেন শিক্ষার মিলন সম্বন্ধে—আমাদের সাধনা অন্তরের সাধনা, পাশ্চাত্যের যে সাধনা সেটা বাইরের সাধনা। এই দুই শিক্ষার মিলন যতদিন না হয় কোন জাতি পূর্ণরূপে প্রস্ফুটিত হতে পারে না। তাই টাইটানিক ওয়েলথ অব আমেরিকার দিকে তাকিয়ে দেখুন, বাইরের জগতে অনেক বেশি অগ্রগণ্য কিন্তু অন্তরে সেখানে শূণ্য। যে শিক্ষা অন্তরে শূণ্য হয় সেই শিক্ষা জাতীয় জীবনকে সঞ্জীবিত করতে পারে না। অতএব আমাদের ভাববার সময় এসেছে। আমাদের অনেক আশা ছিল আজকে একটা মৌলিক চিন্তা বামফ্রন্ট সরকারের কাছে থেকে পাব কিন্তু সে আশা পূরণ হয়নি। সেই আশা পূরণ হত যদি এই সরকার শিক্ষা ক্ষেত্রে অন্তরের সাধনার সাথে বাইরের সাধনাকে মিলিয়ে দিতে পারতেন। যারফলে আজকে সমাজে যে পারভারশন, সমাজ জীবনের যে বিছিন্ন অবক্ষয় সেটা রোধ করা যায়নি। তাহলে কি এমনিভাবে একটা জাতিকে ধ্বংসের পথে আস্তে আস্তে করে এগিয়ে দেবে—এটা আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে চিন্তা করতে বলছি। শিক্ষার ৪টি স্তর আমাদের দেশে আছে—প্রাথমিক, মাধ্যমিক, কলেজ এবং বিশ্ববিদ্যালয়। প্রাথমিক শিক্ষক হিসাবে আমি ১৯৫২ সালে ঢুকেছি, বর্তমানে কলেজে কাজ করি—২৪-২৫ বছর আমি দুটি স্তরের শিক্ষার সঙ্গে জড়িত আছি। আমি দেখেছি, প্রাথমিক শিক্ষকেরা যারা নাকি একটা কুসুমকে প্রস্ফুটিত করে তুলবে যেটা পরবর্তী পর্যায়ে ফুল হয়ে আত্মপ্রকাশ করবে এবং সমাজ জীবনকে সুন্দরভাবে তার গন্ধ দ্বারা আমোদিত করবে সেখানেই দেখছি গলদ আছে। এই শিক্ষকেরা যারা কুসুম থেকে ফুলে রূপান্তরিত করবেন এরাই আজকে বঞ্চিত। আজকে এদের মাহিনা ৩৫২ টাকা ডি. এ. সহ। আজকে এই যে দেশের অবস্থা এবং দ্রব্যমূল্য বৃদ্ধি—এই অবস্থার মধ্যে এই মাহিনা পেয়ে এই সমস্ত প্রাথমিক শিক্ষকেরা কিভাবে তাদের জীবন চালাবেন এটা ভাববার বিষয় আছে। আমি সবিনয়ে বলব, অন্ততপক্ষে স্টার্টিং ৪০০ টাকা হওয়া দরকার এক্সক্লুডিং ডি. এ.। এটা যদি করেন তাহলে এই সমস্ত শিক্ষকদের বাঁচার মতন সংস্থান হবে ফ্যামিলি নিয়ে।

[3-30 – 4-05 P.M.] **(Including Adjournment)**

মাধ্যমিক স্তরে যে সিলেবাসের বোঝা সেই বোঝা ছাত্রদের উপর বিশেষ ভাবে পীড়ন করছে এবং এর ফলে তারা শুধু তোতা পাখীর মত কিছু কিছু বুলি শিখছে কিন্তু তাকে হজম করবার জন্য যে জ্ঞান সেটা হচ্ছে না। এক কথায় একটা ইমম্যাচিওর ব্রেনের উপরে

ম্যাচিওর ব্রেন চাপিয়ে দেওয়া হচ্ছে। কলেজে বাংলা সিলেবাস করেছেন কিন্তু তার কোন টেক্সট বই নেই, বার ক্লাসেই কি বাংলা সব শেখা হয়ে গেল? ১৯ শতকে রেনেসাঁস আন্দোলনে সামাজিক অর্থনৈতিক জীবনে একটা নতুনভাবে সাড়া এনেছিল এবং তখনই রামমোহন, বিদ্যাসাগর, মধুসূদন রবীন্দ্রনাথ, নজরুল ইত্যাদিকে আমরা পেয়েছি। এঁদের যে জাতীয় চিন্তা চেতনা সেটা যদি হায়ার ক্লাসে গিয়ে ছাত্ররা পড়তে না পারে তাহলে কিছুই হবে না। সেইজন্য রবীন্দ্রনাথ বলেছেন "যারে তুমি নিচে ফেল সে তোমারে বাঁধিবে যে নিচে, পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে।" সুতরাং এর কি আর কোন প্রয়োজন নেই? নজরুলও তাই বলেছিলেন—

"তুমি শুয়ে রবে তেতালার পরে আমি কি রহিব নিচে,
অথচ তোমারে দেবতা বলিব সে ভরসা আর মিছে।"

নজরুলের এই যে চিন্তা চেতনা এটাই জাতীয় জীবনের ইন্সপিরেশন দেবে এবং এই সমস্ত যদি টেক্সট বই ডিগ্রী ক্লাসে থাকে তাহলে জাতীয় জীবনে এরা সঞ্জীবনী সৃষ্টি করবে। বয়স্ক শিক্ষা কেন্দ্র সম্বন্ধে আমি কিছু বলব। আমি একটা ডিস্ট্রিক্ট কমিটির সঙ্গে যুক্ত, কিন্তু সেখানকার টাকা সব ফেরত চলে যাচ্ছে। নিরক্ষরতা দূরীকরণের টাকা কেন ফেরত যাচ্ছে সেটা আপনাদের চিন্তা করা দরকার। বিরাট মরুভূমিতে জল পেয়েও তা আমরা সিঞ্চন করতে পারলাম না। এ ক্ষেত্রে আমার মনে হয় প্রসেসটা আপনাদের ঠিক হয়নি, সেইজন্য অনুরোধ করব বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলি যাতে ভালভাবে পরিচালিত হয় এবং এর টাকা যাতে ঠিকভাবে ইউটিলাইজড হয় তা দেখা দরকার। আরেকটি কথা হচ্ছে যে কলেজের শিক্ষকদের মেডিক্যাল অ্যালাউনসের কথা এবং প্রাথমিক শিক্ষকদের স্কেল বাড়ানোর কথা চিন্তা করবেন। অনেকে প্রশ্ন করেন মাস্টার মহাশয় স্কুলে গিয়ে টেবিলের উপরে দুপা তুলে বসে থাকেন কেন? তাঁদের জিজ্ঞাসা করলে তাঁরা বলেন "তোমার যেমন চাল কলা, আমার তেমন মন্ত্র বলা।" আবার অপর দিকেও ছাত্ররাও মাস্টার মহাশয়ের অনুপস্থিতিতে টেবিলে পা তুলে বসে থাকেন। এই যদি অবস্থা হয় তাহলে আমরা কোথায় যাব? যাইহোক প্রাচ্য এবং পাশ্চাত্য শিক্ষা মিলিয়ে যে শিক্ষা ব্যবস্থা আমাদের দেশে চলছে সেটা যাতে যথাযথভাবে ইমপ্লিমেন্ট করা যায় সেটা দেখা দরকার এবং শিক্ষা ক্ষেত্রে আরও বেশি টাকা দিতে পারলে ভাল হত, এই সাজেশনগুলি আপনার কাছে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ :** অন এ পয়েন্ট অফ ইনফর্মেশন স্যার, বেলুড়ে ক্রাউন অ্যালুমিনিয়ম কারখানায় আজ ৭ মাস হল বে-আইনিভাবে লক-আউট হয়ে আছে। সেখানকার ২জন শ্রমিক অভাবের জন্য আত্মহত্যা করেছে। আমি কোন সমালোচনা করছি না, কিন্তু এঁদের কুম্ভকর্ণের ঘুম এখনও ভাঙ্গছে না। আমি অনুরোধ করব এই কারখানাটি তাড়াতাড়ি খোলার ব্যবস্থা করুন।

**শ্রী নীরদ রায়চৌধুরী :** স্যার, বারাসাত কোর্টের লইয়াররা তাঁদের বসার ব্যবস্থা, পানীয় জলের ব্যবস্থা এবং স্যানিটেশনের ব্যবস্থার দাবিতে আজ থেকে ধর্মঘট করেছে। কিন্তু এর কোন ব্যবস্থা হচ্ছে না। এঁদের টাকা আছে কিন্তু কোন ব্যবস্থা হচ্ছে না। এস. ডি. ও. কে বললে তিনি বলেন এস. ডি. জে. এম. করবেন। এই অব্যবস্থার বিরুদ্ধে তারা আজ থেকে

লাগাতার ধর্মঘট করছেন, এটা যাতে বন্ধ করা যায় তার ব্যবস্থা করা দরকার। ঐ সব লইয়াররা আপনার কাছে লিখিতভাবে একটা দরখাস্ত দিয়েছেন সেটা আমি আপনাকে দিয়ে দিচ্ছি।

**শ্রী রজনীকান্ত দোলুই** : স্যার, এই মাত্র খবর পেলাম আসামে যেভাবে বাঙালিদের উপর নির্যাতন চলছে এবং তারজন্য আসাম থেকে বাঙালিরা যে চলে আসছে তারই প্রতিবাদে ছাত্র পরিষদ (ই) থেকে আজকে আসাম ভবনের সামনে শান্তিপূর্ণভাবে বিক্ষোভ মিছিল করবার ব্যবস্থা হয়েছিল। কিন্তু এই সরকারের পুলিশ তাদের উপর লাঠিচার্জ করেছে, গুলি চালিয়েছে, টিয়ার গ্যাস ছুঁড়েছে, এর ফলে অনেক হতাহত হয়েছে। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলছি শান্তিপূর্ণ বিক্ষোভের উপর আপনার পুলিশ কেন এই জিনিস করল?

(গোলমাল)

(At this stage the House was adjourned till 4-05 P.M.)

**(After adjounment)**

**Ruling on the question of breach of Privilege.**

**Mr Speaker** : মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার আমাকে একটা নোটিশ দিয়েছেন ব্রিচ অব প্রিভিলেজ সম্বন্ধে, আমি তার রুলিং দিচ্ছি। I received a notice of breach of privilege from Shri Debaprasad Sarkar on the 4th March, 1980 regarding publication of alleged distorted version of Assembly proceedings. I have compared the portion of the report appearing in the Ananda Bazar Partrika dated the 4th March, 1980, which the member has alleged to be a distorted version, with the official record and I am convinced that no mala fide distortion has been made. Accordingly, I am of opinion that there is no prima facie of breach of privilege. I, therefore, disallow the notice of privilege.

**Voting on Demands for Grants**

[4-05 - 4-15 P.M.]

**শ্রী উপেন কিস্কু** : মিঃ স্পিকার, স্যার, বামফ্রন্ট সরকারের শিক্ষা মন্ত্রীদ্বয় আজকে বিধানসভায় যে শিক্ষা বাজেট উপস্থাপিত করেছেন আমি সেই জন দরদী জন কল্যাণমূলক শিক্ষা বাজেটকে সমর্থন করতে গিয়ে দু'চারটি কথা বলতে চাই। এতক্ষণ ধরে আমি মাননীয় বিরোধী পক্ষের সদস্যদের বাজেট বক্তৃতা শুনছিলাম। তাঁদের বক্তব্য শুনে আমার মনে হয়েছে আজকে এই বাজেটের বিরোধিতা করার তাঁদের কিছু নেই, তা সত্ত্বেও তাঁরা যে চীৎকার করছেন আমরা জানি কেন তাঁরা চীৎকার করছেন। তাঁরা ৩০ বছর ধরে যে শিক্ষা নীতি অনুসরণ করে এসেছেন তাতে তাঁরা গ্রাম গ্রামান্তর থেকে যাদের প্রতিনিধিত্ব করার জন্য এখানে এসেছেন সেই জমিদার-জোতদার শ্রেণীর স্বার্থ রক্ষা করার জন্য এই শিক্ষা নীতিকে সেইভাবে পরিচালনা করেছেন। আমরা জানি মুষ্টিমেয় জমিদার-জোতদার শ্রেণীর লোকের মধ্যে

শিক্ষাকে সীমাবদ্ধ করে রাখার জন্য এঁরা শিক্ষা নীতি এতদিন ধরে পরিচালনা করে এসেছেন। তাই তো দেখি আজকে স্বাধীন ভারতবর্ষে ৩২ বছর পরে আমাদের দেশে মাত্র ৩৪ ভাগ লোক কোন রকমে অক্ষর জ্ঞান সম্পন্ন। আজকে শিক্ষা মন্ত্রীদ্বয় যে বাজেট পেশ করেছেন এই বাজেটের মধ্য দিয়ে শিক্ষাকে সাধারণ মানুষের মধ্যে নিয়ে যাওয়ার প্রচেষ্টা হয়েছে। আজকে সাধারণ ঘরের ছেলে-মেয়েরা, চাষী, মজুরের ঘরের ছেলে-মেয়েরা যাতে শিক্ষাকে সহজে গ্রহণ করতে পারে, যাতে সিলেবাসের বোঝা কম হয়, যারা ছেলে-মেয়েদের খাওয়া পরা জোটাতে পারে না সেইসব মানুষের ছেলে-মেয়েরা যাতে শিক্ষা গ্রহণ করতে পারে তারজন্য তাদের টিফিন, সিলেট, খাতা, বই, পেনসিলের জন্য আজকে শিক্ষা বাজেটে বরাদ্দ করা হয়েছে।

মাননীয় স্পিকার মহাশয়, আজকে এটা গর্বের বিষয় যে, আদিবাসীদের দীর্ঘদিনের দাবি মাতৃভাষায় শিক্ষাদান সেটা চালু করে প্রাথমিক শিক্ষার অর্ন্তভুক্ত করা হয়েছে। আবার অন্যদিকে দেখছি পশ্চিমবাংলায় এতদিন ধরে সাঁওতালি ভাষা শিক্ষা স্তরে চালু ছিল না কিন্তু সেখানেও সিলেবাস কমিটি করা হয়েছে এবং তাদের দীর্ঘদিনের দাবি সাঁওতালি ভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা চালু করবার জন্য সিলেবাস করা হয়েছে। তবে দুঃখের বিষয় এই সিলেবাস কমিটি ৮/৯ মাস পূর্বে গঠিত হলেও তাঁরা গ্রামে গঞ্জে প্রচার করছেন যে সাঁওতালি ভাষায় শিক্ষা চালু করবার জন্য বাজেটে বরাদ্দ করা হয়নি। আমি আপনার মাধ্যমে হাউসে সাঁওতাল ভাষাভাষি জনসমাজকে জানাতে চাই যে, যে সমস্ত আদিবাসী দরদী নেতারা একথা প্রচার করছেন তাদের আজ পর্যন্ত ক্ষমতা হল না যে সিলেবাস কমিটির হর্তা কর্তা বিধাতারা সাঁওতালি ভাষার সিলেবাস রচনা করে শিক্ষা বিভাগের কাছে সেটা পেশ করুক। আজকে এক নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে বামফ্রন্ট সরকার শিক্ষানীতি গ্রহণ করেছেন এবং সেটা বাজেটের মধ্যে পরিস্ফুট হয়েছে। সাধারণ মানুষের মধ্যে শিক্ষা সহজলভ্য করার জন্য, পাহাড় জঙ্গলের মানুষের কাছে শিক্ষা সহজলভ্য করার জন্য এবং তাদের কাছে শিক্ষা পৌছে দেবার জন্য বামফ্রন্ট সরকার তাদের শিক্ষানীতি নিয়ে এগিয়ে চলেছেন। প্রাথমিক এবং মাধ্যমিক স্কুল মঞ্জুর করে আজকে শিক্ষাকে সহজলভ্য করবার জন্য চেষ্টা করা হচ্ছে। বিরোধীপক্ষের সদস্যরা চীৎকার করে বলছেন, সংস্কৃতি তুলে দেওয়া হচ্ছে, কেউ বলছেন ইংরেজী তুলে দেওয়া হচ্ছে। আমি বুঝতে পারছিনা একটি বাচ্ছা ছেলে ক্লাশ টু/থ্রি-তে পড়ে তাকে ইংরেজী পড়তে হবে, বাংলা পড়তে হবে এবং উর্দু ভাষাভাষি হলে তাকে উর্দু শিখতে হবে—এটা কি করে সম্ভব? আমি তো বুঝতে পারছি না একটি বাচ্চা ছেলে কি করে এই ভাষার বোঝা বহন করবে। আমি তো বুঝতে পারছিনা যদের ইমম্যাচিওর ব্রেন তারা কি করে এই বিপুল সিলেবাস-এর বোঝা বহন করবে, কি করে একে আয়ত্ব করবে? শুধু মাতৃভাষার মাধ্যমেই শিক্ষা দেওয়া নয়, প্রাথমিক শিক্ষা শুধু সহজলভ্য করাই নয়, প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে খেলাধূলার প্রসারের মধ্য দিয়ে যাতে শরীর গঠন হয়, তাদের নৈতিক চরিত্র গঠিত হয় সেকথা বলা হয়েছে। কাজেই বিরোধীপক্ষের বাজেট বিরোধিতার কারণ আমি বুঝি। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবুরা নিজেদের 'আগ মার্কা' বিপ্লবী বলে মনে করেন। পৃথিবীর অন্যান্য সমাজতান্ত্রিক দেশ যারা চিকিৎসা বিজ্ঞানে এগিয়ে গেছে তাতে কোথায় এই দৃষ্টান্ত আছে যে তারা নিজেদের মাতৃভাষার মাধ্যম ছাড়া জ্ঞান বিজ্ঞানের প্রসার করেছে? আমরা রাশিয়ার ইতিহাস জানি, চীনের ইতিহাস জানি মাতৃভাষার মাধ্যমে তারা সমস্ত জ্ঞান বিজ্ঞান আয়ত্ব করে নিজেদের

*মাথা উচু করে দাঁড়িয়েছে। কাজেই ইংরেজী শিক্ষার ব্যাপারে তিনি যে দরদ দেখিয়েছেন তাতে তাঁর হীনমন্যতাই ফুটে উঠেছে। আমি দেবপ্রসাদবাবুকে বলছি, শুধুমাত্র উচ্চ স্তরের লোকদের জন্য ইংরেজী শিক্ষার ব্যবস্থা থাকবে, তারাই ইংরেজী শিখবে আর চাষীর ছেলে চাষী হবে, মজুরের ছেলে মজুর হবে একথা বলে তিনি হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন।*

[4-15 - 4-25 P.M.]

আমি মাননীয় দেবপ্রসাদবাবুকে প্রশ্ন করি, আজকে যে শতকরা ৩৪ ভাগ অক্ষর জ্ঞান সম্পন্ন, তার মধ্যে উনি কি হাজির করবেন, আমাদের দেশের চাষা-মজুরের কতগুলো ছেলে ডাক্তার হয়, কতগুলো ছেলে ইঞ্জিনিয়ার হয়। উনি সেদিকে গেলেন না। উনি বললেন নিচু তলার মানুষের শিক্ষাকে বন্ধ করে দেওয়ার জন্য নাকি ইংরাজী তুলে দেওয়ার একটা ষড়যন্ত্র শুরু হয়েছে। আমি জোরের সঙ্গে বলতে চাই, মাতৃভাষ্যকে যদি শিক্ষার আওতায় আনা যায়, শিক্ষার বাহন করা যায়, তাহলে ভালই হবে। কারণ মাতৃভাষায় যত সহজে শিক্ষা দেওয়া যায় অন্য কোন ভাষায় তত সহজে করা যায় না। উনি বলেছেন, চিকিৎসা বিদ্যা, ইঞ্জিনিয়ারিং বিদ্যায় বাংলা ভাষায় বই লেখা হয়নি। লেখা হয় নি বলেই কি বাঙালি জাতি কোনদিন মাতৃভাষায় শিক্ষালাভের চেষ্টা করবে না? কোনদিন নিজেদের মাতৃভাষায় শিক্ষার ব্যবস্থা করবে না? এই হীনমন্যতায় বাঙালি জাতি ভুগবে? এই দুর্বল মনোভাব নিয়ে থেকে যাবে। আমি মাননীয় দেবপ্রসাদবাবুকে জিজ্ঞাসা করি, আপনি কি এইভাবে বাঙালি জাতিকে বিশ্বের দরবারে দাঁড় করাতে পারবেন? বিভিন্ন ভাষা-ভাষী লোককে তাদের মাতৃভাষায় শিক্ষা না দিয়ে দাঁড় করাতে পারবেন কি? যে শিক্ষা বাজেট পেশ করেছেন তার বিরোধীতা জনতা বা কংগ্রেস করবে জানি, কিন্তু আগ মার্কা মার্কসবাদী দল এস. ইউ. সি-এর ইংরাজীর কি দরকার হল জানি না। ইংরাজী মাধ্যমে শিক্ষা চালু থাকলে মুষ্টিমেয় মানুষের মধ্যে সেটা সীমাবদ্ধ থাকবে। শিক্ষাকে চাষী, মজুর সকলের মধ্যে বিস্তার করাতে হবে। সেটা যদি করতে চান তাহলে বামফ্রন্ট সরকারের যে শিক্ষা বাজেট তাকে অন্তত সমর্থন জানানো উচিত ছিল। কিন্তু তা করেন নি। আমি জোরের সঙ্গে শিক্ষামন্ত্রীদ্বয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Neil Aloysius O'brien :** Mr. Speaker, Sir, there are 2 points on which I would like to commend the Minister for Education. One is, for making educating free upto Secondary level—but it is not enough to make education free. you must see to it that the education which is freely distributed, is good education, is meaningful education and is purposeful education. In this connection, I take the second point that a systematic endeavour has been taken to remodel the syllabus in Madhyamik classes and later of course in the plus 2. There is a big problem and that is the problem of language. I think no teacher, no school and most of all no student feels burden of the language subject more than the subject of language which is not own, a language which is not his mother tongue and in this connection I would like to say that there is in the present system of Madhyamik and the plus 2, no logical

progression. In the Madhyamik level you have a first language and a second language. For many minority communities like my own plus other minority communities like Goanese, Parsees and others who take to this examination invariably they have to take English as the first language and Bengali as the second language. They face the same difficulties but then these difficulties are also faced by those who take English as the second language and Bengali as the first language. And when you come to the plus 2 system instead of having again the 2-tier system of the first and second languages this is abolished and then the children who have taken English as the first language and Bengali as second have to face this difficulty, of course, which is totally about their capabilities and vice-versa those who have taken Bengali as the first language face a very difficult time with the English that is taught. I give you just one example of what is being taught in the Madhyamik. We have the English language which is extremely rich in prose and yet the very first piece that is taught not for first language but for second language is an extract of King James' version of the Bible which is 17th century English and which has to be translated literally for some of our boys-in my locality there are boys who have English as the second language just cannot understand that and I have to translate it for them. When in 1976 the plus 2 began the Council issued a circular on the 26th of August, 1977 saying that the following types of students should be allowed to take alternative English-students whose mother tongue is English, students who have not offered any of the Indian languages set forth in the Constitution of India as the first language. Exactly a month later, on the 28th September, 1977 the Council had a second thought. Second thought in education, Sir, is probably the worst thing you can ever have. Children are not guineapigs. So, it is better to deliberate, take time, but never have second thought. Experience is very dear indeed and only fools will not learn it. In this second circular they said that students who had not offered any of the modern Indian languages as set forth in the Constitution of India as one of the languages, the first and second distinction having been removed, will not be eligible for taking alternative and English must continue. Nepali is not in the 8th Schedule. Therefore, any student who takes Nepali as the first language in the Madhyamik would qualify according to this alternative English and people whose mother tongue is like my own would not qualify because they do not speak Nepali. In fact, in my own community this is a problem facing those students from the hills who qualify but those from the plains do not qualify. One parent approached me and said, "Why don't you do something about this ?" I said, "No, we shall study Bengali. It is our duty here as a citizen or as a resident

of this state—many of us are living here for generation — to study the language." But then don't drive us out by fixing a syllabus which is totally outside the environment of the people who do not belong to the state, that is totally outside the comprehension of the people. What is the use of studying History of 14th and 15th century Bengali literature in plus 2? It is totally illogical. It is more so since there is no follow up later. What is the use of studying for us poems of the Vaisnava Padavati all in Brojobashi or Brojobuli ? That makes no meaning. We want to learn a language to communicate with the world and human beings in every day life. It is a language of communication and not of literature, and I say this is not my point of view; I say this also for other students. Why should we bog down to Wordsworth, Shelley and Keats? Because ours is perhaps one of the few places which teaches a language in such a way that no one can speak it. Therefore, I urge you, Sir, that in the reconstituted Council and the newly constituted Board, in the rethinking on the syllabus, I beg of you to take your time and to take into consideration all the various communities that till now have harmoniously studied, worked, lived, and died here; otherwise, I am afraid, the spontaneity with which we want to learn a language will never come—you will drive the people away from learning this language which we want because it is put in at a level and for a purpose which is not utilitarian.

[4-25 - 4-35 P.M.]

I now just like to mention one or two other small points and that is the big gap in the educational system. We have a Secondary Board and we have a Council—two autonomous Bodies. There should be, in the framing of the syllabus, some sort of uniformity, some sort of getting together. Retain your autonomy, we are not saying, "No", but the syllabus must be an integrated syllabus and we di not want jumping from one gap to another. Criticisms are made that this is too difficult, arbitrarily made, forgetting that the move will lead you to something else which has no meaning. The trouble with the lot of our present day education is that it covers a very very wide ground but it cultivates very very little. Education means developing the mind and not stuffing the memory.

And one last thing, and that is, I would like to congratulate the people concerned in the very timely holding of examinations. But I have one more suggestion particularly at X and XII examination stages, and that is, if it is possible to bring this forward to fit in with the rest of the country. Many of our boys and girls do not get admission outside

the state because those two examinations, for instance, plus 2 examination, are held later than others and the results naturally come out later. We should try to fit in with the rest of the country. Educational levels are creating a class structure as the vertical stratification of society. Let us, therefore, fit in bearing in mind not only the majority but the small voice of the minority. Thank you.

**শ্রী বিনয়কুমার বিশ্বাস :** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষা বিভাগের মন্ত্রী মহোদয় এবং প্রাথমিক শিক্ষা বিভাগের মন্ত্রী মহোদয়, যে বাজেট এখানে উপস্থিত করেছেন আমি সমর্থন করি এবং সমর্থন করে আপনার অনুমতি নিয়ে দু চারটি কথা বলতে চাই। এখানে বামফ্রন্ট সরকার আসার পরে শিক্ষা সংক্রান্ত যে সব নীতি অনুসৃত হচ্ছে তার সম্পর্কে অনেক আলোচনা হয়েছে। আমি পশ্চিম বঙ্গের কনিষ্ঠতম একটা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সেই হিসাবে গত ১০/১৫ বছর ধরে শিক্ষার সঙ্গে যুক্ত আছি, তাই শিক্ষা সম্পর্কে দুই একটি কথা বলা প্রাসঙ্গিক বলে মনে করি। আমি প্রথমে মাননীয় মন্ত্রীদ্বয়কে ধন্যবাদ দিই একটি কারণে। বিভিন্ন শিক্ষা কমিশন শিক্ষা সংক্রান্ত যে বিভিন্ন রিপোর্ট দিয়েছেন তাতে একটা কথাই বলা হয়েছে এটা দেখা গিয়েছে যে শিক্ষা সংক্রান্ত ব্যাপারে ব্যর্থতা দেখা দিয়েছে, সাক্ষরতা শতকরা ৩০ এর বেশি তুলতে পারেননি। আমি এই সভায় বলতে চাই যে এই সরকার আসার পরে প্রথম শিক্ষার ব্যাপারে বাজেটে ৩৯-৫ ভাগ অর্থ বরাদ্দ করেছেন প্রাথমিক শিক্ষার জন্য। প্রাথমিক শিক্ষার প্রতি যে বামফ্রন্ট সরকার গুরুত্ব আরোপ করেছেন, এটাই তার প্রমাণ।

আগের বাজেটগুলি পর্যালোচনা করলে দেখা যাবে সেখানে পারসেন্টজ অব অ্যালোকেশন কি রকম হয়েছে। সেখানে যে টাকা বরাদ্দ করা হয়েছে তার শতকরা হার কলেজীয় শিক্ষা, বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেই বেশি হয়েছে। অর্থাৎ এই দুটি ক্ষেত্রে বেশি গুরুত্ব আরোপ করা হয়েছিল। কিন্তু বর্তমানে আমরা তুলনামূলক হারে দেখতে পাচ্ছি প্রথমেই আসছে প্রাথমিক শিক্ষা, তারপরে মাধ্যমিক শিক্ষা। বরাদ্দ ভাগের মধ্যে শতকরা ৩৫.৭ ভাগ। আর ইউনিভার্সিটি, কলেজ এডুকেশানকে গুরুত্বের দিক থেকে অর্থাৎ প্রায়রিটির দিক থেকে তৃতীয় স্থানে নিয়ে যাওয়া হয়েছে। সুতরাং এই বাজেট বরাদ্দের পিছনে একটা সুনির্দিষ্ট শিক্ষা নীতি আছে বলে আমি মনে করি এবং এই বলিষ্ঠ নীতি নেওয়ার জন্য মাননীয় মন্ত্রীদ্বয়কে আবার ধন্যবাদ জানাচ্ছি। আমি একটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সঙ্গে যুক্ত আছি। এখানে অনেক বক্তা বলেছেন শিক্ষা প্রতিষ্ঠানের স্বাধিকার হরণ করা হয়েছে, অটোনমি কেড়ে নেওয়া হয়েছে। সেই অটোনমির যুগে আমরা কি ভাবে ছিলাম সেই বিষয়ে আমার দু একটি অভিজ্ঞতার কথা এখানে বলছি। ১৯৭০/৭১ সালে শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য চলেছিল। তখন একজন দক্ষ প্রশাসক মিঃ কে. সেনের নাম নিশ্চয় শুনে থাকবেন, যিনি তৎকালীন সরকারের বিভিন্ন বিভাগে বহু দায়িত্বপূর্ণ কাজের ভার পেয়েছিলেন, তাকে বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যানসেলার বা উপাচার্য করে পাঠান হল। আজকে স্বাধিকার কেড়ে নেওয়া হয়েছে বলে যারা বারে বারে বলছেন, সেই সময় কি রকম স্বাধিকার ছিল সেটা একটু শুনুন। সেই সময় আমরা যারা অধ্যাপনার কাজ, গবেষণার কাজ করছিলাম তার দু একটি নমুনা আপনার সামনে তুলে ধরছি। ৩ বছর আমরা কোন লাইব্রেরীর বই পাইনি। পোস্ট গ্রাজুয়েট ক্লাস স্নাতকোত্তর বই ছাড়া আমাদের চলতে হয়েছে।

কলেজ আমলে আমরা যে নোট করেছিলাম, ব্যক্তিগত কালেকশন যেসব ছিল তার মধ্যে আমাদের পাঠ্যক্রম চালনা করতে হয়েছিল, অথচ লক্ষ লক্ষ টাকা ইউ. জি. সি. থেকে আমাদের দেওয়া হয়েছে। সেই টাকার হদিশ আজও পাওয়া যায় নি। ৩ বছর ক্যাশ বুক লেখা হয়নি এবং লাইব্রেরীর টাকা, রিসার্চের টাকা, আনুষঙ্গিক ইকুইপমেন্টের টাকা, লেবরেটরি গ্র্যান্টের টাকার হদিশ পাওয়া যায় নি। আমাদের ক্রমান্বত দাবির কাছে নতি স্বীকার করে ভাইসচ্যানসেলার যে বাজেট দিয়েছিলেন তাতে দেখা গেল প্রারম্ভিক তহবিল অর্থাৎ ওপেনিং ব্যালান্সে ২৮ লক্ষ টাকার গন্ডগোল। ব্যাঙ্ক বলছে তাদের কাছে ৪২ লক্ষ টাকা থাকার কথা ইউনিভার্সিটি ফান্ডে, কিন্তু ইউনিভার্সিটি অ্যাকচুয়াল ফান্ডে তার থেকে অনেক কম ছিল। সুতরাং সেটার যেন বাজেট উইথড্র করা হয়, তারপর আর বাজেট হয়নি। আমরা বহুবার কর্তৃপক্ষের কাছে আবেদন নিবেদন করেও কিছুই প্রতিকার পাইনি। তদানীন্তন কংগ্রেস সরকারের যিনি প্রধান ছিলেন তাঁর কাছে আমরা শিক্ষক সংস্থার পক্ষ থেকে যখন প্রতিবাদ জানাতে গিয়েছিলাম তখন ৪জন শিক্ষক পুলিশ কর্তৃক অ্যারেস্টেড হন। একজন শিক্ষক তিনি তদানীন্তন সরকারের অর্থনীতির সমালোচনা করে একটি প্রবন্ধ লিখেছিলেন এই অপরাধে তাকে ১০ দিন লালবাজারে হাজতবাস করতে হয়। পরীক্ষার সময় গণ-টোকাটুকির দাবিকে রাজনৈতিক প্রশ্রয়পুষ্ট করে আরো বর্দ্ধিত করা হয়েছিল। এই গণটোকাটুকি বন্ধ করতে গিয়ে আমরা অ্যাসলটেড হয়েছি, প্রহৃত হয়েছি। ১৯৭৪ সালে আমাদের বিশ্ববিদ্যালয়কে দু ভাগে ভাগ করা হয়। একটি কৃষি বিশ্ববিদ্যালয়, একটি সাধারণ বিশ্ববিদ্যালয়। কৃষি বিশ্ববিদ্যালয় আমাদের পাশেই ছিল। সেখানে আমরা দেখেছি স্টুডেন্ট ইলেকশন কন্ডাক্ট করার জন্য মাননীয় মন্ত্রীরা উপস্থিত থেকে বিপক্ষ ছাত্রদের একটি ঘরে তালাবন্ধ করে আটকে রেখেছিলেন যাতে করে অন্য পক্ষের ছাত্ররা ইলেকশনে অংশ গ্রহণ করতে না পারে।

৩০ লক্ষ্য টাকা একটা ফার্মকে দেওয়া হয়েছে তার নাম হচ্ছে অ্যাসোসিয়েটেড ডিজাইন অ্যান্ড সলিসিটিং গ্রুপ শুধু একটা ইউনিভার্সিটির বিল্ডিংয়ের নক্সা করতে। এর বিস্তারিত বিবরণ অডিট রিপোর্টে দেওয়া আছে আমি উচ্চ শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব তিনি সেটা যেন দেখেন। এ ছাড়া আরও অনেক আন অথরাইজড এক্সপেন্ডিচার তিনি করেছেন। আপনারা বলছেন আজকে অটোনমি চলে গেছে। আজকে ইউনিভারসিটি কাউন্সিল ভেঙ্গে দিয়ে নূতন যে কাউন্সিল করেছেন দুটি ইউনিভারসিটিতে তার জন্য দলমত নির্বিশেষে সকলেই সেটা স্বীকার করেছে এবং এর জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। এর জন্য আজকে সকলেই দু হাত তুলে সাধুবাদ জানাচ্ছে। আজকে দু তিন বছর পরীক্ষা পিছিয়ে গিয়েছিল সেটা আমরা এগিয়ে নিয়ে আসছি। আপনারা আসুন আমি দেখিয়ে দেব দুই আমলের কাজের কি তফাৎ। আমার দ্বিতীয় প্রশ্ন অনেক মাননীয় সদস্য এখানে ভাষা সম্পর্কে বলেছেন। মাতৃভাষায় শিক্ষা সেটা নাকি রামমোহন রায় রবীন্দ্রনাথ বিদ্যাসাগর চান নি। বিদ্যাসাগরই প্রথম সংস্কৃত থেকে বাংলা ভাষা দিয়ে সংস্কৃত ব্যাকরণ তৈরি করেছিলেন। তিনি প্রথম বর্ণবোধ বাংলা ভাষা দিয়ে রচনা করে প্রাতঃস্মরণীয় হয়ে আছেন। রবীন্দ্রনাথ প্রথম যখন শান্তিনিকেতন প্রতিষ্ঠিত করেন তখন তিনি একটি বিরাট চিঠি লেখেন তাতে তিনি বলেছিলেন যে সেটা প্রথম দরকার সেটা হচ্ছে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দানের ব্যবস্থা করা। রামমোহন রায় ইংরাজী শিক্ষার বক্তব্য বিষয়গুলি বাংলা ভাষায় ব্যবহার করতে বলে গেছেন। কেন তিনি একথা বলেন নি যে

মাতৃভাষায় শিক্ষা দেওয়া হবে না। যে কোন দেশই হোক সে সমাজতান্ত্রিক দেশ হোক বা অন্য কোন উন্নত দেশই হোক যে ওয়েস্ট জার্মানী, ফ্রান্স, জাপান সকল দেশেই আজকে উচ্চ শিক্ষা মাতৃভাষায় পড়াশুনা হচ্ছে। আর আমরা স্বাধীনতার ৩৩ বছর পরেও তার গবেষণা শুরু করব না? তাহলে আমরা কবে করব এটাই হল আজকে বিচার্য বিষয়। মাধ্যমিক স্তরে সিলেবাস কমিটি এই বামফ্রন্ট সরকার করেছেন এবং তার পর্যালোচনা করার জন্য State Council for education, research and training নামে একটা সংস্থা করেছেন। তার জন্য আমি আবার তাঁকে ধন্যবাদ জানাই। আমি মনে করি উপযুক্ত কাজ হয়েছে। পরিশেষে আমি প্রাইমারী এডুকেশন সম্পর্কে একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। আজকে সব স্তরের শিক্ষকদের কিছু কিছু উন্নতি হয়েছে তাদের বেতনের ব্যাপারে একটা সুষ্ঠু ব্যবস্থা হয়েছে। কিন্তু প্রাথমিক শিক্ষকদের সেই ১৯৬৫ সাল থেকে যে পেনসনের ব্যবস্থা চালু আছে সেটা এখনও পর্যন্ত কার্যকরি হয় নি। তারা সব আমাদের বলে। এ সম্পর্কে একটা কার্যকরি ব্যবস্থা নেওয়া দরকার। এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রীদ্বয় শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন এবং যে বক্তব্য রেখেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমি শিক্ষা মন্ত্রীগণের বাজেট বক্তৃতা শুধু সমর্থন করি না আমি বলি তাঁরা যে বাজেট বক্তৃতা রেখেছেন এবং যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন তার মধ্য দিয়ে বর্তমান বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতির প্রতিফলন ঘটেছে একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন স্বাভাবিকভাবে আমরা দেখতে পাচ্ছি। আমি বলতে চাই যে এই বাজেট বরাদ্দের দাবি এবং পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতি শুধু পশ্চিমবাংলায় নয় সারা ভারতবর্ষের ইতিহাসে একটা নূতন অধ্যায়ের সূচনা করবে।

স্যার, আপনি জানেন আমরা যখন নিখিলবঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে দাবি তুলি কেন্দ্রীয় বাজেটের শতকরা ১০ ভাগ শিক্ষা খাতে রাখতে হবে, ঠিক সেই সময়ে পশ্চিম বাংলার বর্তমান সরকার মোট বাজেটের শতকরা ৩৫ ভাগ টাকা শিক্ষা খাতে ব্যয় করছেন। আমি জানি না ভারতবর্ষের আর কোনো রাজ্য এই ব্যবস্থা সৃষ্টি করতে পেরেছে কিনা। সেই জন্য আমি বলছি যে, বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতি একটা ইতিহাস রচনা করছে।

স্যার, আরো কতগুলি বিষয় এখানে বিশ্লেষণ করা প্রয়োজন। স্বাধীনোত্তর ভারতবর্ষে জাতীয় শিক্ষা ব্যবস্থা চালু করার নাম করে যে সমস্ত কান্ড ঘটেছে সেগুলিও একটু বিশ্লেষণ করা প্রয়োজন। একটার পর একটা কমিশন হয়েছে। ১৯৪৮ সালে প্রথম রাধাকৃষ্ণণ কমিশন বিশ্ববিদ্যালয় সম্পর্কে তাঁদের সুপারিশ পেশ করেছিলেন। তারপর ১৯৫২ সালে মুদালিয়ার কমিশন, যাকে মাধ্যমিক শিক্ষা কমিশন বলা হয়, সেই কমিশন হয়েছিল। আবার ১৯৫৪ সালে, অর্থাৎ তার দু বছর পরে পশ্চিম বাংলায় পে-কমিশন হয়েছিল। এই পে-কমিশন হওয়ার পিছনে যুক্তি ছিল, কি করে মুদালিয়ার কমিশনের সুপারিশগুলি পশ্চিমবাংলায় কার্য্যকরি করা যায় তার জন্য। তারা শিক্ষকদের কাছ থেকে এবং নানারকম শিক্ষক ও শিক্ষা কর্মীদের কাছ থেকে এবং তাদের সমিতিগুলির কাছ থেকে মতামত গ্রহণ করেছিল। কিন্তু আমাদের অভিজ্ঞতা ছিল, তাই আমরা নিখিলবঙ্গ শিক্ষক সমিতি পে-কমিশনের সামনে হাজির হইনি, হওয়ার প্রয়োজনও হয়নি। তারপর ১৯৬২ থেকে ৬৪ পর্যন্ত কোঠারী কমিশন হয়েছিল। এ

ছাড়াও আরো কমিশন হয়েছে, সবগুলির আমি আর নাম করছি না। সুতরাং জাতীয় শিক্ষার নাম করে একটার পর একটা কমিশন পূর্বেকার সরকার তথা কেন্দ্রীয় সরকার করেছিলেন এবং এর জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করেছেন, অথচ তাদের সুপারিশগুলি কখনই কার্যকরি করবার চেষ্টা করেননি। আমি ব্যক্তিগত ভাবে মনে করি না যে, ঐ কমিশনের সুপারিশগুলি কার্যকরি করলেই জাতীয় শিক্ষা ব্যবস্থা গড়ে উঠতে পারত। কিন্তু মুদালিয়ার কমিশন বা যাকে আমরা মাধ্যমিক শিক্ষা কমিশন বলি সেই কমিশনের কিছু কিছু সুপারিশ যদি কার্যকরি করা হ'ত তাহলে আজকে অবস্থার এত অবনতি হ'ত না। জাতীয় শিক্ষা ব্যবস্থা গড়ে না উঠলেও অন্তত তার একটা ইঙ্গিত পাওয়া যেত। কিন্তু ওঁরা তা করেননি। ঐ মাঝখান থেকে খানিকটা, প্রথম থেকে খানিকটা, শেষ থেকে খানিকটা, এইভাবে নিয়ে কার্যকরি করবার চেষ্টা করতে গিয়ে যে অবস্থা হয়, সেই অবস্থা হয়েছে। জাতীয় শিক্ষা ব্যবস্থা কোথায় গেল? আমাদের বলতে লজ্জা হয় যে, আজকে স্বাধীনতার ৩০/৩২ বছর ধরে এখনো সেই ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার জোয়াল টেনে চলেছি। আজও আমাদের সমাজে যে ইংরাজী জানেনা তাকে লেখাপড়া জানেনা বলা হয়। ঔপনিবেশিক শিক্ষার এটাই ফল। প্রায় ২০০ বছর আমরা ইংরাজ শাসনের অত্যাচারের মধ্যে ছিলাম, যার ফলে আমরা মনে করি যে, ইংরাজী যারা জানেনা তারা লেখাপড়া জানেনা। আলজেরিয়া ফ্রান্সের একটা ঔপনিবেশ ছিল, ফলে আলজেরিয়ানরা ভারত ফরাসী না জানলে লেখাপড়া জানা হয় না। এসব ঔপনিবেশিক শিক্ষার ফল। আজকে সোহোরাব সাহেব এবং দেবপ্রসাদবাবু শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত থেকেও ঐ জাতীয় বক্তব্য রেখে গেলেন। সোহোরাব সাহেব একজন প্রধান শিক্ষক, আমি তাঁর কাছ থেকে আশা করেছিলাম যে, উনি আধুনিক শিক্ষা ব্যবস্থা সম্পর্কে এবং মনোবিজ্ঞান সম্পর্কে ওঁর যা জ্ঞান সেটা এখানে প্রকাশ করবেন।

[4-45 – 4-55 P.M.]

ইংরাজী ভাষা সর্ম্পকে ওনারা বললেন পঞ্চম শ্রেণী পর্যন্ত ইংরাজী ভাষা তুলে দিয়ে অপরাধ মূলক ব্যবস্থা হচ্ছে। আমি বলছি, এটা কোথায় আছে? কোন দেশে আছে যে প্রাথমিক শিক্ষায় দুটি ভাষায় শিক্ষা গ্রহণ করতে হবে? হান্টার কমিশনের রিপোর্ট দেখেছিলাম তিনি সেটা উপলব্ধি করতে পেরেছিলেন কিন্তু আমরা ১০০ বছরেও পারিনি। তিনি বলেছিলেন, প্রাথমিক বিদ্যালয়ে মাতৃভাষা ছাড়া চলবে না। আজকে দেবপ্রসাদ বাবু ক্লাস টু, ক্লাস থ্রির বাচ্ছা বাচ্ছা ছেলে-মেয়েদের নিয়ে এসে বলছেন ওরা ইংরাজী শিক্ষা করতে চায়। আমরা যারা শিক্ষা প্রতিষ্ঠানের সাথে জড়িত আছি আমরা জানি, ইংরাজী কেউই পড়তে চায় না। ওরা বলেছেন, ক্লাস সিক্স থেকে যদি এ. বি. সি. ডি. শেখে তাহলে ক্লাস টেনে গিয়ে তারা কি শিক্ষা লাভ করবে। আমি বলছি, এটা বয়সের ব্যাপার আছে, অভিজ্ঞতার ব্যাপার আছে, পরিচিতির ব্যাপার আছে। প্রাথমিক বিদ্যালয়ে দুটি ভাষায় পড়াতে গেলে যে অসুবিধার সৃষ্টি হয় সেই অসুবিধার পরিবর্তন করা হয়েছে। ইংরাজী তুলে দেওয়ার ফলে কোন অসুবিধা নেই, যদি একেবারে তুলে দেওয়া যেত তাহলে আমি মনে করি খুব ভাল হত। কিন্তু উপায় নেই, এখন সেই নেহেরু ফরমুলা হিন্দী ভাষা আর ইংরাজী ভাষা। ক্লাস টেন, ক্লাস ইলেভেন, ক্লাস টুয়েলভ এই সমস্ত ক্লাসে ইংরাজী ভাষা আছে। সুতরাং এখানে দেবপ্রসাদ বাবু অসত্য কথা বলে গেলেন যে, বামফ্রন্ট সরকার ইংরাজী তুলে দিয়েছেন। ওরা এই রকমই প্রচার করেন,

আমি বলছি, তুলে দিলে ভাল হত। আজকে জাতীয় শিক্ষা ব্যবস্থায় যে অবস্থা হয়েছে তার ফলশ্রুতি আমরা ভোগ করছি। কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে সুভাষ বাবু বলেছেন ষোল কলা পূর্ণ হলো ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কলকাতা বিশ্ববিদ্যালয়ের চতুর্দিকে সমাজ বিরোধীদের, মস্তানদের আড্ডাখানা ছিল এবং পঠন-পাঠন পরিচালনার সঙ্গে যারা যুক্ত তাদের একটা অংশ এইসব মস্তান এবং সমাজ বিরোধীদের সঙ্গে মিলে একটা চক্র গড়ে তুলেছিল। আমরা জানি, এই চক্র এমন কোন কাজ নেই যে তারা করেনি। মাঝে মাঝে নিজেরাই বোমা বাজি করতো, কোনদিন আমি দেখেছি, কলেজস্ট্রিট অবরোধ করা হত, সি. আর. পিরা ঐ ইউনিভার্সিটির গেট আটকে দাঁড়িয়ে থাকত কাউকে ঢুকতে দিত না। আজকে এই অবস্থার অপমৃত্যু ঘটেছে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার অবস্থা থেকে আজকে মুক্ত করেছে ছেলেদের এবং অবিভাবকদের।

সেইজন্যই আজ তাদের গাত্রদাহ। আমরা জানি বাইরের সমাজ যেভাবে চলবে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে তার প্রতিফলন দেখা যাবে। ৭২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত যে অবস্থা চলছিল তার প্রতিফলন মাধ্যমিক, প্রাথমিক ও বিশ্ববিদ্যালয়গুলিতেও দেখা দিয়েছিল। একটা অব্যবস্থার দুর্নীতি যেখানে চলছিল সেখানে কলেজ, স্কুল, বিশ্ববিদ্যালয়গুলি সুন্দর হবে তা হয় না। কিন্তু আজকে সে অবস্থা নেই, যার ফলে পঠন পাঠন ১৬ আনা ভাবে ঠিক চলছে তা নয়, তবে অনেকখানি ঠিকভাবে চলছে। আজকে মস্তানদের কোন অত্যাচার নেই, কলেজের প্রফেসর বা প্রিনসিপালদের কোন মর্যাদা দেওয়া হত না। সেখানে মস্তানবাহিনী ঢুকে তাদের মারধর করে বার করে দিয়েছিল, তখন রামের পরীক্ষা শ্যাম দিয়েছে, শ্যামের পরীক্ষা রাম দিয়েছে এবং ৭২ সালের পরীক্ষা ৭৪ সালে এবং ৭৪ সালের পরীক্ষা ৭৬ সালে হয়েছে। মাধ্যমিক শিক্ষার আজ আর সে অবস্থা নেই। মাধ্যমিক শিক্ষকরা কোন দিন মনে করতেন না যে তাঁরা মাসে মাসে মাইনে পাবেন যা তাঁরা আজকে পাচ্ছেন। জুনিয়ার হাই স্কুলের শিক্ষকরা বেকার ভাতার মত ১০০ থেকে ১২৫ টাকা বেতন পেতেন কিন্তু তাঁদের লিখতে হত অন্যরকম। এখন তাঁরা পুরো বেতনই পাচ্ছেন এবং তারা মাসের ১,২,৩ তারিখের মধ্যেই পেয়ে যাচ্ছেন। এই ব্যবস্থায় সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান সমর্থন জানিয়েছে। সিলেবাসের যে পরিবর্তন হয়েছে এ কথা সোহরাব সাহেব জানেন না কিভাবে বললেন তা জানি। মাধ্যমিক সিলেবাসের পরিবর্তনের কথা সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানই জানেন। আরেকটি কথা বলেই শেষ করব, তা হচ্ছে সরকারি কর্মচারীর যেমন ১৫টাকা করে পেনসন বাড়ানো হয়েছে ঠিক সেইরকম অবসর প্রাপ্ত শিক্ষকদেরও ১৫ টাকা করে পেনসন যেন বৃদ্ধি করা হয়।

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** স্যার, আমি একটি কথা মাত্র বলতে চাই তা হল মাধ্যমিক শিক্ষকরা ১১ মাস ঠিক ঠিক ভাবে বেতন পাচ্ছেন কিন্তু মার্চ মাসের বেতন মে মাসে পাওয়া যায় সে বিষয়ে ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ করছি।

[4-55 – 5-05 P.M.]

**শ্রী পার্থ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা বাজেট বরাদ্দ পেশ করতে গিয়ে এখানে যে বিবৃতি রাখা হয়েছে সেই বিবৃতির উপর বিভিন্ন সদস্যের আলোচনা শোনবার পর আমার যেটা মনে হয়েছে সেটা আমি বলছি। আমরা বিবৃতিটা খুব সংক্ষিপ্ত ভাবেই দিয়েছি। এই

বিবৃতি নিয়ে অনেক দাবি করা হয়েছে। এই বিবৃতির মধ্যে আমরা যা করেছি বা করব তা বলা হয়েছে। এখানে মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা যেভাবে আলোচনা করলেন তাতে মনে হয়েছে তাঁরা এই বিবৃতির ধারে কাছে যান নি। এর থেকে এইরকম ধারণা হতে পারে যে এই সরকার শিক্ষা ক্ষেত্রে যে নীতি গ্রহণ করে ফেলেছেন তা খুব সম্ভব তাঁরা বুঝতে পারেন নি। এ ছাড়া এ বিষয়ে আর বলার কিছু নেই, কিন্তু তাঁরা যেন এই বিবৃতিটা অনুধাবন করার চেষ্টা করেন। আমরা কত বিদ্যালয় করার পরিকল্পনা নিয়েছি, কত করেছি, কত শিক্ষকের পদ সৃষ্টি করেছি, তার সংখ্যা দিয়ে দিয়েছি। আমরা বলেছি পশ্চিমবাংলায় বিগত দিনে কোন কালেই বিদ্যালয় ভবন নির্মাণের জন্য এক বছর এই রকম কাজ হয়নি। সেই জন্যই আমরা বলছি যে অনুধাবন করবার চেষ্টা করুন কি আমরা করেছি। আমরা যে করতে চলেছি তার মধ্যে যথেষ্ট গভীরতা আছে, ব্যাপ্তি আছে। বামফ্রন্ট সরকারকে আমরা সমর্থন করতে বলছি না কারণ বাইরে বেশির ভাগ লোক আমাদের সমর্থন করেন। সেইজন্য আপনাদের অনুরোধ করব আপনারা অনুধাবন করার চেষ্টা করুন। শিক্ষানীতির মূল কথা হচ্ছে বৈজ্ঞানিক এবং গণতান্ত্রিক পদ্ধতিতে শিক্ষাকে সর্ব স্তরের মানুষের কাছে পৌছে দেওয়া। মানুষকে শিক্ষা দেবার এই যে প্রচেষ্টা এটা ভারতবর্ষে আজ পর্যন্ত কোথাও হয় নি একমাত্র এই সরকারই ৩ বছর ধরে যা করছেন। সেইজন্য কত বিদ্যালয় দরকার, যারা বিদ্যালয়ে অংশ গ্রহণ করবে তাদের কি কি ভাবে সাহায্য করা দরকার, যাঁরা শিক্ষা দেবেন তাঁদের কিভাবে সাহায্য করা দরকার এবং এ সমস্ত পরিবারের সন্তান সন্ততিরা শিক্ষা নিতে আসবে তাদের জন্য কি কি ব্যবস্থা করা দরকার সেই দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা কাজ করে যাচ্ছি। এই কাজ করতে পারলে সত্যিকারের মানুষের উপকার হবে। সেইদিক থেকে এটা উপলব্ধি করবার প্রয়োজন আছে। অতএব এর মধ্যে যে একটা গভীরতা আছে আশা করি আপনারা সেটা উপলব্ধি করবেন। এর পর বিরোধী পক্ষের অত্যন্ত সম্মানিত সদস্যরা যেসব কথা বলেছেন সেসব নিয়ে বহুবার আলোচনা হয়েছে। হরিপদবাবু বললেন এখন শিক্ষা নিয়ে কেন পরীক্ষা নিরীক্ষা চলছে। শিক্ষিত মানুষ হিসাবে কিভাবে এই কথা তিনি বললেন তা জানিনা। সমাজকে এগিয়ে নিয়ে যেতে হলে শিক্ষা নিয়ে বার বার পরীক্ষা নিরীক্ষা হবে। আগে পরীক্ষা হত যাতে লোকেরা লেখাপড়া শিখতে না পারে কিন্তু এই সরকার শিক্ষাকে সংকোচন করতে চান না, সেইজন্যই শিক্ষার জন্য ব্যয় বরাদ্দ তা আমরা বৃদ্ধি করেছি এবং আমরা চাচ্ছি শতকরা ১০০ ভাগ লোকই লেখাপড়া শিখুক। এই কাজ করতে গেলে শিক্ষা নিয়ে পরীক্ষা নিরীক্ষা করতেই হবে। কি করে তাদের কাছে শিক্ষাকে গ্রহণযোগ্য করব সেই বিষয়ে নিশ্চয়ই পরীক্ষা-নিরীক্ষা করতে হবে। নিশ্চয়ই আমরা বলব না যে আমরা লেখাপড়ার জন্য স্কুল খুলে দিচ্ছি কিন্তু পাঠ্যসূচীর মধ্যে কোন পরিবর্তন আনছি না। সোহরাব সাহেব ইন্ডিয়া অ্যান্ড হার পিপল সম্বন্ধে বলেছেন, ইন্ডিয়া অ্যান্ড হার পিপলএ ৪/৫ টা জানলে আর শ্রীমতী ইন্দিরা গান্ধীর জীবনি জানলেই কি ইতিহাস ভূগোল সব জানা হয়ে গেল? শিক্ষা সংক্রান্ত বিষয়ে ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে গবেষণা হয়েছে। সেই সম্বন্ধে যাঁরা একটু খবর রাখেন তাঁরা কেউ একথা বলেন না যে শিক্ষা সংক্রান্ত বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা হবে না। জনগণের জীবনের সঙ্গে সঙ্গতি রেখে, তাদের আশা-আকাঙ্ক্ষার সঙ্গে সঙ্গতি রেখে পৃথিবীর শিক্ষা সম্পর্কে যেসব জাতি অগ্রগতিলাভ করেছে তাদের অভিজ্ঞতা নিয়ে আমাদের ভারতবর্ষের মাটিতে আমাদের সেটাকে চালু করতে হবে, তাকে প্রয়োগ করতে হবে, এবং আমাদের

সমাজে সেটার প্রতিফলন হবে, শুধু কিছু লোককে অর্থ পাইয়ে দিলে হবে না। আমাদের বামফ্রন্ট সরকারের শিক্ষার দুটো দিক আছে—একটা দিক হচ্ছে তার ইনফ্রাস্ট্রকচার তৈরি করা, তারজন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি। আমরা যারা এই শিক্ষা গ্রহণ করব সেই পরিবারগুলির সমস্ত সন্তান-সন্ততিদের ইনসেনটিভ দিচ্ছি, আর একটা দিক হচ্ছে শিক্ষার গুণগত পরিবর্তন। যা বৈজ্ঞানিক, যা গ্রহণযোগ্য, যা সহজ লভ্য তারজন্য আমরা চেষ্টা করছি। আমাদের যে কাজ এই কাজের মধ্যে কোন রকম ইনকন্সিসটেন্সি নেই, কন্সিসটেন্ট, একটার সঙ্গে একটা যুক্ত। যে কারণে প্রাথমিক বিদ্যালয়ের ছেলেদের খাবার দেওয়া হচ্ছে সেই একই কারণে প্রাথমিকের যে সিলেবাস সেই পাঠ্যসূচীও আনা হচ্ছে এবং সেই একই কারণে বোর্ড অধিগ্রহণ করা হবে না কেন? সেইজন্য বোর্ডকে অধিগ্রহণ করা হয়েছে এবং বোর্ডকে অধিগ্রহণের ২ বছরের মধ্যে পশ্চিমবঙ্গে ভাল কাজ হয়েছে। অধিগ্রহণের পর আমাদের যে নতুন কর্মসূচী সেই অনুসারে কাজ করেছেন, ঠিক সময়ে ফল বের করেছেন, নতুন পাঠ্যসূচী অনুযায়ী যাতে শিক্ষা দিতে পারে তারজন্য শিক্ষণ শিক্ষার ব্যবস্থা করেছেন। সাথে সাথে গণতন্ত্রীকরণ করা হয়েছে, সেই গণতন্ত্রীকরণ আইন অনুযায়ী বোর্ড গঠিত হয়েছে যাতে বিরোধী দলের সদস্যদেরও মনোনীত করা হয়েছে। আমরা ভাল কাজ করব, সেজন্য আপনাদের বিভিন্ন জায়গায় বিভিন্ন কমিটিতে নিয়েছি। সুতরাং গণতন্ত্রের নাম করে আমরা চেষ্টা করব মানুষ লেখাপড়া শিখুক অথচ পুরানো পদ্ধতিতে চলতে থাকব এটা হতে পারে না। একটা নতুন সরকার একটা নতুন পদ্ধতিতে চলতে চাইছে, তার মানে এই নয় যে গণতন্ত্রে আমাদের বিশ্বাস নেই, গণতন্ত্রে আমাদের গভীরতর বিশ্বাস আছে, তাকে কার্যকরি করবার আমরা চেষ্টা করছি, তারজন্য মাঝে মাঝে খটকা লাগছে। পুরানো ব্যবস্থার মধ্যে অভ্যস্ত হওয়ায় তাঁদের খটকা লাগবে। আমি অর্গানাইজার টিচার সম্বন্ধে আলোচনা করব না, অনেক আলোচনা হয়ে গেছে, এই বিষয়ে নতুন করে বলার কোন অবকাশ নেই। আর একটা হচ্ছে দলবাজি, অনেক আলোচনা হয়ে গেছে, আমি এই আলোচনার মধ্যে যেতে চাই না, কোন প্রয়োজন আছে বলে মনে করি না। আর একটা বিষয় যদিও এটা বহুবার আলোচিত হয়েছে তবুও মনে করি আবার এর জবাব দেওয়ার দরকার আছে, সেটা হচ্ছে স্কুল সম্বন্ধে এস ইউ সি'র একজন সদস্য বললেন। তিনি অনেক কথা বলার পর সভা ছেড়ে চলে গেলেন, উত্তর শোনার তাঁর প্রয়োজন হল না। কিন্তু যেহেতু বারে বারে বিভিন্ন সদস্য এই প্রশ্ন তুলেছেন সেজন্য তাঁদের কোথায় অসুবিধা সেটা বলছি। আমাদের পশ্চিমবঙ্গে প্রধানত দুই রকমের বিদ্যালয় আছে—এক ধরনের বিদ্যালয়কে বলা হয় পাবলিক স্কুল অর্থাৎ ইংলিশ মিডিয়াম স্কুল, আর এক ধরনের বিদ্যালয় আছে যাকে বলা হয় কমন স্কুল বা সাধারণ বিদ্যালয়। এস. ইউ. সি দলের বহু বিষয়ে অভিজ্ঞ এবং বহু বিষয়ে জ্ঞানী সদস্য আছেন। তাঁদের অসুবিধা হচ্ছে এখানে যে তাঁদের ধারণা হয়ে গেছে। আমাদের সমাজে এই রকম হীনমন্যতা কোথাও কোথাও আছে, যে সাধারণ বিদ্যালয়গুলি পাবলিক স্কুল থেকে নিকৃষ্ট ধরনের স্কুল।

[5-05 – 5-15 P.M.]

এটা হচ্ছে তাঁদের একটা হীনমন্যতা, এটা তাঁদের বিসর্জন দেওয়া উচিত। তাঁদের ধারণা হল পাবলিক স্কুলের অনুকরণ করা হচ্ছে কমন স্কুলের কাজ। তাঁদের ধারণা হল, সাধারণ

বিদ্যালয়ের কাজ হচ্ছে ইংলিশ মিডিয়াম স্কুল বা পাবলিক স্কুলের অনুকরণ করা। আমি বলি আপনাদের এই ধারণা চিরদিনের জন্য বিসর্জন দিন। পাবলিক স্কুলের একটা আলাদা দর্শন আছে। আদর্শ আছে যেটা এক সময় বিলেতে তৈরি হয়েছিল। কমন টাইপ অব স্কুলের আর একটা দর্শন আছে। পাবলিক স্কুলকে অনুকরণ করা প্রাইভেট স্কুলের কাজ নয়। পাবলিক স্কুলে যেভাবে ভাষা শিক্ষা দেওয়া হয়, যেভাবে বিষয়বস্তু শেখান হয় তাতে পাবলিক স্কুলের যাঁরা সর্ববৃহৎ সমর্থক তাঁরাও বলছেন,পাবলিক স্কুলের কাজ হল কিছু হাই—ব্রো—কিছু উন্নাসিকমনা ব্যক্তি তৈরি করা যাহারা কোন কোন ব্যাপারে দক্ষ। এটা আমার নিজের কথা নয়। সমাজের সঙ্গে যুক্ত, জ্ঞান বিজ্ঞানে অভিজ্ঞ এরকম লোকের আমাদের দরকার এবং সেইজন্য আমাদের ভাষার প্যাঠান হবে ডিফারেন্ট। কমন স্কুল এবং সাধারণ বিদ্যালয়ে ভাষা শিক্ষার পদ্ধতি আলাদা। ভাষা শিক্ষা সম্বন্ধে উনি বললেন, "ভাষা ছাড়া জীবনে কি আছে"। এরকম একটা ভাব। আগে আমাদের যে ম্যাট্রিকুলেশন পরীক্ষা ছিল তাতে ৮০০ নম্বরের পরীক্ষা হত এবং তার মধ্যে ২৫০ নম্বর ছিল ইংরেজী, ২০০ নম্বর বাংলা, ১০০ নম্বর সংস্কৃত, ইতিহাস ১০০ নম্বর, অঙ্ক ১০০ নম্বর এবং ভূগোল ৫০ নম্বর। ভাষায় একেবারে সর্বজ্ঞ হয়ে গিয়েছিল, সমস্ত দেশে বলিষ্ঠ নাগরিক সব তৈরি হয়েছিল। তারপর ভাষাকে কমিয়ে দেওয়া হল। কিছু তফাৎ আছে? এত ভাষা শিখিয়ে কি হবে? এখন প্রশ্ন হল ভাষা শিক্ষার মূল কথা কি? ভাষা শিক্ষার মূল কথা হল, একটা ভাষাকে অবলম্বন করে শিশু, কিশোর তার বিকাশ লাভ ঘটাবে এবং আর একটা বা দুটো ভাষা শিখে অপরাপর ভাষা থেকে জ্ঞান অর্জন করবে যোগাযোগ রাখার জন্য। শিক্ষা বিজ্ঞানে বলা হয়েছে একটা হচ্ছে প্রথম ভাষা এবং আর একটা হচ্ছে দ্বিতীয় ভাষা। দ্বিতীয় ভাষা হচ্ছে, একটা বিষয় শিখবে তবে সেটা ভাষা হিসেবে নয়। কাজেই ভাষা শিক্ষার উপর যদি জোর দিতে হয় তাহলে সেটা হচ্ছে প্রথম ভাষা। যদিও বা মাতৃভাষা বা আঞ্চলিক ভাষার উপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে। এটা হচ্ছে ভাষা বিজ্ঞানের কথা, সি পি আই (এম) বা বামপন্থী দলের কথা নয়। কমিশনের বইগুলো পড়লেই তো এসব জানতে পারেন। এটা আমাদের দেশে হয়েছে এবং দেশের বাইরেও অনেক কিছু হয়েছে। তারপর, অনেকের একটা ধারণা আছে ভাষা শিক্ষার বয়স হচ্ছে ওয়ান, টু, থ্রি, ফোর—এরপর আর ভাষা শিখতে পারবেনা। যাঁরা ভাষা শিক্ষা নিয়ে গবেষণা করেছেন আমাদের দেশে এবং বাইরে তাঁরা বলেছেন একটি হচ্ছে প্রথম ভাষা শিক্ষা এবং আর একটা হচ্ছে দ্বিতীয় ভাষা শিক্ষা। কোন বয়সটা ভাষা শিক্ষার উপযোগি বয়স সে সম্বন্ধে তাঁরা বলেছেন একটি শিশু যত তাড়াতাড়ি ভাষা শিখতে পারবে একজন বয়স্ক লোক তার চেয়ে বেশি তাড়াতাড়ি শিখতে পারবে। তবে বিশেষ করে শিশু যে তাড়াতাড়ি এবং সহজে রপ্ত করতে পারে তার কারণ হচ্ছে শিশু তাড়াতাড়ি প্রনানসিয়েশন রপ্ত করতে পারে এবং তার প্রনানসিয়েশন দেখে মনে হয় সে যেন খুব তাড়াতাড়ি ভাষা শিখছে। কিন্তু আসলে তা নয়। আমাদের ভিত্তি হচ্ছে আমরা প্রাথমিক স্তরে যত শিশু পাব তাকে সমান ৪ ভাগে ভাগ করব। এক ভাগে মাতৃভাষা শিখবে, একভাগে গণিত শিখবে, একভাগ জ্ঞান বিজ্ঞানের সঙ্গে পরিচিত হবে, একভাগ শরীর তৈরি করবার জন্য খেলাধুলা করবে এবং ১ ভাগ শারীরিক শ্রমের সঙ্গে যুক্ত থাকবে। তাহলে কোন ভাগে আমরা ইংরেজীকে দেব এবং কেনই বা দেব? শিক্ষাবিজ্ঞান বলছে যে দশ বছরে যেটুকু ইংরাজী জ্ঞান আয়ত্ব করতে পারবে, সাত বছরেও তাই পারবে। বরঞ্চ ভাল পারবে। তবে আমি বলব মিঃ

ওব্রায়েন যা বলেছেন আমি অনেক বিষয়ে তাঁর সঙ্গে একমত হব। ভাষা শিক্ষার যে পাঠ্যসূচী আছে, তাকে পরিবর্তন করতে হবে। ভাষাকে প্রাধান্য দিতে হবে, ভাষার ব্যবহারকে প্রাধান্য দিতে হবে। কিছু কিছু সাহিত্য উদ্ধার করে এনে ছেলেমেয়েদের মাথায় ঢুকিয়ে দিলে হবে না। এটা যথেষ্ট হবে না। যদি কোনদিন সে রকম অবকাশ হয়, আমি দেখাতে পারি, এই ইংরাজী শিক্ষাকে নিয়ে গবেষণা হয়েছে। যখন ২৫০ নম্বর ইংরাজীতে ছিল পরীক্ষায় মাধ্যমিক বা ম্যাট্রিকুলেশনে তখন একজন ছেলে ইংরাজী এক কলম না শিখে শতকরা ৪০ ভাগ নম্বর পেয়ে পাশ করতে পারত। কারণ যেভাবে ভাষা শেখানো হত, তাতে সমস্ত ব্যাপারটার মধ্যে ভুল ছিল। সেইজন্য ভাষার উপর, ভাষা ব্যবহারের উপর, ভাষার রচনার উপর, ভাষায় কথা বলার উপর জোর দিয়ে ভাষা যদি শেখানো না হয়, তাহলে কিছু হবে না। অন্যদিকে একথা নিঃসন্দেহে বলা যায়, আগামীদিনে অগণিত শিশু শুধু শিক্ষিত হবে তাই নয়, মাতৃভাষার মাধ্যমে শিক্ষিত হবে এবং আজকের ভারতবর্ষে যত সংখ্যায় লোক ইংরাজী ভালভাবে জানেন তা থেকে অনেক বেশি সংখ্যায় লোক ভালভাবে ইংরাজী ভাষা রপ্ত করতে পারবে। কাজেই আমি সদস্য বন্ধুদের বলব, ভাষা বিজ্ঞান আছে, শিক্ষা বিজ্ঞান আছে, আমাদের দেশে এবং পৃথিবীর বিভিন্ন দেশে, সেগুলো প্রয়োগ হয়েছে। সেগুলো দয়া করে অনুধাবন করবেন। তা না করে, না জেনে সমালোচনা করবেন না। আর একটা কথা বলতে চাই, বামফ্রন্ট সরকার এই ব্যাপারে দৃঢ় সিদ্ধান্ত গ্রহণ করেছে, এই কুসংস্কারের বাঁধ ভাঙ্গতেই হবে। সকল জনসমর্থন নিয়ে একে ভাঙ্গবার এই সুযোগ পশ্চিমবাংলায় এসেছে যেখানে মানুষ এই ব্যবস্থাকে সমর্থন করেছে। শিক্ষা প্রসারের কাজ জনগণের কাছে পৌছে দেওয়ার ব্যবস্থা করতে হবে। ইতঃস্তত করে, অনেক কংগ্রেস সদস্যই জানেন না, তাঁদের যখন রাজত্ব ছিল, কেন্দ্র এবং রাজ্যে বারেবারে এই সিদ্ধান্ত নিয়েও তাঁরা পিছিয়ে গিয়েছেন। এইসব আজকের সিদ্ধান্ত নয়, ১৯৬৪-৬৫ সালের শিক্ষা কমিশনের এই বক্তব্য। তার আগে মুদালিয়র কমিশনেরও এই বক্তব্য ছিল। কাজেই তাদের সঙ্গে আমাদের তফাৎ হচ্ছে এই ব্যাপারে তাঁরা তত্ত্ব-গতভাবে বিরোধিতা করেন নি, জনতা সরকারও তত্ত্বগত ভাবে এর বিরোধিতা করেন নি। বিরোধিতা করেছেন, কুসংস্কারের কাছে মাথা নত করেছেন বলে। বামফ্রন্ট সরকার তা করবে না—প্রতিজ্ঞা এইটা নিয়ে আমাদের এগোতে হবে। জনগণের কাছে শিক্ষা এবং বৈজ্ঞানিক শিক্ষাকে এগিয়ে দিতে হবে। এই হচ্ছে, মোটামুটি ভাষা শিক্ষা সম্বন্ধে আমার বক্তব্য। এ ছাড়া, আমি দু একটা কথা বলে শেষ করব। আমাদের মাননীয় সদস্য সোহরাব সাহেব এবং আরো কেউ কেউ বলছেন আমরা পশ্চিমবাংলায় সমস্ত কিছু তছনছ করে দিচ্ছি। আমরা মাধ্যমিক শিক্ষা বোর্ড, বিদ্যালয় পরিচালক সমিতি, উচ্চতর কাউন্সিল—সবই অধিগ্রহণ করেছি। এখানে যে সমস্ত কথা বলা হবে, সেগুলো তত্ত্বের ভিত্তিতে বললে ভাল হয়। মাধ্যমিক শিক্ষা বোর্ড আমরা অধিগ্রহণ করেছিলাম, তার বিরুদ্ধে আমাদের বক্তব্য ছিল। কিন্তু গত কয়েক বছর ধরে উচ্চশিক্ষা কাউন্সিল তারা কাজ করেছে, কেউ হস্তক্ষেপ করে নি। শুধু কেউ হস্তক্ষেপ করে নি, তাই নয়, যার যেখানে আসন ছিল, তার সেই আসন রাখা হয়েছে, তারা কাজ করছে। আমরা মাধ্যমিক বোর্ড এখানে পুনর্গঠন করেছি। বিভিন্ন জেলায় প্রাথমিক শিক্ষার জন্য বিদ্যালয় পর্ষদ আছে। জেলা স্কুল বোর্ডে কোন জেলায় কোন রাজনৈতিক দলের লোক বসে আছেন বিরোধী তাঁদের বেছে বেছে দিয়েছি একেবারে হিসেব করে। কোন জেলায় কারা আছেন, সেই হিসাব আমরা নিয়েছি। মোহম্মদ সোহরাব সাহেবকে দিয়েছি। উনি বললেই পারতেন দিয়েছি। এখানে

বক্তৃতা দিলেন, বললেই পারতেন দিয়েছি। তিন নম্বর কথা হচ্ছে, সত্যের অপলাপ করা হয়। আমরা বারেবারে এখানে বক্তৃতা দিয়ে বলেছি, আমরা বিদ্যালয় অধিগ্রহণ করি নি, আমরা সুপারসেশন করি নি। আমি দেখিয়েছি সংখ্যাতত্ত্ব দিয়ে সারা পশ্চিমবাংলায় ৮ হাজার বিদ্যালয় আছে।

[5-15 – 5-25 P.M.]

এই আট হাজার বিদ্যালয়ের মধ্যে মাত্র সেই সময় ৩০টি বিদ্যালয়কে অধিগ্রহণ করা হয়েছে, অর্থাৎ যে কমিটি আছে সেই কমিটি ভেঙ্গে দিয়ে একজন অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে। বাকি সব জায়গায় কিছু হয়নি, আট হাজার বিদ্যালয়ের মধ্যে কয়েকটি বিদ্যালয়ে কিছু অসুবিধা থাকবেই, সেখানে কমিটি করতে পারছেনা, ইলেকশন করতে পারছেনা, আমরা একজন অ্যাডমিনিস্ট্রেটর সেখানে দিয়েছি। উনি বলেছেন আমরা বে-সরকারি লোক নিয়েছি। অনেক জায়গায় সরকারি লোক নিতে চাননা, বিশেষ ক্ষেত্রে বে-সরকারি লোককে দেওয়া হয়েছে, ইউনির্ভাসিটির অধ্যাপককে দেওয়া হয়েছে, কলেজের অধ্যাপককে দেওয়া হয়েছে। তাতে কি অশুদ্ধ হয়ে গেল? বাকি যে সব বিদ্যালয় আছে, তাতে হস্তক্ষেপ করা হয়নি, এসব কথা বলবেন তো যখন বক্তৃতা করবেন। বলেছেন আমাদের রাজনৈতিক উদ্দেশ্য আছে, নিশ্চয়ই রাজনৈতিক উদ্দেশ্য আছে কিন্তু সেই রাজনৈতিক উদ্দেশ্য এত বড় যে ব্যক্তিগত ভাবে কে কোথায় আছে কারও অবস্থানে ইতর বিশেষ হলেও আমার বিশেষ কিছু আসে যায় না, কে কোথায়, কোন জায়গায় কাজ করছে, অন্য দলের লোক হলে তাকে সেখান থেকে সরিয়ে দিতে হবে, এই সব কাজ আমরা করছি না। আমরা যে বিরাট কাজ করছি এই ধরনের মানসিকতা তাতে নেই। আমরা রাজনীতি করছি, আমরা ক্ষেতমজুরকে গিয়ে বলছি, ভাগচাষীর কাছে গিয়ে বলছি, শহরের এবং গ্রামের মজুরদের কাছে গিয়ে বলছি, শহরের রিক্সাওয়ালা এবং ফেরিওয়ালার কাছে গিয়ে বলছি, আমাদের রাজনীতি হচ্ছে তোমাদের ছেলেদের স্কুলে পাঠাও, এই হচ্ছে আমাদের রাজনীতি। আমরা জামা দেব, পড়ার বই দেব, খাবার দেব, স্লেট পেন্সিল দেব, দয়া করে তোমাদের ছেলেদের স্কুলে পাঠাও, বিদ্যালয়ে পাঠাও, এতবড় রাজনীতি কংগ্রেসের মাথায় আসেনি, আমাদের মাথায় এসেছে, কি করা যাবে? এই যে বিরাট কাজ করতে গিয়েছি, রাজনীতি করতে গিয়েছি, এই করতে গিয়ে কোথায় একটা কি হেডমাস্টার আছেন, তাঁকে সরিয়ে দিতে হবে, আমাদের বিরাট কাজে সেটা এতই ক্ষুদ্র যে সেদিকে নজর দেওয়া যায় না, যদি বলেও থাকেন, তাহলেও এটা করতে যেতে পারছিনা। আমি একথা বলছি যে আপনাদের করার ছিল, সেই সমালোচনা আমি করে দিচ্ছি, আপনারা বললে খুব খুশি হতাম। আমি এই প্রসঙ্গে মাননীয় সদস্য ও ব্রেইন সাহেব বললেন, আমার খুব ভাল লাগল, তিনি সমালোচনা করেছেন, সিলেবাস কোথায় কি হলে পরে ভাল হবে। তিনি ভেবেছেন, বলেছেন। আপনারা এই রকম সমালোচনা করলে খুশি হতাম। কিন্তু আপনারা করেননি। আপনারা যে সমালোচনা করেননি, আমি করে দিচ্ছি। বামফ্রন্ট সরকার যে কাজগুলি করতে যাচ্ছেন, শিক্ষা ক্ষেত্রে যে পরিকল্পনা করতে যাচ্ছেন তাতে সমাজের সরকারের দারুণ রকম প্রভাব সৃষ্টি করবে, মানুষের মধ্যে বাড়িয়ে তুলবে কিন্তু সেই কাজগুলি খুব ধীরগতিতে হচ্ছে। ধীরগতি হওয়ার জন্য কি করতে হবে। যা করতে হবে, তা হচ্ছে—বর্তমানে শিক্ষা কার্য পরিচালনা করার জন্য যে সংগঠন রয়েছে,

শিক্ষাদপ্তর রয়েছে, যে অফিসারবৃন্দ আছেন, যে কর্মীবৃন্দ আছে, আমাদের দেখতে হবে যাতে সত্যি কাজ হয়, সেই কাজ তাঁদের পক্ষে করা সম্ভব ছিল, অথচ হচ্ছেনা, এই রকম হয়েছে কিনা। যদি তাই হয়, অনেক জিনিস ঠিকমত হচ্ছে দেরি হয়ে যাচ্ছে, সত্যই আরও তাড়াতাড়ি হলে আমাদের উপকার হত, তাহলে আমাদের বিচার হবে, হিসাব করে দেখতে হবে, যারা সরকারি দায়িত্বে আছে,—জেলায় এবং কেন্দ্রে, তাঁরা এই কাজগুলি করতে পারতেন অথচ করছেননা, তা যদি হয়, তাহলে সেদিকে যথেষ্ট নজর দিতে হবে এবং দেখতে হবে যথেষ্ট পরিবর্তন আনা যায় কিনা। যে বিরাট কর্মসূচী গ্রহণ করা হয়েছে গ্রাম থেকে গ্রামান্তরে প্রাথমিক বিদ্যালয় তৈরি করা হবে, অদ্ভুত ঘটনা ঘটেছে, গ্রামে যাবেন, দেখবেন, বাংলাদেশের বন্যা প্লাবিত এলাকায় এবং যেখানে বন্যাপ্লাবিত হয়নি সেখানে যেসব গ্রামে গ্রামে বিদ্যালয় তৈরি হয়েছে, তা দেখে অনেকে বলেছে, এসব তো কোন দিন দেখিনি। আপনারা বলেছিলেন ২৫ হাজার টাকা দিয়ে বাড়ি তৈরি করার কথা, ছবি তৈরি করেছিলেন—বাড়ি শেষ হয়ে যাচ্ছে, কোন দিন হয়নি সেই সব জিনিস। কিন্তু এই সব যে হচ্ছে এটা দেখতে হবে, এত যে কাজ নিয়েছি, আমরা কর্মসূচী গ্রহণ করেছি, মনে অনেক আশা নিয়ে এই সব কাজগুলি নিয়েছি, এত লোক আমাদের আছে কিনা, এত অফিসার আছে কিনা এত সংগঠন আছে কিনা এবং যা আছে তাদের সেই মানসিকতা আছে কিনা। আমরা এই যে বিরাট কর্মযজ্ঞ আরম্ভ করেছি, যুদ্ধ যাকে বলা যেতে পারে, সেই কাজ করতে গেলে তাঁদের সেই মানসিকতা চাই। সেই মানসিকতা আছে কিনা তার হিসাব নেওয়া হচ্ছে কি—এটা আপনাদের বলা উচিত ছিল।

এটা যদি বলতেন যে আমরা এই এই সাজেশানস দিতে চাই, এই ধরনের পরিবর্তন করা দরকার, এটা করুন, কি আরো লোক আনুন, যেসব লোক নিয়েছেন তাদের ট্রেন্ড আপ করুন, শিক্ষিত করুন তাহলে আমরা বুঝতাম আপনারা সত্যি করে কিছু বলতে চাইছেন, শুধু সমালোচনার জন্য সমালোচনা করছেন না। সেখানে আমরা স্বীকারও করে নিতাম এবং বলতাম এটা করতে পারি নি, আমরা করব। আমি এখনও বলছি, এ ব্যাপারে সহযোগিতা দরকার। এখানে এমন কোন আইটেম নেই যেটাকে আপনারা অপোজ করতে পারেন, যেটাকে বলতে পারেন এটা অপ্রয়োজনীয়। এখানে এমন কোন বিষয় নেই যেটাকে বলতে পারেন যে পরস্পরের সঙ্গে সঙ্গতি নেই—প্রত্যেকটি ব্যাপারে সঙ্গতি রেখে একটা পরিকল্পনা অনুযায়ী প্রথম বছর থেকে দ্বিতীয় বছর, দ্বিতীয় বছর থেকে তৃতীয় বছরের বাজেট বরাদ্দ করা হচ্ছে। এগুলি করার চেষ্টা করা হচ্ছে এবং তা করতে গিয়ে আমাদের অনেক জায়গাতে অসুবিধাও হচ্ছে যার জন্য সেগুলি কার্যকরি করা যাচ্ছে না। সেইসব ব্যাপারে নিশ্চয় আমাদের ভাবতে হবে, চিন্তা করতে হবে। মাননীয় সভাপাল মহাশয়, আমি আর দু/একটি কথা বলেই আমার বক্তব্য শেষ করব। এখানে শিক্ষক এবং কর্মচারীদের সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আমি খুব আনন্দিত হতাম যদি তাঁরা উল্লেখ করতেন সে কথার যে বিগত তিন বছর ধরে এই বামফ্রন্ট সরকার এই শিক্ষক ও কর্মচারীদের বিভিন্ন অংশের সমস্যার কি ভাবে ধাপে ধাপে সমাধান করার চেষ্টা করছেন। এটা আমরা দাবি করছি, নিম্ন আয়ের শিক্ষক এবং কর্মচারী, তাদের শুধু আমরা স্বীকৃতি দিয়েছি তাই নয় সেখানে পে-কমিশনের অনুমতি নিয়ে তাদের কিছুটা সাহায্যও আমরা করেছি মূল বেতন কিছুটা বাড়িয়েছি, তাদের ডি. এ বাড়াবার চেষ্টা করেছি। তারপর কংগ্রেস আমলের বহুদিনের একটা পুরানো সমস্যা—পার্ট টাইম ক্রাফট

*টিচারদের সমস্যা—তাঁরা বারবার আন্দোলন করেছেন, অনশন করেছেন, আমাদের দেরি হয়েছে* কিন্তু আমরা তাদের সমস্যার সমাধান করে পূর্ণ সময়ের কর্মী হিসাবে তাদের নিয়োগ করতে পেরেছি। এটা তো উল্লেখ করলেন না? হয়ত খবরই রাখেন না। যাইহোক, এগুলি করার দরকার আছে, করা হয়েছে। আমরা সেখানে বলেছি, কোন কোন ক্ষেত্রে এখনও আমরা হাত দিতে পারি নি, হাত দেব, পে কমিশনের রায় পাবার পর। তার আগেই চেষ্টা করছি। মাননীয় সদস্যরা অভিযোগ করেছেন আমাদের শিক্ষক মহাশয় যাঁরা আছেন তাঁদের পেনসন বৃদ্ধি করা হল না কেন? নিশ্চয় এটা ন্যায় সঙ্গত দাবি, সে ব্যাপারে আমরা চেষ্টা করছি, আমার মনে হয় এবারে যে পরিস্থিতি এসেছে তাতে শিক্ষক মহাশয়দের সাময়িককালীন মাসিক ১৫ টাকা হারে পেনসন বৃদ্ধি করতে পারব। সেই দিকে আমরা অগ্রসর হচ্ছি, এটা হবে বলেই আমি আশা করি। আপনারা বলুন, কোন ব্যাপারটাতে আমরা ফাঁকি দিচ্ছি, কোন ব্যাপারটিতে বামফ্রন্ট সরকারের নজর পড়ছে না—এই বিষয়টা কিন্তু এই সভার আলোচনা থেকে বেরিয়ে এল না। আমার মনে হয় এটা আমাদের গভীরভাবে পর্যালোচনা করে দেখতে হবে। হয়ত এমন এলাকা থেকে গিয়েছে যেটা আমাদের নজরে পড়ছে না। আমরা চেষ্টা করছি—একদিকে সংখ্যাগত দিক থেকে, প্রসারতার দিক থেকে আর গুণগত দিক থেকে এবং অন্য দিকে শিক্ষাকে যাতে সুপ্রতিষ্ঠিত করতে পারি, জনসাধারণের মধ্যে যাতে বিশ্বাস সৃষ্টি করতে পারি শিক্ষাব্যবস্থার উপর তার উপর সর্বাধিক গুরুত্ব দিয়ে এই কাজ আমরা করবার চেষ্টা করছি। তা সত্ত্বেও কোন ফাঁক থেকে যায় তাহলে সে ব্যাপারে আমাদের উপদেশ দেবেন, আমরা সে উপদেশ নেব কিন্তু অনুরোধ, অন্ধভাবে বিরোধিতা করবেন না। এই শিক্ষানীতি এবং শিক্ষা বাজেটের বিরোধিতার অর্থ হল একটা ভয়ঙ্কর রকমের নেতিবাচক ব্যবস্থার দিকে যাবার ঝোঁক প্রকাশ করা। আমি তাই বিরোধীপক্ষের সদস্যদের সমস্ত বক্তব্যের বিরোধিতা করছি এবং যত ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করছি এবং এখানে যে ব্যয়বরাদ্দের দাবিগুলি উপস্থিত করা হয়েছে আশা করছি মাননীয় সদস্যগণ সেটা অনুমোদন করবেন।

[5-25 - 5-35 P.M.]

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** মাননীয় স্পিকার মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্যরা যখন তাদের বক্তব্য রাখছিলেন তখন প্রত্যাশা করেছিলাম তারা সদর্থক প্রস্তাব বা তাদের বক্তব্য ভালভাবে তুলে ধরার চেষ্টা করবেন। তাদের বক্তব্য শুনে মনে হল যে তাদের দৃষ্টিভঙ্গি একান্তভাবে ঘোলাটে।। তারা শুধুমাত্র নর্থক দেখিছেন, ইতিবাচক দিকটার দিকে দৃষ্টিপাত করেন নি। আমার দুটি উপমা মনে পড়ল—একটি ফুলের মধ্যে শুধু কীটকেই দেখেছেন, কিন্তু ফুলের সুগন্ধটা উপলব্ধি করার চেষ্টা করেন নি। লজিকের ভাষায় বলা হয় নন অবজার্ভেশন, ম্যাল অবজার্ভেশন। কাজেই তাদের বক্তব্যের মধ্যে দিয়ে যেটুকু সমালোচনা আশা করেছিলাম, যেটুকু প্রস্তাব আশা করেছিলাম সেটুকু পাইনি। মাননীয় সদস্য ভারতী মহাশয় এখানে তার বক্তব্য রাখার সময় বলেছেন স্বাধীনতার ৩০ বছর পরেও আজ পর্যন্ত কোন জাতীয় শিক্ষানীতি নির্দ্ধারণ করা সম্ভবপর হল না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা বহুবার ঘোষণা করেছি যে একটি যুক্তরাষ্ট্রের মধ্যে থেকে অঙ্গরাজ্য সামগ্রিকভাবে কখনও জাতীয় শিক্ষানীতি নির্দ্ধারণ করতে পারে না। সেইজন্য জাতীয় স্তরে কোন শিক্ষা নীতি নির্দ্ধারিত না হওয়ায় আমরা বারে

বারে সমালোচনা করেছি। সেখানে শিক্ষানীতি নির্দ্ধারণের নামে শুধুমাত্র কতকগুলি পরীক্ষা চালাবার চেষ্টা করা হয়েছে, সেগুলির বিরুদ্ধে আমাদের বক্তব্য আমরা রেখেছি। প্রথমবার আমরা দেখলাম ১০ প্লাস ১ প্লাস ৩, তারপরে হল ১০ প্লাস ২ প্লাস ২, আবার নতুন ভাবে হল ৮ প্লাস ৪ প্লাস ২—এইভাবে শিক্ষা পাঠ্যক্রম তারা গড়ে তোলার চেষ্টা করেছিলেন। আমরা সম্পূর্ণভাবে তার বিরোধিতা করেছিলাম যে বারে বারে এইভাবে শিক্ষা নীতির পরিবর্তন করা চলবে না। কিন্তু যতখানি এতটা অঙ্গ রাজ্যের পক্ষে করা সম্ভব, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমরা ততটুকুই করার চেষ্টা করেছি এবং শিক্ষার মূল বিষয়বস্তুকে কি করে আরো বাস্তবমুখী করা যায়, আরো বিজ্ঞান সম্মত করা যায় তার জন্য প্রচেষ্টা করা হয়েছে। প্রাথমিক স্তর থেকে শুরু করে উচ্চ স্তর পর্যন্ত বিন্যাস করা হয়েছে, পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করার চেষ্টা করা হয়েছে, পঠন পাঠনের পদ্ধতি নূতন ভাবে গড়ে তোলার চেষ্টা করা হয়েছে। অর্থাৎ একটি অঙ্গ রাজ্যের পক্ষে শিক্ষা নীতি যতখানি পরিমার্জিত করা সম্ভব ততটুকু বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে করার প্রচেষ্টা হয়েছে, এই কথা আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে ঘোষণা করতে চাই। সেইজন্য আমাদের রাজ্যে শিক্ষাকে সর্বজনীন জনমুখী করে তোলার জন্য আমরা কতকগুলি বাস্তব পন্থা অবলম্বন করেছি। বিভিন্ন মহল থেকে সমালোচনা উত্থাপিত হয়েছে মাতৃভাষার উপর গুরুত্ব আরোপ করার জন্য। এই মাতৃভাষার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে একটি মাত্র উদ্দেশ্যে যে শিক্ষাকে যাতে করে সর্বজনীন গণমুখী করে ভালভাবে গড়ে তোলা সম্ভব হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একটি রাজ্যে শিক্ষা ব্যবস্থার প্রসার ঘটানো, তার গুণগত উৎকর্ষ বৃদ্ধি ইত্যাদি কোনটাই সম্ভব নয় যদি না কেন্দ্র থেকে বিভিন্ন ভাবে অনুদান লাভ করা যায়। আমরা বিশ্বাস করি শিক্ষা একটি রাজ্যের বিষয় হওয়া উচিত, শিক্ষাকে রাজ্যের তালিকাভুক্ত করা উচিত, তথাপি যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব এবং কর্তব্য হচ্ছে একটি অঙ্গ রাজ্যে শিক্ষা প্রসারের জন্য, শিক্ষার মান উন্নত করার জন্য অঙ্গ রাজ্যে যথেষ্ট ভাবে অনুদান দেওয়া আমরা আশ্চর্যের সাথে লক্ষ্য করলাম সেদিক দিয়ে পশ্চিমবাংলা নানা ভাবে বঞ্চিত হয়েছে। সাধারণ ভাবে শিক্ষা খাতে অর্থ বরাদ্দের পরিমাণ কমে গেছে, ফলে আমরা বহু নূতন প্রকল্প গ্রহণ করতে সক্ষম হচ্ছি না উচ্চ শিক্ষা কেন্দ্রীয় সরকারের নানা রকম অনুদান সাহায্যের মাধ্যমে প্রসারিত হবে, এর মান উন্নয়ন হবে, উচ্চ শিক্ষার উৎকর্ষ সাধিত হবে। কিন্তু আমরা আশ্চর্যের সাথে লক্ষ্য করেছি ষষ্ঠ পরিকল্পনাকালে কেন্দ্রীয় সরকার ইউ. জি. সি.র বরাদ্দ অনেক পরিমাণে কমিয়ে দিয়েছেন। পঞ্চম পরিকল্পনাকালে ইউ. জি. সি.র বরাদ্দ ছিল ২১০ কোটি টাকা, ষষ্ঠ পরিকল্পনায় কেন্দ্রীয় সরকার ইউ. জি. সি.র জন্য ১২৬ কোটি টাকা বরাদ্দ করেছেন। ফলে ইউ. জি. সি. আমাদের উচ্চ বিদ্যালয়, মহাবিদ্যালয়, পাঠাগার, পরীক্ষাগার ইত্যাদি উন্নতির জন্য, এগুলি সম্প্রসারণ করার জন্য যে আর্থিক অনুদান দিতেন আজকে সেখানে তারা হাত গুটিয়ে বসে রয়েছেন। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য নির্মলবাবু কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ঘটনার কথা উল্লেখ করেছেন। যেখানে পঞ্চম পরিকল্পনায় ইউ. জি. সি. যে টাকা সাহায্য পেয়েছিল এবারে সেই সাহায্যের পরিমাণ অনেক কমে গেছে। যেখানে ৩০০ কোটি টাকা পেয়েছে এবং সেখানে ১২৬ কোটি পেয়েছে। তাই ইউ. জি. সি. বিশ্ববিদ্যালয়গুলিকে সাহায্য কমিয়ে দিতে বাধ্য হয়েছে। ফলে ঘটনা কি ঘটবে? পশ্চিমবাংলার বিশ্ববিদ্যালয়ের পাঠাগারগুলি নূতন বই কিনতে পারবে না পরীক্ষাগার ল্যাবরেটোরী

সাজ সরঞ্জাম দিতে পারবে না ছেলেদের হোস্টেলের ব্যবস্থা করতে পারবে না। আজকে সেই সাহায্য পাবার পর রাজ্য সরকার শতকরা ৫০ ভাগ অনুদান বিশ্ববিদ্যালয়গুলিকে দেয় বাড়ি তৈরি করার জন্য ল্যাবরেটারী সাজসরঞ্জাম কেনার জন্য হোস্টেল তৈরি করার জন্য। কিন্তু ইউ. জি. সি থেকে যদি সাহায্য না পায় তাহলে সরকারের পক্ষে সবটুকু করা সম্ভব হবে না। আজকে দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার ইউ. জি. সি.-কে এর আগে ৩০০ কোটি টাকা দিয়েছে সেখানে আজকে ১২৬ কোটি দিয়েছে। অথচ আমরা লক্ষ্য করেছি কেন্দ্রীয় সরকারের নিজের এক্তিয়ারে যে সব ইউনিভার্সিটি রয়েছে কেন্দ্রীয় সরকারের শাসিত যেসব বিশ্ববিদ্যালয় আছে যেমন দিল্লিতে সমস্ত বিশ্ববিদ্যালয়, এখানে শান্তিনিকেতন এবং কেন্দ্রীয় সরকারের কৃষি বিভাগের আন্ডারে যে সব কৃষি বিশ্ববিদ্যালয় আই আই টি প্রতিষ্ঠান যেগুলি আছে সেখানে কোন রকম ঘাটতি হয়নি কেন্দ্র সেখানে সব টাকা দিতে পারছেন। আর রাজ্য সরকারের এক্তিয়ারে যেসব বিশ্ববিদ্যালয় রয়েছে ইউ. জি. সি-র মাধ্যমে যারা সাহায্য পাবে তাদের বেলায় কিন্তু অন্যরকম ব্যবহার এটা কখনই ভালভাবে গ্রহণ করা যায় না। স্বভাবত সেই প্রশ্ন এসে পড়ে তাহলে রাজ্যকে কেন্দ্রের মারসির উপর দয়ার উপর নির্ভর করে বসে থাকতে হবে। নিজেদের শাসিত জায়গায় যেখানে ইউনিভার্সিটি আছে সেখানে একরকম অনুদান দেওয়া হবে আর রাজ্যগুলির আন্ডারে যে সব বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে তারা কিছু পাবে না তাদের বেলায় অনুদান একেবারে কমিয়ে দেওয়া হবে এ কখনও হতে পারে না। যদি বুঝতাম কেন্দ্রীয় সরকারের আর্থিক অবস্থা খারাপ এবং সম্পূর্ণভাবে কেন্দ্র সরকারের শাসিত বিশ্ববিদ্যালয়ে এবং রাজ্য শাসিত বিশ্ববিদ্যালয়ে একই ভাবে টাকা দেওয়া হবে তাহলে অন্য কথা ছিল। কিন্তু এখানে দেখা যাচ্ছে বৈষম্য রয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই পশ্চিমবাংলা এ জিনিস কিছুতেই মেনে নিতে পারে না। এর জন্য আমাদের প্রস্তুতি নিতে হবে এবং এক দিন পশ্চিমবাংলা যেভাবে নেতৃত্ব দিয়ে এসেছে সেই ভাবে আমরা আজকে বলিষ্ঠ পদক্ষেপ নেব। আজকে অনুদান কম দিয়ে যদি বঞ্চিত করা হয় সাহায্য যদি বন্ধ হয়ে যায় তাহলে সাধারণ মানুষের কাছে আমরা এ জিনিস তুলে ধরব এবং আমরা টাকা আদায় করতে সক্ষম হব বলে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে এই সীমিত অবস্থার মধ্যে থেকেও এই পশ্চিমবঙ্গ সরকার উচ্চ শিক্ষার যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করেছে সে কথা আমি আগেই বলেছি। কলিকাতা বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের যেসব অশিক্ষক কর্মচারী আছেন তাদের আমরা ব্যবস্থা করেছি। মাস্টার মহাশয়রা আগে ঠিক মত বেতন পেতেন না তাকে রেগুলারাইজ করতে সক্ষম হয়েছি। হরিপদবাবু বললেন উন্নয়নের জন্য অর্থ ব্যয় হয় না। শতকরা ২৫ ভাগ টাকা আজকে উন্নয়নের জন্য ব্যয় হচ্ছে বিভিন্ন স্থানে কলেজ বিল্ডিংস লাইব্রেরী ফার্নিচার এইসব রিপেয়ার করা হচ্ছে তার জন্যও টাকা বরাদ্দ করা হয়েছে।

[5-35 – 5-45 P.M.]

এই কারণে আমি অত্যন্ত গর্বের সঙ্গে ঘোষণা করতে পারি যে, পশ্চিমবাংলার মাস্টার-মশাইদের এবং শিক্ষা-কর্মীদের বেতন দেওয়া ছাড়াও শতকরা ২৫ ভাগ টাকা বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে দেবার ব্যবস্থা করেছি। আমরা জানি এর দ্বারা, অর্থাৎ ঐ শতকরা ২৫ টাকা দিয়ে কলেজগুলির কোন উন্নয়নমূলক কাজ হতে পারে না। ঐ টাকা তাদের কেমিক্যালস

কিনতে এবং ইলেকট্রিকের বিল দিতেই চলে যায়। সেইজন্য আমরা ১৯৮০-৮১ সালে তাদের নতুন ভাবে আরো কিছু টাকা দিচ্ছি। সমস্ত কলেজগুলিকে বই কেনার জন্য প্রায় ১৬ লক্ষ টাকা দিচ্ছি এবং ৬ লক্ষ টাকা ফার্ণিচার ও লেবরেটরী অ্যাপলায়েন্স কেনবার জন্য দিয়েছি। এ ছাড়াও আজকে অর্থ দপ্তর আরো ৪ লক্ষ টাকা এবং ৩০ লক্ষ টাকা দেবার বিষয়ে পরীক্ষা করে দেখছে। বিভিন্ন কলেজগুলিকে আমরা কিভাবে সাহায্য করতে পারি তার জন্য আমরা চিন্তা করছি। এক বছরে ৬ লক্ষ টাকা দিয়েছি এবং আরো ৪ লক্ষ ও ৩০ লক্ষ টাকা দেবার কথা চিন্তা করছি। অর্থ-দপ্তর সে বিষয়ে পরীক্ষা করছে। আমি আশা করেছিলাম আজকে বিরোধী দলের সদস্যরা সরকারের এই সব ভূমিকার প্রশংসা করবেন। অধ্যাপক ভারতী বললেন, আজকে বামফ্রন্ট সরকার শিক্ষা-কর্মীদের কথা, অশিক্ষক কর্মচারীদের কথা চিন্তা করছে না। উনি হয়ত জানেন না এতদিন পর্যন্ত শিক্ষা-কর্মীদের বেতন হারের ব্যাপারে কোনোরকম কার্যকরি অবস্থায় উপনিত হওয়া যাচ্ছিল না। সেইকার্যকরি অবস্থায় উপনিত হওয়ার চেষ্টা বামফ্রন্ট সরকার করছে। আমরা অস্বীকার করছি না যে, এ বিষয়ে, অর্থাৎ তাদের ফিক্সেসন আরো আগে হওয়া উচিত ছিল। কিন্তু নানারকম অসুবিধার জন্য এটা হতে পারেনি। আজকে সমস্ত কাজ প্রায় হয়ে এসেছে এবং তাঁরা যাতে ১৯৭৭ সাল থেকে সমস্ত সুযোগ-সুবিধা পান, তার জন্য ব্যবস্থা করা হচ্ছে। কাজে কাজেই আমি বলছি যে, তাঁদের জন্য শুধু বেতন হারের পরিবর্তন করা হয়নি, সেই পরিবর্তিত বেতন হার যাতে বাস্তবে রূপ পায় তার জন্য ব্যবস্থা করা হচ্ছে। কিছু বিলম্ব হয়েছে, এখন তাকে তরান্বিত করা হচ্ছে, আরো তরান্বিত করতে পারলে ভাল হ'ত। কিন্তু সেই সঙ্গে আমরা একটা জিনিস করেছি, যেটা কেউ কোনো দিন চিন্তা করেন নি। আমরা শুধু বিশ্ববিদ্যালয় বা মহাবিদ্যালয়ের দায়-দায়িত্বই গ্রহণ করিনি বা সেই-সব জায়গার কর্মচারীদের বিষয়েই শুধু চিন্তা করিনি। ছাত্রদের জন্য যেসব হস্টেল, মেস আছে, যেগুলি ছাত্রদের সুযোগ-সুবিধার জন্য ছাত্রদের পক্ষ থেকেই স্থাপন করা হয়েছিল, যেখানে বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় বা সরকারের কোনো দায়-দায়িত্ব ছিল না, সেখানে সেই সব হস্টেল মেসের কর্মচারীদের জন্য আজকে আমাদের সরকার বাস্তব অবস্থার কথা চিন্তা করে বাস্তব নীতি গ্রহণ করেছে। আজকে বামফ্রন্ট সরকার হস্টেল কর্মচারীদের অবস্থার উন্নতির জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন। ইতিপূর্বে দ্বিতীয় যুক্ত-ফ্রন্ট সরকারের শিক্ষামন্ত্রী সত্যপ্রিয় মহাশয় সমস্ত হস্টেল মেস কর্মচারীদের জন্য ২০ টাকা করে অনুদানের ব্যবস্থা করে গিয়েছিলেন। তারপর গঙ্গার উপর দিয়ে বহু জল বয়ে গেছে, কংগ্রেস তারপর ৫ বছর রাজত্ব চালিয়েছে, কিন্তু তাদের জন্য একটা পয়সাও দেয়নি, তাদের কথা চিন্তা করেনি। তাদের স্ট্যাটাস কি হবে, তারা কি সারা জীবন শুধু মাত্র ছাত্রদের সেবা করে যাবে এবং ঐ করে শেষকালে ভিক্ষাবৃত্তি নিয়ে পথে পথে ঘুরে বেড়াবে? বামফ্রন্ট সরকার দৃঢ় নীতি গ্রহণ করে তাদের সেই ২০ টাকার অনুদানকে বাড়িয়ে ১২৫ টাকা করেছে এবং তাদের ১২৫ টাকা করে দেওয়া হচ্ছে। সেই সব কর্মচারীরা আজকে হাতে ১২৫ টাকা করে পাচ্ছে না। এবং তাঁদের বিষয়ের সমস্ত কেস আমরা পে-কমিশনের কাছে পাঠিয়ে দিয়েছি। এদের স্ট্যাটাস কি হবে, অবসরের পর এরা কিভাবে ন্যূনতম ব্যবস্থার মধ্যে দিয়ে বাঁচতে পারে তার জন্য সরকার চিন্তা করে সমস্ত বিষয়টা পে-কমিশনের কাছে পাঠিয়ে দিয়েছে। কাজে কাজেই একথা ঠিক নয় যে, আমরা শুধু অধ্যাপকদের বেতন বৃদ্ধির কথা চিন্তা করেছি, শুধু মাত্র শিক্ষা-কর্মীদের কথা চিন্তা করেছি। অধ্যাপকদের কথা যেমন বামফ্রন্ট

সরকার চিন্তা করেছে তেমন শিক্ষা সকলকে নিয়ে একটা ন্যূনতম জায়গায় দাঁড়াবার কথা চিন্তা করেছে।

**অধ্যক্ষ মহোদয় :** এই ব্যয়-বরাদ্দের দাবির উপর আলোচনার নির্দিষ্ট সময় ৫-৪০ মিনিটে শেষ হবার কথা। কিন্তু আমি মনে করছি যে, আরো কিছু সময় প্রয়োজন। সুতরাং আমি আমাদের নিয়মাবলির ২৯০ নং ধারা অনুযায়ী আরো ১০ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি, আশা করি এ বিষয়ে সকলের সম্মতি আছে। সুতরাং এই ব্যয় বরাদ্দের দাবির উপর আলোচনার সময় আরো ১০ মিনিট বাড়ানো হ'ল।

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যেকথা আপনার মাধ্যমে রাখতে চাই, সেটা হচ্ছে যে, আমরা বিগত তিন বছর ধরে পশ্চিম বাংলায় প্রাথমিক স্তর থেকে উচ্চ শিক্ষার ক্ষেত্র পর্যন্ত বিভিন্ন বিভাগে বিভিন্ন উন্নয়নমূলক প্রগতিশীল কর্মসূচী গ্রহণ করেছি। আমরা তাঁর মধ্যে দিয়ে যেমন শিক্ষার প্রসার ঘটাবার চেষ্টা করেছি তেমনি শিক্ষার মান উন্নয়নের চেষ্টা করেছি। একজন মাননীয় সদস্য অভিযোগ করলেন, আমরা নাকি কেন্দ্রের সাহায্য ফেরত পাঠিয়ে দিয়েছি। বয়স্ক শিক্ষা চালু করার জন্য কেন্দ্রের পক্ষ থেকে যে সাহায্য পেয়েছিলাম সেটা নাকি আমরা কার্যকরি করতে পারিনি এবং ফেরত পাঠিয়ে দিয়েছি। মাননীয় সদস্য জানেন না, পশ্চিমবাংলায় বয়স্ক শিক্ষার কাজ ভালভাবে চালু করার জন্য বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমরা একটা কর্মসূচী গ্রহণ করেছি এবং সেই কর্মসূচীর মাধ্যমে আমরা কেন্দ্রের প্রকল্পের অধীন ১৪টি জেলা বেছে নিয়েছি। সেই ১৪টি জেলার প্রত্যেকটিতে আমরা ৩০০টি করে কেন্দ্র স্থাপন করব এবং ৩০০ শিক্ষক নিয়োগ করে বয়স্ক শিক্ষা চালু করব। আমরা দেখেছি, বয়স্ক শিক্ষার নামে রাজ্য সরকারের পক্ষ থেকে আগে যে ব্যবস্থা গ্রহণ করা হত, যে অর্থ ব্যয় করা হত সেটা সম্পূর্ণ ভাবে অপচয় হত। বয়স্ক শিক্ষার বাস্তব কর্মসূচী তখন আমরা দেখিনি। এই সমস্ত অবস্থার পরিবর্তন করার জন্য আমরা চেষ্টা করছি। আগে যেমন কেন্দ্রের কাছ থেকে শিক্ষকদের বেতন বাবদ যে টাকা নেওয়া হত, সাজ-সরঞ্জামের জন্য যে টাকা নেওয়া হত সমস্ত টাকাই অপচয় করা হত। সেইগুলিকে আমরা বন্ধ করার চেষ্টা করেছি। বয়স্ক শিক্ষা অনুন্নত এলাকায়, পিছিয়ে পড়া এলাকায় যাতে গড়ে তুলতে পারি তারজন্য বিভিন্ন জেলার এলাকাগুলি বেছে নিয়েছি। যেখানে জেলা পরিষদ আছে তারা এ বিষয়ে দায়িত্ব গ্রহণ করেছেন। তারা কেন্দ্র ঠিক করে দিয়েছেন। কেন্দ্রীয় প্রকল্প অনুযায়ী ১৪টি জেলায় ২৮টি ব্লকে আমরা এই কেন্দ্র চালু করা স্থির করেছি এবং বিভিন্ন জেলায় ইতিমধ্যে কেন্দ্র যে টাকা পাঠিয়েছে সেই টাকা পাঠিয়ে দিয়েছি। সেখানকার জেলা বয়স্ক যে পর্ষদ আছে—যিনি ভারপ্রাপ্ত অফিসার আছেন তাঁকে পাঠিয়ে দেওয়া হয়েছে। বিভিন্ন জায়গা নির্বাচিত হয়ে গেছে, শিক্ষকদের তালিকা প্রায় ঠিক হয়ে গেছে, প্রশাসনিক কাঠামোর ব্যবস্থা সম্পন্ন হয়েছে। একদিকে যেমন কেন্দ্রের পরিচালিত বা কেন্দ্রীয় প্রকল্প অনুযায়ী ১৪টি জেলায় বয়স্ক শিক্ষা চালু করার জন্য আমরা কেন্দ্রের কাছ থেকে ২৭ লক্ষ ৫০ হাজার টাকা পেয়েছি তেমনি প্রশাসনিক কাঠামো তৈরি করার জন্য ৪ লক্ষ টাকা পেয়েছি। সমস্ত টাকা বিকেন্দ্রীকরণ করে বিভিন্ন জেলায় বয়স্ক শিক্ষা কেন্দ্রে পৌঁছে দিয়েছি। আশা করছি, এই মার্চ মাসের মধ্যে কতকগুলি জেলায় শুরু করতে সমর্থ হব, সমস্ত জেলায় এখনই সম্ভব হবে না তবে আমরা চেষ্টা করব কিন্তু কতকগুলি জেলায় আমরা চালু করতে সমর্থ হব বলে বিশ্বাস

করি। একদিকে যেমন কেন্দ্রীয় প্রকল্প অনুযায়ী ১৪টি জেলা বেছে নেওয়া হয়েছে তেমনি আমরাও একটি জেলা বেছে নিয়ে এই রকম ৩০০টি কেন্দ্র করব এবং তার ব্যয়-ভার সম্পূর্ণভাবে রাজ্য সরকার বহন করবেন। আমরা যথেষ্ট গুরুত্ব আরোপ করেছি। আমরা চাই, নিরক্ষরতা দুরীকরণের মাধ্যমে প্রকৃত গণ চেতনার উন্মেষ ঘটাতে সমর্থ হব, সাধারণ মানুষের চেতনাকে জাগরণ করতে সমর্থ হব। প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় যেমন গুরুত্ব অরোপ করেছি তেমনি সাধারণ মানুষের গণতান্ত্রিক চেতনার উন্মেষ ঘটাবার জন্য বয়স্ক শিক্ষা কেন্দ্রের উপর গুরুত্ব আরোপ করেছি। আমরা চাই বয়স্ক শিক্ষার মাধ্যমে সমস্ত সমাজে নতুন চেতনা, নতুন প্রেরণা আমরা আনতে সক্ষম হব। একজন মাননীয় সদস্য অভিযোগ করেছেন আমরা নাকি কেন্দ্রকে ১ লক্ষ টাকা ফেরত পাঠিয়ে দিয়েছি কিন্তু আমি বলছি, ফেরত পাঠিয়ে দিইনি। তারপর, স্বাধীকারের প্রশ্ন তুলেছেন। স্বাধীকার সর্ম্পকে নতুন কথা বলতে চাই না কিন্তু মাননীয় সদস্যদের অবগতির জন্য এইটুকু জানিয়ে দিতে চাই।

[5-45 – 5-55 P.M.]

কিন্তু তাঁদের দেখাতে চাই আমরা তাঁদের স্বাধিকার হরণ করতে চাই না। আমরা বিভিন্ন কমিটির রিপোর্ট দেখেছি, ইউ. জি. সির সুপারিশ দেখেছি, সেখানে বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়ের স্বাধিকার মানে কমিটির কোন বক্তব্য থাকল না তা নয়, এর মূল কথা হচ্ছে সেখানকার বিষয়বস্তু পাঠ্য নির্ধারণ করবার দায়িত্ব ছাত্র ভর্তি করার ব্যাপারে শিক্ষক নিয়োগের ব্যাপারে বিশ্ববিদ্যালয় বা মহাবিদ্যালয় স্বাধীনতা আছে কিনা তা দেখতে হবে। তাঁরা একটাও দৃষ্টান্ত দেখাতে পারবেন না যেখানে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে আরম্ভ করে অন্য কোন বিশ্ববিদ্যালয় সরকার পক্ষ থেকে কোন রকম ইনটারফিয়ার করা হয়েছে। ৭২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত অর্থের বিনিময়ে ছাত্র ভর্তি করা হয়েছে কিন্তু এখন একটাও দৃষ্টান্ত দেখাতে পারবেন না যে সরকার পক্ষ থেকে ছাত্র ভর্তি করার জন্য কোন রকম ইন্টারফিয়ারেন্স করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পাঠ্য তালিকা প্রণয়ন করার জন্য বোর্ড অফ স্টাডিস আছে। সেখানে কি বলা হয়েছে যে বামপন্থী চিন্তা ধারায় পঠন পাঠন তৈরি করুন। অতএব সেখানে পাঠ্যসুচীর ব্যাপারে শিক্ষক নিয়োগের ব্যাপারে, ছাত্রভর্তির ব্যাপারে, সরকার পক্ষ থেকে কোনরকম খবরদারী করা হয়না। উপরন্তু আমি জানাচ্ছি যে কিছুদিন আগে কলকাতা বিশ্ববিদ্যালয় শিক্ষা বিভাগের একজন অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে একটা বিতর্কের উদভব হয়েছিল। সিলেক্ট কমিটি থেকে একজনের নাম সুপারিশ করেছিলেন এবং সেই নাম সেই বিভাগের অধ্যাপকদের মনঃপুত হয়নি বলে তাঁরা দরবার করেছিলেন, কাউনসিল পর্যন্ত এ বিষয়ে কোন সিদ্ধান্ত নিতে পারেন নি। সিলেক্ট কমিটির পক্ষ থেকে যাঁর নাম সুপারিশ করা হয়েছিল সেই নাম সম্পর্কে তাঁর বিরুদ্ধে ছাত্ররা দরবার করেছেন অধ্যাপকরাও দরবার করেছেন কিন্তু কাউনসিল সমস্ত বক্তব্যটা চ্যানসেলারের কাছে পাঠিয়ে দেন, এ বিষয়ে সরকারের মত জানতে চাওয়া হলে তখন বলে দেওয়া হয় যে সিলেক কমিটি যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তার পরিবর্তন করা সমীচিন নয়। কাজেই সরকার পক্ষ থেকে কলকাতা বিশ্ববিদ্যালয় সহ কোন বিশ্ববিদ্যালয়ের স্বাধিকার ক্ষুন্ন করার কোনরকম চেষ্টা হয়নি। সেইজন্য আমি বলতে চাই যে আমরা চাই সমস্ত বিশ্ববিদ্যালয় স্বাধিকার শুধু নয়, শিক্ষার মান যাতে বাড়ে তারজন্য আমরা সর্বপ্রকার চেষ্টা করব। শিক্ষা বিভাগে ডি. পি. আই. নেই বলে একজন মাননীয় সদস্য অভিযোগ

করেছেন, এ কথা ঠিক যে শিক্ষা বিভাগের ডি. পি. আই অবসর গ্রহণ করার পর সাধারণ নিয়ম অনুযায়ী সরকারি কলেজের অধ্যাপকদের মধ্যে যিনি সিনিয়ার মোস্ট তাঁকেই সেই পদে নিয়োগ করা হয়, সেই হিসাবে প্রেসিডেন্সী কলেজের গণিত শাস্ত্রের অধ্যাপক ডাঃ রায়চৌধুরী সেই পদের যোগ্য প্রার্থী। কিন্তু যেহেতু কতকগুলি ছাত্র তাঁর অধীনে গবেষণা করছিলেন সেইহেতু তিনি কিছুদিনের সময় চেয়েছিলেন। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি তিনি আজই কর্মভার গ্রহণ করেছেন। একথা ঠিক যে শিক্ষক এবং শিক্ষাকর্মীরা বহুদিন ধরে হাউসরেন্ট এবং মেডিক্যাল অ্যালাওয়েন্স সম্পর্কে দাবি করে আসছিলেন, সরকার এ বিষয়ে আলাপ আলোচনা করছেন, সেজন্য আপনার মাধ্যমে তাঁদের কাছে আবেদন করব যে তাঁরা যেন আলাপ আলোচনার মাধ্যমে এই বিষয়গুলি নিষ্পত্তি করবার চেষ্টা করেন এবং সরকার সব সময় তাঁদের সঙ্গে সহযোগিতা করবেন। পরিশেষে বলতে চাই বামফ্রন্ট সরকার চান শিক্ষার মান যাতে উন্নত হয়, শিক্ষার যাতে প্রসারিত হয় এবং শিক্ষা ক্ষেত্রে স্বাধিকার ও স্বাধীনতা যেন সম্পূর্ণ ভাবে বজায় থাকে, এই কথা বলে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব উত্থাপিত হয়েছে তার বিরোধিতা করে আমার ব্যয় বরাদ্দ অনুমোদন করার জন্য আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করছি।

**Demand No-34**

The motions of-

Shri Balailal Das Mahapatra,

Shri Renupada Halder,

Shri Prabodh Purkait,

Shrı Bijoy Bauri,

Shri Sasabindu Bera,

Shri A.K.M. Hassan Uzzaman,

Shri Birendra Kumar Moitra,

that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that a sum of Rs.248,37,91,000 be granted for expenditure under Demand No.34. Major Heads: "277- Education (Excluding Sports and Youth Welfare), 278-Art and Culture, and 677-Loans for Education, ARt and Culture (Excluding Sports and Youth Welfare)", was then put and agreed to.

**Demand No-35**

The motion of Shri Sasabindu Bera that the amount of the Demand be reduced by Rs.100- was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that a sum of Rs.29,000

be granted for expenditure under Demand No. 35, Major Head: "279-Scientific Services and Research", was then put and agreed to.

**Demand No-31**

The motion of Shri Sambhu Charan Ghosh that a sum of Rs. 1,52,25,000 be granted for expenditure under Demand No. 31, Major Head : "276- Secretariat - Social and Community Services", was then put and agreed to.

## LEGISLATION

### The North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1980

**Shri Sambhu Charan Ghosh** : Sir, I beg to introduce the North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1980.

*(Secretary then read the title of the Bill)*

**Shri Sambhu Charan Ghosh** : Sir, I beg to move that the North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1980 be taken into consideration.

### The Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1980

**Shri Sambhu Charan Ghosh** : Sir, I beg to introduce the Kalyani University (Temporary Supersession (Amendment) Bill, 1980.

*(Secretary then read the title of the Bill)*

**Shri Sambhu Charan Ghosh** : Sir, I beg to move that the Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1980 be taken into consideration.

### The Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1980

**Shri Sambhu Charan Ghosh** : Sir, I beg to introduce the Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1980.

*(Secretary then read the title of the Bill)*

**Shri Sambhu Charan Ghosh** : Sir, I beg to move that the Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1980 be taken into consideration.

### The Jadavpur University (Temporary Supersession) Bill, 1980

**Shri Sambhu Charan Ghosh** : Sir, I beg to introduce the Jadavpur

University (Temporary Supersession) Bill, 1980.

*(Secretary then read the title of the Bill)*

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the Jadavpur University (Temporary Supersession) Bill, 1980 be taken into consideration.

[5-55 – 6-05 P.M.]

**শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উচ্চ শিক্ষা মন্ত্রী পশ্চিম বঙ্গের বিশ্ববিদ্যালয়গুলিকে সুপারসেশন করার সময় সীমা বাড়ানোর জন্য এই হাউসে যে প্রস্তাব উত্থাপন করেছেন তাঁর সেই প্রস্তাবের সাথে আমরা একমত নই। স্যার আপনি জানেন ১৯৭৮ সালে সর্বপ্রথম পশ্চিমবঙ্গের ৪টি বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত পরিচালক সমিতি এগজিকিউটিভ কাউন্সিল, সিনেট, সিন্ডিকেট, অ্যাকাডেমিক কাউন্সিল এগুলি বাতিল করে দিয়ে যখন একটা ইউনিভার্সিটি কাউন্সিল গঠন করে তার উপর পরিচালন ভার দেওয়া হয়েছিল এই হাউসে সেই সময় আমরা এই বিলের বিরোধিতা করেছিলাম এবং বিরোধিতা করেছিলাম এই কারণে যে উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের যে একটা ভূমিকা রয়েছে সেই বিশ্ববিদ্যালয়ের গণতন্ত্র সমস্ত নির্বাচিত যেসব সংস্থা রয়েছে সেগুলিকে এইভাবে বাতিল করা ঠিক নয়, বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে সরকার পক্ষের হস্তক্ষেপ বিশ্ববিদ্যালয়ের গণতন্ত্রীকরণের পক্ষে ক্ষতিকর হবে। সেদিন মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থার কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য এই কাজ করার প্রয়োজন হয়েছে এবং তিনি বিধানসভায় বলেছিলেন যে এই বিশ্ববিদ্যালয়গুলিকে পরিচালনা করার জন্য নতুন করে তিনি আইন আনবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি ১৯৭৮ সালের বিলের সংশ্লিষ্ট ধারাটা পর্যালোচনা করে দেখেন তাহলে দেখবেন সেই ধারায় বলা হয়েছে এই সুপারসেশনটা প্রথমে এক বছরের জন্য করা হল, যদি প্রয়োজন হয় তা হলে সরকার গেজেট নোটিফিকেশন করে সেটাকে ৬ মাসের জন্য বাড়াতে পারবেন, কিন্তু কোনক্রমে ২ বছর সময় সীমার অতিক্রম করবেন না। অর্থাৎ এই ২ বছরের মধ্যে সরকার পক্ষ থেকে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি, বার্ডওয়ান ইউনিভার্সিটি, কল্যানী ইউনিভার্সিটি এই সমস্ত বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে তাঁরা কি নীতি নির্ধারণ করবেন, কিরকম আইন প্রণয়ন করবেন সেটা প্রণয়ন করে বিশ্ববিদ্যালয়ের নির্বাচিত সংস্থা যাতে পরিচালন ব্যবস্থা গ্রহণ করতে পারে তার ব্যবস্থা করবেন। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করতে হচ্ছে ২ বছর কেটে গেল রাজ্য সরকারের শিক্ষা দপ্তরের ঘুম ভাঙ্গল না। উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের মত এতবড় প্রতিষ্ঠান যাদের বিরাট ঐতিহ্য শিক্ষা জীবনে আছে সেই বিশ্ববিদ্যালয়গুলিতে গণতান্ত্রিক পদ্ধতি ফিরিয়ে আনার জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ন করে সেইমত বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থাকে স্থিরিকৃত করতে রাজ্য সরকারের শিক্ষা দপ্তর ব্যর্থ হয়েছেন। সেই আইনের রূপরেখা কি এই বিধানসভায় এখনও সেই আইন এল না। সেই আইন আসবে কিনা জানি না, বিধানসভায় পাশ হবে কিনা সেই বিষয়ে সন্দেহ রয়েছে। যদি তর্কের খাতিরে ধরে নিই যে আইন আসবে, বিধানসভায় পাশ হবে, তারপর গেজেট নোটিফিকেশন হবে, সেই নতুন আইনে স্ট্যাটুস, অর্ডিন্যান্স, রেগুলেশন তৈরি হবে, এইসব কাজ করতে আরো দেড় দুই বছর সময়

চলে যাবে। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি এই বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত পরিচালন কমিটির আসা এখনও সুদূর পরাহত। এটা বিশ্ববিদ্যালয়ের স্বাধিকারের উপর যদি হস্তক্ষেপ না হয় তাহলে কোনটা স্বাধিকারের উপর হস্তক্ষেপ আমরা বুঝতে পারছি না। যে বিল আজকে উত্থাপন করেছেন সুপারসেশন আরও এক বছর বাড়িয়ে দেওয়ার জন্য সে সম্বন্ধে আমাদের চিন্তা করতে হবে। যেভাবে শিক্ষা দপ্তর চলছে, অন্তত কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে দেখতে পাচ্ছি, কলকাতা বিশ্ববিদ্যালয় বিল পাশ হয়েছে, দীর্ঘ সময় চলে গেল শুধুমাত্র স্ট্যাটুস, অ্যাক্টস, রেগুলেশনস করার জন্য কমিটি গঠিত হয়েছে। তারা সেইগুলো করে রাজ্যপালের কাছে দেবেন, তারপর নির্বাচনের ব্যবস্থা হবে। সুতরাং শম্বুক গতিতে, ধীর গতিতে কাজ চলছে। এইগুলো খুব ভাল লক্ষণ নয়। এইসব তাড়াতাড়ি করতে বলছি। তাছাড়া, মনোনীত কাউন্সিল পরিচালনার দায়িত্ব গ্রহণ করার পর তারা যে পরিচালনার ক্ষেত্রে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন—এইটা সবক্ষেত্রে মনে হচ্ছে না। বিশ্ববিদ্যালয়ে বহু উচ্চ শূন্যপদ রয়েছে, সেখানে লোক নিয়োগ হয় নি, শিক্ষক পদে লোক নিয়োগ হয় নি। সেখানে পঠন-পাঠনে ব্যাঘাত ঘটছে। আবার বর্ধমান বিশ্ববিদ্যালয় কাউন্সিল তারা বিভিন্ন সময়ে কলেজগুলোকে যে নির্দেশ সেই নির্দেশের ক্ষেত্রে ইউনিফরমিটি অনুসরণ করা হচ্ছে না। আমার কাছে খবর এসেছে, মাননীয় শিক্ষামন্ত্রী যাচাই করে দেখবেন ঠিক কিনা। আজকে অনেক কলেজে দ্বাদশ শ্রেণী হয়েছে। কলেজ পরিচালক সমিতিতে কলেজের শিক্ষকদের প্রতিনিধিরা নির্বাচিত হন। অনেক কলেজে নির্দেশ গিয়েছে, যেমন খানাকুল কলেজে নির্দেশ গিয়েছে, উচ্চ মাধ্যমিক স্তরে যারা পড়ান তারা ভোট দেবার অধিকারী। আবার বেঙ্গাই কলেজের ক্ষেত্রে নির্দেশ গিয়েছে উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকরা ভোট দেবার অধিকারী নন। এই ধরনের ঘটনা ঘটছে। সুতরাং শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে একটা সুষ্ঠ রীতি নির্ধারণ করার জন্য এই যে পরিচালক সমিতি গঠন করা হচ্ছে, তারাও যে ঠিকভাবে কাজ করছেন তা নয়। বর্ধমানে ঠিকমত পরীক্ষা হচ্ছে কি? ছাত্র-ছাত্রীদের ফল প্রকাশ নিয়মমত করছেন কি? কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ শূণ্য রয়েছে। জানি না, তিনি যোগ দিয়েছেন কিনা। এই পরিস্থিতি দু বছর ধরে চলছে। অর্থাৎ দু বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের উন্নতির যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই উন্নতি আমরা লক্ষ্য করতে পারছি না।

তারপর আমরা কিছু বললেই আপনারা বলেন আমরা এই শিক্ষানীতি গ্রহণ করেছি, আমরা জনসাধারণের বিপুল ভোটে নির্বাচিত হয়েছি, জনসাধারণ আমাদের পক্ষে রায় দিয়েছে। আমি সেকথা মেনে নিচ্ছি। কিন্তু গণতন্ত্রে মেজোরিটি ওপিনিয়ন যেমন একটা বিষয়বস্তু তেমনি একটা ডোমিন্যান্ট মাইনরিটিও আছে। যাঁরা আপনাদের বিপক্ষে রয়েছেন তাদের সংখ্যা কম হলেও তাঁদের মত যদি আপনারা উপেক্ষা করেন তাহলে সেটা গণতন্ত্রের প্রতি অসম্মান করা হবে, অমর্যাদা করা হবে। আপনারা আপনাদের ওই চিন্তাধারা দ্বারা প্রভাবিত হয়ে যদি মনে করেন যে যেহেতু আমরা জনসাধারণের বিরাট ভোটে এসেছি কাজেই আমাদের সব কাজই জনসাধারণ সমর্থন করে তাহলে সেটা কিন্তু ঠিক কথা নয়। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তখন যিনি উপাচার্য ছিলেন সেই অরবিন্দ বসু বিশ্ববিদ্যালয়ে হস্তক্ষেপের প্রতিবাদে পদত্যাগ করেছিলেন। বিভিন্ন জনমত এর বিরোধিতা করেছে, বিভিন্ন ফোরামে বিশ্ববিদ্যালয়ের উপর হস্তক্ষেপের প্রতিবাদ হয়েছে। এই ব্যাপারে আমি আর বেশি কিছু বলতে চাইনা। আমার বক্তব্য হচ্ছে আপনার দপ্তর যেভাবে এগুচ্ছে বিশ্ববিদ্যালয়ের নির্বাচিত পরিচালক সমিতি তৈরি করবার

ব্যাপারে তাতে আমরা মোটেই সন্তুষ্ট নয়। ২ বছর হয়ে গেল কিন্তু এখনও আপনারা আইন করতে পারলেন না, আবার ১ বছর সময় চেয়েছেন। আবার হয়ত দেখব এক্সটেনশন চাইবেন না হলে ইলেকশন করা সম্ভব হবে না একথা বলবেন। কাজেই সময় সীমা বাড়াবার কথা যা বলেছেন সেটা আমরা নীতিগত ভাবে সমর্থন করতে পারছি না। আমরা খুশি হতাম যদি এই ২ বছরের মধ্যে নির্বাচনের ব্যবস্থা করতে পারতেন। আপনারা সাধারণত বলেন দৃঢ়তার সঙ্গে, ক্ষিপ্রতার সঙ্গে আপনারা কাজ করেন। কিন্তু তার নমুনা কিন্তু এটা নয়। আপনারা প্রশাসনে গতিশীলতা আনতে পারেননি এটা আমরা দেখছি। কাজেই আপনি বর্ধমান, কল্যাণী, যাদবপুর এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় সম্পর্কে যে প্রস্তাব উত্থাপন করেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমিয় ব্যানার্জী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের উচ্চ শিক্ষামন্ত্রী এই বিধানসভার সামনে কল্যাণী বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং যাদবপুর বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করে, যে আইন এর আগে উপস্থিত করেছিলেন, সেই অধিগ্রহণের সময় সীমা বাড়াবার জন্য যে বিল হাউসে উপস্থিত করেছেন, তাকে সমর্থন করে দু চারটি কথা আমি বলব। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে সময় যেটা চাওয়া হয়েছে, সেটা খুব সামান্য সময়। যাই হোক বিরোধী পক্ষের সদস্যরা এই ব্যাপারে কিছু আলোচনা করেছেন এবং সন্দেহ প্রকাশ করেছেন। তাঁরা বলেছেন যখন এগুলো অধিগ্রহণ করা হয়েছিল, তারপরে, যত তাড়াতাড়ি এই বিল রচনা করার কথা ছিল, সেটা করা হয়নি। তাঁরা এই সমালোচনা করার সময় আর একটা কথাও বলেছেন কেন অধিগ্রহণ করা হল, কোন পরিস্থিতিতে অধিগ্রহণ করা হল। স্যার, কোন জিনিস উপলব্ধি না করে ঐ অধিগ্রহণ কথাটা শুনলেই কন্ডিশন রিফ্লেকসের মত ওঁদের একটা রিয়্যাকশন হয়—আমি একথা মানি দেরি হয়েছে, এটা মনে রাখতে হবে এ প্রশাসন উত্তরাধিকার সূত্রে আমরা পেয়েছি, সেই প্রশাসনে দু এক স্তরের মধ্যে সেই রকম ধরনের গতিশীলতা আনা সম্ভব কিনা সেটা বিচার করতে হবে। আমরা সকলেই জানি এই প্রশাসনের বুনিয়াদ সেই ঔপনিবেশিক শাসনের সময় থেকে সৃষ্টি হয়েছিল। তারপর যে শাসন ব্যবস্থা এখানে ছিল, তাতে গতিশীলতা আনা দূরের কথা, সেই প্রশাসনের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি স্বজন পোষণ অকর্মণ্যতা এবং তার মাধ্যমে কর্মবিমুখতা সৃষ্টি করেছে। কাজেই এই প্রশাসনের উন্নতি করে গতিশীলতা আনতে সময় লাগবে সেই বিষয়ে কোন সন্দেহ নেই। এবং যে পর্যন্ত না তা আসছে সেই পর্যন্ত ঈপ্সিত ফল লাভ করা যাবেনা।

তৃতীয় সমালোচনা যেটা সদস্যরা করেছেন সেটা হচ্ছে যে সমস্ত ক্ষেত্রে অধিগ্রহণ করা হয়েছে, সেখানে উন্নতির কোন লক্ষণ দেখা যাচ্ছে না এবং সেই প্রসঙ্গে তাঁরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের কথা উল্লেখ করেছেন, কলকাতা বিশ্ববিদ্যালয়কে যে পরিস্থিতিতে অধিগ্রহণ করা হয়েছিল তার পঠন পাঠন, তার দৈনন্দিন পরিচালনা, তার অভ্যন্তরীণ পরিবেশ, যে অবস্থায় ছিল, তাতে আজকে যদি বর্তমান পরিবেশের সঙ্গে তুলনা করি, তাহলে অনুধাবন করা সম্ভব হবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা এবং তার অভ্যন্তরীন অবস্থায় কি পরিমাণ অগ্রগতি হয়েছে বা হয়নি।

মাননীয় সদস্যরা একটু লক্ষ্য করলেই বুঝতে পারবেন যে, যে নতুন ডিগ্রি কোর্স চালু হয়েছে—টু ইয়ার পাশ কোর্স অ্যান্ড থ্রি-ইয়ার অনার্স কোর্স-এর বিষয়বস্তুর পরিপূর্ণ সিলেবাস

বিশ্ববিদ্যালয়ের কাউনসিল তাড়াতাড়ি তৈরি করতে পেরেছে। এটা আমার মনে হয় তাঁদের অ্যাপ্রিসিয়েট করা উচিত ছিল কারণ তাঁরাও শিক্ষা জগতের সঙ্গে যুক্ত। এই সিলেবাস রচনার কাজ চোখের নিমেষে হয় না, তারজন্য সময় দিতে হয়, ভাবনা চিন্তা করতে হয়, পুরানো ধ্যান ধারণার সঙ্গে নতুন বিষয়বস্তুর সংযোজন করতে হয়। সেখানে গণতান্ত্রিক পদ্ধতির মাধ্যমে এই সিলেবাস তৈরি করার কাজটা করা নিশ্চয় সাফল্যের লক্ষণ। দ্বিতীয়ত আমি যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে, আমরা কখনই একথা বলি না যে পরিপূর্ণ ভাবে প্রতিটি পরীক্ষা ঠিক নির্দিষ্ট সময় অনুযায়ী বা তারিখ অনুযায়ী গ্রহণ করা সম্ভব হচ্ছে এবং প্রতিটি পরীক্ষার ফল ৯০ দিন কি ১০০ দিনের মধ্যে বের করা যাচ্ছে কিন্তু আমরা একথা বলি, অনেকগুলি পরীক্ষার ফলই সময়মত কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাউনসিল বের করতে সক্ষম হয়েছেন। আজকে আপনারাও বোধ হয় এটা অস্বীকার করতে পারবেন না। সেখানে পরীক্ষার যে ব্যবস্থা ছিল তার তুলনায় আজকে যথেষ্ট অগ্রগতি সেখানে হয়েছে। আমরা জানি, আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা একটা অনিশ্চিত অবস্থার মধ্যে থাকত—কবে পরীক্ষা হবে জানত না, পরীক্ষা হলেও রেজাল্ট কবে বেরুবে তাও জানত না। সেখানে নতুন জায়গায় ভর্তি হবার সুযোগ তারা পেত না, কোন কমপিটিটিভ পরীক্ষায় বসার সুযোগও তাদের হ'ত না এবং এইভাবে একটা অরাজক অবস্থার মধ্যে তাদের থাকতে হ'ত। আজকে সেই পরিস্থিতির কিন্তু যথেষ্ট উন্নতি হয়েছে—সেখানে পরীক্ষায় ব্যাপারে যে ব্যাকলগ ছিল তা অনেকটা কমিয়ে আনা গিয়েছে। একটা দমকা হাওয়া এসে যদি পরিস্থিতি সম্পূর্ণ উল্টে-পাল্টে না দেয় এবং যদি পশ্চিমবঙ্গের মানুষ এই ধরনের প্রচেষ্টাকে প্রতিহত করতে পারে তাহলে আমরা আশা করি আগামীদিনে সমস্ত পরীক্ষাই নিয়মিত গ্রহণ করা যাবে এবং তার ফলও নিয়ম মত প্রকাশ করা যাবে। এই প্রসঙ্গে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ অবস্থা সম্পর্কে কয়েকটি কথা বলি। আমরা যখন যাই তখন দেখেছি অনেকগুলি ডিপার্টমেন্টেই অভ্যন্তরীন কলহ ছিল। সেখানে গণতন্ত্রীকরণের অভাব এতই ছিল যে হেডের সঙ্গে শিক্ষকদের নানান ব্যাপারে কলহ হত এবং তাতে টেনশন বেড়ে যেত। সেখানে রোটেটিং হেড এবং ডিপার্টমেন্টাল কমিটির মাধ্যমে গণতন্ত্রীকরণ হবার ফলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ আজ সেভাবে পরিচালিত হচ্ছে তার ফলে আবহাওয়ার অনেক উন্নতি হয়েছে। তার সঙ্গে আরো দেখি যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাউনসিলের পক্ষে অত্যন্ত শক্ত হাতে করাপশনের সঙ্গে ফাইট করবার ব্যবস্থা নেওয়া হয়েছে। আজকে যে ভাবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেই রকম ব্যবস্থা কোনদিন কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে ঘটেছে কিনা জানি না। সেখানে উপযুক্ত প্রমাণের ভিত্তিতে এবং বলবার সুযোগ দিয়ে ডিউ প্রসেস অব ল অনুযায়ী সেখানে কনট্রোলারকে পর্যন্ত সাসপেন্ড করা হয়েছে এবং শেষ পর্যন্ত তাঁকে চলে যেতে হয়েছে। সেখানে আরো কয়েকজন কর্মচারী এবং অফিসার যাঁরা এর সঙ্গে জড়িত ছিলেন তাঁদেরও যেতে হয়েছে। এইরকম উপযুক্ত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কনট্রোলারস ডিপার্টমেন্টকে অনেকখানি স্ট্রিমলাইন করা গিয়েছে যদিও একথা স্বীকার করব যে সেখানে ইপ্সিত ফল এখন লাভ করা যায়নি। এই সব ব্যবস্থার কথা বলে আমি একথাই বলতে চাই যে সেখানে বিশ্ববিদ্যালয়ের কাউনসিলকে ভাল ভাবে পরিচালনা করার চেষ্টা করা হচ্ছে। গণতন্ত্র সম্মত আইনের মাধ্যমে যে বডি নতুন আসবে তা করতে নিশ্চয় কিছুটা দেরি হবে। কারণ এবারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন যে আইন এই বিধানসভা পাশ করেছে তাতে চিন্তার নতুনত্ব আছে,

গঠনের নতুনত্ব আছে সে কথাটা অস্বীকার করা যাবে না।

[6-15 – 6-25 P.M.]

আমাদের ভিতর মতভেদ থাকতে পারে, সে ব্যাপারে একথা অস্বীকার করা যাবে না যে শিক্ষা খাতে আমাদের শিক্ষক এবং ছাত্রদের প্রতিনিধি, অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধি এবং এই দেশের যে সংগ্রামী মানুষ কৃষক এবং শ্রমিক আন্দোলনের সঙ্গে যুক্ত তাদের এবং প্রাইমারী শিক্ষক থেকে আরম্ভ করে সমস্ত স্তরের মানুষদের আনবার ব্যবস্থা হয়েছে। স্বভাবত এই অ্যাক্টে ইলেকশন, স্ট্যাটুট, নিয়মকানুন অর্ডিন্যান্সে সমস্ত কিছু করতে কিছু দেরি হবে, এটা অস্বীকার করা যায় না, না হলেই ভাল হত, কিন্তু গণতান্ত্রিক পথে আমরা একথা জানি সব সময় কাজ লেজিলি চলে, দেরি হয় এবং শত চেষ্টা করেও সম্পূর্ণ গতিতে করা যায় না, যদিও সেই চেষ্টা আছে। এসবের মাধ্যমে আমি বিশ্বাস করি কলকাতা বিশ্ববিদ্যালয় আইন যেভাবে নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে নতুন করে তৈরি করা হয়েছে, আমি আশা করব উচ্চ শিক্ষামন্ত্রী সেই দৃষ্টিভঙ্গির মাধ্যমে এই যে তিনটি বিশ্ববিদ্যালয়, নর্থ বেঙ্গল, কল্যাণী এবং বর্ধমানের নিজস্ব বৈশিষ্ট্য-এর কথা মনে রেখে, সেই দৃষ্টিভঙ্গির আলোকে এই সমস্ত জিনিস পরিবর্তন করে যথা শীঘ্র সম্ভব হাউসের সামনে নতুন আইন আনতে পারবেন যার মাধ্যমে যথা শীঘ্র সম্ভব এই বিশ্ববিদ্যালয়গুলিকে গণতন্ত্রীকরণ করা হবে, এই বিশ্বাস আমি করি। এই কথা বলে আমি আশা করব যে কাউন্সিল যেগুলি করা হয়েছে সেখানে আতঙ্ক প্রকাশ করা হয়েছে যে এটা ঠিক গণতন্ত্র সম্মত নয়, তার সঙ্গে সঙ্গে একথা বলব নমিনেটেড কাউন্সিলে ইলেকশনের ব্যবস্থা নাই টু দ্যাট এক্সটেন্ট ইট ইজ নট এ ভেরি ডেমোক্রেটিক বডি, আমি নিশ্চয়ই একথা বলি না ইট ইজ এ ডেমোক্রেটিক বডি, একথা কিন্তু মনে রাখতে হবে যে কাউন্সিলে কাদের আধিপত্য আছে, শিক্ষকদের আধিপত্য আছে, নমিনেটেড মেম্বারদের আধিপত্য খুব বেশি পরিমাণে নেই, বিশ্ববিদ্যালয়ে তাদের পঠন পাঠনের অধিকারের ব্যবস্থা আছে, সেখানকার এম্পলয়ীদের নিয়োগের ব্যাপারে ছাত্র ভর্তির ব্যাপারে, সিলেবাস ঠিক করার ব্যাপারে, সম্পূর্ণ স্বাধিকার তাঁদের আছে, কখনও কোনখানে হস্তক্ষেপ করা হয়নি। আমি এই প্রসঙ্গে একথা মনে করিয়ে দেব যে কলকাতা বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে দু বছরের মধ্যে কাউন্সিলে একটিমাত্র ব্যাপারে মতভেদ দেখা দিয়েছিল এবং ভোটের প্রয়োজন হয়েছিল, তা না হলে সব ব্যাপারে একমত হয়ে বিশ্ববিদ্যালয় কাউন্সিল কাজ করেছে, এটা উল্লেখযোগ্য। এজন্য উল্লেখযোগ্য যে আগের ব্যবস্থায় দেখা যেত .....

**মিঃ ডেপুটি স্পিকার :** এই বিলে যে টাইম ফিক্স করা ছিল ৬টা ২১ মিঃ পর্যন্ত এর মধ্যে ডিবেট শেষ হবে না, তাই আমি হাউসকে অনুরোধ করছি রুল ২৯১ অনুসারে যে টাইম এক ঘন্টা বাড়িয়ে দেওয়া হোক। আমি আশা করি হাউস এটা গ্রহণ করবেন। সকলেই এতে এগ্রিড, অতএব টাইম ইজ এক্সটেন্ডেড বাই ওয়ান আওয়ার। যদি দেখি এক ঘন্টার মধ্যে শেষ হবে না তবে কিছু কিছু টাইম আমি কেটে নেব, এটা বলে রাখছি।

**শ্রী অমিয় ব্যানার্জী :** আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করব যে তিনটি বিশ্ববিদ্যালয় সম্পর্কে আইন যথাশীঘ্র সম্ভব উপস্থিত করে তিনি যে আমাদের বিরোধী সদস্যদের উদ্বেগ দূরীভূত করার ব্যবস্থা করেন। তার সঙ্গে আমি বিরোধী সদস্যদের একথাও

বলব অধিগ্রহণ করার কথা শুনলেই তাঁরা যেন আঁতকে না উঠেন। অধিগ্রহণের ফলাফল কি হচ্ছে, কোনদিকে যাচ্ছে, সেকথা বিচার করে তাঁরা যেন নতুন করে চিন্তাভাবনা করেন এবং ভেবে দেখেন তাঁদের দৃষ্টিভঙ্গিতে নতুন কোন পরিবর্তন আনা সম্ভব কিনা। এই কথা বলে শিক্ষামন্ত্রী মহাশয় সময় সীমা বাড়াবার জন্য যে বিল উত্থাপন করেছেন, আমি তা সমর্থন করছি।

**শ্রী সামসুদ্দিন আহমেদ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কল্যাণী ইউনিভার্সিটি (টেম্পোরারি সুপারসেশান) অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৮০, দি নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি টেম্পোরারি সুপারসেশন অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৮০, বর্ধমান ইউনিভার্সিটি টেম্পোরারি সুপারসেশন অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৮০, যাদবপুর ইউনিভার্সিটি টেম্পোরারি সুপারসেশন অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৮০ এই চারটি বিল এক সঙ্গে মুভড—বলে ধরে নেওয়া হয়েছে, যদিও মুভড হয়নি।

**মিঃ ডেপুটি স্পিকার :** আলোচনা এক সঙ্গে হবে, এগুলি সেপারেট ভাবে মুভড হয়েছে, আমি পারমিশন দিয়েছি। আপনি আপনার বক্তব্য বলে যান।

**শ্রী সামসুদ্দিন আহমেদ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গ্রাম দেশে একটি কথা চালু আছে সুঁচ হয়ে ঢোকে ফাল হয়ে বেরিয়ে যায়। প্রথম যখন বিশ্ববিদ্যালয়গুলি অধিগ্রহণ করা হল তখন বলা হল সামান্য কদিনের জন্য এটা করা হল। আমরা ডেমোক্রেটিক ভাবধারায় বিশ্বাসী, সুতরাং বেশিদিন হত্যা করে রাখা হবে না। নির্বাচিত প্রতিনিধিদের কাছে সব কিছু দিয়ে আবার ঢেলে সাজিয়ে দেওয়া হবে। কিন্তু দেখা গেল অনেক সময় চলে গেছে। ২ বছর পার হয়ে গেছে, বামফ্রন্ট সরকার ইচ্ছা করেই হোক কিম্বা প্রমোদবাবু আর জ্যোতিবাবুর ভিতর গন্ডগোলের জন্যই হোক, কি কারণে জানি না দেরি হচ্ছে। বহু কান্ড কারখানার পর ক্যালকাটা ইউনিভার্সিটি বিল বার হয়েছে, যদিও একই সঙ্গে সুপারসেশন করা হয়েছিল। নর্থ বেঙ্গল, কল্যাণী, বর্ধমান এই তিনটি রয়ে গেছে, তার সঙ্গে আবার যাদবপুর এসে যুক্ত হয়েছে। কি কারণে দেরি হল সেটা আমরা জানি না। বিল হবে, তার প্রভিসন হবে, পাস হবে অ্যাসেন্ট হবে ইত্যাদি কারণে এক বছর চাওয়া হচ্ছে। কিন্তু এই এক বছর পরে ফলটা কি বেরোবে? আমরা বুঝতে পারছি এই এক বছরে কিছু হবে না, হতে পারে না। তখন আবার আপনারা ঠিক ঐ একই কথা বলবেন আরো এক বছর বাড়ানো হোক। এইভাবে বাড়তে বাড়তে আপনারা গণতন্ত্রের ধারক হয়ে মাংসটুকু সব শেষ করে দেবেন, স্কেলিটনটা শুধু রয়ে যাবে। আপনারা যতই বড় বড় কথা বলুন না কেন শিক্ষা জগতে আর কিছু থাকবে না। আপনাদের ভাবধারা দেখে মনে হচ্ছে ডিলেয়িং পলিসি করে কাউনসিল বা বিভিন্ন কমিটিতে নিজেদের লোকদের বসিয়ে শিক্ষাজগতে একটা ডামাডোল এনে একটা চরম বিপ্লব আনবেন। সেই বিপ্লব যে কোন বিপ্লব সেটা আমরা ঠিক বুঝতে পারছি না। আপনারা ৪টি বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করে ক্ষান্ত হন নি, যাদবপুরের দিকে আপনাদের নজর পড়ে গেল। স্যার, সেখানে একটি কমিটি অ্যাপয়েন্টেড হয়েছিল।

[6-25 – 6-35 P.M.]

সেই কমিটি রায় দেওয়া পর্যন্ত আপনারা অপেক্ষা করতে পারলেন না ভেঙ্গে দিলেন আর নজর পড়ে গেল যাদবপুর ইউনিভার্সিটির উপর। এর জন্য প্রতিবাদ করেছিলেন তৎকালীন

ভাইস চ্যান্সেলার শ্রী অরবিন্দ ঘোষ মহাশয় তার জন্য পদত্যাগ করেছিলেন। শুধু তাই নয়, সারা পশ্চিমবঙ্গের শিক্ষাবিদরা, ভাইসচ্যান্সেলাররা, অধ্যক্ষরা অর্থাৎ ইনটেলেকচুয়ালরা গুঞ্জন তুলেছিল। যাদবপুরে যে কমিটি অ্যাপয়েন্টেড হয়েছিল তাদের রায় পর্যন্ত কেন আপনারা অপেক্ষা করলেন না। এই সমস্ত শিক্ষাবিদরা তাদের কথায় আপনারা কান পর্যন্ত দিলেন না। এটা আমরা লক্ষ্য করেছি যে এই সে দিন যে ভাইসচ্যান্সেলারদের কনফারেন্স হয়ে গেল সেখানে তারা সোচ্চার হয়ে এর তীব্র প্রতিবাদ করেছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে যাদবপুর বিশ্ববিদ্যালয় বিল তার মাঝে ঢুকুন দেখতে পাবেন অনেক কিছু। সেই এ প্লাস বি হোল স্কয়ারের ফরমুলা দেখতে পাচ্ছি। আপনি স্যার বিলের ৫নম্বরে আসুন the Chancellor and the Vice-Chancellor. ভাল কথা তার পর Persons the President west Bengal Council of Higher Secondary Education. ভাল কথা persons not being salaried employees of the University এটা আবার কি? তিনজন তাদের তরফ থেকে দাও তার পর এসে দেখলাম five persons interested in University education nominated by the Chancellor এইখানেই আমাদের সন্দেহ হয় চ্যান্সেলার মানেই হচ্ছে মন্ত্রীরা যা বলবে তাঁকে তাই করতে হবে। আপনারা তো বিল নিয়ে এলেন ৫জন তো আছে তাহলে আপনাদের যেসব শরিক দল রয়েছে তারা সবাই ঠাঁই পাবে তো। এই ভাগ নিয়ে কিন্তু শম্ভুবাবুকে বিপদে পড়তে হবে। তার পর এফ-তে আসুন not less than six and not more than nine persons. এখানে আবার কি দেখুন কেন ভাইসচ্যান্সেলারের সঙ্গে কনসাল্ট করতে পারবেন না। এখানে একটু উদার হতে পারলেন না। not less than six and not more than nine persons nominated by the Chancellor in consultation with the Minister from among the heads of departments and teachers of University ..... আবার দেখুন সেই এ প্লাস বি হোল স্কয়ার ফরমুলা সেই ভাইসচ্যান্সেলারের কথা সেই পয়েন্টের কথা সেই A plus B whole square formula. এখানে রয়েছে one of the Principals or heads of the Institutions established, managed or maintained by or affiliated to the University, nominated by the Chancellor in consultation with the Minister. আবার সেই মিনিস্টারের কথা। এখানে চ্যান্সেলার না বলে গভর্নমেন্ট বললেন না কেন নমিনেটেড বাই দি গভর্নমেন্ট এই কথা বললে ভাল হত। সেখানে চান্সলর মহাশয়কে, যিনি টাইটুলার হেড তাঁকে জুড়ে দিয়ে এটা করার কোনো মানে হয় না। এখানে ক্যালকাটা ইউনিভার্সিটি বিল পাশ হয়ে গেছে এবং সেখানে ছাত্রদের প্রতিনিধিদের নেওয়া হয়েছে। সুতরাং এই কাউন্সিলেও ছাত্রদের প্রতিনিধিদের নিলে কোনো ভুল হ'ত না। আপনি ইতিপূর্বে বড় গলায় বলেছিলেন শিক্ষা ক্ষেত্রে আমরা ছাত্র প্রতিনিধিদের অংশগ্রহণের ব্যবস্থা করেছি। ক্যালকাটা ইউনিভার্সিটির বেলায় যদি করতে পারেন তাহলে এখানে করছেন না কেন? সেই সঙ্গে ট্রেড ইউনিয়ন প্রতিনিধি ইত্যাদি গুলিও এখানে আনা উচিত। কাজেই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এখানে কাগজে-কলমে গণতন্ত্রের কথা লিখে রাখা হয়েছে, আসলে গণতন্ত্র হত্যার চেষ্টা করা হচ্ছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়কে যেভাবে অধিগ্রহণ করা হয়েছে এবং পরিচালন ভার যেভাবে নেওয়া হয়েছে তার তীব্র প্রতিবাদ করে এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী সদস্য জনতা দলের নেতা এখানে বক্তৃতা রাখতে গিয়ে বললেন শিক্ষা দপ্তরের সব কিছু ব্যর্থ হয়ে গেছে, শিক্ষা দপ্তর কোনো কাজ করতে পারছে না। এবং সেই সঙ্গে বললেন সরকার বিশ্ববিদ্যালয়ের স্বাধিকারের উপর ক্রমাগত হস্তক্ষেপ করছেন। ৯-টি রাজ্যের স্বাধিকার কিভাবে হরণ করা হয়েছে, সেটা তাঁরা দেখেছেন এবং দেখেও এখনো এখানে এই সব কথা বলতে পারছেন! আজকে ইন্দিরা কংগ্রেসের সদস্যরাও সেই একই কথা এখানে বলছেন। অথচ ইন্দিরা কংগ্রেস কিভাবে রাজ্যে রাজ্যে দেশের মানুষের অধিকার খর্ব করছে তা তো আমরা দেখতে পাচ্ছি। তাদের নেতা এখানে এই নির্বাচিত বিধানসভাকে ভেঙ্গে দেবার মাঝে মাঝে হুমকি দেখায়। ৯-টি রাজ্যের গণতন্ত্রের কণ্ঠরোধ করবার পর এখন পশ্চিমবাংলা, কেরালা এবং ত্রিপুরার দিকে শকুনের দৃষ্টি পড়েছে, ইন্দিরা শকুনের দৃষ্টি পড়েছে। তাঁদের মুখে গণতন্ত্রের কথা ভুতের মুখে রাম-নামের মত শোনাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সামসুদ্দিন আহমেদ সাহেব বললেন খবরের কাগজে পড়েছেন—যদিও ভাল করে পড়েননি—ভাইস-চ্যান্সেলরদের কনফারেন্স হয়েছিল, ইত্যাদি কথা। বিষয়টা না জেনেই তিনি এখানে বক্তৃতা রাখলেন। আসলে ইউনিভার্সিটিদের অ্যাসোসিয়েশন, অ্যাসোসিয়শন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিস—এর সভায় সমস্ত ভাইস-চ্যান্সেলররা উপস্থিত ছিলেন। সেখানে এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য মহাশয়-ও উপস্থিত ছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কোনও কিছুই খোঁজ খবর রাখেন না। যার ফলে এই সব ভুল কথা-বার্তা বলছেন।

তারপর আমি জনতা দলের প্রবোধ বাবুর কথায় আসি। উনি বললেন বিশ্ববিদ্যালয়ে অনেকগুলি পদ খালি পড়ে আছে। খনিও বোধ হয় জানেন না যে, রেজিস্টার এবং কনট্রোলারের পদে অ্যাপয়েন্টমেন্ট হয়ে গেছে।

[6-35 — 6-45 P.M.]

সমস্ত পদগুলিতে পূরণ করা হয়েছে এবং কাউন্সিল এই সমস্ত পদগুলি পূরণ করতে চায়। আমরা অতীতের মত করতে চাই না। যার অর্নাস নেই, যে পাশ কোর্সে পাশ করেছে, ডক্টরেট ডিগ্রি নেই এমন সব ব্যক্তিকে আগেকার কাউন্সিল ইউনিভার্সিটিতে অ্যাপয়ন্টমেন্ট দিয়েছে। এমন কি কম্পার্টমেন্টাল পেয়ে পাশ করেছে এমন সব ব্যক্তিকে ইউনিভার্সিটিতে লেকচারার করেছে। এই জিনিস এই কাউন্সিল করতে চায় না। ঐ ইন্দিরা গান্ধীর আমলে একজন এম. সি. পাশ ব্যক্তিকে প্যাথোলজির প্রফেসর করেছেন। অতীতে অনেক মন্ত্রী যার হাত নেই এমন লোকেদের স্টেনোগ্রাফার করেছেন, টাইপিস্ট করেছেন। যারা স্টেনো জানে না অথচ অন্য লোকদের দিয়ে পরীক্ষা দিয়ে স্টেনোগ্রাফার করেছেন। আজকে বিশ্ববিদ্যালয়ে যে কাউন্সিল প্রতিষ্ঠিত হয়েছে তারা প্রকৃত শিক্ষাব্রতীদের নিয়োগ করছেন, তাদের উপযুক্ত কোয়ালিফিকেশন দেখে কাউন্সিল অধ্যাপক, রিডারস এবং হেড অফ দি ডিপার্টমেন্ট নিযুক্ত করছেন। উনি বললেন, ঠিকমত পরীক্ষা হচ্ছে কিনা তা উনি জানেন না। উনি কি বলতে চাইছেন তা তো আমি বুঝতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি জানেন না, অতীতে কংগ্রেস আমলে বর্ধমান ইউনিভার্সিটিতে, ক্যালকাটা ইউনিভার্সিটিতে যে ব্যাক-লগ ছিল সেই ব্যাক-লগকে ঠিক করা হয়েছে, তাড়াতাড়ি করে ঠিক সময়ে রেজাল্ট পাবলিশ করা হয়েছে। আজকে ব্যাক-লগকে এই সরকার কারেন্ট করে এনেছে। গত ৫ বছর ধরে শিক্ষা ক্ষেত্রে যে

নৈরাজ্য এই কংগ্রেসীরা তৈরি করেছিল এই সরকারকে তার প্রায়শ্চিত্য করতে হচ্ছে, যে বিরাট জঞ্জালের পাহাড় তৈরি করেছিল আজকে এই বামফ্রন্ট সরকার সেই জঞ্জালের পাহাড়কে পরিষ্কার করে আজকে শিক্ষা ক্ষেত্রে সুস্থ আবহাওয়া সৃষ্টি করেছে। বিগত দিনে কলেজগুলিতে এবং বিশ্ববিদ্যালয়ে সেখানে মদের দোকান বসিয়েছিল, ছেলেদের মদ খাইয়ে মাতাল তৈরি করেছিল। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ভাইস চ্যান্সেলারের সামনে, রেজিস্টারের সামনে গুলি করার রাজনীতি ইন্দিরা কংগ্রেসীরা তৈরি করেছিলেন, খুনের রাজনীতি তৈরি করেছিল। কলেজগুলিতে এবং বিশ্ববিদ্যালয়েতে আগে ছাত্ররা যেত না। ছাত্রদের হাতের বই কেড়ে নিয়ে রাইফেল তুলে দেওয়া হয়েছিল। আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দীর্ঘ আড়াই বছর ধরে পশ্চিমবাংলার সমস্ত কলেজগুলিতে শিক্ষার একটা পরিবেশ তৈরি করেছেন, আজকে সেখানে নূতন রাজত্ব তৈরি হয়েছে। ওনারা গণটোকাটুকির ব্যবস্থা আবিষ্কার করেছিলেন — ওনাদের বহু নেতা চুরি করবার জন্য তাদেরকে ল কলেজে আলাদা ঘরের ব্যবস্থা করা হয়েছিল। আজকে সেই গণটোকাটুকির রেওয়াজ তুলে দেওয়া হয়েছে। সেই কাজগুলি এই কাউন্সিল করছে। এই সেদিন কাগজে বেরিয়েছে — কাউন্সিল বলেছেন, ভাইস-চ্যান্সেলার বলেছেন — ল কলেজে যদি টোকাটুকি হয় তাহলে কাউন্সিল শক্ত হাতে, কঠোর হস্তে ব্যবস্থা নেবে এবং বহিষ্কার করা হবে। সুতরাং এই সমস্ত কাজ আমরা করছি এবং একটা নূতন পরিবেশ তৈরি করেছি। একজন মাননীয় সদস্য বলছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার শ্রী অরবিন্দ বোস তিনি নাকি পদত্যাগ করেছেন। কিন্তু আপনারা জানেন না, ওনার চাকুরির মেয়াদ আর ৩/৪ দিন ছিল। উনি ভাবছেন আমি তো রিটায়ার করছি জনগণ তো আর জানেন না — সুতরাং খবরের কাগজে বেরিয়ে গেল যে উনি পদত্যাগ করলেন। উনি ৩/৪ দিন বাদে রিটায়ার করতেন কিন্তু ৭ দিন আগে পদত্যাগ করে বাহবা নিলেন। সমস্ত বিশ্ববিদ্যালয়গুলিতে রাজনীতির নোংরা পাহাড় ওঁরা তৈরি করেছিলেন। যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্মচারীর মধ্যে মারামারি চলত যার জন্য দিনের পর দিন শিক্ষামন্ত্রীর কাছে ছাত্র এবং কর্মচারীদের তরফ থেকে রিপ্রেজেনটেশন আসত। এই অবস্থার জন্য এখানে পড়াশুনা একেবারেই হচ্ছিল না। যাই হোক এই যে অধিগ্রহণ এটা সাময়িক অধিগ্রহণ — পার্মানেন্ট নয়। অতএব মন্ত্রী মহাশয় যেটা এনেছেন সেটাকে ইউনানিমাসলি আমাদের সমর্থন করা উচিত, এই বলে এই বিলকে সমর্থন করে এবং উচ্চ শিক্ষা মন্ত্রীকে অভিনন্দন জানিয়ে আমি শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে আমি সমর্থন করছি। বিরোধী পক্ষের বক্তব্য যাই হোক না কেন পশ্চিমবাংলার শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট মানুষ যাঁরা তাঁরা সকলেই জানেন বিশ্ববিদ্যালয়গুলি অধিগ্রহণের প্রয়োজনীয়তা কেন হয়েছিল এবং এর সময় বাড়ানোর প্রয়োজনীয়তা কেন এই সম্পর্কে সমস্ত মানুষ ওয়াকিবহাল আছেন। বিশ্ববিদ্যালয়গুলিতে যে পরিবেশ সেই সময়ে চলছিল তাতে তখন কোন পঠন পাঠন সেখানে ছিল না, বরং সেগুলি একটা সমর শিক্ষা শিবিরে পরিণত হয়ে সারাদিন বোমাবাজি চলত। উচ্চ শিক্ষার জন্য পশ্চিমবাংলার যে খ্যাতি ছিল তা থেকে আমরা ক্রমশ দূরে সরে যাচ্ছিলাম। সেইজন্য এই সরকার হবার পর সেই সমস্ত বিশ্ববিদ্যালয়গুলিকে অধিগ্রহণ করতে হয়েছিল। যাদবপুর বিশ্ববিদ্যালয় নৈরাজ্যের কথা সকলের জানা আছে। সেখানে কোন নিয়ম মানা হত না সিলেক্ট কমিটি থেকে যোগ্য ব্যক্তিকে নিয়োগ

না করে যাকে নিয়োগ করা যায় না এই রকম লোককে নিয়োগ করা হয়েছিল। যার ফলে ছাত্রদের পঠন পাঠনের মান কমে গিয়েছিল। এই অভিযোগই শুধু নয়, সেখানকার অর্থনৈতিক ক্ষেত্রে অপব্যয়ের কথা সকলেরই জানা আছে। অর্থাৎ ফাইনানসিয়াল ডাইভারশনের কথা সকলেই জানেন। যেমন ইকুইপমেন্টের টাকা নিয়ে সোশালে খরচ করা হত, লাইব্রেরীর টাকা নিয়ে ওভারটাইমের জন্য খরচ করা হত। এগুলি বন্ধ করার প্রয়োজন ছিল। অর্থাৎ সেখানে একটা ফিউডিয়াল অ্যাডমিনিস্ট্রেটিভ স্ট্রাকচার গড়ে উঠেছিল। যেটা বন্ধ করবার প্রয়োজন ছিল। এক একটি বিভাগের প্রধান ক্ষমতা কুক্ষিগত করে পরিচালন ব্যবস্থা নিয়ন্ত্রণ করতেন যেটা শিক্ষা বিকাশের পরিপন্থী ছিল, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বহু অধ্যাপক বেশিরভাগ সময়ে বিশ্ববিদ্যালয়ের কাজে ব্যস্ত না থেকে বাইরের কাজে ব্যস্ত থাকতেন। এই সব দূর করার জন্য মন্ত্রী মহাশয় সাহসের সঙ্গে এই বিশ্ববিদ্যালয়গুলি অধিগ্রহণ করেছেন এবং সেখানে যে নৈরাজ্যের অবস্থা ছিল তা থেকে উত্তীর্ণ হতে গেলে কিছু সময়ের দরকার যার দিকে দৃষ্টি রেখে তিনি এই সময় বৃদ্ধি করতে চাইছেন।

[6-45 — 6-55 P.M.]

দেশের শিক্ষা দরদী মানুষ এর জন্য আপনাকে অভিনন্দন জানাবেন। পরিষদে যে সমস্ত সভ্য আছেন তাঁদের মধ্যে কেউ কেউ পারিবারিক সুযোগে মেম্বার থাকবেন। এই বিশ্ববিদ্যালয়গুলি প্রতিষ্ঠার ক্ষেত্রে তাঁদের যে অবদান তা দেশের মানুষ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবেন। যেমন এখানে গৌরীপুরের ব্রজেন্দ্র কিশোর রায়চৌধুরী, মৈমনসিংয়ের মহারাজা সূর্যকান্ত আচার্য চৌধুরী এবং রাজা সুবোধ মল্লিকের নাম আছে। অর্থাৎ এঁরা যাকে ইচ্ছা নমিনেট করতে পারবেন, কিন্তু আমি বলছি যে পারিবারিক সূত্রে এই জিনিস করার মানে গণতন্ত্রের পরিপন্থী হবে। সেদিক থেকে যখন নির্বাচন হবে তখন এইগুলি বাদ দেওয়া যায় কিনা আপনি তা চিন্তা করে দেখবেন। সর্ব শেষে আপনি যে বক্তব্য রেখেছেন তা সমর্থন যোগ্য এবং এ ব্যাপারে আপনি দেশের মানুষের অভিনন্দন নিশ্চয় লাভ করবেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী সুপারসেশনের যে বিল এনেছেন সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। তিনি ৩টার সময় বাড়ানোর জন্য এবং আরেকটির অর্ডিন্যান্সকে বিল আকারে এখানে এনেছেন। অনিল বাবু ৯টি রাজ্য বিধানসভা যে বাতিল হয়েছে তার কথা বললেন এবং পশ্চিমবঙ্গের প্রতি যে শকুনের দৃষ্টি আছে সেকথাও বললেন। সেই প্রেক্ষাপটে আমি তাঁকে মনে করিয়ে দিচ্ছি আনসক্রুপুলাস রাজনীতি করবেন না, সেটা আপনাদের উপরেই বুমেরাং হয়ে আসবে আমরা সেরকম রাজনীতি সমর্থন করিনা। বিশ্ববিদ্যালয়ের সুপারসেশনের যেমন আমরা বিরোধী তেমনি পশ্চিমবঙ্গ সুপারসিডেড হলেও আমরা তার বিরোধিতা করব। এই পরিপ্রেক্ষিতে যাদবপুর বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ বিলটা বিবেচনা করতে বলছি।

অর্ডিন্যান্স জারি করে যাদবপুর বিশ্ববিদ্যালয় মার্কসবাদী সরকার গ্রহণ করেছেন এবং যে বিল এখানে উত্থাপন করেছেন সেটা পাশ করার সময় আমি আশা করে ছিলাম অন্তত মাননীয় শিক্ষামন্ত্রী আমাদের জাতীয় আন্দোলনের ধারা, জাতীয় শিক্ষা আন্দোলনের ধারা সম্পূর্ণ বিস্মৃত হবেন না। কারণ, তিনি যাঁকে নেতা বলে মনে করেন সেই নেতাজী সুভাষ

*চন্দ্র ভারতবর্ষের জাতীয় আন্দোলনের শ্রেষ্ঠ জ্যোতিষ্ক। জাতীয় আন্দোলন থেকে বিচ্যুত তাঁর* চিন্তা ধারা এর মধ্যে হয়ে যাবে এটা আমার ধারণার অগম্য ছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ইতিহাস কি। ১৯০২ সালে যখন ইন্ডিয়ান ইউনিভার্সিটি এডুকেশন কমিশন হয়েছিল তার সঙ্গে স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়ের ঘোরতর মতবিরোধ হয়েছিল। সেখানে ইস্যু কি ছিল — গভর্নমেন্টাল কন্ট্রোল ওভার দি ইউনিভার্সিটি, সেই ইস্যুতে স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায় নোট অফ ডিসসেন্ট দিয়েছিলেন ইন্ডিয়ান ইউনিভার্সিটি এডুকেশন কমিশনে। তারপর সেখানে ডন ন্যাশানাল কাউন্সিল অফ এডুকেশন গঠিত হয়েছিল। এটা আমাদের জাতীয় আন্দোলনের অত্যন্ত গৌরবময় ধারা যে ধারার মধ্যে ভারতীয় জাতীয় শিক্ষা পরিষদ গঠিত হয়েছিল। দেশের এবং বিদেশের জ্ঞান-বিজ্ঞানের চর্চা জাতীয় আন্দোলনের প্রেক্ষাপটে সেই ঐতিহ্য যাদবপুর বিশ্ববিদ্যালয় বহন করেছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৫৫ সালে যখন যাদবপুর বিশ্ববিদ্যালয় বিল এই হাউসের সামনে এসেছিল এই হাউসের বর্তমান কয়েকজন সদস্য মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, মাননীয় সেচ মন্ত্রী প্রভাস রায়, মাননীয় সদস্য বলাইলাল দাস মহাপাত্র, মাননীয় সদস্য শশবিন্দু বেরা, আরো হয়ত কয়েকজন তখন এই হাউসের সদস্য ছিলেন। আমরা তখন যদিও ছাত্র আমাদের মনে আছে কি বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যে পশ্চিমবঙ্গের তদানীন্তন শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্র নাথ চৌধুরী এই বিল বিধানসভায় এনেছেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্র, সমস্ত ছাত্র সেদিন এই অ্যাসেম্বলী প্রাঙ্গণে এসে সমবেত হয়েছিল। ন্যাশানাল কাউন্সিল অফ এডুকেশনের ঐতিহ্যবাহী সমস্ত শিক্ষাবিদ এই বিধানসভার দর্শক গ্যালারী পূর্ণ করেছিলেন। এটা একটা ঐতিহাসিক বিল যা সেদিনকার ডাঃ বিধানচন্দ্র রায়ের সরকার এই হাউসে এনেছিলেন। আজকে কি দেখছি — যে শিক্ষার ধারা যাদবপুর বিশ্ববিদ্যালয় বিলের মধ্যে স্বীকৃত হয়েছিল, যে জাতীয় শিক্ষা আন্দোলন জাতীয় শিক্ষা পর্ষদের সমস্ত ঐতিহ্যকে স্বীকার করে যে বিল এসেছিল তাকে আজকে যে কালা বিল মাননীয় শিক্ষামন্ত্রী সভার কাছে পেশ করলেন তার দ্বারা সম্পূর্ণভাবে অস্বীকার করা হল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করলে দেখবেন নূতন যে বিল এসেছে সেই বিলের মধ্যে ডোনার্স রিপ্রেজেনটেটিভ ঠিকই আছে, কারণ, বামফ্রন্টের শ্রেণী স্বার্থে আঘাত লাগবে মহারাজা সূর্যকান্ত আচার্য চৌধুরীর প্রতিনিধি এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট না থাকলে। কিন্তু জাতীয় শিক্ষা পরিষদের কোন প্রতিনিধি এই কালা আইনের মধ্যে কোন পর্যায়ে নেই। পুরানো বিলের সঙ্গে মিলিয়ে দেখুন, অরিজিনাল অ্যাক্ট, যাদবপুর ইউনিভার্সিটি অ্যাক্ট, ১৯৫৫, অ্যাজ অ্যামেন্ডেড ১৯৭০, তার মধ্যে দেখুন, ৪ ধারায় প্রথমে বলা হয়েছিল জাতীয় শিক্ষা পর্ষদের সমস্ত সদস্য, এগজিকিউটিভ কাউন্সিলের সমস্ত সদস্য তার ডোনার সদস্য হিসাবে থাকবে। ১৯৭০ সালের অ্যাক্টের ১৯৭২ সালে যে অ্যামেন্ডেমেন্ট হয়েছিল তাতেও প্রেসিডেন্ট অফ দি ন্যাশানাল কাউন্সিলকে স্বীকৃতি দেওয়া হয়েছিল, তার সভ্য রাখা হয়েছিল। আজকে যে বিল উত্থাপন করা হল তাতে জাতীয় পরিষদকে সম্পূর্ণভাবে বিস্মৃত হয়ে গেলেন, ভারতবর্ষের জাতীয় আন্দোলনকে সম্পূর্ণভাবে বিস্মৃত হয়ে গেলেন। আমার ভাবতে আশ্চর্য লাগছে মাননীয় শিক্ষামন্ত্রী কি করে ভুলে গেলেন জাতীয় আন্দোলনের ভাবধারাকে। ১৯৩৮ সালে নেতাজী সুভাষচন্দ্র কংগ্রেস সভাপতি হন, জাতীয় আন্দোলনের ভাবধারা যা স্বাধীনোত্তর ভারতবর্ষে গঠিত হয় তারজন্য একটা কমিটি গঠন করেছিলেন।

[6-55 — 7-05 P.M.]

তার সভাপতি ছিলেন আচার্য নরেন্দ্রদেব এবং মেম্বার ছিলেন নির্মলকুমার সিদ্ধান্ত এবং কে. জি. সিয়াউদ্দিন। তাঁদের সুপারিশ তাঁদের চিন্তাধারা আমি কিন্তু শম্ভুবাবুর চিন্তাধারার মধ্যে দেখতে পাচ্ছিনা। স্যার, এই বিলের মধ্যে অনেক কিছু রাখা হয়েছে, মনোনীত সদস্যদের বিরাট তালিকা দেওয়া হয়েছে। কিন্তু যাদবপুর ইউনিভার্সিটির অরিজিনাল ফ্যাকাল্টি অর্থাৎ ফ্যাকাল্টি অফ ইঞ্জিনিয়ারিং-কে নেগলেক্ট করা হয়েছে, কোন ডিন-কে রাখা হয়নি। আপনি যাদবপুর ইউনিভার্সিটিতে গিয়ে দেখবেন সেখানে অ্যালুমনি অ্যাসোসিয়েশনের আলাদা ঘর রয়েছে এবং অ্যালুমনি অ্যাসোসিয়েশনের সেখানে অ্যাক্টিভিটিস্ রয়েছে এবং তাঁরা বিশ্ববিদ্যালয়ের সমস্ত শুভ কাজের সঙ্গে যুক্ত রয়েছে। তারপর, ভাইস-চ্যান্সেলর নিয়োগের ক্ষেত্রে অরিজিনাল বিলে ছিল শিক্ষামন্ত্রী মহাশয়ের প্রতিনিধি, আচার্যের প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয়ের একজিকিউটিভ কাউন্সিলের প্রতিনিধি থাকবেন এবং তাঁরা সকলেই সরকারি প্রতিনিধি। কিন্তু আপনারা সেটাও কেড়ে নিলেন। এখন মন্ত্রী মহাশয় এবং রাজ্যপালের মধ্যে সব হবে। বিলের ১২ ধারায় যে পরিবর্তন করা হয়েছে আমি তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং ইন্সটিটিউট অফ ম্যানেজমেন্ট সম্পর্কে আপনি যে বক্তব্য রেখেছেন সে সম্পর্কে আমি কিছু বলব। আমার বক্তব্য হচ্ছে এই অধিগ্রহণের বিরুদ্ধে ন্যাশানাল কাউন্সিল অফ এডুকেশন, বেঙ্গল একটা প্রস্তাব গ্রহণ করেছিলেন ১৪ই নভেম্বর। সেখানে তাঁরা বলেছেন, This meeting thinks that though declared go to be a temporary measure this unfortunate ordinance dissupts the glorious tradition of development of national education in Bengal. সেই দীর্ঘ রেজলিউশনের মধ্যে তাঁরা যা বলেছেন আমি সেটা অধ্যাপক ঘোষকে মনে করিয়ে দিচ্ছি স্যার আশুতোষের একটা কথা এর সঙ্গে সংযোজিত হয়েছে। কোন সংস্থাই এত স্থায়ী নয়, যতটা স্থায়ী শিক্ষা এবং বিশ্ববিদ্যালয়। স্যার আশুতোষের সেই সুবিখ্যাত উক্তি, নো হিউম্যান ইন্সটিটিউশন ইজ সো পার্মান্যান্ট অ্যাস এ ইউনিভার্সিটি। ফ্রিডম ফার্স্ট, ফ্রিডম সেকেন্ড এবং ফ্রিডম অলওয়েস্। এ সম্পর্কে ৭টি বিশ্ববিদ্যালয়ের ৮জন উপাচার্য যে যৌথ বিবৃতি দিয়েছেন সেটা আপনি নিশ্চয়ই জানেন। যাদবপুর ইউনিভার্সিটি সুপারসেশন এবং ক্যালকাটা ইউনিভার্সিটি সুপারসেশন-এর সময় বলা হয়েছিল অত্যন্ত টেম্পোরারি পিরিয়ডের জন্য এটা করা হচ্ছে। কিন্তু এ সম্পর্কে বিল না আসার জন্য তীব্র প্রতিবাদ করেছেন রমেশচন্দ্র মজুমদার থেকে আরম্ভ করে অরবিন্দ বসু পর্যন্ত ৮জন উপাচার্য। কিন্তু আমি দুঃখিত হলাম আমার তরুণ বন্ধু জয়ন্তবাবু সরকারকে সমর্থন করে কতগুলি কথা বললেন যেগুলি আনফাউন্ডেড। কারণ কতকগুলো অভিযোগের কথা বলা হয়েছে। শিক্ষক নিয়োগের ব্যাপারে নাকি কতগুলো গুরুতর ত্রুটি-বিচ্যুতি রয়েছে। সেইটা কি? যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ অরবিন্দনাথ বসু এই সুপারসেশানের বিরোধিতা করে যে পদত্যাগপত্র চ্যান্সেলরের কাছে পাঠিয়েছিলেন সেই পদত্যাগপত্রে এই সম্পর্কে তাঁর বক্তব্য বলেছেন। যাদবপুর টিচারস অ্যাসোসিয়েশন যেটাকে প্লি করে, একটা সাজানো অভিযোগ দাঁড় করিয়ে, এই বিশ্ববিদ্যালয়কে সুপারসেশান করা হল তাদের ২৬শে নভেম্বরের যে মেমোরেনডাম সেটা উপাচার্য পেয়েছিলেন ৩রা ফেব্রুয়ারি ১৯৮০ তারিখে এবং ১০ই মার্চ, ১৯৮০ তারিখে তার প্রত্যেকটার জবাব তিনি দিয়েছেন। বসু কমিশন গঠন করেছেন। কিন্তু বসু কমিশন তাদের প্রতিবেদন সরকারের কাছে পেশ করলেন

না। কিন্তু তার আগেই সরকারের মন্ত্রী এবং মাননীয় সদস্যরা ভুরি ভুরি অভিযোগের প্রমাণ পেয়ে গেলেন। যদি প্রতিবেদন পেয়ে থাকেন তাহলে সেই প্রতিবেদন পেশ করুন। অধ্যাপক অরবিন্দনাথ বসু তাঁর বক্তব্যের মধ্যে এক জায়গায় উল্লেখ করেছেন একটি মাত্র অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে ডিফারেন্সেস হয়েছিল সরকারের ক্ষেত্রে — প্রফেসর অফ ইকনমিক্স। আর কোথাও কি হয়েছিল? নজির দেখান। আপনারা নজির দেখান যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কোন অ্যাপয়েন্টমেন্ট ইললিগ্যাল? কোন অ্যাপয়েন্টমেন্ট সরকার বা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি আপত্তি করেছেন? নজির দেখান। ফাঁকা কথা বলে লাভ নেই। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ বসু তাঁর ৬ই নভেম্বরের পদত্যাগপত্রে বলেছিলেন, I consider the Government decision as a grave onlaught not only on the autonomy of the university but on the whole education system. তিনি উপাচার্য থাকাকালীন বিশ্ববিদ্যালয়ের অগ্রগতির খতিয়ান তাঁর পদত্যাগপত্রের মধ্যে দিয়েছিলেন। তার অংশ বিশেষ আমি পড়তে চাই, On the other hand, the University has obtained reputation regarding excellence from within and outside the country. Jadavpur University is one of the largest receipient of grants made to any other University by the University Grants Commission during the 5th plan. The grants received from various quarters increased nearly four times during this time. Special assistance was received from the UGC for development of two departments. These are no mean achievements. It is unfortunate that the State Government instead of recognising the achievements has thought fit to supersede the University on unproven charges. As principal executive and the academic officer of the University, the Vice-Chancellor would be failing in his duty if he did not protest against such arbitrary decision of the Government. কাজেই এই যে সিদ্ধান্ত, এই সিদ্ধান্ত সম্পূর্ণ স্বেচ্ছাচারমূলক সিদ্ধান্ত, সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত সিদ্ধান্ত। মাননীয় শিক্ষামন্ত্রীর বিবেকের কাছে আমি প্রশ্ন করছি। তাঁর বিবেক পরিষ্কার থাকলে আমার বক্তব্য অনুধাবন করতে পারবেন। তাঁর কাছে নিশ্চয় আশা করব, তিনি এই বিল প্রত্যাহার করে নিয়ে নূতন বিল আনবেন এবং যাদবপুর ইউনিভারসিটিকে তার স্বকীয় মহিমায় প্রতিষ্ঠিত করবেন জাতীয় আন্দোলনের পথিকৃৎ হিসাবে তার যে অবদান রয়েছে সে কথা স্মরণে রেখে।

[7-05 — 7-15 P.M.]

আমার বক্তব্য শেষ করার আগে, আমাদের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আমাদের আর একজন, যাকে জাতীয় শিক্ষা পরিষদের প্রডাক্ট বলে মনে করি, শ্রদ্ধেয় পন্ডিত হেমচন্দ্র গুহ, তাঁর বক্তব্য থেকে উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য শেষ করছি। তিনি বলেছেন — The flag of freedom of education is handled down on the ground. A bitter struggle alone will see if fly again.

আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে এই অনুরোধ করে আমার বক্তব্য শেষ করব যে জেদের বশে, ভোটের জোরে এই বিল পাশ করিয়ে নেবেন না।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি নিজে শিক্ষাবিদ নই, শিক্ষা সংক্রান্ত বিষয়ে আমি সচরাচর আলোচনায় অংশগ্রহণ করিনা। কিন্তু আজকে এখানে মূল নীতির যে প্রশ্ন, তার জন্য আমি কিছু সময় চেয়ে নিচ্ছি। আমি মাননীয় সরকার পক্ষকে সরাসরি দুটো প্রশ্ন করতে চাই। মন্ত্রী মন্ডলীর কিম্বা বিশেষ মন্ত্রী কোন দপ্তরের ভারপ্রাপ্ত তিনি কি করেন, তাঁর দায় দায়িত্ব বিধানসভার সদস্যদের নয়, বিশেষ করে বিরোধী পক্ষের তো নয়ই। তিনি যে কাজ করেছেন, তার পুরো দায়িত্ব তাঁর, দুটি পরস্পর বিরোধী ঘোষণা এখানে, এই রকম কোন একটা কাজের সমন্বয় করার চেষ্টা করছে কি? আপনারা কিছুদিন আগে এখানে মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে ১৬৯-এ একটা মোশন এনেছিলেন Against the dissolution of nine State Assemblies. আপনারা কোন যুক্তিতে You have dissolved the management of all the educational institutions throughout the State. এটা কোথায়? বাসে ধাক্কা লাগে, জবাব দেবেন, আমরা জবাব চাই, আপনারা শিক্ষাবিদ হিসাবে পরিচিত, আপনি উত্তর দিন Whether developing nation as such we Indians are, we should be more concerned with the literacy of the people or we should be power hungry as you have proved to be? Majority of the developing nations cannot be so power hungry.....I refuse to agree to it. You have preached democracy but you are power hungry so much that you cannot put democratic organisation even in an educational institution right from the primary stage.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনাকে জানাচ্ছি। কাল পরশু আমাদের দেশে গিয়েছিলাম। ২৫টি প্রাথমিক স্কুল মঞ্জুর হয়েছে আমার এলাকায়, তার পাত্তা নাই। এক পারসেন্টও শিক্ষায় বাড়িয়েছেন? অর্গেনাইজড প্রাথমিক স্কুলগুলি বাইরের শিক্ষক দিয়ে ভরে দিয়েছেন, স্থানীয় শিক্ষকদের তাতে স্থান হয়নি। আমি জিজ্ঞাসা করি শিক্ষা দপ্তরকে আপনারা আসার পরে টাকায় এক পয়সা হারেও কি শিক্ষার সুযোগ বৃদ্ধি হয়েছে, Whether there is an elementary increase even by one and a half percent. পারসেন্টেজ অফ লিটারেসি ইজ নিল। যে দেশের মানুষ — এলিমেন্টারি শিক্ষার সুযোগ পাচ্ছে না Why the cabinet Ministers are so much power hungry. I invite your analogy to that. ভারতবর্ষের স্বাধীনতার পরে কিম্বা স্বাধীনতার আগে কম বেশি শতাধিক ইউনিভার্সিটি আছে, এখানে যদি মগধ, সাগর এই পর্যায়ে তুলি, এত বড় বড় ইউনির্ভাসিটি আর কোথায় এক সঙ্গে এক সরকারের অধীনে আছে? Right from the school board organisation to Kalyani University, Calcutta University, North Bengal University, and the latest viction is, possibly, the Jodavpur.—এর উত্তর তো আপনাকে দিতে হবে। দুঃখের কথা আপনি প্লেস করেছেন, ডেমোক্রেটিক অর্গেনাইজেশন রিভাইভ করবেন কিভাবে সেকথাগুলি পেলাম না।

এক বছর হয়ে গেল, পারলেন না। আজকে যাঁরা নিন্দা করেন ৩০ বছরের কংগ্রেসি শাসনের কথা বলে আমি তাঁদের একটা অনুরোধ করি, একটা জবাব দিন, কলকাতা কর্পোরেশন ১৯৭২ সালে সুপারসিডেড হয়েছিল, আপনারা আসার পর তিন বছর হয়ে গেল You cannot declare election in it, and in this University you have proposed

for one year, I do not know whether yor are meaning a coincidence of election in the State and also in this organisation. আজকে শিক্ষার মূল প্রশ্ন এখানে — এলিমেন্টারি শিক্ষা হচ্ছে না, অ্যাডালট এডুকেশানের দিকেও আপনাদের দৃষ্টি নেই। কংগ্রেস দেশ শাসন করেছে, একজন কংগ্রেস কর্মী হিসাবে আমি আমার প্রত্যক্ষ দায়িত্ব স্বীকার করে নিচ্ছি। The people are hungry—I shoulder my responsibility, people are hungry, but more hungry is the ruling front—that is proved to be. They are in power but unfortunately they have proved themselves to be power hungry. আজকে আপনারা সময় বাড়াতে চেয়েছেন — You are in confusion. আমরা যখন বিধানসভা বয়কট করেছিলাম তখন ক্যালকাটা ইউনিভার্সিটি বিল পাশ হয়ে গিয়েছে। Why cannot you start the process of election? সেখানে তো নমিনেশনে ভর্তি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই শিক্ষার ব্যাপারটা যদি শুধু আজকের ব্যাপার হত তাহলে আমি এই আলোচনায় অংশগ্রহণ করতাম না, আমি শিক্ষাবিদ নই কাজেই আমার এতে বলার এক্তিয়ার খুব কম আছে বলেই আমি মনে করি কিন্তু এই শিক্ষার ব্যাপারটা আজকের ব্যাপার নয়, এই শিক্ষার ব্যাপারটা ভবিষ্যতকে ইনফ্লুয়েন্স করে — Future to come. Future generation and the posterity will hold us responsible on what we discuss here to day. আজকে সেই নিরিখে, সেই দৃষ্টিভঙ্গিতে শিক্ষাবিদ মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, এই পরপর আঘাত যেসব জায়গায় দিচ্ছেন সেখানে পাল্টা আঘাত যদি আপনাদের উপর আসে What is your explanation? সেইজন্যই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে জিজ্ঞাসা করেছিলাম, এই রুলিং ফ্রন্ট, এরা পরস্পর বিরোধিতার ব্যাধিতে আক্রান্ত কিনা। তার কারণ, একদিকে আপনারা বলবেন You will protest against authority — thunders of authority and the rules of authority. আবার On the other hand you will perpetuate your own authority. Now where, but over educationed institution. Is there any dearth of talent in Bengal? আজকে আপনি রিভাইভ করতে পারছেন না। বাইরে মক ইন অ্যাসেম্বলী করে এই ক্যালকাটা ইউনিভার্সিটি বিলটি নিয়ে আমরা আলোচনা করেছিলাম এবং তাতে দেখেছিলাম, This is a nominated body. প্রিডমিনেট করছে যেখানে সেখানে শিক্ষাবিদদের অধিকার থাকবে না, দেশের মানুষের অধিকার থাকবে না। আজকে Think the reverse. If you are not in power then what happens? এটা বুমেরাং না হয়ে যায় এই সতর্কবাণী আমি আপনাদের দিতে চাই। শিক্ষা নিয়ে ছিনিমিনি খেলার দিন বোধ হয় আর নেই। তারপর অনেক বক্তা বলে গিয়েছেন — হোয়াট ইজ দি স্টান্ডার্ড? অল ইন্ডিয়া কমপিটিটিভ এগজামিনেশানে ইউনিভার্সিটি থেকে ছেলেরা যায়, সেখানে Engineering, medical, foreign service, administrative service, accounting service. এগুলিতে আমাদের ছেলেদের স্থান কোথায়? আপনারা তিন বছর এসেছেন, ডাইরেক্ট কন্ট্রোল করছেন কিন্তু সেখানে আই. এফ. এস., আই. এ. এস. ক্যাডারে বাঙালি ছেলেদের সংখ্যা কি বেড়েছে? আপনারা কি সব পিছিয়ে নিয়ে যেতে চান? ডেমোক্রাসি মানে এই অবস্থা হওয়া উচিত নয় যে আপনারা যা করবেন সেটাই হবে ডেমোক্রাটিক আর অন্যরা যদি এটা ফলো করে তাহলে এটা হবে আনডেমোক্রাটিক। এই পরস্পর বিরোধিতার নজির

আপনারা সৃষ্টি করবেন না। You accelerate the process of election. — Please start this process. তা না হলে আমি দুঃখিত, আমার পক্ষে এই বিল সমর্থন করা সম্ভব নয়। এইকথা বলে এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-15 — 7-25 P.M.]

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এখন যে বিলটি নিয়ে আলোচনা হচ্ছে সেটি হল উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় সাময়িক অধিগ্রহণ সংশোধনী বিল এবং এর উপর আমি আমার জবাবী ভাষণ দিচ্ছি। আমার মনে হয় অন্য যে বিলগুলি আছে, বর্ধমান বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় এবং যাদবপুর বিশ্ববিদ্যালয় সবগুলির আগে জবাবী ভাষণ দিয়ে মাননীয় সদস্যদের খানিকটা সুবিধা হয়। তিনটি বিল প্রথম দিকে আছে, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়, এগুলির খুব বেশি একটা আলোচনার কিছু নেই। কারণ এগুলি নূতনভাবে অধিগ্রহণ করা হচ্ছে না, এগুলি আগেই অধিগ্রহণ করা হয়েছিল। সাময়িক ভাবে ২ বছরের মধ্যে আমরা নূতন বিল তৈরি করতে না পারার জন্য অল্প সময় আমরা চাইছি। এক বছর সময় চাইছি, এক বছর পুরো লাগবে তা নয় — মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে কলকাতা বিশ্ববিদ্যালয় আইন নূতন ভাবে তৈরি হয়ে যাবার পরে এই বিশ্ববিদ্যালয় বিলগুলির কাজ অনেক খানি এগিয়ে গেছে। কিন্তু কিছু অসুবিধা হচ্ছে যেহেতু আমরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, অফিসার এবং শিক্ষককর্মী প্রত্যেকের মতামত নিচ্ছি এবং সেটা নিতে গিয়ে কিছু বিলম্ব হচ্ছে। এই কাজে আমরা অনেক খানি এগিয়ে গেছি, যত তাড়াতাড়ি পারি আমরা পাশ করার চেষ্টা করব। এখনই আমি বলতে পারছি না, তবে যত শীঘ্র পারি এই বিলগুলি হাউসে আনবার চেষ্টা করব।

**মিঃ ডেপুটি স্পিকার :** শম্ভু বাবু, আপনি একটু বসুন। এখন দীনেশ মজুমদার একটি মোশন মুভ করবেন।

**Shri Dinesh Mazumdar** : Sir, I beg to move that the time for discussion on the North Bengal University (Temporary Supersession Amendment) Bill, 1980 which has been extended by one hour be further extended by 15 minutes under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

[Voice - Yes, Yes]

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা এই কথা স্বীকার করছি যে এই তিনটি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নূতন বিল এর আগেই যদি আনতে সক্ষম হতাম তাহলে নিশ্চয় ভাল হত। কিন্তু যেহেতু একটু দেরি হচ্ছে সেই জন্য আমরা সাময়িক ভাবে একটু সময় বাড়িয়ে দিচ্ছি, অন্য কোন কারণ বা রাজনৈতিক অভিসন্ধি, উদ্দেশ্য এর পিছনে নেই। যখন অধিগ্রহণ করা হয়েছিল তখন এই সম্পর্কে যথেষ্ট আলোচনা হয়েছিল, বিতর্ক হয়েছিল এবং পরিশেষে গৃহীত হয়েছে। এখন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপর আলোচনা হতে পারে। যাদবপুর বিশ্ববিদ্যালয় বিল প্রথমে অর্ডিন্যান্স হিসাবে গ্রহণ করা হয়েছিল। যেহেতু সেই সময় বিধানসভা চালু ছিল না সেই জন্য অর্ডিন্যান্সটিকে বিল আকারে বিধানসভায় আনা হয়েছে। মাননীয় প্রবীন এবং অভিজ্ঞ সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব তিনি একটি তুলনা দেবার

চেষ্টা করলেন এবং বামফ্রন্ট সরকারের স্ববিরোধী নীতির প্রতি কটাক্ষপাত করার চেষ্টা করলেন। তিনি বোধ হয় একটা ভুল অ্যানলজি দিয়েছেন। ৯টি রাজ্য বিধানসভা ভেঙ্গে দেওয়া আর যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রশাসন সাময়িক ভাবে গ্রহণ করা, দুটো এক নয়। ৯টি রাজ্য বিধানসভা ভাঙ্গার ক্ষেত্রে রাজনৈতিক বিতর্ক হয়েছে। সেখানে সময় থাকা সত্ত্বেও তাদের চলতে দেওয়া হয়নি। সেখানে সরকার এবং বিধানসভা ভেঙ্গে দেওয়া হয়েছে। কিন্তু যাদবপুর বিশ্ববিদ্যালয় যখন অধিগ্রহণ করা হয় তখন ওখানকার প্রশাসন ব্যবস্থা সম্বন্ধে এই রকম কোন যুক্তি দিই নি যে ওখানে দুর্নীতি চলছে, ওখানকার প্রশাসন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। এর জন্য একটা এনকোয়ারি কমিশন হয়েছে এবং তারা এনকোয়ারি করছে। অর্থাৎ এই যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্বন্ধে বহু দুর্নীতি, বহু অভিযোগ আমাদের কাছে এসেছে এবং রাজ্যপালের কাছে ওখানকার শিক্ষক কর্মী, ছাত্র, শিক্ষকরা দরখাস্ত দিয়েছে। সেগুলি নিয়ে তদন্ত হচ্ছে। তদন্তের সাথে কিন্তু এই প্রশাসন অধিগ্রহণের কোন সম্পর্ক নেই। আর মাননীয় সদস্য সন্দীপ দাস উল্লেখ করলেন যে তখনকার উপাচার্য ডঃ অরবিন্দ বসু কি অন্যায় করেছেন না করেছেন এই প্রশ্ন ওঠে না — ডঃ বসুর কার্যকাল শেষ হয়ে যাচ্ছিল, মাত্র কয়েকদিন বাকি ছিল। আমরা প্রশাসন অধিগ্রহণ এই জন্য চেয়েছিলাম বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে একই ধাঁচে যাতে করে নূতন আইন প্রবর্তিত হয়। যখন অন্য বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করা হয়েছিল তখন তাদের কার্যকাল শেষ হয়ে গিয়েছিল। আমরা একটা নূতন দৃষ্টিভঙ্গি দিয়ে সমস্ত পরিচালন ব্যবস্থা গড়ে তুলতে চাই, প্রশাসন ব্যবস্থা গড়ে তুলতে চাই। সেই জন্য আমরা এই বিলগুলি আনলাম এবং অধিগ্রহণ করলাম। ঠিক অনুরূপ গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গিতে আমরা তার কাঠামো গড়ে তুলতে চাই। সেই জন্য এই যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ব্যবস্থা অধিগ্রহণ করা হয়েছে। অনেকে উল্লেখ করেছেন যে সেখানে একটা এনকোয়ারী চলছে তা সত্বেও এতো তড়িঘড়ি ব্যাপার কেন প্রশাসক আছে অনুসন্ধান চলছে এনকোয়ারী কমিশন হয়েছে — কিন্তু তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। আমরা অবহিত আছি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের যে সুপ্রাচীন ঐতিহ্য সম্পর্কে। কিন্তু সুমহান ঐতিহ্যের দোহাই দিয়ে যদি দেখা যায় শিক্ষার মান ক্রমশ অবনতির দিকে যাচ্ছে সেখানে যদি দেখা যায় পরিবেশ অত্যন্ত অপরিচ্ছন্ন নৈরাজ্যময় সেখানে সব সময় দোহাই চলে না। মাননীয় সদস্য অবহিত আছেন যে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার ক্ষেত্রে কি অবস্থা কি দুর্নীতি চলেছে। উনি জানেন তদন্ত হচ্ছে আমি মন্তব্য করতে চাই না। ঐ ঐতিহ্যময় প্রতিষ্ঠান যদি এই রকম দুর্নীতি চলে নৈরাজ্যময় পরিবেশ সব সময় তার দোহাই দিয়ে যদি বাঁচবার চেষ্টা করা যায় সেটা কিন্তু একটা সুলক্ষণ বলে আমি মনে করি না। সেইজন্য শুধুমাত্র শিক্ষার আদর্শকে শিক্ষার স্বার্থকে যাতে আরও সুদৃঢ় করা যায় তার জন্য অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলি যে নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে একটা সুন্দর প্রশাসন গড়ে তোলার জন্য ভাল পরিবেশ রচনা করার জন্য যেমন করা হয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ও তার মধ্যে একটি বিশ্ববিদ্যালয়। জয়নাল আবেদিন সাহেব একথা ঠিক বলেছেন — আমরা একথা কখনও ভাবি নি একটা রাজনৈতিক দল বরাবর ক্ষমতায় আসীন থাকবে এবং সেই দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা কিন্তু কখনও শিক্ষা প্রতিষ্ঠানের জন্য আইন প্রণয়ন করি না। একটা সার্বিক দৃষ্টিভঙ্গি নিয়ে শিক্ষার স্বার্থে মোটামুটি একটা ব্যাপক দৃষ্টিভঙ্গি নিয়ে আইন রচনা করা হয় যাতে করে মোটামুটিভাবে বিদ্যার প্রসার যাতে করা যায়। সমাজের সর্বশ্রেণীর মানুষকে যুক্ত করা যায়। এই উদ্দেশ্যে যাদবপুর

বিশ্ববিদ্যালয়ের প্রশাসন সাময়িকভাবে অধিগ্রহণ করা হয়েছে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের জন্য আমরা যত শীঘ্র সম্ভব নূতন বিল আনার চেষ্টা করব। অনুরূপভাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও নূতন বিল যত শীঘ্র সম্ভব প্রণয়ন করে হাউসে আনবার চেষ্টা করব। এই কথা বলে বিরোধী দলের বক্তারা যে বক্তব্য রেখেছেন আমি সম্পূর্ণ ভাবে তা অস্বীকার করি।

The motion of Shri Sambhu Charan Ghosh that the North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1980 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3 and the Preamble.**

The question that clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the North Bengal University (Temporary Supersession Amendment) Bill. 1980 as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

[7-25 — 7-36 P.M.]

The motion of Shri Sambhu Charan Ghosh that the Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1980, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3 and the Preamble.**

The question that clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill,1980, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to

The motion of Shri Sambhu Charan Ghosh that the Burdwan University (Temporary Supersession Amendment) Bill, 1980 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3 and the Preamble.**

The question that clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

***Shri Sambhu Charan Ghosh*** : *Sir, I beg to move that the* Burdwan University (Temporary Supersession Amendment) Bill, 1980 as settled in the Assembly be passed.

The motion .was then put and agreed to.

The motion of Shri Sambhu Charan Ghosh that the Jadavpur University (Temporary Supersession) (Amendment) Bill, 1980 be taken into consideration was then put and a division taken with the following result :—

**AYES :**

Abul Hasnat Khan, Shri

Abdul Quiyom Molla, Shri

Abdur Razzak Molla, Shri

Banerjee, Shri Amiya

Banerjee, Shri Madhu

Barma, Shri Manindra Nath

Basu, Shri Debi Prosad

Basu, Shri Nihar Kumar

Bauri, Shri Gobinda

Biswas, Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Jnanendranath

Biswas, Shri Kamalakshmi

Biswas, Shri Satish Chandra

Bose, Shri Ashoke Kumar

Bose, Shri Nirmal Kumar

Chakraborti, Shri Subhas

Chaudhuri, Shri Subodh

Chowdhury, Shri Bikash

Das, Shri Banamali

Das, Shri Jagadish Chandra

Ghosal, Shri Aurobindo

Ghosh, Shri Sambhu Charan

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Kisku, Shri Upen

Koley, Shri Barindra Nath

Let (Bera), Shri Panchanan

Maity, Shri Gunadhar

Majee, Shri Surendra Nath

Majhi, Shri Dinabandhu

Majhi, Shri Pannalal

Majhi, Shri Raicharan

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Malik, Shri Purna Chandra

Mandal, Shri Gopal

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Sukumar

Mandal, Shri Suvendu

Mazumder, Shri Dinesh

Mir Abdus Sayeed, Shri

Mohammad, Amin, Shri

Mojumdar, Shri Hemen

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Sahabuddin

Morazzam Hossain, Shri Syed

Mostafa, Bin Quasem, Shri

Mridha, Shri Chitta Ranjan

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Niranjan

Murmu, Shri Sufal

Nezamuddin Md., Shri

Phodikar, Shri Prabhas Chandra

Pramanik, Shri Abinash

Roy, Shri Amalendra

Roy, Shri Dhirendra Nath

Roy, Shri Pravas Chandra

Roy Barmon, Shri Khitibhusan

Saha, Shri Lakshi Narayan

Samanta, Shri Gouranga

Sar, Shri Nikhilananda

Sarkar, Shri Ahindra

Sarkar, Shri Sailen

Satpathy, Shri Ramchandra

Sen, Shri Dhiren

Sen Gupta, Shri Dipak

Sen Gupta, Shri Tarun

Sing, Shri Buddhadeb

Singh, Shri Chhedilal

Singh, Shri Khudiram

Sinha Roy, Shri Guru Prasad

**NOES**

Abedin, Dr. Zainal

Bera, Shri Sasabindu

Das Mahapatra, Shri Balai Lal

Das, Shri Sandip

Mahanti, Shri Pradyot Kumar

Md. Sohorab, Shri

Paik, Shri Sunirmal

Pal, Shri Rash Behari

Roy, Shri Krishnadas

Shamsuddin Ahmad, Shri

Sinha, Shri Probodh Chandra

**ABSTS**

Maity, Shri Bankim Behari

Soren, Shri Suchand

Ayes being 75 and the Noes 11, and Abstentions-2 the motion was carried

**Clauses 1 to 15 and the Preamble.**

The question that clauses 1 to 15 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Jadavpore University (Temporary Supersession) (Amendment) Bill, 1980 as settled in the Assembly be passed was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** The House stands adjourned till 1 P.M. on Thursday, the 20th March, 1980.

## ADJOURNMENT

The House was then adjourned at 7.36 P.M. till 1 P.M. on Thursday, the 20th March, 1980 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 20th March, 1980 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 17 Ministers, 4 Ministers of State and 177 Members.

[ 1-00 — 1-10 P.M. ]

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জরুরি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আসামে যে ঘটনা ঘটেছে, সেখানকার ভাষাগত সংখ্যালঘুদের উপর যে অত্যাচার করছে এখানেও ইন্দিরা গান্ধীর পৃষ্ঠপোষকতায় কংগ্রেস (আই) এর পক্ষ থেকে আসামের প্রশ্ন তুলে জটিল অবস্থার সৃষ্টি করছে। এখানে গোলমাল ষড়যন্ত্র করে আইন শৃংখলার প্রশ্ন তোলার চেষ্টা করছে।

**মিঃ স্পিকার :** আপনি কোশ্চেন আওয়ারের পরে তুলবেন।

## Held over Starred Questions
## (to which oral answers were given)

### তফসিলি ও আদিবাসী অধ্যুষিত এলাকায় রাস্তা নির্মাণ

*১৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৩।) **শ্রী সন্তোষকুমার দাস :** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বামফ্রন্ট সরকারের আমলে তফসিল ও আদিবাসী কল্যাণ বিভাগ হইতে এ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট কত মাইল রাস্তা তফসিলি ও আদিবাসী অধ্যুষিত এলকায় নির্মাণ করা হয়েছে ;

(খ) এই রাস্তা নির্মাণের জন্য এ পর্যন্ত কত টাকা মঞ্জুর করা হয়েছে ; এবং

(গ) গত ১৯৭২ সালের এপ্রিল মাস থেকে ১৯৭৭ সালের মার্চ মাস পর্যন্ত সময়ের মধ্যে মোট কত মাইল রাস্তা নির্মাণ করা হয়েছিল এই বিভাগ থেকে তফসিলি ও আদিবাসী অধ্যুষিত এলাকায়?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি :**

(ক) বর্তমান বামফ্রন্ট সরকারের আমলে উক্ত এলাকায় মোট ৭৭.৩৫ মাইল রাস্তা নির্মাণ করা হয়েছে :

(খ) এ পর্যন্ত মোট ৬৫,৩৩,২৪৬ টাকা মঞ্জুর করা হয়েছে।

(গ) উক্ত সময়ে এই বিভাগ থেকে উক্ত এলাকায় মোট ৩৭.৫০ মাইল রাস্তা নির্মাণ করা হয়েছিল।

**শ্রী সন্তোষ কুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ১৯৮০-৮১ সালে এই রকম রাস্তার পরিকল্পনা আছে কিনা?

**ডাঃ শম্ভুনাথ মান্ডী :** হ্যাঁ, পরিকল্পনা আছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে ৬৫ লক্ষ টাকা খরচ করেছেন এর মধ্যে সেন্ট্রাল গভর্নমেন্টের আই টি ডি পি প্রোজেক্টের জন্য কত টাকা দেওয়া আছে?

**ডাঃ শম্ভুনাথ মান্ডী :** নোটিশ দিলে আপনাকে হিসাব দেব।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আপনি কি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আই টি ডি পি প্রোজেক্টে রাস্তা তৈরির জন্য কোন টাকা পেয়েছেন?

**ডাঃ শম্ভুনাথ মান্ডী :** হ্যাঁ, আমি সেন্ট্রাল থেকে কিছু টাকা পাই। কত পাই সেটা নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** পশ্চিমবঙ্গে এই যে ৩৭ মাইল রাস্তা হয়েছে কোন কোন জেলায় কত মাইল হয়েছে তার হিসাব আপনি দিতে পারবেন কি?

**ডাঃ শম্ভুনাথ মান্ডী :** আপনি নোটিশ দিলে বলে দেব। ৩৭ মাইল রাস্তা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত হয়েছে। আমাদের বামফ্রন্ট সরকার আমলে সেটা ৭৭.৩৫ মাইল হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই যে রাস্তা করবার পরিকল্পনা আই টি ডি পি ট্রাইব্যাল অ্যান্ড শিডিউল্ড কাস্ট বেল্ট—এ করেছে এই স্কীম কি বামফ্রন্ট সরকার গ্রহণ করেছেন?

**ডাঃ শম্ভুনাথ মান্ডী :** হ্যাঁ।

## Development of derelict water areas

***279.** (Admitted question No. *557.) **Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Fisheries Department be pleased to state—

(a) if any step has been taken by the Government to develop derelict water areas and subsequent leasing out of the same to co-operatives of fishermen or educated unemployed youths ; and

(b) if so, what are those step ?

**Shri Bhakti Bhusan Mandal :** (a) Yes.

(b) The Fisheries Department took up a scheme for development of derelict water areas for subsequent leasing out of the same to Fishermen's Co-operative Societies for pisciculture. A good number of derelict and semi-derelict water areas were developed under that scheme,

and many of these water areas were subsequently leased out to Fishermen's Co-operative Societies. Though the scheme as such, was dropped in 1977-78 for various reasons, derelict water areas are still being developed under some other schemes (including a new scheme viz. "Scheme for State Contribution, i.e. subsidy in respect of developement of tank fisheries through institutional finance").

**শ্রী রজনীকান্ত দোলুই:** ডেরিলিক্ট ওয়াটার ডেভেলপমেন্ট স্কীম ভাল স্কীম ছিল বললেন এবং একথাও বললেন যে, এই স্কীম যাতে অন্য ফর্ম-এ টেকআপ করা যায়। আমার প্রশ্ন হচ্ছে এই স্কীম তাহলে ইন্ট্রোডিউস করেছিলেন কেন এবং অ্যাবান্ডনই বা হোল কেন?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল:** এফ. এ. ডি. এ. সেন্ট্রাল গভর্নমেন্টের একটা স্কীম। আমরা স্টেট গভর্নমেন্ট থেকে সেই সব রকম ধরনের স্কীম করে ১১টা জেলা কভার করছি। এতে অনেক টাকা লাগবে, আমরা কিছু দেব বাকি টাকা ব্যাঙ্ক দেবে।

**শ্রী রজনীকান্ত দোলুই:** এটা কি স্কীম?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল:** এফ. এ. ডি. এ. স্কীম যেটা কেন্দ্রীয় সরকারের ছিল, স্টেট গভর্নমেন্টের তরফ থেকে সিমিলার টাইপের একটা স্কীম করা হচ্ছে।

**Developement of Jhora Fisheries**

***281.** (Admitted question No. *558.) **Shri Dawa Narbu La and Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-Charge of the Fisheries Department be pleased to state—

(a) has any step been taken by the present Government for development of Jhora Fisheries in Kalimpong and setting up of hatcheries for conservation of hill-stream fishes in Darjeelling district; and

(b) if so, what are those steps?

**Shri Bhakti Bhusan Mandal:** (a) Yes.

(b) (i) Survey of Jhora Fisheries has been taken up.

(ii) A proposal for renovation of the experimental Station at Kalimpong for Jhora fishery is under consideration.

(iii) Other scheme including the Lake Fishery Project at Mirik and a training scheme for Fish farmers of hill areas, are under consideration.

**শ্রী রজনীকান্ত দোলুই:** এই যে লেক ফিশারি প্রোজেক্ট গ্রহণ করছেন এটা কবে নাগাদ সার্ভে হবে এবং কবে শেষ হবে জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল:** কেন্দ্রীয় সরকার ৩ লক্ষ টাকা দিয়েছিল এই ব্যাপারে এবং

আমরা এখন দেখছি যে কিভাবে এটা করা যায়।

**শ্রী রজনীকান্ত দোলুই:** এই জোড়া ফিশারিস ডেভেলপমেন্ট এবং মিরিক লেক ফিশারিস যা করছেন এই ধরনের স্কীমে কি রকম প্রসপেক্ট রয়েছে জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল:** এইটা নিউ টাইপ অফ ফিশ, এইটার ভায়াবিলিটি দেখলেই হবে না। এইটা হিল এরিয়ার লোকদের এমপ্লয়মেন্ট দেবার জন্য করা হয়েছে।

[ 1-10 — 1-20 P.M. ]

**Shri Deo Prakash Rai:** This question has been hanging fire for the last 15 years. In a meeting of the Hill Development Council which was presided over by the Chief Minister he assured that something would be done very soon for the development of pisciculture in the hill areas. But uptil now nothing has been done. What is the use of the Hill Development Council?

**Mr. Speaker:** What is your specific supplementary question?

**Shri Deo Prakash Rai:** After 9 months they have raised this matter. The Hill Development Council has done nothing for the development of fisheries in the hill areas.

**Shri Bhakti Bhusan Mondal:** What is your specific question?

**Mr. Speaker:** Mr. Rai, the Minister has not received information from the district authority. Your question is a very important one so you must give him notice.

**Shri Deo Prakash Rai:** My question is not out of order. Kalimpong is one of the very important hill sub-divisions and you must explore the feasibility of fishing there. There are so many rivulets where various types of hill fishes like silver cups etc. are available. Chief Minister gave assurance but after 9 months nothing has been done. So I want specific answer.

**Shri Bhakti Bhusan Mondal:** What is your specific question?

**Shri Deo Prakash Rai:** What development in pisciculture has been made in Kalimpong? This is my specific question.

**Mr. Speaker:** The Minister will note down your question and will give answer later.

**Shri Deo Prakash Rai:** Let the Minister say that he wants notice.

**শ্রী ভক্তিভূষণ মন্ডল:** আমি আপনাকে বলেছি যে হিল ডেভেলপমেন্ট থেকে তারা আপনার সঙ্গে কনটাক্ট করবে।

**শ্রীমতী রেনুলিনা সুব্বা :** আমি হিল এরিয়া কালিম্পং-এর এম. এল. এ. আমি জানিনা আমার এলাকায় কি কাজ হচ্ছে, তবে এটা জানি সেখানে বোর্ড আছে মাছ নেই আমাদের মন্ত্রী আছে কিন্তু ফিশ নেই।

(নো রিপ্লাই)

**বন্ধ করাখানা**

***২৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৮।) **শ্রী সরল দেব :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৭৯ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবাংলায় বন্ধ কারখানার সংখ্যা কত ;

(খ) উক্ত কারখানাগুলিতে কত সংখ্যক শ্রমিক কাজ করত ; এবং

(গ) উক্ত বন্ধ কারকানা খোলার জন্য কি ব্যবস্থা রাজ্য সরকার গ্রহণ করিয়াছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :**

(ক) উক্ত সময়ে ১৭৩টি প্রতিষ্ঠান বন্ধ হইয়াছে। ইহাছাড়া পাকাপাকিভাবে বন্ধ হওয়া ৭০টি প্রতিষ্ঠান আছে।

(খ) উক্ত প্রতিষ্ঠানগুলিতে ১২,৫৩৮ জন শ্রমিক কাজ করত। পাকাপাকিভাবে বন্ধ হওয়া প্রতিষ্ঠানগুলিতে ২,০৬৮ জন শ্রমিক কাজ করত।

(গ) উক্ত বন্ধ কারখানাগুলি খোলার জন্য সরকার শিল্পবিরোধ আইনের মাধ্যমে এবং বন্ধ দুর্বল শিল্প দপ্তরের মাধ্যমে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। এর ফলে ১০০টি সংস্থা পুনরায় চালু হইয়াছে এবং ৫,২৮০ জন কর্মী উপকৃত হইয়াছেন।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয়, বাকি যে কারখানাগুলি খুলল না ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট-এর মাধ্যমে সেগুলির সংখ্যা কত?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আমি টোটাল সংখ্যা তো দিয়ে দিয়েছি তার থেকে ৫ হাজার বাদ দিয়ে দিন তাহলে সংখ্যাটা পেয়ে যাবেন।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে কারখানাগুলি এখনও খুলল না সেগুলি খোলার জন্য রাজ্য সরকার থেকে কি উদ্যোগ নেওয়া হয়েছে।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আপনি ট্রেড ইউনিয়ন করেন আপনি তো জানেন যে কি পদ্ধতি নেওয়া হয়—যদি লেবার ডিপার্টমেন্ট ফেল করে তাহলে সিক ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট-এ রেফার করে, তারা তখন এর ভায়াবিলিটি দেখে তারপর টেকওভার করে।

**Average daily employment in registered factories**

***289.** (Admitted question NO. *291.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Labour Department be pleased to state—

(a) the number of registered factories in West Bengal and the average daily employment in these registered factories on—

(i) 31st December, 1976, and

(ii) 31st December, 1980;

(b) whether it is a fact that there has been a decline in the average daily employment in the registered factories in the manufacturing sector in West Bengal during the tenure of the present Government; and

(c) if so, the causes for such decline?

**Shri Krishna Pada Ghosh :** (a) (i) No. of Registered factories — 1976/6009

No. of average daily employment. — 8,65,642

(ii) The figures for 31.12.80 can be furnished in 1981.

(b) As compared with 1976 average employment declined in 1977 but increased in 1978.

(c) There is no specific reason for such fluctuation of average employment.

[1-20—1-30 P. M.]

**Shri Deo Prakash Rai :** So far as Darjeeling district is concerned, there is no factory. Near Silliguri there is one cutlery service factory. But there are tea gardens in Darjeeling. Are they included in your reply?

**Shri Krishna Pada Ghosh :** No, Mr. Speaker, Sir, what is the relevancy of this question in this connection I do not know.

**Shri Deo Prakash Rai :** Does your reply include tea garden factories?

**Shri Krishna Pada Ghosh :** Tea garden are also included in registered factories and they come under the Factories (Regulation) Act.

**Shri Deo Prakash Rai :** There is no specific reason given in your reply. Without reason nothing happens—only thesis, anti-thesis and synthesis. টি-গার্ডেন্স এমপ্লয়ীজ স্ট্রেনথ্ কী ডিক্রীজ করেছে না স্ট্যাটাস-কো আছে না কি ইনক্রিজ করেছে, একটু বলবেন কি?

**Shri Krishna Pada Ghosh :** Certainly daily employment increased twice-once in 1957 and thereafter in 1969-70. I hope he was present at the time of signing an agreement in this connection.

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৯৭৬ সালে ৬০০৯ জন রেজিস্ট্রেশন হয়েছিল ডেইলি এভারেজ এমপ্লয়মেন্ট বললেন ৮.৬ লক্ষ, তারপরে ১৯৭৭ সালে ডিক্লাইন করেছে, আপনি কি দয়া করে ১৯৭৭ এবং ১৯৭৮ সালের ফিগার কত বলবেন কি, বেড়েছে না কমেছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** যতদূর আমার কাছে লেখা আছে তা থেকে বলতে পারি। ১৯৭৬ সালে ৮,৬৫,৬৪২ জন ১৯৭৭ সলে ৮,৬৫,৩২৯ জন, ১৯৭৮ সালে সেটা একটু বেড়েছে—৮,৬৯,৬৭৬ জন।

**ক্ষেতমজুর**

*২৯১। (অনুমোদিত প্রশ্ন *৩৫০।) **শ্রী অনিল মুখার্জি :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭৬-৭৭ সালে মোট কতজন ক্ষেতমজুর ছিল ; এবং

(খ) ১৯৭৯ সালের জানুয়ারি পর্যন্ত উক্ত ক্ষেতমজুরদের সংখ্যা কত?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :**

(ক) ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গে মোট ক্ষেতমজুর সংখ্যা কত ছিল ইহার পরিসংখ্যান শ্রম বিভাগে নাই। ১৯৭৯ সালে সেখানে রিপোর্ট অনুযায়ী ঐ সময় ক্ষেতমজুরদের সংখ্যা ছিল ৩২,৪৪,৩৫৬ জন।

(খ) ১৯৭৯ সালের জানুয়ারি পর্যন্ত পরিসংখ্যান শ্রমবিভাগে নাই। ১৯৭৬-৭৭ সালে ব্যুরো অব্ অ্যাপ্লায়েড ইকন্মিক্স অ্যান্ড স্টাটিসটিক্স যে পুস্তিকা বাহির করিয়াছিল তাহাতে পশ্চিমবঙ্গে ক্ষেতমজুরদের সংখ্যা ৩২,৭২,০০০ জন ধরা হইয়াছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিসংখ্যান দিলেন তাতে দেখা যাচ্ছে প্রতি বছরই ক্ষেত মজুরের সংখ্যা বাড়ছে। আমার জিজ্ঞাসা, এই যে ক্ষেত মজুরদের সংখ্যা বাড়ছে তার পরিপ্রেক্ষিতে ক্ষেতমজুরদের কর্মসংস্থানের জন্য রাজ্যসরকারের তরফ থেকে কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** বর্তমান প্রশ্নের সঙ্গে আপনার অতিরিক্ত প্রশ্নের কোন সম্পর্ক নেই।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই যে ক্ষেতমজুরদের সংখ্যা বাড়ছে এই পরিপ্রেক্ষিতে আমার জিজ্ঞাসা, বামফ্রন্ট সরকার এই ক্ষেতমজুরদের সংখ্যা বাড়াবার জন্য কোন রকম পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

**Mr. Speaker :** The supplementary is disallowed

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** এই যে বছর বছর ক্ষেতমজুরদের সংখ্যা বাড়ছে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই বাড়ার কারণ কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** এই দপ্তরের বাজেটের আলোচনার সময় জিজ্ঞাসা করবেন, আমি উত্তর দিয়ে দেবে।

## Starred Question

## (to which oral questions were given)

[ 1-30 — 1-40 P.M. ]

### Supply of mechanised boats to Fishermen's Co-operative Societies

***323.** (Admitted question NO. *266.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Fisheries Department be pleased to state—

(a) the steps taken by the present Government to supply mechanised boats to Fishermen's Co-operative Societies on loan and /or subsidy basis ; and

(b) the steps taken by the Government to help fishermen in marketing as well as for preservation of fish?

**Shri Bhakti Bhusan Mandal :** (a) 40 mechanised boats, constructed by this Deptt. and 24 mechanised boats out of 25 purchased by this Department have so for been distributed to Fishermen's Co-operative Societies on loan-cum-subsidy basis.

(b) (I) A State Level Fishery Apex Society under the style "West Bengal State Fishermen's Co-operative Federation Ltd." was registered three years ago. One of the main activities of this Apex Society is marketing of the catches of the primary and central societies through the fish stalls run by the Society. The Govt. is thinking of strengthening the Apex Society by providing Share Capital, Loan & subsidy etc. in coming years.

(II) As to preservation, two central fishermen's co-operative Societies have Ice-factory-cum-Cold Storages in running condition. 16 other Central Societies are expected to take up a programme for setting up Ice-factory-cum-Cold Storages in future.

2. Arrangements are being made to supply "Insulated Boxes" to the catcher societies, by this Department on an experimental basis.

**শ্রী রজনীকান্ত দোলুই :** আপনারা এতগুলি স্কীম নিয়েছেন ৪০টি মেকানাইজড বোটস-এর জন্য সেন্ট্রাল ফিশারিজকে বলছেন ইত্যাদি। আপনার যে স্টল-এর কথা বলছেন সেখান থেকে মাছ কেনা হচ্ছে কিনা এবং সেন্ট্রাল ফিশারিজ ডিপার্টমেন্ট এখানে আছে কিনা এবং

মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি ঐ স্টল থেকে মাছ কিনছে কি না, বলবেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** কো-অপারেটিভ সোসাইটি নয়, এটা হচ্ছে অ্যাপেক্স সোসাইটি। সেন্ট্রাল ফিশারিজ যা আছে সেগুলির একটা ফেডারেশন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্টলে মাছ অ্যাভেলেবেল হচ্ছে কিনা যাতে করে অ্যাপেক্স সোসাইটিগুলি কালেক্ট করতে পারে—এই খবর কি জানেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** স্টল আর অ্যাপেক্স সোসাইটি দুটো আলাদা আমরা স্টল করেছি যেখানে সেই স্টলগুলি কাজ করছে। অ্যাপেক্স সোসাইটি করা হয়েছে কতকগুলি টেমপোরারি, পূজার সময় কতকগুলি থাকে, আর পারমানেন্ট কয়েকটা আছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন সেন্ট্রাল কো-অপারেটিভ থেকে লোন, সাবসিডি বেসিসে দেওয়া হয়েছে। কতগুলি দেওয়া হয়েছে বলবেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** আপনি জানেন আপনার কনটাইতে আমি গিয়েছিলাম। ২৫টি মেকানাইজড বোট তামিলনাড়ুর ছিল। তার মধ্যে আমরা ২১টি কন্টাই সেন্ট্রাল কো-অপারেটিভকে দিয়েছি, আর ৩টি মশামারিতে দেওয়া হয়েছে। আর একটি সুপারভিশনের জন্য রাখা হয়েছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** সেন্ট্রাল কো-অপারেটিভকে যে দিয়েছেন তারা কি সরাসরি মাছ ধরে, নাকি তারা আবার অন্য কো-অপারেটিভকে বন্দোবস্ত দিয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** এটা তা হলে ইনভেস্টিগেট করতে হবে। কারণ কো-অপারেটিভগুলি মাছ ধরে বলেই তাদের দিয়েছি এবং আপনারাও তখন ছিলেন। কতগুলি ফেক সোসাইটি ছিল তাদের বাদ দিয়ে এইগুলিকে আপনারা দিতে বলেছিলেন, তাই তাদের দিয়েছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** প্রত্যেকটি মেকানাইজড্ বোটের জন্য কত লোন, আর কত টাকা সাবসিডি দেবার ব্যবস্থা করা হয়েছে, বলবেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** ২৫% সাবসিডি, বাকিটা লোন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মেকানাইজড্ বোট দেবার পরিকল্পনা কবে গ্রহণ করা হয়েছিল এবং আপনার কাছে এই রকম কোন খবর আছে কি যে বোটগুলি সব কাদায় পড়ে মাছ ধরার ব্যবস্থা হচ্ছে না?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** বললে আপনারা গোলমালে পড়ে যাবেন। এই বোটগুলি আপনাদের আমলে কেনা হয়েছিল, আমার রেকর্ড তাই বলছে এবং তামিলনাড়ু থেকে এই বোটগুলি আনা হয়েছিল। আপনি কথাটা যখন বললেন তখন শুনুন, আই অ্যাম নট স্যাটিসফায়েড উইথ দি পারচেজিং অব দিজ বোটস এবং বোটগুলি খারাপ ভাবে কেনা হয়েছিল। তারপর বোটগুলি যখন এল তখন খুব বেশি কাজে লাগে নি। কিন্তু তবুও ওদের দেওয়া হয়েছে। গভর্নমেন্টের এত টাকা নষ্ট হয়ে যাবে, সেই জন্য এম. এল. এ., এম. পি. দের ডেকে তাদের গছিয়ে দেওয়া হয়েছে বলতে পারি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মন্ত্রী মহাশয় কি খবর রাখেন এই মেকানাইজ্‌ড বোট ব্যবহার করে তামিলনাডু প্রফিট করছে এবং দিস হ্যাজ বিন প্রুভ্‌ড্ টু বি ওয়ার্দি অ্যান্ড ইউজফুল দেয়ার—তামিলনাডু গভর্নমেন্ট সেম টাইপ অব মেকানাইজ্‌ড্ বোট ইউজ করে ভাল রেজাল্ট পেয়েছে, সেখানে 'লাভজনক হয়েছে, অথচ এখানে আপনি উল্টো কথা বলছেন। আপনি কোন খবর রাখেন না, কিছুই জানেন না।

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ** আমি বলছি এটাই হচ্ছে ফ্যাক্ট যে আপনার থেকে বেশি জানি। আই নো মাচ বেটার দ্যান ইউ. আই অ্যাম সুপিরিয়র টু ইউ ইন অল রেসপেক্টস। আমি বলছি তামিলনাডুর এই মেকানাইজ্‌ড্ বোট কাজ করছে না। আপনি আগে ভাল করে খবর নেবেন, তারপরে কথা বলবেন।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মন্ত্রী মহাশয় কি বলবেন এই বোটগুলি কোন আমলে কেনা হয়েছিল এবং কেনবার সময় যথাযথ টেন্ডার কল করা হয়েছিল কি?

**মিঃ স্পিকার ঃ** এই উত্তর আগেই দেওয়া হয়েছে।

**শ্রমিক কল্যাণ তহবিল**

*৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬২।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দি ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফান্ড অ্যাক্ট, ১৯৭৪ অনুযায়ী গঠিত ফান্ডের অর্থ কোন্ কোন্ শ্রমিক কল্যাণের কাজে ব্যয়িত হয় ;

(খ) দীঘা ও দার্জিলিং-এ শ্রমিকদের জন্য কোন 'হলিডে হোম' চালু আছে কি ; এবং

(গ) পুরুলিয়া জেলায় অযোধ্যা পাহাড়ে শ্রমিকদের জন্য 'হলিডে হোম' স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**Shri Krishna Pada Ghosh:**

(ক) দি ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েল-ফেয়ার ফান্ড অ্যাক্ট, ১৯৭৪-এর ১১ ধারা অনুয়াযী ফান্ডের অর্থ নিম্নলিখিত শ্রমিক কল্যাণমূলক কাজে ব্যয়িত হয়, যথা ঃ—

(১) পাঠগৃহ, পাঠাগার ও সমাজমূলক শিক্ষার জন্য ;

(২) খেলাধুলার জন্য ;

(৩) বহির্ভ্রমণ, দেশ ভ্রমণ ও হলিডে হোমের জন্য ;

(৪) বিভিন্ন প্রকার চিত্ত বিনোদনমূলক ব্যবস্থার জন্য ;

(৫) মহিলা ও বেকারদের কুটির শিল্প ও তৎসংক্রান্ত বৃত্তিমূলক পেশার জন্য ;

(৬) সমাজ ও সংগঠনমূলক কার্যের জন্য ;

(৭) পশ্চিমবঙ্গ শ্রমকল্যাণ পর্ষদ, আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্রগুলি, অন্যান্য শ্রমিককল্যাণ কেন্দ্র এবং হলিডে হোমের কর্মীদের বেতন, ভাতা এবং অন্যান্য প্রশাসনিক ব্যয়ের জন্য ;

(৮) মহিলাদের দর্জিশিক্ষা, সুনিপুণ সূচীশিল্প, সাধারণ সূচী শিক্ষা ও বয়ন শিক্ষার জন্য ;

(৯) শ্রমিকদের জীবনধারণের মান ও সামাজিক মান উন্নত করার জন্য ;

(খ) হ্যাঁ, চালু আছে ;

(গ) না।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি দীঘা এবং দার্জিলিংয়ে যে হলি ডে হোম আছে সেখানে থাকা এবং খাওয়ার জন্য প্রতিদিন শ্রমিকদের কত কস্ট দিতে হয়।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** প্রতি দিন কত কস্ট পড়ে সেটা এখন বলতে পারব না, তবে শ্রমিকরা সেখানে যান থাকেন। একটুখানি এখানে আমি বলতে পারি দার্জিলিংয়ে সাধারণভাবে থাকতে যে খরচ হয় এখানে তার থেকে অনেক কম।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** পশ্চিমবাংলায় কতগুলি হলিডে হোম চালু আছে।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আমার যতদূর জানা আছে এবং মনে আছে আপাতত দার্জিলিংয়ে এবং দীঘায় এই দুইটি জায়গায় হলিডে হোম চালু আছে।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি দার্জিলিংয়ে হলিডে হোম চালু হবার পর এখন পর্যন্ত কত শ্রমিক সেখানে গিয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** অফিসকে বলতে হবে অঙ্ক কষার জন্য নোটিশ দেবেন বলে দেব।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কাজগুলির কথা বললেন যার জন্য শ্রমিক তহবিল থেকে খরচ করা হবে—সেগুলি সামগ্রিকভাবে সারা পশ্চিমবঙ্গের জন্য চিন্তা করা হয়, কি বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন জায়গায় পৃথক পৃথকভাবে সেই কাজ করার ব্যবস্থা আছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** সামগ্রিকভাবেও চিন্তা করা হয় আবার রিজিওনাল ভিত্তিক নিশ্চয় চিন্তা করা হয়।

### Rickshaw-puller's Co-operative Societies

***325.** (Admitted question NO. *596.) **Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Co-operation Department be pleased to state—

(a) the number of Rickshaw-puller's Co-operative Societies registered during the tenure of the

(i) present Government (up to January, 1980)

(ii) previous Congress Government (betwen March, 1972 and March, 1977) ; and

(b) the steps taken for development of Rickshaw-puller's Co-operatives during the tenure of the

(i) present Government (up to January, 1980), and

(ii) previous Congresss Government in the State (between March, 1972 and March, 1977)?

**Shri Bhakti Bhusan Mondal:** (a) (i) 5 (five)

(ii) 10 (ten)

(b) (i) An amount of Rs. 17,000/- has been sanctioned in favour of such societies in the shape of loan and subsidy in order to strengthen their working capital base.

(ii) An amount of Rs. 1,61,800/- was sanctioned in favour of such societies in the shape of loan and subsidy in order to strengthen their working capital base.

**শ্রী রজনীকান্ত দোলুই:** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে ১৯৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত কংগ্রেস রেজিমে ১০টি রিক্সা পুলারস কো-অপারেটিভ সোসাইটিকে অ্যাপ্রুভাল দেওয়া হয়েছে এবং ১ লক্ষ ৬১ হাজর ৮ শত টাকা সাবসিডি দিয়েছে তাদের ওয়ার্কিং ক্যাপিটাল বেসকে স্ট্রেনদেন করার জন্য। আপনারা আসার পর থেকে ৫টি রিক্সা পুলারস কো-অপারেটিভ সোসাইটিকে রেজিস্ট্রেশন দিয়েছেন এবং মাত্র ১৭ হাজার টাকা দিয়েছেন। এই যে কম টাকা দিলেন এবং মাত্র ৫টি রিক্সা পুলাস কো-অপারেটিভ সোসাইটিকে রেজিস্ট্রেশন দিলেন, তার কারণ কি বলবেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল:** প্রাইমা ফেসি জিনিসটা শুনতে খুব ভাল লাগে। যদি প্রপার চেক করা যায়, এই ১০টির জন্য ১ লক্ষ ৬১ হাজার ৮শত টাকা দেওয়া হয়েছে। এটা কি করে দেওয়া হয়েছে সেই জিনিসটা উঠে যাচ্ছে। এদের শেয়ার ক্যাপিটাল না থাকলেও এই সব টাকা দেওয়া হয়েছে এবং এমন অবস্থা হয়েছে যার জন্য চেক আপ করছি। আমরা টাকা বেশি দিতে পারিনা। অর্থাৎ যে টাকার শেয়ার ক্যাপিটাল তার নয় গুণের বেশি দিতে পারিনা। এটা নিয়ে ইনভেস্টিগেশন হচ্ছে।

**কোচবিহার জেলায় জলকর**

*৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৯।) **শ্রী বিমলকান্তি বসু:** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় জলকরের পরিমাণ কত;

(খ) কোচবিহার সেন্ট্রাল ফিশারমেন কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড-এর নিকট কত পরিমাণ জলকর ন্যস্ত হইয়াছে;

(গ) উক্ত জলকরগুলি কোন্ কোন্ মহকুমায় অবস্থিত; এবং

[1-40—1-50 P. M.]

(ঘ) উক্ত জলকরগুলি কয়টিতে পঞ্চায়েতের মাধ্যমে মৎস্য চাষের ব্যবস্থা করা হইয়াছে?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :**

(ক) ২০,৬৬২ একর।

(খ) ৫৯০ বিঘা বা ১৯৬.৬৬ একর।

(গ) কোচবিহার সদর ও দিনহাটা মহকুমায়।

(ঘ) তথ্য জানা নেই তথ্য সংগ্রহ করা হইতেছে, কিছু সময় প্রয়োজন।

**বিড়ি শ্রমিকদের মজুরি নির্ধারণ**

***৩২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৪।) **শ্রী আবুল হাসনাত খান :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ব ভারতীয় রাজ্যগুলিতে বিড়ি শ্রমিকদের জন্য একই হারে মজুরি নির্ধারণ সম্পর্কে রাজ্য সরকার কোন উদ্যোগ গ্রহণ করিয়াছেন কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, এই উদ্যোগের ফলাফল কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :**

(ক) হ্যাঁ।

(খ) এই ব্যাপারে পশ্চিমবঙ্গ আসাম, ওড়িষ্যা, উত্তরপ্রদেশ ও বিহারের শ্রমদপ্তরের অফিসারগণ মিলিত হন কিন্তু এখনও পর্যন্ত সমহার মজুরি নির্ধারণ করা সম্ভব নয় নাই।

**শ্রী আবুল হাসনাত খাঁন :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই মিটিং কবে নাগাদ বসেছিল?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আমার যতদূর মনে আছে মাস ছয়েক আগে হয়েছিল।

**শ্রী আবুল হাসনাত খাঁন :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এই পূর্ব ভারতীয় রাজ্যগুলিতে একই মজুরি না থাকার জন্য পশ্চিম বাংলার কারখানা পূর্ব ভারতের রাজ্যগুলিতে চলে যাচ্ছে এবং এই সম্পর্কে আপনার জানা আছে কি না?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আপনাদেরও জানা এবং আমারও জানা আছে। এটা জানা আছে বলে আমরা কয়েকটি রাজ্যের অফিসারদের সঙ্গে মিলিত হয়েছি যাতে একটা সমহারে মজুরি করা যায়। কিন্তু এটা এখন করা সম্ভব নয়। আসামের যে রাজনৈতিক পরিস্থিতি সেটা আপনারা সকলেই জানেন। বিহার, উত্তর প্রদেশ, উড়িষ্যায় বর্তমানে কোন ইলেকটেড সরকার নেই। এই অবস্থায় এটাতে হাত দেওয়া সম্ভব নয়। যদিও আমরা জানি এটাতে ডিফিকালটিস আছে।

**শ্রী আবুল হাসনাত খাঁন :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ব্যাপারে কেন্দ্রীয়

সরকারের শ্রমদপ্তর কোন ব্যবস্থা গ্রহণ করবেন কিনা এবং রাজ্য সরকার এই বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করছেন কি না?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার নয়। এটা রাজ্য সরকারের ব্যাপার। এই ব্যাপারে রাজ্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করতে পারে নি।

**শ্রী মহঃ সোহরাব :** মন্ত্রী মহাশয় বললেন পশ্চিমবাংলা থেকে অনেক বিড়ি কারখানা পশ্চিম বাংলার বাইরে চলে যাচ্ছে, এটা যাতে বন্ধ করা যায় তার জন্য তিনি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** পশ্চিমবাংলা থেকে যে কেন অন্য জায়গায় চলে যাচ্ছে তা আপনারা জানেন এবং মালিকদের সঙ্গে যাদের সম্পর্ক আছে তাঁরাও জানেন। কিছু লোক পশ্চিম বাংলার বর্ডারের বাইরে থেকে স্বল্প দামে বিড়ি নিয়ে এসে সেই বিড়ি আসামে চালান দিচ্ছে।

### মেদিনীপুর জেলায় বিদ্যাসাগর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

***৩২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১০।) **শ্রী কৃষ্ণদাস রায় :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি মেদিনীপুর জেলায় বিদ্যাসাগর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর পরিচালনায় নানারূপ গলদ ও অব্যবস্থার অভিযোগ সরকারের নিকট আসিয়াছে ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে (১) এই অভিযোগগুলি কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন এবং (২) অদ্য পর্যন্ত ঐ ব্যাঙ্ক কর্তৃক দাদন কৃত অর্থ কত পরিমাণ অনাদায় রহিয়াছে?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :**

(ক) না, সম্প্রতি এইরূপ কোন অভিযোগ আসে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) এ পর্যন্ত দাদন কৃত অর্থের পরিমাণ ১২ কোটি ১৫ লক্ষ টাকা এবং অনাদায়ী অর্থের পরিমাণ ৩ কোটি ৭৩ লক্ষ টাকা।

**শ্রী রজনীকান্ত দোলুই :** যে অভিযোগগুলি আপনি জানতে পেরেছেন, সেই অভিযোগগুলির ভিত্তিতে কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** আমি এটা জানতে পেরেছি যে কতগুলি ইললিগ্যাল অ্যাপয়েন্টমেন্ট হয়েছিল এবং তার জন্য আমি ইনভেস্টিগেশন অর্ডার দিয়েছি, ইনভেস্টিগেশন হচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** তাহলে কি এমপ্লয়মেন্ট দেওয়ার জন্যই ইনভেস্টিগেশন আরম্ভ হয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** আমি তো আগেই বলেছি, এর মধ্যে আরো অনেক কিছু আছে।

### ধুলিয়ানে বিড়ি শ্রমিকদের জন্য টি বি হাসপাতাল নির্মাণ

*৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৩।) **শ্রী আবুল হাসনাত খাঁন ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ধুলিয়ানের কাছে বিড়ি শ্রমিকদের স্বার্থে টি বি হাসপাতাল নির্মাণের বিষয় কেন্দ্রীয় সরকারের শ্রম কল্যাণ দপ্তরের পরিকল্পনা সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কি ; এবং

(খ) এই পরিকল্পনা রূপায়ণের কাজ কতদূর এগিয়েছে সে বিষয়ে রাজ্য সরকারের কোন তথ্য আছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) নেই।

### মৎস্যচাষ উন্নয়ন

*৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৯।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে মাছচাষের উন্নতির জন্য সরকার কোন নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করেছেন কি ; এবং

(খ) ক'রে থাকলে, তাহা কি কি?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ**

(ক) হ্যাঁ,

(খ) পরিকল্পনাগুলির একটি বিবরণ লাইব্রেরী টেবিলে উপস্থিত করা হলো।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাছ চাষের জন্য মন্ত্রী মহাশয় অনেক বড় বড় পরিকল্পনা গ্রহণ করেছেন, তাতে মাছ চাষের কোনো উন্নতি হয়েছে কি?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ** বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে ২০ মিলিয়ন ডলার এসেছে, সেই টাকা দিয়ে অনেকগুলি পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। তার ফল আসছে বছর পাওয়া যাবে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে মাছ চাষের উন্নতি এবং মাছ সরবরাহের জন্য দীঘার মোহনায় ড্রেজিং করার এবং সেখান থেকে দীঘার মূল রাস্তা পর্যন্ত একটি রাস্তা করার যে প্রতিশ্রুতি ইতিপূর্বে মাননীয় মন্ত্রী মহাশয় দিয়েছিলেন সে বিষয়ে কত দূর কি হয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ** আপনারা জানেন, দীঘাতে যে মিনি ফিশিং ড্যাম করার কথা ছিল সেটা সেন্ট্রাল গভর্নমেন্ট রিজেক্ট করে দিয়েছিল। আমি তারপর গিয়ে তখনকার মন্ত্রী সুরজিৎ সিং বারনালার সঙ্গে কথা বলি যে ইললিগ্যাল এবং অন্যায়ভাবে রিজেক্ট হয়েছে।

*তারা ইনসপেকশন করেছে। তবে মিনি ফিশিং ড্যাম হলেও টেকনিক্যালি যে জিনিসগুলি আছে যেহেতু রিজেক্ট হয়ে গিয়েছিল সেহেতু হচ্ছে না।*

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** আমরা খুবই দুঃখিত দিনের পর দিন খবরের কাগজে দেখছি আপনাকে প্রমোদ বাবু ডেকে পাঠাচ্ছেন তিনি বলেছেন পর্বতে নাকি আপনি মাছের চাষ করছেন। আপনার ডিপার্টমেন্টের কাজের অখুশির জন্যই কি ডেকে পাঠাচ্ছেন?

**মিঃ স্পিকার :** এই রকম প্রশ্ন ওঠে না।

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** আপনি তো ওকালতি করেন রেলিভান্সি অফ ফ্যাকটস বলে একটা কথা আছে—এটা কি রেলিভান্ট কোশ্চেন?

**মিঃ স্পিকার :** আপনি বসুন, আমি তো ডিসঅ্যালাউ করে দিয়েছি।

### উলুবেড়িয়া ই এম আই সি হাসপাতাল

*৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২০।) **শ্রী রাজকুমার মন্ডল :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, উলুবেড়িয়ার ই এম আই সি হসপিটালে প্রায় গত এক বৎসর যাবত সারজেন ডাক্তার না থাকায় সার্জিক্যাল ডিপার্টমেন্টটি প্রায় বন্ধ হওয়ার উপক্রম হয়েছে; এবং

(খ) অবগত থাকলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

[1-50—2-00 P. M.]

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :**

(ক) ও (খ) বন্ধ হওয়া উপক্রম হয়েছে একথা সঠিক নয়। তবে দক্ষ সব সময়ের (whole-time) শল্য চিকিৎসকের অভাব আছে।

যোগ্যতাসম্পন্ন (whole-time) সরকারি শল্য চিকিৎসকের অভাবে বর্তমানে শল্য চিকিৎসা বিভাগটি দুইজন (part-time) শল্য চিকিৎসকের তত্ত্বাবধানে পরিচালিত হইতেছে। যোগ্যতাসম্পন্ন সরকারি শল্য চিকিৎসক নিয়োগের চেষ্টাও করা হইতেছে।

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বিভিন্ন ই. এস. আই হাসপাতালে ডাক্তার বা চিকিৎসা ব্যবস্থা অব্যবস্থা সম্পর্কে আপনার কাছে তথ্য আছে কিনা এবং আপনি তার প্রতিবিধানের কি ব্যবস্থা করছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আপনার প্রশ্নের সাথে বর্তমানে প্রশ্নের সম্পর্ক খুবই কম তবুও আমি বলে দিচ্ছি। বহু অভাব আছে এবং এই অভাব পূরণ করার চেষ্টা করা হচ্ছে এবং এই ব্যাপারে যে ডিফিকালটিস তা তো আপনার জানা আছে।

### রামপুরহাট ১নং বৃহদায়তন সমবায় বিপণন সমিতি

*৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪১।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল :** সমবায় বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট ১নং বৃহদায়তন সমবায় বিপণন সমিতিতে বর্তমানে সরকার মনোনীত কোন সদস্য নাই ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**ভক্তিভূষণ মণ্ডল :**

(ক) ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, সদস্যরা কি চলে গেছে এবং চলে গিয়ে থাকলে তাদের নাম কি?

**শ্রী ভক্তি ভূষণ মণ্ডল :** তিন জনের নাম হচ্ছে—

১। শ্রী কুমারীশ চন্দ্র গুঁই,

২। শ্রী প্রভাত মুখার্জি,

৩। শ্রী শরৎ মণ্ডল।

## Deep-Sea Fishing

***334.** (Admitted question NO. *267.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Fisheries Department be pleased to state the steps taken by the State Government to promote deep-sea fishing in the State?

**Shri Bhakti Bhusan Mondal :**

(1) The State Fisheries Development Corporation Ltd., a State Govt. Undertaking under the administrative control of the Fisheries Department, undertakes off-shore fishing in the Bay of Bengal with four Mexican Trawlers at present.

(2) For promoting deep sea fishing by the private parties, a major fishing harbour with facilities for processing and storage is being constructed at Roychowk near Diamond Harbour under a Central Sector scheme. The work will be completed by 1980. the scheme was sanctioned by the Central Government at the instance of the State Government. Calcutta Port Trust is constructing the harbour and the State Fisheries Development Corporation Ltd. is constructing the shore-complex.

(3) In order that young men operating mechanised boats develop necessary skill to operate bigger mechanised boats and

manipulate modern fishing gears, a training centre for mechanised fishing has been started at Namkhana and trainess doing well there are considered for higher training at training centres run by Govt. of India at Madras/Cochin.

(4) "Deep Sea" is traditionally meant to express that area of sea which is over 40 fathoms (75 metres) in depth. The territorial jurisdiction of the State of West Bengal extends up to a distance of 12 miles from the coast, and this area of 12 miles is very shallow and not deep sea. The area beyond 12 miles up to 200 miles from the coast is within the exclusive economic zone of the Union of India since 1976. Fishing in this area is controlled by a Central Act introduced in 1976.

**শ্রী সুনীতি চট্টরাজ :** ডিপ সী ফিশিংয়ের জন্য কতগুলি ট্রলার বিদেশ থেকে আনা হয়েছে এবং তারজন্য কত খরচ হয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** সেন্ট্রাল গভর্নমেন্টের স্কীমে ৪টি ট্রলার আনা হয়েছে এবং ১ কোটি ৬৩ লক্ষ ৩২১২ টাকা খরচ হয়েছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** দিঘা উপকূলে ৩টি ডিপ সী ফিশিংয়ের জন্য কোন স্টেশন করার পরিকল্পনা আছে কি?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** রায়চকে একটা স্টেশন করেছি, একটা ফিশিং হারবার করেছি যেটা প্রায় কমপ্লিটেড হয়ে গেছে, আর আপনার ওখানে মিনি ফিশিং হারবার আছে কেননা সেখানে ডিপ সী ফিশিং হবে না।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** ৫০০ থেকে ৬০০ স্টিম লঞ্চ দীঘার সমুদ্রে লক্ষ লক্ষ মণ মাছ ধরে এটা জানেন কি?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** দীঘায় ট্রলার নেই, তবে স্টিম লঞ্চ প্রাইভেটলি থাকতে পারে, যার অ্যাকাউন্ট আমাদের মধ্যে নেই।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আমেরিকার মাছ করে খাওয়াবেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** চরণ সিংয়ের সময় আমরা ইমপোর্টেড ডিউটি একজেমট করিয়ে ছিলাম কিন্তু আমেরিকা থেকে যাঁরা মাছ সরবরাহ করবেন তাঁরা প্রথমে চেয়ে ছিলেন ৭ টাকা, ১০/১৫ টাকা বলছেন বলে আমরা বিষয়টা নিয়ে চিন্তা করছি।

## Held over Starred Question
## (to which written answers were laid on the table)

### কোচবিহার জেলায় সি এফ সি এস লিমিটেড-এ অব্যবস্থার অভিযোগ

*২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬১০।) **শ্রী বিমলকান্তি বসু :** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার প্রতিষ্ঠার অব্যবহিত পরেই কোচবিহার সেন্ট্রাল ফিশারমেনস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড-এর চরম অব্যবস্থা সম্পর্কে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে,—

(১) ঐ অভিযোগ তদন্ত করার জন্য কোন অফিসার নিয়োগ করা হইয়াছিল কি, ও

(২) হইয়া থাকিলে, উক্ত অফিসারের রিপোর্ট সূত্রে কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

**Minister in-charge of Fisheries Department:**

(ক) মৎস্য দপ্তরে কোনও অভিযোগ এ সম্পর্কে পাওয়া যায় নাই ;

(খ) এ প্রশ্ন উঠে না।

## Starred Question

## (to which written answers were laid on the table)

### কলিকাতায় তফসিলি ছাত্রবাস

*৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮০।) **শ্রী কৃষ্ণধন হালদার:** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে তফসিলি ছাত্রদের জন্য বর্তমানে কয়টি হোস্টেল আছে ;

(খ) উক্ত হোস্টেলগুলি কোথায় অবস্থিত ও কতজন করিয়া ছাত্র থাকিবার বন্দোবস্ত আছে ; এবং

(গ) কলিকাতায় নতুন কোন তফসিলি ছাত্রাবাস স্থাপনের পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি?

**Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department:**

(ক) তফসিলি জাতিভুক্ত ছাত্রদের জন্য একটি হোস্টেল আছে। ইহা ছাড়া তফসিলি জাতি ও আদিবাসীদের জন্য ১টি হোস্টেল আছে।

(খ) ঠিকানা :- উদয়ন ছাত্রাবাস ৬১/১ ই, নির্মল চন্দ্র স্ট্রিট, কলিকাতা-১২, তফসিলি ও আদিবাসী ছাত্রাবাস, ৩০/১ গোখানা লেন, কলিকাতা-৯ উদয়ন হোস্টেলে ৭৫ জন তফসিলি ছাত্র এবং তফসিলি ও আদিবাসী ছাত্রাবাসে ১০০ জন তফসিলি ও আদিবাসী ছাত্র থাকিবার ব্যবস্থা আছে।

(গ) হ্যাঁ।

## Adjournment Motion

**মিঃ স্পিকার:** আমি আজ সর্বশ্রী রজনীকান্ত দোলুই, সামসুদ্দীন আহমেদ, সত্যরঞ্জন বাপুলী এবং নানুরাম রায় মহাশয়ের কাছ থেকে চারটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী দোলুই আসামে বাঙালি নির্যাতন, তার প্রতিবাদে কলকাতায় ছাত্র মিছিলের উপর পুলিশের কাঁদুনে গ্যাস প্রয়োগ ইত্যাদি বিষয়ে, দ্বিতীয় প্রস্তাবে শ্রী বাপুলী গ্রাম বাংলায় কেরোসিনের অভাব ও কালোবাজরি সম্পর্কে, তৃতীয় প্রস্তাবে শ্রী আহমেদ আসামে বাঙালি নির্যাতনের প্রতিবাদে কলকাতায় মিছিলের উপর পুলিশের লাঠিচার্জ ও কাঁদুনে গ্যাস প্রয়োগ সম্পর্কে এবং চতুর্থ প্রস্তাবে শ্রী রায় কলকাতা ও বোম্বাই থেকে আরব দেশে মেয়ে চালান সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম প্রস্তাবে শ্রী দোলুই একাধিক বিষয়ে অবতারণা করেছেন। প্রথমোক্ত বিষয়ের অবতারণা করেছেন। প্রথমোকৃত বিষয়টি ইতিপূর্বেই সভায় আলোচিত হয়েছে। এছাড়া মিছিলের ওপর পুলিশের লাঠিচার্জ ও কাঁদুনে গ্যাস প্রয়োগ সম্পর্কে শ্রী দোলুই এবং তৃতীয় প্রস্তাবের উত্থাপক, শ্রী সামসুদ্দীন আহমেদ আজকের পুলিশ বাজেটে আলোচনা করতে পারেন।

দ্বিতীয় প্রস্তাবের বিষয়ে এর আগেও কিছু মুলতুবি প্রস্তাব এসেছে এবং তাতে আমি আমার অসম্মতি জানিয়েছি। তাছাড়া সদস্য মহাশয় আগামী খাদ্য ও সরবরাহের বাজেট বিতর্কে এই সম্পর্কে আলোচনা করতে পারেন।

চতুর্থ প্রস্তাবের বিষয়বস্তু রাজ্য সরকারের এক্তিয়ার ভুক্ত নয়।

এইসব কারণে আমি চারটি মুলতুবি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। সদস্যগণ ইচ্ছা করলে কেবলমাত্র সংশোধিত মুলতুবি প্রস্তাবগুলো পাঠ করতে পারেন।

**Shri Rajani Kanta Doloi :** Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, :-

Due to the atrocities committed on innocent people of Bengali origin in Assam, particularly in Nalbari and Barpeta areas, large number of Bengali families have been ruined and are facing starvation. Large number of such persons affected by riots in Assam have crossed over to Alipurduar and other places in West Bengal. The Relief Camps opened by private charitable organisations like Bharat Sevasram Sangh have been forcibly closed down in Assam. The Bengalis in Assam have been left with no alternative but to look forward towards West Bengal for relief at this crucial juncture. The Government of West Bengal has not been able to provide adequate relief to the affected people. The all Assam Students Union and the Assam Gana Sangram Parishad have announced their decisions to resume agitation from March 26, 1980.

The Government of West Bengal has used police force and indulged in lathi charge on peaceful demonstrations organised by the Chattra Parishad (I) in Calcutta to protest against the oppression of Bengalees in Assam. Over 40 rounds of tear gas were fired by the Police causing grievous injuries to many students of West Bengal. Large number of students have arrested under orders of the West Bengal Government.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল—

বাজারে কেরোসিন তেল আছে এবং বেশি দামে পাওয়া যাচ্ছে কিন্তু সাধারণ দরিদ্র গ্রাম বাংলায় লোক কেরোসিন পাচ্ছে না। কালোবাজারি ও মুনাফাখোরদের জন্য বাজারে তেলের এই অবস্থা। এই সব মুনাফাখোর ও মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হোক।

**শ্রী নানুরাম রায় :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

কলিকাতা-বোম্বাই থেকে আরব দেশে অল্প বয়স্কা মেয়েদের চালান করা হচ্ছে। ধনী ও দরিদ্র সকল শ্রেণীর পরিবারের ক্ষেত্রে এই ঘটনা বেড়েই চলেছে। এটা এক রকম ব্যবসার মতো শুরু হয়েছে। এ সম্পর্কে আলোচনা হওয়া একান্ত প্রয়োজন।

**শ্রী সামসুদ্দীন আহমেদ :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এইসভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—গত ১৯।৩।৯০ তারিখে আসামে বাঙালি নির্যাতনের প্রতিবাদে কলকাতায় শান্তিপূর্ণ মিছিলের উপর পুলিশের লাঠিচার্জ এবং কাঁদানে গ্যাস প্রয়োগ করে গণতান্ত্রিক আন্দোলনের মৌলিক অধিকারকে খর্ব করেছে। ইহা বর্তমান সরকারের ঘোষিত নীতির পরিপন্থী। পুলিশের এরূপ আচরণ বর্তমানে রাজ্যের সর্বত্র পরিলক্ষিত হচ্ছে এবং বিরোধী রাজনৈতিক দলগুলির গণতান্ত্রিক এক আন্দোলনের অধিকারকে স্তব্ধ করবার প্রচেষ্টা চলছে।

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, on a point of information এঁরা এত সব কথা এখানে বলছেন, কিন্তু আজকের সকালের কাগজে খবর বেরিয়েছে ইন্দিরা গান্ধী বলেছেন আসামের ব্যাপার নিয়ে কলকাতায় যা ঘটছে এটা তিনি সমর্থন করেন না।

**Shri Satya Ranjan Bapuli :** Sir, on a point of order.

**Mr. Speaker :** I do not allow you point of order.

[2-10—2-20 P. M.]

## Calling Attention to Matters of Urgent Public Importance

**অধ্যক্ষ মহাশয় :** আমি নিম্নলিখিত বিষয়গুলির উপর নোটিশ পেয়েছি যথা :

১। বীরভূম জেলার গিরিগঙ্গা টি. বি. হাসপাতাল বন্ধ, - শ্রী প্রদ্যোতকুমার মহান্তি এবং শ্রী সন্দীপ দাস।

২। গোঘাটা থানার কুলতলা গ্রামে গম লুঠ ও পুলিশের বন্দুক ছিনতাই-। শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ডাঃ রাসবিহারী পাল, শ্রী রজনীকান্ত দোলুই, শ্রী নানুরাম রায়, শ্রী সামসুদ্দিন আহমেদ, শ্রী কাজী হাফিজুর রহমান, শ্রী কৃষ্ণদাস রায় এবং শ্রী সেখ ইমাজুদ্দিন।

3. Non availability of Kerosene Oil in rural areas—Shri Gour Chandra Kundu.

4. Strike by Bus Drivers and conductors in Route No. 30 - Shri Rajani Kanta Doloi.

5. Violation of injunction order of Calcutta High Court - Shri Rajani Kanta Doloi.

6. Lathi Charge and Firing by police in student - Shri Rajani Kanta Doloi.

7. Deterioration in power supply position - Shri Rajani Kanta Doloi.

8. Discrimination with News papers in release of Govt. Advertisement— Shri Rajani Kanta Doloi.

9. Scarcity of Kerosene Oil at Chanditala P. S. area - Shri Krishna das Roy, Shri Shamsuddin Ahmed, Shri Kazi Hafizur Rahaman and Shri Sk. Imajuddin.

10. Hi-jack of a car of Calcutta University - Shri Shamsuddin Ahmad, Shri Krishadas Roy and Shri Kazi Hafizur Rahaman.

11. Stoppage of treatment of Sader & block Hospital - Shri Shamsuddin Ahmed, Shri Krishnadas Roy and Shri Kazi Hafizur Rahaman.

12. Death of 6 persons from Bus-accident at Durgapur - Shri Shamsuddin Ahmed, Shri Kazi Hafizur Rahman, Shri Krishnadas Roy and Shri Sk. Imajuddin.

13. Hi-jack of a Taxi - Shri Shamsuddin Ahmed, Shri Kazi Hafizur Rahman, Shri Krishnadas Roy and Shri SK. Imajuddin.

আমি "বীরভূম জেলার গিরিগঙ্গা, টি. বি. হাসপাতাল বন্ধ" এই বিষয়ের উপর শ্রী প্রদ্যোতকুমার মহান্তি এবং শ্রী সন্দীপ দাস কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি:** ২৭.৩.৮০ তারিখ উত্তর দেওয়া হবে।

## MENTION CASES

**শ্রী শৈলেন্দ্র চাটার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ফেব্রুয়ারি মাসে ভদ্রেশ্বর ইঞ্জিনিয়ারিং লবন কারখানা এবং তার আদিসপ্তগ্রামে ফাউন্ডারী এবং কলকাতার হেড অফিস এ লক-আউট ঘোষণা করা হয়েছে। এই কারখানাটি কেন্দ্রীয় সরকারের অধিগৃহীত। প্রায় একমাস যাবত ৫০০ শ্রমিক কর্মচারীরা ভীষণ দুরবস্থার মধ্যে আছে। গত দুই দিন আগে

সেখানে শ্রমিক শৈলেন ঘোষ তিনি মারা গিয়েছেন। এই ব্যাপারে আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই কারখানাটি খোলা হয়। এই প্রসঙ্গে আমি রাজ্যসরকারের আরেকটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যে এই কারখানাটি যে লক্ আউট ঘোষণা আগে সেটা মাননীয় শ্রমমন্ত্রীর অনুমতি নিয়ে করতে পারেন কিনা এবং এই সম্পর্কে রাজ্য সরকার কোন আইন প্রণয়ন করবেন কিনা? কেন না ৫০০ শ্রমিক আজকে রাস্তায় বসে আছে। আমি মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করব কেন্দ্রীয় সরকার কর্তৃক অধিগৃহীত কারখানাটি যাতে অবিলম্বে খোলা যায় সে বিষয়ে তিনি যেন দৃষ্টি দেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার আমি বলতে উঠলেই ওপারের বন্ধুরা একসঙ্গে চিৎকার করে উঠেন, আপনি একটু দেখুন। স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কুলপী থানায় সি. পি. এম. এর গুন্ডা বাহিনী এবং পুলিশের সাহায্যে কিভাবে অত্যাচার করছে। কুলপী থানার অন্তর্গত রাংগাফলা, ট্যাংরাচর, বেলপুকুর, লক্ষীপাশা, আরুন বেড়িয়া, ভগবানপুর, প্রভৃতি গ্রামের লোকেরা সি. পি. এম. এর গুন্ডাবাহিনীর লোকের দ্বারা আক্রান্ত হচ্ছে এবং তাদের ঘরবাড়ি পুড়িয়ে দেওয়া হচ্ছে এবং যেসব কংগ্রেসি অঞ্চল প্রধানরা আছে যেমন সুধাংশু ভান্ডারী, সন্তোষ মণ্ডল এবং শচীনাথ ঘোষ তাদের মারধর করে তাড়িয়ে দেওয়া হয়েছে এবং প্রায় ৫০০ লোক স্যার আজকে গ্রাম ছাড়া হয়েছে। স্যার, গ্রামের লোকেরা থানায় মেমোরেন্ডাম দিয়েছে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই যে সি. পি. এম. এর গুন্ডাবাহিনী সাধারণ লোকের উপর অত্যাচার করছে এগুলি একটু বন্ধ করার চেষ্টা করুন এবং এর প্রতিবিধান করুন।

**শ্রী রাজকুমার মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের উলুবেড়িয়া ই. এস. আই. হাসপাতালের সুপারিটেনডেন্ট তিনি মাসের পর মাস হাসপাতালে অনুপস্থিত থাকেন এবং হাসপাতালের অ্যাডমিনিস্ট্রেশনও অত্যন্ত খারাপ। স্যার, এফ. সি. আই. থেকে যে রুগীদের জন্য চাল ও গম দেওয়া হয় তাও অত্যন্ত নিকৃষ্ট ধরনের এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-20—2-30 P. M.]

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। অর্গানাইজার বলে একটা সাপ্তাহিক পত্রিকা আছে। এইটা আসামে যে দুর্ভাগ্যজনক ঘটনা ঘটছে, সেই সম্পর্কে লিখছে। এটা আর, এস, এস চালায়। তারা লিখেছে, উই স্যালুট দি আসাম স্টুডেন্টস। আসামের যে ঘটনা চলছে তারা একে সমর্থন করছে। তারা বলছে, কাস্টসিজম, কমিউনালিজম and regionalism can be and must be utilised for all round natural development. স্যার এই ধরনের কথা, আর, এস, এসের পত্রিকায় বেরিয়েছে। আমি বলছি যে কথা বেরিয়েছে, তাতে পরিষ্কার বোঝা যাচ্ছে, আর, এস, এস এর সঙ্গে জড়িত। পশ্চিমবঙ্গে যাতে এর রিঅ্যাকশন না হয় সেজন্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি দৃষ্টি দিতে।

**শ্রী সরল দেব :** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি

আকর্ষণ করছি। এন, এস ৩৪ এবং সোদপুর রোডের দুধারে প্রতিদিন অসংখ্য রাস্তা তৈরি হচ্ছে, সেখানে ঘর তৈরিও হয়ে যাচ্ছে। এইটা দেখার জন্য পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি। সম্প্রতি এখানে প্রাক্তন মন্ত্রী শ্রী তরুণ কান্তি ঘোষের বাড়ির সামনে একটা কংগ্রেস (আই) অফিস তৈরি করেছে এবং সেখানে প্রতিদিন সাট্টা এবং জুয়া চলছে। অবিলম্বে এইটা বন্ধ করতে হবে।

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জরুরি বিষয়ে কেন্দ্রের এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি বিশেষ করে লক্ষ্য করছি গতকাল কংগ্রেসের নেতৃত্বে যেভাবে আসামের উপর আন্দোলনের নামে বোমা ছোঁড়া হয়েছে আসাম ভবনে, সেটার ব্যাপারে। ইন্দিরা গান্ধী পাশাপাশি বক্তৃতা দিয়ে বলেছেন, এমন কিছু করা উচিত নয় যাতে টেনশান হয় এবং প্রাদেশিকতা, সাম্প্রদায়িকতা মাথাচাড়া দেয়। সুব্রতবাবু ইন্দিরা গান্ধীর দলের আছেন কি না এইটা পরিষ্কার নয়।

**শ্রী নানুরাম রায় :** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার গোপীনাথপুর অঞ্চলের ভাবামল্লারপুর গ্রামের একটা ঘটনা বলছি। এখানে শ্রী গৌরময় রায় বর্গাজমির ধান আজও সি. পি. এমের সুশান্ত বন্দ্যোপাধ্যায়ের খামারে বেআইনীভাবে জমা আছে। শ্রী গৌরময় রায় বর্গাদার, জোতদার নয়। পুলিশের সাহায্য চাওয়া সত্ত্বেও কেন সুফল হয় নি। সেখানে দেখা যাচ্ছে, সি. পি. এমের লোকেরা ধান খড় সমেত ৬ কাহন গাদাজাত অবস্থায় নষ্ট হচ্ছে। শ্রী গৌরময় রায়ের পরিবারের লোকেরা অনাহারে দিন কাটাচ্ছে। আমি আপনার মাধ্যমে শ্রী গৌরময় রায়ের একটা দরখাস্ত আপনার মাধ্যমে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীকে দিচ্ছি।

**শ্রী ননী কর :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আবার সেই রাধা কেমিক্যাল, কর্ণাণীর কারখানা। আবার সেটা ১৭ই তারিখে লক আউট করেছে। গত তিন বছরে বারেবারে লক আউট হয়েছে। এইবারে নোটিশ না দিয়ে লক আউট করেছে। আমি এই ব্যাপারটা আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই। দেড়শো শ্রমিককে বারেবারে তারা লক আউট বা লে-অফের মধ্যে নিয়ে যাচ্ছে। এইটা বাণিজ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং একটা চিঠি দিয়েছে ইউনিয়ন থেকে সেটাও আপনার মাধ্যমে দিচ্ছি।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনা এখানে উল্লেখ করতে চাই এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গোঘাটা থানার রামানাদপুর গ্রামে ৩২ বিঘা খাস জমি ভূমিহীনদের মধ্যে বন্টন করা হয়েছে। গত ১৭ই মার্চ তারিখে জোতদাররা সেগুলি দখল করে নিয়েছে, পুলিশের সাহায্যে বিশেষ করে কংগ্রেস (ই) নেতা বিজয় ঘোষ, বংশী কুশলী এবং রামপদ কোলে, সেখানে গিয়ে ভূমিহীন কৃষকদের উপর পুলিশের সাহায্যে নির্মম অত্যাচার করে এবং ভূমি বন্টন কমিটির কর্মাধ্যক্ষ আতাউল হক মল্লিককে মেরে তার মাথা ফাটিয়ে দেয়, এবং সেখানে মেয়েদের উপর দারুণভাবে অত্যাচার করেছে। আমি এই ঘটনাই এখানে উল্লেখ করতে চাই। আমি মনে করি যে আজকে বামফ্রন্ট সরকার যে সমস্ত কাজগুলি করতে যাচ্ছেন, তা যাতে করতে না পারেন তার জন্য প্রতিক্রিয়াশীলরা চক্রান্ত করেছেন এবং বামফ্রন্ট সরকারকে হেয় করার চেষ্টা করছে। এজন্য এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নীহারকুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি বিশেষ ঘটনার প্রতি। জগদ্দল কেন্দ্রে শ্যামনগর ক্রিশ্চিয়ান হাসপাতাল একটা সেবা প্রতিষ্ঠান, সেই হাসপাতাল পশ্চিমবঙ্গ সরকারকে দিয়েছেন, সেই হাসপাতাল গত ৬ মাস থেকে বন্ধ আছে, সেই হাসপাতাল খুলছেনা, ফলে সাধারণ মানুষ দারুণ অসুবিধায় পড়েছে। আমি তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই হাসপাতাল অবিলম্বে খোলার ব্যবস্থা হয়।

**শ্রী মনোহর তিরকী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলিপুর দুয়ার সাব ডিভিশনে বিভিন্ন চা বাগানের গ্রামাঞ্চলে বুনো হাতীর উৎপাত দেখা দিয়েছে, গত দুই মাসে এই বুনো হাতীর উৎপাতে অনেক লোক মারা গেছে এবং অনেক ঘর বাড়ি নষ্ট হয়েছে। সেজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বুনো হাতীদের তাড়াবার ব্যবস্থা হয় এবং যারা ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা হয়।

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা করুণ অবস্থার প্রতি এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বনগাঁ-শিয়ালদা লাইনের ট্রেনে যে অব্যবস্থা চলেছে তার বিরুদ্ধে বিভিন্ন যাত্রীসাধারণের মধ্যে ক্রমেই ক্ষোভের সৃষ্টি হচ্ছে। বনগাঁ থেকে শিয়ালদা পর্যন্ত ৭৫ কিঃ মিঃ পথ, এই পথে নিয়মিত ট্রেন চলাচল হয় না, ট্রেনে লাইট থাকে না, বসবার ব্যবস্থা নাই, এই অবস্থায় দু লক্ষাধিক যাত্রী প্রতিদিন এই পথে ট্রেনে যাতায়াত করে। যাত্রীর সংখ্যা দিন দিন বাড়ছে, তাই ট্রেনের সংখ্যা আরও বাড়ান দরকার এবং যাতে ট্রেন নিয়মিত চলে, পৌছে এবং ছাড়ে, এই ব্যবস্থা করা দরকার। আমি নিজে এই পথে একজন নিত্য যাত্রী, আমি জানি যে ৭টার আগে কোন ট্রেন ছাড়েনা, এই অবস্থা দূর হওয়া দরকার এবং যাতে নিয়মিতভাবে ট্রেন চলাচল করে এবং ট্রেনের সংখ্যা বাড়ে তার ব্যবস্থা করা দরকার। সেজন্য আমি সরকারের দৃষ্টি এই দিকে আকর্ষণ করছি।

**শ্রী সন্তোষকুমার দাস :** আমাদের হাওড়া জেলাতে প্রচন্ড খরার জন্য দ্রব্যমূল্য বৃদ্ধি হওয়ায় সেখানকার ক্ষেতমজুররা অত্যন্ত অসহায় অবস্থার মধ্যে পড়েছে, সরকারের কাছে তাই আমি আবেদন করছি যে অবিলম্বে এখানে এফ এফ ডবলিউ এবং টি আর-এর কাজ আরম্ভ করা হোক।

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার কাছে একটা দরখাস্ত দিচ্ছি। শ্রী নির্মলেন্দু ব্যানার্জি পোলিং অফিসার ছিলেন বহরমপুরে, তিনি দরখাস্তে বলেছেন যে তাঁর পোস্টাল ব্যালট ভোট দেওয়ার অধিকার ছিল এবং তিনি পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার জন্য পোস্টাল সুপারিনটেনডেন্টের কাছে দরখাস্ত করেছিলেন কিন্তু সেই ব্যবস্থা করেননি। তাই তিনি অভিযোগ করেছেন যে তিনি কো-অর্ডিনেশন কমিটির মেম্বার নন বলে, ইচ্ছা করে নির্মলেন্দুবাবুকে ভোট দেওয়া থেকে বঞ্চিত করা হয়েছে কারণ তিনি এমপ্লয়ীজ ফেডারেশনের সদস্য ছিলেন, যেহেতু তাঁকে ইনটেনশনালি ভোট দেওয়া থেকে বঞ্চিত করা হয়েছে, সেজন্য মানসিক খুব ক্ষুব্ধ হয়েছেন এবং সেজন্যই এই দরখাস্ত দিয়েছেন। আমি মাননীয় স্পিকার মহাশয়ের কাছে এই দরখাস্ত জমা দিচ্ছি, এই বিষয়ে তদন্ত করার ব্যবস্থা করার দরকার আছে।

[2-30—2-40 P. M.]

**শ্রী কৃষ্ণদাস রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার নারায়ণগড় থানার মদনমোহনচক গ্রাম একটি প্রান্তিক গ্রাম। সবং, পিংলা, নারায়ণগড়, খড়গপুর এই ৪টি থানার বর্ডারে এই গ্রামটি অবস্থিত এবং প্রতিটি থানা থেকে এই গ্রামটির দূরত্ব হচ্ছে ১৩ কি.মি.। সেখানে পুলিশ যেতে পারে না, ফলে সেখানে অসামাজিক কার্যকলাপ—চুরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানি, গরু, ছাগল চুরি ইত্যাদি সাংঘাতিকভাবে বেড়ে গিয়েছে। সেই গ্রামের অধিবাসীদের দীর্ঘদিনের দাবি হচ্ছে সেখানে একটি পুলিশ ফাঁড়ি করা হোক। আমি স্যার, আপনার মাধ্যমে সেখানকার লোকেদের স্বাক্ষর সম্বলিত একটি দরখাস্ত মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে দিচ্ছি এবং অনুরোধ করছি, সেখানে যাতে অবিলম্বে একটি পুলিশ ফাঁড়ি হয় তার জন্য ব্যবস্থা করুন।

**ডঃ বিনোদবিহারী মাঝিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল আমি যখন বাঁকুড়া থেকে কলকাতায় আসছিলাম তখন সকাল ৮ টার সময় যখন সি. এস. টি'র বাস এসে আরামবাগে দাঁড়ালো দেখলাম সেখানকার চাষীরা ডিজেলের অভাবের জন্য রাস্তা ব্যারিকেড করে বন্ধ করে দিয়েছে। সেই বাসে থাকার সময়ই দেখলাম লরি দিয়ে সমস্ত রাস্তাগুলির মুখ বন্ধ করে দিল। আমরা যে সমস্ত যাত্রীরা সেই বাসে ছিলাম আমরা অসহায় বোধ করতে লাগলাম। সেখানে হার্টের রোগী থেকে আরম্ভ করে মহিলা, শিশু যারা সেই বাসের যাত্রী ছিলেন তারা সকলেই অসহায় বোধ করতে লাগলেন। পরে আমরা এস.ডি.ও'র কাছে গেলাম এবং দেখলাম তিনি অসহায় অবস্থায় বসে আছেন। সেখানে প্রশাসন থেকে কোন ব্যবস্থাই করা হল না। সেখানে প্রশাসন যদি সক্রিয় হতেন তাহলে আমরা অনেক আগেই কলকাতায় পৌছে যেতে পারতাম। ৬ ঘণ্টা বসে থাকার পর বাস ছাড়ল এবং আমরা সন্ধ্যা ৬টার সময় কলকাতায় এসে পৌছলাম। স্যার, শুনলাম কিছু দুষ্কৃতকারী সেখানে ডিজেল নিয়ে কালোবাজারি করছে। সেখানে ভবিষ্যতে যাতে ডিজেলের ব্যাপারে সুষ্ঠু ব্যবস্থা হয় তা দেখার জন্য সরকারকে অনুরোধ করছি এবং সেই সঙ্গে অনুরোধ করছি, দূরপাল্লার বাসের যাত্রীদের যাতে হয়রানি করা না হয় সেজন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার দাঁতন থানার বংশাটীয়া গ্রামে গত ১২/৩/৮০ তারিখে সি. পি. এম-এর এক কর্মী বৈঠক শেষ হওয়ার পর একদল লোক সি. পি. এম-এর নেতৃত্বে ঐ গ্রামের উমেশ ভূঞার বাড়ি আক্রমণ করে, মজুরদের মারধোর করে এবং আসবাবপত্র ভাঙচুর করে। পরে তারা বামনদা গ্রামে রাখাল পড়্যার বাড়ি ঘেরাও করে, বাড়িঘর ভাঙ্গে এবং ভূপতি পড়্যাকে ঘেরাও করে রাখে। পুলিশ গিয়ে ভূপতি পড়্যাকে মুক্ত করে এনেছে। সমস্ত এলাকায় সন্ত্রাস ও ভীতি বিরাজ করছে। আমি এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হরিপদ জানা (পিংলা)ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ঘটনাটি

অতি সামান্য হলেও সমস্যাটি অত্যন্ত জটিল। মেদিনীপুর জেলার কোলাঘাটের নিকট দেউলিয়া বাজার হয়ে বিভিন্ন রুটের দূরপাল্লার বাস যাতায়াত করে এবং স্থানীয় বাসগুলিও সেখান দিয়ে যাতায়াত করে—যাতায়াতের সময় বাসগুলি কিছু সময়ের জন্য সেখানে অপেক্ষা করে। সেই জায়গা যেখানে বাস অপেক্ষা করে সেখানে জনসাধারণের ব্যবহারের জন্য কোন বাথরুমের ব্যবস্থা না থাকায় বাসযাত্রী ছেলেমেয়েদের সেখানে নেমে মলমূত্র ত্যাগের ব্যাপারে ভয়ানক অসুবিধায় পড়তে হয় এবং নির্লজ্জের মতন তাদের বাধ্য হয়ে সেখানে মলমূত্র ত্যাগ করতে হয়। স্যার, এই সমস্যাটি প্রতি ১৯৭৭/৭৮, ১৯৭৮/৭৯ সালে স্বর্গীয় মাননীয় সদস্য শ্রী বঙ্কিমচন্দ্র পাল মহাশয় বারবার দৃষ্টি আকর্ষণ করেছিলেন কিন্তু কোন ব্যবস্থাই হয়নি। তিনি সেখানে কোন ব্যবস্থা দেখে স্বর্গে যেতে পারেন নি। আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি এইদিকে আকৃষ্ট করছি।

**ডাঃ অম্বরিশ মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমরা যখন ফিরছিলাম তখন দেখলাম আরামবাগের সামনে প্রফুল্লচন্দ্র সেন অ্যান্ড কোম্পানি লিমিটেড এবং কংগ্রেস (ই) কিছু গুন্ডাবাহিনী রাস্তা অবরোধ করে রেখেছে। সেখানে পুলিশ হস্তক্ষেপ করার পর রাস্তা পরিষ্কার হয়। স্যার, এরা চাইছেন ডিজেলকে উপলক্ষ করে একটা অরাজকতার সৃষ্টি করতে। এ বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি কারণ কালকে আমাদের অসহনীয় প্লেসে কাটাতে হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি চৌরঙ্গী এবং লোয়ার সার্কুলার রোডের মোড়ে নেহেরু চিলড্রেন মিউজিয়াম এবং জওহর শিশু ভবন আছে। এটা একটা আন্তর্জাতিক শিশু প্রতিষ্ঠান, কলকাতার ব্যাপক অংশের ছেলেমেয়েরা এখানে উপস্থিত হয়। কিন্তু দেখা যাচ্ছে পুলিশের ইনটেলিজেন্সের লোকেরা প্রায়ই ওখানে উৎপাত করে। এর কারণ বোঝা যায় না। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এর প্রতিবিধানের জন্য।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় স্পিকার, স্যার, পশ্চিমবাংলার বিধানসভায় সরকার পক্ষের সদস্যরা যে বক্তব্য রাখছেন তার থেকে এটাই বোঝা যায় যে পশ্চিমবাংলার ল অ্যান্ড অর্ডারের অবস্থা কি জঘন্য হয়েছে। এটা আমার বক্তব্য নয় স্যার, এটা সরকার পক্ষের বক্তব্য। ওরা বলছেন ইন্দিরা কংগ্রেস মারছে, পুলিশ বসে আছে। স্যার, আমার বক্তব্য এই রকম, আজকে অনেক দরখাস্ত পেয়েছি—আপনাকে অ্যাড্রেস করে কৃষ্ণ মল্লিক লেনের শ্রী বাদল কৃষ্ণ হালদার দরখাস্ত করছেন। সি.পি.এম-এর ভিতরের মানুষ ক্ষুর, খাঁড়া, পাইপ গান, বোমা নিয়ে সেই বাড়িটি আক্রমণ করে। উল্টোডাঙ্গার ওসি, সেকেন্ড অফিসার সেখানে দাঁড়িয়ে তারা সেই বাড়িটিকে সাঁইবাড়ি করে ছেড়ে দেন। সাঁইবাড়ি করে ছেড়ে দেবার পরে পুলিশ চুপ করে বসে আছে, কোন অ্যাকশন নেয় নি। ইন্দিরা গান্ধী সেই কথা বললে কারো গোঁসা হবে। কিন্তু পশ্চিমবঙ্গে কি ঘটনা হচ্ছে প্রধানমন্ত্রী সেটা ইনকোয়ারি করবেন।

**শ্রী রামচন্দ্র সতপতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ঝাড়গ্রাম মহকুমার পড়িহাটি জামবনী ফেঁকোঘাট রাস্তাটির যে কাজ আরম্ভ হয়েছে সেই কাজ ঠিকমত হচ্ছে না। ওখানে কন্ট্রাকটর, সরকারি কর্মচারী যারা আছেন তারা

*যৌথভাবে রাস্তাটি খারাপ যাতে হয় সেই চেষ্টা করছেন। জনসাধারণ বারে বারে তাদের কথা বলছেন, কিন্তু তারা শুনছেন না। আমি তাই এই বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।*

## Laying of Report

### The Fifth Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 1977-78

**Shri Bhabani Mukherjee :** Sir, with your permission I beg to lay the Fifth Annual Report incorporating the Audit Report and Comments of the Comptroller and Auditor-General of India on the working and affairs of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 1977-78.

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার একটি নিবেদন আছে। বিধানসভায় বাজেট ভাষণের উপর আমার একটি বক্তব্য আনন্দবাজার পত্রিকায় সংবাদ হিসাবে বেরিয়েছিল। আমি সেই ব্যাপারে অধিকার রক্ষার প্রশ্নে আপনার কাছে আবেদন করেছিলাম এবং আপনি গতকাল হাউসে তার রুলিং দিয়েছেন। আপনি যে রুলিং দিয়েছেন তার মধ্যে ম্যালাফাইড কিছু পান নি। আপনি আমাদের অধ্যক্ষ মহাশয়। ফলে সংসদীয় গণতন্ত্রের রীতি নীতি অনুযায়ী আপনার রুলিং শিরধার্য বলে মেনে নেব। কিন্তু আমার হামবল সাবমিসন হল এই, পরেরদিন সংবাদপত্রে যেটা বেরল সেটা আমি বলি নি। সেখানে বলা হয় এস. ইউ. সির দেবপ্রসাদ সরকার বলেন রাজ্য সরকার নিজেদের সব কিছু যত দোষ নন্দ ঘোষের মত কেন্দ্রের উপর চাপিয়ে দিচ্ছেন—স্যার, আমি এই কথা বলিনি। আপনি আমার প্রসিডিংস দেখলেই এটা দেখতে পাবেন। বিভ্রান্তি হতে পারে বলেই ক্লিয়ার করার জন্য এটা বললাম।

[2-40—2-50 P. M.]

## Budget of the Government of West Bengal for 1980-81

### Voting on Demands for Grants

### Demand No. 21

### Major Head : 255-Police

**Shri Jyoti Basu :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 68,92,03,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "255-Police"

Printed speech of Shri Jyoti Basu is taken as read.

Sir,

A sum of Rs. 63,86,61,000 (Rupees sixty-three crores eighty-six

lakhs and sixty-one thousand) was voted for expenditure on Police head in the budget for the year, 1979-80. Compared with the previous year, the proposed increase in expenditure in the year, 1980-81 amounts to Rs. 5,05,42,000 (Rupees five crores five lakhs and forty-two thousand) only. Although there has not been any significant increase in the strength of the police forces, yet this increase is primarily due to increase in the annual salary of police personnel.

While I dwell on the general law and order situation in the State and bring under review the role of the minions of the law, I re-affirm the value-considerations which have informed our approach to the issue. Throughout the year of the persistent effort of the Left Front Government has been to make secure the rule of law based on social justice. We have endeavoured to bring off a change in the outlook of the policemen to bring them closer to the people at large and to make them respond properly to the demands and aspirations of the common man. We have ensured that in Trade Union disputes, the role of the police does not get identified with unfair protection of the privileges of the Management. In harvesting operations, we have emphasised that the police must defend the rights of the share-croppers and the landless. (We have exhorted policemen to take action whenever there is any breach of law and not to be influenced by the political affiliation of the accused persons. We have stood firm in our resolve not to forsake investigation of crime and prosecution under the ordinary laws of the land in preference to resort to preventive detention in any guise. We are too aware of the pernicious abuses of laws authorising preventive detention. As far as I have been able to gather the relevant information, the crime situation in this State or the state of public distribution system is not inferior to that of any other State even without any resort to preventive detention by us. (Our constant endeavour has been to bring off a re-orientation in the mental attitude and line of action on the part of the policemen.) Our aim has been to bring home to the members of the Force that we do not believe in making use of the police forces in the way they have been used over the past many years. When I say this, I do not place the blame entirely on the policemen. It was the Government of the day which had reduced the police to an instrument of oppression and torture. We have desisted from doing this. At the same time, we wanted the policemen to realise that a change has taken place and it is also expected of them to rise to the occasion to make the change effective and meaningful. We do not want the police to be partial. We have exhorted that what we value in a policeman is a sense of impartiality. Members of the police forces must

uphold impartiality. But while doing so, they must make a distinction between the wrong-doer and the aggrieved. No sense of impartiality can club these two groups together. As I have said earlier, all we sought to achieve was a change in the outlook of the policemen in keeping with the changes ushered in by the assumption of power by the Left Front parties. We are too aware of the limitations of the system in which not much fundamental change can be effected even with a Left Front Government in authority. No basic structural change is possible either within the existing socio-economic set up. All we want to achieve is to bring the police close to the common man and make them respond to the needs of the people with a sense of service and forthrightness.

In moveing the demand for the grant, I would now make mention of sense of the important activities of the police during the last year.

Against the hoarders and smugglers, the Enforcement Branch of the Police started 11,048 criminal cases and arrested 12,377 persons. A large quantity of foodstuff, edible oils, oil products, sugar, fertilizer, baby food, etc., was seized. The approximate value of the goods seized was Rs. 4,86,37,286. However, this police action has been nullified to some extent by delay in the disposal of cases and the loopholes in the law in the matter of awarding deterrent punishment. We are taking up this matter with the Government of India and the High Court. During the last year, Police recovered 1,109 fire-arms, 468 cartridges, 1,858 bombs and crackers and a large quantity of ingredients for manufacture of bombs. In Calcutta alone, during the last year, Police arrested 32,127 persons in 16,591 cases for participation in 'Satta', gambling and trade in illicit liquor and seized approximately 38,370 litres of illicit liquor and cash amounting to Rs. 7,09,870. Some important steps have been taken to prevent Railway crimes. These include posting of armed guards in Mail Express trains, posting of plain-clothe policemen in important stations and intensification of police patrolling. During the last year, Police recorded 3,411 cases on the Railways and recovered stolen property valued at Rs. 5,33,832. Police vigilance has also been stepped up to prevent theft of cables. Value of stolen cables recovered last year stood at Rs. 34,52,433. In connection with various offences, the West Bengal Police arrested 79,898 persons and recovered gold ornaments, silver ornaments and utensils worth Rs. 91,20,975. 2,656 missing persons were recovered by the West Bengal Police during the previous year.

Though the overall crime situation continued to remain firmly under control, there was some spurt of criminal activities in certain directions. The causes for this spurt are embedded in the unhappy socio-economic

situation in the country. Poverty surrounds us on all sides and more and more people are going down the poverty line every year. Increasing inequalities in our society generate increasing tension in our urban as well as rural areas. We are trying to help the landless labourers, share-croppers and marginal farmers but it is being resisted by the vested interests in the countryside. In the industrial sector, the condition of the workers are not very much better than these were thirty years ago. They have, however, organised themselves and become stronger. Their increasing demand for a better share in the national income is also being thawarted in many cases. So long as people register their demands through legitimate means, the police do not come into the picture. Actually, by conceding to these demands of the working people and improving their economic condition, can we bring down the crime figures. I must also make it clear that the marginal increase in the incidence of crime under certain heads from the statistical point of view must not be confused with the tendentious and motivated campaign of calumny in certain quarters about alleged insecurity of life in the State and breakdown of law and order. Linguistic acrimony of a gross form across the border has had no impact on the people of the State. Life in the State has not been marked by any form of organised violence against the Harijans or other weaker sections of the community. The recently-held Parliamentary Polls have established how smoothly and peacefully otherwise tension-charged and heat-generating an event like General Elections, could be conducted in the State. That speaks of the political maturity of the people and their abiding faith in upholding democratic forms.

Our Government is aware of the constraints affecting the performance and living of the ordinary policemen. They have hitherto been used for nefarious purposes by the political bosses. None, however, cared to go deep into their grievances. The upshot was a spate of unrest amongst the policemen all over the country. In this State, however, we have been able to successfully contain the situation. We had already taken certain steps in this direction. We recognised the right of association on the part of the policemen. We have set up Joint Consultative Committees at different levels including one at the State-level presided over by me where representatives of the different Police Associations meet and bring up for discussion problems affecting the service condition, etc., of the policemen and their grievances. These three-tier Consultative Committees have been a new feature in the internal management of police affairs and are likely to lead to quick rederessal of grievances and better maintenance of discipline. Policemen up to the

rank of Inspector, who are normally deprived of Sundays and other gazetted holidays have been sanctioned the grant of pay and dearness allowance for not more than fifteen days in a year to compensate their loss of holidays. The system of keeping uniformed orderlies has been abolished. Recruitment to police forces has been confined to recommendations from the Employment Exchanges. As in the case of other categories of Government employees, we are awaiting the recommendations of the Pay Commission to see what further monetary or other benefits can be given to our policemen.

Government is also aware of the need for improvement of medical facilites to the policemen and providing better residential accommodation for them. Proposal such as construction of a base hospital for policemen are under consideration. In order to solve the problem of residential accommodation of the policemen and for construction of administrative buildings an amount of Rs. 6,56,31,000 has been included in the budget of the Public Works Department. Flow of fund Government of India for construction of accommodation for non-gazetted police staff as per recommendation of the Seventh Finance Commission has been slow so far. We hope this flow will be stepped up in the current year. Arrangements have been make for supply of more vehicles and equipment to the police force. Whenever considered necessary, for adding to efficiency of administration, new Police Stations or Out-posts are being set up.

As we had indicated last year, a Committee has been set up for revision of the different Police Regulations and Manuals. The principal object of the Committee will be to recommend steps for modification of the outmoded working procedure of the olden days. In order to enlist greater co-operation of the people for prevention of crime, the village resistance groups are being revitalised with the assistance of the Panchayats.

The Government is keen on combating corruption at all levels of the police forces. During the last year, departmental proceedings were started against 626 police officers and men. On the basis of the findings of the enquiry, 16 plicemen were dismissed or removed from service ; 14 policemen were reduced in rank or their pay reduced and 98 policemen received other kinds of punishment.

On the recommendation of the State Government, 28 officers and men of the police received Police Medal for gallantry/meritorious services. I am proud of the policemen who have covered them with distinction by exemplary service and by the display of their bravery.

Dark clouds have been gathering once more in the political sky. Things have started getting unsettled. The omens for the future are far from happy. The survival of the federal structure of the country is threatened. Such a situation breeds restiveness and is ideal for political manipulators and their henchmen to thrive. It is of utmost importance that democratice forces rally round and exercise vigilance to prevent disharmony and disorder being engineered. Members of the police forces, irrespective of ranks, should also be alive to the situation and should give their best to ensure that peace and harmony are not disturbed under any circumstances. We are aware that machinations are afoot by designing political elements. They are set upon reviving their old links. They have mounted a campaign of calumny and constant hostility to make the police ineffecive. I would urge upon all levels of policemen to be aware of the sinister game and not to fall a prey to this.

I would request the Hon'ble Members to place before this House their considered and constructive opinion and suggestions for betterment of the police organisation and its functioning.

With these words, I place before the Hon'ble Members my motion for sanction of the budget grant for my Department.

**Mr. Speaker** : All the cut motions are in order.

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1

**Shri Balailal Das Mahapatra** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

| | |
|---|---|
| **Shri Rajani Kanta Doloi** : | -do- |
| **Shri A.K.M. Hassan Uzzaman** : | -do- |
| **Shri Renupada Halder** : | -do- |
| **Shri Prabodh Purkait** : | -do- |
| **Shri Birendra Kumar Maitra** : | -do- |

**ডাঃ জয়নাল আবেদিন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যালিয়েন্ট ফিচারসগুলি যদি মাননীয় পুলিশমন্ত্রী বলেন তাহলে ভাল হয়। আগে তো এই রকম প্রসিডিওর ছিল না। মন্ত্রী মহাশয় বাজেট মুভ করে বিবৃতি দেবেন, ভাষণ দেবেন, তারপর বক্তব্য রাখা হয়। এবারে নতুন নিয়ম দেখছি। দু বছর আগেও এই নিয়ম ছিল।

**মিঃ স্পিকার** : আগেও প্রত্যেক মিনিস্টারের স্টেটমেন্ট ছিল না।

**ডাঃ জয়নাল আবেদিন** : স্যার, এটা চিরকালই ছিল। স্যালিয়েন্ট ফিচারসগুলি মন্ত্রী মহাশয়কে বলতে বলুন। আপনি তো স্যার, নতুন ব্যবস্থা চালু করলেন।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি প্র্যাকটিস ফলো করা হচ্ছে সেটাই ফলো করা হোক।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** স্যার, আমার একটা আবেদন আছে। আমি বলছি কি যে ওনার বক্তৃতার কপি আমরা পেয়েছি। কিন্তু এতে আমাদের অনেক সময় অসুবিধায় পড়তে হচ্ছে। তাই আমি অনুরোধ করছি উনি সবটা না পড়ে যদি সেলিয়েন্ট ফিচারসগুলি বলে দেন তাহলে আমাদের খুব সুবিধা হয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলীঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ যদিও মুখ্যমন্ত্রীর ভাষণ খুব বড় নয় পাঁচ পাতা মাত্র। সবটাই উনি নাই পড়ুন অন্তত ইমপর্টেন্ট পয়েন্টগুলি বলে যদি দেন তাহলে আমাদের আলোচনা করার সুবিধা হয়। এতে দেখতে পাচ্ছি আমাদের প্রিভিলেজ খর্ব করা হচ্ছে। এবং দেখতে পাচ্ছি সব মন্ত্রীই প্রারম্ভিক ভাষণ দিচ্ছেন। এই হাউসে প্রিন্সিপ্যাল অ্যান্ড প্রসিডিওর কিছুই নাই।

**মিঃ স্পিকারঃ** গোড়া থেকে আপত্তি করা উচিত ছিল। এখন সেটা প্রচলিত হয়ে গেছে তার উপর আর কিছু করার নাই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় দিস ইজ পুলিশ বাজেট। এই রকম একটা ইমপর্টেন্ট বাজেট এখানে মন্ত্রী মহাশয় ভাষণ দেবেন না এক খানা বই দিয়ে দিলেন এ কখনও হয় নি এবং এইটাই আমার প্রিভিলেজ যেটা ওনারা ভঙ্গ করেছেন।

**শ্রী দীনেশ মজুমদারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় বিজনেস অ্যাডভাইসারি কমিটিতে কংগ্রেসের প্রতিনিধি আছেন, আবার জনতা দলেরও প্রতিনিধি আছেন এবং এই কমিটিতে এ সম্বন্ধে আলোচনা হয়ে গেছে। আমাদের অভিজ্ঞতা আছে যদি মন্ত্রী মহাশয় প্রারম্ভিক ভাষণ দেন তাহলে অনেক টাইম এক্সটেন্ড করতে হয়। এবং সময় বাঁচাবার জন্য এবং আলোচনাটা বেশিক্ষণ হোক এটাই আমরা চাই।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** এটা নিয়ম নয়।

**শ্রী দীনেশ মজুমদারঃ** আমরা জানি নিয়ম বলে কিছু নাই। আগে বাজেটের বই ছাপিয়ে দেওয়া হোত না। আমরা এই বই সদস্যদের এক ঘণ্টা আগে দিয়ে দিচ্ছি যেটা ওনারা পড়ে নিতে পারেন এবং সঠিকভাবে বক্তৃতাও দিতে পারবেন আলোচনা করতে পারবেন। আমি মনে করি এর পরিবর্তনের কোন প্রয়োজন নাই। এটা সুষ্ঠু পদ্ধতি এবং আমরা সময়ের মধ্যে শেষ করতে পারছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলীঃ** আগে হাউসে প্লেস হোল না। আমরা স্পিকারের কাছ থেকে নিয়ে নেব। এ কখনই হতে পারে না। unless and until this is placed before the House. হাউসে যেটা প্লেসই হোল না আমরা সেটা কি করে ধরে নেব। এতে আমাদের প্রিভিলেজ কার্টেল করা হচ্ছে।

**মিঃ স্পিকারঃ** আমরা দেখছি এই সেশনে কোন মন্ত্রীই তাঁর ভাষণ পাঠ করছেন না। I categorically deny every word of you. There is a limit to every thing. This mater was discussed in the Business Advisory Commettee.

(গোলমাল)

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** এটা আলোচনা করে ঠিক হয়েছিল যে মন্ত্রীরা যদি প্রথম এক ঘণ্টা এবং শেষ এক ঘণ্টা নিয়ে নেন তাহলে আপনাদের সময় থাকবে না। সে জন্য ঠিক হয়েছিল সকলের সঙ্গে আলোচনা করে যাতে অন্যান্য সদস্যরা সুযোগ পান। এই কয়দিন এইভাবেই চলে এসেছে, কেউ বাধা দেননি, সকলে মেনে নিয়েছেন এবং সেই প্রসিডিউরে চলছে। কাজেই এটা এইভাবেই চলতে দিন।

**শ্রী আব্দুস সাত্তার :** এর আগেও এই ধরনের বাজেট উত্থাপিত হয়েছে। মন্ত্রীরা সব সময়ে বলেছেন, এটা নতুন জিনিস নয়। আপনারা পড়লে আমরা বুঝতে পারি। আপনি হঠাৎ ছেড়ে দিলেন, এর অর্থ কি আমরা বুঝতে পারিনা এটা না হবার কারণ কি আছে?

**শ্রী অমলেন্দ্র রায় :** সব মন্ত্রীর বাজেটই ইম্পর্টেন্ট এবং প্রত্যেকটি বাজেটই সেই প্র্যাকটিসে হবে।

**মিঃ স্পিকার :** এই যদি হয় তাহলে আমাকে যে পদ্ধতিতে যেতে হাউস অ্যালাউ করে সেই পদ্ধতিতে যেতে হবে। Demands for grants are not generally moved in the House by the Ministers concerned. The demands are assumed to have been moved and are proposed from the Chair to save time of the House. If you insist that I will save time of the House, I will move it from the Chair...this is the limit....you have discussed it day before yesterday. আমরা বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে করেছি, যখন বাজেট প্রেজেনটেশন হয়েছে, আপনারা দেখবেন যেদিন ফিনান্স মিনিস্টার, তার বাজেট স্টেটমেন্ট দিয়েছেন, He has covered all the points. It is presumed to have been moved and the particular Minister need not come out. It is the rule. The Minister need not come with the statement or even proposal of the grant. This rule is granted by the parliamentary practice. But we try to accommodate as far as possible to save time. তাতে মিনিস্টাররা জবাবি ভাষণটা একটু দীর্ঘ দিতে পারেন, সেই ব্যবস্থার জন্য এটা করা হয়েছে এবং এতে ১৫/২০ মিনিট সেভ করা হচ্ছে। সেই জায়গায় আপনারা যদি ইনসিস্ট করেন যে না এটা করা যাবেনা তাহলে আমাকে সেই ভাবে যেতে হবে।

**শ্রী অমলেন্দ্র রায় :** আজকে হঠাৎ এই পদ্ধতিতে যাবার প্রস্তাব তাদের তরফ থেকে আসছে। অথচ অন্যান্য মন্ত্রীরা এইভাবেই তাদের বাজেট মুভ করে গেছেন। শুধু সময় নষ্ট করা ছাড়া এর কোন যৌক্তিকতা নেই। কাজেই যে পদ্ধতিতে হয়ে আসছে সেইভাবে পরিচালনা করার জন্য আপনার কাছে অনুরোধ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আইনের দিকে গেলেন। মন্ত্রীরা প্রারম্ভিক ভাষণ দেবেন, এটাই প্রচলিত নিয়ম। আপনি চেয়ার থেকে নিয়মের কথা বলছেন। আজকে এটা যদি না করা হয় তাহলে ইট ইজ এগেনষ্ট পার্লামেন্টারি কনভেনশন হয়ে যাবে।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ক্ষেত্রে পার্লামেন্টারি প্র্যাকটিস ইন টোটো ফলো করা হয়েছে।

**মিঃ স্পিকারঃ** *I now call upon Shri Binoy Banerjee to speak.*

**শ্রী সুনীতি চট্টরাজঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রুল ২০৭(২) দেখুন। তাতে আছে each demand shall contain first a statement of the total grant proposed and then a statement of the detailed estimate under each grant দ্যাট ইজ দি প্রসিডিওর। আপনি রুলসের কথা বলছেন বাট দি প্রসিডিওর ইজ ডিফারেন্ট।

[2-50—3-00 P. M.]

**শ্রী বিনয় ব্যানার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেটটি পড়বার আমার সৌভাগ্য হয়েছে, সমস্ত বাজেটই আমি পড়েছি। কিন্তু এর মধ্যে নতুন কিছু দেখিনি। শুধু দেখেছি ৫ কোটির কিছু বেশি টাকা ধার্য করা হয়েছে, কিন্তু তা মর্ডানাইজেশন বা নতুন কাজের জন্য নয়, পুলিশের মাইনে বেড়েছে, তাই তার জন্য ব্যয় হচ্ছে। আমি এই পুলিশ বাজেটের উপর আমার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলব এবং সেই সঙ্গে নীতিগতভাবে দু' একটি কথা বলব। সেই সব কথা বলবার আগে আমি গত ২/৪ দিনের মধ্যের খবরের কাগজগুলিতে যেসব ঘটনা প্রকাশিত হয়েছে সেসব ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখছি যে, প্রত্যেক ঘটনার ক্ষেত্রেই এক একটা পশ্চিমবঙ্গ রেকর্ড সৃষ্টি করেছে। যেমন ধরুন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন, "কাকে কি বলব,—তিনি মুখ্যমন্ত্রী এবং পুলিশ মন্ত্রী—তিনি হয়তো বলবেন, আজকে পুলিশ বাজেট, পুলিশ বাজেটে এসব কথা আসছে কেন? আমি কয়েক দিন আগে আমাদের পৌরমন্ত্রী মহাশয়ের আমন্ত্রণে তাঁর ঘরে গিয়েছিলাম, তখন বেলা তিনটে সাড়ে তিনটে হবে, তিনি তখন লালবাজারে পুলিশ কমিশনারকে টেলিফোন করলেন। কমিশনারকে টেলিফোন না পেয়ে, তিনি জয়েন্ট কমিশনারকে টেলিফোন করলেন। তাঁকেও না পেয়ে তিনি ডি.সি. হেড্-কোয়াটারস-কে টেলিফোন করলেন এবং আরো বহু-লোককে টেলিফোন করলেন, কিন্তু সেখানে একজনও উপস্থিত ছিলেন না। লালবাজারে কেউ ছিলেন না। কলকাতায় যদি সেই সময়ে একটা বিপর্যয় ঘটে যেত, তাহলেও তাঁদের খুঁজে পাওয়া যেত না। তখন পৌরমন্ত্রী নিজে হতাশ হয়ে, বিরক্ত হয়ে টেলিফোন ছেড়ে দিলেন। আর একটা জিনিস হচ্ছে ইতিপূর্ব কোনো দিন আমরা শুনিনি যে, বিয়ে বাড়িতে পুলিশ বসিয়ে বিয়ে দিতে হয়েছে। খবরের কাগজে দেখলাম একটা দিন বিয়ের দিনে ১০০টি বিয়ে বাড়িতে পুলিশ বসিয়ে বিয়ে হয়েছে, তা নাহলে দুবৃত্তরা নাকি জিনিসপত্র সব লুঠ করে নিয়ে চলে যাবে। তারপর আর একটা সংবাদে দেখলাম পুলিশ পারমিশন দিয়েছে ডেড বডি নিয়ে যাবার জন্য, হঠাৎ এয়ার পোর্ট পুলিশ তা ছিনতাই করে নিয়ে চলে গেল। এসব অদ্ভুত কয়েকটি নজির আমরা দেখছি। তারপর আর একটা খবরে দেখছি, দিন-দুপুরে দুর্বৃত্তরা বাজারের মধ্যে ঢুকে টাকা পয়সা নিয়ে চলে গেছে। এর পূর্বে আজ পর্যন্ত কলকাতা শহরে সাধারণ টাইমে, পিসফুল টাইমে, নর্মাল টাইমে এরকম ঘটনা ঘটেনি। আজকে যে ঘটনার কথা খবরের কাগজে বেরিয়েছে, সেই ঘটনার কথা না হয় বাদ দিলাম, কিন্তু আরো আশ্চর্যের বিষয় হচ্ছে ট্রাফিক পুলিশের হাত ঘড়ি, এবং অন্যান্য জিনিসপত্র অন্য কয়েকজন পুলিশ

দাঁড়িয়ে থাকা সত্ত্বেও তার সামনে থেকে ছিনতাই করে নিয়ে যাচ্ছে, আবার পরের দিন দেখা যাচ্ছে সেই পুলিশের হাত থেকে জিনিসপত্র ফেরত চলে আসছে। কিন্তু সেবিষয়ে ক'জনকে অ্যারেস্ট করা হয়েছে, কি হয়েছে, সে সম্বন্ধে কোনো খবর নেই। আর একটা খবর দেখলাম ময়না-তদন্তের রিপোর্ট বাক্সবন্দী করে ভারপ্রাপ্ত অফিসার রেখে চলে গেছে অনেকগুলি ৬ মাস তারপর আর তার কোনো হদিশ পাওয়া যায়নি। আর একটা খবর দেখলাম কমিশনার অফ্ পুলিশকে একজন ডেপুটি কমিশনার অফ্ পুলিশ চিঠি লিখছেন 'ভাঁড়' বলে। তিনি শুধু লিখেই ক্ষান্ত হয়েছেন তাই নয়, তা লিখে তার কপি অনেকের কাছে পাঠিয়েছেন, বহু লোকের কাছে কপি গিয়েছে। আবার কালকে স্টেটসম্যান কাগজে দেখলাম, জয়েন্ট কমিশনারও ঐরকম একটা চিঠি দিয়েছেন। তাতে ভাঁড় বলেছেন, কি মহা-ভাঁড় বলেছেন, সেসব কিছু লেখা নেই। তবে তিনিও যে কিছু লিখেছেন সেবিষয়ে কোনো সন্দেহ নেই। কালকের কাগজেই সে সম্বন্ধে বেরিয়েছে। আমি যে তথ্য আপনাদের সামনে রাখব বলেছিলাম সেটা বলবার আগে আমি কয়েকটি কথা বলছি। শিক্ষা বাজেট গেছে, শিক্ষকরা আমাদের দরজায় এসেছিলেন মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে। তিনি অত্যন্ত ভাল ব্যবহার করেছেন। এই মুখ্যমন্ত্রী আমি পুরানো দিনের অ্যাসেম্বলী প্রসিডিংস পড়ছিলাম—তিনি তখনকার উপাধ্যক্ষকে বলেছিলেন দে আর নট প্রেজেন্ট, দেয়ার আর নট ওয়ার্কস, দে অর নট অর্ডিনারি মেন। কিন্তু হঠাৎ কাগজে দেখলাম একজন টিচারকে তাঁকে গণ-আদালতে বিচার করা হয়েছে, তাঁকে নাক-খত দিতে

[3-00—3-10 P. M.]

হয়েছে ২০ বার। অদ্ভুত সব ঘটনা ঘটেছে। এবার আমি আর একটি কথা বলব, এই যে ডেপুটি কমিশনার জয়েন্ট কমিশনারকে মহা-ভাঁড় বললেন বা যা কিছু বলেছেন এটা হঠাৎ একদিনে হয়নি। ঘটনার পরম্পরায় এবং ঘটনার পরিপ্রেক্ষিত, বহুদিনের ঘটনাকে কেন্দ্র করে এই রকম পরিস্থিতির উদ্ভব হয়েছে। এটাকে যদি বিক্ষিপ্ত ঘটনা বলে যদি মনে করেন তাহলে এই সমস্যার সমাধান হবে না। এটা যদি বুঝতে হয় তাহলে আপনাকে আরও কয়েকদিন আগে এগিয়ে আসতে হবে। সত্যযুগ কাগজে ২৭ ফেব্রুয়ারি, ৩রা মার্চ, এবং ৪ঠা মার্চ তারিখে একজন ডেপুটি কমিশনারের বিরুদ্ধে সেই কথা উঠেছিল এবং যাকে খন্ডন করে অন্যান্য বামপন্থী কাগজে লিখেছেন—এই দুটিকে একসঙ্গে আলোচনার ভিতর আনতে হবে। যখন ইস্টার্ন সুর্বাবান পুলিশ ডেপুটি কমিশনার বা অন্য কেউ হোন তাঁরা যখন রেড করেছিলেন—সাট্টা, জুয়ার সমস্ত গ্যাম্বলিং বোর্ড এবং ইললিসিট লিকার যখন ধরেছিলেন—ঠিক তখনই কাগজে সমালোচনা বেরুল—কেন বেরুল কারণ ওখানে গুরুশরণ ব্যানার্জি নামে এক ভদ্রলোক এবং ২ জন মহিলা যারা মুসলিম তারা সমস্ত কমপ্লেন করেছিল। এ ছাড়া আরও একজন লোকের কমপ্লেন হয়েছে তার নাম হচ্ছে মহঃ ইয়াসিন, যার বাড়ির ঠিকানা হচ্ছে ১৬ নং ফুল বাগান এবং ২৮ নং ফুল বাগান। এনার দৈনিক ইনকাম হচ্ছে ৪০ হাজার, ৫০ হাজার এবং ৬০ হাজার টাকা। এই ভদ্রলোক অ্যারেস্ট হন, হি ইজ এ ব্যারন অফ সাট্টা। ডি. ডি. অ্যারেস্ট করেন, তখন ১ লক্ষ কয়েক হাজার টাকা তার ঘর থেকে পাওয়া যায়। ডিস্ট্রিক ডি. সি. রেড করেন এবং তারা টাকা পান কিন্তু তাঁকে অ্যারেস্ট করতে পারেন নি, তার লোকজনেরা অ্যারেস্ট হয়। তিনি দুঃসাহসিক লোক, তিনি সঙ্গে সঙ্গে পুলিশের উপর আক্রমণ করেন, বোমা ছুড়ে মারধর করে আসামিদের ছিনতাই করে নিয়ে চলে যায়।

পরে অবশ্য অ্যারেস্ট করা হয়েছে। কিন্তু আমি বলছি, এটা একটা অস্বাভাবিক ব্যাপার, একজন সাট্টাওলা তিনি পুলিশের ডি. সির কাছ থেকে অ্যারেস্ট করা আসামিদের ছিনতাই করে নিয়ে চলে গেছেন। পুলিশ এখানে বার বার রেড করেছে। যাই হোক, তাঁকে আবার রিভলবারের লাইসেন্স দেওয়া হয়েছে। আমি বলছি, সিকস চেম্বার রিভলবার অফ মহঃ ইয়াসিন ৬৩৫৩২.৩২ ক্যালিবার লাইসেন্স নং ৯৫৫ ইস্যুড অন ১.৮.৭৬ ফ্রম শিবপুর পি.এস. হাওড়া, ভ্যালিড টিল ৩০.৩.৮০ এই লাইসেন্স তাকে দিল? অথচ কলকাতার শিক্ষিত অবস্থাপন্ন সৎ নাগরিকদের জীবন রক্ষার জন্য লাইসেন্সের জন্য আবেদন করলে তা দেওয়া হয়না। তিনি শিবপুর গিয়ে কিভাবে লাইসেন্স নিয়ে এলেন তা বুঝতে পারছি না। এই লাইসেন্স দেওয়ার ব্যাপারে এই সমস্যার সমাধান করতে হলে আপনাকে এটা খুঁজে বার করতে হবে। এই কলকাতা পুলিশের মধ্যে আজকে যে অর্ন্তদ্বন্দ্ব চলছে সে জিনিস ভারতবর্ষের কোথাও আর কোন দিন হয়নি। অর্থাৎ একজন ডি. সি. কমিশনারকে লিখেছেন 'ভাঁড়', এ জিনিস যদি বন্ধ না হয় তাহলে একদিন হয়তো লালবাজারে দেখবেন নিজেদের মধ্যেই গুলিগোলা চলছে। আমার কাছে খবর আছে কমিশনার জাতীয় ও একজন ডি. সি. লিফটে করে নামছেন সেই সময় এর একজন আরেকজনকে বলছেন তুমি এই খবর বাজারে পাচার করেছ, তা না হলে বাজারে কিভাবে এই খবর পায়? এর উত্তরে ডি. সি. বলেছেন তুমি চোর, তাই চোরদের সঙ্গে মেলামেশা কর। ইয়াসিন সম্বন্ধে সি. আই. সেকশন থেকে তার লাইফ হিস্ট্রি নেবেন এবং কিভাবে সে রিভলবার পেল এবং কে তাকে লাইসেন্স দিল তা আপনাকে বার করতে হবে। সত্যযুগ কাগজে এত কথা লিখল যখন তখন এটা একটা সাধারণ ব্যাপার নয়। কলকাতার সমস্ত কাগজই একদল লিখছে এই ডি. সি. ভাল, আর একমাত্র সত্যযুগ লিখছে এই ডি. সি. খারাপ। কিন্তু এই রকম জিনিস আর কোন দিন কলকাতা শহরে হয়নি। আরেকজন কাশেম খাঁন, ৫৭এ, চিত্তরঞ্জন অ্যাভিনিউয়ে সাট্টা চালান, তাঁর পেনসিলারের সংখ্যা ৪০০ এবং তাঁর ডেলি ইনকাম ৩০/৪০ হাজার টাকা, তিনি কলকাতা পুলিশকে প্রতিমাসে দেন ৪০ হাজার টাকা। এবং তার কালেকটার হচ্ছে একজন কনস্টেবল সুকদেব সিং, কলকাতা পুলিশকে না দিয়ে অন্য কাউকে দিয়ে তদন্ত করে দেখুন এই সুকদেব সিং কে, এবং তার অবস্থা কি? এটা জানলেই সমস্ত জিনিস উপলব্ধি করতে পারবেন। কাশিমের বন্ধু বহু মন্ত্রী এম. এল. এ. আছেন যাদের নাম আমি বলব না, মুখ্যমন্ত্রী যদি চান আমি তাঁর কাছে নাম দিয়ে আসব, এমন কি অনেক মন্ত্রীও আছেন, অনেক পলিটিক্যাল পার্টির লিডারও আছেন। ২রা মার্চ, মিলান শরীফের আয়োজন করেন যাতে যেখানে মন্ত্রীরা এম. এল. এরা এবং এখানকার অনেকে গিয়ে আনন্দ উপভোগ করেছিলেন, এ বিষয়ে আমার কাছে রেকর্ড ইত্যাদি আছে, এই ভদ্রলোকের অনেক গুণ, তিনি রাত্রিবেলা রিভলবার নিয়ে বাইজীর বাড়ি গিয়ে বলেন যে তাকে রাস্তায় নাচতে হবে সে তাই করে এবং লোকে তা দেখে হাসতে হাসতে চলে যায়। আসগর বলে রাজাবাজারে একজন সাট্টাওয়ালা আছে, তার ইনকাম ৪০ হাজার টাকার কম নয়। তিনি বাজার, হাট, বাড়ি গাড়ি কিনেছেন এবং তিনি বহু পলিটিক্যাল নেতাকে টাকা দেন। একজন সামান্য এস. আই. য়ের মেয়ের বিয়ে হোল তাঁরই বাড়িতে—বিরাট আয়োজন, লোকে লোকারণ্য এবং ডি. সি. থেকে আরম্ভ করে অনেক বড় বড় লোক সেখানে নিমন্ত্রণ রক্ষা করতে গিয়েছিলেন। যাইহোক আপনার বাজেটের মধ্যে সমস্ত কিছুই আছে, কিন্তু এক বছরে কত খুন, রাহাজানি, ডাকাতি, ছিনতাই,

পিকপকেট মোটর থেপট হয় সে বিষয়ে কিছু নেই। এটা একটা রেকর্ড, যেটা কলকাতা পুলিশে আজ পর্যন্ত হয় নি। পুলিশ বিভাগে থানাওয়ালাদের একটা রুটিন ওয়ার্ক আছে, এর মধ্যে একটা হচ্ছে হল্লা বিভাগ। সেটা হচ্ছে হকারদের ধরে আনতে হবে। এরও একটা স্ট্যাটিসটিকস আছে ৪০ জনকে ধরে আনলে ও সি বলেন ৬০ জন হবার কথা সুতরাং এটা তুমি পূরণ করে নিয়ে এস। অথচ পশ্চিমবাংলার বাইরে মাদ্রাজ ইত্যাদি জায়গা থেকে যারা লেপ্রসিতে ভুগছে তারা এখানে বেগার হয়ে কলকাতার রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, ট্রামে বাসে চাপছে স্কুলের সামনে গিয়ে হাজির হচ্ছে এবং লোকের গায়ে হাত দিচ্ছে পুলিশের কিন্তু এ দিকে কোন দৃষ্টি নেই। কারণ তারা কোটা পুরণ করবার জন্যই ব্যস্ত। আরেকটা অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যারেস্ট সম্বন্ধে বলব। জীবনে কেউ হয়তো কোন দিন অন্যায় করেছিল কিন্তু তারা হয়তো আজকে দোকান করে হকারি করে নিজেকে প্রতিষ্ঠিত করবার চেষ্টা করছে কিন্তু সেখানে তাদের সেই সৎ প্রচেষ্টায় পুলিশ বাধা দিচ্ছে নানাভাবে। এর পর ইমমরাল ট্রাফিক অ্যাক্ট সম্বন্ধে কিছু বলব। কলকাতায় এই অ্যাক্ট অনুযায়ী নিয়ম হচ্ছে যে কারো বাড়িতে বড় অফিসার ছাড়া কেউ ঢুকবে না, কিন্তু দেখছি যে সেখানে বোতল কোয়ার্টারে কনস্টেবল থেকে আরম্ভ করে যে কেউ তাদের বাড়িতে গিয়ে হাজির হচ্ছে। আমার এলাকায় ৭ হাজার বোতল ডুয়েলার্স আছে, তারা বলে এই পুলিশ কোথা থেকে আসে তা আমরা জানিনা, একজন ডি. সি. ইমমরাল ট্রাফিক অ্যাক্ট অনুযায়ী অস্ট্রেলিয়ায় ২৭ লক্ষ টাকা পাঠিয়েছিলেন—এটা নিশ্চয় মুখ্যমন্ত্রী জানেন।

[3-10—3-20 P. M.]

এই রকম যে পজিশনের লোক তা কে জানে না তারা গিয়ে যাকে তাকে ধরে নিয়ে আসে। আর একটা হচ্ছে হকারদের সম্বন্ধে আপনাদের যদি পলিসি থাকে যে আপনারা হকারদের বসতে দেবেন না তাহলে শুধু শুধু গরিব লোকদের টেনে হিঁচড়ে থানায় নিয়ে এসে ২ টাকা বন্দোবস্ত করে ৫ টাকায় এদের বেল দেবার কি প্রয়োজন আছে? এই বেল দেবার লোক আছে, তারা হচ্ছে থানার কাছে যেসব লোক আছে চায়ের দোকান করে বিড়ির দোকান করে, তাদের দোকান বন্ধ হয় না, ২৪ ঘণ্টা দোকান খোলা, তারা হচ্ছে জামিনদার। আর ২/৪ জন জামিনদার আছে যাদের থানার সঙ্গে লেন-দেন আছে। একটা লোক যে ধরা পড়ল তার অন্তত ৫০ টাকা খরচ হল, কিন্তু সমস্ত দিনে তার রোজগার হল হয়তো ১৫ টাকা। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তাদের তুলতে হয় তুলুন, রাখতে হয় রাখুন, কিন্তু এই যে হল্লা গাড়ি ধরে নিয়ে আসে তার মধ্যে হকারদের সঙ্গে নন-হকারও ধরে নিয়ে আসে, বোতল কোয়াটারের পাশ দিয়ে যাচ্ছে এমন লোককেও তারা ধরে নিয়ে আসে, এই যে অব্যবস্থা চলছে এই দিকে নজর দিতে বলছি। আমি একটা জিনিস লক্ষ্য করলাম মুখ্যমন্ত্রী মহাশয় শর্মা সরকার কমিশন করেছেন, বলেছেন পুলিশ উইল নট ডিফাই অর্ডার্স, নো রাইট টু ডিফাই অর্ডার্স, কিন্তু একটা মুশকিল হচ্ছে এরা কি রকম কি অর্ডার দেবেন সেটা অস্বাভাবিক ব্যাপার, মেনে চললেও বিপদ, না মেনে চললেও বিপদ। কোন সময়ে লিখিত অর্ডার দেন না, দেন মৌখিক অর্ডার। সেই মৌখিক অর্ডারের উপর কাজ করতে গিয়ে অনেক অফিসারকে হয়রানি হতে হয়েছে, এমন কি নিজের গাড়ির পেট্রোল খরচ করে কোর্টে মামলা পরিচালনা করতে হয়েছে। এতেও কষ্টের রেহাই নেই। পাশ্চাত্য দেশে লিখিত অর্ডার না

*দিলেও যখন টেলিফোন করলেন, কমিউনিকেট করলেন তখন সঙ্গে সঙ্গে টেপ রেকর্ড হয়ে* যায়। প্রতি বছর দেখি মডারনাইজেশন অব পুলিশ খাতে খরচ হয় না, খরচ করবার প্রয়োজন হয় না। এবারে দেখে আশান্বিত হলাম যে আই জি বলেছেন মাইক্রো-ওয়েভ সিস্টেম চালু করবেন। কিন্তু অন্যান্য দেশে, আপনি ইংলন্ডে ছিলেন, বহু দেশ ঘুরেছেন, আপনি দেখেছেন কি রকম নেট ওয়ার্ক অব সিস্টেম, সুদুর গ্রামে যেখানে আউট-পোস্ট আছে সর্বত্র সেখানে কমিউনিকেশনের সুবিধা আছে এবং আপনার বক্তব্য পৌছে যায় সঙ্গে সঙ্গে কোথায় কোন জায়গায় ভ্যানেস্টেশন হচ্ছে, পুলিশ কোথায় মুভ করছে সমস্ত খবর আপনি জায়গায় বসে এক মিনিটের ভেতর পেয়ে যাবেন। আমাদের বাজেটে মডারনাইজেশনের কথা না লিখে, টাকা না রেখে এটা ফিরিয়ে দেন। সত্য সত্যই যদি এই ব্যবস্থা করেন তাহলে সংকট অনেকটা কেটে যাবে। এখানে যে খুন, জখম, মারামারি হচ্ছে এর হিসাবটা টিল ডেট আপনাকে দিলে আপনি বুঝতে পারবেন যে কি অবস্থা হচ্ছে। এবারকার শুধু কলিকাতাতেই গত এক বছরে হয়েছে মার্ডার ৯৩, ডাকাতি হয়েছে ৩৬, রবারি হয়েছে ১০৬, বার্গলারি হয়েছে ৬২০, পিকপকেট হয়েছে ৩৯১, মটর থেফ্‌টস হয়েছে ৫৬৯ এবং স্ন্যাচিং ৯০। এছাড়া এর চেয়ে বেশি কেস ডায়েরি সব কেস থানায় ডায়েরি হয় না। এইসব যে অবস্থা এটা ডিটেক্ট করতে গেলে যদি মডারনাইজ না করেন, সমস্ত পুলিশ অর্গানিজেশনকে যদি সম্পূর্ণভাবে নতুন করে ঢেলে না সাজান তাহলে আগামী দিনে যে কি ভয়াবহ অবস্থা হবে আমি তা কল্পনা করতে পারছি না। আপনি তো বললেন যে উপরে যাঁরা আছেন তাঁরা যেভাবে পুলিশকে আজ্ঞা করবেন তাদের সেইভাবে করতে হবে। কিন্তু বর্তমানে আমাদের যে সিস্টেম রয়েছে তাতে আমার বক্তব্য হচ্ছে যে পর্যন্ত না এটা মর্ডানাইজ্‌ড হচ্ছে তাতে আপনি অন্য এমন কিছু বলুন যাতে করে সেই বেচারা হুকুম তামিল করলে বিপদে না পড়ে। আরেকটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হচ্ছে আজকাল দেখছি মৃত্যু নিয়ে থানা ঘেরাও, পুলিশের উপর আক্রমণ ইত্যাদি সব হচ্ছে। এটা ১০/১৫ দিন ধরেই দেখছি যে বিভিন্ন থানার উপরে পুলিশের উপরে আক্রমণ হচ্ছে। অবশ্য অনেক জায়গার খবর আমরা জানিনা। এই যে আক্রমণ হচ্ছে এটা কোন বিক্ষিপ্ত ঘটনা নয়, মানুষ অতিষ্ঠ হয়ে অথবা হয়তো উত্তেজনা বশে এরকম ঘটনা ঘটাচ্ছে। আপনারা হয়তো বলবেন এটা সি. আই. এর অথবা অন্যদিন কে. জি. বি.র কান্ড কারখানা। কিন্তু আমি বলব পুলিশের উপর মানুষ শ্রদ্ধা হারিয়েছে। আজকে এমন অবস্থা হয়েছে মানুষ কোন কেসে সাক্ষী দিতে ভয় পায়। শুধু তাই নয় আমি হয়তো রাস্তা দিয়ে যাচ্ছি আমার পিকপকেট হয়ে গেল অথবা কেউ পেননাইফ অথবা রেজার দিয়েই আমার গলাটা কেটে ফেলল এবং তারপরে হয়তো আমি অচৈতন্য হয়ে রাস্তায় পড়ে গেলাম। কিন্তু অবস্থা এমন হয়েছে এরকম দেখলেও কেউ এগিয়ে আসে না। এই যে সেদিন বাড়ি যাওয়ার সময় দেখলাম রাস্তায় একজনার গলাকাটা। আমি পুলিশকে বললাম ব্যাপার কি? পুলিশ বলল ওটা হয়তো কোন গুন্ডা তাই ওকে খুন করেছে। এতে আপনার কি? আমার বক্তব্য হচ্ছে এই যে জনসাধারণের সামনে পুলিশ নির্বিচারে দিনের পরদিন অন্যায় করে চলেছে তার কি প্রতিকার হবেনা? এদের সেলটার হচ্ছে গুন্ডা বা পলিটিক্যাল পার্টির লোক। পুলিশ তাদের কাছে গিয়ে সেলটার নেয় আর এদিকে দেখছি সাধারণ মানুষের মৃত্যু হচ্ছে। অবস্থা যা দাঁড়িয়েছে তাতে দেখছি পশ্চিমবাংলার মানুষ এবং কলকাতাবাসীরা আজকে ভিত সন্ত্রস্ত। আমি আপনাকে বলছি আপনি আপনার কাজের মাধ্যমে

দেখিয়ে দিন মানুষ যেন স্বাধীনভাবে পথ চলেতে পারে, অফিসে, আদালতে যেতে পারে, তাদের দৈনন্দিন কাজ কর্ম করতে পারে।

**শ্রী অশোককুমার বোস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি ভেবেছিলাম নির্বাচনের শিক্ষালাভের পর বিনয়বাবুরা অন্তত ঢাকের বাঁয়ার ভূমিকা বিসর্জন দেবেন, কিন্তু দেখলাম কাকস্য পরিবেদনা। বিনয় বাবু পুলিশের সমালোচনা করেছেন, কিন্তু মনে রাখতে হবে সরকার বদল হলেই বা মন্ত্রী বদল হলেই সব কিছু ভোজবাজির মত বদল হয় না। বামফ্রন্ট সরকাকে একটা সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হচ্ছে। আমাদের এই পুলিশ দীর্ঘদিন ধরে একটা ঔপনিবেশিক শাসন ব্যবস্থার মধ্যে কাজ করেছে। "দি ইন্ডিয়ান পুলিশ" সংক্রান্ত ব্যাপারে লোকনায়ক জয়প্রকাশ নারায়ণ বলেছেন, The police in Indian have continued to remain hamstrung to the procedures and norms of erstwhile colonial administration. মান্ধাতার আমলের সেই বিধি ব্যবস্থা এখন পর্যন্ত বহুলাংশে বলবৎ রয়েছে। বিগত ৩০ বছর ধরে পুলিশকে ব্যবহার করা হয়েছে গণতান্ত্রিক আন্দোলন দমন করার জন্য, গণতন্ত্রকে দমন করার জন্য মুষ্টিমেয় মানুষের স্বার্থে। দীর্ঘদিন ধরে পুলিশের যে মানসিকতা তৈরি হয়েছিল তাকেই বদল করা খুব সহজ সাধ্য কাজ নয়। তবুও আমরা চেষ্টা করছি এবং কোথাও কোথাও সফলও হয়েছি, এবং কোথাও কোথাও সফল হচ্ছি না। পুলিশকে গণমুখী করার কাজে কিছু কিছু ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা সফল হয়েছে এবং তার প্রমাণ হল এই রাজ্যে বন্যাত্রাণ এবং খরার কাজে পুলিশের প্রশংসনীয় ভূমিকা।

[3-20—3-30 P. M.]

আবার অন্য দিকে পুলিশকে নিরপেক্ষতা অবলম্বন করবার জন্য বলা হয়েছে। পুলিশ নিরপেক্ষতার অদ্ভুত অর্থ করছে, তার মানে তারা মনে করেন দুইজন সমাজবিরোধীকে গ্রেপ্তার করলে তার সাথে সাথে আমাদেরও দুইজনকে গ্রেপ্তার করতে হবে। আমি বলি এটা নিরপেক্ষতা নয়। এটা পক্ষপাতিত্ব। পুলিশ মন্ত্রী মাননীয় জ্যোতি বসু মহাশয় এখানে উপস্থিত আছেন, আমি তাঁর কাছে আবেদন জানাব যে এ বিষয়ে দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে। পুলিশের মধ্যে অনেকে আছেন, বিনয়বাবু বলছিলেন যে পুলিশের একাংশের মধ্যে কিছু কিছু দুর্নীতি আছে, উনি প্রায় কলম্বাসের মতো এটা আবিষ্কার করেছেন—হ্যাঁ, দুর্নীতি আছে, থাকতে পারে কারণ পুলিশের মধ্যে এখনও একাংশ আছে যারা ঐ পুরানো ধ্যান ধারণা বর্জন করতে পারছেন না, যারা পুরানো সংযোগ বিচ্ছিন্ন করতে পারছেন না। আবার পুলিশের মধ্যে অনেকে আছেন যাঁরা বামফ্রন্ট সরকারের যে প্রগতিশীল উদ্দেশ্য সেই উদ্দেশ্যকে আন্তরিকভাবে সফল করতে চান। আবার কেউ কেউ আছেন যাঁরা দিল্লির দিকে তাকিয়ে থাকেন, দিল্লিতে যেমন যেমন পরিবর্তন হয় তাঁদের ভূমিকারও তেমন তেমন পরিবর্তন হয়। এছাড়া ইদানিং রাজ্যের আইন শৃংখলার ক্ষেত্রেও কেন্দ্রের হস্তপেক্ষ শুরু হয়েছে। রিসার্চ অ্যান্ড অ্যানালিটিক্যাল উইং এর আবার জীইয়ে তোলা হচ্ছে। সেন্ট্রাল ইনটেলিজেনস্‌কে আবার সক্রিয় করে তোলা হচ্ছে। এই রাজ্যের আইন-শৃংখলা সম্পর্কে কেন্দ্রে অনেক কাল্পনিক অতিরঞ্জিত রিপোর্ট যাচ্ছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই যে তিনি কি অনুগ্রহ করে জানাবেন যে এই সমস্ত রিপোর্ট রাজ্যপালের নিকট পাঠানো হচ্ছে কি না, এই সমস্ত রিপোর্ট তাঁর কাছে পাঠানো হচ্ছে কিনা? বিনয়বাবু এই রাজ্যে আইন-শৃংখলার প্রশ্ন তুলেছেন। তিনি বলেছেন এই রাজ্যে

ছিনতাই বেড়েছে, আমি বিনয়বাবুর অবগতির জন্য ভারতবর্ষের কয়েকটি বড় বড় শহরে যে অপরাধ সংগঠিত হয় তার একটি পরিসংখ্যান উপস্থিত করছি। আমি কয়েকটি মাত্র উল্লেখ করছি। দিল্লিতে ১৯৭৭ সালে অপরাধ সংগঠিত হয়েছে ৩৫ লক্ষ ৮৫৫ হাজার, ৭৮ সালে ৪০ লক্ষ ৪৮ হাজার, আর বোম্বাইতে ১৯৭৭ সালে হয়েছে ৩৬,৩৬,০০০। আর ১৯৭৮ সালে হয়েছে ৩৬,০৮,৬৬০। কলকাতায় হয়েছে সেই তুলনায় ১৯৭৭ সালে ১২ লক্ষ ৫৭ হাজার। ১৯৭৮ সালে ১৩ লক্ষ ৩৯ হাজার। আর সিঁধেল চুরি—দিল্লিতে ২,৬৮৪, বোম্বাইতে ২,৩২৫, আর কলকাতায় ৭১০। আমি বলতে চাই দিল্লি, বোম্বে এবং কলকাতা এখানে যে লোকসংখ্যা সেই লোকসংখ্যা তুলনামূলকভাবে কলকাতায় অনেক বেশি। আনন্দবাজার পত্রিকায় ৬ই নভেম্বর, ১৯৭৯ সালে এই পরিসংখ্যান উপস্থিত করা হয়েছিল। এই কংগ্রেস সদস্যরা যারা প্রতিদিন আইন-শৃংখলা বলে জিগির তোলেন, ওদের সময় ওদের রাজত্বে আইন-শৃংখলার অবস্থা কি চমৎকার ছিল-সেটা ওদের জবানিতে শুনুন। লক্ষীকান্ত বসু মহাশয় ১৯৭৪ সালে ২১শে মার্চ এই বিধানসভায় বক্তৃতা দিচ্ছেন—বলছেন "স্যার, কলকাতা পৌরসভায় আমার মনোনীত রিপ্রেজেনটেটিভ, সুরেন্দ্র নেগী যখন মোটর বাইকে ফিরছিলেন সেই সময় একদল যুবক দেবা দত্ত ও তাপস সরকার এরা এই ছেলেদুটোকে গড়িয়াহাট মোড়ে আটক করে সেখান থেকে নিকটবর্তী পশ্চিমবঙ্গ সরকারের পৌরমন্ত্রী শ্রী সুব্রত মুখার্জির বাড়িতে নিয়ে গিয়ে সেখানে সুব্রত মুখার্জি নিজে হাতে ঐ ছেলে দুটিকে অমানুষিক প্রহার করে। সেখানেও শেষ হয়নি। "তারপর কমিশনার অফ পুলিশের সঙ্গে ষড়যন্ত্র করে সেই ছেলে দুটিকে পুলিশের হাতে তুলে দেয়।" তিনি স্পিকার সাহেবের কাছে আবেদন জানাচ্ছেন, "পৌরমন্ত্রীকে এখনই আসামির কাঠগড়ায় দাঁড় করিয়ে মামলা রুজু করুন।" এখন অবশ্য লক্ষীবাবু এবং সুব্রতবাবু হরিহর আত্মা। লক্ষীবাবুরও দেহী পদপল্লব মুদারম ছাড়া গতি নেই। শুধু লক্ষীবাবুর বক্তৃতা নয়, বিধানসভার আর একজন সদস্যের বক্তৃতা। তিনি শ্রী রবীন ঘোষ ২৪.২.৭৪ তারিখে তিনি বলছেন, "মাননীয় স্পিকার মহাশয়, হাওড়া শহরের লিলুয়াতে রথতলা ময়দানে একটি শ্রমিক ইউনিয়নের বাৎসরিক উৎসব পালন করার জন্য যে কাগজ হ্যান্ডবিল পোস্টার ইত্যাদি ছাপানো হয়েছে তাতে আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় শ্রমমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীদের এবং কিছু বিখ্যাত শিল্পীর নাম আছে। এই অনুষ্ঠানটি করার নামে প্রায় এক লক্ষ টাকার টিকিট বিক্রি করা হয়েছে। কিন্তু সেখানে কোনও রকম ফাংশান হয়নি। ফাংশানের নামে জনসাধারণ ও মালিকদের থেকে টাকা তোলা সত্ত্বেও সেই ফাংশান হয়নি। স্যার আমাদের স্বরাষ্ট্র দপ্তরের প্রশাসন যন্ত্র বা ডিসট্রিক্ট এনফোর্সমেন্ট কি রকম দুর্বল দেখুন।" সেদিন শ্রমমন্ত্রীর সম্মতি বিজড়িত দুর্নীতির কথা আপনারা বিস্মৃত হতে পারেন, কিন্তু শ্রীরামপুরের মানুষ বিস্মৃত হননি। শ্রীরামপুরের নির্বাচনের ফলাফলের মধ্য দিয়ে সেই কথা প্রমাণিত হয়েছে। শ্রী তুহিনকুমার সামন্ত, বিধানসভার আর একজন সদস্য, তিনি বক্তৃতা করছেন ২৮.২.৭৪ তারিখে। তিনি বলছেন, "বর্ধমান শহর একটা নরকের আড্ডাখানায় পরিণত হয়েছে। বর্ধমান শহরে জোর করে চাঁদা আদায় করতে দেওয়া হচ্ছে। বর্ধমানে ছিনতাইয়ের পর ছিনতাই চলছে। বর্ধমানের মানুষ নির্বিঘ্নে চলতে পারছে না, তারা বেরুতে পারছে না। আজকে আমাদের জীবন বিপন্ন। নিরাপত্তার অভাবে আজ আমাদের চলতে হয়। আমরা ১৯৬৭ সালে সিকিউরিটি নিয়ে ঘুরিনি, ১৯৬৯ সালে সিকিউরিটি নিয়ে ঘুরি নি। আজ আমাদের সিকিউরিটি নিয়ে ঘুরতে হচ্ছে।" বলুন স্যার, কি সাংঘাতিক অবস্থা। বলে, ভূতের

মুখে রামনাম বেরোয়। শ্রী নারায়ণ ভট্টাচার্য তিনিও আর একজন সদস্য। তিনি বলছেন, ২৮.২.৭৪ তারিখে, " সি, পি, এমের হাতে নয়, কংগ্রেসের হাতে কংগ্রেস খুন হচ্ছে। ক্ষমতায় আসার দু বছরের মধ্যে ১০টি তাজা প্রাণ এই পশ্চিমবাংলায় আমরা হারিয়েছি। এটা আমাদের লজ্জার কথা। ঘৃণার কথা। আমরা জানি মন্ত্রিসভায় বসে আছেন তাদেরই রাজনীতির বলি হচ্ছে এইসব তাজা তাজা প্রাণ।" এরা সেদিন জানতেন না যদুবংশের শ্রেষ্ঠ মুশলই যদুবংশকে ধ্বংস করেছিল। ওঁরা সেদিন ভুলে গিয়েছিলেন যে বোতলের দৈত্যের ছিপি খুললে সে দৈত্য ঘাড়েও চাপতে পারে।

গত ২৩শে নভেম্বর এই কলকাতায় কাবার ঘটনাকে কেন্দ্র করে কংগ্রেস (আই)য়ের সুব্রত মুখার্জির নেতৃত্বে লুঠতরাজ এবং যানবাহনে অগ্নি সংযোগের ঘটনা ঘটে। সেদিন পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার অত্যন্ত দৃঢ়তার সঙ্গে তার মোকাবিলা করেন। সেদিন আনন্দবাজার পত্রিকা এই ভূমিকার প্রশংসা করতে বাধ্য হয়েছিল। আনন্দবাজার পত্রিকা বামফ্রন্টের ভূমিকার প্রশংসা করেছে। সম্পাদকীয়তে আনন্দবাজার বলছে, "পক্ষান্তরে, এই রাজ্যে বামফ্রন্ট প্রশাসন যে-দৃঢ়তার সঙ্গে অবস্থার মোকাবিলা করিয়াছেন, কঠোর হাতে দিয়াছেন টলমন দশার সামাল—মুক্ত কণ্ঠে বলি, সেজন্য অকুণ্ঠ সাধুবাদ তাঁহাদের প্রাপ্য। আসাম সরকার এতদিনেও যাহা পারেন নাই, ইঁহারা তাহা সম্ভব করিয়াছেন এক দিনে।" এই রাজ্যের বামফ্রন্টের দৃঢ়তার প্রমাণ কতখানি—এই কথা আনন্দবাজার বলেছে সেদিন। সুব্রত মুখার্জি ভোটের সস্তা রাজনীতির ভাঁওতায় সাম্প্রদায়িকতাকামী শক্তি, বিচ্ছিন্নতাকামী শক্তিকে সেদিন প্রশ্রয় দিয়েছিলেন।

[3-30—3-40 P. M.]

চাতরায় যে দুঃখজনক ঘটনা ঘটেছে সাম্প্রদায়িক ঘটনা ঘটেছে, নিশ্চয়ই সেটা পশ্চিমবাংলার ঐতিহ্য বিরোধী এবং এই ঘটনা অত্যন্ত দ্রুততার সঙ্গে সামাল দিয়েছিলেন এবং টাইম্‌স অব ইন্ডিয়া, সেপ্টেম্বর ১৯৭৬ বলছে But the CPM left front Govt. showed what a firm and determined State Government can do to put down a communal conflagration. Jamshedpur's misfortune is that is governed by a ministry in Patna to which determination and firmness are totally alien concepts. এই পার্থক্য স্বাভাবিক। কারণ শ্রমিক শ্রেণীর স্বার্থে, গণতান্ত্রিক আন্দোলনের স্বার্থে, গরিব চাষীদের স্বার্থে সাম্প্রদায়িক সম্প্রীতিকে চোখের মণির মত রক্ষা আমরা করি। অন্য দিকে যারা বুর্জোয়া দলভুক্ত, তারা সংকীর্ণ স্বার্থে চাতরাকে প্রাধান্য দেন। এই পার্থক্য আছে। (নয়েজ) কংগ্রেসি (ই) সদস্যরা প্রতিদিন এখান এই সভায় আইন শৃঙ্খলার কথা বলে কুম্ভীরাশ্রু বিসর্জন করেন...... (নয়েজ)...... কিন্তু আসামে কোন ঘটনা ঘটছে? সেখানে তো শ্রীমতী ইন্দিরা গান্ধীর শাসন চলেছে এবং আজকেও আপনারা আসামের উপর দু দুটো প্রস্তাব উত্থাপন করেছিলেন, আসলে আপনারা মুখে এক কথা বলেন, কাজ করেন অন্য রকম এবং এই ভন্ডামি আবহমান কাল ধরে চালিয়ে যাচ্ছেন। আসামে আজকে ইন্দিরা গান্ধীর শাসন চলছে, জিজ্ঞাসা করি, আসামের চেয়ে আর কোন্‌ রাজ্যে আইন শৃঙ্খলা খারাপ অবস্থায় আছে? (শ্রীসুনীতি চট্টরাজ ঃ কেন, পশ্চিমবাংলায়) আসামের আইন শৃঙ্খলার অবনতি ঘটেছে, আর এখানে কলকাতায় আপনারা আসাম ট্রিবিউন অফিসে ভাঙ্গচুর করেছেন, জনসাধারণকে আক্রান্ত করেছেন, স্কুটার পুড়িয়ে দিয়েছেন, আর উত্তরবঙ্গে রেলওয়ে যানবাহন

ব্যবস্থা ভন্ডুল করে দেবার চেষ্টায় আছেন। আমি বলি ওখানে আসামে তো আপনাদের দল রাজত্ব করছেন, সেখানে কেন বলুন না এই সমস্ত বন্ধ করার জন্য? আপনারা কি ভাবছেন পশ্চিমবাংলার মানুষ এতই বোকা! .......(নয়েজ).......... মিঃ স্পিকার স্যার, উত্তরপ্রদেশে নারায়ণপুরে হরিজন নিপীড়নের যে ঘটনা ঘটল, সেই ঘটনার পরে সেখানে শ্রীমতী ইন্দিরা গেলেন যদিও আসামে যাবার তিনি সময় পাননি সেদিন নারায়ণপুরে শ্রীমতী ইন্দিরা গান্ধী গিয়ে বললেন কি? বললেন যে ঘটনা ঘটেছে, আর এক মুহূর্তও উত্তর প্রদেশের সরকারের গদিতে থাকার অধিকার নেই, তারপরেই তিনি আইন শৃঙ্খলার অজুহাতে উত্তর প্রদেশ সরকার ভেঙে দেওয়া হল। আমি বলি বিহারে পীপরাতে কোন্ ঘটনা ঘটল, সেখানে তো রামানন্দ দাসের মন্ত্রিসভা নেই, সেখানে কেন্দ্রীয় শাসন চলছে, সেখানে কেন ১৪জন হরিজন নারী শিশুকে পুলিশ গুলি করে হত্যা করল? শুধু তাই নয় মুজাফরপুরে ক্রান্তি গ্রামে হরিজনদের ১৬টি বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে, হরিজনদের সেখানে হত্যা করা হয়েছে। অন্ধ্রপ্রদেশে ২রা মার্চ তারিখে শ্রীমতী ইন্দিরা গান্ধীর রাজত্বে ৭১টি হরিজন কুটির পুড়িয়ে দেওয়া হল। আমি একথাই বলতে চাই যে অন্ধ্রে তো আপনাদেরই শাসন চলছে, কেন সেখানে অরাজকতা চলেছে, সে সম্বন্ধে কেন ব্যবস্থা গ্রহণ করলেন না? শ্রীমতী ইন্দিরা গান্ধীর যেদিকে দৃষ্টি দেওয়া দরকার সেদিকে দৃষ্টি দিচ্ছেন না, কিন্তু সেদিকে দৃষ্টি তাঁর কোন ক্ষতিবৃদ্ধি হতনা। এই সেদিন কিছু অন্ধ মানুষ তাঁর সঙ্গে সাক্ষাত প্রার্থী হয়ে তাঁর বাড়ি গেল, কোন আইন শৃঙ্খলার প্রশ্ন ছিল না, তাদের উপর লাঠিচার্জ করা হল, ওরা কি আইন শৃঙ্খলা বিপন্ন করেছিল? পৃথিবীর ইতিহাসে এই নিষ্ঠুরতার দ্বিতীয় কোন নজির আছে কি? নজির নেই।

আপনারা কি একথা বলতে পারবেন যে দিল্লির আইনশৃঙ্খলা ঐ অন্ধরা বিপন্ন করে তুলেছিল তাই তাদের উপর পুলিশকে লাঠি চার্জ করতে হয়েছিল? তাই বলি, আইনশৃঙ্খলা নিয়ে ভন্ডামি করা বন্ধ করুন। আপনারা বলেন পুলিশকে আমরা নাকি দলীয় স্বার্থে ব্যবহার করছি। বামফ্রন্ট শাসন ক্ষমতায় আসার পর এই বামফ্রন্টের ১৩০ জন কর্মী নিহত হয়েছেন ঐ কংগ্রেসিদের আক্রমণে এবং নির্বাচনের পর ১০ জন নিহত হয়েছেন ঐ কংগ্রেসিদের আক্রমণে। এদের বেশিরভাগই হল কিষাণ সভার সমর্থক। এদের বেশিরভাগই হল জমির উপর যারা অধিকার প্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন যে অধিকার বামফ্রন্ট সরকার তাদের আইন সঙ্গতভাবে দিয়েছেন। ঐ কংগ্রেসি জমিদার, জোতদারদের ভাড়া করা গুন্ডারা তাদের আক্রমণ করেছে এবং তাদের নিহত করেছে। আপনারা বলেছেন, দলীয় স্বার্থে আমরা পুলিশকে ব্যবহার করছি, হ্যাঁ, জানি একটা প্রবাদ আছে, সেটা হচ্ছে "চোরের মায়ের বড় গলা" আপনাদের যে বড় গলা হবে তাতে অস্বাভাবিকতার কিছু নেই। আমাদের ১১শো কর্মীকে খুন করা হয়েছে ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে, আমাদের ২০ হাজারেরও বেশি মানুষকে ঘর ছাড়তে হয়েছে। পুলিশ সেদিন কোন ব্যবস্থা অবলম্বন করেনি, আপনারা সেদিন পুলিশকে নিষ্ক্রিয় করে রেখেছিলেন। সেদিন এমন একটা ঘটনা ঘটেনি যেখানে পুলিশ মামলা দায়ের করেছে এবং অপরাধীদের শাস্তি দিয়েছে। এখন আমরা কিন্তু কোন পুলিশী ব্যবস্থায় হস্তক্ষেপ করি না। অতীতে আমরা দেখেছি আপনারাই ছিলেন থানার বড় দারোগা, ছোট দারোগা, আপনারা ফোন করে অপরাধীদের ছাড়াতেন, গুন্ডাদের ছাড়াতেন, আমরা এতে হস্তক্ষেপ করি না। আমরা যে করি না তা প্রমাণ হল এই যে আমাদের অনেক এম.এল.এ এখানে আছেন

যাঁদের বিরুদ্ধে পুলিশ মামলা দায়ের করেছে। আমাদের এই বিধানসভার একজন মাননীয় সদস্য আতাহার রহমান তাঁকে পুলিশ আসামি হিসাবে হাজতে রেখেছিল। আপনাদের সময় আপনারা কি একথা ভাবতে পারতেন যে আপনাদের কোন সদস্য-এর বিরুদ্ধে পুলিশ মামলা দায়ের করছে? আইন শৃঙ্খলা সম্বন্ধে অনেক কথাই আপনারা বলেছেন। স্যার, এই আইনশৃঙ্খলা পরিস্থিতি আমাদের রাজ্যে কেমন আছে সে সম্পর্কে আমি একটি পত্রিকা থেকে কিছুটা পড়ে দিচ্ছি। এই পত্রিকাটি কিন্তু গণশক্তি নয়, দেশহিতৈষী বা সত্যযুগ বা বসুমতী নয়, এই পত্রিকাটি বলছে, "আমাদের রাজ্যে এক সময় এমন একটা পরিস্থিতি ছিল , যখন রোজই পাড়ায় পাড়ায় খুনোখুনি লেগে থাকত। পথে বেরুলো মানেই তখন ছিল বিপদ মাথায় করে চলা। রাজনৈতিক হাঙ্গামা ও সন্ত্রাসের সুযোগ নিয়ে ঐ সময় সমাজবিরোধীরা বেশ গুছিয়ে নিয়েছিল। এখানে ওখানে ছিনতাই-এর ঘটনা তখন ছিল প্রায় নিত্যদিনের কথা।" বিনয়বাবু ছিনতাই-এর কথা উল্লেখ করলেন, সেদিনের কথা বিনয়বাবু শুনলেন তো। তারপর আরো আছে, "মেয়েদের শ্লীলতাহানির ঘটনাও অনেক ঘটেছে সেই সময়ে—কার্যত রাত আটটার পর কলকাতার মত শহরেও মেয়েরা পথে বেরুতে বিশেষ ভরসা পেত না।" এর পর ঐ পত্রিকাটি এই স্বীকৃতি অন্তত দিয়েছে যে, "বামফ্রন্ট সরকার অনেক কাজই করতে পারেন নি বটে কিন্তু রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি যে তাঁরা মোটা মুটি নিয়ন্ত্রণের মধ্যে রাখতে পেরেছেন, সেকথা স্বীকার করতেই হবে।" শ্রী বিনয় ব্যানার্জি মহাশয় বলেছেন, জীবন বিপন্ন হওয়া সত্ত্বেও ফায়ার আর্মসের লাইসেন্স দেওয়া হয়নি। আমি বলি, বিনয়বাবু আপনি জানেন, অতীতে এই আগ্নেয়াস্ত্র কাদের বিরুদ্ধে ব্যবহৃত হয়েছে। আপনারা সমাজবিরোধীদের হাতে এইসব অস্ত্র তুলে দিয়েছিলেন এবং পুলিশকে নিষ্ক্রিয় করে রেখেছিলেন। সেখানে সমাজবিরোধীরা যাতে রাজনৈতিক প্রতিপক্ষকে হত্যা করে তারজন্য এই ব্যবস্থা সেদিন আপনারা করেছিলেন। আজকে যদি আমাদের সরকার সেই ব্যবস্থা সমর্থন না করেন তাহলে সঠিক কাজই করছেন। বিনয়বাবু আপনাদের সময় ফায়ার আর্মস সম্পর্কে যে পরিসংখ্যান বেরিয়েছে সেই পরিসংখ্যান আমি আপনাদের সামনে তুলে ধরছি।

[3-40—4-15 P.M.] (including adjourment)

মিঃ স্পিকার, স্যার, এই তো কদিন আগে শ্রীরামপুরে একটি মাত্র নির্বাচন হয়ে গেল। (ভয়েস ঃ **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** জাল ভোট জোচ্চুরি, জালিয়াতি ভোটের নির্বাচন হল।)

জনগণ সেখানে যোগ্য জবাব দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্নমেন্ট অব ইন্ডিয়া, মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্স-এর ১৯৭৮/৭৯ সালের একটি সংখ্যাতত্ত্ব এখানে উপস্থিত করছি। তাতে এই কথা বলা হচ্ছে—১৯৭৪/৭৫ সালের হিসাব দেওয়া হয়েছে, ১৯৭৬ সালের হিসাব দেওয়া হয়েছে। সেই হিসাবে বলা হয়েছে ১৯৭৪ সালে আগ্নেয়াস্ত্র হরণের সংখ্যা হচ্ছে ৫ হাজার ২৪টি, ১৯৭৫ সালে ২ হাজার ৮১৫টি, ১৯৭৬ সালে ১ হাজার ১১৫টি। তিন বছরে আগ্নেয়াস্ত্র হরণের পুলিশের কাছে রিপোর্ট হয়েছে মোট ৮ হাজার ৯৯৪টি। এর মধ্যে পুলিশ কটা পেয়েছে? ১৯৭৪ সালে ৪৯টি, ১৯৭৫ সালে ৬৮টি, ১৯৭৬ সালে ৫০টি, অর্থাৎ মোট ১১৭টি পাওয়া গেছে, আর বাকি আগ্নেয়াস্ত্রগুলো অন্যদের হাতে চলে গেছে। যেখানে রাজনৈতিক প্রতিপক্ষদের হত্যা করা হয়েছে সেখানেই ব্যবহার করতে দেওয়া হয়েছে। আপনারা আবার বড় বড় কথা বলছেন—আমরা যদি এই সম্পর্কে নিয়ন্ত্রণ

শিথিল করে না থাকি, নিয়ন্ত্রণ যদি কঠোরভাবে করে থাকি তাহলে খুব ভালকাজ করেছি। আমি মনে করি মাননীয় বিনয়বাবু আমার সঙ্গে একমত হবেন যে না আমরা ভুল কাজ করিনি। সব শেষে আমি এই কথা বলতে চাই, ইন্দিরা গান্ধীর যে প্রবল হাওয়া সেই হাওয়া এই রাজ্যের কর্ণারে এসে স্তব্ধ হয়ে গেছে এবং ২৯৪টির মধ্যে ২৭টি মাত্র আসন বাদ দিয়ে সমস্ত বিধানসভার আসনে ঐ কংগ্রেসে শোচনীয়ভাবে পর্যুদস্ত হয়েছে, ভারতবর্ষের আর কোন নির্বাচনে এই ঘটনা ঘটে নি। এই রাজ্যে তাদের পায়ের তলার মাটি যে সরে গেছে সেটা তারা জানে। এটা জানেন বলেই পরাজয়ের গ্লানিকে গোপন করার জন্য এখানে তারা মস্তান বাহিনীকে সক্রিয় করে তুলছেন। এই মস্তান বাহিনী দিকে দিকে উৎপাত শুরু করেছে। তারা নিজেদের মধ্যে দাঙ্গা বাধাচ্ছে, তারা দাঙ্গা বাধাচ্ছে আমাদের সঙ্গে। আমি এই কথা বলতে চাই যে এটাই হচ্ছে একটা সুপরিকল্পিত চক্রান্ত। একদিকে তারা আইন শৃঙ্খলার সমস্যা সৃষ্টি করছে এইভাবে মস্তান বাহিনীকে সক্রিয় করে অন্যদিকে এই মস্তান বাহিনী অন্ধকারের জীবরা গর্ত থেকে বেরিয়ে পড়েছে। তারা মনে করছে তাদের দিন বোধ হয় আবার ফিরে এল। তারা এইভাবে আইন শৃঙ্খলার সমস্যা সৃষ্টি করছে এবং অপরদিকে বিধানসভা ভাঙ্গার অজুহাত হিসাবে এটাকে ব্যবহার করতে চাইছে। আমরা স্মরণ করিয়ে দিতে চাই যে ১৯৭২ সাল আর ১৯৮০ সাল এক নয়। আমি এই কথা স্মরণ করিয়ে দিতে চাই আমরা পুলিশের উপর নির্ভর করি না, তাদের উপর নির্ভর করে চলি না। জনগণ আমাদের সাথে ছিল, জনগণ আমাদের সাথে আছে। যদি তেমন কোন চক্রান্ত হয় তাহলে আগামীদিনে জনগণকে নিয়ে আমরা সেই চক্রান্তের মোকাবিলা করব, তাকে প্রতিহত করব। এই কথা বলে জ্যোতিবাবু যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে স্পিকারকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House adjourned till 4-15 P.M.)

[4-15 — 4-25 P. M.] (After adjournment)

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, I would like to refer to a few portions of to-day's Police Minister's speech. At page 1 it has been said "Throughout the year the persistent effort of the Left Front Government has been to make secure the rule of law based on social justice. We have endeavoured to bring off a change to make them respond properly to the demands and aspirations of the common man". Sir, printers' devil has done a job here. I hope the Department concerned would rectify it. He has said "We have endeavoured to bring off a change to make them respond properly to the demands and aspirations of the common people". I think it will be the demands and aspirations of the communist people and not common people. Then, Sir, he has again said in his speech "We have exhorted policemen to take action whenever there is any breach of law and not to be influenced by the political affiliation of the accused persons". I would like the Minister concerned to place a police record here of the last two and a half years of the Left Front Govt.'s rule. I would like to know how

many followers of the U.F.-particularly C.P.M. have been arrested. Sir, all the members are not angels. There are criminals, there are wicked people. So, I want a statement from the Minister concerned in which he should say how many persons who are followers of Left Front have been Charge Sheeted, arrested and suited against. He should give us a clear picture. Let the Minister place a statement here how many of their followers have been arrested and suited against on what charges? He has again said "Our constant endeavour has been to bring off a re-orientation in the mental attitude and line of action on the part of policemen". It is true, Sir, I admit it.

"Our constant endeavour has been to bring off a re-orientation in the mental attitude and line of action on the part of the police men" The Police Minister has said this. I do not agree that the Police Minister has succeeded in this respect and nobody knows what is their endeavour. The 're-orientation' which the Minister has mentioned is actually the 're-orientation' to conform with the desires and political wishes of the Communist Party. They want to re-orient the police people. It is true, they want to reorient the police administration. But it is to conform with the endeavour of the Communist Party. Sir, the Police Minister has further said, "Our aim has been to bring home to the members of the Force that we do not believe in making use of the police force in the way they have been over the past many year. When I say this I do not place the blame entirely on the policemen." Now, Sir, again the printer's devil has done its job here because the Minister has said here, "It was the Government of the day which had reduced the police to an instrument of oppression and torture". The Minister has said, "It was the Government of the day", but it should be rewritten as "It is the Government of the day". The sentence should be, "It is the Government of the day which had reduced to police forces to an instrument of oppression and torture." Sir, please direct the Minister concerned to correct it. In place of 'it was the Government of the day', it is to be written as 'it is the Government of the day'.

Sir, in the qestion of impartiality the Minister has said, "We have exhored that what we value in a policeman is a sense of impartiality." Where is that impartiality? The people in the hill areas are very simple, and they are educationally and economically backward. When Jyoti Babu goes to Darjeeling the hill people say, 'Foolish Minister'—sorry Sir, 'Police Minister is coming today. Why he is coming? They do not believe, they do not rely on police. So, this is the position today. Where is impartiality? Sir, as regards hill areas, as regards Darjeeling, who knows its topography well? Who knows the mental set up of the hill people? Who

knows the position of language here? The social connections between the hill areas and the plains are broken by this Government. The mental set up of the police who comes from the hill area is basically different from the police in the plains. The people of the hill areas who do not know the language of the plains—Bengali—are posted in the plains and those from the plains are posted in the hill areas. They do not know Nepali language. If things go on like this how do you run the police administration? This creates the question of integration. This is how it is started in Assam. This is how our country is being disintegrated. If things go on in this way how discipline in police forces can be maintained and how it become an integrated force. Where are the Rajput Rifles and the Gorkha Rifles which were established by the Britishers and which were proved to be good regiments during the British regime. Where are these regiments? The Londoners had maintained good spirit in them. There were competitions. But that too was proved to be good, and so they could easily sacrifice themselves for the country.

[4-25 — 4-35 P. M.]

Sir, by intermingling this a seed of hatred is being planted because the mentality of the hill people is different. Let the hill people remain in the hills and the plain people in the plains. If you do not have and qualified hill man then you can post from the plains. By mixing this there will be no integration. There will be a beginning of disintegration. If Bengalee police and Nepali police are working together then they will be suspected to each other. Nepali police will feel that this Government has sent Bengalee police from the plains for spying over the Nepali police. I hope you will listen to my friendly advice. About law and order positionsin the budget, presented by the foolish Minister, I am sorry, Police Minister has increased the police grant. Why there has been an increase in the police grant? It means that law and order position is collapsing. This is why they have increased the police grant. More money cannot activise the police force. You have made the police important. So, you have presented the budget by increasing police grant, and so it is logical that law and order position is collapsing. What has happened? For the first time in the history of police force a mutiny amongst the police force has taken place. Who has done it? Who has started this game between the Deputy Commissioner of Police and the Police Commissioner? Deputy Commissioner and the Police Commissioner are at the loggerhead, So, this is the beginning of mutiny in the police force. Who has inspired them? Who gave this inspiration? Some newspapers say that Deputy Commissioner of Police and other police officers have got the blessings of political party. Who are the political

parties Congress, Janata, S.U.C., Gorkha League? Which political party they have got the blessings from? It is the blessing of the ruling party, and in this way you are sowing the deeds of mutiny amongst the police force. This is how you are running the police administration. Deputy Commissioner of Police has been transferred to 24-Parganas and he is on leave for 3 months. Until and unless he had got the blessing of the Treasury Bench this thing could not have happend. This will be a boomerang. There will be mutiny and the Alimuddin Street Office will be crushed. Sir, at Darjeeling how many murders have been committed after the formation of the present government? Who are the murderers? They are the C.P.M. ওখানে ফরওয়ার্ড ব্লক নেই, কংগ্রেস নেই, আর. এস. পি নেই, এস. ইউ. সি. নেই, আছে সি. পি. এম. How many people are killed by your people—by the C.P.M.? Sir, after killing those people the communists as a matter of human right come with the communist flag and plant it over the dead bodies saying 'Jyoti Babu Zindabad'. All along I have been a leftist. Even in the student life I was a leader why there is a quarrel between..........

**Mr. Sparker:** You have already taken 6 minutes more than the time allotted to you.

**শ্রী দেওপ্রকাশ রাই:** সিকস মিনিটস মোর টাইম গিভিন টু মি? শুনুন, ভাল করে, আমি একজন ট্যাক্সিওলাকে বললাম চলো ..... मैंने टेक्सीवाले से कहा कि चलो। उसके इन्कार करने पर मैंने कहा कि मैं एम० एल० हूँ। टैक्सीवाले ने कहा कि मैंने तुम्हारे जैसे बहुत से एम० एल० ए० को देखा हैं। कोई परवाह नहीं हैं क्योंकि प्रमोदबाबु, ज्योतिबाबू हमारे साथ हैं।

**Mr. Speaker:** You please take your seat.

**Shri Deo Prakash Rai:** So now I say that the whole Home Department i.e. the Home (Police) Department should be taken over the Central Government. Only then people of West Bengal can sigh a relief.

Thank you very mach

[4-35 — 4-45 P.M.]

**শ্রী ভোলানাথ সেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশি রাষ্ট্রে পুলিশি বাজেট দেখে দুঃখিত হলেও অবাক হইনি। কারণ এই দেশে জ্যোতিবাবুর আমলে প্রথম দেখলাম উন্নয়ন মূলক কর্মসূচীর খাতে টাকা কমে যায়, পুলিশ বাজেটে টাকা বাড়ে। অর্থাৎ অর্থনৈতিক উন্নতির দিকে দৃষ্টি কম যায়, পুলিশ খাতে আরও টাকা বাড়ানো হয় এবং মাঝে মাঝে আমাদের জন্য বাণী দেওয়া হয় আমরা এটা করছি ওটা করছি অর্থনৈতিক দুর্বলতা আছে, তাই আমাদের দেশে অন্যায় হচ্ছে ক্রাইম হচ্ছে বলে পুলিশে আরও বেশি টাকা দিয়েছি

অর্থাৎ কিনা গোড়ায় গলদ, কাউকে দোষ দেব না। বহুদিন ধরেই আমাদের ধারণা হয়েছে জ্যোতিবাবু অ্যাডমিনিস্ট্রেটর নন, তাঁর দপ্তর দুটি একটি হোম পুলিশ বা হোম এবং আরেকটি বিদ্যুৎ। দুটি দপ্তরেই অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে তিনি ফেলিওর। আমরা যখন পুলিশের বিশৃঙ্খলার কথা শুনি তখন আমরা অবাক হইনা, কারণ বামফ্রন্ট কমিটির চেয়ারম্যান ১৯৭৭ সালের আগস্ট মাসে বলেছিলেন পুলিশের যোগ সাজস ছাড়া সমাজ বিরোধী দল টিকতে পারে না। এটা বলেছিলেন বামফ্রন্ট কমিটির চেয়ারম্যান যিনি মন্ত্রীদের ফাইল তলব করে বলেন আমাকে বুঝিয়ে দাও, যিনি স্বাস্থ্যমন্ত্রী মৎস্যমন্ত্রীকে বলেন আমার কাছে এসো আমি বলে দেব তোমাদের কি করা উচিত। সেই হেন মানুষ বললেন পুলিশের যোগ সাজস ছাড়া সমাজ বিরোধী দল টিকতে পারে না। মুখ্যমন্ত্রীও ঐ একই সময়ে ৭৭ সালের আগস্ট মাসে বললেন মিসা আমরা চাইনা, কালোবাজারিদের শায়েস্তার জন্য আরও কড়া কানুন চাই। প্রথম যখন এই ট্রেজারি বেঞ্চে ক্ষমতায় এলেন তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন পলিটিক্যাল প্রিজনার যারা তারা কনভিকটেড হোক বা আন্ডার ট্রায়ল হোক তাদের বিনা বিচারে ছেড়ে দেওয়া হবে। অথচ আইনে আছে unless you are proved guilty beyond reasonable doubt you are deemed to be innocent. সেখানে প্রমাণ করে পুলিশ যে ব্যক্তিকে ধরেছে সে দোষী হলেও তাকে সাজা দেওয়া হবে না, কিন্তু জ্যোতিবাবু বললেন পুলিশ যাই করুক না কেন আমাদের রাজনৈতিক সিদ্ধান্ত হচ্ছে গুন্ডাদের ব্যাপারে যে তাদের ছেড়ে দেওয়া হবে। আইন অনুসারে যাদের ধরা হয় অনেক ক্ষেত্রে হয়ত প্রমাণ পাওয়া যায় না। কিন্তু পুলিশ দেখল যে অনেক পরিশ্রম করে যাদের ধরা হল অনেক সাক্ষী জোগাড় করা হল কিন্তু জ্যোতিবাবু তাদের ছেড়ে দিলেন। কাগজে দেখলাম রোটান্ডার একটা মিটিংয়ে জ্যোতিবাবু বলেছেন আমরা, ওঁরা এবং আপনার অর্থাৎ ওঁরা এবং কংগ্রেস এইভাবে প্রশাসন টিকে থাকতে পারে না। সুতরাং পুলিশের সঙ্গে দুষ্কৃতকারীদের যোগ সাজস না থাকলে তারা টিকে থাকতে পারে না। তিনি আরও বলেছেন যে দুষ্কৃতকারী দেখলেই পুলিশ তাড়িয়ে দেয়, অর্থাৎ জ্যোতিবাবুর অবদান হল দুষ্কৃতকারী থাকবে এবং তাদের দেখলেই পুলিশ পালাবে। অথচ এই পুলিশের জন্য আমাদের ৬৬ কোটি টাকার বেশি বরাদ্দ করতে হবে। ডাঃ রায়ের আমলে যখন ৪ কোটি টাকার মত বরাদ্দ হয়েছিল তখন এই জ্যোতিবাবু বলেছিলেন এটা পুলিশী রাষ্ট্রের ব্যবস্থা। আর আজকে এমনই দুর্দশা যে এখানে আমরা সি.পি.এমকে বুঝতে পারি কিন্তু আর. এস. পি. ফরওয়ার্ড ব্লক এই ৬৬ কোটি টাকা করার জন্য কেন একে সাপোর্ট করেন? অর্থাৎ তাঁরাও হাত তুলে বলেন আমরা লগে লগে আছি, আমাদের আলিমুদ্দিন স্ট্রিট থেকে তাড়িয়ে দেবেন না। এরা

[4-45 — 4-55 P.M.]

হরদম বন্ধু পালটায়—এদের বন্ধু কোন সময়ে মোরারজী দেশাই, কোন সময় জগজীবন রাম, কোন সময় চরণ সিং এবং কোন সময় অন্য সব দল। কিন্তু চরণ সিংয়ের সময় যখন পি. ডি. অ্যাক্ট হল তখন তিনি বললেন কালোবাজারিদের শায়েস্তা করার জন্য আমরা মিসা চাইনা, আরও কড়া কানুন চাই। হরতোষ চক্রবর্তী কমিশনের তিনি বলেছিলেন একটা আচরণ বিধির কথা, সেই আচরণ বিধি কোন এম. এল. একে জানান হয়নি, আমাদের কাছেও তার কোন খবর নেই। কিন্তু সেই আচরণ বিধি হল স্থানীয় লোকের সঙ্গে কথাবার্তা বলে আইন শৃঙ্খলার ব্যবস্থা করবেন। অর্থাৎ কিনা পঞ্চায়েত হবার পর স্থানীয় লোকেদের সঙ্গে বসে এটা

ঠিক করা হবে। পঞ্চায়েতের অধ্যক্ষের কথা শুনবেন না এমন কোন ও.সি আছে? গ্রাম বাংলায় যেখানে বিদ্যুত নেই, রাস্তাঘাট নেই সেখানে অধ্যক্ষের কথা শুনে ও.সি. কাজ করবেন। তাই গ্রাম বাংলায় গেলে আর যাই হোক না কেন ও.সি'র কাছে গেলে ডায়রি করা যাবেনা, যত অন্যায় হোক না কেন গ্রিভিয়ার হার্ট যদি তা হলে ননবেলেবল অফেনস হয়, ও.সি. কিন্তু সেটা নন বেলেবল অফেনসে রাখবে না সঙ্গে সঙ্গে বেল দিয়ে দেবে, এই কথা জানেন না পশ্চিমবঙ্গে এমন কোন মানুষ নেই, আমি অনেক জেলায় শ্রী প্রফুল্ল সেনের সঙ্গে গেছি এবং সেখানে হাজার হাজার মানুষ বলেছেন যে একটা চক্রান্ত চলছে যার ফলে মানুষ ভয়েতে কিছু বলতে পারছে না, অথচ বাইরে থেকে লোক ভাড়া করে এনে চিড়িয়াখানা দেখিয়ে তাদের কাছে সলিডারিটির কথা বলে বলা হচ্ছে প্রফুল্ল বাবু চক্রান্ত করছে। কিন্তু গ্রামের মানুষ স্বতঃস্ফূর্ত হয়ে এসেছিল। আজও চিঠি আসে, প্রতিদিন চিঠি আসে, কত বলব, যেমন বিদ্যুতের অপদার্থতা আমাদের প্রায় গা-সওয়া হয়ে এসেছে, যেমন জ্যোতিবাবুর পুলিশের দলবাজি আমাদের গা-সওয়া হয়ে এসেছে। আজও চিঠি পেয়েছি যে বাড়িতে অত্যাচার হয়ে গেল, ছুরি মেরে চলে গেল, স্ত্রীলোকের উপর অত্যাচার হয়ে গেল, পুলিশের সামনে অত্যাচার হল, পুলিশ কোন ডায়রি করল না। জ্যোতিবাবু বলেন লিখে দেওয়া হোক, স্পেসিফিক কেস দিন। স্পেসিফিক কেস লিখে যখন দিলেন মানুষ তখন তার কি ফল হল? সম্পূর্ণ নিষ্ফল, বন্ধ্যা প্রয়াস, আমাদের মৌন মূর্তি জ্যোতিবাবুর। আমি জিজ্ঞাসা করতে চাই যে আপনারা যে ফিগারস বিলি করেন প্রেসের মাধ্যমে তার সঙ্গে কি সিচুয়েশন রিপোর্ট আর সিটারপ রিপোর্ট মিলবে? মিলবে না। অনেক খুন, অনেক রাহাজানি সিচুয়েশন রিপোর্টে পাওয়া যায় না। কিন্তু পুলিশ ব্রিফিং যেগুলি হয় সেগুলির কথা উঠে। সন্দেশখালিতে দু'জন সাব-ইনস্পেক্টর, ৫ জন কনস্টেবলকে আঘাত করা হল, তাদের রিভলভার নিয়ে চলে গেল, ৪০০ জন সি পি এম তাদের অ্যাটাক করে দুটো ডাকাতকে ছিনিয়ে নেওয়ার চেষ্টা করল এই ফেব্রুয়ারি মাসে খবরের কাগজে উঠল সেটা পুলিশ ব্রিফিং হল না। পুলিশ ব্রিফিং হয় না পুলিশ ব্রিফিং হয় না এই কারণে যে সি পি এম এর দৌরাত্মের অত্যাচারের ভয়ে সত্য কথা বলার সাহস তারা রাখে না। তার কারণ, তাদের মোরাল ভেঙ্গে গেছে, সম্পূর্ণ ভেঙ্গে চূর্ণ বিচূর্ণ করা হয়েছে। তাদের বলা হয়েছে যে তোমরা স্থানীয় লোকের সঙ্গে কথা বলে কাজ করবে এবং যেভাবে আগে তোমাদের ব্যবহার করা হয়েছিল আমরা সেই জিনিস চাই না। আগে কি ব্যবহার করা হয়েছিল, পুলিশকে নিরপেক্ষ থাকতে বলা হয়েছিল। আজকে নিরপেক্ষ না থাকলে কি হয় তার প্রমাণ পুলিশ কমিশনার। লাল বাজারে মুখ্যমন্ত্রী গেলেন, মিটিং করলেন, মিটিং করে সেখানে বলা হল ইন ক্লাব জিন্দাবাদ। জ্যোতিবাবু তার বিরুদ্ধে কিছু বললেন না। ইন ক্লাব জিন্দাবাদ বলা হল, জ্যোতিবাবু বললেন তোমাদের যারা ল অ্যান্ড অর্ডার রাখবে তোমরা মুখ বন্ধ করে বিপ্লব কর, তোমরা সমাজকে তোলার বিরুদ্ধে জেহাদ কর, জিন্দাবাদ তোমরা কর। পুলিশ কমিশনারের ডি. সি. সম্বন্ধে বক্তব্য রাখা হল, পুলিশ কমিশনার ডাইরেক্টরেট হেড বলে তার আপত্তি জানালেন, জ্যোতি বাবুর মুখ বন্ধ। তার অর্থ কি তার অর্থ হল এই পুলিশ কমিশনার যা খুশি তাই বলুন না কেন তোমরা বলে যাবে বিপ্লব চিরজীবী হোক, তোমরা বলে যাবে সমাজ ব্যবস্থা ভেঙ্গে ফেল, আমি তোমাদের সঙ্গে আছি। তার ফল কি দাঁড়িয়েছিল? তার ফল দাঁড়াল, শংকর গুপ্তের সঙ্গে তালুকদারের বন্ধুত্ব রয়েছে, যে তালুকদার এক সময় স্টুডেনটস ফেডারেশনের নেতা ছিলেন তিনি একটা অত্যন্ত

আইন বিরুদ্ধ গর্হিত কাজ করলেন এবং সে কাজটা হল তিনি কমিশনারকে একটা চিঠি দিলেন যেটা খবরের কাগজে প্রকাশিত হল এবং অন্যান্য ডি. সি. কেও দিলেন। কোন মানুষ, কোন ভদ্রলোক এই জিনিস সহ্য করতে পারে না। তবে খবরের কাগজের মাধ্যমে শুনেছি তিনি নাকি ২৪ পরগনার এস. পি. হবেন, তাঁর প্রমোশন হবে এবং কমিশনার অফ পুলিশ জলপাইগুড়ি যাবার জন্য প্রস্তুত হচ্ছেন। এই সমস্ত জিনিস দেখে আমরা অবাক হচ্ছি। কাশীপুরে যখন গুলি চলল, মানুষ মরল তখন কিন্তু ঐ এস. পি. কে মানুষ খুন করে ফেলতে পারত কিন্তু আমি সেটা বন্ধ করলাম, আমি লোকদের বললাম বিচার আপনারা নিশ্চয় পাবেন। জ্যোতিবাবু নাকি গরিবদের বন্ধু, জ্যোতিবাবু নাকি রিফিউজিদের আমরা শুনি। কিন্তু সেখানে বিচার বিভাগীয় তদন্ত হল না, ডিপার্টমেন্টাল ইনকোয়ারি হল। এই ছলনা করবার কি দরকার ছিল জ্যোতিবাবুর? তারপর সেই ডিপার্টমেন্টাল ইনকোয়ারি ও ড্রপ করা হল কারণ রিফিউজিরা চলে গেছে। এতে মনে হয় যেন অফিসাররা দণ্ডকারণ্যে যেতে পারতেন না। কিন্তু এখানে যে কেস ছিল তার সঙ্গে যারা জড়িত ছিল তাদের কেস তুলে নেওয়া হল এবং নিরস্ত্র নিরীহ মানুষদের উপর গুলি চালানো হল। আপনারা তো সব জিনিসের ফয়সালা করেন মরিচঝাঁপির ফয়সালার মত। জ্যোতিবাবু কি নৃশংস মানুষ, মানুষ মারা গেলে সমাজকে ধোঁকা দিতে তাঁর আটকায় না, সেখানে ডিপার্টমেন্টাল ইনকোয়ারি চললনা,—এ কি ছেলে খেলা হচ্ছে? সেখানে দেখলাম অত্যাচার শুরু হল, তাদের জল, খাবার সব বন্ধ তার পর কোর্ট থেকে ইনজাংশন নিয়ে সেগুলো রেসটোর করা হোল। বৃদ্ধ, শিশু, নারী অত্যাচারের কলঙ্ক কাহিনী বলে শেষ করা যায়না। জ্যোতিবাবু হঠাৎ আবিষ্কার করলেন যে এই সমাজ ব্যবস্থায় কমিউনিজম করা চলে না এবং আরেকটা জিনিস আবিষ্কার করেছেন ক্ষমতার জন্য যত নৃশংস হতে হয় আমি তার জন্য প্রস্তুত—হিটলার কোন ছার। আমরা দেখেছি জ্যোতিবাবু সেই জিনিস দেখিয়েছেন। যিনি জ্যোতিবাবু বা তাঁর দলকে সম্মান দেবেন বা তাঁর কথা শুনবেন তাঁর উন্নতি হবে। তালুকদার আমাদের সময়ে অফিসার ছিলেন। কিন্তু কই, তখন সে এরকম সাহস পায়নি যা এখন সে দেখাচ্ছে? হতে পারে সে শংকর গুপ্তের বন্ধু, হতে পারে স্টুডেনটস ফেডারেশনের সে একজন প্রাক্তন অফিস বেয়ারার, কিন্তু যখন তার পেটে সরকারের টাকা যাচ্ছে তখন সে কি করে এই সাহস পায়? অর্থাৎ দেখা যাচ্ছে দলবাজি যদি কর তাহলে তোমার চাকরির কোন হেরফের হবে না বা সেন্ট্রালে কখন পানিশমেন্টের জন্য পাঠানো হবে না। কিন্তু সাসপেন্ড হবেন, মেদিনীপুরের এস. পি. যিনি মাত্র ২ দিনের সময় চেয়েছিলেন আপিল করবেন বলে। কিন্তু তার বদলে যে এস. পিকে পাঠানো হল তাতে দেখলাম যখন ট্রাইবালদের মধ্যে খুনোখুনি হল তখন তিনি দেখতে গেলেন না এবং তার জন্য তাকে শো-কজও করা হলনা।

[4-55 — 5-05 P.M.]

তাই সম্ভব, হাওড়ার কি একটা থানা কমল ঠাকুরকে গোলাবাড়ি থানায় পিটিয়ে মারা হল, কিন্তু পিটিয়ে মারবার পর সেই পুলিশ অফিসারকে ট্রান্সফার করা হল, পুলিশ থেকে বলা হল লোকটি রাফ্ ছিল অথচ আমরা জানি ৪ মাস আগে তাকে ক্যারেকটার সার্টিফিকেট দেওয়া হয়েছিল কিন্তু সেই পুলিশ অফিসারকে শুধুমাত্র ট্রান্সফার করা হল যে হাওড়াতেই রয়ে গেল তাকে সাসপেন্ড করা হল না, অথচ আমরা জানি একজন হাইকোর্টে অ্যাপীল করতে গিয়েছিলেন দু-দিন না একদিন দেরি হয়েছিল রাতারাতি তাঁকে ১২ ঘণ্টার মধ্যে

সাসপেন্ড করা হল কিন্তু এই ক্রিমিনাল পুলিশ অফিসারকে কিছু করা হল না। আজকে পুলিশ কেন নিরপেক্ষ থাকবে, কারণ আজকে পুলিশরা জানে যে জ্যোতিবাবু বা তাঁর দল আর আলিমুদ্দিন স্টিট যদি খাঁটি থাকে তবে তার কেউ কেশাগ্রস্পর্শ করতে পারবে না, সুতরাং এদের খুশি করতে গিয়ে পুলিশ নিরপেক্ষতা ভুলে গিয়েছে। কেন তারা আজকে পক্ষপাত শূণ্য হবে? স্যার, এঁরা সরকার দলবাজিতে ওস্তাদ সুতরাং পুলিশ যদি জানে এদের খুশি রাখলে কেউ তাদের ছুঁতে পারবে না। আজকে আমরা দেখছি পঞ্চায়েতের সদস্যারা অধ্যক্ষ জেলা পরিষদের সভাপতি তারা আজকে লালবাতি নিয়ে চলেন। আজকে জেলা পরিষদের সভাপতি তাঁর গাড়িতে লালবাতি নিয়ে চলেন, সুতরাং তাঁরা যা অর্ডার দেবেন সেইটেই সকলের করতে হবে। তাই আমরা দেখছি সি. পি.এম. খুন করলেও তাঁদের ধরা হয়না, আর কেউ যদি পার্সোনাল ডিফেনসের জন্য বা তার মা-বোনকে বাঁচাতে গিয়ে কেউ ফায়ার করে তাহলে তাকে জেলখানায় যেতে হয়, এ সম্বন্ধে আমার কাছে অনেক নজির আছে, যদি চান আমি দেব, আমার নিজের কনস্টিটিউয়েনসিতে—ভাতারে সি.পি.এমের নেতার ছেলে গুলি করল কি হয়েছে, কিছুই হয়নি। গুলি করে শিডিউল কাস্টকে মারল কিছুই হলনা। সে অ্যাকচুয়ালি বন্দুক দিয়ে মারল। পুলিশ করল কি তার বন্দুকটা ব্যাকডেট দিয়ে জমা নিয়ে নিল এখন সে ওপনলি ঘুরে বেড়াচ্ছে, এস.পি.র ১৪ পুরুষের ক্ষমতা নেই যে তাকে কিছু বলে, কারণ পঞ্চায়েতের নেতার ছেলে যদি কিছু করতে চায় পুলিশ অফিসারের চাকরি চলে যাবে। স্পিকার মহাশয়, আমি আরেকটা কথা বলতে চাই আজকে একটা জিনিস সকলের মনে রাখতে হবে যে আপনারা সরকারে এসেছেন শুধু দলবাজির জন্য নয়। সকলের জন্য ৫কোটি ১৩ লক্ষ মানুষের জন্য সরকার, সকলের সঙ্গে সমান ব্যবহার করতে হবে। এখানে সেন্ট্রাল গভর্নমেন্ট ইনকোয়ারি করতে এলে অশোক বোস মহাশয়ের রাগ হয়, কেন রাগ হবে আইন শৃংখলার দায়িত্ব কি সেন্ট্রালের নাই? আপনারা এইখানে মানুষের মাথা কাটবেন, নানান জায়গায় খুন-খারাপি হবে, কেস হবে না—কেন এই অবস্থা চলবে? আমি জানতে চাই, কটা খুনের ব্যাপারে কটা অ্যারেস্ট হয়েছে। পুলিশ রিপোর্ট নয়, সিচুয়েশন রিপোর্ট সিক্রেট থেকে বার করুন। আমি ডিমান্ড করছি। ১৫০ শতক বেড়ে গিয়েছে। অন্য দেশে কোথায় কি হয়েছে, আফ্রিকাতে কি হয়েছে, নিউইয়ার্কে কি হয়েছে— আমি তার সঙ্গে সম্পর্ক রাখতে চাই না। হাজার হাজার কেস রেকর্ড করা হচ্ছে না। কমিশন করুন, আমরা দেখিয়ে দেব, কে করছে। ইন্দিরা কংগ্রেস গোলমাল করছে, ইন্দিরা কংগ্রেস আইন-শৃংখলা ভঙ্গ করছে—এইসব আপনারা বলছেন। করুন, জুডিশিয়াল ইনকোয়ারি কমিশন, কারা করছে, কারা পিছনে আছে, আমরা দেখিয়ে দেব। আপনারা বলেছেন, পি. ডি. অ্যাক্ট নেবেন না। নিশ্চয় নেবেন না। কালোবাজারিদের বন্ধু করে ফেলেছেন। কিন্তু এই কথা আপনাদের মনে করিয়ে দিই, আরটিকেল ৩৬৫—

[5-05 — 5-15 P.M.]

Where any State has failed to comply with, or to give effect to, any directions given in the exercise of the executive power of the Union under any of the provisions of this Constitution, it shall be lawful for the president to hold that a situation has arisen in which the government of the State cannot be carried on in accordance with the

provisions of this Constitution. আপনারা মনে রাখবেন, এটা জঙ্গল নয়, পশ্চিমবঙ্গ আপনাদের একার রাজত্ব নয়, এটা মানুষের রাজত্ব, ভারতবর্ষের অংশ। এখানে কেন্দ্রীয় সরকারের যথেষ্ট পরিমাণে দায়িত্ব আছে এবং প্রয়োজন আছে। সবাই ৫ কোটি ১৩ লক্ষ মানুষ বিচার পাচ্ছে কিনা। বিচার যদি না পায় অন্যায় হবে না, আপনাদের সরকার ভেঙ্গে দেওয়া। তাই আপনাদের বলি, এইটা চেঁচামেচির ব্যাপার নয়। সাত্তার সাহেব, রজনী দোলুই কিছুদিন আগে লিখিতভাবে স্পেসিফিক ইনসিডেন্স দিয়েছিলেন। আজও জানি না, কি হল, না হল। কাগজে বারেবারে উঠছে, অত্যাচারের কথা। মুর্শিদাবাদের এস. পি. অভদ্র ব্যবহার করছেন ফটোস্ট্যাট কপি জ্যোতিবাবুকে দেওয়া হয়েছে, কিছু হচ্ছে না। কারণ পুলিশ জানে শংকর গুপ্তকে তেল দিলেই তার কিছু হবে না। পশ্চিমবঙ্গের মানুষকে আপনারা অবহেলা দেখাবেন না। চিৎকার করে কিছু হবে না। আপনারা যে করছেন প্রতিদিন তার কমপ্লেন যাচ্ছে। মরিচঝাঁপিতে এই অফিসার গাছ কাটার জন্য রেফিউজীদের গুলি করে, তাদের বাড়ি-ঘরে আগুন ধরিয়ে দিলে, আর রাম চ্যাটার্জি সেই ২৪-পরগনার জঙ্গল থেকে হরিণ নিয়ে এলেন, কোন কেস হল না। কোন ডায়রি করা হল না। এই পক্ষপাতিত্ব বন্ধ না করা হলে যে অত্যাচার চলছে, তার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে আমরা বাধ্য। আমরা বলতে চাই, আমরা দুর্বল নয়। ৭১ লক্ষ ভোট পেয়েছি। সে ভোট গম দিয়ে, টাকা দিয়ে আসে নি। এই ৭১ লক্ষ মানুষের সমর্থনের কথা আমাদের প্রতি আপনারা ভুলবেন না। এই সরকার পুলিশ দিয়ে অপোজিশনকে, পুলিশ দিয়ে গ্রামের মানুষকে, পুলিশ দিয়ে কংগ্রেসের মুখ বন্ধ করার চেষ্টা করছেন এবং তারই প্রতিবাদে, এই বিশৃংখলার বিরুদ্ধে, পুলিশের সন্ত্রাসের বিরুদ্ধে, এই পক্ষপাত দুষ্টি পুলিশ প্রশাসনের বিরুদ্ধে আমরা আজকের জন্য এই সভাকক্ষ ত্যাগ করে যাচ্ছি।

[এই সময় কংগ্রেস (আই) এর সদস্যরা একসঙ্গে সভাকক্ষ ত্যাগ করেন।]

**শ্রী দীপক সেনগুপ্ত:** স্যার, আমি পয়েন্ট অব অর্ডার তুলতে চেয়েছিলাম, আমি কোন মন্তব্য না করেই বলছি, আমাদের ব্যাপারে আপনি যেন একটু বেশি কঠোর।

**মিঃ স্পিকার:** আপনি যা বলতে চেয়েছিলেন আমি বুঝতে পেরেছিলাম, সেজন্যই দিইনি।

**শ্রী দীপক সেনগুপ্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কবে কোন দিন কোন সময়ে একথা শুনেছিলাম জানিনা, ভুলে গিয়েছি। এক বৃদ্ধা আদালতে সোপর্দ হয়েছিল পুলিশ দ্বারা, বিচারক মহাশয় সেই বৃদ্ধাকে ছেড়ে দিয়েছিলেন, বৃদ্ধা তখন মন খুলে আশীর্বাদ করেছিলেন বিচারককে, জজকে তুমি দারোগা হয়ো। বৃদ্ধার এই যে অভিব্যক্ত, এটা সৃষ্টি হয়েছে ইংরেজ আমল থেকে। তারপরে দেশ স্বাধীন হয়েছে। কিন্তু পুলিশ প্রশাসনকে জনকল্যাণমুখী করার কোন চেষ্টা স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত হয়নি। ধনবাদী ব্যবস্থাকে টিকিয়ে রাখার জন্য সাম্রাজ্যবাদী এর উত্তরাধিকারী যে পুলিশ আমরা পেয়েছি, সেই পুলিশের বড় বড় কর্মচারীরা ইংরেজ সাম্রাজ্যবাদের আমলে স্বাধীনতা সংগ্রামীদের উপর অত্যাচার করেছে, স্বাধীনতার পরে দেখা গেল, তারা স্বপদে রয়েছে, তারা তাই অত্যাচার শুরু করল। ১৯৫১ সালে সারা ভারতবর্ষের মধ্যে প্রথম কুচবিহারে ভুখা মানুষের উপর পুলিশ গুলি করেছিল, ফলে পাঁচ

পাঁচটি তাজা কিশোর প্রাণ সেদিন এই পৃথিবী থেকে চলে গেল এবং পুলিশকে বুঝিয়ে দেওয়া হল, এইভাবে তোমাকে প্রশাসন চালাতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী যে বাজেট বক্তব্য রেখেছেন, শেষ দিকে একটা জায়গায় তিনি বলেছেন—এ ধরণের পরিস্থিতিতে চতুর্দিকে অস্থিরতা প্রকাশ পেতে বাধ্য আর এতে রাজনীতিক সুবিধাবাদীরা ও তাদের অনুচরবর্গ ফায়দা তোলার চমৎকার সুযোগ পেয়ে যায়। পুলিশকে কিভাবে ব্যবহার করা হচ্ছে দেখুন। গত লোকসভার যে ভোট হয়ে গেল ভারতবর্ষে, তাতে ৬ই জানুয়ারি যিনি নতুন স্বরাষ্ট্রমন্ত্রী হলেন, তিনি হলেন জৈল সিং, তিনি নামটা জেড্ দিয়ে লেখেন, কিন্তু তার নাম হচ্ছে জেইল সিং শ্রীমতী ইন্দিরা গান্ধী নতুন যে স্বরাষ্ট্র মন্ত্রী করেছেন, তাঁর নামের মধ্য দিয়েই রূপ প্রকাশ পাচ্ছে, এই স্বরাষ্ট্র মন্ত্রী ফেডারেশন অব ইন্ডিয়ান চেম্বারস্ অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজে গত ১৯ শে জানুয়ারি—ভারতবর্ষের লোকসভা নির্বাচনের মাত্র ১৩ দিনের মাথায়, যে বক্তৃতা দিলেন সেই বক্তৃতায় ভারতের নতুন স্বরাষ্ট্র মন্ত্রী বললেন—जब देश की हालत बिगड़ जाती हैं तो झण्डा झुक जाता हैं और पुलिस का डण्डा टूट जाता हैं।

নতুন স্বরাষ্ট্র মন্ত্রীর নতুন যে নির্দেশ সেটা হল দেশের হাওলাৎ অর্থাৎ অবস্থা যখন খারাপ হয়ে যায় তখন ঝান্ডা নেমে যায় এবং পুলিশের ডান্ডা ভেঙ্গে যায়। এই নির্দেশ দিয়ে তিনি নতুনভাবে বুঝিয়ে দিয়েছেন পুলিশ শাসন ব্যবস্থা কিভাবে রাখতে হবে ফল কি হল, আমরা সেদিন দেখলাম দিল্লিতে সেদিন কতকগুলি অন্ধ মানুষ মিছিল করে যায়, তাদের পকেটে বোম বা পটকা ছিল না, লাঠি চালাতে জানেনা, চোখে দেখতে পারেনা, এই সব মানুষদের উপর পুলিশের লাঠি চালানো হল, তাদের উপর অত্যাচার করা হল।

তাদের উপর অত্যাচার করা হল এবং পরবর্তীকালে লোকসভায় বলা হল যে একটা ইনকোয়ারি কমিশন করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার পর থেকে এখন পর্যন্ত আমাদের দেশে এই যে ইনকোয়ারি কমিশন হয়ে আসছে সেই ইনকোয়ারি কমিশনের কথা বলতে গিয়ে আমি আপনার মাধ্যমে ২/১টি ঘটনার কথা এই সভায় রাখব। যেখানে পুলিশ অত্যাচার করেছে বলে অভিযোগ উঠেছে এবং তারপর কমিশন হয়েছে সেই রকম দু/একটি কমিশনের কথা আমি বলব এবং সে সম্পর্কে বিচারকরা যে রায় দিয়েছেন সেটাও আপনার মাধ্যমে এই সভায় রাখব। মাদ্রাজে, সেখানে সেন্ট্রাল প্রিজনসে ১৯৭৬ সালের ফেব্রুয়ারি মাস থেকে ১৯৭৭ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সেখানকার ডি. এম. কের কিছু রাজবন্দী ছিলেন। জেলের ভেতরে তাঁদের উপর অত্যাচার করা হল! যে সম্পর্কে তদন্ত করেছিলেন মিঃ জাস্টিস এস. এম. ইসমাইল। তিনি সেখানে মন্তব্য করলেন, I am definitely of the opinion that the Jail officials had a regular policy of beating every political detenue at the earliest possible opportunity on their admission and that such beatings had been severe and merciless. এই জিনিস সেখানে চলেছে। আর একটি তদন্ত কমিশনের কথা আমি বলব। ১৯৭৬ সালের ৫ই মার্চ তারিখে ত্রিবান্দ্রমে, সেখানে ভিজন নায়ার নামে একজনকে হত্যা করা হল, পুলিশ হত্যা করল। সে সম্পর্কে মিঃ জাস্টিস বিশ্বনাথ আয়ার অব কেরালা হাইকোর্ট, তাঁর তদন্ত রিপোর্টে মন্তব্য করেন যে, He was inhumanly tortured while at the Crime Branch office

from the time he was taken to that office on the 5th evening and as a result of the torture inflicted on him on the 5th, 6th and subsequent two days he succumbed to it. তারপর আর একটি গুরুত্বপূর্ণ ঘটনার কথা বলি, সেখানে পুলিশ কিভাবে আমাদের দেশে অত্যাচার করে এবং-তা করে আবার সেটা কভার আপ করে তারই একটা জ্বলন্ত দৃষ্টান্ত আমি আপনাদের সামনে তুলে ধরছি। সেখানে মিঃ জাস্টিস সুকতারদার অব দি অন্ধ্রপ্রদেশ হাইকোর্ট তদন্ত করেছিলেন। সেখানে রামিজা বি নামে এক মহিলা তার উপর পুলিশ অত্যাচার করেছিল এবং সে সম্পর্কে তদন্ত হয়েছিল। এই রামজি বি যাকে পুলিশ মারধোর করেছিল, দারোগা এবং পুলিশ কনস্টেবল এই দুজনে মিলে যাকে ধর্ষণ করেছিল এবং যার স্বামীকে পিটিয়ে মেরে ফেলেছিল সে সম্পর্কে সেখানে তদন্ত হয়েছিল। To cover up its misdeeds, the police branded her a prostitute and brought confessed pimps and prostitutes as its witnesses. Ismail and Muktadar reports found medical practitioners prostituting themselves to help the police in their nefarious deeds. এই ক্ষেত্রে মন্তব্য করা হয়েছে, The Muktadar Commission found that Dr. P.P. Khandlikar, professor of Forensic medicine, Osmania Medical College, has stoped down to the lowest depths at the zenith of his carrier by making interpolations in the original reports in orde to minimise the seriousness of the injuries with a view to show in the case of the deceased that the death was due to natural cause of coronary thrombosis and in the case of Rameeza Bee, that no rape was committed on her. এই জিনিস হয়েছে, এই জিনিস আমাদের দেশে চলছে, উত্তরাধিকার সূত্রে এটা আমরা পেয়েছি। পুলিশ দীর্ঘকাল ধরে বিশেষ সুযোগ সুবিধা পেয়ে আসছে। বিনয়বাবু বলেছেন, একজন দারোগা কলকাতার বুক থেকে নাকি ২৭ লক্ষ টাকা অস্ট্রেলিয়া পাঠিয়ে দিতে পেরেছিল। ইংরাজ আমল থেকে এবং কংগ্রেসি আমল থেকে যে সুযোগ তারা পেয়ে আসছিলেন আমাদের বামফ্রন্ট সরকার আসার পর, গণজাগরণের পর, জনসাধারণ যখন দুর্নীতির বিরুদ্ধে রুখে দাঁড়াতে সক্ষম হলেন তখন আমরা দেখেছি পুলিশ সাময়িককালের জন্য ঘর্তাভজা হিসাবে বামফ্রন্ট সরকারকে একটু সাহায্য করেছেন, কিন্তু যেদিন দিল্লির প্রশাসনে পরিবর্তন হল সেদিন থেকেই দেখছি পশ্চিমবঙ্গেও তার ফল ফলতে শুরু করেছে।

[5-15 — 5-25 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ফেব্রুয়ারি মাসে দিল্লিতে ভোট হয়ে গেল, ইন্দিরা গান্ধী এলেন। তারপর এই কলকাতার আলিপুরের যেটা বি. জি. লাইন, একটি প্রোটেকটেড এরিয়া, সেখানে একটি বিজ্ঞাপন বেরোলো। সেই বিজ্ঞাপনটি সম্পূর্ণ হিন্দিতে লেখা এর একা বাংলা বিজ্ঞাপন পাওয়া যায় কিনা চেষ্টা করেও পাইনি। হিন্দীতে বিজ্ঞাপনটি প্রকাশ করে বলা হয়েছ। "पुलिस भाइयो सावधान, कहीं आगे की हाल न हो जाय। এই কথা বলা হচ্ছে। আমি জানি না স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টিতে এটা এসেছে কিনা। কিন্তু একটা প্রোটেকটেড প্লেসে এই বিজ্ঞাপন লাগানো হয়েছে। আমি হিন্দী ভাল করে পড়তে পারি না। আমি আপনার কাছে বিজ্ঞাপনটি দিয়ে দেব। শুধু কয়েকটি অংশ পড়ে শোনাতে চাই।

বডিগার্ড লাইন, প্রোটেকটেড এরিয়ায় এই বিজ্ঞাপনটি লাগানো হয়েছে। এতে বলা হচ্ছে কলকাতার হত্যাকাণ্ড সম্পর্কে আদালতে বিচারের মধ্য দিয়ে মঙ্গল সিং, অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব পুলিশ, চিত্তরঞ্জন গাঙ্গুলি, সাব ইনসপেক্টর অব পুলিশ, বিমল ঠাকুর, সার্জেন্ট অব পুলিশ, অনিল মিশ্র, ইনসপেক্টর অব পুলিশ যাদের সাজা হল সেই সাজা সম্পর্কে ওরা বলছেন আমরা কর্তব্য কর্ম করতে গিয়েছিলাম। এই কর্তব্য কর্ম করতে গিয়ে পুলিশ যাদের হত্যা করল—পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরে যারা মারা গেলেন তাদের আত্মীয়স্বজনরা মারা গেছেন, তারাও সাজা পেল। তারা বলছেন পশ্চিমবাংলায় নতুন সরকার তৈরি হবার পরে—ওরা যে কথা বলছেন এই সরকার নাকি আলিমুদ্দিন স্ট্রিট থেকে প্রমোদবাবু চালান—সেই প্রমোদবাবুর নির্দেশে বিচারকরা নাকি যথাযথ বিচার করে নি—এই কথা বলে ডাক দেওয়া হয়েছে। আমি যেকথাটা বলতে চাইছি সেটা হল এই, এটাকে শুধু একটা বিজ্ঞাপন বলে গণ্য যেন না করা হয়, এর জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই বিজ্ঞাপনে কয়েকটি কথা বলা হচ্ছে, एई स्थिति में हम सब मिलकर रहेंगे, तथा कन्धे से कन्धा मिलकर काम करेंगे। हम लोग आपने बचाव के लिए, अपने बाल-बाच्चें के कल्याण के लिए किसी भी परिस्थिति में लाठी नहीं चलायेंगे। এবং এই করে বারে বারে বলা হচ্ছে সরকারি সম্পত্তি নষ্ট হয়ে যাক, আমরা লাঠি চালাব না, কোন ব্যবস্থা করব না। মানী লোকেরা অপমানিত হোক, আমরা কোন ব্যবস্থা করব না। এই বিজ্ঞাপন কোন পুলিশ অ্যাসোসিয়েশনের নামে নেই, বিজ্ঞাপন প্রকাশকের নাম নেই, হিন্দীতে ছাপা হয়েছে। সেটা ব্যারাকে লাগাবার চেষ্টা করা হচ্ছে। এই করে বলা হচ্ছে বামফ্রন্ট সরকারের নির্দেশ যেন আজকে না মানা হয়। সেই সব কথা কিছুক্ষণ আগেই আমরা হাউসে শুনেছি। বলা হয়েছে পুলিশ বিদ্রোহ করবে। আমরা এই কথা বলে দিতে চাই আজকে পশ্চিমবাংলায় এর থেকে শিক্ষা নেওয়া প্রয়োজন। গণতান্ত্রিক ব্যবস্থা ভেঙ্গে দিলে কি দাঁড়ায় তার প্রকৃষ্ট প্রমাণ পাকিস্তানে দেখেছি। পূর্ব পাকিস্তানে গণতান্ত্রিক শক্তি নষ্ট করে দেওয়া হয়েছিল। পাকিস্তান ভেঙ্গে টুকরো টুকরো হয়ে গেছে। আজকে পশ্চিমবাংলার গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে যদি কোন বিদ্রোহ রচনা করা হয় তাহলে এই কথা বলছি সারা ভারতবর্ষের ইতিহাস এই পশ্চিমবাংলা থেকে পরিবর্তিত হয়ে যাবে। কাজেই বিদ্রোহের কোন উস্কানি আপনারা দেবেন না। আপনাদের অসুবিধা হচ্ছে, ভোলাবাবু বলেছেন ভীষণ দুঃখ হয়েছে। কারণ এস. পি. র সাসপেন্স অর্ডার উনি রুখতে পারলেন না। কারণ তিনি কোর্টে যেতে পারলেন না, এই জন্য ভীষণ দুঃখ হয়েছে। ভোলাবাবুরা প্রমোদবাবুর বক্তব্য দিয়ে বলেছেন দুষ্কৃতকারী টিকে থাকতে পারত না যদি কিনা পুলিশ ওদের সঙ্গে সহযোগিতা না করত—প্রমোদবাবু একটু ভুল করেছেন বলে আমার ধারণা। ওখানে একটি শব্দ যুক্ত করে দেওয়া উচিত ছিল। পুলিশের সঙ্গে ভোলাবাবুর মত টাকাওয়ালাদের টাকা দিয়ে কেনা যায়, ব্যারিস্টারদের কেনা যায়—তা যদি না থাকত তাহলে দুষ্কৃতকারীরা সমাজে টিকে থাকতে পারত না। ওরা আছেন, ওরা নিয়ে যান মামলা হাইকোর্টে এবং সেখানে গিয়ে ইনজাংশান নিতে পারেন। এই ইনজাংশান আনতে পারেন নি তাই বহু কষ্ট হয়েছে, এই ইনজাংশান নিতে পারেন নি, তাই ওঁর এত দুঃখ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে একটু সজাগ হতে বলব। তিনি তাঁর বাজেট বক্তৃতায় সজাগ

হয়েছেন রাজনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ করেছেন। কিন্তু তাঁর দপ্তরের দিকে একটু লক্ষ্য রাখা দরকার। আমার মনে হয়েছে ঐ জৈল সিংয়ের বক্তৃতায় শুনলাম ডান্ডা টুট গেলে প্রশাসন চলবেনা। কলকাতায় একটি পুলিশ কমিশনার আছে তার নাম নাকি হান্ডা। দিল্লির ডান্ডা আর এখানকার হান্ডা মিলে কতকগুলি কাণ্ড হচ্ছে সেটা হচ্ছে এখানে জনসাধারণকে বোধ হয় ঠাণ্ডা করার জন্য এই হাণ্ডা সাহেব একটা চেষ্টা চালাচ্ছেন। আমরা সংবাদ পেয়েছি যে ঐ হাণ্ডা সাহেবের শ্বশুর বাড়ি হচ্ছে রায়বেরিলিতে এবং সেই রায়বেরিলিতে ইন্দিরা এসে যে বাড়িতে থাকে সেই বাড়ির নাম হচ্ছে কিংস কোর্ট এবং ঐ কিংস কোর্ট-এর পাশের বাড়ি মিঃ ভাটনগরের যিনি হাণ্ডা সাহেবের শ্বশুর। এর সাথে কমলনাথের যোগাযোগ রয়েছে। চক্রান্তের জাল সেখান থেকে বিস্তৃত করার চেষ্টা করা হচ্ছে। তারাই চেষ্টা করে আজকে কিভাবে এই ধরনের নানা রকম বিজ্ঞাপন প্রোটেকটেড এরিয়ায় সংরক্ষিত এরিয়াতে চুপি চুপি ছড়িয়ে দিয়ে নানা রকম পদ্ধতিতে বেইজ্জতি ঘটাবার চেষ্টা করছে। সে সম্পর্কে সজাগ থাকার দরকার রয়েছে আজকে এই হাউসে রেফার হয়েছে কংগ্রেস পার্টি থেকে মাননীয়া সদস্যা অপরাজিতা গোপ্পী তুলেছেন হুগলি জেলার একটি ঘটনা ধান লুট নাকি হয়ে গিয়েছিল এবং বন্দুক নাকি ছিনতাই হয়ে গিয়েছিল। এই ঘটনা রেফার হয়েছে এই হাউসে। ব্যাপারটা কি জমি চাষ করেছে কৃষক এবং সেই কৃষক আমাদের দলের সঙ্গে যুক্ত গত শনি রবি সোমবার আমাদের কৃষক সম্মেলন হয়েছিল বহরমপুরে। তারা জানল যে এই কৃষক তো বাড়িতে নাই সম্মেলনে গিয়েছে। তখন পুলিশের সঙ্গে যোগাযোগ করে সেই ধান কেটে নিয়ে এলো। এই কথা শুনে গ্রামের লোক মেয়েরা বেরিয়ে এলো এবং তারা আপত্তি করল আমাদের লাগানো ধান গম আপনারা নিয়ে যাবেন না। পুলিশ তাদের গ্রেপ্তার করল এবং সেখানে আমাদের এক ব্যক্তির মাথা ফেটে গেল এবং পুলিশ মেয়েদের উপরও অত্যাচার করেছে এবং সেখান থেকে তাদের গ্রেপ্তার করে নিয়ে আসা হোল। আজকে এই সব থেকে সজাগ থাকতে হবে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়। শুধু মাত্র এই গোল ঘরে বসে শুধু হুকুম দিয়ে সরকার চলবে না। সেদিন আর নাই। আজকে জনগণের মধ্যে আস্থা ফিরিয়ে দিতে হবে। কোথায় কোন জায়গায় চক্রান্তকারীরা বসে আছে কোথায় কোন সরকারি কর্মচারী গোয়েন্দার কাজ করছে তিনি কোন দায়িত্বপূর্ণ পদে থেকে পশ্চিমবাংলায় অরাজকতা ও অশান্তির প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এ দিকে স্বরাষ্ট্র মন্ত্রী লক্ষ্য রাখতে হবে। কারণ আমাদের কাছে পরিষ্কার হয়ে গেছে নারায়ণপুরে উত্তর প্রদেশে সেই পুলিশ লাগিয়ে সংখ্যালঘুদের উপর অত্যাচার করেছিল সেখানে পুলিশ নারী ধর্ষণ করেছিল অর সেই ঘটনার পরে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী বানারসী দাস বলেছিলেন তদন্ত কমিশন বসাবেন হাইকোর্টের জর্জকে নিয়ে। প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী অপেক্ষাও করলেন না। উত্তর প্রদেশের গণতান্ত্রিক বিধানসভাকে ভেঙ্গে দেওয়া হোল। ফলটা কি হোল আজকে পুলিশ মনে করল আমরা যদি অত্যাচার করি আমরা যদি নারী ধর্ষণ করি আমরা যদি বলাত্কার করি তাহলে পুরষ্কার আসবে দিল্লি থেকে। আজকে আমাদের সেই দিক থেকে সজাগ থাকতে হবে। আজকে উত্তর প্রদেশে যে ঘটনা ঘটেছে আমরা জানতে চাই ইন্দিরা গান্ধীর কাছ থেকে যে সেখানে তদন্ত কমিশন হবে কিনা। দোষী পুলিশ কর্মচারীদের শাস্তি হবে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি তদন্ত কমিশনে বিশ্বাস করি না, কারণ বহু তদন্ত কমিশন হয়েছে রিপোর্ট তাতে কেবল একটা বই একটা রিপোর্টই হয় আর কিছু হয় না। আজকে নয় যে ইংরাজ প্রশাসন সম্বন্ধে আমরা এতো প্রশংসা করি সেখানকার পুলিশ

সম্পর্কে অনেক ভাল ভাল কথা শুনেছি যারা বিলাতে গিয়েছে বা আছে তারা বলতে পারবেন। আমি শুনেছি সেই ইংল্যাণ্ডে হাউস অব কমনসে গত ২৫শে জানুয়ারি তারিখে সেখানকার একটা রিপোর্ট বেরিয়েছে যে ১৯৭০ সাল থেকে ১৯৭৯ সাল পর্যন্ত পুলিশ কাস্টোডিতে .২৪০ জন লোক মারা গিয়েছে।

[5-25 — 5-35 P.M.]

এই ঘটনা নিয়ে ইংল্যাণ্ডে আলোড়ন হয়েছে। ইংল্যাণ্ডের পার্লামেন্টে এই ঘটনাকে ভিত্তি করে হাউস অ্যাফেয়ার্স সিলেক্ট কমিটিতে বিষয়টি যখন পাঠানো হয়েছে তখন পার্লামেন্টের লেবার পার্টির সদস্য, আলেকজান্ডার লাইয়ন, তিনি একটা বক্তব্য রেখেছেন। আমি সেটা আপনার মাধ্যমে এখানে রাখতে চাই। তিনি তাতে বলেছেন। 'The Concern of the people is not the individual details of individual deaths but whether the systems as a whole needs some looking at.' একটা লোক পুলিশের অত্যাচারে কিভাবে মারা গেল। এটা একটা পোস্টমর্টম করে এই জিনিসের সুরাহা পাওয়া যায় না। আমি মনে করি গোটা বিষয়টা নতুন দৃষ্টিভঙ্গি দিয়ে দেখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথায় বলে ডাক্তার হচ্ছে লাইসেনসেড মার্ডারার। ঠিক তেমনিভাবে বলা যেতে পারে কোন কোন ক্ষেত্রে যদি অসৎ পুলিশ কর্মচারী, যাদের হাতে অস্ত্র থাকে দে আর লাইসেনসেড গুণ্ডা। এই পুলিশের হাতে বন্দুক থাকে, লাঠি, থাকে, গুলি থাকে, তাদের মধ্যে কেউ কেউ আন্দোলন করে। এই আন্দোলনের খবর আসার পর এই আইনের মধ্যে এমন কোন সংস্থা করা দরকার, যে সংস্থা এদের বিরুদ্ধে সামারি পানিশমেন্টের ব্যবস্থা করতে পারবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সবশেষে ২/১টি সাজেশান মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখব। আমরা চাই, আজকে পশ্চিম বাংলায় ঐ এন. সি. সি. বলুন, এন. ভি. এফ. বলুন, বয়েজ স্কাউট বলুন, এদের মধ্যে থেকে বেশ কিছু ডিসিপ্লিনড ছেলে বের হচ্ছে। এদের চাকুরী পাবার ক্ষেত্রে চিন্তা করা দরকার যদি নতুন করে পুলিশ ব্যবস্থাকে করতে হয়। সীমান্তবর্তী যে সমস্ত এলাকা বিশেষ করে সেই সমস্ত জায়গায় সমাজ বিরোধী কার্যকলাপ বেড়ে যাচ্ছে। কাজেই সেই সমস্ত জায়গায় নতুন নতুন আউটপোস্ট খুলতে হবে। এই কাজ করার জন্য বাজেটে অর্থ বরাদ্দ করতে হবে। এক দিকে শক্তিশালী অংশের বিরুদ্ধে লড়াইয়ের ব্যবস্থা, অন্য দিকে সমাজ বিরোধী কার্যকলাপ যেভাবে বাড়ছে, নতুন নতুন সমাজ বিরোধী কার্যকলাপও শুরু হয়েছে যেগুলির কথা ছোটবেলায় আমরা শুনিনি সেগুলি দেখতে হবে। আমরা সিদ্ধার্থ সম্পর্কে শুনেছিলাম যে হঠাৎ তিনি কপিলাবস্তু ত্যাগ করেছিলেন। আর এক সিদ্ধার্থের আমলে এক মন্ত্রীর নাম শুনলাম, তিনি আব্দুস সাত্তার। আর কিছুদিন আগে নতুন কথা শুনতে শুরু করলাম, সেটা হচ্ছে সাট্টা। এই খেলার কথা আগে কখনও শুনিনি। কংগ্রেস আমলে এই নতুন খেলার আমদানি হয়েছে। এই সাট্টা খেলা এবং আরো নতুন নতুন জিনিস আমদানি করে আজকে গোটা পশ্চিমবাংলাকে তারা অধঃপতনে পাঠাবার যে রাস্তা এই পুঁজিবাদী ব্যবস্থায়, ধনবাদী ব্যবস্থায় করেছেন, সেটাকে রক্ষা করবার জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। আমি আশা করব এই সুপারিশগুলি মনে রাখবেন। এই কথা বলে বাজেটকে পুর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**श्री रविशंकर पान्डे**

माननीय अध्यक्ष महोदय, वैसे तो कांग्रेसी प्रशासन की तुलना में बाम-पन्थी मोर्चे की सरकार ने अपरोधें। पर कुछ कन्ट्रोल किया है, परन्तु इतने ही कन्ट्रोल से काम नहीं चलेगा। सम्पूर्ण अपराधों को निर्मूल करने के लिए अग्रसर होना चाहिए। मै गृहमंन्त्री से निवेदन करुंगा कि इस पर विशेष ध्यान दें। आज पुलिस खाते में ६८ कोड़ ९२ लाख रुपया रखा गया है। इतना रुपया अगर पुलिस खाते में व्यय किया जायगा तो देश के उन्नयनमूलक कार्यो में बाधा पहुँचेगा। वाम-फ्रान्ट सरकार की घोषित नीति है कि गरीबों और मंजदूरों को पुलिस नहीं सतायेगी। मजदूर शान्तिपूर्ण तरीके से अपने मांग की आदायगी मालिक से करा सकते हैं। किन्तु देखा जाता हैं कि पुलिस मालिकका ही पक्ष लेती है और मजदूरों तथा गरीबों को डण्डों से पीटती है। कांग्रेस के समय वैसे पुलिस का अत्याचार और अधिक था। फिरभी मैं कहूँगा कि इस सरकार को पुलिस पर और अधिक अंकुश लगाना चाहिए ताकि निर्दोष गरीब और मजदूर न सताये जाँय। पुलिस इनपर गोली न चला सके। पुलिस के अत्याचार और ज्यादती को रोकने के लिए पुलिस मंन्त्री को चाहिए कि एक निरपेक्ष इन्क्वायरी बैठाकर जाँच करवायें ताकि पुलिस निरंकुश न बने और रोटी-रोजी कमाने वालोंके पथ में बाधक न बने। मजदूरों के प्रदर्शन करने पर पुलिस बाधा देती हैं, उनको पीटती हैं, इसको रोकना चाहिए। कांग्रेसी शासन में पुलिस निरंकुश हो गई थी पर अब बामफ्रान्ट की सरकार के टाइम में इसे रोकना होगा। विशेष ध्यान रखना होगा कि पुलिस पर हमेशा अंकुश लगा रहे। वाम-पन्थी मोर्चा के ३६ दफा घोषित नीति के अनुसार ब्लेक मार्केटियरों और गुण्डों को दबाना जरुरी है।

लेकिन बड़े दुख के साथ कहना पड़ता हैं कि लाल बाजार में काले बाजारी और आसमाजिक व्यात्तियों को पकड़कर लाने पर छोड़ दिया जाता हैं। उनके साथ भद्रता और मानवता का व्यवहार किया जाता हैं। किन्तु परमार्थ और राजनीति में काम करने वाले या दूसरे लोगों के साथ पुलिस निर्मम व्यवहार करती हैं। उनको तरह-तरह के कष्ट दिए जाते हैं। यहाँ तक कि पायखाने से आने के बाद हाथ धोने के लिए साबुन तक नहीं मिलता हैं। मुख धाने के लिए दातौन, नहाने के लिए तेल

तक नहीं मिलता हैं। पुलिस जोर करके १५ दिनों तक असामी को सेन्ट्रल लॉकआप में रख देती है और नाना प्रकार की असुविधा देती है। मैं अनुरोध करुँगा कि पुलिस मंन्त्री इन सब के लिए सुविधा प्रदान करें और पुलिस खाते से रुपया काटकर इनकी सुविधा की और ध्यान दें। साधारण जनता को पुलिस जुल्म और साजिश से रक्षा करना इस सरकार का काम है। दुख के साथ कहना पड़ता है, कि सारे देश की पुलिस की भाँति यहाँ की भी पुलिस गरीबों और मजदूरों को सता रही है। पुलिस के सहयोग से अपराध बढ़ रहे हैं। पुलिस अपराधों को कम करने के बजाय उनकी संख्या को बढ़ा रही है। छोटा दुकानदार हॉकर, ठेलेवाला और रिक्सावाला, टेम्पूवाला सभी पुलिस की ज्यादती से तंग हैं। थाने में केस दर्ज नहीं होता। पुलिस के बिरुद्ध बोलने पर पुलिस पाबलीक को झूठे केस में फँसा देती है। पुलिस मंन्त्री को इस ओर ध्यान देना चाहिए ताकि स्वच्छ प्रशासन पश्चिम बंगाल में चल सके।

एक करोड़ २६ लाख रुपया इन्फोर्समेन्ट के लिए खर्च किया जायगा। इन्फोर्समेन्ट डिपार्टमेन्ट के कारनामों को देखते हुए, यह रकम वहुत अधिक है। इण्डियन आक्सीन एक वहु राष्ट्रीय औधोगिक प्रतिष्ठान हैं एवं भारत में बृटिश आक्सीजन लि० की एसोशिएटेड कम्पनी हैं। इसके संबंध में मैं कईबार इसी विधान सभामें बोल चुका हूँ। किन्तु बड़े दुख के साथ कहना पड़ता है कि इस बामफ्रन्ट मोंर्चा की सरकार ने कोई एक्शन नहीं लिया। वहाँ होता यह है कि यह कम्पनी भारत के छोटे-छोटे लघु निर्माताओं से सामान बनबाकर उसी सामान को तीन-चार सौ फीसदी मुनाफे पर अपना लेबुल लगाकर बेच रही है। कुछ छोटे-२ व्यापरियों ने इसकी शिकायत मनोपोली कमीशन से की। कम्पनी के अंग्रेज डाइरेक्टर नाराज हो गए। उन्होंने राज्य सरकार के इनफोर्समेन्ट विभाग से साजिश कर उन व्यापरियों को झुठे पुलिस केस में फँसाया। उनके असली माल को नकली माल करार करवा के उनको गिरफ्तार करवा दिया। उनकी जमानत तक न होने दी। परन्तु मजिस्ट्रेट ने कहा कि माल नकली नहीं है अतएव व्यापारियों को छोड़ दिया जाय।

पुलिस के अत्याचार के संबंध में और कितना कहूँ ? मैं स्वयं बारासात में कोर्ट के सामने आपने आदमियों के साथ शान्तिपूर्वक प्रदर्शन कर रहा था, उस समय पुलिस

ने मेरे उपर लाठी चार्ज किया। शान्तिपूर्वक हड़ताल करने वाले डक श्रमिकों के उपर पुलिस ने गोली चलाई और बड़ी निर्ममता के साथ ५ मजदूरों की हत्याकी। बामफ्रन्ट मोर्चा की सरकारकी पुलिस यह एक जघन्य अपराध किया है। जो क्षमा नहीं किया जा सकता।

स्पीकार महोदय, मैं आपने अंचल के मछुआ बाजार की दुर्अवस्था के संबंध में कुछ कहने के लिए बाध्य हो रहा हूँ। वहाँ की हालत बड़ी ही दयनीय है। सड़कों पर हॉकर और ट्रान्स्पोर्ट वालों की गाड़ियों का हमेशा जमघट लगा रहता है। वहाँ जनता का आवागमन प्रायः बन्द ही रहता हैं। गन्दगी से उस अंचल के निबासी नाना रोगों से आक्रान्त रहते हैं। फिर भी पुलिस असहाय बोध करती है। केवल झुठे ही लाठी पीटकर चली जाती है। इसका कारण यह है कि मछुआ बाजार से पुलिस को दो हजार रुपया महीना मिलता है। इसलिए मैं पुलिस मंन्त्री से अनुरोध करुँगा कि वे इस अंचल के निवासियों के कष्ट को मिटावें और पुलिस को आपने कर्त्तव्य-पालन के लिए बाध्य करें।

मैं माननीय पुलिस मंन्त्री का ध्यान सट्टा जैसी घृणित चीज की और आकर्षित करना चाहता हूँ। खुले आम लोग फुटपाथ पर पेंसिल और कागज लेकर बैठे रहते हैं और लाखों रुपये सट्टे से उपार्जित करते हैं। गरीब मजदूर जो कम पैसे पाकर भी आपना जीवन किसी तरह से निर्बाह करता है, वह धन के लालच में सट्टा खेलने लगता है और परिणाम यह होता है कि भूखों मरता है। पुलिस के सामने यह सट्टाबाजी होती है किन्तु पुलिस मौन होकर देखती रहती है क्योंकि उसे पैसा मिलता है।

सड़कों पर फुट पाथों पर खुले आम मद बिकता है। पुलिस कुछ नहीं बोलती हैं। गरीब लूट लिए जाते हैं। पुलिस केवल आपना पाकिट भरने में लगी रहती है। पुलिस मंन्त्री अगर कड़ाई से दमन नहीं करेंगे तो पुलिस और भी निरंकुश और घूशखोर हो जायगी और सारा समाज परेशानियों से आक्रान्त हो जायगा। अपराधों को रोकना चाहिए चाहे जैसे भी हो। ग्रामों की अवस्था तो और भी शोचनीय हो रही हैं। आयेदिन लूट-पाट और खून खराबा होता रहता हैं। पुलिस अपने कर्त्तव्य पालन में व्यर्थ हो

रही है। मैं पुलिस मंन्त्री से निवेदन करुँगा कि सम्भ्रान्त लोगों की एक कमेटी गठित करनी चाहिए ताकि पुलिस उस कमेटी के निर्देशानुसार काम करे और जन-कल्याणकारी कार्य की और अग्रसर हो। पुलिस मंन्त्री को चाहिए कि वह पुलिस प्रशासन को इतनी दक्षता के साथ चलावें ताकि भारत में वह अनुकरणीय हो जाय।

अध्यक्ष महोदय, माननीय सदस्य श्री देवप्रकाश राय ने जो कहा कि पुलिस को केन्द्र के हाथ में कर देना चाहिए, मैं उनकी बातों से कभी भी सहमत नही हू। इससे कल्याणकारी कार्य नहीं हो सकता है। मैं तो कहूँगा कि पुलिस को पंचायत के अधीन कर देना चाहिए। क्योंकि इससे अपराधों का रोकयाम अधिक हो सकेगा और घुशखोरी भी बन्द हो जायगी। मैं पुलिस मंन्त्री को धन्यवाद देना चाहता हूँ कि वे आपने कठोर हस्त का प्रयोग पुलिस के उपर कर रहे हैं। निश्चय ही यह एक उदाहरण होकर रहेगा। भारत के और राज्य इसका नकल करेंगे।

[ 5-35 — 5-45 P.M. ]

आसाम भवन के सामने कांग्रेस ई० के लोगों ने गत १८-३-८० को जिस सीन को उपस्थित किया था उसे पुलिस मंन्त्री ने जिस कठोरता के साथ दबाया, वह प्रशंसनीय है। कांग्रेस आई० के लोगों ने आसाम भवन के सामने स्कूटर को जलाया, शीशो को तोड़ा फोड़ा। गुण्डागर्दी पर उतारु हो गए थे परन्तु प्रशासन की दक्षता के कारण ही इस आन्दोलन का कोई प्रभाव नहीं पड़ा। मेरी तो समझ में नहीं आता कि जब इन्दिरा गाँधी का ही राज्य आसाम में हैं, तो फिर वहाँ की समस्या क्यों नहीं मिटती। जनमत जगाने के बजाय कांग्रेस ई० वाले देशमें अराजकता फैलाना चाहते हैं। अगर कुछ समस्या का समाधान कराना हो ही तो पार्लामिन्ट में इन्दिरा गाँधी से क्यों नही कराते? असमाजिक तत्वों के प्रश्रय देने की चेष्टा क्यों करते हैं? मैं अपने दक्ष पुलिस मंन्त्री से अनुरोध करुँगा कि जिस साहस का परिचय आपने इस आन्दोलन को दबाने के लिए दिया है, वैसे ही कठोरता के साथ आप पुलिस प्रशासन को सुधारें।

अन्तमें पुलिस मंन्त्री द्वारा उपस्थित वजट का समर्थन करता हूँ। धन्यवाद।

**শ্রী তারকবন্ধু রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশ খাতে যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাইছি। আজকে এই যে সমাজ ব্যবস্থা চলছে এই সমাজ ব্যবস্থাকে আমরা ভাঙতে চাই এবং ভেঙ্গে আমরা যে সমাজ ব্যবস্থা গড়তে চাই সেই সমাজ ব্যবস্থা পুলিশ নির্ভরশীল নয়। কিন্তু আজকের দিনে যে ধনবাদী সমাজ ব্যবস্থা, শোষণ ভিত্তিক সমাজ ব্যবস্থা চলছে তাতে আমরা কি দেখছি? তাতে আমরা দেখছি, আঁতুর ঘর থেকে শ্মশান ঘাট পর্যন্ত পুলিশের প্রয়োজনীয়তা এখানে রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে চারিদিকে চুরি হচ্ছে, ডাকাতি হচ্ছে, রাহাজানি হচ্ছে, আমি সে সবের সংখ্যা-তত্ত্বের দিকটা হাউসের কাছে রাখব কিন্তু সংখ্যা-তত্ত্বের দিকটাই আসল দিক নয় এর গুণগত দিকটাও দেখতে হবে। আজ বামফ্রন্ট সরকার পুলিশকে দিয়ে কি কাজ করতে চায়? পুলিশের মনোভাব গত ৩০ বছর ধরে যেভাবে চলে আসছে তার গুণগত দিকটার পরিবর্তন-সেটাই হলো আজকে মূল বক্তব্যের বিষয়-বস্তু। সেই কথাই আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখতে চাইছি। আজকে দেখা যাচ্ছে এই বামফ্রন্ট সরকার এখানে প্রতিষ্ঠা হবার পর পুলিশ ঐ ধনী জোতদার যাদের সেবা করত তার বদলে এখন তারা নিরীহ কৃষক সাধারণ মানুষের পাশে এসে দাঁড়িয়েছে। তাদের চরিত্রে এই যে গুণগত তফাত দেখা গেছে এটা বিশেষভাবে লক্ষ্যণীয়। ওঁরা আইন শৃংখলার কথা বলেছেন, এ বিষয়ে আমি বলব যে উত্তরপ্রদেশ, দিল্লি, বিহার, কর্ণাটক, অন্ধ্র এদের চেয়ে পশ্চিমবাংলার আইন শৃংখলা অনেক বেশি ভাল। ওঁরা যাদের প্রতিনিধিত্ব করেন তাদের কথায় পুলিশ যায় না বলেই তাঁরা এত অধৈর্য হয়ে পড়ে আইন শৃংখলার কথা বলছেন। অর্থাৎ পুলিশের এই গুণগত পরিবর্তনের দিকটা ওঁরা বুঝতে পারছেন না। তবুও আমি অনুরোধ করব যে আইন শৃংখলার কোন অবনতি না ঘটলেও এ ব্যাপারে আত্মসন্তুষ্টির মনোভাব থাকা উচিত নয় এবং পুলিশ বাহিনী যাতে জনসেবার কাজে নিজেদের নিযুক্ত করতে পারে সেইদিকে দৃষ্টি দিতে হবে। সেইজন্যই মুখ্যমন্ত্রী তাঁর বাজেটে বলেছেন ঐ বিষয়ে তদারকি প্রয়োজন আছে। উত্তর বাংলার বহু থানা আছে সেখানে যদি কোন ঘটনা ঘটে তাহলে পুলিশকে ঠিক সময়ে খবর দেওয়া হলেও গাড়ির অভাবে তারা যেতে পারে না। এই গাড়ির ব্যবস্থা এখুনি করা দরকার। ভোলাবাবু সন্দেশখালির কথা বলে বলবেন যে ৪০০ লোক নিয়ে পুলিশ সেখানে অত্যাচার করেছে, এটা অসত্য কথা ৪০০ লোক সেখানে যায় নি। আসল কথা হল যে ওঁদের নেতৃত্বে পুলিশ এতদিন বড় জোতদারদের হয়ে গরিব মানুষের উপর যে অত্যাচার করছিল সেটা বন্ধ হওয়ায় ওঁরা ধৈর্যহারা হয়ে পড়েছেন। আমাদের মাননীয় সদস্য গণেশ মণ্ডল মহাশয় গিয়ে এইসব দেখে এসেছেন।

[5-45 — 5-55 P.M.]

মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব এই থানাগুলিকে সংস্কার করা দরকার। পুলিশের মধ্যে যে নিয়মানুবর্তিতা থাকা দরকার সে ব্যাপারে পুলিশ বাহিনীর একটি অংশের মধ্যে শৃংখলা বোধের কিছুটা অভাব দেখা গেছে। এ বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার। হকার এবং ফুটপাত সম্বন্ধে কিছু বলব, হকারদের সরানোর জন্য এই সরকার কোটি কোটি টাকার পরিকল্পনা গ্রহণ করেছেন কিন্তু এক শ্রেণীর মানুষ ও পুলিশের সঙ্গে যোগ সাজসে এবং সেখানে কিছু টাকা পয়সার আঁতাত হয়েছে বলে ফুটপাত থেকে হকারদের সরানো যাচ্ছে না। এই দিকে

দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ করছি। কয়েকদিন আগে পেপারে দেখেছিলাম কলকাতা পুলিশ কমিশনার এবং ডেপুটি কমিশনারের মধ্যে একটা চক্রান্ত চলছে। এ বিষয়ে তদন্ত করে একটা ব্যবস্থা গ্রহণ করা দরকার। কলকাতা শহরের দক্ষিণ এবং উত্তর পূর্ব অঞ্চলে এক শ্রেণীর পুলিশের সঙ্গে যোগাযোগ করে সেখানে আইন শৃংখলার অবনতি ঘটানোর চেষ্টা চলছে এটা যেন না ঘটে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পরিশেষে বলতে চাই ফৌজদারি মামলাগুলির সম্বন্ধে পুলিশ যদি সজাগ থাকে এবং রিপোর্ট যদি ঠিকমত পাঠাতে পারে তাহলে গরিব মানুষের হয়রানি কম হয়। কোলিয়ারী অঞ্চল ও রেলের ইয়ার্ডে বিশেষ পুলিশের ব্যবস্থা করা দরকার। তা না হলে সেখানে অশুভ ঘটনা ঘটতে থাকবে। মফঃস্বলের থানাগুলিতে কনস্টেবলের চেয়ে অফিসারের সংখ্যা বেশি এবং নিচের পুলিশের মধ্যে নানারকম অসন্তোষ আছে, এটা যাতে দূর হয় সেদিকে লক্ষ্য রাখবেন। পুলিশ প্রশাসনিক কাঠামোকে আরও যুগোপযোগী করতে হবে। লকাপগুলি যা থানায় আছে সেগুলি সংস্কার করা দরকার এবং থার্ড ডিগ্রি মেথডের সংস্কার করা দরকার। আশা করি এদিকে আপনি দৃষ্টি দেবেন। এই কথা বলে ব্যয় বরাদ্দকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Amalendra Roy :** Dr. Abedin, you will now support the demand.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker Sir, Mr. Roy of R.S.P. has demanded from me to support the demand. I would have been happy if I could extend. Unfortunately there are some difficulties. মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ এবং যুগপত্ অভিনন্দন এইজন্য যে তিনি পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ বক্তব্য রাখতে গিয়ে মূলত অর্থনৈতিক সমস্যা নিয়ে আলোচনা করেছেন। যে বিবৃতি তিনি এখানে উপস্থাপিত করেছেন মূলত এটা অর্থমন্ত্রীর বিবৃতি, পুলিশ মন্ত্রীর বিবৃতি নয়। আমি তাঁর কাছে সরাসরি প্রশ্ন করতে চাই অর্থনৈতিক যে বৈষম্য এবং দাবির কথা এখানে বলেছেন সমাজ কি আপনার কাছে দাবি করতে পারে না শান্তি? পশ্চিমবঙ্গে কি আজকে শান্তি আছে? পশ্চিমবঙ্গে কি আজকে কোন প্রশাসন আছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মানুষের মৌলিক দাবি যদি রুজিরোজগারের দাবি হয় তাহলে যে বক্তব্য এখানে তুলে ধরেছেন, অর্থনৈতিক বৈষম্যের সঙ্গে আমি অনেকাংশে একমত হতে পারি, কিন্তু এরজন্য কি এই কৈফিয়ত দেওয়া চলে সমাজে শান্তি থাকবে না, নিরাপত্তা থাকবে না? এটা কি কোন অজুহাত হতে পারে? মাননীয় মুখ্যমন্ত্রীকে কি জিজ্ঞাসা করতে পারি ভোটের আগে আপনারা বলেছেন জেনারেল অ্যামনেস্টি আজকে কি খতিয়ান নেওয়ার অবকাশ হয়নি হাজার হাজার যে ক্রিমিনাল ছেড়ে দিয়েছেন বোথ কনভিক্টেড অ্যান্ড আন্ডার-ট্রায়াল তার ফল সমাজে আজকে কিভাবে প্রতিফলিত হয়েছে, ক্রাইম বেড়েছে কি বাড়েনি? ইন এ ডেভেলপিং ইকনমি বাড়তে পারে, আপনার সঙ্গে অনেক জায়গায় একমত হতে পারতাম, কিন্তু আপনাদের ইচ্ছাকৃত ত্রুটি কিংবা উদ্দেশ্য প্রণোদিত কিছু কর্মের জন্য সমাজে শান্তি যদি বিঘ্নিত হয় তাহলে তার পুরো দায়িত্ব আপনাদের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বার বার ৩০ বছরের কথা এঁরা বলেন, ৩০ বছরে এইভাবে কোন রুলিং পার্টি এত হিউজ অ্যান্ড ব্রুট মেজরিটি নিয়ে পশ্চিমবঙ্গের সরকার গঠন করেছেন? সরকার পক্ষের সৈন্য সামন্ত দেখে মনে হয় এ যেন কুরু সেনা, এ যেন কৌরব পক্ষ, যার ফলে সমাজে আজকে ফৌজদারি মোকদ্দমা তুলে নিয়ে কন্‌ভিক্টেড আসামিকে খালাস দেওয়ার

সিদ্ধান্ত নেন তাহলে বিচারালয়ের সার্থকতা থাকে কি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গল্প বলি। এককালে এখানে সাদা চামড়ার প্রভাব ছিল, চা-বাগান, জুট মিলের মালিকরা ছিল সাদা চামড়ার। সাদা চামড়াদের জন্য ফার্স্ট ক্লাস কোচ রিজার্ভ ছিল। দৈবাৎ এক বাঙালি পুরুষ ফার্স্ট ক্লাসে ঢুকলে সাদা চামড়া তাঁকে চ্যালেঞ্জ জানালেন নিগার, ব্লাডি গেট আউট। দিস ইজ রিজার্ভড ফর হোয়াইট পিপল। অনেক ধস্তাধস্তির পর যখন বাঙালি পুরুষ সাদা চামড়ার বুকের উপর উঠে বসেছে তখন তার যে আর্দালি ছিল সে দূরে সরে গেছে। পরে যখন আর্দালিকে জিজ্ঞাসা করল যে তুমি কোথায় ছিলে, আর্দালি বলল—ম্যায় তো সাহাব খুব নজদিক মে থা। সাহাব যব আপকে শিরকে উপর চড় গয়া তো হামারা কুচ জরুরত আয়া থা ম্যায় দূর চলা গয়া থা। আজকে জ্যোতি বাবুকে জিজ্ঞাসা করতে চাই সি পি এম-এর যেখানে আঞ্চলিক বৈষম্য যেরকম আছে রাজনৈতিক শক্তির বৈষম্য-এর তারতম্য আছে সেখানে সেইরকম। যেখানে সি পি এম আক্রান্ত হয় সেখানে পুলিশ তৎপর হয়, সক্রিয় হয়, আর যেখানে সি পি এম আক্রমণ করে সেখানে দুঃখের সঙ্গে একথা বলতে চাই যে পুলিশ অত্যন্ত নিষ্ক্রিয় থাকে এবং নেতিবাচক ভূমিকা গ্রহণ করে অভিযোগ গ্রহণ করে এবং লিপিবদ্ধ করতে আপত্তি করে। দিস ইজ দি হায়েস্ট ফোরাম ইন দি স্টেট, এখানে আপনাদের জনৈক এম এল এ, নাম আমি করতে চাই না, বক্তৃতার তারিখ ৩.৯.৭৭ এবং ১.৭.৭৭, এখানে বক্তৃতা করেছেন, আমাকে অবলম্বন করে বক্তৃতা হয়েছে বলে আমি লজ্জিত, আমি জিজ্ঞাসা করতে চাই এপ্রিলের পর থেকে তো আমি ছিলাম না, মুখ্যমন্ত্রী তখন বিপুল দায়িত্ব নিয়ে, বিপুল কৌরব সেনা নিয়ে এখানে প্রতিষ্ঠিত, সরকার পক্ষের একজন বলেছেন ওর বাড়িতে চুরি হল, ঐ চুরিকে কেন্দ্র করে সি আই ডি ডিপার্টমেন্টের ইনস্পেক্টর, সামথিং একটা নাম আছে, আমি নামগুলি করতে চাই না, তিনি ইনকোয়ারি করে ক্রিমিনালকে ধরলেন, তিনি নাকি আমার আত্মীয়, আমি ইন্টারফিয়ার করেছি। আপনি তো ক্ষমতায় ছিলেন, হোয়াই ডু ইউ লিসেন টু ইট? কি অধিকার ছিল আপনার? স্যার, আপনার আত্মীয় যদি কোন অপরাধ করে তাহলে আপনি কি তাকে ছেড়ে দেবেন আপনার প্রভাবে? আমরা যদি প্রভাব বিস্তার করি তাহলে সেটাতো উদার কণ্ঠে আপনারা ব্যক্ত করেন। আপনাদের পক্ষের এম. এল. এ. তার আশ্রয়ে রয়েছে বাংলাদেশের একজন নাগরিক। আমি লিখিতভাবে কমপ্লেন করেছি কিন্তু এতটুকু সৌজন্য বোধ নেই যে আমাকে একটা উত্তর দেয়। আপনাদের খাতায় তিনি নাম লিখিয়েছেন এবং তিনি ব্যক্তিগতভাবে আমাকে জড়িত করে এখানে বক্তব্য রেখেছেন। এটা বিধানসভার রেকর্ড বলেই আমি উল্লেখ করলাম।

[5-55 — 6-05 P.M.]

**শ্রী জ্যোতি বসু:** আপনি কি বলছেন, আমি তো বুঝতে পারিছ না?

**ডাঃ জয়নাল আবেদিন:** আমার বাড়িতে চুরি হয়েছে এবং ক্রিমিনাল ধরা পড়েছে কিন্তু আশ্চর্যের বিষয় তা সত্ত্বেও এর কোন প্রতিকার হয়নি।

**শ্রী জ্যোতি বসু:** সে কথা এখন বলছেন কেন?

**ডাঃ জয়নাল আবেদিন:** আমি আগেও বলেছি, এবং আমার কাছে সমস্ত করসপনডেনস রয়েছে। আই অ্যাম প্রিপেয়ার্ড টু সাপ্লাই অল দি ডকুমেনটস। ইট ইজ এ পার্ট অফ দি

রেকর্ড অফ দি হিস্ট্রি। এটা বিধানসভার রেকর্ড, আমার কথা নয়। আমার বিরুদ্ধে এই হাউসে বলেছে, আপনি তার কি অ্যাকশন নিয়েছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী অকারণে উত্তেজিত হচ্ছেন। আমি যদি তাঁকে আঘাত দিয়ে থাকি তাহলে আমি দুঃখিত।

**শ্রী জ্যোতি বসু:** আপনি কাট মোশন দিলেন না কেন?

**ডাঃ জয়নাল আবেদিন:** আই অ্যাম মেকিং এ রেফারেন্স অনলি। আমি দেখেছি আপনার পুলিশ, আপনার প্রশাসন, আপনাদের নেতৃত্বে সেখানেই সক্রিয় যেখানে আপনারা আক্রান্ত এবং যেখানে আপনাদের স্বার্থ আঘাত পায়। কিন্তু অন্যদের ক্ষেত্রে আপনারা অত্যন্ত নিষ্ক্রিয়, দেখবার প্রয়োজন বোধ করেন না। আমি কাট মোশন দিতে চাইনা, কারণ সেটা হবে নিস্ফল। স্যার, আমি একটা অশুভ ছায়া দেখেছি। মাননীয় সদস্য অশোক বসু যে বক্তব্য রেখেছেন তাতে দেখলাম এতদিন ধরে বাইরে যে প্রচার করেছেন এখানেও তাই করলেন। তিনি তাঁর বক্তৃতায় যে আওয়াজ ফুটে উঠেছে তাতে আমি অশুভ ইংগিত দেখছি। আমার মনে হচ্ছে একটা অশুভ আঁতাত, একটা অশুভ সম্পর্ক বোধহয় গড়ে উঠেছে ভোলাসেন মহাশয় বক্তব্য তুলে ধরেছেন স্পেশিফিক ঘটনা দিয়ে অ্যাডমিনিস্ট্রেশনের উপরে। আজকে সরকার পক্ষের সর্বপ্রথম বক্তা যে রাজনৈতিক বক্তব্য এখানে রাখলেন তাতে আমি দেখলাম একটা তোয়াজ, একটা বন্ধুত্ব, একটা সম্পর্ক বোধ হয় গড়ে উঠেছে। যাইহোক এবারে বাজেট প্রসঙ্গে আসি। ইট ইজ নট ইম্পসিবল ইন এ ডেভেলপিং স্টেট যে পুলিশ বাজেট এনহ্যানসড হবে, পুলিশের অ্যামিনিটিস বাড়াতে হবে। কিন্তু মুখ্যমন্ত্রী যখন বিরোধীদলের নেতা ছিলেন তখন তিনি একথা বলে সমালোচনা করেছিলেন যে সোশ্যাল সার্ভিসের ক্ষেত্রে যদি বাজেট এনহ্যানসড না হয় তাহলে কেন পুলিশের ক্ষেত্রে এনহ্যানসড হবে? বাজেট বেড়েছে এটা কোন দোষের কারণ এটা আমি বলছি না। আমার বক্তব্য হচ্ছে যে আপনি পুলিশ প্রসাশনে দক্ষতা বাড়াতে পারেন নি। আমি আপনাকে জিজ্ঞাসা করছি আজকে পুলিশের ক্ষেত্রে যে দক্ষতার অভাব তার কি মূল কারণ এই যে আপনারা উদ্যোগ নিয়ে পুলিশ প্রশাসনের মধ্যে ডিভিসন সৃষ্টি করতে পেরেছেন প্রো-রুলিং ফ্রন্ট অ্যাণ্ড অ্যান্টি রুলিং ফ্রন্ট? পরামর্শদাতা কমিটির উল্লেখ যা করেছেন এটা কি একটা পূর্বাভাষ যে পুলিশকে ডিভাইড কর? আমার বক্তব্য হচ্ছে একদলকে সঙ্গে নিয়ে যদি আর একদলকে বিচ্ছিন্ন করতে চান তাহলে যাদের বিরাট শক্তি আছে তারা কিন্তু অপর পক্ষকে গ্রহণ করবে। কাজেই আমি অনুরোধ করছি দয়া করে এই ডিভাইড অ্যাণ্ড রুল পলিসি গ্রহণ করবেন না। আজকে দুর্ভাগ্যের কথা এই ডিভিসন এসেছে, ডিভিসন এসেছে বলেই আমরা দেখতে পাচ্ছি অধস্তন অফিসার সুপিরিয়র অফিসারকে অপমানজনক চিঠি লিখছে, অপমানজনক ব্যবহার করছে। এটি হতে পারে, কারণ তারা হিউম্যান বিইং রিলেশন মে নট বি কর্ডিয়্যাল অল দি টাইম কিন্তু যে পাবলিসিটি হয়, এর যে প্রচার হয় এর জন্য পুলিশের মরাল ভেঙ্গে যেতে পারে এবং এর জন্য সাধারণ মানুষ হতাশ হতে বাধ্য। আজকে আপনারা পিক অ্যাণ্ড চুজ করছেন, আপনাদের পেটোয়া লোককে প্রমোশন কিংবা প্রোটেকশন দিচ্ছেন আর বিপক্ষের লোককে নাস্তানাবুদ করছেন এটা বোধ করি বাঞ্ছনীয় নয়। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে চুরি, ডাকাতি, খুন, জখমের সংখ্যা আপনারা বলছেন কমেছে কিন্তু আমরা জানি এজাহার লিপিবদ্ধ হয়না। আমি নিজে জানি কেস লিপিবদ্ধ হয়নি বহু এজাহার, বহু অভিযোগ লিপিবদ্ধ হয়নি। তাই আমরা

অনেক জায়গায় দেখেছি থানায় গিয়ে কিংবা যেখানে পুলিশের অফিস সেখানে অভিযোগ করলেও লিপিবদ্ধ করা হয় না, তাই সাধারণ লোক ডাকের মাধ্যমে তাদের অভিযোগ দেবার চেষ্টা করছে। আরেকটা দুর্ভাগ্য সমাজের নৈতিক অধঃপতন এবং কোন জায়গায় অপসংস্কৃতি এরকম আগে কখন দেখা যায় নি, সন্ধ্যার পর এক শ্রেণীর মানুষ দ্রব্যগুণের প্রভাবে এক শ্রেণীর নাগরিক প্রভাবিত হচ্ছে এটা আমি জানাতে বাধ্য হচ্ছি। যাদের হাতে সমাজের শান্তির দায়িত্ব তারাও এ দোষ থেকে মুক্ত নয়। এটা আমি মাননীয় পুলিশ মন্ত্রীকে মনে করিয়ে দিচ্ছি। স্যার, আরেকটা কথা আমি এখানে জিজ্ঞাসা করতে চাই যে মাননীয় মন্ত্রী বলেছেন যে পশ্চিম বাংলায় সামাজিক এবং সাম্প্রদায়িক সম্প্রীতি আছে মাত্র দু-একটি ঘটনা ঘটে গেছে, কিন্তু সেখানে আপনি সত্বর স্টেপ নিয়েছেন কিন্তু এখানে আমরা দেখেছি এগেন দি পুলিশ হ্যাজ বিহেভ ইন এ পার্টিজান ওয়ে। এটা লক্ষ্য করার দায়িত্ব পুলিশ মন্ত্রীর অন্যদিকে আমরা দেখছি কিছু বেরিয়াল গ্রাউন্ড, কিছু ধর্মীয় স্থান বাইফোর্স অকুপেশন করা হচ্ছে থানায় গিয়ে এজাহার দেওয়া হচ্ছে জানানো হচ্ছে কিন্তু কিছুই হচ্ছে না। তাই কোন কোন কাগজে খোলা চিঠি মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে আমরা দেখতে পাই। আমাদের কাছে যেগুলি দেওয়া হয় আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিচ্ছি। ধর্মীয় জায়গাগুলি যাতে অকুপাই না হয় সেগুলি দেখা সরকারের দায়িত্ব যদিও আমি মনে করি এটা নাগরিকদেরও দায়িত্ব কারণ এই ছোটখাট ঘটনা থেকে বিরাট দাঙ্গাহাঙ্গামার সূত্রপাত হতে পারে। আমরা যদি প্রিভেন্ট করি তাহলে অন্য রকমের গ্রুপ এবং কালার এসে যেতে পারে। তাই আমি আপনার কাছে অনুরোধ করব যে সমস্ত চিঠি অ্যাড্রেস টু চিফ মিনিস্টার কপি টু জয়নাল আবেদিন Encroachment some berial ground occupation of some mossque and occupation of wokf property. এইসবগুলি আপনি প্রতিকার করবেন এবং বিশেষ করে দৃষ্টি দেবেন এই আশা আমি রাখি।

[6-05 — 6-15 P.M.]

অন্যদিকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, কি নজর দেবেন, বিরাট এরিয়া, বিশেষ করে ট্রানসফারড এরিয়া ফ্রম বিহার, এর বর্ডার এরিয়াতে বর্ডার সিকিউরিটি ফোর্স আছে কেন্দ্রীয় সরকারের নেতৃত্ব। কিন্তু ক্রাইম যখন সংগঠিত হয়, তখন পুলিশের দায়িত্ব। এই ক্রাইম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে কেন? আমরা দেখছি একই সঙ্গে নরহত্যা-ডাকাতি, একই সঙ্গে পশু লুঠ-নরহত্যা একাধিকবার হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি ক্রাইম বন্ধ হচ্ছে না। মাননীয় মুখ্যমন্ত্রী কি নজর দেবেন? এই সমাজে বৈষম্য আছে বলেই কি মানুষের যাত্রা নিরাপদ হবে না। অ্যাকসিডেন্ট হতে পারে, বাস অ্যাকসিডেন্টে এত লোক মারা গিয়েছে, সেটা বলছি না। আজকে ট্রেনে-বাসে লুঠ হচ্ছে, ডাকাতি হচ্ছে, হীন চক্রান্ত হচ্ছে—এইগুলো বন্ধ করা যায় না? যার জন্য রেলমন্ত্রী স্পর্ধা করে বলেছেন, বিকস অফ দি ল্য-লেসনেস ইন ট্রেনস। আজকে ট্রেনের সংখ্যা এখানে বাড়ানো যাচ্ছে না। যাত্রী সাধারণের জন্য অধিক সংখ্যায় ট্রেন দেওয়া যাচ্ছে না, রেলের ব্যবস্থা করা যাচ্ছে না, ওয়াগানের ব্যবস্থা করা যাচ্ছে না। আজকে মুখ্যমন্ত্রী মহোদয়কে সবিনয়ে আমি অনুরোধ করব যে কথাটা এরা একটু উল্লেখ করেছেন, পুলিশ শুধু ক্রাইম দমনের জন্য, শান্তিরক্ষার জন্য নয়, সর্ববিধ কাজে কি ব্যবহার করা হচ্ছে? এর ভাবনা-চিন্তার সময় এসেছে, ভাবনা-চিন্তা করে দেখতে হবে যে কোন পুলিশ লাগানো

চলে। আপনি তো অভিযোগ অস্বীকার করেছেন। আপনি বলেছেন, সামাজিক ন্যায়-নীতি ব্যবহার করবেন। আমরা দেখতে পাচ্ছি কি, ডেমোনেস্ট্রেশন অন টেনথ অফ জুনে, আমরা তো নিরস্ত্র ছিলাম, আলিপুর জেলে নিয়ে গিয়েছিলেন আমাদের এক হাজার একত্রিশ জন মানুষ। আমরা ছিলাম ইনক্লুডিং ওয়েমেন। আপনারা বলছেন, গণতান্ত্রিক আন্দোলনে, রাজনৈতিক আন্দোলনে পুলিশ ব্যবহার করবেন না। এইখানে কি আপনি পিক অ্যাণ্ড চুস করবেন। I have written to you personally. আমরা অন টেনথ জুন, ১৯৭৯ কিন্তু হোয়াট ওয়াজ দি প্রভোকেশন, আমাদের কাছে তো আরমস ছিল না। I do not support any unruly movement outside. অগ্নি সংযোগ আমি সমর্থন করি না, বাস লুঠ সমর্থন করি না। কিন্তু পিসফুল ডেমোনেস্ট্রশন করে মেমোরেনডাম দেওয়ার অধিকার তো আমাদের আছে। সেখানে পুলিশের লাঠি চার্জের ঘটনার কি কারণ হয়েছিল, কি প্রোভোকেন হয়েছিল? I have written to you personally, I have received your reply also. You have disagreed. কিন্তু আপনার লাঠি তো চালিয়েছিলেন, এই কথা তো অস্বীকার করার কোন উপায় নেই। আর একটা কথা বলি, শ্রী অশোক বসু মহাশয় বলেছেন, পিঁপড়াতে যে ঘটনা ঘটেছে তার কথা, সেটা লজ্জার কথা। আসামে যা ঘটেছে, সভ্যতা-সংস্কৃতির পক্ষে লজ্জার কথা। কিন্তু এতেও তো আশ্বস্ত বোধ করি পিঁপড়ার ঘটনার দায়েরায় সোপর্দ হয়েছে উইদিন এ ফোরট নাইট। এখানে কি হয়েছে। আমি একটি কমিটির সঙ্গে যুক্ত একটি কেস এ্যাজ ফার ব্যাক অ্যাজ ১৯৬৬-৬৭। পুলিশ ইনভেসটিগেশন করছে। আমরা এসেম্বলি কমিটিতে জিজ্ঞাসাবাদ করি, দিস ইজ ১৯৭৯-৮০। আমরা দেখছি, স্টিল আন্ডার ইনভেসটিগেশন। এখানে inordinate delay in the process of investigation and inquiry. এই তৎপরতাকে বাড়াতে হবে। বিচার বিভাগের ডিলের কথা শুধু বললে চলবে না, তদন্তে যে ইনঅর্ডিনেট ডিলে ইন দি প্রসেস হচ্ছে, সেটা দেখতে হবে। অথচ আমরা দেখছি পুলিশ কোথাও কোথাও তৎপর। বিহারের পিঁপড়াতে ঘটনার ১৪ দিনে যদি দায়রায় সোপর্দ করা সম্ভব, এখানকার ইনভেসটিগেশন ১২ বছরে সম্পন্ন হয় না কেন? আমরা ব্যর্থ হয়েছি। আমরা ব্যর্থ হয়েছি, আমরা অধম বলে আপনারা উত্তম হবেন না—এই যুক্তি কিন্তু ধোপে টেকে না। সেইজন্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অনুরোধ করব, আজকে সরকার পক্ষ যেন তৎপর হন ডিলেটা দূর করার জন্য, ইনভেসটিগেশন তাড়াতাড়ি করার জন্য। আর একটা কথা অভিনবভাবে কিছু সংখ্যক খুন এবং রাহাজানি, জখম দেখছি। আমরা অভিনবভাবে দেখছি, প্রকাশ্য হাটে, প্রকাশ্য পাবলিক প্লেসে বারবার এই রকম দেখছি। In my P.S. theıe occured about 30 murders within 6 months. আমি রিপোর্ট দিয়েছি আই হ্যাভ সেন্ট রিটন্ রিপোর্ট। কি প্রতিকার হয়েছে, আমি এর প্রতিকার দেখতে পাইনা, সুড়ঙ্গ আবিষ্কার হয়েছে, তার কি প্রতিকারের ব্যবস্থা হয়েছে, তা জানতে পারিনি। লাস্ট নট দি লিস্ট, আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে তিনি পুলিশকে যেন পার্টিজান ওয়েতে ব্যবহার না করেন এবং পুলিশের মধ্যে ডিভিসন না হয়, তাহলে এটা বুমেরাং হয়ে আসতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এটা সুসময় কি দুঃসময়, জ্ঞানের সময় কি বোকামির সময়, এটা ওয়ার্‌স অব দি টাইম কি বেষ্ট অব দি টাইম সেটা ইতিহাস বিচার করবে, But at the moment the responsibility of execution of law depends on you. আপনার কাছে এটাই বক্তব্য যে পুলিশ

প্রশাসনকে যেন পার্টিজান ওয়েতে ব্যবহার না করেন। সেজন্য আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন, সমাজের শান্তির জন্য পুলিশের প্রয়োজন আছে, পুলিশ প্রশাসন ব্যবস্থার প্রয়োজন আছে, যে এনহেন্সমেন্ট ব্যয় বরাদ্দ করেছেন এবং তার সমর্থনে যে বক্তব্য শুনলাম, য়ে দৃষ্টিভঙ্গি এবং বাস্তব ঘটনা এই রাজ্যে দেখতে পাচ্ছি, তাতে অন্য রাজ্যে খারাপ হয়েছে বলেই এই রাজ্যেও খারাপ হবে, এই যে যুক্তি, এই যুক্তি টিকতে পারেনা। তাই এটা বলতে পারি বিরাট শক্তি নিয়ে আপনি দাঁড়িয়ে আছেন, সরকার পক্ষের এম. এল. এ. কুরু সেনার সমান, আমাদের সংখ্যা কম, তবু জানিয়ে দিতে চাই, ইচ্ছা থাকলেও এই ব্যয় বরাদ্দ সমর্থন করতে পারি না, আমি বলব বিপুল সংখ্যায় আপনারা আছেন, একথা সত্ত্বেও জানাই—পাণ্ডব পাণ্ডব থাক, কৌরব কৌরব।

**শ্রী শৈলেন সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী পুলিশ খাতে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন, সেই দাবিকে আমি সমর্থন করে গুটি কয়েক কথা বলতে চাই। ব্যয় বরাদ্দের দাবি বাড়ানো হয়েছে, বিভিন্ন হেড আছে, তার সম্বন্ধে ভোলাবাবু বলে চলে গেলেন। মাত্র ৫,০৫,৪২,০০০ টাকা বাড়িয়েছেন, কেন, তার ব্যাখ্যা স্বরাষ্ট্র মন্ত্রী বক্তব্য রেখেছেন যে পুলিশের স্যালারি বাড়ান হয়েছে, তার জন্য এই ব্যয় বরাদ্দ বেড়েছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই ইন্দিরা গান্ধীর দলের যে নেতা ভোলাবাবু বক্তব্য রেখে গেলেন, তাঁর বোধ হয় স্মরণ নাই যে ১১ বছর ধরে শ্রীমতী গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন, সেই ১১ বছরের মধ্যে বি এস এফ-খাতে ৫ গুণ এবং সি আর পি খাতে ৮ গুণ টাকা ব্যয় বাড়িয়েছিলেন। সেই ধরনের কোন ব্যয় বরাদ্দ বাড়ানো হয়নি। এখানে বিভিন্ন প্রশ্ন তোলা হয়েছে, আইন শৃঙ্খলার কথা, রাহাজানির কথা, সাট্টার কথা, ডাকাতির কথা। এ সমস্ত নিশ্চয়ই আছে। যে সমাজ ব্যবস্থায় বাস করি তাতে এগুলি রয়েছে। ডাঃ জয়নাল আবেদিন বললেন অর্থমন্ত্রী এবং আমাদের পুলিশ মন্ত্রী বলেছেন অর্থনীতির কথা, অর্থনীতির সঙ্গে আইন শৃঙ্খলা জড়িত। আমাদের যে সমাজ ব্যবস্থা তাতে আমরা কল্পনাও করতে পারিনা, বা এটা সম্ভবও নয় যে সমস্ত চুরি রাহাজানি, ছিনতাই, ডাকাতি সমস্ত কিছু বন্ধ করে দেব, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের পক্ষেও এটা সম্পূর্ণ বন্ধ করা সম্ভব নয়, আমাদের দাবিও সেটা নাই। কিন্তু প্রশ্ন হচ্ছে যে নীতিবোধের দ্বারা সরকার পরিচালিত হচ্ছে, সেই নীতিবোধ পুলিশ বাহিনীকে জানিয়ে দেওয়া। সাম্রাজ্যবাদী পুলিশ বাহিনী ৩০ বছর ধরে কংগ্রেস যেভাবে যে নীতিবোধে তাদের চালিয়েছে, সেই নীতিবোধই তারা পশ্চিমবঙ্গেও গ্রহণ করেছেন তার সঙ্গে সামঞ্জস্য রেখে কতখানি পুলিশকে পরিবর্তন করা যায়। আগেকার একজন বক্তা বলে গেলেন এটা বিবেকের প্রশ্ন, তিনি ঠিক কথাই বলেছেন, পুলিশের মধ্যে একটা অংশ পশ্চিমবঙ্গ সরকারের নীতিবোধের সঙ্গে সামঞ্জস্য রেখে, খাপ খাইয়ে চলবার চেষ্টা করছেন।

[6-15—6-25 P. M.]

সেখানে কেউ কেউ পুরানো যে অভ্যাস বৃটিশ সাম্রাজ্যবাদের কাছ থেকে পাওয়া এবং কংগ্রেসিদের কাছ থেকে পাওয়া যে অভ্যাস সেই পুরানো অভ্যাস এবং পুরানে যে ধ্যান ধারণা তা ত্যাগ করতে পারছেন না, সেই পুরানো অভ্যাস নিয়েই চলতে চাইছেন এবং তারই ফলে কিছু কিছু গোলমাল হচ্ছে কিন্তু তা সত্ত্বেও এটা আমাদের মেনে নিতে হবে—বিরোধীপক্ষও স্বীকার করেছেন যে এখানে সেই ধরনের অন্যায় আমরা হতে দেখি না

যেটা ভারতবর্ষের অন্যান্য জায়গায় হচ্ছে। সেখানে আমরা দেখেছি জনতা পার্টির রাজত্বকালে পারসবিঘার ঘটনা ঘটেছে এবং তারপর শ্রীমতী গান্ধীর রাজত্বকালে পিপরায় ঘটনা ঘটেছে। নারায়ণপুরের ঘটনা জনতা পার্টির রাজত্বকালে ঘটেছে এবং তারজন্য জনতা পার্টির সরকারকে ভেঙ্গে দেওয়া হয়েছে। তারপর আবার শ্রীমতী গান্ধীর রাজত্বকালে উত্তরপ্রদেশের মোরাদাবাদের কাছে বাল্মিকীনগরে ঘটনা ঘটেছে এবং সেখানে হরিজনদের উপর অত্যাচার হয়েছে। স্যার, শ্রীমতী গান্ধী হরিজনদের জন্য এত কাঁদলেন কিন্তু আমরা দেখলাম তাঁরই আমলে সেই হরিজনদের উপর অত্যাচার হল। পশ্চিমবঙ্গে কিন্তু ব্যাপকভাবে জোতদাররা আক্রমণ করবে এবং নিরীহ হরিজনদের খুন করবে সেই ধরনের ঘটনা ঘটেনা, ঘটবার কোন সুযোগও এখানে নেই। দিল্লিতে অন্ধদের উপর যে রকম নির্মমভাবে পুলিশ লাঠিচার্জ করল সেই ধরনের ঘটনাও পশ্চিমবঙ্গে ঘটা সম্ভব নয়। এই যখন পশ্চিমবঙ্গের অবস্থা তখন আমরা দেখেছি তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের আইন শৃংখলার কথা তোলা হচ্ছে। তবে এসব কথা বলতে গিয়ে আমি একথা বলছি না যে আমাদের এখানে অপরাধমূলক কোন ঘটনাই ঘটে না। অপরাধমূলক ঘটনা নিশ্চয় ঘটে কিন্তু তার সংখ্যা নিশ্চয় কম, সেটা আরো কম হলে ভাল হত। সেখানে এই অপরাধমূলক ঘটনাগুলিকে কি করে নিবৃত্ত করা যায় সেটা আমাদের ভাবতে হবে এবং তারজন্য চেষ্টা করতে হবে। আইনশৃংখলার কথা বলতে গিয়ে ভোলাবাবু এখানে বলে গেলেন যে এটা রাজ্যের ব্যাপার শুধু নয়। আমরা এতদিন পর্যন্ত জানতাম যে আইনশৃংখলার ব্যাপারটা হচ্ছে রাজ্যের ব্যাপার কিন্তু বিধানসভায় দাঁড়িয়ে ভোলাবাবু বলে গেলেন কেন্দ্র নিশ্চুপ হয়ে থাকবে না। যে প্রশ্ন উত্তরপ্রদেশে তোলা হয়েছে সেই প্রশ্নই আবার নতুন করে পশ্চিমবঙ্গে তোলবার চেষ্টা করা হয়েছে। ইতিমধ্যেই আমরা দেখেছি, খবরের কাগজগুলিতে সেই সব লেখা শুরু হয়ে গিয়েছে। স্যার, আনন্দবাজার পত্রিকায় ২৭শে ফেব্রুয়ারি তারিখে বেরিয়েছে কেন্দ্রীয় শক্তিমন্ত্রী শ্রী এ. বি.এ. গনি খান চৌধুরীর নেতৃত্বে পশ্চিমবঙ্গের ৮ জন সদস্যের এক প্রতিনিধিদল—তারমধ্যে আজকে যাঁরা বেরিয়ে গেলেন পশ্চিমবঙ্গ বিধানসভা সেই কংগ্রেস (ই) দলের সদস্যরা ছিলেন— শ্রীমতী ইন্দিরা গান্ধীর কাছে ছুটে গিয়েছিলেন এইজন্য যে এই সরকারকে যেন বাতিল করা হয়। সেখানে সেই প্রতিনিধিদল শ্রীমতী গান্ধীকে রাজ্যের আইন শৃংখলার কথা জানান এবং প্রধানমন্ত্রী প্রতিনিধিদলকে আশ্বাস দিয়ে বলেন এই ব্যাপারে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। স্যার, এই যে কথাটি 'প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া' এটা অতীতে কি হয়েছে আমরা দেখেছি। ১৯৭২ সালে পশ্চিমবঙ্গে নির্বাচনে কারচুপি হয়েছিল এবং সেখানে সেই কাজটি পরিকল্পনা মাফিকই করা হয়েছিল। আজকে সেইভাবে পরিকল্পনা করা হচ্ছে সেটা আমরা বুঝতে পারছি। আসামে আমরা দেখেছি ইন্দিরা কংগ্রেসের নেতৃত্বে সেখানে গোলমাল পাকানো হচ্ছে আবার উল্টো দিকে এখানে আইনশৃংখলার অবনতি ঘটানোর জন্য ঐ ইন্দিরা কংগ্রেসের সুব্রত মুখার্জির নেতৃত্বে গোলমাল পাকানোর চেষ্টা করা হচ্ছে। এই যে জিনিস যেটা করা হচ্ছে এটা শুধু ঐ সুব্রত মুখার্জির বুদ্ধিজাত বলে আমরা মনে করি না, আমরা মনে করি সেখানে একটা পরিকল্পনা আছে এবং কেন্দ্রে যে সরকার রয়েছেন সেই সরকারের তরফ থেকেই সেই পরিকল্পনা করা হচ্ছে। এর মাধ্যমে তারা এমন একটা অবস্থার সৃষ্টি করতে চান যাতে এখানে আইন শৃংখলা বিঘ্নিত হয়। এই কাজ করার জন্য এমন কি পুলিশকে নিষ্ক্রিয় করে দেবার চেষ্টা করা হচ্ছে। সেখানে কোথাও কোথাও পক্ষপাতিত্বের অভিযোগ তুলে যাতে কংগ্রেসিদের পক্ষে কাজ করানো যায় সেই চেষ্টা

চলেছে। মাঝে মাঝে হুমকিও দেওয়া হচ্ছে। এই যে হুমকি এটা যে সাধারণ কংগ্রেসকর্মী বা এম.এল.এরা দিচ্ছেন তা নয় সেখানে কেন্দ্রীয় মন্ত্রীরাও হুমকি দিচ্ছেন। স্যার, আমার জেলা মালদহ্‌ জেলাতে সেখানে একজন কেন্দ্রীয় মন্ত্রী মাঝে মাঝেই আসেন—বোধহয় মাসে একবার করে আসেন—তিনি সরাসরি পুলিশের এস. পি. র সঙ্গে যোগাযোগ করেন, ডি. এম. এর সঙ্গে যোগযোগ করেন, টেলিফোন করেন এবং সেখানে আইনশৃংখলার প্রশ্ন তোলেন যেটা একটা রাজ্যের ব্যাপার। এমন কি সেখানে পুলিশকে হুমকিও দেওয়া হয়। স্যার, একজন কেন্দ্রীয় মন্ত্রী যদি একজন পুলিশ অফিসারকে—থানার দারোগা, এস. পি. অ্যাডিশনাল এস. পি. ইত্যাদিদের ডেকে হুমকি দেয় তাহলে বুঝতে হবে সেখানে একটা উদ্দেশ্য আছে। এই উদ্দেশ্য হচ্ছে, কি করে পশ্চিমবঙ্গের পুলিশের মনোবল ভেঙ্গে দেওয়া যায়। সেখানে এই হুমকি দেওয়া হচ্ছে যে কেন্দ্রে আমরা আছি সুতরাং তোমাদের বিপদ আসতে পারে। এবং সত্যি সত্যি দৃষ্টান্ত হিসাবে তুলে ধরছেন, সেই দৃষ্টান্ত মুখে বলছেন না। কেন্দ্রীয় গোয়েন্দা দপ্তরের এন. কে. সিং, পুলিশ অফিসার, যিনি সঞ্জয় গান্ধীর বিরুদ্ধে মামলা পরিচালনা করছেন সুপ্রীম কোর্টে—সুপ্রীম কোর্টে মামলা চলাকালীন অবস্থায় হরিয়ানা সরকারের পুলিশ দিল্লি থেকে গ্রেপ্তার করে। আর ভারতবর্ষের স্বরাষ্ট্র মন্ত্রী জৈল সিং বলছেন এটা হচ্ছে হরিয়ানা সরকারের ব্যাপার। একবার ভাবুন তো যদি পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ গিয়ে দিল্লি থেকে ঐ ধরনের একজন কেন্দ্রীয় সরকারের অফিসারকে গ্রেপ্তার করে নিয়ে আসত তাহলে কি হত—তখন কি এইভাবে ইন্দিরা গান্ধীর সরকার, কংগ্রেস দল ঐ কথা বলত? কাজেই এই জিনিস পরিকল্পনা মাফিক চলেছে। এই পরিকল্পনা নিয়ে বিভিন্ন জায়গায় ওরা গোলমাল পাকাবার চেষ্টা করছে। আমরা দেখছি নির্বাচনের আগেই শুরু হয়েছিল। কাবার ঘটনার কথা আপনাদের মনে আছে। নির্বাচনের মধ্যেই শুরু করেছিল। নির্বাচনের পরে বিশেষ করে আমরা পশ্চিমবাংলায় দেখছি বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পরে যে সব সমাজবিরোধী আত্ম-গোপন করে বসেছিল, খানিকটা ঝিমিয়ে পড়েছিল, নির্বাচন ঘোষণার সঙ্গে সঙ্গে এই সব সমাজ-বিরোধীরা আবার চাঙ্গা হয়ে উঠেছে। তাদের সঙ্গে অতীতে পুলিশের যে যোগাসাজস ছিল—সমাজ বিরোধীরা আবার কি করে পুলিশের সঙ্গে যোগসাজস করা যায়, পুলিশের সঙ্গে পুরানো দোস্তিকে কি করে আবার পাতানো যায় তার জন্য চেষ্টা করছে এবং এই চেষ্টার পিছনে সমস্ত রকম মদত্‌ বিভিন্নভাবে কেন্দ্রে নতুন সরকার প্রতিষ্ঠিত হবার পর সেই সরকারের পক্ষ থেকে, মন্ত্রীদের পক্ষ থেকে দেওয়া হচ্ছে যাতে করে পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার বিঘ্ন ঘটানো যায়। একটির পর একটি পর একটি ঘটনা আমাদের জেলায় ঘটে যাচ্ছে। নির্বাচনের পরে ১২ তারিখে যেটাকে কংগ্রেসের সব চেয়ে শক্তিশালী ঘাঁটি বলে ওরা মনে করেন অর্থাৎ যেখান থেকে বরকত সাহেব বিধাসভায় নির্বাচিত হয়েছেন সেখানে বিশেষ করে যারা তাদের বিরোধিতা করেছিলেন লোকসভা নির্বাচনের সময় তাদের উপর আক্রমণ করা হয় এবং ৬০/৭০টি বাড়িতে তাদের গুন্ডা বাহিনী আক্রমণ করে। একজন স্কুল টিচার, মার্কসবাদী কমুনিস্ট পার্টির কর্মী, তাকে ছুরি মারে, স্ট্যাব করে। যদুপুর গ্রামে বাড়ি বাড়ি গিয়ে আক্রমণ করে এবং বৃদ্ধ বৃদ্ধাদেরও তারা রেহাই দেয় নি, তাদের উপর পর্যন্ত আক্রমণ করা হয়। তারপর যখন পুলিশ হস্তক্ষেপ হচ্ছে তখন আবার ঐ কেন্দ্রীয় মন্ত্রী এসে বলছেন পুলিশি হস্তক্ষেপ হচ্ছে, সি. আর. পি. যাচ্ছে। আমরা গুন্ডামী করব, আক্রমণ করব পুলিশি হস্তক্ষেপ হবে না, এই হচ্ছে তাদের দাবি। এই হচ্ছে মালদাহ জেলার অবস্থা এই অবস্থা

গোটা পশ্চিমবাংলায় ওরা ঘটাবার চেষ্টা করছেন। সুতরাং সেই পরিপ্রেক্ষিত বিবেচনা করে আজকে সমস্ত গণতান্ত্রিক শক্তিকে এই জিনিস বিবেচনা করতে হবে যাতে ঐক্যবদ্ধ হতে পারি। আজকে নিরপেক্ষতার কথা বলা হচ্ছে। আমাদের মনে রাখতে হবে যে কি নিরপেক্ষ ব্যবস্থা অতীতে আপনারা রেখেছিলেন। ভোলাবাবু বলেছেন তারা নাকি পুলিশকে নিরপেক্ষভাবে চালিয়েছিলেন। কিন্তু পুলিশের মধ্যে যারা কংগ্রেসের হুকুম তামিল করছিল না তাদের সাসপেন্ড গ্রেপ্তার করা হয় নি? আপনাদের বোধ হয় স্মরণে আছে ১৯৭১ সালে একজন কনসটেবল, একজন হোমগার্ডকে পুলিশের তরফ থেকে খুন করে। মামলা চলছিল, বিচারের রায় হয়ে গেল। পুলিশ বাহিনীর চক্রবর্তীর হাবিলদারকে খুনের জন্য সাজা হয়ে গেল। কংগ্রেস আমলের সেই রকম ব্যবস্থা তো আজকে নেই। আজকে বিনা বিচারে আটক হয় না। আপনাদের আমলে কংগ্রেসি এম. এল. এ. খুন হয়েছে। বিরোধী পক্ষকে সভা করতে দেওয়া হয়নি। আজকে আমাদের আমলে ইন্দিরা গান্ধী এসে সভা করে গেছেন নির্বিঘ্নে। ইন্দিরা গান্ধী আজকে প্রধানমন্ত্রী হয়েছেন বলে নয়। জনতা পার্টির শাসন কালে ইন্দিরা গান্ধী ভারতের বিভিন্ন জায়গায় মিটিং করতে গিয়েছিল এবং অনেক জায়গায় তিনি মিটিং করতে পারেন নি, অনেক জায়গায় গোলমাল হয়েছে। কিন্তু তিনি যখন এখানে এসেছিলেন প্রধানমন্ত্রী হবার আগে মালদহে মিটিং করেছিলেন, ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে মিটিং করেছিলেন কোনও গোলমাল হয়নি। কিন্তু ১৯৭২ সালে যখন মিটিং হয়েছিল তখন সেই সব মিটিংয়ের প্রতি কি রকম হামলা হয়েছে, জ্যোতিবাবুর মিটিংয়ে হামলা হয়েছে। এখন দেখছি নিরপেক্ষভাবে পুলিশ প্রশাসন চলছে এবং সেই কারণে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-25—6-35 P. M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী যে পুলিশ বাজেট পেশ করেছেন সেই পুলিশ বাজেট সম্পর্কে আমি বলতে চাই যে ভারত সরকার জাতীয় পুলিশ কমিশন বসিয়েছিল সেই কমিশন সম্প্রতি তৃতীয় অন্তবর্তীকালীন রিপোর্ট দিয়েছে। সেই রিপোর্টে গোটা পশ্চিমবাংলার তথা ভারতবর্ষের পুলিশের চিত্র কি মারাত্মক এবং কি ধরনের জনবিরোধী তাদের চরিত্র তার ফাইন্ডিংস থেকে বোঝা যায়। সেই রিপোর্টে বলছে যে পুলিশ সেই সাম্রাজ্যবাদী ঐতিহ্য এখনও কাটিয়ে উঠতে পারে নি। সেই একই ধারায় তারা বয়ে চলেছে। পুলিশের দুর্নীতি আরও ব্যাপক আরও জঘন্য হয়েছে। রাজনীতির প্রভাবে প্রভাবান্বিত হবার ফলে পুলিশ ক্রমশই দুর্নীতির গভীর জলে ঝুঁকছে। বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে যে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী সম্প্রতি ক্রিমিন্যাল ধরার ব্যাপারে পুলিশকে মৃদু তিরস্কার করেছেন যাতে ক্রিমিন্যাল ঠিকমত ধরা হয়। ভাল কথা। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই যে আজকে ক্রিমিন্যাল ধরার জন্য তিনি বলছেন যে কোন রকম রাজনৈতিক প্রভাবে প্রভাবান্বিত না হয়ে যেন পুলিশ কাজ করেন। কিন্তু বাস্তব ঘটনা কি? আমি একটা দৃষ্টান্ত হিসাবে এখানে একটা ঘটনা এই হাউসে তুলে ধরতে চাই। গত ১৯শে অক্টোবর রাত ৩-১০ মিনিটে ১৩৩ নম্বর ডাউন আমেদাবাদ হাওড়া এক্সপ্রেস ট্রেনে আনুমানিক ১ লক্ষ ৮১ হাজার ৯৩৪.২০ টাকা মূল্যের দামি বিদেশি কাপড় ও মসলা ইত্যাদি কুলগাছিয়া থেকে বাউড়িয়া স্টেশনে ধরা পড়ে। রেলওয়ে ট্রেন থেপ্ট পুলিশ কেসের মতে ১৯৪৭ সালের পর এতবড় পাচার আর হয় নি। সালিমার জি. আর. পি এস. এ

*২০শে অক্টোবর ডায়েরি হয়। পুলিশ ধরল আসামিদের এবং মূল আসামি যে তিনি হচ্ছেন উলুবেড়িয়া লতিফপুর নিবাসী প্রাক্তন সামরিক কর্মী বিশ্বনাথ ভট্টাচার্য। ৫ই নভেম্বর ধরা পড়ল। এ এক অদ্ভুত ব্যাপার ঐ দিন রাত্রি পৌনে ১০টার সময় মহকুমা শাসক সুমন্ত* চৌধুরী যার কুখ্যাত নাম অনেকেই শুনেছেন এই হাউসেও অনেকে বলেছেন নানা দুর্নীতির অভিযোগ তাঁর নামে আছে সেই সমস্ত কথা আমার বলতে বাধে সেই সুমন্ত চৌধুরী সেই জি. আর. পি. পুলিশ অফিসারকে আসামিকে ছেড়ে দিতে বলেন। পুলিশ অফিসার রাজি না হওয়ায় তাকে অনেক ভৎসনা করা হয়। পরে ঐ স্মাগলারকে তিনি ভাল লোক বলে সার্টিফিকেট দিলেন এবং ব্যক্তিগত জামিনে তাকে খালাস করে দিলেন। ঐ জি. আর. পি. পুলিশ অফিসারকে শিলিগুড়িতে ট্রান্সফার করা হোল আর সুমন্তবাবু মুর্শিদাবাদের এ. ডি. এম পোস্টে চলে গেলেন। কি ব্যাপার? না, সাম ভট্টাচার্য নাকি সরকারি মহলের একজন প্রভাবশালী ব্যক্তির সঙ্গে দহরম-মহরম আছে। আপনি সংবাদ পত্রে বিবৃতি দিচ্ছেন ক্রিমিন্যাল ধরার জন্য তাহলে পুলিশ কি করে ক্রিমিন্যাল ধরবে? জ্যোতিবাবু বলেছেন সামাজিক ন্যায় নীতি ও মূল্যবোধের ভিত্তিতে আইনকে কার্যকর করতে হবে। অথচ স্টেটসম্যান কাগজে গত ২০শে ফেব্রুয়ারি সংবাদ বেরিয়েছে, যে শর্মা সরকার কমিশন বসেছিল, সেই শর্মা সরকার কমিশনে কি ছিল? ১৯৭২ সালে কংগ্রেস জরুরি অবস্থার সময়ে অত্যাচার করেছে, বামফ্রন্ট সরকারের সি.পি.এম দলের বারুইপুরের সদস্য হেমেনবাবুর অভিযোগ ছিল এই কমিশনের কাছে। ঘটনাটা কি? না, ১৯৭২ সালের বামফ্রন্টের একটা মিটিং ছিল বারুইপুরে। জ্যোতিবাবু সেই মিটিংয়ের বক্তা ছিলেন, তিনি সেখানে গিয়েছিলেন। তাছাড়া অন্যান্য নেতৃবৃন্দরাও ছিলেন, আমাদের নেতৃবৃন্দরাও ছিলেন। সেখানে পুলিশের সামনে কংগ্রেস হামলাবাজরা মিটিং বন্ধ করে দেয়। তার ফলে ন্যাচারলি পুলিশ সেখানে বেআইনি ভাবে কাজগুলি হস্তক্ষেপ করে। হেমেনবাবু যে রিলিফ শর্মা সরকার কমিশনের কাছে চেয়েছিলেন তার উপর হিয়ারিং হল। কলকাতয় শর্মা সরকার কমিশনে জ্যোতিবাবু ডিপোজিশন দিতে গিয়েছিলেন। সেই ডিপোজিশন দিতে গিয়ে জ্যোতিবাবু অদ্ভুত কথা বললেন। শর্মা সরকার কমিশন তাকে জিজ্ঞাসা করেছিলেন, আচ্ছা, সরকার যদি পুলিশকে বেআইনি, ইললিগ্যাল এবং অন্যায় ভাবে আদেশ দেয় তাহলে সেই আদেশ কি পুলিশ মানবে? জ্যোতিবাবু প্রমপ্টলি বলে দিলেন, এটা পুলিশের দেখার ব্যাপার নয়। বেআইনি কি আইন সংগত, কি অন্যায়, এটা ডিসাইড করার ভার পুলিশকে দেওয়া যেতে পারে না। এটা যদি বেআইনি হয়, কননট করে তাহলেও তাকে মানতে হবে। তাহলে দেখুন কি মারাত্মক অবস্থা। এর পরিণতি কি ঘটলো? এই ডিপোজিশনের ফলে হেমেনবাবু যে রিলিফ চেয়েছিলেন শর্মা সরকার কমিশনের কাছে, সেখানে পুলিশ বেকসুর খালাস পেয়ে যাবে। কংগ্রেস যদি বেআইনি ভাবে পুলিশকে নির্দেশ দিয়ে থকে সেই নির্দেশ তাকে মানতে হবে। এটা কি ন্যায় নীতির কথা, এটা কি মূল্যবোধের কথা? কাজেই এগুলি বিচার্য বিষয়। আজকে জ্যোতিবাবু বলছেন যে ফসল কাটার মরশুমে, না তার আগে পুলিশ সম্পর্কে বলেছেন যে তদানিন্তন সরকার পুলিশকে অত্যাচারী এবং পীড়নমূলক যন্ত্র হিসাবে ব্যবহার করেছে না। কিন্তু আমরা সেটা করতে চাই না। তিনি তার পুলিশ প্রশাসনকে কিসের যন্ত্র করেছেন? মরিচঝাঁপীতে পুলিশ প্রশাসনকে দিয়ে কি করেছে, জনসেবা করেছেন? তার ডক শ্রমিকদের হত্যা করে, কলকাতা পোর্টের ডক শ্রমিকেরদের হত্যা করে কি জনসেবা করেছিলেন? মেডিক্যাল ছাত্রদের উপর নির্বিচারে লাঠি চালিয়ে জনসেবা করেছিলেন? ১৫ই জুন এস. ইউ.

সি'র মিছিলের উপর, লক্ষ লক্ষ মানুষের উপর নির্বিচারে লাঠি চালিয়ে, টিয়ার গ্যাস চালিয়ে জনসেবা করেছিলেন? ৩১শে আগস্ট আইন অমান্যকারীদের উপর, গণ আন্দোলকারীদের উপর অত্যাচার করে কি জনসেবা করেছিলেন? তাহলে পুলিশকে তারা দমন নিপীড়নমূলক যন্ত্রে পরিবর্তন করেছেন বলে বলেছেন, এটা কি পুলিশের পরিবর্তনের নমুনা? কাজেই এগুলি বিচার্য বিষয়। দ্বিতীয়ত আজকে বামফ্রন্ট সরকার জনমুখী সরকার। জনমুখী সরকার হলে জনসাধারণের সমর্থনের ভিত্তিতে এই সরকার পরিচালিত হয়। কিন্তু কি হচ্ছে? আজকে দেখতে পাচ্ছি যে এই সরকার যতদিন যাচ্ছে প্রতি বছর বাজেটে কোটি কোটি টাকা বাড়ছে। এবারে পুলিশ বাজেটে ৫ কোটি ৫ লক্ষ ৪২ হাজার টাকা বাড়িয়েছেন। কিন্তু বাস্তব ফিগার কি? বাস্তব ফিগার হচ্ছে ১১ কোটি ৬১ লক্ষ ৭৩ হাজার টাকা। কারণ পুলিশের ঘরবাড়ির ব্যাপার আছে, হাউস বিল্ডিং ইত্যাদি ব্যাপারে পূর্তবিভাগের সেখানেও ৬ কোটি টাকা আছে। কার্যত পুলিশের জন্য ১১ কোটি ৬১ লক্ষ ৭৩ হাজার টাকা বৃদ্ধি করা হয়েছে। আজকে সবচেয়ে বড় প্রশ্ন যেখানে তারা বলছেন, পূর্বতন সরকার পুলিশকে দমনপীড়ন যন্ত্র হিসাবে যেভাবে ব্যবহার করেছেন, আমরা সেটা করতে চাইনা, আমরা এর পরিবর্তন করছি। আজকে সরকারের অ্যাটিচ্যুড দিয়ে কিন্তু সেটা বোঝা যাচ্ছে না। অতীতে বিগত যুক্তফ্রন্ট সরকারের যে নীতি ছিল গণ আন্দোলনের ক্ষেত্রে পুলিশের দৃষ্টিভঙ্গি, অ্যাটিচ্যুড অব পুলিশ টুয়ার্ডস লেজিটিমেট ডেমোক্রাটিক মুভমেন্ট, সেখানে পরিষ্কার নীতি ঘোষিত হয়েছিল যে ন্যায় সঙ্গত গণ আন্দোলনের উপর পুলিশ হস্তক্ষেপ করবে না। আজকে আপনাদের সরকার ক্ষমতায় আসবার পর আপনারা সেই ঐতিহাসিক নীতি থেকে বিচ্যুত হয়েছেন। আজকে ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করছে। ফলে এর থেকে প্রমাণিত হচ্ছে কি কংগ্রেস সরকার, কি বামফ্রন্ট সরকার, কি জনতা সরকার সকলেই পুলিশ প্রশাসনকে দমন পীড়নের যন্ত্রের মত— ঔপনিবেশিক শাসন ব্যবস্থার মত দমন-পীড়নের যন্ত্র হিসাবে ব্যবহার করছেন। এই কয়টি কথা বলে আমি পুলিশ বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-35—6-45 P. M.]

**শ্রী নিখিলানন্দ শর:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বামফ্রন্ট সরকারের পুলিশ-মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় পুলিশ খাতের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। দীর্ঘ সময় ধরে অনেক বক্তার বক্তব্যই মনোযোগ দিয়ে শুনলাম। শুনলাম ভোলাবাবুর কথা, আবেদিন সাহেবের কথা এবং এখন শুনলাম এস. ইউ. সি. দলের দেবপ্রসাদবাবুর কথাও। ওঁরা যে কি বলতে চাইলেন, মূল কথা কি, তা কিন্তু আমি বুঝতে পারলাম না। আইন-শৃঙ্খলা পরিস্থিতি কেমন হওয়া উচিত? সে সম্বন্ধে ওঁদের বক্তব্য কি? ওঁরা কি বলতে চাইছেন যে, এর আগের আমলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি খুব ভাল ছিল, কোথাও কি কোনো অপরাধমূলক কাজ হত না, কোনো অপরাধ সংগঠিত হত না? এটাই কি ওঁদের কথা? তাহলে তো আপশোষের কথা যে, পশ্চিমবাংলার অকৃতজ্ঞ মানুষগুলি ওঁদের চিনতে পারল না, এই কথাই বলতে হয়। পুঁজিবাদী কাঠামোতে সামাজিক ন্যায় প্রতিষ্ঠা তো বহু দূরের কথা, অর্থনৈতিক বৈষম্য থাকবেই। পচা নর্দমা থাকবে তবু পোকা জন্মাবে না, এটা কি করে হয়? সেই কারণেই মাননীয় মুখ্যমন্ত্রী আইন-শৃঙ্খলার প্রশ্নে বার বার আবেদন জানিয়েছেন দল-মত নির্বিশেষে সমস্ত মানুষের

কাছে যে, যাতে সরকার নিরপেক্ষভাবে আইন-শৃঙ্খলা-জনিত প্রশ্নগুলির বিষয়ে ঠিক মতো প্রচেষ্টা চালিয়ে যেতে পারে তার জন্য সকলের সাহায্যের প্রয়োজন। কিন্তু কিছু কিছু দল, বিশেষ করে ভোলাবাবু যে দলের নেতা, সেই কংগ্রেস (আই) দল আজকে পশ্চিমবাংলায় অরাজকতা সৃষ্টি করতে উৎসাহ যোগাচ্ছেন। সেই সঙ্গে আইন-শৃঙ্খলার প্রশ্নটিকে রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করার প্রচেষ্টা ওঁদের কাজের মধ্যে দিয়ে দেখা যাচ্ছে। আমি ওঁদের এইটুকু শুধু বলতে চাই যে, অপরের ঘরে আগুন লাগালে নিজের ঘরটাও আগুনের হাত থেকে রেহাই না-ও পেতে পারে। অতীতে তার প্রমাণ পাওয়া গিয়েছে। অতীতে তাঁরা পশ্চিমবাংলার বাম-পন্থী আন্দোলনকে স্তব্ধ করবার জন্য, বামপন্থী কর্মীদের শায়েস্তা করবার জন্য পশ্চিমবাংলার কি ক্ষতি করেছিলেন তা আমরা জানি। সেবিষয়ে আমার টলস্টয়-এর লেখা একটা গল্পের কথা মনে পড়ে যাচ্ছে। সেই গল্পটিতে দেখানো হয়েছে কিভাবে একজন সৎ কৃষককে অসৎ মানুষে পরিণত করা যায়। ওঁরা-ও সেইভাবে পশ্চিমবাংলার নিরীহ শান্তি প্রিয় ছেলেদের অমানুষে পরিণত করেছিলেন। শুধু বামপন্থীদের উপর অত্যাচার করেন নি, নিরীহ শান্তি-প্রিয় নাগরিকদের ওপর-ও বিভিন্নভাবে অত্যাচার তাঁরা চালিয়েছিলেন। এমন কি শেষ পর্যন্ত নিজেদের দলের মধ্যেও গন্ডা গন্ডা উপ-দল তৈরি হয়েছিল এবং নিজেদের রক্তও নিজেরা ঝরিয়েছিলেন। আজকে এর থেকে শিক্ষা নেওয়া উচিত। আজকে ঐসব নেতার মুখে আইন-শৃঙ্খলার বড় বড় কথা শুনছি। একে এক মাত্র ভুতের মুখে রাম-নাম ছাড়া অন্য কিছু বলতে পারি না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন্ধকারের জীবেরা পশ্চিমবাংলায় আইনের রাজত্ব নেই বলছে। এটা লজ্জার কথা। সাধারণ মানুষের অভিজ্ঞতা কি? সাধারণ মানুষের অভিজ্ঞতা ভেতর দিয়ে ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় অন্ধকারের রাজত্ব শেষ হয়েছে, নতুন যুগ শুরু হয়েছে এবং বামপন্থী ফ্রন্ট সরকারের প্রচেষ্টায় শতকরা প্রায় ৮০/৮৫ ভাগ মানুষ নানা দিক থেকে উপকার বোধ করছেন। মাত্র ২।।. মাস আগে লোকসভার যে নির্বাচন হয়ে গেছে, যে নির্বাচনের কথা একটু আগে আমাদের বন্ধু অশোকবাবু বলে গেছেন, সেই নির্বাচনে বামপন্থী ফ্রন্টের বিপুল সাফল্যের মধ্যে দিয়ে আরো একবার প্রমাণ হয়ে গেছে যে, এই সরকারের পিছনে পশ্চিমবাংলার মানুষের পরিপূর্ণ আস্থা আছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখতে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করেছেন, যে সমাজ বিরোধী সে সমাজ বিরোধীই, তাদের কোন রাজনীতি থাকতে পারে না। একথা তিনি বারে বারে ঘোষণা করেছেন নিরপেক্ষভাবে আইন-শৃঙ্খলা জড়িত প্রশ্নের মীমাংসা করতে হবে, তদন্ত করতে হবে—একথা তিনি বলা সত্ত্বেও ওরা বলছেন গণতন্ত্রের নাকি পরিবেশ নেই, গণতন্ত্র বলতে কি বোঝাতে চাইছেন তা আমরা জানি না। আমরা বুঝি, গণতন্ত্র বলতে ওরা যা বোঝাচ্ছেন যে, শ্রেণীর প্রতিনিধিত্ব করেন সেই শ্রেণীর শোষন এবং অত্যাচারকে টিকিয়ে রেখে সমস্ত দায়-দায়িত্ব আমাদের ঘাড়ে চাপাতে চাইছেন এবং সেটা করলে গণতন্ত্র রক্ষা পায়। কিন্তু দুঃখের কথা, এই সরকার ওদের সেই শোষণ এবং অত্যাচারের পথকে সমর্থন করতে পারছে না, এই সরকার তার ঘোরতর বিরোধী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তৃতায় সেটা খুব ভালভাবে প্রতিফলিত হয়েছে। ওরা বলছেন, পুলিশকে যথেষ্টভাবে ব্যবহার করা হোক, পুলিশেরা নাকি সুবিধা পাচ্ছে না, তাদের গণতান্ত্রিক অধিকার খর্ব করা হচ্ছে। কিন্তু তা কি সত্য? ওদের আমলে শয়ে শয়ে মানুষ খুন হয়েছে, তখন কোথায় ছিল গণতন্ত্র? আজকে এমন কোন ঘটনার কথা

উল্লেখ করতে পারবেন না, এমন কোন ঘটনা নেই যে অভিযোগ জানানো সত্ত্বেও তারা বঞ্চিত হয়েছে সুবিচার থেকে। কারণ আমরা জানি আমাদের বহু কর্ম্মী এবং বিধানসভার বহু সদস্য অনেক মামলার আসামি হয়েছেন। আমি নিজেই ওদের আমলে বিরুদ্ধে ১০০টি পুলিশ কেস করা হয়েছিল এবং এখনও ঐ প্রতিক্রিয়াশীল চক্র মিথ্যাভাবে আমার বিরুদ্ধে ৫টি পুলিশ কেসের মামলা ঝুলিয়ে দিয়েছে। সুতরাং আজকে ভারতবর্ষেরে যে কোন জায়গার থেকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা অনেক উন্নত। অন্য রাজ্যে কি অবস্থা দেখলাম? এক রাজ্যে থেকে অন্য রাজ্যে পুলিশ বাহিনীর বিদ্রোহ ছড়িয়ে পড়ছে কিন্তু পশ্চিমবাংলার অবস্থা সম্পূর্ণ বিপরীত। এই সরকার পুলিশ বাহিনীর যে নানান সমস্যা আছে সেই সম্পর্কে অনেক আগে থাকতে ব্যবস্থা গ্রহণ করেছিলেন। ফলে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের চিত্রের থেকে পশ্চিমবাংলার চিত্র সম্পূর্ণ বিপরীত। তাই বলে এই কথা বলছি না যে পুলিশ বাহিনীর সকলেই সিনসিয়ার। সকলেই যে সরকারের প্রচেষ্টাকে সফল করতে আগ্রহী নিশ্চয়ই তা নয়। কিছু কিছু পুলিশ কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ আছে। আমরা জনপ্রতিনিধি, আমাদের কাছে খবর আসে কিছু কিছু পুলিশ কর্মচারীর গোপন আঁতাত প্রতিক্রিয়াশীলদের সাথে। একথা আমরা শুনতে পাই এবং এর থেকে পুলিশ দপ্তরকে মুক্ত করতে হবে। বর্তমানে যে কোন অপরাধমূলক ঘটনাকে রাজনীতির রঙে জড়িয়ে অবস্থাটাকে আরও জটিল করতে চাইছে। তারা এমন আবহাওয়া গড়ে তুলতে চায় যাতে পুলিশ প্রশাসনকে তাদের দলীয় স্বার্থে ব্যবহার করা যায়। দিল্লির রাজনীতি পরিবর্তনের সাথে সাথে আইন-শৃঙ্খলার প্রশ্নটা রাজ্য সরকারের এক্তিয়ার ভুক্ত হওয়া সত্ত্বেও তারা অযাচিতভাবে হস্তক্ষেপ করতে শুরু করেছে। থানায় থানায় ডেপুটেশন করে গিয়ে হম্বি-তম্বি করে জানিয়ে আসছেন যে আমরা আবার আসছি। তারা বেনামি পার্টি অফিস গড়ে তুলবেন এই ধরনের চেষ্টা তারা করে যাচ্ছেন। ওরা যা করে তা জনসাধারণ বুঝতে পারে। আজকে এটা পরিষ্কার বিশেষ করে পশ্চিমবাংলায় কংগ্রেসি আজকে জীবন্ত মানুষের পার্টি নয়, মরা মানুষে পার্টি।

[6-45—6-55 P. M.]

আজকে শ্মশানে ওঁদের এজেন্ট বসে আছেন, অস্বাভাবিক ভাবে মারা গেছে এমন ব্যক্তিকে নিয়েও কাগজে প্রচার করা হচ্ছে যে কংগ্রেস (ই) মারা গেছে এবং খুন করেছে সি. পি. এম. ১৯৭১ সালে সর্বজন শ্রদ্ধেয় নেতা হেমন্ত বসু যেদিন খুন হলেন সেদিনও ওঁদের তরফ থেকে বলা হয় যে সি.পি.এম. এই কাজ করেছে। নির্বাচনের আগে নবদ্বীপের কাছে ট্রেনে একটা লোক খুন হল তার পরের দিন তাকে নিয়ে মিছিল বার করা হল এবং বলা হল যে তিনি কংগ্রেসের নেতা ছিলেন কিন্তু তারপরের দিন জনতা দলের তরফ থেকে বলা হল বর্ধমান থেকে ঐ ব্যক্তি ছিলেন জনতা দলের। এই যে খুন ডাকাতি হচ্ছে এ সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। ফেব্রুয়ারি মাসের শেষের দিকে খন্ডকোষ থানার ঘরপোড়া গ্রামে রঞ্জন সী খুন হল সে ৫০ বছর ধরে একটা জমি ভোগ দখল করে আসছিল অথচ তার ফসল লুঠ করতে গিয়েছিল সেখানকার একজন জোতদার তাকে মদত দিচ্ছে কংগ্রেস (আই)। গলসী থানার মিহি গ্রামে এই মাসের প্রথম সপ্তাহে রবি বাগদী খুন হল তার হয়ে ওকালতি করছেন কংগ্রেস (ই)-র নেতারা। জামালপুর থানার একটা উদ্বাস্তু কলোণীর সমাজবিরোধী কংগ্রেসি নেতা গৌরাঙ্গ দেবের নেতৃত্বে কেশব বলকে পিটিয়ে পিটিয়ে খুন করে

তার মৃতদেহ মাটি চাপা দিয়ে রাখা হল, পুলিশ সেই লাশ যখন উদ্ধার করে তখন গৌরাঙ্গ দেব পুলিশের কাছে তার অপরাধ স্বীকার করেছে। খড়্গকোষ থানার আন্দুল গ্রামে কয়েকদিন আগে একটা ডাকাতি হল, সেই ডাকাত দলের একজন নিহত হয়েছে এবং একজন পুলিশের হাতে ধরা পড়েছে। যে ধরা পড়েছে সে স্বীকার করেছে যে বর্ধমানের নতুন দল ওদের বিহারের ভাগলপুর থেকে আনা হয়েছে ডাকাতি করার জন্য এইসব থেকেই প্রমাণিত হয় রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এই রকম কাজ তাঁরা করছেন।

**শ্রী কিরণময় নন্দঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৮০-৮১ সালের পুলিশ খাতে যে বাজেট মুখ্যমন্ত্রী মহাশয় পেশ করেছেন, আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। ৭৭-৭৮ সালে তিনি যখন এখানে পুলিশ বাজেট পেশ করেছিলেন তখন ৫৪ কোটি টাকা দাবি করেছিলেন। এই সরকারের মেয়াদ এখন ৩ বছর হয়নি কিন্তু এই ৩ বছরেই সেটা হল ৬৪ কোটি টাকা। অর্থাৎ ১০ কোটি টাকার বেশি বরাদ্দ দিতে হল। এই অতিরিক্ত টাকা কেন চাওয়া হয়েছে তার যে কি যুক্তি তাও তিনি বলেছেন। বিধানসভার প্রসিডিংসগুলো দেখলে দেখা যাবে ডাঃ রায়, পি. সি. সেন, এবং সিদ্ধার্থশংকর রায়ের আমলে সি.পি.এম. আর. এস. পি. ইত্যাদি বামপন্থী দলগুলো পুলিশ খাতে ব্যয় বরাদ্দের বৃদ্ধির ব্যাপারে বলতেন এই সরকার পুলিশি সরকার এবং জনসাধারণের উপর অত্যাচার করার জন্য এই টাকা চাইছেন। ৭৩-৭৪ সালের যখন মার্কসবাদী দল এখানে ছিলেন না তখন আর. এস. পি. শ্রী তিমির ভাদুড়ী পুলিশ খাতের উপর আলোচনায় বলেছিলেন এই ব্যয় বৃদ্ধি করার অর্থ হচ্ছে এই সরকার পুলিশের সরকার। তখন যদি ব্যয় বরাদ্দ বৃদ্ধির ফলে কংগ্রেস সরকার পুলিশি সরকার হয়ে থাকে তাহলে আজ তাঁরা কি বলবেন আমি জানি না। যাইহোক বিগত দিনে কংগ্রেস আমলে যে সাফাই পুলিশ সম্বন্ধে গাওয়া হোত আজও সেই একই কথাই বলা হয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি আজকে কি পুলিশ প্রশাসন পশ্চিমবাংলায় আছে? কলকাতায় পুলিশ কমিশনার এবং ডি. সির মধ্যে যে ঘটনা ঘটে গেল তাতে মনে হয় পুলিশ প্রশাসন একেবারে ভেঙ্গে গেছে। এক পুলিশ অফিসার অন্য পুলিশ অফিসারের উপর আস্থা স্থাপন করতে পারছেন না, তাঁদের মধ্যে কোন কো-অর্ডিনেশন নেই। আই. জি.র কথা ডি. আই. জি শোনে না, ডি. আই. জি'র কথা এস. পি. শোনেনা, এস. পি.র কথা ডি. এস. পি শোনে না, এইভাবে সমস্ত জায়গায় একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। সকলের মধ্যে একটা ভয় হচ্ছে যে অর্ডার আমি দিতে যাচ্ছি সেটা সরকারের মনঃপূত হবে কি না? এইভাবেই পুলিশ প্রশাসনের মধ্যে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। পুলিশ কমিশনার কে একজন ডি. সি. যিনি ভাঁড় বললেন তাঁকে বদলি করা হল ২৪ পরগনার এস. পি. হিসাবে এই থেকেই প্রমাণিত হল যে পুলিশ কমিশনার যে ভাঁড় তাহলে সেটা সত্য কথা। তিনি যদি ভাঁড় হন তাহলে এতদিন পুলিশ প্রশাসন সেই ভাঁড়ের ওপর ছিল কেন এটা আমি জিজ্ঞাসা করছি? ২৪ পরগনার এস. পি. একটা প্রাইজ পোস্ট ওই ডি. সি. কে এস. পি. করার কথা ঘোষণা করে দিয়ে সরকার এটা প্রমাণ করলেন যে পুলিশ কমিশনার যে ভাঁড় এটা সবৈ সত্য এবং কলকাতার ভার একজন ভাঁড়ের দায়িত্বেই এতদিন ছিল। আরেকটা কথা হচ্ছে ভাঁড়ের হাতে যাঁরা দায়িত্ব দেন তাঁরা হচ্ছেন মহাভাঁড়। এইভাবেই সর্বস্তরের পুলিশ প্রশাসনে একটা চরম অবস্থা এসে গেছে। এই হাউসে আমার একটা প্রশ্নোত্তরের সময় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে দেড় বছরের মধ্যে ১৩০০ খুন হয়েছে। আমি এই কথা বলতে চাই না যে এর সবগুলির জন্য

পুলিশই দায়ী। একজন রাস্তা দিয়ে যাচ্ছে তাকে যদি খুন করা হয় তাহলে পুলিশ কি করবে? কিন্তু প্রশ্ন হচ্ছে খুন হবার পর কতজনকে গ্রেপ্তার করা হয়েছে, চার্জশীট দেওয়া হয়েছে? কংগ্রেস পক্ষ থেকে দাবি করা হচ্ছে তাঁদের লোকই বেশি খুন হয়েছে, আবার সরকার পক্ষ দাবি করছেন তাঁদের সংখ্যা এত, কিন্তু খুন খুন। সে সরকার পক্ষেরই হোক বা বিরোধী পক্ষেরই হোক বা কৃষক, শ্রমিক যেই হোক, যে কোন মানুষের বাঁচবার অধিকার আছে এবং সেই হিসাবে বে-আইনি কাজ যদি কেউ করে তাহলে তার বিরুদ্ধে শাস্তি দেবার অধিকার পুলিশের আছে। এখন খুন হয়ে গেলে সেই খুনের সাফাই গাইবার জন্য যদি বলা হয় আমার দলের এত লোক আছে তাহলে খুনকে স্বীকার করা হচ্ছে। এই খুনের ব্যাপারে কতজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, কতজনকে সাজা দেওয়া হয়েছে, কতজনকে গ্রেপ্তার করা হয়েছে সে কথা আপনি বলছেন না। এই যে দেড় হাজার খুন হল তার মধ্যে সরকার পক্ষের এতজন এই কথা বলার মানেই যে স্বীকার করা হচ্ছে যে খুন চলছে এবং এটা সর্বদলীয় ভিত্তিতে হচ্ছে। যেখানে সরকারের কোন দায়িত্ব নেই। অথচ একটা খবর যা আমরা সংবাদ পত্রে দেখলাম, সত্য কিনা জানিনা যে আপনাদেরই বিরুদ্ধে আপনাদেরই বামফ্রন্টের একজন মন্ত্রী একটা স্টেটমেন্ট করেছেন যে গাজীপুরে আর. এস. পি. সভাদের উপর সি. পি. এমরা বর্বরোচিত অত্যাচার করেছে এবং অভিযোগ করেছেন আপনারই কাছে আর. এস. পি. মন্ত্রী দেবব্রত বাবু। কিন্তু মুখ্যমন্ত্রী তাঁকে বলেন পুলিশের রিপোর্ট পাই তারপর দেখব। অর্থাৎ একজন মন্ত্রীর উপর মুখ্যমন্ত্রী আস্থা স্থাপন করতে পারছেন না এবং তিনি পুলিশের রিপোর্টের উপরেই বেশি পরিমাণে নির্ভরশীল। এ ক্ষেত্রে যদি এইরকম হয় তাহলে আমরা এখানে যে সমস্ত আইন শৃঙ্খলার কথা বলি তার কোন মূল্যই থাকে না, কারণ তার সত্যতা আপনারা বিচার করেন পুলিশের দেওয়া রিপোর্ট থেকে।

[6-55—7-05 P. M.]

আপনি হয়ত বলবেন "এই যে নির্বাচন হয়ে গেল এই নির্বাচনে পশ্চিমবাংলার বিরোধীদল গুলির ভরা ডুবি হল। যে ঘটনাগুলি ২।।. বছর ধরে বিধান সভায় বিরোধী দলেরা বলে ছিলেন জনসাধারণ আপনাদের কথা বিশ্বাস করেনি।" আজকে হয়তো নির্বাচনের সাফাই গাইবেন। কিন্তু একটা নির্বাচনের রায়ের উপর কি সমস্ত ঘটনা নির্ভর করে? ১৯৫৯ সালে ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে পুলিশের গুলি চালান হল, তাতে ৮০ জন কৃষক এসপ্ল্যানেড ইস্টে মারা গেলেন, আজো সেই শহীদ দিবস পালন করা হয়, ১৯৫৯ সালের পর ১৯৬২ সালে নির্বাচন হল, সেই নির্বাচনে কংগ্রেস বিপুল সংখ্যায় জয়যুক্ত হলেন, তাহলে কি এটা প্রমাণ হল ১৯৫৯ সালে কৃষকদের উপর যে গুলি চালানো হয়েছিল তা ঠিক হয়েছিল? ১৯৫৯ সালে কৃষকদের হত্যা করাটা ঠিক হয়েছিল? নির্বাচনের জয়ের উপর কি অন্যায় মিথ্যা ঘটনা প্রতীয়মান হয় যে সরকার সঠিক কাজ করেছেন? মুখ্যমন্ত্রী শেষে একটা কথা বলেছেন যে ভারতবর্ষের আকাশে কালো মেঘ দেখা দিয়েছে। কিন্তু সেই কালো মেঘ দেখার পূর্বে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত রয়েছেন, অসাধু ব্যবসায়ীদের, দুষ্কৃতকারীদের, খুনী গুণ্ডাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন না একথা আমরা বলতে চাই না ; আমরা বলতে চাই না যে সমাজে চিরাচরিত প্রথা অনুযায়ী জোতদার, জমিদার, পুঁজিপতিদের তল্পিবাহক আপনারা হোন পশ্চিমবাংলায় হয়তো আপনাদের ক্যাডারের সংখ্যা বৃদ্ধি ঘটছে, যখন সুদিন থাকে

তখন বহু মানুষ আপনাদের পিছনে থাকে, আবার দুর্দিনের সময়ে ঐ ক্যাডাররা সরে দাঁড়াবে। ঐ ক্যাডাররা অনেকে একদিন কংগ্রেস ছিল, ১৯৭৭ সালে আপনারা সরকারে আসার পর ওরা বিগত দিনে যে সব অত্যাচার করেছে সেইসব অত্যাচারের কথা আমরা বার বার এই বিধান সভায় তুলেছি, আপনারা তার কোন প্রতিকার করেন নি। আমি শংকর গড়িবার কথা বলেছি, পানশিলার কথা বলেছি ভাজা চাউড়ির কথা বলেছি, হ্যাঁ, আমরা মরিচঝাঁপির কথা বলেছি, সেখানে পুলিশ লাগিয়ে কিভাবে তাদের উপর অত্যাচার করা হয়েছিল এবং মেদিনীপুরের অ্যাডিশন্যাল এস. পি. কে সেই মরিচঝাঁপিতে টেনে নিয়ে যাওয়া হয়েছিল, সেখান থেকে উদ্বাস্তুদের বিতাড়নের জন্য মিঃ ঘোড়াকে তমলুক থেকে মরিচঝাঁপিতে নিয়ে যাওয়া হয়েছিল। আমরা দেখেছি বাহাদুরপুরের ঘটনা, হায়দার পাড়ার ঘটনা, পানশিলার ঘটনা। পশ্চিমবঙ্গে এই যে ঘটনাগুলি ঘটেছে আপনারা যদি নিরপেক্ষভাবে আমাদের সঙ্গে কথা বলে প্রকৃত ঘটনা উদ্‌ঘাটন করেন তাহলে আপনারা কেউ এগুলি অস্বীকার করতে পারবেন না। আমরা জানি আমরা এমন কিছু বিধানসভার অভ্যন্তরে বলিনা, বলব না যেগুলি অতিরঞ্জিত হবে যার দ্বারা একটা সরকারের ভাবমূর্তি জনসাধারণের কাছে নষ্ট হবে। আপনারা সারা ভারতবর্ষের তথ্য তুলেছেন, ১৯৭৮ সালে যখন জনতা সরকার ছিলেন তার তথ্য আপনারা পরিবেশন করেছেন, ১৯৭৯ সালে পরিবেশন করেছেন, এর আগে পুলিশ বাজেটে বিধানসভায় অশোক বোস বক্তৃতা দিয়ে তথ্য পরিবেশন করেছিলেন। এর আগেও বলেছি রাজ্যগুলিতে জনতা সরকার ছিল সেই রাজ্যগুলিতে যে কোন লোক থানায় ডায়েরি করতে গেলে ডায়েরি নেওয়া হত, কিন্তু বিগত দিনে পশ্চিমবঙ্গের কোন মানুষের উপর অত্যাচার হলে থানায় যদি ডায়েরি করতে হয় তাহলে আগে পুলিশ জিজ্ঞাসা করে যার বিরুদ্ধে ডায়েরি হবে তিনি কোন দলের লোক, তিনি যদি সরকার পক্ষের লোক হন তাহলে তার বিরুদ্ধে ডায়েরি লিপিবদ্ধ করা হবে না। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে যদি পশ্চিমবঙ্গের তুলনামূলক আলোচনা করতে হয় তাহলে পশ্চিমবঙ্গের পুলিশ প্রশাসন নিরপেক্ষ ছিল না, পশ্চিমবঙ্গের থানাগুলি নিরপেক্ষ ছিল না। তাহলে মানুষ কোথা থেকে জাসটিস পাবে? যখন যে সরকার আসে তখন তারা সেইভাবে পুলিশকে ইউটিলাইজ করে। আমরা দেখেছি থানায় ওয়ারেন্ট পড়ে থাকে, সেই ওয়ারেন্টের কোন ব্যবস্থা হয় না, তাদের অ্যারেস্ট করতে যায় না। আর আমরা এখানে যখন সেই সমস্ত অভিযোগ করি তখন বলতে থাকেন যে আমরা জোতদারের পক্ষ হয়ে কথা বলছি, ভূস্বামীদের কথা বলছি, বড়লোকদের পক্ষ হয়ে কথা বলছি, কায়েমী স্বার্থের হয়ে কথা বলছি। এই যে সত্যকে লুকিয়ে রাখা হচ্ছে এটা একদিন বুমেরাং হয়ে দেখা দেবে। আকাশে কালো মেঘ দেখা দিয়েছে, সেই কালো মেঘ আবার আপনাদের ঢেকে দেবে, সেদিন আবার আপনাদের আমাদের কাছে আসতে হবে। ১৯৭৭ সালে আমরা আপনাদের উদ্ধার করেছি, সারা ভারতবর্ষে গণতান্ত্রিক আবহাওয়াকে আমরাই তুলেছি। আমরা জেলে গেছি, আন্দোলন করেছি, বিভিন্ন জায়গায় পুলিশ আমাদের উপর আক্রমণ করেছে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি দাবি করতে পারেন না যে সেই আন্দোলনের আগে তাঁরা এগিয়ে গেছেন। ভারতবর্ষের আকাশে যে কালো মেঘ দেখা দিয়েছে সেই কালো মেঘকে সরাবার জন্য জনতাপার্টি নিশ্চয়ই আন্দোলন করবে। কিন্তু আপনাদের একটা কথা বলতে চাই অতীতের সেই সমস্ত ঘটনাগুলি পর্যালোচনা করার চেষ্টা করুন, সেগুলি বিশ্লেষণ করুন। অন্যায় কে অন্যায় বলতে শিখুন এবং সেগুলি সম্বন্ধে যথাযথ ব্যবস্থা করুন। আমরা বিধানসভায় যে মেনশনগুলি করছি,

সরকার পক্ষ করেন, বিরোধী পক্ষ করেন, সরকার দাবি করছেন যে কংগ্রেসি লোকেরা সি পি এম'র গায়ে হাত দিয়েছে, ফরওয়ার্ড ব্লকের গায়ে হাত দিয়েছে, আবার কংগ্রেসি লোকেরা অভিযোগ করছে যে তাদের গায়ে সি পি এম'র লোকেরা হাত দিয়েছে। অর্থাৎ এই অভিযোগের মাধ্যমে প্রমাণ হচ্ছে যে পশ্চিমবঙ্গে গায়ে হাত দেওয়া-দেয়ি চলেছে, পশ্চিমবঙ্গে খুনো-খুনি চলেছে, পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে। মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লিতে চিঠি পাঠিয়েছেন সংবাদপত্র যে চিঠি দেখেছি তাতে তিনি বলেছেন পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলার অবনতির জন্য কংগ্রেসিরা দায়ী। আমি মুখ্যমন্ত্রীকে বলতে চাই, যে দলই দায়ী হোক না কেন, আর. এস. পি, ফরওয়ার্ড ব্লক, কংগ্রেস, জনতা, সি পি এম সেটা দেখার জিনিস নয়—দেখতে হবে কোন ব্যক্তি বা কোন রাজনৈতিক কর্মীর দ্বারা যদি আইন শৃঙ্খলার অবনতি ঘটে তাহলে আপনি সেখানে শক্ত হাতে মোকাবিলা করুন। আমরা দেখছি সমাজবিরোধীরা অত্যন্ত বেশিমাত্রায় বেড়ে গেছে এবং পুলিশ প্রশাসন সেখানে নিষ্ক্রিয়। যে পুলিশ অফিসাররা আপনাকে হাউসে পরিবেশন করবার জন্য তথ্য দিয়েছে, কিন্তু আমরা সংবাদপত্রে দেখেছি সেই পুলিশ অফিসারদের অনেকে রাত্রে গোপনে কংগ্রেসিদের বাড়িতে যায় প্রভু বদলের জন্য দিল্লিতে জমানা বদল হয়েছে, কাজেই পশ্চিমবঙ্গে যদি জমানা বদল হয় এই আশা তারা করছে। অথচ আপনি এই সমস্ত অফিসারদের কাজের উপর নির্ভরশীল হয়ে, তাদের প্রদত্ত রিপোর্টকে নির্ভর করে এখানে তোতা পাখির মত তাদের সেই সমস্ত কাজের দায়িত্ব, তাদের সাফল্যের কৃতিত্ব বলে যাচ্ছেন। আপনি যদি কখনও আবার বিরোধীদলে আসেন তখন হয়ত বলবেন এই পুলিশ প্রশাসন যেভাবে চলছে, যেভাবে তারা কাজ করছে তাতে আমি তাদের সমর্থন করি না। মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন এই সুয়ো মোটোকেস্-এর কি অবস্থা হয়। কমল ঠাকুরকে পুলিশ লক আপ-এ মেরে ফেলা হল এবং বলা হল সুয়ো মোটো কেস্ স্টার্ট করা হবে। স্যার, এই সুয়ো মোটো কেস্-এর উপর আমাদের কোন আস্থা নেই। শ্রী ঠাকুর সমাজ বিরোধী হোক বা না হোক আমি সেকথা বলছিনা, আমার বক্তব্য হচ্ছে যদি কেউ সমাজ বিরোধীও হয় তাহলে তাকে এভাবে থানা লক আপে পিটিয়ে কি মারা যায়? এটা খুব লজ্জার কথা যে, এই বামফ্রন্ট সরকারের আমলে একটা ছেলেকে এইভাবে লক আপে পুলিশ অফিসাররা লাঠিপেটা করল। আপনারা শুনলে আশ্চর্য হয়ে যাবেন সেই পুলিশ অফিসারকে সাসপেন্ড করা হল না, তাকে শুধু ট্রান্সফার করা হল। মুখ্যমন্ত্রী বলেছেন তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছি, তাকে ট্রান্সফার করেছি। স্যার, আমি আবার বলছি এই সুয়ো মোটো কেস্-এর উপর আমাদের কোন আস্থা নেই। আপনারা সকলেই জানেন গত ১৬ই মে রাত্রে একজন রাশিয়ান প্রফেসর এই কলকাতা শহরে খুন হলেন। এই ব্যাপারে বিখ্যাত ফরেনসিক এক্সপার্ট মিঃ জে. বি. মুখার্জি তদন্ত করেন এবং একটা রিপোর্ট দেন। সেই রিপোর্টের ভিত্তিতে পুলিশ ইনভেস্টিগেশন করল। যেহেতু এই রুশ বিশেষজ্ঞ বিদেশি সেইজন্য এক্সটার্নাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের পার্মিশন নিতে হল যে এই ব্যাপারে তদন্ত হবে কি না? সংশ্লিষ্ট দপ্তর পার্মিশন দিলেন যে তদন্ত হবে এবং সেই তদন্ত হল। আমরা তারপর সংবাদপত্রে দেখলাম পুলিশ জানল না, অথচ তাঁর মৃতদেহ রাশিয়া চলে গেল এবং পুলিশও সুয়ো মোটো কেস্ বন্ধ করে দিল। কাজেই এই সুয়ো মোটো কেস্-এর মূল্য আছে। আমরা এই রুশ প্রফেসার এর ক্ষেত্রে দেখলাম কমল ঠাকুরের কেস এও হয়তো ওই জিনিসই দেখব, কাজেই বলছিলাম যে, সুয়োমোটো কেস্-এর কি মূল্য আছে? পুলিশ সুয়োমোটা কেস্ স্টার্ট করে সাময়িকভাবে

মানুষকে একটা প্রলেপ দেবার জন্য, যাতে করে লোকে বিক্ষুব্ধ না হয়ে ওঠে। লোকেদের জানিয়ে দেওয়া হল যে সুয়োমোটো কেস্ স্টার্ট করা হয়েছে, কিন্তু পরে দেখা গেল রাতের অন্ধকারে সেই সুয়ো মোটো কেস্ উঠিয়ে নেওয়া হল এবং কখন যে উঠিয়ে নেওয়া হল কেহই তা জানতেও পারলনা। লোকে ধারণা নিয়ে থাকে পুলিশ তদন্ত করছে, পুলিশ ব্যবস্থা করছে, কিন্তু আসলে সুয়োমোটো কেস্-এর ওই অবস্থা হয়। এইভাবে পুলিশ প্রশাসন বিভিন্ন জায়গায় অন্যায় কাজ করছে, গর্হিত কাজ করছে। গোটা সুন্দরবন এলাকায় দাঙ্গা হাঙ্গামা চলছে এবং শুধু সুন্দরবনই নয়, পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় চুরি, ডাকাতি হচ্ছে, মানুষ রাত্রে ঘুমোতে পারেনা। আমরা কিন্তু এই অবস্থাতেও দেখছিনা যে, পুলিশ অপরাধীদের ধরেছে বা এই ব্যাপারে পুলিশ সক্রিয় হয়েছে। রেজ্জাক আকুনজা, জেনারেল সেক্রেটারি অব জনতা পার্টি, সন্দেশখালি পি. এস., তিনি ১৬ তারিখে খুন হলেন অথচ যাদের নামে এফ আই আর করা হল, যারা অ্যাকুস্‌ড পার্সন তাদের পুলিশ গ্রেপ্তার করল না। তারপর, স্টেটসম্যান কাগজে বেরিয়েছে, পোর্ট-এর আন্ডারে বিভিন্ন পুলিশ স্টেশনগুলোতে দিনের পর দিন খুন, রাহাজানি বেড়েই চলেছে, মেয়েরা স্কুলে যেতে পারেনা, মেয়েদের বাড়ি থেকে টেনে নিয়ে যাওয়া হচ্ছে এবং দিনের পর দিন এই পোর্ট এলাকায়, ওয়াটগঞ্জ থানা এলাকায় যে অবস্থা চলছে তাতে বলা যায় পুলিশ প্রশাসন সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। আমরা এম এল এ হোস্টেলে বসে রাত্রে শুনি এখানে সেখানে বোমা ফাটানো হচ্ছে। সারা পশ্চিমবঙ্গ জুড়ে এই যে অবস্থা চলছে তাতে আমার বক্তব্য হচ্ছে এই অবস্থার জন্য যে দলই দায়ী হোক না কেন শক্ত হাতে, দৃঢ়ভাবে তাকে দমন করুন। আমরা দেখছি দেশের আকাশে কালো মেঘ দেখা দিয়েছে। বিগত দিনে জনতা সরকারের আমলে নারায়ণপুরে, বিহারে যে ঘটনা ঘটেছিল সেটা জনতা সরকারকে ভেঙ্গে দেবার জন্য ঘটানো হয়েছিল।

[7-05—7-15 P. M.]

জনতা সরকারকে ভাঙ্গবার অজুহাত সৃষ্টি করা হয়েছিল এই সমস্ত ঘটনাগুলি ঘটানোর দ্বারা আগামী দিনে হয়তো চক্রান্ত করা হবে বিভিন্ন ঘটনা ঘটিয়ে এখানকার সরকারকে ভাঙ্গবার জন্য। আপনি পুলিশ মন্ত্রী হিসাবে যে কৃতিত্ব দাবি করছেন, সেই কৃতিত্বকে নস্যাৎ করবার জন্য এই পুলিশ বাহিনীর একদিনও সময় লাগবে না। যে ব্লু প্রিন্ট তৈয়ারি হয়েছিল, উত্তর প্রদেশ, বিহারে, বিভিন্ন জনতা শাসিত সরকারের জন্য সেই ব্লু প্রিন্ট হয়তো আগামী দিনে পশ্চিমবঙ্গের জন্য তৈরি হচ্ছে। সেই ব্লু প্রিন্ট হয়তো রচনা করছেন যারা আপনার অ্যাডভাইসার আছেন এবং ঐ সমস্ত অফিসারদের অনেকেই সহায়তা করছেন এই ব্লু প্রিন্ট রচনার জন্য। আমি অনুরোধ করব শক্ত হাতে প্রশাসন ঠিক করুন, আইন শৃঙ্খলার যেখানে অবনতি হচ্ছে পুলিশকে বলুন সেই আইন শৃঙ্খলা নিরসনের ক্ষেত্রে তারা যেন দলমত নির্বিশেষে প্রকৃত দুষ্কৃতকারীকে সাজা দেয়। তাহলে আপনিও আমাদের সমর্থন পাবেন। কিন্তু পুলিশ খাতে যে ব্যয় বরাদ্দের দাবি আপনি চেয়েছেন সেটা আমি সমর্থন করতে পারছি না এই কারণে বিগত দিনের পুলিশ আর আজকের পুলিশের মধ্যে কোন পার্থক্য দেখছি না। সিদ্ধার্থ রায়ের পুলিশ, বিধান রায়ের পুলিশ এবং জ্যোতিবাবুর পুলিশ এই ৩ পুলিশের মধ্যে কোন পার্থক্য দেখছি না। আপনারা নিজেরা বলেছেন সরকার পাল্টালে কি হবে, পুলিশকে আমরা পাল্টাতে পারিনি, পুলিশের চরিত্র পরিবর্তন করতে পারিনি। বক্তৃতার মাধ্যমে মাননীয়

মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে বিগত দিনের যে পুলিশ ছিল আর বামফ্রন্ট সরকারের যে পুলিশ তার মধ্যে কোন ব্যবহারিক পার্থক্য, নীতিগত পার্থক্য হয়নি। সেই কারণেই আমি পুলিশের ব্যয় বরাদ্দের দাবি সমর্থন করতে পারছি না, যে পুলিশ আজকে অত্যাচারের হাতিয়ার, যে পুলিশ আজ ষড়যন্ত্রে হাতিয়ার, যে পুলিশ আজ সেন্ট্রাল গভর্নমেন্টের হাতিয়ার হিসাবে কাজ করে এই সরকারকে ভাঙ্গবার চেষ্টা করছেন তাকে সমর্থন করতে পারছি না। আপনি যে সেনশর্মা কমিশন গঠন করেছিলেন সেই রিপোর্টের বিভিন্ন পুলিশ অফিসারদের বিরুদ্ধে যে রিপোর্ট আছে তাদের বিরুদ্ধে আপনি কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করছেন কিনা সেটা আপনার জবাবি ভাষণে বললেন। যে সমস্ত পুলিশ অফিসাররা ইমার্জেন্সির সময় একজন মহিলার নিম্নাঙ্গ পঙ্গু করে দিয়েছিল তাদের সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন, যেভাবে তারা মানুষকে লাঞ্ছনা করে ছিলেন সেই সমস্ত পুলিশ অফিসারকে আপনি সাসপেন্ড করছেন কিনা আশা করি আপনার জাবাবি ভাষণে সে সম্বন্ধে আমাদের অবহিত করবেন। এই সমস্ত কারণের জন্যই আমি পুলিশ বাজেটকে সমর্থন করতে পারিছ না, কারণ পুলিশের মধ্যে কোন নীতিগত পরিবর্তন ঘটেনি, কোন ব্যবহারিক পরিবর্তন ঘটেনি। এই কয়েকটি কথা পুলিশ বাজেটকে সমর্থন না করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীল সাঁতরা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি।

**মিঃ স্পিকার ঃ** আমাদের সময় ৭-১০মিনিটে শেষ হচ্ছে। কিন্তু এখন আমাদের কিছু সময় লাগবে দু-একজন বক্তা বাকি আছেন এবং মুখ্যমন্ত্রীও তাঁর জবাবি ভাষণ দেবেন, সুতরাং আমি প্রস্তাব করছি ৮টা পর্যন্ত অর্থাৎ আর ৫০ মিনিট সময় আপনাদের কাছে চেয়ে নিচ্ছি।

**শ্রী সুনীল সাঁতরা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, বিরোধীদলের বক্তব্য আমি শুনলাম, আমি বিরোধীদলের বন্ধুদের অতীতের কথা একটু স্মরণ করিয়ে দিতে চাই। আজকে ভোলাবাবু এখন নাই, তিনি বলেই এখান থেকে দলবল নিয়ে চলে গেলেন। তিনি থাকলে ভাল হত। আমার জেলায় ওঁরা অতীতে কি করেছেন অর্থাৎ বর্ধমান জেলায় বিগত দিনগুলির কথা আমার আজ মনে পড়ছে সেগুলি কিছুতেই ভুলতে পারছি না। যেভাবে ওঁরা অত্যাচার চালিয়েছিলেন বিভিন্ন গণআন্দোলনের কর্মীদের ওঁরা খুন করেছিলেন সেটাই আরেকবার ওঁদের স্মরণ করিয়ে দিতে চাই। আমরা দেখেছি দূর্গাপুরের প্রধান শিক্ষক বিমল দাশগুপ্তকে আগুনে পুড়িয়ে হত্যা করা হয়েছিল আমরা জানি ভারতী তরফদারের উপর কিভাবে অত্যাচার করা হয়েছিল, সে কাহিনী কেউ ভোলেনি। আমাদের প্রাক্তন বিধানসভা সদস্য শ্রী কালিপদ দাসকে নৃশংসভাবে হত্যা করার কাহিনী, বর্ধমানের অন্যতম নায়ক কালোদা'র কথা এবং আইনজীবি ভবতোষ রায়ের কথা বলেছেন। আমরা ভুলতে পারি না। এঁরা আজকে বলেছেন আইন-শৃঙ্খলার কথা। কিন্তু অতীতের কথা স্মরণ করে ওঁরা এইসব কথা বলছেন? ওঁরা যখন ক্ষমতায় ছিলেন সেই বিগত দিনে পুলিশকে ওরা কিভাবে ব্যবহার করেছেন? আমরা দেখেছি বর্ধমানের যুবকর্মী মনোজ পালকে কিভাবে মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হয়েছিল। সে কাহিনী তো বর্ধমানের মানুষ জানে। বিগত সরকারের পুলিশি বর্বরতার ভয়ংকর নজির বর্ধমানের মানুষ জানে এবং সেই দিনগুলির কথা মনে পড়লে আজও মানুষ ভয়ে শিউরে উঠে। ওঁরা এইরকম

সব কাজ করেছিলেন। আমরা দেখেছি সেই সব কথা শুনলে মানুষ আজকেও আঁতকে উঠে। আজকে বিভিন্ন জায়গায় কতকগুলো ছোট-খাট ঘটনা ঘটছে। আমাদের থানাতেও এই রকম ঘটনা ঘটেছে। আমাদের জেলার এম. এল. এ., নিখিলদা বললেন, জামালপুর থানার ঘটনা। উনি বলেছেন জৌগ্রামের কথা। কিন্তু আমরা লক্ষ্য করেছি কয়েকটা জায়গায় বিচ্ছিন্ন ঘটনা ঘটেছে। আমরা দেখেছি আমাদের এলাকায় স্থানীয় কংগ্রেসের নেতারা তারা এইসব ঘটনার সঙ্গে জড়িয়ে আছেন। জৌ গ্রামের ঘটনায় কংগ্রেস নেতা জড়িত ছিলেন। গৌরাঙ্গ সেই ঘটনা ঘটিয়েছে এবং সে স্বীকার করেছে যে আমাদের জৌ গ্রামের উদ্বাস্তু কলোনি আমরা আক্রমণ করেছি, কেশবের ঘর পুঁড়িয়ে দিয়েছি, তাকে ধরে এনে মাটির তলায় পুঁতে দিয়েছি। শুধু তাই নয়, একদল সমাজ বিরোধী নিয়ে বিভিন্ন জায়গায় চুরি ডাকাতি করে বেড়াচ্ছে। এমনকি জামালপুর থেকে ভাতার থানার ডাকাতি করতে গিয়েছিল। আবার এখানে আইন-শৃঙ্খলা নেই এবং এই কথা বলে চিৎকার করছেন। আমরা দেখলাম, কংগ্রেস (আই)-এর সমর্থক গৌরাঙ্গের নেতৃত্বে ভাতারে ডাকাতি করতে গিয়ে জামাল বলে একটি ছেলে পুলিশের গুলিতে মারা গেল। তাকে সনাক্ত করা হল। এইসব ঘটনা রয়েছে। আর তারা এসে বলছে, দেশে আইন-শৃঙ্খলা বিপন্ন হয়েছে। কিন্তু আশ্চর্যের ব্যাপার আমরা দেখছি, আইন-শৃঙ্খলা অতীতে যা ছিল বর্তমানে তার চেয়ে ভাল আছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের বিহার, আসাম, এবং খোদ দিল্লির কথা থেকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা শতগুণে ভাল আছে। এটা ওরা ভাল করেই জানেন, আমরাও জানি। কিন্তু তবু মন্ত্রীর বিরোধীতা তো করতেই হবে। আপনারা চিরদিন ক্ষমতায় ছিলেন, ক্ষমতায় থেকে গরিব মানুষের উপর অত্যাচার করে এসেছেন, আজকেও সেই জিনিস আপনারা করতে চাইছেন। আপনারা আসলে সেই জমিদার-জোতদারদের সেবা করতে চাইছেন, আর পুলিশকে সেইভাবে ব্যবহার করতে চাইছেন। কিন্তু আজকে বামফ্রন্ট ক্ষমতায় এসে আমাদের পুলিশকে গণমুখী করতে চেয়েছেন। আমাদের সরকার পুলিশকে গণমুখী করে গড়ে তুলছেন। কিন্তু সেটা আপনাদের সহ্য হচ্ছে না। কারণ আপনাদের পক্ষের যেসব লোক বা গুন্ডারা রয়েছে তাদের কথা মতো আপনারা চিৎকার করছেন। আজকে গ্রামের গরিব মানুষ, ভাগচাষী বর্গা যখন বর্গা রেকর্ড করে জমির উপর অধিকার প্রয়োগ করছেন, প্যারামানেন্ট করতে চাইছেন, তারা যখন জোতদারদের বিরুদ্ধে আন্দোলন করতে যাচ্ছে, জোতদাররা আপনাদের কাছে আসছে, আর আপনারা চিৎকার করছেন আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে।

মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি সেই বাজেটকে পূর্ণ সমর্থন করছি।

[7-15—7-25 P. M.]

**শ্রী জ্যোতি বসু:** মাননীয় স্পিকার মহাশয়, এখন এখানে আমার প্রথমেই মুস্কিল হচ্ছে যে ইন্দিরা কংগ্রেস যাঁদের এখন বেশি সংখ্যা আছে বিরোধী দলে (জনতা পার্টি থেকে জনৈক সদস্য: আমরাই বিরোধী দলে সংখ্যায় বেশি) হ্যাঁ, জনতায় আছে এখনও ভাল, কিন্তু গোলমাল ওঁরা করছেন, সেজন্য ওঁদের কথাই আমার মনে পড়ছে, ওঁদের কথাই বলছি, ওঁরা অনেক বক্তৃতা দিলেন, বললেন এর খুব গুরুত্ব আছে, এখানে পুলিশ বাজেটে আলোচনার গুরুত্ব আছে, তা এমনই গুরুত্ব যে তাঁরা বক্তৃতা দিয়েই বেরিয়ে গেলেন, শোনবারও দরকার

নাই, অন্য কারও কথা বুঝবারও দরকার নাই। এই হচ্ছে দায়িত্বজ্ঞানহীন দল ইন্দিরা কংগ্রেস, পশ্চিমবাংলায়। তাঁরা গন্ডগোল করছেন, পরিকল্পিতভাবে সমস্ত ব্যবস্থা নিচ্ছেন আইন শৃঙ্খলাকে বিঘ্নিত করার জন্য মানুষ বুঝুন, দেখুন পশ্চিমবাংলার, এটাই আমরা চাই। আমি প্রথমে দুই একটি কথা আমার লিখিত বক্তৃতা থেকে বলে আরম্ভ করছি। আমরা এখানে বারে বারে ঘোষণা করেছি, ঘোষণা করার প্রয়োজন আছে, কারণ কিছু মানুষ আছে ভুলে যেতে পারেন, আমরা সীমাবদ্ধ অবস্থার মধ্যে রাজ্য সরকারে আমরা আছি। একটা দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা বলছি, আমরা দিল্লিতে নেই, আমরা পশ্চিমবাংলায় আছি এবং সংবিধানের যে অবস্থা, অন্যান্য সাধারণ যে অবস্থা আছে, রাজ্য এবং কেন্দ্রের সম্পর্ক ইত্যাদি, এটা আমরা মানুষকে মনে করিয়ে দিতে চাই। অর্থনৈতিক ক্ষেত্রে, আইনের ক্ষেত্রে নানা বিষয়ে সেকথা আমরা বারে বারে মানুষকে বলেছি এবং এটাও বলেছি তার সাথে সাথে আমাদের দেশে যা আছে, সামাজিক এবং অর্থনৈতিক ব্যবস্থা চলেছে, ধনতান্ত্রিক এবং সামন্ততান্ত্রিক ব্যবস্থা ৩৩ বছর ধরে চলেছে, এর মধ্যে আমরা যদি মানুষের কাছে প্রচার করি, অসত্য প্রচার যে আমরা একটা রাজ্য সরকার সমস্ত কিছু আমূল পরিবর্তন এনে দেব, এটা আমরা করতে পারি না। এবং পুলিশি প্রশাসন ব্যবস্থা বিষয়ে আমি আগেও বলেছি এবং এখনও বলছি—এদের যেভাবে ব্যবহার করা হয়েছে—এই সমাজ ব্যবস্থা অর্থনৈতিক ব্যবস্থা এটা ৩৩ বছর ধরে আমরা দেখছি, সেই ব্যবস্থা হল মুষ্টিমেয়র জন্য স্বার্থ রক্ষা করা, গণতন্ত্র বিরোধিতা রক্ষা করা এবং দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যদিও আমাদের দেশের লোকেই পুলিশে কাজ করছে, গরিব ঘরের অনেক ছেলেরা সেখানে কাজ করছে, কিন্তু অবস্থা যেটা এর মধ্যে সৃষ্টি করা হয়েছে, তার জন্য প্রধানত দায়ী হচ্ছে যাঁরা সরকার এতদিন ধরে চালিয়েছেন এবং বিশেষ করে কেন্দ্রে চালিয়ে যাচ্ছেন আর ভারতবর্ষের অন্যান্য জায়গায় যারা চালিয়ে যাচ্ছেন। কাজেই তাঁদের যা লক্ষ্য, সেই লক্ষ্যের সঙ্গে আমাদের লক্ষ্যের কোন সামসঞ্জ্য নেই, কোন রকম মিল নেই, তাঁদের লক্ষ্য চরিতার্থ করার জন্য, তাঁদের সেই লক্ষ্যে পৌছাবার জন্য তাঁরা পুলিশকে সেইভাবে ব্যবহার করবেন, এতে আশ্চর্য হবার কিছু আছে কি? কিছু নেই। তাঁদের সম্বন্ধে এসব বুঝেই আমরা সরকারে এসেছি, পশ্চিমবঙ্গের মানুষ এখানে পাঠিয়েছে, আমরা পশ্চিমবঙ্গ সরকারে এসে মানুষকে বলেছি আপনারা অবস্থাটা বুঝুন, লিমিটেশন, কোথায় কোথায় আমাদের করা যায়, সবটা যায়না। এটা আমরা মানুষের কাছে বলেছি। সেই হিসাবে পুলিশকে বলেছি, সব দোষ আপনাদের দিচ্ছিনা, আমরা বলেছি যেভাবে আপনাদের কাজ করানো হয়েছে, সেইভাবে আপনারা কাজ করেছেন, এর জন্য প্রধানত দায়ী সরকার, রাষ্ট্র যাদের হাতে আছে। সেজন্য পুলিশকে বলেছি একটা বড় সুযোগ যখন এসেছে, বামফ্রন্ট সরকারের মত একটা সরকার এখানে এসেছে এবং পশ্চিমবাংলার মানুষ এখানে প্রতিষ্ঠিত করেছে, সেই সুযোগ আপনারা নিন। অনেক ব্যক্তি পুলিশে আছেন, এমন অনেক মানুষ আছেন যাঁরা আগেকার দিনে সরকার যা করেছেন, তাঁদের দিয়ে করানো হয়েছে, সন্তুষ্ট হতে পারেন নি, মুখ বুজে তাঁদের করতে হয়েছে, যার ফলে আজকে ৩২ বছর স্বাধীনতার পরেও পুলিশ মানুষ থেকে বিচ্ছিন্ন, সমস্ত জায়গায় বিচ্ছিন্ন, ভারতবর্ষব্যাপী এটা, অথচ এটা বাঞ্ছনীয় নয়। একথা পুলিশকে বলেছি, পুলিশের সঙ্গে নতুন করে আমরা সম্পর্ক স্থাপন করার চেষ্টা করছি। আমরা বিভিন্ন জায়গায়, জেলায় জেলায় কমিটি করেছি, কেন্দ্রে কমিটি করেছি, আমি তার সভাপতি এবং যতগুলি সংগঠন আছে তাদের প্রতিনিধি নিয়ে করেছি, এ জিনিস করেছে ভারতবর্ষে আর কোন

সরকার? এতদিন ধরে তো রাজত্ব করছেন। আমরা তাঁদের সঙ্গে বসে আলোচনা করি, তাঁদের সংগঠন আছে, তাঁদের সঙ্গে দাবি দাওয়া নিয়ে তাদের কথাবলি, দাবি দাওয়া মানতে পারি না পারি, তাদের একথা বলি এই কারণে মানতে পারছিনা, আপনাদের অপেক্ষা করতে হবে, এইভাবে আমরা চলবার চেষ্টা করছি। এবং পুলিশকে বলেছি, এই সুযোগ আপনারাও গ্রহণ করুন, আপনাদের ব্যবহারের পরিবর্তন করে আপনারা এই সুযোগ গ্রহণ করুন। মানুষের সঙ্গে ব্যবহার করতে আপনারা যে ভাবে অভ্যস্ত হয়েছেন—বিগত দিনগুলির সরকার যে অভ্যাস করিয়েছেন আপনাদের সেটা আপনারা ভোলবার চেষ্টা করুন। আমি জানি সময় লাগবে কারণ ভয়ঙ্কর জিনিস এই অভ্যাস। আমি জানি এখানে যে শ্রেণী বিভক্ত সমাজ রয়েছে এসবের মধ্যে এসব হওয়া খুব কঠিন। কিন্তু তবুও তো কিছু করা যায় এবং কিছু হয়েছেও ইতিমধ্যে সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি দেখেছি আমাদের এদিককার কেউ কেউ বলেছেন সেকথা যে সামাজিক কাজে, মানুষকে সাহায্য করার কাজে চরম বিপদের সময় তারা তো এগিয়ে গিয়েছেন। আমরা আসার পর গত দু/তিন বছরের মধ্যে আমরা দেখেছি কিছু পুলিশ তারা প্রাণ দিয়েছেন, আহত হয়েছেন হয়তো ডাকাত ধরতে গিয়ে কি দুষ্কৃতকারী ধরতে গিয়ে কি সমাজবিরোধীদের ধরতে গিয়ে। আমরা সেখানে তাদের প্রশংসা করেছি এবং আমরা তাদের পুরষ্কৃতও করতে চাই। এইভাবে আমরা ওদেরও একটা সুযোগ দিচ্ছি। এটা শুধু সরকার আর কয়েকজন মন্ত্রী বক্তৃতা দিয়ে করে দিতে পারেন না, গ্রামে গ্রামে শহরে শহরে যেখানে পুলিশরা কাজ করেন সেখানে সেটা তাদের বুঝে নিতে হবে এই পরিবর্তিত পরিস্থিতিটা। কেউ কেউ হয়তো এই সুযোগটা গ্রহণ করছেন আবার কেউ কেউ হয়তো এটা গ্রহণ করছেন না। এখানে দু/একজন আমাকে বললেন যে, আপনি কি জানেন যে পুলিশদের মধ্যে এরকম একটা ইস্তাহার বিলি করা হয়েছে? আমি তো জানি, আমার কাছেও আছে সেটা। আমরা তো একেবারে মূর্খ নই, আমাদের চোখ তো খোলাই আছে। অসংখ্য মানুষ আমাদের প্রতিদিন খবরাখবর দিচ্ছেন, আমরা জানি। সব হয়তো না জানতে পারি কিন্তু কিছু জানি যে কোথায় কি হচ্ছে। কিন্তু আমরা করবটা কি? ইস্তাহারটা উনি হিন্দিতে পড়ে শোনালেন। সেখানে দুজন পুলিশ, আগে থেকে তাদের বিরুদ্ধে মামলা চলছিল, তারা গুলি করে হত্যা করেছিল কাদের, সে সম্বন্ধে আমরা সরকারে আসার আগে থেকেই মামলা চলছিল এবং তারা সাজা পেলেন—যাবৎ জীবন। সেখানে অপরাধ হয়ে গেল আমাদের সরকারের। কিন্তু কি করব আমরা? ওরা বলছেন, আমরা তো বিগত সরকারের কথা শুনে মানষকে গুলি করে হত্যা করেছিলাম। কিন্তু আমি বলছি, সেখানে কোন উপায় নেই, আইনে যা আছে তাই হবে। আমরা কি করব? সেখানে আমরা কিছু করতে পারি না। এই যে বাইরে ইস্তাহার বিলি করা হচ্ছে এর মানে হচ্ছে সরকারের বিরোধিতা কর। এসব তো আমরা জানি—দুবার আমরা সরকারে এসেছি, এসব আমরা দেখেছি। এই বিধানসভার ভেতরেই আমরা আক্রমণ দেখেছি এবং কংগ্রেসিরা তার পেছনে ছিলেন যখন সেই আক্রমণ এখানে হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Question We have condemned it.

**শ্রী জ্যোতি বসু ঃ** হ্যাঁ, আপনার দল, আপনি এখন কোন কংগ্রেসে আছেন জানি না কিন্তু তখন আপনি সেই কংগ্রেসে ছিলেন যারা ষড়যন্ত্র করে পুলিশকে এখানে পাঠিয়েছিল

এবং আপনারা জানেন, তাদের আমরা স্তব্ধ করেছিলাম। তারপর সারা ভারতবর্ষ ব্যাপী যা হয়েছে সে দিকে একবার আপনারা চেয়ে দেখুন। সেখানে পুলিশকে গুলি করে হত্যা করা হয়েছে সি.আর.পি. নিয়ে গিয়ে, মিলিটারি নিয়ে গিয়ে, আমাদের এখানে এটা হয়নি, আমি ধন্যবাদ জানাচ্ছি আমাদের পুলিশ বাহিনীকে তাদের সঙ্গে কি সব ব্যাপারে আমরা একমত? না, একমত নই কিন্তু তথাপি ঐ পথে তারা যান নি। তারপর সি. আই. এস. এফ-এর সঙ্গে গোলমাল হয়েছে জনতা পার্টির সরকার যখন ছিলেন, সেখানে গুলিগোলা চলেছে, আমাদের এখানে ওটা আমাদের আওতার মধ্যে নয় কিন্তু তা সত্ত্বেও দিল্লির সরকারের সঙ্গে কথা বলে একটা সমঝোতায় যাতে আসা যায় তারজন্য আমরা চেষ্টা করেছি। এসব কি কোথাও হয়েছে? ভারতবর্ষের কোথাও কি এসব হয়? এসব জিনিস ভারতবর্ষের কোথাও হয় না। সেখানে আমরা আলাদা দৃষ্টিভঙ্গি নিয়ে চলবার চেষ্টা করছি। কিছু সুফল আমরা পেয়েছি, এখনও অনেক কাজ আমাদের করতে হবে। এই সামাজিক অবস্থার মধ্যে যেখানে নিদারুণ দারিদ্র আমাদের দেশে রয়েছে, প্রচন্ড বেকার আমাদের দেশে রয়েছে সেখানে এই জিনিসটা আমাদের সেভাবে চিন্তা করতে হবে। তা ছাড়া আমরা জানি কংগ্রেসিরা কয়েক হাজার সমাজবিরোধী তৈরি করে রেখে গিয়েছেন। সেখানে তারা আমাদের ছেলেগুলিকে বিপথে পরিচালিত করেছেন নিজেরা সরকারে থাকবার জন্য—তাদের হাতে বোমা, পিস্তল তুলে দিয়েছেন, মানুষকে হত্যা করতে শিখিয়েছেন, নির্বাচনকে প্রহসনে পরিণত করতে শিখিয়েছেন। আমাদের ঘরের ছেলেগুলিকে তারা সেই পথে টেনে নিয়ে গিয়েছেন যাতে তারা পরীক্ষায় টোকাটুকি করে। সেখানে ঐ কংগ্রেসি মন্ত্রীরা, নেতারা তাদের ডেকে ডেকে এইসব ব্যবস্থা করিয়েছেন যাতে তারা সমাজবিরোধীতে পরিণত হয়। তারা এটা করেছিলেন তার কারণ তাহলে যুব সমাজ আর দেশের জন্য, দশের জন্য সমাজ পরিবর্তনের জন্য লড়াই করতে পারবে না, তাদের মেরুদণ্ড ভেঙ্গে যাবে। কিন্তু সৌভাগ্য বশত তারা সফল হতে পারেন নি। সেখানে ৪/৫টি ইলেকশনে মানুষ কত বড় জয় আমাদের করিয়ে দিয়েছেন সেটা আপনারা দেখেছেন, সেজন্য মানুষের কাছে আমরা কৃতজ্ঞ, তাদের উপরই আমরা নির্ভর করি। আমরা বারে বারে বলেছি, পুলিশকে খোলা খুলি বলেছি—গোপনে অন্য কথা বলি না, কংগ্রেসিদের মতন আমরা ভণ্ড নই-আপনারা নিরপেক্ষ থাকবেন।

[7-25—7-35 P. M.]

কিছু এসে যায় না আমাদের সরকারি দলের মধ্যে যদি সরকারি দলের নাম করে অন্য কিছু করছে বা সমাজ বিরোধী কাজে লিপ্ত হয়, খুন জখম রাহাজানি করে তাহলে তার বিরুদ্ধেও ব্যবস্থা অবলম্বন করতে হবে। এখানে আমাকে জিজ্ঞাসা করা হচ্ছে আপনাদের লোকেরা ধরা পড়ে? একবার এই অ্যাসেম্বলীতে আমি হিসাব দিয়েছিলাম। আবার আপনারা প্রশ্ন করুন—আমাদের দিক থেকে কেউ প্রশ্ন করবেন আমি জবাব দিয়ে দেব কত লোক গ্রেপ্তার হয়েছে। আমাদের ১১০০ ছেলে খুন হয়েছে ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে এবং রিসার্চ অ্যান্ড অ্যানালিটিক্যাল উইং, শ্রীমতী ইন্দিরা গান্ধী এই সমস্ত ব্যবস্থা দিল্লি থেকে করেছেন। কটা মামলা হয়েছে, ক'জন সাজা পেয়েছে? আমাদের ১১০০ ছেলে খুন হয়েছে। ভারতবর্ষের কোথাও এই জিনিস হয়েছে? আজকে আমাদের জিজ্ঞাসা করা হচ্ছে পুলিশ নিরপেক্ষ কিনা—তবে এটা ঠিক পুলিশের মধ্যে আমি দেখেছি যেভাবে এখানে একটা অরাজক

অবস্থার মধ্যে কংগ্রেসিরা আমাদের নিয়ে যেতে চাচ্ছেন—ইন্দিরা কংগ্রেসের ছেলেদের দেখে পুলিশ অনেক জায়গায় থমকে দাঁড়িয়েছেন। তারা নিরপেক্ষ বলতে কি বোঝাচ্ছেন? নিরপেক্ষ বলতে যারা আক্রমণ করে তাদের বোঝায় না যারা আক্রান্ত তাদের উপেক্ষা করা? এই রকম উদাহরণ আমার কাছে আছে। তা তো চলবে না। পুলিশকেও একটু বুঝতে হবে, মাথা ঘামাতে হবে যে আক্রমণ করলেই তাকে গ্রেপ্তার করতে হবে। যার খুশি নাম দিয়ে দিলাম যা খুশি হয়ে গেল? যে আক্রান্ত হল জেনেশুনে সে গ্রেপ্তার হবে? একে নিরপেক্ষ বলে না। কিন্তু আমি জানি এই পরিবর্তিত অবস্থা হবার পরে, স্বৈরাচারী শক্তি দিল্লিতে জেতবার পরে এই রকম সব ঘটনা ইতিমধ্যেই আমার কাছে এসেছে। এটাকে আমি অন্তত নিরপেক্ষ বলতে রাজি নই। কাজেই এই বিষয়ে কোন সন্দেহ নেই যদি হিসাব আপনারা চান আমি দিয়ে দেব। জমি নিয়ে, এটা নিয়ে ওটা নিয়ে পারিবারিক কলহ, গ্রামের মধ্যে কোন কলহ, বিবাদ ইত্যাদি এই সব নিয়ে যে মামলা হয়েছে সেখানে গ্রেপ্তার হয়েছে। সেখানে যে কোন পক্ষই আছে, যারাই এর মধ্যে লিপ্ত আছে গ্রেপ্তার হয়েছে। কেউ আমাকে বলতে পারবেন আপনারা নেই, তথাকথিত সি. পি. এম. সমর্থক, অন্য কোন বাম পন্থী দলের সমর্থক নেই? এটা এই রাজ্যে প্রমাণ করা যাবে না, অন্য রাজ্যে খুঁজে বেড়ান নিরপেক্ষ কেউ আছে কিনা। এখানে এই সব চলতে পারে না। আমাদের এখানে বড় ভবিষ্যত—আমরা কতকগুলি মন্ত্রী হবার জন্য সরকারে আসি নি, সমাজ পরিবর্তনের জন্য এসেছি। আমরা এই পথে কখনও চলতে পারি? কখনই চলতে পারি না। আর আমাদের লোক যদি কোন ভুল করে, অন্যায় করে আমরা তৎক্ষনাৎ তাদের ডেকে বলি, বুঝিয়ে বলি, বোঝাই—যদি কেউ না বোঝেন তাহলে আমাদের পার্টির সে ক্ষমতা আছে বলে দিই বামপন্থীতে তাদের কোন স্থান নেই। তারা বেরিয়ে যাবেন, কংগ্রেসে যেতে পারেন, কিন্তু আমাদের মধ্যে এই সব থাকতে পারে না। এখানে আমি আপনাদের বলতে চাই একটি কথা আবার শুনলাম, ঐ ভোলাবাবু বলে গেলেন—উনি বলেই চলে গেলেন, হয়ত ওদের সব ধরা পড়ে গেছে, জনগণের সাহায্য নিতে বলেছেন আইন শৃঙ্খলার ব্যাপারে জনগণ শুনলেই খেপে যাচ্ছে। তিনি বললেন গ্রামে আপনারা আছেন বা শহরে আপনারা আছেন, আপনাদের হাতে পঞ্চায়েত আছে—কিন্তু পঞ্চায়েত তো কংগ্রেসের হাতেও আছে। আমরা ঐভাবে চলি না, আমরা জনগণের সাহায্য নিয়ে চলি। অতীতের পঞ্চায়েত, পৌরসভা এইসব কথা বলি না। আমরা জনগণের প্রতিনিধি। আমরা বলেছি যদি কোন রাজনৈতিক ব্যাপারে বিশেষ করে গন্ডগোল বাধে তাহলে সেখানে যে দলের নেতাই থাকুক বা যারাই থাকুক তাদের সঙ্গে বসে আলোচনা কর— এতে অসুবিধার কি আছে? আমরা বরাবর এই নীতি নিয়ে চলেছি। কিন্তু উনি বললেন জনগণের সঙ্গে সহযোগিতা কেন হবে—পুলিশ গুলি চালাবে, লাঠি চালাবে, যা খুশি তাই করবে—আমরা এই সব মানছি না, আপনাদের সরকার যেখানে আছে তারা এই সব মানবেন। আমরা এই সব মানতে রাজি নই। পুলিশ বুঝছেন। তারা অনেক সময় অসুবিধায় পড়ে যান, গোলমালে পড়ে যান, নানা রকম অভিযোগ হয় পরস্পর বিরোধী। বিশেষ করে ট্রেড ইউনিয়ন আন্দোলন, কৃষক সমিতির আন্দোলন, ছাত্র, যুব আন্দোলন ইত্যাদি নানা রকম আন্দোলন যখন হয় তখন এই সব হয়। সাধারণ অপরাধমূলক কাজের ক্ষেত্রে প্রশ্ন ওঠে না কারো সঙ্গে পরামর্শ করব না, যোগাযোগ করব না। কেউ বলছেন কংগ্রেস সরকারের সঙ্গে আপনাদের তফাৎ কি—ডঃ বিধানচন্দ্র রায়ের আমলে আপনি বিরোধী দলের নেতা হিসাবে ৫ কোটি টাকা বেড়েছিল বলে সমালোচনা

করেছিলেন। কিন্তু এখন কি হচ্ছে? এখন এটুকু যদি বুঝতে না পারেন তাহলে আপনাদের বোঝাব কি করে? পুলিশের বাড়ির জন্য খরচ করছেন বলে আমরা কখনো বাধা দিতাম, মাইনে বাড়ছে বলে বাধা দিতাম? তা তো দিতাম না। আমরা বলেছি এই পুলিশকে আপনারা ব্যবহার করছেন গণতন্ত্রকে হত্যা করবার জন্য, জনগণের বিরুদ্ধে আপনারা কাজ করছেন, পক্ষপাতিত্বের কাজ আপনারা করছেন, এই জন্য বাধা দিতাম। ভোলাবাবু বলে চলে গেলেন এই তো কোন খাতে কিছু বাড়লো না সব কমে গেল। তিনি বাজেট বইটা পড়েন এমন কি আমার বক্তৃতাটাও পড়েন নি। দায়িত্ব জ্ঞানহীন লোক হলে যা হয়। আমার সব বলার সময় নেই ১৯৬৬-৬৭ সালের শিক্ষা খাতে আমরা ৮০ কোটি টাকা খরচ করেছি আর এবারে সেটা গিয়ে দাঁড়িয়েছে ২৪০ কোটি টাকা। অন্য খাতগুলি দেখুন গঠনমূলক যে সমস্ত খাত আছে কোথায় আমরা কত খরচ করছি। এগুলি দেখলেই বুঝতে পারবেন আমাদের বাজেট ব্যয়ের মধ্যে গ্রামের জন্য আমরা কত ব্যয় করছি। এটা তো ওঁর দেখবার দরকার নেই। কারণ এই জন্য দরকার নেই। তিনি এই সবের দিকে না গিয়ে একটা হুমকি দিয়ে চলে গেলেন। ইন্দিরা গান্ধীর কাছে যাবেন কিনা জানিনা। ৩৬৫ এর কথা বলে চলে গেলেন যে প্রেসিডেন্ট রুল নাকি এখানে করা হবে আমি যা বুঝলাম। এর মানে কি হবে? সেন্টার যদি আমাকে বলে এই জনতা পার্টিতে যারা সব বসে আছে তাদের গলা কেটে দাও—তাহলে আমাকে কাটতে হবে? আমি বলেছি প্রণববাবুকে আপনারা বিনা বিচারে আটক করতে চান করুন আপনাদের যেখানে কংগ্রেসের রাজত্ব আছে। আপনারা ৯ টাকে নিয়েছেন আর আসাম আছে আরও তো আপনাদের অনেক জায়গা আছে আপনারা কয়জনকে বিনা বিচারে আটক করেছেন বলুন। আপনারা গ্রেপ্তার করেন নি কারণ নির্বাচন আছে। কিন্তু আমরা তা করব না। আপনাদের যদি সাহস থাকে আপনারা আটকান। আপনারা বলুন আমাদের এখানে কাকে কাকে আটকাতে হবে। তাহলে অন্তত আমরা বুঝতে পারি যে কারা কারা আপনাদের টাকা দেয় নি। আমি সে লিস্ট পাই নি। বিনা বিচারে আটকে এই অসভ্য বর্বর আইনকে আমরা ব্যবহার করি না। এতে অসুবিধা কি আছে? আমরা সব ব্ল্যাক মার্কেটিয়ার জ্যোতিবাবু থেকে আরম্ভ করে সবাইকে গ্রেপ্তার করে দাও। এই কথা আমাদের শুনতে হবে? এই সব কথা তো আমরা ৩৩ বছর ধরে শুনছি। এই সভায় বসে শুনলাম সিকিউরিটি অ্যাক্ট সম্বন্ধে তখন প্রফুল্লচন্দ্র ঘোষ বক্তৃতা দিয়েছিলেন। আমি বিরোধিতা করেছিলাম জানি না কত অ্যামেন্ডমেন্ট এনেছিলাম। তখন তিনি বলেছিলেন এ তো আপনাদের বিরুদ্ধে নয় কেন আপনারা নিজের গায়ে মাখছেন এই সব সমাজবিরোধীদের জন্য। কিন্তু সেদিন আমাকে ভোর চারটার সময় গড়িয়াহাটা রুট নিয়ে বাড়ি থেকে জীপে করে নিয়ে গিয়েছিল। তখন দেখি ঐ ভদ্রলোক রাস্তায় পাইচারী করছেন মর্নিংওয়াকে বেরিয়েছেন। আমি তো তখন জীপ থেকে বলতে পারি না কি মহাশয় এ কি হল কি প্রতিশ্রুতি দিলেন আর কি হল? যা হোক আমি সে সব কথার মধ্যে যাচ্ছি না। আমি যেটা বলতে চাচ্ছি আমি পরিসংখ্যানের মধ্যে যেতে চাই না। কিন্তু এগুলি তো দেখা দরকার। এখানে বলা হল কে একজন বললেন যে এখানে নাকি রেকর্ড খুন হচ্ছে এখানে সাট্টার সব চেয়ে বেশি রেকর্ড। উনি নাকি পি ডবলিউ মিনিস্টারের কাছে গিয়েছিলেন সাড়ে তিনটার সময় তিনজন অফিসারকে ফোন করেছিলেন একজনকেও পান নি—এও রেকর্ড এই রকম অনেক কিছু রেকর্ড বলে গেলেন। উনি কার নাম করলেন উনি নাকি সাট্টাওয়ালাকে চেনেন এবং উনি পুলিশ অফিসারের কথা বললেন। আমি জানি

দেখতে হবে এই সব জিনিস এই রকমভাবে হচ্ছে আমি জানি না। আমি এখানে দুটি উদাহরণ দিচ্ছি।

**1978**

| | | | | |
|---|---|---|---|---|
| Dacoity | — | Calcutta | — | 52 |
| | | Delhi | — | 53 |
| | | Bombay | — | 22 |
| | | Bangalore | — | 47 |
| Robbery | — | Calcutta | — | 170 |
| | | Delhi | — | 597 |
| | | Bombay | — | 314 |
| | | Bangalore | — | 496 |
| Murder | — | Calcutta | — | 97 |
| | | Delhi | — | 157 |
| | | Bombay | — | 191 |
| | | Bangalore | — | 49 |

[7-35—7-45 P. M.]

১.৯.৭৯ সালে কলকাতায় ৩৬, দিল্লিতে ৬১, বোম্বে ৪১। রবারি—কলকাতায় ১৬১, দিল্লিতে ৬২১, বোম্বে ৩৪৫, এটা হচ্ছে ১৯৭৯ সালের। মার্ডার—কলকাতায় ৯৩, দিল্লিতে ১৯০, এবং বোম্বে ১৫৭। এই রকম আরো অনেক record আমার কাছে আছে। এটা একটা অজুহাত আমাদেরই বা ৯৩ হবে কেন, ২৩-তে নেমে যাওয়া উচিত ছিল। আমি এটা বারে বারে স্বীকার করেছি। কিন্তু এখানে এমনভাবে দেখান হচ্ছে যে আইন-শৃঙ্খলা আর নেই। যারা ৩৬৫ কথা বলছেন—ওখানে গিয়ে ৩৬৫ অ্যাপ্লাই করুন, ওখানে ইন্দিরা রাজত্ব করছেন। উত্তর প্রদেশে কি হবে জিজ্ঞাসা করি? এগুলিতো সাধারণ ডাকাতি নয়। আমরা দেখছি যে হরিজনের উপর আক্রমণ হচ্ছে, উপজাতিদের উপর আক্রমণ হচ্ছে, তাদের নারীদের নির্যাতন করা হচ্ছে, ছেলেমেয়েদের পুড়িয়ে মারা হচ্ছে। এই সব লোকেদের কাছে আমাদের শুনতে হয় আইন-শৃঙ্খলার কথা। এটা ঠিক আমাদের এখানে যা ডাকাতি হচ্ছে, যার হিসাব দিলাম। আমরা খালি এইটুকু সান্ত্বনা আছে যে অনেক জায়গায় প্রিভেন্ট করা যাচ্ছে না, বন্ধ করা যাচ্ছে না। কিন্তু ডিটেকশনটা আগের থেকে অনেক ভাল হচ্ছে। আমার অনেক হিসাব আছে সেগুলি দেবার দরকার নেই। এটা সচরাচর আসে না, সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন, দিল্লি থেকে তারা আমাকে লিখেছেন ডেটেড 2.5.79 আমার যিনি ডি. সি., ডি. ডি., তাকে লিখেছেন Heartiest congratulations on the excellent work done by you and your colleagues in detection of the sensational robbery in the State Bank of Hyderabad, Maharshi Debendranath Road, on

April 4, 1979. Indeed the recovery of a large amount within so short a time must be a record in the history of criminal investigation of this country. এখন, এটা যারা করেছেন তাদের আমাদের অভিনন্দন জানাতে হবে। যেগুলি হয়নি সেটা হওয়া উচিত বা বিশেষ করে প্রিভেনশন যেগুলি আরো যাতে ঠিক মত ইনভেস্টিগেশন হয়, হয়তো সেই ডাকাতগুলির এমন ব্যবস্থা করা যেতে পারে যাতে তারা ঐ অপরাধমূলক কাজ করবে না। কাজেই সেদিকে আমাদের নজর দিতে হবে। এখানে অনেক সদস্য যে সব কথা বলেছেন, এগুলি যদি কাট মোশনে থাকত তাহলে একটু দেখে আসতে পারতাম কিন্তু তা নেই। হঠাৎ টাইপ রাইটারের কাগজ নিয়ে পড়তে আরম্ভ করলেন। ভোলা সেন নেই, তার উত্তর দেবারও প্রয়োজন নেই। তিনি চলে গেছেন, তার সৎ সাহসটুকু নেই যে আমার জবাবটা শুনে যাবেন। উনি যা বলেছেন, বেশির ভাগ অসত্য বলে গেলেন। আর বাজেটও পড়েন না, আমার বক্তৃতাও পড়েন না, ঠিক করে এসেছিলেন এই সব বলবেন, গন্ডগোল সৃষ্টি করবেন, করে চলে গেলেন। এখানে কথা উঠেছে যে ব্যক্তিগত ভাবে কে স্টুডেন্ট ফেডারেশনের মেম্বার ছিল। উনি জানলেন কি করে যে স্টুডেন্ট ফেডারেশনের মেম্বার ছিল? যা খুশি তাই বললেই হল। স্টুডেন্ট ফেডারেশনের মেম্বার হওয়া কোন আপত্তিজনক কথা নয়। কিন্তু উনি কি করে জানলেন সেটা আমি জিজ্ঞাসা করি কবে ছিল, কে ছিল? জনপ্রতিনিধি হয়ে সব আজগুবি কথা বলছেন। ওরা সব ঠিক করে ফেলেছেন যে কে, কোথায় পোস্টেড হবে। আপনারা জানেন যে একটা গোলমাল হয়েছে আমাদের ক্যালকাটা পুলিশের ব্যাপারে। কিন্তু এতে এত ভীত সন্ত্রস্ত আপনারা হবেন না। আমরাও জনগণের প্রতিনিধি। সংকটের কথা মনে করে এত ঘাবড়ে যাবার কি আছে? আমরা দেখছি, সমস্ত আমাদের হাতে আছে, জনগণ আমাদের পাশে আছেন, যদি তারা কিছু অন্যায় করে থাকেন, কিছু করে থাকেন, যতবড় অফিসারই হোন, আপনারা দেখেছেন আগেও আমরা ব্যবস্থা অবলম্বন করেছি। কিন্তু সেটা বিরোধী দলের সঙ্গে পরামর্শ করে করব না। আমার নিজের বিদ্যা, বুদ্ধি আছে, যেভাবে চললে জনগণের উপকার হবে সেই ভাবে আমরা ব্যবস্থা নেব, কাজেই সেদিকে আমি যেতে চাই না। আর যেহেতু নতুন কোন কথা নেই, বারে বারে ঐ মরিচঝাঁপীর কথা, কাশীপুরের কথা, বর্ধমানের কথা উঠেছে। বর্ধমানে উনি নিজে গিয়েছিলেন। ভোলাবাবু এটাতো বললেন না, বললে ক্ষতি কি হত যে প্রথম পুলিশটাকে মেরে ফেলল। তখন ওদের হাতে আর্মস ছিল না—ওদের ট্রেনে চড়াচ্ছিল দণ্ডকারণ্যে নিয়ে যাবার জন্য? উনি কতগুলি হাফ্ ট্রুথ এবং কতগুলি অসত্য কথা বলে গেলেন। ওঁরা মরিচঝাঁপিতে লোকেদের উস্কাবার চেষ্টা করেছিলেন, কিন্তু উস্কানো যায়নি, আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ করে এক লক্ষ কয়েক হাজার মানুষকে পাঠিয়ে দিয়েছি। ওঁরা অনেক চেষ্টা করেছিলেন, কিন্তু পশ্চিমবাংলার মানুষ ওঁদের মানছে না। কাজেই বাইরে থেকে মানুষ এনে—নারী, পুরুষ, শিশুদের নিয়ে খেলা আরম্ভ করেছিলেন। এটাই কি ওঁদের দায়িত্ব?

তারপর অনেক স্পেসিফিক কেসের ঘটনা এখানে উল্লেখ করা হয়েছে। সেগুলি সম্বন্ধে নির্দিষ্টভাবে সমস্ত কিছু না পেলে আমি কিছুই বলতে পারব না। সেগুলি লিখিতভাবে দিলে নিশ্চয়ই দেখব কি হয়েছে, না হয়েছে। তবে নতুনভাবে আবার হাওড়ার কথা এখানে তোলা হয়েছে। সেদিন হাওড়ার কথার উত্তর হয়ে গেছে। সেখানে মামলা হয়েছে। কাজেই মামলা যখন চলছে, ইনভেস্টিগেশন যখন হচ্ছে তখন আমি আগে থেকে কি করে বলে দেব যে,

*সব প্রমাণ হয়ে গেছে? অথচ একজন আইনজীবী হয়ে ভোলাবাবু ঐসব কথা এখানে বলে* বেরিয়ে গেলেন। এই সব দায়িত্ব-জ্ঞানহীন কথাবার্তা শুনলে আমাদের একটু আশঙ্কা হয়। আগে প্রফুল্ল সেন মহাশয়ের কাছে দিস্তা দিস্তা কাগজে চিঠি যেত, সেগুলি উনি আমার কাছে পাঠিয়ে দিতেন, আমি সেগুলি দেখতাম। এখন সব দিল্লি চলে যাচ্ছে এবং সেসব সম্বন্ধে একবার জৈল সিং লিখছেন, একবার ইন্দিরা গান্ধী লিখছেন। আমি অবশ্য সেসবের জবার দিচ্ছি। যেসব চিঠি আসছে এবং তার যা জবাব দিচ্ছি তা সব আমি পশ্চিমবাংলার জনগণকে ভারতবর্ষের জনগণকে দিয়ে দেব, তাঁরা বুঝে নেবেন।

তবে ঐ একটা ঘটনার কথা আমি বলব। বর্ধমানের জামুরিয়া, না কোন্ জায়গার ঘটনা। সেই ঘটনা সম্বন্ধে ইন্দিরা কংগ্রেসের কে একজন এম. পি. ইন্দিরা গান্ধীকে গিয়ে বলেছেন যে, ওখানে এক্স এম. এল. এ. এবং কংগ্রেসি লিডারের একমাত্র ছেলে খুন হয়ে গেছে, খুন যখন হয়েছে তখন নিশ্চয়ই সি. পি. এম. করেছে। অথচ সেই কংগ্রেস লিডারের স্ত্রী কেঁদে কেটে আমার কাছে চিঠি লিখেছেন, আমরা জানি কারা খুন করেছে এবং আমরা ইন্দিরা কংগ্রেসের লোক, আমাদের বিপক্ষে ইন্দিরা কংগ্রেসেরই যারা আছে তারা খুন করেছে। যদিও সেই চিঠি অনুযায়ী আমি কোনো ব্যবস্থাই গ্রহণ করিনি, কারণ ইনভেস্টিগেশন চলছে, আমরা চাই ইনভেস্টিগেশন হোক। কিন্তু আমি তাঁদের বলব যে, ঐ চিঠি ইন্দিরা গান্ধীর কাছে পাঠান। আমাদের পক্ষের লোকেদের যেখানে মারা হচ্ছে? সেখানে কি হচ্ছে। আমি তাই সমস্ত লিস্ট পাঠিয়ে দিচ্ছি। মজার ব্যাপার হচ্ছে, ভোলাবাবুরা আবার বিপদে পড়লেই বলছেন, আইন-শৃঙ্খলার ব্যাপার কেন্দ্রীয় সরকার কি করবে? এটা স্টেট সাবজেক্ট। কাজেই ৩৬৫ অনুযায়ী এই সরকারকে বিতাড়িত কর।

যাই হোক ভোলাবাবু নতুন ইন্দিরা মাহাত্ম্য গাইছেন। ইলেকশনের আগে অন্য একটা কংগ্রেসে ছিলেন। এখন ইন্দিরা কংগ্রেসে চলে গেছেন। এসব লোকের কি কোনো মূল্য আছে, চরিত্র আছে? নির্বাচনে দাঁড়াবার জন্য চলে গেলেন, আর তাঁর কাছ থেকে এসব বক্তব্য শুনতে হচ্ছে!

জয়নাল আবেদিন অনেক অনেক কথা বলেছেন, আমি সব কথার উত্তর দিতে পারব না। তবে আমি তাঁকে বলতে চাই যে, উনি অনেক ঘটনার কথা বলেটলে সেই একই কথা আবার বললেন পক্ষপাতিত্ব হচ্ছে। কিসের পক্ষপাতিত্ব? আপনি তো আমার কাছে হিসাব চাইতে পারতেন। একটা কোশ্চেন করুন, হিসাব চান যে, কোন দলের তথাকথিত ক'জন ধরা পড়েছে ইত্যাদি জিজ্ঞাসা করে। আমি আবার বলছি, ঐভাবে সরকার চলেনা। জয়নাল আবেদিন সাহেব, আপনি নিজে কি করেছেন? আমি জানি সেসব নিশ্চয়ই আপনাকে মনে করিয়ে দিতে হবে না। এখন কোন্ কংগ্রেসে আছেন তাই বোঝা মুস্কিল। আপনি এখানে হঠাৎ ঐ কোথায় মস্‌জিদ দখল হয়ে গেছে ইত্যাদি বললেন। এসব ভয়ঙ্কর কথা, মুসলমান ভাই বোনেদের ধর্মীয় স্থান নিয়ে এইভাবে এখানে আলোচনা করা কি উচিত? এটাকে কি রাজনৈতিক মূলধন করা উচিত? আপনি তো আসতে পারতেন আমার কাছে। কত ব্যাপার নিয়েই তো আসেন। আপনার পরিবারের লোকেরা আমার কাছে চিঠি লিখছে, আপনি নাকি তাদের জমি দখল করে নিচ্ছেন, না কি করছেন। তা সেসব মামলার ব্যাপার, সেসব নিয়ে ইনভেস্টিগেশন হবে, সেসব আমি এখানে রেফার করতে চাই না। আমি শুধু বলব যে, আপনার বাড়ির লোকেরা

আমার কাছে আসছে, তা কি আপনি জানেন?

[7-45—7-56 P. M.]

আমি কিন্তু এখন পর্যন্ত কোন সিদ্ধান্তে পৌছাইনি এইসব ব্যাপারে বিশেষ করে জমির ব্যাপারে—জমিদারদের ব্যাপারে আমি কিছু করতে পারিনি। কিন্তু আমি সেটা বলতে চাইছি যে, আমরা বিচার করবার চেষ্টা করছি, সুবিচার করতে যতটুকু পারি ততটুকু চেষ্টা করছি। ভুলত্রুটি হয়তো কিছু হতে পারে কিন্তু সুপরিকল্পিতভাবে কংগ্রেসিরা গত ৩০ বছর ধরে সেই জিনিস করেছেন। আপনাদের কাঠ-গড়ায় দাঁড় করানো উচিত ছিল-মানুষ আপনাদের সাজা দিয়েছেন? এখন অন্য জায়গায় বাকি আছে। আমরা এখানে ২/৪ জন মন্ত্রী হবার জন্য রাজনীতি করছি না—আপনাদের মত ঘর-বাড়ি তৈরি করবার জন্য রাজনীতি করছি না। আমরা কমিউনিস্ট, আমরা বামপন্থী-আমরা যে লক্ষ্যে পৌছাতে চাই সেই লক্ষ্যে এখনও পৌছাতে পারিনি, আমরা সরকারের সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে কাজ করছি। সত্যিকারের যারা কৃষক, যারা মজুর, যারা মধ্যবিত্ত, যারা, ছাত্র, যারা যুবক, যারা মহিলা তাদেব যে সংগঠনে আছে সেই সংগঠনকে আমরা গড়ে তোলবার চেষ্টা করছি—এছাড়া সমাজ বিপ্লব ঘটানো যায় না, এ ছাড়া আমূল পরিবর্তন আনার সম্ভাবনা নেই। কাজেই এইসব ৩৬৫ দেখিয়ে কোন লাভ নেই। আমরা একটা লোকসভার, একটা বিধানসভার, পঞ্চায়েত এবং আবার লোকসভার নির্বাচনে জিতেছি। যেখানে ইন্দিরা কংগ্রেসের ঝড় উঠেছে বলে আমরা শুনেছিলাম সেই ঝড় স্তব্ধ হয়ে গিয়েছিল পশ্চিমবাংলার আকাশে। আর একবার ১৯৭১সালে হয়েছিল—ইন্দিরা কংগ্রেস যেহেতু বাংলাদেশের লড়াইয়ে সমর্থন জানিয়েছিলেন সেইজন্য গোটা ভারতবর্ষ ব্যাপী জয়-জয়কার শুনেছিলাম কিন্তু পশ্চিমবাংলা আকাশে কোন মেঘ দেখা যায়নি, পশ্চিমবাংলার আকাশে সেই ঝড় ওঠেনি—সেবারেও কংগ্রেসকে পরাজিত করেছিলাম যদিও বামপন্থী দলের মধ্যে ঐক্য ছিল না তথাপি কংগ্রেসিদের আমরা এই পশ্চিমবাংলায় পরাজিত করেছিলাম। ১৯৭২ সালে পরাজিত করতে পারিনি এইজন্য যে, আপনারা চুরি-জোচ্চুরি করে নির্বাচন করেছিলেন, বেলা ১১টার সময়ে নির্বাচন শেষ হয়ে গিয়েছিল। আর এবারে রাত ৯টা পর্যন্ত নির্বাচন হয়েছিল, যারা ভিতরে ঢুকেছিলেন তাঁরা রাত্রি ৮/৯টা পর্যন্ত ভোট দিয়েছেন। যাই হোক, সবশেষে আমি বলতে চাই, যতগুলি ছাঁটাই প্রস্তাব আছে আমি তার বিরোধিতা করছি এবং আমি যে ব্যয়-বরাদ্দ পেশ করেছি তাকে সমর্থন করবার জন্য সভার কাছে আবেদন জানাচ্ছি।

**Mr. Speaker :** I put all the cut motions to vote except 19.

The notion of Shri Sasabindu Bera that the amount of the Demand be reduced to Re.1/- was then put and lost.

The motions of Sarbashri Balailal Das Mahapatra, Rajani Kanta Doloi, A.K.M. Hassan Uzzaman, Birendra kumar Maitra, and Probodh Purkait that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

**Mr. Speaker :** I now put the cut motion No. 19 to vote.

*The motion of Shri Renupada Halder* that the amount of the demand be reduced to Re. 1, was then put and a division was taken with the following result.

**West Bengal Legislative Assembly**

Date 20. 3. 1980 Division No. 1

Ayes 4
Noes 112
Abstentions 12

NOES

Abdul Bari, Shri Md.

Abdul Hasnat Khan, Shri

Abdul Quiyom Molla, Shri

Abdur Razzak Molla, Shri

Abul Hasan, Shri

Adak, Shri Nitai Charan

Atahar Rahaman, Shri

Bagdi, Shri Lakhan

Bondopadhya, Shri Gopal

Banerjee, Shri Amiya

Barma, Shri Manindra Nath

Basu, Shri Jyoti

Bhattacharjee, Shri Buddhadeb

Bhattacharya, Shri Kamal Krishna

Bhattacharyya, Shri Gopal Krishna

Biswas, Shri Binoy Kumar

Biswas, Shri Hazari

Biswas, Shri Kumud Ranjan

Biswas, Shri Satish Chandra

Bose, Shri Ashoke Kumar

Bouri, Shri Nabani

Chatterjee, Shrimati Nirupamà

Chattopadhyay, Shri Santasri
Chaudhuri, Shri Subodh
Chowdhury, Shri Benoy Krishna
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Das, Shri Santosh Kumar
De, Shri Partha
Ghosal, Shri Aurobindo
Ghosh, Shri Krishna Pada
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Gupta, Shri Sitaram
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shri Nani
Koley, Shri Barindra Nath
Kujur, Shri Sushil
Let (Bara), Shri Panchanan
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dinabandhu

*Majhi, Shri Pannalal*

*Maji, Shri Swadesh Ranjan*

*Majumdar, Shri Sunil Kumar*

Mal, Shri Trilochan

Malik, Shri Purna Chandra

Mandal, Shri Gopal

Mandal, Shri Siddheswar

Mandal, Shri Sukumar

Mandi, Shri Sambhunath

Mazumder, Shri Dinesh

Mir Abdus Sayeed, Shri

Mitra, Dr. Ashok

Mohammad Ali, Shri

Mujumdar, Shri Hemen

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Shashanka Sekhar

Morazzam Hossain, Shri Syed

Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shr Bimalananda

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Mahadeb

Mukherjee, Shri Niranjan

Munsi, Shri Maha Bacha

Murmu, Shri Nathaniel

Murmu, Shri Sufal

Naskar, Shri Sundar

Nath, Shri Manoranjan

Neogy, Shri Brajo Gopal

Nezamuddin Md., Shri

Panda, Shri Mohini Mohan

Pandey, Shri Rabi Shankar

Pathak, Shri Patit Paban

Phodikar, Shri Prabhas Chandra

Pramanik, Shri Abinash

Roy, Shri Birendra Narayan

Roy, Shri Amalendra

Roy, Shri Dhirendra Nath

Roy, Shri Pravas Chandra

Roy, Shri Tarak Bandhu

Roy Barmam, Shri Khitibhusan

Rudra, Shri Samar Kumar

Saha, Shri Lakshi Narayan

Samanta, Shri Gouranga

Santra, Shri Sunil

Sar, Shri Nikhilananda

Sarkar, Shri Ahindra

Sarkar, Shri Sailen

Satpathy, Shri Ramchandra

Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Lakshmi Charan

Sen, Shri Sachin

Sing, Shri Buddhadeb

Singh, Shri Chhedilal

Singha Roy, Shri Jogendra Nath

*Sinha, Shri Khagendra Nath*

*Sur, Shri Prasanta Kumar*

Talukdar, Shri Pralay

AYES

Bauri, Shri Bijoy

Halder, Shri Renupada

Purkait, Shri Prbodh

Sarkar, Shri Deba Prasad

ABSTS

Abedin, Dr. Zainal

Das Mahapatra, Shri Balai Lal

Das, Shri Sandip

Jana, Shri Hari Pada (Pingla)

Maji, Dr. Binode Behari

Nanda, Shri Kiranmay

Paik, Shri Sunirmal

Pal, Shri Rash-Behari

Shastri, Shri Vishnu Kant

Sinha, Shri Prabodh Chandra

Soren, Shri Suchand

Subba, Shrimati Renu Leena

The Ayes being, 4, the Noes 112, and abstentions 12 the motion was lost.

**Mr. Speaker:** I now put the main demand No. 21 to vote.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 68,92,03,000 be granted for expenditure under demand No. 21, Major Head : "255-Police", was then put and agreed to.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্পিকার মহাশয়, মুখ্যমন্ত্রী আমাকে পারসোনালি কটাক্ষ করেছেন, ওঁর কাছে যদি কোন প্রমাণ থাকে আমি ইনভাইট করছি, উনি হাউসের সামনে উপস্থিত করুন।

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি আপনার আত্মীয়ার চিঠি হাউসে পড়তে চাই না। আপনাকে দেখাব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি কি করেছি? আপনাকে আমি যে চিঠি দিয়েছি সেটা হাউসে উপস্থিত করতে হবে।

## Adjournment

The House was then adjourned at 7.56 p.m. till 1 p.m. on Friday, the 21st March, 1980 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 21st. March 1980 at 1 P. M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syd Abul Mansur Habibullah) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 171 Members.

[1-00—1-10 P.M]

**মিঃ স্পিকার :** এখন প্রশ্নোত্তর।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মিঃ স্পিকার, স্যার, আমরা বরাবর আধ ঘন্টা আগে কোশ্চেনের রিপ্লাই পাই। ওখানে দেখি কোশ্চেনের রিপ্লাই কিছুদিন যাবত যথা সময়ে আসে না। আজকেও কোন রিপ্লাই আসেনি। এতে মেম্বারদের কনভেনশনাল রাইট কারটেল্ড হচ্ছে, এটা একটু দেখবেন।

**শ্রী জ্যোতি বসু :** এতে মেম্বাররা কি করে প্রশ্ন করবেন আর উত্তরই বা কি বুঝবেন....

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** উত্তরই বা কি বুঝবেন এটা কি করে উনি বলতে পারেন?

**মিঃ স্পিকার :** আপনি বসুন, উনি আপনার পক্ষেই বলছেন।

**শ্রী জ্যোতি বসু :** আমি বলছিলাম লিখিত উত্তর, এই উত্তর যদি আধ ঘন্টা আগে না দিয়ে থাকে, আমি আজকে শুনছি ২ মিনিট আগে দিয়েছে...

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, উত্তরটা কি বুঝবেন এটা উনি কি করে বলতে পারেন?

**শ্রী জ্যোতি বসু :** আপনি এত উত্তেজিত হচ্ছেন কেন? আপনি চুপ করুন, ইউ সিট ডাউন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** নিশ্চয়ই হব, আই অ্যাম নট বাউন্ড টু ওবে ইওর অর্ডার।

(তুমুল হট্টগোল)

**মিঃ স্পিকার :** আমি বার বার আপনাকে বসতে বলেছি, আপনি বসুন।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুনছি ২ মিনিট আগেও প্রশ্নোত্তর টেবিলে রাখা হয়নি। যাঁরা প্রশ্ন করেন তাঁরা যদি উত্তরটা পড়ে না নেন তাহলে আমি যখন গড় গড় করে পড়ে যাব তা শুনে তখন তাঁদের কোন অতিরিক্ত প্রশ্ন করা কারোর পক্ষে সম্ভব নয়। এম এল এ-রা প্রশ্ন করেছেন, তার জবাব দিচ্ছি। সেজন্য বলছিলাম যে এটা

আমাদেরই ত্রুটি হয়েছে, এই ত্রুটির জন্য আপনাকে বলছি এটা কোনরকম ডিপার্টমেন্টের হওয়া উচিত নয়, তা না হলে যদি এইরকম অবস্থা হয় তাহলে প্রশ্ন বন্ধ করা উচিত। আমি শুনে আশ্চর্য হয়ে গেলাম যে কয়েক মিনিট আগে উত্তর দেওয়া হয়েছে। এটা আমরা আমাদের নিজেদের বিরুদ্ধে বলছি, এতে উত্তেজনার কোন কারণ নেই। আমি যা পড়ব তাতে মেম্বারদের অসুবিধা হবে না যদি মেম্বাররা আগে সেটা পড়ে নেন। আমি দুঃখিত যে এই জিনিস হয়েছে, ভবিষ্যতে যাতে এটা না হয়, আমি দেখব।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্যার, এসব কথা আমরা, অনেকবার বলেছি কাজেই আপনি এগুলো দেখুন।

## Held over Starred Question

## (to which oral answers were given)

### লোকসভার সাম্প্রতিক নির্বাচনের পর সমাজবিরোধীদের কার্যকলাপ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লোকসভার সাম্প্রতিক নির্বাচনের পর থেকে এ রাজ্যে সমাজবিরোধীদের দৌরাত্ম্য, ডাকাতি ইত্যাদি বৃদ্ধি পেয়েছে এইরূপ কোন তথ্য বা সংবাদ সরকারের কাছে এসেছে কি; এবং

(খ) এসে থাকিলে, এইসব অসামাজিক কাজে কোন রাজনৈতিক দলের ভূমিকা সম্পর্কে কোন তথ্য সরকারের কাছে আছে কি?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) লোকসভার সাম্প্রতিক নির্বাচনের পর সমাজবিরোধী কার্যকলাপের সাময়িক বৃদ্ধির কিছু অভিযোগ এসেছে।

(খ) এই ধরনের কোন কোন অসামাজিক কাজের সাথে কিছু রাজনৈতিক কর্মী বলে পরিচিত ব্যক্তি জড়িত ছিলেন, যদিও সর্বক্ষেত্রেই কোন রাজনৈতিক দলের ভূমিকা ছিল, এমন তথ্য নেই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই সমস্ত দুষ্কৃতিকারী বলুন বা সমাজবিরোধীই বলুন তাদের যখন গ্রেপ্তার করা হচ্ছে তখন জেলাস্তরে এবং সর্বস্তরে কংগ্রেস নেতারা থানায় গিয়ে এস. পি.-কে এবং থানাকে হুমকি দিচ্ছে এইরকম কোন রিপোর্ট আছে কি?

**শ্রী জ্যোতি বসু :** এরকম রিপোর্ট আছে। তবে সবক্ষেত্রে আমি বলব না কয়েকটি ক্ষেত্রে নির্দিষ্টভাবে কলকাতায় এরকম ঘটনা ঘটেছে, সমাজবিরোধী বলে পরিচিত তাদের নিজেদের মধ্যে অন্তর্দ্বন্দ্বের ফলে বোমা-ছোরাছুরি হয়েছে এবং তারপর কংগ্রেস(আই) একটা অংশ থানায় গিয়ে স্মারকলিপি দিচ্ছে এবং তার একটা করে কপি দিল্লিতে পাঠাচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মুখ্যমন্ত্রীর কথায় স্পষ্টই বোঝা যাচ্ছে এবং আমরাও জানি এই সমস্ত দুষ্কৃতকারী এবং সমাজবিরোধীদের চুরি, ডাকাতির ঘটনায় কংগ্রেস(আই)র তরফ থেকে ওকালতি করা হচ্ছে এবং যখন এই চোর, ডাকাত দমন করবার জন্য দেশের মানুষ প্রতিরোধ গড়ে তুলেছে তখন কংগ্রেস(আই) দিল্লিতে খবর পাঠাচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে এই চোর, ডাকাতদের চরিত্র জানিয়ে দেওয়া হয়েছে কি?

**শ্রী জ্যোতি বসু :** কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আইন-শৃঙ্খলার ব্যাপার নিয়ে দু-তিনটি ঘটনার কথা আমি জেনেছি এবং তাঁরা যা জানতে চেয়েছেন আমি সেগুলি পাঠিয়ে দিয়েছি। আপনি প্রশ্নোত্তর দেখবেন আমি বলেছি কয়েকটি ক্ষেত্রে এইরকম আছে যারা রাজনৈতিক দলের সঙ্গে জড়িত। তবে সর্বক্ষেত্রে জড়িত একথা আমি বলছি না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন কাউকে কাউকে ধরলে কংগ্রেস(আই)র তরফ থেকে মেমোরান্ডাম দিয়ে ছাড়িয়ে নিয়ে যাচ্ছে। একথা কি সত্য, যে কংগ্রেসের লোকদের সি. পি. এমের কথামত হ্যারাস করবার জন্য ধরে নিয়ে যাচ্ছে।

**শ্রী জ্যোতি বসু :** আমি কোন রাজনৈতিক দলের কথা বলিনি। আমি বলেছি যে ২/৩টি জায়গায় এরকম একটা ঘটনা ঘটেছে যারা সমাজবিরোধী বলে পরিচিত থানায় গিয়ে তাদের জন্য মেমোরান্ডাম দেওয়া হয়েছে এবং তার একটা কপি দিল্লিতে পাঠান হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে সমাজবিরোধীদের দৌরাত্ম বেড়েছে। আপনার কাছে এইরকম কোন খবর আছে কি, যে সমাজবিরোধীদের যাদের অ্যারেস্ট করা হয়েছে ডাকাতি বা অন্য ব্যাপারে, তাদের ছাড়িয়ে নেবার জন্য সি. পি. এমের নেতারা থানায় গিয়ে থানার লোকদের এবং এস. পি.কে থ্রেট করছে?

[ 1-10 — 1-20 P.M. ]

**শ্রী জ্যোতি বসু :** এই রকম একটাও নাই।

**श्रीमती रेनुलीना सुब्बा** : क्या माननीय मुख्य मंन्त्री उत्तर देंगे कि सी० पी० एम० के जो गुण्डे दार्जिलिंग में हमारे सपोर्टरों के उपर औटक कर रहे हैं, उनके बिरुद्ध आप क्या ऐक्शान ले रहे हैं?

**श्री ज्योति बसु** : आपको जो प्रश्न पूछना हो, उसे लिखकर भेज दीजिए, मैं उत्तर दे दूँगा।

**श्रीमती रेनुलीना सुब्बा** : स्पीकर सर, लिखकर भेजने मे हमें जवाब नहीं मिलता हैं, इसलिए मैं असेम्बली में क्वैश्चन उठाती हूँ।

(No reply)

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন যে এর মধ্যে ইন্দিরা কংগ্রেসের লোক আছে।

(নো রিপ্লাই)

H.O.-*50-Held over

H.O.-*203-Held over

H.O.-*302-Held over

## Starred Question

## (to which oral answers were given)

### রাজনৈতিক নেতা ও কর্মী আটক

*৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৭।) **শ্রী অনিল মুখার্জি :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৭ সালে বিভিন্ন রাজনৈতিক দলের কতজন নেতা ও কর্মীকে কারারুদ্ধ করা হইয়াছিল; এবং

(খ) ১৯৭৭-৭৯ সালে উক্ত সংখ্যা কত ছিল?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) উক্ত সময়ে বিভিন্ন রাজনৈতিক দলের ৮৪৯৫ জন নেতা ও কর্মীকে কারারুদ্ধ করা হইয়াছিল।

(খ) উক্ত সময়ে ঐ সংখ্যা ছিল ৯৫৮ জন।

**শ্রী অনিল মুখার্জি :** এই যে ৭৭ থেকে ৭৯ সাল পর্যন্ত সংখ্যা দিলেন ৯৫৮, এর মধ্যে কোন কোন রাজনৈতিক দলের লোক ছিল?

**শ্রী জ্যোতি বসু :** এর মধ্যে সি. পি. এম.(এম.এল) ২২৯ জন, সি. পি. এম. ২৮৭ জন, কংগ্রেস ২০৮ জন এবং অন্যান্য দলের ১৭২ জন ছিলেন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই যে সি. পি. এম.(এম.এল.), সি. পি. এম. এবং কংগ্রেসের সংখ্যা দিলেন, আমি জিজ্ঞাসা করছি কি কি গ্রাউন্ডে এদের অ্যারেস্ট করা হয়েছিল?

**শ্রী জ্যোতি বসু :** আইনের বিভিন্ন ধারায় এবং বিভিন্ন মামলায়।

**শ্রী অনিল মুখার্জি :** এই যে বললেন যে ৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত ৮৪৯৫ জনকে বন্দী করা হয়েছিল এরা কোন কোন রাজনৈতিক দলের ছিলেন।

**শ্রী জ্যোতি বসু :** শুধু সংখ্যা বলে দিতে পারি, সি. পি. এম. (এম. এল.) ৪৬৪০ জন, সি. পি. এম. ২১৫২ জন, কংগ্রেস ৭৯০ জন, সি. পি. আই. ১৮০ জন এবং অন্যান্য ৭৩৩ জন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** এস. ইউ. সি.-র কতজন ছিলেন?

**শ্রী জ্যোতি বসু :** এস. ইউ. সি. অন্যান্যদের মধ্যে দিয়েছি।

*339-Held over

*340-Held over

*341-Held over

### গঙ্গানগর ও মাইকেল নগর এলাকাকে বারাসাত থানার অন্তর্ভূক্তিকরণ

*৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩১।) **শ্রী সরল দেব :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার অন্তর্গত গঙ্গানগর ও মাইকেল নগর এলাকাকে এয়ার পোর্ট থানার পরিবর্তে বারাসাত থানার অন্তর্ভুক্ত করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকরি হইবে?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রী সরল দেব :** আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি, এই অঞ্চলগুলো তো বারাসাত থানার অন্তর্ভুক্ত ছিল। জরুরি অবস্থার সময়ে এই অঞ্চলগুলিকে এয়ারপোর্ট থানার অন্তর্ভুক্ত করা হয়। এখানকার জনসাধারণের অসন্তোষ দূর করার পরিকল্পনা আছে কি না?

**শ্রী জ্যোতি বসু :** এইটা বিবেচিত হচ্ছে, এখনও সিদ্ধান্ত হয়নি।

*343-Held over

### সাঁওতালডিহি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ভেল-এর যন্ত্রপাতি

*৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৯।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভেল (ভারত হেভি ইলেকট্রিকাল লিমিটেড্‌, বাঙ্গালোর)-এ নির্মিত ভারতের প্রথম থারমাল পাওয়ার জেনারেটিং মেশিনটিকে পরীক্ষামূলকভাবে সাঁওতালডিহিতে বসানো হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ঐ কারখানার প্রথম যন্ত্রটির উৎকর্ষতা পরীক্ষার জন্য বিদ্যুৎ সমস্যাসঙ্কুল পশ্চিমবঙ্গকে নির্বাচন করার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) এবং (খ) —

১২০ মেগাওয়াট শক্তি সম্পন্ন BHEL (Bharat Heavy Electricals Ltd.) এর তৈরি প্রথম দুটি ইউনিট সাঁওতালডিতে স্থাপন করা হয়। যদিও এই দুইটি ইউনিট উৎকর্ষতা

পরীক্ষার জন্য বসান হয়নি, তবে ভারতে নির্মিত এই প্রথম দুটি যন্ত্রে কিছু কিছু দোষত্রুটি দেখা যায় যেগুলি নিরসনের জন্য BHEL এর সহযোগিতা বিদ্যুৎ পর্যদ চেষ্টা করছেন।

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ প্রথম অর্ডার দেওয়াতে প্রথম দুটি যন্ত্র সাঁওতালডিহিতে সরবরাহ করা হয়।

*345-Held over

## কুমারগ্রাম ব্লকে বিদ্যুৎ সরবরাহ

*৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৬।) **শ্রী মনোহর তিরকী :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলিপুরদুয়ার মহকুমার কুমারগ্রাম ব্লকের গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ ঐ এলাকায় বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) হ্যাঁ। জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার অন্তর্গত কুমারগ্রাম থানার ৫৬টি মৌজা বিদ্যুতায়িত করার জন্য একটি প্রকল্প রয়েছে।

(খ) উক্ত প্রকল্প রূপায়ণের জন্য আদেশ দেওয়া হয়েছে। আশা করা যায় অচিরেই কাজ শুরু হবে।

**শ্রী মনোহর তিরকী :** ওই লাইন কোথা থেকে নিয়ে আসা হবে এবং সাব স্টেশন কোথায় হবে?

**শ্রী জ্যোতি বসু :** এইসব ডিটেলস আমার কাছে নেই। নোটিশ দিলে জবাব দেব।

*347-Held over

## প্রতি ব্লকে ফুটবল খেলার মাঠ

*৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৬।) **শ্রী সন্তোষকুমার দাস :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে খেলাধূলার উন্নতির জন্য প্রতি ব্লকে অন্তত একটি করিয়া ফুটবল খেলার মাঠের ব্যবস্থা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, এ ব্যাপারে কাজ কতদূর অগ্রসর হয়েছে?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) ক্রীড়া বিভাগে সরকার এইরূপ একটি প্রকল্প নীতিগতভাবে গ্রহণ করিয়াছেন। কিন্তু গ্রামাঞ্চলে মাঠ তৈয়ারি করিবার জন্য ভারত সরকারের সহিত যৌথ আর্থিক উদ্যোগে রাজ্য ক্রীড়া পর্ষদের তত্ত্বাবধানে একটি প্রকল্প এবং রাজ্য যুবকল্যাণ

দপ্তর হইতে ইতিমধ্যেই অপর একটি প্রকল্প লওয়া হইয়াছে।

(খ) ক্রীড়া বিভাগের প্রকল্পের রূপায়ণের কাজ আগামী আর্থিক বছরে শুরু হইবে। অন্যান্য প্রকল্পগুলির জন্য অনুমোদন দেওয়া হইয়াছে।

### সিতাই থানায় বিদ্যুৎ সরবরাহ

***৩৫০।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৫০।) **শ্রী দীপক সেনগুপ্ত ঃ** ২৪ নভেম্বর, ১৯৭৮ তারিখের তারকিত প্রশ্ন নং *৪৪ (অনুমোদিত প্রশ্ন নং *১১৩)-এর উত্তর উল্লেখে বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কোচবিহার জেলার সিতাই থানায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা কবে নাগাদ চালু হইতে পারে?

**শ্রী জ্যোতি বসু ঃ** ১৯৭৯ সালের মার্চ মাসে গ্রামীণ বৈদ্যুতীকরণ সংস্থা কুচবিহার জেলার সিতাই থানার অন্তর্গত ৫৩টি মৌজা বৈদ্যুতীকরণের জন্য একটি প্রকল্প অনুমোদন করেছেন। ১৯৭৯ সালের আগস্ট মাসে ঐ প্রকল্পটি রূপায়ণের জন্য আদেশ দেওয়া হয়েছে। প্রকল্পটি রূপায়ণের কাজ এগিয়ে চলেছে এবং ৫ বৎসরের মধ্যে শেষ হবে।

### ফারাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্র

***৩৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৫০।) **শ্রী আবুল হাসনাৎ খান ঃ** ৩০ মার্চ, ১৯৭৯ তারিখের প্রশ্ন নং *৪৮১ (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৭)-এর উত্তর উল্লেখে বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে ফারাক্কায় বৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজটি কতদূর এগিয়েছে;

(খ) প্রকল্পের জন্য প্রয়োজনীয় কত পরিমাণ জমি এখন পর্যন্ত অধিগ্রহণ করা হয়েছে; এবং

(গ) যেসমস্ত পরিবার জমি হারিয়েছে তাদের কি কি সুযোগ-সুবিধা দেবার কথা সরকার চিন্তা করছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ফারাক্কা বৃহৎ তাপ বিদ্যুৎ কেন্দ্র সংস্থাপনের কাজ অগ্রসর হচ্ছে। মাটি ভরানো নালা খনন, রাস্তা নির্মাণ ইত্যাদি কাজ চলছে।

(খ) বিদ্যুৎ কেন্দ্রের জন্য রাজ্য সরকারের নিকট ৬২৫ একর জমি অধিগ্রহণের প্রস্তাব দেওয়া হয়েছে। ৫টি খাস প্লট ছাড়া আর সব জমি অধিগ্রহণ করিয়া NTPCকে হস্তান্তর করা হয়েছে।

ছাই অপসারণ কেন্দ্রের জন্য ৫৮৯.৮০ একর জমি অধিগ্রহণ করিয়া NTPC কে হস্তান্তর করা হয়েছে।

(গ) যে সমস্ত পরিবার জমি হারিয়েছে সেই পরিবারের একজন সক্ষম ব্যক্তিকে চাকুরির ব্যাপারে অগ্রাধিকার দেওয়ার সুপারিশ করা হবে। যথা সময়ে টাউনশিপ দোকান

বন্টনের সময় এই সমস্ত পরিবারকে অগ্রাধিকার দেওয়ার কথা চিন্তা করা হচ্ছে। তাছাড়া আইনানুয়াযী ছোট ছোট কন্ট্রাক্ট বিলির ব্যাপারে এই সমস্ত পরিবারকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। এই পরিবারভুক্ত সন্তানদের যোগ্যতা থাকলে ITI তে শিক্ষার সুযোগ দেওয়া হবে।

[1-20–1-30 P.M.]

**শ্রী মহঃ সোহরাব :** যে সমস্ত জমি অধিগ্রহণ করা হয়েছে আজ পর্যন্ত তার ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** সেটা হিসাব করা হচ্ছে এখনও দেওয়া হয়নি যতদূর জানি।

**শ্রী মহঃ সোহরাব :** যে সমস্ত পরিবার জমি হারিয়েছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন সাহায্য দেওয়া হবে, এই প্রোজেক্ট তো সেন্ট্রাল গভর্নমেন্টের, আপনারা দেবেন কি সুপারিশ করছেন?

**শ্রী জ্যোতি বসু :** যেগুলি সুপারিশ করা হবে সেগুলিই আমরা চিন্তা করছি।

**শ্রী অনিল মুখার্জি :** ফারাক্কার জমি অধিগ্রহণ করার জন্য হাইকোর্টে মামলা হয়েছিল কি?

**শ্রী জ্যোতি বসু :** আমার জানা নাই।

**টেম্পল সাকী হোটেলে সমাজবিরোধী কার্যকলাপ**

***৩৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৩।) **শ্রী রজনীকান্ত দোলুই :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহুবাজার থানাধীন টেম্পল সাকী নামক হোটেল বারে ও ঐ এলাকায় আরও কিছু জায়গায় এখনও সমাজবিরোধী কাজ চালাইয়া যাওয়ার সম্পর্কে সরকারের নিকট কোন তথ্য আছে কি না;

(খ) থাকিলে, ১৯৭৭, ১৯৭৮, ১৯৭৯ ও ১৯৮০ সালের (২০ ফেব্রুয়ারি অবধি) এ কারণে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(গ) এই ধরনের কার্যকলাপ বন্ধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) ঐরকম কোন নির্দ্দিষ্ট ঘটনার কথা জানা নেই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) এই ধরনের কার্যকলাপের দিকে পুলিশের নজর আছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই ধরনের কার্যকলাপ সরকারের নজরে আছে একথা মাননীয় মুখ্যমন্ত্রী উত্তরে বললেন, আমার প্রশ্ন হচ্ছে এই ধরনের কার্যকলাপ কি বাড়ছে না কমছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আপনি তো স্ট্যাটিস্টিক্স চাননি, আমার কাছে এখন নাই, চাইলে আমি দিয়ে দেব।

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** এখানে প্রশ্ন ছিল—বহুবাজার থানাধীন টেম্পল সাকী হোটেল বারে ও ঐ এলাকায় আরও কিছু জায়গায় এখনও সমাজবিরোধী কাজ চালাইয়া যাওয়া সম্পর্কে সরকারের নিকট তথ্য আছে কি না, আমার কথা হচ্ছে রজনীবাবু এবং সত্যবাবু যখন বহাল তবিয়তে আছেন তখন তো সমাজবিরোধী কাজ চালাবে......

**মিঃ স্পিকার ঃ** এটা হচ্ছে কি, বক্তৃতা দেবার ইচ্ছা হলে গড়ের মাঠে দেবেন।

**তুফানগঞ্জ মহকুমায় পুলিশ থানা স্থাপন**

*৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৩।) **শ্রী মনীন্দ্রনাথ বর্মা ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র মহকুমায় একটি মাত্র থানা থাকার পরিপ্রেক্ষিতে কোচবিহার জেলার তুফানগঞ্জ মহকুমায় নতুন পুলিশ থানা স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কতদিনে উহা বাস্তবায়িত হইবে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক+খ) তুফানগঞ্জ থানাকে ভাঙিয়া একটি নতুন থানা করিবার ব্যাপারটি প্রস্তাবাকারে স্থানীয় পর্যায়ে বিবেচনাধীন আছে। সরকারের কাছে এরূপ কোন প্রস্তাব এখনও আসে নাই।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্থানীয় পর্যায়ে যদি সেইরকমভাবে প্রয়োজন অনুভব করে সুপারিশ করা হয় তাহলে সেই প্রস্তাব সরকার বিবেচনা করবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** রিপোর্ট এলে আমরা বুঝে নেব।

**জরুরি অবস্থার বাড়াবাড়ির তদন্তের জন্য কমিশন**

*৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮৩।) **শ্রী কিরণময় নন্দ ঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ এবং প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জরুরি অবস্থার বাড়াবাড়ি সম্পর্কে তদন্তের জন্য রাজ্য সরকার কর্তৃক কতগুলি কমিশন গঠন করা হইয়াছে;

(খ) ঐ কমিশনগুলির নাম কি;

(গ) ঐ কমিশনগুলির কাজ বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(ঘ) কতদিনে এই কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) একটি মাত্র কমিশন।

(খ) ঐ কমিশনের নাম এমার্জেন্সি এক্সেসেস ইনকোয়ারী কমিশন, ওয়েস্ট বেঙ্গল।

(গ) উপরিউক্ত কমিশন ১-১-১৯৭৯ তারিখে ১৮৯টি অভিযোগের তদন্তের কাজ আরম্ভ করিয়া এ পর্যন্ত তিনটি অন্তর্বর্তী প্রতিবেদনে যথাক্রমে ২৩, ২১, এবং ৩৪ অর্থাৎ মোট ৭৮টি অভিযোগের তদন্তের ফলাফল রাজ্য সরকারের নিকট পেশ করিয়াছেন। ইহার মধ্যে প্রথম ও দ্বিতীয় অন্তর্বর্তী প্রতিবেদন দুইটি ইতিপূর্বেই পশ্চিমবঙ্গ বিধানসভায় পেশ করা হইয়াছে। তৃতীয় অন্তর্বর্তী প্রতিবেদনটি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন রহিয়াছে। যথাশীঘ্র উহা বিধানসভায় পেশ করা হইবে। অবশিষ্ট ১১১টি অভিযোগ সম্পর্কে তদন্তের ফলাফল এখনও পাওয়া যায় নাই।

(ঘ) উপরিউক্ত কমিশনের বর্তমান মেয়াদ আগামী ৩০-৬-১৯৮০ তারিখে শেষ হইবে। ঐ তারিখের মধ্যে অবশিষ্ট ১১১টি অভিযোগের তদন্ত সম্পন্ন করিয়া রাজ্য সরকারের নিকট প্রতিবেদন পেশ করিবার জন্য কমিশন যথাসাধ্য চেষ্টা করিতেছেন।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, যে দুটি প্রতিবেদন পেশ করা হয়েছে তাতে কতজনের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে?

**শ্রী জ্যোতি বসু :** সেটা তো এখানে দেওয়া হয়েছে, সেটা আপনারা পড়ে নেবেন।

**শ্রী কিরণময় নন্দ :** ঐ কমিশনে যাদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, তাদের সম্পর্কে সরকার কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু :** তাদের সম্বন্ধে আইন অনুযায়ী যা ব্যবস্থা করা যায় করা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ঐ কমিশনের জন্য আজ পর্যন্ত সরকারের কত টাকা ব্যয় হয়েছে?

**শ্রী জ্যোতি বসু :** সেটা আমি কি করে জানাব, আপনি কি সেটা আমাকে জিজ্ঞাসা করেছেন? আপনি তো জানেন কি করে প্রশ্ন করতে হয়, সেইভাবে প্রশ্ন করবেন আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এমারজেন্সির সময় রজনী দোলুই মহাশয়কে যে মিসায় গ্রেপ্তার করা হয়েছিল সেটা কি এরমধ্যে আছে?

**শ্রী জ্যোতি বসু :** না, না, এটা তো বোধ হয় কমিশনের কাছে নেই।

## Short Notice Starred Question
## (to which oral answer was given)

### মুর্শিদাবাদ জেলার কাতালমারী গ্রামে ডাকাতি

*৩৫৫। [অনুমোদিত প্রশ্ন নং *২৪০৫ (এস এন)।] **শ্রী আতাহার রহমান এবং শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রানিনগর থানার কাতালমারী গ্রামে গত ১৬ ফেব্রুয়ারি, ১৯৮০ তারিখে ডাকাতি হইয়াছে এরূপ কোন সংবাদ সরকারের গোচরে আসিয়াছে কি;

(খ) আসিয়া থাকিলে, ঐ ডাকাতির স্থান হইতে বি এস এফ-এর ক্যাম্প কত দূরে অবস্থিত; এবং

(গ) ডাকাতি হইবার পূর্বে গ্রামবাসীরা এই ডাকাতির সম্ভাবনার সংবাদ বি এস এফ-কে দিয়েছিলেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ১৬ ফেব্রুয়ারি নয়—তবে ৯/১০ ফেব্রুয়ারি তারিখে রানিনগর থানায় কাতালমারী গ্রামে অভিযোগকারী পরেশ চন্দ্র দাসের বাড়িতে এক ডাকাতির সংবাদ আছে।

(খ) প্রায় দেড় কিলোমিটার।

(গ) হ্যাঁ। এইরূপ একটি ডাকাতির সম্ভাবনার কথা আশঙ্কা করে অভিযোগকারী পরেশ দাস উপরোক্ত বি. এস. এফ. ক্যাম্পে সংবাদ দেন।

[1-30–1-40 P.M.]

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** ঐ ডাকাতির রাত্রে যখন খবর দেওয়া হল সেই সময় গ্রামবাসীদের বি. এস. এফ.-এর লোকেরা সরিয়ে দিয়ে তারাই গার্ড দিচ্ছিলেন, সেই অবস্থায় ডাকাতি হয়—এটা কি আপনি জানেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** হ্যাঁ, আমার রিপোর্টও তাই। পুলিশ ওখানকার খবর পেয়ে বি. এস. এফ.-এর লোকদের পাঠানো হয় এবং তারা সেখানে বললেন আমরা এখানে গার্ড দেব, গ্রামবাসীরা কেউ বেরবেন না। কিন্তু ডাকাতি যখন হল তখন ওরা নিজেরা সরে গিয়েছিলেন অনেক দূরে, ডাকাতি হয়ে গেল এবং ওরা কিছু বাংলাদেশের দিকে চলে গেলেন, এই হচ্ছে রিপোর্ট। তার পরবর্তীকালে এই রিপোর্টের ভিত্তিতে বি. এস. এফ. কমান্ডারকে জানানো হয় যে এইরকম ঘটনা ঘটেছে এবং আমার কাছে খবর হচ্ছে সেই অফিসার যারা এর মধ্যে লিপ্ত ছিলেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** জেলা পুলিশ কর্তৃপক্ষ এই বি. এস. এফ. সম্বন্ধে কোন রিপোর্ট আপনাদের দিয়েছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** জেলা কর্তৃপক্ষ আমাদের রিপোর্ট দেবার ফলেই আমরা বি. এস. এফ. কর্তৃপক্ষের কাছে নালিশ জানাই এবং তারা আমাদের জানিয়েছে যে এর বিরুদ্ধে যা অ্যাকশন নেবার সেটা নিয়েছে।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** যে বাড়িতে ডাকাতি হয়েছে সেই বাড়ির ছেলে বাবলু দাস বামপন্থী দল হিসাবে ফরোয়ার্ড ব্লকের সঙ্গে যুক্ত, এই সংবাদ জানার ফলে বি. এস. এফ. তাদের দায়িত্ব পালন করেননি বলে কি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর মনে হয়?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার রিপোর্টে এটা নেই যে ফরোয়ার্ড ব্লক কি কোন্ দলের—তবে

*যে কারণেই হোক বি. এস. এফ. তাদের কর্তব্যে মারাত্মক অবহেলা করেছেন এটা বোঝা* যাচ্ছে। তার ফলে মনে হতে পারে ডাকাতদের সঙ্গে হয়তো তাঁদের যোগাযোগ থাকতে পারে তা না-হলে এইরকম রিপোর্ট আসতে পারে না।

**শ্রীমতী ছায়া ঘোষ :** আপনি কি জানেন, সেই বি. এস. এফ. ক্যাম্পের লোকেরা এখন আরও বহাল তবিয়তে আছে এবং প্রশাসনিক ব্যাপারে কোন স্টেপ নেয়নি? •

**শ্রী জ্যোতি বসু :** আমি এটা খোঁজ নিতে পারি। কিন্তু রিপোর্ট যা দিয়েছে তাতে বলা হচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এত বড় একটা ডাকাতি হয়ে গেল—এই ডাকাত দলের সন্ধান কি পুলিশ পেয়েছে?

**শ্রী জ্যোতি বসু :** হ্যাঁ, কয়েকজনকে গ্রেপ্তার করেছে। একজন আহত হয়েছিল তাকে গ্রেপ্তার করেছে। কিন্তু কিছু বাংলাদেশে চলে গেছে তাদের খোঁজ পাওয়া যায়নি। আরও কয়েকজনকে পুলিশ খুঁজছে, রিপোর্টে তাই দেখতে পাচ্ছি।

**শ্রী রজনীকান্ত দোলুই :** ডাকাত দল কি বাংলাদেশ থেকে এসেছিল?

**শ্রী জ্যোতি বসু :** আমার কাছে যে রিপোর্ট আছে তাতে দেখছি কিছু বাংলাদেশ থেকে এসেছিল, আর কিছু আমাদের পশ্চিমবাংলার।

## Starred Question
### (to which written answers was laid on the table)

### Establishment of Institute of Public Administration and Regional Training Institutes.

***349.** (Admitted question No. *995.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department be pleased to state the present position of the proposals for establishment of—

(i) Institute of Public Administration at Bidhannagar, Salt Lake City; and

(ii) Regional Training Institutes?

**Minister-in-charge of Home (Personnel and Administrative) Reforms Deptt. :**

(i) Work on the first phase of the Administrative Training Institute in nearing completion, Delivery of the Institute Building is likely to on obtained from the West Bengal Housing Board four or five months hence.

(ii) Government do not contemplate the setting up of the Regional Training Institutes right now.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে মাননীয় মুখ্যমন্ত্রী জবাবি ভাষণে একটি উক্তি করেছেন, যেটা আমাদের সকলের পক্ষেই অসম্মানজনক বলে আমি মনে করছি। আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে, সেটা হচ্ছে—"আমরা কম্যুনিস্ট, দু পয়সা কামিয়ে নেবার জন্য রাজনীতি করছি না"। তার মানে উনি বলতে চাচ্ছেন কম্যুনিস্ট ছাড়া আর যারা রাজনীতি করে তারা দু পয়সা কামাবার জন্য রাজনীতি করতে আসে—এটাই তার মানে বোঝাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে উক্তি—আমি ওঁর বক্তব্যের প্রসিডিংস খানিকটা দেখেছি, তাতে এ কথা আছে। এই কথায় আমরা মনে করছি আমাদের প্রত্যেকে যারা রাজনৈতিক দলের লোক—ফরোয়ার্ড ব্লকের কথা বলছি না, ওরা কম্যুনিস্ট পার্টির লোক হয়ে গেছে কিনা জানি না, কিন্তু আমরা মার্কসইজিম-এ বিশ্বাস করি না, গান্ধীইজিম-এ বিশ্বাস করি। আমরা কংগ্রেস রাজনৈতিক দলের লোক।

(তুমুল গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** যদি আজকের কোন ঘটনার প্রিভিলেজ হয় তাহলে আপনি বলতে পারেন, তা নাহলে অন্যদিনের হলে রিটিন দেবেন, আমি দেখব। আপনি উত্থাপন করেছেন, হয়ে গেছে, আমি দেখেছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** নিয়মমাফিক উত্থাপন করার দরকার আছে।

**মিঃ স্পিকার ঃ** কালকে আপনারা ছিলেন না, কালকে উত্থাপন করলে হত, কিন্তু আজকে করলে লিখিত দিতে হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কংগ্রেস রাজনৈতিক দলের লোক, আমাদের উপর অ্যাসপারশন করা হয়েছে। এই অ্যাসপারশন করার জন্য আমি বলব মুখ্যমন্ত্রীর এই ভাষণের জন্য দুঃখ প্রকাশ করা উচিত, না হয় এই কথা তুলে নেওয়া উচিত। এই কথা যদি প্রসিডিংসে থাকে তাহলে আমরা রাজনৈতিক দল হিসাবে এর বিরোধিতা করছি। শুধু তাই নয়, মুখ্যমন্ত্রীর ক্ষমা চাওয়া উচিত।

(গোলমাল)

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি যে কথা বললেন তাতে উনি কি বলতে চাইলেন কি বললেন তা বুঝতে পারছি না। উনি মুখ্যমন্ত্রীর বক্তৃতার জবাব দিতে উঠলেন। উনি কি প্রিভিলেজ মোশন দিয়েছেন, কিংবা উনি কি পয়েন্ট অব অর্ডার তুলেছেন? উনি কি মুখ্যমন্ত্রীর জবাবের উপর পাল্টা জবাব দিচ্ছেন। কাল তো জবাব হয়ে গেছে ওনারা ছিলেন না। এইরকম কি বক্তৃতা রাখা এখানে যায় সেটা আমি আপনার কাছ থেকে জানতে চাইছি।

## Adjournment Motions

**মিঃ স্পিকার ঃ** আমি আজ ডাঃ বিনোদবিহারী মাঝি এবং শ্রী কৃষ্ণদাস রায় মহাশয়ের কাছ থেকে দুটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবে ডাঃ মাঝি বাঁকুড়ায় ডিজেল ও নিত্য প্রয়োজনীয় জিনিসের অভাব এবং দ্বিতীয় প্রস্তাবে শ্রী রায় স্টেট এর পঞ্চায়েত হোমিওপ্যাথিক ডিসপেনসারিগুলির অব্যবস্থা সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। প্রথম প্রস্তাবের

*বিষয় সম্পর্কে সদস্য মহাশয় আগামী খাদ্য ও সরবরাহের বাজেট বিতর্কে আলোচনা করার সুযোগ পাবেন। দ্বিতীয় প্রস্তাবের বিষয়টি এমন গুরুত্বপূর্ণ নয় যার জন্য সভার কাজ মুলতবি* রাখা যেতে পারে। সদস্য মহাশয় ইচ্ছা করলে প্রশ্ন ও দৃষ্টি আকর্ষণীর মাধ্যমে বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের নজরে আনতে পারেন। পঞ্চায়েত বাজেটেও আলোচনা করতে পারেন। আমি উভয় প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যরা ইচ্ছা করলে কেবলমাত্র সংশোধিত প্রস্তাবগুলি পাঠ করতে পারেন।

**শ্রী কৃষ্ণদাস রায় :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল স্টেট এড পঞ্চায়েত হোমিওপ্যাথিক ডাক্তার ও কম্পাউন্ডারগণ বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে যে পরিমাণ বেতন পান তা অতি নিম্ন স্তরের। ঐ পদগুলির স্থায়ীকরণের কোন ব্যবস্থা নেই। পঞ্চায়েত ডিসপেনসারিগুলিতে উপযুক্ত ঔষধপত্র ও সাজসরঞ্জাম নিয়মিত পাওয়া যায় না। ডাক্তার কম্পাউন্ডারদের সুষ্ঠুভাবে কার্য করার জন্য নির্দিষ্ট কোনও নিয়মাবলী নেই। তাদের পদোন্নতির ব্যবস্থা নাই। এইসব অব্যবস্থার বিষয়ে বিস্তৃত আলোচনা চাই।

**শ্রী বিনোদবিহারী মাঝি :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—খরাক্লিষ্ট বাঁকুড়ায় ডিজেলের অভাব তীব্র আকার দেখা দিয়েছে। বাঁকুড়ার সুদুর পল্লী থেকে আগত হাজার হাজার কৃষক ডিজেল পাচ্ছে না। ১৯৭৯ সালের খরায় বাঁকুড়ায় শতকরা ৭০ ভাগ শস্য নষ্ট হয়েছে। ডিজেলের অভাবে রবি শস্য ও বোরো ধান নষ্ট হতে বসেছে। পল্লীগ্রামে কেরোসিন পাওয়া যাচ্ছে না, চিনির মূল্য ও সরিষা তৈলের মুল্য আকাশচুম্বি। এই সমস্ত কারণে বাঁকুড়ার কৃষকরা অসহনীয় আর্থিক দুরবস্থায় পড়েছে।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**মিঃ স্পিকার :** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা ঃ ময়ূরাক্ষী সেচ প্রকল্পের জলাধারে জল থাকা সত্বেও সেচের জন্য জল না দেওয়া—এটি দিয়েছেন শ্রী মোতাহার হোসেন। ২। বিদ্যুৎ বিভাগে ধর্মঘট ও ট্রেড ইউনিয়নের আন্দোলন—এটি দিয়েছেন শ্রী সুনীতি চট্টরাজ। ৩। ডি. এ. স্কুলস এবং অ্যাসিসটেন্ট ইন্সপেক্টার অব স্কুলস-এর পদগুলিতে পরিদর্শক না থাকা—এটি দিয়েছেন শ্রী সুনীতি চট্টরাজ। ৪। ১৯-৩-১৯৮০ তারিখে আরামবাগে ডিজেলের দাবিতে রাস্তা বন্ধ—এটি দিয়েছেন শ্রী বিনোদবিহারী মাঝি। ৫। গোঘাট থানার কুলতলা গ্রামে গম লুঠ ও পুলিশের বন্দুক ছিনতাই—এটি দিয়েছেন সেখ ইমাজুদ্দিন।

[1-40—1-50 P.M.]

৬। বর্ধমান জেলার শক্তিগড়ে পুলিশ ও ডাকাতে গুলি বিনিময়—শ্রী কৃষ্ণদাস রায়, ৭। হাওড়া রেল পার্শেল শেডের নিকট বোমা বিস্ফোরণ—শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী কাজী হাফিজুর রহমান, ৮। লেডিস গলফ ক্লাবের সামনে মৃতদেহ—শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী হাফিজুর রহমান, ৯। হলদিয়া জাহাজ কারখানা না হওয়া—শ্রী জয়ন্ত বিশ্বাস, শ্রী মনোহর

**তিরকী** এবং শ্রী অনিল মুখার্জি, ১০। আলিপুর দুয়ারের আসাম থেকে উদ্বাস্তু আগমন—শ্রী জয়ন্ত বিশ্বাস এবং মনোহর তিরকী, ১১। পুলিশ ফায়ারিং অ্যাট চিৎপুর—শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী কাজী হাফিজুর রহমান।

আমি ময়ূরাক্ষী সেচ প্রকল্পের জলাধারের জল থাকা সত্বেও সেচের জন্য জল না দেওয়া বিষয়ের উপর শ্রী মোতাহার হোসেন কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**Shri Bhabani Mukherjee:** A statement will be made on the 26th next.

**অধ্যক্ষ মহাশয় ঃ** এখন আমি স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে বর্ধমান জেলার গলসী থানার জনৈক রবীন বাগদীর খুন হওয়ার ঘটনা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমান জেলার শিহি গ্রামের জনৈক রবীন বাগদীকে গুলি করে হত্যা করা সম্পর্কে বিধানসভার সদস্য সর্বশ্রী সুনীল বসু রায় এবং দ্বারকানাথ তা মহাশয়ের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তি সম্পর্কে আমি এই বক্তব্য রাখছি।

গত ৫ মার্চ বিকেলে শিহিগ্রামের শ্রী বীরবল আকুরের দুটি ছাগল ঐ গ্রামের শ্রী আশুতোষ চন্দের ক্ষেতের কিছু গম নষ্ট করে। ছাগল দুটিকে আশুতোষ চন্দের লোকেরা খোঁয়াড়ে দেয়। পরে বীরবলের স্ত্রী ছাগল দুটি যে দড়ি দিয়ে বাঁধা ছিল তা আনবার জন্য আশুতোষ চন্দের বাড়িতে যান। সেখানে আশুতোষ চন্দের বাড়ির লোকেরা তাঁকে গালিগালাজ এবং প্রহার করেন। এই আচরণের প্রতিবাদ জানাতে বীরবল আকুর এবং তাঁর প্রতিবেশীরা আশুতোষ চন্দের বাড়িতে যান। এঁদের সঙ্গে পরেশ সামন্ত নামে এক ব্যক্তিও ছিলেন। আশুতোষ চন্দ আগে থাকতেই তাঁর লোকজন নিয়ে প্রস্তুত ছিলেন। দুই দলের বাকবিতণ্ডা ক্রমশ একটা সংঘর্ষের আকার ধারণ করে। এ ঘটনা যখন চলছে তখন আশুতোষ চন্দ স্থানীয় গলসী থানায় গিয়ে নালিশ করেন। ঐ থানার পুলিশ কর্তৃপক্ষ একটি মামলা দায়ের করে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে যান এবং অবস্থা আয়ত্বে আনেন। পুলিশের উদ্যোগে ঐ গ্রামে একটি শান্তিসভাও হয়। পরদিন ৬ মার্চ খুব সকালে পুলিশ গ্রাম থেকে চলে যায়।

পুলিশ চলে যাওয়ার অল্প সময় পরে সর্বশ্রী গনেশ চন্দ, সুধীর চন্দ, দিলীপ চন্দ, শম্ভু চন্দ, খোকন চন্দ এবং আরও অনেকে মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে পরেশ মণ্ডলের বাড়ি আক্রমণ করেন। পরেশের চিৎকার শুনে তাঁর প্রতিবেশীরা তাঁর সাহায্যের জন্য এগিয়ে আসেন এবং আক্রমণকারীদের তাড়া করেন। এঁদের মধ্যে রবি বাগদীও ছিলেন। এঁরা দেবু সামন্তের বাড়ির সামনে এলে চিত্তরঞ্জন চন্দ তাঁর বন্দুক থেকে এঁদের উপর গুলি চালান। চিত্তরঞ্জন চন্দ ও সাতকড়ি চন্দ তাঁদের লাইসেন্স করা বন্দুক হাতে আগে থেকেই সেখানে দাঁড়িয়ে ছিলেন। গুলি রবি বাগদীর গলায় লাগে এবং সঙ্গে সঙ্গে তাঁর মৃত্যু হয়। এই সময় একটা বোমাও এঁদের উপর ছোঁড়া হয়। ওটা রবির গায়ে লাগে। এরপর শূন্যে দু'রাউন্ড গুলি

*ছোঁড়া হয়। রবি বাগদীর সঙ্গে লোকেরা এদিক সেদিক পালিয়ে যান। অপর পক্ষের লোকেরা রবির মৃতদেহটি টেনে হিঁচড়ে চিত্তরঞ্জন চন্দের বাড়ি নিয়ে আসেন এবং একটা খড়ের গাদায়* আগুন জ্বালিয়ে তাতে নিক্ষেপ করেন।

এ সম্পর্কে রবির ভাই সুধীর বাগদীর অভিযোগে সর্বশ্রী জহর চন্দ, চিত্ত চন্দ এবং অন্যান্যদের বিরুদ্ধে গলসী থানায় একটি মামলা রুজু করা হয়। পুলিশ এ পর্যন্ত মোট ২১ জনকে গ্রেপ্তার করেন। সাতকড়ি এবং আরও তিনজন আদালতে আত্মসমর্পণ করেন, বর্ধমান জেলা সদরের অ্যাডিশনাল এস পি ঘটনাটি সরেজমিনে তদন্ত করেন। গ্রামে একটি পুলিশ পিকেট বসান হয়েছে। চিত্তরঞ্জন চন্দ তাঁর বন্দুকসহ এখনও পলাতক আছেন। সাতকড়ি চন্দের লাইসেন্স করা বন্দুকটি পুলিশ আটক করেছে।

প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় যে বীরবল আকুর, রবি বাগদী এবং পরেশ মণ্ডল স্থানীয় কৃষক সমিতির সাথে যুক্ত এবং অপর পক্ষে আশুতোষ চন্দ ও তার সমর্থকরা কংগ্রেস(আই) দলভুক্ত জোতদার বলিয়া পরিচিত। গ্রামের বর্তমান অবস্থা শান্ত।

**অধ্যক্ষ মহোদয় ঃ** এখন আমি স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে বর্ধমান জেলার জৌগ্রাম হাইওয়ের উপর উদ্বাস্তু কলোনীতে সমাজবিরোধীদের আক্রমণ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** অধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্য শ্রী সুনীল সাঁতরা মহাশয়ের আনীত বর্ধমান জেলার জামালপুর থানায় উদ্বাস্তু কলোনীতে একদল সমাজবিরোধীর আক্রমণের বিষয়ে দৃষ্টি আকর্ষণী প্রস্তাবে আমি এই বক্তব্য রাখছি।

গত ২৬-২-৮০ তারিখে সন্ধ্যাবেলা জামালপুর থানার নুড়ি গ্রামে কেশব বলের ছেলে সুনীল বল, এবং মোহিত দাসের ছেলে যতন দাসের মধ্যে সামান্য ব্যাপারে একটু ঝগড়া হয়। তার সূত্র ধরে যতনের দাদা তপন সুনীলকে লাঠি দিয়ে মারে। সুনীল এবং তার বাবা কেশব, তপন এবং তার সঙ্গী লক্ষ্মী আদককে হাঁসুয়া এবং বল্লম দিয়ে আঘাত করে। তপন এবং লক্ষ্মীকে বর্ধমান হাসপাতালে নিয়ে যাওয়া হয়। মোহিত দাসের অভিযোগে সুনীল, কেশব এবং কেশবের স্ত্রীর নামে একটি পুলিশ মামলা দায়ের করা হয়। ২৮-২-৮০ তারিখে সুনীলকে গ্রেপ্তার করে আদালতে পাঠানো হয়।

এই ঘটনার পর তপন দাস, তাঁর চার ভাই ও আরও কয়েকজন মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে কেশব বলের বাড়ি চড়াও হয়। তারা কেশবের স্ত্রী এবং নাবালক ছেলেকে কিল, চড় এবং লাথি মারে এবং বাড়িতে আগুন লাগিয়ে দেয়। তারা একটা সাইকেল এবং কয়েকটা মুরগীও নিয়ে যায়। কেশব এবং সুনীল তখন বাড়িতে ছিল না। দুষ্কৃতকারীরা কেশবকে অনুসন্ধান করে ঝাঁপনডাঙার এক বাড়ি থেকে ধরে আনে। কেশবকে নুড়িতে নিয়ে আসা হয়। তারপর থকে কেশবের হদিস পাওয়া যায় না। এই ঘটনার উপর জামালপুর থানায় একটি মামলা রুজু করা হয়। এই মামলায় গত ২৮-২-৮০ তারিখে শম্ভু আদক, ঘান্টি কুমার, ব্রজেন কবিরাজ এবং কার্তিক মণ্ডিকে গ্রেপ্তার করে আদালতে প্রেরণ করা হয়।

গ্রামে একটি পুলিশ ক্যাম্প স্থাপন করা হয় এবং শেষোক্ত মামলায় বাকি আসামিদের

গ্রেপ্তার করার প্রচেষ্টা চালানো হয়। গত ৩-৩-৮০ তারিখে গৌরাঙ্গ দেবকে গ্রপ্তার করা হয়। তার স্বীকারোক্তি অনুসারে নুড়ি গ্রামে একটা ঝোপ থেকে চটের বস্তায় জড়ানো অবস্থায় কেশব বলের মৃতদেহ বের করা হয়। দুটি মামলারই তদন্ত চলছে। বর্তমানে নুড়ি গ্রামের অবস্থা শান্ত। যতদূর জানা-গেছে বিবাদমান দুই দলের লোকেরাই নানারকম দুষ্কৃতিতে লিপ্ত আছেন।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্পিকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটি কথা এখানে বলছি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আসামের ঘটনার পরিপ্রেক্ষিতে কংগ্রেস(আই)-র তথাকথিত আন্দোলন সম্পর্কে একটি বিবৃতি দেবেন। বিষয়টি আজকে পশ্চিমবঙ্গের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ আজকের স্টেটসম্যান কাগজে একটি সংবাদ প্রকাশিত হয়েছে যে, নদীয়া জেলার দেবগ্রামে আসামগামী সমস্ত ট্রাককে আটকে দেওয়া হচ্ছে। অথচ ঐ তথাকথিত আন্দোলন হওয়ার কথা শিলিগুড়িতে। দেবগ্রাম থেকে শিলিগুড়ি সাড়ে চারশ মাইল দূরে। আজকে উত্তর-বাংলার সঙ্গে আসামের যোগাযোগ বন্ধ করে দেবার চেষ্টা চলছে। কাজেই আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি তাঁর বিবৃতি দেবার সময়ে এবিষয়েও কিছু আমাদের কাছে বলবেন। কারণ আজকে ওই জিনিস সারা পশ্চিমবাংলায় করবার অপচেষ্টা চলেছে। শিলিগুড়িতে শুরু হলেও দেবগ্রাম পর্যন্ত ইতিমধ্যেই পৌঁছে গেছে। আগামীদিনে আরও গুরুতর অবস্থার সৃষ্টি হতে পারে। সুতরাং তিনি যদি এবিষয়েও একটু উল্লেখ করেন তাহলে ভাল হয়।

**অধ্যক্ষ মহোদয় ঃ** এখন আমি স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে আসামের সহিত রেলপথ ও সড়ক পথ যোগাযোগ বিচ্ছিন্ন করতে কংগ্রেস(ই)-এর পরিকল্পনার সংবাদ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

[1-50—2-00 P. M.]

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, in response to the Calling Attention Notice given by M. L. A. Shri Ashoke Kr. Bose regarding the Congress(I) plan to seal Rail and Road links with Assam, I want to make the following statement.

2. Government is aware that Congress(I) and the Chhatra-Parishad(I) have taken up a programme of agitation in protest against atrocities perpetrated on the Bengalees in Assam. We have observed the first phase of the movement and the consequences on the streets of Calcutta on 19-3-80 Offices of three newspapers from Assam were ransacked by a violent band of demonstrations. Damage was done to property and a scooter was set fire to. The violent crowd had to be chased away. Of the 25 persons arrested. There are prominent members of Chhatra-Parishad(I). Another group of the Congress(I) created disturbances near Assam House when the demonstrators tried to force entry in the Assam House by breaking police cordon. The demonstrators threw crackers and brickbats. 12 persons had to be arrested. Police made Lathi charge and burnt tear-gas shell.

3. It is further understood that they will cause obstruction to vehicular traffic and movement of trains on Siliguri-Assam Line with effect from 24-3-80. It is reported that some student and youth leaders of State Congress(I) will leave Calcutta for Siliguri on 23-3-80 by Darjeeling Mail and will arrive at Siliguri on the following day where they will lead the above-noted demonstration which will continue indefinitely. They will try to seal all road and railway links with Assam. The demonstrators may even resort to violence.

4. I have drawn the attention of the Prime Minister to this programme of agitation launched by members of her party in West Bengal and have conveyed our apprehension that in the name of showing sympathy for the Bengalees in Assam, a move is afoot to disrupt law and order in this State.

5. Hon'ble Members are aware of our concern over the persecution of the linguistic minority in Assam. We do not, however, want that the issue should be allowed to lead to law and order problem in the State. Government has kept developments in this regard under constant watch.

দীপকবাবু যেটা বললেন আমি তা বলতে পারছি না তবে একটি কথা বলতে পারি, আমি আশ্চর্য হয়ে দেখছি, দিল্লি এক রকম বলছেন—কালকে পার্লামেন্টে এ বিষয়ে কথা হয়েছে, আমি রেডিও শুনেছি বা কাগজেও দেখেছি—কংগ্রেস আইয়ের নেত্রী বা নেতা এইসব যারা আছে তাঁরা একরকম বলছেন, তাঁরা এইসব জিনিস চান না। এখানে যা হচ্ছে কিন্তু এরাই করছেন। যাই হোক, কে করছেন বা কি করছেন তা আমাদের জানার দরকার নেই তবে পশ্চিমবাংলার মানুষের রাজনৈতিক চেতনা বেশি। আমাদের ব্যাপারে এরা যারা আন্দোলন করছেন আমরা সেই পথে যেতে পারি না। এটা আরও আশ্চর্যের ব্যাপার, কংগ্রেস আইয়ের যারা দিল্লিতে রাজত্ব চালাচ্ছেন তাঁরা ল অ্যান্ড অর্ডারের ব্যাপারে কনসার্ন্ড বোধ করছেন এবং তাঁরা আমাকে চিঠিও লিখেছেন, আমি ৩/৪টি চিঠি পেয়েছি। আমরা আসামের ব্যাপারে যাতে করে আন্দোলন বন্ধ হয় তারজন্য সমস্ত রাজনৈতিক দল একমত হয়েছি। আমি জানি না, ইন্দিরা কংগ্রেসের কটা গ্রুপ আছে, কটা দল আছে, কটা উপদল আছে। আমরা এই জিনিস কখনই হতে দিতে পারি না। (নয়েজ)। সৌভাগ্যবশত ইন্দিরা গান্ধী এবং হোম মিনিস্টার জৈল সিং বলেছেন এইসব যা হচ্ছে তাঁরা পছন্দ করেন না। কিন্তু এরা বলুন বা নাই বলুন এই ঘটনা আমরা পশ্চিমবাংলায় হতে দেব না। আসামের ব্যাপারে সমাজবিরোধীরা যে পথে এগোচ্ছে সেই পথে পশ্চিমবাংলার মানুষ যাবে না। কংগ্রেস আই যদি মনে করেন দেশপ্রেমিক সেজে পশ্চিমবাংলার সর্বনাশ করবেন সেই জিনিস আমরা কিছুতেই হতে দেব না।

(নয়েজ)

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর এই স্টেটমেন্টটা সার্কুলেট করে দেওয়া হোক।

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে, ব্যবস্থা করা হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী তার বক্তব্য রাখবার সময়ে একজন মাননীয় সদস্য প্রশ্ন রাখলেন। তিনি প্রথমেই বললেন বলতে পারবেন না। তারপর তিনি বলতে গিয়ে তিনি আমাদের বিরুদ্ধে কয়েকটা অ্যাসপারশন করলেন। কয়েকদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন, ইন্দিরা গান্ধী যে পথে যাচ্ছেন, ঠিকই করেছেন, ঠিক পথে যাচ্ছেন। আজকে আমি জনি না—বাঙালিদের উপর যে নির্যাতন হচ্ছে একজন বাঙালি হয়ে বাঙালিদের সম্বন্ধে বলার অধিকার যদি বাংলায় না থাকে তাহলে কি হবে। সর্বস্তরে প্রতিবাদ করবার অধিকার আমাদের আছে। আইন-শৃঙ্খলা আমরা ভাঙতে চাই না।

(নয়েজ)

**মিঃ স্পিকার ঃ** আপনি বসুন, প্লিজ সিট ডাউন, এটা কোন পয়েন্ট অফ অর্ডার নয়, নোবডি উইল হিয়ার ইওর লেকচার। (নয়েজ)

(কংগ্রেস(ই) সদস্যরা এই সময়ে সভা কক্ষ ত্যাগ করিয়া চলিয়া যান)

(Shri Rajani Kanta Doloi rose to speak)

**Mr. Speaker :** Mr. Doloi, please sit down. It is not fair that everytime you will get up. Please sit down.

(Noise)

(Shri Satya Ranjan Bapuli and Shri Rajani. kanta Doloi rose to speak)

**Mr. Speaker :** Please sit down, Mr. Satya Ranjan Bapuli and Mr. Rajani Kanta Doloi, if they think that this is the platform for them as Monument Maidan then I am not going to allow this platform to be used whenever they wish.

(Shri Rajani Kanta Doloi and all the Congress(I) members rose in their seats)

**Mr. Speaker :** Mr. Doloi, please sit down, otherwise I will call the Marshall and throw you out of the House. Do not think that it is your privilege to get up everytime.

(Noise)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মুখ্যমন্ত্রী বললেন, আমরা আইন-শৃঙ্খলা ভাঙছি কিন্তু আমরা ভাঙছি না, আইন-শৃঙ্খলা ভাঙা আমাদের কাজ নয়, ওটা ওঁদের কাজ। আমরা আইন-শৃঙ্খলা মেনটেন করছি।

**Mr. Speaker :** I am consious of what I am saying.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আপনি আমাদের সকলকে বার করে দিন, মার্শালকে ডাকুন, আপনি এইভাবে আমাদের থ্রেট করছেন কেন? আপনি মার্শালকে ডাকুন।

**Mr. Speaker :** You have no right to get up everytime and speak. Please sit down. Will you obey me? Every time you get up and try to speak.

**(Noise and interruptions)**

(All the Congress(I) members rose in their seats)

**Mr. Speaker :** Please sit down.

(At this stage the Congress(I) members walked out of the Chamber.)

**শ্রী অনিল মুখার্জি :** অন এ পয়েন্ট অফ ইনফর্মেশন, স্যার আজকে কলিকাতা হাইকোর্টে বার অ্যাসোশিয়েশন এবং বার লাইব্রেরির মধ্যে আইনজীবীদের মধ্যে একটা বিরাট উত্তেজনার সৃষ্টি হয়েছে। মধ্যপ্রদেশে গোয়ালিয়র হাইকোর্টে উকিল এবং বিচারকদের উপর পুলিশ যেভাবে নির্মম অত্যাচার করেছে তাতে এখানকার বিচারক এবং আইনজীবীরা একটা সন্ত্রাসবোধ করছেন। একটা স্বৈরাচারী ব্যবহার মধ্যপ্রদেশের গোয়ালিয়রে হয়েছে এবং ভারতবর্ষের বুকে আবার সেই স্বৈরাচারী শক্তির উদয় হয়েছে। ইন্দিরা গান্ধীর রাজত্বেই আইনজীবী এবং বিচারকদের উপর পুলিশ পিস্তল দেখিয়ে ভয় দেখাচ্ছে এটা গণতন্ত্রের পক্ষে একটা সাংঘাতিক ব্যাপার।

## MENTION CASES

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন ফারাক্কায় সুপার থার্মাল পাওয়ার স্টেশনের কাজ শুরু হয়েছে। এই প্রোজেক্টকে কেন্দ্র করে পশ্চিমবাংলার মানুষ বিশেষ করে মালদহ ও মুর্শিদাবাদের মানুষরা কর্মসংস্থানের স্বপন দেখেছিলেন। সেই কাজের কন্ট্রাক্ট পেয়েছে হিন্দুস্থান কনস্ট্রাকশান কোম্পানী এবং যে সমস্ত সাব কন্ট্রাক্টর তাঁরা নিয়োগ করছেন তাঁরা কেউ পশ্চিমবঙ্গের নন, সমস্তই দিল্লির। এর ফলে এখানকার ছোট ছোট কন্ট্রাক্টর যারা কর্মসংস্থানের আশা করেছিল তাদের সে রাস্তা বন্ধ হয়ে গেছে। গণিখান চৌধুরী সাহেব বার বার বলেছিলেন যে এর মধ্যে দিয়ে স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান করবেন। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে সমস্তই বহিরাগত, এখানকার মানুষ কোন সুযোগ পাচ্ছে না। আমি মন্ত্রিসভার কাছে অনুরোধ করছি সমগ্র বিষয়টার প্রতিবাদ জানাতে এবং মালদহ, মুর্শিদাবাদের লোকেরা যাতে সেখানে কাজ পায় তার সুযোগ সৃষ্টি করতে এবং তাঁদের এই ভণ্ডামি মিশ্রিত বিবৃতির মুখোশ খুলে দেওয়ার দরকার আছে।

**শ্রী অনিল মুখার্জি :** স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার মেজিয়া কোলিয়ারীতে যে সমস্ত শ্রমিক নিযুক্ত হচ্ছে তাতে সেখানে স্থানীয় লোকেরা কাজ পাচ্ছে না। শিল্পমন্ত্রী যখন বাঁকুড়া গিয়েছিলেন তখন তিনি সেখানকার জনসাধারণকে বলেছিলেন যে বাঁকুড়া জেলায় এই কোলিয়ারীর কাজ যখন শুরু হবে তখন

শতকরা ৭৫ জন স্থানীয় লোককে নেওয়া হবে। কিন্তু দেখা যাচ্ছে তা হচ্ছে না। এ বিষয়ে আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব যাতে স্থানীয় লোকদের চাকরির ব্যবস্থা সেখানে হয়।

**শ্রী মনোহর তিরকী ঃ** স্যার, গত ২ বছর ধরে উত্তরবঙ্গে পিচের অভাবে নতুন রাস্তাঘাট হচ্ছে না বা যেগুলি ভেঙে গেছে সেগুলি মেরামত না হওয়ায় জনসাধারণের দারুণ অসুবিধা হচ্ছে। এ বিষয়ে শীঘ্র ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার সংগঠক শিক্ষকরা উপেক্ষিত স্কুল বিহীন গ্রামগুলিতে নিরক্ষর শিশুগুলিকে বিনা বেতনে শিক্ষা দান করে আসছেন। বহুদিন যাবত নিয়োগের দাবিতে আন্দোলন করে আসছেন। এবারও সংগঠক শিক্ষকরা তাঁদের দাবিতে স্কুল বোর্ডের সামনে অবস্থান সত্যাগ্রহ বসতে বাধ্য হন। গত ১৫ মার্চ শনিবার রাত্রি ৭টায় বোর্ডের প্রধান করণিক ও স্টেনো অকস্মাৎ অবস্থানরত শিক্ষকদের বুকের উপর পা দিয়ে অফিস ঘরের তালা খুলে কাগজপত্র ও অনেকগুলি ফাইল ব্যাগে ভরে নিয়ে যান। যাওয়ার সময় শিক্ষকদের শাসিয়ে যান, বোর্ডের সভাপতি অফিসে আসেন না, তাঁর ঘরে বসেই অ্যাপয়েন্টমেন্ট দেওয়া থেকে শুরু করে সমস্ত কাজ করছেন। আমি এই সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী যোগেন্দ্রনাথ সিংহ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের জলপাইগুড়ি জেলায় ফার্মাসিস্ট ট্রেনিং সেন্টারে ১৩/১৪ দিন ছাত্র ধর্মঘট চলছে। আমি এই সম্বন্ধে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ধর্মঘটের কারণ হচ্ছে ঐ ট্রেনিং সেন্টারের সুপারিন্টেন্ডেন্টের চাকুরির কার্যকাল শেষ হওয়ায় তৎস্থলে সিনিয়ারিটি এবং শিক্ষাগত যোগ্যতা থাকা সত্বেও শ্রী মিহির চ্যাটার্জী নামীয় জনৈক শিক্ষককে বঞ্চিত করিয়া জনৈক জুনিয়ার শিক্ষককে সুপারিন্টেন্ডেন্ট নিযুক্ত করা হয়েছে। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ধর্মঘট প্রত্যাহার করে তার ব্যবস্থা তাঁরা যেন করেন।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রিসভার দৃষ্টিতে আনতে চাই যে সামগ্রিকভাবে আমাদের পশ্চিমবাংলায় যে কেরোসিনের সঙ্কট চলছে সে সম্পর্কে আমরা সকলেই অবহিত। হুগলি জেলার শ্রীরামপুর মহকুমায় বেশ কিছুদিন সংবাদ পাওয়া যাচ্ছে ডিলাররা কেরোসিন তুলছে না বলে অভিযোগ উঠেছে। প্রচুর লাইন পড়ছে, তার ফলে জনসাধারণের মধ্যে নানা অসন্তোষ বিক্ষোভ দেখা দিচ্ছে। এই কথাটা তুললাম এই কারণে যে শ্রীরামপুরের মহকুমা শাসক, জেলা শাসকের দৃষ্টিতে এটা আনা সত্বেও তাঁরা দায়িত্ব সম্বন্ধে সজাগ নন। সেজন্য মন্ত্রিসভাকে জানাতে হচ্ছে যেটুকু কেরোসিন পাওয়া যাচ্ছে তার প্রপার ডিস্ট্রিবিউশন অ্যারেঞ্জমেন্ট করা হোক এটাই আমার বক্তব্য।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মিঃ স্পিকার, স্যার, হুগলি জেলার পোলবা, দাদপুর, রাজপুর থানায় বেআইনি বালির খাদ হয়ে যাচ্ছে এবং বালির খাদের সামনে পি. ডব্লু. ডি.'র রাস্তা, ঘর-বাড়ি বালির খাদে ঢুকিয়ে নেওয়া হচ্ছে। এই সম্পর্কে জেলা কর্তৃপক্ষের কাছে বার

বার অনুরোধ করা সত্বেও কোন প্রতিকার হচ্ছে না। তাই আজকে পি. ডব্লু. ডি.'র এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার রাস্তা নষ্ট করছে বলে থানায় ডায়েরী করেছে। আজকে এই সম্বন্ধে জনগণ আন্দোলন করে যাচ্ছে। ক্ষেতমজুরদের নেতা শম্ভু হাঁসদা এই আন্দোলন করছেন বলে তাঁকে বালি খাদের সামনে হত্যা করা হয়েছে। গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান-এর বাড়িতে সশস্ত্রভাবে রাত্রি ১২টার সময় তাকে হত্যার হুমকি দিয়েছিল বালি খাদের মালিকরা এবং বেআইনি ব্যবসাদাররা। এই সম্পর্কে শিল্পমন্ত্রী ডঃ কানাই ভট্টাচার্য এবং ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রী বিনয় চৌধুরীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এই সম্পর্কে ১৭ মার্চ তারিখে সত্যযুগে একটা খবর বেরিয়েছে, সেই খবরের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কাঁথি থানার দারওয়া মৌজায় ১২/১৪ বছর পূর্বে বেকার যুবকদের কর্ম সংস্থানের জন্য একটা পলিটেক্‌নিক স্কুল স্থাপনের জন্য গৃহ নির্মাণ আরম্ভ হয়েছিল। কিন্তু ৫/৭ লক্ষ টাকা খরচ হওয়ার পর সেটা বন্ধ হয়ে যায়। সম্প্রতি শিক্ষা বিভাগ তার কাজ আরম্ভ করেছেন, একটা টেন্ডার কল করেছেন ৮ লক্ষ টাকার। কাঁথির গ্যালাক্সি ইঞ্জিনিয়ার কাজের দায়িত্ব নিয়েছেন, কিন্তু ওয়ার্ক অর্ডার দিচ্ছেন না। তারা ৮০ হাজার টাকার জিনিসপত্র কিনে ফেলে রেখে দিয়েছে, সেগুলি নষ্ট হতে বসেছে। সেজন্য গ্যালাক্সি ইঞ্জিনিয়ার হতাশ হয়ে পড়েছে, জনসাধারণের মধ্যে উদ্বেগের সঞ্চার হয়েছে। তাই শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই কাজটা সমাপ্ত হয় এবং শিক্ষাদানের কাজ আরম্ভ হয়।

[2-10–2-20 P.M.]

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ এবং জলপথ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র ভগবানপুর এবং মাননীয় সগস্য নন্দের কেন্দ্রের উপর দিয়ে একটি খাল চলে গেছে এবং সেই খালটির নাম হল কলাবেরিয়া খাল। এই খালটির সংস্কার করা হলে ১০/১২ হাজার একর জমি উন্নত হবে। কিন্তু এই ব্যাপার নিয়ে একটা ডিসপিউ চলছে। এই খাল কেটে দেবার জন্য মন্ত্রিমহাশয় বলেছেন, জেলা লেভেলে এটা নিয়ে আলোচনা হয়েছে এবং ১৯৭৯/৮০ সালের বাজেটে এরজন্য টাকাও ধরা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় সেই টাকা খরচ করা হয়নি। আমরা এই ব্যাপারে সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ারের সঙ্গে কথা বলেছি, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, ইস্টার্ন সার্কেল-এর সঙ্গে কথা বলেছি কিন্তু কোনরকম এফেক্টিভ স্টেপস্ নেওয়া হচ্ছে না। আমি সেচমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন এই কলাবেরিয়া খালের সংস্কার করে চাষীদের বিভ্রান্তি থেকে মুক্ত করেন।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী পার্থ দে মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র হচ্ছে খেজুরী—তপসিল কেন্দ্র। আমাদের ওখানে বেরিয়া গ্রামে শিবপ্রসাদ ইন্সটিটিউট বলে একটা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আছে এবং প্রতি বছর সেখান থেকে তৃতীয়, চতুর্থ, পঞ্চম স্থান ছেলেরা অধিকার করে থাকে পশ্চিমবাংলার

বৃত্তিমূলক পরীক্ষায়। দুঃখের সঙ্গে জানাচ্ছি সেই স্কুলের হেডমাস্টার মহাশয় স্কুলের গৃহ নির্মাণের জন্য অর্থ চেয়ে বিভিন্নভাবে বিভিন্ন কর্তৃপক্ষের কাছে দরখাস্ত করে আজ পর্যন্ত সেই টাকা তিনি পাননি। পাশাপাশি ২/১টি স্কুল টাকা পেয়েছে, কিন্তু এই স্কুল টাকা পায়নি। ওখানকার গ্রাম পঞ্চায়েতের কাছেও আমরা একথা বলেছি। এখন আমি বিভাগীয় কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি যাতে অবিলম্বে ওই ইন্সটিটিউটকে অর্থ বরাদ্দ করা হয়।

**শ্রী রাইচরণ মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমান জেলার কেতুগ্রাম থানার অধীন বেড়ুগ্রামের জোতদার বদরুদ্দোজা আব্দুল মান্নান জমিদার ছিলেন তার বেশ কয়েক বিঘা জমি সেটেলমেন্ট খাস করে উন্নয়ন পরিকল্পনা ও ভূমিসংস্কার কমিটিকে বিলি করার জন্য দেয়। উক্ত সমিতি বেড়ুগ্রামের গরিব ভূমিহীন চাষী আলাউদ্দিন খাঁর নামে খাস জমির কিছু পাট্টা বিলি করে। ৩০-৮-৭৯ তারিখ থেকে পাট্টা দেওয়া জমি আলাউদ্দিন খাঁ চাষ আবাদ করে আসছে এবং এবারেও সে চৈতালি ফসল লাগিয়েছিল। কিন্তু দিল্লিতে জোতদারদের মা নাকি ক্ষমতায় এসেছে সেইজন্য আলাউদ্দিনের লাগানো ফসল কিছু লাঠিয়াল বাহিনী নিয়ে জোর করে তুলে নেয় ৫-৩-৮০ তারিখে। এবিষয়ে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি দ্রুত তদন্ত করে আলাউদ্দিন খাঁ তার ফসল এবং ক্ষতিপূরণ যাতে পায় তারজন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ১৮ ফেব্রুয়ারি টেকনিক্যাল সুপারভাইসরি অ্যাসোশিয়েশনের তরফ থেকে বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যানের কাছে একটা ডেপুটেশনে গিয়েছিল। সেই ডেপুটেশনে মোটামুটিভাবে তাঁদের ন্যায্য দাবিগুলি চেয়ারম্যান মেনে নিয়েছিলেন। কিন্তু হঠাৎ দেখা গেল ২৫ ফেব্রুয়ারি তাদের যে সমস্ত দাবিদাওয়া সম্বন্ধে গভর্নমেন্ট অর্ডার বেরিয়েছিল সেগুলো ক্যানসেল করে প্রতিটি স্টাফের কাছে একটি করে চিঠি দেয়। বলা হচ্ছে ওই স্টাফরা যখন তাঁদের দাবিদাওয়া আদায় করতে যান তখন তাঁরা নাকি বিশৃঙ্খলতার পরিচয় দিয়েছেন। কিন্তু আমি জানি তাঁরা বিশৃঙ্খলতার পরিচয় দেননি এবং চেয়ারম্যান তাঁদের দাবিদাওয়া মেনে নিয়েছিলেন। ২৯-৩-৭৮ তারিখে চেয়ারম্যানের সঙ্গে একটা অ্যাগ্রিমেন্ট হয়েছিল এবং ২ বছর অপেক্ষা করার পর তাদের অ্যাসোশিয়েশন বাধ্য হয়ে ওই ডেপুটেশনে গিয়েছিল। আমি তাঁদের ন্যায্য দাবিগুলি পুনর্বিবেচনা করার জন্য মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি।

**শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সন্দেশখালি এলাকায় কালীনগর থানায় একটা পি. ডব্লু. ডি.র একটা রাস্তা আছে। গত দুই বছর সেই রাস্তা সংস্কার হয়নি, ভারপ্রাপ্ত ইঞ্জিনিয়ারের গাফিলতির জন্য এটা হয়েছে। সুতরাং আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের অবিলম্বে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে তাড়াতাড়ি রাস্তাটার সংস্কার হয়।

**শ্রী মাধবেন্দ্র মাহাতো ঃ** মানুষের জীবন-মরণ-এর প্রশ্নের সঙ্গে জড়িত আছে স্যার, এইরকম একটা গুরুতর বিষয়ের প্রতি আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ প্রায় দেড় বছর হতে চলেছে প্যাস্টুর ইন্সটিটিউট থেকে অ্যান্টি র‍্যাবিট ভ্যাক্সিন কোন হেলথ্ সেন্টারকে সাপ্লাই দিচ্ছেন না। এর ফলে বহু রুগী খেপা কুকুরের আক্রমণে তাদের জীবন বিপন্ন হতে চলেছে। আগে কমপক্ষে মাসে একবার সাপ্লাই করা হত। এখন মাঝে মাঝে

কাউন্টার সাপ্লাই করা হয় কিন্তু এতে সমস্যার সমাধান হচ্ছে না। স্যার, আমি জানি, সাধুবাজারে ৬ জন আক্রান্ত হয়েছেন, হরিপুরকুরাতে ৪ জন, পলাশ বাজারে ৮ জন এবং বিজয় নগরে ৮ জন আক্রান্ত হয়েছে। আমি সেজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব যে অবিলম্বে যেন প্যাস্টুর ইন্সটিটিউট থেকে অ্যান্টি র‍্যাবিট ইনজেকশন প্রত্যেকটা হেলথ্ সেন্টারে পাঠাবার ব্যবস্থা করেন।

**শ্রী অজয়কুমার দে ঃ** মাননীয় অধ্যক্ষ আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর একটা জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি দিয়েছেন যে পুলিশ দুবৃত্ত দমন করতে পারছে না। কিন্তু স্যার আমরা দেখছি পুলিশ নিরীহ লোকের উপর নির্মম অত্যাচার চালাচ্ছে। সম্প্রতি আরামবাগে নিরীহ গ্রামবাসী বোরো চাষের জন্য তেলের দাবিতে পথ অবরোধ করেছিলেন তার জন্য স্থানীয় পুলিশ তাদের উপর নির্মমভাবে অত্যাচার চালিয়ে তাদের জখম করেছে। এদের মধ্যে ১৮ জনকে হাসপাতালে ভর্তি হতে হয়েছে। পুলিশ সেখানে গ্রামবাসীদের প্রায় ২০০ খানা সাইকেল এবং তাদের টাকা-পয়সা ছিনিয়ে নিয়েছে। এমন কি স্যার, তারা যে সব তেল নেবার জন্য পাত্র নিয়ে এসেছিল তাও কেড়ে রেখে দিয়েছে। বামফ্রন্ট সরকার আজকে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র দিতে অঙ্গীকারবদ্ধ সেখানে পুলিশ আজকে তার উপর কি নির্মম অত্যাচার করেছে। সেখানে স্যার ১৪৪ ধারা করা হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন ব্যক্তিগতভাবে এই ঘটনার প্রতি দৃষ্টি দেন এবং দোষী পুলিশ অফিসারের বিরুদ্ধে যথা বিহিত ব্যবস্থা গ্রহণ করেন।

[2-20–2-30 P.M.]

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন হুগলি জেলার বিস্তৃত অঞ্চল খরা কবলিত এবং এই বছর কৃষকরা চাষ করছে ডিজেল পাম্প চালিয়ে যাতে কিছু ফসল উৎপাদন করা যায়। কিন্তু বর্তমান পাম্পের মালিকেরা তারা চাষীদের ডিজেল সরবরাহ করছে না। সেইজন্য আমরা দেখতে পাচ্ছি, আরামবাগ শহরে যে চাষীরা ডিজেল চাইতে গিয়েছিল ডিজেল পাম্পের মালিক ডিজেল দেয়নি এবং কিছু স্থানীয় লোককে উস্কানি দিয়ে পথ অবরোধ করায় এবং উস্কানি দিয়ে হস্তক্ষেপ করে। গোঘাট ও খানাকুল থেকে পর্যন্ত লোকে গিয়েছিল। গোঘাট থেকে আরামবাগ অনেক দূর হওয়া সত্ত্বেও গিয়েছিল। মন্ত্রিসভা এই ব্যাপারে একটা সুষ্ঠু নীতি গ্রহণ করুন। কৃষকরা যাতে সেচের কাজের জন্য ডিজেল পায়, তার একটা সুষ্ঠু ব্যবস্থা করার জন্য আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীকে অনুরোধ করলাম।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই জিনিসটা মেনশন না করে ভেবেছিলাম সুরাহা হয়ে যাবে। কিন্তু হয়নি বলে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে সংসদ বিষয়ক মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা হচ্ছে, আমাদের সদস্যদের অধিকারগত প্রশ্ন। সে প্রশ্ন দাঁড়াচ্ছে, আমরা যে সমস্ত কোশ্চেন দিয়েছি, বিশেষ করে এইবারের বিধানসভা আরম্ভ হওয়ার সময় থেকে, বিধানসভা ১৫ই থেকে আরম্ভ হয়েছে, তার থেকে আজ পর্যন্ত, সেই কোশ্চেনগুলোর উত্তর সরকারের কাছ থেকে উত্তর পাওয়া দূরের কথা, আপনার দপ্তর থেকে অ্যাডমিট হয়ে আমাদের কাছে আসেনি। দৃষ্টান্তস্বরূপ

একটা কথা বলি. সেদিন কয়েকজন সদস্য বলেছিলেন এবং আমিও বলেছিলাম এবং একটু উত্তেজনার সৃষ্টি হয়েছিল। উত্তেজনার মুহূর্তে সব কথাটা আমরা বোঝাতে পারিনি, আমরা অক্ষম হয়েছি সেদিন, আপনি ধৈর্য ধরে শুনুন, পাঁচ মিনিটের মধ্যে আমি আমার বক্তব্য শেষ করব। আপনি যদি না শোনেন, তাহলে কাকে শোনাব? You are the custodian of the rights and privileges of members specially of opposition.

আপনি যদি না শোনেন, আপনি যদি ব্যবস্থা না করেন, তাহলে আমরা অনাথ হয়ে থাকব, অরফ্যান হয়ে থাকব। সেইজন্যই আমি বলছি। আমি সেক্রেটারির সঙ্গে দেখা করেছি, ডেপুটি সেক্রেটারির সঙ্গে দেখা করেছি, চিফ হুইপের সঙ্গে কথা বলেছি, ডেপুটি চিফ হুইপের সঙ্গে কথা বলেছি, কিন্তু কোন সুরাহা করতে পারিনি বলেই আজকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সদস্য শ্রী হরিপদ জানা মহাশয় প্রায় ৭০টি কোশ্চেন দিয়েছেন, দুটি অ্যাডমিটেড হয়ে আপনার অফিস থেকে এসেছে। সদস্য শ্রী সন্দীপ দাস মহাশয় ৪০টি কোশ্চেন দিয়েছেন, একটি কি দুটি ওঁর কাছে এসেছে। আমি ২১টি কোশ্চেন দিয়েছি—তার মধ্যে দুটো অ্যাডমিটেড হয়েছে—একটা অ্যাডমিট হয়েছে, আর একটি রিভাইসড হয়ে অ্যাডমিট হয়ে এসেছে। এই প্রসঙ্গে আর একটা কথা বলি, আপনার জানা আছে অধ্যক্ষ মহাশয়, আপনি অত্যন্ত ওয়াকিবহাল, যে সমস্ত কোশ্চেনগুলো আমরা বিধানসভার অধিবেশনগুলিতে দিই, সেগুলো আপনার অফিস থেকে অ্যাডমিট হয়ে আসার পর যদি অ্যাসেম্বলী প্ররোগ হওয়ার পূর্বে না আসে সরকারের কাছ থেকে তাহলে পরে সরকারের কাছ থেকে পেলে রিটিন কোশ্চেন হিসাবে ছাপিয়ে আমাদের কাছে যায়। বিগত অধিবেশনের অভিজ্ঞতা হচ্ছে, আপনি দেখবেন যে, রিটিন কোশ্চেন যেগুলো আপনার দপ্তর থেকে অ্যাডমিট হয়ে সরকারের কাছে গিয়েছে সরকার তার ফাইভ পার্সেন্টেরও উত্তর বিধানসভা সেক্রেটারিয়েটে ফেরত পাঠাননি। আর এইবারে একটা জিনিস দেখছি, আমাদের সমস্ত কোশ্চেনগুলো আপনার অফিসে স্তূপীকৃত হচ্ছে, কেউ দেখছে না। এই প্রসঙ্গে আমার ধৃষ্টতা মাপ করবেন, ১৯৬৫ সালে শ্রী কেশব বসু মহাশয় আপনার প্রিডিসেসর তিনি একটা চিঠি দিয়েছিলেন, The then Finance Minister, Shri Saila Mukherjee মহাশয়কে তিনি যা লিখেছিলেন, আমি কয়েকটি লাইন তার থেকে পড়ে দিতে চাই।

"It seems rather unusual that even after the expiry of several months no materials for reply could be called. Under the rules a member is entitled to get a reply after 12 days and so long as the printed rules are there, inability to furnish a timely reply to questions may result in a denial of the member's right to get an answer to his question."

এই অত্যন্ত জরুরি চিঠি স্পিকার মহাশয় লিখেছিলেন অর্থমন্ত্রীকে যেটা ডঃ রণজিত বসু সোসালিস্ট প্যার্সপেকটিভে একটা আর্টিকেল লিখেছেন হেলড ওভার কোশ্চেনের উপর তাতে উল্লেখ করেছেন।

Denial of Members right এই কথাটার উপর আমি emphasis দিতে চাই। আমাদের হাউসের নেতা জ্যোতি বসু মহাশয়, স্বর্গত নেতা—আপনি যে দলে আছেন, সেই দলে ছিলেন স্বর্গত বঙ্কিম মুখার্জি মহাশয়, তাঁরা যে সমস্ত ড্রাফ্‌ট রুল তৈরি করেছিলেন

১৯৬০ সালে মে মাসে প্লেস্‌ড হয়েছিল, তাতে এই সম্পর্কে আছে এবং আমি আইনত যে সমস্ত প্রসিডিংস ডাইভাল্‌জ করতে পারি না, তবু বলছি, সেই সময়ে জ্যোতি বসু মহাশয় এবং স্বর্গত নেতা বঙ্কিম মুখার্জি দু'জনে মিলে এটাই বলেছিলেন এবং সেটাই রুলে সন্নিবেশিত হয়েছিল যে ১২ দিনের মধ্যে সাতদিন নেবে আপনার অফিস, মিনিমাম ৫ দিন, কিন্তু আপনার অফিস থেকে সেগুলি কেন যাচ্ছে না একটু এনক্যুয়ারী করে দেখুন, আপনাকে যে রিপোর্ট সেক্রেটারি এবং ডেপুটি সেক্রেটারি দিচ্ছেন তাতে গাফিলতি আছে। আমি আপনার সেক্রেটারির সঙ্গে বলতে বাধ্য হচ্ছি সেক্রেটারি হ্যাজ লস্ট হিজ গ্রিপ ওভার দ্যাট সেকশন, এই অবস্থায় আপনি যদি গভীরভাবে বিচার না করে দেখেন, যদি আপনি পঙ্খানুপুঙ্খরূপে বিচার না করে দেখেন, তাহলে আমাদের অধিকার রক্ষিত হবে না। এই কথা বলে, আমাদের অধিকার যাতে রক্ষিত হয়, এই ব্যাপারে একটা সুরাহা হয় সেটা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি এবং আপনার মাধ্যমে সংসদীয় বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন উনি তুলেছেন। আপনার অফিস সম্বন্ধে উনি বলেছেন, সরকারের সঙ্গে বসে, আমাদের প্রতিনিধি মন্ত্রী আছে, আমাদের এখানে কতটা দেরি হচ্ছে, আপনার এখানে কতটা দেরি হচ্ছে, এ দুটো একসঙ্গে না করলে হবে না। সেজন্য আমি মনে করি এবং আশা করি—এখনও সময় আছে, এখন অধিবেশন চলছে, দুই-এক দিনের মধ্যে এর একটা ফয়সালা করুন, তার জন্য যদি দুই-একজন লোক দরকার হয়, ঠিক করে সেই অনুযায়ী করবেন। এটা শুধু বিরোধী দলের প্রশ্ন নয়, প্রত্যেক সদস্য যাতে তাঁর প্রশ্নের জবাব পান, সেটা দেখতে হবে। উনি যেটা বলেছেন ঠিকই, আগেকার দিনে আমরা এ নিয়ে আলোচনা করেছিলাম এবং পশ্চিমবাংলার যেগুলি, ১৬টি জেলা আছে, আমাদের খবরাখবর পাবার জন্য টেলিফোন আছে, উইয়ারলেস আছে, পার্লামেন্টের হলে একটু অসুবিধা হয়, তাঁদের সেখানে টেলেক্সে পাঠাতে হয়, চিঠি দিতে হয়, এসব অনেক অসুবিধা আছে, বিভিন্ন রাজ্য থেকে সে সব পেতে হয়, যাই হোক এটা গুরুত্বপূর্ণ বলে বলছি—আমাদের সরকার থেকে আমরা সহযোগিতা করব, আপনার অফিস আপনি আগে দেখুন, দেখে নিয়ে বলুন কোথায় আটকাচ্ছে এবং কেন হচ্ছে না।

**মিঃ স্পিকার ঃ** আমি জানাচ্ছি যে আমি আজকেই এই ব্যাপারে তদন্ত করব এবং মুখ্যমন্ত্রী যে প্রস্তাব দিয়েছেন, সেই অনুযায়ী ব্যাপারটার সুরাহা করার চেষ্টা করা হবে।

## LAYING OF REPORT

### The First and Second Interim Reports of the Chakraborty Commission of Inquiry.

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, I beg to lay before the House the First and the Second Interim Reports of the Chakraborty Commission of Inquiry set up to enquire about the complaints of killing, atrocities and physical tortures committeed in West Bengal during the period from 20-3-1970 to 31-5-1975 together with the memoranda of action taken thereon.

# FINANCIAL

## Budget of the Government of West Bengal for 1980-81

VOTING ON DEMANDS FOR GRANTS

### DEMAND No. 7

### Major Heads: 229—Land Revenue, and 504—Capital Outlay on Other General Economic Services

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs, 20,12,26,000 be granted for expenditure under Demand No. 7. Major Heads; "229—Land Revenue and 504—Capital Outlay on Other General Economic Services."

### DEMAND No. 75

### Major Head : 500—Investments in General Financial and Trading Institutions.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 52,50,000 be granted for expenditure under Demand No. 75, Major Head : "500—Investments in General Fiancial and Trading Institutions".

The written speech of Shri Benoy Krishna Chowdhury is taken as read.

২। ১৯৭৯-৮০ আর্থিক বছরের জন্য "০২৯—ভূমিরাজস্ব" খাতে আনুমানিক আয় ধরা হয়েছিল ৩৩,৮৯,৩৫,০০০ টাকা। ১৯৮০-৮১ সালে এই আয় বৃদ্ধি পেয়ে ৪২,৮৮,৮৩,০০০ টাকায় দাঁড়াবে বলে আশা করা যায়। এর মধ্যে ৭ কোটি টাকা ল্যান্ড হোল্ডিং রাজস্ব হিসেবে পাওয়া যাবে বলে ধরা হয়েছে। এ সংক্রান্ত বিধেয়কটি রাষ্ট্রপতির সম্মতিলাভের পর আমরা ঐ টাকা আদায় করতে পারব বলে আশা করছি। তাছাড়া ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেড এবং ভারত কোকিং কোল লিমিটেডের কাছ থেকে প্রাপ্য কয়লার উপর রয়ালটি বর্ধিত হারে পাওয়া যাবে বলে আসা করা হচ্ছে, কারণ এই রয়ালটির হার ভারত সরকারের বাড়িয়ে দেওয়ার কথা আছে।

৩। ১৯৮০-৮১ আর্থিক বছরের জন্য যে ২০,১২,২৬,০০০ টাকা ব্যয়বরাদ্দ প্রস্তাব করা হয়েছে, তার মধ্যে "২২৯—ভূমিরাজস্ব" খাতে ১৬,৬৯,২১,০০০ টাকা এবং "৫০৪—অন্যান্য সাধারণ অর্থনৈতিক কৃত্যকসমূহের ক্ষেত্রে মূলধনী ব্যয়বরাদ্দ" খাতে ৩,৪৩,০৫,০০০ টাকা ব্যয় ধরা হয়েছে। আরও যে ৫২,৫০,০০০ টাকার ব্যয়বরাদ্দ প্রস্তাব রাখা হয়েছে তা হল "৫০০—সাধারণ আর্থিক ও বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহে লগ্নি" খাতে এবং ল্যান্ড ব্যাঙ্ক পশ্চিমবঙ্গ মিনারেল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন লিমিটেড এবং গ্রামীণ ব্যাঙ্ক বাবদ ব্যয় করা হবে বলে ধরা হয়েছে।

৪। আমরা "ভূমি-সংস্কার ঃ পশ্চিমবঙ্গ, তৃতীয় খণ্ড"—এই শিরোনামে একটি পরিসংখ্যান সংবলিত পুস্তিকা বিতরণ করেছি। এই পুস্তিকার মাধ্যমে সরকারের হাতে যে তথ্যাদি রয়েছে তা আমরা মাননীয় সকল সদস্যের অবগতির জন্য উপস্থাপিত করতে চেষ্টা করেছি। আমি আশা করি, এই প্রতিবেদন কার্যকর ও তথ্যভিত্তিক আলোচনার পক্ষে সহায়ক হবে এবং মাননীয় সদস্যগণ কর্তৃক আমাদের কার্যাবলীর যথার্থ বাস্তব মূল্যায়নের দ্বারা আমরা উপকৃত হব।

৫। গত বছর আমি উল্লেখ করেছিলাম যে, ভূমি-সংস্কার ইত্যাদি বিষয়ে কিছু নতুন আইন প্রণয়ন করার কথা সরকার চিন্তা করছেন। ল্যান্ড হোল্ডিং রেভিনিউ বিলটির মাধ্যমে প্রাচীন সামন্ততান্ত্রিক ভূমি-রাজস্ব প্রথা বিলোপ করে বর্তমান যুগোপযোগী রাজস্ব প্রথা প্রবর্তন করা হচ্ছে। বিধানসভার বিগত অধিবেশনে এই বিলটি পাস করা হয়েছে। বর্তমানে এইটি মাননীয় রাষ্ট্রপতির সম্মতিলাভের অপেক্ষায় রয়েছে। ভূমি-সংস্কার সম্পর্কে একটি ব্যাপক সংশোধনী বিল বর্তমানে সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে এবং আমি আশা করছি সেই বিলটি যথাসম্ভব তাড়াতাড়ি বিধানসভায় পেশ করতে পারব। আমাদের হাত নেই এমন কতকগুলি কারণের জন্য এবং এই রাজ্যের জটিল ভূমিব্যবস্থার জন্য এই বিলম্ব ঘটছে। যাই হোক আমাদের মনে হয় আইনটির কয়েকটি ধারার সত্বর সংশোধন প্রয়োজন এবং তার জন্য আইনটির ব্যাপক সংশোধনী বিলের অপেক্ষায় থাকা সমীচীন হবে না। তাই বিধানসভার বর্তমান অধিবেশনে পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের সংশোধনের জন্য একটি ছোট বিল পেশ করেছি। এই আইন অনুযায়ী উর্ধ্বসীমার অতিরিক্ত জমি সরকারে বর্তানোর ফলে সরকার রায়তদের যে পরিমাণ ক্ষতিপূরণ দেবেন তা নির্ধারণের একটি সরল পদ্ধতি এই সংশোধনী বিলটিতে রাখা হয়েছে। মাননীয় সদস্যগণ অবশ্যই অবগত আছেন যে, বিধানসভার গত অধিবেশনে ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ বাড়িভাড়া (সংশোধন) বিলটি পাস করা হয়েছিল এবং তার মাধ্যমে চাকরি থেকে অবসর নিতে যাচ্ছেন বা অবসর নিয়েছেন, প্রতিরক্ষা বাহিনীর এরূপ কর্মচারী এবং তাঁদের উপর নির্ভরশীল ব্যক্তিদের কিছু সুযোগসুবিধা প্রদানের ব্যবস্থা করা হয়েছে। ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ হস্তান্তরিত ভূমি প্রত্যর্পণ আইনের যথাযথ রূপায়ণের উদ্দেশ্যে একটি সংশোধনী বিল বিধানসভার বর্তমান অধিবেশনে বিবেচনার জন্য উপস্থাপিত করা হচ্ছে। হস্তান্তরিত জমির দখল পুনরুদ্ধারের জন্য প্রয়োজনবোধে পুলিসের সহায়তা নেবার বিধান এই সংশোধনী বিলে আছে। ১৯৪৯ সালের কলিকাতা ঠিকা প্রজাস্বত্ব আইনটির সংশোধনের একটি প্রস্তাব সরকার বর্তমানে বিবেচনা করে দেখছেন এবং যতশীঘ্র সম্ভব এই উদ্দেশ্যে বিধানসভায় বিল পেশ করা হবে। পশ্চিমবঙ্গ বাড়িভাড়া আইন সংশোধন করার জন্য আরও কিছু সময় লাগবে। কারণ, এই ব্যাপারে নানা ধরনের জটিল সমস্যা রয়েছে। তবে, এই বিষয়ে সরকার খুবই সজাগ রয়েছেন।

৬। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, উর্ধ্বসীমার অতিরিক্ত জমি খুঁজে বার করা, জনসাধারণের দরিদ্রতর অংশের মধ্যে সরকারে ন্যস্ত জমি উপযুক্ত শ্রেণীর প্রাপকদের ভেতর বিতরণ করা, "অপারেশন বর্গা"র মাধ্যমে বর্গাদারদের নাম রেকর্ড করা, উপযুক্ত ক্ষেত্রে বাস্তু জমির দখলকারীদের নাম রেকর্ড করা এবং যেসব দরিদ্র ব্যক্তি অভাবের তাড়নায় জমি হস্তান্তর করতে বাধ্য হয়েছিলেন তাঁদের হস্তান্তরিত জমি ফেরত দেওয়া প্রভৃতি বিষয়গুলির

ক্ষেত্রে বর্তমান সরকার অগ্রাধিকার দিচ্ছেন। তবে, আমাদের মনে হয় যে, ভূমি-সংস্কারের ক্ষেত্রে বর্তমান সরকার যেসব ব্যবস্থা গ্রহণ করেছেন বা অনুসরণ করছেন, তা রাজ্যের অর্থনীতির উপর কোন স্থায়ী প্রভাব বিস্তার করতে সমর্থ হবে না যতক্ষণ না পর্যন্ত এইসব ব্যবস্থা অধিক খাদ্য উৎপাদন সম্ভব করে এবং ন্যস্তজমি বন্দোবস্ত যাঁরা পেয়েছেন তাঁরা ও বর্গাদারেরা আর্থিক দিক দিয়ে স্বনির্ভর হন। একদিকে বড় বড় জোতদার ও মহাজন এবং অন্যদিকে বর্গাদার ও দরিদ্র চাষীদের মধ্যে যে অর্থনৈতিক দাসত্বের সম্পর্ক দীর্ঘকাল ধরে গড়ে উঠছে সে সম্পর্কের ছেদ ঘটাতে হবে। বর্তমান বছরে সরকারি উদ্যোগে আর্থিক প্রতিষ্ঠানগুলির মাধ্যমে বর্গাদার ও ন্যস্ত জমি বন্দোবস্ত গ্রহণকারি ব্যক্তিদের আর্থিক সাহায্য পাওয়ার ক্ষেত্রে কিছুটা অগ্রসর হওয়া গেছে।

বাণিজ্যিক ব্যাঙ্কগুলি অনেক বোঝানোর পর ১৯৭৯ সালের খারিফ চাষের মরশুমে ৮০ হাজার নতুন ঋণ গ্রহণকারিকে ঋণ দিতে রাজি হয়েছিলেন। এই প্রকল্পের অধীনে উপকৃত হবার যোগ্য ব্যক্তিদের বাছাই করা ও ব্যাঙ্কের কাছে তাঁদের উপস্থাপিত করার ব্যাপারে সরকারি নীতি অনুযায়ী পঞ্চায়েতগুলিকে উদ্যোগী করা হয়েছিল। আমার দপ্তর খাস জমির গ্রাহক এবং ভাগচাষীদের তালিকা সরবরাহ করে এ ব্যাপারে পঞ্চায়েতগুলিকে সাহায্য করেছিলেন। প্রেরিত ৬০ হাজার দরখাস্তের মধ্যে ব্যাঙ্কগুলি বর্তমান বছরে ৫০ হাজারের কিছু অধিক ব্যক্তিকে অর্থ সাহায্য করতে পেরেছেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, খারিফ-পরবর্তী বর্তমান রবি মরশুমে আরও প্রায় ১০,০০০ ব্যক্তিকে অনুরূপ সুবিধা দেওয়ার বন্দোবস্ত করা হয়েছে।

আশা করা যায়, আগামী বছর আরও অধিক সংখ্যক ভাগচাষী ও খাস জমির প্রাপককে এই প্রকল্পের মাধ্যমে উপকৃত করা যাবে।

৭। এই ব্যাপারে সরকার আরও এক ধাপ অগ্রসর হতে ইচ্ছুক। সরকার চিন্তা করছেন যে খাস জমির প্রাপক, বর্গাদার এবং প্রান্তিক চাষীদের মধ্যে কৃষিকাজে প্রয়োজনীয় উপাদান—যথা সরঞ্জাম, বীজ, সার প্রভৃতি ব্যবহারের জন্য সমবায় সমিতি কিংবা সংঘ কিংবা এইরকম কোনও সুবিধাজনক সংস্থা গড়ে তুলবেন। ক্ষুদ্র জমির মালিকেরা যদি তাঁদের জমি বর্গাদারী প্রথায় চাষ-আবাদ করানোর জন্য অভাবগ্রস্ত হয়ে কন্যার বিবাহ বা এই ধরনের প্রয়োজনীয় সামাজিক ও ব্যক্তিগত দায়দায়িত্ব মেটাতে গিয়ে ঐ জমি বিক্রি করতে ইচ্ছুক থেকেও বিক্রি করতে না পারেন তবে সেই জমি সরাসরি কিনে নিতে পারবে—এইরকম এক ধরনের ভূমিব্যাঙ্কের কথা আমরা চিন্তা করছি। এই ব্যাপারে প্রয়োজনীয় অর্থের বরাদ্দ এইবারের বাজেটে রাখা হয়েছে।

৮। পূর্বতন মধ্যস্বত্বভোগীদের সমস্যাগুলি সম্পর্কে সরকার সচেতন এবং এঁদের ক্ষতিপূরণের নিরূপক তালিকার প্রস্তুতির কাজ সম্পূর্ণ করার জন্য চেষ্টা করছেন। এই কাজ প্রায় সমাপ্তি পর্যায়ে এসেছে। ১৯৭৯ সালের শেষে এইরূপ কেবলমাত্র ১,২৯৪টি তালিকা চূড়ান্ত করার কাজ বাকি আছে। যেসমস্ত মধ্যস্বত্বভোগীদের সম্পত্তি একাধিক জেলায় ছড়িয়ে আছে এই তালিকাগুলি তৎসংক্রান্ত।

এইসমস্ত তালিকা সম্পূর্ণ করার কাজে বিভিন্ন ধরনের অসুবিধা থাকা সত্ত্বেও যত

*তাড়াতাড়ি সম্ভব কাজ শেষ করার চেষ্টা চালানো হচ্ছে। ১৯৭৯-৮০ সালের বাজেটে অন্তর্বর্তী এবং চূড়ান্ত ক্ষতিপূরণ ও ক্ষতিপূরণের সুদ বাবদ সওয়া পাঁচ কোটি টাকা ধার্য হয়েছিল।* যেহেতু মধ্যস্বত্বভোগীদের দেয় বকেয়া টাকার যথাযথ বিবরণ পাওয়া যায়নি তাই ক্ষতিপূরণের টাকা দেওয়ার কাজ আশানুরূপ দ্রুত ও নিয়মিতভাবে করা সম্ভব হয়নি। কাজ দ্রুততর করার জন্য ১৯৭৯ সালের শেষের দিকে ৭০,০০০ টাকা পর্যন্ত ক্ষতিপূরণ যাঁদের পাওনা তাঁদের ক্ষেত্রে পদ্ধতিগত জটিলতা যথাসম্ভব দূর করে ক্ষতিপূরণ দেওয়ার কাজ দ্রুততর করার ব্যবস্থা হয়েছে। আশা করা যাচ্ছে অধিকাংশ ক্ষেত্রে ক্ষতিপূরণ সংক্রান্ত অসুবিধাগুলি বর্তমানে দূর করা যাবে।

৯। এই বিভাগের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে ভূমি অধিগ্রহণ। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য এই ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কাজের কথাও উল্লেখ করতে চাই। কলিকাতা মেট্রোপলিটন পরিবহন প্রকল্প, তিস্তা বাঁধ প্রকল্প, তাপবিদ্যুৎ কেন্দ্রসমূহ, হলদিয়া বন্দর ও শিল্প প্রকল্প, কলিকাতা মেট্রোপলিটন উন্নয়ন সংস্থা এবং অন্যান্য জলসেচ ও রাস্তাঘাট তৈরি ইত্যাদি গুরুত্বপূর্ণ প্রকল্পে এই বিভাগ জমি অধিগ্রহণের কাজে নিযুক্ত আছে। চলতি বছরে এই উদ্দেশ্যে ১০,৮২৫ একর জমি অধিগ্রহণ করা হয়েছে এবং এই অধিকৃত জমির জন্য প্রায় সাত কোটি টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। অধিগ্রহণের ক্ষেত্রে অজস্র বাধা থাকা সত্ত্বেও এই বিভাগ প্রয়োজনীয় জমি অধিগ্রহণের কাজ এবং তার জন্য ক্ষতিপূরণ দানের কাজ যথাসম্ভব ত্বরান্বিত করার চেষ্টা করছে।

১০। বর্তমানে সরকার ১৯৭৬ সালের শহরাঞ্চলের জমি (উর্দ্ধসীমা ও নিয়ন্ত্রণ) আইন রূপায়ণের কাজে সমধিক গুরুত্ব দিয়েছে। ১৯৭৯ সালে এই আইনের ১০(১) ধারা অনুযায়ী প্রায় ৩.৩০ লক্ষ বর্গমিটার জমি সংক্রান্ত ১১৮টি নতুন নোটিফিকেশন জারি করা হয়েছে। রাজ্য সরকার এই আইনের দোষত্রুটি দূর করা এবং জটিল ও সময়সাপেক্ষ জমি অধিগ্রহণ পদ্ধতি সহজ করার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের নিকট আইনটির সংশোধনের প্রস্তাব উত্থাপন করেছেন।

১১। এই কথা বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যগণকে অনুরোধ জানাই, তাঁরা সকলে যেন আমাদের কাজে সহযোগিতা করেন এবং ১৯৮০-৮১ আর্থিক বছরের জন্য ৭ নং দাবির ক্ষেত্রে মোট ২০,১২,২৬,০০০ টাকা এবং ৭৫ নং দাবির ক্ষেত্রে ৫২,৫০,০০০ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাবটি মঞ্জুর করেন।

[2-30–2-40 P. M.]

**Mr. Speaker :** There is no cut motion under demand No. 75. There are cut motions to demand No. 7. They are in order.

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount of the demand be reduced to Re. 1.

**Shri Balai Lal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100

**Shri Bijoy Bauri :** ditto.

***Shri Prabodh Purkait :*** ditto

**Shri Renupada Halder :** ditto

**Shri Sasabindu Bera :** ditto

**Shri A. K. M. Hassanuzzaman :** ditto

**Shri Birendra Kumar Maitra :** ditto

**Mr. Speaker :** I now call upon Shri Sandip Das to speak.

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী মহাশয় তাঁর দপ্তরের জন্য ১৯৮০-৮১ সালের যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থিত করেছেন এবং সে সম্পর্কে মাননীয় সদস্য শ্রী বলাইলাল দাস মহাপাত্র ও মাননীয় সদস্য শ্রী শশবিন্দু বেরা মহাশয় যে ছাঁটাই প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমি প্রথমেই মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে তিনি তাঁর দপ্তরের নাম পরিবর্তন করেছেন—এটা ভূমি ও ভূমিরাজস্ব দপ্তর ছিল, এখন সেটা ভূমি ও ভূমি সংস্কার দপ্তর নামকরণ করেছেন, এজন্য আমি খুশি হয়েছি। স্যার, নীতিগত ভাবে আমি ভূমিরাজস্ব প্রথা কৃষি জমি থেকে তুলে দেবার পক্ষপাতি এবং সরকারি নীতি সেইভাবে পরিচালিত হোক এটাই আমার কাম্য। আর একটা ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি সাধুবাদ জানাচ্ছি এইজন্য যে, তিনি অকপটে স্বীকার করেছেন তাঁর বক্তৃতার মধ্যে যে, ভূমি সংস্কারের ক্ষেত্রে বর্তমান সরকার যে সব ব্যবস্থা গ্রহণ করেছেন বা অনুসরণ করেছেন তা রাজ্যের অর্থনীতির উপর কোন স্থায়ী প্রভাব বিস্তার করতে সক্ষম হবে না যতক্ষণ না পর্যন্ত এইসব ব্যবস্থা অধিক খাদ্য উৎপাদন সম্ভব করে এবং ন্যস্ত জমি বন্দোবস্ত যাঁরা পেয়েছেন তাঁরাও বর্গাদাররা আর্থিক দিক দিয়ে স্বনির্ভর হন। এই অকপট স্বীকারোক্তির জন্য আমি তাঁকে সাধুবাদ জানাচ্ছি। ভূমি সংস্কারের মূল লক্ষ্য কি হতে পারে? ভূমি সংস্কারকে যদি আমরা উৎপাদন থেকে বিচ্যুত করি তাহলে ভূমিসংস্কার কখনও সফল হতে পারে না। সেখানে প্রচলিত যে ভূমিসংস্কার আইন আছে তার অনেক পরিবর্তন মাননীয় মন্ত্রি মহাশয় করেছেন—পূর্বতন আইনের অনেক সংশোধন সেখানে করা হয়েছে সেটা সত্য কথা। আগের আইনে আমরা দেখেছি অনেক অসামঞ্জস্য ছিল—ভাল জমির খাজনা কম ছিল, খারাপ জমির খাজনা বেশি ছিল এমন দৃষ্টান্তও অনেক পাওয়া যাবে। তাছাড়া এক ফসলা জমি এবং বহু ফসলা জমির মধ্যে কোন তফাৎ ছিল না। জমিদারদের খাস এলাকার খাজনার মধ্যে তফাৎ ছিল এবং জমিদারী এলাকার মধ্যেও অনেক রকমের তফাৎ ছিল। বর্তমান আইনের আগের এইসমস্ত অসামঞ্জস্য দূর হবে ঠিক কিন্তু অন্য এক অসামঞ্জস্য উৎকটভাবে দেখা দেবে বলে আমার মনে হয়, তার কারণ এটা সুবিবেচনাপ্রসূত বলে আমার মনে হয় না এবং বৈজ্ঞানিক বলেও আমার মনে হয়, সেটা হচ্ছে, বাজার দরের ভিত্তিতে খাজনা নির্ধারণ দৃষ্টিভঙ্গি। সেখানে জমির উৎকর্ষতা কিম্বা ফসল উৎপাদনকে খাজনার ভিত্তি করা হয়নি। স্যার, আপনি জানেন, জমির দাম জমির উৎকর্ষতার উপর নির্ভর করে না। শহর, গঞ্জ, রাস্তা, কারখানার এলাকা ইত্যাদি দেখে জমির বাজার দর বৃদ্ধি হয়। জমির বাজার দর

*যেখানে যে রকম হবে সেইভাবে খাজনা ধার্য করা হবে। জমির বাজার দর যেখানে যেরকম হবে তার ১০ শতাংশ কর-যোগ্য দাম ধরা হবে। অর্থাৎ একজন রায়তের জমির দর যদি ২ লক্ষ টাকা হয় তাহলে তার করযোগ্য জমি হচ্ছে ২০ হাজার টাকা, তার মধ্যে আবার ৫ হাজার টাকা ছাড় গেল। আপনি তিন ধাপে যে জমির হিসাব করেছেন তাতে সেখানে তার মোট খাজনা দাঁড়াবে ৮২০ টাকা।*

*আবার বাজার দর যেখানে একরে ১০ হাজার সেখানে ২০ একরের দাম ২ লক্ষ* টাকা, আর বাজার দর যেখানে ৫ হাজার টাকা সেখানে ২০ একরের দাম ১ লক্ষ টাকা। তার মধ্যে আবার কৃষিযোগ্য ১০ হাজার ছাড় যাচ্ছে, বাকি থাকছে ৫ হাজার। তাহলে কত হবে? ৩ থাকের হিসাব করলে ১৭০ টাকা হচ্ছে। কাজেই জমির দাম অনুপাতে চাষে আয় হয় না। দেখা যায় কম দাম হলে বেশি আয় হয়, আবার বেশি দাম হলে আয় কমে যায়। খাজনা হোল্ডিং প্রতি একরে ১০ কমে যাবার সম্ভাবনা রয়েছে। তাহলে খাজনা প্রাপ্য আরও কমে যাবে। এবারের বাজেটে ১১০০ কোটি টাকা বেশি বরাদ্দ চেয়েছেন। কৃষি জমি থেকে খাজনা আদায়ের পরিমাণ ৭ কোটি টাকা হবে বলেছেন। কিন্তু আমরা হিসাব করে দেখেছি আদায়ের চেয়ে খরচই বেশি হবে, কম হবে না। ব্যয় ক্রমশ বাড়তেই থাকবে, উপরন্তু বাজার মূল্য অনুসারে খাজনা নির্দ্ধারণ করতে হবে। আঞ্চলিক পাকা স্থায়ী প্রাধিকারিক নিয়োগ করতে হবে। জমির উৎকর্ষতা উপেক্ষিত হবে সম্পূর্ণভাবে এবং তার বাইরে চোরা জমি বিধিভুক্ত করার আশঙ্কা থাকবে। সরকার যদি তৎপর হন, চোরা জমি যদি ধরতে পারে তাহলে সেগুলি দরিদ্র গরিব চাষীদের মধ্যে বিতরণ করা যাবে, ভূমিহীনদের মধ্যে বিতরণ করা যাবে এবং তাও খাজনার বাহিরে পড়ে যাবে। এইভাবে হিসাব করলে আপনি দেখবেন খাজনা আদায় বড় জোর ৮০ হাজার থেকে ১ কোটি টাকা হবে, কিন্তু আদায় করার ব্যয়ভার অনেক বেড়ে যাবে। আপনি ৭ কোটি টাকা আদায় করবেন বলছেন, কিন্তু খরচ পড়বে তার চেয়ে অনেক বেশি। দাম পুনর্বিন্যাস ইত্যাদি ব্যাপারে খাজনার পরিমাণ ক্রমশ কমতে কমতে অনেক নিচে নেমে আসবে এবং সেই সম্ভাবনা রয়েছে যেহেতু আপনি বাজারদরকে ভিত্তি করেছেন। আমি সুস্পষ্টভাবে বলতে চাই ভূমি রাজস্ব বৃদ্ধি কৃষি জমির ক্ষেত্রে অবসান হোক এবং তার জায়গায় কৃষি আয়কর প্রবর্তন করা হোক। কিন্তু একটি কথা জোর দিয়ে বলতে চাই ইংরেজ আমলের শোষণ করার ব্যবস্থাকে সম্পূর্ণভাবে পাল্টাতে হবে এবং অকৃষি থেকে যেসমস্ত আয়ের সম্পত্তি আছে তার উপর কৃষি উন্নয়ন কর আরোপ করতে হবে। কৃষিজাত দ্রব্যের উপর অনেক শিল্প গড়ে উঠেছে, অনেক সম্পত্তি গড়ে উঠেছে। মাননীয় মন্ত্রী গতবারে তার বাজেট বক্তৃতার জবাবে বলেছিলেন এই কথাগুলি। যে কোন রাজনৈতিক সচেতন মানুষ জানেন যে কৃষকের হাতে যদি টাকা না আসে এবং গ্রামবাংলার উন্নয়ন যদি না হয় তাহলে শিল্প বাঁচতে পারে না। আজকে শিল্প প্রসারের জন্য। শিল্পের স্বার্থে শিল্পজাত দ্রব্য এবং অন্যান্য সম্পত্তির উপর কৃষি উন্নয়ন কর আদায় করা দরকার। এটা না হলে শিল্প বাঁচতে পারে না। আমাদের দেশ হতভাগা দেশ। রপ্তানি বৃদ্ধির সঙ্গে আমাদের উৎপাদনের কোন সম্পর্ক নেই। পার ক্যাপিটা ইনকাম যখন আমাদের কম তখন রপ্তানি বৃদ্ধি করে জরুরি অবস্থার সময় দেখেছি উৎপাদন কমেছে। পার ক্যাপিটা কনজাম্পশান কমেছে, কিন্তু রপ্তানি বেড়েছে। আমরা কি সেই অর্থনীতির দিকে যাব? কাজেই আপনি কৃষি উন্নয়ন কর আরোপ

করার কথা বিবেচনা করে দেখবেন। আপনি যে ফিরিস্তি দিয়েছেন সেটা অত্যন্ত হতাশাব্যঞ্জক। ব্যাঙ্ক টাকা লগ্নি করেছে আপনি বলছেন এবং এর জন্য আপনি অনেক প্রচেষ্টা চালিয়েছেন। কিন্তু ৬০ হাজার চাষীও সেই ব্যাঙ্কের কাছ থেকে টাকা পায়নি।

[2-40–2-50 P.M.]

আমার স্পষ্ট প্রস্তাব হচ্ছে সমস্ত ব্যাঙ্ক এবং বিমা সংস্থাগুলি যাতে তাদের ৪০ ভাগ টাকা আমাদের কৃষিতে লগ্নি করে বাধ্যতামূলকভাবে তার ব্যবস্থা করতে হবে। কৃষির বিষয়ে একটা কৃষি উন্নয়ন কর্পোরেশন খুবই প্রয়োজন। ভূমি এবং ভূমি সংস্কার কৃষি সেচ পঞ্চায়েত এই সবগুলি সমন্বয় সাধন করার জন্য একটি এগ্রিকালচারাল কমান্ড গঠন করতে হবে। আর একটা কথা আমি গত বারেও বলেছিলাম যে সমস্ত কৃষি জমির খাজনা তুলে দিতে হবে। ১০ হাজার টাকা পর্যন্ত কৃষি আয় থেকে এগ্রিকালচার্যাল ট্যাক্স তুলে দিতে হবে। কেন না যারা মাস্টার মহাশয়, যারা ব্যবসা করে যারা চাকুরি করে তাদের ক্ষেত্রে ১০ হাজার টাকা পর্যন্ত ছাড় দেওয়া হল কৃষকদের ক্ষেত্রে সেটা করা হল না। আমরা দেখতে পাচ্ছি ৩ হাজার টাকার উপর হলেই কৃষি আয়কর দিতে হচ্ছে। এই দৃষ্টিভঙ্গি পরিবর্তন করা দরকার। শিল্প শ্রমিকদের সমহারে কৃষি শ্রমিকদের মজুরি দিতে হবে। যে ৮-১০ পয়সা রোজ স্থির হয়েছে, সেই হারে কৃষি মজুরদের মজুরি দেওয়া হয়। আমার স্পষ্ট প্রস্তাব ৮-১০ পয়সা কৃষি মজুরদের চাষী মজুরি দেবে এবং শিল্প শ্রমিকদের সঙ্গে কোন মার্জিন থাকবে না তখন চাষী বাড়তি সেই টাকা কোথা থেকে পাবে—সে তো পোষাতে পারবে না—সেদিকেও আমাদের দেখতে হবে। আমরা তো বলি কৃষক-শ্রমিক হাতে হাত মিলিয়ে বিপ্লব কর। কিন্তু সঙ্গে সঙ্গে এটাও আমাদের করতে হবে। বড় বড় কারখানায় বা কয়লাখনিতে যেসব মজুর কাজ করে তাদের মজুরি অনেক বেশি এবং বড় শিল্প তাদের সে টাকা দিতে পারে। কিন্তু চাষীদের আয় অনেক কম তারা তো সেই মজুরি দিতে পারবে না। তাই আমার প্রস্তাব কৃষি শ্রমিক যা পায় এবং শিল্প শ্রমিক যা পায় তার মধ্যে যে ফারাকটা থাকে সেটা সরকারকে ভর্তুকি দিয়ে পূরণ করতে হবে। নিশ্চয় ভর্তুকি দিতে হবে। কারণ শিল্প শ্রমিক তারা নানা জায়গায় যে চাকুরিতে নিযুক্ত সেখানে তাদের একটা সিকিউরিটি আছে। তাহলে কৃষি মজুরদের বেলায় তা থাকবে না কেন? সরকারকে ভেবে দেখতে হবে। আজকে নতুন কৃষি সুমারী করার প্রয়োজন আছে। ১৯৪২ সাল থেকে জমি হস্তান্ত আইনের বিরুদ্ধে আন্দোলন করেছে কংগ্রেস এবং তার আগে থেকেও এইরকম একটা আইন হতে যাচ্ছে দেখে তারা আন্দোলন শুরু করেছিলেন। আমাদের স্বাধীনতা আন্দোলনে আমাদের এই শ্লোগান ছিল কৃষকের হাতে জমি দিতে হবে—এই দাবি কংগ্রেস করেছে। ১৯৪২ সালে আগস্টেও আমরা এই শ্লোগান দিয়েছিলাম ল্যান্ড টু দি টিলারস। শতকরা ৫০ ভাগ জমি অনেক আগে থেকেই বেনামি হতে আরম্ভ হয়েছে। আমাদের মন্ত্রী মহাশয়ও ভাল করে জানেন যে পশ্চিমবাংলায় কত বেনামি জমি আছে—সে খবর ওঁর আছে। সেই জমি উদ্ধারের তেমন কিছু ব্যবস্থা দেখছি না। আমি ঠিক পড়ে উঠতে পারি—কত জমি দখল করা হয়েছে। এ পর্যন্ত নাকি শুনেছি মোট ৯ লক্ষ একর বেনামি জমি উদ্ধার হয়েছে।

আপনারা জমিদারি হস্তান্তর আইনে যে জমি পেয়েছেন সেটা নতুন আইনে পাননি। গণ-শ্রম শক্তিকে কাজে লাগানোর জন্য এবং নতুন ডিক্লারেশানের জন্য একটা ভূমি সেনা গঠনের

দাবি আমি সরকারের কাছে রাখছি। আমরা এই ভূমি সেনার দাবি দীর্ঘকাল ধরে করে আসছি, এটা নতুন নয়। রিক্লামেশান এবং সমস্ত কৃষক প্রতিষ্ঠানের প্রতিনিধি নিয়ে এই ভূমি সেনা করতে হবে। পশ্চিমবঙ্গের এই পরিস্থিতিকে আমাদের দেখতে হবে। সারা ভারতবর্ষের মধ্যে আজকে পশ্চিমবঙ্গেই ৭০ ভাগ লোক জমির আয়ের উপর নির্ভরশীল। পশ্চিমবঙ্গে যেখানে জমি কম সেখানে ৭০ ভাগ লোক জমির আয়ের উপর নির্ভরশীল হয়ে পড়ছে। তারমধ্যে ৪০ থেকে ৫০ ভাগ অত্যন্ত দরিদ্র হয়ে আছে। আমি আগেই বলেছি যে সারা ভারতবর্ষে কৃষি মজুরের সংখ্যা ক্রমবর্ধমান। কৃষি ব্যবস্থাকে যদি উৎপাদনমুখী করতে হয় তাহলে আমাদের নতুন দৃষ্টিভঙ্গির প্রয়োজনীয়তা রয়েছে। আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে, জাপানে দ্বিতীয় বিশ্ব মহাযুদ্ধের অববহিত পরে ম্যাক আর্থার যেটা ক্যাপিটালিস্ট আমেরিকায় করেছিলেন তাতে দেখা গেছে যে ৫৪ ভাগ থেকে ৯৫ ফার্মারের সংখ্যা হয়েছিল এবং উৎপাদন তাতে কিভাবে বেড়েছিল। এখানে আর একটা সমীক্ষার কথা আমি উল্লেখ করতে চাই যার মধ্যে পশ্চিমবাংলা থেকে জাপানের কিনকি জেলার কৃষির ইনপুট এর একটা তুলনামূলক পর্যালোচনা করা হয়েছে এবং তাতে দেখা গেছে যে লেবার ইউটিলাইজেশন পার একর পশ্চিমবাংলায় যেখানে ১.৯, কিনকিতে ৭.২। কাজেই কৃষির ক্ষেত্রে যদি নতুন দৃষ্টিভঙ্গি না আনা যায় তাহলে কৃষির উন্নয়ন সম্পূর্ণ হতে বাধ্য। আর একাট কথা বলতে চাই, এই শিল্পপতিরা এবং ব্যবসাদাররা অনেক কালো টাকা সাদা করার জন্য লীজ দিচ্ছে, নানাভাবে ব্যাঙ্কের মাধ্যমে রাখছে। এই ধরনের ঘটনা সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ঘটছে। পশ্চিমবাংলায় যে হচ্ছে না, তা মন্ত্রী মহাশয় বলতে পারেন না। কাজেই এটা আপনাকে দেখতে হবে। আর একটা প্রশ্ন রাখতে চাই সেটা হচ্ছে ভূমির অন্তীম লক্ষ্য সম্পর্কে। আমি আগেও বলেছি যে প্রোডাক্টিভিটির সঙ্গে ভূমিকা যদি যুক্ত না করেন তাহলে কৃষি ক্ষেত্রে ভূমির অন্তীম লক্ষ্য সম্পর্কে বিপর্যয় আসতে বাধ্য। আমরা জানতে চাই যে ভূমির অন্তীম লক্ষ্য কৃষকদের মালিকানা, না ভূমির জাতীয়করণ? যদি বলেন যে আপাতত আমরা মালিকানা দিতে চাচ্ছি কিন্তু অন্তীম লক্ষ্য হচ্ছে জাতীয়করণ তাহলে সেটা এক প্রকার বক্তব্য। আজকে মূল লক্ষ্যটা কিন্তু ধোঁয়াটে অবস্থায় রয়ে গেছে। আমরা বিভিন্ন সময়ে শাসক দলের বক্তব্যের মধ্যে অসঙ্গতি দেখছি। ১৯৭৯ সালের ১৫ই আগস্ট বামফ্রন্ট সরকার তথা শাসকদলের প্রধান মুখপাত্র বলছেন যে জমির মালিকের সঙ্গে বর্গাদারের যখন বিরোধ বাধবে তখন আমাদের দল বর্গাদারের পক্ষ নেবে। আবার মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন, জোর করে জমি নিলে সরকার বরদাস্ত করবে না। আর একদিকে বামফ্রন্টের নেতা বলছেন যে বর্গাদারের সঙ্গে জোতদারের যদি বিরোধ হয় তাহলে আমরা সব সময় বর্গাদারের পক্ষে থাকব। তাই, আজকে আমাদের সন্দেহ হচ্ছে, কারণ আমরা অতীত অভিজ্ঞতায় দেখেছি যে বর্গাদারদের নিয়ে বিরোধ হয়েছে এবং আপনাদের দলের সঙ্গেও কম বিরোধ হয়নি।

[2-50–3-00 P.M.]

আজকে প্রশ্ন উঠেছে কে বর্গাদার? এতদিন পর্যন্ত ১৯৬৭ সালে এবং ১৯৬৯ সালে যখন আমরা যুক্তফ্রন্টে ছিলাম তখনও দেখেছিলাম এই প্রশ্নগুলি এসেছিল এবং এগুলিকে তখন আমরা পিন পয়েন্ট করবার চেষ্টা করেছিলাম। তখন বলা হয়েছিল লাঙ্গল যার জমি তার। সেটাকে রূপান্তর করে করা হল চাষ করবে যে জমি হবে তার। তারপর বলা হল

ঝাণ্ডা যার জমি তার এবং তারপর এখন হচ্ছে জোর যার মুল্লুক তার। আমি বিভিন্ন উদাহরণ দিয়ে দেখাতে পারি যে, আপনারা জোতদারদের টাকা নিয়ে কিভাবে কাজ করছেন। ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী)র সোনারপুর লোকাল কমিটি থেকে একজন বর্গাদারকে লিগ্যাল প্রটেকশন দেবার জন্য আইনজীবির কাছে পাঠানো হয়েছিল, কিন্তু তারপর সেই বর্গাদারকে একটা চিঠি দিয়ে বলা হচ্ছে যে, তুমি জোতদারের বাড়িতে এস, যদি না আস তাহলে তোমাকে কোনো প্রটেকশন দিতে পারব না। এইরকম অনেক নজির, অনেক তথ্য আছে। আজকে অপারেশন বর্গায় বর্গাদারের নাম রেকর্ড করা হয়েছে এবং কত জনের হয়নি সেই তথ্যও আমি মন্ত্রীকে দিতে পারি।

আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। ভূমিরাজস্ব বিভাগের শ্লথ গতির জন্য কোনো উন্নয়নমূলক কাজ হচ্ছে না, যার ফলে সরকারের ব্যর্থতার বোঝা বাড়ছে। ল্যান্ড অ্যাকুইজিশনের ক্ষেত্রে মন্ত্রীর অর্ডার আছে, মুখ্যমন্ত্রীর অর্ডার আছে, কিন্তু তবুও প্রশাসন কাজ করছে না। আমি সেবিষয়ে একটি দৃষ্টান্ত এখানে দিচ্ছি। কাঁথিতে সরকারি খাস জমির উপর আংশিকভাবে স্টেডিয়াম হয়েছে, কিন্তু সম্পূর্ণভাবে নির্মিত হয়নি। সেটা সরকারি সম্পত্তি, কিন্তু এখন পর্যন্ত আংশিকভাবে হয়েছে। ক্রীড়া দপ্তর জমি হস্তান্তরের প্রয়োজনে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছে। তিনি নির্দেশ দিয়েছেন, কিন্তু সেই নির্দেশ অনুযায়ী মেদিনীপুরের জেলা প্রশাসন কোনো ব্যবস্থা নেয়নি। যার ফলে ক্রীড়া দপ্তরের মঞ্জুরীকৃত টাকা ব্যয় হচ্ছে না। এরপর ৫ বছর পরে যখন এটা হবে তখন ব্যয় আরও বেড়ে যাবে। এইরকম ঘটনা আজকে শুধু কাঁথি স্টেডিয়াম তৈরির ক্ষেত্রেই ঘটছে না, ইরিগেশন, পি. ডব্লু. ডি. সমস্ত ডিপার্টমেন্টের কাজের ক্ষেত্রেই এই জিনিস আমরা দেখছি। জমি হস্তান্তরের ক্ষেত্রে এত বাধা-বিঘ্নর সৃষ্টি হচ্ছে যে, যার ফলে ডেভেলপমেন্ট ওয়ার্ক-এর কস্ট বেড়ে যাচ্ছে এবং ট্যাক্স-পেয়ারদের সেটা বহন করতে হচ্ছে।

আমি আমার বক্তব্য শেষ করার আগে আর একটা কথা বলতে চাইছি। জমি বিলির ব্যাপারে কোনো প্রশাসনিক ব্যবস্থা পশ্চিমবাংলায় নেই। পঞ্চায়েতের হাতে যেটুকু ক্ষমতা দেওয়া হয়েছে, সেটুকুও যথাযথ আইনগত স্বীকৃতি নেই। এবং যতটা জমি দেওয়া হয়েছে, তার পরিমাণ ৫ লক্ষ একরও নয়। অথচ অপর দিকে আমরা দেখছি কনসোলিডেশন অফ্ হোল্ডিংস সম্পর্কে পশ্চিমবঙ্গে আইন রয়েছে। কিন্তু সব রাজ্যে সেই আইন নেই। তবে অনেক রাজ্যে কনসোলিডেশন অফ্ হোল্ডিং-এর অনেক কাজ হয়েছে। কিন্তু পশ্চিমবাংলা এমনই একটা রাজ্য যেখানে জমি বৃদ্ধি করার জন্য আইন রয়েছে, অথচ সরকার সেই আইনকে কার্যে প্রয়োগ করতে পারছেন না। আগেকার কংগ্রেস সরকার এব্যাপারে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিলেন, বামফ্রন্ট সরকারও সম্পূর্ণরূপে ব্যর্থ হচ্ছে না। এগ্রিকালচার কমিশন তাঁদের রিপোর্টের মধ্যে বলেছেন—অবশ্য সেই রিপোর্ট আপনাদের ক্ষমতায় আসার আগেই বেরিয়েছিল—States in which no progress has been made. So legislations have already been enacted in West Bengal, Assam and Orissa.

কিন্তু আজকে মন্ত্রী মহাশয়ের এই বক্তব্যের মধ্যে তার কোনো ইঙ্গিত দেখতে পেলাম না। গতবারেও পাইনি, এবারেও পেলাম না, যে জমিকে চাক বন্দী করা হচ্ছে। আজকে কৃষককে জমি দেওয়ার নাম করে ফ্যাগমেন্টেসন হচ্ছে। যদি আপনারা ভূমি ক্ষুধা জাগিয়ে যান

তাহলে এটা আরও হবে। কিন্তু দেয়ার ইজ নট এনাফ ল্যান্ড টু গো অ্যারাউন্ড, এটা ফ্ল্যাউট কমিশন ১৯৪০ সালেই বলেছিল।

আজকে যদি জমির কনসোলিডেশন না করেন, যদি কো-অপারেটিভ ফার্মিং-এর প্রবর্তন না হয় তাহলে কৃষকের যে ব্যয় বহন করতে পারবে না। আজকে সার, বলদ, বীজ ধান প্রভৃতি কোনটাই কৃষকেরা সংগ্রহ করতে পারছে না। বহু বড় বড় দোকানদার ও ব্যবসায়ীরা সেই সমস্ত জমি গ্রাস করছে। আপনারা কি করতে চান সেটা পরিষ্কার করে বলুন, জমির হস্তান্তরের ক্ষেত্রে যদি আপনাদের অসুবিধা হয়, যদি আপনারা অপারগ হন তাহলে কি করবেন সেটা বলুন। তারজন্য কি সরকার ভূমির জাতীয়করণ করতে চান? ভূমির হস্তান্তর এমনভাবে করতে হবে যাতে কৃষকেরা চাষ করতে পারে এবং চাষীদের প্রয়োজনীয় নিম্নতম ব্যয় আপনাকে যোগাতে হবে। ইকনোমিক হোল্ডিং সেচ এলাকায় এক রকম আর অসেচ এলাকায় এক রকম হবে। সেচ এলাকায় তে-ফসলা জমির ক্ষেত্রে ইকনোমিক হোল্ডিং আলাদা হবে অসেচ এলাকায় ইকনোমিক হোল্ডিং আলাদা হবে। আপনি সেইভাবে ইকনোমিক হোল্ডিং করুন কিন্তু এমনভাবে চাষের জমি দেবেন যাতে করে সে চাষ করতে পারে। আজকে যে হারে বেকার বাড়ছে, কৃষক, মজুরের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে তাতে করে আপনি দাবি করতে পারেন না যে আপনি সবাইকে জমি দিতে পারবেন। মোট কত জমি আছে এবং সেই জমির কত জমি উদ্‌বৃত্ত আছে সেই হিসাব আপনি দিয়েছেন। কত জমি আপনি গ্রহণ করতে পারছেন এবং সেই জমিকে কতটা কাজে লাগাতে পারছেন সেটাও আপনাকে দেখতে হবে। শুধু জমি অধিগ্রহণ করলেই হবে না আজকে গ্রামে গ্রামে শিল্প করতে হবে। ফ্রাগমেন্টেশন অফ হোল্ডিং যদি বেড়ে যায় এবং তাকে যদি কনসোলিডেশন না করা যায় তাহলে গ্রামীণ অর্থনীতির গতিবেগ কমে যাবে। আজকে দায়ে পড়ে কৃষকেরা জমি ছেড়ে দিচ্ছে। আপনি যদি বলেন ভূমির জাতীয়করণ করবেন — যেভাবে অন্যান্য কমিউনিস্ট দেশে আছে — তারা অবস্থার সঙ্গে খাপ খাইয়ে ইকনোমিক পুনর্বাসন করেছেন, যেমন করেছেন, যুগোস্লাভিয়া, ইস্ট ইউরোপ। আপনি ভূমি নীতির ব্যাপারে যে নতুন আইন আনবেন বলেছেন সেই নতুন আইন আনুন, কম্প্রিহেনসিভ আইন আনুন, সাধারণ মানুষ যাতে পরিষ্কারভাবে বুঝতে পারে সেইরকম আইন আনুন। তাই মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, ভূমি নীতির অন্তিম লক্ষ্য কি সেটা পরিষ্কার করে বলুন। যেভাবে ভূমির নীতি নির্ধারণ করা হচ্ছে তাতে করে আমাদের আশংকা হচ্ছে। ঐ ঝাণ্ডা যার জমি তার—ঐ একদলীয় শাসন ভূমির ক্ষেত্রে করা হচ্ছে এবং তার ফলে সাধারণ মানুষ অনন্ত সলিলার সংঘাতে এগিয়ে যাচ্ছে। এই কথা বলে বলাইলাল দাস মহাপাত্র মহাশয়, শশবিন্দু বেরা এবং বীরেন্দ্রনাথ মৈত্র মহাশয় যে সব ছাঁটাই প্রস্তাব এনেছেন সেগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00–3-10 P.M.]

**শ্রী বিনয়কৃষ্ণ কোনার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ আমাদের সামনে পেশ করেছেন সেটা আমি সমর্থন করছি এই কারণে যে স্বৈরতান্ত্রিক এবং প্রতিক্রিয়াশীল শক্তির বিরুদ্ধে সংগ্রাম করে ভারতবর্ষের নতুন সমাজ প্রতিষ্ঠা করবার জন্য যে নতুন এক শক্তি প্রয়োজন সেই শক্তির জন্ম দেবার ক্ষেত্রে বামফ্রন্টের যে নীতি তার প্রতিফলন এখানে হয়েছে। সন্দীপবাবু অন্তিম লক্ষ্য কি তা জানতে চেয়েছেন। গতবারের

বাজেটে মন্ত্রী মহাশয় এই বিষয়ে বলেছিলেন যে আপনারা শেষ টানটার জন্য অপেক্ষা করুন। আমি তাকে বলব শেষ টানটা কি আপনি বুঝতে পারছেন না। ভারতবর্ষের লোকসভায় যে নির্বাচন হয়ে গেল তাতে আপনারা স্বৈরতন্ত্র পরাস্ত হোক এটা চেয়েছিলেন। এতে আপনাদের আন্তরিকতা সম্বন্ধে কোন সন্দেহ পোষণ করছি না, আমরাও তাই চেয়েছিলাম। পশ্চিমবাংলায় অর্থনৈতিক অবস্থা আলাদাভাবে নতুন কিছু নয়, দ্রব্যমূল্য বিহারেও বেড়েছে এখানেও বেড়েছে, ডিজেল সঙ্কট ইউ. পি.তেও আছে, এখানেও আছে, কেননা সারা ভারতবর্ষের তামিলনাড়ু থেকে আরম্ভ করে আসাম পর্যন্ত সমস্ত জায়গায় এক অখণ্ড অর্থনীতি চলছে। অতএব জনসাধারণের দুর্দশা যা অন্যান্য রাজ্যে হচ্ছে এখানেও তা হচ্ছে। কিন্তু নির্বাচন হবার পর আমরা ভারতবর্ষে দুটি বিপরীত চরিত্র দেখলাম। যেখানে বামফ্রন্ট রাজ্য পরিচালনা করছেন সেখানে সীমাবদ্ধ ক্ষমতা ও সীমিত টাকা সত্ত্বেও স্বৈরতান্ত্রিক শক্তি পর্যুদস্ত করা গেছে আর যেসব জায়গায় জনতা ও লোকদল — তাঁদের ঐকান্তিক আগ্রহ যতই থাক না কেন—তাঁরা কিন্তু পরাস্ত হয়েছেন। যাই হোক কংগ্রেস পক্ষ আজ কি বলতেন তা জানি না কারণ বিতর্ক করতে গেলে অপর পক্ষ কি বলবে তা জানা দরকার। ইতিমধ্যে জল অনেক গড়িয়ে গেছে তিন বছরে সেটা থেকে আমাদের শিক্ষা গ্রহণ করার দরকার আছে। স্বৈরতান্ত্রিক শক্তির বিরুদ্ধে সংগ্রাম করে গণতন্ত্রকে যদি রক্ষা করতে হয় তাহলে সেই গণতন্ত্রকে রক্ষা করবার জন্য কোন শ্রেণী তা পারবে সেটা বিবেচনা করা উচিত। স্বৈরতন্ত্রের বিরুদ্ধে আওয়াজ করলেই স্বৈরতন্ত্র পরাজিত হয় না। এ ক্ষেত্রে নতুন একটা শক্তির জন্ম দিতে হয় যে শক্তি স্বৈরতন্ত্রের বিরুদ্ধে সংগ্রামে যোগ দেবে। এ জিনিস বোঝা উচিত। পশ্চিমবাংলায় আমরা কোন বৈপ্লবিক ভূমি নীতি গ্রহণ করিনি। কারণ এই সরকার বিপ্লবের মারফত ক্ষমতায় আসেনি। জনসাধারণ যখন এই ক্ষমতা অর্জন করবে তখন তাকে কেউ বাধা দিতে পারবে না। কিন্তু এই অন্তিম লক্ষ্যের দিকে আমরা মানুষকে কতটা জাগাতে পেরেছি সেটাই বোঝবার চেষ্টা করা উচিত। গত নির্বাচনে গ্রামের দিকের চেয়েও আমাদের কিছু দুর্বলতা শহরে প্রকাশ করেছে, এর জন্য আমরা আত্মসমালোচনা করছি এবং এ বিষয়ে আমরা দেখব। কিন্তু গ্রামাঞ্চলে বেশিরভাগ জায়গায় বামফ্রন্ট বিপুল সাফল্য লাভ করেছে। তাবলে শতকরা ৪০ জন যারা আমাদের বিরুদ্ধে ভোট দিয়েছেন তাদের আমরা ইগনোর করছি না। আমরা ঠিকমত আমাদের বক্তব্য হয়ত তাদের কাছে পৌঁছে দিতে পারিনি।

কিন্তু এটা একটা ঘটনা যে গত কয়েক বছরে বামফ্রন্টের প্রভাব অনেক লক্ষ্যণীয়ভাবে বেড়েছে। যেটা আপনাদের বিবেচনা করতে হবে। সেটা না করতে পারার জন্যই শেষ রেখার টানটা আপনারা বিচার করতে পারছেন না। আমরা জানি বর্তমান ব্যবস্থা মৌলিক পরিবর্তন হবে না। স্ট্যাটিসটিক্স দিয়ে বা কিছু তাপ্পি দিয়ে মানুষের জীবনে গুরুতর পরিবর্তন আনা যায় না। আপনারা জানেন ৩০ বছর ধরে ভূমি সংস্কার নিয়ে কি খেলাই না খেলা হয়েছে। জমিদাররা যাতে জমি লুকিয়ে রাখতে পারে তারই সুযোগ আমাদের পূর্বসুরীরা করে দিয়ে গেছেন। আমাদের দুর্ভাগ্য যে বামফ্রন্টের আজকে যা শক্তি হয়েছে এই শক্তি যদি ১৯৫৪ সালে থাকত তাহলে আমরা অনেক কিছু করতে পারতাম। আইনের পর আইনের পরিবর্তন হয়েছে, বংশের পর বংশ বৃদ্ধি পেয়েছে, জমিদারী টুকরো-টুকরো হয়েছে এবং পুরানো আমলের জমিদাররা তাঁদের সেই জমিদারি কায়দায় ব্যাকডেটেড আমলনামা দিয়ে জমির কারচুপি করেছেন।

এই চোরাই জমি উদ্ধারের ব্যাপারে বিগত যুক্তফ্রন্ট সরকারের আমলে একটা গতিবেগ এসেছিল এবং কৃষকদের উদ্যোগে অনেক বেনামি জমি ধরা পড়ছিল। কিন্তু দুর্ভাগ্য যে সিদ্ধার্থ রায় ক্ষমতায় আসার পরই নতুন আইন করার নাম করে বেনামি ও চোরাই জমিগুলি আইনসিদ্ধ করার ব্যাপারে একটা ব্যবস্থা রেখে দিয়ে গেছেন। ভূমি সংস্কার একটা বিচ্ছিন্ন ব্যাপার নয়। এর সঙ্গে দুটি প্রশ্ন জড়িত। আমি এর মধ্যে একটাই বিশেষ করে বলব। সন্দীপবাবু বললেন জমি দিয়ে কি লাভ হবে? আমি বলছি আপনি আরেকটু চিন্তা করুন। জমি দিলেই হোল না, সঙ্গে সঙ্গে কৃষকের উপর অন্য যে শোষণগুলি আছে সেগুলিও মনে রাখতে হবে। সামন্ততান্ত্রিক শোষণের পরিবর্তে পুঁজির শোষণ গ্রামাঞ্চলে বাড়ছে, আমাদের দেশে যে মনোপলি ক্যাপিটাল গড়ে উঠেছে তার প্রভাব ইতিমধ্যেই গুরুতরভাবে গ্রামে অনুভব করা যাচ্ছে। কৃষকের ফসলের দামের কথা যদি বলেন তাহলে সেখানেও প্রশ্ন আছে। আলুর উৎপাদন বাড়ল, কিন্তু আলুর দাম ১২ টাকা হয়ে গেল, কৃষক মার খেল। অথচ কাপড় কলগুলিতে উৎপাদন বাড়ল কিন্তু তাতে কাপড়ের দাম পড়ে গেল না। স্ট্যাগফ্লেসন বলে একটা নতুন কথা চালু হয়েছে। অর্থাৎ বেশি উৎপন্ন হলেও এবং কেউ যদি তা কিনতে না পারে তাহলেও শিল্পজাত জিনিসের দাম কমবে না। ব্যাঙ্ক উদার হস্তে টাকা দেবে, কালো টাকা সক্রিয় হবে, লক আউট, লে-অফের মাধ্যমে উৎপাদন কমনো হবে, ধীরে ধীরে চড়া দরেই মজুত মাল বিক্রি করে কোটিপতিরা মুনাফা বাড়িয়ে নেবে। কিন্তু আলু চাষের সে সুবিধা নাই। তার পুঁজির জোরও নাই, ব্যাঙ্কও তার কাছে কৃপণ, কোল্ডস্টোর তার নয়, সরকারি নীতিও প্রতিকূল, তাই আলুর উৎপাদন বাড়লে আলু চাষি মার খায়। কৃষির বেশি শ্রমের জিনিসের বদলে স্বল্প শ্রমের শিল্পপণ্য তাকে কিনতে হয়। এইভাবে অসম বাণিজ্যের ফলে যদি তার সম্পদ পুঁজিপতিদের গর্ভে চলে যায় তাহলে তার হাত থেকে রক্ষা করবার কোন ব্যবস্থা আমাদের বর্তমান কাঠামোর বিশেষ করে রাজ্যের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে নেই। সেইজন্য এই সমাজের পরিবর্তন প্রয়োজন। জয়নাল সাহেব বাজেটের সময় এবং রাজ্যপালের ভাষণের উপর বলেছিলেন যে বাংলাদেশ, ব্রহ্মদেশ এবং পাকিস্তানের গণতন্ত্র যে ধ্বংস হয়ে যাচ্ছে তার থেকে শিক্ষা নিয়ে আমাদের একটা কিছু করতে হবে। তাঁর এইসব কথা আমার ভাল লেগেছে কিন্তু তিনি একটু দেরিতে বুঝেছেন।

[3-10–3-20 P.M.]

কিন্তু জয়নাল সাহেব চাইলেই তো হবে না, আমি চাইলেই তো সমাজ বদলাবে না যদি না সমাজের অভ্যন্তরে বেশির ভাগ মানুষ, গ্রামের দিকে শতকরা ৭৫ ভাগ মানুষ এগিয়ে আসে, যদি না তাদের জীবনের পথে বাধা কোথায় সেটা বুঝতে পারে, যদি না তারা বলিয়ান হয় তাহলে এসব বড় বড় কথা বলে লাভ হবে না। সেদিক থেকে বর্তমানে ভূমির যে নীতি বামফ্রন্ট সরকারের তা হচ্ছে মানুষকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সাহায্য করছে। আমি মনে করি এখানেই বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। তাই আমি এই বাজেটকে সমর্থন করছি। মৌলিক পরিবর্তন তো দূরের কথা সীমাবদ্ধ কাজ করার ক্ষেত্রেও কত বাধা রয়েছে। আমাদের যে প্রশাসন ব্যবস্থা—এতে আমি ব্যক্তিগতভাবে কাউকে দায়ী করছি না। গোটা কাঠামোটা এমনই যেটাকে ব্যুরোক্র্যাসি বলি আমরা, - আমি ব্যুরোক্র্যাট বলছি না, এই যে ব্যুরোক্র্যাটিক মোড অব অ্যাডমিনিস্ট্রেশন এতে কতকগুলি বাধা নিষেধের ভেতর দিয়ে এগোতে

হয়। গত ৩০ বছর ধরে এই প্রশাসনকে ব্যবহার করা হয়েছে কেমন করে কৃষককে ফাঁকি দেওয়া যায়, জোতদারকে কেমন করে সাহায্য করা যায়। আজকে আমরা নিজ নিজ জেলায় দেখেছি, এক এক সময় মনে হয়েছে এরা কি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কর্মচারী, নাকি জোতদারের উকিল। গোটা সিসটেমটাই এমনই। যদি মাঝখানে জনগণের প্রতি অনুগত কোন জে. এল. আর. ও. থাকে, জনগণের প্রতি অনুগত এস. এল. আর. ও. থাকে তাহলেও গোটা চেনটা এমনই যে উপরের দিকে এ ডি এম (এল আর) থেকে নিচ পর্যন্ত একটা চেন সিসটেমের কোথাও একটা লিঙ্ক যদি পচা থাকে তাহলে গোটা চেনই আটকে যাবে। তারপর আছে আদালত। আদালতে যে কি না হয় এ বলা মুশকিল। পয়সা দিয়ে বিচার কিনতে হয় এবং যাদের পয়সা আছে তারা আদালতকে কলুষিত করতে পারে। তাই আজকে আদালতের কাছ থেকে একতরফা ইনজাংশান আসাটা ক্রমাগত বেড়ে যাচ্ছে। বর্গা ক্ষেত্রে বর্গা রেকর্ড হল, জোতদার কোর্টে মামলা করল, কোর্টের মামলায় স্টেটকে পার্টি করা হল ব্যাক ডেটে। স্টেট সময়ে জানতে পারল না, কালকে মামলার দিন, আজকে নোটিশ পাচ্ছে। হয় নোটিশ চেপে রাখা হয়েছিল, অথবা খাতায় ফাঁক রেখে দিয়ে মাঝখানে ঢোকান হয়েছে, ফলে স্টেট ডিফেন্ড করতে পারল না। কারণ, আদালত যেসমস্ত লোক-জন আছে তারাও একই সিসটেমে পরিচালিত। বিচারক সবক্ষেত্রে সেটা নাও জানতে পারেন, তাঁর জ্ঞানের আড়ালেও এটা হতে পারে। এই সমস্ত কাণ্ডকারখানার মাঝখান দিয়ে কৃষককে বের করে এনে তাকে এগিয়ে নিয়ে যাওয়া যাঁরা গ্রামে কাজ করছেন তাঁরা জানেন কত দুরুহ ব্যাপার। অনেক সময় নিজেদের ধিক্কার আসে যে এই কাজ করতে পারা যাবে না। একমাত্র কৃষক সংগঠন, তাদের চেতনা, তাদের ঐক্যই বামফ্রন্ট সরকারকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে অনেকখানি সাহায্য করেছে, বামফ্রন্টের ভরসা বাড়িয়েছে। প্রশাসনিক বাধা, আদালতের বাধাকে ভেঙে চুরমার করার ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের নেতৃত্বে কৃষকের নিজের ভূমিকায় এইসব যতখানি করা গেছে তাতে আমি মনে করি আমাদের গর্ব করার যথেষ্ট কারণ আছে এবং এর ভিতর দিয়েই বামফ্রন্ট সরকারের নীতি প্রতিফলিত হয়েছে। শুধু তাই নয়, সরকারি যে সমস্ত তথ্য সেই তথ্যের ভেতর অনেকখানি মিল থাকে না। আজকে আমি রাইটার্স বিল্ডিংসে গিয়েছিলাম, জিজ্ঞাসা করলাম বলুন তো, বিভিন্ন সময়ে কিভাবে কত জমি মোট খাস হয়েছে? বললে সঠিক বলতে পারব না। কেন পারবেন না? পারবেন না এইজন্য যে ১৯৭৫ সালে ইন্দিরা গান্ধীর রাজনৈতিক প্রয়োজনে অফিসারদের বলা হয়েছিল যে, কোন হিসাবের দরকার নেই, বলে দাও এত লোককে দেওয়া হয়েছে, বলে দাও ১৯৭৫ সালের জুলাই-এর ভেতর যত খাস ছিল সমস্ত বিলি হয়ে গেছে, বলে দাও পশ্চিমবঙ্গে এমন লোক নেই যারা বাস্তুহীন।

তাঁরা বলেছেন দেখুন আমরা সরকারি কর্মচারি যদি আমাদের সত্য কথা বলতে বলেন আমরা বলতে পারব না, কিন্তু আমাকে যদি আলাদা করে জিজ্ঞাসা করেন তাহলে আমি বলব যা বলেছি সব মিথ্যে কথা বলেছি এবং তার কারণ হচ্ছে আমাদের ঐ কথাই বলতে বলা হয়েছে। কাজেই এর ভিতর দিয়ে প্রকৃত তথ্য পাওয়া একটা দুরুহ ব্যাপার। আমরা জানি সরকারি তথ্যে ১১ লক্ষ খাস জমি দেখান হয়েছে। কিন্তু আমার নিজের জীবনে যা অভিজ্ঞতা তাতে বলতে পারি প্রকৃত খাস জমি যা কৃষকের দখলে এসেছে তার পরিমাণ এর চেয়ে অনেক বেশি। আমার জেলায় যে সমস্ত জায়গায় জমির কনসেন্ট্রেশন অপেক্ষাকৃত

বেশি লোকেরা সেই জমি খুঁজে বার করেছে ও দখল করেছে এবং এটা কোন সংঘর্ষের মাধ্যমে নয় অত্যন্ত গণতান্ত্রিক পদ্ধতিতে এই কাজ হয়েছে। তারা গায়ের জোরে করেছে তা নয়। জোতদারদের ডাকা হয়েছে এবং বলা হয়েছে আইনে আপনি এত জমি রাখতে পারবেন কিন্তু আপনার এত জমি রয়েছে। কৃষকরা বলেছে—বর্তমান কাঠামোর ভেতরে যেটুকু রাখার আপনার অধিকার আছে সেটুকু আপনার থাক সেই জমি আপনাকে রাখতে দেওয়া হবে। বলা হয়েছে এটা কোন পলিটিকাল পছন্দের ব্যাপার নয়, রাজনৈতিক মত যাই হোক আইনমত আপনাকে জমি রাখতে দেওয়া হবে কিন্তু দুঃখের বিষয় তাদের কেউ কেউ সেটা মানতে রাজী হননি। তখন পরিস্থিতিটা দাঁড়িয়েছে এইরকম একদিকে কৃষক ঐক্যবদ্ধ হয়েছে এবং অপরদিকে জোতদাররা আইন ভাঙছে, আইনকে কলা দেখাচ্ছে এবং তারা মনে করেছে যে তাদের কেউ বাধ্য করাতে পারবে না। তারা এও মনে করছে যে জোতদারদের ঘরে ওদের তো কাজ করতেই হবে। আমরা মনে করি এমপ্লয়ারের যেমন রাইট আছে ঠিক তেমনি গরিবদেরও রাইট আছে কাজ না করার এবং সেদিক থেকে কৃষকরা জোতদারদের বয়কট করেছে। কৃষক জানে বামফ্রন্ট সরকার কৃষকদের সমর্থক। জোতদার নতি স্বীকার করেছে এবং আপোষ চেয়েছে তখন তারা জমির মালিককে বলেছে আপনি বলুন কোন জমি আপনি রাখতে চান এবং কোন জমি আপনি ছেড়ে দিতে চান? অনেক বলেছেন হাইকোর্টে মামলা হয়েছে, সমস্ত জমি মামলায় জড়িত রয়েছে। তারা বলেছেন বাড়তি জমি ছেড়ে দিচ্ছি, মামলা তুলে নিচ্ছি এবং ক্ষতিপূরণ হিসাবে আইনমত আমার যেটুকু হক পাওনা সে যাতে পাওয়া যায় তার চেষ্টা আপনারা করুন। আমি সরকারকে বলব এই সমস্ত কেস এক্সপিডাইট করার মতো যদি মেশিনারি থাকে তাহলে সরকার সেই ব্যবস্থা করুন। সেইজন্যই আমি জানি সরকারিভাবে যত জমি বিলি করা হয়েছে তার চেয়ে অনেক বেশি জমি কৃষকরা দখল করে রয়েছে। জমি বিলি করবার জন্য প্রশাসনিক ব্যবস্থা যেটা রয়েছে সে সম্বন্ধে সন্দীপবাবু বললেন তাদের হাতে আইনগত কোন ক্ষমতা নেই, তারা শুধু উপদেশ দিতে পারেন। তবে আগে জে. এল. আর. ও. তাঁর খুশিমত নাকচ করতে পারতেন, কিন্তু এখন জে. এল. আর. ও.-কে নাকচ করবার কারণ দেখাতে হবে। কিন্তু জমি বিলির পথে জমি বিলির প্রকৃয়াটিই সবচেয়ে বড় বাধা। জে, এল, আর, ও, ভূমি উপদেষ্টা কমিটি; এস,ডি,ও, এস, এল, আর, ও- বার বার একই চক্রে কাগজপত্র ঘুরতে থাকে। এই যে লং ড্রন প্রসেস অর্থাৎ দীর্ঘসূত্রতা রয়েছে তার ফলে জমিগুলো বিধিবদ্ধভাবে বিলি করবার ক্ষেত্রে অসুবিধা দেখা দিয়েছে। কাজেই দেখতে হবে এই কাঠামোর ভিতরেই উপযুক্ত লোক দিয়ে এই ক্ষেত্রে সুষ্ঠু ব্যবস্থা করা যায় কিনা। তারপর এই অপারেশন বর্গা নিয়ে দেখছি খুব হৈ চৈ চলছে। বর্গা অপারেশনের ব্যাপারে কেউ কেউ বলছেন বর্গীর অত্যাচার, কেউ কেউ বলছেন সর্বনাশ হয়ে গেল এবং কেউ কেউ বলছেন ল অ্যান্ড অর্ডার ভেঙে গেল। কিন্তু একথা কেউ দেখলেন না জমিদাররা এতদিন ধরে বর্গাদারদের উচ্ছেদ করে কত গরিবের সর্বনাশ করল। আশ্চর্যের কথা তখন কিন্তু তাঁরা ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন তোলেননি।

[3-20–3-30 P.M.]

কংগ্রেসে তখন অতুল্যবাবু ছিলেন, তিনি গালভরা স্লোগান দিলেন লাঙল যার জমি তার। এইসব করা হয়েছে বর্গাদারদের উচ্ছেদের প্রক্রিয়াটা বাড়ানোর জন্য বর্গাদারদের পক্ষে আইন অনেক আছে, কিন্তু সেই আইন অনুযায়ী কাজ হয়নি, বর্গাদাররা তার ফল ভোগ

করতে পারেনি। এটা আমাদের কথা নয় প্লানিং কমিশনের ভূমি সংস্কার সম্পর্কিত টাস্কফোর্স বলেছেন যে ভূমি সংস্কারের ব্যাপারে শাসক দলের রাজনৈতিক উদ্দেশ্য ছিল না। উচ্চপদস্থ সরকারি অফিসারদের নিয়ে গঠিত এই কমিশনও বলেছেন যে শুধু আইন করে পৃথিবীর কোন দেশে ভূমি সংস্কার হয়নি। বঞ্চিত শ্রেণী তারা তাদের অধিকারকে রক্ষা করতে পারেন না—যদি না তাদের নিজস্ব মিলিট্যান্ট সংগঠন থাকে, লড়াই করার মত সংগঠন না থাকে। দুর্ভাগ্য পশ্চিমবাংলার কৃষকেরা তারা নিজেদের সংগঠন করতে পারেননি। একদিকে তারা নিজেরা সংগঠিত নয় অপর দিকে লাঙল যার জমি তার স্লোগান দেওয়া হল—আসলে তারা চাইছিলেন যে 'লাঙল যার জমি তার' এই কথা বললে মালিকরা ভীতসন্ত্রস্ত হবে জমি তারা ছিনিয়ে নিতে পারবে, পুঁজিবাদী কায়দায় মজুর দিয়ে চাষ করাতে পারবে, অথচ বর্গাদাররা প্রতিরোধ করতে পারবে না, অন্য দিকে প্রতিরোধ করতে গেলে শাষক শ্রেণী কড়া হাতে তা দমন করতে পারবে। সিদ্ধার্থবাবুর আমলে বর্গাদারদের জন্য কত ব্যবস্থা হয়েছিল কিন্তু আসলে সেই সময়েই বেশি বর্গাদার উচ্ছেদ হল কেন? কেননা একদিকে মুখে বলা হল যে তোমাদের অনেক অধিকার দেওয়া হল—আর সেই অধিকারকে বৈধভাবে প্রয়োগ করতে গেলে তখনই মিসা তখনই খুন অর্থাৎ অধিকার কায়েম করার গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হল। জোতদাররা কংগ্রেসকে ব্যবহার করল, প্রশাসনকে ব্যবহার করল, কৃষকের আন্দোলনকে ভেঙে চুরমার করে দেওয়া হল। এই পটভূমিকায় বর্গা অপারেশন একটা নতুন দিক। ৩০ বছর ধরে জমিদাররা সরকারি প্রশাসনকে ব্যবহার করেছে। তার বিপরীতে এখন বর্তমান সীমাবদ্ধ কাঠামোর মধ্যে এই প্রশাসনকে এবং কৃষকদের উদ্যোগকে কেমনভাবে ঐক্যবদ্ধ করা যায়, কৃষকের স্বার্থকে কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় তারই নিদর্শন বর্গা অপারেশন। আমি নিজে ঘুরেছি বহু জায়গায় এবং মাননীয় সদস্যরাও অনেক ঘুরেছেন এবং অফিসাররাও ঘুরেছেন। অফিসাররা সকলকে বুঝিয়েছেন—এই হচ্ছে আইন-এর বিকল্প হচ্ছে বেআইনি এবং অন্য দিকে বর্গাদারদের বলেছেন যে অতীতে তোমরা ভয় খেয়েছ, অতীতে তোমরা বাধা পেয়েছ, এখন নতুন একটা গভর্নমেন্ট - নতুন সরকার চান যে আপনারা সংঘবদ্ধ হন এবং আপনাদের অধিকারকে লিপিবদ্ধ করুন। প্রশাসন ও কৃষকের উদ্যোগকে ঐক্যবদ্ধ করা - এই হচ্ছে বর্গা অপারেশন। এটা ঠিক এখনও অনেক বর্গা রেকর্ড হয়নি। সন্দীপবাবুকে বলি আপনারা এই কাজে সাহায্য করুন, যেখানে এখনও হয়নি সেখানে মিটিং ডাকুন, তাদের বোঝান। কিন্তু পরিবর্তে বিপরীত কাজ করা হচ্ছে। বর্গাদারদের প্রতিরোধের কথা যখনিই আসছে, বর্গাদারদের অধিকারের কথা যখনই আসছে তখনই তথাকথিত মধ্যবিত্তদের জন্য আমাদের কিছু কিছু বন্ধু উদ্বিগ্নবোধ করছেন—মধ্যবিত্তদের কি হবে? আজকে মধ্যবিত্তদের ভুল বোঝানোর চেষ্টা করা হচ্ছে। হ্যাঁ আমার কাছেও মধ্যবিত্তরা আসে। মধ্যবিত্ত পিওন অল্প টাকা বেতন পায়, তিন বিঘা জমি আছে, বর্গা রেকর্ড হয়েছে। তিনি আমাকে বলেছেন আমার এই বর্গা রেকর্ড করা জমি বিক্রি করতে গেলে আমি ভাল দাম পাব না—আমার মেয়ে বড় হয়েছে তার বিয়ে দিতে হবে। এই জমি বিক্রি করতে পারলে আমি ১৫ হাজার টাকা পেতাম।

কিন্তু এখন বর্গা হয়ে গিয়েছে, অর্ধেক হয়তো পাব। আমার মেয়ের বিয়ে, সুতরাং আমাকে রেহাই দিন। আমি সেই পোস্ট অফিসের পিওনকে বলেছিলাম, ধরুন আমি বর্গাদারের

*রেকর্ডকে কাটিয়ে দিলাম। এখন ওই বর্গাচাষী কালকে যদি এসে আমাকে বলে, স্ত্রী-পুত্র নিয়ে, আমিও বামপন্থী লোক, পিওনও বামপন্থী লোক, আমিও আপনাদের ভোট দিয়েছি, উনিও* আপনাদের ভোট দিয়েছেন এবং দু'জনেই গরিব। ওঁনার মেয়ের বিয়ের জন্য জমি ছেড়ে দিতে বললেন, ছেড়ে দিয়েছে। ওনার তবু চাকরি আছে, কিন্তু আমি কি করে খাব, কাগজ কারখানায় কি আমাকে কাজ জোগাড় করে দেবেন, তখন আমি কি জবাবটা দেব? তাই পিওনকে বলেছিলাম, আপনার মেয়ের বিয়ের জন্য তো জমি বিক্রি করছেন। কিন্তু স্বাধীনতার ৩৫ বছর পরেও আমাদের দেশের মেয়েদের পিতা-মাতাকে কেন জমি বিক্রি করতে হয় মেয়ের বিয়ে দেবার জন্য, এই জবাবটা কি দেবেন? তাকে বলেছিলাম, প্রথম মেয়ের বিয়ে দেবেন জমি বিক্রি করে, দ্বিতীয় মেয়ের বিয়ে কিভাবে দেবেন? তখন কি বিক্রি করবেন? আর আপনার তো ছেলে আছে, সে কি প্রতিশ্রুতি দিয়েছে যে সে বিয়ে করবে না? আর বিয়ে করলে তার স্ত্রী কি বাঁজা হবে? বর্গাদারদের মেরে মধ্যবিত্তের স্বার্থের দিক দেখছেন। বর্গাদারকে মধ্যবিত্তের প্রতিপক্ষ হিসাবে দেখানো হচ্ছে, কোটিপতিদের প্রতিপক্ষ হিসাবে দেখানো হচ্ছে না। আমি জানি যদি চাকরি-বাকরি না পায়, শিল্প বিপ্লব না হয়, তাহলে মধ্যবিত্তের স্বার্থরক্ষা হবে না। বর্গাদারকে উচ্ছেদ করে মধ্যবিত্তের স্বার্থরক্ষা করা যায় এই রকম মনোভাব গড়ে তোলা হচ্ছে। আমরা দেখেছি, দুর্গাপুরে দেখেছি, দুর্গাপুর স্টিলে কাজ করেন, সেখানে মাইনের জন্য সংগ্রাম করেন, চাকরি যাতে পার্মানেন্ট হয়, তারজন্য লড়াই করেন, কন্ট্রাক্টরের চাকরি থেকে স্টিলে যাতে চাকরি হয় তারজন্য সংগ্রাম করেন। আবার কয়েক বিঘে জমিও তার আছে দেশে, দুর্গাপুরে যিনি অধিকার অর্জনের জন্য সংগ্রাম করেন, তিনি দেশে একজনের অধিকার নাকচের জন্য চেষ্টা করেন। এটা আমরা জানি। নির্বাচনের আগে আনন্দবাজারের বরুণবাবুর থিসিস ছিল যে বর্গা অপারেশনের জন্য বামপন্থীদের মধ্যবিত্তরা ভোট দেবে না। এটা ঠিক যে এই প্রচারেও কিছু কাজ হয়েছে এবং মধ্যবিত্তদের মনে কিছু প্রতিক্রিয়া হয়েছে। আমাদের দুর্বলতা যে আমরা তাদের ঠিকমতো বোঝাতে পারিনি, তাদের চেতনা ততটা বাড়াতে পারিনি। কিন্তু প্রতিক্রিয়া যাই হোক—প্রশ্ন হচ্ছে যা করা হয়েছে তা ঠিক কি না? আমরা মনে করি যে, বর্গা আন্দোলন করছি, মজুরি আন্দোলন করছি, এই আন্দোলন শেষ বিচারে-আমরা নিজেরা যে শ্রেণী থেকে এসেছি — সেই মধ্যবিত্ত শ্রেণীরও বাঁচার সংগ্রাম। কারণ, পৃথিবীর ইতিহাসে এইটা প্রমাণিত যে সমাজ রূপান্তরের জন্য সংগ্রামের ক্ষেত্রে সমাজের নিপীড়িত শ্রেণীর চেয়ে আমরা মধ্যবিত্ত শ্রেণী অনেক পশ্চাতপদ। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, আমরা মনে করি, আজকে মিডল ক্লাসের জীবন ভেঙে চুরমার হয়ে যাচ্ছে। এর থেকে মুক্তি পেতে হলে, বর্তমান পুঁজিবাদী কাঠামোর মধ্য থেকে মুক্তি পাওয়া যাবে। সেজন্য দরকার বর্তমান সামন্ত-পুঁজিবাদী কাঠামোকে ভেঙে দিয়ে নতুন কাঠামো তৈরি করা। সেই সংগ্রামে আমরা কতখানি দিতে পারি? মধ্যবিত্তের শিক্ষা আছে, কালচার আছে, তার বিজ্ঞানের জ্ঞান আছে, সে সহজে বুঝতে পারে। মধ্যবিত্ত শ্রেণী বর্তমান সমাজের কল্যাণে সে সুযোগটা একটু বেশিই পেয়েছে।

[3-30—4-05 P.M.] (including Adjournment)

সেই শিক্ষা নিয়ে মধ্যবিত্তদের এগিয়ে আসা উচিত, গ্রামের গরিবদের পাশে দাঁড়ান উচিত এবং তাদের অধিকার সম্পর্কে সচেতন করা উচিত। গরিবের সংগ্রামী ক্ষমতার বিকাশ ঘটিয়ে সমাজের পরিবর্তনের পথেই একমাত্র মধ্যবিত্ত মুক্তি পেতে পারেন। তা না করে,

গাঁয়ের গরিবদের অধিকারকে নাকচ করে দিয়ে নিজেদের অধিকারকে রক্ষা করবেন তা হবে না, হতে পারে না। রাস্তায় নিজের আট আনা ঘুষ নেবার অধিকারকে যে বজায় রাখতে চায়, সে কখনও ৫/১০ টাকা ঘুষ নেওয়ার বিরুদ্ধে সংগ্রাম করতে পারে না। বড় ঘুষ বন্ধ করতে হলে গোটা ঘুষের সিসটেমের বিরুদ্ধেই সংগ্রাম করতে হবে। বর্তমান শোষণভিত্তিক সমাজে গাঁয়ের সংগ্রামী মানুষদের লড়াইয়ের সাথে যুক্ত করবেন মধ্যবিত্তরা নিজেদের স্বার্থে। তবু আমি মনে করি এই কাঠামোর ভিতর যতখানি গরিব জমির মালিকের স্বার্থ রাখা যায়, আপাতত স্থিতাবস্থা বজায় রাখা যাতে যায়, সেই ব্যাপারে যোগ্যতার পরিচয় দিয়েছেন বামফ্রন্ট সরকার। ভূমি ও রাজস্ব বিভাগের মন্ত্রী মহোদয় আজকে বাজেট বক্তৃতায় বরাদ্দের ক্ষেত্রে যে ৫২ লক্ষ টাকার বরাদ্দ পেশ করেছেন, সেটা হচ্ছে ল্যান্ড ব্যাঙ্ক অর্থাৎ অত্যন্ত দরিদ্র জমি-মালিককে যদি তার বর্গা জমি বিক্রি করতে হয়, সেটা যাতে বর্গাদারদের স্বার্থের বিনিময়ে না হয়ে গোটা সমাজের টাকা থেকে সেই জমির জন্য ব্যাঙ্ক মারফত মধ্যবিত্ত পুরো দাম পায়, অন্যদিকে বর্গাদারদের স্বার্থও রক্ষা করা যায়, তারই জন্য এই বাজেটে ব্যবস্থা রাখা হয়েছে।

আমার আর সময় নেই, তবে একটা কথা বলি—কংগ্রেসিরা ভারতবর্ষে একটা অবস্থার সৃষ্টি করেছে, সেই অবস্থার পটভূমিকায় আমি জনতা বন্ধুদের বলব, একটু আপনারা নতুনভাবে চিন্তা-ভাবনা করুন, কারণ ইতিমধ্যে ৯টি রাজ্যে অ্যাসেম্বলী ভেঙে দিয়েছে এবং এখানেও হুমকি দিতে আরম্ভ করেছে, এই অ্যাসেম্বলীর ভিতর, প্রকাশ্যে কংগ্রেসি সদস্যরা হাত নেড়ে বলে যাচ্ছে আর দু'মাস, এই ফ্যাসিজমের নোংরামি, এর থেকে, অতীত থেকে আপনারা কিছু শিক্ষা নিন, নিজেদের পথ বদ্‌লান।

আর প্রকাশ্যে যারা হুমকি দিচ্ছেন সে কংগ্রেসিদের কথার উত্তরে শুধু এটা বলতে পারি, এইসব বলে লাভ নেই, সাগরে পেতেছি শয্যা, শিশিরে কি ভয়? আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন—এখানে ট্যাঁক ভর্তি করতে আসিনি, সেই রাজনীতি করতে আসিনি, এসেছি একাট আদর্শ নিয়ে, তাই ওসব হুমকি দিয়ে লাভ নাই। তবে আপনারা যদি গায়ের জোরে কাজ করেন, তাহলে আপনাদের অনেক বেশি মূল্য দিতে হবে। ডাঃ জয়নাল সাহেব এখানে বলেছেন, দেশে দেশে স্বৈরতন্ত্রের অনেক ঘটনা ঘটছে, জনগণকে প্রস্তুত করতে না পারলে পুঁজিবাদী সঙ্কটের এইটাই পরিণতি। বুর্জোয়া গণতন্ত্র যদি ধ্বংস হয় তাহলে আমরা কেন, অনেকেরই গণতন্ত্র থাকবে না, হয়তো সুনীতিবাবুরও নয়। একটা দৃষ্টান্ত দিই, আজকে বামপন্থী রাজত্বে পুলিসের পাহারা না নিয়ে সুনীতিবাবু ঘুরে বেড়াতে পারছেন, কিন্তু এটা আমি জানি যে কাল যদি এই সরকার না থাকে, সুনীতিবাবুরা গায়ের জোরে ভেঙে দেন, তাহলে রাত্রে চলাফেলা করতে তাঁরও গা ছমছম করবে। এটা বিনয় কোঙারের জন্য নয়, ফরওয়ার্ড ব্লকের জন্য নয়, তাঁর নিজের দলের লোকেই তার বুকে হয়ত ছুরি মেরে যাবে যেমন দমদম বিমান বন্দরে গণিখান চৌধুরির বুকে লাথি মেরেছিল নুরুল ইসলামের দলবল। তাই বলছিলাম এই সব কথা বলে লাভ নেই, আর তা এত সহজও নয়, আর নর্দমার দিকেই যদি যান, সেইভাবেই চিন্তা করেন, তাহলে আপনাদের পরিণতি ভয়ঙ্কর। সেইদিনে ব্যক্তিগতভাবে আমার কি হবে সেটা বড় কথা নয়, কে বাঁচবে, কে থাকবে সেটা বড় কথা নয়, কিন্তু মানুষ থাকবে এবং শেষ কথাটা তারাই বলবে। মানুষ মরণশীল। সকলেই একদিন মরব; তবে জনগণের স্বার্থে অত্যাচারের বিরুদ্ধে সংগ্রামে যদি নিজেদের জীবন চলে যায়, তাহলে আমাদের জন্মকে

পবিত্র মনে করব। কংগ্রেস বেঞ্চের সদস্যরা এখন নাই, তাঁরা এখানে প্রতিদিন গোলমাল করেন, গোলমাল পাকিয়ে তুলে গোটা দেশে এমন একটা সাংঘাতিক অবস্থার সৃষ্টি করতে চাইছেন যাতে জোতদাররা উৎসাহিত হয় গরিবদের উপর আক্রমণ বাড়াতে। বস্তুত ইতিমধ্যে বর্ধমান জেলায় আমাদের তিনজন গরিব খুন হয়েছে, তবুও বলছি, শেষপর্যন্ত মানুষই জিতবে, শয়তানেরা নয়। এই যে বাজেট এই বাজেট হচ্ছে গরিবদের সংগ্রামের পুষ্টির জন্য, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 4.05 P.M.)

(after Adjournment)

[4-05–4-15 P.M.]

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, আমি এখন দুটি ঘোষণা করছি। প্রথমটি হচ্ছে ঃ গত ১৭-৩-৮০ তারিখে মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দোলুই মহাশয়ের কাছ থেকে আমি একটি নোটিশ পেয়েছি—নোটিশ টু রেজ এ কোশ্চেন অব প্রিভিলেজ—তাতে তিনি কোন কাগজপত্র না দিয়েই অভিযোগ করেছেন যে—The Chief Minister, as Power Minister, has allowed the Calcutta Electric Supply Corporaiion to increase its rates though had earlier given the impression that he was not in favour of such increase.

এই ব্যাপারে তিনি প্রিভিলেজের নোটিশ দিয়েছিলেন। আমি সেটা পড়ে দেখেছি এবং তাতে দেখেছি প্রাইমা ফেসি প্রিভিলেজের প্রশ্ন আসে না এবং নিয়ম মতন তাঁর যে ডকুমেন্টস দেওয়ার কথা সেই অ্যালিগেশনের উপর তিনি সেটাও দেননি। অতএব আমি এই প্রিভিলেজ মোশন ডিসঅ্যালাউ করলাম। দ্বিতীয় যে ব্যাপারটি সেটি হচ্ছে, এখানে মাননীয় সদস্য শ্রীপ্রদ্যুত মহান্তি মহাশয় একটি প্রশ্ন তুলেছিলেন, আমি তাঁকে বলেছি, এ ব্যাপারে আমি আরও তদন্ত করে দেখব, শ্রী মহান্তি যে অভিযোগ করেছেন সেই অভিযোগ সম্পর্কে প্রাথমিকভাবে দেখা যাচ্ছে যে শ্রীমহান্তির অভিযোগ টেঁকে না। আমরা যে প্রশ্ন পেয়েছি সে ব্যাপারে দেখা যাচ্ছে প্রশ্নের সংখ্যা ক্রমাগত বেড়ে যাচ্ছে। যেখানে ১৯৭৭ সালের বাজেট সেশানে পেয়েছিলাম ১৯২৫টি সেখানে আজ পর্যন্ত পেয়েছি ২৪৮২টি। এতে দেখা যাচ্ছে প্রশ্নের সংখ্যা অনেক বৃদ্ধি পেয়ে গিয়েছে। আমার কাছে যে ডাটা বা স্টাটিসটিক্স আমার অফিস দিয়েছেন তাতে দেখা যাচ্ছে যে মোটামুটি আমার অফিস থেকে সেগুলি পাঠানো হয়েছে। অনেক ক্ষেত্রে তাঁরা উত্তর পাননি বা এমনও হতে পারে অ্যাডমিট হয়েছে কিনা খবর পাননি। যেমন ধরুন হরিপদ জানা মহাশয় বলছেন, তিনি একটি জানতে পেরেছেন কিন্তু সেখানে দেখা যাচ্ছে হরিপদবাবুর টোটাল কোশ্চেন হচ্ছে ৫৮টি, নাম্বার অব কোশ্চেনস ডিসপোজড অব বাই দিস অফিস ২৮, নাম্বার অব ইনফর্মেশন দেওয়া হয়েছে ১৮ আর তিনি পেয়েছেন বলছেন একটি। এখন ডাকযোগে পাঠানোর জন্য না পেতে পারেন কিন্তু তাঁর কোশ্চেন ডিল করা হয়েছে। তেমনি কিছু কিছু সভ্যের অনেক প্রশ্ন ডিল করা হয়েছে যেমন শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, সেটা আপনারা দেখেছেন। শ্রীবিশ্বাস দিয়েছেন ৮৯টি প্রশ্ন, ৬৬টি ডিসপোজড অফ হয়েছে, তাঁকে অলরেডি ইনফর্মেশন দেওয়া হয়েছে ৫৮টি, তাঁর কোশ্চেন ডেল্ট হয়ে গিয়েছে ৩৩টি।

কে উত্তর পেয়েছেন, কে উত্তর পাননি সেটা বড় কথা নয়, কিন্তু গড়পড়তা যে

কোশ্চেন এই হাউসে এখন পর্যন্ত ডিল হয়েছে অন্যান্য যা ডিল করেছেন তার চেয়ে কোন অংশে কম নয়। প্রদ্যোতবাবুর যে অভিযোগ সেটা আমি আরও তদন্ত করে দেখার চেষ্টা করছি। তবে তিনি একটা কথা যেটা বলেছেন সেটা আমি আমার অফিস থেকে খোঁজ নিয়েছি, এটাকে ঠিক গ্রহণ করতে পারলাম না। প্রাইমাফেসি কেস সংখ্যাতত্ত্ব দিয়ে প্রমাণ করা যাবে না। অসুবিধা হচ্ছে কিছু কিছু সভ্য পাচ্ছেন, কিছু কিছু সভ্য পাচ্ছেন না। যেমন আমি নিজে রোজই দেখছি জয়ন্তবাবু, রজনীবাবুর অনেক প্রশ্ন আসছে। কেন এইরকম হচ্ছে সেটার জন্য অফিসের বিশেষ দায়িত্ব তাও বলব না।

**শ্রী সন্দীপ দাস ঃ** অধ্যক্ষ মহাশয়, কোশ্চেনের ক্ষেত্রে দুটি প্রায়রিটি বোধহয় দেওয়া উচিত, পার্লামেন্টেও তাই হয়। একটি হচ্ছে অপোজিশানদের কোশ্চেনের প্রায়রিটি দেওয়া, আর একটি হচ্ছে একই মেম্বারের অধিক কোশ্চেনের চেয়ে অন্য মেম্বারের কোশ্চেনকে প্রায়রিটি দেওয়া এটাই হওয়া উচিত।

**মিঃ স্পিকার ঃ** আপনাদের কথামত আমি বিচার করে দেখছি সেগুলি আমাদের বিচার করে দেখতে হবে কোশ্চেন আওয়ার প্রাইমারিলি অপোজিশনদের—আমি বলছি এইগুলি হিসাব করে দেখে কি করা যায় সেটা দেখা যাবে। আবার এক একজন মেম্বার বেশি কোশ্চেন দিয়ে দিলে—যেমন রজনীবাবু ৩৩৩টি কোশ্চেন দিয়েছেন। স্বাভাবতই প্রতিদিনই তার প্রশ্ন বেশি আসছে, জয়ন্তবাবুর প্রশ্নও বেশি আসছে। এইগুলি সব হিসাবপত্র করে সকলেই যাতে পান সেই রকম একটা কোন সিসটেমে আসতে হবে।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৯৫২ সাল থেকে এই বিধানসভায় আছি। আমার মনে হচ্ছে কোশ্চেনের ডিপার্টমেন্ট যেটা লোয়েস্ট লেভেল থেকে ইনফর্মেশন আসে, যেকোন কারণেই হোক আসতে দেরি হচ্ছে।

**মিঃ স্পিকার ঃ** সে কথা আমি বলতে পারছি না। শশবিন্দুবাবু আপনি সকালে হাউসে ছিলেন না, সেটা চিফ মিনিস্টারের রেসপনসিবিলিটি, তিনি বলবেন। আমার অফিস করছে সেহেতু সেটা আমার অফিসের ব্যাপার। তবে আমি বলছি প্রদ্যোতবাবুর অভিযোগ উনি বলছেন ৫টি বোধহয় পাননি। কিন্তু আমি এখানে দেখছি প্রদ্যোতবাবু মোট ১২টি কোশ্চেন দিয়েছেন, নাম্বার অব কোশ্চেনস ডিসপোজড অব ৮ এবং ৫টির একটি মাত্র পেয়েছেন, সেটা হতে পারে। কাজেই আমাদের অফিস মোটামুটিভাবে ডিল করতে পারছে না, এটা বলতে পারব না। সংখ্যাতত্বে দেখা যাচ্ছে অফিস ডিল করছে।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** আমার অধিকারের প্রশ্ন নয়। এই রিপোর্টগুলি নিয়ে আপনার চেম্বারে যখন বসবেন তখন দয়া করে আমাকে ডাকবেন, কোথায় কি হচ্ছে না হচ্ছে সেটা আমি সব বলব, হাউসে বলব না।

**শ্রী ননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েক হাজার মাধ্যমিক শিক্ষক, শিক্ষাকর্মী এ. বি. টি. এ.র নেতৃত্বে মিছিল করে মন্ত্রিসভাতে অভিনন্দন জানাবার জন্য বিধানসভা অভিমুখে আসছেন এবং তাদের বিশেষ কয়েকটি দাবি উত্থাপনের জন্য আসছেন। তাদের একটি কথা হচ্ছে, সেন্ট্রাল বাজেটে অন্তত শতকরা ১০ ভাগ বরাদ্দ করা এবং শিক্ষাকে আবার পুনরায় স্টেট সাবজেক্ট হিসাবে ঘোষণা করা এবং পশ্চিমবাংলা সরকার যে পে কমিশন নিয়োগ

করেছেন তার রায়টা জানার দাবি এবং আরও অনেক দাবি তারা নিয়ে এসেছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ করব তারা কেউ ওদের সঙ্গে দেখা করুন, কথা বলুন।

[4-15–4-25 P.M.]

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir before I deal with the subject listed for to-day I would like to draw your attention to the fact that after this Government was constituted 3 years back not a single copy of the proceedings of the House has been published and circulated to the members. This is very essential for the members for consumption of their constituencies. So, I hope you will take a note off it and take necessary steps so that at least 2 volumes of proceedings can be circulated amongst the Members because that is essential for their Constituencies. আমি কি বলব আপনি তো শুনছেন না।

**মিঃ স্পিকার :** আপনি বলুন মিনিস্টার রেকর্ড করছেন। আমার কিছু শোনার নেই।

**Shri Deo Prakash Rai :** Sir, this Land and land Revenue Department is a white elephant. In the name of land revenue this white elephant – a huge army of people from Peon to office - they are drawing a major portion of the grant. So, it is not land reforms. But it is land devastation.

আপনি দেখুন স্যার, এর মধ্যে কি কি আছে। স্যার, আপনি স্টেটমেন্টে দেখুন দার্জিলিং সম্বন্ধে কি আছে পেজ ৪-এতে are a of vested agricultural land taken possession of upto 31st December, '79 পর্যন্ত 38,261.23 acres জমি। Total area of vested agricultural land distributed 13,620.75 acres. Why the total area of vested land has not been distributed? I want the Minister-in-charge to give us statistics whatever land has been distributed after vesting.

I want to know the people whom land have been given and their party affiliation. The Congress, Gorkha League, Muslim League, Forward Block, R. S. P.–the members of which party get most of the land. That should be probed not by this Government but by the Central Government, by the C. B. I. Then the truth will come out. Then regarding exemption of land revenue. Take the case of hill areas. Everybody knows the condition of land there. There is only jhora and rock. If in the plains land revenue for 5 acres of land is exempted then in Darjeeling 10 acres should be exempted because the agricultural produce in the hill areas is much less than the produce in the plains. There is no paddy in the hill areas - only maize - but land revenue is same. Why ? So, land revenue for 10 acres in the hills should be same

as 5 acres in the plains. This is my suggestion to the hon'ble Minister. This is a reasonable proposition. In Darjeeling there is a Development Council and lakhs of rupeees are spent but what is the benefit ? Let there be some impact on the people. Whatever you do it has no impact on them. Whatever little you do the people must feel its impact, people of the hill areas must feel that you are giving some consideration to their need. So, I again suggest that 5 acres of land, if exempted in the plains, 10 acres in the hills should be exempted from land revenue.

[4-25—4-35 P.M.]

4/5 months before there was a big agitation in Darjeeling by the landless and homeless people where huts demolished.

সি. পি. এম. এর আগে কি বলেছিল? তারা বলেছিল, আমরা পাওয়ারে গেলে দার্জিলিং শহর থেকে সি. আর. পি. উইথড্র করব। তা তারা করেছে। এখন আমরা আর সি. আর. পি. দেখতে পাচ্ছি না। কিন্তু তার বদলে কি দেখছি? সি. আর. পি.-র কাজ আজকে সি. পি. এম. ক্যাডাররা করছে। তারা যা করছে তাতে তার চেয়ে সি. আর. পি. থাকলেই ভাল হত। তারা সি. আর. পি.-র চেয়েও পাওয়ারফুল হয়ে উঠেছে। তারা গরিব মানুষের উপরে অত্যাচার করছে। সি. আর. পি. উঠিয়ে নিয়ে আজকে দার্জিলিং-এ ইস্টার্ন রাইফেলকে পাঠিয়ে দেওয়া হয়েছে। ইস্টার্ন রাইফেল উইথ মডার্ন ওয়েপন সেখানে মার্চ করছে। তাদের সঙ্গে সি. পি. এম. ক্যাডাররাও রয়েছে। ইস্টার্ন রাইফেল কি করছে? ইস্টার্ন রাইফেল গরিব মানুষদের বাড়ি-ঘরগুলি ভেঙে দিচ্ছে, সব ডিমলিস করছে। ফলে কি হচ্ছে? Again they are liking under the trees in rains.

আমি এব্যাপারে আই. জি.-র সঙ্গে দেখা করেছিলাম, তিনি আমাকে বলেছিলেন .... I will go and spacify the people and I will see that tents are given to them and house buildings grants should be given.

ওখানে ২৪ হাজার ৪৪৮ একর জমি পড়ে আছে, অথচ সেখানে আজকে ঐসব মানুষগুলি গাছের তলায় বসে আছে। ৬ মাস আগে জ্যোতিবাবু কথা দিয়েছিলেন, আমি ওদের জমি দেব, লোন দেব বাড়ি করার জন্য। কিন্তু এখনও পর্যন্ত তাদের কিছুই দেওয়া হয়নি।

I want to know from the Hon'ble Minister whether the remaining 24,448 acres of vested land have been distributed, when the people whose huts were demolished will get the land as promised by the Chief Minister and secondly. I want to know the names of these people, the beneficiaries to whom lands have been distributed after formation of the Government, and their political affiliations.

কোন পার্টিকে দিয়েছেন এটা প্রুভ করতে হবে। সি. পি. এমকে দিয়েছেন না ফরওয়ার্ড ব্লকে দিয়েছেন না কংগ্রেসকে দিয়েছেন না কাকে দিয়েছেন—এটার পলিটিকাল

অ্যাফিলিয়েশনটা জানতে চাই। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আমি যে রিজিনেবল প্রপোজাল দিয়েছি সেগুলি যেন উনি গ্রহণ করেন।

Sir, with these words I conclude but I cannot accept the grant asked by the Hon'ble Minister. Thank you, Sir.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুলিং ফ্রন্টের প্রবীন মন্ত্রী এবং জমি সংস্কার সংক্রান্ত বিষয়ে একজন অভিজ্ঞ নেতা হিসাবে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার উপর আমি আমার বক্তব্য রাখছি। আমার প্রথম প্রশ্ন — আমাদের মতো একটা দেশে আফটার দি এক্সপেরিমেন্ট অফ ১৮৯৩ কর্নওয়ালিস সেটেলমেন্ট-এর পর রুলিং ফ্রন্ট কি মনে করে দ্বিতীয় দফায় একটা চিরস্থায়ী বন্দোবস্ত দেওয়ার? তাই যদি মনে না করেন তাহলে বামফ্রন্ট সরকারের বন্ধুদের উত্তর দিতে হবে আপনারা ভূমি সংক্রান্ত যে নীতি এ পর্যন্ত গ্রহণ করেছেন এবং রূপান্তর করে চলেছেন তার নামে আপনাদের ভূমি সংস্কারের নামে রুলিং ফ্রন্টের একদল তাঁবেদার, একদল অনুগত, একদল সুবিধাভোগী শ্রেণী গ্রামাঞ্চলে সৃষ্টি করার প্রয়াস কিনা—এই প্রশ্ন আপনাদের কাছে রাখছি। বর্গা অপারেশনের নামে-আপনারা মার্কসবাদ, লেনিন বাদে বিশ্বাসী - সেই অনুসারে চলছে - এ বিষয়ে আমি পণ্ডিত নই - কিন্তু আপনারা কি মনে করেন যে ক্ষমতা আপনাদের হাতে আছে সেই ক্ষমতা দিয়ে আপনারা আর একটি সেমি ফিউড্যাল ক্লাস তৈরি করতে যাচ্ছেন কিনা বাই পারমানেন্ট সেটেলমেন্ট?

[4-35–4-45 P.M.]

কারণ আপনারা যে নীতি অনুসরণ করছেন তা আংশিক এবং আপনাদের স্যুটেবলিটির জন্য ফর ইওর পার্মানেন্সি। আপনারা ভূমি সংস্কারের নামে একদল স্থায়ী উপস্বত্বভোগী সৃষ্টি করার জন্য, পঞ্চায়েতের নামে আরেকদল সুবিধাবাদী সৃষ্টি করার জন্য আপনারা কি মনে করেন এই ফিউডাল স্ট্রাকচার দিয়ে আপনাদের স্থায়িত্ব আসবে, আমি মনে করি তা সম্ভব নয়। এই বিষয়ে একাধিক রিপোর্ট আছে, আপনারা আফ্রিকা, দক্ষিণ আমেরিকা থেকে অধ্যাপক নিয়ে আসুন দেখুন কি আছে? আপনারা আজ পর্যন্ত ৩ বছরে এই সব জিনিস করতে পারেননি। আপনি প্রবীন মন্ত্রী হিসাবে এখানে যা উত্থাপন করেন তা হ্যাঁ-ও বলা যায় না, না-ও বলা যায় না। আজকে ৩ বছরে কম্প্রিহেনসিভ ল্যান্ড পলিসি গ্রহণ করা কি সম্ভব হল না? আপনার দপ্তরে অনুসন্ধান করে কি আপনি দেখেছেন, যে একাধিক কমিশন ইনক্লুডিং প্ল্যানিং কমিশন যখন একজিস্ট করছিল তখন কি অবস্থা ছিল? আমি বলছি আমাদের এখানে উৎপাদন যে কম তার একমাত্র কারণ আনসার্টেনটি অন্ ল্যান্ড। আমাদের কৃষিমন্ত্রী বলবেন এত খাদ্য আমরা উৎপাদন করেছি। বাজেটে দেখছি কৃষিখাতে ১৫০ কোটি টাকা বরাদ্দ হয়েছে। এই টাকাটা সরকারি এক্সচেকার থেকে করেছেন। কিন্তু বেসরকারি মহাজন ছাড়া এই কাজ কি হতে পারে। আজকে প্রোডাকশনকে কোথায় আপনারা নিয়ে এসেছেন? এ বিষয়ে আপনারা হরিয়ানা, পাঞ্জাবের দিকে দেখুন, আপনারা অপেক্ষা করে থাকেন বা রুলিং ফ্রন্টের ক্যাবিনেট অপেক্ষা করে থাকে ২ লক্ষ টন খাদ্য কবে বাইরে থেকে আসবে, তবেই পশ্চিমবাংলার মানুষকে আপনারা খাওয়াবেন। তার মানেই কস্ট বেনিফিট রেসিও। পশ্চিমবাংলার ভূমিতে উৎপাদন আপনারা বৃদ্ধি করতে পারেননি, ক্লাসিফিকেশন অফ

সোসাইটি করতে গিয়ে বা ক্লাস সৃষ্টি করতে গিয়ে আপনারা প্রোডাকশন কমিয়ে দিয়েছেন, আপনাদের বিরুদ্ধে আমার এই অভিযোগ। আরেকটি কথা বলব ক্লাসিফিকেশন অফ দি সোসাইটি এখানে.. You believe in it. Possibly it exists and I have no scope to differ.

ক্লাস স্ট্যাটিফিকেশন হয়ে গেছে—আপার ক্লাস, মিডল ক্লাস, লোয়ার ক্লাস আপার মিডল ক্লাস। ইন্টারমিডিয়েট মিডল ক্লাস, লোয়ার ক্লাস। আপনারা সীমাবদ্ধতার কথা বলেন কিন্তু হোয়ার আর ইউ রিচিং সো ফার? সমাজ সংস্কার প্রয়োজন। এ ক্ষেত্রে শুধু জমি নিয়ে আন্দোলন করলেই তা সম্ভবপর নয়। এই যে ক্লাস আছে সেইগুলিকে লিমিট করা কি সম্ভবপর নয়। টাউনের বিরুদ্ধে আপনারা কথা বলতে পারেননি, এ ক্ষেত্রে আপনাদের ট্যাকটিসের পরিবর্তন হয়েছে। .... There is some disturbance at the distant periphery.

টাউনগুলিকে মোটামুটিভাবে সংযত রাখার চেষ্টা করেছেন, গোলমাল যদি হয় তাহলে এখানে আপনারা আমার সারাউন্ডিংস বন্ধুদের উপর সে বিষয়ে দোষ চাপাবার সুযোগ পেয়ে গেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি বাজেট ভাষণে যে দুটি সংস্থার কথা বলেছেন তাতে গরিব মানুষের যার জমি চলে গেছে সেই জমি সে কি ফিরে পেয়েছে? এ বিষয়ে তাকে প্রোটেকশন দেবার জন্য আপনার সংস্থা তৈরি করবেন। কিন্তু আপনাদের এই মেশিনারি কারা চালাবে? আমরা আইন করেছিলাম আপনারা তার টাইম এক্সিটেন্ড করেছেন। ১০ বছরের জন্য এবং .. You sought the help of police for recovery of the land even if some co-sharers demanded it. আপনাদের কী মেশিনারি আজ পর্যন্ত আছে? এক একটা বি. ডি. ও. অফিসে হাজারের উপরে কেস পেন্ডিং আছে, সুতরাং আইনের কি সুবিধা আপনারা দিতে পেরেছেন? আজকে রেসটোরেশন কতটা সম্ভব হয়েছে — at best you can give a statistics of 100 not more than that. আমাদের হস্তান্তরিত জমি উদ্ধার করবার জন্য যে তৎপরতা এবং যে প্রশাসনিক কাঠামো দরকার স্লোগান ছাড়া তার জন্য আর কি ব্যবস্থা করতে পেরেছেন? এ ক্ষেত্রে আপনাদের ব্যর্থতা ছাড়া আর কি আছে, আমি সিলেক্ট কমিটিতে আছি আপনাদের নাকি এ বিষয়ে কোথায় আটকে আছে এবং রাষ্ট্রপতির সম্মতি দরকার কিন্তু তার মাঝে আমাদের যে ট্যাক্স যা আপনারা বাজেটে প্রস্তাব করেছিলেন যে এত টাকা পাব তা কি আপনারা পেয়েছেন? সুতরাং কোনও মেশিনারি কি আপনাদের আছে? তহশীলদাররাই হচ্ছে আপনাদের মেশিনারি, কিন্তু তাদের যে অ্যামিলিউমেন্ট, পার্সেন্টেজ অফ কমিশন তাতে তা দিয়ে সেই ট্যাক্স কালেকটারদের জীবনের কি উন্নতি করতে পেরেছেন? তাদের সার্ভিস কন্ডিশনের কি উন্নতি করতে পেরেছেন? ১৯৬২ সাল থেকে দেখছি যে জমি নিয়ে আলোচনা হলেই আমার উপর আক্রমণ হয়, আমি খাজনা দিতে চাই কিন্তু তহশীলদারদের দেখা পাই না। সুতরাং এ ক্ষেত্রে আপনাদের সেটআপ ভেঙে গেছে। তারপর ডিস্ট্রিবিউশন অফ ভেস্টেড ল্যান্ডস আমরা যতটা করে গেছি তার দায়িত্ব আপনাদের উপর বর্তেছে। এ ক্ষেত্রে আপনারা সমালোচনা করেন আমরা নাকি জমি এমন মানুষকে দিয়েছি যে পাবার যোগ্য নয়। হয়ত কোনও কোনও ক্ষেত্রে একথা প্রমাণ দিতে পারেন কিন্তু খাতায় নাম লিখেছে বলে আপনারা সেটাকে কি রিকভারি করতে পেরেছেন? পাট্টা এনাল করতে পেরেছেন?

সে ব্যবস্থা কি আপনাদের আছে? আমি অন্তত সেসব দেখিনি। এ বিষয়ে আমি একটা — আই হ্যাভ সাবমিটেড এ রিপোর্ট এবং I have records with me and I am prepared to meet the Hon'ble Minister with my records. আপনাদের এই তৎপরতা নেই কেন? আপনাদের পার্টি ফান্ডে চাঁদা দিলেই তারা মকুব পাবে। যেহেতু আপনাদের খাতায় সাবর্ডিনেট হিসাবে নাম লিখিয়েছে সেহেতু সেখানে আপনারা নীরব। অ্যাপ্লিকেশন অফ শিলিং ক্ষেত্রেও আপনাদের বক্তব্য পরিষ্কার নয়। একেও ক্লিয়ারলি ডিফাইন করতে হবে। Somebody exists if Panchayat Minister supports me. He has got some land. I have no enmity with him. This land cannot be accounted as my land budget.

আজকে এর অর্থ কি তা আপনাদের ক্লিয়ারলি ডিফাইন করতে হবে। আপনাদের ধারণা হয়েছে পিসমিল লেজিসলেসনের দ্বারাই সব হবে, কিন্তু তা নয়। যে চাকরি করে কিংবা অন্য দিক থেকে আর্থিক আয় করে থাকেন তার কাছে আপনারা জমি রাখতে চাইছেন না এইরকম একটা উদ্দেশ্য আপনাদের আছে। তা যদি হয় তাহলে হোয়ার ইজ দ্যাট লেজিসলেটিভ মেজার। আজকে এইসব কথা আপনাদের বলতে হবে, আপনারা কি চান? কারণ সহজ বুদ্ধিতে এই জিনিস করা যায় না। ইউ ডিভাইড দি আরবান এরিয়া, আরবান এরিয়ার ন্যাশানাল ইনকাম কিভাবে ক্যালকুলেট করা যায়—agricultural production, industrial production, the house of the people who have earned salary.

তা যদি হয় তাহলে দোজ হু হ্যাভ আর্ন্ড স্যালারি এবং শিল্পে যারা নিযুক্ত এদের বাদ দিয়ে বাকি মানুষের মধ্যে আপনারা কি ইকুয়েটেবল ডিস্ট্রিবিউশনে যেতে রাজি আছেন, এই প্রশ্ন আমি করছি। তা যদি না করেন তাহলে inequality and disparity and inequal opportunity যেটা আপনারা পারপিচুয়েট করেছেন সেটা আপনারা দূর করতে পারবেন না।

[4-45–4-55 P.M.]

রাজকুমার এই জাতীয় মানুষ ছাড়া আপনাদের চলে না। নেক্সট, আপনাদের জিজ্ঞাসা করি আপনি যে আদর্শে বিশ্বাসী কালেক্টিভাইজেশানে, সে সম্বন্ধে আপনাদের যে প্রোগ্রাম হওয়ার কথা ছিল তার বাষ্প কোথাও দেখতে পাইনি। গোটা ভারতবর্ষে আপনারা নাকি অগ্রদূত, গোটা ভারতবর্ষ আপনাদের দিকে তাকিয়ে আছে আপনারা হচ্ছেন ওয়ান অব দি টেন্টেস অব দি কালেক্টিভাইজেশান আপনারা তার ধারে পাশে গেলেন না। চৌরঙ্গির এম. এল. এ. আমি আশা করিনি যে তিনি ল্যান্ডের উপর এত ভাল বক্তৃতা দেবেন, কিন্তু কনসলিডেশনের ধারে পাশে গেলেন না। কনসলিডেশন যদি না হয় তাহলে ফ্র্যাগমেন্টেশন ইজ ওয়ান অব দি মেজর প্রবলেমস অব লোয়ারিং দি প্রোডাকশন, ফ্র্যাগমেন্টেশন আজকে উৎপাদন ব্যাহত হওয়ার একটা মূল কারণ। আমাদের কিছু ক্লাস আছে, যেমন আমি যে ক্লাস রিপ্রেজেন্ট করি এখানে মুরগীও অংশ পায়। ল অব প্রাইমোজেনেচারে ফ্র্যাগমেন্টেশন কন্টিনিউ করে না, ডাজ ইট নট হ্যাম্পার প্রোডাকশন? ইওর ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট ইজ নট অ্যান আইসোলেটেড ওয়ান, ইট ইজ রিলেটেড উইথ ফুড, ইট ইজ রিলেটেড উইথ এগ্রিকালচার, ইট ইজ রিলেটেড উইথ ইরিগেশন। আজকে ফ্র্যাগমেন্টেশন বন্ধ করার কি করেছেন? ল অব প্রাইমোজেনেচার অন্যান্য অ্যাডভান্সড কান্ট্রিতে আছে, বাবার জ্যেষ্ঠ পুত্র কিংবা জ্যেষ্ঠা কন্যা

কেউ সিংহাসন পায়। ডু ইউ এভার থিঙ্ক দ্যাট ল অব প্রাইমোজেনেচার অ্যাট অল এগজিস্ট? এখানে আপনারা আপনাদের সাপোর্টারের সংখ্যা বাড়ানোর জন্য ইউ এনকারেজ ফারদার ফ্র্যাগমেন্টেশন। আমি সাজেস্ট করছি না, আপনি প্রবীন মানুষ বলে আমি আপনার কাছে এই বিষয় উল্লেখ করছি ফ্র্যাগমেন্টেশন ইজ ওয়ান অব দি কজেস অব লোয়ারিং প্রোডাক্টিভিটি। আপনাদের যদি হিম্মত থাকে তাহলে এটা বন্ধ করুন। আপনারা বড় বড় বক্তৃতা করেন যে পশ্চিমবঙ্গে একটা বিরাট শক্তি নিয়ে দাঁড়িয়ে আছেন, শক্তি এবং ভিত্তি যদি এতই মজবুত হয় তাহলে হোয়াই আর ইউ অ্যাফ্রেড অব ইট? স্টেট সাবজেক্ট নাইন্‌থ সিডিউলে লেজিসলেটিভ স্কোপ আছে, ইট ইজ নেগোসিয়েবল ইন কোর্টস অব ল। আপনি সিভিল পাওয়ার দিয়েছেন টু ইওর রেভেনিউ অফিসার। আপনার কাছে আমি অভিযোগ করছি গত সোমবার আপনার রেভেনিউ অফিসার বলছি লোক খুঁজে পাচ্ছি না; হি হ্যাজ বিন অ্যাভয়ডিং নোটিশ। আই. ডাঃ জয়নাল আবেদিন অ্যাজ সাচ অভিযোগ করছি এর কি প্রতিকার হয়েছে? আপনার আন্তরিকতায় আমি অশ্রদ্ধা প্রকাশ করছি না, বলবেন আপনারা তো এই অ্যাপারেটাস রেখে গেছেন ৩০ বছর ধরে, তাহলে হোয়াট ফর আর ইউ দেন হেয়ার? আজকে দেখছি পিক এন্ড চুজ হচ্ছে, অ্যাপ্লিকেশন অব ল ইজ ইউনিভার্সাল, সেটা হচ্ছে না, ইট ইজ সামথিং এল্‌স ইন কেস অব ইওর সাপোর্টার্স অ্যান্ড ইট ইজ সামথিংএল্‌স ইন কেস হু ডু নট সাপোর্ট ইউ। এই যে আইনের অ্যাপ্লিকেশনের ক্ষেত্রে যে বৈষম্য আপনারা তৈরি করেছেন এর শাস্তি আপনাদের আসতে বাধ্য। লাস্ট বাট নট দি লিস্ট, আপনি আগের বার বলেছেন ১ লক্ষ ৬৬ হাজার একর জমি আন্ডার ডিসপিউট, সেটা হাইকোর্টের ইনজাংশনে আটকে আছে। সেগুলি এক্সপিডাইট করার জন্য মাননীয় আইনমন্ত্রী মহাশয় বলেছেন যে জাজের সংখ্যা বাড়াবেন। প্রায়রিটি দিয়ে কি তদ্বির আপনাদের হচ্ছে এই কথাটা জানতে চাই, জাস্ট টু ফ্রি দিস ল্যান্ড ফ্রম দি ক্লাচেস অব দি ল সেখানে কি ব্যবস্থা করেছেন? আপনি প্রবীন মন্ত্রী আইন নিয়ে এসেছেন, পৌর মন্ত্রী এখানে নেই, আপনারা কি চান গ্রামের জন্য একটা ব্যবস্থা, আর শহরের জন্য একটা ব্যবস্থা? ইনকাম কতটুকু, আজকে আমাদের রিসোর্স বেস কম, ভারতবর্ষে নিশ্চয়ই কম। আমাদের পভার্টির অন্যতম কারণ লোয়েস্ট রিসোর্স বেস। গ্রাম এবং শহরের মধ্যে পার্মানেন্ট ডিসপ্যারিটি দিয়ে আপনারা কি গ্রাম দিয়ে শহরকে আক্রমণ করবেন?

আপনারা আরবান প্রপার্টির যে শিলিং ছিল সেক্ষেত্রে নাকি একটা মেটেরিয়াল অ্যামেন্ডমেন্ট আনবেন—অর্থাৎ এক্ষেত্রে নাকি আমূল সংস্কার করবেন? শহরের ভূমি সংস্কারের ক্ষেত্রে যে পদক্ষেপ আপনারা নিচ্ছেন সেটা অত্যন্ত ক্ষীণ অথবা প্রায় নিল। আমার প্রশ্ন হচ্ছে এই ডেসপ্যারিটি কি চলতেই থাকবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জমিদার ছিলেন বলেই আপনার কাছে একটা কথা নিবেদন করছি। অনেক অত্যাচার আপনি বা আপনার পূর্ব পুরুষ করেছেন, আবার অনেক সুবিধাও আপনারা দিয়েছেন, দেশের উন্নয়ন করেছেন। কিন্তু এখন কি দেখছি—ইন এ সোস্যালিস্ট কান্ট্রি দি স্টেট বিকামস দি ক্যাপিটালিস্ট ইন এভরি রেসপেক্ট। আগে স্টেটের উপর নির্ভর না করে জমিদাররা কিছু কিছু পরিকল্পনা করতেন, ভূমির উন্নয়নের জন্য বাঁধ, স্লুইস ইত্যাদি করতেন, ইরিগেশনের ব্যবস্থা করতেন। ভূমির উন্নয়নের জন্য দায়িত্ব এখন কে নেবে, ইরিগেশন, না ল্যান্ড রেভিনিউ? স্যার, আপনি ফেরী পার হন না, কিন্তু শুনছি সেখানেও নাকি উন্নয়ন স্তব্ধ। স্যার, একটা কথা জিজ্ঞাসা করি এই

*ফেরী ঘাটের মালিক কে? পি. ডব্লু. ডি. না ল্যান্ড রেভিনিউ, না গ্রাম পঞ্চায়েত, না ইউনিয়ন বোর্ড?* তারপর এই যে বিরাট বিরাট হাট রয়েছে দেখে মনে হয় এটা একটা জমিদারি। হোয়াই আর ইউ নট অ্যাপ্লাইং ইওর মাইন্ড ওভার দিস আন আর্ন্ড ইনকাম। বিরাট বিরাট হাট, ফেরী ঘাট এক একটা জমিদারির মত হয়ে রয়েছে। ফরাক্কার কাছে ওখানে আগে আয় ছিল প্রায় ২৫ হাজার টাকা, কিন্তু ফরাক্কা ব্যারেজ হওয়ার পর খানিকটা কমে গেছে। আরও কতকগুলো হাট আছে, এ ছাড়া মেলা আছে যেখানে কোটি কোটি টাকার ব্যবসা হয়। আমার প্রশ্ন হল হু উইল বি ওনার অফ দিজ প্রপার্টিজ? আমি আজকে এ সম্বন্ধে সরকারি নীতি জানতে চাই। আপনারা নানারকম পরিকল্পনা করছেন, আয় বাড়াবার জন্য নানারকম চেষ্টা করছেন। কিন্তু এই যে জমিদারিগুলো রেখে দিয়েছেন এর কারণ কি? এই যে ফেরী ঘাটগুলো রয়েছে এতো দেখছি একটা চিরস্থায়ী বন্দোবস্ত। অবস্থা দেখে মনে হয় যে বিনয় চৌধুরী is not only the second Cornwallis of Bengal outlated the there Cornwallis. আমার বক্তব্য হচ্ছে এদের যে গায়ে হাত দিচ্ছেন না তার কারণ কি এই যে দে সাবসক্রাইব টু ইওর ফান্ড, দে সাবসক্রাইব টু ইওর পার্টি এবং সেজন্য ইউ আর একজেমটিং দেম ফ্রম আনআর্ন্ড ইনকাম—ইনকাম ফ্রম হাট, ইনকাম ফ্রম ফেরীঘাট, ইনকাম ফ্রম মার্কেট, ইনকাম ফ্রম মেলা। স্যার, প্রাইভেট ওনারশিপে এই যে মার্কেট, ফেরীঘাট ইত্যাদি রয়েছে ইট ইজ সাম ফর্ম অফ জমিনদার। স্যার, ট্রেজারি বেঞ্চে আরেকজন জমিদার বসে রয়েছেন যিনি আনন্দবাজারে বিলাপ করে বলেছেন আমি শ্বশুরবাড়ি পর্যন্ত যেতে পারছি না। আমি কিন্তু তাঁর সঙ্গে একমত নই, আমি মনে করি ওখানেও একটা জমিদারি তৈরি হয়েছে। কো-অপারেটিভের টাকা নিয়ে আপনারা যে ফ্ল্যাটগুলো তৈরি করছেন সেখানে আপনাদের নীতি কি? ইফ আই টিল দি ল্যান্ড, ইফ আই লিভ ইন অ্যান অ্যাপার্টমেন্ট, হোয়াই স্যুড আই নট বি দি ওনার অফ দি ফ্ল্যাট? আমাকে বলুন কোন যুক্তিতে হবে না? এটাও তো দেখছি একটা আনআর্ন্ড ইনকাম। অধ্যক্ষ মহাশয়, শেষ কথা বলছি, এই অথরিটেরিয়ান কথাটা অনেকদিন ধরেই শুনছি এবং আমি এটা কদাচ ব্যবহার করি। মার্কসিস্ট, লেলিনিস্ট-এর মুখে কথাটা শুনি, কিন্তু এটা মার্কসবাদীদের স্লোগান নয়। এটা ওরা আবিষ্কার করেছেন। আমি জিজ্ঞাসা করি আর ইউ পারপিচুয়েট দি ক্লাস সোসাইটি? আপনি যে ব্যবস্থা নিয়েছেন তাতে দেখছি গৃহীত আইনগুলি কিছু কিছু ক্ষেত্রে প্রয়োগ করছেন, সর্বজনীনভাবে করেননি। আপনি যা করছেন তাতে দেখছি পিক অ্যান্ড চুজ করছেন। অর্থাৎ আপনি যা করছেন সেটা আপনার পার্টির ইন্টারেস্টে করছেন, নট ইন ইন্টারেস্ট অফ আদারস।

[4-55–5-05 P.M.]

আজকে পশ্চিমবাংলায় এক ইজারাদার। আপনারা রুলিং ফ্রন্ট, আজকে যদি আপনারা এটা সংস্কারে ব্যর্থ হন, তাহলে হিস্ট্রি ইজ দি বেস্ট জাজ—লাস্ট বাট নট দি লিস্ট—আজকে যে ব্যয় বরাদ্দের দাবি এনেছেন তাতে আপনি ল্যান্ড হোল্ডার কিম্বা জমিদারদের কতখানি ক্ষতিপূরণ করবেন জানি না, কারণ ওরা আরও কিছু পেতে হকদার। মধ্যবিত্তদের একটা ক্লাস আছে, তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা এক্সপিডাইজ করতে পারেন কিনা এবং সেখানে যে ব্রোকারি সিস্টেম আছে যে একজনকে ধরে আর একজন ক্ষতিপূরণ পাবে, এটা এলিমিনেট করতে পারেন কিনা একটু দেখবেন। আর একটা কথা হচ্ছে সরকারি কাজের জন্য যে ভূমি

গ্রহণ করেন সেই জমির ক্ষেত্রে কথা ছিল ৮০ শতাংশ ক্ষতিপূরণ আগেই দিয়ে দেবেন, আর বাকি ২০ শতাংশ আফটার একজামিনেশন অফ দি ব্যালান্স দেওয়া হবে। কিন্তু আমরা অনেক ক্ষেত্রে দেখছি ৮০ শতাংশ দিচ্ছেন না। ইট হ্যাজ এক্সিডেড টেন ইয়ার্স, বাট ইউ আর হিয়ার ডিউরিং থ্রি ইয়ার্স। ২০ শতাংশ যেটা বাকি আছে সেটা আদৌ দেবেন, কি দেবেন না, সেটা একবার এখানে বলে দেবেন। ফর গভর্নমেন্ট পারপাস যে জমি আপনারা গ্রহণ করেছেন তার কম্পেনসেসন টু টেনিউর হোল্ডার অ্যান্ড ল্যান্ড-লর্ড, এটাও আপনাকে বিবেচনা করতে হবে। আইদার টু নালিফাই ইট, নইলে মিডিল ম্যানদের এলিমিনেট করুন, ব্রোকারদের এলিমিনেট করুন। ব্লক লেভেলে আপনারা স্থায়ী কমিটি করেছেন, পলিটিক্যাল লেভেলে কমিটি করেছেন। পঞ্চায়েত সমিতিকে আপনারা অগ্রাধিকার দিতে বলেছেন, কিন্তু আপনাদের কার্যকালে, তিন বছরের মধ্যে—আই ক্যান নট স্পিক অফ হোল অফ বেঙ্গল—কিন্তু আমার চোখে আমি দেখেছি ক্লাসিফিকেশন হচ্ছে। এর কোন প্রতিকার কি করতে পারেন? যদি পারেন তাহলে সেই চেষ্টা করুন। ইফ ইউ হ্যাভ অ্যানি রিলায়েন্স অ্যান্ড প্রিডেন্স আপোন দোস কমিটি। আজকে আপনাকে বলব যে, ইট স্যুড নট বি এ টোটাল পলিসি, ইট স্যুড বি এ মিক্সচার অফ অফিসিয়াল অ্যান্ড নন্‌অফিসিয়ালস সো দ্যাট দেয়ার উইল বি এ কম্বিনেশন, না হলে আগে বি. ডি. ও কিম্বা জে. এল. আর. ও.কে দিতে হত। এখন ৯ জনকে দিতে হচ্ছে। যে জমি পাচ্ছে সে তো নিঃস্ব হয়ে যাচ্ছে। আজকে সেই জন্য অনুরোধ করব এই স্থায়ী সমিতিগুলির কার্যকরণ, ইন্সপেকশন অ্যান্ড সুপারভিশনের ব্যবস্থা করুন। কিন্তু কে সুপারভাইজ করবে? আপনি রাইটার্স থেকে দেখতে পারবেন না। হোয়াট ইজ দি মেশিনারি? এ. ডি. এম.কে রেখেছেন, সে একটি দরখাস্ত বিলি করতে পারে না। আমি এই প্রসঙ্গে অনুরোধ করতে বাধ্য হচ্ছি কিছু পুকুর, কিছু জলাশয়, এগুলিতে দারুণ অ্যানামলি রয়েছে। ৫ জন মরে গেল ইসলামপুরে। আপনাকে টেলিগ্রাম পাঠিয়েছিলাম। গ্রামবাসীদের হাট পত্তন হয়ে গেছে। আজকে র‍্যাশনাল বেসিসে পুকুর, জলাশয় শুধু নয়, এগুলিরও সেটেলমেন্ট হওয়া উচিত। আমি মনে করি অফিসিয়াল অ্যান্ড কো-অপারেটিভ অফিসিয়াল অ্যান্ড ফিশার ম্যান স্যুড হ্যাভ সাম প্রায়রিটি। যেগুলি গ্রামের বাইরের জলাশয় এবং গ্রামের মধ্যের জলাশয় সেগুলি সম্বন্ধে সেটেলমেন্টের কলম ২৩-এ লেখা আছে যে, এগুলি সর্বসাধারণের ব্যবহার্য। আজকে অনুরোধ করব মন্ত্রী মহাশয়কে এবিষয়ে দৃষ্টি দিতে। কারণ এবিষয়ে আজকে দৃষ্টি দেওয়া উচিত। মাননীয় প্রবীন মন্ত্রী বক্তব্য রাখলেন ... on a number of occasions I found it difficult to oppose it but equally I find it difficult to support him either.

কিন্তু যেভাবে প্রশাসন আজকে পার্টির স্বার্থে প্রচলিত এবং সম্প্রসারিত হচ্ছে—আমার সর্বদাই ইচ্ছা অন্তত একাট বাজেট আমি সমর্থন করি, .. but I am in difficulty to support the budget. Hence I withdraw my support to this budget. Thank you, Sir.

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলা মৎস্যজীবী সম্প্রদায়ের তরফ থেকে একটা স্মারকলিপি মৎস্যমন্ত্রীকে দেওয়ার জন্য এসেছেন। মৎস্যমন্ত্রী এখানে নেই, আমি অনুরোধ করছি, একজন মন্ত্রী যেন ডেপুটেস্ট্যানিস্টদের সঙ্গে সাক্ষাৎ করেন এবং সেই স্মারকলিপি গ্রহণ করেন।

**শ্রী বিশ্বনাথ মুখোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মৎস্যজীবীরা কয়েক হাজার বিভিন্ন জেলা থেকে মিছিল করে এসেছেন, তারা তাদের স্মারকলিপি মুখ্যমন্ত্রীকে দিতে চান এবং একটা দিন নির্দিষ্ট করতে চান যেদিন মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন। আমি সেটা খবর দিয়েছি মুখ্যমন্ত্রীকে। আশা করব, মুখ্যমন্ত্রী তাঁদের এই সময়টা দেবেন।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্য শ্রী সন্দীপ দাস মহাশয়, তিনি তার বক্তব্য রাখতে গিয়ে বলেছেন যে ঝাণ্ডা যার জমি তার। তিনি সারা ভারতবর্ষের তাঁর দলের নীতির দিকে না তাকিয়ে এই বিষয়টা হয়তো বলেছেন এবং জয়নাল আবেদিন সাহেব যখন বলছিলেন তখন ঠিকই জমিদারদের কথাই, সামন্ততান্ত্রিক ধারাকে সামনে রেখেই তাঁর বক্তব্য রাখছিলেন। তিনি এইভাবেই রাখবেন এইটা আমরা আশা করি। কারণ তাঁর যে শ্রেণী চেতনা সেটা নিশ্চয় সামন্ততান্ত্রিক এবং তিনি জমিদারদের কথাই ভাববেন। সেই ভেবেই বক্তব্য রাখবেন এইটা আমরা আশা করি। তিনি বা তাঁর দল ৩৩ বছর হয়ে গেল প্রায় ভারতবর্ষে রাজত্ব করেছেন। জমিদারি প্রথা উচ্ছেদ হয়েছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৫ সালে। তারপর আমরা দেখেছি, ভারতবর্ষের কয়েকটি দশকের পরিসংখ্যান। সমাজতান্ত্রিক ধাঁচে রাষ্ট্র, সমাজতান্ত্রিক রাষ্ট্র, গরিবী হঠাও—এইসব নানা ধরনের সমাজতান্ত্রিক কথাবার্তা বলেও দেশে গরিবের সংখ্যা বেড়েছে। বিশেষ করে গ্রামীণ বাংলার চিত্র অত্যন্ত ভয়াবহ। একটা পরিসংখ্যান থেকে এইটা স্পষ্ট হয়ে যায় ভারতের বিভিন্ন প্রদেশের চিত্র। গ্রামীণ বাংলার চিত্র এমন এক পর্যায়ে এসেছে যে পর্যায়ের কথা এখান থেকে দেখা হয়েছে। এমনকি আমরা দেখেছি মোহন ধারিয়া, যিনি ওঁনাদের মন্ত্রী ছিলেন ১৯৭৪ সালে তিনি একটা বক্তৃতায় লোকসভায় স্বীকার করেছেন, শতকরা ৪০ থেকে ৫০ ভাগ মানুষ চরম দারিদ্র্য যন্ত্রণা ভোগ করছে।

এইটা মোহন ধারিয়া তদানিন্তনকালের মন্ত্রী তিনি এই কথা বলেছেন।

[5-05–5-15 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দারিদ্র্যসীমার নিচে অবস্থিত গ্রামীণ জনসংখ্যার শতাংশ হিসাবে যদি হিসাব নেই তাহলে দেখা যাবে ১৯৬০-৬১ সালে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে গ্রামীণ গরিবের সংখ্যা বাড়তে বাড়তে ১৯৬৭-৬৮ সালে এবং ১৯৭৭-৭৮ সালে কোথায় এসে দাঁড়িয়েছে। ১৯৪৭ সালে যে অবস্থা প্রথমে পশ্চিমবাংলাকে ধরি, সংখ্যা ছিল শতকরা ২২ জন, সেটা বাড়তে বাড়তে ৬০-৬১ সালে গিয়ে দাঁড়াল শতকরা ৭৪ জনে, ৩০ বছর ধরে গ্রাম বাংলার উন্নতির জন্য ওঁরা যা করেছেন তাতে দারিদ্র্য বেড়েছে ২২ থেকে ৭৪ জনে, ওড়িষ্যাতে ৫৬ থেকে ৬৪ হয়েছে, রাজস্থানে হয়েছে ৩০ থেকে ৩৭, তামিলনাড়ুতে হয়েছে ৪৬ থেকে ৬৬, উত্তরপ্রদেশে ৩৯ থেকে ৬০, এটা শুধু এখানেই শেষ হয়নি ভারতবর্ষের গ্রামে দরিদ্র মানুষের চিত্র আজকে বিশ্বের বিভিন্ন জায়গায় আলোচিত হচ্ছে এবং দারিদ্র্যসীমার নিচের মানুষগুলির আর্থিক উন্নতি না করতে পারলে, সারা ভারতবর্ষের আর্থিক কাঠামো ভেঙে চুরমার হয়ে যাবে। আমি একটা রিপোর্ট দেখছিলাম—ইন্টারন্যাশানাল লেবার অর্গানাইজেশন, তাঁরা একটা অনুসন্ধান চালিয়েছিলেন, প্রপার্টি অ্যান্ড ল্যান্ড রেজিস্ট্রেশন ইন রুর্যাল এশিয়া ১৯৭৭ সালে আন্ডার ওয়ার্ল্ড এমপ্লয়মেন্ট প্রোগ্রাম, সেখানে দেখছি ভারতবর্ষের

দুটি প্রদেশকে তাঁরা বেছে নিয়েছেন, তার একটি হল বিহার আর একটি হল তামিলনাড়ু। বিহারের সংখ্যা দেখতে পাচ্ছি ১৯৫৪-৫৫ সালে .. The poorest fifty percent of the population owned 3.41 percent of the land. The percentage fell fractionally to 3.24 in 1960-61 and then rose to 3.92 in 1971-72.

তাহলে মাননীয় উপাধ্যক্ষ, আপনি লক্ষ্য করুন যে ১৯৫৪-৫৫ সালে ভারতবর্ষের অন্যতম প্রদেশ বিহারে যে পরিসংখ্যান—তাতে দেখছি জমির মালিক, গরিব মানুষের সংখ্যা ছিল ৩.৪১ এবং ৩.২৪ তারপরে দুটো দশক চলে গেল, ১৯৭২-৭৪ সালে দাঁড়িয়েছে ৩.৯২, অর্থাৎ সমগ্র বিহারে ভূমিসংস্কারের উন্নতি যে তিমিরে ছিল, সেই তিমিরেই আছে। বিগত ৩০ বছরের কংগ্রেসি শাসনে ভূমি সংস্কার করেও সমস্ত প্রদেশগুলির একই অবস্থা এবং পশ্চিমবাংলাতেও তার ইতর বিশেষ হয়নি। আমরা দেখছি তামিলনাড়ুতেও একই অবস্থা, পাঞ্জাব এবং হরিয়ানাতেও এবং অন্যান্য প্রদেশেও এই দারিদ্র্যসীমার নিচের মানুষের সংখ্যা যেভাবে বাড়ছে, তাতে এই পরিণতি হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে ১৯৭১ সালের সেন্সাস রিপোর্টে দেখতে পাচ্ছি যে ক্ষেতমজুরের সংখ্যা বাড়ছে, জমির মালিক গরিব মার্জিনাল ফার্মারস, সাধারণ মানুষ যারা ৪/৫ বিঘা জমির মালিক কি ১০ বিঘা জমির মালিক, তারা আস্তে আস্তে জমি হারিয়ে ক্ষেতমজুরে পরিণত হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার তিন বছরের মধ্যে এখানে অনেক ভূমি সংস্কার করেছেন, সেগুলিতে আমি পরে আসছি, পরে আমি সেসব উত্থাপন করব, কিন্তু একথা সত্য যে এখানেও আমাদের পশ্চিমবাংলাতেও যা দেখতে পাচ্ছি এই পরিসংখ্যান মাধ্যমে, আমাদের এখানেও ক্ষেতমজুরের বৃদ্ধি রুখতে পারিনি।

এখানে ক্ষেতমজুরের সংখ্যা বেড়েছে। গতকাল মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় এই হাউসের কাছে যে তথ্য পেশ করেছিলেন তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলার ১৯৭৬-৭৭ সালে যেখানে ৩২ লক্ষ ৪৪ হাজার ৩৫৬ জন ক্ষেতমজুর ছিলেন সেখানে ১৯৭৯-৮০ সালে সেই সংখ্যা বেড়ে ৩২ লক্ষ ৭২ হাজার হয়েছে। সুতরাং ১৯৭৭ থেকে ১৯৭৯ সাল পর্যন্ত এই কয়েক বছরে ২৬ হাজারের মতন ক্ষেতমজুর বেড়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ক্ষেত্রে সারা ভারতবর্ষের চিত্রটি কিন্তু ভিন্ন রূপ। ভারতবর্ষের অন্যান্য প্রদেশে ক্ষেতমজুরের সংখ্যা যেভাবে বেড়েছে পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট সরকার আসার পর সেইভাবে কিন্তু বাড়েনি, এখানে এই চিত্রটি সেইরকম নয়। আগের হিসাবেই আপনারা দেখেছেন মাত্র ২৬ হাজারের মতন ক্ষেতমজুর গত তিন বছরে বেড়েছে। সেখানে পশ্চিমবাংলার বাইরে যেমন বিহার, উত্তরপ্রদেশ, তামিলনাড়ু এমন কি অন্ধ্র যেখানে স্বয়ং শ্রীমতী গান্ধীর রাজত্ব, সেখানে আমরা দেখেছি ১৮ থেকে ৩০ পার্সেন্ট এক এক বছরে এই ক্ষেতমজুরের সংখ্যা বেড়েছে। আবেদিন সাহেবরা ৩০ বছর এই দেশে রাজত্ব করেছেন কিন্তু আমার প্রশ্ন বর্গাদারদের জন্য তাঁরা কি করেছেন? কিছুই করেননি। সেখানে আমরা দেখেছি তাঁরা জমিদারি প্রথা উচ্ছেদ করলেন এবং তা করে ঐ জমিদারদের কিভাবে কম্পেনসেসান দিলেন এবং তা দিয়ে তাদের পুনঃপ্রতিষ্ঠিত করলেন। এখানে দাঁড়িয়ে আজকে ডাঃ আবেদিন ক্ষতিপূরণের কথা বললেন কিন্তু আমরা দেখেছি বিগত ৩০ বছর ধরে তাঁরা সাধারণ মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত তাদের ক্ষতিপূরণ দিতে ব্যর্থ হয়েছেন। আজকে এই

সরকারের আমলে আমরা দেখেছি, ক্ষতিপূরণ যথেষ্ট দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় জমিদারি প্রথা বিলোপ হল কিন্তু আমরা দেখলাম জমিগুলি তাদের হাতেই থেকে গেল। সেখানে তারা সেই জমিগুলি নানান নামে—চাকরদের নামে, গরু, ছাগল, ভেড়া এমন কি কুকুরের নামেও বেনামি করে সেই জমিগুলি লুকিয়ে রাখলেন। এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর আপনি জানেন স্যার, প্রতি মাসে ৩৩।। হাজার একর করে এই সরকার সেই লুকানো জমি উদ্ধার করেছে। এ বছর যে পরিসংখ্যান দেওয়া হয়েছে তাতে দেখছি ৪।। হাজার একর করে প্রতি মাসে সেই রিকভারি অব একসেস ল্যান্ড বিয়ন্ড সিলিং হচ্ছে। এইভাবে এই সরকার ঐ কংগ্রেসিরা যে সমস্ত জমি বেনামি করে লুকিয়ে রেখেছিল তার উদ্ধারের কাজ করেছেন এবং এখনও করে যাচ্ছেন। স্যার, ওঁরা ল্যান্ড অ্যাক্ট পাস করেছেন আবার এঁদের সময় বর্গাদার অ্যাক্টও ছিল। সেটা অবশ্য পরে ঐ ল্যান্ড রিফর্মসের সঙ্গে মার্জ করা হয়েছে। কিন্তু সেখানে বর্গাদাররা কোনদিনই তাদের নাম রেকর্ডভুক্ত করাতে পারেননি।

[5-15–5-25 A.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যখন অপারেশন বর্গার মাধ্যমে বর্গাদারদের নাম রেকর্ড করার জন্য গরিব, ক্ষেত মজুর, খেটে খাওয়া মানুষের নাম নথিভুক্ত করছে তখন ঐ প্রতিক্রিয়াশীল কংগ্রেসিরা গ্রামেগঞ্জে গিয়ে সরকারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছে। ডাঃ জয়নাল আবেদিন সাহেব, জনতার সন্দীপবাবুর পক্ষে এটা করা তো স্বাভাবিক। জয়নাল সাহেব যদি বিরোধিতা না করতেন তাহলে আমি বুঝতাম আমাদের মাননীয় মন্ত্রী ভুল করছেন। জয়নাল সাহেব, সন্দীপবাবুর বিরোধিতা করা, সমালোচনা করার মানেই হল আমরা ঠিক কাজ করছি এবং তাদের কণ্ঠ যখন উচ্চ স্বরে চলে যায় তখন আমরা বুঝি আমাদের নীতি ঠিক আছে, ঠিক পথেই চলেছি। সুতরাং যখন গরিব মানুষের উপকার করা হয়, বর্গাদারদের উপকার করা হয়, তাদের রেকর্ডভুক্ত করা হয় তখন ওদের কণ্ঠ শুধু এখানে নয়, বাহিরেও শোনা যায়। ওরা ভোলা সেনের মতো উকিল লাগিয়ে হাইকোর্টে গিয়ে মামলা করে যেন তেন প্রকারে বর্গা রুখতে হবে এই চেষ্টা করেন। এই প্রতিক্রিয়াশীল চক্রান্ত সত্ত্বেও বিরোধিতা সত্ত্বেও এই সরকার অতীতের সমস্ত রেকর্ডকে ছাপিয়ে বর্গা রেকর্ড ছাপিয়ে বর্গা রেকর্ড করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে তাদের নেত্রী ইন্দিরা গান্ধী যখন ছিলেন তখন গরিবী হঠাও একটি প্রোগ্রাম করেছিলেন। তাদের সময়ে বর্গা রেকর্ড কি হয়েছে? ভারতবর্ষের বিভিন্ন লিডিং নিউজ পেপার বলছে, ইট ইজ ইয়োর গভর্নমেন্ট, দি লেফট ফ্রন্ট গভর্নমেন্ট ওনলি হু হ্যাভ রেকডেড দি নেমস অব বর্গাদারস, পশ্চিমবঙ্গের গরিব বর্গাদারদের রেকর্ড করা নিয়ে এই সরকারের খুব প্রশংসা করেছেন কংগ্রেসি জার্নালিস, কাগজে এই কথা বেরিয়েছে। সেই কথা এখানে রেকর্ড করা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত যখন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ছিল সেই সময় ৫ লক্ষ একর রেকর্ডভুক্ত করা হয়েছে। তারপর ১৯৭২ সালে সিদ্ধার্থশঙ্কর রায় ক্ষমতায় এলেন। ১৯৭৭ সাল পর্যন্ত তারা ক্ষমতায় ছিলেন। এই ৫ বছরে জয়নাল সাহেবও মন্ত্রী ছিলেন। আপনারা কত রেকর্ড করেছিলেন? আপনারা ৫ বছরে মাত্র ১।। লক্ষ একর রেকর্ড করেছিলেন। তারপর আমাদের সরকার আসার পর আগস্ট

১৯৭৭ সাল থেকে ১৯৭৮ সালের মধ্যে ৫০ হাজার বর্গাদার রেকর্ড করা হল। ১৯৭৮-৭৯ সালে ২।। লক্ষ একর জমি রেকর্ড করা হয়, যা আপনারা ৫ বছরে করতে পারেন নি, এক বছরে এটা করা সম্ভব হয়েছে। এখানে বর্গাদারদের নাম নথিভুক্ত করা হয়েছে। আমরা দেখেছি হাইকোর্টে এই জমি নিয়ে বহু মামলা হয়েছে। এখন বহু পাট্টা খারিজ করতে হচ্ছে। ১৫-২০ বিঘা জমির মালিক তাদের নামও রেকর্ড করা হয়েছিল, সেগুলি আমরা উদ্ধার করেছি এবং করে প্রকৃত গরিব ক্ষেতমজুরদের পাট্টা দেওয়া হয়েছে। এই যে এতো বর্গা রেকর্ড হয়েছে তার মধ্যে ২ লক্ষ শিডিউলড কাস্ট এবং ১ লক্ষ শিডিউলড ট্রাইবসদের নাম রেকর্ড করা হয়েছে। আপনারা দেখুন কাদের আমরা জমি দিয়েছি আর আপনারা কাদের জমি দিয়েছিলেন। ভেস্টেড ল্যাণ্ড সম্বন্ধে বলি ২ লক্ষ ইনজাংশন ওনাদের সময়ে রেখে গিয়েছিলেন। এই সরকার আসার পর স্পেশ্যাল সেল তৈরি করে নতুন ল অফিসার নিয়োগ করে কয়েক লক্ষ মামলার নিস্পত্তি করা হয়েছে। আপনারাও স্পেশ্যাল সেল করেছিলেন ল অফিসার নিয়োগ করেছিলেন মিসা করে যাতে করে মানুষদের আটকাতে পারেন তার জন্য। কিন্তু আমরা স্পেশ্যাল সেল করি, ল অফিসার নিয়োগ করি গরিব মানুষদের জমি দেওয়ার জন্য। এই হোল দৃষ্টিভঙ্গির পার্থক্য। ওনাদের সময় যে জমি বেনামি করা হয়েছে এই সরকার সেগুলি উদ্ধার করছে শুধু নয় আমরা লক্ষ্য করছি ৫০৬২৬ একর জমি মার্জিনাল ফারমারদের এই সরকার পাট্টা দিয়েছে। ওনারা দার্জিলিংকে বাদ রাখলেন উত্তরবঙ্গের জমিদার জোতদারদের বাঁচাবার জন্য হিল এরিয়াকে বাদ দিয়ে রাখলেন। এই সরকার আসার পর আইন করে সেই হিল এরিয়ার কয়েক হাজার একর সরকারের হাতে এলো এবং তা গরিবদের মধ্যে বন্টনও করা হয়েছে। ওনারা গ্রীণ রেভলিউশন সবুজ বিপ্লব করেছিলেন। কিন্তু স্যার, যদি ভূমি সংস্কার না করা হয় তাহলে কৃষি সংস্কার হবে কি করে এবং সেখানে সবুজ বিপ্লব করতে গেলে তার মুনাফা সেই জমিদার জোতদাররাই ভোগ করবে। ভূমি সংস্কার করে যদি ক্ষেত মজুরের সংখ্যা না কমানো যায় তাহলে সবুজ বিপ্লব করে গরিব জনসাধারণের কোন উপকার করা যাবে না। আজকে শহরের সম্পত্তি দ্বিগুণ বেড়ে যাচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে এই কথা বলব আজকে গ্রামাঞ্চলে যেমন জমির সীমা নির্ধারণ করা হয়েছে সেই রকম শহরেও সম্পত্তি সীমা নির্ধারণ করে দেওয়া উচিত। শহরে যে জমিদার আছে আইন সংশোধন করে কিভাবে তা করা যায় কিভাবে সীমা নির্ধারণ করা যায় সে সম্বন্ধে একটু চিন্তা ভাবনা তিনি যেন করেন। এটা আমরা জানি দারিদ্র সমস্যার সমাধান এতে হবে না। আজকে যদি সরকারি তত্ত্বাবধানে কোঅপারেটিভ ফার্মিং করতে পারেন তাহলে তার দ্বারা কৃষির প্রভূত উন্নতি হতে পারে। গরিব চাষীরা যাতে কমার্সিয়াল ব্যাঙ্ক থেকে লোন পেতে পারে যাতে কৃষিঋণ পেতে পারে তার ব্যবস্থা আপনি করেছেন। কিন্তু ওনারা যে সব জমিদার জোতদার বড় কৃষক তাদের কৃষি ঋণ দেবার ব্যবস্থা করে দিয়েছিলেন এবং তারা সে টাকা আর ফেরতও দেয়নি এই সুযোগ আপনারা করে দিয়েছিলেন। কিন্তু আজকে যারা প্রান্তিক চাষী এবং মাঝারি চাষী যারা তাদের আজকে ঋণ দেবার ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

[5-25–5-35 P. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা নিবেদন করতে চাই। যে সমস্ত সাধারণ গরিব মানুষের অলাভজনক জোত আছে ৩

বিঘা, ৪ বিঘা, ৫ বিঘা করে তাদের সম্পর্কে বর্গা আইনে একটা সিলিং করার কথা আপনি ভাবুন। আজকে ল্যাণ্ড এজেন্সি করে মধ্যবিত্ত মানুষের জন্য ভাল করেছেন। কিন্তু অলাভজনক যে জোত আছে তাদের জন্য একটা ল্যাণ্ড সিলিং করবেন, এই অনুরোধ করছি। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, অনিলবাবুর বক্তৃতা থেকে এটাই বোঝা যাচ্ছে যে আমাদের হাউসের যাঁরা এম. এল. এ. এবং মন্ত্রীরা আছেন, তাঁদের নামে, তাঁদের ছেলেদের নামে যে জমি আছে তার একটা হিসাব যাতে আপনার কাছে দেয় তার একটা ব্যবস্থা আপনি করে দিন।

**Mr Deputy Speaker :** Your point of order is pointless.

**শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি গতবারেও ভূমি সংস্কার প্রভৃতি বিষয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে এনেছিলেন সেটা সমর্থন করেছিলাম এবং এবারেও সমর্থন করছি। মাননীয় বিনয় চৌধুরীর অধীনে যে ভূমি সংস্কারের কাজ অনেকের চেয়ে তরান্বিত হয়েছে যে বিষয়ে কোন সন্দেহ নেই। সে জন্য তাঁর ব্যয় বরাদ্দকে আমি সমর্থন করতে চাই। সেই সঙ্গে কিছু ত্রুটিবিচ্যুতির কথাও বলতে চাই। উনি যে পরিসংখ্যান দিয়েছেন, তার ভিত্তিতে এবং আমার অভিজ্ঞতার ভিত্তিতে আমি সর্বপ্রথমে এই কথা বলি যে ভূমি সংস্কারের ব্যাপারে অফিসারদের কিছু দায়িত্ব এবং পঞ্চায়েতের কিছু দায়িত্ব দেওয়া হয়েছে, সেটা ঠিক আছে। তবে একটা কথা আমি বারে বারে বলে এসেছি এবং বিনয়দা যে কৃষক সমিতির সভাপতি, তিনি বারে বারে বলেছেন, সেই কথাটা আমি মনে করিয়ে দিতে চাই যে, বিভিন্ন কৃষকদের, ক্ষেতমজুরদের যে গণ সংগঠন আছে, ভূমি সংস্কারের বিভিন্ন বিষয়ে বিভিন্ন স্তরে তাদের সহযোগিতা নেওয়া একান্ত প্রয়োজন এবং আমি অনুরোধ করব যে সরকারের কর্মচারীদের উপর এবং পঞ্চায়েতের উপর যে দায়িত্ব আছে, সেই সঙ্গে বিভিন্ন কৃষক এবং ক্ষেতমজুরদের সংগঠনগুলির সহযোগিতার ব্যাপারও আছে। তিনি যেন এটা খেয়াল রাখেন এবং উপযুক্ত ব্যবস্থা নেন। ভূমি সংস্কারের মধ্যে যে কাজটা সব চেয়ে বেশি এই সময়ের মধ্যে এগিয়ে গেছে সেটা হচ্ছে বর্গা রেকর্ড। বর্গা আইন ২৬ বছর ধরে আছে। আমার মনে আছে এস্টেট অ্যাকুলাইজিশন আইন যখন পাস হয় এবং ভূমি সংস্কার আইন পাস হওয়ার পরে ১৯৫৭-৫৮ সালে আমাদের অবিভক্ত কৃষকসভা বিরাট আন্দোলন সারা পশ্চিমবাংলায় করেছিল। যার ফলে কয়েক লক্ষ বর্গাদারের নাম রেকর্ড হয়েছে। তারপর দেখা গেল যে অনেকের বিরুদ্ধে মামলা করে উচ্ছেদ করা হয়েছে। বর্গা রেকর্ড করা সম্পর্কে আইন যদি কংগ্রেস আমলে থেকে থাকে তাহলে সেই রেকর্ড করা উচিত, তার বিরোধিতা করা উচিত নয়। তবে এই রকম অভিযোগ যদি থাকে যে জমিতে বর্গা ছিলনা সেই জমিতে বর্গা রেকর্ড হয়েছে, অথবা যে বর্গায় ছিল তার নামে না হয়ে অন্য নামে হয়েছে—সেই অভিযোগ থাকলে, সেখানে গ্রামের সমস্ত লোককে ডেকে ঠিক করা যেতে পারে যে কোনটা ভুল, আর কোনটা ঠিক। শাক দিয়ে যেমন মাছ চাপা দেওয়া যায় না, তেমনি এরকম ধরনের কিছু ত্রুটিবিচ্যুতি দিয়ে আসল যে ঘটনা ঘটছে তাকে চাপা দেওয়া উচিত নয়। আসল ঘটনা হচ্ছে যে, যাদের আগেই নাম রেকর্ড হওয়া উচিত ছিল সেই সমস্ত

অনেক বর্গাদারের নাম এই দুবছরের মধ্যে রেকর্ড হয়েছে। আমার মনে আছে বিগত আইনসভায় কংগ্রেসের যিনি ভূমিরাজস্ব মন্ত্রী ছিলেন, শ্রী গুরুপদ খাঁন, তিনি স্বীকার করেছিলেন, আমাদের কাছে ডেপুটেশনে স্বীকার করেছিলেন, পাবলিকলি দাঁড়িয়ে হুগলিতে এক জায়গায় তিনি স্বীকার করেছিলেন এবং খবরের কাগজেও বেরিয়েছিল যে, আমরা রেকর্ড করতে চাই, পারছি না। কেন পারছি না? না, ওরা ভয় পায় যে, ওদের বিরুদ্ধে মিথ্যা মামলা হবে, হয়রানি হবে, ওরা যেসব সুযোগ সুবিধা টাকা পয়সা ধার ইত্যাদি পায়, সেগুলি বন্ধ হয়ে যাবে। তাহলে আজকে সর্বাগ্রে বর্তমান গভর্নমেন্ট এবং মন্ত্রীর প্রশংসা করা উচিত যে, সেই পরিবেশ নিশ্চয়ই তাঁরা বদলিয়েছেন। সেই পরিবেশ না বদলালে এত বর্গাদার তাদের নাম রেকর্ড করালো কি করে? ভুলত্রুটি সত্ত্বেও এটা হয়েছে। দু'চারটে ভুলত্রুটি থাকতে পারে। তবে থাকা উচিত নয় এবং সেগুলির সংশোধন হওয়া উচিত। কিন্তু আসল কথা পরিবেশ বদলিয়েছে এবং এর জন্য লক্ষ লক্ষ বর্গাদার তাদের নাম রেকর্ড করতে পেরেছে।

কিন্তু আমি বলব ১৯৭১ সালের যে আদমসুমারীর রিপোর্ট সেই রিপোর্টকে ভিত্তি করে কত বর্গাদার বেড়েছে, কত কমেছে এই সমস্ত যদি ধরা যায় তাহলে দেখা যাবে যে, অধিকাংশ বর্গাদারের নাম রেকর্ড হয়নি। সংখ্যাতত্ত্বর দিক থেকে এটাই প্রমাণ হয়। সুতরাং বর্গাদারদের নাম রেকর্ড করানোর কাজ আরো তরান্বিত হওয়া উচিত, আরো দ্রুত গতিতে করা উচিত। অনেক ক্ষেত্রে চাষী উচ্ছেদ হচ্ছে বর্গাদার রেকর্ড না থাকার ফলে। বর্গা রেকর্ড না থাকার ফলে এই রাজত্বে এখনো কিছু কিছু ক্ষেত্রে পুলিশ জোতদারদের চাষীকে উচ্ছেদ করতে সাহায্য করছে। পঃ দিনাজপুরের একটা ঘটনার কথা ইতিপূর্বে গভর্নরের স্পিচের উপর বক্তৃতা রাখার সময় আমি উল্লেখ করেছিলাম। গঙ্গারামপুরে রেকর্ডেড বর্গাদারের বিরুদ্ধে পুলিশ মালিককে সাহায্য করেছে এবং সেখানে যে তিনটি বামপন্থী দল আছে, আর. এস. পি, সি. পি. আই. (এম) এবং সি. পি. আই তিনজনেই বর্গাদারের পক্ষ অবলম্বন করেছে। তা সত্ত্বেও পুলিশ জোর করে বর্গাদারের বিরোধিতা করেছে এবং তার বিরুদ্ধে মিথ্যা মামলা করেছে। এরকম কিছু কিছু ঘটনা দেখেছি। এখন আবার সেই ঘটনা বাড়বে। দিল্লিতে শ্রীমতী গান্ধীর গভর্নমেন্ট হওয়ার পর পুলিশের অনেকে হয়তো ভাবছে যে, এখন আমরা জমিদারদের একটু সাহায্য করলেও বিশেষ কিছু হবে না।

যাই হোক একটা কথা হচ্ছে, আরো বেশি বর্গাদারের নাম রেকর্ড হওয়া দরকার এবং এই সূত্রে আমি আর একটা কথা বলি যে, শুধু জরিপের কাজই নয়,—জরিপের কাজ নিশ্চয়ই হবে, জরিপের আরো কাজ আছে—আমি জমি বন্টনের কথা বলব। জমি বন্টনের ব্যাপারে আমরা পরিসংখ্যান থেকে দেখছি যে, সরকার যে জমির দখল নিয়েছেন, যে জমি আদালতে আটকে নেই, সেই জমির ভিতরে ৪ লক্ষ একর জমি এখনো বন্টন করা হয়নি। আমি অবশ্য এটা পরিসংখ্যান থেকে দেখছি, এর মধ্যে কতটা ঠিক এবং কতটা ভুল তা আমি জানি না। কিন্তু এটা সাংঘাতিক কথা। সেই জমি দ্রুত গতিতে বন্টিত হওয়া উচিত। তখনকার যারা ভূমিহীন তাদের অগ্রাধিকার দিয়ে বাকি সব ভূমিহীনদের মধ্যে সেই জমি যথা সম্ভব বন্টন করা উচিত।

এই সূত্রে আমি আর একটা কথা বলব যে, ভূমি সংস্কার আইন সংশোধন হওয়ার পর সারপ্লাস ল্যান্ড বা বাড়তি জমি যে—ভাগচাষী আছে এক হেক্টর পর্যন্ত সে জমির রায়ত

পাবে বলে আইনে আছে। সেই আইনের এখনো সংশোধন হয়নি। সুতরাং সেই আইন অনুসারে যারা ইতিমধ্যে এক হেক্টর পর্যন্ত জমি পেয়েছে তাদের জমি কেড়ে নেওয়া উচিত নয়। আপনি এক একর করার যে নির্দেশ দিয়েছেন সে নির্দেশ ঠিক আছে, সেটা অন্যান্য জমির ব্যাপারে প্রয়োগ করা উচিত এবং ভবিষ্যতেও প্রয়োগ করা উচিত। কিন্তু ঐ আইন অনুসারে যারা ইতিমধ্যে পেয়ে গেছে এক হেক্টর জমি, তাদের কাছ থেকে সেই জমি কেড়ে নেওয়া উচিত হবে না।

সেই সূত্রে জরিপের ব্যাপারে আমি বলতে চাই যে, কিছু কিছু এমন জমি উদ্ধার হয়েছে যে, সেটা খুবই ভাল হয়েছে। কিন্তু এখনো অনেক আছে। খুবই দুঃখের কথা যে, আপনি জানেন মুখার্জি—মৈত্র কমিশন বলে একটা কমিশন হয়েছিল, আমি সেটা পরিচালনা করেছিলাম এবং তখন গোপালপুরে গোপাল গুহের জমি সম্বন্ধে তদন্ত করতে গিয়েছিলাম। আমরা তদন্তে তার ৫০০ বিঘা জমি পেয়েছিলাম।

[5-35–5-45 P.M.]

কিন্তু আমি দেখেছিলাম তার আশেপাশে আরোও যে সমস্ত জোতদার জমিদার আছে তাদের অন্তত ১০ থেকে ১৫ হাজার জমি ওখানে আছে। সেই জমি এখনও পর্যন্ত উদ্ধার হয়নি। এই গোপাল গুহর নামে অনেক মামলা হয়েছে, হাইকোর্ট হয়েছে, হাইকোর্ট রায়ও দিয়েছে, জমির যে ধরণ সেটেলমেন্ট বদলানো হয়েছে—মেছোঘেরি বলা হয়েছে সেগুলি চাষের জমি বলা হয়েছে—সেটা হাইকোর্ট নাকচ করেনি। হাইকোর্ট বলেছেন আর একবার সুযোগ দিয়ে করা হোক—সেটা করা উচিত—সেই জমি দখল নেওয়া উচিত এবং দখল নিয়ে সেখানকার ভূমিহীনদের মধ্যে বন্টন করা উচিত। আশেপাশের জমির কথা বলতে পারি—এই মেছোঘেরির নাম করে গোবেরিয়ায় একটা আন্দোলন হয়েছে সেই আন্দোলনকে কেন্দ্র করে কত লোক জেলে গেছে, কত লোক মারা গেছে তার ইয়ত্তা নাই। এখনও পর্যন্ত ১০ হাজার বিঘা জমি সেটা হয়তো আরোও বেড়েছে আরোও বাড়িয়ে দেওয়া হয়েছে সেই জমি ওখানে রয়েছে। সেখানে সেটেলমেন্ট অপারেশনকে ত্বারান্বিত করার যে প্রয়োজন সেটা আমি উল্লেখ করতে চাই বিশেষ করে ধরুন—এখানে এইযে মৎস্যজীবীরা মিছিল নিয়ে এসেছেন—তারা বলছেন—আমি জানি না কংগ্রেস গভর্নমেন্টের সময়ে এই রকম অর্ডার ছিল সেটা এখনও বদলানো হয়নি। আমি শুনলাম—আমি জানতাম না যদি আংশিক কোন জলাশয় গভর্নমেন্ট ভেস্ট করে থাকে তাহলে যে মালিক সেই মালিককে বন্দোবস্ত দেওয়া হবে যাতে সেটা ব্যবহার করতে পারে। আমার মনে হয় এটা বদলানো উচিত, বাকিটা অ্যাকুয়ার করা উচিত এবং সেটা মৎস্যজীবীদের মধ্যেই হোক বা দরিদ্র যারা কৃষক আছেন তাদের মধ্যেই হোক কিম্বা কো-অপারেটিভ করে দেওয়া উচিত। তাছাড়া আরও বহু জমি বহুভাবে লুকিয়ে রয়েছে সেগুলি উদ্ধার করা উচিত এবং এই সেটেলমেন্ট অপারেশনের সময়ে বর্গা রেকর্ডের বিরুদ্ধে যারা জমি পেল, যারা পাট্টা পেল সেই পাট্টা রেকর্ডেড হওয়া উচিত। যারা ঘর পেল, যারা বাস্তু পেল সেই বাস্তু রেকর্ডেড হওয়া উচিত। তাছাড়া আর একটি কথা বলছি, জয়নাল সাহেবের সব কথার সঙ্গে আমি একমত নই তবে একটা কথার সঙ্গে একমত আছি সেটা হচ্ছে সকলের ব্যবহার বলে যে সমস্ত জায়গা আছে সে রাস্তাঘাট বলুন, সে জল ব্যবহার করবার সুযোগই বলুন এই সমস্তগুলি ঠিকমত রেকর্ডেড হওয়া উচিত। সর্ব সাধারণের

ব্যবহারের যে জিনিসগুলি সেই জিনিসগুলি পয়সা দিয়ে লোকে নিয়ে নেবে আর লোকেরা ব্যবহার করতে পারবে না এই জিনিস যাতে না ঘটে সেটা দেখবার জন্য আমি অনুরোধ করব। সেই সঙ্গে সঙ্গে আর একটি কথা বলব, সেটা হচ্ছে, বাস্তুর যে ফিগার দিয়েছেন তাতে দেখছি, ৪১ হাজার লোককে বাস্তু দেওয়া হয়েছে কিন্তু আমাদের দেশে বাস্তুহীনের সংখ্যা তার থেকে অনেক বেশি। সুতরাং এইভাবে কাজ ধীরে ধীরে চলা উচিত নয় তেমনি আবার ল্যান্ড অ্যালিনেশন অ্যাক্ট অনুসারে রেস্টোরেশনের দিক থেকে সেখানে যে ফিগার দেওয়া হয়েছে তা শোচনীয় ফিগার। ২ লক্ষ দরখাস্ত হয়েছে, ১ হাজারের কম বিচার হয়েছে, ১৪ হাজার ফেভারে বিচার হয়েছে আর মাত্র ৫ হাজার ফেরত হয়েছে। এই সমস্ত কিভাবে হচ্ছে, কিভাবে বিচার হচ্ছে তা আমি জানিনা এগুলি সম্বন্ধে নজর রাখার দরকার। এ ছাড়া পুরানো মামলা সম্বন্ধে আর একটি কথা বলব, যে সমস্ত চাষীদের বিরুদ্ধে অন্যায়ভাবে মামলা হয়েছিল ভূমি সংস্কার আন্দোলনের ক্ষেত্রে সেগুলি প্রত্যাহার করার ব্যাপারে গভর্নমেন্ট ব্যবস্থা গ্রহণ করেছেন—এটা খুব ভাল ব্যবস্থা করেছেন কিন্তু সম্প্রতিকালে দেখা যাচ্ছে রেকর্ডেড চাষীদের বিরুদ্ধে পুলিশ মামলা করে দিচ্ছে এগুলি প্রত্যাহার করার ব্যবস্থা গভর্নমেন্টকে নেওয়া উচিত। আমি আর একটি কথা বলি সেটা জমির সম্বন্ধে নয় সেটা ঋণের সম্বন্ধে। ১৯৭৩-৭৪ সাল থেকে ১৯৭৫-৭৬ সাল পর্যন্ত যে ঋণ—সেই সময়ে কৃষকদের খুব কষ্ট হয়েছিল, কৃষকদের ফসল নষ্ট হয়েছিল, খরা হয়েছে, দুর্ভিক্ষের মতন অবস্থা সৃষ্টি হয়েছিল—সেই সময়ে জোর-জবরদস্তি করে—তখন এমারজেন্সি ছিল—ঋণ আদায় করবার জন্য ইন্দিরা গান্ধী সার্কুলার দিয়েছিলেন সমস্ত গভর্নমেন্টকে ফিনানসিয়াল ডিসিপ্লিনের নাম করে জোর করে আদায় কর। সেই সময়ে অনেক অত্যাচার হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত নোটিশ দিচ্ছে—আমি অবশ্য হাতে করে নোটিশ আনিনি—আগে এনেছিলাম—আজকে আনিনি।

এগুলি সম্বন্ধে কৃষকরা দাবি করেছিল যে যারা খুব গরিব তাঁদের ক্ষেত্রে খাজনা মকুব করা হোক এবং বাকিদের ক্ষেত্রে সুদ ছাড় দিয়ে খাজনা কিস্তিবন্দী করা হোক। আশাকরি এ বিষয়ে একটা ব্যবস্থা করা হবে। সম্প্রতি যে বন্যা ও খরা হয়ে গেল তাতে খাজনা ছাড় হবে এবং ঋণ সম্বন্ধে একটা ব্যবস্থা হবে। কিন্তু এটা কার্যকরি করার জন্য কি ব্যবস্থা হয়েছে তা জানিনা, এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা উচিত। বিগত যুক্তফ্রন্ট সরকারের সময় এবং এই সরকারের সময় কৃষকরা খুব উৎসাহিত বোধ করছে এবং ভূমি সংস্কারের কাজ ত্বরান্বিত হচ্ছে। তাই বলতে চাই যে যদি যৌথভাবে কৃষক আন্দোলন হয় তাহলে শুধু সরকারি আইন বা প্রশাসন যন্ত্র দিয়ে যেখানে ভূমি সংস্কারকে কার্যকরি করা যাচ্ছে না সেখানে ঐভাবে তাকে কার্যকরি করা যাবে। তাই আশা করব বিভিন্ন কৃষক সমিতির সহযোগিতা গ্রহণ করা হোক এবং তাদের যৌথ আন্দোলনে উৎসাহিত করা হোক। ১৯৫৪-৫৫ সালে এই আইন পাশ হয়েছে তারপর একটু একটু করে ভূমি সংস্কার হচ্ছে। এইভাবে যদি চলে তাহলে সামাজিক ক্ষেত্রে তার কি মূল্য থাকবে তা জানিনা। ভূমিসংস্কার মানে এই নয় যে যার জমি নেই তাকে জমি দেওয়া বা কিছু বাড়তি জমি উদ্ধার করা। সুতরাং গ্রামাঞ্চলে যদি স্থায়ী কোন কিছুর মূল্য দিতে হয় তাহলে সামাজিক অর্থনৈতিক একটা পরিবর্তন নিয়ে আসা উচিত। সুতরাং এক্ষেত্রে আপনাদের একটা টারগেট করা উচিত যে এই সময়ের মধ্যে বর্গা রেকর্ড শেষ করব, সারপ্লাস জমি বার করব, এবং এই বিষয়ে সকলের সহযোগিতা গ্রহণ

করব এবং ন্যায্য অভিযোগ থাকলে তার প্রতিকার করব। আপনি একটা আইন আনবেন সেটা খুব ভালই হবে যে, যেসব ছোট ছোট জমির মালিক তারা বর্গা রেকর্ড হয়ে গেছে তারা যদি কোন অসুবিধায় পড়ে জমি বিক্রয় করে তাহলে সরকার সেটা নিয়ে নেবে। এই উপলক্ষে গভর্নমেন্টের বিরুদ্ধে প্রতিক্রিয়াশীল শক্তি যা আছে তাদের হাত থেকে অস্ত্র কেড়ে নেওয়া হবে। কিন্তু এই আইনটা যদি তাড়াতাড়ি পাশ করাতে পারেন তাহলে ভালই হবে এবং বর্গারেকর্ডের ক্ষেত্রে যে বাধা তা কিছুটা কম হবে। আমার প্রস্তাব যা, তা তাড়াতাড়ি করবার জন্য অনুরোধ জানিয়ে আপনাকে সমর্থন করে আমি শেষ করছি।

[5-45 — 5-55 P.M.]

**শ্রী শিবনাথ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে কয়েকটি কথা বলেছেন তার উপর কয়েকটি বিষয়ে গুরুত্ব দেওয়া উচিত। জমির যে উর্ধ সীমা আছে তার উপর যে বেশি জমি সেই জমি সরকার নিয়ে নেবার জন্য প্রচেষ্টা রেখেছেন, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যারা বড় বড় জোতদার, বিভিন্ন জায়গায় হাজার হাজার বিঘা জমি রেখে দিয়েছে তাদের গায়ে এখনও পর্যন্ত আঁচড় পড়ছে না, অথচ ছোট ছোট জোতদার তাদের ১০-১৫ বিঘা জমি আছে তাদের কাছ থেকেই জমি নেবার প্রবণতাটা খুব বেশি। ৫৩ হাজারের মতো উদ্বৃত্ত জমি সংগ্রহ করা হয়েছে কিন্তু আমি বলব এটা খুবই সামান্য। একমাত্র ২৪ পরগনা থেকেই এক-দেড় লক্ষ উদ্বৃত্ত জমি সংগ্রহ করা যায়, কিন্তু সেদিকে সরকারের কোন লক্ষ্য নেই, এর ফলে সরকারের যে উদ্দেশ্য কার্যকরি হতে পারছে না, তারপর অপারেশন বর্গার উপর খুব বেশি জোর দেওয়া হয়েছে। আক্ষরিক ক্ষেত্রে কথাটার মানে হচ্ছে বর্গাদের অপারেশন করা হয়েছে, তাদের মারা হচ্ছে এবং সরকারি দলের দুষ্ট শকুনরা তা খাচ্ছে, অর্থাৎ প্রকৃত বর্গা উচ্ছেদ হয়ে যাচ্ছে এবং যারা কোনদিন জমি চাষ করেনি ক্ষেত মজুর ভূমিহীন তাদের দলবদ্ধ করে কে. জি. ও.-র কাছে নিয়ে গিয়ে বলা হচ্ছে ও বর্গা নয়, এইভাবে আমরা দেখছি ১০-১৫ জন বর্গাকে নিয়ে গিয়ে এই কাজ হচ্ছে। এর ফলে আসল যে বর্গা যার পক্ষে কোন সাক্ষী সাবুদ নেই সত্যি কথা বলতে গেলে তার উপরই অত্যাচার হচ্ছে। এর পরিপ্রেক্ষিতে আসল বর্গাদার উচ্ছেদ হচ্ছে এবং নকল বর্গাদার সৃষ্টি হচ্ছে। এটা যদি অপারেশন বর্গা বলে ধরা হয় এবং সেই হিসাবের ভিত্তিতে যদি বলেন যে আমরা এত সংখ্যক বর্গাদারকে প্রতিষ্ঠিত করতে পেরেছি, তাহলে সেটা ঠিক নয়। মেদিনীপুর জেলায় যেটাকে আগাম খাজনা বলে তাতে কেউ হয়তো কোন রকম অসুবিধায় পড়ে গিয়ে একবছরের জন্য জমিটা কাউকে দিয়ে টাকা নিলেন কিন্তু তাকেই বর্গা বলে প্রতিষ্ঠিত করা হল এমনও দেখা গেছে ১০ বিঘা জমির মালিক তার উপর বর্গাদার প্রতিষ্ঠিত হয়েছে।

তার উপর যদি বর্গাদার থাকে তাহলে তিনি নিজে বাঁচবেন কি করে? এই দিকে সরকারের দৃষ্টি নেই, শুধু বর্গাদার করতে পারলেই হল। শতকরা ৮০ ভাগ ক্ষেত্রে দেখা যাচ্ছে ছোট জোতের মালিকের উপর বর্গাদার হচ্ছে, বড় জোতের মালিকের উপর বর্গা হচ্ছে না, কারণ, তারা রাজনৈতিক নেতাদের সহানুভূতি লাভ করতে পেরেছেন। এই যে খাজনা নির্দিষ্ট করা হয়েছে এই খাজনা আর এক দিক থেকে শোষণ। এ যে কি সাংঘাতিক অবস্থা করে তুলেছে সেটা যারা নিজেরা ভোগ করছে তারা ছাড়া কারোর বোঝা সম্ভব নয়। এক একর জমির উৎপাদন যত হারে হয়, বিভিন্ন স্থানে বিভিন্ন জমির মূল্য কোথাও ২ হাজার কোথাও ১০ হাজার, এই যে মূল্যের পরিপ্রেক্ষিতে খাজনা নির্ধারণ হচ্ছে এতে কেউ ৬ টাকা

খাজনা দিচ্ছে, কেউ দিচ্ছে ৯০ টাকা, এই যে বিরাট ফারাক এটাকে দূর করা দরকার। এটাকে নির্যাতন ছাড়া আর কিছু বলা যেতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র জমির মালিকরা তাদের জমি বর্গাদারি প্রথায় চাষআবাদ করার জন্য অভাবগ্রস্ত হচ্ছে, অভাবগ্রস্ত হওয়ার জন্য তাকে জমি বিক্রি করতে হচ্ছে। সেই জমি যেই কিনুক না কেন ক্ষুদ্র চাষীকে, যে ২ বিঘা বা ১০ কাঠা জমির মালিক, যদি সেই জমিকে অভাবের জন্য বিক্রি করতে হয় তাহলে সে ভূমিহীন হয়ে গেল। তাহলে কি আবার সেই ভূমিহীনদের জন্য ব্যবস্থা রাখতে চান? সেজন্য জমির সিলিং করে দিন যার উপর বর্গাদার থাকবে না, যার উপর চাষ আবাদ করে সে খেতে পারবে। এখানে বলা হয়েছে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত ব্যাপারে। হলদিয়া বন্দর, শিল্প স্থাপনের ক্ষেত্রে ভূমি অধিগ্রহণ করা হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই, আমি সত্য ঘটনা উদ্ঘাটন করতে চাই, যেটা হয় সরকার গোপন রেখেছেন, না হয় নিজেরা জানেন কিনা জানি না, হলদিয়ায় পেট্রো কেমিক্যালের জন্য যে জায়গা নেওয়া হয়েছে বলে ঘোষণা করা হয়েছে এবং সেখানে কাজ শুরু হয়ে গেছে, ১৯৮৩ সালের মধ্যে কমপ্লিট হবে, সেখানে আজ পর্যন্ত জমির কোন দাম নির্দিষ্ট হয়নি, অথচ জমি নেওয়া হয়ে গেল। এ কি অদ্ভুত প্রচার আমি বুঝতে পারছি না। এই প্রচার করে লাভ কি? এখনও রেট নির্দিষ্ট করতে পারেননি, জমি অধিগ্রহণ করলেন। যারা জমির মালিক তারা হামলা করছে, কালেক্টর যখন যাচ্ছেন তখন তাঁকে ঘেরাও করে লিখে নিয়েছেন যে আপনি আমাদের জমি নিচ্ছেন না, আমরা উভয় সংকটের মাঝখানে পড়েছি, হয় আমাদের জমি নিন, না হয় বলে দিন যে আমরা নেব না। সেই বিষয়ে সরকার কোন সিদ্ধান্ত নিতে পারেননি। হলদিয়ায় বিভিন্ন প্রকল্পের জন্য যে জমিজায়গা নেওয়ার কথা সে ক্ষেত্রে সরকার এগোতে পারেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শহরে জমির উর্ধ সীমা যেটা করা হয়েছে এই উর্ধ সীমার অতিরিক্ত যে জায়গা সেই জায়গা সরকার অধিগ্রহণ করবেন নোটিশ দিচ্ছেন। কিন্তু সেটার পরিমাণ বোধ হয় খুব কম। আমি একটা ঘটনা উল্লেখ করছি মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য সেটা হচ্ছে মানিকতলায় কার্তিকচন্দ্র দাস এবং রাধানাথ দাস যিনি লীগ মিনিস্ট্রির মন্ত্রী ছিলেন এবং মনমোহন দাস যিনি উপমন্ত্রী ছিলেন সেন্ট্রালে, তাঁর শ্বশুরের ৪০ বিঘার একটা এরিয়া, সেই জায়গাটা তিনি নিজে দিতে চেয়েছেন সরকারকে, সরকার কিন্তু নিচ্ছেন না। কেন নিচ্ছেন না, সেখানে কিছু সংখ্যক লোক বসবাস করছে এবং এটা জবর দখলের যাতে ব্যবস্থা করে দেওয়া যায় তার চেষ্টা হচ্ছে। সরকারের একটা আইন আছে, সেই আইনকে অমান্য করে যারা জবর দখল করে থাকবে তাদের সহযোগিতা করবেন সরকার। এটা যদি হয়ে থাকে তাহলে বেআইনি কাজকে প্রশ্রয় দেওয়া এটা সরকারি কাজ হয়ে দাঁড়াচ্ছে। আরো বহু লোক যাদের উদ্বৃত্ত জমি আছে তাঁরা সরকারকে সেই জমি তুলে দিতে চান, আপনারা তাঁদের কাছ থেকে নিয়ে নিতে পারেন।

[5-55–6-05 P. M.]

এছাড়া যারা জমিকে কৌশলে রাখতে চান তাঁরা কো-অপারেটিভ করেছেন এবং আপনি তাঁদের সুযোগ দিয়েছেন। তাঁরা নিজেদের লোক নিয়ে কো-অপারেটিভ করেছেন এবং বড় বড় বাড়ি তৈরি করেছেন। দুঃখের বিষয় আপনি সেখানে কিছু করছেন না। এতে দেখা যাচ্ছে যাদের প্রচুর টাকা আছে তারা যাতে আরও টাকা বাড়াতে পারে সেই চেষ্টা করছে। আপনি

আইনের মধ্যে যে ফাঁক রেখেছেন সেটা বেদনাদায়ক। তারপর, দেখলাম আপনি বিক্রি বন্ধ করেছেন, অর্থাৎ যাদের বেশি বেশি জমি রয়েছে আপনি সেটা বিক্রি বন্ধ করে দিয়েছেন। কিন্তু এর ফলে দেখছি যাদের ৫-৭ বিঘা জমি রয়েছে তারা সেগুলি বিক্রি করতে পারছে না এবং সেই সমস্ত জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে যে সমস্ত ত্রুটি বিচ্যুতিগুলি উত্থাপন করলাম সেগুলি যাতে সংশোধন করা হয় এই আবেদন রেখে মন্ত্রী মহাশয়ের বাজেট সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী নাথানিয়াল মুর্মু :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ভূমি এবং ভূমি সংস্কারের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এনেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলব। বিরোধী দলের সদস্যরা এখানে নেই কাজেই তাঁদের সমালোচনার উত্তর দেবার দরকার নেই। এবং মনে হয় তাঁরা শুনতেও চাননা। আমরা অবশ্য এখানে কংগ্রেস (আই) কেই মূল বিরোধী শক্তি হিসাবে ভাবি। আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি কারণ তিনি যে সুন্দর বাজেট বিবৃতি রেখেছেন সেটা ইতিপূর্বে কোন অধিবেশনে আমরা কখনও দেখিনি। আমার একথা বলার অর্থ হচ্ছে তিনি অকপটে তাঁর ত্রুটি বিচ্যুতি এবং অক্ষমতা স্বীকার করেছেন এবং কোনটা করতে পেরেছেন সেটাও খুব সুন্দরভাবে বলেছেন। এই ভূমি সংস্কার সম্পর্কে তিনি একটা বিরাট প্রতিশ্রুতি আমাদের কাছে রেখেছিলেন যে ভূমি সংক্রান্ত বিষয় যতরকম আইন কানুন এখানে ওখানে ছড়িয়ে আছে সেগুলিকে একসঙ্গে করে একটা কমপ্রিহেনসিভ আইন তৈরি করবেন। এরজন্য আমি পশ্চিমবাংলার কৃষক আন্দোলনের সঙ্গে আমরা যারা যুক্ত আছি তাদের সকলের তরফ থেকে মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। আমি মনে করি এই আইন প্রণয়ন করতে গিয়ে তিনি নিশ্চয়ই অনেকরকম চেষ্টা করবেন এবং সকলের কাছ থেকে তথ্য সংগ্রহ করবেন। আমি এই বিষয় কয়েকটি সাজেসনস্ তাঁর কাছে রাখতে চাই। তবে এগুলি রাখার আগে এই ভূমি সংক্রান্ত কিছু কিছু বিষয় যেগুলি তিনি তাঁর বিবৃতির মধ্যে রাখেননি অথচ যেগুলি আমাদের জানা দরকার আমি সেই কথাগুলি তাঁর কাছে নিবেদন করব এবং আশা করব তিনি যখন উত্তর দেবেন তখন এ সম্পর্কে আমাদের কাছে বলবেন। সম্প্রতি যে আইন পাস হয়েছে তাতে জমির সিলিং কমান হয়েছে অর্থাৎ একটি বড় পরিবার ৫ জন ধরা হয়েছে এবং সেখানে সিলিং ৫১ বিঘা করা হয়েছে। কিন্তু আপনাকে জানাচ্ছি সেই সিলিং অনুযায়ী জমি ধরার শুরু হয়নি এবং এমন কি কোথাও কোথাও সেটা চালু হওয়া দূরের কথা, তার হিসেব পর্যন্ত করা হয়নি। এটা কতদূর কি হয়েছে - এই সিলিং অনুযায়ী সরকারের কাছে জমি এসেছে কি না? এ সম্বন্ধে সুনিশ্চিত ব্যবস্থা করা হচ্ছে কিনা সেটা যেন তিনি আমাদের এখানে বলেন। কারণ আমি মনে করি যে নতুন সিলিং যদি একটু তাড়াতাড়ি করা যায় তাহলে সরকারের হাতে আরও কিছু উৎবৃত্ত জমি ভাগ করে দেওয়া যাবে। দুই নম্বর হচ্ছে একটু অস্পষ্টতা আছে সেটা হচ্ছে তিনি তার ৬ নম্বর প্যারাগ্রাফে যে কথা বলেছেন মাননীয় সদস্য নন্দীপ বাবুও সেকথার উল্লেখ করেছেন, আমি তার পুনরুল্লেখ করবনা। কৃষির মূল উদ্দেশ্য হচ্ছে কৃষি উৎপাদন, কৃষি এবং কৃষকদের অর্থনৈতিক জীবনে একটা স্থায়িত্ব আনা। কিন্তু এখানে যা আছে তাতে অর্থের কিছু অসামঞ্জস্য লক্ষ্য করছি। সেটা হচ্ছে যে ভূমি বন্টনের ক্ষেত্রে কিছুদিন আগে যে আইনটি ছিল - ভূমিহীন

চাষীকে এক হেক্টর পর্যন্ত জমি দেওয়া যাবে। এ ক্ষেত্রে নতুন যে আইন তাতে ভূমিহীন চাষীদের মাত্র ১ একর জমি দেওয়া যাবে। তার বেশি জমি পাবার কোন সুযোগ নেই। আমরা বুঝতে পাচ্ছিনা একটা ভূমিহীন চাষী গড় পরিবারের সংখ্যা যদি ৫ ধরা হয় তাহলে সেই ১ একর জমি নিয়ে কি করে ইকনমিক হোল্ডিং তো দূরের কথা সে কি করে উৎপাদন বাড়াবে বা সে কি করে তার সাংসারিক অবস্থার পরিবর্তন আনবে? মাননীয় সদস্য বিশ্বনাথবাবু তিনি উল্লেখ করেছিলেন এই নূতন নির্দেশ দেবার পর বহু জায়গায় জমি বন্টন বন্ধ হয়ে গিয়েছে। কৃষকদের মধ্যে বিক্ষোভ আছে কারণ ১ একর করে জমি দিলে সে কিছুই করতে পারবেনা। আপনি যে নূতন পরিকল্পনা করেছেন যে ব্যাঙ্ক থেকে ভূমিহীন চাষীদের - বর্গাচাষীদের সাহায্য দেওয়া হবে - এটা যদি চালু হয় তাহলেও তাদের ইকনমিক হোল্ডিং হচ্ছেনা। ভূমিহীন চাষীদের যদি আগের মত ১ হেক্টর করে জমি দেবার ব্যবস্থা করেন তাহলে সত্যিকারের কিছু কাজ হতে পারে। দ্বিতীয় কথা - ইনজাংশান যেটা হাইকোর্ট থেকে হয়েছে সেটার পরিমাণ ১ লক্ষ ৬৪ হাজার ৯৩৩ একর, এই জমি সম্পর্কে অনেকরকম গোলমাল দেখা যাচ্ছে। ইনজাংশানের আগে অনেক জায়গায় চাষীদের চাষবাস ছিল এবং চাষবাস করার পরে ইনজাংশান হয়েছে। ফসল যখন বোনা হয়েছে তারপর ইনজাংশন দেওয়া হয়েছে। পুলিসের নির্দেশ আসে যে ফসল কাটার ব্যাপারে তারা যাবেনা এবং হাইকোর্টের নির্দেশ ও তাদের অমান্য করার ক্ষমতা নাই। পুলিসের বড় কর্তারা বলেন নির্দেশ অনুসারে কাজ করতে হবে। কিন্তু দরিদ্র কৃষকেরা তারা তাদের দখল ছাড়তে পারেনা কারণ ফসল তারা বুনেছে। সুতরাং এ ক্ষেত্রে আমাদের কৃষক আমাদের সরকার - আমাদের পুলিশ হাইকোর্টের ইনজাংশান অনুযায়ী সেখানে যে সংঘর্ষ হচ্ছে এ সম্বন্ধে একটু চিন্তা করার দরকার আছে। এই ইনজাংশানের ফয়সালা কতদিনের মধ্যে হবে? এই সম্বন্ধে আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ আলোচনা করেছেন কি না? ২২৬ ধারার সংশোধন না করে এটার ফয়সালা হওয়া খুব মুশকিল। কেন্দ্রের বিগত সরকার তারা বলেছিলেন যে করবেন। ইন্দিরা গান্ধী আগেও বলেছিলেন যে ওঁরা করবেন। কিন্তু এখন করবেন কিনা আমরা জানিনা। আমরা দাবি করি অন্তত ভূমি সংস্কারের ক্ষেত্রে - ভূমি সংস্কারের সাফল্য মন্ডিত করতে পশ্চিমবঙ্গ সরকার ২২৬ ধারা সংশোধন যেভাবে হোক করার চেষ্টা করবেন। মাননীয় মন্ত্রী যদি এ সম্পর্কে কিছু করে থাকেন তাহলে আমাদের নিশ্চয়ই বলবেন। আমি দিল্লিতে গিয়ে তিনি দরবার করেছেন বলে শুনেছি। সে সম্বন্ধে যদি কিছু আলোকপাত করেন তাহলে আমরা খুশি হব। আর একটা কথা হচ্ছে, সেটা আমি গত বছরেও বলেছিলাম, ভূমি উপদেষ্টা কমিটিতে ভূমি বন্টন যারা করেন, এরা পঞ্চায়েতের লোক। পঞ্চায়েতে কারা নির্বাচিত হয়েছে? আপনি নিশ্চয় জানেন, এরা গরিব লোক। কিন্তু ভূমি উপদেষ্টা কমিটির কাজ করতে তাদের এত কাজ করতে হয় যে তারা তাদের পোষ্যদের জন্য রোজগার করার সময় পাননা। আমি একটা উদাহরণ দিচ্ছি, আমার এলাকায় তপন, সেখানে দ্বারিকা রায় বলে একজন কৃষক পঞ্চায়েত সমিতির সদস্য। সারাক্ষণ তাকে ভূমি উপদেষ্টা কমিটির কাজ করতে হয় বলে বাড়ির জন্য রোজগার করতে পারেনা। তিনি একজন নিষ্ঠাবান কর্মী হিসাবে কাজ করেন। অথচ তার বাড়ির লোকে খেতে পায়না। এই নিষ্ঠাবান কর্মীরা কাজ করছেন, আপনি আমলার ক্ষমতা কিছুটা কেড়ে নিয়ে জনপ্রতিনিধিদের হাতে দিয়েছেন। কিন্তু তাদের জলপানি হিসাবে কিছু পয়সা বা অ্যালাউন্স যদি দেন তাহলে পঞ্চায়েতের এই প্রতিনিধিরা ভালভাবে কাজ করতে পারেন। অনেক টাকা

*[6-05 — 6-15 P.M.]*

*খরচা হচ্ছে। পঞ্চায়েত সমিতির এইসব সদস্যরা যদি মিটিংয়ের জন্য* দৈনিক ১০ টাকা বা ৫ টাকা অ্যালাউন্স পান, তাহলে ভাল হতো। অশোকবাবু আছেন, অর্থমন্ত্রী তিনি, তিনি কি ভাববেন জানিনা। কিন্তু সরকার যদি এটা করেন তাহলে ভূমি সংস্কারের ক্ষেত্রে একটা অদ্ভুত কাজ হবে। সারাক্ষণ কর্মী হিসাবে তাকে পাচ্ছেন, এত যে কাজ তাকে করতে হয়, তাতে সামান্য এই টাকা দিতে আপত্তি করার কোন যৌক্তিকতা নেই। আর একটা বিষয়ে বর্গাদারদের রেকর্ড করার বিষয় সম্বন্ধে অনেকে বলেছেন। কিন্তু বর্গাদারদের একটা স্বত্ব পশ্চিমবাংলায় আছে। পশ্চিমবাংলায় বিহার থেকে যে এলাকা এসেছে, সেই ইসলামপুরে একটা স্বত্ব আছে, সেটা চুকানি স্বত্ব। আগে বড় বড় জোতদার, জমিদার এদের সঙ্গে চুক্তি হিসাবে চুকানি হিসাবে এই জমি পান। এতে তারা টাকা দিচ্ছেন। ঠিক ছিল, এই জমি কেটে তারা এখানে চাষ করবেন, হাসিল করবেন। এইভাবে ইসলামপুরে চুকানি হিসাবে জমি পেয়েছিল। এখন চুকানি হাসিল হওয়ার পর অনেকগুলো টাকা নিয়ে জমি বিক্রি করে দেওয়া হচ্ছে। চুকানি হিসাবে ১২/২০/২৫ বছর আছে। এর খাজনা এরা দেয়। এই চুকানির স্বত্ব যাতে চাষী পায়, তার ব্যবস্থা করলে ভাল হয়। বর্গা রেকর্ডে একটা স্বত্ব তুলে দিন কাগজপত্রে, আমার মনে হয়, ইসলামপুরের অনেকগুলো গরিব চাষী উপকৃত হবে। আমি এবার যাদের কথা বলছি, সেই লোকগুলো এখানে কোনরকম প্রতিনিধি পাঠাতে পারেন নি — এই বিধানসভায়। কারণ, এরা মানুষ নয়, এরা গরু। ভূমি সংস্কার সম্বন্ধে সুপারিশ করেছিলেন ফ্লাউট কমিশন সবচেয়ে প্রথম এবং ভাল এবং সেই রিপোর্টে গরু-মহিষের কথা ভূমি সংস্কার প্রসঙ্গে বলা হয়েছে। প্যাসটুর ল্যান্ড বা গোচারণ মাঠের কথা বলা হয়েছে। এক এক জনকে জমি দিচ্ছেন, তাদের হাল যে টানবে গরু, তারজন্য খড়-বিচুলি দরকার। অন্যদিকে গোচারণভূমি না থাকায় তারা চলতে পারবে না। সেইজন্য ফ্ল্যাউড কমিশনের ১০ নম্বর সুপারিশে বলা আছে, গোচারণ ক্ষেত্রের কথা। আজকাল কি দেখছি? পতিত জমি থাকলে কোথাও ল্যান্ড অ্যাকুয়ার করে ফডার হচ্ছেনা। গরু কি খাবে না খাবে চিন্তা করছেন না। আমি বলছি, এখনও জমি কিছু আছে। পতিত জমিতে লুথেরিয়ান ওয়ার্ল্ড সারভিস কিছু করছেন। অ্যাফরস্টেশন হচ্ছে। এই যে কমপ্রিহেনসিভ ভূমি সংস্কার আইন আনছেন, সেক্ষেত্রে যদি আমাদের কমিশনের রিপোর্টকে কাজে রূপায়িত করা যায় তাহলে চাষী বলদের প্রতিপালন করতে পারবে, চাষ করতে পারবে।

মডার্ন এগ্রিকালচার করতে গেলে ট্রাক্টর এবং পাওয়ার টিলার যা প্রয়োজন সেসব আমাদের দেশে চালু কবে হবে জানিনা, এখনও আমাদের দেশে যেভাবে চাষকার্য চলে তা হচ্ছে হর্ষবর্ধনের আমলের কাঠের লাঙ্গল এবং এই জিনিস চলবে আর ২০/৩০ বছর ধরে এবং সেই পার্সপেকটিভে আমাদের চিন্তা করতে হবে, পাওয়ার টিলার আসবে কিন্তু কবে আসবে তা জানিনা, এই সরকার চলে গেলে কি হবে জানিনা, এখনকার যা অবস্থা তাতে এই হর্ষবর্ধনের কাঠের লাঙ্গল এবং এই বলদ মোষের উন্নতির কথা আমাদের ভাবতে হবে, আমি সেজন্য প্যাসচা ল্যান্ডের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

আমার শেষ যে বক্তব্য, আমি দুটি ঘটনার কথা উল্লেখ করতে চাই, যেটার প্রতিকার করা হয়নি। একটা হচ্ছে নদীয়া মুর্শিদাবাদ সীমান্তে রাজনগর কেইন অ্যান্ড সুগার কোং লিঃ, এদের ২৫ হাজার বিঘা জমি আছে, এরা এই জমি বন্দোবস্ত নিয়েছে শুধু মাত্র কেইন অর্থাৎ

আখ চাষ করার জন্য। কিন্তু আপনি গিয়ে সেখানে দেখবেন আখের চাষ ছাড়াও বহু জিনিসের চাষ সেখানে হচ্ছে। শুধু যে চাষ করা হচ্ছে তাই নয়, কিছু কিছু জমি তারা লীজও দিয়ে দিচ্ছে, সেই জমিতে বিল আছে, সেখানে জলকর আছে, মাছ চাষ হয়, মাছের ব্যবস্থা হয়, এই জলকর পর্যন্ত দেওয়া হয়, এটা বে-আইনি হতে পারেনা, এটা আপনি সরেজমিনে তদন্ত করুন, যে জমি তাঁরা নিয়েছেন সেই জমি তাঁরা ব্যবহার না করে এইরকম যদি করে তবে সেই জমি সরকার দখল করে নিন, নিয়ে গরিব মানুষকে দিতে পারেন, তাহলে অনেক গরিব ভূমিহীন কৃষক সেখানে জমি পাবে, অনেক মৎস্যচাষী সেখানে মাছ চাষের ব্যবস্থা করতে পারবে।

আর একটা ঘটনা সুনির্দিষ্ট ঘটনা আপনাকে না জানিয়ে পারছিনা। এটা একজন জে এল আর ও-এর ব্যাপার, এটা আমি আগেও আপনাকে বলেছি। এই জে এল আর ও গোসাবাতে আছেন। তাকে ট্রান্সফার করা হয়েছিল, আপনার দপ্তরের সেই ট্রান্সফার অর্ডার সে বার বার অমান্য করেছে এবং শেষ পর্যন্ত স্থায়ীভাবে সেখানে থাকবার জন্য হাইকোর্ট থেকে নির্দেশ নিয়ে বসে আছে। এই জে এল আর ও সম্পর্কে অনেক অভিযোগ দিয়েছি, আপনার দপ্তরকেও জানিয়েছি। ভূমিসংস্কারের যেসব পাট্টা এবং জমি বন্টনের যে তালিকা আছে, যেগুলি কংগ্রেস আমলে কমিটি করেছিলেন, সেগুলি করেনি, এই আমলেও যেগুলি করা হয়েছে, সেগুলিও করেছি। এই জে এল আর ও সাহেব জোতদারদের সঙ্গে দহরম মহরম করেন, হাইকোর্ট থেকে ট্রান্সফার অর্ডার সম্বন্ধে যে ব্যাপারটা তার সম্বন্ধে অনুসন্ধান করা দরকার, তা না হলে সেখানে ভূমি সংস্কার বানচাল হয়ে যাবার সম্ভাবনা, কারণ এই জে এল আর ও জোতদারদের সঙ্গে ষড়যন্ত্র করে গরিব কৃষকদের বঞ্চিত করার জন্য ষড়যন্ত্রে লিপ্ত আছে, এটা সবাই জানেন। স্যার, যে লোক এখানে উপস্থিত নাই তার বিরুদ্ধে কমপ্লেন করা উচিত নয়, আমি অনুরোধ করছি, সুন্দরবনে যে কৃষক আন্দোলন তার সঙ্গে আপনি যুক্ত আছেন, সুন্দর বনের গোসাবা, বাসন্তী এবং রাঙাবেলিয়া, এই এলাকায় আপনি গিয়েছেন বহু আন্দোলন করে সেখানে কৃষকরা যুক্ত হয়েছে তাদের ন্যায্য পাওনা পাবার জন্য কিন্তু তা হতে পারছেনা। তাই আমি এই জে এল আর সম্পর্কে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

ডাঃ জয়নাল আবেদিন সাহেব এখানে নেই। আমি তাঁর সম্বন্ধে একটু বলতে চাই। তিনি অনেক ভাল ভাল কথা বললেন, তার আমলে কিভাবে মার খেয়েছে আমাদের গরিব কৃষক, চাষী এবং তাদের কিভাবে আন্দোলন করার জন্য মিসায় ধরেছেন, হাত ভেঙে দিয়েছেন—জয়নাল সাহেব নিজে মারেননি কিন্তু তাঁর পুলিশ মেরেছে, আমি তাঁকে এখন যে অবস্থা একটু জানিয়ে দিতে চাই। পঞ্চায়েতের সঙ্গে আপনি উপদেষ্টা কমিটি করেছেন তার কাজ হচ্ছে বর্গাদার এবং জমির মালিকদের মধ্যে যে গন্ডগোল হয় তা মিটিয়ে দেওয়ার ব্যবস্থা করা। এখন পুলিশকে ডাকলে আগে যেখানে জোতদারদের বাড়িতে গিয়ে উঠত, এখন তা হয়না। পঞ্চায়েত সমিতি খবর দেয় এবং একসঙ্গে জোতদারদের বাড়ির সামনে দিয়েই যায়, জোতদার চেয়ার এবং চৌকি বার করেন, কিন্তু সেখানে বসেননা, বি ডি ও সাহেব এবং জে এল আর ও সাহেবও বসেননা, এই জোতদারেরা তাকিয়ে থাকে, দেখে বড় দুঃখ হয়।

[6-15—6-25 P.M.]

আমার এদের সেই চাউনি দেখে বৈষ্ণব পদাবলীর একটা কথা মনে পড়ছে। জয়নাল সাহেব থাকলে ভাল হত, তাঁকেও শোনাতে পারতাম। সেখানে দারোগাবাবু যখন তার বাড়ির পাশ দিয়ে যাচ্ছেন অথচ বসছেন না সেই অবস্থায় সে যখন ফ্যাল ফ্যাল করে তাকাচ্ছে তখন আমার মনে পড়ে বৈষ্ণব পদাবলীর সেই কথা যে "আমার বধু আনবাড়ি যায় আমার আঙিনা দিয়া।" মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সেই ব্যবস্থা করেছেন কিন্তু সেটা যাতে সম্পূর্ণ হয় পশ্চিমবাংলায় তা আপনি দেখবেন। সেই যে অবস্থা— দারোগাবাবু তার বাড়ি যাচ্ছেন না, জে.এল.আর.ও সাহেব যাচ্ছেন না, কোন পুলিশ যাচ্ছেন না সেখানে সবাই গরিব মানুষের পক্ষে এই যে অবস্থাটা এটা আপনি পুরোপুরি আনুন। আমার বিশ্বাস, আপনার স্বদিচ্ছা ও কর্মপ্রচেষ্টা একদিন সেটা আনবে এবং একদিন তাদের সেই গান শুনতে হবে। এই কথা বলে আপনাকে সাধুবাদ জানিয়ে এবং আপনার বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী সুনীলকুমার মজুমদার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আজ যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে উঠে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। একটা কথা আমাদের বারবারই বলতে হচ্ছে যে, যে রাষ্ট্র কাঠামোর মধ্যে আমরা বাস করছি দীর্ঘদিন ধরে সেটা হচ্ছে একচেটিয়া পুঁজিপতি, জোতদার, জমিদারদের রাষ্ট্রকাঠামো। এই রাষ্ট্রকাঠামোয় যেখানে আধা সামন্ততান্ত্রিক ব্যবস্থা এখনও চলছে সেখানে আমূল ভূমিসংস্কার করতে যাওয়া নিশ্চয় সম্ভব নয়। আমূল ভূমি সংস্কারের অর্থ বলতে যদি কেউ বুঝে থাকেন যে জমির একটু এদিক ওদিক করেই এই ভূমি সংস্কার করা যাবে তাহলে বলব, আমরা তা মনে করিনা। আমরা মনেকরি সেখানে আমূল ভূমি সংস্কারের প্রশ্নে যেমন জমির হস্তান্তরের প্রশ্ন জড়িয়ে আছে তেমনি সেই জমির উৎপাদনের ক্ষেত্রে যেসব উপাদান দরকার সেগুলিও যুগিয়ে দিতে হবে— সেখানে খাজনা, ঋণ, বাজারের যে সমস্যা আছে তারও সমাধান করতে হবে। এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এই ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এ বিষয়ে অত্যন্ত সজাগ দৃষ্টি রেখেছেন এবং সেখানে এক একটি ধাপে সেই আধা সামন্ততান্ত্রিক ব্যবস্থাতে আঘাত করার চেষ্টা চলছে এবং সেই আঘাত করা হচ্ছে। এই আঘাত করতে গিয়ে সেই আধা সামন্ততান্ত্রিক শোষণের যারা শিকার সেই খেটে খাওয়া মানুষ, গরিব কৃষক, ক্ষেতমজুর তাদের সংগঠিত করে এই দিকে এগিয়ে যাওয়া হচ্ছে এবং তাতে কিছু লাভও নিশ্চয় হয়েছে। সেখানে বিগত দিনের নির্বাচনই সেই ইঙ্গিত দিচ্ছে যে সামন্ততন্ত্রের বিরুদ্ধে যে লড়াই সেই লড়াই-এ খেটে খাওয়া মানুষরা ঐক্যবধ্যভাবে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে দাঁড়িয়ে ভোট দিয়েছে অত নির্যাতন, অত্যাচার সত্বেও। স্যার, এখানে বর্গাদারি ব্যবস্থা নিয়ে, বর্গাদারদের নাম রেকর্ড করা নিয়ে অনেক কথা বলা হয়েছে। একথা ঠিকই যে ভূমি সংস্কারের ব্যাপারটা করতে গিয়ে কংগ্রেস আমলে যতগুলি আইন আনা হয়েছে তাতে কিছু কিছু ভাল আইন ছিল ঠিকই কিন্তু সেগুলিকে কেউ কার্যকরি করেন নি। এই কার্যকরি না করার পেছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য ছিল যে মানুষকে বিভ্রান্ত করা, রাজনৈতিক ধোঁকাবাজি দেওয়া এবং নিজেদের ফয়দা লুঠে নেওয়া। এর আগে আমাদের মাননীয় সদস্য বিনয়বাবু বলে

গেলেন যে গত ৩০ বছর ধরে যে সমস্ত আইন হয়েছে বিশেষ করে ১৯৭২ সালের পর শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে যেসব আইন হয়েছে তাতে অনেক জটিলতার সৃষ্টি হয়েছে। সেখানে কিছু লুকানো জমি বার করে লোককে দেওয়া অনেক কঠিন হয়ে পড়েছে, যেটা এখনই দেওয়া সম্ভব কিনা জানিনা, তবে চেষ্টা চলছে। যদিও ওঁরা এই বর্গাদার আইন করেছিলেন কিন্তু তবুও আমরা দেখেছি, সেই আইনকে ওঁরা কার্যকরি করেননি। এখানে ভুয়ো বর্গাদার করা হচ্ছে বলে অভিযোগ তুলে হৈ চৈ করা হচ্ছে দেখছি। আমরা বলছি, এই ভুয়ো বর্গাদার আমরা করিনা। আমরা কৃষক আন্দোলন করি, আমরা জানি, এই ভুয়ো বর্গাদার করলে কৃষক আন্দোলন দাঁড়াতে পারেনা, মার খায়। এই ভুয়ো বর্গাদার কারা করে? আমরা অভিজ্ঞতায় দেখেছি যে যারা জমির ধারে কাছে যায়না যখন বর্গাদারের নাম রেকর্ড হচ্ছে তখন তারা কিছু ভুয়ো লোককে দাঁড় করিয়ে দিয়ে বর্গাদার হিসাবে তাদের নাম রেকর্ড করাবার চেষ্টা করেছে। সেখানে অনেক খাস জমিতেও নাম রেকর্ড করাবার ক্ষেত্রে আমরা দেখেছি ভুয়ো লোকদের তারা দাঁড় করিয়ে দিয়েছেন। এইসব জিনিস অতীতে হয়েছে। তারপর যখন পঞ্চায়েতের মাধ্যমে বর্গা রেকর্ড করতে যাওয়া শুরু হল তখন দেখলাম চিৎকার শুরু হয়ে গেল। ওঁরা বর্গা আইন করেছিলেন কিন্তু বর্গাদারদের নাম রেকর্ড করতে হবে সেটা কখনও ভাবেন নি।

বামফ্রন্ট সরকার এসে এই কাজ শুরু করার সঙ্গে সঙ্গে ওরা চিৎকার শুরু করলেন। কিন্তু এই কথা ঠিক যে আমাদের দেশে এখনো অসংখ্য ক্ষেত মজুর, বর্গাদার থাকার ফলে সব সময় সকলে সুযোগ পায়না। জমিদার, জোতদার মুষ্টিমেয় কয়েকজন লোক এই গরিব ক্ষেত মজুরদের অল্প মূল্যে নানারকম কাজে খাটিয়ে নেয় এবং শস্তায় অল্প দামে খাটানোর জন্য কিছু সুবিধা দিত বর্গা রেকর্ড করাবার জন্য। এর ফলে হত কি? বর্গাদাররা কিছুতেই থাকতে পারত না। তাদের উপর শোষণের চাপ বাড়ত। বামফ্রন্ট সরকার এসে বললেন এই জিনিস চলতে পারে না। যে বর্গা রেকর্ড আছে সেই রেকর্ড করলেই হবে না — বর্গাদারদের সব সময় নির্ভর করতে হত মালিকদের উপর। তারা বীজ, সার, লাঙল ইত্যাদি তাদের দিত এবং কাঁচা ফসল তাদের কাছ থেকে কিনে নিত স্বল্প মূল্যে। তাদের কাছে বর্গাদাররা ঋণের দায়ে জড়িয়ে পড়ত। বর্গাদাররা কখনই ঋণ শোধ করতে পারত না। এইভাবে দিনের পর দিন তারা শেষ হয়ে যেত। এইভাবে তারা ঋণের দায়ে জমি ছেড়ে দিতে বাধ্য হত। বামফ্রন্ট সরকার এসে বললেন তাদের চাষের উপাদান, বীজ, সার, সেচের ব্যবস্থা করে সাহায্য কর। সঙ্গে সঙ্গে ব্যাঙ্ক থেকে টাকা দেবার ব্যবস্থা হল। ব্যাঙ্কের ঋণ পেল। বামফ্রন্ট সরকার ১ বছরের মধ্যে ঋণ শোধ করতে না পারলেও তাদের ঋণের ব্যবস্থা করে দিল। নিশ্চয় একদিন ছিল ব্যাঙ্কের লোকেদের বর্গাদারদের ঋণ দিতে বললে ঋণ শোধ করতে পারবে না এই বলে ঋণ দিত না। আমি কৃষক আন্দোলনের সঙ্গে যুক্ত আছি। আমি এই কথা বলতে চাই যে আমরা গর্বিত শতকরা ৮০ থেকে ৯০ ভাগ বর্গাদার ঋণ শোধ করে দিয়েছে। ঋণ তাদের পড়ে নেই। ঋণ পড়ে আছে কাদের? ঐ বড় জমির মালিক যারা, যাদের ধার করবার প্রয়োজন হয়না, এমন সব লোক ঋণ শোধ করেনি। বর্গাদাররা কিন্তু ঋণ শোধ করে দিয়েছে। এখন ব্যাঙ্কের ম্যানেজাররা বুঝছেন যে এইখানে তাদের গলদ ছিল। আমি আশা করব ব্যাঙ্কের

[6-25 — 6-35 P.M.]

ম্যানেজার এখন সংশোধন করে নেবেন এবং বর্গাদারদের আরও ব্যাপকভাবে ঋণ দেবার বন্দোবস্ত করবেন। আজকে বাজারের ব্যবস্থা করা দরকার। বামফ্রন্ট সরকার এটা করেছেন বর্গাদার যে ঋণ পাচ্ছেন তার দ্বারা তার উৎপন্ন কাঁচা ফসল কিছুদিন ধরে রাখতে পারছেন—আগে কি হত? কাঁচা ফসল ওঠার সঙ্গে সঙ্গে ঋণের দায়ে বিক্রি হয়ে যেত। এরফলে গ্রামে একটা নতুন অর্থনীতির জোয়ার এসেছে। তাকে আর অন্যের কাছে ধান কিনতে যেতে হচ্ছেনা, ফসল ওঠার সঙ্গে সঙ্গে। তার ঘরে এখন ধান মজুত আছে। ফলে তাদের অর্থনীতি আজকে চাঙ্গা হয়েছে। শিক্ষা বাজেটের দিন শুনলাম শতকরা ৮৬ ভাগ ছেলে এখন প্রাইমারি শিক্ষা নিতে যাচ্ছে। শুধুমাত্র ইনসেনটিভ নয় - বর্গাদারদের ছেলেরা, গরিব ক্ষেত মজুরের ছেলেরা স্কুলে যাচ্ছে। গ্রামে গ্রামে প্রাইমারি স্কুলগুলি আজকে নতুন করে জেগে উঠেছে। এটা ঠিক আজকে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে। বর্গাদাররা ফসলও পেয়েছে। বর্গাদাররা আজকে এই কথা বলছে দ্রব্যমূল্য বৃদ্ধি হওয়ায় তাদের কষ্ট হচ্ছে কিন্তু মাথা উঁচু করে দাঁড়াতে পেরেছি। ১৯৭৫/৭৬/৭২/৭৩ সালে কি অবস্থা দেখেছি? আজকে সেই অবস্থা আর নেই। দ্রব্যমূল্য বাড়া সত্বেও বর্গাদাররা মাথা উঁচু করে লড়াই করছে, এগিয়ে যাচ্ছে। মহাজনী শোষণের বিরুদ্ধে আজ তারা লড়াই করছে। এই মহাজনী ব্যবস্থা থেকে কৃষকদের উদ্ধার করতে না পারলে ভূমি সংস্কার সমস্যার সমাধান হবেনা, কৃষকদের বাঁচানো যাবেনা। গ্রামে অসংখ্য বেকার ক্ষেত মজুর পড়ে রয়েছে। ১২০ দিন তাদের কাজ ছিল, এটাকে কিছু বাড়ানো যায়, তাদের আয়ের কিছু ব্যবস্থা করা যায়। বামফ্রন্ট সরকার পঞ্চায়েতের মাধ্যমে এই কাজ করাতে গরিব কৃষক, ক্ষেত মজুররা কাজ পাচ্ছে। তারা একটা আশার আলো দেখতে পাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৬৭/৬৯ সালে আমরা একটি কথা বলেছিলাম, কৃষক তুমি নিজে জমি দখল কর। কারণ দীর্ঘকাল ধরে তুমি বঞ্চিত হয়ে আছো। তুমি জমি দখল করতে না পারলে জমির মালিক হতে পারবেনা, জমির মালিক হবেন ঐ ভগবানের দূতেরা। তুমি শুধু পরিশ্রম করবে, খেটে যাবে, আর সন্ধ্যে বেলা এসে খালি পেটে জল খেয়ে মরবে। ৬ মাস বামফ্রন্ট সরকার ছিল। তখন একটি কথা বলা হয়েছিল তুমি যদি নিজে দখল করতে না পার তাহলে আমরা শুধু তোমার সাথে চলতে পারবনা - তুমি জমি দখল কর আমরা তোমার সাথে আছি। তুমিই জমির মালিক। এই সচেতনতা তাদের মধ্যে আনতে পেরেছিলাম। আজকে গ্রামের ক্ষেত মজুরদের ছোট জাত বলে দেখা হচ্ছে। আমরা তাদের বলেছি তোমাদের দাসত্ব ঘোচাতে পারবনা, কিন্তু দাস মনোবৃত্তি যেটা জড়িত আছে সেই দাস মনোবৃত্তি কাটাবার চেষ্টা করতে হবে। এখন এখানে দাঁড়িয়ে বলতে পারি যে সংগ্রামী ক্ষেতমজুর, গরিব কৃষক যাদের মধ্যে দাস মনোবৃত্তি ছিল সেই দাস মনোবৃত্তি তারা কাটিয়েছে। তারা আজকে দাসত্ব বোধ কাটিয়ে দাসত্বের মুক্তির লড়ায়ের দিকে তারা এগোচ্ছে আজকে তারা দাসত্বের বিরুদ্ধে লড়াই করছে। শ্রমিকদের শ্রম সম্পর্কে নিজের শ্রমের মূল্যবোধ সম্পর্কে তাদের চেতনা ফিরে আসছে এবং সেই দিকে তারা এগিয়ে চলেছে। গন্ডগ্রামে গরিব মানুষরা এই যে জমির মালিকানা পাচ্ছে এতে একটা জিনিস পরিষ্কার হয়ে যাচ্ছে যে জোতদাররা জমিদাররা আর তাদের রুখতে পারবে না। এতকাল ধরে যে শাসন যে শোষণ গ্রামের গরিব মানুষদের উপর ছিল সেই শোষণের উপর আঘাত হতে শুরু হয়েছে। কারণ এখনও শোষণ শেষ হয়নি শোষণ আছে শোষণ আরও তীব্র আছে। এই শোষণের বিরুদ্ধে তারা আজকে আঘাত করতে শুরু করেছে। তাই আজকে জয়নাল আবেদিন সাহেব বললেন যে আপনারা কি করতে

চাচ্ছেন প্রোডাকশন কমে যাচ্ছে। কিন্তু আমরা কি দেখলাম — চাষীরা যখন বুঝলো যে জমি তাদেরই থাকবে জমি আর কেড়ে নিতে পারবেনা, আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি যেসব বর্গা রেকর্ড হয়েছে, তাতে দেখেছি যে জমির ফসল বেড়েছে। আজকে বর্গাদার বলে না জমি আমার অধিকারে আমরা জমির অধিকারী হব বর্গাদার শুধু বলেছে আমার চাষের অধিকার। সে চাষের অধিকার পাবার পর নিশ্চিন্ত হয়েছে এবং নিশ্চিন্ত হয়ে সে যখন চাষ করতে শুরু করেছে তাতে ফসল বেড়েছে। বর্গাদারকে বাদ দিয়ে ফসল হতে পারেনা। ঐ পুরানো জমির মালিকরা যারা কোনদিন নিজের হাতে চাষ করে না এবং করবেও না সেখানে বর্গাদারদেরই খাটানো হয় বার মাস তাহলে কখনও চাষের উন্নতি হতে পারেনা উৎপাদন হতে পারেনা। বর্গা রেকর্ড করিয়ে চাষ বেড়েছে। এখন দেখছে তাদের কাছে কিছু আসছে খেটে-খুটে খাচ্ছে তাদের ছেলেমেয়েরা স্কুলে যাচ্ছে লেখাপড়া শিখছে তখন তাদের মধ্যে একটা মনুষ্যত্ব বোধ জেগে উঠেছে দাসত্বের বিরুদ্ধে লড়াই করবার মনোবৃত্তি জেগে উঠেছে যাতে জমিদার জোতদাররা একটু আতঙ্কিত হয়েছে চিৎকার করতে শুরু করেছে গেল গেল সব গেল। কি গেল? আজকে আবার নূতন করে কংগ্রেস আই এসেছে দিল্লিতে - এর আগেও ছিল মাঝখানে কিছুদিন জনতা পার্টির ছিল আবার সেই কংগ্রেস আই এসেছে। এখন গ্রামের জোতদাররা জমিদাররা মাথা তুলে চিৎকার করতে শুরু করেছে আবার বোধ হয় ইন্দিরা গান্ধী সেই জিনিস ফিরিয়ে আনতে পারবে আবার বোধ হয় বর্গাদারদের মাথা নিচু করাতে পারব। কিন্তু না, তা আর পারবেন না। বর্গাদাররা আজকে বলছে, না, আমরা মাথা তুলে দেখেছি যে তাদের পাশে আরও অনেক লোক আছে। আজকে একটা মস্তবড় অবদান আমরা এখানে ল্যান্ড রিফর্ম বিল গ্রহণ করেছি রাষ্ট্রপতি এখনও অ্যাসেন্ট দেয়নি। তাতে কি ছিল? আপনারা দেখেছেন সেই টোডোরমল আমলে জমি খাজনা যা ছিল এখনও তাই আছে। সেখানে একটা কথা ছিল যে জমির মালিক যিনি, ভগবানের ছেলে তিনি জমির খাজনা দেবেন না আর জমির খাজনা কখনও নিরুপণ হত না জমির উৎপাদনের উপর দাঁড়িয়ে। কিন্তু এই বামফ্রন্ট সরকার আসার পর আমরা বলেছিলাম না, কৃষক তুমি হাত দিয়ে জমি চাষ কর শ্রম দিয়ে জমি পরিষ্কার কর, পাহাড় সরিয়েছো জমির মালিক তোমাকে হতে হবে খাজনা তোমায় দিতে হবে। খাজনা যদি তুমি দাও তাহলে অপরাধ করবে। যে জোতদার খাজনা দেয়নি সেই জমিদার জোতদার যদি খাজনা না দেয় তাহলে সেটা অপরাধ নয় বেআইনি বলে সচিত হবে। নূতন একটা পরিবর্তন সামন্তযুগীয় থেকে নূতন এক খাজনার পদ্ধতি স্থির হয়েছে তাতে মাননীয় জয়নাল আবেদিন সাহেব বলছেন যে এটাকে আমি সমর্থন করতে পারছি না আবার এর বিরোধিতা করতে পারছি না। একটা ত্রিশঙ্কু অবস্থায় পড়ে গেছেন। যাই করবেন তাতেই ওঁর বিপদ। কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রপতি এখনও তাতে সই দেননি। আমরা জানি তাড়াতাড়ি করা উচিত সই নিয়ে আসা উচিত। ৫০ হাজার টাকা পর্যন্ত খাজনা মকুব এবং ৫০ হাজার টাকার উপর যে খাজনা তাদের জমিদার জোতদার পড়েছে তাদের সেই খাজনা দিতে হবে। আমার কয়েকটি কথা আছে ৪ একর এবং ৬ একর জমির খাজনা আগে মকুব ছিল। আমরা আন্দোলন করেছিলাম ১৯৭৫-৭৬ সালে যখন কংগ্রেস আমলে কৃষকদের উপর যখন অত্যাচার হত খাজনা বাড়াবার নাম করে সেখানে কোনরকম নিরুপণ না করে উৎপাদনের উপর না দাঁড়িয়ে যখন খাজনা ঠিক হল তখন ৩। ৪ গুণ খাজনা সেচ এলাকায় ৩ গুণ অসেচ এলাকায় ২ গুণ খাজনা হল তখন আমরা

দাঁড়িয়ে লড়াই করেছি কৃষকদের বলেছি খাজনা কৃষকরা দিতে পারবে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব, এই যে ৪ একর এবং ৬ একর ৩ গুণ এবং ২ গুণ খাজনা বহাল আছে, সেই ৪ একর এবং ৬ একর মালিকদের যে খাজনা মকুব করা হয়েছে, তাদের বকেয়া খাজনাগুলিও যাতে মকুব করা যায় তারজন্য ব্যবস্থা নেবেন। কেননা, কৃষক আন্দোলনের এটা বহুদিনের দাবি। তারা আন্দোলন করেছে এবং মার খেয়েছে। এইভাবে মার খাবার ফলে আজকে সেই কৃষকরা বকেয়া যে খাজনা সেটা দিতে পারছে না। সেই খাজনা যেন মকুব করে দেওয়া হয়। আমরা দেখেছি যে জরুরি অবস্থার সময়ে ১৯৭৫-৭৬ সালে বাড়িতে বাড়িতে গিয়ে অত্যাচার করা হয়েছে ঋণ আদায়ের নামে। সেই অত্যাচারের বিরুদ্ধে আমরা লড়াই করেছি। অনেক গরিব কৃষক আছে, অনেক ক্ষেতমজুর আছে, যাদের ঋণ মকুব করা হয়নি। আমি অনুরোধ করব যে বকেয়া ঋণগুলি গরিব কৃষকরা দিতে পারছে না সেগুলি মকুব করার ব্যবস্থা করবেন। আজকে অল্প জমির মালিক, ক্ষেতমজুর, তারা খাজনা দিতে পারছে না। কাজেই অকারণে এই জের টেনে লাভ হবেনা। আজকে যদি ঋণের বোঝা তার মাথায় থাকে তাহলে তারা নুতন ঋণ পেতে পারেনা। কারণ সেই ঋণ পাবার পক্ষে নানারকম বাধা আছে। কাজেই এই ঋণগুলি মকুব করতে পারলে কৃষক সমাজ দুহাত তুলে আপনাকে অভিনন্দন জানাবে। এই কথা বলে আমি বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় আজকে এখানে তার যে ব্যয় বরাদ্দ উপস্থাপন করেছেন, সেই ব্যয় বরাদ্দের উপর কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে ১৯৭৯ সালের সিলিং বহির্ভূত জমি যা সরকারের হাতে এসেছে তার পরিমাণ বলেছেন যে ৩ হাজার ৪ শত ৫৭ একর। কিন্তু আমরা জানি যে সারা পশ্চিমবাংলায় যে সিলিং বহির্ভূত জমি আছে তার বেশির ভাগ সরকারের হাতে আসেনি। এই যে সিলিং নির্ধারিত হয়েছিল, সেই সিলিং নির্ধারণের পর যারা ফর্ম জমা দিয়েছিল সেই অনুযায়ী জমিটা সরকারের হাতে এসেছে। কিন্তু এই আইনটা সারা পশ্চিমবাংলায় আজও ব্যাপক ভাবে রূপায়িত হয়নি এবং যে কথা সরকার পক্ষের সদস্য আর. এস. পি.-র সদস্য এবং আমরাও মনে করি যে এই আইনটা সারা পশ্চিমবাংলায় ব্যাপক ভাবে কার্যকরি হয়নি। যদি এটা কার্যকরি হত তাহলে সরকারের হাতে আরো বিপুল পরিমাণে জমি আসত এবং সেই জমি নিয়ে ভূমিহীনদের মধ্যে বন্টন করা সম্ভব হত। আমি দাবি করব যে বর্তমান মন্ত্রী মহাশয় এটাকে দ্রুত কার্যকরি করবেন। এছাড়াও তার বাজেট বক্তৃতার মধ্যে একটা জিনিস লক্ষ্য করছি না, যেটা আমরা কৃষক আন্দোলনের সঙ্গে যুক্ত, আমরা জানি, সেটা হচ্ছে বেনামদার জমি, বেনামি জমি। সেই জমি উদ্ধার করার ক্ষেত্রে সরকার কি পদক্ষেপ নিয়েছেন সেটা তারা এখানে কিছু বলেন নি। কেননা, আজকের দিনে যে রাষ্ট্রকাঠামো এবং আমাদের দেশের ভূমি সংক্রান্ত যে আইন কানুন আছে, সেই জমি সংক্রান্ত আইনকানুন দ্বারা এই রাষ্ট্র কাঠামোর মধ্যে দিয়ে যে ব্যাপক ভূমিসংস্কার করা সম্ভব নয়, এটা আমরাও জানি। কিন্তু এই রাষ্ট্র কাঠামোর মধ্যে দাঁড়িয়ে যদি সরকার এমন কতকগুলি বলিষ্ঠ নীতি এবং কর্মপন্থা এবং প্রশাসনিক ভাবে সক্রিয় ভূমিকা পালন করেন তাহলে অনেক অংশে এই কাঠামোর মধ্যে থেকে ভূমি সংস্কার করা সম্ভব হবে। তিনি

বলেছেন যে একটা ব্যাপক ভূমি সংস্কার আইন প্রণয়ন করবেন। তিন বছর হয়ে গেল এখনও তিনি আনতে পারেন নি। যাই হোক, তিনি আশার কথা বলেছেন যে আনবেন। কিন্তু এটা কবে আনবেন জানিনা। আজকে এই বেনামি সম্পর্কে আমি এই কথা বলতে চাই যে এই বেনামি জমি ধরা এই আইনের মধ্যে সম্ভব নয়। কারণ আগে ছিল মাথাপিছু জমির পরিমাণ, এখন পরিবার ভিত্তিক জমির পরিমাণ হয়েছে। এই পরিবারের ভিত্তিতে নাম থাকায় আপনি কাগজে কলমে সেটা ধরতে পারেন না। কিন্তু আমাদের অভিজ্ঞতা আছে, আমরা জানি গোটা ২৪ পরগনা জেলার এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায়, গোটা সুন্দরবন এলাকায় আজ পর্যন্ত যে সমস্ত বড়বড় জমির মালিকরা আছে, তাদের এক একজনের কর্তৃত্বে ১ হাজার, ১।। হাজার, ৫ শত, জমি চাষ হয়।

[6-35–6-45 P.M.]

আজও মেছোঘেড়িতে হাজার হাজার বিঘা জমি রয়েছে। আমরা এটা জানি যে, ঠাকুর-দেবতার নামে জমি আছে, ওয়াকফের নামে জমি আছে এবং অনেক জায়গায় গরুর নামে, বেড়ালের নামে জমি রেখে দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন এমন সব ঘটনা আছে। তাহলে গত ৩ বছরে এইসব জমি ধরার কি প্রচেষ্টা বামফ্রন্ট সরকার নিয়েছেন? তিন বছর ক্ষমতায় এসে এইসব বেনামি জমি উদ্ধারের বিষয়ে তারা কতটা সাফল্য লাভ করেছেন? আদৌ কোনো প্রচেষ্টা চালিয়েছেন কিনা জানিনা। মাননীয় মন্ত্রী মহাশয় জবাবি ভাষণে বলবেন যে, এটা আইন দিয়ে করা সম্ভব নয়। আমরাও সেটা জানি, আপনি তা পারবেন না। কিন্তু এ বিষয়ে আপনাকে গ্রামের মানুষ সাহায্য করতে পারে, তারা বলে দিতে পারে যে, কোন জমির মালিক কত জমি স্বনামে, বেনামে ঠাকুর-দেবতার নামে, যে ছেলে জন্মায়নি তার নামে, যে জামাই হয়নি, সেই ভবিষ্যত জামাই-এর নামে রেখে দিয়েছে এবং নিজে ভোগ দখল করছে, চাষবাস করছে, খাজনা দিচ্ছে। তাহলে উপায় হচ্ছে একমাত্র গ্রামের মানুষের দ্বারা কৃষক সংগঠনের দ্বারা এগুলি ডিটেক্ট করা এবং সেই জমিগুলি ধরে গ্রামের গরিব মানুষদের মধ্যে বিলি-বন্টন করা। এবং তারপর আপনি সে বিষয়ে বিধান সভায় আইন করে সেটাকে লিগালাইজ করতে পারেন। এইভাবে বেনামি জমি বের করতে পারেন। কিন্তু বামফ্রন্ট সরকার এ ব্যাপারে তিন বছর ধরে কোনো কিছুই উচ্চবাচ্য করছেন না। তাহলে কি আমরা ধরে নেব যে, বামফ্রন্ট সরকার মাঠে ময়দানে গরিব কৃষকদের অপারেশন বর্গার কথা বলছেন, কার্যত জোতদার এবং বড়লোকদের সাহায্য করছেন কিনা, সেটা ভাবা প্রয়োজন। তাই আমি বলতে চাই যে, যদি আপনারা সত্যি সত্যিই বেনামি জমি উদ্ধার করতে চান ঐ পদ্ধতি গ্রহণ করুন। কৃষক সংগঠনগুলির উপর নির্ভর করুন। যেমন এক সময়ে উদ্বাস্তুরা এসে উদ্বৃত্ত জমি, ভেস্টেড জমি, খাস জমিতে বাসস্থান নির্মাণ করেছিল এবং পরবর্তীকালে তাদের পাট্টা দেওয়া হয়েছিল। সেইভাবে আজকে এই প্রশ্নকেও দেখুন। সেই নীতি আপনারা আজকে অ্যানাউন্স করুন। বেনামি জমি উদ্ধার করে সেই ব্যবস্থা করলে তবেই আপনারা সফল হবেন। আশা করি মাননীয় মন্ত্রী তাঁর জবাবি ভাষণে এবিষয়ে বলবেন। অপর দিকে যে জমি ভেস্টেড হয়ে গেছে, সরকারের হাতে এসে গেছে সেই জমি গুলিও দ্রুত বিলি-বন্টন হচ্ছে না। মন্ত্রী মহাশয় বলেছেন যে, তিনি এ বিষয়ে নির্দেশ দিয়েছেন। ১৯৬৭ সালে এবং ১৯৬৯ সালের বিগত যুক্তফ্রন্ট সরকারের সময়ে উদ্বৃত্ত জমি

বন্টনের নামে যে সমস্ত খাস জমি বন্টন করেছিল সেগুলিও '৭২ সালে কংগ্রেস এসে সেই গরিব কৃষকদের কাছ থেকে কেড়ে নিয়ে সমস্ত নিয়ম বহির্ভূতভাবে তাদের নিজেদের অনুগৃহীত লোকেদের মধ্যে বিলি করেছে। আপনি এগুলি অ্যানালড করার নির্দেশ দিয়েছিলেন। কিন্তু আমাদের কাছে খবর আছে অ্যানালড করার কাজ এগুচ্ছে না, সব পড়ে আছে। আপনি পঞ্চায়েতের মাধ্যমে ভূমি উন্নয়নের যে প্রপোজাল করেছেন, তাতে দেখছি সব কেস পঞ্চায়েতের কাছ থেকে এস. এল. আর. ও.-র কাছে যাবে, তিনি আবার পাঠাবেন এস. ডি. ও.-র কাছে, এস. ডি. ও. প্রতিটি কেসের ক্ষেত্রে ইন্ডিভিজুয়ালি নোটিশ দিয়ে হিয়ারিং করে দেখে তারপর কি হবে, না হবে সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন। কিন্তু এস. ডি. ও.-কে প্রশাসক হিসাবে অনেক দায়দায়িত্ব পালন করতে হয়। তাঁর অন্যান্য অনেক কাজ থাকে। যার ফলে তাঁর পক্ষে সেগুলি দেখা সম্ভব হচ্ছে না। তাই আমি বলছি যে, পঞ্চায়েত স্তরেই হোক কিম্বা অন্য কোনো অফিসার নিয়োগ করেই হোক অ্যানালড-এর কাজ দ্রুত হওয়া দরকার। অপর দিকে আর একটা কথা বলা দরকার যে জমি ভেস্টেড হয়ে গেছে সেই জমির ক্ষেত্রেও আমরা দেখছি ফর্ম-৭ এর দ্বারা বা বি. ফর্মের দ্বারা বি. আর. কেসের মাধ্যমে ছাড়িয়ে নিচ্ছে বা দেখা যাচ্ছে হিয়ারিং ইত্যাদির জন্য সময় নষ্ট হচ্ছে ইত্যবসরে সেই জমি বিক্রি করে টাকা নিচ্ছে, আবার গভর্নমেন্টের কাছ থেকে মোটা টাকা কমপেনসেশন নিচ্ছে। সুতরাং এইসব ঘটনা যেখানে ঘটছে সেখানে সেইসব মালিকের সিলিং-এর ভেতরের জমি কেটে নিয়ে এই সমস্যার সমাধানকে বাস্তবরূপ দেওয়া প্রয়োজন হয়ে পড়েছে। অপর দিকে অপারেশন বর্গা নিয়ে অনেক কথা উঠেছে। আমি এদিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের একটু দৃষ্টি আকর্ষণ করব। এর মধ্যে বহু ত্রুটিবিচ্যুতি আছে। অনেক জায়গায় অনেক কিছু আছে। অনেক জায়গায় প্রকৃত বর্গাদারের নাম নথিভুক্ত হচ্ছে না, ভূয়া নাম নথিভুক্ত হয়ে যাচ্ছে। সেগুলি তদন্ত করা দরকার। আপনারা এই যে প্রশাসনের মাধ্যমে নির্দেশ দিচ্ছেন—আপনারা যদি সত্যিকারের বামপন্থী বলে পরিচয় দেন তাহলে আমি বলব কৃষক আন্দোলনকে সংগঠিত করে বাস্তবে রূপ দেওয়া দরকার। কংগ্রেস এটা করেনি, আইন অনেক ছিল তা বাস্তবে রূপায়িত হয়নি। কিন্তু প্রশাসন দিয়ে সম্ভব নয়। একমাত্র সুনির্দিষ্ট নীতি এবং কর্মপন্থার ভিত্তিতে বামপন্থী যারা কৃষক সংগঠন করে সেই কৃষক সংগঠনের সক্রিয় সহযোগিতায় বাস্তবে রূপায়িত করা দরকার। যদি বাস্তব রূপ দিতে চান—এই প্রশাসন যাদের নাম নথিভুক্ত করছে, যারা সার্টিফিকেট পাচ্ছে তাদের বিরুদ্ধে মালিকেরা কেস করছে, হাইকোর্ট করছে এবং তার ফলে দেখা যাচ্ছে সার্টিফিকেট বাতিল হয়ে যাচ্ছে এবং বাতিল করে দিয়ে ইনজাংশন করে দিচ্ছে। মালিকদের যে পজিশন সেটা ডিসটার্ব হচ্ছে না। তাহলে দেখা যাচ্ছে এই কাজ করতে গিয়ে বহু জায়গায় যারা প্রকৃত বর্গাদার ছিল সেই বর্গাদাররা জমিতে নামতে পারছে না। এখানে আর. এস. পি.-র একজন সদস্য বলছেন ধান চাষ করার সময়ে কিছু হলো না কিন্তু ধান কাটার পূর্বমুহূর্তে ইনজাংশান পেল। ফলে গরিব কৃষকেরা ধান কাটতে পারছে না। এইভাবে হাজার হাজার ঘটনা আছে। অপারেশন বর্গার এল. পি. অ্যাক্ট সংশোধন করা উচিত কেননা আইনে বাধছে। এটা করলে মালিকেরা হাইকোর্টে যাওয়ার সুযোগ পায়না এবং তার ফলে গরিব মানুষদের স্বার্থ সুরক্ষা করা যায়। আপনারা এদিকে প্রশাসনকে নির্দেশ দিচ্ছেন আর ওদিকে মালিকদের বলছেন আপনাদের হাইকোর্টের দরজা খোলা আছে ওখানে যান প্রতিকার পাবেন কেননা আমাদের মাঠে-ময়দানে চলতে হয় গরিব মানুষদের সমর্থন পাবার জন্য

আমাদের এইসব বলতে হয় বা করতে হয়। এই সমস্ত কাজকর্ম আপনারা করছেন। অপরদিকে আর একটি কথা বলব, আপনার ডিপার্টমেন্ট থেকে ডেপুটি সেক্রেটারি ৩-৫-৭৯ তারিখে (১৮০০ মেমো নাম্বার) বিভিন্ন কমিশনার, ডেপুটি কমিশনারের কাছে লিখেছেন এবং সেই অনুসারে সমস্ত জে. এল. আর. ওর কাছে চিঠি গেছে—বর্গা রেকর্ড ভাগচাষ কোর্ট যে সমস্ত কেস (এল. আর. অ্যাক্ট ১৭-১৮-১৯ বি) সেই সমস্ত কেসের এজেন্ট দেওয়া নিষেধ করেছেন। এই চিঠির ফলে অসুবিধা দেখা দিচ্ছে। সাধারণত গরিব বর্গাদারেরা যারা জানে না তারা হয়তো একজন লোককে দিয়ে কেস মুভ করে জে. এল. আর. ও. অফিসে আর মালিকেরা উকিল এনে করত। আর আপনার নির্দেশে জে. এল. আর. ও. ২জন এজেন্টকে নিষেধ করে দিয়েছেন। এর ফলে কি হবে? মালিকরা ওয়াকিবহাল, তারা নিজেদের পক্ষে সমর্থন করে এজেন্ট গিরি করবে আর গরিব বর্গাদারেরা তারা লেখাপড়া জানে না তাদের পক্ষে সম্ভব নয়। এই যে এজেন্টের নিষেধাজ্ঞা করেছেন এর ফলে মালিকদেরই সুবিধা হয়ে যাচ্ছে। আমি এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গরিব মানুষের স্বার্থ রক্ষা করার জন্য আপনি সংশোধন করবেন। আমি আর একটি কথা বলছি, জমি ফেরত যেটা গরিব চাষীদের জমি ফেরতের আইন আছে এই আইনে বহু ত্রুটিবিচ্যুতি আছে তা সত্বেও বিভিন্ন জে. এল. আর. ও. অফিসে এবং বি. ডি. ও. অফিসে হাজার হাজার কেস পেন্ডিং আছে সেগুলি ফয়সালা হচ্ছে না। বি. ডি. ও. বিভিন্ন কাজ করার জন্য দিন রাত চলে যাচ্ছে। এই কাজগুলি করার জন্য বিকল্প অন্য কোন অফিসার বা ঐ পঞ্চায়েত সমিতির সঙ্গে জে. এল. আর. ও. একসঙ্গে মিলে যাতে দ্রুত নিষ্পত্তি করা যায় সেই রকমের ব্যবস্থা করবেন। এই কথা বলে যে ছাঁটাই প্রস্তাব দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-45 — 6-55 P.M.]

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে উৎপাদন সম্পর্কে পরিবর্তন করা ছাড়া মৌলিক কাঠামোর পরিবর্তন সম্ভব নয়, আবার এও জানি এই সরকারের ক্ষমতা একটা বুর্জোয়া জমিদারি কাঠামোর মধ্যে সীমাবদ্ধ। তাই এই যে বাজেট উপস্থিত হয়েছে সেই বাজেটের মধ্যে দিয়ে পূর্বতন কংগ্রেস সরকারের আমলে ভূমিসংস্কার প্রোগ্রামের নীট ফল হিসাবে জমি কেন্দ্রীভূত হয়েছিল শতকরা ৪৬ ভাগ জমি শতকরা ২ জন লোকের হাতে। সেখানে জমির উৎপাদনের পরিবর্তন ঘটিয়ে এবং সেই পরিবর্তনের মধ্যে দিয়ে গ্রামের কৃষকের অবস্থা উন্নত করে কিছুটা পরিমাণ ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামোকে চাঙ্গা করবার যে প্রচেষ্টা যার মধ্যে দিয়ে শিল্পায়নের বিকাশ বেকার সমস্যা সমাধানের অগ্রগতি লাভ করেছে। সেই কারণে এই বাজেটকে আমি সমর্থন করছি। কিন্তু তার সাথে সাথে যেখানে বলা হয়েছে অর্থনৈতিক সম্পর্কের কথা, সেখানে দীর্ঘদিন ধরে যে ব্যবস্থার হাত থেকে মুক্তি লাভ করার জন্য যে সমস্ত কাজগুলি করা হয়েছে এর মধ্যে বর্গাদারের নথিভুক্ত অগ্রগতি বলুন বা খাস জমি বিলি বন্টন বলুন বা জমি হস্তান্তরের কথা বলুন এই সমস্ত দিক থেকে একটা উন্নয়নের জোয়ার এসেছে। কিন্তু এ ছাড়া আবার একটা বিরূপ প্রতিক্রিয়া যে ঘটছে এই কথা না বললে অত্যন্ত ভুল বহাল হবে। যাদের হাতে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই ক্ষমতা বাস্তবে রূপায়িত করবার জন্য তাঁদের এই যে অপচেষ্টা, বামফ্রন্ট সরকারের এই যে নীতি গরিব মানুষদের অনেক সময় ভুল পথে চালিত করছে, আমার বাস্তব অভিজ্ঞতা থেকে

আমি বলছি। আমার এলাকায় আমি যখন দেখি যে গরিব বর্গাদার দীর্ঘদিন ধরে জমিতে ফসল উৎপাদন করছিল সেই জমিতে দখলের কথা বাস্তবে রূপায়িত হতে চলেছে তারজন্য একটি স্থায়ী কমিটির হাতে ক্ষমতা দেওয়া হয়েছে কিন্তু তা না হয়ে সংঘবদ্ধভাবে সেটাকে না করে অন্য চাষীকে প্রত্যার্পন করার ব্যবস্থা হচ্ছে। আগের কংগ্রেসি সরকারের আমলে সেই ভাবে হত। এসব যখন দেখি তখন আমি অত্যন্ত বেদনা বোধ করি। জমি অধিগ্রহণ আইনে যখন গরিব চাষী তার জমি সত্বের সমস্ত নথিপত্র প্রমাণ ইত্যাদি দাখিল করতে যায় অপর দিকে স্কুল মাস্টার অন্য দিকে টাকা রোজগার করেন, যার ১৪-১৫ বিঘা জমি আছে তিনি পঞ্চায়েতের লোককে সংঘবদ্ধ করে অন্য রকম নজির স্থাপন করেন, আসল লোককে বিচারের দিনে গড় হাজির করে সন্ত্রাসের সৃষ্টি করে দখল নেন, এসব যখন দেখি অত্যন্ত বেদনা বোধ করি। বামফ্রন্ট সরকারের এই নীতি এই প্রচেষ্টা যখন নেওয়া হচ্ছে যখন গরিব চাষী মাথা তুলে দাঁড়াবার চেষ্টা করছে তখন যদি এই অবস্থা হয় ঐ ভূমিসংস্কার কমিটি তাহলে কি করছেন? কমিটি যাতে এই জমির ব্যবস্থা কার্যকরি করেন এবং জমির ব্যবস্থা যেন সুষ্ঠু ভাবে হয় এইকথা বলে আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শশবিন্দু বেরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেট বিতর্কের শেষ পর্যায়ে এসে আমি। ২/৪ টি কথা বলতে চাই। কেবলমাত্র ভূমি সমস্যার সমাধান করে দেশের অর্থনীতির বিকাশ ঘটানো যায় না। দেখা গেছে দুনিয়ার যে সমস্ত রাষ্ট্রগুলি অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর তারাই বেশি কৃষির উপর নির্ভরশীল। আর অগ্রসর রাষ্ট্রগুলির মধ্যে ভূমি সম্পদ যাদের বেশি তারাও ভূমির উপর ততখানি নির্ভরশীল নয়। আমেরিকা এবং অস্ট্রেলিয়ার মতো রাষ্ট্রে যেখানে ভূমি সম্পদ প্রচুর সেখানে শতকরা ১২/১৪ জন লোক কৃষির উপর নির্ভরশীল। আমাদের দেশে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং পঃ বাংলার ক্ষেত্রে এই জনসংখ্যা খুব বেশি বেড়ে চলেছে যার জন্য প্রতি স্কোয়ার কিলো মিটারে যে জনসংখ্যা, সরকার থেকে যে তথ্য দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে জনসংখ্যার ঘনত্ব খুব বেড়ে চলেছে। ১৯৬১ সালে যেখানে সেই সংখ্যা ৩৯৯ ছিল, ১৯৭১ সালে সেটা হয়েছে ৫৩৪, ১৯৮১তে সেটা খুব কম হলেও ৫৬০ থেকে ৫৮০ মধ্যে থাকবে। কিন্তু আবার সরকারি পরিসংখ্যা থেকে দেখা যাচ্ছে জমি বাড়ার আর কোন অবকাশ নেই অর্থাৎ জমির ব্যবহার স্যাচুরেশন পয়েন্টে এসে গেছে। অথচ আমাদের সরকারের চেষ্টা হচ্ছে জমির উপর নির্ভর করে অর্থনীতিকে পুনরুজীবিত করা। এ রাজ্যের এক্ষেত্রে কনসলিডেশন অফ হোল্ডিং দরকার, ফ্যাগমেন্টেশন বন্ধ করা দরকার, কোঅপারেটিভ ফার্মিং করা দরকার। কিন্তু সেদিকে না গিয়ে সকলকে কিছু কিছু জমি আমাদের পাইয়ে দিতে হবে এই নীতির উপর দাঁড়িয়ে আমরা ভূমি অর্থনীতি আমরা গড়ে তুলতে চাইছি। সেখানেই আমাদের ভুল হচ্ছে। একদিকে ক্রমবর্ধমান প্রচুর জনসংখ্যা, আর অন্যদিকে আমাদের সীমিত জমির পরিমাণের ফলে হচ্ছে প্রত্যেক বছর মাথা পিছু জমির পরিমাণের গড় কমে আসছে। ১৯৬১ সালে যেখানে মাথা পিছু কৃষি জমির পরিমাণ ছিল ৪৪ শতক, ১৯৭১ সালে সেটা হল ৩৪ শতক, বর্তমানে সেটা আরও কমে যাচ্ছে। অত্যন্ত স্বাভাবিক ভাবেই জমি যেখানে বাড়ছে না লোকসংখ্যা বেড়ে যাচ্ছে সেখানে জমির উপর আর নির্ভর করা চলে না। কাজেই আমাদের অন্য রাস্তা দেখতে হবে। কৃষিক্ষেত্রে ইকনমিক হোল্ডিং তৈরি করতে হবে। এ রাজ্যে ৭৫-৭৬, ৭৬-৭৭, ৭৭-৭৮, ৭৮-৭৯ সালে অর্থনৈতিক অবস্থার

যে চিত্র তাতে লক্ষণীয় কিছু পরিবর্তন হয়নি। গড় মাথা পিছু আয় ৭৭-৭৮এ ৭৬১ থেকে আর আজ ৭৬৩এর বেশি বাড়ছে না। আমেরিকার মতো অগ্রসর দেশে আমাদের যা মাথা পিছু আয় সেখানে তাদের মাথা পিছু আয় আমাদের চেয়ে ৪০ গুণ অর্থাৎ আমাদের অর্থনীতি প্রধানত কৃষির উপর নির্ভরশীল বলেই সবচেয়ে বেশি কর্মক্ষম লোকেদের মধ্যে শতকরা ৪০ জন মানুষ আজও কৃষির উপর নির্ভরশীল।

[6-55 — 7-05 P.M.]

এটা ভারতবর্ষের মধ্যে আছে পশ্চিমবঙ্গের মতো রাজ্যে আছে, অন্য কোথাও এর নজীর পাওয়া যায় না। এর ফল কি হচ্ছে-দুর্বল অর্থনীতির জন্য আমাদের ন্যাশানাল ক্যাপিটাল ফর্মেশন হচ্ছে না। ক্যাপিটাল ফর্মেশন করবার জন্য আমাদের যে সেভিংস দরকার সেই সেভিংস তৈরি করতে পারছি না। কৃষি প্রধান দেশগুলিতে অর্থনীতিবিদরা বলেন, কৃষিকে এমনভাবে অর্থনীতির ক্ষেত্রে প্রয়োগ করতে হবে যাতে কৃষি উৎপাদন বাড়ে যাতে কৃষি নীতি অর্থনীতির উপর নির্ভর করে ধীরে ধীরে ক্যাপিটাল জমা হবে, এই ক্যাপিটাল কাজে লাগিয়ে শিল্পের প্রসার ঘটবে। আমাদের সেই রকম চেষ্টা হচ্ছে না। আমাদের ভারতবর্ষের বাইরে অন্যান্য দেশগুলির সেভিংস ফ্রম ন্যাশালাল ইনকাম যেখানে ২০ থেকে ৩০ পার্সেন্ট সেখানে আমাদের দেশে ন্যাশানাল সেভিংস মাত্র ৮ পার্সেন্ট। অত্যন্ত শোচনীয় অবস্থা ক্যাপিটাল ফর্মেশনের ক্ষেত্রে আমাদের এখানে। কাজেই অর্থনৈতিক অবস্থাকে কোন পথে আমরা তাড়াতাড়ি এগিয়ে নিয়ে যেতে পারব সেটা আমাদের কাছে অত্যন্ত দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। আমাদের মোট জাতীয় আয়ের শতকরা ৪০ ভাগ কৃষি থেকে আসে। সেজন্য ভেবে দেখা দরকার কৃষি অর্থনীতি গড়ে তুলবার জন্য ভূমি সংস্কারকে কোন পথে নিয়ে যাওয়া দরকার যাতে উৎপাদন বাড়তে পারে এবং সেই উৎপাদনের ভেতর দিয়ে তাড়াতাড়ি ক্যাপিটাল ফর্মেশন করতে পারি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমাদের শিডিউলড টাইম ৬.৫৯ মিঃ পর্যন্ত ছিল, কিন্তু দেখা যাচ্ছে সেই সময়ের মধ্যে ডিবেট শেষ হচ্ছে না। তাই রুলস অব প্রোসিডিওরের ২৯০ ধারা অনুসারে আমি আরো ৪৫ মিনিট সময় এক্সটেন্ড করার জন্য অনুরোধ করছি। আমি আশা করছি আপনারা সকলেই অনুমতি দেবেন। সময় আরো ৪৫ মিনিট বাড়ানো হল।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** স্যার, আমি যেকথা বলছিলাম সেটা হচ্ছে লোক সংখ্যার অতিরিক্ত চাপে জমির ইউটিলাইজেশন স্যাচুরেশন পয়েন্টে পৌছে গেছি। এতে আমরা একটা কোনঠাসা অর্থনীতির মধ্যে এসে পৌছেছি। এই অবস্থায় আমাদের ভূমি সংস্কারের কথা চিন্তা করতে হবে। কৃষি জমির উপর চাপ আর বাড়ানো চলছে না। সেখান থেকে চাপ কমিয়ে যে সব উদবৃত্ত জনসংখ্যা বেরিয়ে আসবে তাদের অন্য ক্ষেত্রে নিয়োগের ব্যবস্থা না করলে আমাদের দেশের সামগ্রিক অর্থনীতি এগিয়ে চলবে না। এরজন্য প্রয়োজন একদিকে জমির উপর থেকে চাপ কমিয়ে নিয়ে আসা, একদিকে কৃষির উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের ইনসেনটিভ দেওয়া প্রয়োজন। কৃষকদের উপর চাপ কমিয়ে দেওয়ার চেষ্টা করা এখনই দরকার। আমরা দেখছি যারা মার্জিনাল কৃষক অল্প জমির মালিক তারা আজকে একটা অসম অর্থনৈতিক প্রতিযোগিতার মধ্যে পড়েছে। আজকে শিল্প শ্রমিকদের কথা ভেবে দেখুন, সরকারি কর্মচারী, শিক্ষকদের কথা

ভেবে দেখুন, তাঁদের পে-স্কেলের কথা চিন্তা করুন, যখনই দ্রব্যমূল্য বাড়ছে তখনই তাঁদের ডিয়ারনেস অ্যালাওয়েন্স বাড়ানো হচ্ছে, ৩ স্তরে ডিয়ারনেস অ্যালাওয়েন্স দেওয়ার ব্যবস্থা হচ্ছে, এই যে এক শ্রেণীর মানুষ হাতে অর্থ ক্রমগত বেশি পাচ্ছেন এর প্রতিক্রিয়া কৃষক সমাজকে আঘাত করছে। তাঁদের বাঁচাবার জন্য এটা দেখা হচ্ছে না যে কি পরিমাণ আয় একজন কৃষক মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য বৃদ্ধির মাধ্যমে যে জমি তারা রেখেছে তাই দিয়ে তাঁরা বাঁচার সংস্থান করতে পারছে কিনা। তাদের জমির যে আয়, তাই দিয়ে তাঁরা অন্য শ্রেণীর মানুষ যাঁদের বেশি আয় তাঁদের সঙ্গে পা ফেলে চলতে পারে না। এই অর্থনৈতিক অসম প্রতিযোগিতায় তারা দিনের পর দিন পিছিয়ে যাচ্ছেন। সেই দিকে দৃষ্টি রেখে ভূমি সংস্কারের কথা চিন্তা করতে হবে। খাজনার প্রসঙ্গে আসা যাক। পূর্ববর্তী বক্তা কেউ কেউ বলছেন যে খাজনা তুলে দেওয়া দরকার। আমি গত বছর বাজেট বক্তৃতায় অংশ গ্রহণ করে বলেছিলাম মাননীয় মন্ত্রী মহাশয়কে যে খাজনা তুলে দিন। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে আপনাদের মূল নীতি ছিল খাজনা তুলে দেওয়া আপনাদের তৎকালীন ভূমি মন্ত্রী হরেকৃষ্ণ কোঙার ৭ই জুলাই ১৯৬৭ তারিখে বাজেট বিতর্কে জবাবি ভাষণে বলেছিলেন, " আমরা ক্যাবিনেটে ঠিক করে ফেলেছে যে খাজনা তুলে দেব, তবে সমস্যা হচ্ছে প্রায় ৬ হাজারের উপর তহশীলদার এবং সম সংখক মোহরার, ও পিয়ন আছে, তাদের কর্মসংস্থানের প্রশ্নটা ধরতে হবে, আমরা সেই কথা ভেবে ক্যাবিনেট থেকে স্থির করে খাজনা তুলে দেব। আমরা ৩ বছরের মধ্যে আশা করছি খাজনা তুলে দেব এবং ৩ বছরের মধ্যে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের মধ্যে এই সকল লোকদের অ্যাবজর্ব করে নেব।" আমরা সেদিক থেকে কেন সরে যাচ্ছি বুঝতে পারছিনা। আজকে ভূমি রাজস্ব বিভাগের যে বাজেট বই আমাদের দিয়েছেন সেটা যদি বিচার করা হয় তাহলে দেখব আয়ের ক্ষেত্রে দেখা যাচ্ছে ৪২ কোটি ৯০ লক্ষ ৮৩ হাজার টাকা যে আয় ধরা হয়েছে তার মধ্যে ম্যানজমেন্ট অব এক্স—জমিনদারিই স্টেট-এর অন্তর্ভুক্ত মাইনস্ অ্যান্ড মিনারেলস্ থেকে আয় ধরা হয়েছে ৩২ কোটি ৭৬ লক্ষ টাকা এবং অন্য তরফ থেকে আয় ধরা হয়েছে ১১ কোটির মতো এবং তার মধ্যে ৭ কোটি টাকা ফার্ম হোল্ডিং ট্যাক্স থেকে আসবে বলেছেন। অন্যান্য বিভাগ থেকেও আয় বলছেন ১১ কোটি টাকা এবং ব্যয়ের ক্ষেত্রে দেখছি ১৩ কোটি টাকা। আপনার বিভাগের প্রধান আর্নিং-এর সোর্স হচ্ছে এক্স-জমিনদারি স্টেট-এর অন্তর্ভুক্ত মাইনস্ অ্যান্ড মিনারেলস্। এটা বাদ দিয়ে আপনার আয় ১১ কোটি এবং ব্যয় ১৩ কোটি অর্থাৎ রেভেনিউ আর্নিং-এর ক্ষেত্রে লায়বিলিটির প্রশ্ন আসছে। স্যার, খাজনার ব্যাপারটা একটা বিরাট সমস্যা হয়ে দাঁড়িয়েছে। গত অধিবেশনে একটা আইন এনেছিলেন যার মধ্যে অনেক ত্রুটি বিচ্যুতি ছিল। আমি এ সম্বন্ধে ভাবনা চিন্তা করে একটা পুস্তিকা লিখেছি মন্ত্রী মহাশয়কে দু কপি দিয়েছি। তাতে দেখবেন খাজনার সমস্যা কত জটিল হয়ে গেছে। খাজনা তুলে দেবেন এটা আপনাদের নীতি ছিল এবং তদানিন্তন মন্ত্রী হরেকৃষ্ণবাবু উল্লাসের সঙ্গে বলেছিলেন খাজনা তুলে দিলে কৃষকরা দুহাত তুলে আমাদের আশীর্বাদ করবে খাজনা তুলে দিন। স্যার, আমি মনে করি জমির সিলিং কখনও ইল্যাসটিক হতে পারেনা। আমাদের মূল কথা হল জমির উৎপাদন বাড়াতে হবে। আমাদের যদি ৫০ বিঘা সিলিং থাকে মোট জমির পরিমাণ যেখানে স্ট্যাটিক অবস্থায় রয়েছে তাকে আর বাড়ানো যাচ্ছেনা, তখন বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষি উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা করে, উন্নত চাষের ব্যবস্থা করে আমাদের ফলন বাড়ানো দরকার এবং তবেই ৫০ বিঘা সিলিং কমান যেতে পারে।

আজকে আমাদের চিন্তা করতে হবে কিভাবে উৎপাদন বাড়ানো যায় এবং কিভাবে আমাদের কৃষি অর্থনীতির উন্নতি হতে পারে। বর্গাদারদের প্রসঙ্গটি একটু জটিল ব্যাপার। যারা দেশের চিন্তা করেন, ভূমি ব্যবস্থার কথা চিন্তা করেন. তাঁরা মনে করেন বর্গাদারদের নাম লেখা হোক। আমি অসঙ্কোচে আপনাকে অভিনন্দন জানাচ্ছি তাদের নাম রেকর্ড করাবার জন্য। আমি স্বীকার করি আপনারা উৎসাহ এবং উদ্দীপনা সৃষ্টি করেছেন, এবং আন্দোলন করেছেন যে আন্দোলন আমরা করতে পারিনি। তবে বর্গাদারদের নাম রেকর্ড করানোর প্রসঙ্গে পূর্ববর্তী বক্তা বলেছেন কিছু কিছু অন্যায় করা হচ্ছে। আমি বাজেটের জেনারেল ডিসকাশনের সময় বলেছিলাম একজন, জমির মালিকের জমিতে জোর করে বর্গাদার বসিয়ে দেওয়া হয়েছে এবং মালিক যখন কোর্টে গেল তখন প্রমাণিত হল সে বর্গদার নয়। কিন্তু তা সত্বেও সেই জমির ফসল সেই বর্গাদার তুলে নেবার চেষ্টা করল এবং পুলিশ তখন ধান তুলে নিয়ে জিম্মা করল। এবং আপনাদের হার্ভেস্টিং ডিসপিউট প্রসিডিওর অনুসারে কে চাষী, কে ফসল পাবে, সেই বিরোধের মীমাংসার দায়িত্ব পড়ল পঞ্চায়েত সমিতির ভূমি সংস্কার স্থায়ী সমিতির উপর।

[7-05 — 7-15 P. M.]

আমার এলাকায় এই ঘটনাটি ঘটেছে, আমি সেই কথাটাই বলব। সেই কমিটিতে কারা আছেন তিনজন গেজেটেড অফিসার, একজন এম. এ. বি. টি. শিক্ষক আছেন এবং কয়েকজন শিক্ষক আছেন। তারা কি সিদ্ধান্ত দিচ্ছেন-যে বর্গাচাষী বলে দাবি করছেন তিনি যদিও বর্গাচাষী নন, তিনি ও জমি ঠিকায় চাষ করেন না কিন্তু তিনি দিস ভেরি ল্যাংগুয়েজ জোরপূর্বক বেআইনি ভাবে জমি চাষ করেছিলেন সুতরাং তাকে ২০০ টাকা চাষের খরচ দিতে হবে। এটা হচ্ছে। আরও অনেক ঘটনার দৃষ্টান্ত আছে। সামান্য অল্প জমির ভাগচাষী তাকে উচ্ছেদ করে নতুন ভাগ চাষী বসানো হচ্ছে। কেন এমন অবস্থা হচ্ছে যেখানে তিনজন গেজেটেড অফিসার আছে এবং সব শিক্ষিত মানুষ আছে তারা অন্যায়কে সমর্থন করছেন কেন তাকে জোর করে বর্গাচাষীর মধ্যে ঢুকিয়ে দেওয়া হল, তার সমর্থনে তাকে কিছু পাইয়ে দেবার চেষ্টা। এখানে আমাদের সন্দেহ হয় যে এর উদ্দেশ্য ভূমি সংস্কার নয়, অর্থনীতির পুনর্বিন্যাস নয়, অর্থনীতির উন্নতি সাধন নয়। উদ্দেশ্য সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। মাননীয় কৃষক নেতা হরেকৃষ্ণ বাবু তিনি একটা প্রবন্ধে যুক্তফ্রন্ট এবং ভূমি সংস্কার কি বলেছেন-যে কতজমি উদ্ধার হল কত জমি বিলি হল সেটা বড় কথা নয়, বড় কথা কি সমাজ ব্যবস্থা পরিবর্তনের জন্য নতুন চেতনা ও সঙ্গ শক্তির বিকাশ ঘটানো এবং সেই সমাজ ব্যবস্থার পরিবর্তন কিভাবে হবে। সেই প্রবন্ধের মধ্যে তিনি আরও বলেছেন যে সমাজ ব্যবস্থার মৌলিক রূপান্তর হবে একমাত্র শ্রমিকের নেতৃত্বে পরিচালিত শ্রমিক কৃষক ও মেহনতী মানুষের ঐক্যবদ্ধ আন্দোলন। আমার কথা হচ্ছে প্রকৃতই জমি পাইয়ে দেবার জন্য, প্রকৃত কৃষি অর্থনীতিকে পশ্চিমবাংলার এই অর্থনৈতিক সমস্যার মুখে একটা স্থায়ী সমাধানের পথ হিসাবে আপনারা গ্রহণ করছেন অথবা এই উদ্দেশ্য নিয়ে যে আমূল সংস্কারের পরিকল্পনা নিয়ে মৌলিক সংস্কারের উদ্দেশ্য নিয়ে করতে গেলেন— আর কি হচ্ছে আজ বাস্তবে? আজকে দুর্গত কৃষকদের দিকে আমরা দৃষ্টি দিচ্ছি—তাদের দিকে অন্য কৃষকরা-শ্রমিকরা—কি তাদের পাশে দাঁড়াবে আমার তা বিশ্বাস হয় না। আমার বিশ্বাস হয় না সমস্ত মেহনতী মানুষ এই দুর্গত কৃষকদের সাথে আন্দোলন করবে। সে সম্ভবনা আমি দেখতে পাচ্ছি না। আমরা

দেখছি একটা ক্লাস লেস সোসাইটি গড়তে গিয়ে বিভিন্ন ক্লাস ইনটারেস্ট, শিক্ষক তাদের ক্লাস ইনটারেস্টকে ব্যস্ত—কৃষক তার ক্লাস ইনটারেস্ট, বর্গা তার ইনটারেস্ট নিয়ে ব্যস্ত এই অবস্থা চলছে। কাজেই এই সমস্যা এইভাবে সমাধান হবে বলে আমি মনে করি না। এতে পশ্চিমবঙ্গের অর্থনীতি আরো বিপর্যয়ের মুখে পড়বে বলে আমি মনে করি। আমি আর একটা গুরুত্বপূর্ণ কথা বলে শেষ করব। আমি এই কথা পূর্বেও বলেছি কিন্তু কেউ কানে দেন নি। সেটা হচ্ছে মধ্যসত্ত্ব অধিকারীর ব্যাপার নিয়ে। বেঙ্গল টেনেন্সি অ্যাক্ট এর সেকসান ২০ তে ছিলো যে কোন জমিদার তার জমিদারির অন্তর্ভুক্ত কোন জমি যদি খাসের মালিক হয় তাহলে He will held the land not as a tenant but as an intermediary. এটাই স্পিরিট ছিল। এখন এই জমি যদি ট্রান্সফার হয়ে যায় তিনি যদি কাউকে বিক্রি করেন—তিনি কি হবেন—না যেহেতু মধ্য সত্ত্বীয় সম্পত্তি তাহলে .ডিসট্রিক্ট সেটেলমেন্ট ১৯৩৪-৩৭ তাতে কি হোল না যে সম্পত্তি মধ্য সত্ত্ব জমিদার কিনেছেন ওঁর ইনটারেস্ট পিকিউলিয়ার। সেই সময় দেখবেন সেটেলমেন্ট রেকর্ড এর ২২(২) তিনি মধ্য সত্বভোগী। রিটার্ণ করা হয়েছে ২২ (২) ধারা মতে। মধ্যসত্বভোগী অল্প টাকায় কিনছেন। তারা মধ্যসত্বভোগী হওয়ায় সেই সব জমির খাজনার মধ্যে পড়ে গিয়েছেন। আপনি বিবেচক মানুষ। আইন পরিবর্তন করলে ভারচুয়ালি টেনান্ট, কৃষক যারা খাজনা দিচ্ছে, তাদের কথা সরকার বিবেচনা করে দেখুন। এই বলে আমি যে কাট মোশন দিয়েছি, তাকে সমর্থন জানিয়ে, আমি যে বক্তব্যগুলো রাখলাম, এগুলো গুরুত্ব সহকারে বিবেচনা করবেন বলে আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তৃতা খুব মন দিয়ে, ভাল করে শুনেছি। আমি কয়েকটি কথা আপনার বিবেচনার জন্য বলব। আমি আশা করব, আমি যে মন দিয়ে সদস্যদের বক্তৃতা বোঝবার চেষ্টা করেছি, মাননীয় সদস্যরাও আমার বক্তব্য সেইভাবে মন দিয়ে বোঝবার চেষ্টা করবেন। মাননীয় সদস্য শ্রী সন্দীপ দাশ বলেছেন যে, আপনাদের অন্তিম লক্ষ্য কি। লক্ষ্য একটাই। সেটা এই সরকারের ভিতর দিয়ে করা যাবে না। বামফ্রন্টে যারা আছেন তারা চান, মানুষের সব রকম শোষণের চিরকালের অবসান এবং সেটা একমাত্র হতে পারে বিপ্লবের ভিতর দিয়ে। আর সেই বিপ্লব করবার জায়গা এটা নয়। এর সীমাবদ্ধতা আমরা জানি। আমি এই বিধানসভায় বহুবার বলেছি। এখানে বিশেষ করে ভূমি ব্যবস্থাকে অবলম্বন করে এইটা হচ্ছে। ইতিহাসের অগ্রগতির পথে, সামাজিক অগ্রগতির পথে প্রধান বাধা এইটা। সমাজতান্ত্রিক বিপ্লবের কথা, ইতিহাস যারা জানেন, তারা জানেন। একবার ধনতন্ত্রের বিকাশের প্রয়োজনেও এর অবসানের দরকার হয়েছিল। ইংল্যান্ডে ১৬৮৮ খৃষ্টাব্দে, ফ্রান্সে ১৭৮৯ থেকে ১৭৯০ খৃষ্টাব্দে, জার্মানীতে ১৮৮০ সাল যারা বিপ্লব করেছিল তারা ধনতন্ত্রের বিকাশের প্রয়োজনে করেছিল। মাননীয় সদস্য শ্রী শশবিন্দু বেরা আজকের আমেরিকা, আজকের জার্মানী, আজকের ইংল্যান্ডের কথা বলছিলেন— ক পারসেন্ট এগ্রিকালচারের উপর নির্ভরশীল, আর কত পারসেন্ট অন্যের উপর নির্ভরশীল। সেকথা বলছি, কিন্তু এখন এই অবস্থা। আগে ধনতান্ত্রিক বিকাশের মূলে যাদের সেখানকার প্রয়োজন প্রাইমারী অ্যাকুমুলেশন অফ ক্যাপিটাল সেটা কোথা থেকে হয়েছিল। আমেরিকার দক্ষিণাঞ্চলে সেখানে দাস দিয়ে চাষ হতো। উত্তর এবং দক্ষিণে ১৮৬১ সালে লড়াই করার ফলে সেখানে ওয়েস্টার্ন ক্যহটেরিকা এবং বিস্তৃত পশ্চিমাঞ্চলকে এগিয়ে যেতে হয়েছিল—সেকথা

ভুলে যাবেন না। তাই বামফ্রন্ট সরকার যখন ভূমি সংস্কারের উপর জোর দেন, তখন শুধু কৃষকের কথা ভাবেন না, গোটা অর্থনীতি আজ যে সংকটে জর্জরিত হয়ে আছে, এর থেকে এগোবার কোন পথ নেই, যদি ভূমি সংস্কারের না করেন, এইসব কথাই ভাবেন। আপনি বললেন, শতকরা ৭০ ভাগ সম্পূর্ণভাবে ভূমির উপর নির্ভরশীল। তাহলে এই ৭০ ভাগের ক্রয় ক্ষমতা যার উপর নির্ভর করে সেই অভ্যন্তরীণ বাজার কেমন করে বাড়াতে পারি, আর অভ্যন্তরীণ বাজারের বিকাশ না বাড়ালে কি করে শিল্পের বিকাশ ঘটাতে পারি? শিল্প এমনিতে হবে না। শিল্পের প্রয়োজন কাঁচামাল। ওটা কোথা থেকে আসবে? তারজন্য প্রয়োজন কৃষিক্ষেত্রের। শিল্পের জন্য প্রয়োজন মূলধন। যদি কৃষিক্ষেত্রে সারপ্লাস তৈরি করতে পারি ইনভেস্ট করবার জন্য তাহলে তো মূলধন দিতে পারব। আর তা না হলে যে পথে ৩০ বছর ধরে কংগ্রেস করেছে, যে পথ জনতা অনুসরণ করেছে এবং ইন্দিরা অনুসরণ করতে যাচ্ছেন, বিদেশ থেকে ঋণ নিয়ে দেশি শিল্পের বিকাশ, সেটাই কি হবে? আজকে প্রায় ১৮ হাজার কোটি টাকার বেশি বৈদেশিক ঋণ, আকণ্ঠ ঋণ। আজকে ডেট সারভিসিং-এ বোধ হয় ৭০০ থেকে ৭৫০ কোটি টাকা দিতে হয়।

[7-15 — 7-25 P. M.]

সেজন্য সমস্ত দিক থেকে অন্যান্য জিনিস যা আনতে হবে বিদেশ থেকে, সেসব যন্ত্রপাতি আনতে পারেন ধারে, এইযে, আর আমরা আনতে পারি আমাদের যে কৃষিজাত পণ্য সেটা রপ্তানী করে, তা থেকে বিদেশি মুদ্রা অর্জন করে আনতে পারি, তাহলে অগ্রগতি হতে পারে। তাই সমস্ত দিক বিবেচনা করে, এই ব্যাপার দুনিয়ার কোন অর্থনীতিবিদের কোন রকম দ্বিমত নাই, ভারতবর্ষের অর্থনীতি আজকে যে স্তরে রয়েছে, তার অগ্রগতির জন্য, অভ্যন্তরীণ বাজারে উৎপাদন বাড়াবার জন্য, কাঁচামাল উৎপাদনের জন্য, মূলধন শিল্প ক্ষেত্রে বিনিয়োগের জন্য এবং বিদেশি মুদ্রা অর্জন করার জন্য ভূমি ব্যবস্থার অগ্রগতির দরকার। মৌলিক অর্থনীতির দরকার সেকথা সঠিকভাবে মাননীয় সদস্য বিনয় কোঙার মহাশয় বলে গিয়েছেন। আমরা সেই লক্ষ্যকে ধ্রুবতারার মত সামনে রেখে অগ্রসর হতে চাই এবং যে ব্যক্তি সেই মৌলিক পরিবর্তন আনতে পারে, তাকে আহ্বান করতে হবে, তার উদ্বোধন করতে হবে। অনেকে বলেছেন আমরাও জানি, বারে বারে বলেছি এবং বহুবার বলেছি, এই কাজে সেখানে সমস্ত মানুষকে এগিয়ে আসতে হবে, শুধু কৃষক নয়, কোন দলের নয়, সমগ্র মধ্যবিত্ত কৃষক সমাজকে তাদের নিজেদের স্বার্থে। নইলে পর শিল্প চলেনা, ছাঁটাই লে-অফ সেখান আরম্ভ হবে। আজকে পৃথিবীতে প্রায় সর্বত্র, উনি সেদিন বলেছিলেন, আমেরিকা রিসেশন, পশ্চিম ইউরোপে রিসেশন, সেই সমস্ত কারণে তাঁরা আংকটাডের মাধ্যমে তাদের সংকটের বোঝা যে সমস্ত এশিয়া আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকার পশ্চাৎপদ দেশ আছে, তাদের ঘাড়ে পড়বে এবং সমস্ত দিক থেকে সেটা এসে পড়বে কৃষক এবং দরিদ্র মানুষের উপর। তাই সমস্ত দিকে লক্ষ্য রেখে অগ্রসর হতে হবে। সেদিক থেকে আমি একে একে বলছি, অনেকে ভেবেছিলেন এমন কি ব্যঙ্গ করে বলেছিলেন এমন জটিল বলে, আমাদের দেখে দেখে কোন্‌টা কোন্ জায়গায় করতে হবে, সেজন্য বড় কথা বলার চাইতে সলিড ওয়ার্ক করা অনেক ভাল। সেজন্য এমন কতকগুলি স্টেপ নেওয়া হচ্ছে সেগুলির মাধ্যমে ক্রমশ এগিয়ে যাওয়ার সম্ভাবনা থাকবে। বহুবার বলেছি, বহু মিটিং-এ বলেছি একটা মিথ্যা বর্গাদারকে যদি

*রেকর্ড করা হয়, তার মানে এই কাজে এক কড়াই দুধের মধ্যে এক ফোঁটা চোনা ফেলে* দিলে যা হয় তাই। কারণ সেই গ্রামের লোক জানে প্রকৃত ঘটনা কি, এটা সত্য ঘটনা যে এখনও লক্ষ লক্ষ প্রকৃত বর্গাদারদের নাম রেকর্ড করানো সম্ভব হয়নি। দুচারটি জিনিসে সেখানে ভুল ত্রুটি থাকতে পারে, কিন্তু এত বড় কাজ যেখানে সেখানে ড্রেন ইন্সপেক্টার হবেন, সেখানে ত্রুটিটাই বড় নয়, ত্রুটির চেয়েও বড়, অনেক বড় যা, সেটা হচ্ছে মানুষের স্বার্থ রক্ষা করা। এতদিন আইন থাকা সত্বেও কোন কাজ করেননি, করতে দেননি, সেখানে কিছু ছিল বিরোধী সেই জায়গায় আমাদের অগ্রসর হতে হচ্ছে সেটাই বড় কথা। ত্রুটি বিচ্যুতি নিশ্চয়ই আছে, বারে বারে বলেছি, আগেও বলেছি, আবার বলছি এটা কোন দলবাজির ব্যাপার নয়, আমার বিচার ক্ষমতা আছে, আমরা পুরোপুরি এক একটা শ্রেণীকে আনতে চাই, যাদের আনা সম্ভব—কৃষকদের সেই সমস্ত অংশ, ক্ষেত মজুর, ভাগচাষী, গরিব চাষী, মাঝারী চাষী এমন কি ধনী কৃষকদের একটা অংশ কে ও আমরা আনতে চাই। সেই জন্য সেই দিকে লক্ষ্য রেখে সমস্ত পদক্ষেপ আমরা গ্রহণ করছি। তারপর কনসোলিডেশনের কথা তুলেছেন। আমি পাঞ্জাব, পশ্চিম ইউ.পি. প্রভৃতি যে সব জায়গায় কনসোলিডেশন হয়েছে সেই সব জায়গা দেখে এসেছি। সেখানে সেই কনসোলিডেশন হয়েছে at the expenses of weaker section. অফিসারদের ঘুষ দিয়ে অবস্থাপন্ন যারা চাষী তারা গ্রামের ভাল ভাল জমিগুলি পেয়েছেন। আপনাদেরও অভিজ্ঞতা আছে, আমারও অভিজ্ঞতা আছে, সেখানে হয়ত দেখেছেন পিতৃপুরুষের যে জমি সেই জমি বিক্রি করেও এখনও অনেক গরিবের হয়তো কিছু ভাল জমি আছে, সেখানে এটা হতে গেলে অন্য জিনিস হয়, তাই তার বিকল্প হিসাবে আমরা প্রস্তাব রেখেছি আমরা সার্ভিস কো-অপারেটিভ করতে চাই। দিল্লিতে যখন একথা উঠেছিল তখন সেখানে আমি একথা বলেছিলাম। সেখানে বলেছিলাম, ২/৩ বিঘা করে জমি দিলে তাতে তারা চাষ করতে পারবে না এবং তারজন্য গরু লাঙলও রাখতে পারবে না কাজেই সেখানে একটা কো-অপারেটিভ করতে হবে। সেখানে মালিকানা থাকবে কিন্তু গরু, বলদ বা চাষের জন্য প্রয়োজনীয় যে সমস্ত ইনপুটস সেগুলি যাতে সে পায় এবং তা পেয়ে সে যাতে ভালোভাবে চাষ করতে পারে তারজন্য ব্যবস্থা করতে হবে। অনেকে বলেছেন ইকনমিক ভ্যায়াবলের কথা। এ সম্বন্ধেও যখন দিল্লিতে ল্যান্ড রেভিনিউ মিনিস্টারদের বৈঠকে কথা হয়েছিল তখন আমি সেখানে আমাদের কথা বলেছিলাম। সেইজন্য আজকে আমি বলব, এই ইকনমিক ইউনিট কথাটা, ভ্যায়াবল ইউনিট কথাটা একটা রিলেটিভ টার্মস। নদীয়া বা মুর্শিদাবাদে যখন সেচের ব্যবস্থা হয়নি এবং যখন মাত্র একটা আউস এবং কলাই হতো তখন যত জমি থাকলে ভ্যায়বল ইউনিট হতো এখন অবস্থাটা তা নয়, এখন দু/তিনটি ফসল হচ্ছে। গ্রামের অভিজ্ঞতা যাদের আছে তারা জানেন শুধু তাই নয় গরু, ছাগল পোষে এবং তার সঙ্গে অন্য ৫ রকম কাজ করে এবং তার ভেতর দিয়ে তাদের চলে। কাজেই সেখানে কথা হল, মানুষকে সারা বছরের খোরাক দিতে না পারলেও সেখানে যদি অন্তত ৬ মাসের খোরাক মানুষকে দেওয়া যায় তাহলে ঐ যে তাদের দারিদ্রের সুযোগ নিয়ে, ক্ষুধার সুযোগ নিয়ে নির্মম যে শোষণ এবং অত্যাচার চলছে সেটা চলবে না। তারপর সেটাকে আরো ইকনমিক ইউনিটের দিকে নিয়ে যেতে পারি তার ব্যবস্থা করতে হবে। সেইজন্য বলছি, ডোন্ট পুট দি কার্ট বিফোর দি হর্স। এত বোকা আমরা নই, আজকে যারা কেন্দ্রে পরিবর্তন হয়েছে বলে উল্লসিত হয়ে নৃত্য করছেন তাদের বলি, আমরা কোন রকম ভুল করে তাদের সুযোগ করে দিতে চাই না।

যাদের আসা উচিত আমরা তাদের ফিরিয়ে আনতে চাই এবং মানুষের মনে দ্বিধাদ্বন্দ্ব দূর করতে চাই এবং তারজন্যই এবারে অনেকগুলি পদক্ষেপ আমরা নিয়েছি। তারপর বর্গাদারের কথায় আসি। বর্গাদার জমির মালিক রাখে, বিনয় চৌধুরী বর্গাদার ঠিক করে দেয় না, সি. পি. এম. এর ক্যাডাররা ঠিক করে দেয় না, সেখানে তাদের প্রয়োজনেই তারা বর্গাদার রাখে। যেখানে ন্যায়ত, ধর্মত তারা তাদের বর্গাদার বলে স্বীকার করে নিয়েছেন সেখানে আইনত বর্গাদার বলে স্বীকার করে নিতে বাধা কোথায়—বাধা এখানেই যে তারা আইনগত সুযোগ তাদের দিতে চান না। তার কারণ, আইনের চোখে সে যদি বর্গাদার হিসাবে রেকর্ডেড না হয় তাহলে প্রকৃত বর্গাদার হলেও আইনের কোন সুযোগ সে পাবে না।

[7-25 — 7-35 P. M.]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** উচ্ছেদ থেকে রক্ষা পাবে না, ন্যায় সংগত ভাবে পাবে না। এর জন্য কি অসুবিধা হচ্ছে আমি দেখেছি। আমাকে অনেকে বলেছিলেন সেচ এলাকায় ১ হেক্টর জমি, অসেচ এলাকায় ১।।. হেক্টর জমি, অন্য সোর্সে বলা হয়েছে ৩ হাজার—এটা বিবেচনা করে দেখব যদি বাড়াতে হয়। এখন সেই রকম যাদের আছে তারা যদি চেষ্টা করে বিবেচনা করতে না পারেন বা দেরিতে অনেক কিছু কম হয়ে যায়—এর প্রতিকার করার চেষ্টা করছি। আপনারা বলুন অসুবিধা কোথায় আছে। আমরা শুনছি, এখানে অনেকে কথা তুলেছেন, আমরা ব্যবস্থা করেছি। আমরা জানি ১৯৫৩ সালে এসটেটস্ অ্যাকুইজিসন অ্যাক্ট পাস হয়ে গেছে। দীর্ঘদিন হয়ে গেছে, এখনো অনেক ছোট মাঝারি জমির মালিক যারা টাকা পাবেন, তারা টাকা পাননি। সেই জন্য দ্রুত একটা টাইম বাউন্ড প্রোগ্রাম নিয়েছি যাতে দ্রুতগতিতে এই সব টাকা দেওয়া যায় এবং তার জন্য যেসব প্রসিডিওরাল ডিফিকাল্টি ছিল সেগুলি দূর করতে চেষ্টা করছি। কারণ যেসব কালেকশন আছে দেবার আগে ইনকাম ট্যাক্স হয়েছে কিনা কোথায় কোন জায়গায় দপ্তরের সব কিছু পাওনা তার ঠিক আছে কিনা, ক্লিয়ারেন্স সার্টিফিকেট ইত্যাদি ইনবিল্ট ডিফিকাল্টি ছিল এটা অন্তত পক্ষে মাননীয় সদস্যরা বুঝবেন। সেই জন্য এই যে সমস্ত প্রোসিডিওরাল ডিফিকাল্টিগুলি ছিল সেগুলি দূর করতে দ্রুত দেবার চেষ্টা করছি। কোন কোন সদস্য বললেন উকিল মারফত টাকা নিতে হবে এবং এই নিয়ে র‍্যাকেট ছিল, এই নিয়ে নানা রকম চলছিল। সেটাকে দূর করার ব্যবস্থা করেছি। অনেক বার থেকে আমার কাছে রিপ্রেজেনটেশন এসেছিল। এদিকে আমি কান দিই নি। আমি বলেছি স্মল অ্যামাউন্ট হলে পুলিশ নিয়ে চলে যাও প্রত্যেকটি বি.ডি.ও. অফিসকে জানাও, আগে থেকে ঢোল পিটিয়ে জানিয়ে দাও যে তোমাদের টাকা ওখানে গিয়ে নিয়ে এস। ৭০ হাজার টাকা পর্যন্ত যদি হয় তাহলে তার কতকগুলি প্রসিডিওর সিম্পলিফায়েড করেছি, সেখানেই পাবে। কাজেই এটা আপনাদের বুঝতে হবে যে একটা সিস্টেমের ভিতর কাজ করতে হচ্ছে সেটাকে যতদূর পারা যায় সরল করার চেষ্টা করছি। ভূমি বণ্টনের ক্ষেত্রে, বর্গাদার রেকর্ডের ক্ষেত্রে আমরা একটা টার্গেট ডেট দিয়েছি। যেটা হয়েছে অধিকাংশই আমাদের আমলে হয়েছে। কিন্তু এটা কোন রকম আত্মপ্রসাদের কাজ নয়। আমরা চেষ্টা করছি আগামী চাষের মরশুমের আগেই যাতে অন্তত মেজর পার্ট অব বর্গাদারের নামে রেকর্ডেড হতে পারে। আমি আপনাদের সকলকে আহ্বান জানাচ্ছি আপনারা অকুণ্ঠভাবে এই কাজে সহযোগিতা করুন, বর্গাদারের নাম আপনারা সংগ্রহ করে দল বেঁধে শুধু অপারেশন বর্গা নয়, দরখাস্ত

করুন এবং সেই দরখাস্ত অফিসে ফাইল করে দিন। সেখানে কেউ যদি কাজ করতে না চায় তাহলে আমাকে বলুন আমি তাড়াতাড়ি কাজ যাতে হয় সেই ব্যবস্থা করব। এই দায়িত্ব আমাদের জুনের ভিতর এই কাজ শেষ করতে পারি। গত বছর ৩ লক্ষ ৪৫ হাজার একর জমি বাজেটের সময় বলেছিলাম বণ্টনের জন্য দেওয়া হয়েছে। কয়েকদিন আগে আবার একটা সারকুলার দেওয়া হয়েছে। আমি আপনাদের আহ্বান জানাচ্ছি আপনারা প্রত্যেকেই চেষ্টা করুন যাতে এই চাষের মরশুমের আগেই এটা করতে পারেন। কারণ এইবারে পরিকল্পিত ভাবে এটাকে অবলম্বন করে গোলমাল বাধাবার চেষ্টা করা হবে, যে চেষ্টা আমরা এখানে প্রতিদিনই দেখতে পাচ্ছি। সেই চেষ্টা যাতে দূর করতে পারেন সেদিকে দৃষ্টি দিন। কারণ আমাদের অভিজ্ঞতা আছে শতকরা ৯৫ ভাগ বিবাদ দুস্থ বর্গাদারদের জমির পাট্টার উপর ভিত্তি করে হচ্ছে। এইগুলি ক্লিয়ার করতে না পারলে আগামী চাষের মরশুমের আগে কিছু হবে না। এই রকম অন্যান্য অনেক কথা আছে। আমি দিল্লিতে গিয়েছিলাম। সেখানে অনেকের সাথে কথা বললাম। এবারে যারা ভোট দিয়েছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধীকে তারাও ঘাবড়ে গেছেন এটা দেখে। সবাই এখন চিন্তিত উদ্‌বিগ্ন, আপনারা সবাই ভাবুন। কারণ একটা জিনিস পরিবর্তিত হবে, সেই পরিবর্তনের লড়াই কোন ব্যক্তির বিরুদ্ধে বা দলের বিরুদ্ধে নয়। অর্থাৎ আসল কথা হচ্ছে শ্রেণী সংগ্রাম—একদিকে একচেটিয়া পুঁজিপতি সামন্ততান্ত্রিক শক্তি আর পিছনে তাদের মুরুব্বি সাম্রাজ্য বা শ্রেণীর বিরুদ্ধে লড়াই করতে গেলে কৃষককে ব্যাপকভাবে জানাতে না পারলে শ্রমিককে ব্যাপকভাবে জাগাতে না পারলে গণতন্ত্রের বিপদ বুঝে এর বিরুদ্ধে লড়াই করতে না পারলে কিছুই হবে না। দলের ঐক্য শ্রেণীর ঐক্য হচ্ছে একটা হাতিয়ার। আজকে সেই জিনিস বুঝবার দিন এসেছে। যেখানে বিহারের হতে পারে সেখানে বর্গাদার পাতাইদার এখানকার চেয়ে শক্তিশালী। তাহলে এখানে নিশ্চয় ওদের বিশেষ করে সংঘবদ্ধ করা যায়। তা নাহলে কিছুতেই সম্ভব নয়। সেইজন্য সকলকেই আমি ধীরভাবে আবেদন করব যে এ জিনিস আপনাদের চিন্তা করতে হবে। দীর্ঘ দিন ধরে আমরা আছি এবং আমরা এসেছি একটা লক্ষ্য নিয়ে এবং আমরা এগোচ্ছি এবং সজাগ আছি যে কতটা মূল লক্ষ্যের দিকে যাচ্ছি। ভারতবর্ষের সমস্ত মানুষ শ্রমিক কৃষক খেটে খাওয়া মধ্যবিত্ত মানুষ তাদের কতটা শক্তিশালী দল হিসাবে তৈরি করতে পারি আমরা তার চেষ্টা করছি এবং আমাদের সেদিকে ভরসা আছে। অনেক সদস্য বলেছেন দার্জিলিংয়ের কথা। আমাদের যে আইন স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট ছিল তাতে কলকাতা এবং দার্জিলিংকে বাদ দেওয়া হয়েছিল। আমরা আসার পর দার্জিলিং সম্বন্ধে আমরা ব্যবস্থা নিয়েছি। সেখানে টি গার্ডেনের আশে পাশে যে সব জমি আছে সেই সব জমি কৃষি হিসাবে বণ্টন করা যায় না। তাই সেগুলি টি গার্ডেন ডেভেলপমেন্টের জন্য ব্যবহার করছি। কালেকটিভ দিকে হাত দিয়েছি ছোট ছোট পাতা তৈরি করার জন্য যেমন বাঙ্গালোরে আছে এই রকম নানা জায়গায় আছে সেই রকম করেছি। অনেকে একটা প্রশ্ন করছেন। তাঁদের জেনে রাখা দরকার যে দুটি কারণে পুরুলিয়া ইসলামপুর সাবডিভিসনে বা সর্বত্র ল্যান্ড রিফর্ম অ্যাক্ট অনুযায়ী সিলিং চালু করা হয়েছে এবং আর একটা হচ্ছে যে কিছু কারণে এখানে চালু করা যায়নি। আমরা এর জন্য কিছু আইন করছি। অনেক জিনিস বলা যায়। এবং আমি এতো বোকা নই যে আগে থেকে বলে হুঁসিয়ার করে দেব। অতএব ধরে রজনী—অপেক্ষা করুন ব্যবস্থা হবে। এর পরে দুটি বিল আসবে এগুলি কমপ্রিহেন্‌সিভ বিল আমি ড্রাফ্‌ট করে ফেলেছি এবং তার দ্বারাও কিছুটা হবে তার পর

আরও কিছু কিছু করতে হবে। আমি শুধু বলব এই জিনিসের উপর সমগ্র পশ্চিমবঙ্গ সমস্ত ভারতবর্ষের ভবিষ্যত নির্ভর করছে। আপনারা নিজেরা সেটা অনুভব করবেন সমর্থন জানাবেন। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল :** গরিব কৃষক যাদের জমির খাজনা বাকি আছে তাদের ছাড় দেবার সম্বন্ধে কিছু বলুন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** অফ হ্যান্ড কিছু বলা উচিত নয়। আপনি একজন প্রবীন লোক বয়স হয়েছে এইভাবে বলা কি উচিত? তবে এইটুকু বলতে পারি চিন্তা করা হচ্ছে।

[7-35 — 7-45 P.M.]

**Mr. Deputy Speaker :** There are 10 cut motions on Demand No. 7. All these cut motions are in order and they have been moved. I put to vote all the cut motions.

The motions of Shri Sasabindu Bera that the amount of the Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The motions of Sarbasree Balailal Das Mahapartra, Bijoy Bauri, Probodh Purkait, Renupada Halder, Sasabindu Bera, A. K. M. Hassan Uzzaman and Birendra Kumar Maitra that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that @ sum of Rs. 20,12,26,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "229—Land Revenue and 504—Capital Outlay on Other General Economic Services", was put and agreed to.

**Mr. Deputy Speaker :** There is no cut motion on Demand No 75. So, I put the main Demand to vote.

The motion of Shri Benoy Krishna Chowdhury that a sum of Rs. 52,50,000 be granted for expenditure under Demand No. 75., Major Head : "500—Investments in General Financial and Trading Institutions", was then put and agreed to.

## LEGISLATION

### The West Bengal Requisitioned Land (Continuance of Power) (Amendment) Bill, 1980

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮০ সালের পশ্চিমবঙ্গ অধিগৃহীত

ভূমি (ক্ষমতার স্থায়িত্ব) (সংশোধন) বিধেয়কটি আপনার অনুমতিক্রমে বিধানসভায় পেশ করছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আমি আপনার অনুমতি নিয়ে এই প্রস্তাবে উত্থাপন করছি যে, ১৯৮০ সালের পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতায় স্থায়িত্ব) (সংশোধন) বিধেয়কটি বিবেচনার জন্য গৃহীত হোক।

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

১৯৩৯ সালের ভারত রক্ষা আইন বলে অধিগৃহীত বিভিন্ন সম্পত্তি রাজ্যের বিভিন্ন প্রয়োজনে অধিগ্রহণে রাখার উদ্দেশ্যে ১৯৫১ সালের পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতায় স্থায়িত্ব) আইনটি প্রণয়ন করা হয়েছিল বিভিন্ন সময়ে আইনটির সংশোধন করে ইহার স্থায়িত্বকাল বাড়ানো হয়েছিল। ১৯৮০ সালের ৩১ শে মার্চ ইহার স্থায়িত্বকাল শেষ হয়ে যাবে।

১৯৭৭ সালের ১লা এপ্রিল থেকে বর্তমান বাজারদর অনুযায়ী সম্পত্তিসমূহের আবর্তক ভাড়া বাবদ ক্ষতিপুরণ প্রধানের সংশোধন উদ্দেশ্যে ১৯৭৬ সালের আইনটির ৬নং ধারাটির সংশোধন করা হয়। পরে আইনটি আরও দুবার সংশোধন করে চলতি বাজার দর অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত ধারাটি বলবৎ করা ১৯৮০ সালের ৩১শে মার্চ অবধি স্থগিত রাখা হয়।

যে সব সরকারি দপ্তর অধিগৃহীত সম্পত্তি দখল করে রয়েছেন তাঁদের পক্ষে ঐসব সম্পত্তি এখনো পর্যন্ত স্থায়ীভাবে গ্রহণ করা বা অধিগ্রহণ যুক্ত করা সম্ভব হয়নি। সংশ্লিষ্ট দপ্তরগুলির ৬ জন অফিসারকে নিয়ে একটি টাস্ক ফোর্স গঠন করা হয়েছে যাঁরা অধিগৃহীত সম্পত্তিগুলি সম্পর্কে বিভিন্ন বিষয় পর্যালোচনা করে দেখলেন। টাস্ক ফোর্স-এর প্রতিবেদন পাবার পরই যথোপযুক্ত সিদ্ধান্ত নেওয়া সম্ভব হবে।

এই পরিস্থিতিতে আরো ৬ মাসের অর্থাৎ ১৯৮০ সালের ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত আইনটি স্থায়িত্ব কাল বর্দ্ধিত করা প্রয়োজন এবং সেই সঙ্গে চলতি হারে আবর্তক ভাড়া বাবদ ক্ষতিপূরণের হার সংশোধন সংক্রান্ত বিধানটিও ঐ একই সময় পর্যন্ত স্থগিত রাখা দরকার। এই বিধেয়কটিতে এই দুইটি সংশোধনের প্রস্তাব রাখা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি । বর্তমানে অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্যগণ বিনা দ্বিধায় আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৮০ সালের পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতায় স্থায়িত্ব) (সংশোধন) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

আপনারা সবাই এটা জানেন যে, ইতিপূর্বে দুবার আমি এটা এনেছিলাম। এবারে আমি আপ্রাণ চেষ্টা করেছিলাম, বিভিন্ন ডিপার্টমেন্টে বার বার চিঠি দিয়েছি, তাদের সঙ্গে বসেছি, তাদের বলেছি যে, তোমরা পার্মানেন্টলি অ্যাকুয়ারস কর, তা নাহলে এই রকম রিকুইজিশন করে থাকাটা মোরালি অত্যন্ত খারাপ ব্যাপার হচ্ছে। বিভিন্ন ভাবে তাদের উপর চাপ দেওয়া হয়েছিল, কিন্তু এখনো পর্যন্ত এটা করা যায়নি। তবে এটা নিয়ে এখানে বিতর্কের কিছুই নেই। আপনারা বোঝেনই তো সরকারের অবস্থা, লোক বসিয়ে রেখেছি এটা পাস করিয়ে নিয়ে এখনই যেতে হবে প্রেসিডেন্টের অ্যাসেন্ট আনবার জন্য। এগুলি না নিলে ফুড

ডিপার্টমেন্টের বিভিন্ন গোডাউন বিভিন্ন বিষয়ের বিভিন্ন জিনিস ক্ষতিগ্রস্ত হবে। সেই জন্য এটা আবার আনতে হচ্ছে। তবে আমি এবিষয়ে অত্যন্ত লজ্জিত। আমি আপ্রাণ চেষ্টা করেছিলাম, কিন্তু সম্ভব হয়নি। তবে একটা অচলাবস্থার সৃষ্টি হোক, নিশ্চয়ই মাননীয় সদস্যরা চান না, তাই আমি এই বিল মাননীয় সদস্যদের কাছে রাখলাম।

[7-45 — 7-52 P. M.]

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে বিলটি এনেছেন সেটা অত্যন্ত ছোট বিল। কিন্তু এর সঙ্গে একটা গুরুত্বপূর্ণ বিষয় জড়িত আছে। এই বিলটা একটা অ্যানুয়াল ফিচার এসে দাঁড়িয়েছে এবং বছর বছর এই বিলের মেয়াদ বৃদ্ধি করতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ১৯৫১ সালে এবিষয়ে একটা কমপ্রিহেনসিভ বিল এসেছিল। তারপর সেটাকে আজ প্রায় ৩০ বছর ধরে ক্রমাগত পরিবর্তন করে যেতে হচ্ছে। আজ পর্যন্ত এর কোনো সুরাহা হলো না। আমার মনে আছে বিগত যুক্তফ্রন্ট সরকারের ভূমিরাজস্ব-মন্ত্রী হিসাবে স্বর্গীয় হরেকৃষ্ণ কোঙার মহাশয় বলেছিলেন, আমি এই বিলকে শেষ করে দিচ্ছি , আপনারা শুধু আর একবার মেয়াদ বাড়াবার সুযোগ দিন। পরবর্তীকালে আমরা দেখলাম তা কিন্তু হয়নি। তারপর ১৯৭৮ সালের ১৩ই ডিসেম্বর বিনয়বাবু বলেছিলেন, আর এক বছর মেয়াদ বৃদ্ধি করছি, এই এক বছরের মধ্যে আমরা এই কাজ শেষ করব, আমাকে আর এক বছর সময় দিন। তিনি তখন ইংরাজীতে বলেছিলেন, আমি এটা আনডিসাইডেড্ রাখব না দিস ওয়ে অব দ্যাট ফয়সালা করব। অথচ আজ আমরা দেখছি যে, তিনবছরের মধ্যেও তিনি কিছুই করেননি। এখন আবার আরও ৬ মাস সময় চাওয়া হচ্ছে। আপনার কথাগুলি যুক্তির খাতিরে সত্যবলে ধরে নিচ্ছি যে, আপনি আপ্রাণ চেষ্টা করেছিলেন। তাহলে প্রশ্ন আসছে যে, আপনি গতবারে ১ বছর সময় বৃদ্ধি করার সময় বলেছিলেন যে, কতগুলি কেস আনডিসাইডেড হয়ে পড়ে আছে, সেইজন্য সময় বৃদ্ধি করতে হচ্ছে। উদাহরণ হিসাবে আপনি কতগুলি কেস দেখিয়েছিলেন এবং সেগুলির মধ্যে বেশিরভাগই ফুড কর্পোরেশনের গুদাম। সেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস। কিন্তু তা সত্ত্বেও আপনি এটা ডিসাইড করতে পারতেন। বছরের পর বছর সময় লাগাটা ঠিক নয়। এর ফলে উভয় পক্ষের মধ্যে এক পক্ষ যে কোনও সময়েই ক্ষতিগ্রস্ত হবে। এক পক্ষ হচ্ছে মালিক পক্ষ, যাদের কাছ থেকে এগুলি ভাড়া নিয়েছেন বা রিকুইজিশন করে নিয়েছেন, আর এক পক্ষ হচ্ছে সরকার পক্ষ। আমরা যেমন মালিকরা ক্ষতিগ্রস্ত হোক তাই চাইনা, তেমনই আবার সরকার পক্ষ ক্ষতিগ্রস্ত হোক এটাও চাইনা। এটা আপনিও চাননা, আমিও চাইনা, কেউই চায়না। ১৯৫১ সালের পর ১৯৬৯ সালে একটা ধারা পরিবর্তন করা হল। অ্যাক্ট ৪ অফ ১৯৬৯ সেকশান ও এর সাব-সেকশান ২ অ্যামেন্ডমেন্ট করলেন এবং অ্যামেন্ডমেন্ট করে যেটা সিমপল ব্যাপার ছিল সেটাকে কমপ্লেক্স করে তুলছেন। আমি প্রমাণ করতে চাইছি, অ্যাকুইজিশন। এতে যেটুকু অ্যামেন্ডমেন্ট করলেন তাতে আরও কমপ্লেক্স হয়ে গেল। এর ফলে আপনারা ৬ মাসের মধ্যে এই আইনকে বদল না করেন on the actual date of requisition or possession সেখানে আপনারা মালিকদের কি rate এতে মূল্য দেবেন। এটা যদি বাস্তবে করতে না পারেন তাহলে ৬ মাসের মধ্যে এই জিনিসের সমস্যার সমাধান করতে পারবেন না। আমি শুধু এইটুকু বলছি, আপনি আপ্রাণ চেষ্টা করছেন ঠিকই কিন্তু এটা ৬ মাসের মধ্যে নিশ্চয়ই করুন। যদি না করেন তাহলে মালিক পক্ষ ক্ষতিগ্রস্ত হতে পারে এবং এর

চেয়েও সরকার পক্ষ আরও বেশি ক্ষতিগ্রস্ত হবে। আমি দুঃখের সঙ্গে বলছি, আপনি ১৩ই ডিসেম্বর, ১৯৭৮ সালে যে কথা বলেছিলেন সে কথা রাখতে পারেন নি। আজকে ২১ তারিখে যে কথা বলছেন সেইকথা রাখতে পারবেন কিনা আমার সন্দেহ আছে। লাল ফিতার বাঁধন থেকে নিজেকে মুক্ত করতে পারবেন কিনা সন্দেহ আছে। আপনাকে আগেও করতে দেয়নি এখন সেই লাল ফিতার বাঁধন ১৯৮১ সালের ১লা মের মধ্যেও করতে দেবেনা। আমি এ বিষয়ে হুশিয়ারী দিয়ে এই সমস্যার সমাধান করবার জন্য অনুরোধ রেখে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** আমি ২৯ বছরের কৈফিয়ত দিতে পারব না এ ছাড়া হরেকৃষ্ণ বাবুর কথা বলে লাভ নেই। আমি আপ্রাণ চেষ্টা করছি এবং আপনি যে লাল ফিতার বাঁধার কথা বলছেন সেই বাঁধা নয়, সেই বাধা বিভিন্ন দপ্তরের বাধা। সেইজন্য কিছু সময় হাতে রাখা ভাল আর যাতে খারাপ না হতে হয়। সময় হাতে রেখে আর যাতে আপনাদের কাছে কালামুখ না দেখাতে হয় সেই ব্যবস্থা করছি।

West Bengal Act IV of 1969, - section 3 - In respect of the acquisition under this Act of any requisitioned land, the amount of compensation payable shall be the price which the reaquisitioned land would have fetched in the open market, if it had remained in the same condition as it was at the time of requisitioning and had been sold on the date of acquisition.

**Mr. Deputy Speaker:** The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1980, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 2**

**Shri Dinesh Mazumdar :** Sir, I beg to move that in clause 2, in lines 4-5, for the words "twenty nine years and six months", the words "thirty years" be substituted.

**Shri Benoy Krishna Chowdhury :** I accept it.

**Mr. Deputy Speaker:** The motion of Shri Dinesh Mazumdar that in Clause 2, in lines 4-5, for the words "twenty nine years and six months", the words "thirty years" be substituted, was then put and agreed to.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clause 3

**Shri Dinesh Mazumdar** : Sir, I beg to move that in Clause 3, in lines 2-3 for the words "four years and six months", the words "five years" be substituted.

**Shri Benoy Krishna Chowdhury** : I accept the amendment.

**Mr. Deputy Speaker**: The motion that in Clause 3, in lines 2-3 for the words "four years and six months" the words "five years" be substituted was then put and agreed to.

The question that Clause 3 as amended do stand part of the Bill was then put and agreed to.

### Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1980, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Adjournment.

The House was then adjourned at 7.52 p.m. till 9 a.m. on Saturday, the 22nd March, 1980 at the 'Assembly House', Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta on Saturday, the 22nd. March, 1980 at 9 A. M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 5 Ministers, 1 Minister of State and 114 Members.

[9-00—9-10 A.M]

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্পিকার মহোদয়, আমি এ কটা প্রিভিলেজের নোটিশ দিয়েছি সেক্রেটারির কাছে। আমি প্রিভিলেজ হিসাবে একটু বলতে চাই আপনি নিশ্চয় আমাকে অনুমতি দেবেন এবং তারপর আপনার রুলিং দেবেন।

**মিঃ স্পিকার :** প্রিভিলেজ হিসাবে আপনি বলবেন, কিন্তু আপনি কত মিনিট বলবেন সেটা আমাকে বলবেন, আপনি যদি ২০ মিনিট বলেন তাহলে তাতে আমার আপত্তি আছে। আপনার রেজ করবার জন্য যেটুকু দরকার সেটাই বলবেন। আপনি ৩-৪ মিনিট সময় নেবেন। স্যালিয়েন্ট বক্তব্য বলবেন তা না হলে অসুবিধা হবে। আমি আপনাকে ৯টা ৫-৬ পর্যন্ত সময় দিলাম।

**Shri Rajani kanta Doloi :** Sir, Notice for raising a question of privilege and Points of Order in the House on 22.3.80.

The question of privilege arises out of facts mentioned below—

The observations made by Mr. Speaker in the House on 21.3.1980, giving the erronoeous impression as if some Opposition Members (including myself) think that the "Assembly is the Platform for them as Monument Maidan" and the uncalled for Warnings and threats that Mr. Speaker would "call the Marshall and throw us out of the House", are defamatory, indecent, unparliamentary and undignified. I object to the use of such harsh and objectionable language on grounds of propriety, and would like to request the Chair to expunge such remarks from yesterday's proceedings of the House, so that the irregularities may be set right.

I am well aware of the fact that Rule 348 of the Rules of Procedure and Conduct of Business, confers restricted powers on the Speaker to name a member who disregards the authority of the Chair or abuses the rules of the House by persistently and wilfuly obstructing

the business thereof. The said Rule 348 further provides that if a member is so named by the Speaker, the Speaker shall forthwith put the question that the member be suspended from the service of the House for a period not exceeding the remainder of the session. Only under these circumstances a member can be made to withdraw from the House.

I strongly feel that while threatening me and my colleagues, the Chair has failed to perceive that Mr. Speaker has no powers to call the Marshall to throw the members out of the House so long as they continue to be Members. I repeat and reiterate that without resorting to Powers under Rule 348 the Speaker has no power to ask the Marshall to throw any Member out of the House. The harsh threatening languages used were therefore wholly unjustified and uncalled for. Though Mr. Speaker is the Protector and Guardian of the rights and privileges of the Rules of Procedure and Conduct of Business of the House during Yesterday's Session.

The newspapers have given wide publicity to the incident. This has not only tarnished the image of the Members involved but has also created doubts and suspicious about the impartiality of the Chair.

**শ্রী অমলেন্দ্র রায় :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। আমি যে পয়েন্ট অব অর্ডারটা তুলতে চাই সেটা হচ্ছে এই ওঁকে আপনি অনুমতি দিয়েছেন, উনি ২-৩ মিনিট এখানে বলতে পারেন। উনি ২-৩ মিনিট বলবেন আপনার কাছে অনুমতি নিলেন। কিন্তু উঠে দাঁড়িয়ে যেটা পড়ছেন আমি জানতে চাই ওটা কি প্রিভিলেজ মোশন এগেনস্ট দি স্পিকার অর নট এটা হল ১ নং কথা। ২ নং কথা হচ্ছে এটা প্রিভিলেজ মোশন হয় তাহলে প্রাইমা ফেসি কেস কি আছে না আছে সেটা দেখবেন, দেখে তারপর আপনি অনুমতি দেবেন, ওনলি দেন উনি এখানে সেটা পাঠ করতে পারেন। তা না হলে কোন রাইটে একটা প্রিভিলেজ মোশন ইট ট্যান্টামাউন্টস্ টু অ্যাস্পারসান অন দি চেয়ার শুধু নয়, It is a No-Confidence motion against the Chair which can not be raised in this particular maner. কেন উনি এটা পড়ছেন? এটা এক্সপাঞ্জ করতে হবে এন্টায়ার যেটা উনি এখানে পড়লেন। উনি পড়তে পারেন না, হোয়েদার দেয়ার ইজ এনি প্রাইমা ফেসি কেস অর নট সেটা দেখবেন, অনুমতি দেবেন, তারপর ওটা পড়তে পারেন। হাউ হি ক্যান রিড দ্যাট ম্যাটার ইন দিস হাউস?

**শ্রী দীনেশ মজুমদার :** মিঃ স্পিকার, স্যার আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যদি প্রাইমা ফেসি কেস থাকে তাহলে আপনি কি করবেন আপনি সেই সিদ্ধান্ত নেবেন। তা যদি না হয় তাহলে এখানে যেটা পড়েছেন সেটা এক্সপাঞ্জ করবেন এই অনুরোধ করছি।

**শ্রী নবকুমার রায় :** আমরা সেক্রেটারির কাছে নোটিশ দিয়েছি সেটা নিশ্চয়ই আপনি

পড়ে থাকবেন। আপনি ওঁকে পড়ার জন্য অনুমতি দিয়েছেন সেজন্য পড়েছেন।

**মিঃ স্পিকার ঃ** আমি পার্মিসান দিইনি, ক্যাটাগোরিক্যালি বারণ করেছি, কেবলমাত্র স্যালিয়েন্ট বক্তব্য পড়ার জন্য বলেছি।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আমার বক্তব্য পরিষ্কার, রুলস অব প্রোসিডিওরে মার্শাল সম্বন্ধে কোন কথা নেই। কালকে যেভাবে বলেছেন আমাদের মার্শাল দিয়ে বের করে দেবেন, মার্শাল ডেকেছেন, সে সম্বন্ধে আমি আপনার রুলিং সিক করছি। আজকে যে কথা অমল বাবু বললেন আপনি নিশ্চয়ই দেখবেন এতে প্রিভিলেজ কিছু আছে কিনা। আপনি এই সম্বন্ধে কোন ডিসিশান নেওয়ার আগে আপনাকে বলতে চাই এর আগের সেশানে ২ বছর পরে গাজী পতিকা সম্বন্ধে দীপক সেনগুপ্তকে এই হাউসে প্রিভিলেজ নিয়ে এসেছিলেন তাঁকে পড়তে দেওয়া হয়েছে। সুতরাং আমাদের হাউসে প্রিসিডেন্ট রয়েছে।

**মিঃ স্পিকার ঃ** কালকে সত্য বাপুলী প্রিভিলেজ বলে যে কথা বলেছিলেন Though there was no notice on the Privilege motion even then I allow Shri Bapuli. প্রাইমা ফেসি কিছু আছে দেখব, কিন্তু এটা দেখা যাচ্ছে It is an attempt to raise a no-confidence motion by moving the Privilege motion.

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বলে এসেছি যে যথারীতি আমি একটা নোটিশ দেব। মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় এই বিধানসভায় যে আচরণ করেছেন, বিশেষ করে আপনার বিরুদ্ধে, তাঁর সেই আচরণ সম্পর্কে আমরা সকলে এখন আলোচনায় যাচ্ছি না, আমরা সকলেই সেটা দেখেছি তিনি কি করেছেন, না করেছেন। সেই সম্পর্কে প্রিভিলেজ মোশনের এই আবেদন রাখছি যে যথা সময়ে নোটিশ দেব, যথা সময়ে উত্থাপন করব।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, কালকে যে ঘটনা ঘটে গেছে সেটা যদি দয়া করে প্রোসিডিং থেকে এক্সপাঞ্জ করার ব্যবস্থা করেন তাহলে খুশি হব। কারণ, এই ধরনের ঘটনা আগে ঘটেনি, এই ঘটনা বাঞ্ছনীয় নয় বলে সে সম্বন্ধে আমি আপনার রুলিং চাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে আমি দেখব।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মিঃ স্পিকার, স্যার, আমার বক্তব্য হচ্ছে মাননীয় সদস্য যা বললেন, যে নোটিশ দিলেন সে সম্বন্ধে আমার প্রথম কথা হচ্ছে স্পিকারের এগেনস্টে কোন প্রিভিলেজ হয় না এই হল ১ নং কথা। ২ নং কথা হচ্ছে নিয়মানুগভাবে স্পিকারের এগেনস্টে নো-কনফিডেন্স

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** Mr. Roy, it is not time when you can discuss it further. আমি দেখব আমার উপর বিচারের ভার হয়েছে। আমার বক্তব্য বলে দিয়েছি, ওঁনারা ওঁদের বক্তব্য বলে দিয়েছেন, আমি দেখব সত্যই যদি এমন কিছু হয়ে থাকে।

**শ্রীমতী রেনুলীনা সুব্বা ঃ** Mr. Speaker, Sir, I want to say something.

(নয়েজ)

**মিঃ স্পিকার :** On what motion are you Speaking ? Is it on a point of order on a privilegee motion ?

[9-10–9-20 A.M]

**Smt. Renu Leena Subba :** Mr. Speaker, Sir, in the Amrita Bazar Patrika it has appeared that you will throw us out. You can not throw us out. If you can do so we will also throw you. You can not call the Marshall.

**শ্রী অমলেন্দ্র রায় :** স্যার, আপনাকে বলছে থ্রো আউট করবে—এর একটা সীমা থাকা উচিত, সভ্যতা, শালীনতা, ভব্যতা হাউসের প্রিভিলেজ এ কিছুই নেই। যা খুশি, যেদিন যা খুশি উঠে দাঁড়িয়ে বলে যাচ্ছেন, কমপ্লিট লাইসেন্স—এটা কি করে উনি বললেন? ওর কোন রাইট নেই।

**শ্রী দীনেশ মজুমদার :** স্যার, স্পিকারের উপর অ্যাসপারশান করা, যা খুশি তাই বলা, কয়েকজন সদস্য তারা মনে করছেন যে এটা তাদের একচেটিয়া অধিকার। আমরা অনুরোধ করব—এই জিনিস সভার অবমাননা করা এবং এই রকম ঘটনা যদি ঘটে আপনাকে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করব, এবং প্রয়োজন হলে আমাদের পক্ষ থেকে মোশন টেবিল করব। এই জিনিস বরদাস্ত করা যায় না—হাউসের এই অবমাননা, যা খুশি তাই বলবে, স্পিকারকে থ্রো আউট করবে, যা খুশি তাই বলবে এই জিনিসকে সমর্থন করবেন এমন সদস্য দুর্ভাগ্যজনক বিধানসভায় রয়েছেন। দিনের পর দিন এই জিনিস বিধানসভা টলারেট করতে পারে না। আমি আপনাকে অনুরোধ করব আপনি প্রয়োজন মত ব্যবস্থা নেবেন।

**শ্রী নবকুমার রায় :** স্যার, আমরা এই জিনিস সমর্থন করি না। আমরা সমর্থন করি না।

**Mr. Speaker :** Mr. Naba Kumar Roy, any Member can draw the attention of the Chair, But the point is the manner in which our lady member has raised the point is against the decorum of the House.

**শ্রী নবকুমার রায় :** আমরা এই জিনিস সমর্থন করি না, কিন্তু স্যার, উনি এটা রেজ করতে পারেন, সাজেশান দিতে পারেন, কিন্তু আপনাকে ডিক্টেট করতে পারেন না, ডাইরেক্ট করতে পারেন না।

**শ্রী রজনীকান্ত দোলুই :** উনি যেভাবে এখানে থ্রেট করছেন, বলছেন যে আমরা তার ব্যবস্থা নেব, উনি স্যার, এইভাবে এখানে থ্রেট করতে পারেন না।

**শ্রী দীনেশ মজুমদার :** রজনী বাবু খুব ভুল করলেন। থ্রেট করার কারোর অধিকার নেই, আমার মত ক্ষুদ্র সদস্যের অধিকার নেই। আমি শুধু আপনার দৃষ্টি আকর্ষণ করেছি যে চেয়ারের প্রতি অবমাননা, এই হাউসের প্রতি অবমাননা এটা বরদাস্ত করা যায় না, আপনি

করবেন না এই অনুরোধ করেছি। যদি প্রয়োজন হয় তাহলে আমাদের যে অধিকার আছে সেই অনুযায়ী আমরা মোশান টেবিল করব এটাই আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। থ্রেট করার অধিকার কারোর নেই, আমার মত ক্ষুদ্র ব্যক্তির তো প্রশ্নই উঠে না এবং এই কাজ আমি কখনও করি না।

## VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 59

**Major Heads :** 314-Community Development (Panchayat), 363-Compensation and Assignments to Local bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714-Loans for Community Development (Panchayat).

**Shri Debabrata Bandyopadhyay :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,34,83,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads: "314-Community Development (Panchayat), 363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714-Loans for Community Development (Panchayat)".

**Mr. Speaker :** There are nine cut motions on demand no. 59. All the cut motions are in order.

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount of the demand be reduced to Re. 1.

**Shri Balai Lal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

**Shri A. K. M. Hassanuzzaaman :** Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

### Demand No. 60

**Major Heads :** 314-Community Development (Excluding Panchayat and 514-Capital Outlay on Community Development (Excluding Panchayat).

**Shri Debabrata Bandyopadhyay :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,04,26,000 be granted

*for expenditure under Demand No. 60, Major Heads: 314-Community Development (Excluding Panchayat) and 514-Capital Outlay on Community Development (Excluding Panchayat).*

**Mr. Speaker :** All the cut motions are in order.

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**শ্রী হরিপদ জানা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই পঞ্চায়েতের উপরে অংশ গ্রহণ করতে গিয়ে আমি কতকগুলি পঞ্চায়েতের নীতি এবং যে নীতির উপর ভিত্তি করে পঞ্চায়েত সৃষ্টি হয়েছে তার ক্রটিবিচ্যুতি কোথায় এবং সেই সম্বন্ধে অমার কিছু বক্তব্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। পঞ্চায়েত একটা নিরপেক্ষ প্রতিষ্ঠান হবে এবং সেই নিরপেক্ষ প্রতিষ্ঠানের মাধ্যমে পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের গণতান্ত্রিক কাঠামো খুব শক্তিশালী হবে। এই উদ্দেশ্য নিয়েই আমাদের দেশের মহাপুরুষরা পঞ্চায়েতের কথা বলেছিলেন। তাই আমি প্রথমেই স্মরণ করতে চাই যে ১৯৪৬ সালে ২৮শে জুলাই তারিখে জাতির জনক মহাত্মা গান্ধী আমাদের সামনে কি তুলে ধরেছিলেন। তিনি একটা কথা বলেছিলেন তাঁর হরিজন পত্রিকায় Indian Independence must begin at the bottom. Thus every village will be a republic or Panchayat having full powers. It follows, therefore that every village has to be self-sustained and capable of managing its affairs, even to the extent of depending itself against the whole world. It will be trained and prepared to perish in its attempt to defend itself against any onslaught from without. Thus, ultimately, it is the individual who is unit. ভারতবর্ষের সংবিধানের রচয়িতারা গান্ধীজির এই আদর্শে বিশ্বাস করে তারা ৪০ নম্বর আর্টিকেলে বলেছেন The State shall take steps to organise village Panchayats and endow them with such powers and authority as may be necessary to enable them to function as units of self government. এটা নিছক সত্য, এই কথাটাই আমি আপনাদের সামনে তুলে ধরতে চাই। স্যার, আমি বলতে চাই বর্তমান যে পঞ্চায়েত সিস্টেম হয়েছে রাজনৈতিক চিন্তাধারার উপর ভিত্তি করে হয়েছে এটাকে অস্বীকার করা যায় না এর মধ্যে কি কুফল আমরা দেখতে পাচ্ছি। মানুষের মধ্যে গ্রামের মধ্যে একটা ইলউইল সৃষ্টি হয়েছে, সেটা আপনাদের দেখা দরকার। ইল্‌উইল পরস্পরের মধ্যে কে কাকে সাহায্য করছে না করছে কোন দলে কে আছেন না আছেন এর উপর ভিত্তি করে যেন প্রত্যেকটা জিনিস দেখার প্রবণতা দেখা দিয়েছে। পার্টি পলিটিক্স এখানে জোর কদমে এমন ভাবে চলেছে সেটাকে রোধ করা কি ভাবে যায় এটা আমরা চিন্তা করছি না। কিন্তু আমার মনে হয় সরকার পক্ষের আজকে সবচেয়ে এই বিষয়ে চিন্তা করা উচিত কি করে এটার নিরসন করা যায়। গ্রুপইজম আজকে রকেটের মত বেড়ে চলেছে পরস্পরের মধ্যে। একই দলের মধ্যে যদি পঞ্চায়েত হয় তাহলে সেখানে দেখা যাচ্ছে প্রচুর গ্রুপইজম চলছে। তার নজীর আমার মনে হয় পঞ্চায়েত

মন্ত্রী মহাশয় জানেন। তার কাছে অনেক অভিযোগ দেওয়া হয়েছে। গত ২০শে মার্চ তারিখে তিনি মিটিং ডেকেছিলেন জেলা পরিষদ অফিসারদের তিনি নিশ্চয়ই সেখানে বুঝতে পেরেছেন। যার ফলে এ্যফিসিয়েন্সি যথেষ্ট বাধা পড়ছে। গ্রাম্য জীবন উন্নত হওয়া তো দূরের কথা সেখানে বিষাক্ত একটা আবহাওয়ার সৃষ্টি হয়েছে, রাইভারলি গ্রুপইজম এমন একটা অবস্থার মধ্যে পৌঁছে গেছে যে সেখানে পরস্পর গ্রামবাসীর মধ্যে প্রেম প্রীতি ভালবাসা সেটা সম্পূর্ণ রূপে নষ্ট হতে বসেছে।

[9-20–9-30 A.M.]

গ্রামজীবনে উন্নতি হওয়া দুরের কথা, বিষাক্ত একটা আবহাওয়া সৃষ্টি হয়েছে। রাইভ্যালরি, গ্রুপইজম, ফাংশনালিজম এমন অবস্থায় পৌঁছে গিয়েছে যারফলে গ্রামবাসীদের প্রেম-প্রীতি-ভালবাসা নষ্ট হতে বসেছে। কিন্তু আমরা চেয়েছিলাম কি এই পঞ্চায়েত সিস্টেম এর মাধ্যমে শান্তি-শৃঙ্খলা বজায় থাকবে এবং সেখানে নিশ্চয় গণতান্ত্রিক, সমাজতান্ত্রিক কাঠামো শক্তিশালী করে গড়ে তুলবে। কিন্তু আমরা দেখছি, সরকারের যে উদ্দেশ্য ছিল এবং ভারতের মনিষীদের যে উদ্দেশ্য ছিল, সেই উদ্দেশ্য সফল করা যায় নি। মনে হচ্ছে, শিব গড়তে গিয়ে যেন বাঁদর গড়া হয়েছে। আমরা আগের পঞ্চায়েতকে বলতাম, বাস্তুঘুঘুর বাসা। এই কথা বলে আমরা তাদের কথা তুলতাম। কিন্তু পঞ্চায়েতে যারা বর্তমানে রয়েছেন, তাদের চরিত্র, কাজকর্ম, কথাবার্তা, চালচলন এবং গ্রামবাসীদের সংঙ্গে যে ডিলিংস তারা দেখাচ্ছে, তাতে আমার মনে হয়, বাস্তুঘুঘুর বাসা সম্পর্কে যেকথা বলতাম, এদের সম্বন্ধেও সেই কথাই প্রযোজ্য। এদের আর অন্য কিছু বলা যায় না। আমি গ্রামে গ্রামে ঘুরে দেখেছি, যে উদ্দেশ্যে পঞ্চায়েত হয়েছিল, সে উদ্দেশ্য সাধিত হয়েছে কিনা, সেটা আমি আপনাকে জানাতে চাই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, ভূমিলক্ষ্মী কাগজে যে কতগুলো স্ট্যাটিস্টিক্স বেরিয়েছে সে সম্পর্কে। সেটা আমি পড়ছি, "গ্রাম পঞ্চায়েতে দল বদল আর পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অনাস্থা প্রকাশের যেন হিড়িক পড়ে গিয়েছে। আইনের মারপ্যাঁচে অনেক পঞ্চায়েতের বিরুদ্ধে গুরুতর অভিযোগ থাকা সত্বেও জেলা পঞ্চায়েত অফিসাররা কিছু করতে পারছেন না। অনেক জেলায় সরকারি নির্দেশ মানা হচ্ছে না বলে অভিযোগ। বেশ কিছু পঞ্চায়েত প্রধান ডিক্টেটর হয়ে উঠেছেন বলেও শোনা যাচ্ছে। পঞ্চায়েত নিয়ে বিস্তারিত আলোচনার জন্য গত ২০ মার্চ কলকাতায় জেলা পঞ্চায়েত অফিসারদের বৈঠক ডাকা হয়েছিল। বৈঠকে পঞ্চায়েত মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন। ওই বৈঠকে পঞ্চায়েতের মাধ্যমে কাজের বিনিময়ে খাদ্য গ্রামীণ পুনর্গঠন কর্মসূচিতে সরকারি অর্থ ব্যয়ের হিসাব নিয়ে আলোচনা হয়েছে। রাজ্য সরকার ওইসব কর্মসূচিতে গম এবং নগদে প্রায় ৭০ কোটি টাকা ব্যয় করেন। দেড় বছর ধরে তাগিদ দিয়েও গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে হিসাব পাওয়া যায় নি। শেষ পর্যন্ত জানুয়ারির প্রথম সপ্তাহে পঞ্চায়েত মন্ত্রীর নির্দেশে সার্কুলার পাঠানো হয়েছে, ফেব্রুয়ারির মধ্যে সমস্ত পঞ্চায়েতকে সরকারি টাকার হিসাব দিতে হবে। গ্রাম পঞ্চায়েত গুলিতে হ্যাজাক লণ্ঠন, হ্যারিকেন জ্বালিয়ে সারারাত হিসাব তৈরির কাজ চলে। কিন্তু তাতেও বিশেষ কাজ হয় নি। মোট ৩২৪২টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ফেব্রুয়ারির শেষ দিন পর্যন্ত শতকরা চল্লিশ ভাগ হিসাব মেলেনি। সব মিলিয়ে হিসাব দিয়েছে ৯৩৪৯টি গ্রাম পঞ্চায়েত। এরাও পুরো হিসাব দেননি, সবচেয়ে বেশি হিসাব দিয়েছে মুর্শিদাবাদ—২৫৩টি গ্রাম পঞ্চায়েতের

*মধ্যে ২৪৩টি, মেদিনীপুর ৫৫০টির মধ্যে ১৭৩টি, বর্ধমান ২২৪ টির মধ্যে ৭৬ টি এবং* নদীয়া ১৭৯ টির মধ্যে ৯৪ টি। শতকরা দশ ভাগেরও কম পঞ্চায়েত সংস্থা বিস্তারিত হিসাব দিয়েছে। বাকি পঞ্চায়েতগুলি বিভিন্ন কর্মসূচিতে গ্রামীণ উন্নয়ন কতটা কি করেছেন তার কোন *হিসাব নেই। অর্থাৎ গ্রামীণ সম্পদ সৃষ্টির কাজে পঞ্চায়েত এই ৭০ কোটি টাকা কিভাবে লাগিয়েছে তার কোন হিসাব নেই। কোন নির্দিষ্ট পরিকল্পনা পঞ্চায়েতের ছিল কিনা তাও* জানা যায়নি। পঞ্চায়েত দপ্তরের একজন মুখপাত্র বলেন, রাজ্যের ৩৮ হাজার গ্রামে এগার লক্ষ হাজা মজা পুকুর আছে। ঠিকমত কোন পরিকল্পনা অনুযায়ী কাজ হলে এই পুকুরগুলি সংস্কার করে গ্রামের অনেক উন্নয়নমূলক কাজ হতে পারতো। যেমন সংস্কারের ফলে মাটি পাওয়া যেত গ্রামের রাস্তা তৈরির জন্য, সেচের জল পাওয়া যেত। অন্তত শতকরা দশভাগ সেচ বাড়তো। তাছাড়া মাছের চাষও করা যেত। এরকম অনেক কাজ করা যেত। কিন্তু অধিকাংশ গ্রাম পঞ্চায়েতর সদস্যদের গঠনমূলক দৃষ্টিভঙ্গির অভাবে গ্রাম জীবনে তেমন কোন পরিবর্তন আসে নি। উন্নয়নমূলক কাজে বরাদ্দ টাকা থেকে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতের অফিসে কর্মকর্তাদের জন্য দামি আরামকেদারা এবং অন্যান্য আসবাব কেনা হয়েছে। পনেরোজন জেলা পরিষদ চেয়ারম্যানের জন্য নতুন অ্যাম্বাসাডর গাড়ি কেনা হয়েছে। আরও অভিযোগ, পঞ্চায়েতের গাড়ি অনেক জেলা পরিষদ সদস্য ব্যক্তিগত কাজে ব্যবহার করছেন। অথচ চৌকিদার, দফাদার এবং অন্যান্য কর্মচারীরা নিয়মিতভাবে বেতন পাচ্ছেন না। এদিকে পঞ্চায়েতের কাজকর্ম নিয়ে সদস্যদের নিজেদের মধ্যে প্রচণ্ড মতবিরোধ চলছে। সারা রাজ্যে ৪৬ হাজার গ্রাম পঞ্চায়েত সদস্যদের মধ্যে দু হাজারের বেশি গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির সদস্য একদল ছেড়ে অন্যদলে যোগ দিয়েছেন। পঞ্চায়েত নিয়ে একই দলের মধ্যে দুটি গোষ্ঠী চলছে। দলীয় বিরোধ চলছে সরকারি অর্থ এবং গম বন্টন নিয়ে দুর্নীতির অভিযোগকে কেন্দ্র করে। মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং পঞ্চায়েত মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ের বার বার নির্দেশ যে গ্রামবাসীদের মধ্যে নগদ টাকা এবং গম বন্টনের পুরো তালিকা টাঙ্গিয়ে দিতে হবে। কিন্তু অধিকাংশ জেলায় তা কার্যকর করা হয় নি। অনেক গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ উঠেছে পঞ্চায়েত সদস্যদের বৈঠকে অনুমোদন না নিয়ে ইচ্ছামত টাকা খরচ করেছেন। নদীয়া, বাঁকুড়া, পুরুলিয়া, হুগলি, ২৪ পরগনা, বীরভূম এবং উত্তরবঙ্গে সব মিলিয়ে প্রায় পঞ্চাশটি গ্রাম পঞ্চায়েতকে বাতিল করার দাবি উঠেছে।" অন্তত শতকরা ১০ ভাগ সেচের ব্যবস্থা করলে লোকের এমপ্লয়মেন্ট হত। কিন্তু পরিকল্পনার অভাবে যেভাবে মজা পুকুরের ব্যবস্থা হল না সে বিষয়ে পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী এবং পঞ্চায়েতমন্ত্রী বারে বারে হিসাব চেয়েছেন। সে হিসাব কেন পাচ্ছেন না, মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর জবাবী ভাষণে দেবেন বলে আশা করছি। দুর্নীতি চতুর্দিকে বাসা বেঁধে উঠেছে, তার কতকগুলো নমুনা আমি দিতে চাই। মাননীয় পঞ্চায়েতমন্ত্রীকে আমি ১২-৩-৮০ তারিখে একটা চিঠি দিই। তিনি বাইরে চলে গিয়েছিলেন, ছিলেন না, তাই তাঁর অফিসে দিয়ে আসি। ৫-৬-৭৯ তারিখে একটা চিঠি দিয়েছি, তার হেডিং ছিল অ্যাডমিনিস্ট্রেশন থ্রু পঞ্চায়েত। আমার এলাকা ভগবানপুরের বিভীষণপুর গ্রামে বন্যার জন্য যে টাকা দেওয়া হয়েছে, সমস্ত টাকা পঞ্চায়েতের মাধ্যমে দেওয়া হয়েছিল। তাতে দেখা গিয়েছে, গ্রামে সেই নামে লোক নেই, অথচ তার নামে টাকা ড্র করা হয়েছে।

সেই গ্রামে লোক আছে কিন্তু লোকে জানতে পারলনা কিভাবে তার নামে টাকা উইথড্র হয়ে গেল। কখনও হ্যাণ্ডলুম করতেন, মান্ধাতার আমল থেকে তারা কোন দিন হ্যাণ্ডলুম চালায়নি, অথচ তার নামে টাকা ড্র হয়ে গেল। আমরা যখন স্থানীয়ভাবে আন্দোলন করলাম, তখন কয়েক হাজার টাকা এস ডি ও-র কাছে সারেণ্ডার করে দিল, আমরা এস ডি ও-কে বললাম এনকোয়ারী করুন, এনকোয়ারী করে রিপোর্ট দিলেন ডি এম-এর কাছে, এখনও পর্যন্ত কিছু হলনা, ডি এম বললেন ক্রিমিন্যাল প্রসিডিওর নিতে, এখনও পর্যন্ত নেওয়া হলনা। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছেও কপি দিয়েছি ১২-৩-৮০ তারিখে, আপনার গুড উইলের উপর আমার যথেষ্ট বিশ্বাস আছে, আপনি ইচ্ছা করলে পঞ্চায়েতের দুর্নীতিগ্রস্তদের সায়েস্তা করতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের উপর যাতে কোন রকমে ইন্দিরা গান্ধী হস্তক্ষেপ না করতে পারে, সেটা আমরা দেখব এবং যদি এই গভর্নমেন্টকে তাড়িয়ে দেয় তবে আমাদের তার জন্য লড়াই করতে হবে, তার জন্য প্রস্তুত আছি। মন্ত্রী মহাশয়ের কাছে যে পিটিশন দিয়েছি, তিনি এ বিষয়ে যেন একটু দেখেন। সেখানে একটা ভয়ঙ্কর অবস্থা সৃষ্টি হয়েছে, কোন ব্যবস্থাই হচ্ছে না। আমি জয়েন্ট সেক্রেটারি বি এম মণ্ডলের নিকট টেলিফোন করেছিলাম, কিন্তু তাঁকে না পাওয়ায় তাঁর অ্যাসিস্টেন্ট সেক্রেটারি শম্ভুবাবু বললেন যে অ্যাডিশন্যাল ডাইরেক্টর অব হ্যাণ্ডলুম এনকোয়ারী করেছেন, কিন্তু এনকোয়ারী করতে গেলে কিছু লোক অত্যাচার ভয় দেখায় সেজন্য কিছুটা হয়েছে এনকোয়ারী, কিছুটা করতে পারেননি। এই ব্যাপারে ফারদার এনকোয়ারী করার জন্য এবং অ্যাকশন নেবার জন্য বি এন মণ্ডল বলেছেন ডি এম-এর কাছে ইণ্ডাস্ট্রিয়াল ডিপার্টমেন্টের সব রেকর্ড আছে, কিছু করতে পারেনি। ডি এম আমার মনে হচ্ছে জেলা পরিষদের কাছে সব কাগজপত্র দিয়েছেন। এই ব্যাপারে যাতে একটা কার্যকর ব্যবস্থা নেওয়া হয়, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় দেখবেন। ঋষি বংকিম চন্দ্র গ্রাম পঞ্চায়েত, এগরা ১ নং ব্লকের অধীন, সেখানে বি ডি ও এবং ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট মিঃ প্রামানিক গত ১৫-৫-৭৯ তারিখে ১২৯৮ নং চিঠির দ্বারা তদন্ত রিপোর্ট কাঁথির এস ডি ও-র কাছে দাখিল করেছে, তাতে টাকা আত্মসাতের ঘটনা প্রমাণ হয়েছে। যার ফলে সব কাগজপত্র এস ডি ও সিজ করেছে, কিন্তু সরকারি অর্থ আত্মসাতের জন্য আইনত যে ব্যবস্থা নেওয়া দরকার তা করা হয়নি। এই যে ক্রমাগত ঘটনাগুলি ঘটছে, এই ঘটনাগুলির পরিপ্রেক্ষিতে যে উদ্দেশ্যে পঞ্চায়েত তৈরি করতে চেয়েছিলেন সে উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। আপনি তাই পঞ্চায়েতের যে কার্যকর ব্যবস্থা, এত টাকার পরিকল্পনা কিভাবে কি হচ্ছে সেটা দেখবেন। আমি আশাকরি আপনি এইসব কথা শুনে এই সম্বন্ধে ভাববেন। আপনারা যে জিনিস করতে চেয়েছিলেন, আপনাদের সেই নীতি নিশ্চয়ই ভাল, পঞ্চায়েতও ভাল কিন্তু গণতান্ত্রিক কাঠামোর ভিতর পরিকল্পনা যখন, বিশেষ করে যেভাবে পঞ্চায়েতের ভার দিচ্ছেন, তারা সেখানে ঠিকভাবে কাজ করতে পারছেন কিনা, তার তদারকির কোন ব্যবস্থা নাই। বিভিন্ন কাজ হচ্ছে, হাউস বিল্ডিং গ্রান্ট, সেখানে ১০০ টাকার মধ্যে ৪৫ টাকা দিচ্ছে, বাকি ৫৫ টাকা মেরে দিচ্ছে, এই নিয়ে সরকারের কাছে জানানো হয়েছে, ডি এম-এর কাছে জানানো হয়েছে, মাননীয় মন্ত্রীর কাছে জানানো হয়েছে, চিফ মিনিস্টারের কাছে জানানো হয়েছে, বহু দরখাস্ত দিয়েছি, কোন এনকোয়ারী হয়নি, আমরা বি ডি ও-কে বলেছি, তিনি বলেছেন—আমার কিছু নাই, যে রিপোর্ট পঞ্চায়েত দেবে, সেই মত কাজ করব, এইভাবে যদি চলতে থাকে, যে উদ্দেশ্যে পঞ্চায়েতের সৃষ্টি হয়েছে, যত বাজেটেই আপনারা নিয়ে আসুন না কেন, টাকা খরচ

হয়ে যাবে, কিন্তু দেখবেন সেটা ফলপ্রসূ হবে না, এফেক্টিভ হবে না। আমি আর একটা জিনিস দেখতে পাচ্ছি। পঞ্চায়েত বহুমুখী কাজ করছে, কিন্তু সেই কাজ ঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা সেটা কে দেখবে? আপনি বলেছেন পঞ্চায়েত সমিতিকে কিছু কিছু ভার দেবেন, কিন্তু পঞ্চায়েত সমিতিকে কে দেখবে, জেলা পরিষদ, কিন্তু তাকে দেখবার কে থাকবে? এমন একটা সিস্টেম যে তারা যা খুশি করতে পারে, ভাল করুক ভাল, খারাপ করলেও বলতে হবে ওরা ঠিক কাজই করছেন। এটা চলতে পারেনা। এই অর্থ পাবলিকের অর্থ, পশ্চিম বাংলার মানুষের অর্থ, সেই অর্থ যাতে ঠিক ভাবে খরচ হয় তার জন্য সচেষ্ট হওয়া উচিত।

[9-30–9-40 A.M.]

আমি তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে পঞ্চায়েতগুলিকে দেখবার জন্য অন্ততপক্ষে একটা সেল সৃষ্টি করুন অথবা এমন একটা সরকারি সংস্থা আপনারা সৃষ্টি করুন যে সরকারি সংস্থা প্রত্যেকটি কাজ পুঙ্খানুপুঙ্খরূপে বিবেচনা করে দেখবেন এবং দেখবেন ঠিকভাবে তারা কাজ করতে পারছেন কিনা। এটা করতে বলছি, কারণ আমরা চাই, তারা ভালভাবে কাজ করুন। তারপর আর একটি বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। অনেক সময় দেখা যায় পঞ্চায়েত সমিতির যিনি চেয়ারম্যান তিনি অনেক সময় কাগজপত্র না পড়েই অনেক কাজ করেন যার ফল বিষময় হয়। এই প্রসঙ্গে আমার কনস্টিটিউয়েন্সির একটি ঘটনার কথা বলি—ইণ্ডাস্ট্রিয়াল ডিপার্টমেন্ট থেকে তারা কিছু লোন দিতে এসেছিলেন। সেখানে তারা একেবারে ভ্যানে করে টাকা নিয়ে হাজির, এসে তারা বললেন, আপনাদের পঞ্চায়েত সমিতির রেজলিউশান দেখান। পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বললেন, আমাদের তো রেজলিউশান দেবার কোন কথা নেই। তারা বললেন, আমরা যে চিঠি দিয়েছি তাতে লেখা আছে যে পঞ্চায়েত সমিতিকে রেজলিউশান করতে হবে। এদিকে ৪০০-৫০০ লোক জমা হয়ে গিয়েছে, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভাবলেন কি করে উদ্ধার পাওয়া যায়, তিনি তখন বললেন, প্রধানরা আমাদের কাছে রেজলিউশান পাঠান নি। সেখানে প্রধানরাও উপস্থিত ছিলেন, তারা বললেন, আমাদের কাছে কোন পত্র যায়নি। গ্রামের লোক যারা জমেছিলেন তারা অফিসারকে জিজ্ঞাসা করলেন, তাহলে কি আমাদের ফিরে যেতে হবে? তারা আরো বললেন, আমরা আর এই ৪০০-৫০০ টাকা গ্র্যান্টের জন্য ঘুরতে পারি না। তারা বললেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানকে যে আপনাদের রেজলিউশান করা উচিত ছিল। স্যার, এমনই অবস্থা যে চিঠিটি পড়বার পর্যন্ত ক্ষমতা তাদের নেই। এটা শুধু একটা ব্লকে নয়, বিভিন্ন ব্লকেই এই অবস্থা চলছে। আমার মনে হয় চিঠিপত্রের অর্থ বোধহয় তারা বুঝতে পারছেন না। সেখানে সেই চিঠিপত্রগুলি যদি বাংলায় লেখা হয় তাহলে আমার মনে হয় তারা হয়ত বুঝতে পারবেন। স্যার, আমার কনস্টিটিউয়েন্সিতেই দেখলেন এই চিঠিপত্র না পড়তে পারার জন্য কি রকম লোকের ক্ষতি হয়ে গেল। সেখানে ব্যাপারটি কোর্ট কাছারিতে পর্যন্ত চলে গিয়েছে—চেয়ারম্যান হেকেল হয়েছেন, ইণ্ডাস্ট্রিয়াল অফিসার হেকেল হয়েছেন। এইভাবে অফিসাররা যদি হেকেল হন তাহলে কি বলব, সেখানে পঞ্চায়েতগুলি সুষ্ঠুভাবে চলছে? স্যার, এই অবস্থা শুধু আমার এলাকায় নয়, বিভিন্ন ব্লকেই হচ্ছে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আপনি যে উদ্দেশ্য নিয়ে এই পঞ্চায়েত বাজেট উপস্থিত

করেছেন সেখানে কিন্তু নানান ত্রুটি বিচ্যুতি থেকে যাচ্ছে, আমি এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বজরপুর খেরি বলে একটা বাঁধ ছিল ভগবানপুর দু-নং ব্লকে, ১ লক্ষ টাকার স্কীম। নাড়ুয়া মুগবেড়িয়া পর্যন্ত এই স্কীমটি ছিল। আমাদের মাননীয় সদস্য শ্রী কিরণ্ময় নন্দ যখন চেয়ারম্যান ছিলেন বি. ডি. সি'র সেই সময় কাজটা আরম্ভ হয়েছিল, কিন্তু তারপর পঞ্চায়েত হলে পঞ্চায়েতের হাতে সেই কাজটি ট্রান্সফার করে দেওয়া হল। তারপর সেই কাজটি করতে গিয়ে দেখা গেল সেই কাজটি সুষ্ঠুভাবে হল না। সেখানে টাকা পয়সা সবই খরচ হল কিন্তু কাজটি সুষ্ঠুভাবে হল না, সেই কাজটি এখনও পেণ্ডিং হয়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের স্পেসিফিক অভিযোগ রাখতে বলেছেন, আমি সেইজন্য এই স্পেসিফিক অভিযোগটি রাখলাম, মাননীয় সদস্য কিরণ্ময় নন্দ মহাশয়ও স্পেসিফিক অভিযোগ দিয়েছেন, আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এগুলি দেখবেন। এবারে স্যার, আমি চৌকিদার, দফাদারদের সম্বন্ধে কয়েকটি কথা বলব। এখন চৌকিদার এবং দফাদারদের একই হারে বেতন দেওয়া হচ্ছে, দফাদাররা তো চৌকিদারের থেকে র‍্যাংকে একটু বেশি, সেখানে তাদের বেশি কিছু দেওয়া হচ্ছে না। তারপর সরকার যত টাকা বেতন দেবেন চৌকিদার, দফাদারদের পঞ্চায়েতও তত টাকা দেবেন এই যে ব্যাপারটা ঠিক হয়ে আছে এ ক্ষেত্রে দেখা যাচ্ছে পঞ্চায়েতগুলি তাদের কিন্তু ১০-১৫ টাকার বেশি দিতে পারছে না। সরকার যে টাকাটা দেন সেটা তারা পান কিন্তু পঞ্চায়েতগুলি তাদের টাকা দিতে পারেন না। সমাজের এই গরিব মানুষগুলির প্রতি একটু দৃষ্টি দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। শহরে যারা শান্তি রক্ষা করেন তাদের আপনারা সরকারি কর্মচারী হিসাবে গণ্য করেছেন, তারা সরকারি কর্মচারী হিসাবে টাকা পান কিন্তু চৌকিদার, দফাদাররা সেইভাবে টাকা পান না। তারা গ্রামে থাকেন এই অপরাধেই কি তারা সরকারি কর্মচারী হিসাবে মাহিনা পান না? আমি তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, শহর এবং গ্রামে এইরকম ডিফারেন্স না রেখে চৌকিদার এবং দফাদারদের গভর্নমেন্ট এমপ্লয়ী হিসাবে গণ্য করা উচিত।

আপনি গতবারে বলেছিলেন এবং কোশ্চেন অ্যাণ্ড অ্যানসারে বিভিন্ন সময়ে বলেছেন পে কমিশনের রিপোর্টের পরিপ্রেক্ষিতে আমি এটা দেখব। কিন্তু আমার মনে হয় পে কমিশনের রিপোর্ট সাপেক্ষে অন্যান্য সরকারি কর্মচারীদের মাইনে বা ভাতা বাড়ার প্রসঙ্গ যদি ওঠে তাহলে কেন চৌকিদার, দফাদারদের পে কমিশন রিপোর্ট প্রকাশ সাপেক্ষে টাকা বৃদ্ধি হবে না, সেটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। আমরা গ্রামে গঞ্জে ঘুরে দেখেছি চৌকিদার, দফাদারের পোস্ট এখনো খালি আছে। আপনার একটা সার্কুলার গেছে, এই চৌকিদার দফাদারদের অ্যাপয়েন্টমেন্ট বন্ধ থাকবে টিল ফারদার অর্ডারস—এটা আপনি করেছেন। কেন এই পোস্ট খালি পড়ে থাকবে? দেশের লোক আনএমপ্লয়েড হয়ে পড়ে আছে। ৫-১০ টি লোকের এমপ্লয়মেন্ট হতে পারে, আপনি তাদের চাকরি দিতে পারেন। কেন খালি পদ পড়ে থাকবে, টিল ফারদার অর্ডারস এই রকম ধরনের সার্কুলার কেন যাবে? পশ্চিমবঙ্গ সরকারের একটা সার্কুলার দেওয়া হয়েছে কাজ করতে করতে কেউ মারা গেলে তার কেউ উত্তরাধিকার বা ছেলে থাকলে সে তার স্থলাভিষিক্ত হবে। কিন্তু দেখা যাচ্ছে তারা চাকরি পাচ্ছে না। পঞ্চায়েত মৌখিকভাবে তাদের বাড়ির সন্তানকে কাজে লাগিয়ে রেখেছে। কিন্তু কতদিন আর তারা টাকা না পেয়ে বেগার খেটে যাবে? এই জিনিস কতদিন চলতে পারে?

মন্ত্রী মহাশয়ের বিস্তারিতভাবে এটা জানার প্রয়োজন আছে। আমি আদায়কারী সম্পর্কে কিছু বলতে চাই। যারা ট্যাক্স আদায় করেন—একটা নিয়ম আছে ৩৫% ট্যাক্স আদায় করলে কোন কিছু টাকা পয়সা কমিশন পঞ্চায়েত থেকে পাবেন না। আর ৯০% যদি আদায় করেন তাহলে ৩৫% পাবেন। পরবর্তী কালে যত কম আদায় হবে এমনি করে কমিশন কমতে থাকবে এবং ৩৫% আদায় করলে কিছুই কমিশন পাবেন না। এই রকম হলে ৩৫% কেন সে আদায় করবে? ৩৫% এর উপর ৪০%, ৫০%, ৯০% ট্যাক্স আদায় হলে তবেই কমিশন পাবে। এই রকম হলে আদায় কিভাবে হবে? পূর্ববর্তী বছরে যারা ট্যাক্স দেয় নি তার উপর বেস করে হিসাব করে দেখা গেল ৩৫% আদায় করলেন বা এর কম ৩০% আদায় করলেন তখনও কিন্তু তার রেমুনারেশান, কমিশন পাবেন না। ৯০% হলে তবেই ৩৫% পাবেন। এই জিনিস থাকা উচিত নয় বলে আমি মনে করি। আমি মনে করি তহশীলদারদের যেমন অ্যালাউন্স দেন, তারা যেমন কমিশন পায় ঠিক ঐভাবে এই ট্যাক্স কালেক্টারদেরও যদি আপনারা অ্যালাউন্স দেন, যে টাকা আদায় করবে তার উপর যদি কমিশন পায় তাহলে তারা বাঁচতে পারে। তারাও সমাজের নিচু তলার লোক। তাদের কথাও ভাবা উচিত বলে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা পঞ্চায়েত বা জেলাপরিষদে এম. এল. এ. থাকবার একটা নির্দেশ আছে। কিন্তু এম. এল. এ-রা বিভিন্ন সরকারি কাজে বিভিন্ন জায়গায় চলে যান। অ্যাসেম্বলী থাকলে তারা এখানে চলে আসেন। অধিকাংশ সময়েই এম. এল. এ.-রা মিটিং অ্যাটেণ্ড করতে পারেন না। কাজেই তাদের প্রতিনিধিত্ব করবার জন্য কোন রিপ্রেজেন্টেটিভ থাকার ব্যবস্থা করা উচিত। কিন্তু সেই ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। আমি মনে করি গ্রাম পঞ্চায়েতে এম. এল. এ.-র রিপ্রেজেন্টেটিভ থাকা উচিত। কেন না গ্রামেই আসল কাজ হচ্ছে। গ্রামেই গ্রাস রুট ওয়ার্ক হচ্ছে, সেখানেই আসল কাজ হচ্ছে। কাজেই সেখানে দেখাশুনা করার দরকার আছে। সেখানে এম. এল. এ.-র রিপ্রেজেন্টেটিভ থাকা উচিত, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদেও থাকা উচিত। এই ব্যবস্থা করতে কেন এত সময় লাগছে আমি বুঝতে পারছি না। মন্ত্রী মহাশয় নিশ্চয় তার উত্তরে সেই কথা বলবেন। এটা করতে পারলে আমাদের পঞ্চায়েতের কিছুটা উদ্দেশ্য সাধিত হবে বলে আমি মনে করি। আমি আর একটি কথা বলতে চাই, গ্রামপঞ্চায়েতে যে ট্যাক্সেশানের ব্যবস্থা আপনারা করছেন সেই ট্যাক্সেশান একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি করেছে। সেখানে আপনারা বলছেন ২% ট্যাক্স মাস্ট কেস—কমপালসারী ২% ট্যাক্স করতে হবে, টালির বাড়ি, টিনের বাড়ি, খড়ের বাড়ি, পাকা বাড়ি, ১-২-৩ কামরার ঘরই হোক বা উপর নিচের ঘরই হোক—এই রকম একটা হিসাব করে এবং তার যে জমি আছে সেই জমির উপর ভিত্তি করে ২% ট্যাক্স করেছেন। এই ব্যবস্থার ফলে আমি গ্রামে গিয়ে দেখে এসেছি—আমার বাড়িতে গ্রামের লোকেরা এসে আমাকে বলছেন ৭৫ পয়সা ট্যাক্স করে দিন, আমাদের ৪।।/৫গুণ ট্যাক্স দিতে হচ্ছে—৩-৪ টাকা ট্যাক্স দিতে হচ্ছে।

[9-40–9-50 A.M.]

এবং ব্যক্তিগতভাবে আমি বলছি যে আমার ট্যাক্স ছিল ২ টাকা কয়েক পয়সা। বর্তমানে সেই ট্যাক্স হয়েছে ১৩ টাকা। আমারা পাঁচ ভাই—সবাই মিলে আমাদের ট্যাক্স দিচ্ছি ৫৫ টাকা। আমাদের জমি কিছুই নেই। সামান্য ভিটে বাড়ি আছে সেই ভিটে বাড়ির জন্য ৫৫

টাকা ট্যাক্স। আমার শুধু এই রকম গ্রামের হাজার হাজার মানুষকে এইভাবে ট্যাক্স দিতে হচ্ছে। এর জন্য বিভিন্ন জায়গায় বিক্ষোভের সৃষ্টি হয়েছে। গ্রামে একটা দল সৃষ্টি হয়েছে এবং তারা বলছে যে আমরা ট্যাক্স বয়কট করব আমরা ট্যাক্স দেব না। আমি আপনাকে অনুরোধ করব এই টু পারসেন্ট ট্যাক্স মোষ্ট কেস খুব বেশি হয়ে যাচ্ছে আপনি এই টু পারসেন্ট ট্যাক্সের যে নির্দেশ তা থেকে আপনি বিরত হোন। এটা যদি না করতেন তাহলে অনেক হাফ পারসেন্ট ওয়ান পারসেন্ট বা ওয়ান অ্যান্ড হাফ পারসেন্ট করতে পারত। এই পশ্চিমবাংলায় আপনার দপ্তর এই পঞ্চায়েত ট্যাক্স আদায় করতে গিয়ে এই রকম একটা যে আন্দোলন সৃষ্টি হচ্ছে সেই আন্দোলন যাতে না হয় তার জন্য সাবধান হওয়া উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাদের মাননীয় সদস্য হরিপদ জানা মহাশয় যে আদর্শের কথাবার্তা বললেন মহাত্মা গান্ধীর উক্তি কোটেশন দিলেন সেটা খুব ভাল কথা। গান্ধীজীর পঞ্চায়েত রাজ্যের কথা আমরা দীর্ঘ দিন ধরে শুনে আসছি। আমি একটা কথা জিজ্ঞাসা করতে পারি কি যে তিনি তো গান্ধীবাদী লোক আপনাদের হাতে যখন শাসন ক্ষমতা ছিল আপনাদের সময় পঞ্চায়েত রাজ কি ছিল গণতন্ত্রকে কি প্রসার করতে পেরেছেন? আপনারা কি গ্রামের মানুষের হাতে শাসন ক্ষমতা তুলে দেবার ব্যবস্থার জন্য আপনারা কি চেষ্টা করেছিলেন। যদি চেষ্টা করতেন তাহলে নিশ্চয় তার ফল আজকে আমরা দেখতে পেতাম। আপনারা তো ৩০ বছর শাসন ক্ষমতায় ছিলেন তা করতে পারেন নি। আমরা এইমাত্র দুবছরের মধ্যে এই লেফ্‌ট-ফ্রন্ট গভর্নমেন্ট তা প্রতিষ্ঠিত করতে পেরেছে। নিশ্চয় আপনারা সমালোচনা করতে পারেন ত্রুটি-বিচ্যুতি আছে সমালোচনা করুন। কিন্তু সমালোচনার নামে বামফ্রন্ট সরকারের এই যে গ্রামীণ গণ উদ্যোগ তাকে ধ্বংস করবার চেষ্টা করলে আমরা তা সহ্য করবো না। হরিপদ বাবু জানেন ইংরাজ সাম্রাজ্যবাদ তাদের শোষণকে সুপ্রতিষ্ঠিত করবার জন্য গ্রামাঞ্চলে ইউনিয়ন বোর্ড করেছিল। পরবর্তী কালে গান্ধীজীর যারা শিষ্য বলে থাকেন কংগ্রেসিরা এবং অন্যান্য বন্ধুরা নিশ্চয় গান্ধীজীর আদর্শ মেনে নেবেন এবং এমন একটা ব্যবস্থা করবেন যাতে গ্রামের মানুষ কিছু অধিকার পায় তারা যাতে শাসন ব্যবস্থা পরিচালনা করার সুযোগ পায় তার জন্য পঞ্চায়েত ব্যবস্থা সৃষ্টি করবেন। কিন্তু দেখা গেল তারা এমন একটা ব্যবস্থার সৃষ্টি করলেন যে সেখানে সেই মহাজন জোতদার চোরাকারবারী সেই ক্ষমতা অধিকার করে বসলো। সেখানে সেই ইউনিয়ন বোর্ড গ্রামের কৃষককে ঠেঙাচ্ছে, অত্যাচার করছে বর্গাদারদের বিনা পয়সায় খাটিয়ে নিচ্ছে তাদের মা বোনদের নিয়ে নিজেরা ফূর্তি করছে এবং এইভাবেই তারা চলেছে। তারা এমন একটা ব্যবস্থার সৃষ্টি করলেন যেখানে গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করবার ব্যবস্থা হল কৃষক শ্রেণী শোষণের বিরুদ্ধে বঞ্চনার বিরুদ্ধে যে আন্দোলন সেই আন্দোলনকে বানচাল করবার চেষ্টা করতে লাগলেন। ১৯৭৮ সালে আমরা সেই ঘুঘুর বাসাকে ভেঙ্গে দেবার চেষ্টা করেছি। তবে কোথাও কোথাও কিছু কিছু ত্রুটি বিচ্যুতি কিছু কিছু ভুল ত্রুটি হতে পারে। কিন্তু সাধারণত আমরা কি দেখছি? আমরা দেখছি গ্রামবাংলায় আজকে যারা পঞ্চায়েতে ক্ষমতায় এসেছেন তাদের ভাল লাগছে। তারা ভাল পোশাক পরতে পারেনি, ভাল কথা বলতে পারেনি, ইংরাজী ভাল ভাবে পড়তে পারেনি, সেই কালো মানুষগুলি আজকে পঞ্চায়েতের ক্ষমতায় এসেছে তাতে আজকে এদের

*গায়ে জ্বালা ধরেছে। আগে গ্রামগুলিকে চাবকে ঠাণ্ডা করে রাখার যে ব্যবস্থা করা হোত,* যাদের মা বোনেদের নিয়ে ফূর্ত্তি করা হোত সেটা আজকে করা যাচ্ছে না। আজকে ভাগচাষীদের উচ্ছেদের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে এই পঞ্চায়েত। আজকে গ্রামের ক্ষেতমজুররা লড়াই করছে এবং সেই লড়াইয়ে পঞ্চায়েত সেখানে মদত দিচ্ছে। গ্রামীণ শাসকশ্রেণীর মুখে নুন পড়েছে। তাদের শোষণের দ্বারে আজকে প্রচণ্ড আঘাত পড়েছে এই পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে। এই পঞ্চায়েতকে তারা নতুন ভাবে প্রতিষ্ঠা করেছে। সে জন্য এত চিৎকার। আজকে সেই ভাবে আর শোষণ করা যাচ্ছে না, লুণ্ঠন করা যাচ্ছে না। পঞ্চায়েতের মাধ্যমে নিশ্চয়ই বিরাট কিছু গ্রাম বাংলাকে পাইয়ে দেওয়া যায়নি। আমি মনে করি না যে বিরাট ক্ষমতা পঞ্চায়েতের হাতে তুলে দেওয়া হয়েছে। তবে চেষ্টা করা হচ্ছে, এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকে, সীমাবদ্ধ আয়ের মধ্যে থেকে যতখানি সম্ভব তাদের জন্য কিছু সুযোগ সুবিধা করে দেবার চেষ্টা করা হচ্ছে। আজকে ওদের চিৎকার হচ্ছে, কারণ শ্রেণী শোষণ আর সেই ভাবে করা যাচ্ছে না। গ্রামের জোতদার, মজুতদার, তারা আগের মত গরিব মানুষগুলিকে দমন করে রাখতে পারছে না। তাদের মুখে কথা বেরিয়েছে। তারা জানে যে তাদের পিছনে পঞ্চায়েত প্রধান শক্তি হয়ে দাঁড়িয়েছে। অনেকে চুরী, দুর্নীতির কথা বলেছেন। দুর্নীতি কোথাও কোথাও দু'একটি ক্ষেত্রে ঘটতে পারে। কিন্তু সাধারণ ভাবে আমরা কি দেখছি? আমাদের সরকার নির্দেশ দিয়েছেন যে প্রতিটি ক্ষেত্রে হিসাব নিকাশ প্রকাশ করতে হবে। আমরা জানি যে দুর্নীতিবাজরা, যারা দীর্ঘদিন ধরে পঞ্চায়েতে ছিলেন পঞ্চায়েতের পয়সা তারা কি ভাবে ব্যয় করেছেন তার হিসাব পর্যন্ত করেনি এবং চুনো, পুঁটি, রুই, কাৎলা তারা সব বাড়ি করে বসেছেন। আজকে সে জন্য চোরের মায়ের বড় গলা। সে জন্য আজকে তারা সকলকে দুর্নীতিগ্রস্ত মনে করছেন। কিন্তু আমরা তা মনে করি না। আজকে ৯৯ ভাগ ক্ষেত্রে গ্রামপঞ্চায়েত নিষ্ঠার সঙ্গে গ্রামের মানুষের সহযোগিতা নিয়ে গ্রামকে পুণর্গঠনের চেষ্টা করছেন। গ্রামীণ অর্থনৈতিক কাঠামোকে ঢেলে সাজাবার চেষ্টা করছেন এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে। আমি জানি। আমাদের হুগলি জেলায় প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতে পাই-পয়সার হিসাব ছেপে প্রমাণ করেছেন জনসাধরণের মধ্যে শুধুমাত্র পঞ্চায়েত অফিসে টাঙ্গিয়ে দেওয়া হয়নি। হরিপদ বাবু খবর নিয়ে দেখবেন যে এটা হয়েছে কিনা। সেই সমস্ত চিঠিপত্র. বই সমস্ত কিছু সরকারি দপ্তরে পাঠিয়ে দেওয়া হয়েছে। কোন কোন ক্ষেত্রে হয়তো কিছু কিছু ত্রুটি থাকতে পারে। আজকে এই যে সমাজ ব্যবস্থা, এই সমাজ ব্যবস্থায় এটা থাকবে।

[9-50–10-00 A.M.]

তবুও আমরা চেষ্টা করছি যাতে কোন রকম দুর্নীতি প্রবেশ না করতে পারে পঞ্চায়েত গুলোর মধ্যে। সেই জন্য আমরা জনসাধারণকে এই ব্যবস্থার সঙ্গে ট্যাগ করবার চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরও কয়েকটি কথা বলতে চাই, আপনি জানেন পঞ্চায়েতের ক্ষেত্রে বলা হচ্ছে, একটা বিরাট নাকি ক্ষমতা তারা পেয়ে গেছে। আমি নিজে জানি গ্রামাঞ্চলে বন্যার সময় পঞ্চায়েতকে একটা বিরাট কর্মের দায়িত্ব দেওয়া হয়েছিল। পরবর্তীকালে পঞ্চায়েতগুলোতে—এখানেও মাননীয় মন্ত্রী মহাশয় যে রিপোর্ট পেশ করেছেন সেই রিপোর্টে বলা হয়েছ এ. ডি. এম. র‍্যাংকের একজন কর্মচারীকে পঞ্চায়েতের সর্ব সময়ের কর্মী হিসাবে নেওয়ার চেষ্টা করছেন তাছাড়াও তিনি বলছেন কিছু কিছু অফিসারকে জেলা পরিষদের এবং অন্যান্য পঞ্চায়েত সংস্থার সঙ্গে যুক্ত করে দেওয়া হয়েছে, বাজেট বই এর ৬ পাতায় এটা

বলা হয়েছে। আমরা জানি এই সব যোগ বিয়োগ কিছু করা হয়েছে। কিন্তু গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে কোন কোন ডিপার্টমেন্টের কিছু কিছু সহযোগিতা পাওয়া গেলেও অধিকাংশ ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি জেলা পরিষদকে প্রায় কর্মহীন অবস্থায় কাজ কর্ম করতে হচ্ছে। তার কারণ আপনারা জানেন জেলা ম্যাজিস্ট্রেট হচ্ছেন একজিকিউটিভ অফিসার। কিন্তু তিনি অধিকাংশ ক্ষেত্রে এই সমস্ত জেলা পরিষদের কাজ কর্মের খবরাখবর রাখেন না। সেক্রেটারিকে তাঁর পাওয়ার ডেলিগেট করে দিয়ে তার কর্ম পরিচালনা করেন। তার ফলে জেলা পরিষদের সঙ্গে জেলা প্রশাসনের খুব একটা নিবিড় সম্পর্ক থাকছে না। তার ফলে যে সমস্ত অফিসারদের ট্যাগ করে দেওয়া হয়েছে—বলা হচ্ছে, আমরা জানি কয়েকটি আর্থিক স্ট্যানডিং কমিটি করে দেওয়া হয়েছে জেলা পরিষদে, সেই স্ট্যানডিং কমিটিগুলো প্রকৃত পক্ষে ঠুটো জগন্নাথ বললেও বেশি বলা হয় না। কারণ ধরুন পরিকল্পনা বা উন্নয়ন এর নামে একটা স্ট্যানডিং কমিটি করে দেওয়া হয়েছে। কি তার কাজ? প্রকৃত পক্ষে তার কোন কাজ নেই। তার কাজ করার কোন ক্ষেত্র নেই। যদি না পঞ্চায়েতের যে ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট আছে তার সঙ্গে যদি ট্যাগ না করে দেওয়া হয়। এই রকম অন্যান্য দপ্তরগুলোকে যে বলা হচ্ছে যোগ করে দেওয়া হয়েছে, কিন্তু তার যারা কর্মকর্তা আছেন তাদের অধিকাংশ ক্ষেত্রে জেলা পরিষদের যে স্ট্যানডিং কমিটিগুলো আছে তাদের সঙ্গে সহযোগিতা করে কাজ কর্ম করা যাচ্ছে না। তারা ভাবছে বোধ হয় সমস্ত ক্ষমতা চলে গেল। আমরা জানি তাদের সমস্ত ক্ষমতা যায়নি। আমাদের সরকার চেষ্টা করছেন যে গ্রামের ক্ষেত্রে যেখানে রাস্তাঘাট হবে, নিশ্চয়ই সেই রাস্তাঘাট কোথা দিয়ে কি ভাবে হবে সেটা তারা ভাল ভাবে নির্ধারণ করতে পারবেন। গ্রামের পানীয় জল সরবরাহ করার ক্ষেত্রে কোথায় টিউবওয়েল করা উচিত, কোথায় টিউবওয়েল খারাপ হয়ে আছে, সেটা গ্রামের মানুষেই সবচেয়ে ভাল ভাবে বলতে পারবেন। তেমনি প্রাইমারী হেল্‌থ সেন্টারের ক্ষেত্রে নানা রকম অসুবিধা দেখা যাচ্ছে, জটিলতা দেখা যাচ্ছে, সেইগুলোকে সুষ্ঠু ভাবে পরিচালনা করা বা দেখাশুনা করা, এই ব্যাপারে সাহায্য করা, সহযোগিতা করা, সেইগুলো গ্রামের মানুষই সবচেয়ে ভাল করে করতে পারবেন। সেই জন্য চেষ্টা করছেন সরকার, তাদের সঙ্গে ডিপার্টমেন্টের কাজগুলোকে যুক্ত করার। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই সমস্ত ডিপার্টমেন্টাল কাজ কর্ম আজও প্রকৃত পক্ষে পঞ্চায়েতের কাজের সঙ্গে সম্পূর্ণ রূপে সহযোগিতার মাধ্যমে গড়ে উঠছে না। অনেক ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হচ্ছে। যেখানে তাঁত শিল্পের স্ট্যানডিং কমিটিগুলো করা হয়েছে সেই স্ট্যানডিং কমিটি এর কর্মকর্তারা গরহাজির থাকছেন এবং ডিপার্টমেন্টাল প্রসিডিংস যা কিছু করবার, তারা তা করে যাচ্ছেন, এইভাবে যদি কাজ কর্ম চলে তাহলে আমাদের যে আশা আকাঙক্ষা গ্রামের মানুষ যে আশা আকাঙক্ষা পোষণ করছে, গ্রামের পঞ্চায়েতগুলো গ্রামের উন্নয়নের ক্ষেত্রে একটা বিরাট ভূমিকা পালন করতে পারবেন, কিন্তু যদি সরকারি কর্মচারীদের কাছ থেকে সেই ভাবে সাহায্য না পাওয়া যায়, সরকার যদি গুরুত্ব সহকারে এই দিকটা নজর না দেন, অর্থাৎ কি ভাবে পানীয় জল, কি ভাবে স্বাস্থ্য, কি ভাবে প্রাথমিক শিক্ষা এই ব্যবস্থাগুলোকে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করা যায়, এইগুলো গুরুত্ব সহকারে বিবেচনা না করা হয় তাহলে পঞ্চায়েতকে নিয়ে আমরা যে ভাবে এগিয়ে যেতে চাই, গ্রামকে যে ভাবে আমরা পুনর্গঠন করতে চাই, সেই কাজ স্বার্থক হবে না। সেই জন্য এই বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনা করবার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। এই বলে মন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দকে সমর্থন

*জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।*

**শ্রী কৃষ্ণদাস রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী মহাশয় পঞ্চায়েত খাতের যে ব্যয় বরাদ্দের দাবি সভায় পেশ করেছেন সেই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে তাঁর কাছে কিছু নিবেদন রাখতে চাই।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের জনসাধারণ দীর্ঘকাল ধরে চেয়েছিলেন যে, পঞ্চায়েতের হাতে অধিক ক্ষমতা আসুক। ১৯৫৩ সালে তদানীন্তন কংগ্রেস সরকার পঞ্চায়েত আইন পাশ করে যান। সেই সময়ে নির্বাচন হয়নি, পরে আমাদের গ্রাম-পঞ্চায়েতগুলির নির্বাচন হয়েছিল। এর দীর্ঘকাল পরে বিগত কংগ্রেস সরকার সেই আইনের সংশোধন করেন এবং সেই সংশোধনী অনুযায়ী ১৯৭৮ সালের আগস্ট মাসে বামফ্রন্ট সরকার নির্বাচনের মাধ্যমে পঞ্চায়েতের সৃষ্টি করেছেন। যে উদ্দেশ্য নিয়ে এই পঞ্চায়েত সৃষ্টি হয়েছিল, আজ তা ব্যর্থ হয়েছে। মন্ত্রী মহোদয়কে আপনার মাধ্যমে আমি বলতে চাই যে, পঞ্চায়েতের হাতে অধিক ক্ষমতা দেওয়ার সঙ্গে সঙ্গে তাদের প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা উচিত ছিল। প্রশিক্ষণ না থাকার ফলস্বরূপ বিভিন্ন পঞ্চায়েতে নানা রকম দুর্নীতি হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, তাদের যথাযথভাবে প্রশিক্ষণ না দেওয়ার জন্য আজকে তারা ঠিক পথে পরিচালিত হতে পারছে না এবং ভুরি ভুরি টাকা তাদের হাতে দেওয়া হচ্ছে এবং সেই টাকার অপচয় হচ্ছে। আজকে জমা-খরচ চেয়ে পাঠিয়ে সরকারি যে আদেশ তাদের দেওয়া হচ্ছে, সেই আদেশ তারা পালন করছে না। বেশিরভাগ টাকাই অপচয় হচ্ছে। অধিক ক্ষমতা তাদের হাতে দিয়ে, তাদের নানারকম কাজ করতে দেওয়া হয়েছে, কিন্তু প্রশিক্ষণ না থাকার ফলে তারা সেই সব কাজ যথারীতি করতে পারছে না। কোনো কোনো জায়গায় হয়ত কিছু কিছু কাজ হয়েছে, আবার কোনো জায়গায় মাস্টার রোল ঠিক মত তৈরি হচ্ছে না, আবার কোনো জায়গায় দেখা যাচ্ছে ভুয়া মাস্টার রোল তৈরি করে টাকা দিয়েছে। আজকে এইভাবে টাকা পয়সা ব্যবহার করা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে এদিকে বিশেষভাবে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

তারপর পুনর্গঠন কাজের জন্য যে অর্থ বরাদ্দ করা হচ্ছে তার শতকরা ৮০ ভাগ অর্থ নষ্ট হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি আর একটা লোমহর্ষক কথা মন্ত্রী মহোদয়কে বলতে চাই। ন্যায়-বিচারের নামে পল্লীগ্রামে গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে যে গণ-আদালত তৈরি হয়েছে, সেদিকে তিনি একটু নজর দিন। এই সব গণ-আদালতে নিরীহ গ্রামবাসীদের নোটিশ করে টেনে নিয়ে গিয়ে, কোথাও তাদের জমি নিয়ে নেওয়া হচ্ছে, কোথাও জরিমানা করা হচ্ছে, কোথাও মাথা কামিয়ে দেওয়া হচ্ছে, নানারকম অত্যাচার করা হচ্ছে। আমি এসবের তীব্র প্রতিবাদ করছি।

আমি জানি মাননীয় মন্ত্রী মহাশয় খুব সুদক্ষ মন্ত্রী। কিন্তু এসব বিষয়ে যেভাবে তাঁর লক্ষ্য রাখা উচিত ছিল সেইভাবে তিনি লক্ষ্য রাখছেন না। আমি আপনার কাছে একটা ঘটনার উল্লেখ করছি। নারায়ণগড় ব্লকের ঠাকুরদা গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ একজন নিরীহ গ্রামবাসীর উপর আঘাত করেছেন, অত্যাচার করেছেন। আজকে বিভিন্ন জায়গায় এই সমস্ত ঘটনা ঘটছে। মাননীয় মন্ত্রী মহাশয় এসব খবর রাখেন কিনা জানিনা।

আজকে গ্রাম-পঞ্চায়েতগুলিকে খাস জমি বিলি করার ক্ষমতা দেওয়া হয়েছে, বর্গা অনুসন্ধানের ক্ষমতা দেওয়া হয়েছে এবং জমি কার দখলে আছে তাও অনুসন্ধান করার ক্ষমতা দেওয়া হয়েছে। এই সমস্ত ক্ষমতা আজকে মন্ত্রী মহাশয় পঞ্চায়েতকে দিয়েছেন। কিন্তু তিনি জানেন না যে, আজকে এই সমস্ত ক্ষমতা পাওয়ার ফলে বিভিন্ন জায়গায় দলবাজি হচ্ছে। বিশেষ করে যে সমস্ত গ্রামবাসী সি. পি. এম. দলের সমর্থক নয় তাদের বিরুদ্ধে এই সমস্ত অস্ত্র প্রয়োগ করা হচ্ছে। তারা জমি পাচ্ছে না। এর ফলে আজকে দরিদ্র মানুষরা খাস জমি পাচ্ছে না।

[10-00–10-10 A. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় কিছু কিছু দুর্যোগের ঘটনা ঘটেছে। আমি এই ব্যাপারে মেনশানের মাধ্যমে আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। কিছু কিছু জায়গায় পুঁথিপত্র ছাপানো হয়েছে। আমি মেনশানের মাধ্যমে সেই সমস্ত পুঁথিপত্র যাতে আপনার দৃষ্টি গোচর হয় তারজন্য আমি দাখিল করেছি। মাননীয় মন্ত্রী মহাশয় লক্ষ্য রাখবেন, মেদিনীপুর জেলার নারায়ণগড় ব্লকের কুশবসান গ্রাম পঞ্চায়েত প্রধান যেসব কাজ হয়নি সেইসব কাজের হিসাব দেখিয়ে পঞ্চায়েতের কাছ থেকে অর্থ নিয়েছেন। বন্যার সময়ে যে সমস্ত অনুদান দেওয়া হয়েছিল তার ২৫ পারসেন্ট পঞ্চায়েতকে দেওয়া হয়েছে বাকি টাকা পার্টির তহবিলে চলে গেছে। এ. জি. এবং এল. সি.-র নির্দেশ অনুসারে সেই সমস্ত অর্থ পার্টি-ফাণ্ডে জমা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কুলারপুর গ্রাম পঞ্চায়েতে টাকা নিয়ে দুই দলের মধ্যে ঝগড়া হয়েছে এবং এরফলে একদল সি. পি. এম. সদস্য পদত্যাগ করে। আমি হ্যাণ্ডবিল জমা দিয়েছি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য। এরা অধিকাংশই পঞ্চায়েতের সদস্য। সেইসব টাকা ব্যয়িত হয়নি, সেইসব অর্থ ব্যয়িত হবার কথা ছিল কিন্তু ব্যয়িত না হয়ে পার্টি ফাণ্ডে চলে গেছে। যুগান্তর পত্রিকায় ২০শে মার্চ একটা সংবাদ বেরিয়েছে "দাঙ্গা, লুঠ, পুলিশের বন্দুক ছিনতাই গ্রাম পঞ্চায়েতের সদস্যই নায়ক" । আমরা সকলেই চাই পঞ্চায়েতের মাধ্যমে কাজকর্ম ভাল হোক কিন্তু যা ঘটছে তা বলার নয়। মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত অর্থ বিলি হচ্ছে—উনি নিজেই জানেন তবুও আমি স্মরণ করিয়ে দিতে চাই—মুর্শিদাবাদ জেলায় ছাপা কাগজে বেরিয়েছে—রাজধর পাড়ার সি. পি. এম. অঞ্চল প্রধান অর্থের হিসাব দেখাতে পারেননি। তিনি লক্ষ লক্ষ টাকা বিলি করেছেন অথচ টিপ নাই, ভাউচার নাই, মাস্টার রোল তৈরি করতে পারেন নি। শেষ পর্যন্ত ২৯ হাজার ৭৭৪ টাকা ৫০ পয়সা ই. ও. পি. ৭ দিনের মধ্যে ব্যাঙ্কে জমা দিতে বলেন। আপনি এটা অনুসন্ধান করে দেখুন এই কথাটা সত্য কিনা? মালদা জেলায় এই ধরনের ঘটনাও ঘটেছে। দুটি গ্রাম পঞ্চায়েত আছে, একটা হচ্ছে বাখরাবাদ পঞ্চায়েত আর একটি কুম্ভীরা গ্রাম পঞ্চায়েত। এই দুই পঞ্চায়েতে ৭ লক্ষ টাকা বিলি করতে দিয়েছিলেন কিন্তু বিলি হয়েছে কিনা লক্ষ্য করে দেখুন। শতকরা ১০ টাকা হিসাবে বিলি হয়েছে আর বাকি টাকা মাস্টার রোলে ভূয়া টিপ সহি দিয়ে করা হয়েছে। বীরভূম জেলার আমডোল গ্রাম পঞ্চায়েত প্রধান কংগ্রেসের লোক বলে তাঁকে মিনি কিট বিলি করতে দেওয়া হয়নি। হাউস বিল্ডিং গ্র্যান্টও দেওয়া হয়নি। ওখানকার সি. পি. এম. সদস্য দ্বারিকা মণ্ডল বিলি করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাঁইথিয়া হরিশরা গ্রাম পঞ্চায়েত এলাকায় যে সমস্ত কংগ্রেসি চাষী আছে

তাদেরকে মিনিকিট এবং অর্থ দেওয়া হয়নি। আমি এইদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি লক্ষী কাগজে আছে সরকারি নির্দেশ থোড়াই কেয়ার করে এবং মন্ত্রী মহাশয় যে নির্দেশ দিয়েছেন তাতেও শতকরা ১০ ভাগ গ্রামপঞ্চায়েত হিসাব দাখিল করে নি। তা না হলে এই কাগজে যেটা ছাপা হয়েছে তার প্রতিবাদ করা উচিত ছিল যে এটা ঠিক নয়। এই প্রসঙ্গে সেক্রেটারিদের সম্বন্ধে কিছু কথা বলতে হয়। গ্রাম পঞ্চায়েতের সঙ্গে সেক্রেটারিরা অগাঙ্গি ভাবে জড়িত। পশ্চিমবাংলায় ৩২৭১ টি গ্রাম পঞ্চায়েতের সেক্রেটারি আছে। এই সেক্রেটারিদের ক্ষমতা দেওয়া হয়েছিল একজিকিউটিভ অফিসার করা হবে বলে, কিন্তু তাদের সে ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে, এদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য করা হয়েছে। তৃতীয় শ্রেণীর কর্মচারী হিসাবে কংগ্রেস আমলে গ্রহণ করা হয়েছিল, ২৮-৪-৭৭ তারিখে মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহণ করে যে এদের দ্বিতীয় শ্রেণী হিসাবে গণ্য করা হোক এবং তিনি মেনশনের সময়ে বলেছিলেন যে এদের কেস পে কমিশনের কাছে পাঠানো হয়েছে। দ্বিতীয় শ্রেণী হিসাবে স্বীকার না করার জন্য এরা মেডিক্যাল অ্যালাউন্স, হাউসরেন্ট, গ্র্যাচুইটি পাচ্ছে না। এদের কাজ যখন শেষ হয়ে যাচ্ছে তখন শেষ সম্বল হিসাবে কিছুই থাকছে না। ৩৫৪ টাকা এঁরা বেতন পান, এই অর্থনৈতিক দূরবস্থার দিনে এই দিয়ে কিছুই হয় না ফলে গ্রাম পঞ্চায়েতের সেক্রেটারিরা আত্মহত্যা করছে। পশ্চিম দিনাজপুর জেলার গঙ্গাবাচুর ব্লকে নন্দনপুরের সেক্রেটারি আত্মহত্যা করেছে, রায়গঞ্জে আত্মহত্যা করেছে, হাওড়া জেলার গুইড়া অঞ্চলের সাতকড়ি মুখার্জী চিকিৎসার অভাবে মারা গেছে। অডিট অ্যাণ্ড অ্যাকাউন্ট অফিসার করায় সচিবদের মধ্যে একটা বিভেদ সৃষ্টি করা হয়েছে। কিছু কিছু সচিবদের প্রমোশন দেওয়া হয়েছে যার ফলে তাদের মধ্যে এই বিভেদ সৃষ্টি হয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে অঞ্চলে সচিবদের ২৫ পারসেন্ট কোটা ই. ও. পি. প্রমোশন হবার কথা যেটা ছিল সেটা বন্ধ করে দিয়েছেন। এদের কিছু কিছু স্পেশ্যাল পে দেওয়া হয়েছে, তবে অঞ্চলে সচিবদের ক্ষেত্রে তা হয়নি। এর ফলে সেখানে একটা বিসম্বাদ সৃষ্টি হয়েছে। সরকার ঠিক করেছিলেন সরকারি কর্মচারীদের স্বার্থের বিরুদ্ধে কোন মামলা তাঁরা লড়বেন না। কিন্তু অঞ্চল সচিবরা যখন মামলা করলেন তখন সরকার আপীল করে তাঁদের হারিয়ে দিলেন। চৌকিদারদের দফাদারদের সম্বন্ধে বলব যে এরা সমাজে একেবারে ইল পেড কর্মচারী—মাত্র ১০৩ টাকা এদের মাইনে। এর ফলে এরা অসীম কষ্টের মধ্যে আছেন। এদের কথা আমি একটু চিন্তা করতে বলব। তারপর ট্যাক্স কালেক্টার ও কমিশন হোল্ডারদের সম্বন্ধেও কিছু বলা হয়নি। এদের সম্বন্ধে চিন্তা করার জন্য আবেদন করছি। যে সমস্ত কাজ হচ্ছে তার তদারকির জন্য একটু চিন্তা করুন।

[10-10–10-20 A.M.]

সরকারি কর্মচারীরা এদের কাজে নানারকম বাগড়া সৃষ্টি করে পঞ্চায়েতকে জনসাধারণের সামনে হেয় করে দিচ্ছে। মন্ত্রী মহাশয় একজন দক্ষ লোক, তাঁর সততাকে আমার বিশ্বাস আছে কিন্তু সি. পি. এম. চক্রান্ত করে পঞ্চায়েতকে পঙ্গু করে দিচ্ছে। অতএব পঞ্চায়েত যাতে সুন্দরভাবে কাজ করতে পারে সেদিকে দৃষ্টি দিন এবং তাদের কাজের পর্যবেক্ষণের জন্য লোক নিযুক্ত করুন। তারা যে সমস্ত খরচ করছেন তার হিসাব না থাকার জন্য আপনাকে এস. ডি. ও.দের ডাকতে হয়েছে। তাদের খরচের হিসাব তারা যেন ঠিক দেন সেইমত ব্যবস্থা করুন

পঞ্চায়েত দেশে জনপ্রিয় হোক এটা সি. পি. এম. চায়না, বরং তারা চায় পঞ্চায়েত সি. পি. এমের দলীয় বাহক হোক। সেজন্য পঞ্চায়েতের যে উদ্দেশ্য ছিল তা সফল হচ্ছে না। এই কথাগুলি বলে আমি মনে করি সমাজের একটা বৃহত্তর অংশের দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম। রজনী বাবু এবং শশবিন্দু বেরা মহাশয় যে কাট মোশান দিয়েছেন তাকে মুভ করে আমি আমার বক্তব্য শেষ করছি এবং পঞ্চায়েত যে হিসাব দিচ্ছে না সেটা করবার অনুরোধ করে তাঁর এই বাজেটের মধ্যে দিয়ে দেশের কোন কল্যাণ হবে না এটা চিন্তা করে, এই বাজেটের বিরোধিতা করে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** স্যার, কৃষ্ণদাস বাবু সংবাদ পত্রের সংবাদ দেখে গোঘাট সম্বন্ধে যে কথা বললেন তা মোটেই সত্য নয়। কংগ্রেস এবং পুলিশের যোগ সাজসে এই জিনিস হয়েছে।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। পুলিশ ব্যয় বরাদ্দের উপর যখন আলোচনা হচ্ছিল তখন আমার উত্তরের শেষে আমি ডাঃ জয়নাল আবেদিনের পারিবারিক ব্যাপার সম্বন্ধে একটা বিষয় বলেছিলাম। কারণ পুলিশের কাছে এবং আমার কাছে তারা দু-একটি দরখাস্ত করেছে জমি সংক্রান্ত ব্যাপারে। আমি বলেছিলাম আমি এখানে এসব আলোচনা করতে চাই না, আপনার সঙ্গে আলোচনা করব। আমি পুলিশকে বলিনি কোন তদন্ত করার, আপনার সঙ্গে আলোচনা করে আমি বুঝবার চেষ্টা করব। কারণ এটা পারিবারিক ব্যাপার যদিও পুলিশের কিছু ব্যাপার তার মধ্যে আছে। তার সঙ্গে আমার আলোচনা এবং ভুল বুঝবার কোন অবকাশ নেই। আমি ব্যক্তিগত ভাবে তাকে আক্রমণ করতে চাইনি, যদি তিনি মনে করে থাকেন ব্যক্তিগতভাবে এটা হয়ে গেছে তাহলে আমি দুঃখিত। তিনি জানেন ঘটনা কি। তিনি এটা আমাকে মনে করিয়ে দিয়েছেন যে এটা আজকের ঘটনা নয়। কয়েকবছর আগে উনি আমার কাছে এসেছিলেন এবং বলেছিলেন যুক্তফ্রন্টের সময় এইসব হয়েছে। আমি সেসবের মধ্যে যেতে চাইনা, তাছাড়া শুনলাম যে এটা নিয়ে মামলা হয়েছে, কাজেই আমি এটা নিয়ে আলোচনা করতে পারি না। আমি পরিষ্কারভাবে বলছি যে আমি এইরকম কোন সিদ্ধান্তে পৌঁছাইনি যে ডাঃ আবেদিনের কোন দোষ ত্রুটি আছে। এটা আমার পক্ষে গ্রহণ করা সম্ভব নয়। আমি বলেছিলাম আমার কাছে এই রকম অভিযোগ এসেছে এবং গতকাল তাঁর সঙ্গে আমার এ বিষয়ে কথা হয়েছে। আমরা এই রকম কোন মামলার ব্যাপারে হস্তক্ষেপ করতে পারি না এবং উচিতও নয়, তবে যদি মনে করেন যে আমি তাঁকে ব্যক্তিগত ভাবে আক্রমণ করেছি সেটা ঠিক নয়, কারণ এটা আমার স্বভাব নয়।

**ডাঃ জয়নাল আবেদিন :** Sir, I thank the Hon'ble Chief Minister for the statement he has been pleased to make in this House.

**श्री रमजान आलि :** मिस्टर डिप्टी स्पिकर सर, आज इस हाउस में जनाव देवव्रत वन्द्योपाध्याय ने जो पंचायत वजट पेश किया हैं, उस पंचायत वजट को मैं समर्थन करते हुए, कुछबातें हाउस के सामने रखना चाहता हूँ। सबसे पहली बात

यह हैं कि इतनी बड़ी डिमोक्रेसी जहाँ ५६ हजार लोग जन-प्रतिनिधि बनकर पंचायत का भार सम्भाले हुए हैं, यह एक ऐतिहासिक घटना हैं। पंचायत के माध्यम से क्या काम होता हैं, बिरोधी सदस्यों ने बहुत कुछ क्रिटिसाइज किया हैं। लेकिन मैं यह कहना चाहता हूँ कि ये ५६ हजार लोग गाँव-गाँव में जनता के प्रतिनिधि बने हैं, और पंचायत का भार मम्भाले हुए हैं। जो सही माने मैं पंचायत के उद्देश्य को पूर्ण करता है, और पंचायत के लक्ष्य में हम कामयाब हुए हैं। गाँव के लोगों ने अनुभव किया हैं कि हमारी उन्नति अब हमारे ही लोगों के माध्यम से होगा। हमारी उन्नति के लिए जो भी परिकल्पना बनेगी, उसे हमलोग स्वयं रुपायित करेंगे,उस योजना को कार्य रुप में परिणत करेंगे। इसका जो उद्देश्य हैं डिसेन्ट्रलाइजेशन आफ पावर—पावर का बिकेन्द्रीयकरण, पार्लियामेन्ट में सीमित पावर हैं। असेम्बली में २८४ तक ही सीमित हैं लेकिन पंचायत के द्वारा ५६ हजार लोगों में पावर को बाँट दिया गया हैं। डिमोक्रेसी का एक बहुत बड़ा उदाहरण कायम किया गया है। उसके उद्देश्य को सभी को स्वीकार करना पड़ेगा। इसमें सफलता भी मिली है। ऐसा डिसेन्ट्रलाइजेशन आफ पावर का हुआ हैं कि गाँवों में सही तौर पर लोग अनुभव करते हैं, महसूस करते हैं कि डिमोक्रेटिक सेटप हो रहा हैं, हमलोग स्वाधीन देश में रहते हैं। हमें अपने ग्रामों की उन्नति खुद करनी है। अगर हमारी परिकल्पना फेल्युर होती है, तो सरकार की नहीं होती बल्कि यह हमारा फेल्यूर है।

[10.20–10.30 A.M.]

इस बात को मैं इन्कार नहीं करता कि पंचाय सभी दृष्टिकोणों से सफल हो गई हैं। इसमें शामिल होने वाले लोग इमान्दार हैं। करपशन मुक्त पंचायत हो गई हैं। मैं सही माने में स्वीकार करता हूँ कि पंचायत में कुछ करपशन हैं। कैपिटलिस्ट सिस्टम जिसमें सरकार चलती हैं–जिस सिस्टम में पंचायत चलती हैं, उस सिस्टम के अन्दर नहीं कहा जा सकता हैं कि प्रशासन करपशन मुक्त होगा। इसीलिए पंचायत में कुछ त्रुटियाँ हैं, कुछ खराबियाँ हैं। इसके बाबजूद इसके उद्देश्य पर, इसके लक्ष्य पर ध्यान रखा गया है। प्रशासन की उन्नति की चेष्टा की जा रही हैं। आज बंगाल पूरे देश के लिए उदाहरण स्वरुप हैं।

पंचायत एलेक्शन कराकर ५९ में पंचायत को फंकशन कराया गया। ६३-६४ में एलेक्शन हुआ, कांग्रेसी रीजीम में। कहा गया कि पावर का बिकेन्द्रीयकरण करके पंचायत का भार प्रधानों को सौप दिया गया। लेकिन सही माने में एलेक्शन को बांचाल किया गया। पंचायत के प्रधान अपने को सबसे बड़े समझने लगें। जमीन्दारों

की तरह बड़े बहाल तबियत से पंचायत में बैठे रहे और भन-भाना तौर पर काम करते रहे। उनके लिए कोई रोक-टोक नहीं था। १४ सालों तक लोग पंचायतों पर कजा करके बैठे ही रहे।

लेकिन जब बाम-फ्रन्ट सरकार आई और पंचायतों का एलेक्शन हुआ। उसके बाद यहाँ के लोगों ने एहसास किया कि अब यहाँ पर पंचायत राज्य की स्थापना हो गई। बंगाल में फ्लड हुआ, लोगों की महान क्षति हुई। गाँवके गाँव बाढ़ की चपेट में आ गए। लोग अनाहार मरने लगे। कितनी भयावह परिस्थिति उत्पन्न हो गई थी, फिरभी पंचायत ने उसका मुकावला बड़ी मुस्तैदी के साध किया। गवर्नमेन्ट मशीनरी या अफसरों के माध्यम से बाढ़ पीड़ितों की सहायता इतनी द्रुत गति से नहीं की जा सकती थी। अभी ड्राट के समयमें भी पंचायत ने उसका मुकाबिला किया है, और लोगों को राहत पहुँचाई है। पंचायत ने बहुत अहम् काम किया हैं।

आप लोग कहते हैं कि पंचायत में भ्रष्टाचार हैं। मगर गाँवों में जितने लोग रहते हैं, चाहे वो कांग्रेस के लोग हों, चाहे जनता के लोग हों, चाहे बामफ्रान्ट के लोग हों, पंचायत तो सभी लोगों के लिए हैं। पंचायत आपके गाँव में भी हो सकती हैं, आपके महल्ले मेभी हो सकती हैं इसलिए आपको बक्तब्य रखना चाहिए कि कैसे इसे और इम्फ्रूभ किया जाय? आपको अपने बक्तब्य में कां स्ट्रक्टिभ कमेन्ट रखना चाहिए। अगर आपलोग ऐसा करें तो मुझे वहुत खुशी होगी।

पंचायत ने सही माने में वहुत अहम काम किया हैं। माननीय मन्त्री महोदय ने जो बजट रखा हैं, उसमें उन्होने हाउसिंग कमेटी का उल्लेख किया हैं। उन्होंने कहा हैं कि होमलोग को होम देने के लिए होम कंस्ट्रक्ट किया जाये गा। ये कोशिश की जायगी कि गृह-हीनों को गृह मिले। यह सही हैं कि फाइनेन्स की कमी हैं। जितना हम चाहते हैं। उतना हमें नहीं मिलता। इसलिए हमारा प्रोग्राम अधूरा रह जाता हैं। फिरभी अगर कुछ परसेन्टेज होमलेसों को ठिकाना हो जाता हैं तो बहुत ही अच्छा होगा। यह बहुत बड़ी कामयाबी होगी।

एक बात हमारी समझ में आती हैं लेकिन हम किसी असुबिधा के कारण अभीतक उसे नहीं कर सके हैं। पंचायत सिक्रेटरी, चौकीदार, दफादार की कुछ समस्यायें हैं, उनका समाधान अभीतक नहीं हो पाया हैं। इन लोगों ने आन्दोलन किया था और मुख्यमंन्त्री ने इन्हें आश्वासन भी दिया था। १९६१ में पे कमेटी में इनको शामिल नहीं किया गया। १९६६ में हाजरा कमीशन में सिफारिश की गई थी कि पंचायत

सिक्रेटरी को एल०डी० क्लर्क का स्केल दिया जाय। इनको ग्रेचुएटी और प्राभिडेण्टफण्ड भी मिलना चाहिए। पंचायत सिक्रेटरी पंचायत में बहुत अहम् काम करते हैं। इसलिए मैं माननीय मुख्यमंन्त्री से अनुरोध करुँगा कि पंचायत सिक्रेटरी को प्राभिडेण्टफण्ड और ग्रेचुएटी दिलाने की व्यावस्था करें।

चौकीदार-दफादार गाँवों कें रुरल पुलिस की तरह हैं। ये लोग गाँवों में अंधेरे में बैगर आर्म्स के घूमते हैं, गांव का पहरा देते हैं। और गाँव वालों की हिफाजत करते हैं। सरकार से उनको पैसा ठीक समय से मिल जाता हैं मगर पंचायत से उन्हें रेगूलार पेमेन्ट नहीं मिलता हैं। इसका कारण यह हैं कि पंचायत के पास रिसोर्सेस बहुत कम हैं। आगर कलेक्शन ठीक से नहीं होता हैं तो पंचायत रेगूलर पेमेन्ट नहीं कर पाती हैं। इस तरह से तीन-तीन-छौ-छौ महीने तक इनका महीना बाकी रहता हैं। इससे इनको बड़ी दिक्कत होती हैं। मैं आशा करता हूँ कि मंन्त्री महोदय अपने रिप्लाई भाषण में रोशनी डालेंगे कि इनकी समस्या का समाधान कहाँ तक बढ़ रहा हैं?

अब रही बात पंचायत की। सी०डी० डिपार्टमेन्ट पंचायतमें आजाने से यह ब्लाक आफिस हो गया हैं। लेकिन प्रशासन ठीक से चलाने में कठिनाई अनुभब करता हैं। क्योंकि सी०डी० डिपार्टमेन्ट के कर्मचारी पंचायत के आदेश को नहीं मानते हैं। दूसरीतरफ वे कहते हैं कि हम बी०डी०ओ० के आदेश को मानेंगे। पंचायत एक्ट में हैं कि सभापति इन्स्पेक्शन कर सकता हैं, किसी काम-काज को देख सकता हैं, आर्डर दे सकता हैं कि फलाँ काम को कीजिए। लेकिन अकसर देखा गया हैं कि सभापति साहब के आदेश का पालन नहीं होता हैं। पंचायत डिपार्टमेन्ट में सी०डी० डिपार्टमेन्ट आजाने से सी०डी० डिपार्टमेन्ट के कर्मचारी कहते हैं कि आपका आर्डर नहीं चलेगा—बी०डी०औ० का आर्डर चलेगा—आपकी बात हम लोग नहीं मानेंगे। यह बहुत असुबिधा का कारण हो गया हैं।

[10.20–10.30 A.M.]

पंचायत में जो कर्मचारी हैं, उनमें की आडिनेशन का कहीं-कहीं आभाव पाया जाता हैं। पंचायत ने अनुभब किया हैं कि बक्त पर मेटिंग नहोने की बजह से ए०सी० इन्जीनियर जो हमारे ब्लाक में हैं—स्कीम तैयार हो गई, लेकिन मेटिंग नहीं हुआ, इन्स्पेक्शन नहीं हुआ, इसकी बजह से ये लोग हिसाब नहीं लेसकते हैं, क्लीयर रिपोर्ट पेश नहीं कर सकते हैं। इसतरह से आर०डब्लयू०पी० का जो काम होना चाहिए

था, नहीं, हो सका है।

फूड फार वर्क के माध्यम से बंगाल कें वहुत काम हुआ हैं। यहाँ इतना काम हुआ हैं कि देश में और कहीं उदाहरण नहीं मिलता हैं। यह सही हैं कि लोगों की बेकारी की समस्या का समाधान नहीं हो पाया हैं। लेकिन किसी तरह से दो बक्त की रोटी की समस्या का समाधान हुआ हैं। लेकिन केन्द्रीय सरकार से हीट कम्पोनेन्ट नहीं मिल रहा हैं, इसका कारण क्या हैं? मंन्त्री महोदय अपने जबाबी भाषण में इसपर रोशनी डालेंगे।

आर०डब्लयू०पी० स्कीम के अन्दर रुपया और हीट कम्पोनेन्ट मिलता है। पंचायत के पास रुपया तो है लेकिन हीट कम्पोनेन्ट नहीं है। केन्द्रीय सरकार हीट कम्पोनेन्ट नहीं दे रही है। इसकी बजह से कोई काम नही हो पा रहा हैं। सेन्टर गवर्नमेन्ट हीट कम्पोनेन्ट को क्यों नहीं रीलीज कर रही है? आशा करता हूँ मंन्त्री महोदय इसपर जरूर बोलेंगे।

इन सारी बातों के साथ मैं इस बजट का समर्थन करता हूँ।

**শ্রী বংকিমবিহারী মাইতি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী আমাদের সামনে তাঁর যে বাজেট ১৯৮০-৮১ সালের রেখেছেন সেই বরাদ্দ আলোচনার সময় আমি দেখছি এই বাজেটে অংশ গ্রহণ করার পক্ষে বেশি লোক দেখতে পাচ্ছি না, যদিও পঞ্চায়েতকে আমরা অনেক উর্ধে ধরেছি, আজকে পঞ্চায়েতের মাধ্যমে সরকার অনেক কাজ করবেন বলে স্থির করেছেন কিন্তু এই হাউসের সদস্য সংখ্যার উপস্থিতি দেখে মনে হচ্ছে না যে তাঁরা এই পঞ্চায়েতের মাধ্যমে অনেক কাজ করতে পারবেন। গ্রাম সহায়ক সৃষ্টি করবেন আজকে পঞ্চায়েত প্রতিষ্ঠা গ্রাম রাজ প্রতিষ্ঠা গ্রাম স্বরাজ প্রতিষ্ঠার কথা গান্ধীজি স্বপ্ন দেখেছিলেন সারা ভারতবর্ষে। আর আমাদের রবীন্দ্রনাথেরও এই স্বপ্ন ছিল সেইজন্য তিনি শান্তিনিকেতন সৃষ্টি করেছিলেন। সেই গ্রাম্যরাজের স্বপ্ন আমাদের দেশে বহুদিন আগেই প্রতিষ্ঠিত ছিল, সারা ভারতবর্ষে প্রতিষ্ঠিত ছিল এটা নতুন কথা নয়। সেটা কেবল রূপদানের চেষ্টা করেছিলেন স্বাধীন ভারত সরকার। স্বাধীন হওয়ার পর কংগ্রেস সরকার চেষ্টা করেছিলেন কিন্তু তাঁরা ব্যর্থ হয়েছিলেন, আমার মনে হয় এই পশ্চিমবঙ্গ সরকারও ব্যর্থ হতে চলেছেন তখনকার দিনে আমাদের মাননীয় ভক্তিবাবু এবং কমলবাবুও যে উক্তি করেছিলেন যে, পঞ্চায়েতের মাধ্যমে কোন কাজ হচ্ছে না সেইরকম বর্তমানে আমরা দেখছি সরকার যত মানুষ থেকে বিচ্ছিন্ন হচ্ছেন তত তাঁরা গদি টিকিয়ে রাখতে হবে এইভাবে চলছেন। তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন কংগ্রেস যদি বেঁচে থাকে কংগ্রেস যদি পর্যুদস্ত হয় কংগ্রেস যদি প্রধান নির্বাচনে হেরে যায় তাহলে দেশের বিপদ হবে। তাহলে দেশকে বাঁচাতে পারব না, ১৯৬৫ সালের ১৮ই মার্চ মুখ্যমন্ত্রী এই কথা বলেছিলেন আর ভক্তিবাবু এবং কমলবাবু বলেছিলেন ১৯৬৪ সালের ২৪শে মার্চ। কিন্তু আজকে কি দেখছি আমি একটা পঞ্চায়েতে ছিলাম, সেদিন কমলবাবু যে সমালোচনা করেছিলেন আজকেও দেখছি তাদেরই সরকার সেই একই কাজ করছেন,

*আমি একটা অঞ্চল প্রধান ছিলাম।*

[10-30–10-40 A.M.]

কিন্তু আজকে ত্রিস্তর হয়েছে, সেখানে কি দেখেছি? ভক্তিবাবু বলেছিলেন সেদিন, একজন চাষীকে একটা ঋণ পেতে হলে, সারের ঋণ পেতে হলে, পঞ্চায়েত সদস্যদের বাড়িতে বাড়িতে ঘুরতে হয়। আমিও সেই কথা বলছি, আজও সেই অবস্থা। আজকে পঞ্চায়েতকে দেখতে হবে জনসাধারণকে দলমত নির্বিশেষে। পঞ্চায়েত যে দলেরই হোক না কেন, মানুষ যারা প্রয়োজনের জন্য যান, যেখানে জল থাকে না, নলকূপের জন্য যান, যেখানে রাস্তা থাকে না, সেখানে রাস্তার জন্য যান, যেখানে খাল থাকে না সেখানে চাষের জলের জন্য যান, তাহলে সাহায্য করা উচিত। কিন্তু আজকের পঞ্চায়েত তাদের দলের লোক না হলে ফিরিয়ে দেয়। আমি পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করবো যে, আপনি যদি সুষ্ঠভাবে পঞ্চায়েত করতে চান, রবীন্দ্রনাথের আদর্শ অনুযায়ী পঞ্চায়েত করতে চান, গান্ধীজীর গ্রাম স্বরাজ প্রতিষ্ঠিত করতে চান, তাহলে গান্ধীজীকে বাদ দিয়ে মার্কসবাদ প্রতিষ্ঠা করলে চলবে না। মার্কস কখনও পঞ্চায়েতের চিন্তা করেন নি। পঞ্চায়েতের কথা বলেছেন, গ্রাম স্বরাজের কথা বলেছেন গান্ধীজী। কারণ এখানে সামন্ততান্ত্রিক, রাজতন্ত্র প্রতিষ্ঠিত ছিল না। এই ভারতবর্ষে ছিল গণতন্ত্র, তাকে সুষ্ঠভাবে প্রতিষ্ঠিত করার জন্য এইটা দরকার। বলাইবাবু বলেছেন, আজকে গ্রাম পঞ্চায়েত ভালভাবে কাজ করছে, তখন সেসব কাজ হয়নি। এই কথা তিনি ভুল তথ্য হিসাবে দিতে পারেন, অথবা তাঁর সামান্য যে এলাকা তার কথা চিন্তা করে বলছেন। আমি জানি যখন বন্যা হয়েছিল ১৯৭৮ সালে সেখানে লক্ষ লক্ষ টাকা পঞ্চায়েতের মাধ্যমে পাঠিয়েছেন। সেই লক্ষ লক্ষ টাকা পঞ্চায়েত সদস্যদের বাড়িতে গিয়ে ঢুকেছে। সেজন্য বলছি একপাড়ায়, পাঁশকুড়া অঞ্চলের একজন কি করে পাকা বাড়ি করতে পারে। আগে সে চাকরি করতো, সামান্য চাকরি, সেটা সে ছেড়ে দিয়েছে। আজকে সে পাকাবাড়ি করছে কি করে দেখতে হবে। আমার এলাকার অনেক পঞ্চায়েত সদস্য বিত্তশালী হতে চলেছে। ঘরের টাকা একজন নিয়ে নিয়েছিল, পরে গ্রামের লোকেরা ধরে, বিচার হয়, সে টাকা ফেরত দিয়েছে। গ্রামবাসীরা ধরেছে বলে সম্ভবপর হয়েছে। তা না হলে হত না। আর একটা কথা, আগের দিনে যে পঞ্চায়েত ছিল, সেখানে সদস্যদের জন্য দৈনিক ভাতার ব্যবস্থা ছিল না। মন্ত্রী মহাশয় সেই ব্যবস্থা করেছেন। এই বছর এক কোটি ৭৯ লক্ষ টাকা বরাদ্দ ধরেছেন। যারা যাতায়াতের জন্য ভাতা নিয়ে কাজ করবেন এবং অন্য ভাতা নেবেন, তাদের মধ্যে দুর্নীতি থাকা উচিত নয়। দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েতকে যদি আপনারা শাস্তি বিধান না করেন, তাহলে কংগ্রেস আমলে যে পঞ্চায়েত ছিল, যে পঞ্চায়েতকে আপনারা বলতেন দুর্নীতিগ্রস্ত, পচা দুর্গন্ধময়, আপনাদের আমলের পঞ্চায়েতও সেই রকম পচা দুর্গন্ধময় অবস্থায় পরিণত হবে। সেই জন্য আমি বলি আপনাদের সেই দিকে দেখার প্রয়োজনীয়তা আছে, সার্থকভাবে দেখার দরকার আছে। কুটিরশিল্প বেড়েছে, আপনারা বলেছেন। হ্যাঁ, ঠিকই বেড়েছে, সেটা বেড়েছে গ্রামে গ্রামে চোলাই মদের কারখানা হয়েছে।

গ্রামে গ্রামে আজকে তাড়ির কারখানা হয়েছে, এই সমস্ত জিনিসের পঞ্চায়েতের দেখার দরকার আছে। যে টাকা বিলি করা হয় সেই টাকায় যাতে সুন্দর, স্বচ্ছ এবং সুষ্ঠ ব্যবস্থা হয়, এবং সেই ব্যবস্থা গড়ে তোলে সেটা দেখতে হবে। আজকে তারা বড় বড় মানুষ তৈরি করতে

পারে এবং সেটা করতে পারলেই আজকে সুষ্ঠু পঞ্চায়েত গড়ে উঠতে পারে। গ্রামে যে সমস্ত অশিক্ষিত আছে তাদের শিক্ষিত করে তুলতে পারে এবং তা করতে পারলে গ্রাম পঞ্চায়েত সুন্দর হয়ে উঠবে, স্বচ্ছ হয়ে উঠবে গ্রাম পঞ্চায়েত প্রশংসনীয় হয়ে উঠবে। আজকে যারা দুস্থ, গরিব লোক নিশ্চয়ই পঞ্চায়েতের কাছে যাবে, তাদের যদি এভাবে বিচার হয় যে তারা কোন দলের, ধরুন কোন খঞ্জ যদি যায়, তাহলে সে কোন্ দলের, জনতার কি কংগ্রেসের এটা যেন বিচার না করা হয়। আর যদি তা করা হয় তাহলে তার রোষ এসে এই পঞ্চায়েতের উপর পড়বে, এবং যেমন করে সেদিন কংগ্রেস পঞ্চায়েত ব্যবস্থা থাকতে পারেনি, গতিতে থাকতে পারেনি। আমি মনে করি পঞ্চায়েত মাধ্যমে যদি আপনারা সেই ভাবে দুষ্কর্ম করেন, অপকর্ম করেন, নিজেদের স্বার্থ রক্ষার দিকেই ব্যবস্থা থাকে এবং অর্থ অপহরণ তাদের করতে দেন, তাহলে দেখা যাবে, কংগ্রেস একদিন যেভাবে ডুবেছে, এই বামফ্রন্ট সরকারও ডুববে। সেদিন কংগ্রেসি পঞ্চায়েতে কাজ বেশি হত না, তার জন্যই ১৯৭৭ সালে কেন্দ্রে পরিবর্তন হয়েছিল এবং তার ফলেই সেই পরিবর্তনের পরিপ্রেক্ষিতে পঞ্চায়েতে সুযোগ সুবিধা বর্ধিত হয়েছে, এই সুযোগ এসেছে। সেজন্য আমি সাবধান করছি, আপনাদের সতর্ক হতে অনুরোধ করছি, সচেতন হতে অনুরোধ করছি। আবার আজকে স্বৈরতন্ত্র এসেছে, আমি জানিনা তাঁরা পঞ্চায়েতকে সমর্থন করবেন কিনা, পঞ্চায়েত ব্যবস্থায় গ্রামের যে সুষ্ঠু ব্যবস্থা আমরা গড়ে তুলতে চাই, ইন্দিরা গান্ধী সেটা চাননা, তাঁরা গ্রামের উন্নয়ন বিরোধী, তারা শহরমুখী উন্নতি চান, সেজন্য এই বাজেট সমর্থন করে, এই ব্যাপারে সতর্ক করে দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বাজেট বরাদ্দ এখানে উপস্থাপিত হয়েছে, আমি প্রথমেই সেটা সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে আজকে পঞ্চায়েত গ্রামের সাধারণ মানুষের মধ্যে উৎসাহ সৃষ্টি করেছে। এই কথাটা যদি বিরোধী পক্ষের বন্ধুরা বলতেন তো ভাল হত। আগে যে পঞ্চায়েত ব্যবস্থা ছিল আমরা তার বিরোধী ছিলাম, কারণ এটা সবাই জানেন যে তখন সাধারণ মানুষের জন্য কোন কাজই হত না, শুধু কয়েকজন মানুষ নিজেদের স্বার্থে পঞ্চায়েতকে ব্যবহার করত এবং সেইভাবেই কাজকর্মগুলি করত। আজকে আমরা দেখছি পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পরে, পঞ্চায়েতকে গণমুখী করে তোলার চেষ্টা হচ্ছে, লক্ষ লক্ষ মানুষকে আজকে কাজ দেবার ব্যবস্থা হয়েছে। আমরা দেখলাম পশ্চিম বাংলায় যে ভয়াবহ বন্যা হয়ে গেল, সেই বন্যার সময় এই পঞ্চায়েত অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়েছে, লক্ষ লক্ষ মানুষকে বাঁচিয়েছে, গ্রামের সাধারণ মানুষ কাজ করেছে। এই কাজ যেমন এক দিকে করেছে, অপর দিকে পঞ্চায়েতের মাধ্যমে যে দেড় দুবছর ধরে কাজ হয়েছে, সেই কাজের মূল্যায়ন করতে যেতে তার অসুবিধার দিকগুলিও আমরা দেখেছি। সেই অসুবিধার দিকগুলি মাননীয় মন্ত্রীর নিকট তোলা দরকার যাতে আগামী দিনে পঞ্চায়েতের কাজ খারাপ না হয়। আজকে পঞ্চায়েতের মাধ্যমে লক্ষ লক্ষ টাকার কাজ হচ্ছে, আগে সেই ধরনের কাজ হত না।

[10-40–10-50 A.M.]

আজকে সেখানে যে কাজ হয় সেই কাজের হিসাব রাখা কষ্টসাধ্য ব্যাপার হয়ে দাঁড়ায়। যদিও সেই অসুবিধার মধ্যে বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি তাদের কাজের হিসাব দাখিল করেছেন তবুও আমি বলব, তাদের কাজের সুবিধার জন্য বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে

অন্ততঃ একজন করে অ্যাকাউন্টস ক্লার্ক দেওয়া দরকার এবং তা দিলে সেখানে কাজের ব্যবস্থা অত্যন্ত ভাল হবে বলে আমি মনে করি। এছাড়া আরো অন্যান্য দিকে যে সব অসুবিধা আছে সেগুলির প্রতি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, পঞ্চায়েত সমিতি আজকে সি. ডি. ডিপার্টমেন্টে আসার পর যে সমস্ত পঞ্চায়েত সমিতি আছে তার সাথে বিভিন্ন বিভাগের যে সংযোগ রক্ষা সেই সংযোগ রক্ষা হয়না এবং তার ফলে নানান রকমের অসুবিধা দেখা দেয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, বিভিন্ন বিভাগের কাজের মধ্যে যাতে সমন্বয় রক্ষিত হয় সেদিকে আপনি দৃষ্টি দিন। তারপর জেলা পরিষদের সদস্যদের কাজের ধারা নির্ধারিত হয়নি। যে সমস্ত এলাকা থেকে তারা নির্বাচিত হয়েছেন সেই গ্রাম পঞ্চায়েতের সেইসব কি কাজ তারা করবেন তার ধারা নির্দিষ্ট না হবার ফলে নানা রকম অসুবিধা হচ্ছে। আমার অনুরোধ, তাদের কাজের ধারা নির্দিষ্ট করে দিন। তারপর আমরা আরো দেখেছি প্রথম দিকে বি. ডি. ও. যারা একজিকিউটিভ অফিসার হিসাবে আছেন তাদের সঙ্গে সভাপতিদের কাজের একটা সমন্বয় ছিল কিন্তু ধীরে ধীরে আমরা দেখছি সেই সমন্বয় কমে আসছে সেখানে বি. ডি. ও-দের সাথে সভাপতিদের কাজের সমন্বয় থাকছে না। সেখানে বিভিন্ন জায়গায় দেখা যাচ্ছে বি. ডি. ও'রা একদিকে চলবার নীতি নিয়েছেন। আমি মনে করি অবিলম্বে এ সম্পর্কে ব্যবস্থা নেওয়া দরকার। সেখানে পঞ্চায়েত বিভাগে অবিলম্বে রুলস্ ফ্রেম করা দরকার তা না হলে কাজের অনেক অসুবিধা হবে। অবিলম্বে রুল্স ফ্রেম করে অসুবিধাগুলি দূর করা দরকার এবং একজিকিউটিভ অফিসারদের সঙ্গে সভাপতিদের কাজের সমন্বয় যাতে থাকে তার ব্যবস্থা করা দরকার। তারপর আর একটি বিষয় খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে আমরা দেখেছি বিভিন্ন সময় পঞ্চায়েত ডাইরেক্টরেট থেকে যে সমস্ত চিঠিপত্র যায় সেগুলি একজিকিউটিভ অফিসারের নামে না গিয়ে বেশিরভাগ ক্ষেত্রেই বি. ডি. ও-দের নামে যায় এবং তার ফলে সেই চিঠিগুলি সভাপতিদের দেখানোটা বি. ডি. ও.-দের খেয়ালখুশির উপর নির্ভর করে। বি. ডি. ও.-দের ইচ্ছা হলে সভাপতিদের চিঠি দেখান, না হলে দেখান না—সভাপতিদের সেখানে তীর্থের কাকের মতন বসে থাকতে হয় চিঠি দেখার জন্য। আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব, অবিলম্বে এই অব্যবস্থার প্রতিকার করুন সেখানে যাতে চিঠিপত্রগুলি বি. ডি.ও.দের নামে না গিয়ে একজিকিউটিভ অফিসারের নামে যায় এবং সেই চিঠিগুলি যাতে সভাপতিরা দেখতে পারেন তার ব্যবস্থা করুন। স্যার, আমাদের বামফ্রন্ট সরকার এই পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তন করেছেন এবং তাকে গণমুখী করেছেন এবং তার ফলে আমরা দেখেছি এই পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে গ্রামের লক্ষ লক্ষ মানুষ উপকৃত হচ্ছেন। সেখানে এই পঞ্চায়েতগুলি ভালো ভাবে কাজ করার জন্য মানুষ আমাদের আশীর্বাদ জানিয়েছে তার প্রমাণ গত লোকসভার নির্বাচন। এই পঞ্চায়েতগুলি ভালো ভাবে কাজ করার জন্য আমরা দেখেছি গত লোকসভার নির্বাচনে গ্রামের লক্ষ লক্ষ মানুষ বামফ্রন্টের প্রার্থীদের বিপুলভাবে জয়যুক্ত করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অফিসগুলির ব্যাপারে যে সমস্ত অসুবিধা দেখা দিচ্ছে সে সম্বন্ধে আমি আগেই বলেছি, এখন আরো দু একটি বিষয় মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বি. ডি. ও অফিসে সাইনবোর্ডের পরিবর্তন করে নতুন সাইনবোর্ড লাগানো হয়েছে। আজকে অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলতে হচ্ছে, সেই সাইনবোর্ড লাগালেও সেই অনুযায়ী কিন্তু কার্যকর ব্যবস্থা এখনও অবলম্বিত হয়নি। সেখানে কার্যকর ব্যবস্থা যাতে অবলম্বিত হয় মাননীয় মন্ত্রী মহাশয়কে সেটা দেখতে

হবে।

অন্যদিকে আজকে আর একটা জিনিস করতে হবে, গ্রামের ক্ষেত মজুরদের পঞ্চায়েতে প্রতিনিধিত্ব দেবার ব্যবস্থা করতে হবে। কারণ গ্রামে লক্ষ লক্ষ ক্ষেত মজুর আছে। সেই ক্ষেত মজুরদের গ্রাম পঞ্চায়েতে প্রতিনিধিত্ব দেবার সুযোগ দিতে হবে। সর্ব শেষে আমি স্টেট প্ল্যানিং সম্পর্কে বলতে চাই। স্টেট প্ল্যানিং আজকে শুধু গ্রামগুলির হওয়া দরকার। এই স্টেট প্ল্যানিং নিচু তলা থেকে তৈরি করা দরকার। জেলা থেকে যে প্ল্যানিংগুলি আসবে সেই প্ল্যানিংগুলি হওয়া দরকার। কিন্তু দেখা যাচ্ছে উপর থেকে স্টেট প্ল্যানিং চাপিয়ে দেওয়া হচ্ছে। এই স্টেট প্ল্যানিং বন্ধ করে দিয়ে গ্রাম পঞ্চায়েত, জেলাপরিষদ থেকে প্ল্যানিংগুলি যদি আসে তাহলে সেই প্ল্যানিং অত্যন্ত সুষ্ঠু প্ল্যানিং হবে। সর্ব শেষে আমি এই কথা বলতে চাই পঞ্চায়েত বিভাগ সম্পর্কে বিরোধী সদস্যরা যে কথা বারে বারে বলবার চেষ্টা করেছেন—আমি খুব আনন্দ পেতাম বিরোধী সদস্যরা যদি একটা কথা বলতেন যে পঞ্চায়েত সাধারণ মানুষের উপকার করেছে, পঞ্চায়েত দ্বারা গ্রামের মানুষের উপকার হচ্ছে। আজকে আমরা কাজ করতে গিয়ে দেখছি কোন কিছু করতে হলেই বি. ডি. ও. অফিসে দৌড়ে যেতে হত, ছোট খাট রাস্তা করতে গেলে বি. ডি. ও. অফিসে দৌড়ে যেতে হত, আজকে কিন্তু এই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে হাজার হাজার নতুন রাস্তা হয়েছে। এই পঞ্চায়েতের মাধ্যমে জল দেবার ব্যবস্থা হয়েছে। এই পঞ্চায়েতের মাধ্যমে ফুড ফর ওয়ার্ক করে গ্রামের লক্ষ লক্ষ মানুষের কাজের ব্যবস্থা করা হয়েছে। খেটে খাওয়া মানুষের প্রতিনিধিত্ব যারা করছে সেই পঞ্চায়েতের মাধ্যমে এই কাজগুলি হয়েছে। তারা আজকে গ্রামের মানুষকে জড় করে কাজ করছে। তাই পঞ্চায়েত পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় আজকে যে নিদর্শন রেখেছে সেই নিদর্শন পশ্চিমবাংলার অন্যান্য জায়গায় ছড়িয়ে যাবে এবং দিক দিগন্তে পঞ্চায়েত ব্যবস্থা সুন্দর করে গড়ে উঠবে। আমি মনে করি এর যে ক্রটি বিচ্যুতি আছে সেই ক্রটি বিচ্যুতিগুলিকে সারিয়ে তুলতে হবে এবং সারিয়ে তুলে আরো গণমুখী পঞ্চায়েত ব্যবস্থা গড়ে তুলতে হবে। পঞ্চায়েত ব্যবস্থাকে সার্বিক সুন্দরভাবে গড়ে তুলতে হবে। এই কথা বলে আমি এই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি। প্রথমেই আমি একটি ঘটনার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি খুব দুঃখজনক। পৌনে ২ বছর আগে পঞ্চায়েত নির্বাচন হয়েছে। নদীয়া জেলার রাণাঘাট (১) নং ব্লকের আমাদের পার্টির কর্মী আর. এস. পি. আই. এর কমরেড শিশির মুখার্জি নির্বাচিত হয়েছিলেন জেলাপরিষদে। আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করা হয়নি তার কারণ হচ্ছে হাইকোর্টে ইনজাংশান আছে। পৌনে ২ বছর হয়ে গেল একজন প্রতিনিধি নির্বাচিত হয়েও আনুষ্ঠানিকভাবে ফল ঘোষিত না হওয়ায় তিনি অংশ গ্রহণ করতে পারছেন না জেলাপরিষদের কাজে, এটা খুবই দুঃখজনক ব্যাপার। আমি পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করব এবং এর সঙ্গে আইনমন্ত্রী মহাশয়ও যুক্ত আছেন, যেহেতু মামলার ব্যাপার, মামলাটি যাতে তরান্বিত করতে পারেন তার ব্যবস্থা করুন। আমার কাছে কেস নং আছে, আমি আপনাদের দিয়ে দেব। পঞ্চায়েত কার্য পরিচালনার ব্যাপারে কতকগুলি ঘটনা আমার দৃষ্টিতে এসেছে। এম. এল. এ. হিসাবে সদস্যরা পঞ্চায়েত

সমিতি এবং জেলাপরিষদের তারা সভ্য। কিন্তু আমি লক্ষ্য করেছি জেলাপরিষদ এবং পঞ্চায়েত সমিতির সভ্য যারা, তারা জেলাপরিষদ ছাড়া পঞ্চায়েত সমিতিতে অংশ গ্রহণ বিশেষ করতে পারেন নি। তার কারণ আইনে নেই। পঞ্চায়েত সমিতির সভ্যরা গ্রাম পঞ্চায়েতের সভাগুলিতে অংশ গ্রহণ করতে পারেন না। যদি গ্রাম পঞ্চায়েত তাদের আমন্ত্রণ জানান তবেই যেতে পারেন, যদি বলেন যে না জানাব না, তাহলে তারা অংশগ্রহণ করতে পারেন না।

[10-50–11-00 P. M.]

তার ফলে পঞ্চায়েত সমিতির সদস্যরা হচ্ছে নির্বাচিত সদস্য গ্রামাঞ্চলে গ্রাম পঞ্চায়েতের কাজের ক্ষেত্রে তাদের কোন ভূমিকা থাকে না। আমি পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করব আইনগত নিয়ম সংশোধন করে কিভাবে এটা করা যায় সেটা যেন তিনি চিন্তা করেন। কারণ এটা খুবই দরকার। আরও কতকগুলি অসুবিধা হচ্ছে যেমন রাস্তাঘাট তৈরি করতে গিয়ে দেখা যাচ্ছে কোন কোন জায়গায় দেখা যাচ্ছে যে জায়গার উপর দিয়ে রাস্তা গেলে রাস্তাটা সহজ হয় কম রাস্তায় হয়ে যায় সেখানে কারও একটু জমি হয়তো পড়ে। আমার এলাকা শান্তিপুরে এ জিনিস হয়েছে। সেই জায়গাটা অ্যাকোয়ার করলে রাস্তা সহজ হয় দীর্ঘ দিন ধরে বিবাদ হয়ে রাস্তার সমস্ত কাজ সম্পূর্ণ হয়ে পড়ে আছে। এখানে একটা অ্যাকোয়ারের ব্যবস্থা করে রাখা দরকার এবং প্রয়োজনমত ক্ষতিপূরণ দিয়ে যাতে অ্যাকোয়ার করা যায় তার ব্যবস্থা করা প্রয়োজন বলে মনে হচ্ছে। কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে বহু জায়গায় পঞ্চায়েত অফিসার, ই. ও. পি. এক্সটেনশন অফিসার অব পঞ্চায়েত নাই। এখানে উল্লেখ করা হয়েছে। এখনও পর্যন্ত ১০৩ টি ভেকেন্সি রয়েছে। এগুলি অবিলম্বে পূরণ করা দরকার। তা না করলে পঞ্চায়েত অফিসাররা যেটুকু সুচিন্তিত পরামর্শ কাজের ব্যাপারে দিতে পারতো তা হচ্ছে না। গ্রামসেবক সম্বন্ধেও ঐ একই কথা একটা গ্রামসেবককে দু-তিন জায়গায় কাজ করতে হচ্ছে এবং এই দায়িত্ব পালন করতে গিয়ে সে কোন জায়গারই দায়িত্ব পালন করতে পারছে না। আজকে কমিউনিটি ডেভেলপমেন্ট এর সঙ্গে এসেছে তাই এ দিকটাও দেখা বিশেষ দরকার। তার পর পঞ্চায়েত সেক্রেটারি ৫৭৫ জনের মধ্যে ৩৮৩ জনকে নেওয়া হয়েছে এখনও ১৯২ জন বাকি আছে। এদের যাতে অতি সত্বর নেওয়া হয় তার জন্য তিনি নিশ্চয় চেষ্টা করবেন। গ্রাম পঞ্চায়েতে এম. এল. এ-দের একটা ভূমিকা আছে। এম. এল. এ. পঞ্চায়েত সমিতির সদস্য জেলা পরিষদের সদস্য। কিন্তু আসলে কাজ হচ্ছে গ্রাম পঞ্চায়েতে। সব এম. এল. এ-ই এক একটি কেন্দ্রের ভোটের দ্বারা এসেছে জনগণের কাছে সেখানকার কাজের জন্য তাদের দায়ী থাকতে হয়। পঞ্চায়েতে কোন ত্রুটি বিচ্যুতি হোল কোথায় কি কাজ হচ্ছে না হচ্ছে সে সম্পর্কে কোন অভিযোগ থাকতে পারে কারও দাবি থাকতে পারে তারা এম. এল. এ-দের জানায় কিন্তু তাদের ক্ষমতা থাকে না। এখন এম. এল. এ-দের বহু কাজ এবং অনেক গ্রাম সভা আছে সবটা তাদের পক্ষে দেখা সম্ভব হবে না। তাই তাদের প্রতিনিধি সেখানে থাকলে কাজগুলি দেখতে পাওয়া যাবে। কারণ এম. এল. এ.-দের জবাবদিহি জনসাধারণের কাছে করতে হয়। এবং এতে একটা চেক করারও প্রয়োজন আছে। এই সমাজ ব্যবস্থায় সবাই যে ত্রুটিহীন দুর্নীতি মুক্ত হবে এটা ধরা যায় না। এই সমাজ ব্যবস্থার ভিতর দিয়ে নির্বাচিত হয়ে এলেই যে সে আদর্শবাদ হবে এমন কোন যুক্তি নেই। দেখা যাচ্ছে অনেকে পঞ্চায়েতে নিযুক্ত হয়ে তার জীবিকার পেশাটা ছেড়ে দিতে হয়েছে।

জীবিকা অর্জনের জন্য কি করবেন একটু ভেবে দেখবেন। এখানেও কিছু অসুবিধা ঘটছে। সেগুলি যাতে না হয় তার জন্য কিছু কিছু তাদের অ্যালাউন্স দেবার ব্যবস্থা করা হচ্ছে। ডিফিকাল্টিজ যেগুলি হচ্ছে সেদিকে নজর রাখা তদারকী করার দরকার আছে। এইসব এম. এল. এ.-রা জেলা পরিষদের সদস্য, পঞ্চায়েত সমিতির সদস্য এবং আরও বহু জায়গায় তাদের জড়িত থাকতে হয় তাই তাদের প্রতিনিধি থাকলে একটা চেক হত। এই যেসব ত্রুটি বিচ্যুতি এই দিকে নজর রাখা দরকার। ট্রেনিংয়ের ব্যবস্থা যেটা আমরা চেয়েছি সেটা কিছু কিছু হয়েছে। এটা ঠিক যে গ্রামাঞ্চলের সমস্যা বিরাট। তার কাজকর্মের হিসাব নিকাশ শুধু নয়, তার প্ল্যানিং করা, কোন কাজটা আগে হবে, কোনটা পরে হবে সেটাও দেখতে হবে। একটা কাজ করতে গেলে, একটা রাস্তা করতে গেলে, একটা কালভার্ট দিতে হবে, সেচের ব্যবস্থা করতে হবে, সেই সম্পর্কে প্ল্যানিংয়ের যে চিন্তা সেটা অভিজ্ঞতা নিয়ে বিশেষ ট্রেনিং না থাকলে, সাধারণ পঞ্চায়েত সদস্য বিশেষ করে আজকে যারা নির্বাচিত হয়ে এসেছেন, গরিব ঘরের মানুষ, তারা অনেকে লেখাপড়া জানে না তার ফলে অসুবিধা হয়। বিভিন্ন বিভাগ সম্পর্কে দক্ষতা আছে, স্পেশ্যাল স্কিল আছে এই রকম অফিসারদের সঙ্গে দেখা করে তাদের প্লানিং করতে হবে, কাজেই অসুবিধা হবে। এই ধরনের যে ব্যবস্থা আছে সেগুলি অসম্পূর্ণ হয়ে আছে। ধরুন একটা এগ্রি-ইঞ্জিনিয়ারিংয়ে তার সাব-ডিভিশনাল ইঞ্জিনিয়ার চলে তার একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের মাধ্যমে। আবার একটা ব্লকে যে সমস্ত অফিসার থাকেন তাদের দায়দায়িত্ব সোজাসুজি পঞ্চায়েত সমিতি এবং বি. ডি. ও'র। এখানে কাজের ক্ষেত্রে তাদের মধ্যে কো-অপারেশনের অভাব দেখা দেয়। পঞ্চায়েতের কথায় তিনি চলবেন, কি বি. ডি. ও'র কথায় চলবেন সেটা পরিষ্কার করে বলা নেই। এ কথা বলা নেই যে কোথায় কো-অপারেশন পাওয়া যাবে, আর কোথায় পাওয়া যাবে না। একটা ডিপ টিউবয়েল নষ্ট হয়ে গেলে সাবডিভিশনাল হেড কোয়ার্টারে যেতে হবে। তারপর সেখান থেকে সময় মত না হলে বসে থাকতে হবে এবং তার ফলে ডিপ টিউবয়েলের ক্ষতি হচ্ছে। কাজেই সোজাসুজি পঞ্চায়েতের হাতে ক্ষমতা যদি থাকে তাহলে ব্লক থেকে তারা সাহায্য পেতে পারেন। সে জন্য এটা দেখা দরকার। একটা বড় কথা হিসাব পত্র সম্পর্কে বলা হয়েছে। সত্যি কথা। একজন ক্ষেতমজুর নির্বাচিত হয়েছে। সে মাঠে ঘাটে কাজ করত। গরিব চাষী একজন নির্বাচিত হয়েছে, একজন মধ্যবিত্ত শিক্ষক নির্বাচিত হয়েছে। সে জন্য তাদের হিসাব নিকাশ রাখা অভ্যাস ছিল না। এগুলির জন্য বিশেষ ট্রেনিংয়ের ব্যবস্থা কিছু কিছু হয়েছে। এটার খুব বেশি প্রয়োজন ছিল, এটা ভাল হয়েছে। এই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আছে সে জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। কিছু কিছু কথা উঠেছে যে পঞ্চায়েতের ভিতর দিয়ে কি ঘটছে, বিরোধী পক্ষের সদস্যরা অনেক কথা বলেছেন যে ত্রুটি-বিচ্যুতি আছে। কিছু কিছু দুর্নীতি যে হয় না তা নয়। এই কথা পূর্বেও বলেছি যে আজকের যে সমাজ ব্যবস্থা সেই সমাজ ব্যবস্থায় মানুষের যে চাহিদা সেটা এই সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে সবটা সর্বাঙ্গ সুন্দর হবে তা নয়। আমাদের এই দিকে দৃষ্টি আছে, বামফ্রন্ট সরকারের পার্টিগুলির দৃষ্টি আছে যাতে গ্রাম বাংলার মানুষগুলি সর্বাঙ্গ সুন্দর ভাবে কাজ করার দিকে এগিয়ে যান এবং কি করে যেতে পারে সেই দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে। আজকে যে অবস্থা তাতে কি করে হতে পারে? একজন বি. ডি. ও., ই. ও., এ তারা সরকারি অফিসার। তারা বোঝেন কি? তারা চাকুরিটা বোঝেন। চাকুরি রক্ষা করার জন্য ১০টা থেকে ৫টা যতটুকু কাজ করতে হয় সেটা

তারা করেন, তার বেশি তাদের কাজের উদ্যোগ থাকে না। গ্রামের সমস্যাগুলি তারা বোঝেন না, গ্রামের প্রতি তাদের দরদ থাকে না। সে জন্য এখানে বলা হয়েছে যে গ্রামীণ উন্নয়নের যে দায়িত্ব, গ্রামীণ পরিকল্পনার যে দায়িত্ব, গ্রামে কাজ করার যে দায়িত্ব, সেই দায়িত্ব গ্রামের মানুষকে দেওয়া হোক। গ্রামের সমস্যা সে ভাল ভাবে বোঝে সে জন্য তাদের দেওয়া হোক। আর একটা দৃষ্টিভঙ্গি ছিল। আগে সাহেব সুবা বলে একটা জিনিস ছিল—বি. ডি. ও. সাহেব, এস. ডি. ও. সাহেব, এ. ই. ও. সাহেব। এই সমস্ত সাহেব বাবুদের সোজাসুজি ধরা যায়না। অফিসগুলিতে গেলে তাদের আর্দালী, পিওন আছে, অনেক রকম অসুবিধা আছে, বাবুদের ধরা মুস্কিল হয়। কাজেই গ্রামে যারা থাকে তারা নির্বাচিত হলে তাদের ধরা যায়, দলবেঁধে চাপ সৃষ্টি করা যায়। অন্যায় হলে, দুর্নীতি হলে তাদের উপর চাপ সৃষ্টি করা যায়।

[11-00–11-10 A.M.]

এই কারণে গ্রামের মানুষ গ্রামে সাংগঠনিক পরিচালনায় উন্নয়নের কর্মসূচীগুলো রূপায়ণ করেন। এই দৃষ্টিভঙ্গি নিয়ে গ্রামপঞ্চায়েতগুলো তৈরি হয়েছে। এটা করতে গিয়ে আমরা কি দেখেছি? আগেকার দিনে বাবুরা আসেন, আমি একটা পশ্চাদপদ এলাকা থেকে আসছি, ক্ষেত মজুরদের এলাকা, বাউরী, নায়েক, বাগ্দী সেখানে বাস করে। তারা উল্লেখ করছে, এতকাল বাবুরা বসেছিলেন ক্ষমতায়, আমরা কিছু জানতাম না। আমরা কিছু বুঝতাম না, আমাদের ছোট লোক করে রাখা হয়েছিল। এখন তাদের কথাটা শুনুন, একজন ২৩-২৪ বছরের ছেলে, সে বলছে, আমাদের খুব ফুর্তি লাগছে। সে এক্সপ্রেস করতে পারছে না, মনের কথাগুলো প্রকাশ করতে পারছে না। সে বলছে আমাদের খুব ফুর্তি লাগছে। তার মানে একটা উৎসাহ তারা পেয়েছে, তারা একটা সামাজিক মর্যাদা পেয়েছে। সে একজন পঞ্চায়েতের মেম্বার হয়েছে। এই যে গ্রামের গরিব মানুষ, অবহেলিত মানুষ যারা ছিলেন, যাদের ছোট করে রাখা হয়েছিল, সেই মানুষগুলো আজকে সামনে এসেছে—ভুল ভ্রান্তি হচ্ছে, একটু এদিক ওদিক হচ্ছে, আবার সে ঠিক করে নিচ্ছে। তারা যে মর্যাদা পেয়েছে, দেশ গড়ার কাজে গ্রামে তাদের একটা দায়িত্ব আছে, তাদের একটা অধিকার আছে, তাদের যে ডাক পড়েছে, ডাকা হয়েছে সমাজ গঠনের কাজে, তার জন্য সে উল্লসিত। তার ভিতর যে চাপা শক্তি ছিল তার প্রকাশ হয়েছে, উন্মেষ হয়েছে, স্ফূরণ হয়েছে। এটাই হচ্ছে বড় কথা। এটা হওয়ার ফলে হয়েছে কি? এতকাল ধরে গ্রামাঞ্চলে যারা বাবু ছিলেন, বড় লোক বলব না, গ্রামের জোতদাররা মধ্যবিত্ত, কারণ তাদের সব জমি নিয়ে নেওয়া হয়েছে, এই বড়'র একটা মনোবৃত্তি রয়ে গেছে, জমিদার বাবুর চালচলনের একটা মনোবৃত্তি রয়ে গেছে, তাদের জমিদারী হয়তো নেই, সব ভেঙ্গে চুরে গেছে কিন্তু একটা মনোবৃত্তি রয়ে গেছে যে ছোটলোকদের—এদের বড় আস্কারা দেওয়া হচ্ছে। সেই জন্য তারা আস্ফালন করছে। এটা খুব ভাল নয়। বর্গা অপারেশনের ব্যাপারে এই প্রশ্নগুলো তারা তুলছেন এবং যে কোন ব্যাপারে এই প্রশ্নগুলো তুলেছেন যে তারা সমাজের মাথার উপর ছিলেন, চূড়ামনি ছিলেন, আজকে তার বদলে সেই খালি গায়ে লোকগুলো ক্ষেত মজুর গুলো যাকে ছোট লোক বলা হত, সেই লোকগুলো সামনে আসছে, সেই লোকগুলো তাদের উপর কর্তৃত্ব করছে। মনের দিক থেকে পুরাতন মত, রক্ষণশীল মন গ্রহণ করতে পারছে না। কিন্তু এটা ঘটছে এবং তার ফলে যেটা ঘটছে, এই মানুষগুলো সামনে আসছে এবং তাদের শক্তির স্ফূরণ হচ্ছে। দলে দলে গ্রামের গরিব মানুষরা

ক্ষেত মজুররা, গরিব চাষীরা, নিম্ন মধ্যবিত্ত মানুষ, তারা সামনে আসছে। তার ফলে অজস্র মানুষ, তারা সংগঠিত হতে পারছে। শ্রেণী হিসাবে মর্যাদা পেয়েছে, শ্রেণী হিসাবে তার আন্দোলন মুখী হয়েছে। এটাই হচ্ছে তাদের রাগের কারণ। এই শ্রেণী সংগ্রামের ভিতর দিয়ে পুরাতন ভেঙ্গে যাওয়া জমিদার জোতদার গোষ্ঠীর—পুরাতন মানুষদের যে একটা দ্বন্দ্ব উপস্থিত হয়েছে এই দ্বন্দ্বটা কি ভাল, কি মন্দ আমরা যারা মার্কসবাদী, আমরা যারা কম্যুনিস্ট, তারা মনে করি এই দ্বন্দ্বটা ভাল। বিরোধের ভিতর দিয়ে অগ্রগতি হয়। আজকে বাধা যেটা দাঁড়িয়েছে জমিদার জোতদারের নিকট থেকে, তাদের রক্ষণশীল মন, পুরাতন জায়গায় তাদের দাঁড়িয়ে থাকার উপায় নেই। পঞ্চায়েতের ভিতর দিয়ে যেটা সৃষ্টি হয়েছে, গ্রামের দরিদ্রতম অংশ যে সামনে আসছে তার ফলে তাদের যে বিরাট শক্তি, যে শক্তি সুপ্ত ছিল সেই শক্তি আজকে বিস্ফোরণের জায়গায় আসছে. সেই বিস্ফোরণটা যাতে ব্যর্থ পথে ভুল পথে যেতে না পারে, সেই জন্য আমরা সংগঠিত রূপে তার প্রকাশ ঘটাতে চাই। জমির ক্ষেত্রে কালকের আলোচনায় দেখলাম জমির ক্ষেত্রে যাতে আস্তে আস্তে সত্ব পায়, আস্তে আস্তে তাদের অধিকার সৃষ্টি হয়, আস্তে আস্তে জমির উৎপাদন বাড়ে, দেশের খাদ্যোৎপাদন বাড়ে, নানাবিধ ফসল উৎপাদনের জন্য জমি যার, জমিতে যে প্রকৃত ফসল উৎপাদন করে, সেই মানুষ জমিতে আসুন, যারা আগাছা হিসাবে আছেন, তারা সরে যান, তবেই উৎপাদন বৃদ্ধি হবে। তারপর সমবায়ের প্রশ্নগুলো আছে, সেচের প্রশ্ন, এই প্রশ্নগুলো আছে। সুতরাং আমাদের বামফ্রন্টের দৃষ্টিভঙ্গি হচ্ছে, যারা উৎপাদন করে, দেশের মানুষকে যারা খাওয়ায়, দেশের মানুষকে যারা পরায়, দেশের মানুষের প্রয়োজনীয় কাজগুলো করে, যাদের ছোট করে রাখা হয়েছিল, যাদের ছোট লোক বলা হোত সেই মানুষগুলো এই অধিকারের ভিতর দিয়ে, পঞ্চায়েতের অধিকারের ভিতর দিয়ে যে সামনে আসছে তাদের মর্যাদা বোধ, তাদের অধিকার বোধ তৈরি হচ্ছে এবং যারা আগাছা, তারা চটছে বটে কিন্তু ই আগাছাকে সরিয়ে দিলে উর্বর জমি তৈরি হবে এবং সেই উর্বর জমিতে ভাল ফসল উৎপাদন হবে এবং সেই ফসল হচ্ছে অর্থনৈতিক ফসল, সেই ফসল সামাজিক ফসল, সেই ফসল রাজনৈতিক ফসল, সেই ফসলের যে ধাক্কা, সেই ধাক্কা যারা খাচ্ছে, সেই পুরাতন পন্থী, তারা ভয় পাচ্ছে। অবশ্য কিছু ভুল ত্রুটি, অন্যায় হচ্ছে। সেগুলি আমরা মেনে নিচ্ছি। এবং সেগুলিকে সংশোধন করবার জন্য আমাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গি আছে। ভুল, ত্রুটির ভেতর দিয়ে, বর্তমান পচনশীল সমাজ ব্যবস্থার ভেতর দিয়ে মানুষগুলি সামনে এসে সংগঠিত হয়ে দাঁড়াচ্ছে। ফলে তাদের মর্যাদা বৃদ্ধি পাচ্ছে এবং এর ফল হিসাবেই পুরাতন ব্যবস্থা ভাঙছে। তাইতো আমরা লক্ষ্য করছি কায়েমী স্বার্থ এখন ভয় পাচ্ছে। সেই সঙ্গে আমি অনুরোধ করব জোড়-বাঁধ তৈরি করা, কূপ খনন করা, ছোটখাট পুকুর কাটা ইত্যাদির মাধ্যমে সেচ বয্যবস্থার দিকেও পঞ্চায়েতকে দৃষ্টি দিতে হবে। রাস্তাঘাট নির্মাণের কাজ নিশ্চয়ই তারা করবে, সেই সঙ্গে তাদের মাধ্যমে এই সব কাজও করতে হবে। এবং গ্রামাঞ্চলে যে সমস্ত জেলা, বিল ইত্যাদি পড়ে আছে সেগুলিকে মাছ চাষের উপযুক্ত করে তোলার জন্য পঞ্চায়েতের মাধ্যমে সংস্কারের ব্যবস্থা করতে হবে। সেই সঙ্গে জলনিকাশি ব্যবস্থাও করতে হবে। আজকে স্মল ইরিগেশন ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ রক্ষা করে পঞ্চায়েতের মাধ্যমে সেচের উন্নতির দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। আমি আশা করব পঞ্চায়েত মন্ত্রী এ বিষয়ে উদ্যোগী হবেন। এই বক্তব্য রেখে, পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার প্রতি পূর্ণ সমর্থন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[22nd. March, 1980]

**ডাঃ হরমোহন সিনহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিধানসভা চলাকালীন আমরা এখানে আমাদের দায়িত্ব পালন করার জন্য আমাদের এলাকায় যেতে পারি না। আমরা বিধানসভার সদস্যরা আমাদের নিজেদের এলাকার বা জেলার গভর্নমেন্টের বিভিন্ন দপ্তরের বিভিন্ন কমিটিরও সদস্য। কিন্তু আজকে আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, আমাদের কাটোয়া মহকুমার মহকুমা শাসক পঞ্চায়েত সমিতিগুলিতে কর্মী নিয়োগের জন্য যে কমিটি গঠন করা হয়েছে সেই কমিটির মিটিং ডেকে জব অ্যাসিস্টেন্ট নিয়োগ করছেন। সেখানে মিটিং হচ্ছে, সিলেকশন হচ্ছে, অথচ আমরা সেই কমিটির সদস্য হওয়া সত্ত্বেও আমরা এখানে থাকার জন্য সেসব কিছুই জানতে পারছি না। এর ফলে আমাদের প্রিভিলেজ নষ্ট হচ্ছে। এমন ভাবে মিটিং-এর তারিখ ফেলা হচ্ছে যে, আমরা ঐ এলাকার ৪ জন সদস্য সেখানে উপস্থিত হতে পারছি না গত ১৯ তারিখে এই রকম একটা মিটিং সেখানে হয়ে গেছে। অথচ আমরা সেখানে যেতে পারিনি, আমরা এখানে হাজির রয়েছি। এ ছাড়াও রেগুলেটেড মার্কেট এর একটা মিটিং এইভাবে হয়েছে। আমার মনে হচ্ছে ঐ সমস্ত সরকারি অফিসাররা কোনো রকম মানসিক দ্বন্দ্বে ভুগছেন। আমি এবিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য বিভাগীয় মন্ত্রী মহোদয়গণকে অনুরোধ করছি। বিভিন্ন দপ্তরের যাঁরা মন্ত্রী রয়েছেন, তাঁরা এটা একটু দেখুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ সিনহা, আপনি কি এটা পঞ্চায়েত দপ্তর সম্বন্ধে বলছেন?

**ডাঃ হরমোহন সিনহা ঃ** স্যার, আমি পঞ্চায়েত, কৃষি প্রভৃতি বিভিন্ন দপ্তর সম্বন্ধেই বলছি। কারণ বিভিন্ন দপ্তরের ব্লকের বিভিন্ন কমিটির এস. ডি. ও. সভাপতি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সন্দেহের কোনো অবকাশ নেই পঞ্চায়েত মন্ত্রী মহোদয় এবং তাঁর সহযোগীরা পঞ্চায়েতকে সাকসেসফুল করার জন্য আন্তরিকভাবে চেষ্টা করে যাচ্ছেন। যদিও রূপায়ণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে রাজনৈতিক উদ্দেশ্য প্রাধান্য লাভ করেছে। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় নিজেই জানেন ব্রিটিশ আমলে লোক্যাল সেলফ্ গভর্নমেন্টে একটা ডিসটেন্ট লিম্ব হিসাবে যখন লোক্যাল বোর্ড, ইউনিয়ন বোর্ড, ডিস্ট্রিক্ট বোর্ড জাতীয় স্থানীয় সংস্থা গঠিত হয় তখন তার দুটো উদ্দেশ্য ছিল। ওয়ান, বিভাগীয় বেতন বা সরকারি খরচ ব্যতিরেকে একটা ইন্টারমিডিয়েট মেশিনারী তৈরি করা ফর দি রুরালস অ্যাণ্ড দি রুল্ড এবং এটা করা হয়েছিল ইন্টারমিডিয়েট ওয়েস হিসাবে। সেকেণ্ড হচ্ছে মিনিমাম সিভিক অ্যামিনিটিস—যেরকম টাউনে দেওয়ার দায়িত্ব ছিল, সেই রকম মিনিমাম সিভিক্ অ্যামিনিটিস অ্যাণ্ড সেন্স অফ্ অ্যাডমিনিস্ট্রেশন প্রিভেইল করার জন্য অ্যাজ এ ডিসটেন্ট লিম্ব অফ্ অ্যাডমিনিস্ট্রেশন একটা লোক্যাল সেল্ফ গভর্নমেন্ট ইন দি ফর্ম অফ ইউনিয়ন বোর্ড প্রতিষ্ঠিত হয়েছিল, অ্যাজ লং অ্যাজ মন্টেগু চেমস্‌ফোর্ড সংস্কারের ফলে।

[11-10–11-20 A.M.]

একথা নিশ্চয়ই আপনার মনে আছে। পরবর্তীকালে দেশের যারা মহানায়ক, যারা দেশের জনক তাঁরা দুটি জিনিস ভেবেছিলেন—ভারতবর্ষকে যদি স্বাধীনতার সুফল প্রতি জায়গায় প্রতি ঘরে পৌঁছে দিতে হয় তাহলে গ্রামগুলিকে স্বয়ংসম্পূর্ণ করতে হবে। এই গ্রামগুলিকে স্বয়ংস্মপূর্ণ করতে গেলে পারমানেন্ট অ্যাসেটস্ তৈরি করতে হবে by construction and

reconstruction of the available resources in the Country side, it is one aspect. আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব উনি এইসব বিশ্লেষণ করে দেখবেন। সরকারি কোষাগার থেকে পঞ্চায়েতের মাধ্যমে অর্থ ব্যয় করা হচ্ছে, তাতে কত অ্যাসেটস্ তৈরি হচ্ছে Permanent assets towords bringing about the reliance in the Country side, which is another aspect. আর একটা উদ্দেশ্য হচ্ছে, ডিসেনট্রালাইজেশন অফ পাওয়ার। আপনি যে কাগজ দিয়েছেন দি ওয়াকিং অফ দি পঞ্চায়েত সিস্টেম—এটা একদিন আগে দিলে ভাল হত—গভর্নমেন্টের সার্কুলারে কিছু কিছু পাওয়ার দেওয়া থাকলেও সাধারণভাবে মনে হয় Still the Cabinet is bit conservative in the decentralisation of power and disseminating power from Writers and the Cabinet.

আমার ধারণা হয়েছে ২-১ টি সার্কুলার যথোপোযুক্ত হলেও সাধারণভাবে পঞ্চায়েতকে এমন ক্ষমতা দিতে চান যে ক্ষমতা—আমি আজকে এখানে দাঁড়িয়ে বিচার করতে পারি হ্যাঁ, The process of decentralisation of power has already started. বিচার করে তা নয়। আর একটি জিনিস লিমিটেশন মনে করছি পঞ্চায়েতের ফাংশনিং-এ এর এফেক্টিভ সুপারভিশন, এফেক্টিভ ইন্সপেকশন, এফেক্টিভ প্ল্যানিং অ্যাণ্ড এফেক্টিভ চেক সমস্ত বিচার করে নিয়ে প্রতিষ্ঠা করা সম্ভব পর নয়। সার্কেল অফিসার এবং বি. ডি. ও. কে দিয়ে ইউনিয়ন বোর্ড বা গ্রাম পঞ্চায়েতের সাইনবোর্ড পাল্টে দেওয়া যায় কিন্তু মানসিকতা রাতারাতি চেঞ্জ হয়না। আজকে অনেকেই দুর্নীতির কথা তুলেছেন, অ্যাবিউস এর কথা তুলেছেন, মিসইউসের কথা তুলেছেন—অ্যাবিউস এবং মিসইউস হতে পারে—আমি এই সম্ভাবনা উড়িয়ে দিচ্ছি না—কারণ আমি নিজে এই ব্যাপার সম্পর্কে কিছু কিছু জানি কিন্তু মস্ত জিনিস, মস্ত বাধা অতিক্রম করতে হবে সেটা The Conflict is inherent in the system. কতটা ইলেক্টিভ রিপ্রেজেন্টেটিভ আছে অন্য দিকে আমি আর একটি জিনিস দেখতে পাচ্ছি, অ্যাপয়েন্টেড ব্যুরোক্রাসী-এর থেকে ক্লিয়ার-কাট পাওয়ার, ডিভিশন ক্লিয়ারকাট ফাংশান অ্যাণ্ড ডিউটি রেসপনসিবিলিটিস যদি না ডিমারবোট করে যেতে পারেন এই কর্নফ্লেক্ট, এই ইনহেরেন্ট কনফ্লিক্টস থেকে যাবে, চিরকাল থাকবে। অন্য দিকে আমি আর একটি জিনিস দেখতে পাচ্ছি, আপনারা পঞ্চায়েতে যারা ওয়ার্কার হিসাবে অ্যাপয়েন্টেড হন তাদের স্ট্যাটাস কি? কি তাদের দায়িত্ব? গভর্নমেন্ট এমপ্লয়িদের সাথে তাদের পার্থক্য কোথায়? এটা আপনাকে সুস্পষ্ট সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। আগেকার সরকারের আমলে এটা ছিল They are Government employees or they are not Govt. employees. এটা আপনি ক্লিয়ারলি ডিফাইন করুন। অ্যাড-হক ইনক্রিমেন্ট দিয়ে, কিছু ক্ষমতা দিয়ে বা কিছু ব্যবস্থা দিয়ে কিছু হবে না। হরমোহন বাবু যে কথা বললেন আমি তাঁর সাথে এ বিষয়ে একমত। স্যার, আপনি দেখুন, ১৫ ফেব্রুয়ারি সিটিং ডেকেছেন আমরা যখনই বাড়ি যাই গিয়ে দেখি এস . ডি. ও-র চিঠি বাড়িতে পড়ে আছে। কি ব্যাপার? না জব অ্যাসিস্ট্যান্ট নিয়োগের ব্যাপারে আলোচনার জন্য ডাকা হয়েছে।

How does it happen? There is a contradiction I am supposed to

be here in the Assembly how can I attend in the distant part at the periphery of the State. এটা আপনি একটু দেখবেন। এটা কয়েনসিড কিম্বা উদ্দেশ্য প্রণোদিত নয় আর্জেন্সি বলে এটা একটু বিচার করবেন। আপনার অনেক তৎপরতা আছে, যার জন্য আপনি পঞ্চায়েতকে সাকসেসফুল করার চেষ্টা করছেন। রেডিও ভাষণে আপনি বলেছিলেন ৩২০০ গ্রাম পঞ্চায়েত You have given upto the date পূজার সময়ে আপনি একটা স্টেটমেন্ট করেছিলেন, ৭০ কোটি টাকা আপনি দিয়েছিলেন যাতে অ্যাভারেজে ২ লক্ষ ২৫ হাজার পার গ্রাম পঞ্চায়েতের ভাগে পড়ে। আমি বলি অ্যাভারেজ ২ লক্ষ ২৫ হাজার Here is the fund? We do not find তারা বলেন ২৫ হাজারের চেয়ে বেশি পাইনা। এই যে বৈষম্য এটা কেন? ফ্লাড, Flood cannot be the permanent excuse for these disparities in the allocation of public money and resources from public exchequer. এই ডিস্পারিটির দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। অন্যদিকে ২০ হাজার টন গম অর্থমন্ত্রী কিনেছিলেন ফুড ফর ওয়ার্ক চালু রাখার জন্য একটা ওল্ড প্রোভার্ব আছে Cut your coat according to your cloths এটা ইউজ এবং অ্যাবিউজ দেখবার পার্মানেন্ট দায়িত্ব আপনার আছে। এর জন্য এফেক্টিভ সুপারভাইসারী মেশিনারী কি আছে? In under the Concession of the Act subordinate কাজ হয়। What is the relation of the Sabhapati of the Panchayat samity with the B.D.O.? এটা একটা ইনহেরেন্ট কন্ট্রাডিকশন থেকে গেছে, যেটা দূর করার দায়িত্ব আপনার। আপনারা একটা বেসিসে ইলেকশন করেছেন, অনেকে প্রশ্ন করেন আপনারা কেন করেন নি? আজকে যারা রুলিং They boycotted allocations, we believed in Democracy. আপনারা মেইন অপোজিশন আপনারা যদি ইলেকশনে পার্টিসিপেট না করেন তাহলে কি হয়, সেজন্য আমরা ডেফারড দি পঞ্চায়েত ইলেকশন। আপনারা ইলেকশন করেছেন দ্যাট ইজ অল রাইট। তার জন্য আপনারা গর্বও করছেন। If you want to make the system successful কিন্তু মানুষ যারা আপনাদের হয়ে গেল তারা সকলেই ধোয়া তুলসীপাতা হয়না, এই জিনিসটা আজকে আপনাদের লক্ষ্য করতে হবে। অন দি আদার হ্যাণ্ড আপনার কাছে অনুরোধ করব একটা গ্রামে—আইনমন্ত্রী এখানে আছেন, মাঝে মাঝে ফোড়ন কাটেন আমাদের একটা সিস্টেম ছিল কনসেপশন ছিল নয়া পঞ্চায়েতের, যেটা Naya Panchayat is an elected system and it is a different conception in the whole World of Judicialy জুডিসিয়ালি সিস্টেম থেকে এটা আলাদা। আজকে ৯ লক্ষ মোকর্দমা কোর্টে পেণ্ডিং আছে, আপনারা তার কি করবেন? সতীনে ঝগড়া করল, স্বামী স্ত্রীতে ঝগড়া করল তারা সব পঞ্চায়েতের কাছেই যায়। এ বিষয়ে কোন স্ট্যাচুটারী ব্যবস্থা করার চিন্তা করছেন না।

[11-20–11-30 A. M.]

একটা জমির আল নিয়ে সামান্য ফ্যামিলি ডিসকার্ড তাও পঞ্চায়েতে যায়। সুইডেনে দেখেছি কিছু চেকস্ আছে In the form of market Court, in the form of Ombudsman. We have a thickly Populated vast rural areas এখানে এই রকম জাতীয় কোন স্ট্যাচুটারী পাওয়ার দিতে পারেন কিনা In a limited way, first for experiment and secondly for execution it is becomes successful. সেটা চিন্তা করার সময় এসেছে। এটা কোন নিন্দা নয় আমাদের দেশে ব্যুরোক্রেসী সম্বন্ধে তিনটা

মেইন ডিফেক্টস্ দেখা যায়। They are not quick in their decisions but rather indifferent in their decisions. They are very much assured of their livelihood and, thirdly, they prefer to ignore rather than to recognize the grievances of the people. কিন্তু ইলেক্টেড রিপ্রেজেন্টেটিভ হিসেবে আমি ওদের মধ্যে ৩টা গুণ দেখেছি ইট ইজ দি ট্রাডিশন দে ক্যান গ্রাপ্স্ দি সিচুয়েশন অ্যাণ্ড টেক দি সিচুয়েশন They can not comment, they cannot associate people whereas bureaucracy is dissociated from the people through out the Century aside আজকে এই ব্যবস্থা আপনারা কাজে লাগাবার কি চেষ্টা করছেন? এটা একটা মহৎ সিস্টেম, একটা গ্রেট সিস্টেম। মন্ত্রী মহাশয় এবং এর সঙ্গে যাঁরা যুক্ত তাঁদের আন্তরিকতায় সন্দেহ আমি করিনা। আমি আশা করব বিরোধী পক্ষ থেকে বলেই সাজেশনগুলো আপনারা প্রত্যাখ্যান করবেন না, এটাকে সাকসেসফুল করার জন্য মানুষকে ট্রেণ্ড আপ করার সামান্য কিছু ট্রেনিংয়ের ব্যবস্থা দরকার, এবং এই ট্রেনিংটা ইউনিভার্সাল হওয়া দরকার। Training of Panchayat representatives either in Zilla Parishad or of Panchayat Samity or of Zilla Parishad the training should be universal....training should be universal বিমলানন্দ বাবু বলছিলেন ছোটলোক, I do not believe in 'chhotolok or barolok'. I am not acquianted with the system of administration....people have chosen you as the representatives in the Panchayat body, I do not know the ambits and scopes of my power, function, duties and responsibilities and experience. সে ক্ষেত্রে ট্রেনিংটা দেয়ার ইজ নো subsitute for training এটাই আপনার কাছে আবেদন, আপনি বলবেন মেশিনারী নেই, জায়গা নেই, কিন্তু সর্ট কোর্স করতে পারেন, যার জন্য খুব বড় কিছু প্রয়োজন নেই। মানুষের চেতনার তার ভ্যালুজ যদি একবার ইনফিউজ করতে পারেন, রেস্পন্সিবিলিট যদি জাগাতে পারেন তাহলেই এটা সম্ভব হয়। আজকে যে কোন জায়গায় ভেস্টেড কথাটা খুব এসে গেছে, ল্যাণ্ডের বেলায়ও ভেস্টেড ল্যাণ্ড, পলিটিক্সের বেলায় ভেস্টেড ইন্টারেস্ট ইত্যাদি সব বার বার বলা হয়। এখানে কোন লিমিটেশন করা সম্ভবপর কিনা সেটা চিন্তা করুন। কো-অপারেটিভের সময় আমি বলেছিলাম ৩ বছরের বেশি নয়। Because they deal exclusively with finance, exclusively with money, ৩ বছরের জন্য লিমিটেশন করেছিলাম আপনারাও এই লাইনে চিন্তা করতে পারেন কিনা দেখুন। কো-অপারেটিভের সঙ্গে ভিলেজ সেলফ্ সাফিসিয়েন্ট করবার জন্য আপনারা চেষ্টা করুন। সমবায় পশ্চিমাঞ্চলে সাকসেসফুল হয়েছে পূর্বাঞ্চলে সাকসেসফুল হয়নি। সমবায়কে পঞ্চায়েতের সঙ্গে কো-অর্ডিনেট করা যায় কিনা সেটা দেখুন, বিশ্বনাথ চৌধুরী মহাশয় কো-অর্ডিনেশনের অভাবের কথা বললেন, অ্যাডমিনিস্ট্রেশনে কো-অর্ডিনেশনের অভাব থাকতে পারে কিন্তু আমি বলছি in agricultural input through mini kit বিতরণ করাই শুধু নয় সমবায় এবং ব্যাঙ্ক ঋণ দিয়ে পঞ্চায়েত এর মাধ্যমে এফেক্টিভ সুপারভিশন এক্সাইজ করা যায় কিনা সেটা চিন্তা করতে হবে। একজন সমবায় ঋণ নিল আবার ব্যাঙ্ক ঋণ নিল দুটোতেই ডিফল্ট, সুতরাং এ বিষয়ে আপনাকে চিন্তা করতে অনুরোধ করব। থার্ড, আমরা একটা জিনিস দেখছি সেমি-জুডিসিয়ারীর পঞ্চায়েতের উপর একাধিক্রমে অনেকগুলি কাজ পড়ে। নাম্বার One এই যে ইলেকশন পরিচালনার জন্য মেইনলি ভোটার লিস্ট বুথ ইত্যাদি এটা হচ্ছে এ পার্ট অব ইলেকশন মেশিনারী। ইট হ্যাজ

এ ডিসট্যান্ট লিংক অব ইলেকশন মেশিনারী। ম্যাজিস্ট্রেট কোর্টে একটা ফৌজদারী মামলা হল, এখানেও বলা হয় এনকোয়ার পঞ্চায়েত সমিতি অ্যাণ্ড রিপোর্ট এই একটা জুডিসিয়াল ফাংশান চলে আসে। আবার সরকার কোন দায়-দায়িত্বের কাজ গ্রামে যখন করেন তখন এই জিনিসটা দেখবেন একটা বডির উপর আপনারা সব রকমের অনেকগুলি কাজ চাপান, এতে হয় কি জ্যাক অব অল ট্রেড মে বিকাম মাস্টর অব নান। এই জিনিসটা আপনি দেখবেন ওভার বার্ডেন যেন না হয়ে যায়, অধিক রিলায়েন্স যেন না হয়ে যায়। নেক্সট, একটা জায়গায় ডিসপিউট দেখা দিয়েছে আপনারা আসার পর, আমাদের সময়েও ওটা ছিল, পঞ্চায়েতের গৃহ নির্মাণের জন্য কিছু অনুদান দিচ্ছেন। অধিকাংশ পঞ্চায়েতের নিজের বাড়ি নেই। ইউনিয়ন বোর্ডের এককালে আমি সভাপতি ছিলাম, আই ওয়াজ এ প্রেসিডেন্ট অ্যাজ ফার ব্যাক অ্যাজ টোয়েন্টি ইয়ার্স হেন্স। অফিস অব দি গ্রাম পঞ্চায়েত কোথায় হবে, অফিস অব দি পঞ্চায়েত সমিতি কোথায় হবে, ব্লকের একটা পোর্সানে হেড কোয়ার্টার অব দি গ্রাম পঞ্চায়েত হবে কিনা এই নিয়ে একটা পার্মানেন্ট ডিসপিউট আছে। এখানে জিওমেট্রিক্যাল সেন্টার আমি করতে বলি না, একটা কনভিনিয়েন্ট প্লেসে হোক। এই ডিসপিউটে গভর্নমেন্ট ইন্টারফিয়ারেন্স সময় সময় দরকার। গভর্নমেন্ট—আই মিন ইওর ক্যাবিনেট সাব কমিটি ফর পঞ্চায়েত সমিতিজ, এই ডিসপিউটকে দূর না করতে পারলে পার্মানেন্ট দলাদলি গ্রাম লেভেলে আমরা চাই না। আপনারা নিশ্চয়ই জানেন আমরা পঞ্চায়েত সিম্বল নিয়ে পার্টির নাম নিয়ে লড়াই চাইনি, কারণ, গ্রামের মধ্যে পার্মানেন্ট ডিসপিউট করতে চাইনি। কিন্তু কিছু কিছু কাজ পঞ্চায়েতে আছে যে কাজের জন্য আপনাদের দলের মধ্যে এই জিনিস ঘটে যাচ্ছে। লাস্ট বাট নট দি লিস্ট আপনারা স্বীকার করবেন আপনারা যত আসনই পান কিছু কিছু আসন নন-লেফ্ট ফ্রন্ট পেয়েছে যারা আদার দ্যান লেফ্ট-ফ্রন্ট। মাসের পর মাস ধরে আমরা দেখেছি এক জায়গায় ইকোয়্যাল ডিভিসন হয়েছে, টসে পঞ্চায়েত প্রধান হয়েছে, সেখানে যে কোন কারণে হোক আপনাকে খুশি করবার জন্য আপনার পঞ্চায়েত এক্সটেনসন অফিসার এক পক্ষ অবলম্বন করার চেষ্টা করেছেন। অনেক জায়গায় দেখেছি জার্সি পাল্টে নো-কনফিডেন্স মোশন ইট সুড বি গিভেন এফেক্ট ইমিডিয়েটলি, কিন্তু সেখানে আমরা দেখছি ইনডেফিনাইট ডিলে, ইনঅর্ডিনেট ডিলে ইফ দে ডু নট বিলং টু লেফট ফ্রন্ট। আমরা দেখতে পাচ্ছি এইসব ক্ষেত্রে পঞ্চায়েতের বেশির ভাগ সদস্য যে সিদ্ধান্ত নিয়েছে সেই সিদ্ধান্তকে কার্যকর করা হচ্ছে না। এই পার্টিশান অ্যাটিচিউড এটা সুড বি এলিমিনেটেড ফ্রম দি পঞ্চায়েত বডি। আপনি পশু পালন দপ্তরের মন্ত্রী নন, আপনি দুটো দপ্তরের মন্ত্রী আছেন বলে আমার আপনার কাছে নিবেদন গো-শিল্প সম্পর্কে, আদার দ্যান এগ্রিকালচার, আপনারা তো হোয়াইট রেভলিউশনে বিশ্বাসী, সেদিক থেকে উন্নত ধরনের ব্রিডিং রুল দেবার চেষ্টা করছেন পঞ্চায়েতের মাধ্যমে। কিন্তু মেশিনারী নেই, দেখবার কেউ নেই, গরুর খাবার ওরা খেয়ে নিচ্ছে। আপনি (পশু পালন মন্ত্রী) কোন এক ব্যক্তিকে চিঠি দিয়েছেন আপনি পঞ্চায়েতের মাধ্যমে এই ব্রিডিং বুল বিতরণ করবেন, এখনও সেটা পৌঁচাচ্ছে না। এদের দেখার জন্য আপনি ব্যবস্থা করতে পারেন কিনা আদার দ্যান পঞ্চায়েত অন দি রেকমেণ্ডেশন অব দি পঞ্চায়েত এটাও আপনি দেখবেন। লাস্ট বাট নট দি লিস্ট মানুষের স্বাস্থ্যের প্রয়োজন আছে, সরকার অনেকগুলি সাব-সেন্টার করেছেন, সাব-সিডিয়ারি হেলথ সেন্টার, প্রাইমারী হেলথ সেন্টার করেছেন। এখানে সাম চুজেন রিপ্রেজেন্টেটিভ, এফেক্টিভ অ্যাণ্ড এফিসিয়েন্ট রিপ্রেজেন্টেটিভকে অ্যাসোসিয়েট করতে

পারেন কিনা এই বডিতে এটা আপনাকে অনুরোধ করব। আপনার যে সার্কুলার এতে উল্লেখ করেছেন সেই সার্কুলার অনুসারে কাজগুলি যেন তাড়াতাড়ি হয় পঞ্চায়েতের রিসোর্স বাড়াবার জন্য। মার্কেট, বড় বড় ট্যাংক এইসব যে বলেছেন আপনার সার্কুলারে, এখনই বইটা পেলাম, ডিটেল্‌স আলোচনা করা সম্ভব নয়, এটার কাজ আপনাকে ত্বরান্বিত করতে হবে। এই অনুরোধ আপনার সামনে রেখে আজকে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতিতে শুধু অঙ্কের উল্লেখ করেছেন, বক্তব্য খুব সংক্ষিপ্ত ভাবে রেখেছেন. সেজন্য পুরো মর্ম জানতে না পেরে এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করতে পারছি না। পঞ্চায়েত সাকসেসফুল হোক এই উদ্দেশ্যের সঙ্গে আমি একমত, কিন্তু আপনার বাজেট ভাষণ শুধু অঙ্কের হিসাব, সেজন্য পুরোপুরি এটা সমর্থনযোগ্য নয়। সেজন্য আমি শুধু পঞ্চায়েত ব্যবস্থা এখানে সাকসেসফুল হবে, পার্টিশান আউটলুক এলিমিনেটেড হবে এই আশা করে আমার বক্তব্য শেষ করছি।

[11-30–11-40 A. M.]

**শ্রী বিজয় বাউরী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমাদের পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন আমি তার উপর কয়েকটি কথা বলব। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পঞ্চায়েত নির্বাচন হয়ে গেছে এবং এই পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে পশ্চিমবাংলার জনসাধারণের একটা বিরাট আশা আকাঙ্ক্ষা ছিল। বামফ্রন্ট সরকারও এই নির্বাচনের সময় দীর্ঘদিনের যে সমস্ত সমস্যা গ্রামবাংলায় রয়েছে তার সমাধান করবেন, তার মোকাবিলা করবেন এবং উন্নয়নমূলক কাজ করবেন এমন প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু আজকে আমরা যদি এই পঞ্চায়েতগুলির দিকে তাকাই অর্থাৎ সারা পশ্চিমবাংলার গ্রামের দিকে তাকাই তাহলে দেখব উন্নয়নমূলক কাজে পঞ্চায়েতের যে ভূমিকা পালন করা উচিত ছিল সেই ভূমিকা পালন করতে তাঁরা সক্ষম হননি, প্রায় ব্যর্থই হয়েছেন। তাই আমরা দেখি যে সমস্ত সমস্যা ছিল সেই প্রতিটি সমস্যাই আজও গ্রাম বাংলায় রয়েছে। রাস্তা ঘাটের সমস্যার সমাধান হয়নি. পানীয় জলের সমস্যার সমাধান আজও সরকার পশ্চিমবাংলায় করতে পারেননি। আমি এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তরের বাজেট বক্তৃতায় বলেছিলাম সারা পশ্চিমবাংলায় পানীয় জলের হাহাকার চলেছে, সেচ ব্যবস্থা হয়নি। ফুড ফর ওয়ার্ক প্রোগ্রামে যে সমস্ত গম বা টাকা পয়সা বরাদ্দ করা হয়েছিল সেটা দিয়ে পঞ্চায়েত ছোট ছোট পরিকল্পনা গ্রহণ করতে পারতেন। আমি মনে করি বিশেষ করে পুরুলিয়া, বাঁকুড়া প্রভৃতি জায়গায় যেখানে প্রতি বছর খরা লেগেই থাকে সেখানে সেচ প্রকল্প এই টাকায় গ্রহণ করা উচিত ছিল। কাজেই দেখা যাচ্ছে এঁদের দৃষ্টিভঙ্গির অভাব রয়েছে। যে সমস্ত সমস্যা আমাদের রয়েছে তাকে কিভাবে মোকাবিলা করা যায়, কিভাবে তার সমাধান করা যায় সেই দৃষ্টিভঙ্গি এদের নেই এবং তার ফলে তাঁরা সেচ প্রকল্পগুলি গ্রহণ করতে পারেননি। অপরদিকে আমরা দেখেছি গত লোকসভা নির্বাচনের সময় এই পঞ্চায়েতগুলি এবং বামফ্রন্ট সরকার তাদের দলীয় স্বার্থে কুইন্ট্যাল কুইন্ট্যাল গম বিলি করেছে। যার ফলে স্যার, এই পঞ্চায়েতগুলি আজকে হাত গুটিয়ে বসে রয়েছে যেন কোন কাজ তাদের নেই, অথচ এদিকে পুরুলিয়া, বাঁকুড়ায় চরম খরা চলছে। তাদের ভূমি সংস্কার, ক্ষুদ্র সেচ পরিকল্পনা এবং গ্রাম উন্নয়নের কাজ যা করা দরকার ছিল সেটা তারা করতে পারেনি এবং আগামী আর্থিক বছরেও যে তাঁরা করতে পারবেন সেটা আমি মনে করি না। পঞ্চায়েত মন্ত্রী মহাশয় দুটি খাতে যে ব্যয়

বরাদ্দ উত্থাপন করেছেন সেখানে টাকার অংক দেখছি ২৮ কোটি ৩৯ লক্ষ ৯ হাজার টাকা। আপনারা আশাকরি আমার সঙ্গে একমত হবেন গ্রামবাংলার জনসংখ্যা হচ্ছে ৪ কোটি। কাজেই বাজেটের ওই টাকা যদি ৪ কোটি মানুষের মধ্যে ভাগ করি তাহলে দেখা যাবে মাথাপিছু পড়ে মাত্র ৭ টাকা এবং এর মধ্যে পঞ্চায়েতের প্রশাসনের খরচও ধরা হয়েছে। কাজেই কতটা উন্নয়ন এর দ্বারা হবে সেটা আপনারা চিন্তা করুন। আজকে পঞ্চায়েতের মাধ্যমে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প বা গ্রামীণ পুনর্গঠন প্রকল্পের দুর্নীতি এবং চুরি হচ্ছে। আশ্চর্যের বিষয় সারা পশ্চিমবাংলায় এই জিনিস ব্যাপকভাবে চলা সত্ত্বেও তার তদন্ত পর্যন্ত হচ্ছে না।

হিসাব নিকাশের কথা এখানে উঠেছে। বহু মাননীয় সদস্য এই সম্পর্কে বলেছেন। আমি এখানে একটা কথা বলতে চাই হিসাব নিকাশ দেখার প্রয়োজন আছে। আমি মনে করি এটা নির্বাচিত সংস্থা, গণতান্ত্রিক সংস্থায় নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতা নিশ্চয় বেশি থাকবে কিন্তু সরকার যে টাকা একটা সংস্থাকে বরাদ্দ করবেন একটা উন্নয়নমূলক কাজ করবার জন্য সেই বরাদ্দ টাকা ঠিকমত ব্যবহার হচ্ছে কিনা সেখানে দুর্নীতি হচ্ছে কিনা, অসদুপায়ে সেই টাকা ব্যবহার হচ্ছে কিনা সেটা দেখা নিশ্চয় সরকারের অধিকার আছে। কাজেই পঞ্চায়েত আইনে কি ব্যবস্থা আছে আশাকরি মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে সেই কথা বলবেন। স্বাভাবিকভাবে আমরা যদি ধরে নিই যে বামফ্রন্ট যে সমস্ত পঞ্চায়েত তারা পরিচালনা করছেন সেই সমস্ত পঞ্চায়েতে যে সমস্ত দুর্নীতি চলছে, সেই সমস্ত দুর্নীতি ধরা পড়ে যাবে এবং তার ফলে তাদের ভাবমূর্তি নষ্ট হয়ে যাবে—সেই সমস্ত দুর্নীতি পরায়ণ ব্যক্তিদের উপর নির্ভর করে যে সরকার টিকে আছেন তাতে তাঁদের অসুবিধা হবে তাতে তাঁদের দল টিকে থাকতে পারবে না এই ধারণা যদি আমাদের মধ্যে আসে সেটা কি অসঙ্গত হবে। সুতরাং আমি আশা করব মাননীয় মন্ত্রী তাঁর জবাবী ভাষণে বলবেন পঞ্চায়েতের হিসাব নিকাশের কি ব্যবস্থা করছেন। রিলিফের অর্থ নিয়ে দলবাজি এটা সকলেরই অভিযোগ। আমি এই প্রসঙ্গে কয়েকটি ঘটনার এখানে উল্লেখ করতে চাই পুরুলিয়া জেলায় নেতুড়িয়া পঞ্চায়েত সমিতির অন্তর্গত দিঘা গ্রাম পঞ্চায়েত এবং জনার্দনডি গ্রাম পঞ্চায়েত—এই গ্রাম পঞ্চায়েতের এস. ইউ. সি.-র দলের প্রধান পুরুলিয়া জেলায় খরা চলছে, সি. পি. এম. পরিচালিত যে সমস্ত গ্রাম পঞ্চায়েত সেখানে ফুড ফর ওয়ার্ক এফ. পি. পি., আর. ডব্লিউ. পি., আর. আর. পি. প্রভৃতি স্কীমে তাদের অর্থ বরাদ্দ করা হয়েছে কিন্তু এস. ইউ. সি. যেখানে প্রধান, এস. ইউ. সি. দ্বারা পরিচালিত যে গ্রাম পঞ্চায়েত সেখানে সেই স্কীমগুলি নেওয়া হচ্ছে না। দীর্ঘদিন ধরে সেখানে কাজ বন্ধ ছিল এবং এস. ইউ. সি.-র যে সমস্ত গ্রাম পঞ্চায়েত সেখানে কোন অর্থ বরাদ্দ করা হয়নি। শুধু তাই নয় ঐ পঞ্চায়েত সমিতির অন্তর্গত আরেকটি গ্রাম পঞ্চায়েত যেখানে সি. পি. এম. ৫ জন আর নির্দল ৬ জন ফলে নির্দলের দ্বারা পরিচালিত গ্রাম পঞ্চায়েত সেখানে পঞ্চায়েত সমিতির সভাপতি কাজ করবার জন্য প্রধানকে ওয়ার্ক অর্ডার পর্যন্ত দেওয়া হয়নি। কাজ বন্ধ করে দেওয়া হয়েছিল। আমি সেখানে গিয়েছিলাম জনসাধারণের বিরাট অভিযোগ ছিল কিন্তু শেষ পর্যন্ত জনসাধারণের চাপে সেখানে কয়েকদিন আগে কাজ চালু করা হয়েছে আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় শীঘ্রই এই ব্যাপারে নজর দেবেন। মেদিনীপুরের একটা ঘটনা আমি তুলে ধরতে চাই। মেদিনীপুর জেলার খড়গপুর

২ নং পঞ্চায়েত সমিতির গ্রাম পঞ্চায়েত প্রধান সত্যরঞ্জন পালকে কাজ করতে দেওয়া হচ্ছে না কারণ তিনি সি. পি. এম. করেন না, তিনি বামফ্রন্ট বিরোধী, সুতরাং তাঁকে কাজ করতে দেওয়া হচ্ছে না। তাঁকে প্রধান পদ থেকে সরানোর জন্য বহু চেষ্টা করা হচ্ছে। তিনি ২৭-৬-৭৯ তারিখে পঞ্চায়েত সমিতির মিটিংয়ে গিয়েছিলেন এবং যখন তিনি সেই মিটিং থেকে বাইরে বেরিয়ে চা খাচ্ছিলেন তখন পুলিশ তাঁকে মিথ্যা মামলায় অভিযুক্ত করে গ্রেপ্তার করে এবং জেলে পাঠিয়ে দেওয়া হয়। তিনি যখন জেলে ছিলেন সেই সময় তাঁর দুইজন সমর্থককে সেই প্রধানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের কোন মিটিং না ডেকে জোর করে সই করিয়ে নেওয়া হয়। তারপর তিনি যখন জেল থেকে ছাড়া পেয়ে বাইরে আসেন তখন তিনি হাইকোর্টের আশ্রয় নেন। হাইকোর্ট তাঁকে ইনজাংশন দিয়ে প্রধান পদে বহাল রাখেন। সিভিল রুল নং ৮৭৫২—ডব্লিউ-৭৯ হাইকোর্টের নির্দেশ যে তাঁকে প্রধান পদে বহাল রাখা হোক কিন্তু সেখানকার বি. ডি. ও. হাইকোর্টের নির্দেশ মানেন নি।

[11-40–11-50 A. M.]

তাহলে হাইকোর্টের নির্দেশ যদি তারা না মানেন এবং যদি হাইকোর্টের নির্দেশ পঞ্চায়েত প্রশাসনের অফিসারেরা পদদলিত করেন, সেক্ষেত্রে পঞ্চায়েত মন্ত্রী কি করবেন, সেটা নিশ্চয় জানাবেন। এখানে উপ-প্রধান যিনি আছেন, তাকে দিয়ে কাজ করানো হচ্ছে। অথচ উপপ্রধান নির্বাচিত হওয়ার পর কখনও মিটিংয়ে উপস্থিত ছিলেন না বলে তার নির্বাচন খারিজ করার জন্য প্রস্তাব পাশ হয়েছে। বি. ডি. ও. সেটা কিন্তু কার্যকর করছেন না। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী পঞ্চায়েতকে গণমুখী করার কথা বলেছেন। জনসাধারণকে প্রতিশ্রুতিও দিয়েছিলেন। কিন্তু এই প্রতিশ্রুতি কতদূর কার্যকর হয়েছে, আমি তার একটা ঘটনা তুলে ধরছি। পুরুলিয়া জেলার নেতুড়িয়া পঞ্চায়েত সমিতি গরিব চাষীদের ঋণ দেবার জন্য একটা তারিখ নির্দিষ্ট করেছিল। সেই তারিখে গরিব চাষীরা ঋণ পাওয়ার জন্য গিয়েছিল, পরবর্তী সময়ে বারে বারে তারা গিয়েছে, কিন্তু প্রতিদিন ফিরিয়ে দেওয়া হয়েছে। দীর্ঘদিন এইভাবে চলার পর আমাদের পার্টি এস. ইউ. সি. এবং যে কৃষক সংগঠন ও ক্ষেতমজুর ফেডারেশন-এর নেতৃত্বে অবস্থান করেছিল এবং শ্লোগান দিয়েছিল এইভাবে প্রতিবাদ তারা করে, তাদের কাজের গাফিলতির জন্য। এইসব প্রতিবাদ করার জন্য, আপনি আশ্চর্য হয়ে যাবেন, বি. ডি.ও সাহেব কমরেড কুশধ্বজ মণ্ডল এবং হরিশংকর মণ্ডলকে—এরা পঞ্চায়েত সমিতির সদস্য এবং আমাদের পার্টির নেতৃস্থানীয় কর্মী এবং আরও কয়েকজনের বিরুদ্ধে মিথ্যা মামলায় ঝুলিয়ে দিয়েছেন। বি. ডি. ও. এবং এস. ডি. ও. মিলে তিনটে মামলায় ঝুলিয়ে দিয়েছেন। এই আপনাদের গণমুখী পঞ্চায়েতের যে কর নীতি আছে তার পরিবর্তন করতে হবে। কারণ এই পশ্চিমবাংলায় জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে, তাতে কেন্দ্র এবং রাজ্য সরকার যদি কর বাড়াতেই থাকেন তাহলে গ্রামবাংলার মানুষ তা সহ্য করবে না। সেখানে পঞ্চায়েতের কর আর নতুন করে বাড়ানো তো উচিত নয়ই, এইটা সম্পূর্ণ রেহাই দেওয়ার জন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহাদেব মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বাজেট বরাদ্দ মাননীয় মন্ত্রী এখানে রেখেছেন, সেটাকে আমি পুরো সমর্থন জানাই। আমি কিছু বলতে চাই। (**ডাঃ জয়নাল**

**আবেদিন—কেন?)** আপনারা কিছু বলেছেন, তার উত্তর তো দিতে হবে। জয়নাল সাহেব যেটা বলেছেন, সে সম্বন্ধেও একটু বলবো। আজকে পঞ্চায়েতের যে ব্যয়-বরাদ্দ এখানে এসেছে, তাকে সমর্থন করি। প্রথমে আমি যেকথাটা বলতে চাই, সেটা হচ্ছে, বামফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর যে পঞ্চায়েত আমরা গঠন করেছি এই পঞ্চায়েত এবং আগেকার যে পঞ্চায়েত ছিল—এদুটোর মধ্যে যে বিরাট তফাৎ সেটা গ্রামের মানুষ আজকে বুঝতে পেরেছে।

বিগত পঞ্চায়েতের যে প্রধানরা ছিলেন তাঁরা কত সরকারি পয়সা অপব্যবহার করেছিলেন, সেটা দেখা যাবে যদি সেই প্রধানদের ইতিহাস দেখেন। দেখা যাবে তারা জমিজমা করেছে, বাড়ি করেছে, কেউ ট্রাক করেছে। সেসব মানুষ দেখেছে। আজকে যখন নতুন পঞ্চায়েত তৈরি হয়েছে এবং প্রধানেরা কাজ করছে, দুজনের কাজের তুলনা করে আজকে গ্রামের মানুষ বুঝতে পারছে যে আজকে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে পশ্চিম বাংলায় সেই সরকারের গ্রাম পঞ্চায়েত সম্বন্ধে যে চিন্তাধারা তা কাজের মধ্য দিয়ে প্রতিফলিত হচ্ছে। গ্রাম পঞ্চায়েতের সম্বন্ধে বলতে গেলে বলতে হয়—গ্রামে যে উন্নয়নমূলক কাজগুলি হচ্ছে, এক একটি অঞ্চলে যেখানে পূর্বে একটিও ছিলনা, সেখানে ৭-৮-৯ টি পর্যন্ত প্রাথমিক শিক্ষার জন্য ঘর তৈরি করেছে। সেগুলি আজকে গ্রামের মানুষ দেখে ভাবছে, তাইতো, এতদিন ধরে, ৩০-৩২ বছর ধরে পঞ্চায়েত প্রধানরা আছে, কিন্তু তারা তো একটিও স্কুল ঘর তৈরি করতে পারেনি। আজকে তাই গ্রামের মানুষকে এটা বুঝাতে পেরেছি যে গ্রামের মানুষকে শিক্ষা দেবার জন্য বামফ্রন্ট সরকারের দরদ আছে এবং প্রাথমিক শিক্ষা গ্রামের ছেলেরা যাতে পায়, পড়তে পায়, তারই ব্যবস্থা সরকার করেছেন। তাছাড়া—রাস্তাঘাট সম্বন্ধে যখন দেখি দেখব খাদ্য প্রকল্পের মাধ্যমে সেখানে কাজ হচ্ছে। যখন মানুষ খেতে পেত না সেই কাজের মাধ্যমে খাবার পাচ্ছে, আবার পেটের ভাত পরার কাপড়েরও ব্যবস্থা হচ্ছে, তেমনি উন্নয়নমূলক কাজও হচ্ছে। কাজের বদলে খাদ্য এই প্রকল্পের মাধ্যমে অনেক পুকুর কাটা হচ্ছে, কুয়ো খনন করা হচ্ছে এবং এই করে তারা কাজ পাচ্ছে। এটাই হচ্ছে পশ্চিম বাংলার পার্থক্য অন্যদের সঙ্গে। তাই আমি আজকে আমাদের বামফ্রন্ট সরকারকে কিভাবে গ্রামের মানুষ সমর্থন করছে, তার প্রতিফলন দেখতে পেয়েছি বিগত লোকসভা নির্বাচনে। আমরা দেখতে পেয়েছি গ্রাম পঞ্চায়েত বিভিন্ন সময়ে যেভাবে কাজ করেছিলেন, মানুষকে যেভাবে বাঁচিয়েছিলেন এবং সরকারি সমস্ত কর্মচারীরা যেভাবে সহায়তা করেছিলেন, বিশেষ করে খরা এলাকাগুলিতে তা প্রশংসনীয়। পুরুলিয়া জেলায় এবং বাঁকুড়া জেলার বিভিন্ন স্থানে ভীষণ খরা হয়, ফলে কোন রকম খাদ্য সেখানে উৎপাদন হয়নি, হলেও মাত্র ১৫-২০ পারসেন্ট উৎপাদন হয়েছে, সেই সব জায়গায় পঞ্চায়েতের মাধ্যমে কাজ হওয়ার ফলে এবং সরকারি কর্মচারীদের সহায়তার ফলে, মানুষ বাঁচতে পেরেছে, একটি মানুষকেও আমরা মরতে দেবনা। দ্বিতীয়ত জলের ব্যবস্থা বাঁকুড়ায় এবং পুরুলিয়াতে বামফ্রন্ট সরকার আসার পরে সেখানে জলের জন্য অনেক কিছু করা হয়েছে। গ্রামে গ্রামে স্যালো টিউবওয়েল দিয়েছেন, সেখানে ডিপ টিউবওয়েল হবেনা, সেজন্য পুরুলিয়াতে বেশি বেশি করে টিউবওয়েল দেবার চেষ্টা করছেন এবং শহরাঞ্চলে ছোট পুরুলিয়া শহরে ৮০ টি টিউবওয়েল করার জন্য প্রকল্প গ্রহণ করেছেন এবং সেখানে প্রায় ৩০-৩২ টি টিউবওয়েল করেছেন, সেখানে এখনও জলের কলের ব্যবস্থা উন্নতির জন্য পূর্ত বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পানীয় জলের ব্যবস্থা করা যায়, তার ব্যবস্থা করা

হচ্ছে। আজকে আমাদের যে শ্রেণী বিভক্ত সমাজ, শুনতে পাই আমাদের জনতা বন্ধুরা বলেন, মাননীয় কংগ্রেসি বন্ধুরা বলেন, গান্ধীজী নাকি বিশেষ চিন্তা করেছিলেন যে এখানে গ্রাম পঞ্চায়েত হবে, গণ পঞ্চায়েতের মাধ্যমে দেশের শাসন ব্যবস্থা গড়ে উঠবে, তাঁরাই আজকে বলছেন মার্কস কোনদিন নাকি তা চিন্তা করেন নি।

[11-50–12-00 Noon]

আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করি, তিনি কি মার্কসবাদ পড়েছেন? আমার মনে হয় তিনি কোনদিন মার্কসবাদ পড়েননি, যদি পড়তেন তাহলে বুঝতে পারতেন যে মার্কসবাদের কি চিন্তাধারা এবং গান্ধীজীর কি চিন্তাধারা এবং তারমধ্যে তফাৎ কোথায়। আজকে যদি আমরা এই শ্রেণী বিভক্ত সমাজে সমস্ত জনগণকে এক করে দেখি তাহলে কোনদিনই আমরা সেই শোষিত নিপীড়িত মানুষদের মুক্তির পথ দেখাতে পারবো না। ঐ একচেটিয়া পুঁজিপতি, জমিদার জোতদার গোষ্ঠীকে যদি আমরা ঐ খেটে খাওয়া মানুষ, গরিব কৃষক, ক্ষেতমজুর এদের সঙ্গে এক করে দেখি তাহলে আমরা কিছুতেই গরিব মানুষকে মুক্তির পথ দেখাতে পারবো না। যেটা গান্ধীজীর কথা বলেন। শ্রেণী বিভক্ত সমাজে নিপীড়িত, উৎপীড়িত যে সমস্ত গরিব মানুষ গ্রামে বাস করতেন জমিদার, জোতদারদের অত্যাচারে তারা জর্জরিত হয়েছিলেন। তারা আজকে মাথা সোজা করে দাঁড়িয়েছেন এবং তাই দেখছি ঐ বিরোধী দলের সদস্যারা এত কাঁদুনি গাইছেন। সেখানে ঐ পঞ্চায়েতগুলিতে যে সমস্ত বাস্তুঘুঘুর বাসা ছিল সেগুলি আজকে ভেঙে দেওয়া হয়েছে বলেই আমরা দেখতে পাচ্ছি ঐ বিরোধী দলের সদস্যারা চিৎকার করছেন কারণ আমরা জানি ঐ বাস্তুঘুঘুরাই তাদের সমর্থন করেন এবং সেইজন্য বাস্তুঘুঘুরা তাদের তাড়া দিচ্ছেন এই বলে যে আপনারা বলুন পঞ্চায়েত ব্যবস্থায় এইসব ত্রুটি আছে এবং তা বলে যাতে আমরা আবার ফিরে আসতে পারি সেই চেষ্টা করুন। আমি কিন্তু বিরোধীদের মাননীয় সদস্যদের বলব, সে গুড়ে বালি—আর আপনারা ফিরে আসতে পারবেন না, আপনাদের দিন শেষ হয়ে গিয়েছে। ঐ চোরাকারবারীদের দল, জোতদার, জমিদার, মহাজনদের দল তারা আজকে বুঝতে পেরেছে যে তাদের দিন আর ফিরে আসবে না এবং তাই তারা চিৎকার শুরু করে দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বিজয় বাউরী মহাশয় পুরুলিয়ার কথা বললেন, আমি সে সম্বন্ধে দু-একটি কথা বলেই আমার বক্তব্য শেষ করব। আমি প্রথমেই বলব, তিনি অসত্য সব কথা বলেছেন। তিনি বলেছেন, পঞ্চায়েত ব্যর্থ হয়েছে। স্যার, পুরুলিয়া জেলার রঘুনাথপুর বিধানসভা ক্ষেত্রটি মাননীয় সদস্য শ্রী বিজয় বাউরীর ক্ষেত্র। সেখানে রঘুনাথপুর ব্লকে তাঁরা একটিও গ্রামপঞ্চায়েত দখল করতে পারেন নি। দখল করবার চেষ্টা করেছিলেন কিন্তু মানুষ তাঁদের বুঝতে পেরেছে তাই তাঁরা দখল করতে পারেন নি। সেই বিধানসভা ক্ষেত্রের ভেতরে নেতুড়িয়া ব্লকের দুটি মাত্র পঞ্চায়েত তাঁরা পেয়েছেন—দিঘা এবং জনার্দনডি। সেখানকার কথা তিনি বললেন। আমি বলি, সেখানকার অজস্র দুর্নীতির খবর এসেছে এবং এটা তদন্ত করা হচ্ছে। সেই জন্যই দেখছি তিনি অন্য পঞ্চায়েতের ঘাড়ে দোষ চাপাবার চেষ্টা করছেন এবং দুর্নীতির কথা বলে দোষারোপ করছেন। আমি তাঁকে বলি, এইসব অসত্য কথাগুলি বলবেন না। তারপর লোকসভার নির্বাচনের সময় গম বিলি করা হয়েছে বলে কিছু অভিযোগ করা হল। আমি মাননীয় সদস্যকে বলতে চাই, লোকসভার নির্বাচনের সময় শুধু নয়, যখনই গম দেবার দরকার হয়েছে গরিব মানুষদের

বাঁচাবার জন্য তখনই তা দেওয়া হয়েছে। যখনই দরকার হয়েছে তখনই এই গম, চাল দিয়ে আমরা ঐ গরিব মানুষ গুলোকে বাঁচিয়ে রাখার চেষ্টা করেছি। আপনারা যে দলবাজির কথা বলছেন, দলবাজি সেখানে মোটেই হয়নি। আপনি লক্ষ্য করেন নি, লক্ষ্য করলে দেখতে পেতেন সেখানে সমস্ত পঞ্চায়েতগুলিকে সমান ভাবে টাকা দেওয়া হয়েছে, সমান ভাবে পঞ্চায়েতগুলিতে 'কাজের বদলে খাদ্য' এই কর্মসূচী নেওয়া হয়েছে। পরিশেষে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি কয়েকটি বিষয়ে আকৃষ্ট করতে চাই। পঞ্চায়েতে যে ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়েছে সেটা যেন তাড়াতাড়ি করা হয়। শস্য ভাণ্ডারের কথা যেটা বলা হয়েছে সেটা যেন তাড়াতাড়ি হয়, কারণ তা হলে খাদ্যের অভাব অনেকটা দূর হতে পারবে। পঞ্চায়েতগুলির অ্যাকাউন্টস রাখার জন্য লোক দেওয়া দরকার। পঞ্চায়েতগুলির অ্যাকাউন্টস ঠিকই দেওয়া হয়েছে, হয়ত কিছুটা দেরি হয়েছে, সেখানে এই অ্যাকাউন্টস রাখার জন্য লোক দেওয়া হলে সুষ্ঠু ব্যবস্থা হতে পারে। পঞ্চায়েতগুলিতে যাতে অ্যাকাউন্টস ক্লার্ক দেওয়া হয় তারজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shrimati Renu Leena Subba :** Mr. Deputy Speaker, Sir, the working of Panchayat system in West Bengal is not good–I will tell you. In every human life first comes food, clothing and shelter. But through Panchayat which kind of rice they are getting? In the village areas there is 'food for work'. I will show you the kind of rice which is going to be distributed in the hill areas. মিনিস্টারের বাজেট বক্তৃতার মধ্যে লেখা আছে, expenditure sanction for the draught during 1977-78 under normal draught programme. কত বড় বন অফিসার, কত বড় বড় টাকার অঙ্ক এখানে লেখা আছে। লাস্ট ইয়ারে মাননীয় মন্ত্রী দেবব্রত বাবু আমার এলাকায় গিয়েছিলেন। পঞ্চায়েতের একটা সেমিনার ছিল। সেখানে জেলাপরিষদের চেয়ারম্যান, পঞ্চায়েতের সঙ্গে কথা হল, আমার সঙ্গেও কথা হল। আমার এলাকা ড্রট হিট এলাকা ছিল। সেই সময় মেইজ ছিল না, সব নষ্ট হয়ে গিয়েছিল জলের অভাবে। কিন্তু দুঃখের কথা আমার এলাকার লোকেরা কিছুই পেল না। বীজ সব নষ্ট হয়ে গেল। আমার এলাকায় ইরিগেশন সিস্টেম নেই। জলের কোন ফেসিলিটিজ নেই, ওষুধ নেই, সেই জন্য সব নষ্ট হয়ে গেল। আমাদের ওখানে ড্রিংকিং ওয়াটারের প্রবলেম আছে এবং এটাই হচ্ছে মেইন প্রবলেম। গতবারে আমি এই প্রশ্নটা অ্যাসেম্বলী ফ্লোরে তুলেছিলাম। চিফ মিনিস্টারের সঙ্গে কথাও হয়েছে। কিন্তু উনি কিছুই শুনছেন না, জলের ব্যবস্থা হল না। মেদিনীপুর এলাকায় ২৮ লক্ষ ৩৭ হাজার ৭২০ টাকা স্যাংশন্ড হয়ে গেছে, আর দার্জিলিং এলাকায় স্যাংশন্ড ফর ওয়াটার সাপ্লাই ১ লক্ষ টাকা। আর কালিংপঙ এলাকা ড্রট এরিয়া। ওখানে অ্যামাউন্ট স্যাংশন্ড নিল।

That means we are neglected. Our Minister is neglecting us—I do not know why–because in the hill areas your party is not strong excepting the places where there is official rigging. I am telling you the truth. A statement was issued from the Chief Minister's Secretariat showing the amount sanctioned for water supply from the Chief

Ministers'Relief Fund.

[12-00–12-10 P. M.]

ওরে বাবা, কত কত টাকা স্যাংশন্ড করেছেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়। উনি শুধু সি. পি. এম. এর মুখ্যমন্ত্রী, আর. এস. পি.-র মুখ্যমনন্ত্রী, লেফ্‌ট ফ্রন্টের মুখ্যমন্ত্রী, But what about Darjeeling ? So the Chief Minister should resign—he is not our Chief Minister I will say again and again লেফট ফ্রন্টের মুখ্যমন্ত্রী আমাদের মুখ্যমন্ত্রী নন। এখানে নদীয়া, বর্ধমান, বীরভূম, মালদা, ২৪ পরগণা, হাওড়া, মেদিনীপুর ইত্যাদির কথা লেখা আছে, দার্জিলিং-এর কথা নেই। হাওড়া জেলা সি. পি. এম. এলাকা। ওখানে সি. পি. এম. আছে বলে কত টাকা স্যাংশণ্ড হয়ে গেছে। ১২ লক্ষ ৯৬ হাজার টাকা স্যাংশণ্ড হয়েছে। আপনারা নিউট্রিশন প্রোগ্রাম নিয়েছেন—কিন্তু আমরা দেখতে পাচ্ছি শুধু পার্টিবাজি চলছে। আমি দেখাতে পারি পঞ্চায়েতে কি রকম কাজ হচ্ছে। আমার এলাকার ফুড ফর ওয়ার্ক হয়েছে, সেখানে ওনাদেরই লোক পুষ্ট হয়েছে সকলের জন্য কিছুই হয়নি। আমাদের ওখানে ডিস্ট্রিক্ট বোর্ড আছে জেলা পরিষদ আছে তারা সব এক সঙ্গে কাজ করছে। কিন্তু দেখা যাচ্ছে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের প্রেসিডেন্ট ওটাকে মনোপলি করে ফেলেছে। তাই সেখানে ইঞ্জাংশন হয়ে গেছে। আজকে সব কাজই করতে হবে পঞ্চায়েতের আণ্ডারে। আমার এলাকায় দেখুন সেখানে প্রাইমারী হেলথ সেন্টার রয়েছে সাব-ডিভসন হেলথ সেন্টার আছে—কিন্তু সেখানে ডাক্তার নেই নার্স নেই ঔষুধ নেই সব খালি। I will speak about Darjeeling hill areas. হিল এরিয়াতে একটা পাবলিক ল্যাট্রিন নেই। আমাদের পঞ্চায়েত মিনিস্টারের এটা ডিউটি এই সব জিনিস করে দেওয়ার। আবার বড় বড় কথা বলছেন। শুধু পার্টিবাজি চলছে আর রাইটার্স বিল্ডিংসে বসে আমাদের ওয়েস্ট বেঙ্গলের পঞ্চায়েত মিনিস্টার সেই সব কাজের মদত দিচ্ছেন। পঞ্চায়েত রাজ মহাত্মা গান্ধীর স্বপ্ন ছিল। গরিব মানুষের কিছু অর্থনৈতিক সামাজিক উন্নয়ন সাধন করাই ছিল পঞ্চায়েতের উদ্দেশ্য। কিন্তু সে কাজ কি হচ্ছে? ভারতবর্ষের অধিকাংশ লোক গ্রাম এলাকায় থাকেন এবং তাদের মধ্যে বেশিরভাগই গরীব। তাই মহাত্মা গান্ধী গ্রাম স্বরাজের কথা ভেবেছিলেন। কিন্তু এখন কি তা হচ্ছে? আজকে হল এরিয়ার কণ্ডিশন কি তা কি ওঁরা খবর রাখেন। আপনি পঞ্চায়েত সম্বন্ধে যেসব কথা বললেন সব মিথ্যা কথা; আপনি চলুন দেখে আসবেন হল এরিয়া কিভাবে নেগলেক্টেড হচ্ছে। সেখানে বিশুদ্ধ পানীয় জল পাওয়া যায় না। হেলথ সেন্টারে ডাক্তার ঔষুধ নাই ফুড ফর ওয়ার্ক আর ডব্লিউ পি. আই. আর. ডি. পি. হয় না। যদি উন্নতি করতে চান তাহলে এই সমস্ত হল এরিয়াকে ড্রট অ্যাফেক্টেড এরিয়া বলে ঘোষণা করুন গরিব মানুষরা কাজ পাচ্ছে না অবস্থা দিন দিন খারাপ হয়ে যাচ্ছে। They are not getting sufficient drinking water. They are not getting any seed and fertiliser. They are not getting any irrigation system. তাহলে এটাকে কি উন্নয়ন বলে মনে করব? সেখানে ইরিগেশন সিস্টেম নেই। নাগাল্যাণ্ডে তামিলনাড়ুতে দেখে আসুন সেখানে কি রকম কাজ হয়েছে। পঞ্চায়েতে এত টাকা খরচ করছেন কিন্তু সেটা কার কতটুকু পেয়েছি। শুধু জলপাইগুড়ি বর্ধমান হুগলি হাওড়ায় কাজ করলেই হবে না। পঞ্চায়েত মিনিস্টার শুধু পার্টিবাজি করলেই হবে না আপনি সব জায়গার জন্য প্ল্যান করুন If you are our Minister

then you should go and tour our hill constituencies. You should contact our Zila Parishad so that we can discuss our hill areas problem with you. Now Mr. Deputy Speaker, Sir, I will show the rice which our poor labourers are getting for food for work. I think it is not food for work, it is a punishment for the work. Our Ministers are eating 'Basmati' rice, first class rice. But our poor hill people are eating the quality of rice which I will show you.

(At this stage the members showed the sample of rice to dy. Speaker and some other Ministers.)

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতের কাজকর্ম হচ্ছে গ্রামে। সেই গ্রামবাংলার মানুষেরা পঞ্চায়েতকে কি দৃষ্টিভঙ্গিতে দেখছে, কি ভাবে কাজকর্ম হচ্ছে সেটা আমি বলছি। এখানে পঞ্চায়েতকে নিয়ে অনেক সমালোচনা হচ্ছে, কিন্তু যারা সমালোচনা করছেন, তারা একটু কায়দা করে গা বাঁচিয়ে সমালোচনা করছেন। কারণ বুকের জ্বালার কথা খুলে বলতে পারছেন না। আমি সেই জ্বালার কথাটা বলছি। আজকে গ্রামে কাজকর্ম নিশ্চয়ই হচ্ছে। পঞ্চায়েতকে কেন্দ্র করে আজকে গ্রামটা দুই ভাগে ভাগ হয়ে গেছে। একদিকে আগের মোড়ল মাতব্বররা, আর একদিকে গ্রামের গরিব মানুষেরা। এই পঞ্চায়েত গ্রাম বাংলার কাজকর্মের কেন্দ্রবিন্দু অর্থাৎ প্রাণ কেন্দ্র। তবে এটাও ঠিক যে এই পঞ্চায়েত অনেকের গায়ের জ্বালা ধরিয়েছে, অনেকের বাড়া ভাতে ছাই দিয়েছে। আবার অনেকের মুখে হাসি ফুটয়েছে। যারা সমালোচনা করে বলছেন যে পঞ্চায়েতে চুরি হচ্ছে, দুর্নীতি আছে, অর্থাৎ এক কথায় তারা বলছেন যে পঞ্চায়েত নাকি চুরি করে ঢেপসে দিয়েছে। তাদের সম্পর্কে আমি এই কথা বলতে চাই যে তারা এই কথা কেন বলছেন? এই কথা বলার কারণ হচ্ছে, এই পঞ্চায়েত গ্রামবাংলার সামাজিক, অর্থনৈতিক ভারসাম্যের পরিবর্তন ঘটিয়েছে। মোড়লদের হটিয়ে দিয়ে, বাস্তুঘুঘুদের হটিয়ে দিয়ে গ্রামের গরীব মানুষেরা সেই জায়গায় এসেছে। আর অবস্থার কি পরিবর্তন ঘটেছে সেটাও একটু বলি। বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন যে গ্রামে নাকি এমন বিচার ব্যবস্থা হয়েছে যে মাথা নেড়া করে ঘোল ঢেলে দেওয়া হচ্ছে। আমি বলছি যে হ্যাঁ, হচ্ছে। কারণ আগে বিচার হত ঐ গ্রামের মোড়লের বাড়িতে, কিন্তু এখন বিচার হয় তেঁতুল তলায়। আগে গ্রামের মোড়লের ছেলে গরিব ক্ষেতমজুরের ঘরের দরজা ঠেলে কোন বিচার হত না। আজকে সেই দরজা ঠেললে মাথা নেড়া করে ঘোল ঢেলে দেওয়া হয় এবং আরো ঢালবে। কাজেই এই জন্য তাদের গায়ের জ্বালা হয়েছে। তারা চিৎকার করে বলছেন, ঐ বামফ্রন্টের সি. পি. এম.-এর কুটুম্বরা বড় সর্বনাশ করছে। সেটা কি? সেটা হচ্ছে, যে ছোটলোকের ছেলেরা আমাদের পায়ের তলায় ছিল, তাদের ওরা মাথায় তুলেছে। আমি বলি হ্যাঁ, তুলেছি। সবে কলির সন্ধ্যা, দরকার হলে মাথায় ইয়ে করে দেবে। ততদিন তাদের সঙ্গে আমরা আছি। আজকে কাজের পদ্ধতিও পরিবর্তন করতে হচ্ছে। সেটা কি? সেটা হচ্ছে, এতদিন পর্যন্ত কাজ হত আগে মন্ত্রীরা লিখে দিতেন—কলমের বড় তেজ ডি. এম.-এর কাছে। তিনি একজন বড় আমল। ডি. এম. থেকে চলে যেত এস. ডি.ও'র কাছে, তিনি আর একজন আমলা। সেই এস. ডি. ও'র থেকে চলে যেত বি. ডি. ও'র কাছে। তিনি পেতে রাখতেন গামলা। আর ঐ গ্রামের মোড়লরা সেই গামলা থেকে খামবা খাবলা করে তুলে

নিয়ে কাজ করতেন। এই পদ্ধতিতে কাজ করলে, এই অল্প টাকায় আমলা, কামলা, গামলা করে কাজ করা যাবে না। তাই পদ্ধতির পরিবর্তন করতে হয়েছে। আমরা জানি, নির্বাচিত যে পঞ্চায়েত এবং তার বিভিন্ন স্তরের মাধ্যমে দুস্তর বাধা আছে। কারণ এই আমলাতন্ত্র যাদের জন্ম দিয়েছে, ইংরেজী ঔপনিবেশিক স্বার্থকে যারা লালন-পালন করেছে, সেই কংগ্রেস পুঁজিপতিদের স্বার্থকে দেখে এসেছে। তারা গ্রামবাংলার মানুষের কথা ভাবেনি। সেইজন্য আজকে পরিবর্তন করতে হয়েছে এই পঞ্চায়েতের মাধ্যমে আমাদের কাজ করতে হচ্ছে, আমাদের অভিজ্ঞতা নেই, কিছু কিছু ত্রুটিবিচ্যুতি যে নেই তা নয়। কিন্তু তা সত্ত্বেও আমি এই কথা বলতে চাই যে গ্রামের চেহারাটা পাল্টাচ্ছে। মানুষের মুখের ভাবটা একটু চক্‌চকে হচ্ছে এবং আরো দুই বছর গেলে নিশ্চয়ই পাল্টে যাবে।

[12-10–12-20 P. M.]

আঘাত লাগছে কোথায়, মূল আঘাত লাগছে, যারা প্রতিবাদ করছে, তারস্বরে চিৎকার করছে, কারণ তাদের মাতব্বরীতে আঘাত লাগছে, তাদের মানে আঘাত লেগেছে। হ্যাঁ, ঘা লেগেছে। আমি উদাহরণ দিই, আমার এলাকায় চন্দ্রিকা প্রসাদ সাহু ১৪শ বিঘা জমির মালিক, তিনি দাঁড়ালেন গ্রামপঞ্চায়েতের ইলেকশনে, তার বিরুদ্ধে প্রার্থী ছিলেন আমাদের দুলাল সর্দার বুনো, সে জিতে গেছে। তারপর তিনি মানের জ্বালায় কলকাতার বাড়িতে চলে এসেছেন, আর গ্রামে যান না। উনি বলছেন গ্রামের গণ আন্দোলনের ঠেলায় যান না। ওর মানের জ্বালায় যদি উনি চলে যান, তার ভাগ্যে যদি ছাই পড়ে তাহলে আমরা কি করতে পারি। এই জিনিস হচ্ছে। আর আমি পঞ্চায়েত মন্ত্রী মহাশয়কে বলব, অনেকে বলেছেন যে সাইন বোর্ডটা পাল্টানো হয়েছে পঞ্চায়েত সমিতির, এটা ঠিক কিন্তু সাইন বোর্ড পাল্টে সমস্যার সমাধান হবে না। সেখানে আবার অন্য রকম বিরোধ সৃষ্টি হচ্ছে। আমরা যাদের সভাপতি ঠিক করেছি, তাদের ভিতর এমন লোক আছেন, যেমন আমার এলাকায় ভূপতি চরণ নস্কর, তাঁর লেখাপড়া ক্লাস সিক্স পর্যন্ত। করে খেত কি? হারমোনিয়াম সেরে, তিনি এখন সেখানে গেছেন, বেল টিপলে অফিসারদের আসতে হয়, বি. ডি. ও. সেযেই থাকেন, একজিকিউটিভ অফিসার তিনি, এই কাজ তিনি করতে চান না, এতে অনেক ক্ষতি হচ্ছে, এই হিসাব নিকাশ নিয়ে যে সোরগোল উঠেছে, এটা উনি না আসার জন্য হচ্ছে। সুতরাং এই যে সরকারি ব্যবস্থায় ত্রুটিগুলো রয়েছে, তার জন্যই হচ্ছে। আমরা যে ভাবে পঞ্চায়েতগুলোকে নিয়ন্ত্রণ করছি বা যে ভাবে চালাচ্ছি, আমার কাছে ছাপানো রিপোর্ট আছে হরিহরপুরি পঞ্চায়েতের, বারুইপুর পঞ্চায়েতে সংগঠিত ভাবে ছাপানো রিপোর্ট দিয়েছি, কোথায় কে কত টাকা পেয়েছে, শাড়ি, ধুতি থেকে আরম্ভ করে ফুড ফর ওয়ার্ক, সমস্ত জিনিস তদন্ত করে ছাপিয়ে আমরা জনগণকে দিচ্ছি। গভর্নমেন্টের টাকার হিসাব আমরা জনগণের কাছে দেখিয়ে দিয়েছি। অতএব হিসাব দেখানোর ভয় দেখাবেন না, ঐ বইতে সব হিসাব ঠিক আছে গ্রামের লোক তা জানে। আমি আরও বলব, আমাদের পঞ্চায়েতের কাজ কর্মের অনেক ব্যাপারে অফিসারদের অনেক দ্বিধা দ্বন্দ্ব আছে, আমার মনে হয় তারা বোধ হয় চান না পঞ্চায়েতের মাধ্যমে কাজ হোক যেমন কৃষি দপ্তরের এ. ই. ও. আছেন, তিনি এর নিয়ন্ত্রণে নন এবং তার কাজের দায় দায়িত্ব নিয়ন্ত্রণ করার কোন ক্ষমতা নেই। এমন কি এই পঞ্চায়েত দপ্তরের সঙ্গে গ্রাম পঞ্চায়েতের সব কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু কৃষি বিভাগের সেই গ্রাম সেবককে গ্রাম পঞ্চায়েতের সঙ্গে জুড়ে

দেওয়া যায় কি না এই কথা ভাবতে বলছি। কারণ এই ভাবে আলাদা ভাবে চালালে চলবে না। বিশেষ করে কৃষি দপ্তরের ব্যাপারে। খাদ্য দপ্তরের কথা বলি, খাদ্য দপ্তরে রেশন কার্ড বিলি করার ব্যবস্থা মাথাপিছু। কিন্তু এই ব্যাপারে পঞ্চায়েতের ধার ধারছেন না। খাদ্য দপ্তরের যে ফুড ইন্সপেক্টার আছেন, তিনি পঞ্চায়েতের সঙ্গে কোন রকম দায় বদ্ধ নয়। আর এই যে অ্যাসেনশিয়্যাল কমোডিটিজ, যা নিয়ে গ্রামে সবচেয়ে বেশি গ্রামে ঝামেলা হচ্ছে, এরা গ্রাম পঞ্চায়েতকে এড়িয়ে কি কারবার করছে তা আমরা জানি। এই রেশন কার্ড বিলি হচ্ছে ডিলারদের মাধ্যমে, সেই ডিলার কার মাথা কোথায় বসাবে, মাথাপিছু রেশন কার্ড করলাম, কত নতুন নতুন মাথা গলাবে, তার কোন ঠিকানা নেই। এই ব্যাপারে দৃষ্টি দিতে হবে। এই ভাবে কাজ করলে চলবে না। সমবায় দপ্তর, তার সঙ্গে পঞ্চায়েত দপ্তরের কোন সংযোগ নেই, খাপছাড়া ভাবে চলছে, আমি আবেদন রাখছি যে সমস্ত ভাবে ডিপার্টমেন্টকে কো-অর্ডিনেট্ করে গ্রাম পঞ্চায়েতকে যদি চালাবার চেষ্টা করি তাহলেই একমাত্র পঞ্চায়েতের উদ্দেশ্য সাধন হবে। তা নাহলে হবে না। আর একটা কথা বলতে চাই, পঞ্চায়েত, কি ভাবে চালায় সেটা একটু শুনে রাখুন, যারা পঞ্চায়েতকে সমালোচনা করছেন, তারা খবর রাখেন না, আমরা গ্রাম পঞ্চয়েতকে বলে দিয়েছি ব্ল্যাক বোর্ড টাঙাতে হবে, সেই ব্ল্যাক বোর্ডে কত অনুদান এলো, সমস্ত তার হিসাব দিতে হবে। সান্ধ্য বৈঠক ডাকতে হবে। সেই বৈঠক জনসাধারণের সামনে সব ভাগ বিলি করতে হবে। এরা বলছেন যে কোন পঞ্চায়েত সদস্যকে যেতে দেওয়া হয়নি, এই সব বলছেন, এই সব ঠিক কথা নয়, এই ভাবে চলে না। এস. ইউ. সি.'র একজন মাননীয় সদস্য বললেন—যদিও আমি জানি এই সব ঠিক কথা নয়, তাদের পঞ্চায়েতের কি অবস্থা, কে গ্রেপ্তার হয়েছিল, এই সব জানি, সেই সব কথা তুলতে চাই না। রেণুদি দু-একটা কথা বললেন, ওরই বিশেষ লোক, ওনার বর জেলা পরিষদের সভাপতি, সেই সব তিনি রিপোর্ট করলেও করতে পারেন আর অন্যান্য স্তরে যে সব সদস্য নেওয়ার কথা, সেই সব পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করব যাতে তিনি এই ব্যবস্থা করেন এবং ভাবনা চিন্তা করেন। শেষ কথা হলো, এই ভাঙ্গা হাটে বেশি বলা যায় না, ত্রুটি বিচ্যুতি যা আছে সেটা শুধরে নিতে হবে, সেটা থাকবে তা আমরা জানি, আমরা এও জানি যে আমলাতন্ত্র সম্পর্কে যে সমালোচনা করছি, তেমনি আমাদের যারা গেছেন, তাদের মধ্যেও ছোট ছোট কিছুর লেজ গজাবার সম্ভাবনা দেখা গেছে। সেই লেজ আমরা অন্যভাবে কেটে দেবার চেষ্টা করছি। আর মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, বিভাগীয় ভাবে এর চেক আপ করানো যায় কি না, সরকারি কর্মচারীদের দিয়ে নয়, যেমন গ্রাম পঞ্চায়েতের নিয়ন্ত্রণ তদন্ত, তদারকীর কাজ বেশি বেশি করে পঞ্চায়েত সমিতির উপর দিন। আবার পঞ্চায়েত সমিতির তদন্ত করার দায়িত্ব দিন জেলা পরিষদের উপর। কারণ নির্বাচিত বডি আর একটা বডিকে তদন্ত করতে পারে। আমলাতন্ত্রকে দিয়ে তদন্ত করলে সমস্যার সমাধান হবে না।

আমার শেষ কথা হচ্ছে, আমারা শুনছি দিল্লি থেকে যেসব গম-টম দেওয়া হয় তাকে নিয়ন্ত্রণ করার জন্য আলাদা ভাবে কমিটি করা হচ্ছে। অর্থাৎ আলাদা বডি করে পঞ্চায়েতের হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে সে জায়গায় অন্য ধরণের নিয়ন্ত্রণ বসাবার ষড়যন্ত্র ও চক্রান্ত চলছে। এ বিষয়ে পঞ্চায়েত মন্ত্রীর জানা থাকলে তিনি যেন আমাদের সেটা একটু জানিয়ে দেন।

পরিশেষে আমি বিরোধী সদস্যদের বলব আপনারা পঞ্চায়েতকে যত রকমেই তছনছ করার চেষ্টা করুননা কেন, গ্রামবাংলার মানুষ বুঝেছে ছোট যন্ত্র যারা চালাচ্ছে তারা তাদের সেই অভিজ্ঞতা দিয়ে আগামী দিনে বড় যন্ত্রকে দখল করবে। এই কয়টি কথা বলে, এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেস (আই) থেকে শুরু করে এস. ইউ. সি. এবং গান্ধীবাদী গোর্খা লীগ পর্যন্ত সমস্ত বিরোধী দলের সদস্যদের বক্তব্য শুনেছি। তাঁরা মূলত পঞ্চায়েতগুলির দুর্নীতির অভিযোগ করেছেন। সে সম্পর্কে আমি বলতে চাই যে, কোথাও কিছু ত্রুটি বিচ্যুতি হতে পারে। কিন্তু একথা সত্য, একথা বাস্তব সত্য যে, আজকে গ্রামবাংলায় পঞ্চায়েতি ব্যবস্থার মধ্য দিয়ে গ্রামীণ বাংলার পুনর্গঠনের কাজ এগিয়ে চলেছে। কংগ্রেস (আই) দলের কৃষ্ণপদ রায়, যিনি আজকে এখানে বক্তব্য রেখেছেন, তাঁকে বলতে চাই যে, আমরা যে পঞ্চায়েত ব্যবস্থা গড়ে তুলেছি এটা একটা নতুন ব্যবস্থা আমাদের দেবে। সমস্ত ভারতবর্ষে যখন পঞ্চায়েত ব্যবস্থা ভেঙে পড়েছে তখন পশ্চিম বাংলায় আমরা একটা নতুন ব্যবস্থা গড়ে তুলছি। যেসব প্রদেশের পঞ্চায়েত সম্বন্ধে আগে বহুল প্রচার ছিল সেই সব পঞ্চায়েতগুলি আজকে ভেঙে পড়ছে। অন্ধ্রপ্রদেশ, কর্ণাটকে পঞ্চায়েত ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। তামিলনাড়ু, যাদের সব চেয়ে বেশি প্রশংসা করা হত সেখানকার পঞ্চায়েত ব্যবস্থাও ভেঙ্গে পড়ছে। সেখানে পঞ্চায়েতি ব্যবস্থা যে ভিত্তির উপর উঠেছিল, যে কাঠামো গড়ে উঠেছিল সেই গড়ে ওঠার পরে যে নেতৃত্বের বিকাশের প্রয়োজন ছিল তা ঘটেনি বলেই আজকে তার এই অপরিহার্য পরিণতি। আজকে সেগুলি ভেঙে পড়ছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় গ্রামীণ পুনর্গঠন মন্ত্রী শ্রী টি. স্বামীনাথন, তিনি কংগ্রেস (আই) দলের লোক, তিনি পশ্চিম বাংলার পঞ্চায়েত ব্যবস্থা সম্পর্কে সন্তোষ প্রকাশ করেছেন। তিনি পশ্চিম বাংলায় পঞ্চায়েত ব্যবস্থা দেখতে আসবেন বলেছেন এবং পশ্চিম বাংলার ধরনে পঞ্চায়েতি ব্যবস্থা গোটা ভারতবর্ষে গড়ে তোলা যায় কিনা, সেদিকে তিনি দৃষ্টি দেবেন। আমরা অবশ্য কোনো অবস্থাতেই ঐ কেন্দ্রীয় মন্ত্রীর সার্টিফিকেটকে মূল্যবান বলে মনে করি না। কিন্তু তাঁকে ধন্যবাদ যে, তিনি বাস্তবকে স্বীকার করেছেন। আজকে পশ্চিম বাংলার কংগ্রেস (ই) সদস্যরা যেকথা জানে না, বা জানবার চেষ্টা করছে না, তা কিন্তু তাঁদের দিল্লির নেতৃত্ব মেনে নিয়েছে। এই সংবাদ আমাদের কাছে আছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** জয়ন্ত বাবু, আপনি একটু বসুন। এই ডিমান্ডের উপর যে টাইম অ্যালোটেড ছিল সেটা ১২-২০ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। এখনো মন্ত্রীর উত্তর বাকি আছে। আমি এই টাইমটা আরো আধঘন্টা এক্সটেন্ড করার জন্য আণ্ডার রুল ২৯০ হাউসের কাছে অনুরোধ রাখছি। আমি আশা করছি হাউস এই টাইমটা এক্সটেণ্ড করার অনুমতি দিচ্ছে। টাইম এক্সটেণ্ডেড ফর হাফ্ অ্যান আওয়ার।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম যে, আজকে গ্রাম বাংলায় নতুন নেতৃত্বের বিকাশ ঘটেছে স্বাধীনতার পর থেকে এতদিন পর্যন্ত গ্রামের নেতৃত্বে গ্রামের জোতদার, জমিদার, ধনী মহাজনরা ছিল। আজ সেখানে গুণগত পরিবর্তন ঘটেছে। গরিব মানুষ সাধারণ মানুষ নেতৃত্বে এসেছে। কিন্তু আজকে সেখানে এখনো

সমন্বয়ের অভাব রয়েছে। পঞ্চায়েতের সঙ্গে সরকারি কর্মচারীদের সমন্বয় সাধনের জন্য যে ব্যবস্থার দরকার সেই ব্যবস্থা গড়ে তুলতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে এ বিষয়ে আর বেশি কিছু বলতে চাই না, কারণ মন্ত্রী মহাশয় উত্তর দেবেন। তবে আজকে পঞ্চায়েতের দুর্নীতির সম্বন্ধে যেসব কথা বলা হচ্ছে, সে সম্বন্ধে একটা কথা বলা দরকার যে, সারা পশ্চিম বাংলার সব পঞ্চায়েত গুলিতেই বাম ফ্রন্টের শরিক দলের লোকেরা নেই। বিরোধী দলেরও কিছু কিছু লোক আছে। এস. ইউ. সি.-র লোকেরা আছে, কংগ্রেস (ই) দলের লোকেরা আছে, তাদেরও কিছু কিছু দুর্নীতির কথা আমরা শুনতেত পাই সুতরাং দুর্নীতির কথা তুললে তাদেরও বিষয়ে দেখতে হবে। পরিশেষে আমি একটা কথা বলব, যেটা আমাদের বন্ধু আব্দুর রজ্জাক সাহেব বলেছেন, যে যারা আজকে ছোট যন্ত্র চালাচ্ছে আগামী দিনে তারা বড় যন্ত্র, রাষ্ট্রযন্ত্র দখল করবার জন্য এগিয়ে যাবে। পঞ্চায়েত ব্যবস্থা আজকে তার ভিত্তি। এই কয়টি কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-20–12-30 P. M.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন দপ্তরের যে বাজেট আপনাদের সামনে উপস্থাপিত করেছি তার উপর ১৩ জন বক্তা আলোচনায় অংশ গ্রহণ করেছেন। আমার বক্তব্য মোটামুটিভাবে এবং ঠিক ঠিকভাবে যাতে উপস্থাপিত করতে পারি সেইজন্য আমার দপ্তরের তরফ থেকে একটা অত্যন্ত মূল্যবান দলিল, এ ভেরি ভ্যালুয়েবল ডকুমেন্ট আমি আপনাদের সামনে উপস্থাপিত করেছি, ওয়ার্কিং অফ পঞ্চায়েত সিস্টেম ইন ওয়েস্ট বেঙ্গল এই বইটা বাংলা ভাষায় অনুবাদ করে দেবার চেষ্টা করছি। এই পুস্তকের মধ্যদিয়ে গত দেড় বছরে পঞ্চায়েতের মাধ্যমে কি কি কাজকর্ম হয়েছে, কোন কোন বিষয়ে আমরা বিশেষ গুরুত্ব দিয়েছি—মেইন থ্রাস্ট অন পঞ্চায়েত অ্যাণ্ড সি. ডি. মুভমেন্ট কতটুকু কার্যকর করতে পেরেছি এবং কার্যকর করতে গিয়ে কোন কোন সমস্যার আমরা সম্মুখীন হয়েছি, বিভিন্ন দপ্তরের থেকে যে সমস্ত কাজ ন্যস্ত হয়েছে সেই কাজগুলি কোন শ্রেণীর মানুষদের উপকৃত করেছে তার একটা হিসাবনিকাশ দেবার চেষ্টা করেছি। সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট সকলেই যাতে উপকৃত হোন তারও চেষ্টা করছি। বিভিন্ন দপ্তর থেকে যে সমস্ত সরকারি আদেশ নির্দেশনামা দেওয়া হয়েছে সেইগুলিকে এক জায়গায় জড়ো করে দেবার চেষ্টা করছি। গত দেড় বছরের কার্যাবলী যদি আমরা ঠিক ঠিক ভাবে বিশ্লেষণ করি তাহলে মোট ৪ টি জিনিসের উপর আমাদের বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। একটা হচ্ছে, মূল উদ্দেশ্যকে সামনে রেখে যেটা করবার চেষ্টা করেছিলাম যে, পঞ্চায়েত আন্দোলনের মূল লক্ষ্য হচ্ছে বর্তমান রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক কাঠামোর চৌহদ্দির মধ্যে, যেখানে আমরা বাস করছি, সেখানে গ্রামের তথা শহরের গরিব মানুষের সার্বিক মুক্তি দিতে পারি নি। কিন্তু এই বাস্তব পরিবেশের মধ্যে গ্রামের ক্ষমতা যেটা বিদেশি শাসনের ২০০ বছর এবং কংগ্রেসি শাসনের ৩০ বছর ব্যালেন্স অফ পাওয়ার শতকরা ১০০ ভাগ গ্রামের কায়েমী স্বার্থ সম্পন্ন বিত্তবান লোকেদের উপর বর্তেছিল, তাঁদের দিকে ঝুঁকে ছিল সেখানে ক্ষমতার ভারসাম্য ব্যালেন্স অফ পাওয়ার কতটুকু কি পরিমাণে আমরা গ্রামের গরিব মানুষদের দিতে পারি সেটাই হচ্ছে পঞ্চায়েত আন্দোলনের মূল লক্ষ্য এবং সেই মূল লক্ষ্যকে সামনে রেখে আমরা

নিম্নতম যে সমস্ত জিনিসের প্রয়োজন—মিনিমাম নিডস, মিনিমাম রিকোয়ারমেন্টস—এই চাহিদা কতটুকু সরবরাহ করতে পারি গ্রামের দরিদ্র মানুষদের মধ্যে সেটাই আমাদের দেখতে হবে। পশ্চিমবাংলায় ৫ কোটি মানুষের মধ্যে ৩ কোটি ৩২ লক্ষ মানুষের তাঁদের ন্যুনতম চাহিদা—রাস্তার চাহিদা, কালভার্টের চাহিদা, ক্রস বাঁধের চাহিদা, কিছু কিছু হাসপাতালের চাহিদা—এই সমস্ত চাহিদা কি পরিমাণে কতটা দ্রুততার সঙ্গে আমরা সম্পন্ন করতে পারি সেইদিকে আমরা গুরুত্ব দিয়েছি। সঙ্গে সঙ্গে এইসব করতে গেলে প্রশাসন ব্যবস্থাকে শক্তিশালী করা দরকার, তার বুনিয়াদকে শক্তিশালী করা দরকার। এবং সেটা আমরা চেষ্টা করছি। ৩ নম্বর হচ্ছে, আমাদের দেশে পঞ্চায়েতে ৫৬ হাজার প্রতিনিধি নির্বাচিত হয়েছেন যার অধিকাংশ মানুষই লেখাপড়ার সুযোগ গত ২০০ বছর এবং কংগ্রেসের ৩২ বছরের রাজত্বে পায়নি। তাদের মধ্যে বেশির ভাগ মানুষই আজকে নির্বাচিত হয়েছেন। তাদের প্রশিক্ষণের ব্যবস্থাকে যাতে জোরদার করা যায় তারজন্য চেষ্টা করছি। এবং ৪ নম্বর আমরা জোর দেবার চেষ্টা করেছি পঞ্চায়েতের রিসোর্স বেসকে কতটা শক্তিশালী করতে পারি তার উপরে। প্রথম দিক থেকেই বলবার চেষ্টা করেছি যে আমাদের গ্রামের ৩ কোটি ৩২ লক্ষ মানুষের দিকে তাকিয়ে এবং পশ্চিমবাংলার ছোট বড় গ্রাম নিয়ে যে ৪৭ হাজার গ্রাম আছে, তার ৩২৩৪টি গ্রাম পঞ্চায়েতের উপর বিভিন্ন বিভাগের যে সমস্ত কাজ তা ন্যস্ত করা হয়েছে। যেমন রুর‍্যাল ওয়াটার প্রোগ্রাম, গ্রামীণ উন্নয়ন প্রকল্প, ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম, বন্যার পরিপ্রেক্ষিতে রুর‍্যাল রেস্টোরেশন প্রোগ্রাম স্বাস্থ্য দপ্তর থেকে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম এবং বন্যার সময় যে সমস্ত স্কুল ভেঙ্গে গিয়েছিল তার পুনর্গঠনের প্রকল্প ইত্যাদি এদের মধ্যে দিয়ে হবে। আমরা গত দেড় বছরের মধ্যে এই সমস্ত প্রকল্পের মধ্যে দিয়ে ৭১ কোটি ৫৫ লক্ষ টাকা ৩২৪২টি গ্রাম পঞ্চায়েতকে দিয়েছি এবং ৩ লক্ষ ৭৮২ মেট্রিক টন খাদ্যশস্য দিয়েছি। তার দামে রূপান্তরিত করলে দাঁড়ায় প্রায় ৪০ কোটি টাকা। অর্থাৎ সব সমেত ১১২ কোটি টাকা ৩২৪২টি গ্রাম পঞ্চায়েতকে দেওয়া হয়েছে। যার গড় হিসাব হচ্ছে ২ লক্ষ ২০ হাজার টাকা। এই সমস্ত টাকা ব্যাপক ভাবে নিয়োগ করার ফলে ২টো জিনিসের উপর আমরা জোর দিয়েছি। গ্রামের মানুষ দীর্ঘদিন ধরে প্ররোচিত হয়েছে, আজ আমরা জানতে পেরেছি দেশের জনসংখ্যা শতকরা ২০ ভাগ রিডান্ডণ্ড পপুলেশনে পরিণত হয়েছে এবং এদের একটা বড় অংশ গ্রামাঞ্চলে থাকে। তারাই আজকে উদ্বৃত্ত জনসংখ্যায় পরিণত হয়ে দারিদ্র সীমার নিচে চলে গেছে। এর মূল কারণ হচ্ছে তাদের হাতে কাজ নেই। ১৭-১৮ বছর আগে শ্রম দপ্তরের কমিশনার দেবব্রত বাবু যিনি বর্তমানে ভূমি দপ্তরের কমিশনার তিনি যা বিশ্লেষণ করেছিলেন তাতে জানা গেছে বাঁকুড়া পুরুলিয়া তাদের ক্ষেত মজুরদের জন্য তিনি যে সমীক্ষা করেছিলেন তাতে সেখানকার ভাষায় লাগানে মজুর, বা গাঁথানে মজুর বলে যারা পরিচিত তাদের মাসিক আয় ৮ থেকে ১০ টাকা ছিল, এর মূল কারণ হচ্ছে ৩৬৫ দিনের মধ্যে ১১০ দিন তাদের কাজ ছিল। আজ সেখানে পঞ্চায়েতের সবচেয়ে বড় কৃতিত্ব যে ১১০ দিনের জায়গায় ২৫০ দিনের কাজের ব্যবস্থা তাদের করা হয়েছে। পশ্চিমবঙ্গে যে ৪৬ থেকে ৫৬ লক্ষ ক্ষেত মজুর আছে তাদের বর্তমানে ১০০ থেকে ১২৫ দিন কাজ বাড়ান হয়েছে এবং সার্বিক ভাবে হিসাব দিতে গেলে দিতে হয় যে ১১০ কোটি টাকার ৩ হাজার ২৪২ টি গ্রাম পঞ্চায়েতে লগ্নি করার ফলে ৫৩৬ লক্ষ শ্রম দিবস তৈরি হয়েছে, এর ফলে তাদের খানিকটা কাজের অভাবের

সমস্যা আমরা মেটাতে পেরেছি। ১০০ টি গ্রাম পঞ্চায়েতে ৩২৪২টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে—শ্যাম্পল সার্ভে করা হয়েছে। এটা পঞ্চায়েত দপ্তর করেনি, ইকনমিক প্ল্যানিং স্ট্রিম ডিভিশন অফ ডেভেলপমেন্ট প্ল্যানিং ডিপার্টমেন্ট ৩ মাস ধরে সি. পি. এম., আর. এস. পি., ফরওয়ার্ড ব্লকের গ্রাম পঞ্চায়েত নয়, ১০০ টি গ্রাম পঞ্চায়েত বেছে বেছে তাঁরা এই কাজ করেছেন।

[12-30–12-40 P. M.]

একটা জেলা নয়, পশ্চিমবাংলার সমস্ত রুর‍্যাল ডিস্ট্রিক্টে ১০০ টি গ্রাম পঞ্চায়েত নিয়ে ৩ মাস ধরে তাঁরা নমুনা সার্ভে করেছেন। এর যে কি ফলাফল তা আমার বইয়ের ৩৭ পৃষ্ঠা থেকে ৪৩ পৃষ্ঠা পর্যন্ত শ্যাম্পল সার্ভে অফ গ্রাম পঞ্চায়েত অধ্যায়ে দেওয়া আছে। সেই ইকনমিক অ্যাণ্ড প্ল্যানিং স্ট্রিম ডিভিশন অফ ডেভেলপমেন্ট অ্যাণ্ড প্ল্যানিং ডিপার্টমেন্ট ১০০ টা গ্রাম পঞ্চায়েতে নমুনা সার্ভে করে তাঁরা যেটা জানিয়েছেন তাতে যে জিনিসটা রিভিল হয়েছে তাতে দেখা যাচ্ছে গত ৫ বছরে যে পরিমাণ গ্রামীণ রাস্তা তৈরি হয়েছিল তার ৭ গুণ রাস্তা এই দেড় বছরে হয়েছে। শুধু রুর‍্যাল ওয়ার্কস প্রোগ্রামের মাধ্যমেই প্রায় ১০ হাজার কিলোমিটার রাস্তা ৩২৪২ টি গ্রাম পঞ্চায়েতে তৈরি হয়েছে। অর্থাৎ যতটুকু আমরা জোগাড় করতে পেরেছি তাতে ৩৪ হাজার মাইল প্রায় ৫৬ হাজার কিলোমিটার গ্রামীন রাস্তা তৈরি হয়েছে এবং যেখানে গত ৫ বছরে টিউবওয়েল নির্মাণ হয়েছিল ৫ থেকে ৬ হাজার সেখানে দেড় বছরের মধ্যে ২১ হাজার টিউবওয়েল হয় নির্মাণ হয়েছে, নাহয় রিপেয়ার হয়েছে, শ্যাম্পল সার্ভেতে এটা পরিষ্কার হয়ে গেছে। রমজান আলি সাহেব বলেছেন মিনিমাম নিডসের কথা, রিডান্ডগু পপুলেশন বা যারা ভূমিহীন কৃষক তাদের বাড়ির কথাটা একটু বলি। গত ৩০ বছর ধরে যদি কিছু কিছু বাড়ি তৈরি হত বা ১০ ভাগের ১ ভাগও যদি বাড়ি তৈরি হত তাহলে আজকে যে ৪০ লক্ষ ভূমিহীন, গৃহহীন চাষী আছে তাদের জন্য বছর বছর ১,১।। ২ হাজার যদিও তাঁরা করতেন তাহলে যাদের মাথার উপর চাল ছিল না তাদের একটা ব্যবস্থা হত। কিন্তু আজকে এটা জানা দরকার যে এক বছরের মধ্যে ১৯ হাজার বাড়ি তৈরি হয়েছে এবং যে বাজেট পেশ করেছি তাতে ২ কোটি ২৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বিমলানন্দ মুখার্জী এবং বিশ্বনাথ চৌধুরী মহাশয় ট্রেনিং প্রোগ্রামের কথা বলেছেন এর সঙ্গে ৫৬ হাজার মেম্বার এবং তার সঙ্গের সংশ্লিষ্ট কয়েক হাজার অফিসার আছেন, তাদের ট্রেনিং প্রোগ্রামের উপর আমরা জোর দিয়েছি এক বছরের মধ্যে আমরা কেন্দ্রীয় স্তরে, ব্লক স্তরে এবং গ্রাম পঞ্চায়েত স্তরে ১৬ হাজার ৪০০ জন কর্মী এবং সরকারি কর্মচারীর ট্রেনিংয়ের ব্যবস্থা করেছি এবং তারা যাতে ভালভাবে প্রশিক্ষণ পেতে পারে সেজন্য সহজ ভাষায় বই প্রকাশ করেছি। তারা যাতে সহজ ভাবে হিসাব রাখতে পারে এবং অন্যান্য কাজ করতে পারে তার জন্য ইলাবরেট ট্রেনিং প্রোগ্রামের প্রয়োজন আছে। আমি তাঁদের সঙ্গে একমত বলেই এই ব্যাপারে আরও বেশি টাকা বরাদ্দ করেছি। অ্যাডমিনিস্ট্রেটেড স্ট্রাকচার সুদৃঢ় করতে গেলে মাননীয় সদস্যরা বলেছেন আমি তার সঙ্গে একমত। ৩০ বছরে মাত্র ১৩৯ টি পঞ্চায়েত সমিতির ব্লক অফিস ছিল মোট ৩৫০ টি পঞ্চায়েত সমিতির মধ্যে, আমরা যখন এলাম তখন আমি পঞ্চায়েত মন্ত্রী হিসাবে গর্ব বোধ করতে পারি যে এক বছরের মধ্যে আমরা সেখানে ২৫ টি পঞ্চায়েত অফিস নির্মাণ করেছি এবং আগামী এক বছরের

মধ্যে আরো ১৮ থেকে ২৫ টি পঞ্চায়েত সমিতির অফিস তৈরি করতে চলেছি। তার মানে ৩০ বছরে যেখানে ৩৫০ টি পঞ্চয়েত সমিতির মধ্যে ১৩৯ টির অফিস নির্মিত হয়েছে সেখানে ২ বছরে আমরা ৫০টি নির্মাণ করেছি। পূর্বে কি ছিল—প্রধানের বাড়িতে গাছ তলায় গ্রাম পঞ্চায়েতের অফিস ছিল। কৃষ্ণদাস রায়, জয়নাল আবেদিন সাহেবরা যদি ৩০ বছরের প্রতি বছর ১০০ টা করে বাড়ি তৈরি করতেন তাহলে পঞ্চায়েতের ঘরের অসুবিধা থাকত না। জয়নাল সাহেব, কৃষ্ণদাস বাবুরা একটা খবর শুনে নিন এক বছরের মধ্যে আমরা ৩৫৮ টির বেশি গ্রাম পঞ্চায়েতের ঘর তৈরি করেছি এবং ১৯৮০-৮১ সালের জন্য ৫০ লক্ষ টাকা বরাদ্দ করেছি, ৩২৫ টি গ্রাম পঞ্চায়েতের ঘর তৈরি করেছি, মোট প্রায় ৭০০-র মতো গ্রাম পঞ্চায়েতের ঘর তৈরি হবে। পঞ্চায়েত অফিসের এক্সটেনশনের জন্য ২৩ লক্ষ টাকা বরাদ্দ করার চেষ্টা করছি। যেটা বিভিন্ন সদস্যরা বলেছেন আমি তাঁদের সঙ্গে একমত যে আজও ব্লক অফিসের সঙ্গে পঞ্চায়েত সমিতির অফিসের ঠিক ঠিক সমন্বয় গড়ে ওঠেনি। আমি পঞ্চায়েত মন্ত্রী হিসাবে বলতে পারি ৩২৪ টি ব্লকের মধ্যে ২৫০ টি ব্লকে নিজে গিয়ে আলোচনা করেছি, সেখানে আপ্রাণ চেষ্টা করেছি যাতে সমন্বয় গড়ে উঠে। বিভিন্ন দপ্তরের যে দায়িত্ব ন্যাস্ত রয়েছে পঞ্চায়েত সমিতির উপর সেই পঞ্চায়েত সমিতির মধ্যে যাতে একটা সমন্বয় গড়ে ওঠে তারজন্য আপ্রাণ চেষ্টা করেছি। কিন্তু বিগত ৩০ বছরে যেভাবে প্রশাসনে ওয়ান লাইন অব হায়ার কি গড়ে উঠেছে, ভার্টিকাল লাইন অব কমাণ্ড যেভাবে গড়ে উঠেছে রাতারাতি সম্ভব নয় তাকে হরাইজেন্ট্যাল করা। তাকে মুচড়ে দুমড়ে দিয়ে ২ বছরের মধ্যে হরাইজেন্ট্যাল ভাবে একটা সমন্বয় গড়ে তোলার তবুও চেষ্টা হচ্ছে, সেইভাবে সমষ্টি উন্নয়ন দপ্তরকে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করা হচ্ছে। আমি জানি ঠিক ঠিকভাবে পঞ্চায়েতের কাজ করতে গেলে বিভিন্ন এক্সটেনশন অফিসে এত সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নেই যা দিয়ে ভালভাবে কাজ করা যায়। এক একটা ব্লকে যেখানে ৪ জন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার দরকার সেখানে ২ জন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার আছে। মানুষকে জল সরবরাহের দায়িত্ব ছিল স্বাস্থ্য দপ্তরের পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং দপ্তরের, সেই দায়িত্ব পঞ্চায়েত মন্ত্রীর উপর বর্তেছে। পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং এর ২-৩ টি ব্লকে একজন ইঞ্জিনিয়ার রয়েছে, সেজন্য কি করে তাড়াতাড়ি অকেজো নলকূপগুলিকে মেরামত করা যায় আমাদের সরকার সেগুলি বিবেচনা করছেন। আমার বক্তব্য শেষ করার আগে যে কথা তুলেছেন অনেক মাননীয় সদস্য বিশেষ করে আমাদের অর্থনৈতিক বুনিয়াদকে শক্তিশালী করার জন্য সে সম্পর্কে ইতিমধ্যে কিছু কিছু ব্যবস্থা সরকার পক্ষ থেকে পঞ্চায়েত বিভাগ থেকে নেওয়া হয়েছে। আপনারা সকলেই জানেন আমাদের রাজ্যে এই নজীর ছিল না গ্রাম পঞ্চায়েতের অর্থনৈতিক বুনিয়াদকে শক্তিশালী করার, আমরা প্রায় ১ কোটি টাকা বরাদ্দ করেছি ম্যাচিং গ্র্যান্টের জন্য যে পরিমাণ কর তাঁরা তুলবেন তাঁদের সেই পরিমাণ টাকা দেওয়ার জন্য। তাঁদের সম্পূর্ণ আমরা দিতে পারছি না, কিন্তু ৫ হাজার টাকা পর্যন্ত হিসাব করে ১ কোটি টাকার ম্যাচিং গ্র্যান্ট দেবার সিদ্ধান্ত নিয়েছি। এই বছরে সেটা ২০ লক্ষ টাকা দেবার চেষ্টা করছি।

[12-40–12-50 P. M.]

এছাড়া কয়েকজন সদস্য বিশেষ করে আয়ের উৎস সম্বন্ধে বলেছেন। আমি তাঁদের জানাতে চাই, আর্থিক বুনিয়াদকে শক্তিশালী করবার জন্য বিশেষ করে উত্তরবঙ্গ এবং মধ্য

বাংলার জেলাগুলিতে যে সমস্ত খাস পুকুর আছে তার সংস্কার করে সেখানে যদি মাছের চাষ করতে পারি তাহলে আয়ের একটা বড় উৎস পঞ্চায়েতের হবে এবং তাদের রিসোর্স বেস শক্তিশালী হতে পারে। এই ব্যাপারে আমরা কিছুটা অগ্রসর হয়েছি এবং আশা করি আগামী দিনে আরও অগ্রসর হব এই নিশ্চিত ঘোষণা আমি করতে পারি। এছাড়া মাননীয় সদস্যগণ যে সমস্ত সমস্যার কথা বিশেষ করে বলেছেন তার মধ্যে অত্যন্ত মূল্যবান একটি সাজেশন মাননীয় সদস্য বিশ্বনাথ চৌধুরী মহাশয় রেখেছেন। যাঁরা পঞ্চায়েত সমিতিতে নির্বাচিত হয়েছেন সেখানে ক্ষমতার ভারসাম্য যেটা আমাদের মূল লক্ষ্য সেটা যাতে বেশি করে গরিবের দিকে ঝোঁকানো যায় সেই চিন্তা আমরা করছি এবং ক্ষেতমজুরদের প্রতিনিধি রিজার্ভ করবার জন্য যে দাবি করেছেন বামফ্রন্ট সরকার সেটা নিশ্চয়ই বিবেচনা করবেন। হরিপদ জানা মহাশয় বিশেষ করে ঋষি বংকিম গ্রাম পঞ্চায়েতের দুর্নীতির কথা বলেছেন। এই ব্যাপারে ইতিমধ্যেই তদন্ত হয়ে গেছে এবং বিভাগ থেকে ব্যবস্থা অবলম্বন করার চেষ্টা হচ্ছে একথা তাঁকে জানাচ্ছি। তবে হরিপদ বাবু যে হিসেব দিয়েছেন সেটা কিন্তু ঠিক হিসেব নয়। অবশ্য খবরের কাগজ এই ব্যাপারে বাজার গরম করবার চেষ্টা করছে যে হিসাব নাকি পাওয়া যাচ্ছে না। আমি দেখেছি ৩ হাজার ২৪২ টি গ্রাম পঞ্চায়েতের অডিট রিপোর্ট এসেছে। এখানে বলা হয়েছে ২০-৩০-৪০ শতাংশের হিসাব নাকি পাওয়া যাচ্ছে না। আমি বাউরী মহাশয়কে জানাচ্ছি তাঁর জেলাতেই ৫০ শতাংশ পেরিয়ে গেছে এবং পশ্চিমবাংলার ১৫ টি জেলার ৩ হাজার ২৪২ টি গ্রাম পঞ্চায়েতের শতকরা ৭২ ভাগ অডিট রিপোর্ট চলে এসেছে এবং ৩১শে মার্চ-এর মধ্যে আশাকরি বাকিটাও আমাদের কাছে চলে আসবে। টাকা পয়সার হিসাবে পাওয়া যাচ্ছে না, কমপ্লিশন সার্টিফিকেট, ইউটিলাইজেশন সার্টিফিকেট পাওয়া যাচ্ছে না তাই আমাদের খুঁত ধরবার জন্য সেন্ট্রাল স্টাডি টিম এখানে এসেছিলেন। ইন্দিরা গান্ধীর দলের তরফ থেকে চেষ্টা করা হয়েছিল এবং তাদের তরফ থেকে এখানে টিম এসেছিল। আমি তাঁদের বলেছি যে কোন জেলায় চলে যান এবং দেখুন কি অবস্থা। আমি বামফ্রন্ট সরকারের মন্ত্রী হিসাবে পরিষ্কারভাবে ঘোষণা করতে পারি যে, ১৯৭৯ সালের ডিসেম্বর মাস পর্যন্ত শতকরা ৮৫ ভাগ হিসাব অর্থাৎ কমপ্লিশন অ্যাণ্ড ইউটিলাইজেশন সার্টিফিকেট আমরা পেয়েছি এবং এবছরের জানুয়ারি মাসে শতকরা ৮৫ ভাগ ইউটিলাইজেশন এবং কমপ্লিশন পেয়েছি।

সুতরাং এটা জানিয়ে রাখা ভাল। পরিশেষে ক্ষমতার ভারসাম্যের যে কথা বার বার করে বলা হয়েছে, সে সম্বন্ধে জোর দেবার আছে, কি পরিমাণ আমরা আনতে পেরেছি। মাননীয় সদস্য শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস বলেছেন যে, আমরা সার্টিফিকেট গলায় ঝুলাতে চাইনা। অন্ধ্রপ্রদেশ থেকে ইন্দিরা গান্ধীর দলের একজন মন্ত্রী এসেছিলেন, তিনি সি. পি. এম. দলের নন, আর. এস. পি.-র নন, কিম্বা ফরওয়ার্ড ব্লকের দলের নন, তিনি শ্রীমতী ইন্দিরা গান্ধীর দলের, তিনি পশ্চিম বাংলায় এসেছিলেন, বিভিন্ন জায়গায় ঘুরে দেখে গেছেন, আমার সঙ্গে তাঁর কথাবার্তাও হয়েছে, তিনি হাওড়ার বিভিন্ন জায়গায় এবং বর্ধমান জেলায়ও কোন কোন জায়গায় ঘুরে কিভাবে হাতে কলমে কাজ হচ্ছে সেটা দেখে গেছেন এবং তিনি এই ব্যাপারে সম্পূর্ণ সন্তোষ প্রকাশ করে গেছেন, এটা কৃষ্ণদাস রায়ের জানার দরকার।

পরিশেষে আমি যেটা বলতে চাই তা হচ্ছে—পঞ্চায়েত নতুন করে গ্রাম বাংলার ছবি বদলাতে চাইছে। এখানে ন্যাশনাল ইন্সটিটিউট অব রুর্যাল ডেভেলপমেন্ট, হায়দ্রাবাদ থেকে

এসে সমীক্ষা করেছিলেন। তাঁরা তো সি. পি. এম. পরিচালিত নন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি এ সম্বন্ধে আলোচনার জন্য ১০ মিনিট এক্সটেন্ড করার জন্য হাউসকে অনুরোধ করছি আণ্ডার রুল ২৯০, আই থিঙ্ক দি হাউস এগ্রি টু ইট।

(Voice : Yes)

the time is extended by 10 Minutes.

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ন্যাশনাল ইনস্টিটিউট অব রুর‍্যাল ডেভেলপমেন্ট, হায়দ্রাবাদ থেকে এসে এখানে নির্বাচনের পরে কিভাবে কাজকর্ম চলেছে সমীক্ষা করে বলেছে যে এখানে হাই ডিগ্রী অব পলিটিক্যাল কনসেপশন অ্যাণ্ড পারফেকশন দেখা যাচ্ছে, তাঁরা এত প্রশংসা করেছেন যে তাঁরা বলেছেন অত্যন্ত উন্নত রাজনৈতিক বুদ্ধির পরিচয় দিয়েছেন। হরিপদ জানা মহাশয়ের দলের অশোক মেটার নেতৃত্বে কমিটি গঠিত হয়েছিল, সেই কমিটিও পঞ্চায়েতের কাজকর্ম দেখে প্রশংসা করেছেন তাদের রিপোর্টে। আমি এখন যে কথা বলতে চাই সেটা কমরেড লেনিনের কথা Serious politics begins where masses are not in thousands but in millions. এখানে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে হাজার হাজার নয়, লক্ষ লক্ষ মানুষ অংশ গ্রহণ করেছে, ৩ কোটি ৩২ লক্ষ মানুষ এতে অংশ গ্রহণ করেছে, তাদের কাজের মধ্যে সীমাবদ্ধতা আছে, ক্রটি রয়েছে, অসম্পূর্ণতা রয়েছে কিছু ঠিকই, কিন্তু তারা নিজের হাতে কাজ করে গ্রামবাংলার রূপান্তর ঘটাতে পেরেছে, এই কথা বলে আমি যে বাজেট বরাদ্দ পেশ করেছি, সেটা গ্রহণ করতে অনুরোধ করছি এবং আমি সব ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

The motion of Shri Sasabindu Bera that the Demand be reduced to Re. 1 was then put and lost.

The motions of Sarbasri Balailal Das Mahapatra, Sasabindu Bera, A. K. M. Hassan Uzzaman that the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Shri Debabrata Bandyopadhyay that a sum of Rs. 14,34,83,000 be granted for expenditure under Demand No. 39, Major Heads: "314–Community Development (Panchayat), 163–Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714–Loans for Community Developement (Panchayat)", was then put and agreed to.

## DEMAND NO. 60

[12-50–1-00 P, M.]

The motion of Shri Sasabindu Bera that the Demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Balailal Das Mahapatra that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

[22nd. March, 1980]

The Motion of Shri Debabrata Bandopadhyay that the sum of Rs. 14,04,26,000 be granted for expenditure under Demand No. 60—Major Heads: "314–Community Development (Excluding Panchayat) and 514–Capital Outlay on Community Development (Excluding Panchayat)", was then put and agreed to.

## LEGISLATION

### The Bengal Agricultural Income-tax (Amendment) Bill, 1980

**Dr. Ashok Mitra:** Sir, I beg to introduce the Bengal Agricultural Income-tax (Amendment) Bill, 1980.

(Secretary then read the title of the Bill)

**Dr. Ashok Mitra:** Sir, I beg to move that the Bengal Agricultural Income-tax (Amendment) Bill, 1980, be taken into Condition.

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব সম্পর্কে আমি দুএকটি কথা বলতে চাই। আমার বাজেট বক্তৃতায় পশ্চিমবাংলায় রাজস্ব পুনর্বিন্যাসের দুএকটি কথা বলেছিলাম। সেটার একটা বিশেষ উদ্দেশ্য রূপায়িত করার জন্য এই সংশোধনী বিল আনা হয়েছে। আপনারা জানেন এতদিন চা থেকে যে আয় হোত, তার উপর যে কর আরোপ করা হোত, সে কর আরোপ করার অধিকার রাজ্য সরকারের ছিল না। আমাদের ভারতীয় আয়কর বিধান অনুযায়ী কেন্দ্রীয় সরকার সেটা আরোপ করতেন। কেন্দ্রীয় সরকার কোম্পানী কর বা করপোরেশন কর বসাতেন এবং সেটা পুরোপুরি কেন্দ্রীয় সরকার নিয়ে যেতেন। আমরা পেতাম না। আর রাজ্য সরকারের বরাদ্দ ছিল চায়ের উপর শতকরা ৬০ ভাগ। একটা বৈষম্য ছিল কিন্তু কফির ক্ষেত্রে ৭৫ ভাগ। রাজ্য সরকার পেতেন চায়ের ক্ষেত্রে মাত্র ৬০ ভাগ। কিন্তু কয়েক মাস আগে মাননীয় সুপ্রীম কোর্ট একটা নতুন রায় দিয়েছেন, কোন একজন বিচারপতি নয়, একটা ডিভিশন বেঞ্চ থেকে এই রায় দেওয়া হয়েছে। তাতে বলা হয়েছে, চা যতগুলো প্রক্রিয়ার মধ্য দিয়ে যাক না এটা কৃষিপণ্য থেকে যায় এবং আমাদের সংবিধান অনুযায়ী কৃষিপণ্য থেকে যে উপার্জন হবে, সেটার উপর পুরোপুরি কর বসাবার অধিকারী রাজ্য সরকার থাকবেন, কেন্দ্রীয় সরকার থাকবেন না। এই যে একটা নতুন বিচার সুপ্রীম কোর্ট দিয়েছেন, তার ফলে আমরা এই সিদ্ধান্ততে পৌছতে পারি যে এখন থেকে কৃষি উপার্জনের শতকরা একশো ভাগ কর আরোপের অধিকার রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের যে ট্যাক্স বসাবার ক্ষমতা সেটা কৃষি করের উপর পৌঁছাবে না। আমাদের সর্বোচ্চ আদালতের সিদ্ধান্ত অনুযায়ী, এই সংশোধন বিলটি আনা হচ্ছে যার জন্য আমরা শতকরা একশো ভাগ কৃষি উপার্জনের উপর কর বসাতে পারি। তার পাশাপাশি বলছি, কর দাতারা যারা কর দিচ্ছেন তাদের যাতে কর না বাড়ে সেদিকে দৃষ্টি রেখে এই আইন করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারকে যা দিতেন এবং রাজ্য সরকারকে যা দিতেন তার গড়পড়তা যাতে না বাড়ে, সেইসব হিসাব করে এই কর কাঠামো দাঁড় করাচ্ছি যাতে কেউ বলতে না পারেন যে এই উপলক্ষ্যে বাড়তি কর চাপছে। বাজেট বিবৃতিতে বলেছিলাম, সুপ্রীম কোর্ট বলেছেন, সাংবিধানিক অধিকার আছে, এই ধরনের কর পুরোপুরি আরোপের সিদ্ধান্ত রাজ্য সরকার।

এতদিন কেন্দ্রীয় সরকার যা করে আসছিলেন সেটার পরিবর্তে এই মত দিয়েছেন।

যেহেতু বাড়তি বোঝা না চাপে সেইজন্য করের হারের নতুন বিন্যাস করছি। আমি আশাকরি আমার এই বিল সকলেরই পূর্ণ সম্মতি পাবে।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, অর্থমন্ত্রী ১৯৮৮ সালের বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স যেটা আছে তার একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন এবং এই অ্যামেন্ডমেন্ট আনার উদ্দেশ্য যেটা বললেন তার সঙ্গে আমার দ্বিমত নেই। কিন্তু আমার একটা আশংকা রয়েছে তিনি যেভাবে বিল এনেছেন এবং যে রেট প্রপোজ করেছেন তাতে অ্যাকচুয়ালি যারা টি গ্রোয়ার্স তাদের কল্যাণ করতে পারবেন না, তাদের বোঝা কমবে না এবং মাঝখান থেকে ইন্টারমিডিয়ারি অর্থাৎ যারা ফোড়ে তাদের সুবিধা হবে। এই বিল সার্কুলেট করার পর বিচারমন্ত্রী একটা অ্যামেন্ড এনেছেন এবং তাতে তিনি অর্থমন্ত্রী অ্যামেন্ডমেন্ট করে যেটা করতে চাইলেন তার থেকেও কমিয়ে দিয়েছেন। স্যার, এই বিলে আছে, ইন দি কেস অব এভরি ডোমেস্টিক কোম্পানী, ফার্ম অর আদার অ্যাসোসিয়েশন অব পার্সনস—ইন এ কেস হোয়েরার দি টোট্যাল এগ্রিকালচারাল ইনকাম ডাজ নট এক্সিড ওয়ান লাখ রুপিস। —সিক্সটি থ্রি পয়সা ইন দি রুপি। এখানে ১৯৭৫ সালে তৎকালীন অর্থমন্ত্রী শংকর ঘোষ মহাশয় একটা অ্যামেন্ডমেন্ট এনেছিলেন এবং সেই অ্যামেন্ডমেন্ট এনে একটা রেট করলেন, ইন এ কেস হোয়েরার টোটাল এগ্রিকালচারাল ইনকাম ডাজ নট এক্সিড ওয়ান লাখ রুপিজ, ৫৫ পয়সা। ১৯৮০ সালে এটা ছিল ৬৩ পয়সা ইন দি রুপি। ১৯৭৭ সালে অর্থমন্ত্রী একটা অ্যামেন্ডমেন্ট এনেছিলেন এবং তাতে তিনি বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম অ্যাক্ট, ১৯৪৪-এর সেকশন টুয়েল্‌ভ অ্যামেন্ড করলেন। শংকর বাবু যেখানে ১৯৭৫ সালে ৫৫ পয়সা পার রুপি করেছিলেন সেখানে এঁরা ১৯৭৭ সালে করলেন ৬৫ পয়সা। শংকরবাবু যেখানে করলেন ৫০ পয়সা ১৯৭৫ সালে, এঁরা করলেন সেখানে ৭৫ পয়সা। এবারে তিনি প্রোপোজ করেছেন ৬৩ পয়সা পার রুপি এবং সেখানে এগ্রিকালচারাল ইনকাম এক্সিড ওয়ান লাখ রুপি সেখানে করেছেন ৭৩ পয়সা পার রুপি। কিন্তু আমাদের বিচারমন্ত্রী অ্যামেন্ডমেন্ট এনে তাকে কমিয়ে ৬৩ পয়সার বদলে ৬২ পয়সা এবং ৭৩ পয়সার বদলে ৬৯ পয়সা। আমি জানি না এর ফলে যারা অ্যাকচুয়ালি টি গ্রোয়ার তাদের কোন উপকার হবে কি না। তবে এতে ফোড়েদের উপকার হবে। স্যার, আমার মূল বক্তব্য হচ্ছে এই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বিলের থরো পরিবর্তন হওয়া দরকার। আমাদের পশ্চিমবাংলায় ভূমি ব্যবস্থার যেভাবে পরিবর্তন হচ্ছে, কৃষি আয়ের যেভাবে পরিবর্তন হচ্ছে তাতে বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স যেটা রয়েছে তার পরিবর্তন করার কথা বলা হয়েছে। আমি মনে করি একটা কম্প্রিহেন্সিভ বিল আনা উচিত। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স যে ফর্মে রয়েছে এবং ১৯৭৭ সালে সেকশন টুয়েলভ অ্যামেন্ড করে সরকার যা করলেন তাতে দেখছি বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম অ্যাক্ট-এর আমূল পরিবর্তন করা দরকার। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়। আমি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর প্রতি। এটা ভারতবর্ষের সব প্রদেশে নেই, এবং এই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর পাইওনিয়ার হচ্ছে বিহার, আমাদের পার্শ্ববর্তী রাষ্ট্র।

[1-00–1-10 P. M.]

সেই বিহার এই বিল প্রথম ইন্ট্রোডিউজ করেন ইন দি ইয়ার ১৯৩৮, ত্রিবাঙ্কুর, কোচিন করেছিল ১৯৪৪ সালে, উড়িষ্যা করেছিল '৪৭ সালে, ইউ. পি. করেছিল '৫৭ সালে, মধ্যপ্রদেশ করেছিল ১৯৬২ সালে, আর পাঞ্জাব হরিয়ানা যারা কৃষির দিক থেকে অনেক বেশি উন্নত ভারতবর্ষের অনেক প্রদেশের থেকে সেখানে কোন এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স নেই। সেখানে বেটারমেন্ট অব লেভি ট্যাক্স আছে, তা করুন, তাতে কৃষকরা ইনসেন্টিভ পেতে পারে। আর আমাদের যে বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স তার যে অ্যাসেসমেন্টের ব্যাপার আছে সেই অ্যাসেসমেন্ট দিনের পর দিন এমন ভাবে কমপ্লিকেটেড করা হচ্ছে যাতে চাষীরা উৎসাহ পাওয়া দূরের কথা চাষী চাষে অত্যন্ত অনুৎসাহিত হয়ে পড়ছে। সেই দিকে লক্ষ্য করলে আপনি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টিও এই দিকে আকৃষ্ট করছি, আমাদের বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের যে এগজেমশান স্ল্যাব তা হচ্ছে তিন হাজার টাকা, অন্যান্য প্রদেশ যেখানে পাইওনিয়ার তারা, যেখানে আমাদের অনেক আগে তারা এটা করেছে সেখানে কি অবস্থাটা দেখুন। বিহারে এগজেমসান হচ্ছে ৫ হাজার টাকা ত্রিবাঙ্কুর কোচিন এগজেমশান হচ্ছে ৫ হাজার টাকা, উড়িষ্যায় ৫ হাজার টাকা, ইউ. পি.-তে ৩ হাজার ৬শো টাকা, মধ্যপ্রদেশে হচ্ছে ৭ হাজার টাকা—এগুলি আবার কিসে—এগুলি নেট ইনকামের উপর। আর আমাদের এখানে এগ্রিকালচারাল অ্যাণ্ড নন-এগ্রিকালচারাল ইনকাম এই দুটি মিশিয়ে আমরা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স অ্যাসেসমেন্ট করি। সেই সব দিক থেকে যদি আমরা চিন্তা করে দেখি তাহলে আমরা দেখব, আমাদের এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সটা যে ভাবে আছে তাতে সেটা কৃষির উপর এবং কৃষকের উপর অত্যন্ত ভার হয়ে দাঁড়িয়েছে। ১৯৭৭ সালে যে সেকশন ১২'-র অ্যামেন্ডমেন্ট এনেছিলেন That section is more similar to the section by of the Indian Income-tax Act, 1961. ইনকাম ট্যাক্স যা আমাদের আছে সেই অনুযায়ী ১০ হাজার টাকা পর্যন্ত এগজেমসান পাওয়া যাচ্ছে—ইন্ডিভিজুয়ালের, আর এগ্রিকালচারাল ইনকামের বেলায় নেট ইনকাম নয়, গ্রস ইনকামকে ধরে, এগ্রিকালচারাল অ্যাণ্ড নন-এগ্রিকালচারাল ইনকামকে একসঙ্গে করে মাত্র তিন হাজার টাকা সেখানে এগজেমশান দেওয়া হচ্ছে। যারা কোন রিস্ক না নিয়ে ইনকাম করে, মাসের শেষে মাহিনা পায়, বাড়িতে থাকলেও তাদের মাহিনা তাদের কাছে পৌঁছে যায়, মাহিনা না পেলে কোর্টে কেস করে মাহিনা আদায় করে নিতে পারে—সেখানে ১০ হাজার টাকা এগজেশান দেওয়া হচ্ছে আর একজন চাষী যে মাথার ঘাম পায়ে ফেলে রোদ বৃষ্টি মাথায় করে—তাকে সাপে কাটবে কি বাঘে খাবে তার ঠিক নেই প্রচুর রিস্ক নিয়ে অনেক পরিশ্রম করে ফসল ফলাচ্ছে সেখানে প্রডিউসের উপর হবে না, মার্কেট ভ্যালুর উপর হবে না, সেখানে তার চাষযোগ্য জমি কতটা সেটা হিসাব করে তার থেকে মাত্র তিন হাজার টাকা এগজেমশান দিয়ে তার মাথার উপর একটা বিরাট বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। এর ফলে পশ্চিমবাংলার কৃষককুল কৃষির দিক থেকে আস্তে আস্তে পিছু হটে যাচ্ছে, কৃষির দিক থেকে কোন সম্পদ এখানে আসছে না। এই প্রসঙ্গে স্যার, আমি প্রফেসার ক্যালডরস রিমার্কস, যেটা মাননীয় মন্ত্রী মহাশয়ও জানেন, এই হাউসের সামনে রাখতে চাই। তাতে তিনি বলেছেন,

It is inequitable because the present base of taxation,

"income" as statutorily defined, is defective and based as a measure of taxable capacity and is capable of being manipulated by certain classes of tax payers. It is inefficient because the limited character of the information furnished by tax-payers, and absence of any Comprehensive reporting system. On properly transaction and property income makes large scale evasion through concealment or under-statement of profits and property income relatively easy.

এই দিক থেকে এই জিনিসটা চিন্তা করতে হবে। বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের এইরকম কোন পিসমিল অ্যামেন্ডমেন্ট না এনে রাজ্য কমিটির যে রিপোর্ট যেটা ১৯৭২ সালে বেরিয়েছে সেই রিপোর্টকে সামনে রেখে বা রিপোর্টটির রেকমেণ্ডশনগুলি সামনে রেখে পশ্চিমবাংলার কৃষকদের কথা চিন্তা করে যাতে একটা কমপ্রিহেন্সিভ বিল আনা যায় এবং ট্যাক্স ফাঁকি যাতে বন্ধ করা যায় সেই দিকে লক্ষ্য রেখে আমাদের চলতে হবে। সেই দিকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি মাত্র ২-১টি কথা বলব। মাননীয় সদস্য প্রদ্যোত বাবুর প্রথম একটি কথা আমার ঠিক বোধগম্য হল না, তিনি বললেন এই সংশোধনী বিল থেকে ফড়িয়াদের উপকার হবে—এটা কি করে হবে? এটা প্রত্যক্ষ কর, ফড়িয়াদের প্রশ্ন নেই। যিনি কর দেবেন তার উপর করের বোঝা চাপানো হচ্ছে। চা কোম্পানীর উপর থেকে এটা আসবে, ফড়িয়াদের কাছ থেকে আসবে না। ফড়িয়ারা পাবে কি পাবে না, এটা আমি ঠিক বুঝতে পারলাম না। তিনি দ্বিতীয় কথা যেটা বললেন সেটা হচ্ছে আমি নতুন করে হারটা পুনর্বিন্যাস করার জন্য প্রস্তাব তুলেছিলাম। তারপর ৩ সপ্তাহ কেটে গেছে। ইতিমধ্যে আমরা পর্যালোচনা করেছি এবং কিছু কিছু চা কোম্পানী আমার কাছে এসে বলেছেন ওদের কর্পোরেশন ট্যাক্স, ডেভেলপমেন্ট অ্যালাউন্সের একটা ব্যবস্থা আছে। আমরা যে কথা বলেছি ১ লক্ষ টাকা পর্যন্ত শতকরা ৬৩ ভাগ, আর ১ লক্ষের উপর উপার্জন হলে শতকরা ৭৩ ভাগ এই হিসাব অনুযায়ী যদি ১০০ ভাগ উপার্জন কর চাপানো হয় তাহলে ওদের ক্ষতি হবে। আমি প্রতিশ্রুত যে ওদের উপর বাড়তি কোন করভার যেন না চাপানো হয়, তাই আমরা পরামর্শ করে সংশোধনী প্রস্তাবটা রেখেছি, যেটা আমার সহযোগী মন্ত্রী হালিম সাহেব একটু পরেই উত্থাপন করবেন এই সংশোধনী বিলটি আমরা করছি পুরোপুরি নতুন করে না করে কৃষি আয়কর বৃদ্ধির পুনর্বিন্যাস করতে পারি কিনা—এই প্রসঙ্গে তিনি রাজ্য কমিটির কথা বলবেন। আপনাদের নিশ্চয় স্মরণে আছে এই বিধানসভায় রাজ্য কমিটির রিপোর্ট অনুযায়ী একটি জ্যোত সম্পর্কে আমাদের মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী একটি বিল পাশ করে নিয়ে গিয়েছিলেন। কিন্তু দুঃখের কথা এখন পর্যন্ত রাষ্ট্রপতির সম্মতি পাওয়া যায়নি। এইটুকু প্রদ্যোত বাবুর মন্তব্যের উপর আমার প্রতিমন্তব্য। কিন্তু আমি আনন্দিত যে তিনি যে শেষ পর্যন্ত বিলটির উদ্দেশ্যকে সমর্থন করেছেন।

The motion of Dr. Ashok Mitra that the Bengal Agricultural Income-tax (Amendment) Bill, 1980 be taken into consideration, was then

put and agreed to.

### *Clause I*

**Shri Hashim Abdul Halim :** Sir, I beg to move that in clause 1, in sub-clause (1), for the figures "1944", the figures "1980", be substituted.

**Dr. Ashok Mitra :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা ছাপার ভুল ঘটিত ব্যাপার ঘটে গেছে, আমি এই সংশোধনী প্রস্তাবটি গ্রহণ করছি।

The motion of Shri Hasim Abdul Halim that in clause 1 in sub-clause (1), for the figures "1944", be substituted, was then put and agreed to.

The question that clause 1 as amended do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 2-5

The question that clauses 2 to 5 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 6

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to move that in clause 6, in the proposed paragraph B,-

(i) in item (a), in the second column, for the words "Sixty-three paise", the words "Sixty two paise" be substituted ;

(ii) in item (b), in the second column, for the words "Seventy-three paise", the words "Sixty-nine paise" be substituted.

**Dr. Ashok Mitra :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রস্তাবিত সংশোধনটি গ্রহণ করছি। কারণ একটু আগেই আমি বলেছি,

The motion of Shri Hashim Abdul Halim that in clause 6, in the proposed paragraph B,-

(i) in item (a), in the Second column, for the words "Sixty-three paise", the words "Sixty two paise" be substituted;

(ii) in item (b), in the second column, for the words "Seventy-three paise", the words "Sixty-nine paise" be substituted, was then put and agreed to.

The question that clause 6, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

## Clause 7 and preamble

The question that clause 7 and preamble do stand part of the Bill, was then put and agreed to

[1-10–1-20 P. M.]

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the Bengal Agricultural Income tax (Amendment) Bill, 1980, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The Indian Stamp (West Bengal Amendment bill, 1980**

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the Indian Stamp (West Bengal (Amendment) Bill, 1980.

(Secretary then read the title of the Bill)

**Shri Sasabindu Bera :** Sir, I rise on a point of order. This Bill cannot be introduced in its present form and content. Sir, what is the Bill? This Bill is the amendment of the Indian Stamp Act, 2 of 1899 (hereinafter referred to as the Principal Act.) The Principal Act is undoubtedly the mother Act of Indian Stamp Act of 1899 (hereinafter referred to as the Principal Act,) and it shall, in its application to West Bengal, be amended in the matter hereinafter provided. What is the proposed amendment ? The proposed amendment is this. Clause 3 in Schedule 1(a) to the Principal Act amendment are sought for certain clauses. But where is the Schedule 1A to the Principal Act ? Sir, there is no such Schdule, I have procured a copy Principal Act which is the latest one. I have verified, gone through the Government publication. Central Government publication and found that it is the latest copy as it stands on the 1st February, 1978. So, I must say that there is only one Schedule, that is, Schedule 1, and so, the question of Schdule 1A cannot come in. Also there was never the Schedule 2. So, it is a commonsense that the question of this Schedule, i. e., Schedule 1A comes in if there exists Schedule I and Schedule 2, and if there is any necessity of inserting certain new Schedule in between these two schedules, i. e., In between Schedule I and Schedule 2. Therefore, no question of Schedule 1A comes in. Sir, Hon'ble Minister is perhaps aware that we all are being misguided because we have been supplied with papers which show that there is one Schedule, i. e., Schedule 1A. But, this is a mistake, and that is being carried on. I do not know how many times this particular Act of Central Government—Indian Stamp Act, 1899—was ameneded for the purpose of West Bengal. This is a

mistake and if this is a mistake there is no Schedule 1A. So, if there has been any levy or any duty imposed on the basis of amendment to Schedule 1A, it has become totally irrelevant, redundant and illegal. If the Stamp duty is being realised from the people of the State on this basis that is also illegal. Sir, this has got to be looked into. My point is, and for which I stand again, Sir, since there is no Schedule 1A the Principal Act there cannot be amendment to Schedule 1A. Sir, Hon'ble Minister has come with a motion. His motion must be a substantive motion. But what the substantive motion is ? May's Parliamentary practice is quite clear Sir.

Sir, I may refer here to page 271 of May's Parliamentary Practice regarding 'Substentive Motion' which is as follows–

"A substantive Motion is a self contained proposal submitted for the approval of the House and drafted in such a way as to be capable of expressing a decision of the House".

Certainly it will be a 'self contained' proposal. But what is the proposal here ? It is a meaningless proposal. Sir, a proposal should be meaningful and here it has got no physical existence. It is something airy now. So what is the position ? This Bill cannot be introduced in its present form and content. Sir, it may be argued from the Government side that there has been a mistake and they will find a scope of getting it corrected. Sir, there is no such scope whatsoever for which I stand at the gate-way of introduction of the Bill. The Bill connot be introduced in the House at this stage. It may be, Sir, that government may take a chance for moving an amendment to get it corrected. There is no scope, Sir. May's Parliamentary Practice is quite clear here. It may not be done in that way. So I want a definite ruling from you. I may cite here an example. When late Rajendra Prasad was the President of India he often reminded the Legislature to be careful to see that legislations were passed in such a way that no amendments were required.

**Mr Deputy Speaker :** Have you finished your point of order ?

**Shri Sasabindu Bera :** Sir, you will understand my point as you are a lawyear. You are bringing in the Act–West Bengal Act of 1977. In the present Bill three clauses of the mother Act have been sought to be amended. One of these three clauses, clause 24, was amended. Amendment to that clause 24 still stands and you are again amending that clause 24. So both the amendments will be standing and will be i. e., Simultaneously working–one amendment i. e., West Bengal Act 32 of 1977 and another Act if it is passed at all. So it cannot be introdued.

**Mr. Deputy Speaker :** Have you finished your point of order ?

**Shri Sasabindu Bera :** No Sir, My second point is that there is no Schedule in 1A and amendments are brought forward under West Bengal Act 32 of 1977 which has not been repealed. Hence this bill is out of order. This is my point of order.

[1-20–1-30 P. M.]

Sir, I have practically finished my point of order. But my submission is that the statement of Objects and Reasons must be clear.

**Mr. Deputy Speaker :** You have raised certain point in connection with the Bill ?

**Shri Sasabindu Bera :** My point of order is that a Bill must be in order.

**Mr. Deputy Speaker :** But I find that you have no point of order because it is not relevant.

**Shri Sasabindu Bere :** Sir, I will prove that it is relevant. I say that the Bill is out of order on 3 grounds. First and second grounds I have already stated and the third ground is that in bringing the Bill the Objects and Reasons have not been clearly stated. The statement of Objects and Reasons is a necessary part of the Bill but here it is not clearly given. So I submit that the Bill is out of order. Objects and Reasons must clearly state as to why this Bill is necessary but that is not here. Therefore, I object to the introduct. of the Bill and I want clear ruling from you, Sir.

**শ্রী হাসিম আব্দুল হালিম :** মাননীয় সদস্য একটা পয়েন্ট অব অর্ডার তুলেছেন। শিডিউল ওয়ান এ নেই। উনি বোধ হয় জানেন না, কারণ উনি উকিল নন, উকিল হলে এই প্রশ্ন করতেন না, উনি হেড মাস্টার, সেই জন্য উনি শুধু পেরেন্ট অ্যাক্টটা পড়েছেন। আমাদের স্টেটে তো বারবার অ্যামেন্ডমেন্ট হয়। এটা ১৯৩৫ সালে একটি অ্যামেন্ডমেন্ট হয়েছিল, যেখানে Schedule 1A was introduced by Indian Stamp (Bengal Amendment) Act. আর্টিক্যাল সিক্সটি থ্রি'র লেজিসলেশন হয়, সেই কারণে আমাদের স্টেটের জুরিসডিকশন আছে অ্যামেন্ড করার। আমি Bengal Code Vol. I থেকে পড়ছি, যেখানে দেওয়া আছে Schdule 1A states the Stamp duty on certain instruments under the Bengal Stamp (Amendment) Act, 1922, or the Indian Stamp (Bengal Amendement) Act, 1935 and its proviso to Sec. 3 are so numbered as to correspond with similar Article in Schedule I. আর্টিকল ওয়ান এ অব বেঙ্গল অ্যামেন্ড স্ট্যাম্প অ্যাক্ট এর পার্ট অ্যাণ্ড পার্সেল, এটাকে সেপারেটলি ট্রিট করা যায় না। যখনই আমাদের ইণ্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট ছাপানো হয় তখন সিডিউল ওয়ান থাকে, সিডিউল ওয়ান-এও ছাপে। কিন্তু সিডিউল ওয়ান এ আমরা বারবার অ্যামেন্ড

করি, কিন্তু সিডিউল ওয়ান করি না। সিডিউল ওয়ান সর্বভারতীয় ব্যাপার। সিডিউল ওয়ান এ হচ্ছে রিলেটিং টু বেঙ্গল, যে কারণে উনি বোধ হয় বেঙ্গল কোড টা পড়েননি, এই সম্বন্ধে উনার কোন জ্ঞান নেই, সেই জন্য উনি মিস অ্যাপ্রিহেন্ড করছেন। আমি বলছি বিলটা ইন অর্ডারে আছে, এটা এই হাউস থেকে পাশ করা যায়। Act. there is no reference to the Bengal Act, Sir, in Schedule 1A of the Principal Act.

**Mr Deputy Speaker :** I am satisfied and convinced with the arguments placed by the judicial Minister, Hon'ble Shri Hashim Abdul Halim. So far as the question raised by honourable Shri Bera is concerned it is irrelevant and I think that the Bill is in order and it should be placed before the House.

**Shri Sasabindu Bera :** Then you say that there is no necessity of repeal.

**Mr Deputy Speaker :** Mr. Bera, you are a senior member of the House and you know that after the ruling of the Chair it cannot be discussed.

**Shri Sasabindu Bera :** Sir, I want one clarification only. You say that there is no necessity of repeal.

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় সদস্য বোধ হয় আইনের প্রসিডিওর জানেন না। এই আইনটি একটা সংশোধনী আইন। একজিস্টিং অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট আইনের সংশোধন করা হচ্ছে। এখানে রিপিল-এর কোনো প্রশ্ন নেই। রিপিল তখনই হয় যখন কোনো নতুন আইন পুরনো আইনকে বাতিল করে করা হয়। আইনটা তো থাকছেই। একজিস্টিং অ্যাক্ট-টা থাকছে, শুধু অ্যামেন্ডমেন্টের একটা অ্যামেন্ডমেন্ট হচ্ছে। এখানে রিপিল-এর কোনো প্রশ্ন নেই।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, "ভারতীয় স্ট্যাম্প (পশ্চিমবঙ্গ সংশোধনী) বিধায়ক, ১৯৮০;" এই সভায় বিবেচনার জন্য গ্রহণ করা হোক, এই প্রস্তাব রাখছি।

এই প্রসঙ্গে একটি দুটি কথা বলি। এই বিলের উদ্দেশ্য সম্পর্কে আমি বাজেট বিবৃতিতে বলেছিলাম যে, আমরা '৭৭ সালে কিছু স্ট্যাম্প ডিউটির হার কিছু কিছু বাড়িয়েছিলাম এবং বাড়িয়েছিলাম এই কারণে যে, যাতে আমাদের কিছু রাজস্ব বৃদ্ধি করা সম্ভব হয়। কিন্তু আমরা দেখতে পেলাম যে, এই হার বাড়াবার ফলে এখানে স্ট্যাম্প ডিউটি না দিয়ে—সম্পত্তির আসল মূল্য গোপন করে কম মূল্য দেখিয়ে—কিছু কিছু কারচুপি করা হচ্ছে। তার সঙ্গে আরো দেখলাম যে, জমি হস্তান্তরের ব্যাপারে এখানে রেজিস্ট্রি না করে অন্য রাজ্যে নিয়ে যাওয়া হচ্ছে। আমরা বিবেচনা করে দেখলাম যে, অন্য রাজ্যের তুলনায় আমাদের হার একটু বেশি হয়ে গেছে। সুতরাং সেগুলি বিবেচনা করে প্রস্তাব এনেছি যাতে অন্যান্য রাজ্যের সঙ্গে হারের সমতা রক্ষা করা যায়।

**Shri Sasabindu Bera :** Sir, I have no objection to the revision of

the Act. But I feel that this Bill cannot be introduced, considered or passed in the House. But according to your ruling it will be introduced, and passed and I accept your ruling. But still I say that this is an illegal piece of legislation and it will create a wrong precedent.

**Mr. Deputy Speaker :** Mr. Bera, you are crossing your jurisdiction. আপনি আবার আমার রুলিংকে আলোচনার মধ্যে আনছেন।

**Shri Sasabindu Bera :** All right, Sir, I shall speak in the third reading.

The motion of Dr. Ashok Mitra that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1980, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3 and the Preamble.**

The question that clause 1 to 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, as settled in the Assembly, be passed.

**Sasabindu Bera :** Mr. Deputy Speaker, Sir, I stand to speak in the third reading on the applicability, on the admissibility of the Bill. This Bill cannot be admissible in view of the mistakes pointed out by me. This Bill cannot be introduced or passed here. Two, West Bengal Acts simultaneously stand and you are bringing in amendment to Section 24 of that Central Act, Sir. You are an advocate and you will understand. Two amendments of the clause and the Schedule of the Central Act stand which will be applicable under each act but the applicability will be discharged under that Central Act, amendment No. 32 of West Bengal Act. of 1977 or this Act of 1980. This cannot be because there will be separate rates. As it stand today both will be operative simultaneously which is impossible, impossible, impossible, it cannot be. There are many mambers who are laughing but I do not agree with them. I understand they are not students of Law. With my own commonesense and with all the forces at my command I do say that these two acts existing simultaneously cannot be persued simultaneously and when this question will go before the Court some trouble will be there and we have to face the consequences. This is my submission, Sir.

**Dr. Ashok Mitra :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত ৪৫ বছরে যখন কোন অসুবিধা হয়নি—আমি ধরে নিচ্ছি ভবিষ্যতেও হবে না। এইটুকুই আমার বক্তব্য।

The motion of Dr. Ashok Mitra that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1980, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 1.34 P. M. till 1.00 P. M. on Monday, the 24th March, 1980 at this Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House,
Calcutta, on Monday, the 24th March 1980 at 1.00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair,
18 Ministers, 3 Ministers of State and 173 Members.

[1-00— 1-10 P.M.]

### Held Over Starred Questions
### (to which oral answers were given)

**মিঃ স্পিকার :** স্থগিত প্রশ্ন ৫১,৬৫,৬৭,৭২,১২৪ এগুলির উত্তর পাওয়া যায় নি। তাহলে কি হবে?

**শ্রী পার্থ দে :** এগুলির রিপ্লাই দিতে পারছি না, টাইম চাই।

### Promotion of Adult Education

*127. (Admitted question No. *593) **Shri. Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) the steps taken by the Government for promotion of Adult Education in the state; and

(b) the number of Adult Education Centres opened in the State during the tenure of —

(i) the present Government (up to January, 1980)

(ii) the previous Government (from March, 1972 to March, 1977)?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(এ) এই রাজ্যে বয়স্ক শিক্ষার উন্নতিকল্পে রাজ্য সরকার নিম্নোক্ত ব্যবস্থাদি গ্রহণ করেছেন :—

(১) বয়স্ক শিক্ষা কর্মসূচীর সার্থক রূপায়ণের জন্য রাজ্যস্তরে এবং জেলাস্তরে বয়স্ক শিক্ষাপর্ষদ এবং প্রশাসনিক ক্ষেত্রে পৃথকভাবে একটি বয়স্ক শিক্ষা আধিকারিক গঠন করা হয়েছে ;

(২) বেঙ্গল সোসাল সার্ভিস লীগকে স্টেট রিসোর্স·সেন্টার হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে এবং এই সংস্থার ওপর শিক্ষার উপকরণাদি এবং প্রশিক্ষণের ব্যবস্থাদির জন্য দায়িত্ব ন্যস্ত করা হয়েছে ;

(৩) রাজ্য এবং কেন্দ্রের পরিকল্পনা অনুযায়ী সমগ্র রাজ্যব্যাপী যথাক্রমে ৪৫০০ টি এবং ৪২০০ টি নূতন বয়স্ক শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠার প্রাথমিক ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে। কিছুদিনের মধ্যেই এই কেন্দ্রগুলি চালু হ'য়ে যাবে আশা করা যাচ্ছে। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা ও বিশ্ববিদ্যালয়গুলিকে এই কর্মসূচীতে সংশ্লিষ্ট করার জন্য সরকার প্রয়াস চালিয়ে যাচ্ছেন।

(৪) পূর্বেকার বৎসরগুলিতে অনুমোদিত সকল কেন্দ্রগুলিই চালু রাখার ব্যবস্থা করা হয়েছে; এবং

(৫) মেলা, প্রদর্শনী ইত্যাদি অনুষ্ঠানের মাধ্যমে বয়স্ক শিক্ষা কর্মসূচীকে জনপ্রিয় করবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(বি) (১) ৯৬৫ টি বয়স্ক শিক্ষা কেন্দ্র এবং ১৬টি বয়স্ক উচ্চ বিদ্যালয়।

(২) ১৭৪০ টি বয়স্ক শিক্ষা কেন্দ্র এবং ৬২টি বয়স্ক উচ্চ বিদ্যালয়।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এগুলির প্রাথমিক কাজ কিভাবে শুরু করেছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** প্রথম সেখানে প্রোজেক্ট অফিসার নিয়োগ, এবং বিভিন্ন কেন্দ্র যেগুলি হবে সেগুলি মোটামুটি ভাবে স্থির করা এবং সেইসব কেন্দ্রের জন্য শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা।

**শ্রী রজনীকান্ত দোলুই :** শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা এবং কোথায় কোথায় হবে কেন্দ্রগুলি এটা কে স্থির করবেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** জেলা শিক্ষা পর্ষদ অফিসার।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** নন অফিসিয়াল অর্গানাইজেশন যাদের দেখা হয়েছে তারা কিভাবে সিলেক্ট করবেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এই প্রকল্পে একটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের প্রকল্প, আরেকটা হচ্ছে রাজ্য সরকারের প্রকল্প, সেই কেন্দ্রগুলি সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। জেলা বয়স্ক শিক্ষা পর্ষদ এবং স্বেচ্ছাসেবক প্রতিষ্ঠান চালু করতে উৎসাহী সেগুলি সম্পর্কে ভারত সরকারের নির্দেশ হচ্ছে জেলা শিক্ষা পর্ষদের মাধ্যমে যদি সরকারের কাছে আবেদন করেন তাহলে সরকার সেগুলি বিবেচনা করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবেন এবং কেন্দ্রীয় সরকার সরাসরি তার সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলোর কোনটার জাতীয় সরকার সিলেক্ট করেছেন কি না এবং সিলেক্ট করলে কিভাবে করেছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** অনেকগুলি প্রতিষ্ঠানকে অনুমতি দেওয়া হয়েছে এবং তার জন্য যে ফর্ম আছে সেই অনুযায়ী আবেদন করলে কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকার সুপারিশ করেন, কেন্দ্রীয় সরকার সেই সমস্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের কাছে অনুদান পাঠান।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** বেঙ্গল সোস্যাল সার্ভিস যাঁরা করছেন তাঁরা কি জেলায় জেলায় অর্গানাইজেশন তৈরি করেছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এদের উপকরণ তৈরি করবার জন্য রিসোর্স সেন্টার হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে, পশ্চিমবঙ্গের কয়েকটি জায়গায় এদের কেন্দ্র পরিচালিত হচ্ছে এবং এরা অনেক আগে থেকেই কেন্দ্রীয় সরকারের অনুমোদিত স্বেচ্চাসেবী সংস্থা।

**শ্রী রজনীকান্ত দোলুই :** কোন কোন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে রেকমেন্ড করে পাঠিয়েছেন তার লিস্ট আছে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** নোটিশ চাই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** অ্যাডালট এডুকেশন সেন্টারগুলি স্থাপনের ক্ষেত্রে জেলা বয়স্ক শিক্ষা পষর্দ যে স্থান নির্বাচন করে থাকেন সেক্ষেত্রে পঞ্চায়েত সমিতির সঙ্গে পরামর্শ করার জন্য তাদের নির্দেশ দিতে পারেন কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** জেলা বয়স্ক শিক্ষা পর্যদের যিনি সভাপতি তিনি জেলা পরিষদের সভাপতি, স্বাভাবিকভাবেই জেলা বয়স্ক শিক্ষা পর্যদ স্থান নির্বাচনের ক্ষেত্রে পঞ্চায়েত সমিতি সাহায্য করেন। আমাদের কাছে সংবাদ হচ্ছে অধিকাংশ জেলায় তারা স্থান নির্বাচন করে ফেলেছে। শুধুমাত্র সরকারিভাবে পাশ করান বাকি আছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্থান সিলেকশনের ব্যাপারে এবং শিক্ষক নিয়োগের ব্যাপারে স্থানীয় এম.এল.এদের সঙ্গে কনসালট করার ব্যাপার আছে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** কেন্দ্রীয় সরকার এটা মডেল করে দিয়েছেন, জেলা বয়স্ক শিক্ষা পর্যদ কিভাবে হবে, এবং তাদের উপর সমস্ত দায়িত্ব ন্যস্ত থাকবে যারা স্থান এবং শিক্ষক নিযুক্ত করবেন।

**শ্রী [illegible] মৈত্র :** পশ্চিমবাংলায় যে জেলা শিক্ষা পর্যদ তৈরি করেছেন তাতে বিরোধী দলের কোন এম.এল.একে নেওয়া হয়েছে কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্থান সিলেকশন এবং শিক্ষক নিয়োগ করা সি.পি.এম. পার্টির নির্দেশেই হচ্ছে এই রকম কোন খবর আছে কি না?

(কোন উত্তর নাই)

## ছাত্র-ছাত্রীদের জন্য কলিকাতায় আবাস নির্মাণ

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলকাতায় পাঠরত মফস্বলের বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীর আবাসন সমস্যার পরিপ্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের জন্য আবাসগৃহ নির্মাণের কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**শম্ভুচরণ ঘোষ :** সরকার সরকারি প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রদের জন্য নিজ উদ্যোগে আর্থিক সঙ্গতি সাপেক্ষে এবং প্রয়োজনবোধে আবাস-গৃহ নির্মাণ করিয়া থাকেন।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবাস-গৃহ নির্মাণের জন্য সরকার সঙ্গতি সাপেক্ষে আর্থিক সাহায্য দিয়া থাকেন। ইহাদের নিকট হইতে আবেদন পাইলে সরকার তাহা বিবেচনা করিয়া থাকেন।

কলিকাতায় কেন্দ্রীভূত কোন আবাস গৃহ নির্মাণের প্রস্তাব আপাতত সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে সরকারি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ছাত্রাবাস নির্মাণের জন্য আর্থিক সাহায্য দেওয়া হয়, এই ধরনের আর্থিক সাহায্য বিগত আর্থিক বছরে কি দেওয়া হয়েছে? এবং দেওয়া হয়ে থাকলে কতগুলি ছাত্রাবাস নির্মিত হচ্ছে আর্থিক সাহায্য পেয়ে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** আপনার প্রশ্ন ছিল কলকাতা এবং সংলগ্ন এলাকায় রামমোহন কলেজে একটা নতুন আবাস গৃহ নির্মাণের জন্য অনুদান মঞ্জুর করা হয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** আগে যেমন কামাইকেল কলেজে এবং বিভিন্ন কলেজে স্টুডেন্টরা থাকতে পারতেন সেই রকম বিভিন্ন কলেজে ছাত্ররা থাকার জায়গা পাচ্ছে না, তাদের জন্য আবাস গৃহ নির্মাণের প্রয়োজনীয়তা উপলব্ধি করছেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** সম্প্রতি কলকাতা বিশ্ববিদ্যালয় স্নাতক পর্যায়ে একটা আবাস গৃহ, পাঠাগার নির্মাণের জন্য একটি পরিকল্পনা আমাদের কাছে পাঠিয়েছেন। এটা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কাছে বিবেচনার জন্য পাঠিয়েছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** আগে হার্ডিঞ্জ হোস্টেলে কত ছাত্রের সিট ছিল, এখন সরানোর পর কত ছাত্রের সিট আছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** নোটিশ চাই।

## Promotion of Adult Education in hill areas

*135. (Admitted question No. *594.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) the steps taken by the Government for promotion of adult education in the hill areas of Darjeeling district ; and

(b) the number of adult education centres opened in the hill areas during —

(i) the tenure of the present Government (up to January, 1980),

(ii) the tenure of the previous Government (between March, 1972 to March, 1977)?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(এ) পার্বত্য অঞ্চল সমেত সমগ্র জেলার বয়স্ক শিক্ষা কর্মসূচীর সার্থক রূপায়ণের

জন্য একটি জেলা বয়স্ক শিক্ষা পর্ষদ গঠন করা হয়েছে এবং বর্তমানে যে কেন্দ্রগুলি চালু আছে সেগুলি ছাড়া রুর‍্যাল ফাংশনাল লিটারেসি প্রোজেক্টের আওতায় দুটি সংশ্লিষ্ট ব্লকে আরও ৩০০ টি বয়স্ক শিক্ষা কেন্দ্র খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(বি) (১) ৫৬টি

(২) ১০০টি

**শ্রী দাওয়া নরবু লা :** আপনি (বি) প্রশ্নের ১নং উত্তরে বললেন ৫৬টি, এটা সাব-ডিভিসন ওয়াইজ বলতে পারবেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** আমরা সমগ্র জেলায় দুটি কন্টিগিউয়াস ব্লক নিয়ে একটা প্রোজেক্ট করে ৩০০ কেন্দ্র খোলার সিদ্ধান্ত নিয়েছি।

**উদয়ন ছাত্রাবাসের বাড়ি অধিগ্রহণ**

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০।) **শ্রী সুমন্তকুমার হীরা :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মধ্য কলিকাতার ৬১/১/ই নির্মলচন্দ্র স্ট্রিটে অবস্থিত তফসিলি ছাত্রদের জন্য নির্ধারিত "উদয়ন" ছাত্রাবাসের বাড়িটি সরকার অধিগ্রহণ করে সংস্কার ও পুনর্নির্মাণের কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি; এবং

(খ) উপরোক্ত প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কতদিনে এই পরিকল্পনা কার্যকরি হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(ক) এবং (খ)

বর্তমানে বাড়িটি সরকারের অধিগ্রহণ করিবার কোন পরিকল্পনা নাই। বাড়ি সংস্কারের জন্য টাকা ১৯৭৭-৭৮ সালে সরকার মঞ্জুর করিয়াছেন কিন্তু মহামান্য হাইকোর্টের অন্তবর্তীকালীন স্থগিত আদেশ থাকায় সংস্কারকার্য এতকাল করা সম্ভব হয় নাই।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** কতদিনের মধ্যে এই পরিকল্পনা শেষ হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এখন বলা সম্ভব নয়।

**সত্যেন্দ্রনাথ বসু ইনস্টিটিউট অব ফিজিক্যাল সায়েন্স**

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৭।) **শ্রী সরল দেব :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সত্যেন্দ্রনাথ বসু ইনস্টিটিউট অব ফিজিক্যাল সায়েন্স-এর জমির জন্য রাজ্য সরকার দু লক্ষ চল্লিশ হাজার টাকা মঞ্জুর করা সত্ত্বেও উক্ত মঞ্জুরীকৃত টাকা এখন পর্যন্ত উক্ত সংস্থাকে দেওয়া হয় নাই;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি; এবং

(গ) উক্ত সংস্থাকে স্বয়ংশাসিত সংস্থা হিসাবে গড়িয়া তোলার কোন পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে?

*শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ*

*(ক) সত্যেন্দ্রনাথ বসু ইন্সটিটিউট অব ফিজিক্যাল সায়েন্স কলিকাতা বিশ্ব বিদ্যালয়ের অধীনে একটি গবেষণামূলক সংস্থা। উক্ত টাকা বিশ্ববিদ্যালয়কে দেওয়া হয়েছিল এবং তাহা* বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা আছে। রাজ্য সরকারের PW(MD) বিভাগের নিকট হইতে ক্রয় করা বাবদ দাবিপত্র পেতে ঐ অর্থ জমা নেওয়া হবে।

(খ) সংস্থাটি কলিকাতা বিশ্ববিদ্যালয়েরই অংশ বিশেষ।

(গ) বিশ্ববিদ্যালয়ের বিবেচ্য বিষয়।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমার প্রশ্ন হচ্ছে (গ)তে যে উক্ত সংস্থাকে স্বয়ং শাসিত করে গড়ে তুলবার কোন পরিকল্পনা, এই আটোনোমাস বডিকে স্বয়ং শাসিত করে গড়ে তুলবার কোন পরিকল্পনা আপনার আছে কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমি উত্তরে পরিষ্কার করে বলেছি যেহেতু এটা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত একটি সংস্থা এটাকে স্বয়ং শাসিত সংস্থা হিসাবে পর্যবসিত করা হবে কিনা সেটা বিশ্ববিদ্যালয় বিবেচনা করবে, রাজ্য সরকারের কিছু করার নেই।

**শ্রী সরল দেব ঃ** বিশ্ববিদ্যালয় এই সম্পর্কে কি সিদ্ধান্ত গ্রহণ করেছে তা আপনার জানা আছে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমি এই সম্পর্কে কিছু জানিনা।

**শ্রী রাধিকারঞ্জন প্রামানিক ঃ** এই ইনিস্টিটিউটে এম ফিল কোর্সে ভর্তি হওয়ার ব্যাপারে ঐ ইস্যুতে ঐ ইনিস্টিটিউটের কর্তৃপক্ষের এবং বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যানসেলারের বিরোধের ফলেই ইউ, জি, সি.র গ্র্যান্ট বন্ধ হয়ে গিয়েছে এটা কি সত্যি? যদি এই ব্যাপারে অবগত থাকেন তাহলে এই যে অচল অবস্থার সৃষ্টি হয়েছে ভর্তির ব্যাপারে সে সম্পর্কে আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমি গোড়ায় বলেছি রাজ্য সরকারের কাছে তারা অনুমোদন চেয়েছিল আমরা অনুমোদন দিয়েছি। কিন্তু বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তাদের যে বিষয়ে গন্ডগোল হয়েছে সেটা হচ্ছে একটা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত সংস্থা হিসাবে বিশ্ববিদ্যালয়ের নিয়ম কানুন অনুযায়ী তাদের যে পরিচালন কমিটি গঠন করতে হয় সেই বিষয়ে মতদ্বৈত দেখা গিয়েছে। এই বিষয়ে সরকারের কিছু করণীয় নেই।

**শ্রী রাধিকারঞ্জন প্রামানিক ঃ** ইউ. জি. সি, গ্র্যান্ট বন্ধ হয়ে যাবার জন্য যে অচল অবস্থার সৃষ্টি হয়েছে সেই সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে সে সম্পর্কে সরকারি রিপোর্ট পাইনি।

**শ্রী রাধিকারঞ্জন প্রামানিক ঃ** এই ইনস্টিটিউটকে জাতীয় সংস্থা হিসাবে গড়ে তোলার জন্য আপনি কি প্রচেষ্টা চালাচ্ছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** বিষয়টা আমি বলেছি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তাদের একটা বিষয়ে মতদ্বৈত চলছে এবং এই বিষয়ে হাইকোর্টে একটা মামলাও আছে। সুতরাং বিশ্ববিদ্যালয়ের বক্তব্য জানবার পর সরকার এটা বিবেচন করতে পারেন।

**নিরক্ষর প্রাপ্ত বয়স্কা মহিলা**

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৮।) **শ্রী অনিল মুখার্জী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের গ্রামের নিরক্ষর প্রাপ্তবয়স্কা মহিলার সংখ্যা কত ; এবং

(খ) ঐসব মহিলাদের নিরক্ষরতা দূরীকরণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) পশ্চিমবঙ্গের গ্রামের নিরক্ষর প্রাপ্ত ১৫ থেকে ৩৫ বছর বয়স সীমার অন্তর্ভুক্ত মহিলাদের সংখ্যা আনুমানিক ৩৪.৬২ লক্ষ।৩৫ বছর বয়সের উর্ধ্বে গ্রামের নিরক্ষর মহিলাদের সংখ্যা আনুমানিক ৭০ লক্ষ।

(খ) (১) রাজ্য সরকারের পরিচালনায় ও অর্থানুকূল্যে ১৭১৫ টি কেন্দ্রের প্রতিটি কেন্দ্রে বছরে ৪০ জন বয়স্কা (১৫ থেকে ৩৫) মহিলাদের শিক্ষা দেওয়া হয়।

(২) এছাড়া রাজ্য সরকারের পরিচালনায় ও অর্থানুকূল্যে অন্তত ৩৫টি কেন্দ্রের প্রতিটি কেন্দ্রে ৩০জন বয়স্কা (১৫ হইতে ৩৫ বৎসর) মহিলাকে শিক্ষা দেওয়া হয়।

(৩) এ ছাড়াও কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে চলতি আর্থিক বৎসরে ১৪টি জেলায় ৩০০ কেন্দ্র যুক্ত ১৪টি প্রোজেক্ট অনুমোদিত হয়েছে এবং রাজ্য সরকারের আর্থানুকূল্যে ১৫টি জেলায় ৩০০ কেন্দ্র যুক্ত ১৫টি প্রোজেক্ট অনুমোদিত হয়েছে। নির্দেশ দেওয়া হয়েছে যে উক্ত ৮৭০০টি কেন্দ্রের অন্তত অর্ধেক যেন বয়স্ক মহিলাদের জন্য নির্দিষ্ট রাখা হয়। ঐসব কেন্দ্রের প্রত্যেকটিতে ৩০ জন করিয়া বয়স্ক মহিলা শিক্ষা পাবেন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** এই যে ৩০০ কেন্দ্র যুক্ত ১৪টি প্রোজেক্ট কেন্দ্রীয় সরকারের টাকা নিয়ে আপনি করছেন এবং ৩০০ কেন্দ্র যুক্ত ১৪টি প্রোজেক্ট নিজেদের টাকা থেকে করছেন, এই কেন্দ্রগুলিতে কতজন নিরক্ষর মহিলা সাক্ষর যোগ্যা হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমি বলেছি শতকরা ৫০ ভাগ যাতে থাকে তার ব্যবস্থার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

[1-20— 1-30 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এখানে শিক্ষা বলতে কি বুঝাচ্ছেন, হাতের কাজ শিক্ষা, না অক্ষর শিক্ষা।

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এগুলোর মধ্যে শুধু কারিগরী জ্ঞানের শিক্ষা নয়, এর সঙ্গে বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা আছে। অর্থাৎ শিক্ষার একটা নির্দিষ্ট সময় থাকবে, যে সময়ে বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা থাকবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই যে মহিলা শিক্ষার স্কীম চালু হয়েছে, এটা কতদিন হয়েছে এবং আরও হওয়ার সম্ভাবনা আছে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** ইতিমধ্যে যেগুলো আছে তার পরিসংখ্যান আমি দিয়ে দিয়েছি। আর নূতন খোলার কথা কেন্দ্রীয় সরকারের ৪২শো, আর রাজ্য সরকারের ৪৫শো। এর অর্ধেক হবে মহিলাদের জন্য নির্দিষ্ট।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আপনার কাছে এই রকম খবর আছে কি নামে হয়তো আছে এবং নামেই নিরক্ষরতা দূরীকরণ কেন্দ্র চলছে, কিন্তু কাজ হচ্ছে না, টাকা পয়সা তছরুপ হচ্ছে।

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এই ধরনের অভিযোগ পেয়েছিলাম ১৯৭২-৭৭ সাল-এর সময়ে যে কেন্দ্রগুলি তার মধ্যে কিছু কিছু ব্যাপারে। সেই রকম অকেজো বা ভূয়া হিসাব ছিল। কিন্তু নূতন যেগুলো হয়েছে, সেগুলো সম্পর্কে বিরোধী সদস্যদের কাছ থেকে অভিযোগ পাই নি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** এই মঞ্জুরী করার জন্য কার কাছে আবেদন করতে হবে এবং স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলো এই রকম স্কীম তৈরি করবার জন্য মঞ্জুরী পেতে পারেন কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** আমি গোড়াতেই বলেছি যে কোন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান নূনপক্ষে ৩০টি কেন্দ্র চালু করেছে এবং তিন বছর ধরে কাজ করছে এই রকম প্রমাণ সহ নির্দিষ্ট আবেদনপত্রে আবেদন করতে পারেন। রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয়। রাজ্য সরকার সেগুলো অনুসন্ধান করে রিপোর্ট পাঠানোর পর কেন্দ্রীয় সরকার তার ভিত্তিতে মঞ্জুর দেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** আগে চালানোর অভিজ্ঞতা প্রয়োজন আছে মনে করেন। কিন্তু আগে না চললে ভবিষ্যতে তো চলতে পারে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এটা কেন্দ্রীয় সরকার ঠিক করে দেন যে তিন বছর ধরে আসছে এটা দেখাতে হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** এখন যেসব স্বেচ্চাসেবী প্রতিষ্ঠান আছে সেগুলো সব তিন বছর ধরে চলেছে তার প্রমাণ আছে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** নির্দিষ্ট অভিযোগ পেলে সে সম্বন্ধে বক্তব্য বলতে পারব। এইটা সাধারণ প্রশ্নের উত্তরে দেওয়া সম্ভব নয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** কেন্দ্রীয় সরকার কি এই স্কীম চালু করেছেন যে তিন বছর চালানো এবং ন্যূনপক্ষে ৩০টি কেন্দ্র করতে হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এইটা সম্পূর্ণ কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে। কেন্দ্রীয় সরকার নির্দিষ্ট স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে ন্যূনপক্ষে তিন বছর চালানো প্রয়োজন এবং ৩০টি কেন্দ্র নূন্যপক্ষে চালাতে হবে, তবেই রাজ্য সরকার সে ব্যাপারে দেখতে পারেন।

**শ্রী শান্তিরাম মাহাতো :** আপনার কাছে জেলাওয়াইস পরিসংখ্যান আছে কি, আপনি তো স্টেটওয়াইস পরিসংখ্যান দিয়েছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আপনি বলেছেন কেন্দ্রীয় সরকারের কাছে আপনারা রেকোমেন্ড করে থাকেন নামগুলো। আপনি কি বলতে পারেন কতকগুলো সংস্থা রেকোমেন্ড করেছেন যাদের তিন বছরের অভিজ্ঞতা রয়েছে এবং কমপক্ষে ৩০টি সেন্টার চালিয়েছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এখনই বলা সম্ভব নয়, নোটিশ চাই।

**শ্রী জন্মেজয় ওঝা :** মন্ত্রী মহাশয় এইটা অনুসন্ধান করে দেখেছেন কি যে এই রকম ভূয়া প্রতিষ্ঠান করে টাকা মারবার চেষ্টা চলছে?

(নো রিপ্লাই)

**মাধ্যমিক বিদ্যালয় গৃহ নির্মাণের জন্য অনুদান**

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৯।) **শ্রী মনোরঞ্জন রায় :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের দশম শ্রেণীর মাধ্যমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণের জন্য সরকার হইতে অনুদান দেওয়া হয়; এবং

(খ) সত্য হইলে,—

(১) ১৯৭৮-৭৯ সালের এবং ১৯৭৯-৮০ সালের জুলাই পর্যন্ত মেদিনীপুর জেলায় কতগুলি বিদ্যালয়কে এই অনুদান মঞ্জুর করা হয়েছে; এবং

(২) কিসের ভিত্তিতে এই অনুদান দেওয়া হয়?

**শ্রী পার্থ দে :**

(ক) হ্যাঁ

(খ) মেদিনীপুর জেলায় ১৯৭৮-৭৯ সালে মোট ৬৫ টি মাধ্যমিক বিদ্যালয়কে গৃহ নির্মাণ বাবদ অর্থ মঞ্জুর করা হয়েছে। ১৯৭৯-৮০ সালে মাধ্যমিক বিদ্যালয় সমূহকে গৃহ নির্মাণ বাবদ অর্থ মঞ্জুর বিষয়টি সরকারের বিবেচনাধীন।

সরকারি নির্দেশানুযায়ী গঠিত District level committee-র অনুমোদন সাপেক্ষে এবং অগ্রাধিকারের ভিত্তিতে বিদ্যালয়গুলিকে অর্থ মঞ্জুর করা হয়।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই যে মঞ্জুরী করা হয় ম্যাক্সিমাম কত টাকা দিতে পারেন একটা বিদ্যালয়কে অনুদান হিসাবে?

**শ্রী পার্থ দে :** সেরকম কোন কিছু নাই, প্রয়োজন অনুযায়ী দেওয়া হয়।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আপনি মেদিনীপুর জেলার ৬৫ টি বিদ্যালয়ের জন্য যে অর্থ মঞ্জুরী করেছেন, কত টাকা মঞ্জুরী করেছেন টোটাল?

**শ্রী পার্থ দে :** দুটি দিক আছে, ৫১ টি হায়ার সেকেন্ডারী বিদ্যালয়ে ৩০ লক্ষ ৫০ হাজার টাকা দেওয়া হয়েছে, বাকিটা ঠিক বলতে পারিনা তবে ৫০ লক্ষ টাকার উপর।

**শ্রী রজনীকান্ত দোলুই :** বন্যা এলাকায় যে সমস্ত স্কুল নষ্ট হয়েছে সেগুলিতে দিয়েছেন কি?

**শ্রী পার্থ দে :** এর মধ্যে চারটি ভাগ আছে—যা বন্যায় বিধ্বস্থ হয়েছিল সম্পূর্ণ ধ্বংস হয়েছিল, আর একটা হচ্ছে যে সব মাধ্যমিক বিদ্যালয় ভবন ছিল না আগে থেকে তার একটা অংশ, আর একটা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ১৯৭৬ সালের পরে কোন অনুদান পাননি, তারা, আর চতুর্থ অংশ-মাধ্যমিক বিদ্যালয় জুনিয়ার হাইস্কুল যাদের পুনর্নির্মাণ দরকার এই হচ্ছে ৪টি ভাগ।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** *পশ্চিমবাংলার ১০ম শ্রেণীর মাধ্যমিক বিদ্যালয়ের গৃহনির্মাণের জন্য মোট কত টাকা দেওয়া হয়েছিল?*

**শ্রী পার্থ দে :** এই প্রশ্ন থেকে যদিও এই প্রশ্ন আসেনা, তবু বলি, বাজেট বক্তৃতায় আমি বলেছি যে গত বছর আমরা ৬ কোটির উপর শুধু মাধ্যমিক— হাই এবং জুনিয়ার হাইস্কুলের গৃহনির্মাণ বাবদ দেওয়া হয়েছে, এটা একটা রেকর্ড।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে এটা কি একটু খোঁজ নেবেন যে সমস্ত বিদ্যালয়ে টাকা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে বা সুপারিশ করা হয়েছে, দেখা যাচ্ছে যে লাল ফিতার বাঁধনের ফলে সেই সব টাকা গিয়ে পৌছায়নি, এ সম্বন্ধে জবাব দেবেন কি?

**মিঃ স্পিকার :** The question is disallowed.

**শ্রী জন্মেজয় ওঝা :** মেদিনীপুর জেলার যে সমস্ত স্কুলের ঘর বাড়ি ভেঙে গিয়েছে, কাজ করতে পারছেনা ক্যাপিটাল গ্রান্টের জন্য দরখাস্ত করেছে কিন্তু তা অনুমোদন করছেনা। না কেন এ সম্বন্ধে একটু বলবেন কি?

**শ্রী পার্থ দে :** এই সম্পর্কে নির্দিষ্ট বক্তব্য থাকলে নেব, কিন্তু এই রকম কোন অভিযোগ নাই পরন্তু এই রকম একটা পদ্ধতি চালু করা হয়েছে যা আগে ছিলনা। তা হল একটা কমিটি করে দেওয়া হয়েছে যে কমিটির চেয়ারম্যান হচ্ছে ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট, অর্থাৎ তিনি কোন দলের নন, আগে নিয়ম ছিল বিদ্যালয়গুলি যাদের ইনিশিয়েটিভে, প্রভাব প্রতিপত্তিতে আছে, তাঁরা সরকারের কাছে আবেদন করতেন বা করতে পারতেন, এখন বলেছি—এই কমিটি বিচার করে দেখবে কোন বিদ্যালয়ের গৃহনির্মাণ করার প্রয়োজন আছে, বিচার করে একটা প্যানেল স্কীম দেবে। এটা নির্বাচনের কোন ব্যাপার নয়, নির্বাচন যাতে করা যায় তারই উদ্যোগ করা হচ্ছে।

[1-30— 1-40 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** যে স্কুলের জন্য টাকা মঞ্জুর করা হয়েছে সেখানে আপনার ডিপার্টমেন্ট থেকে একটা অর্ডার দেওয়া হয়েছে। এই বলে যে জি.পি.র কাছ থেকে লেখাতে হবে যে ফ্রি. ফ্রম এনকামব্রেনসেস— এই রকম যে সার্টিফিকেট দিতে হবে জি.পি.সেটা দিচ্ছে না এবং তার ফলে অনেক টাকা ডিসবারস হবে না—মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এরকম খবর এসেছে কি?

(নো রিপ্লাই।)

**বয়স্ক শিক্ষার প্রসার**

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৬।) **শ্রী অমলেন্দ্র রায় :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি, বয়স্ক সাক্ষরদের সংখ্যা বাড়াইবার জন্য সম্প্রতি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** স্যার, আমি এর উত্তর আগেই দিয়ে দিয়েছি।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনার কাছে অ্যাডাল্ট

ইললিটারেট —বয়স্ক অশিক্ষিত যারা তাদের সংখ্যা আছে কি?

**শ্রী শম্ভু চরণ ঘোষ :** এটা এখনই দিতে পারছি না, নোটিশ দিলে বলতে পারি।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে কর্মসূচী গ্রহণ করা হয়েছে তাতে এ্যাডল্ট লিটারেসির সংখ্যা কি পরিমাণ বাড়ছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** সেটা তো অঙ্ক কষে নিতে হবে। কেন্দ্রীয় প্রকল্প অনুযায়ী ৪২শো এবং রাজ্য প্রকল্প অনুযায়ী ৪৫শো, এই দুটি যোগ করে সেটা ইন্টু ৩০ করলেই সংখ্যাটা পাওয়া যাবে। সেই সংখ্যাটা প্রতি বছর কমাতে পারা যাচ্ছে।

**কোচবিহার জেলায় বয়স্ক শিক্ষাকেন্দ্রে সংখ্যা**

*২৩২।(অনুমোদিত প্রশ্ন নং *৬২৩।) **শ্রী বিমলকান্তি বসু :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় মোট কয়টি বয়স্ক শিক্ষা কেন্দ্র আছে ; এবং

(খ) বর্তমান আর্থিক বৎসরে এই জেলায় আর কত সংখ্যক উক্ত প্রকার শিক্ষাকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(ক) ১০২ টি

(খ) ৬০০ টি

**বয়স্ক শিক্ষা কর্মসূচীতে কেন্দ্রীয় সরকারের সাহায্য**

*৩৫৭।(অনুমোদিত প্রশ্ন নং *২৪৫।) **শ্রী সুমন্তকুমার হীরা :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কে —

(ক) ১৯৭৭-এর জুন মাস থেকে বয়স্ক শিক্ষা কর্মসূচী বাবদ এ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট থেকে কত টাকা পেয়েছেন।

(খ) ইহা কি সত্য যে, বর্তমানে কেন্দ্রীয় সরকার উক্ত কর্মসূচী বাতিল করার প্রস্তাব করেছিলেন; এবং

(গ) সত্য হ'লে উক্ত প্রস্তাব বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(ক) ৪৩, ১০, ৩২৭ টাকা।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

**পশ্চিমবঙ্গের মফস্বলে সরকারি দুগ্ধ বিক্রয়**

*৩৫৮।(অনুমোদিত প্রশ্ন নং *৯০৪।) **শ্রী সন্তোষকুমার দাস :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে প্রতিদিন কত পরিমাণ দুগ্ধ সরকারি বিক্রয়কেন্দ্র মারফত বিক্রয় করা, হয়। এবং

(খ) পশ্চিমবঙ্গের মফস্বলে সরকারি দুগ্ধ বিক্রয়কেন্দ্র খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :**

(ক) মোট ২,৩০,৭০০ লিটার।

(খ) কতকগুলি মফস্বল শহরে ইতিপূর্বেই সরকারি দুগ্ধ বিক্রয় কেন্দ্র খোলা হইয়াছে।

**শ্রী সন্তোষকুমার দাস :** হাওড়া জেলার মফস্বল শহরে কোথায় কোথায় খোলা হয়েছে, জানাবেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** আমি মফস্বল শহরের সব জায়গাগুলিকে নাম পড়ে দিচ্ছি। বৃহত্তর কলকাতা দুগ্ধ প্রকল্প মারফত কলকাতা শহর ছাড়া টিটাগড়, সোদপুর, নিমতা, বেলঘরিয়া, শ্রীরামপুর, চন্দননগর, হাওড়ার বালি, হুগলি, কৃষ্ণনগর, রাণাঘাট, কল্যাণী, কাঁচড়াপাড়া, ইত্যাদি এই সমস্ত মফস্বল শহরে দুধ দেওয়া হয়। তাছাড়া হলদিয়া, মেদিনীপুর এবং খড়গপুরেও দুধ সরবরাহ করা হয়।

**শ্রী সন্তোষকুমার দাস :** আপনি যে নামগুলি বললেন সেগুলি সবই কলকাতার আশেপাশে অবস্থিত। কিন্তু আমি মফস্বলের আরো ভিতরের দিকে হওয়া উচিত বলে মনে করছি। কারণ যাদের ভোটে আমরা এখানে নির্বাচিত হয়ে এসেছি তাদের জন্য আপনি কি ব্যবস্থা করছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** আমি এটুকু বলতে পারি আজকে আমার বাজেট আপনাদের কাছে উপস্থিত করব, তার মধ্যে প্রস্তাব থাকবে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** কয়েকদিন আগে আমরা পেপারে দেখলাম শ্যাওলা মেশানো দুধ বিক্রি হচ্ছে। এই ধরনের কোন রিপোর্ট আপনার কাছে আছে কিনা এবং থেকে থাকলে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** এই রকম কোন অভিযোগ আমার কাছে সরাসরি আসেনি। সংবাদপত্রে বেরিয়েছিল এবং সেই খবর পেয়েই আমি তদন্ত করিয়েছিলাম। যার নামে অভিযোগ, আমি শুনলাম তিনি অবশ্য এই কথা স্বীকার করেন নি। তিনি বলেছিলেন দুধের মধ্যে বোধ হয় কিছু মিশ্রণ ছিল, শ্যাওলার কথা বলেন নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** সরকারি যে দুধ সরবরাহ করা হয় তার মধ্যে প্রতিদিন গড়ে ৫ হাজার লিটার দুধ কলকাতা মিষ্টির দোকানে চলে যায়, এই সম্পর্কে কোন খবর পেয়েছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** আমি বলতে পারি এই রকম কোন নির্দিষ্ট অভিযোগ আমার কাছে নেই। আজকে সংবাদপত্রে এটা দেখেছি। নির্দিষ্ট অভিযোগ পেলে আমি তদন্ত করব। কিছু দুধ চুরি হয়েছিল, তা নিয়ে পুলিশ এবং গোয়েন্দা দপ্তর তদন্ত করছে, সেটা ভিন্ন ব্যাপার।

**শ্রী [illegible] মৈত্র :** উত্তরবঙ্গে দুধ সংগ্রহের কোন কৈন্দ্র আছে কিনা, বলবেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** উত্তরবঙ্গে পরিকল্পনা সম্পর্কে আমি আমার বাজেট বক্তৃতার সময় উপস্থাপিত করব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারি থেকে ২৮০ বস্তা গুঁড়ো দুধ চুরি গেছে এবং যারা চুরি করেছে তাদের বিরুদ্ধে আজ পর্যন্ত আপনি কোন শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** আমি আগেই যেটা বললাম মাননীয় সদস্য সত্য বাপুলী সেই প্রশ্নই করছেন। হ্যাঁ, এই গুঁড়ো দুধ চুরি হয়েছিল। যখন গুদামে তোলা হচ্ছিল সেই সময় ভ্যান শুদ্ধ উধাও হয়ে যায়। আমরা পুলিশের কাছে ডাইরি করেছি, পুলিশ তদন্ত করছে। ইতিমধ্যে প্রাইমাফেসি ডাউটস উঠেছে ৪ জনকে নিয়ে, আমরা তাদের সাসপেন্ড করেছি। তার মধ্যে একজন হল সাধারণ ওয়ার্কার, রেগুলার ওয়ার্কার নয়, তাকে বসিয়ে রাখা হয়েছে— তার মানে আলাদা করে রাখা হয়েছে, আর ৩ জনকে সাসপেন্ড করা হয়েছে এবং গোয়েন্দা দপ্তর এই ব্যাপারে তদন্ত করছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** ইনফরমেশন দিয়েছেন কয়েকজনকে সাসপেন্ড করা হয়েছে। কিন্তু প্রকৃত এই দুধ চুরি করার জন্য দায়ী তাদের কিন্তু এখন পর্যন্ত আপনি সাসপেন্ড করেন নি। যেখান থেকে চুরি হয়েছে, যার কন্ট্রোলে থাকে, একটু উপরতলার অফিসার, তাকে কি আপনি সাসপেন্ড করেছেন?

[1-40— 1-50 P.M.]

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** মাননীয় সদস্য সত্য বাপুলী, মহাশয় একজন আইনজীবী তিনি নিশ্চয় জানেন পুলিশের কাছে তদন্ত করতে পাঠাবার পর যতক্ষণ পর্যন্ত নির্দিষ্ট অভিযোগ নিয়ে পুলিশ আদালতে কেস এনে হাজির করে ততক্ষণ পর্যন্ত কিছু করা যায় না সন্দেহের বসে কিছু করা যায় না। প্রাইমাফেসি কেস আছে কিনা সেটা দেখতে হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** এই প্রসঙ্গে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই যে উর্ধতন অফিসারের বিরুদ্ধে পুলিশ প্রাইমাফেসি কেস রেডি করেছিল। কিন্তু আপনার দপ্তর থেকে বারণ করার জন্য কেস করা হয় নি এটা কি আপনি জানেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** অভিযোগটি সম্পূর্ণ অসত্য।

## Setting up of Regional Rural Banks

*359. (Admitted No. *1028) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) what action has been taken by the Government for setting up Regional Rural Banks under the provisions of the Regional Rural Banks Act, 1976;

(b) the amount invested by the State Government for setting up

the Regional Rural Banks during the years 1975-76. 1976-77. 1977-78, 1978-79 and 1979-80 (upto 15th February. 1980)?

**Dr. Ashok Mitra :**

(a) The following four Regional Rural Banks have been set up in the State or West Bengal so far :

(1) Gour Gramin Bank with its Head Office at Malda. Its Jurisdiction covers the districts of West Dinajpur, Malda and Mushidabad.

(2) Mallabhum Gramin Bank with its Head Office at Bankura. Its Jurisdiction covers the districts of Bankura, Purulia and Midnapore.

(3) Mayurakshi Gramin Bank with its Head Office at Suri. Its jurisdiction covers the district of Birbhum.

(4) Uttar Banga Kshatriya Gramin Bank with its Head Office at Cooch Behar. Its jurisdiction covers the districts of Cooch Behar, Jalpaiguri and Darjeeling.

(b) The details of the amount invested by the State Government as share capital for setting up Regional Rural Banks are as follows :-

| Year | Amount invested | Name of Regional Rural Bank |
|---|---|---|
| 1975-76 | Rs. 3,75,000/- | Gour Gramin Bank, Malda. |
| 1976-77 | Rs. 3,75,000/- | Mallabhum Gramin Bank, Bankura. |
| 1976-77 | Rs. 3,75,000/- | Mayurakshi Gramin Bank, Suri. |
| 1977-78 | Rs. 3,75,000/- | Uttar Banga Kshetriya Bank Cooch Behar. |
| 1978-79 | NIL | |
| 1979-80 (upto 15.2.80) | NIL | |

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন ৪টি রিজিওনাল রুর‍্যাল ব্যাঙ্ক করেছেন Gour Gramin Bank, Mallabhum Gramin Bank, Mayurakshi Gramin Bank, Uttar Banga Kshetriya Gramin Bank.

কিন্তু দেখা যাচ্ছে সব জেলাতে এটা কভার করছে না। যে জেলাগুলিতে এখনও হয় নি সেই সব জেলাগুলিতে ঐ রিজিওনাল রুর‍্যাল ব্যাঙ্ক খোলার কোন প্রপোজ্যাল আপনাদের আছে কি না?

**ডঃ অশোক মিত্র :** ব্যাঙ্ক খোলার অধিকার আমাদের নেই। ব্যাঙ্ক খোলার অধিকার একমাত্র কেন্দ্রীয় সরকারের আছে। আমরা কেন্দ্রীয় সরকারকে বার বার লিখেছি যে পশ্চিমবাংলায় অন্তত ২৪ পরগনা, বর্ধমান, হুগলি, হাওড়া ও নদীয়াতে এই ধরনের ব্যাঙ্ক খোলার জন্য। বহুবার চিঠি লেখার পর একটি চিঠি কিছু দিন আগে পেয়েছি যে ২৪ পরগনা, হাওড়া, বর্ধমানে এই ব্যাঙ্ক করার কথা তাঁরা বিবেচনা করছেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** এই ধরনের স্টেট ব্যাঙ্ক করলে কো-অপারেটিভ মুভমেন্টের ক্ষতি হবে কিনা কারণ কো-অপারেটিভ ব্যাঙ্ক সেখানে রয়েছে।

**ডঃ অশোক মিত্র :** আমার বিবেচনা ক্ষতি হবে না। আমাদের পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে ঋণ দেবার খুব অভাব। দুই ব্যাঙ্ক পাশাপাশি থেকে কাজ করতে পারবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** কো-অপারেটিভ মুভমেন্টকে জোরদার করতে গেলে এটার দরকার আছে আর কো-অপারেটিভ ব্যাঙ্ককে টাকা দেয় স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক এবং তাদের প্রচুর টাকা আছে। কো-অপারেটিভ ব্যাঙ্ক প্রপার ইউটিলাইজেশন হচ্ছে না। এখানে আপনারা আবার প্রপোজ্যাল দিচ্ছেন এই ধরনের ব্যাঙ্ক করার জন্য গভর্নমেন্ট অব ইন্ডিয়াকে। আমি ইন্ডিয়ান এক্সপ্রেস নামে একটা কাগজে দেখলাম তাতে এ সম্বন্ধে সমালোচনা করেছে। একটা আর্টিকেল বেরিয়েছে তাতে বলছে যে Proposals will stand in the way of the development of co-operative movement of the state. এই জন্য আমি এই কথা বলছি।

**ডঃ অশোক মিত্র :** পুরানো বিভিন্ন সমবায় ব্যাঙ্ক এবং গ্রামীণ ব্যাঙ্ক পাশাপাশি থাকলে নিশ্চয়ই অগ্রগতি হতে পারে। আমি স্ববিরোধীতা কিছু দেখছি না।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয়, ডিটেলস অব দি অ্যামাউন্ট ইনভেস্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট, এই সম্পর্কে আপনি ১৯৭৫-৭৬, ৭৬-৭৭, এবং ৭৭-৭৮ সালের কথা বললেন। ১৯৭৮-৭৯ এবং ১৯৭৯-৮০তে কোন রকম ইনভেস্ট করলেন না কেন?

**ডঃ অশোক মিত্র :** কেন্দ্রীয় সরকার নূতন কোনো ব্যাঙ্ক খোলেনি, সে জন্য আমরা টাকা দিতে পারিনি। ব্যাঙ্ক যদি খোলেন আমরা শেয়ার ক্যাপিটাল হিসাবে টাকা দেব।

## কিন্ডারগার্ডেন বা নাসরী স্কুলগুলির শিক্ষাব্যবস্থা

*৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৮।) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইংরেজী মাধ্যমের কিন্ডারগার্ডেন বা নাসরী স্কুলের (যেগুলি সংবিধানের ৩০ অনুচ্ছেদের আওতায় পড়ে না) মাধ্যমে যে শিক্ষা ব্যবস্থা বর্তমানে শহরগুলোয় চালু আছে তা বামফ্রন্ট সরকারের শিক্ষানীতির পরিপন্থি। এবং

(খ) সত্য হইলে, ঐসব বিদ্যালয়গুলিকে নিয়ন্ত্রণের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী পার্থ দে :**

(ক) উক্ত প্রতিষ্ঠানগুলি বতর্মানে শিক্ষা কাঠামোর আওতায় পড়ে না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে রাজ্য সরকারের পরিচালিত প্রাথমিক শিক্ষাক্রম এবং পাশাপাশি ইংরাজী মাধ্যমে কিন্ডারগার্ডেন এবং নার্সারি স্কুল চলছে, তার ফলে প্রথম থেকে দুটি শ্রেণী হয়ে যাচ্ছে। এটা কি বামফ্রন্টের শিক্ষা নীতির পরিপন্থী নয়?

**শ্রী পার্থ দে :** এটা একটা সমীক্ষার ব্যাপার। এগুলি সমীক্ষা করে দেখতে হবে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয়, এই কিন্ডারগার্ডেন যেগুলি চলছে, যেহেতু ইংরাজী তুলে দিচ্ছেন, এগুলি বন্ধ হয়ে যায় এটাই কি চাচ্ছেন?

**শ্রী পার্থ দে :** এই প্রশ্ন ওঠেনা।

## বহরমপুরে আইন শিক্ষার ব্যবস্থা

*৩৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৬।) **শ্রী অমলেন্দ্র রায় :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বহরমপুরে আইন শিক্ষার ক্লাস খুলিবার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

পূর্বে যে সমস্ত আইন শিক্ষার ব্যবস্থা ছিল সেই সমস্ত স্থানে বর্তমানে খোলা কতখানি সম্ভব সরকার বিবেচনা করিবেন। আপাতত বহরমপুরে খোলার কোন সিদ্ধান্ত নাই।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, পূর্বে বহরমপুরে আইন কলেজ ছিল। কাজেই সেখানে খোলার জন্য কোন বিবেচনা করছেন কিনা জানাবেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** আমি বলেছি যে সমস্ত আইন শিক্ষার ব্যবস্থা ছিল সেই সমস্ত স্থানে বর্তমানে খোলা কতখানি সম্ভব সরকার বিবেচনা করবেন। গতবার হুগলি মহসীন কলেজ হয়েছে, এবারে চেষ্টা করা হচ্ছে কৃষ্ণনগর, কুচবিহার এবং বহরমপুরে খোলার কথা আমাদের বিবেচনাধীন আছে।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে যেখানে যেখানে খুলছেন, সেটা কিসের ভিত্তিতে খুলছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** আমি তো বলেছি যে কৃষ্ণনগর, কুচবিহার এবং তারপরে বহরমপুরে খোলার কথা আমাদের বিবেচনাধীন আছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মেদিনীপুর এই রকম আইন শিক্ষার ক্লাশ খোলার কোন ব্যবস্থা করছেন কি না?

**মিঃ স্পিকার :** মেন প্রশ্নটা ছিল বহরমপুর হবে কি না? আননেসেসারি এই রকম সাপ্লিমেন্টারি করে কি হবে।

## লালবাগে মহকুমা পশুহাসপাতাল

*৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৬।) **শ্রীমতী ছায়া ঘোষ :** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার লালবাগে মহকুমা পশুহাসপাতাল প্রতিষ্ঠা করার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

(খ) থাকিলে, কবে নাগাদ হাসপাতাল প্রতিষ্ঠার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

(গ) পশুখাদ্য উৎপাদনের জন্য মুর্শিদাবাদ জেলায় কোন বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :**

(ক) বর্তমান আর্থিক বছরে মুর্শিদাবাদ জেলার লালবাগে পশু হাসপাতাল স্থাপনের পরিকল্পনা সরকারের নাই। উক্ত স্থানে একটি পশু চিকিৎসালয় (ভেটিরিনারী ডিসপেন্সারী) আছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) মুর্শিদাবাদ জেলায় পশুখাদ্য উৎপাদনের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হইয়াছেঃ—

(১) মিনিকিট (সবুজ ঘাসের বীজের প্যাকেট) বিনামূল্যে সরবরাহ,

(২) সবুজ ঘাস চাষের প্রদর্শন ক্ষেত্র স্থাপনের জন্য বীজ ক্রয় ও চাষ বাবদ অনুদান ক্রয় ও চাষ বাবদ অনুদান দেওয়া, এবং

(৩) বিভিন্ন সবুজ ঘাসের বীজ ক্রয়ের জন্য খামারীকে ভর্তুকী দেওয়া।

[1-50— 2-00 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই :** কল্যাণী এবং নর্থ বেঙ্গল ছাড়া কোন কোন জেলায় পশু খাদ্য উৎপাদনের ব্যবস্থা আছে আপনার ডিপার্টমেন্ট থেকে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** সেই প্রশ্ন এখানে করেন নি। এই ব্যাপারে আমি আমার বাজেট বক্তব্যে বলব। তবে এইটুকু বলতে পারি, শালবনিতে ওনার বাড়ির পাশেই একটা বিরাট পশু খাদ্য উৎপাদনের খামার আছে।

## হলদিয়া উন্নয়নে কমিটি গঠন

*৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৭।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি —

(ক) হলদিয়ার উন্নয়নের জন্য "হলদিয়া উন্নয়ন কমিটি" গঠন করিবার পরিকল্পনা বর্তমানে কি পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত কমিটি কিভাবে কাহাদের দ্বারা গঠিত হইবে?

**ডঃ অশোক মিত্র :**

(ক) "পশ্চিমবঙ্গ শহর ও গ্রামীণ উন্নয়ন (পরিকল্পনা ও উন্নয়ন) আইন, ১৯৭৯" অনুসারে হলদিয়ার সামগ্রিক উন্নয়নের জন্য ১.৪.৮০ থেকে একটি উন্নয়ন সংস্থা প্রতিষ্ঠা করা হচ্ছে।

(খ) আইনানুসারে সরকার মনোনীত সদস্যদের দ্বারা এই সংস্থা গঠিত হবে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এতদিন আপনি হলদিয়া উন্নয়ন কমিটি গঠন করেন নি কেন, কি অসুবিধা ছিল?

**ডঃ অশোক মিত্র :** আগে একটা সরকারি কমিটি ছিল। তারপর একটা আইন করা হল, সেই আইন এখানে আপনারা পাশ করলেন। এখন আবার নুতন করে কমিটি করা হচ্ছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই কমিটির সদস্য কি নির্বাচিত হয়ে গেছে? হয়ে গেলে তাদের নাম কি?

**ডঃ অশোক মিত্র :** মনোনীত হবে, যথাসময়ে আপনারা জানতে পারবেন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আগে যে কমিটি ছিল, তারা কি কাজ করেছেন, তার চেয়ারম্যান কে ছিলেন, সেই কমিটিতে কারা কারা ছিলেন জানাবেন কি?

**ডঃ অশোক মিত্র :** একটা মন্ত্রী পর্যায়ে ছিল, ক্যাবিনেট সাব কমিটি আর একটা সেক্রেটারিয়াল লেভেলে ছিল, চিফ সেক্রেটারি চেয়ারম্যান ছিলেন, তারা হলদিয়ার সামগ্রিক উন্নয়নের ব্যাপারটা দেখছিলেন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এখন কি নতুন করে করা হয়েছে?

**ডঃ অশোক মিত্র :** আমি বলেছি নতুন ভাবে টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্ট এখান থেকে পাশ করেছিলেন আপনারা, সেই আইন অনুযায়ী একটা ডেভেলপমেন্ট অথরিটি করা হচ্ছে।

## কোচবিহার জেলার মাধ্যমিক বিদ্যালয়কে ক্যাপিটাল গ্রান্ট

*৩৬৪।(অনুমোদিত প্রশ্ন নং *৬২৫।) **শ্রী বিমলকান্তি বসু :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমান সরকারের আমলে কোচবিহার জেলায় কোন মাধ্যমিক বিদ্যালয়কে ক্যাপিটাল গ্রান্ট দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত গ্রান্ট প্রদানের ক্ষেত্রে কি নিয়ম অনুসরণ করা হয়?

**শ্রী পার্থ দে :**

(ক) বর্তমান সরকারের আমলে কোচবিহার জেলায় নিম্নলিখিত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ক্যাপিটাল গ্রান্ট দেওয়া হইয়াছে ঃ—

(১) দেওয়ান হাট হায়ার সেকেন্ডারি ইনস্টিটিউশন, পোঃ দেওয়ানহাট।

(২) বক্সীর হাট হাইস্কুল।

(৩) দিনহাটা হাইস্কুল।

(৪) হলদিবাড়ী হাইস্কুল।

(৫) তুফানগঞ্জ এন.এন.এম. হাইস্কুল।

(৬) মহিষকুটি হাইস্কুল।

(৭) খোকসাডাঙ্গা প্রামাণিক হাইস্কুল।

(৮) নিশিগঞ্জে মিশিময়ী হাইস্কুল।

(৯) মনীন্দ্র নাথ হাইস্কুল

(১০) সালবনি সালবানি হাইস্কুল

(১১) পোষ্টারঝড় হাইস্কুল।

(১২) বাণেশ্বর খাবনা হাইস্কুল।

(১৩) সিতাই হাইস্কুল।

(১৪) শ্রী আর.কে.বালিকা বিদ্যালয়।

(১৫) মাথাভাঙ্গা গার্লস হাইস্কুল।

(১৬) ইচ্ছাগঞ্জ এম.সি.হাইস্কুল।

(১৭) বালাভূত বিদ্যাসাগর জুনিয়ার হাইস্কুল।

(১৮) তুলসীদেবী জুনিয়র হাইস্কুল।

(১৯) পাতলা খাওয়া জুনিয়র হাইস্কুল।

(২০) বৃতকেতু ধর্মেশ্বরী বালিকা জুনিয়ার হাইস্কুল।

(খ) সরকারি সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি জেলায় District Level committee গঠিত হইয়াছে। উক্ত কমিটি অগ্রাধিকারের ভিত্তিতে বিদ্যালয়গুলির তালিকা প্রস্তুত করেন এবং ঐ বিদ্যালয়গুলির তালিকা সরকার কর্তৃক বিবেচিত হইবার পর বিদ্যালয়গুলিকে ক্যাপিটাল গ্রান্ট মঞ্জুর করা হয়।

## University at Nawab Palace, Murshidabad

*365. (Admitted question No. *984.) **Shri A.K.M.Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state if there is any proposal to start a new University or Institute of Studies in the Nawab Palace, Murshidabad?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** না।

## মেদিনীপুরের দাঁতনে পশু হাসপাতাল স্থাপন

*৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯২।) **শ্রী প্রদ্যোতকুমার মহান্তি :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেদিনীপুর জেলার দাঁতনে ভেটেরিনারি হস্পিটাল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা স্থাপিত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি :** মাননীয় মন্ত্রী মহাশয়ের পক্ষে কি বলা সম্ভব হবে যে,

১৯৭৯-৮০ সালের এই বর্তমান আর্থিক বছরে মেদিনীপুর জেলায় কোনো পশু হাসপাতাল স্থাপন করা হয়েছে কিনা?

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** এখনই আমার পক্ষে বলা সম্ভব নয় তবে মাননীয় সদস্যর অবগতির জন্য জানাতে চাই যে, মেদিনীপুর জেলার দাঁতন থানার এক নং ব্লকে একটি ডিস্পেনসারি এবং একটি এড্ সেন্টার স্থাপন করা হয়েছে। আর দাঁতন থানার দু নং ব্লকে একটি ডিস্পেনসারি আছে, এর সঙ্গে পরিপূরক হিসাবে আরো একটি সহায়ক কেন্দ্র বা অ্যাডিশনাল এড্ সেন্টার প্রতিষ্ঠিত হয়েছে। সেখানে একটি হসপিটাল করা উচিত হবে কিনা, সেটা আমরা পরে আলোচনা করতে পারি।

**অধ্যক্ষহীন রামপুরহাট কলেজ**

*৩৬৮।(অনুমোদিত প্রশ্ন নং *১১৪৭।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) রামপুরহাট কলেজ কোন্ তারিখ হইতে অধ্যক্ষহীন অবস্থায় আছে; এবং

(খ) উক্ত পদে কবে নাগাদ অধ্যক্ষ নিয়োগ করা হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(ক) ১৯৭৭ সালের ডিসেম্বর হইতে উক্ত কলেজে অধ্যক্ষের পদ শূন্য আছে।

(খ) ১৯৭৮ সালে একবার এবং ১৯৭৯ সালে আরেকবার ঐ কলেজে অধ্যক্ষ পদে নিয়োগের জন্য প্যানেল হইতে নাম পাঠানো হইয়াছিল। কিন্তু কেহই উক্ত পদে যোগদান করেন নাই।

পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন গঠিত হওয়ায় এখন কমিশনই অধ্যক্ষ পদের জন্য প্যানেল তৈরী করিবেন এবং সেই প্যানেল হইতে উক্ত কলেজে অধ্যক্ষ নিয়োগের জন্য পুনরায় নাম পাঠানো হইবে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** ইতিপূর্বে আপনি রামপুরহাট কলেজে দু-বার দু'জনকে অধ্যক্ষের পদে নিয়োগ করেছিলেন, কিন্তু তাঁরা সেখানে যোগ না দেওয়ার কোনো কারণ আপনাকে জানিয়েছিলেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** না, তাঁরা কোনো কারণই দেখাননি।

**শ্রী রজনীকান্ত দোলুই :** তাহলে এ বিষয়ে এখন কি করবেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এখন বিষয়টি সার্ভিস কমিশনের কাছে পাঠানো হয়েছে তারা নাম পাঠাবে।

**মাধ্যমিক বিদ্যালয়ের জন্য অতিরিক্ত গৃহ নির্মাণ**

*৩৬৯।(অনুমোদিত প্রশ্ন নং *৭৬৯।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মাধ্যমিক স্কুলগুলির ক্রমবর্ধমান ছাত্র সংখ্যার জন্য অতিরিক্ত গৃহ নির্মাণ পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**পার্থ দে :**

(ক) সরকারের সীমাবদ্ধ ক্ষমতা অনুযায়ী প্রতি বৎসর মাধ্যমিক স্কুলগুলির গৃহনির্মাণ বাবদ অর্থ মঞ্জুর করা হইয়া থাকে।

(খ) বর্তমান আর্থিক বৎসরে প্রয়োজনীয় অর্থ মঞ্জুরের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** সীমাবদ্ধ ক্ষমতা কতদিন থাকবে এবং কবে ক্ষমতা বাড়বে?

**শ্রী পার্থ দে :** সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেই রেকর্ড সংখ্যক স্কুলকে দেওয়া হয়েছে। এর আগে কখনো এত বছরে এত সংখ্যক প্রাইমারী স্কুলকে এবং সেকেন্ডারী স্কুলকে বাড়ি তৈরি করার ক্ষমতা দেওয়া হয়নি।

[2-00— 2-10 P.M.]

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার :** আজ সর্বশ্রী রজনী কান্ত দোলুই ও সামসুদ্দিন আহমেদ মহাশয়ের কাছ থেকে দুটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী দোলুই মেদিনীপুরে ছাত্র পরিষদের মিছিলের উপর একটি রাজনৈতিক দলের কর্মী কর্তৃক আক্রমণের অভিযোগ এবং দ্বিতীয় প্রস্তাবে শ্রী আহমেদ গঙ্গার জল নিচে নেমে যাওয়ায় উভয় তীরের জমিতে সেচের অসুবিধা সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম প্রস্তাবের বিষয়টি আইন ও শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মাধ্যমেই এর প্রতিকার সম্ভব।

দ্বিতীয় প্রস্তাবের বিষয়টি সদস্য মহাশয় প্রশ্ন বা দৃষ্টি আকর্ষণীর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের নজরে আনতে পারেন।

তাই আমি উভয় মুলতুবী প্রস্তাবে আমার অসম্মতি জানাচ্ছি।

তবে সদস্যরা ইচ্ছা করলে কেবলমাত্র সংশোধিত অংশগুলি পাঠ করতে পারেন।

**Shri Rajani Kanta Doloi :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance, namely, attack on a procession of students belonging to Chatra Parishad, students organisation of Congress(I) and Congress(U) in Midnapur town on 22nd March, 1980 after their victory over students belonging to Students Federation of India in the elections of the students union of Midnapur College. When the procession was passing through Birbazar area of Midnapur town an attack was made with bomb, Lathis, Chains, daggers and other lethal weapons upon the students procession. Police remained silent. Several student leaders of Chatra Parishad sustained

grievous injuries and some of they are lying in hospital in precarious conditions. Incident has caused serious concern in Midnapur town.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ছাত্র-পরিষদ ৩৭টি আসনে জয়লাভ করেছে আর এস.এফ.আই. ৭টি আসনে জয়লাভ করেছে। এই জয়লাভের জন্য তারা টাঙ্গি, বল্লম, লাঠি নিয়ে ছাত্র-পরিষদের মিছিলের উপর আক্রমণ করেছে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার :** ২৮ তারিখে ঐ ব্যাপারের উপর স্টেটমেন্ট দেবেন।

**শ্রী সামসুদ্দিন আহমেদ :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—

সারা পশ্চিমবঙ্গে জলসেচের ব্যবস্থা সম্পূর্ণরূপে ভেঙ্গে পড়ায় বোরো ধান এবং অন্যান্য ফসল উৎপাদন অসম্ভব হয়ে উঠেছে। বিদ্যুৎ ও ডিজেলের অভাব জনিত সমস্যার সহিত আর একটি সমস্যা, ফারাক্কার আপস্টিমে দেখা দিয়েছে-সমস্যাটি হল গঙ্গায় জলের স্তর নিচে নেমে যাওয়ার ফলে গঙ্গার উভয় পাড়ের হাজার হাজার একর জমির ধানে সেচ করা যাচ্ছে না। কারণ জলের স্তর নিচে থাকায় পার্শ্ববর্তী খালে জল যাচ্ছে না। ফিডার ক্যানালে অতিমাত্রায় জল ছাড়া ও বাংলাদেশকে জল ছেড়ে দেওয়ার কারণেই —এই সঙ্কটপূর্ণ অবস্থার সৃষ্টি হয়েছে। বিকল্প ব্যবস্থা গ্রহণ না করলে — ঐ এলাকার কৃষকদের ভিটা ছেড়ে অন্যত্র চলে যেতে হবে। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ।

**শ্রী ক্ষুদিরাম সিং :** স্যার, রজনীবাবু জনস্বার্থে একটা মুলতুবী প্রস্তাব এনে বললেন মেদিনীপুর জেলায় ছাত্র পরিষদের উপর আক্রমণ করা হয়েছে—ঘটনাটা ঠিক নয়। ২১ তারিখে ছাত্র সংসদে নির্বাচনে ফলাফল ঘোষণা হবার আগে থেকেই মেদিনীপুর জনসাধারণের স্বাভাবিক জীবন যাত্রা বিপর্যস্ত করে ফেলেছেন ছাত্র পরিষদের ছেলেরা।

**শ্রী সুনীতি চট্টরাজ :** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, এই হাউসে অ্যাডজর্নমেন্ট মোশন যেটা এডিট করা হয় সেইটেই আমরা পড়ি। এডিটের মধ্যে —আপনার দপ্তর যেটা করে—প্রথম লাইনে থাকে আজ এই সভা মুলতুবী রাখা হল, তাহলে হাউস আপনি এবার মুলতুবী রাখুন কারণ এইটেই আপনি এডিট করে দিচ্ছেন।

**মিঃ স্পিকার :** তাহলে এবার আমি পড়তে বারণ করব।

## Calling attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার :** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা :

১। মেদিনীপুরে ছাত্র পরিষদ(ই) এর মিছিলের উপর এস.এফ.আই. এর হামলা —শ্রী রজনীকান্ত দোলুই

২। গুদাম থেকে রেপ্‌সীড তেল খালাস না হওয়া — শ্রী রজনীকান্ত দোলুই।

৩। কলিকাতার মিনি ট্রাক চলাচল বন্ধ —শ্রী রজনীকান্ত দোলুই, শ্রী কৃষ্ণদাস রায় শ্রী কাজি হাফিজুর রহমান, শ্রী শেখ ইমাজুউদ্দিন।

৪। বালিগঞ্জ গার্ডেনে স্যাকরার দোকানে ডাকাতি —শ্রী কৃষ্ণদাস রায়।

৫। ১২।৩।৮০ তারিখে তারকেশ্বর শাখায় ট্রেন বন্ধ —শ্রী রজনীকান্ত দোলুই।

৬। আর.জি.কর মেডিক্যাল কলেজ হাসপাতালে রক্তের অভাবে রোগীর মৃত্যু —শ্রী কৃষ্ণদাস রায়, শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী কাজী হাফিজুর রহমান।

৭। পাঁচ হাজার লিটার সরকারি দুধ চোরাই পথে পাচার —শ্রী জয়ন্তকুমার বিশ্বাস।

৮। হলদিয়ায় প্রস্তাবিত জাহাজ কারখানা নির্মাণ না হওয়া—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস।

9. Non availability of cement — Shri Santasri Chattopadhyay.

10. Spur in the activities of Satta Bookies in Kharagpur town — Shri Rajani Kanta Doloi.

11. Infiltration of R.S.S. and disruptive elements in Police Forces — Shri Rajani Kanta Doloi.

12. Alleged availability of explosive and Bomb making ingradiants in Midnapur —Shri Rajani Kanta Doloi.

13. Discrimination with Ghazi Daily in release of Govt. Advertise ment — Shri Rajani Kanta Doloi.

14. Misuse of Urdu Academy — Shri Rajani Kanta Doloi.

15. Reign of terror in Ultadanga — Shri Rajani Kanta Doloi.

16. Power Cut in Calcutta and suburbs — Shri Rajani Kanta Doloi.

আমি Reign of terror in Ultadanga শ্রী রজনীকান্ত দোলই কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখোপাধ্যায় :** ২৮ তারিখে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** স্যার, এইমাত্র খবর পেলাম ডাক্তার এবং ডেপুটি ডাইরেক্টর ভেটেরেনারি ডিপার্টমেন্টের মন্ত্রী মহাশয়ের প্রশাসনিক দক্ষতার জন্য তিনি তাঁদের রাস্তায় নামতে বাধ্য করেছেন। বে আইনি ভাবে পাইকারী রেটে জানেন কিনা জানিনা ৩০০ জনের উপরকে ট্রানসফার করেছেন। মন্ত্রী মহাশয়ের যদি সময় থাকে তাহলে সেই সমস্ত জাতীয়তাবাদী মানুষের কথা শোনার জন্য সেখানে একটু চলুন এবং তাদের গিয়ে একটু অ্যাড্রেস করুন।

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** এ বিষয়ে একটা মামলা আদালতে চলছে, কাজেই এটা নিয়ে আলোচনা হওয়া উচিত নয় বলে আমি মনে করি।

## Statement On Calling Attention

**শ্রী শম্ভু চরণ ঘোষ :** কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদনের ভিত্তিতে জানা যায় যে ১৪নং বিধান সরণীতে যে নূতন বিশ্ববিদ্যালয়ের আইন কলেজের ছাত্রাবাস আছে তাতে

ছাত্রদের সঙ্গে কিছু বহিরাগত লোকও থাকেন। বিশ্ববিদ্যালয়ের মতে নিম্নলিখিত ধরনের লোকেরা বহিরাগত ঃ

১। যাঁরা আইন পরীক্ষায় পাশ করার পরেও ছাত্রাবাস ছাড়েন নি,

২। যাঁরা অন্যত্র চাকুরী করেন এবং আইন কলেজের সহিত কোন সম্পর্ক নাই,

৩। যাঁরা অন্য কলেজে পড়েন কিন্তু আইন কলেজের সহিত কোন সম্পর্ক নাই,

৪। যাঁরা অসভ্য ব্যবহারের দ্বারা ছাত্রাবাসের আইনকানুন নষ্ট করছেন; এবং

৫। যাঁরা ছাত্রাবাসের দেয় অর্থ না দিয়ে বিনা মূল্যে আছেন।

বিশ্ববিদ্যালয় জানাচ্ছেন যে বহুবার তাদের সঙ্গে আলোচনা এবং চলে যেতে বলা সত্ত্বেও তাঁরা ছাত্রাবাস ছাড়েন নি। তার ফলে ছাত্রাবাসে বিশৃঙ্খলা ও অশান্তির সৃষ্টি হচ্ছিল। বিশ্ববিদ্যালয়ের অনুরোধক্রমে সরকার ১৬/৩/৮০ তারিখে পুলিশের সহায়তা দিয়েছিলেন এবং একজন ব্যক্তি যিনি পূর্বে আইন পাশ করেও ছাত্রাবাস ছাড়েন নি তাঁকে বার করে দেওয়া হয়। এ ছাড়া আরও তিন জন বহিরাগতের জিনিসপত্র পুলিশ বার করে নেয়। এ জাতীয় বহিরাগতরা এখন গা ঢাকা দিয়ে আছেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্থির করেন, আইন পরীক্ষার পর (৭.৪.৮০ তারিখের পর) বিষয়টি আরও ভালভাবে বিবেচনা করা হবে এবং প্রত্যেক ছাত্রাবাসের বসবাসকারীকে লিখিতভাবে আবেদন করতে হবে। তারই ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের বৈধ ছাত্রদের ছাত্রাবাসে থাকার অনুমতি সম্বন্ধে সিদ্ধান্ত নেবেন।

## MENTION CASES

[2-10— 2-20 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, পশ্চিমবাংলায় যেখানে শিল্পে সংকট চলছে এবং কলকারখানাগুলি ধুঁকছে, শিল্পপতিরা পশ্চিমবাংলা থেকে অন্যত্র কারখানা নিয়ে যাচ্ছে, লোডশেডিং এবং শ্রমিক আন্দোলনের জন্য প্রোডাকশন ব্যহত হচ্ছে সেখানে ২৪.২.৮০ তারিখে মধ্যমগ্রামের উদয়রাজপুর মেটাল ওয়ার্কস কারখানা শুরু হয়েছে এবং সেখানে ১৮০ জন বেকার যুবক চাকরি পায়। গতকাল ২৩.৩.৮০ তারিখে ওখানকার স্থানীয় এম.এল.এ. সরল দেব মহাশয় ৪/৫ শত যুবক নিয়ে সেখানে হানা দেয় এই বলে যে তাদের চাকরি দিতে হবে, কিন্তু যখন তাঁকে বলা হয় যে চাকরি দিতে পারা যাবে না তখন তিনি সেই সমস্ত লোককে কারখানার মধ্যে নিয়ে গিয়ে কারখানার অনেক জিনিস নষ্ট করে ফেলেন, কর্মচারীদের উপর মারধোর ইত্যাদিও করা হয়। সরল বাবুকে এর জন্য গ্রেপ্তার করা হয়েছিল আমি আপনার মাধ্যমে বলছি পশ্চিমবাংলায় শিল্পে যাতে শান্তি ফিরে আসে এবং উৎপাদন ব্যহত না হয় সেইদিকে শিল্পমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সরল দেব ঃ** স্যার, কয়েকদিন আগে এই বিষয়টার উপর ইন্টারফেন করার জন্য আমি এখানে মুখ্যমন্ত্রীর নিকট আবেদন জানিয়েছিলাম, রজনী বাবু যে কারখানাটির নাম বললেন এটির আগে নাম ছিল স্টার আয়রণ ওয়ার্কস প্রাইভেট লিমিটেড তারপর গণেশ

উল্টে সাইনবোর্ড পালটে এখন নাম হয়েছে উদয়রাজ পুর মেটাল ইন্ডাস্ট্রিস। এখানে ২৫জন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে, এখানকার দুটো ইউনিয়নের নেতৃত্ব করছে সি.পি.এম. এবং ফরওয়ার্ড ব্লক। আমরা এই ছাঁটাইয়ের জন্য ৪৭৫ জন ট্রেড ইউনিয়ন কর্মীকে নিয়ে যখন একটা স্মারক লিপি দিতে যাই তখন কে.পি.ডালমিয়া এটা ফেলে দেয় এবং তারই নিজস্ব গুন্ডারা আমাদের লাঠি দিয়ে মারতে আসে আমাদের উপর বোমা ছোঁড়ে, সেই সময় থানার পুলিশ যারা ছিল তারা নির্বাক দর্শকের মত দাঁড়িয়ে ছিল, আমাদের কর্মীদের উপর এইভাবে অত্যাচার করে আবার তাদের গ্রেপ্তারও করা হয়। আমাকেও ঐ কারখানার ম্যানেজারের অভিযোগে গ্রেপ্তার করে যখন থানায় নিয়ে যাওয়া হয় তখন মালিক কে.পি ডালমিয়ার সঙ্গে ছিলেন একজন খুনী আসামি যার নাম ভুয়া। সে বলে যে তোমাদের এ বিষয় নিয়ে আমি ইন্দিরা গান্ধী সঞ্জয়গান্ধীর কাছে যাব। ঐ সময় থানায় কমরেড ননী কর এবং কমরেড নির্মল বোসের হস্তক্ষেপে আমি পি.আর.বন্ড নিয়ে বাইরে বেরিয়ে আসি। ঐ কারখানার মালিক সমাজবিরোধীদের দুটো গাড়ি দিয়েছে। স্যার, যুগান্তরে যে সংবাদ বেরিয়েছে সেটা অসত্য সংবাদ। সেজন্য আমি আপনার মাধ্যমে অবিলম্বে হস্তক্ষেপ দাবি করছি, না হলে ঐ এলাকায় বহু খুন হবে। রজনী বাবু ডালমিয়ার দালালি করছেন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্যার, আমরাও এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর কাছে একটা পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানাচ্ছি।

**শ্রী সুনীতি চট্টরাজ :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হাউসের কাস্টোডিয়ান, আপনি গার্জেন, আপনি যে কোন জিনিস অ্যালাও করতে পারেন। কিন্তু মেনশন করে রজনী বাবুকে যে দালাল বলেছেন সেটা উইথড্র করতে হবে। স্যার, দালাল কারা আমরা জানি। বিদ্যুতের অভাবের জন্য কারখানা বন্ধ হচ্ছে, লেবার আনরেস্টের জন্য কারখানা বন্ধ হচ্ছে ফড়োয়ার্ড ব্লকে সি.পি.এম এর গুন্ডামির জন্য কারখানা বন্ধ হচ্ছে, সেখানে শ্রমিকদের রুটির প্রশ্নে কথা বলতে গেলে যদি দালালি করা হয় তা হলে স্যার, ওরা মহা-দালাল, ওরা শ্রমিকের রুটি কেড়ে নিচ্ছে।

**মিঃ স্পিকার :** সুনীতি বাবু, আপনার পয়েন্ট অব অডার্ড কি সেটা বুঝতে পারলাম না।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্যার, ওরা দালালি করছে।

গোলমাল

**শ্রী সরল দেব :** মিঃ স্পিকার, স্যার, কয়েকদিন আগে পশ্চিমবঙ্গ সরকার ডালমিয়াকে গ্রেপ্তার করেছে দুর্নীতির অভিযোগে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্যার, ওরা টাটা, বিড়লার দালালি করছে।

তুমুল হট্টগোল

**শ্রী সুনীতি চট্টরাজ :** ওরা স্যার, টাটা ডালমিয়ার দালালি করছে, আমরা শ্রমিকদের পক্ষে কথা বলছি। আমরা জানি মাসোহারা বন্ধ হয়ে গেলে এই রকম হয়।

[2-20— 2-30 P.M.]

**শ্রী সামসুদ্দিন আহমেদ :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আপনার মাধ্যমে একটা

বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এখানে উপস্থিত নেই, আপনার মাধ্যমে বলছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিদ্যুৎ সংকট তো আপনি জানেন। কিন্তু আর একটা সংকট গড়া হচ্ছে। আমার জেলা মালদহে কল সেন্টারগুলি তুলে দেওয়া হচ্ছে। যেটুকু পাওয়ার আছে বা লাইনে গোলমাল হলে সেটা দেখবার জন্য কলসেন্টার আছে, সেগুলিকে ঐ ফিটনেস, নাকি একটা ফরমূলা বের করে সেখান থেকে সকলকে উইথড্র করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেটুকু আমি বুঝতে পাচ্ছি সেই সব কল সেন্টারে যে সব কর্মী আছে ফোর্থ গ্রেড কর্মী। তাদের তুলে নিয়ে শিলিগুড়ি এবং আরো কোথাও কোথাও পোস্ট করা হচ্ছে। কেন তুলে নেওয়া হচ্ছে বুঝতে পাচ্ছি না। তাদের অসুবিধা দূর করার জন্য রাখা হয়েছিল। কিন্তু এইভাবে তাদের তুলে নেওয়ার জন্য আরো অসুবিধার সৃষ্টি হচ্ছে। এ দিকে যেন তিনি দৃষ্টি দেন।

**শ্রী কাজী হাফিজুর রহমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মেদিনীপুর জেলার পিংলা থানার ধনেশ্বরপুর গ্রামের একটা ঘটনা বলছি। সেখানে শ্রী অতুল রাউৎ নামে জনৈক চাষী তার সংসার খরচের ধান মড়াই করতে পাচ্ছে না। সি পি এম -রা তাকে মাড়াই করতে দিচ্ছে না। সে থানায় খবর দিয়েছে কিন্তু খবর দিয়ে সে কোন সাহায্য পাচ্ছে না। সে যাতে ধান মাড়াই করতে পারে তার ব্যবস্থা করলে খুশি হব।

**শ্রী কৃষ্ণদাস রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমান জেলার খন্ডকোষ থানার খলকুড়া গ্রামে সি পি এমদের অত্যাচার ভীষণ বেড়েছে। স্যার, সেখানে মেয়েদের উপরেও নানাভাবে অত্যাচার হচ্ছে। সেখানে কংগ্রেস কর্মীদের আড়াই লক্ষ টাকার আলু জোর করে তুলে নেওয়া হয়েছে, ২ হাজার টাকার স্যালো পাম্প নষ্ট করে দেওয়া হয়েছে। স্যার, এই বিষয়ে পুলিশের দৃষ্টি আকর্ষণ করে সাহায্য চেয়েও কোন ফল পাওয়া যায় নি। তাই মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার জন্য তারা যে দরখাস্ত দিয়েছে তা আপনার মাধ্যমে দিচ্ছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পিকার মহাশয় আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, কিড স্ট্রিটে এম এল এ হোস্টেল অবস্থিত ১৫০ এর উপর এম এল এ সেখানে থাকেন।

**মিঃ স্পিকার :** এটা এখানকার আলোচ্য বিষয় নয় এই কথা আপনাকে আগেও বহুবার বলেছি। কিন্তু তবুও যদি আলোচনা করেন তাহলে ওটা এক্সপাঞ্জ করা হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** স্যার, ঘটনাটা একটু শুনুন। সেখানে প্রতিদিন এম এল এদের অতিথিরা আসেন এবং দেখা যায় যে প্রতি রাত্রে ঐ রাস্তার উপর ছিনতাই হচ্ছে এবং এম এল এদের অতিথিরা এদের কবলে পড়েছেন, একজন ছুরিকাহত হয়েছেন যার ফলে এম এল এ হোস্টেলের সদস্যরা এবং তাদের অতিথিরা বিপন্ন বোধ করছেন। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, ঐ রাস্তাটায় পুলিশ-পাহারার ব্যবস্থা করতে হবে। তাছাড়া অনেক এম,এল,এ,-রা রাত্রের ট্রেনে আসেন বা রাত্রি ১২টা-১টায় সময় আসেন, তাঁদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে এই বিষয়টা আপনাকে দেখতে হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আনন্দবাজার কাগজে দেখলাম যে আসামে বাঙালিদের উপর যে অত্যাচার হচ্ছে এর প্রতিবাদ করার জন্য শান্তিপূর্ণ ভাবে

কংগ্রেস আন্দোলন সৃষ্টি করেছে। আসামের বাঙালিদের উপর যে অত্যাচার তার প্রতিবাদ করার অধিকার বাঙালি হিসাবে আমাদের আছে এবং শান্তিপূর্ণভাবে এর প্রতিবাদ আমরা করব। এই প্রতিবাদ করবার জন্য যে পন্থা অবলম্বন করা দরকার শান্তিপূর্ণভাবে আমরা তা গ্রহণ করব। কিন্তু মুখ্যমন্ত্রী আনন্দবাজার কাগজে দেখলাম, তিনি ধমকেছেন শুধু নয়, রক্ত চক্ষু দেখিয়েছেন যে আমাদের শায়েস্তা করবেন। কিন্তু আমরা বলতে চাই, বিধানসভা চলছে, বিধানসভা চলার সময় মুখ্যমন্ত্রীর যদি স্টেটমেন্ট দেওয়ার থাকে, তাহলে বিধানসভায় দিতে পারেন। তিনি বলেছেন, কংগ্রেস যদি আন্দোলন করেন, তাহলে পুলিশ বাহিনী দিয়ে গুন্ডাবাহিনী দিয়ে তার মোকাবিলা করা হবে। কিন্তু আমরা জানি, বাঙালি হিসাবে বাঙালিদের উপর অত্যাচার বন্ধ করার জন্য আমাদের আন্দোলনের অধিকার আছে। আমরা জানি মুখ্যমন্ত্রী বাঙালিদের কথা ভাবেন না। বাঙালিদের উপর অত্যাচার কি চলবে? আমরা ঠিক করেছি, এই আন্দোলন আমরা করব, শান্তিপূর্ণভাবে করব। মুখ্যমন্ত্রীর চ্যালেঞ্জ আমরা গ্রহণ করেছি, আমরা চ্যালেঞ্জ জানাচ্ছি।

[At this stage several members rose to speak]

(Noise)

**শ্রী সরল দেব :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মারফত কিছুদিন আগের এক ঘটনার কথা জানাচ্ছি। কিছুকাল আগে স্মারকলিপি নিয়ে উদয়পুর মেটাল স্টিল কম্পানীতে দিতে যাওয়া হয়েছিল। সেই স্মারকলিপি দিতে গেলে কারখানার ভিতর থেকে গুন্ডা দিয়ে আক্রমণ করা হয়। কে, পি, ডালমিয়া.......

**মিঃ স্পিকার :** বসুন, যে ব্যাপারটা একটু আগে বললেন, সেই ব্যাপারে বলবেন জানলে বলতে দিতাম না।

**শ্রী শান্তিরাম মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত নভেম্বর মাসের দু সপ্তাহে পুরুলিয়া জেলায় গৌরদা ফরেস্ট বলে একটা ফরেস্ট আছে সেখানে রেঞ্জ অফিস থাকা সত্ত্বেও সমস্ত ফরেস্ট লুঠ হয়ে গিয়েছে এবং ফরেষ্ট ডিপার্টমেন্ট তাতে বাধা দেয় নি পুলিশ বাধা দেয় নি। সেখানে সমস্ত ফরেস্ট লুঠ হয়ে গিয়েছে। আমরা দেখছি, অযোধ্যার কত বড় জঙ্গল, সেখান থেকে হাজার হাজার লোক কাঠ কেটে নিয়ে যাচ্ছে। কাঠ কেটে লরি করে নিয়ে যাচ্ছে, বাজারে নিয়ে যাচ্ছে। এইভাবে জঙ্গল কেটে নিয়ে যাওয়া হলে পুরুলিয়া জেলা মরুভূমিতে পরিণত হবে। পুরুলিয়া এই ফরেস্ট লুঠ হয়ে যাচ্ছে এবং একটা ফরেস্ট সম্পূর্ণভাবে লুঠ হয়ে গিয়েছে। এরজন্য সরকারি দলের প্ররোচনা আছে। সরকারে পক্ষের কিছু লোক বলছে, আমাদের সরকার আসার পরে তোমাদের ফরেস্টের গাছ কাটাব সুযোগ করে দিয়েছে। তাই সরকারের পক্ষ থেকে জঙ্গল রক্ষার কোন ব্যবস্থা দেখা যাচ্ছে না। সরকার যাতে অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নেন সেইজন্য আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী এবং বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এ ব্যাপারে ব্যবস্থা না নেওয়া হলে পুরুলিয়া জেলা মরুভূমিতে পরিণত হবে।

[2-30— 2-40 P.M.]

**শ্রী সন্তোষ দাস :** মাননীয় স্পিকার মহোদয়, গত এক বছরে হাওড়া জিলার পাঁচলা

থানায় যে সমস্ত ডাকাতি এবং খুন হয়েছে, তার কিনারা করতে ব্যর্থ হয়েছেন বর্তমান যে পুলিশ অফিসার রয়েছেন। সেজন্য আপনার মাধ্যমে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে এই ব্যাপারে একটা তদন্ত করুন এবং এই যে পুলিশ অফিসার রয়েছেন, তাঁকে ওখান থেকে ট্রান্সফার করা হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ২নং অঞ্চলে পরিষদের অধীন ৪টি আদিবাসী গ্রামে কালাজ্বর দেখা দিয়েছে। এ সম্বন্ধে দু মাস আগে খবর দেওয়া হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আগে যেখানে রোগী ছিল ১৩ জন এখন হয়েছে ১০০ জন, ২৫ বছরের মধ্যে এইরকম দেখা যায়নি। ওখানে রেডক্রস একটি মাত্র ইউনিট খুলেছে, সেখানে অবিলম্বে একটি ইউনিট বসিয়ে এই অসুখটা কি, তার ডায়াগনোসিস করার জন্য এবং চিকিৎসার ব্যবস্থা করার জন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় অধ্যক্ষ মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খড়গপুরে হাজার হাজার যাত্রী নামে, শুধু তাই নয়, কলকাতা থেকে যাঁরা দিঘা যেতে চান, তাদের খড়গপুর স্টেশনে ট্রেনে গিয়ে বিপদে পড়তে হয়। খড়গপুর থেকে দিঘা কিম্বা অন্যান্য দূরবর্তী স্থানে যাবার জন্য ডাইরেক্ট কোন বাস নাই। খড়গপুরে কোন বাস টার্মিনাস না থাকায়, যেসব বাস দূরথেকে আসে সেগুলি ভর্ত্তি থাকে, খড়গপুর স্টেশন থেকে যারা উঠতে চান, তাঁরা উঠতে পারেননা, পাদানীতে দাঁড়িয়ে কিম্বা বাসের ছাদে করে যেতে হয়, বাসে উঠে বসাতো দূরের কথা। সেজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি যাতে খড়গপুর থেকে দিঘা এবং অন্যান্য স্থানে যাবার জন্য সেখান থেকে বাস ছাড়ে, খড়গপুরে বাস টার্মিনাস হয়, সেই ব্যবস্থা করুন।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় স্পিকার মহোদয়, আমার উল্লেখের বিষয় হল— ভি আই পি রোড যেটা মোস্ট ইম্পরট্যান্ট রোড তাতে বিভিন্ন যে সব আলো আছে সেগুলি অত্যন্ত অপ্রতুল। মাঝে মাঝে ইম্পরট্যান্ট জায়গায় ফগ লাইট দেওয়া হয়েছে, আমি চাই যে সমস্ত ভি আই পি রোডেই এই ফগ লাইট ইন্ট্রোডিউস করা হোক। কেননা এই রাস্তা দিয়ে গাড়ি অত্যন্ত স্পিডে চলে, গত ১৫ দিনের মধ্যে তিনটি অ্যাক্সিডেন্ট হয়েছে এবং তিন জন মারা গেছে, আলো কম থাকায় গাড়ি স্পিডে যাওয়ায় গাড়ির নম্বরগুলি ডিটেক্ট করা যায় না। সেজন্য আমি উল্লেখ করতে চাই যে সমস্ত রাস্তায় ফগ লাইট দেওয়া হোক।

**শ্রী কমল কৃষ্ণ ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী প্রশান্ত শূরের দৃষ্টি করছি একটি জরুরী ব্যাপারে। শ্রীরামপুর অত্যন্ত জনবহুল শহর, এবং তার মধ্য স্থানে রয়েছে জি টি রোড, সেখানে যে লেভেল ক্রসিং রয়েছে সেটা যানবাহনের পক্ষে একটা অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। মাননীয় মন্ত্রী চিঠি লিখে জানিয়েছিলেন যে যখন ফ্লাই ওভার হবে, তখন শ্রীরামপুর লেভেল ক্রসিং-এ ফ্লাই ওভার করার ব্যাপারে টপ প্রায়রিটি দেবেন। আমি শুনলাম সরকার থেকে ফ্লাই ওভারের সিদ্ধান্ত নিতে চলেছেন, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে এই অনুরোধ জানাতে চাই যে শ্রীরামপুর লেভেল ক্রসিং-এ ফ্লাইওভার করার জন্য যেন টপ প্রায়রটি দেন ।

**মিঃ স্পিকার ঃ** আমিও আপনার সঙ্গে একমত।

**শ্রী নীরোদরায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইদানীংকালের কিছু ঘটনার প্রতি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্বৈরতন্ত্রী কিভাবে মাথাচাড়া দিচ্ছে এটা তার একটা প্রমাণ। আমি আজকে সভার সামনে যে ঘটনা উত্থাপন করতে চাই সেটা হচ্ছে আপনি জানেন যে আগামী ১৩/১৪/১৫ তারিখে পশ্চিমবঙ্গ অধ্যাপক সমিতি সম্মেলন হতে চলেছে গোবরডাঙা হিন্দু কলেজে। এই কলেজে যখন সম্মেলনের দিন স্থির হয়েছে পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ থেকে অধ্যাপকরা প্রস্তুতির জন্য মিটিং করতে যাচ্ছিলেন, সেখানে মিটিং-এ বহিরাগত ছাত্র পরিষদ নামধারী গুন্ডারা সেই সব অধ্যাপকদের বাধাদান করে, শুধু বাধাদানই করেনি নানাভাবে তাঁদের লাঞ্ছিত করে বেং মেইন ফটকে, প্রধান দরজায় তালাচাবি দিয়ে আটকে রাখে, বলে যে কলেজের অভ্যন্তরে কোন সভা করা চলবেনা এবং সঙ্গে সঙ্গে ঐ কলেজের যে সমস্ত অধ্যাপক এই সমিতির সঙ্গে যুক্ত তাঁদের নানাভাবে শাসান হচ্ছে, তাঁদের বলা হচ্ছে, অধ্যাপকরা যদি এই সম্মেলনের সঙ্গে যুক্ত থাকেন, তবে তাঁদের ঐ কলেজে চাকুরি করতে দেওয়া হবেনা, তাড়িয়ে দেওয়া হবে। তাই আমি এই ঘটনার প্রতি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এ সম্বন্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রী নির্মল কুমার বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় আইনমন্ত্রী রয়েছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, আমি কয়েকদিন আগে অগ্রগামী কিষাণ সভার প্রাদেশিক সম্মেলন উপলক্ষে সেখানে গিয়েছিলাম, মাননীয় সদস্যরা রয়েছেন, সেখানে হাজার-দুয়ারী যা আমাদের অত্যন্ত গর্বের বিষয়, সেখানে অনেক মূল্যবান সমস্ত চিত্রকলা রয়েছে —প্রায় এক হাজরের উপর। বেরিয়েল অব স্যার জন মুর, র‍্যাসেলের আঁকা ছবি রয়েছে, আইনি আকবরী কপি রয়েছে, সেগুলি সমস্ত অযত্নে নষ্ট হতে বসেছে।

কেন্দ্রীয় সরকার বাড়িটা নিয়েছেন বলে শুনছি কিন্তু ভেতরের ব্যাপারটা এখনও ট্রাস্টের হাতে, আমাদের আইন দপ্তরের এটা দেখাশুনার ব্যাপার। কিন্তু আমরা দেখছি, দিনে দিনে সেটা নষ্ট হয়ে যাচ্ছে। স্যার, লজ্জার কথা, ওখানে বিদেশি পর্যটকরা এসে দেখে মন্তব্য লিখে গিয়েছেন যে আমরা এগুলি রক্ষা করার যোগ্য নই। মাথা নিচু হয়ে যায় যখন সেই লেখা দেখি। কাজেই এটা যাতে ভালভাবে রক্ষিত হয় সেটা আমাদের দেখা দরকার। এটা যদি ভালভাবে রাখতে পারা যায় তাহলে অতীত দিনের একটা মূল্যবান সম্পত্তি রক্ষিত হবে এবং এর মাধ্যমে আমরা বিদেশি পর্যটকদেরও আকৃষ্ট করতে পারব। এ বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং দরকার হলে এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে তদ্বির করার জন্য অনুরোধ করছি।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাজারদুয়ারী প্যালেস এটা অ্যাডমিনিস্ট্রেটার জেনারেল, অফিসিয়াল ট্রাস্টির দখলে আছে। কেন না শেষ নবাব মারা যাবার পর ১৯৬৯ সালে, কে সেখানে নবাব হবেন এটা নিয়ে নানান রকমের গোলমাল হয় এবং আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কে নবাব হবেন সেটা ঠিক করতে পারেন নি। আমি যখন ১৯৭৭ সালে মন্ত্রী হলাম তারপর আমি দিল্লি গিয়ে তখন এই বিভাগের মন্ত্রী ডঃ প্রতাপ চন্দ্র চন্দের সঙ্গে এ বিষয়ে কথা বলি। আমি তাঁকে তখন বলেছিলাম, এই মুর্শিদাবাদ

প্যালেসে অনেক মূল্যবান জিনিস আছে, অনেক রেয়ার জিনিস আছে যা পৃথিবীতে কোথাও নেই বা খুব কম জায়গাতেই আছে। যেমন উনি স্যার, জন মুরের কীর্তির কথা বললেন, আমি যতদূর শুনেছি তাতে বলতে পারি সেই জিনিস পৃথিবীতে দুটি আছে—একটি মুর্শিদাবাদের হাজার-দুয়ারীতে এবং অন্যটি বিলেতের কোনও এক জায়গায়। আমি ডঃ চন্দকে বলেছিলাম, এটা কেন্দ্রীয় সরকারের নিয়ে নেওয়া উচিত। রাজ্য সরকারের ক্ষমতার বাইরের ব্যাপার এটা কারণ এতে অনেক টাকা পয়সার ব্যাপার আছে-কমপেনসেশানের ব্যাপার আছে ইত্যাদি। ডঃ চন্দ আমাকে বলেছিলেন, আমরা বাড়িটা নেব এবং ওটার ব্যাপারে কি করা যায় সেটা আমি দেখছি। বাড়িটা তারা কিছুটা সারিয়েছেন, টাকা পয়সা কিছু খরচ করেছেন এবং বাড়িটিকে প্রটেকটেড মনুমেন্ট বলে ঘোষণাও করেছেন কিন্তু বাড়িটি এখনও নেন নি বা নেবার ব্যবস্থাও করেন নি। জনতা সরকার ভেঙ্গে যাবার আগে দিল্লি থেকে লোকজন এসেছিলেন এবং তারা একটা ইনভেনটরি তৈরি করেছিলেন যে কি কি জিনিস আছে কিন্তু এখনও তারা সেটা নিতে পারেন নি। তারপর নতুন সরকার আসার পর নতুন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শ্রী শঙ্করানন্দের সঙ্গে আমি দিল্লিতে গিয়ে দেখা করেছিলাম এবং তাঁকে এই ব্যাপারটি বলেছিলাম। তিনি বললেন, এটা তো জাতীয় সম্পত্তির ব্যাপার, এটা তো কারুর ব্যক্তিগত ব্যাপার নয়। তিনিও বলেছেন, তিনি ব্যাপারটি দেখছেন। যাই হোক, আমি শুধু এই প্রসঙ্গে এইটুকু জানিয়ে দিতে চাই যে মুর্শিদাবাদ এস্টেটের যে ফান্ড আছে তার অবস্থা অত্যন্ত শোচনীয়, আমরা সেখানকার কর্মচারীদের মাসে মাত্র ৩০/৪০/৫০ টাকা বেতন দিই, আমাদের কাছে টাকা পয়সা নেই। সেখানে মুর্শিদাবাদ স্টেটের লায়বিলিটিস হচ্ছে ৫০ লক্ষ টাকার বেশি। ইনকাম ট্যাক্স, ওয়েলথ ট্যাক্স ইত্যাদি খাতে প্রায় ৫০ লক্ষ টাকা দেনা আছে। আমাদের এই ফান্ডে এমন কোন টাকা নেই যেটা আমরা খরচ করতে পারি। মুর্শিদাবাদ ট্রাস্ট অ্যাক্ট বলে একটি আইন আছে, সেই আইনটা আমরা দেখছি যে সেই আইন অনুযায়ী কি ভাবে কি করা যায়। আমাদের রাজ্য সরকারের তরফ থেকে আইন সংশোধন করে নতুন ভাবে কিছু করা যায় কিনা সেটা আমরা দেখছি, সেটা আমাদের বিবেচনাধীন আছে। অন্য একটি আইন বোধ হয় তাড়াতাড়ি আনবার চেষ্টা করা হবে এই ব্যাপারে।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়াজেলার নস্করপাড়া জুট মিলে আই.এন.টি.ইউ.সি পরিচালিত ওয়াকার্স ইউনিয়ন গত কয়েকদিন ধরে তিন ফোর্টনাইটের বকেয়া বেতন আদায়ের জন্য আন্দোলন করে যাচ্ছে। কিন্তু স্যার, দুঃখের বিষয় সেখানে অন্যান্য দল যারা ক্ষমতাসীন আছেন তারা এই কার্যকলাপে বাধা দিচ্ছেন। সেখানে এমন কি ১০/১২ টি বাড়ি তছরূপ হয়েছে। যাদের বাড়িতে এইসব ব্যাপার হয়েছে তাদের নামও আমার কাছে আছে, আমি সেগুলি পড়ছি না, আমি সেগুলি আপনাকে দিয়ে দিচ্ছি, আপনি দয়া করে এটা মাননীয় শ্রমমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দেবেন। সেখানে যাতে যথাযথ ব্যবস্থা হয় এবং শ্রমিকরা যাতে ন্যায্য দাবি দাওয়া আদায় করতে সক্ষম হন তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

[2-40— 2-50 P.M.]

**শ্রী রাধিকারঞ্জন প্রামানিক :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করতে চাই। সুন্দরবনের সন্দেশখালি থানার অন্তর্গত কানমারী বাজারে বিদ্যাধরীর মুখে স্লুইস গেট বসানো হচ্ছে এবং কয়েক মাইল রেঞ্জে শাকদা ড্রেনেজ স্কীমে খাল কাটা হচ্ছে। ১২০ ফুট চাওড়া বিরাট খাল। এতে হাজার হাজার মজুর ডেলি মাটি কাটছে। সেখানকার কনট্রাকটররা গরিব মানুষদের দারিদ্রতার সুযোগ নিয়ে কম রেটে মাটি কাটাচ্ছে। ভোর থেকে সন্ধ্যা পর্যন্ত মাটি কেটে একজন মজুর ৫/৬ টাকার বেশি পাচ্ছে না এই রেটে তাদের কাজ করতে বাধ্য করানো হচ্ছে। ওখানে মেছো ভেড়ী আছে। সেই মেছো ভেড়ীর মালিকরা কন্ট্রাকটরের সঙ্গে যোগসাজস করে খাল কাটার কাজ গ্রামের উপর দিয়ে চালানো হচ্ছে। গ্রামের লোকদের ক্ষতিপূরণ না দিয়ে জায়গা অ্যাকুইজিসান না করে, বিকল্প বাসস্থানের ব্যবস্থা না করে গ্রামের উপর দিয়ে খালটি কাটা হচ্ছে। মেছো ভেড়ীর মালিকদের স্বার্থে দুর্নীতিগ্রস্ত অফিসারদের সঙ্গে যোগসাজসে, কন্ট্রাকটরদের সঙ্গে যোগসাজসে এই কাজ করা হচ্ছে। এই বিষয়ে অবিলম্বে হস্তক্ষেপ করার জন্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কৃষ্ণধন হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডায়মন্ডহারবারে গত ১০ দিন ধরে কোন কেরসিন তেল পাওয়া যাচ্ছে না। স্ট্যান্ডার্ড অয়েল কোং তেল সরবরাহ করে। বেশি দাম পেয়ে কাকদ্বীপের বাহিরে তারা তেল নিয়ে চলে যাচ্ছে। এর ফলে ছেলেরা বাতি জ্বেলে পড়াশুনা করতে বাধ্য হচ্ছে। বিজয়গঞ্জ বাজার, সিদ্ধিবেড়িয়া, ঢোলা ইত্যাদি জায়গায় তেল পাওয়া যাচ্ছে না। এস.ডি.ও., সাব-ডিভিশনাল কন্ট্রোলারকে এই সব বলা সত্বেও তারা কিছুই দেখছেন না। আমার দাবি মাননীয় খাদ্যমন্ত্রী যেন এই ব্যাপারে নজর দেন। বিজয়গঞ্জ বাজার একটি গুরুত্বপূর্ণ বাজার। ৪টি থানার লোক ওখানে হাজির হয়। তেল যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী বারে বারে বলেছেন আইন কারো নিজের হাতে নেওয়া উচিত নয়। আমাদের পশ্চিমবঙ্গে ভীষণ ভাবে বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে। সাঁওতালদির মত ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে আবার ভীষণ অশান্তি দেখা দিয়েছে। গত ১৮/৩/৮০ তারিখে সি, আই, টি, ইউ, র নেতৃত্বাধীন সমর্থকরা ওভারটাইম চাইতে গিয়ে অ্যাকাউন্টস অফিসারকে ভীষণ ভাবে অপমান করেন, দৈহিক নির্যাতন করেন এবং শেষ পর্যন্ত জোর করে তার পদত্যাগপত্র নিয়েছেন। ১৯ তারিখে সমস্ত অফিসার এবং ইঞ্জিনিয়াররা মেন বিল্ডিং-এ তার প্রতিবাদ জানিয়ে মিটিং করেছে। আমি দেখতে পাচ্ছি সেখানে একটা ভীষণ গন্ডগোল হবার সম্ভাবনা আছে। ১৮ তারিখ থেকে আজ ২৪ তারিখ হয়ে গেল, এর মধ্যে কোন ব্যবস্থা সরকার পক্ষ থেকে গ্রহণ করা হয়নি। এই রকম অবস্থা হলে সারা কলকাতায় আরো গভীর অন্ধকার নেমে আসবে। এই বিষয়ে আমি অবিলম্বে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রেল প্রশাসন চরম ব্যর্থতায় পর্যবসিত হয়েছে এবং রেল প্রশাসনের মধ্যে চরম দুর্নীতি দেখা দিয়েছে। এই সম্পর্কে আমি, রমজান আলি এবং আতাউর রহমানের একটি অভিজ্ঞতার কথা বলছি। বহরমপুরে কিযাণসভার

একটি সম্মেলনে গিয়েছিলাম। এই সম্মেলন শেষে আমরা ট্রেনের টিকিট রিজার্ভেশন করি। রিজার্ভেশন করার পরে দেখা যায় ১২টি সিট আছে, ১৪ জনের জন্য রিজার্ভেশন দিয়েছে। আমরা গিয়ে দেখলাম রমজান আলি, আতাউর রহমানের নামে কোন অ্যালটমেন্ট নেই। অথচ কমপার্টমেন্ট রিজার্ভেশন অ্যালটমেন্ট ১৪ জনের দেওয়া হয়েছে। এই দুজন এম.এল.এ.র যেখানে রিজার্ভেশন ছিল সেখানে তাদের নামে কোন অ্যালটমেন্ট নেই। তাই এদের দুজনকে রাস্তার বাইরে থাকতে হল। রেল কর্মচারীরা বাইরের লোকের কাছ থেকে টাকা নিয়ে ভিতরে সিট করে দিল, অথচ দুজন এম.এল.এ. কে বাইরে বসিয়ে রেখে দিল। আপনার মাধ্যমে আমি রেল প্রশাসনের দুর্নীতি সম্পর্কে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনি কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন, এই প্রার্থনা করছি।

**মিঃ স্পিকার :** আমার এম.এল.এ.দের উপর অত্যাচার হবে, আমি দেখব না? আপনি লিখিত ভাবে দরখাস্ত পাঠিয়ে দেবেন, আমি পাঠিয়ে দেব।

**শ্রী অনিল মুখার্জী :** আমি লিখিত দরখাস্ত আপনার কাছে পাঠিয়ে দেব, আপনি ব্যবস্থা গ্রহণ করবেন।

## Voting on Demand For Grants

## Demand 43 and 45

The Written Speeches of Shri Sudhin Kumar is taken as read

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের অনুমোদনক্রমে আমি প্রস্তাব করছি যে, ৫৪নং অনুদানের অন্তর্গত "৩০৯ খাদ্য" খাতে সাত কোটি পঁচানব্বই লক্ষ টাকা, "৫০৯—খাদ্য বাবদ মূলধন বিনিয়োগ" খাতে চৌদ্দ কোটি চুরাশি লক্ষ পাঁচ হাজার টাকা এবং "৭০৯ — খাদ্য বাবদ ঋণদান" খাতে কুড়ি লক্ষ টাকা মঞ্জুর করা হোক।

মহাশয়, রাজ্যপালের অনুমোদনক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৪৩নং অনুদানের অন্তর্গত "২৮৮ —সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (অসামরিক সরবরাহ)" খাতে সাঁইত্রিশ লক্ষ তেইশ হাজার টাকা মঞ্জুর করা হোক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অনুদানগুলি মঞ্জুর করার অনুরোধ জানানোর সঙ্গে সঙ্গে আমি আমার দপ্তরের কাজকর্মের একটি বিবৃতিও এই সভায় পেশ করছি।

খাদ্য ও সরবরাহ বিভাগের দায়িত্ব হল, যতদূর সম্ভব উন্নত মানের খাদ্যশস্য ও অন্যান্য অত্যাবশ্যক পণ্যসামগ্রী রাজ্যের সমস্ত মানুষের মধ্যে সমানভাবে ন্যায্য দামে, নিয়মিতভাবে প্রয়োজনমতো ভাগ ক'রে দেওয়া এবং যাতে সবাই পান সেদিকেও নজর রাখা।

বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে, শুধুমাত্র বিধিবদ্ধ রেশন এলাকায় মানুষদের এবং সংশোধিত রেশন এলাকার আংশিকভাবে চাল, গম ও লেভি চিনি যুগিয়ে সরকার নিজেদের দায়িত্ব সীমাবদ্ধ রেখেছিলেন।

### বামফ্রন্ট সরকারের নীতি

বামফ্রন্ট সরকার যে নীতি গ্রহণ করেছিলেন তা হল, সরকারি পণ্য বণ্টন ব্যবস্থাকে যতদূর সম্ভব বেশি মানুষের মধ্যে প্রসারিত করা যাতে রাজ্যের জনগণের একটা বৃহৎ অংশের

কিছুটা সুরাহা হয়। এবং সেই সঙ্গে খোলাবাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর দরদামের ওপর সরকারের কিছুটা নিয়ন্ত্রণ থাকে।

**সমস্যাবলী**

বামফ্রন্ট সরকারের এই খাদ্যনীতির সাফল্য বা ব্যর্থতার সঠিক মূল্যায়ণের জন্য এই নীতিকে বাস্তবায়িত করার পথে কয়েকটি মূল অন্তরায়ের কথা বিশেষভাবে বিবেচনা করা খুবই প্রয়োজন মনে করি। সেগুলি এইরকম ঃ

(১) এই রাজ্যে প্রায় সব ক'টি ভোগ্যপণ্যের ভীষণরকম ঘাটতি রয়েছে।

(২) এইসব পণ্যসামগ্রীর প্রায় সবটাই আমদানি করতে হয় অন্য রাজ্য থেকে। এমন কি বিদেশ থেকেও আসে কিছু কিছু।

(৩) শুধু কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণ রয়েছে এমন কয়েকটি ক্ষেত্র ছাড়া উৎপাদক অঞ্চলগুলিতে এইসব ভোগ্যপণ্যের কোনও দরদাম বাঁধা নেই।

(৪) ভিন্ন রাজ্য থেকে এইসব ভোগ্যপণ্য খোলা-বাজারের দরে কিনে এনে ন্যায্যমূল্যে দোকান মারফত রাজ্যের জনসাধারণের মধ্যে বন্টন করতে প্রচুর পরিমাণে ভরতুকি লাগে, যা রাজ্যসরকারের বর্তমান আর্থিক অবস্থায় একেবারেই কুলোয় না।

(৫) এমনকি যেগুলির দাম কেন্দ্রীয় সরকার বেঁধে দিয়েছেন সেইসব ভোগ্যপণ্যের ক্ষেত্রে এ রাজ্য মার খাচ্ছে বৈষম্যমূলক বরাদ্দের জন্য। বৈষম্য শুধুমাত্র পরিমাণেই নয়, গুণগত বিচারেও।

(৬) বর্তমানে, কৃষিজাত পণ্যসামগ্রী এবং সেইসঙ্গে কল-কারখানায় উৎপাদিত জিনিসগুলির প্রচন্ড রকম ঘাটতি লক্ষ্য করা যাচ্ছে।

(৭) সম্প্রতি রেল ও জলপথ পরিবহণ ব্যবস্থা ভেঙে পড়ায় সড়ক পরিবহনে দুর্নীতি বেড়ে যাচ্ছে যার ফলে খাদ্য চলাচলব্যবস্থা এক নিদারুণ বিপর্যয়ের সম্মুখীন হয়েছে।

(৮) এই সমস্ত কারণে শুধু পশ্চিবঙ্গেই নয়, আমাদের প্রতিবেশী রাজ্যগুলিতেও দীর্ঘদিন ধরে একটানা দুর্ভোগ চলেছে, যার ফলে আজকের এই বিপর্যস্ত অর্থনৈতিক পরিস্থিতিতে জিনিসপত্রের মূল্যমান বজায় এবং যোগান অব্যাহত রাখা বস্তুত একেবারেই অসম্ভব।

(৯) ভারত সরকারের রাজস্ব নীতি অত্যাবশ্যক পণ্যসামগ্রীর মূল্যবান স্থিতিশীল রাখার পক্ষে মোটেই সহায়ক নয়। প্রকৃতপক্ষে এটা মুদ্রাস্ফীতির সহায়ক।

(১০) যতক্ষণ না কেন্দ্রীয় সরকারের আগাম অনুমতি মিলছে, রাজ্য সরকারের পক্ষে জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণ কিম্বা চলাচলের জন্য কোনও ব্যবস্থা নেওয়া সম্ভবপর নয়।

(১১) পঁচিশ হাজার কোটি কালো টাকার (ব্যাঙ্কের ঋণদান সঙ্কোচন নীতিতে যার কিছুই আসে যায় নি), অধিকাংশটাই খাটছে ভোগ্যপণের ব্যবসায়। ফলে সরকারের অত্যাবশ্যক ভোগ্যপণ্য সংগ্রহ ও ন্যায্যদামে বণ্টনব্যবস্থাকে শুধু যে ভীষণ অসুবিধায় ফেলেছে তাই নয়, গোপন লেনদেনে প্রশাসনও দুর্নীতিগ্রস্ত হয়ে পড়ছে।

(১২) পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় সদস্যগণ এ বিষয়ে অন্তত নিশ্চিত সচেতন যে,

আমাদের দেশের সমগ্র অর্থনৈতিক কাজকর্ম ধনতান্ত্রিক সমাজব্যবস্থার গণ্ডীতে আবদ্ধ, এখানে একচেটিয়া এবং গোষ্ঠীগত লোকেদের দ্বারাই বাজার-দর নিয়ন্ত্রিত হয়ে থাকে। সরকারি পণ্যবন্টন ব্যবস্থা উৎপাদক ও ব্যবসায়ী শ্রেণীর স্বার্থের পরিপন্থী বলে তাঁরা আগাগোড়া এর বিরোধিতা করে আসছেন। এ দেশে ধনতান্ত্রিক সমাজব্যবস্থা নিছক অর্থনৈতিক কাঠামোই নয়, তা আইনসিদ্ধও বটে।

## কেন্দ্রীয় দায়িত্ব

এইসব কারণে বলা যেতে পারে, একটি ব্যাপক এবং বলিষ্ঠ পণ্য বন্টন কর্মসূচীর সাফল্যের চাবিকাঠি মূলত কেন্দ্রর হাতে। কেন না, শুধুমাত্র কেন্দ্রীয় সরকারই পারেন ন্যায্যদামে বিভিন্ন রাজ্য থেকে পণ্যসামগ্রী সংগ্রহ ক'রে, প্রয়োজনে বিদেশ থেকে আমদানি ক'রে ভোগ্যপণ্যের সরবরাহ অক্ষুণ্ণ রাখতে। আর তখনই, এইসব ভোগ্যপণ্য জনসাধারণের মধ্যে সুষ্ঠুভাবে বন্টন করার দায়িত্ব রাজ্য সরকারের ওপর বর্তায়।

বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হওয়ার পর তাই প্রথম সুযোগই, ১৯৭৭ সালে কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের এক বৈঠকে এ রাজ্যের মুখ্যমন্ত্রী প্রস্তাব রেখেছিলেন, সারা দেশে একই দামে অত্যাবশ্যক পণ্যসামগ্রী বন্টনের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার সবচেয়ে প্রয়োজনীয় কয়েকটি পণ্য সংগ্রহ ও যোগানের দায়িত্ব নিজের হাতে নিন। এর ফলে, শুধু যে দারিদ্রসীমার নিচে যারা বাস করেন দেশের সেইসব দুর্বল শ্রেণীর লোকেদের সহায়তা করা হবে তাই নয়, জাতির সর্বস্তরে অর্থনৈতিক প্রসার ও উন্নয়নকে ত্বরান্বিত করার পক্ষেও তা হবে অনুকূল।

## জনতা সরকারের নীতি

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর এই প্রস্তাব নাকচ ক'রে দিয়ে তৎকালীন প্রধানমন্ত্রী জানালেন, পণ্যসামগ্রীর উৎপাদন বাড়াতে উৎপাদন খরচ অবশ্যই কমাতে হবে এবং জিনিসের উৎপাদন বৃদ্ধি পেলে খোলাবাজারের প্রতিযোগিতায় দর নেমে আসবে এবং জিনিসের আমদানি বাড়বে। প্রধানমন্ত্রীর এই নীতির আসল অর্থ হল, শ্রমিকরা নিজেদের বাঁচার তাগিদে এই দুর্মূল্যের বাজারে কোনও রকম দাবিদাওয়া জানাতে পারবেন না। অর্থাৎ তাদের জীবনযাত্রার মান ফেরাবার কোনও সুযোগই রইল না। বরং এই নীতির ফলে ধনিকশ্রেণীর মুনাফা লোটার সুযোগ আরও বেড়েই গেল। জিনিসের সরবরাহ বাড়াতে সরকার উৎপাদন বৃদ্ধির ডাক দেওয়ায় তাদেরই সুবিধা হলো বেশি।

শেষ মুহূর্তে জনতা সরকার শ্রী চরণ সিংয়ের বাজেটের শোচনীয় পরিণামে বিপর্যস্ত হয়ে স্বীকার করলেন যে, খোলা বাজারের নীতি জিনিসের সরবরাহ বাড়াতে যেমন ব্যর্থ হয়েছে তেমনি ব্যর্থ হয়েছে দাম কমাতে। সেই মুহূর্তে সরকার মেনে নিলেন, সরকারি পণ্যবন্টন ব্যবস্থাই এর একমাত্র সমাধান। কিন্তু সরকারের এই বিলম্বিত স্বীকৃতিটুকু ছাড়া আর কোনও উদ্যোগ দেখা গেল না। গত জুলাইয়ে, কেন্দ্রীয় সরকার খুব ঘটা ক'রে উৎপাদন ও বন্টন কর্মসূচীর' কথা ঘোষণা করলেন। যাতে বলা হল, জনসাধারণ পণ্যবন্টন ব্যবস্থার মাধ্যমে এখন থেকে কতকগুলি অত্যাবশ্যক ভোগ্যপণ্য নিয়মিত পাবেন। এই বহুলপ্রচারিত কর্মসূচীটি আসলে 'নিজের কাজ নিজে কর' গোছের উপদেশের চেয়ে বেশি কিছু নয়। রাজ্য সরকারগুলির

প্রতি কেন্দ্রীয় সরকার এই নির্দেশনামা চাপিয়ে দিয়ে নিজের দায়িত্ব এড়িয়ে গেলেন। এই কর্মসূচী অনুসারে রাজ্য সরকারের দায়িত্ব হল কয়েকটি পণ্যের উৎপাদক সংস্থার সঙ্গে দর ও সরবরাহ নিয়ে কথা বলা এবং নিজ নিজ এলাকায় সরকারি পণ্যবণ্টন ব্যবস্থার মাধ্যমে জনসাধারণের মধ্যে তা বিলি করা।

কেন্দ্রীয় সরকার কর্তৃক পণ্যসামগ্রী সংগ্রহ, যেখানে যেমন দরকার ভুরতুকি নিয়ে সারা দেশে জিনিসপত্রের এক দাম রাখা, পণ্যদ্রব্যের ওপর ধার্য শুল্ক বা আমদানি কর কমিয়ে সরকারি বণ্টন ব্যবস্থার মাধ্যম বিলি করা জিনিসপত্রের দাম কমানো, কয়েকটি উৎপাদিত পণ্যসামগ্রীর সর্বোচ্চ দাম বেঁধে দেওয়া, রাজ্য সরকারগুলিকে তাদের প্রয়োজনমতো বরাদ্দ দেওয়া, সরকারি পণ্যবণ্টন ব্যবস্থার সামগ্রীগুলিকে পরিবহনের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া এবং পণ্যবন্টন ব্যবস্থার প্রতিনিধি-সংস্থাগুলিকে সুবিধাজনক শর্তে ঋণদানের ব্যবস্থা করা— কোনও ব্যাপারেই কেন্দ্রীয় সরকার কিন্তু একটি কথাও বললেন না। সত্যি বলতে কি, ১৯৭৯ সালের শ্রী চরণ সিং-এর বাজেট আমাদের সমগ্র অর্থনীতিতে এমনি প্রচন্ড আঘাত করেছিল যে গতবার এই বিধানসভায় আমি যখন খাদ্য ও সরবরাহ বিভাগের ব্যয় অনুমোদনের জন্য উপস্থিত হয়েছিলাম আমাকে বাধ্য হয়েই কেন্দ্রীয় বাজেটের ভয়াবহ প্রতিক্রিয়া বিশেষ ক'রে সরকারি পণ্যবন্টন ব্যবস্থার ওপর এর দুঃসহ প্রতিক্রিয়া নিয়ে আলোচনা করতে হয়েছিল। তা নিয়ে বিরোধী সদস্যরা আমার সমালোচনা করতে ছাড়েন নি। তাঁরা আমাকে শুধু পশ্চিমবঙ্গের ব্যাপারেই মাথা ঘামাতে পরামর্শ দিয়েছিলেন ভাবখানা যেন আমরা কেন্দ্রীয় সরকারের সব রকম নীতিকে অগ্রাহ্য করেই সম্পূর্ণ বিচ্ছিন্নও স্বাধীনভাবে কাজ করতে পারি।

বামফ্রন্ট সরকারের বিরোধী সদস্যদের একাংশের স্পর্শকাতরতা সত্ত্বেও আমাকে একথা আবার বলতে হচ্ছে যে, কেন্দ্রীয় সরকারের নীতিগুলির সঙ্গে পশ্চিবঙ্গের এই বিধানসভার জনসাধারণের প্রতিনিধিরাও ভারতের লোকসভার প্রতিনিধিদের মত সমান সংশ্লিষ্ট যেহেতু আমরা ও সারাদেশের সকলেই কেন্দ্রীয় সরকারের নীতিনির্ধারণের ফল একই সঙ্গে ভোগ করি।

দেশাই সরকারের অব্যবস্থার পর এল শ্রীচরণ সিং-য়ের 'অস্তিত্বহীন সরকার'। সেখান থেকে আমরা এসে পৌঁছেছি শ্রীমতী গান্ধীর সরকারে, যে সরকার 'কাজ করার' প্রতিশ্রুতি দিয়ে এসেছে। কিভাবে এই সরকার কাজ করবেন তা' জানতে আমরা সকলেই অত্যন্ত উদ্বিগ্ন। সরকারি পণ্যবণ্টন ব্যবস্থাকে আরও ব্যাপকভাবে রূপ দিতে কেন্দ্রের সদর্থক প্রতিশ্রুতি আমরা আগেই পেয়েছি। সেটা আমরা পেয়েছি মোরারজী সরকারের একেবারে বিদায়লগ্নে। এখনও পর্যন্ত আমরা কিন্তু বর্তমান কেন্দ্রীয় সরকারের কাছ থেকে একমাত্র আটক আইন প্রয়োগের কথা ছাড়া ঐ ব্যাপারে আর কোনও সুস্পষ্ট ধারণা পাই নি। এ ব্যাপারে আমাদের বিশেষভাবে কিছু বলার আছে। চলতি মাসের ৭ তারিখে অসামরিক সরবরাহ বিভাগের মন্ত্রীদের এক বৈঠকে, আমরা নতুন ক'রে আমাদের আগেকার প্রস্তাব তুলে ধরি। আড়াই মাস পরে হয়ে গেলেও নতুন কেন্দ্রীয় সরকারের নীতি এবং অগ্রাধিকারের বিষয়গুলি কি তা আজও ঠিক জানা গেল না। এদিকে হু হু করে জিনিসপত্রের দাম বেড়েই চলেছে—যা রোখা খুবই কঠিন।

আমি খাদ্য ও সরবরাহ বিভাগের কাজের নানা অসুবিধা ও অনিশ্চয়তার কথা বিশদভাবে

তুলে ধরে নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য কোনও অজুহাত তৈরি করতে চাইছি না, বরং বলতে চাইছি নানা প্রতিকূল পরিস্থিতির মধ্যেও বামফ্রন্ট সরকার সরকারি পণ্যবন্টন ব্যবস্থা চালু রাখতে কি রকম চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এ রাজ্যে সম্ভবত ভারতের এই বৃহত্তম বণ্টন ব্যবস্থার ফলে সামগ্রিক মূল্যমান যেমন তুলনামূলকভাবে সবচেয়ে নিচে, তেমন বাজারে পণ্যসামগ্রী পাওয়া যাচ্ছে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে রাজ্য সরকার কেবলমাত্র বিধিবদ্ধ রেশন এলাকার লোকেদের প্রয়োজনীয় খাদ্যশস্য পুরোপুরি জুগিয়েছেন এবং গোটা রাজ্যের লোকেরা পেয়েছেন শুধুমাত্র লেভি চিনি। রাজ্যের জনসংখ্যার অবশিষ্ট ৪-৫ অংশ প্রতি সপ্তাহে মাত্র ২০০ গ্রাম থেকে ৫০০ গ্রাম খাদ্যশস্য পেয়ে এসেছেন। কিছু গমজাত দ্রব্যও বিলি করা হয়েছে। কেরোসিনের দাম নির্ধারিত হ'ত কেন্দ্রীয় সংস্থাগুলির সরবরাহ কেন্দ্রের দামের ওপর নির্ভর করে। সে জায়গায়, বামফ্রন্ট সরকার মোট যোলটি পণ্যসামগ্রী সরকারি বণ্টন ব্যবস্থার আওতায় এনেছেন ঃ

| | |
|---|---|
| (১) চাল, | (২) গম, |
| (৩) গমজাত দ্রব্য, | (৪) ডাল, |
| (৫) ভোজ্য তেল, | (৬) চিনি, |
| (৭) নুন, | (৮) চা, |
| (৯) কেরোসিন তেল, | (১০) হাইস্পীড ডিজেল |
| (১১) কয়লা, | (১২) কন্ট্রোলের কাপড়, |
| (১৩) এক্সসারসাইজ খাতা, | (১৪) দেশলাই |
| (১৫) গায়ে মাখার সাবান, | (১৬) সিমেন্ট |

প্রতিটি পণ্যসামগ্রীর সংগ্রহ এবং বণ্টনের আলাদা বৈশিষ্ট্য রয়েছে। সে ব্যাপারে এখন আমরা বিশদ আলোচনায় আসছি। কেন্দ্রীয় ভান্ডার থেকে বণ্টনের জন্য যেটুকু খাদ্যশস্য পাওয়া গিয়েছে তার হিসেব এইরকম ঃ

চাল এবং গম

মেট্রিক টনের হিসেবে

| | |
|---|---|
| ১৯৭৬—চাল—৫,৩১,১৭১, | গম—১৩,৭৫,০০০ |
| ১৯৭৭—চাল—৯,২৩,৬৪৪, | গম—১৬,৮০,০০০ |
| ১৯৭৮—চাল—১৫,৮২,০১৪, | গম—২০,৩০,০০০ |
| ১৯৭৯—চাল—১৭,৯০,১৮৫, | গম—২৬,০০,০০০ |

এ ছাড়াও ১৯৭৯ সালে ১ লক্ষ ৫৬ হাজার মেট্রিক টন খাদ্যশস্য বণ্টন করা হয়েছিল 'কাজের বিনিময়ে খাদ্য' প্রকল্পে আর ৪৬ হাজার মেট্রিক টন দেওয়া হয়েছিল বন্যার ত্রাণকার্যে। আর ময়দা কলগুলি পেয়েছিল—৩ লক্ষ ৭৬ হাজার মেট্রিক টন গম। সুতরাং বোঝা যাচ্ছে যে, ১৯৭৯ সালে খাদ্যশস্যের বরাদ্দ ১৯৭৬ সালের বরাদ্দের তুলনায় অন্তত শতকরা

২৩০% ভাগ বেড়েছে। বর্তমান সরকার আসার পর সংশোধিত রেশনে চালের পরিমাণ বেড়েছে শতকরা ৩৫০ ভাগ আর গম শতকরা ১০০ ভাগ। সংশোধিত রেশন এলাকায় খাদ্যশস্যের মজুত অনুসারে আগে বণ্টনের হার ছিল মোট মাত্র দু'শ থেকে পাঁচশ' গ্রাম খাদ্যশস্য। বামফ্রন্ট সরকার তা বাড়িয়ে সারা সংশোধিত রেশন এলাকায় মাথা পিছু সপ্তাহে করেছেন তিন কিলোগ্রাম খাদ্যশস্য। যার এক কিলোগ্রাম চাল আর দুই কিলোগ্রাম গম। সেইসঙ্গে ১০০ গ্রাম করে ময়দা ও ৫০ গ্রাম করে সুজিও আছে।

খাদ্যশস্যের এই পরিমাণ বাড়ার সঙ্গে আরও দুটি বিষয় আমাদের মনে রাখতে হবে। প্রথমত রাজ্যের সব মানুষের সমস্ত প্রয়োজন আমাদের নিজেদের উৎপাদন থেকে মেটাতে পারি না বলে আমরা অনেকাংশেই কেন্দ্রীয় ভাণ্ডারের চালের ওপর নির্ভর করে থাকি। দ্বিতীয়ত কেন্দ্রীয় সরকার "এক রাজ্য অঞ্চল" তুলে দেবার ফলে পশ্চিমবঙ্গের মিহি চাল বাইরের রাজ্যে চলে যাওয়া যেমন ঠেকানো যাচ্ছে না, তেমন আবার আমাদের এত ঘাটতি রাজ্যে উল্লেখযোগ্য পরিমাণে সংগ্রহ সম্ভব হচ্ছে না। এবার আসি দামের কথায়। এই তালিকা থেকে বোঝা যাচ্ছে যে ১৯৭৬ সাল থেকে গত চার বছরে ধানের সংগ্রহমূল্য বেড়েছে প্রতি কুইন্টাল ২৫ টাকা। সে জায়গায় চালের দাম বেড়েছে কুইন্টাল প্রতি ৩৭ টাকা ৫০ পয়সা বা কেজি প্রতি ৩৭ পয়সার মত।

| | ধানের সংগ্রহ মূল্য | ১লা জানুয়ারি খোলাবাজারে ধানের পাইকারী দাম ছিল | ১লা জানুয়ারী চালের দাম ছিল |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| ১৯৭৭ .. | ৭৪ | ৮০—১১৭ | ১.৬৮—১.৯০ |
| ১৯৭৮ .. | ৮০+২ | ৭৫—৯৯ | ১.৬৫—১.৯১ |
| ১৯৭৯ .. | ৮৮+৭ | ৮৮—১১৫ | ১.৮৩—২.০৯ |
| ১৯৮০ .. | ৯৯ | ৯০—১২৯ | ২.১০—২.৪১ |

সুতরাং বন্যা ও খরার ক্ষয়ক্ষতি সত্ত্বেও রেলযোগে বা সড়কযোগে পরিবহনব্যবস্থার নানান অসুবিধা সত্ত্বেও এবং চাষীকে প্রতি বছর বর্ধিত সংগ্রহমূল্য দেওয়া সত্ত্বেও চাল ও গমের দাম কিন্তু উল্লেখযোগ্যভাবে স্থিতিশীল আছে।

কেন্দ্রীয় ভাণ্ডার থেকে সরবরাহ করা চাল এবং গম, উভয়ের সম্পর্কেই সঙ্গত অভিযোগ অনেকদিন ধরে চলে আসছে। গড়ে প্রতি বছর আমরা কুড়ি লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য তুলে আসছি। কেন্দ্রীয় ভাণ্ডারের সবচেয়ে বড় খরিদ্দার বলে সবচেয়ে পুরনো স্টক থেকেই আমাদের অনেকটা শস্য দেওয়া হয়, হয়তো তা পুরোপুরি এড়ানো সম্ভব নয়। কিন্তু মুশকিল হল কেন্দ্রীয় সংগ্রহ ও সংরক্ষণ— দুটোর মান-ই খুব নিচু। উদ্বৃত্ত রাজ্যগুলির উৎপাদনের বেশির ভাগই আতপ চাল যার পুষ্টিগত মান খুবই খারাপ। এবং ব্যবসায়িক দিক থেকেও তা একেবারেই লাভজনক নয়। এটা বলা দরকার যে, এ সবরে সংশোধনের জন্য পশ্চিমবঙ্গ, এবং একমাত্র পশ্চিমবঙ্গই আন্দোলন করে এসেছে। দুর্ভাগ্যক্রমে উদ্বৃত্ত এলাকাগুলি মুরুব্বির জোরে নিচু সংগ্রহমানের ব্যাপারে তাদের নিজেদের ইচ্ছেই খাটাতে পেরেছে। খারাপ

সংরক্ষণের ব্যাপারে আমাদের কুখ্যাতি আন্তর্জাতিক, আধুনিক বিজ্ঞানসম্মত সংরক্ষণের কাজ খুব ধীরে এগোচ্ছে, এবং প্রায় সমস্ত কৃষিজাত দ্রব্যের উৎপাদন বাড়ার জন্য আমরা যে সুবিধা পেতে পারতাম সংরক্ষণের অভাব কিংবা নিম্নমানের জন্য তা নষ্ট হয়ে যাচ্ছে। সিদ্ধ চালের অতিরিক্ত চাহিদার ফলে উদ্বৃত্ত রাজ্যগুলি কেন্দ্রীয় সরকারের ভরতুকির সাহায্যে চাল সিদ্ধ করার যে পদ্ধতি নিয়েছে তা এত খারাপ যে, উত্তর ভারতের সিদ্ধ চাল সঙ্গত কারণেই কেরলে 'লোহার চাল' এবং বিহারে 'ইলাস্টিক চাল' হিসাবে অভিহিত। এই চাল ফোটাবার করুণ অভিজ্ঞতার সঙ্গে পশ্চিমবঙ্গে আমরা পরিচিত। আমরা কেন্দ্রীয় সরকারকে অনবরত অনুরোধ করছি যাতে এই 'বীরভোগ্য' চালের থেকে আমাদের অব্যাহতি দেওয়া হয় এবং দক্ষিণ ভারতের নতুন আতপ এবং সেদ্ধ চাল পাঠানো হয়। আমরা এটাও দাবি করেছি যে, পশ্চিমবঙ্গের পুরানো মজুত ভান্ডার পরিষ্কার করা হোক এবং শুধু গ্রহণযোগ্য চালই দেওয়া হোক। দুর্ভাগ্যক্রমে আমাদের দাবি সত্ত্বেও মান নিয়ন্ত্রণের ব্যাপারটা অবহেলিত থেকে গেছে। ভারত সরকার মেনে নিয়েছেন যে যৌথ পরীক্ষার পর খাদ্যশস্য বণ্টনের জন্য দেওয়া হবে এবং খাদ্যশস্য 'গ্রহণযোগ্য গড় মানে' (F.A.Q) না পৌছালে বাতিল করা হতে পারে। আমাদের বেছে নেবার সুযোগ দেওয়া হয়েছে কিন্তু সেই সুযোগ নিতান্তই সীমিত-হয় তাদের সরবরাহ করা চাল নিতে আমাদের রাজি হতে হবে, না হলে চাল না নিয়েই থাকতে হবে—যা আমাদের পক্ষে সম্ভব নয়।

এরপর সরবরাহের ভয়াবহ পরিস্থিতির প্রসঙ্গে আসি। গত বছরের আগের বছর যে বন্যা হয় তখন থেকে আমরা প্রতিমাসে আড়াই লক্ষ মেট্রিক টন হিসাবে খাদ্যশস্য চেয়ে আসছি। কেন্দ্রীয় সরকার আমাদের প্রয়োজন স্বীকার করেছেন এবং প্রত্যেক মাসে আমাদের চাহিদামত বরাদ্দ দিচ্ছেন। এতদিন ধরে, মাসের পর মাস, কেন্দ্রীয় সরকার এবং রেলওয়ে পশ্চিমবাংলায় অন্তত দু'লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য দেবার প্রতিশ্রুতি দিয়ে আসছেন কিন্তু ব্যর্থ হয়েছেন শোচনীয়ভাবে। এর ফলে এখন অত্যন্ত দুঃখজনক হয়ে দাঁড়িয়েছে। খাদ্যশস্যের সত্যিকারের আমদানির তুলনায় রেশনের দোকানগুলিতে 'অফ-টেক' বেশি হওয়ায় আমরা পশ্চিবাংলায় পুরানো মজুত ভান্ডারের থেকে তুলে সেই ফাঁক ভরিয়ে আসছিলাম, কিন্তু সেই মজুত ভান্ডার এত এসেছে, যে, কোনো কোনো ক্ষেত্রে খাদ্যশস্যের বণ্টনব্যবস্থা ব্যাহত হচ্ছে, আর কাজের বিনিময়ে খাদ্য' প্রকল্প এবং ত্রাণের কাজ প্রায় বন্ধ হতে চলেছে। এরকম চলতে থাকলে অবস্থা খুব খারাপ হবে সন্দেহ নেই। বিদায়ী এবং নবাগত, দুই কেন্দ্রীয় সরকারের কাছেই পরিস্থিতির ক্রমবর্ধমান গুরুত্বের কথা বার বার বলা হয়েছে। আমাদের যথারীতি আশ্বাস দেওয়া হয়েছে, সর্বশেষটি এ মাসের ৭ তারিখে, ১৭৫টি রেকের বন্দোবস্ত করা হবে এবং পশ্চিমবাংলায় মাসে অন্তত ১৫০টি রেক পৌছবেই। নীচের তালিকা থেকে অবশ্য অবস্থার কোন উন্নতি দেখা যাচ্ছে না ঃ

**আমদানি (রেকের হিসাব)**

| অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ (১৫ তারিখ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|
| ১০৭ | ৯০ | ১০৬ | ১১১ | ৯৪ | ৫২ |

এর জন্য উত্তর বাংলার পাঁচটি জেলা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। যেখানে তাদের মাসে ৩০টি রেক দরকার সেখানে তারা ফারাক্কা পেরিয়ে এক-তৃতীয়াংশও পাচ্ছে কিনা সন্দেহ।

এই সভায় দাঁড়িয়ে আমি কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি, আমাদের দু লক্ষ মেট্রিক টনের নূন্যতম চাহিদা না মেটাতে পারলে পশ্চিমবঙ্গের সমগ্র অর্থনৈতিক ব্যবস্থা দারুণভাবে বিপর্যস্ত হবে।

অভ্যন্তরীণ উৎপাদন থেকে সংগ্রহ কম হয়েছে বলে আমাদের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। বলা হয়েছে, অভ্যন্তরীণ উৎপাদন থেকে আরো বেশি সংগ্রহ করতে পারলে বিধিবদ্ধ রেশন এলাকাভুক্ত সরকার কিছু পরিমাণে বাংলার চাল দিতে পারতেন। কিন্তু কেন্দ্রীয় সরকার 'রাজ্য অঞ্চল'গুলি বাতিল করেছেন এবং উদ্বৃত্ত এলাকাগুলিকে করবার সমস্ত ক্ষমতা প্রত্যাহার করেছেন, ফলে এখন আগের মতো সংগ্রহ সম্ভব নয়। দ্বিতীয়ত, পর পর বন্যা ও খরাপীড়িত দুটি দুবৎসরে আমরা ইচ্ছা করেই উৎপাদকদের উপর লেভি ধার্য করিনি, যাতে এই দুঃসময় বাজারে অন্তত কিছু পাওয়া যেতে পারে। খোলাবাজারে খাদ্যশস্যের অহেতুক মূল্যবৃদ্ধি এবং মজুতদারি ঠেকাতে আমরা রেশন দোকানগুলির মাধ্যমেও বরাদ্দ অনেক বাড়িয়ে দিয়েছিলাম। মিল লেভি, যেটা সংগ্রহের মূল উৎস, তা আমরা রেখে দিয়েছি, যাতে নূন্যতম একটা মজুত ভান্ডার রাখা যায় এবং রাজ্যের বাইরে ব্যাপকহারে চাল পাচার না চলে। স্মরণ করা যেতে পারে, এই রাজ্যে প্রশাসন দরকার মতো লেভিমুক্ত চালের চলাচল ও দামের উপরে বরাবর কিছু নিয়ন্ত্রণ রেখে এসেছে। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় দাম কম ছিল বলে আমরা খোলাবাজারে আমদানিকে উৎসাহ দেবার জন্য পাইকারদের উপর লেভি প্রত্যাহার করেছিলাম—চালকল মালিকরা যথারীতি এই নীতির বিরোধিতা করেছিল, কারণ তারা তাদের লেভিমুক্ত চালের দাম বাড়াতে পারে নি। কেন্দ্রীয় ভান্ডারের উপর আমাদের নির্ভর করবার অধিকার আছে। কারণ আমরা তো আমাদের রাজ্যে স্বাধীন, স্বতন্ত্র, অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তুলতে পারি না। প্রথমে বন্যা আর তারপর খরা—দুই বছর আমাদের পরীক্ষার সময় এবং প্রমাণিত হয়েছে যে আমরা খাদ্যশস্যের স্থায়ী এবং ন্যায্য দাম রক্ষার জন্য যেসব নীতি গ্রহণ করেছিলাম সেগুলি ঠিকই ছিল— আমাদের অজ্ঞ ও অবুঝ সমালোচকরা যাই বলে বেড়ান না কেন।

দানাশস্যের সমস্যা নিয়ে অনেক কথা বলা হোল। কারণ রাজ্যের বিভিন্ন সমস্যার উপর ও বাজারে এর পাওয়া-না-পাওয়ার একটা বিশেষ প্রভাব আছে। আমাদের জনসংখ্যার অধিকাংশের কাছে খাদ্যশস্যের খরচ যে শুধু তাদের সংসার খরচের সবচেয়ে বড় অংশ তা নয়, তারা অন্য যে সব জিনিস ব্যবহার করে সেগুলির দামও এর দ্বারা প্রভাবিত।

এর পরেই সবচেয়ে জরুরী জিনিস ডাল—তার দাম ও লভ্যতা। ডালে পশ্চিমবাংলার বাৎসরিক ঘাটতি ৬ লক্ষ মেট্রিক টনের মতো। আজকাল উৎপাদন ক্রমাগত কমে ২ লক্ষ ৬৭ হাজারে দাঁড়িয়েছে। এই ঘাটতি বেসরকারি ব্যবসায়ীরা মেটান ডাল আমদানি করে এবং বেশি দামে বিক্রি করে। ভরতুকির সাহায্যে ন্যায্যমূল্যে মসুর ডাল কেজি প্রতি ৩ টাকা এবং ছোলা ও মটর ডাল কেজি প্রতি ২ টাকা করে সরকারি বন্টন ব্যবস্থা বিক্রির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগের বছর এই ধরনের ডালের মোট সংগ্রহ ও বন্টন ছিল প্রায় ১২ হাজার মেট্রিক টন, এবং বর্তমান বছরে তা ৩৭ হাজার মেট্রিক টন। যদিও সরকারি বন্টন ব্যবস্থায়

ছোলা ও মটর ডাল কেজি প্রতি ২ টাকা করে সরকারি বন্টন ব্যবস্থা বিক্রির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগের বছর এই ধরনের ডালের মোট সংগ্রহ ও বন্টন ছিল প্রায় ১২ হাজার মেট্রিক টন, এবং বর্তমান বছরে তা ৩৭ হাজার মেট্রিক টন। যদিও সরকারি বন্টন ব্যবস্থায় মোট যা দেওয়া হয় তা ঘাটতির সামান্য একটি ভগ্নাংশ, তবু এতে খোলাবাজারে যাঁরা কেনেন তাঁরাও উপকৃত হয়েছেন, কারণ খোলাবাজারে মুসুরের দাম কেজি প্রতি ৫ টাকা থেকে কমে সরকারি বন্টনমূল্য ৩ টাকার কাছাকাছি নেমে এসেছে। লক্ষ্য করা যেতে পারে যে, যখন সরকারি বন্টন ব্যবস্থায় মুসুরের দামকে আয়ত্বে আনা গিয়েছে, অন্য ধরনের ডালের দাম কিন্তু আগের মতোই বেশি থেকে গেছে। এই প্রসঙ্গে লক্ষণীয়, পশ্চিমবাংলায় যখন ডালের উৎপাদন ক্রমাগত কমে গিয়েছে, ভারতের অন্য জায়গার ছবিও একইরকম হতাশাজনক। সমস্ত ভারতে উৎপাদন গতিহীনতা ও হতাশার কবলে পড়েছে, এবং এটা ন্যায্য দামে ডালের বড় মাপের সংগ্রহ ব্যাহত করছে। যাই হোক, আমাদের কর্মসূচী চালু থাকবে এবং ভারতের বিভিন্ন উৎপাদনকারী কেন্দ্রগুলিতে তার উৎপাদন ও দামের গতির উপর নির্ভর করে অন্যান্য ধরনের ডাল বন্টনের ব্যবস্থার চেষ্টা করা হবে।

ভোজ্যতেল নিয়ে জনসাধারণের অভিযোগ অনেক। ভারতে একজন লোক প্রতিদিন গড়ে ১০ গ্রাম তেল ব্যবহার করে, এটাকে হিসাবের ভিত্তি ধরলে আমাদের ভোজ্য তেলের বার্ষিক চাহিদা দাঁড়ায় ১ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন। আমাদের ক্রয় ক্ষমতা কম বলে একে ১ লক্ষ ৩০ হাজার মেট্রিক টনে নামানো যেতে পারে। আমরা যে সরিষা উৎপন্ন করি, তা থেকে প্রায় ২০ হাজার মেট্রিক টন তেল পাওয়া যায়—ঘাটতি থাকে অন্তত ১ লক্ষ ১০ হাজার মেট্রিক টনের, যা আমদানি দিয়ে মেটাতে হয়। দেশব্যাপী ভোজ্যতেলের অনটনের জন্য অন্যান্য উৎপাদনকারী রাজ্যে সরিষাবীজ বা তেলের দাম বেশি, তাই কেন্দ্রীয় সরকার বাইরে থেকে যে রেপসীড তেল আমদানি করেন, আমাদের পছন্দ অপছন্দের কথা ভুলে আমরা তার সদ্ব্যবহারের চেষ্টা করি। সর্ষেবীজ ও রেপবীজ দুটোই সমগোত্রীয়। অপরিশোধিত রেপবীজ শোধন ও গন্ধমুক্ত করার পর সম্পূর্ণ নিরাপদ এবং সর্ষের তেলের মতোই পুষ্টিকর, দামও উল্লেখযোগ্য পার্থক্য থাকায় সরকারির বন্টনের পক্ষে এটা খুবই উপযোগী। বিশেষত জনসাধারণের দুর্বলতর অংশের জন্য এটা সহায়ক বলে মনে করা হয়। আনন্দের কথা, প্রাথমিক দ্বিধা ও অনীহার পর আমাদের দেশবাসীর কাছে পরিশোধিত রেপসীড তেল, সর্ষের তেলের স্বাদ ও গন্ধমুক্ত না হয়েও, ক্রমশ গ্রহণযোগ্য হয়ে উঠেছে। বস্তুত, পশ্চিমবাংলায় স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে অপরিশোধিত তেলের ধারাবাহিক অনিশ্চিত সরবরাহ সত্বেও পশ্চিমবঙ্গ একাই ভারতের অন্য রাজ্যগুলির প্রায় একত্রে সমপরিমাণ তেল ব্যবহার করছে। গত তিন বছরের হিসাব এইরকম ঃ

| | মেট্রিক টন |
|---|---|
| ১৯৭৬-৭৭ | ২,৫৮৫ |
| ১৯৭৭-৭৮ | ১৪,৯৬২ |
| ১৯৭৮-৭৯ | ১৮,৩১৯ |
| ১৯৭৯-৮০ ( ফেব্রুয়ারি পর্যন্ত) | ১৯,০০০ |

পশ্চিমবাংলার চাহিদা আরো বেশি ছিল এবং আরো অনেক বেশি ব্যবহার করতে পারত, কিন্তু প্রধানত স্টেট ট্রেডিং কর্পোরেশন অশোধিত অথবা সংশোধিত তেল সরবরাহ করতে ব্যর্থ হওয়ার জন্য এবং অংশত পশ্চিমবাংলায় তেল সংশোধন করবার জন্য সুবিধা সীমিত থাকার জন্য চাহিদার অনুপাতে পাওয়া যাচ্ছিল কম। সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে অন্ততপক্ষে ৫,০০০ মেট্রিক টন সংশোধিত রেপসীড তেল যাতে পাওয়া যায় সে সম্পর্কে নতুন আশ্বাস পাওয়া গিয়েছে, কিন্তু সেই আশ্বাসের বাস্তবে রূপায়ণ আগের মতোই, এখনও কেন্দ্রীয় সরকার এবং তার প্রতিনিধি, স্টেট ট্রেডিং কর্পোরেশনের উপর নির্ভরশীল।

পুরো কোটা যদি পাওয়াও যায়, তবু আমরা আমাদের চাহিদার তুলনায় অনেক কম পাব। সেইজন্য ১৯৭৯ সালের অক্টোবর থেকে আর, বি, ডি, পাম অয়েল নামে আরেক ধরনের ভোজ্য তেল চালু করছি। বিশেষজ্ঞদের মতে তা বনস্পতিজাতীয় তেলের সমান কিংবা তার থেকেও বেশি ভাল এবং খরচের অনেক বেশি সাশ্রয় করে। ব্যবহারকারীরা এই তেলকে স্বাগত জানিয়েছেন। আমরা প্রত্যেকে মাসে ২,০০০ মেট্রিক টন আর, বি, ডি, পাম তেলের সরবরাহ চেয়েছি, এবং সেই প্রতিশ্রুতিও পেয়েছি। আমরা যদি কেন্দ্রীয় সরবরাহ থেকে এই ৭,০০০ মেট্রিক টন ভোজ্য তেল পাই তবে ভোজ্য তেলে আমাদের ঘাটতির প্রায় ৭৬% মেটাতে পারব, এবং এইভাবে খোলাবাজারে অন্য ভোজ্যতেলগুলির দাম আয়ত্তে রাখতে পারব। আর ভোজ্যতেল সম্পর্কে আমাদের জনসাধারণকে প্রয়োজনীয় স্বস্তি দিতে পারব। এখানেও, আমি পুনরাবৃত্তি করছি, আমাদের সমস্যার মূল হল, কেন্দ্র থেকে নিয়মিত সরবরাহ।

গুরুত্বের দিক থেকে তারপর আসে চিনি, পশ্চিমবঙ্গে যার উৎপাদন উপেক্ষণীয়। খুব কম করে ধরে ৩ সপ্তাহে মাথাপিছু ১০০ গ্রাম হিসাবেও আমাদের দরকার মাসে প্রায় ২৫,০০০ মেট্রিক টন, যার পুরোটাই সরবরাহ করবে অন্য রাজ্যগুলি। এখানেও আমরা কেন্দ্রীয় সরকারের নীতি এবং চিনি প্রস্তুতকারক ও ব্যবসায়ীদের লোভের শিকার হয়েছি। যুদ্ধের বছরগুলিতে চিনি কিলোপ্রতি প্রায় ৭০ পয়সা পাওয়া যেত। খোলাবাজারে আজ তার দাম প্রতি কিলো সাতটাকা। স্বাধীনতার পর থেকে চিনি বিদেশে ভুরতুকির সাহায্যে রপ্তানি হত, কারণ তার আন্তর্জাতিক দাম আমাদের থেকে অনেক কম ছিল। তারপর থেকে পালা করে চিনি নিয়ন্ত্রণ আর বিনিয়ন্ত্রণ চলত, আর প্রত্যেক নিয়ন্ত্রণ-মূল্য আগের থেকে উপরে বেঁধে রাখা হত। চিনি প্রস্তুতকারক ও ব্যবসায়ীদের মুনাফা লোটার জন্য অনুমোদন দেবার পুরানো খেলা সম্প্রতি আবার দেখা গেল। লেভি চিনির দাম ছিল কিলোপ্রতি ২.৩০ টাকা। অতিরিক্ত উৎপাদনের জন্য চিনির দাম পড়ে যেতে পারে এই কারণ দেখিয়ে চিনির উপর নিয়ন্ত্রণ তুলে নেওয়া হল। দেশবাসীকে আশ্বাস দেওয়া হল, চিনির দাম কিলোপ্রতি ২.৭৫ টাকার উপরে উঠবার উপক্রম হলে চিনি নিয়ন্ত্রণ আবার চাপিয়ে দেওয়া হবে। কিন্তু লোকসভা নির্বাচনের ঠিক আগে পর্যন্ত চিনির দাম বেড়ে যেতে দেওয়া হল। তারপর যখন চিনির উপর আবার নিয়ন্ত্রণ বসানো হোলো, তখন লেভি চিনির দাম আগে চেয়ে বাড়িয়ে, ব্যবহারকারীদের জন্য ২.৮৫ টাকায় বেঁধে দেওয়া হল। নিয়ন্ত্রণ আবার চালু করবার তিন মাস পরেও লেভি চিনি সুলভ হয়নি, এবং খোলাবাজারে তার দাম বেড়ে গিয়ে হয়েছে কিলোপ্রতি ৭.০০ টাকা এবং তারও বেশি। ১৭ই ডিসেম্বর, ১৯৭৯ থেকে পশ্চিমবাংলাকে বরাদ্দ করা ৭৪,০০০

*মেট্রিক টন লেভি চিনির মধ্যে পশ্চিমবাংলা পেয়েছে ১৫ই মার্চ পর্যন্ত প্রায় ১৩,০০০ মেট্রিক টন।* জনসাধারণের প্রচণ্ড কষ্ট বিবেচনা করে, যখনই কিছু পাওয়া গিয়েছে, সেখানেই লেভি চিনি বন্টন শুরু করতে হয়েছে, এবং তাতে জনসংখ্যার অর্ধেককেও দেওয়া যায়নি। পশ্চিমবঙ্গকে এমন বরাদ্দ দেওয়া হয়েছে যে সবাইকে সমানভাবে বন্টন করা যাবে না। বাধ্য হয়ে তাই প্রতি সপ্তাহে মাথা পিছু বরাদ্দ বিধিবদ্ধ রেশন এলাকায় বেঁধে দেওয়া হয়েছে ১০০ গ্রামে এবং সংশোধিত রেশন এলাকায় ৭৫ গ্রাম। আমরা প্রত্যেক মাসে রাজ্যের কোটা ২৫,০০০ করবার জন্য দাবি জানিয়েছি, যাতে আমরা রাজ্যের সর্বত্র মাথাপিছু একই হারে বন্টন করতে পারি।

আমরা আরো দাবি করেছি, কেন্দ্রীয় সরকার যেন লেভিমুক্ত চিনির জন্যও একটি সর্বোচ্চ খোলাবাজারের দর বেঁধে দেন, যাতে তা সাতটাকা থেকে একটা ন্যায্য দামে নেমে আসে।

## নুন

এরপর আসি নুনের কথায়। পশ্চিমবঙ্গে নুনের উৎপাদন সামান্যই। যেটুকুও হয় তাও লাগে শিল্প প্রকল্পের প্রয়োজনে। উপকূলবর্তী রাজ্য হওয়া সত্ত্বেও এ রাজ্যে নুন উৎপাদনের তেমন ব্যবস্থা একেবারেই হয়নি। এখানকার উপসাগরের জলে নুনের ভাগটা অন্যান্য জায়গার তুলনায় কম। ফলে উৎপাদন ব্যয় বেশি হবে। তাহ'লেও কিন্তু পশ্চিমবঙ্গের উপকূলবর্তী অঞ্চলে নুন উৎপাদনের প্রকল্প লাভজনক হ'বে। পশ্চিমবঙ্গের সবচেয়ে যে কাছের জায়গা থেকে নুন আসে তা হল ১৫০০ মাইল দূরবর্তী টিউটিকোরিণ। নুন আসে মিটার গেজ রেলে। সেজন্য নুনের দামের বেশির ভাগটাই হল পরিবহনের ব্যয়। যদি ২৪-পরগনা ও মেদিনীপুরের উপকূলবর্তী অঞ্চলে নুন উৎপাদনের ব্যবস্থা করা যায় তবে পরিবহন ব্যয় এত কম হবে যে উৎপাদন ব্যয় বেশি হওয়া সত্ত্বেও দু'য়ে মিলে দাম আমদানি করা নুনের চেয়ে কম পড়বে। তার ওপর স্বাভাবিক সরবরাহও বজায় রাখা যাবে। কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে একটি "পাইলট প্রোজেক্ট" রচনার প্রতিশ্রুতি দিয়েছেন। কেন্দ্র ও রাজ্য সরকারের শিল্প দপ্তরের মধ্যেও কথাবার্তা অনেকদূর এগিয়েছে।

সমস্যার আরও একটা দিক হল, শুধু পশ্চিমবঙ্গের বেলাতেই রেলযোগে নুন আনা বারণ ছিল। বামফ্রন্ট সরকার এসে দেখলেন যে, নুনের কারবারটা পুরোপুরিই জন ছয়েক বড় একচেটিয়া পুঁজিপতির কুক্ষিগত। জাহাজে নুন আনতেও অনেক খরচ। শেষপর্যন্ত বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারকে বুঝিয়ে সুজিয়ে এই একচেটিয়া কারবার ভেঙ্গে দিতে পেরেছেন এবং পশ্চিমবঙ্গ তার প্রয়োজনের অর্ধেকটা রেলযোগে পশ্চিম উপকূল বা টিউটিকোরিণ থেকে আনার ব্যাপারে কেন্দ্রের অনুমতি আদায় করেছেন।

তা সত্ত্বেও নুনের মূল্যবৃদ্ধি বা অনিয়মিত সরবরাহ সমস্যার সমাধান হয়নি। কারণ, প্রথমত শিপিং কর্পোরেশন প্রতিমাসে নুন আনার জন্য প্রয়োজনীয় জাহাজের ব্যবস্থা করতে পারেন না এবং রেল কর্তৃপক্ষও সবসময় মাসে ১২টি করে রেক দিতে পারেন না। এ জন্যই সরবরাহে ঘাটতি হয়। দ্বিতীয়ত, দু'রকমভাবে নুন আনতে দু'রকম পরিবহন ব্যয়ও মূল্য নির্ধারণে অসুবিধা সৃষ্টি করে।

এ সব কিছুর সমাধান হতে পারে যদি অত্যাবশ্যক পণ্য সরবরাহ সংস্থার মত কোন

রাষ্ট্রায়ত্ত সংস্থার মাধ্যমে পুরোটাই আনা যায় এবং রেশন দোকানের মারফত প্যাকেটে করে বিক্রি করা যায়। নুন সহজেই গলে যায় বলে অত্যাবশ্যক। ভোগ্যপণ্য সরবরাহ সংস্থা প্রয়োজনীয় জাহাজ ও ভাল প্যাকেট তৈরির ব্যবস্থায় নজর দিচ্ছেন। মোটের ওপর স্থানীয় ভাবে উৎপাদন, আমদানির অধিকার ও বণ্টন ব্যবস্থার মাধ্যমে প্যাকেটে নুন বিক্রির কর্মসূচী সরবরাহ অব্যাহত রাখতে ও দাম কমাতে সাহায্য করবে। অত্যাবশ্যক পণ্য সরবরাহ সংস্থা প্রধানত 'কনফেড'-এর মাধ্যমে খোলাবাজার থেকে নুন কিনে তা রেলেযোগে আনে।

উত্তরবঙ্গ ও পার্বত্য এলাকায় আইওডাইজেশনের সমস্যা আছে। এ সব অঞ্চলে গলগণ্ড রোগের প্রকোপের জন্য সেখানে আইওডাইজড্ নুন পাঠাতে হয়। এজন্য উত্তরবঙ্গে কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন একটি আইওডাইজেশন প্ল্যান্টও আছে। স্থানীয় প্রয়োজনের তাগিদে এই পরিচালন ব্যবস্থা আরও সুষ্ঠু হওয়া দরকার।

শিল্প এবং নিত্য ব্যবহারের জন্য পশ্চিমবঙ্গে প্রয়োজন প্রতি মাসে ৩৫ হাজার মেট্রিক টন অথবা বছরে ৪ লক্ষ মেট্রিক টন নুন। এই পরিমাণ নুনের পরিবহনে প্রয়োজন মাসে ৪টি জাহাজ ও ১২টি রেল রেক। কিন্তু কখনই তা নিয়মিত পাওয়া যায় না। যতক্ষণ পর্যন্ত না স্থানীয়ভাবে নুন উৎপাদনের ব্যবস্থা হচ্ছে ততক্ষণ অন্য জায়গা থেকে আনা নুন ক্রেতাদের বেশি দামেই কিনতে হবে। অনেকদিন যাবত পশ্চিমবঙ্গ সরকার নুনের সর্বোচ্চ দাম বেঁধে দেওয়ার ব্যাপারে উৎপাদনকারীদের ওপর জোর দিচ্ছিলেন। এ বিষয়ে দেখাশোনার জন্য বহু বছর ধরে কেন্দ্রীয় সরকার নিয়োজিত একটি কমিটিও আছে। কিন্তু তাঁরা কাজ কিছুই করেন নি।

নুনের আমদানির একটি হিসাব ঃ

(মেট্রিক টন হিসাবে)

| | মোট আমদানি | জাহাজে | রেলে |
|---|---|---|---|
| নভেম্বর ১৯৭৯ | ৬,৮৯৬ | . . | ৬,৮৯৬ |
| ডিসেম্বর ১৯৭৯ | ৩৮,৩৮৩ | ২৪,২৮৫ | ১৪,০৯৮ |
| জানুয়ারি ১৯৮০ | ১৩,৬৫০ | . . | ১৩,৬৫০ |
| ফেব্রুয়ারি ১৯৮০ | ২৮,৭৮৪ | ২২,৭৭৩ | ৫,৪৪০ |

## চা

বণ্টন ব্যবস্থার মাধ্যমে আর যে পণ্যটি আমরা দিতে চাই তা হ'ল চা। কিন্তু টি অ্যাসোসিয়েশনের সরবরাহের পরিমাণ অত্যন্ত কম হওয়ায় এখনও পর্যন্ত চায়ের বণ্টন খুবই সীমিত। তাছাড়া আগেকার চুক্তির চেয়ে এখন টি অ্যাসোসিয়েশন বেশি দর চাইছেন বলেও আরেক সমস্যা দেখা দিয়েছে। আমরা সরবরাহ ও মূল্য নির্ধারণ দু'টি ক্ষেত্রেই সমস্যা সমাধানের জন্য কেন্দ্রীয় সরকারের মধ্যস্থতা কামনা করেছি যাতে রাজ্যব্যাপী চা-বণ্টন ব্যবস্থা যথাসম্ভব তাড়াতাড়ি কার্যকর করা যায়।

## পোড়া কয়লা

খাদ্য বস্তুর পর অত্যাবশ্যক পণ্যতালিকায় প্রথমেই আসে গৃহস্থালীর নিত্য প্রয়োজনীয়

জ্বালানী অর্থাৎ পোড়া কয়লার কথা। প্রতি মাসে আমাদের ১ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন পোড়া কয়লা দরকার। ভারত সরকারের অধীনে কোল ইণ্ডিয়া লিমিটেড প্রতিমাসে নির্দিষ্ট পরিমাণ কয়লা দিলে লাইসেন্সপ্রাপ্ত ডীলাররা কয়লা তুলবেন ও জনসাধারণের কাছে তা বিক্রয় করবেন। এ রকমই ব্যবস্থা।

গত ১৯৭৮-এর বন্যার পর কোল ইন্ডিয়ার পোড়া কয়লা সরবরাহ দারুণভাবে হ্রাস পেয়েছে। পোড়া কয়লার বদলে কাঁচা কয়লা বা অন্যজাতের যে কয়লা তাঁরা দিতে চাইছেন তা ক্রেতাদের কাছে মোটেই গ্রহণযোগ্য নয়। কয়লাখনির ভেতরে ও বাইরে ডীলারদের কাছ থেকে জোর করে বেআইনি লেভি আদায়েরও চেষ্টা হচ্ছে। তারপর, ১৯৭৯ থেকে ট্রাকের ভাড়াও অনেক বেড়ে গেছে। সামান্য কিছু পরিমাণ মাত্র রেলপথে হাওড়া ও কলকাতায় আসে। কয়লার বেশির ভাগটাই এখনও আসে সড়কযোগেই।

ডীলাররা রাজ্যজুড়ে এই পরিস্থিতির সুযোগ নিচ্ছেন আর ক্রেতাদের পথে বসাচ্ছেন। একটি নির্দিষ্ট অঞ্চলের যাবতীয় প্রয়োজন মেটাতে সবটুকু পোড়া কয়লাই যদি বণ্টনকেন্দ্রগুলি পর্যন্ত রেলপথে আনা অব্যাহত রাখা যায় তবে সেখানে পোড়াকয়লার যথাযথ মূল্য নিয়ন্ত্রণ করা সম্ভব। কিন্তু রেল কর্তৃপক্ষ বা কোল ইণ্ডিয়া লিমিটেড কেউই এ ব্যাপারে এখনও প্রস্তুত নন। এর ওপর আবার, সংগঠিত মিডলম্যান-রা কলকাতা এবং ২৪ পরগনায় রোড পারমিট দেবার অনুমতি আদালত থেকে পেয়ে কয়লা ব্যবসাকে সাঁড়াশির মত চেপে ধরেছে। ফলে সরকারের পারমিট দেবার ক্ষমতা খর্ব হয়েছে অথচ এতেই ছিল অসাধু ক্রিয়াকলাপ বন্ধে ও দাম নিয়ন্ত্রণে রাখার ব্যাপারে সরকারি ক্ষমতা।

সাম্প্রতিক এক প্রেস বিজ্ঞপ্তিতে কেন্দ্রীয় সরকার রেলযোগে প্রধান বণ্টন কেন্দ্রগুলিতে সমস্ত পোড়া কয়লা সরবরাহ করবার ইচ্ছা প্রকাশ করেছেন। অতীতে কোল ইন্ডিয়া লিমিটেড-এর কাছে অনুরূপ নীতি অনুসরণে আমাদের অনুরোধ বারবার প্রত্যাখ্যাত হয়েছে। ভারত সরকার যদি ঐভাবে কয়লা সরবরাহের কার্যসূচীকে ঠিকমত কাজে পরিণত করতে পারেন তবে কয়লার দাম নিয়ন্ত্রণে রাখা সম্ভব হবে।

### কেরোসিন তেল ও ডিজেল

কেরোসিন তেল ও ডিজেল এই দুই গুরুত্বপূর্ণ জ্বালানীর ক্ষেত্রে আমাদের তীব্র সমস্যার কারণ জাতীয় পর্যায়েই ঘাটতি। গত কয়েক মাস যাবত আসামের উৎস থেকে তেলের সরবরাহ বন্ধ হওয়াই এজন্য বিশেষ দায়ী। তাছাড়া এইসব দুষপ্রাপ্য জিনিসের বরাদ্দের বেলাতেও যে বৈষম্যমূলক নীতি অবলম্বন করা হয় নিচের তালিকা থেকেই তার প্রমাণ পাওয়া যাবে ঃ

(মেট্রিক টন হিসাবে)

| ডিজেলের বরাদ্দ | | মহারাষ্ট্র | গুজরাট | তামিলনাড় | পঃবঙ্গ |
|---|---|---|---|---|---|
| জানুয়ারী, ১৯৮০ | .. | ১,০৪,৭৩০ | ৫২,৬২৮ | ৬৬,৩৬০ | ৫০,০০০ |
| মার্চ, ১৯৮০ | .. | ১,১৩,০৮১ | ৫৬,৫০২ | ৭৩,৪২১ | ৫৭,৯১৮ |
| কেরোসিন তেল বরাদ্দ | | | | | |
| জানুয়ারি, ১৯৮০ | .. | ৭৪,৭৩০ | ৩৩,৮৫৪ | ৩২,৩৪৪ | ৩১,৮৭৮ |

আমরা এই দুটি ভোগ্যপণ্যেরই রেশন করেছি। কিন্তু বিদ্যুৎ সংকটের দরুন যেখানে এর দারুণ চাহিদা অথচ সরবরাহ অত্যন্ত কম, যেখানে রান্নার গ্যাসের অভাব, কয়লার দাম চড়া, ডিজেলের সঙ্গে কেরোসিন তেলের ভেজাল, প্রতিবেশি রাজ্যগুলিতে যেখানে ডিজেল ও কেরোসিন তেল দুই-এর দাম খুব বেশি সেখানে রেশনিং করে তার সুরাহা করতে যাওয়া এক দুঃসাধ্য প্রয়াস। পুরোপুরি কার্যকর হ'তে তাই সময় লাগবে। যদি এরমধ্যে কেন্দ্রীয় সরকার আসাম থেকে তেলের সরবরাহ আবার চালু করতে পারেন, যদি আমদানির সাহায্যে রাজ্যের বরাদ্দ বাড়াতে পারেন তাহলে পরিস্থিতি আবার অচিরে আয়ত্বে আসতে পারে।

### সিমেন্ট

সারাদেশেই সিমেন্টের চাহিদার সঙ্গে উৎপানের এমনিতেই বিরাট ফারাক রয়েছে। সেই সঙ্গে সম্প্রতি মিলেছে ক্রমাগত উৎপাদনে ঘাটতি, রেল ও জাহাজযোগে সিমেন্ট সরবরাহ ব্যবস্থার অবনতি, সড়কযোগে সিমেন্ট চলাচলে নানা অভিসন্ধিমূলক ক্রিয়াকলাপ, সিমেন্ট আমদানি কর্মসূচি রূপায়ণে ব্যর্থতা। এইসব কিছু মিলে সারা ভারতেই সিমেন্টের আকাল। ফলে শুধু ব্যক্তিগত ঘরবাড়িই নয় বিভিন্ন সরকারি দপ্তর ও উন্নয়ন সংস্থার কাজেও ভাঁটা পড়েছে। আমাদের রাজ্যে এই অসুবিধা আরও জটিল কারণ সিমেন্ট বরাদ্দের বৈষম্যমূলক নীতি এবং পশ্চিমবাংলার জন্য আমদানি করা সিমেন্টের পরিমাণ নির্ধারিণের ব্যর্থতা।

এই পরিস্থিতির সুযোগে কালোবাজারি আর ভেজাল ব্যবসা মাথা চাড়া দিয়ে উঠেছে। এসব দমন করতে তাই রাজ্য সরকার সিমেন্ট প্রস্তুতকারকদের থেকে ডীলারদের বিচ্ছিন্ন করতে চেয়েছেন যাতে ডীলারদের ওপর সরকারের পুরোপুরি কর্তৃত্ব বজায় থাকে। এর ফলে ডীলাররা পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক ভোগ্যপণ্য সরবরাহ কর্পোরেশন মারফত যে সিমেন্ট পাবেন তার শতকরা ৭৫ ভাগ ৯০ দিনের জন্য নিয়ন্ত্রণ ক'রে সরকার পারমিটের সাহায্যে জনসাধারণকে বিক্রয়ের ব্যবস্থা করেছেন।

প্রথমদিকে সরকার বাড়তি বরাদ্দ পাচ্ছিলেন। বর্তমানে তা অনেক কমে গেছে। গতবছরের তুলনায় ইদানীং সিমেন্ট সরবরাহে ঘাটতির কারণ নিয়মিত ও সময়মত ওয়াগানের অভাব এবং প্রধানত সারা ভারতব্যাপী বিদ্যুৎ সংকটের দরুন উৎপাদনের হ্রাস।

বহুদিন যাবতই পশ্চিমবঙ্গের সিমেন্টের চাহিদা খুব কম করেই হিসেব করা হত। সম্প্রতি, আমাদের প্রয়োজন প্রতি তিনমাসে বর্তমানে যে পরিমাণ সিমেন্ট আসে তার অর্থাৎ পাঁচ লক্ষ মেট্রিক টনের শতকরা ২৫০ ভাগ বেশি। যোগান ও চাহিদার মধ্যে এই বিপুল ব্যবধানেরই সুযোগ নিচ্ছে কালোবাজারিরা। কালোবাজারে সরবরাহ আসছে ডীলারদের শতকরা ২৫ ভাগের অবাধ বিক্রির কোটা থেকে এবং বহুল পরিমাণে সরকারি প্রকল্পে নিযুক্ত কন্ট্রাক্টরদের মাধ্যমে।

নিচের তালিকা দুটি থেকে বোঝা যাবে প্রত্যেক কোয়ার্টারে সিমেন্টের বরাদ্দ হয়েছে কতটা প্রকৃতই এসেছে, বরাদ্দের বেলায় কেমন বৈষম্যমূলক নীতি অবলম্বন করা হয়েছে, সরকারি দপ্তরে বরাদ্দ কত, জেলার বরাদ্দ কত, বাকিটা ডীলারের কোটা যার শতকরা ৭৫ ভাগ পারমিটের বদলে জনসাধারণকে বিক্রি করা হবে। এটা অনস্বীকার্য যে, সিমেন্টের

কালোবাজারি রুখতে শুধু সরকারি উদ্যোগই যথেষ্ট নয়। সেজন্য চাই ক্রেতাসাধারণের প্রতিরোধ। কিন্তু তা হীনবল হয়ে পড়ছে সিমেন্টের নিদারুণ সংকট আর কোর্ট-কাছারী, সাক্ষী-সাবুদের ব্যাপারে জড়াবার হাঙ্গামা পোহাতে জনগণের আপত্তির জন্য। সুতরাং সিমেন্ট যত বেশি পাওয়া যাবে তত সরকারের পক্ষে বিভিন্ন স্থান থেকে নিয়ন্ত্রিত মূল্যে সিমেন্ট বিক্রয় করা সম্ভব হবে। আমরা ভারত সরকারকে সামগ্রিকভাবে সিমেন্টের সমবণ্টনের ওপর নজর দিতে বলছি, আমদানিকৃত সিমেন্টের পরিমাণও বাড়াতে বলছি যাতে রেলযোগে সিমেন্ট চলাচলের ওপর আমাদের কম নির্ভর করতে হয়।

**টেবিল ১**

(রাজ্যের বরাদ্দ, অধস্তন বরাদ্দ ও কতটা পাওয়া গিয়াছে)

(মেট্রিকটন হিসাবে)

| ত্রৈমাসিক'/বছর | বরাদ্দ | অধস্তন বরাদ্দ | | | | প্রকৃত আমদানি |
|---|---|---|---|---|---|---|
| | | সরকারি দপ্তর(আর সি পার্টি) (সেচ ও বিদ্যুৎ দপ্তরের জন্য বরাদ্দ সমেত) | ও আর সি পার্টি ও বৃহৎ গ্রাহক | উন্নয়নের জন্য বরাদ্দ | ডীলারদের জন্য বরাদ্দ | |
| আই ভি/ | ৭৯৩,৩৯,৬২৫ | ১,১৭,১৮৭ | ৬৫,৪৩৮ | ২১,৯৩৮ | ১,৩৫,০৬২ | ২,১১,৪৬২ |
| আই/৮০ | ২,৮৬,০০০ | ৭৩,৬২০ | ৭৮,৩৮০ | ২৬,২৫০ | ১,০৭,৭৫০ | ১,৬৮,০০০ (আনুমানিক ১৯৮০-এর ফেব্রুয়ারি পর্যন্ত) |

**বিশেষ দ্রষ্টব্য :** আই/৭৯-এর বরাদ্দ ৩,৬৫,০০০ মেট্রিকটন ও দ্বিতীয় ও তৃতীয়/৭৯-এর জন্য বরাদ্দ ছিল ৩,৫৭,০০০ মেট্রিক টন ক'রে।

## টেবিল ২

বিভিন্ন রাজ্যের বরাদ্দের তুলনামূলক তালিকা

| | (১৯৮০ সালের প্রথম তিন মাসের বরাদ্দ) মেট্রিকটন হিসাবে |
|---|---|
| মহারাষ্ট্র | ৪,৩৫,৬০০ |
| গুজরাট | ৩৩০,০০০ |
| তামিলনাড়ু | ৩০৮,০০০ |
| পশ্চিমবঙ্গ | ২৮৬,০০০ |

**খাতা, কন্ট্রোলের কাপড়, গায়ে মাখার সাবান, দেশলাই, ডাকটিকিট**

খাতা, কন্ট্রোলের কাপড়, গায়ে মাখার সাবান, দেশলাই, আমরা সরকারি বণ্টন ব্যবস্থার মাধ্যমে বিক্রয় শুরু করেছি। কিন্তু এর প্রত্যেকটি পণ্যেরই সরবরাহে এত ঘাটতি, এবং তা এত অনিয়মিত যে ব্যাপকভাবে জনসাধারণের মধ্যে তার কোনও ভাল প্রতিক্রিয়া সৃষ্টি হয় নি। শুধু এটুকুই বলতে পারি যে, আমরা শুরু করেছি। এই সব পণ্য বণ্টনের প্রশাসনিক ব্যবস্থা আমাদের আছে। এখন দরকার নিয়মিতভাবে প্রয়োজনীয় সরবরাহ।

ডাক বিভাগ সরকারি বণ্টন ব্যবস্থার মাধ্যমে বিক্রি করার মত যথেষ্ট পরিমাণে ডাকটিকিট, খাম, পোস্টকার্ড আমাদের দিতে পারছেন না বলে সে ব্যাপারে কোনও সুরাহা হচ্ছে না।

কিছু পণ্যের সরবরাহ ও চাহিদার সমস্যা ছাড়াও আরও অনেক বিষয় আছে যে ব্যাপারে সরকারের নীতি ও প্রচেষ্টার কথা আলোচনা করা দরকার।

কেন্দ্রীয় ভাণ্ডার থেকে অত্যন্ত নিচুমানের খাদ্যশস্য সরবরাহের বিরুদ্ধে জনসাধারণ সংগতভাবেই দীর্ঘদিন ধরে অভিযোগ করছিলেন। তারই পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গে ভারত সরকারের খাদ্য কর্পোরেশনের কাজকর্ম রাজ্য সরকারের নিজের হাতে নেবার জন্য জোর দাবি উঠেছে। জনসাধারণের তীব্র সমালোচনার মুখে খাদ্য কর্পোরেশনও পশ্চিমবঙ্গে অভ্যন্তরীণ খাদ্য সংগ্রহ, সঞ্চয় ও বণ্টন সংক্রান্ত যাবতীয় দায়দায়িত্ব থেকে অব্যাহতি চেয়ে পশ্চিমবঙ্গ সরকারের ওপর এক নোটিস জারী করেছেন।

নীতিগতভাবে, খাদ্য কর্পোরেশনের অভ্যন্তরীণ কাজকর্ম নিজের হাতে তুলে নিলে রাজ্য সরকার নিশ্চয়ই জনসাধারণের সুবিধার্থে সংগ্রহ ও বণ্টন কর্মসূচী রূপায়ণে অনেক বেশি শক্তিশালী হয়ে উঠবে এবং রাজ্য সরকার অদূর ভবিষ্যতে তা করবে। তবে এটা মনে রাখা দরকার যে, এই অধিগ্রহণের ফলে কিন্তু কেন্দ্রীয় সঞ্চয় থেকে খারাপ চাল গম পাবার সমস্যার সমাধান হবে না। কারণ, কেন্দ্রীয় ভাণ্ডার থেকে শস্যের সরবরাহ ও চলাচলের ব্যাপারটা খাদ্য কর্পোরেশনের হাতেই থেকে যাচ্ছে।

রাজ্যসরকার নিচুমানের খাদ্যশস্য বাতিল করে শুধুমাত্র গ্রহণযোগ্য মানের শস্যই বণ্টনের ব্যবস্থা করতে পারেন। কিন্তু সেজন্য সবচেয়ে আগে দরকার বেছে নেবার মত যথেষ্ট পরিমাণ খাদ্যের মজুত ভাণ্ডার। এই মুহূর্তে যে কোন রকম বাছাবাছিই অসম্ভব হয়ে পড়েছে। কেননা

প্রতিদিনের প্রয়োজনের তুলনায় সরবরাহ কম। আমরা তাই যা আসে তা'ই নিতে বাধ্য। আরও বেশি পরিমাণে খাদ্যশস্য সরবরাহের জন্য আমরা যে কেন্দ্রীয় সরকারের কাছে ক্রমাগত দাবি জানিয়ে আসছি, এবং কেন্দ্রীয় ভাণ্ডারেও যে তার ঘাটতি নেই, মাননীয় সদস্যবৃন্দ নিশ্চয়ই তা জানেন।

সুতরাং যখন সরকার খাদ্য কর্পোরেশনের অভ্যন্তরীণ কর্মসূচী অধিগ্রহণের নীতি মেনে নেন তখন আর আমাদের সরকারি বণ্টন ব্যবস্থা বজায় রাখার জন্য যৎসামান্য মজুত হাতে নিয়ে, আগামী দিনে অনিশ্চিত ফলনের আশায়, গত দু'বছর পরপর বন্যা ও খরা জনিত প্রাকৃতিক বিপর্যয়ে আসন্নমন্দার মুখে, এই সমূহ সংকটে খাদ্য কর্পোরেশনকে তাঁদের ইচ্ছেমত সমস্ত দায়দায়িত্ব এড়িয়ে যেতে দিতে পারেন না। সোজা কথায় আমরা সংকটজনক পরিস্থিতি কাটাতে গিয়ে অসম্ভবের মুখে ঝাঁপিয়ে পড়তে চাই না।

এই হস্তান্তরকে তাই কার্যকর করতে হলে সরকারি বণ্টন ব্যবস্থা চালু রাখতে অন্তত তিন মাসের মজুত ভাণ্ডার যে এই রাজ্যে থাকা প্রয়োজন সে ব্যাপারে সরকারকে নিশ্চিত হতে হবে।

আর্থিক সংস্থাগুলি থেকে সুবিধাজনক শর্তে ঋণদান, প্রশাসনিক ব্যবস্থা প্রায় ২৫০টি গুদামের খুঁটিনাটি হিসাবনিকাশ খতিয়ে দেখা, আমদানি করা জিনিসের গুদাম ও বণ্টনের জন্য সঞ্চয়-গুদামের আলাদা বিধিব্যবস্থা নিতে হবে। প্রভূত ক্ষয়ক্ষতি এড়াতে ও সরকারি বণ্টন ব্যবস্থা বজায় রাখতে এ সবের অত্যন্ত প্রয়োজন। এ থেকেই বোঝা যাচ্ছে যে সমস্ত কাজটা পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে পর্যায়ক্রমে করতে হবে। খাদ্য কর্পোরেশনের যাবতীয় সমস্যা ও অপূর্ণতার বোঝা সমেত কলমের এক আঁচড়ে অধিগ্রহণের ব্যাপারটা চুকিয়ে দিলে তার ফল হবে বিপজ্জনক। তাতে জনসাধারণেরও ক্ষতি হবে অনেক বেশি। সরকার যথাযথ পর্যায়ে প্রয়োজনীয় সব ব্যবস্থা নিচ্ছেন যাতে ঠিক ঠিক ভাবে কাজটা এগুতে পারে।

## ব্যক্তিগত রেশন কার্ড

সংশোধিত রেশন এলাকায় বর্তমান পারিবারিক রেশন কার্ডের বদলে ব্যক্তিগত রেশন কার্ড চালু করা আরেকটি উল্লেখযোগ্য কর্মসূচি। ১৯৭৮ সালে এ কাজে হাত দেওয়া হয়েছিল। কার্ডের জন্য বিশেষ ধরনের বোর্ডও তৈরি করা হয়েছিল। কিন্তু দরখাস্তের ফর্ম ও রেশন কার্ড ছাপাবার অর্ডার দিতে পদে পদে বিভাগীয় লালফিতার ফাঁদে পড়ে দেরি হল। তাই যে কাজ'৭৯ সালের শেষে সম্পূর্ণ হবার কথা তা এখনও মাত্র অর্দ্ধেক হয়েছে। এই প্রশাসনিক ব্যর্থতার দায় আমাকেই নিতে হবে, যদিও এই কাজটা তাড়াতাড়ি সারবার জন্য আমি সরকারি নিয়মকানুনের সীমা যথাসম্ভব বিস্তৃত করতে চেষ্টা করেছি। বর্তমানে পাঁচটি জেলায় কার্ড দেওয়া শুরু হয়েছে। সামনে মন্দার দিনগুলোর কথা মনে রেখে সরকার চান আগামী কয়েক মাসের মধ্যেই বাকি কাজটা সম্পূর্ণ করতে।

## হাস্কিং মেশিন ও ধান ভাঙ্গা কল

বিগত সরকার কোনও আইনসংগত কারণ ছাড়াই বিপুল সংখ্যক ধানভানা কল যত্রতত্র বসাতে দিয়েছিলেন। বর্তমান সরকার একটা যুক্তিসংগত ভিত্তির ওপর লাইসেন্স দেবার ব্যবস্থা

এক বিরাট অংশ খুব সম্ভব কেন্দ্রীয় আইন ও আদালতের নির্দেশানুসারে লাইসেন্স পাবার অনুপযুক্ত বিবেচিত হবে।

### নিবর্তনমূলক নিবারক আইন

পণ্য বণ্টনের ব্যাপারে যারা অসদুপায় অবলম্বন করে তাদের বিরুদ্ধে নিবর্তনমূলক নিবারক আইন ব্যবহার করা সম্পর্কে মতপার্থক্য আছে। এই সম্পর্কে আমাদের দুটি বক্তব্য।

প্রথমত, অর্থনৈতিক রোগের জন্য অর্থনৈতিক ওষুধ দরকার। তা না হলে শুধু কোন শাস্তিমূলক ব্যবস্থায় ফল হবে না। দ্বিতীয়ত বামফ্রন্ট সরকার সাধারণ আইনকে যতদুর সম্ভব বেশি কাজে লাগিয়েছেন।

নিচের হিসাব থেকেই তা বোঝা যাবে :

১৯৭৯ সালে পশ্চিমবঙ্গে অত্যাবশ্যাক পণ্য আইনে গ্রেপ্তার ও কেসের হিসাব

| | |
|---|---|
| কেস শুরু হয়েছে . . . . . . . . | ১০,৫৯০ |
| গ্রেপ্তার হয়েছে . . . . . . . . | ১২,০৪৭ |
| দোষী সাব্যস্ত হয়েছে . . . . . . . . | ১,৪৭৯ |
| ৩১-১-৮০ তারিখে বিভিন্ন আদালতে বিচারাধীন কেসের সংখ্যা . . | ১৯,৭৮৩ |

কিন্তু আরো ভাল ফললাভের জন্য আরো বেশি অর্থনৈতিক ব্যবস্থা নিতে হবে। যে সব রাজ্য নিবর্তনমূলক নিবারক আইনের মধ্যে সমস্ত অর্থনৈতিক অসুখের মহৌষধি খুঁজে পেয়েছিল তাদের মধ্যে এখনও কালোবাজারির ফলাও কারবার।

### পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য ব্যবস্থা

খাদ্য ও সরবরাহ দপ্তরের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন এই সংস্থা অত্যাবশ্যক পণ্যের সংগ্রহ ও সরবরাহের ব্যাপারে ব্যবসায়িক কাজকর্ম চালানোর জন্য প্রতিষ্ঠিত। এই সংস্থার ধারাবাহিক বার্ষিক প্রতিবেদনগুলি বিধানসভা গ্রন্থাগারে পাওয়া যাবে। এর কাজকর্ম বুঝতে একটি হিসাবের সাহায্য নেওয়া যাক। এর কাজকর্ম বছরে বছরে দ্রুতগতিতে এমনিভাবে বেড়েছে :

| | | |
|---|---|---|
| ১৯৭৪-৭৫ . . . . . . . . | ১২.৩১ | কোটি টাকা |
| ১৯৭৫-৭৬ . . . . . . . . | ২.৬৮ | ” ” |
| ১৯৭৬-৭৭ . . . . . . . . | ৩.৬২ | ” ” |
| ১৯৭৭-৭৮ . . . . . . . . | ১২.৬৮ | ” ” |
| ১৯৭৮-৭৯ . . . . . . . . | ৩৪.৮০ | ” ” |
| ১৯৭৯-৮০ . . . . . . . . | ১০০.০০ | ” ” প্রায় |

মাত্র ৪০ লক্ষ টাকার ইকুইটি ক্যাপিটাল এবং রাজ্য সরকারের থেকে পাওয়া ঋণ— যা বর্তমানে ৩০ লক্ষ টাকায় দাঁড়িয়েছে, তাই নিয়ে ১৯৭৮-৭৯ সালে এর খরচ ও টার্ণ

| | | |
|---|---|---|
| ১৯৭৭-৭৮ . . . . . . . . . . | ১২.৬৮ | " " |
| ১৯৭৮-৭৯ . . . . . . . . | ৩৪.৮০ | " " |
| ১৯৭৯-৮০ . . . . . . . . | ১০০.০০ | " " প্রায় |

মাত্র ৪০ লক্ষ টাকার ইকুইটি ক্যাপিটাল এবং রাজ্য সরকারের থেকে পাওয়া ঋণ— যা বর্তমানে ৩০ লক্ষ টাকায় দাঁড়িয়েছে, তাই নিয়ে ১৯৭৮-৭৯ সালে এর খরচ ও টার্ণ ওভারের অনুপাত ছিল ৫৬ শতাংশ।

এখন পর্যন্ত এই সংস্থার প্রধান কাজকর্ম ভোজ্য তেল, ডাল, সিমেন্ট ও ভোজ্য নুনের মধ্যে সীমিত। আরও ফলদায়ক হতে গেলে একে শুধু যে আরও গুরুদায়িত্ব নিতে হবে তাই নয়, তার সংরক্ষণ ও বণ্টনের ব্যবস্থা বিস্তৃত করতে হবে। আগামী বছরের কর্মসূচীর মধ্যে এসবের উল্লেখ আছে

আগামী বছর খাদ্য ও সরবরাহ দপ্তর যা করতে চেষ্টা করবে তা হল ঃ

১। প্রত্যেক মাসে ন্যূনপক্ষে ২ লক্ষ মেঃ টন খাদ্যশস্য আমদানি;

২। পশ্চিম বাংলায় ৬ লক্ষ মেঃ টনের খাদ্যশস্যের ভাণ্ডার গড়ে তোলা;

৩। জনসাধারণ যাতে আরও উন্নতমানের খাদ্যশস্য পান তা দেখা;

৪। রাজ্যের সর্বত্র সরকারি বণ্টন ব্যবস্থাকে ব্যাপকতর করা;

৫। রেশন দোকানগুলির মাধ্যমে আরও পণ্য সরবরাহ করা;

৬। আমাদের পুরো চাহিদামতো নুন আমদানি করা এবং রেশন দোকানগুলি থেকে প্যাকেটে ক'রে তা ন্যায্য ও স্থিতিশীল মূল্যে বণ্টন করা;

৭। সরকারি বণ্টন ব্যবস্থার অন্যান্য ধরনের ডাল নিয়ে আসা;

৮। আরও বেশি পরিমাণে ভোজ্য তেলের চাহিদা মেটানো;

৯। আরও বেশি পরিমাণে সিমেন্ট আমদানি করা, তার বণ্টন সুষ্ঠু করা এবং দুর্নীতি বন্ধ করা;

১০। নুন ইত্যাদি পণ্যের প্যাকেজিং-এর জন্য একটি ইউনিট এবং ভোজ্য তেলের নিষ্কাশন ও শোধনের জন্য একটি প্ল্যান্ট স্থাপন; এবং

১১। চা, দেশলাইয়ের বাক্স, টয়লেট সাবান, নিয়ন্ত্রিত বস্ত্র, একসারসাইজ বুক ইত্যাদি বেশি পরিমাণে সংগ্রহ করা এবং তাদের বণ্টনের ব্যবস্থা যতটা সম্ভব প্রসারিত করা।

উপসংহারে আমি এই সভার মাননীয় সদস্যদের এই ব'লে আশ্বস্ত করছি যে আমরা এ পর্যন্ত যতটুকু করতে পেরেছি, পশ্চিমবাংলার জনগণ যে আমাদের কাছে তার চেয়ে অনেক বেশি প্রত্যাশা করেন সে বিষয়ে আমরা সবসময় সচেতন। বিনয়ের সঙ্গে তবু আমরা এটুকু দাবি করতে পারি যে, আমাদের প্রতিবন্ধকতার মধ্যেও আমরা ভারতের সবচেয়ে বড় বণ্টনব্যবস্থা

গ'ড়ে তুলতে পেরেছি। খাদ্যবন্টনের পরিমাণ ও বৈচিত্র্যেই শুধু নয়, টাকার অঙ্ক এবং বিশেষ ক'রে ব্যাপকতার দিক থেকেও, এটা সবচেয়ে বড়। মাননীয় সদস্যদের কাছে এ কথাও জানাচ্ছি যে, আমাদের এ যাবত কাজকর্মে আমরা মোটেই আত্মতুষ্টির মনোভাব নিয়ে বসে নেই। আমরা চেষ্টা করে যাচ্ছি, আগামী দিনে নিশ্চয়ই আমরা সর্বাঙ্গীন উন্নতি সাধনে সমর্থ হব।

**Mr. Speaker :** এই দুইটি ব্যয় বরাদ্দের দাবীর উপর সমস্ত ছাটাই প্রস্তাব নিয়মানুগ।

**(DEMAND NO. 54)**

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount the Demand be reduced to Re. 1/-

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Shri A.K.M. Hassan Uzzaman :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Shri Renupada Halder :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Shri Prabodh Purkait :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্য এবং সরবরাহ মন্ত্রী যে যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাতে দেখতে পাচ্ছি সর্বসাকুল্যে ২৩ কোটি ২ লক্ষ ৫ হাজার ব্যয় বরাদ্দ ধরেছেন। এটা খুব বেশি বলে মনে করি না। কিন্তু এটা তিনি বললেন যে খাদ্য খাতে ৭ কোটি ৯৫ লক্ষ টাকার মধ্যে প্রশাসনিক খাতেই ব্যয় হয়ে যাচ্ছে ৭ কোটি ৫২ লক্ষ টাকা এবং মূলধন বিনিযোগ খাতে যে ১৪ কোটি ৮৪ লক্ষ ১৫ হাজার টাকা ধরা হয়েছে তার মধ্যে ১২ কোটি ৭০ লক্ষ টাকা আগেকার ব্যয়িত খরচ। সুতরাং মূলধন বিনিয়োগ খাতে ২ কোটি ১৪ লক্ষ ১৫ হাজার টাকা থেকে যাচ্ছে ঋণের জন্য। সামাজিক নিরাপত্তার জন্য টাকা অতি সামান্য। একে সমর্থন করতে আমাদের আপত্তি থাকার কারণ নেই। কিন্তু কারণ হচ্ছে এই দপ্তরের যে দায়িত্বজ্ঞানহীনতা তার জন্য একটি পয়সাও দিতে আমাদের দ্বিধা রয়েছে আপত্তি রয়েছে। গ্রামে একটা কথা চালু আছে বলা হয় 'মধু তুমি কেমন আছ—মধু বলে বাবু খুব ভাল আছি কষ্ট শুধু ভাত কাপড়ের'। খাদ্য দপ্তর সম্বন্ধে বলতে গিয়ে ঠিক 'এ কথাই বলতে হয়। শহরে বা গ্রামে যেখানেই যান কোথাও কেরোসিন তেল নেই। আজ দিকে দিকে সাধারণ মানুষের মধ্যে বিক্ষোভ। কয়লা নেই তেল নেই চিনি নেই, ডিজেল নেই বেবি ফুড নেই কেরোসিন নেই সিমেন্ট নাই অত্যাবশ্যকীয় জিনিসপত্রের আকাশচুম্বী মূল্য। দ্রব্য মূল্য প্রতিদিন প্রগিয়ে চলেছে তাকে নিয়ন্ত্রণ করার কোন চেষ্টা নেই। যেন মনে হয় এখানে কোন সরকার নেই, দ্রব্য মূল্য দিনের পর দিন বেড়ে

যাচ্ছে। জনসাধারণের মধ্যে এই ধারণার সৃষ্টি হয়েছে যে এই সরকারের দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করার ক্ষমতা নেই। এই রাজ্যে একটা অরাজকতা চলছে। খাদ্যমন্ত্রী অবশ্য তাঁর জবাবে বলবেন আমাদের অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহের জন্য কেন্দ্রের উপর নির্ভর করতে হয়। রাজ্য সরবরাহ এবং পুঁজিবাদী কাঠামোর মধ্যে সীমিত ক্ষমতার দ্রব্য মূল্য রোধ সম্ভব নয়।

[2-50— 3-00 P.M.]

তিনি বলবেন যে ২০ থেকে ২৫ হাজার কোটি কালো টাকা এখানে চলছে, আমি তার সঙ্গে একমত। এখানে অর্থনৈতিক কাঠামোর ব্যাপারেও আমি তার সঙ্গে একমত। আমি একটা কথা বলবো, যে সমস্ত জিনিস পত্র বাজারে আসে সেগুলিও চোরা কারবারে চলে যাচ্ছে। এটা সরকার কেন কন্ট্রোল করতে পারছেন না? কয়লা দুষ্প্রাপ্য অথচ বাজারে কয়লার অভাব নেই। কালোবাজারে গেলে বেশি পয়সায় কয়লা পাওয়া যাচ্ছে। কোল অব ইন্ডিয়া বলছে যে ৭।। টাকা মণ বিক্রয় করা যেতে পারে। কিন্তু আমরা দেখছি এবং মন্ত্রী মহাশয়ও বললেন, চণ্ডীগড়ে দাম বাড়ল এখানে কেন নির্দিষ্ট মূল্যে ২১/২২ টাকায় পাবোনা। আমরা দেখেছি যে আমাদের যখন কয়লা কিনতে হয় তখন ১৭,১৮,১৯ টাকাতেও কয়লা পাইনা। কয়লার এখানে অভাব নেই, কয়লা আছে। শুধু তাই নয়, ওয়াগনের পর ওয়াগন কয়লা হরিয়ানা, পাঞ্জাব, উত্তরপ্রদেশে চালান যাচ্ছে— এই অভিযোগ আমরা শুনতে পাই। চোরাবাজারে চিনি পাওয়া যাচ্ছে। আমরা দেখছি, কেরোসিন তেল-এর দাম যেখানে ছিল ১টাকা ৪০ পয়সা, সেখানে ৬/৭টাকাতে কেরোসিন তেল পাওয়া যাচ্ছে। এক লিটার, আধ লিটার তেল নেবার জন্য লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয়, তাও আবার অনেক সময় পাওয়া যায় না। শহরে ইলেকট্রিক আছে। কিন্তু পাড়া গাঁয়ের অবস্থা কী? সেখানে অন্ধকারের মধ্যে তাদের থাকতে হয়। ছেলেমেয়েরা পড়াশুনা করতে পারে না, মানুষ বসে দুটো ভাত খেতে পারেনা একটু কেরোসিন তেলের জন্য। এই হচ্ছে গ্রামের অবস্থা। এখানে যে ইলেক্ট্রিক আছে সেটাও লোড শেডিংয়ের ফলে অন্ধকার হচ্ছে। সামান্য এক লিটার, আধ লিটার তেলের উপর তাদের নির্ভরশীল হয়ে থাকতে হয়, তাও তারা পায়না। অথচ বাজারে তেলের অভাব নেই, টাকা বেশি দিলে তেল পাওয়া যাচ্ছে। সিমেন্ট পাওয়া যায় না। অথচ সেই সিমেন্টের মূল্য ৪০/৫০ দিন তাহলে পাওয়া যাবে। অথচ সিমেন্টের কোন অভাব নেই। সরিষার তেল রেশনের দোকানে পাওয়া যায় না। ১৭/১৮ টাকা দিলে সেই তেল পাওয়া যায়, এই হচ্ছে অবস্থা। মফস্বলের দোকানগুলিতে রেপসিড, পাম অয়েল খুঁজে পাওয়া যায় না। মাঝে মাঝে মুখ দেখা যায় তারপরে আবার চলে যায়। রেপসিড এবং তেলের প্রশ্নে মাঝে মাঝে গর্ব করে বলেন যে সরিষার তেল দেব, রেপসিড আনব, পাম অয়েল আনছি ইত্যাদি। আমরা গাঁয়ের লোক, আমরা জানি, এটা গাঁয়ে কোথাও খুঁজে পাওয়া যায় না। তবে হ্যাঁ, বেশি দাম দিলে ব্ল্যাক মার্কেটে পাওয়া যায়। এক দিস্তা ফুল স্কেপ কাগজ ২ টাকার কম পাওয়া যায় না। লবন এক কেজির দাম ছিল দুই আনা ৪ আনা। সেই লবন এখন ৬০/৭০ পয়সার কম নয়। মন্ত্রী মহাশয় অনেক সান্ত্বনা দিয়েছেন, তার কথা শুনে মনে হচ্ছে, মায়ের কাছে মাসীর কথা বলছেন, যে ওখানে বহু নুন হতে পারত। দিঘার সমুদ্র উপকূলে, সেখানে ১০ হাজার একর জমি আছে, এই সরকারের অবহেলায় সেখানে নুন হতে পারছে না। নুনের জন্য আমাদের বোম্বাইয়ের উপর নির্ভরশীল হতে হচ্ছে। এখন নাকি আবার ট্রেনে করে

আনার চেষ্টা করা হচ্ছে। আমি বলছি, সমগ্রবাংলা দেশে ৫ লক্ষ মণ নুন হয়, সেখানে শুধু রামনগর এবং মেদিনীপুর থেকে ৫০ লক্ষ নুন দিতে পারে অর্থাৎ দিঘার সি কোস্ট থেকে। কিন্তু এই সরকারের অবহেলার জন্য সেটা হতে পারছেনা। অবশ্য তিনি বলেছেন যে এটা হতে পারত কিন্তু এই ব্যবস্থা হচ্ছে কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার এগিয়ে এসেছিলেন, ৭/৮ কোটি টাকা খরচ, কেন্দ্রীয় সরকারের কথা বলছেন—কিন্তু আজকে যদি পশ্চিমবাংলার সরকার এগিয়ে যেতেন, এখানকার যে ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট আছে, তারা যদি এগিয়ে যেতেন তাহলে কাজটা অনেক সহজ হত। আজকে দেখছি সব জায়গায় এই রকম অবস্থা। কাজেই এই সব জিনিস চোরাবাকরারে চলছে, চুরি, দুর্নীতি চলছে, এটা আমরা জানি। এটাকে বন্ধ করার জন্য মন্ত্রী মহাশয় গতবার প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং শুধু তাই নয়, তিনি বললেন যে এই সব ঘুঘুরবাসা ভাঙ্গবেন। আমি জানি না তিনি কয়টা চুরি ধরেছেন, কয়টা ঘুঘুর বাসা ভেঙ্গেছেন, সেটা আমাদের কাছে বলবেন। আমরা কি দেখছি? আমরা দেখছি দপ্তরে রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকে আছে এবং সমস্ত জায়গায় ঘুঘুরা বসে আছে। যেমন দপ্তরে বসে আছে তেমনি বাইরেও বসে আছে। সেই সমস্ত লোকের যোগসাজসে এই সব দুর্নীতি চলেছে এবং চোরাকারবারি চলছে। আমি আপনাকে বলছি, খাদ্য দপ্তরের কর্মীরা সকলেই যে দুর্নীতি পরায়ণ, তা বলছি না, তার মধ্যেও নিষ্ঠাবান কর্মী অফিসার আছেন, কিন্তু তাদের সংখ্যা অত্যন্ত কম। তার কারণ ১৯৪৭-৪৮ সাল থেকে যে রেশন দোকান হয়েছে, সেই রেশন দোকান, পশ্চিমবঙ্গ তথা সারা ভারতবর্ষে যে চালু হয়েছে, তার ফলে ঐ দপ্তরের কর্মীদের এবং জনসাধারণের মেরুদন্ড ভেঙ্গে দিয়েছে। রেশন দোকান সাধারণত চলে কিছু দিনের জন্য, দীর্ঘকাল রেশন দোকান চলার ফলে সাধারণ মানুষকে ভ্রষ্টাচারী করে দেওয়া হয়েছে, মানুষের নৈতিকতা ভেঙ্গে দেওয়া হয়েছে। যখন আমরা বলি কর্ডন তুলে দেওয়া হোক, রেশন দোকান তুলে দেওয়া হোক, সঙ্গে সঙ্গে চারিদিক থেকে চিৎকার ওঠে, কেন এই চিৎকার ওঠে তা আমরা জানি না। দুর্নীতি মুক্ত রেশন দোকান যদি থাকে তাহলে আমাদের কোন আপত্তি নেই। আমি আপনাকে বলছি, শহরে বলুন, মফস্বলে বলুন যেখানে রেশন দোকানের মাধ্যমে চাল দেওয়া হচ্ছে, গম দেওয়া হচ্ছে চিনি দেওয়া হচ্ছে, সেখানে ডিলাররা সেই সব মাল মাসের পর মাস ব্ল্যাকে বিক্রি করছে, রেশন দোকানে চিনি, গম, তেল, চাল, সাপ্লাই থাকলেও তারা বলে নেই। এই সব ডিলারদের সঙ্গে ইনস্পেক্টরদের যোগাযোগ আছে, সেখানে ইনস্পেক্টররা টাকা পান, সেই টাকা তারা একা নেন না, নিচ থেকে উপর তলা পর্যন্ত সেই টাকা ভাগ বাটোয়ারা হয়। যেখানে বিধিবদ্ধ রেশন দোকান আছে, সেখানে ইনস্পেক্টরদের টাকা না দিলে কিছুতেই রেশন দোকান থাকবে না, এই হচ্ছে অবস্থা। এটা শুধু ছোট ছোট ইনস্পেক্টররাই করছে না, বড় বড় অফিসাররাও এর সঙ্গে জড়িত রয়েছে। সেখানে সিমেন্ট চলে যাচ্ছে, কয়লার পারমিট হয়ে যাচ্ছে। আমি একটা উদাহরণ দিয়ে বলছি, কিভাবে হাজার হাজার বস্তা সিমেন্ট ব্ল্যাক মার্কেটে চলে যাচ্ছে। ধরুন আপনার একটা বাড়ি আছে, একজন গিয়ে বলল, আপনার ঘর সারাবার জন্য আপনি একটা সিমেন্টের দরখাস্ত করুন, সে পাঁচটাকা দিয়ে দরখাস্ত কিনে নিয়ে যায়, ঘরে বসে সেখানে তার ব্যবস্থা হয়ে গেল, ঘর মেরামতের জন্য সিমেন্টের ব্যবস্থা হয়ে গেল, তারপর সেই সিমেন্ট চোরাবাজারে চলে গেল, ঘর সারাবার নাম করে, যিনি দরখাস্তকারী তাকে কিছু টাকা দিয়ে দেওয়া হল। শুধু সিমেন্ট নয়, কয়লার চোরাকারবারও এই রকম ভাবে নানা উপায়ে চলছে। রেলওয়ে ইয়ার্ড থেকে বোঝাই হয়ে

বাইরে চলে যাচ্ছে, যে কথা আমি আগেই বলেছি, পাঞ্জাব, হরিয়ানা, উত্তরপ্রদেশ এই সমস্ত জায়গায় পাচার হয়ে চলে যাচ্ছে। সংবাদপত্রে এই সব ব্যাপারে প্রতিবাদ করেনি। বিভিন্ন স্টেশন থেকে এই সব কয়লা চালান হয়ে বাইরে চলে যাচ্ছে, সেখানে সরকার আছে কিনা, পুলিশ আছে কিনা বোঝবার উপায় নেই, অবাধে সেখানে চোরাকারবার চলছে কাউকে কিছু বলবার উপায় নেই। খাদ্য কর্পোরেশনে চিনির পাহাড় জমে আছে, কিন্তু সরকারকে তারা দেন না, না, সরকার নেন না, সেটা বোঝবার উপায় নেই। কিছু দিন ধরে অনেকগুলো চিনি বোঝাই ওয়াগান পড়ে ছিল, সরকার তাকে খালাস করেন নি, এর কারণটা কি তা বোঝা যাচ্ছে না।

[3-00— 3-10 P.M.]

কার সঙ্গে যে কার যোগাযোগ রয়েছে এবং ফলে ব্যর্থ হচ্ছে তা বোঝবার উপায় নেই। এই হচ্ছে অবস্থা। উনি বলেছিলেন, আমরা চোরাকারবার দমন করবার ব্যবস্থা করছি। কিন্তু আমি ওঁকে বলব যে, আপনি এভাবে ঘুঘুর বাসা ভাঙতে পারবেন না এবং তা না ভেঙে আপনি যতই পরিকল্পনা করুন না কেন, তাতে কিছুই হবে না।

এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলব যে, মন্ত্রী মহাশয় বলেছিলেন আমার দায়িত্ব হচ্ছে খাদ্য সংগ্রহ করা এবং তা সরবরাহ করা। কাজেই ঘাটতি হলে কেন্দ্রীয় সরকারের কাছে চাইব, তারা দিলে ভাল, না দিলে আমি কি করব? এই হচ্ছে তাঁর কথা। কিন্তু আমি তা বলব না। আমি বলব যে পশ্চিম বাংলাকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হতে হবে, অন্ততঃ চাল, ডাল, গম, এই কয়টি বিষয়ে। সেই সঙ্গে আরো বেশি পরিমাণে অন্যান্য খাদ্য-শস্য এবং তৈলবীজ যাতে উৎপন্ন হতে পারে সেদিকেও লক্ষ্য রাখতে হবে। এগুলি করার জন্য কৃষি বিভাগের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলতে হবে। শুধু কেন্দ্রীয় সরকার দিল না, এই কথা বলে নিশ্চেষ্ট হয়ে বসে থাকতে পারিনা। নিশ্চেষ্ট হয়ে বসে থাকবার কোনো কারণ নেই।

তারপর এখানে বলা হয়েছে গভর্নমেন্ট থেকে রেশনের মাধ্যমে ৫ কোটি মানুষকে খাদ্য দেওয়া হবে। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে, আপনি দু-রকমের রেশন এলাকা করেছেন, একটা হচ্ছে বিধিবদ্ধ এবং আর একটা হচ্ছে মডিফায়েড রেশন এলাকা। আমরা জানি বিধিবদ্ধ রেশন এলাকায় নানা প্রকারের সুযোগ সুবিধা দেওয়া হয়। চাল, গম, চিনি বেশি পরিমাণে দেওয়া হয়। কিন্তু এমন অনেক লোক আছে যারা সেই চাল, গম নেয় না এবং সেগুলি দিয়ে চোরাকারবার হয়। এ ব্যপারে আমি কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তকে অভিনন্দন জানিয়েছিলাম বলে, গত বিধানসভার অধিবেশনের সময় মন্ত্রী মহাশয় আমাকে কটাক্ষ করেছিলেন। আজকেও আমার তাঁর কাছে প্রশ্ন হচ্ছে, আপনি বিধিবদ্ধ রেশন এলাকায় রেশনের ব্যবস্থা করেছেন এবং কর্ডনের ব্যবস্থা করেছেন, কিন্তু সেই কর্ডনিং কি মানা হচ্ছে? আপনি আজকে যে কোনো রাস্তায় গিয়ে দেখতে পাবেন চাল, গম বিক্রি হচ্ছে। অবস্থাপন্ন লোকেরা তা কিনে খাচ্ছে। এখানেও কি এমন কোন লোক আছেন যিনি সেই চাল, গম কিনে খাচ্ছেন না? কাজেই আমি বলব যে, বিধিবদ্ধ এলাকায় বেশি সুযোগ দেওয়া হচ্ছে, অথচ কর্ডনিং রাখতে পারা যাচ্ছে না। এই হচ্ছে অবস্থা। সেই জন্য আমার প্রস্তাব হচ্ছে বিধি-বদ্ধ এলাকায় ৫০০ টাকার কম যাদের আয়, তাদের আপনি চাল, ডাল, গম, সব কিছু দিন, কিন্তু তার উপরে যাদের আয়, যারা বাজার থেকে কিনে খেতে পারে, তাদের চাল, গম

না দিয়ে অন্যান্য জিনিস অর্থাৎ চিনি, তেল ইত্যাদি জিনিসগুলি দিন। আর মফস্বলের ক্ষেত্রে, যারা চাল উৎপাদন করে তারা সেই চাল পায় না, রোদে বৃষ্টিতে খেটে তারা খেতে পায় না, মডিফায়েড রেশনিং এলাকায় সেই চাল এবং গম দেবার ব্যবস্থা করুন।

তারপর সরকারি সংগ্রহ নীতি, আমরা দেখছি যে, সেটা মিল মালিক বা চাল-কল মালিকদের উপর নির্ভরশীল। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে, তাদের উপর বেশি নির্ভরশীল না হয়ে ডিসট্রেস সেলের উপর জোর দিন। তাহলে গ্রামের গরিব মানুষগুলির বেশি উপকার হবে। আমরা দেখতে পাচ্ছি গ্রামের গরিব চাষী সরকারি সংগ্রহ মূল্যের চেয়ে অনেক কম দামে ডিসট্রেস সেলে গ্রামের জোতদার এবং মহাজনদের কাছে চাল বিক্রি করে দেয়। তারা সেই চাল সংগ্রহ করে বেশি মূল্যে বিক্রি করে। সেই চাল সংগ্রহ করে সরকার গ্রামে ৫ একর পর্যন্ত যাদের জমি আছে তাদের মধ্যে সরবরাহ করতে পারেন এবং শহরে ৫০০ টাকার নিচে যাদের আয় তাদের মধ্যে চাল, ডাল সরবরাহের ব্যবস্থা করতে পারেন। আমি মনে করি এটা করতে পারলে খাদ্যের যে মূল সংকট, চালের সংকট সেটার অনেকটা সুরাহা হতে পারে। ২০ হাজার হাসকিং মেশিন লাইসেন্সের জন্য আবেদন করেছেন কিন্তু আপনি অনুমোদন দিচ্ছেন না। অথচ বহু হাসকিং মেশিন ইন্সপেক্টরদের ঘুষ দিয়ে চালানো হচ্ছে। আপনি এই সিদ্ধান্তের পরিবর্তন করুন। যেখানে যেখানে হাসকিং মেশিনের প্রয়োজন সেখানে সেখানে হাসকিং মেসিনের লাইসেন্স দিন। আপনি পুলিশের জন্য যে ভরতুকি দিচ্ছেন সেই রেটটা কিন্তু কম নয়। আপনি মোট বরাদ্দ ধরেছেন ১১ কোটি ৫০ লক্ষ টাকা। সেখানে বিক্রি লব্ধ মূল্য পান ৩ কোটি ২৭ লক্ষ ৬৭ হাজার টাকা আর আপনাকে ভরতুকি দিতে হয় ৭ কোটি ৬২ লক্ষ ৬৩ হাজার টাকা। সুতরাং যা বরাদ্দ ধরেছেন ভরতুকি দিতেই আপনার শেষ হয়ে যাচ্ছে। তাছাড়া এটা ব্রিটিশ আমলে দরকার ছিল কারণ তারা পুলিশের উপর নির্ভরশীল ছিলেন কিন্তু আপনি কেন এটা করবেন? পুলিশেরা বেতন পাচ্ছেন, গ্র্যাচুইটি পাচ্ছেন, এ ছাড়া অন্যান্য ভাতা পাচ্ছেন, তাদের কেন আপনি ভরতুকি দেবেন? গ্রামাঞ্চলে যে সমস্ত কৃষক যারা দারিদ্র সীমার নিচে বাস করেন, যাদের কোন রকম বেতনের বন্দোবস্ত নেই তাদের দিন। যদি আপনাকে ভরতুকি দিতে হয় এই ৭ কোটি টাকা আপনি গ্রামাঞ্চলের কৃষকদের দিন। দেশের উৎপাদন বাড়বে, দেশকে শক্তিশালী সমৃদ্ধ করবে। এটা আপনি বিবেচনা করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বারীন্দ্রনাথ কোলে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাইছি। এর আগে মাননীয় সদস্য বলাইলাল দাস মহাপাত্র মহাশয় অনেক কথা বলে গেলেন এবং এটাই ঘটনা। এই সম্পর্কে মানুষের মধ্যে ক্ষোভ আছে। জিনিসপত্রের দাম বাড়ছে, বণ্টনের ব্যাপারে ত্রুটি বিচ্যুতি আছে এটা ঘটনা। কিন্তু তা সত্ত্বেও উনি যেটা বলছেন সেটা হচ্ছে, কর্ডন তুলে দেওয়া হোক, রেশন সিস্টেম তুলে দেওয়া হোক অর্থাৎ ফ্রি মার্কেট করে দেওয়া হোক। এই ব্যাপারে আমি ওনার সাথে একমত নই। এই ফ্রি মার্কেট করে দেওয়ার নমুনা অতীতে যখন জনতা সরকার কেন্দ্রে ছিলেন সেটা আমরা দেখেছি। আপনারা জানেন, ভারতবর্ষে চিনির উৎপাদন হয়েছিল ৫০ লক্ষ টন, অতীতের সমস্ত রেকর্ড ভঙ্গ করে চিনির উৎপাদন হয়েছিল। জনতা সরকার সিদ্ধান্ত গ্রহণ করলেন চিনির কর্ডন তুলে দেওয়া হোক। চিনির উপর

*সরকারের যে কর্তৃত্ব সেটা তুলে দেওয়া হোক এবং ফ্রি মার্কেট করার ব্যবস্থা করা হোক। এর বিরুদ্ধে তখন পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে জোরের সঙ্গে এবং ন্যায়-সঙ্গতভাবে দাবি করা হয়েছিল এটা করলে সমস্ত চিনি চোরাকারবারীদের হাতে, একচেটিয়া পুঁজিপতিদের হাতে চলে যাবে এবং জনসাধারণ যেটুকু সুযোগ-সুবিধা পাচ্ছে এই জিনিস করলে সেটা পাবে না।* দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটবে। এই কথা দিল্লি শুনলেন না ফলে পরবর্তীকালে মাত্র কয়েকমাসের মধ্যে আমরা দেখলাম চিনির দর যেখানে কেন্দ্রীয় মন্ত্রী বললেন ৩ টাকা দরে চিনি পাওয়া যাবে সেখানে আমরা দেখলাম এই দর আস্তে আস্তে বাড়তে বাড়তে ৫টাকা ৬টাকা এবং সাড়ে ৬ টাকায় গিয়ে হাজির হল। সুতরাং সমস্ত জিনিস যদি চোরাকারবারীদের হাতে ছেড়ে দেওয়া যায়, উৎপাদকদের হাতে ছেড়ে দেওয়া যায় তাহলে কোনদিনও এই সমস্যার সমাধান করা যাবে না। তাছাড়া খাদ্য সম্পর্কে আলোচনা করতে গেলে যে জিনিসের প্রথমেই প্রয়োজন সেটা হচ্ছে-যে অবস্থার মধ্যে আমরা বাস করছি, যে অর্থনৈতিক অবস্থার মধ্যে বাস করছি, যে অর্থনৈতিক কাঠামোর মধ্যে আমরা আছি তাতে করে এই ব্যবস্থার আমূল পরিবর্তন সম্ভবপর নয়। কারণ আমরা দেখছি, স্বাধীনতার ৩২ বছর পরেও আজও প্রকৃত ভূমি সংস্কার হয়নি যারজন্য দেখা যাবে ভূমি মুষ্টিমেয় লোকেদের হাতে কেন্দ্রীভূত হয়েছে যার ফলে গ্রামাঞ্চল থেকে ৮০ পারসেন্ট মাল যেগুলি মার্কেটে আসছে সেগুলি শতকরা ১০ থেকে ১৫ টা ফ্যামিলি থেকে আসছে এবং এরাই কন্ট্রোল করছে।

[3-10— 3-20 P.M.]

এবং এটা বড় বড় জোতদার, জমিদার যাদের হাতে জমি আছে তাদের হাতেই খাদ্যশস্য জমেছে কিন্তু তাদের কিছু করা গেল না। ৩০ বছর শাসনের মধ্যে একচেটিয়া পুঁজি দ্রুতভাবে বেড়েছে এবং তারাই ভারতবর্ষের খাদ্যশস্য, ব্যবসাকে কুক্ষিগত করেছে। সারা ভারতবর্ষের ১২টা ফ্যামিলির তেল ও ডালের কারবার একচেটিয়া ভাবে করছে। এই ব্যবস্থার উপর আঘাত দেওয়া দরকার। এইজন্য কেন্দ্র জনতা সরকারের সময় ৭৭ সালে মুখ্যমন্ত্রীদের যে বৈঠক হয়েছিল তাতে আমাদের সরকারের তরফ থেকে দাবি করা হয়েছিল অন্ততঃপক্ষ ১০/১২টা নিত্য প্রয়োজনীয় পণ্যের ভাল ভাল এবং বন্টনের দায়িত্ব সরকারকে দেওয়া হোক এবং তারজন্য ভরতুকী দেবার কথাও বলা হয়েছিল। অতীতের কংগ্রেস সরকারের মতো তাঁরাও সেটা গ্রহণ করেন নি। এই ভরতুকী দিলে সরকারের খরচ হত ৫০০ কোটি টাকার মতো, অথচ আমরা দেখেছি কেন্দ্রীয় সরকার বিভিন্ন খাতে ভরতুকী দিচ্ছেন ২।। হাজার কোটি টাকা। সাধারণ মানুষকে সস্তায় পণ্য দেবার জন্য ৫০০ কোটি টাকা ভরতুকী দেবার দায়িত্ব তাঁরা গ্রহণ করলেন না। ভারতবর্ষের সবচেয়ে কলঙ্ক হচ্ছে ব্ল্যাক মানি, আজ প্রত্যেকটি জিনিসের ব্ল্যাক মার্কেটিং হচ্ছে, খোলা বাজারে জিনিস পাওয়া যায় না, কিন্তু ব্ল্যাক মার্কেটে বেশি দাম দিয়ে সমস্ত জিনিসই পাওয়া যায়। ২।। হাজার কোটির মত টাকা ব্ল্যাক মানি ভারতবর্ষে আছে অর্থাৎ একটা প্যারালাল মানি চলছে। এটাকে বাজেয়াপ্ত না করতে পারলে কিছুই হবে না, কেন্দ্রীয় সরকার পি.ডি.এফ চালু করতে বলছেন, ব্ল্যাক মানি যদি বাজেয়াপ্ত না করা যায় তাহলে এ চালু করে কিছুই হবে না। জহরলাল নেহেরু এক সময় বলেছিলেন ব্ল্যাকমার্কেটিয়ার্সদের ল্যাম্প পোস্টে ঝুলিয়ে দেবেন কিন্তু ৩২ বছর শাসনে আপনারা তা কটা করেছেন? আপনারা তা করবেন না কারণ তাদের কাছ থেকে ফান্ড নিয়ে আপনারা নির্বাচন

করেন। এরই ফলে ভারতবর্ষের অর্থনীতিতে একটা সঙ্কট সৃষ্টি হয়েছে সুতরাং পি.জি.এফ দিয়ে কিছু করা যাবে না, চোরকারবারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে গেলে তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করতে হবে। কেন্দ্রীয় মন্ত্রী বক্তৃতা দিয়ে গেযেন খাদ্যশস্যের ব্যাপারটা রাজ্য সরকারের। কিন্তু আমরা জানি খাদ্যশস্যের জন্য আমাদের কেন্দ্রের উপর নির্ভর করতে হয়। বর্তমানে কেন্দ্র রাজ্য যে কাঠামো আছে তার মধ্যে অনেক কিছু করা সম্ভব নয়। মানুষের অসুবিধার জন্য মুখ্যমন্ত্রী প্রতি সপ্তাহে কেন্দ্রকে চিঠি দিচ্ছেন যে আমাদের প্রয়োজনীয় ডিজেল, কেরোসিন দাও কিন্তু তার কিছুই হচ্ছে না। যেখানে কয়েকমাস পরে ভোট হবে সেইসব জায়গা ভোট পাওয়ার জন্য কোটা বাড়িয়ে দেওয়া হয়েছে, অথচ আমাদের ঠিকমতন সরবরাহ করা হচ্ছে না।

খাদ্যশস্য সম্পর্কে যদি ঠিকমতো ব্যবস্থা করতে হয় তাহলে ভূমি সমস্যার সমাধান আগে করতে হবে, পুঁজিপতিদের পুঁজি বাজেয়াপ্ত করতে হবে এবং চোরাকারবারীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারপর বর্তমানে পঞ্চায়েতের সঙ্গে জনসাধারণের একটা নিবিড় সম্পর্ক স্থাপনের ফলে জনসাধারণের সাহায্যে অনেক কাজ গ্রামে হচ্ছে। বন্যার সময়ে দেখেছি যখন শহরের সঙ্গে কোন যোগাযোগ ছিল না তখন সেই এলাকায় যে সামান্য কেরোসিন চাল ও গম ছিল তাই সাধারণ মানুষ সেগুলো বিলি করেছিল। কিন্তু এখন দেখছি খাদ্য দপ্তরের জিনিস বন্টন করার কোন দায়িত্ব পঞ্চায়েতের নেই। এমনকি পঞ্চায়েতের মিটিংয়ে খাদ্য দপ্তরের কোন কর্মীরা যোগদান করেন না। এ বিষয়ে আইনের সংশোধন করা হোক যাতে পঞ্চায়েতের সঙ্গে খাদ্য দপ্তরের একটা যোগাযোগ রাখা যায়। খাদ্য দপ্তর থেকে যদি একটা অ্যাডভাইসরী কমিটি গ্রামে করা যায় তাহলে এই বিভাগের কাজে পঞ্চায়েত বা গ্রামের জনসাধারণ সহযোগিতা করতে পারে। খাদ্য বিভাগের মধ্যে দুর্নীতি ও বাসতুঘুঘুর যে বাসা আছে সে বিষয়ে সন্দেহ নেই। সিমেন্টের ক্ষেত্রে দেখেছি শালিমার গো-ডাউনে সিমেন্টের পারমিট দেওয়া হয়েছে, যেটা নিতে গেলে তাদের লরি না নিলে হবে না। দিন তিন চারেক আগে পারমিটের চিঠি পেয়ে সিমেন্ট আনতে গেলে কিছু টাকা কম পড়ায় সিমেন্ট না নিতে পারার জন্য সেই পারমিট ল্যাপস হয়ে যায়, এটা খাদ্য বিভাগের দুর্নীতির একটা বড় ঘটনা। আমরা একটা সিদ্ধান্ত নিয়েছিলাম যে গ্রামাঞ্চলে ব্যক্তিগত রেশনকার্ড দেওয়া হবে, আজ পর্যন্ত সে সবের কিছুই হল না। অথচ খাদ্যমন্ত্রী বলেছিলেন এই বছর পাঁচটা জেলায় কাজ শুরু করেছি। ব্যক্তিগত কার্ড হলে লোকেরা বারে বারে মাল তুলতে পারে। গ্রামাঞ্চলে কার্ড পিছু এক লিটার করে কেরোসিন তেল দেওয়া হবে, শহরে মাথাপিছু আধ লিটার। গ্রামাঞ্চলে যেখানে ১৫/২০ জন ফ্যামিলি মেম্বার আছে সেখানেও এক লিটার। কিন্তু আমরা দেখছি যে শহর ও গ্রামের মধ্যে আপনার দৃষ্টিটা শহরের মধ্যেই সীমাবদ্ধ বেশি। শহরে আরও বেশি দেওয়া হোক আপত্তি নেই দেখলাম যে রেপসিড গো-ডাউনে অনেক জমে আছে। শহরে গত সপ্তাহে এক কে.জি. করে দেওয়া হয়েছে কিন্তু গ্রামের মধ্যে এইসব দেওয়া হচ্ছে না। সাবান, খাতা ইত্যাদি অনেক জিনিস শহরের মধ্যে দেওয়া হচ্ছে, গ্রামের মানুষকে দেবার কোন ব্যবস্থা হচ্ছে না। আমি অনুরোধ করব গ্রামাঞ্চলে এইগুলি দেবার ব্যবস্থা করুন, সবচেয়ে বড় কথা হচ্ছে কেরোসিন ঠিকমতো না দিলে ব্ল্যাক মার্কেটিংকে সাহায্য করা হবে। সেজন্য আপনি গ্রামের দিকে একটু দৃষ্টি দিন আপনার দপ্তরের দুর্নীতি বন্ধ করুন। এই কথা বলে আপনার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20— 3-30 P.M.]

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বইখানা পড়ছিলাম— লেখক শ্রী সুধীন কুমার মহাশয়। এই বই এর ১ থেকে ৪ পৃষ্ঠা ব্যাপি তিনি কেবলমাত্র ব্যর্থতাকে ঢাকবার জন্য এমন কতকগুলি কথার অবতারণা করেছেন যাতে মনে হচ্ছে ঠাকুর ঘরে কে, আমি তো কলা খাইনি, অর্থাৎ আগে-ভাগেই তিনি বলে নিচ্ছেন যে আমি ব্যর্থ। এখানে যে কথাগুলি বলার চেষ্টা করেছেন, এমন হিসাব দিয়েছেন যে তাঁর কথা বোঝা যাচ্ছে না। স্যার, আমাকে মাত্র ১৫ মিনিট সময় দিয়েছেন, তার মধ্যে সবগুলি টাচ করা যাবে না। যাইহোক, রেশনে যে চাল, গম, যা কিছু দেওয়া হচ্ছে সেই চাল গমের কোয়ালিটি এমন যে গমকে চেনা যায় না গম বলে, চাল পোকা ধরা। আবার কখনও কখনও দেখা যায় রেশনে যে গম যায় সেই গমের মূল্য বাজারে গমের মূল্যের চেয়ে বেশি এবং যে চাল যায় সেই চালের মূল্য বাজারের চালের মূল্যের চেয়ে বেশি। ঐ চাল বা গম কোনখানে যায়, কি যায় না যায় সেটা সুধীন বাবু জানেন। এরপর কেরোসিন তেল, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গাঁয়ের মানুষ দেখেছি রেশনের দোকানে গেলে কেরোসিন তেল পাচ্ছি না, কিন্তু হাটে-বাজারে রাস্তায় বেশি দাম দিলে তেল পাওয়া যাচ্ছে। মাননীয় সুধীন বাবু বলবেন কি যদি অভাবই হবে তাহলে রাস্তায় তেলটা কোথা থেকে আসে? এর সঙ্গে সঙ্গে আমি ডিজেলের কথাটা বলে নিই। কৃষকরা যখন পেট্রোল পাম্পে ডিজেলের জন্য তাদের পাম্প সেটের জন্য লাইন দিয়ে ধর্না দেয় তখন লাইনে কিছুটা দেওয়ার পর বলা হয় শেষ হয়ে গেল কিছুক্ষণ পরে দেখা গেল আবার ডিজেল নিয়ে বসে আছে, প্রকাশ্য দিবালোকে সেখানে বেশি দামে ডিজেল পাওয়া যাচ্ছে। মাননীয় সুধীন বাবু কি বলবেন যদি অভাবই থাকবে, পেট্রোল পাম্পে পাওয়া যাবে না, তাহলে হাটে বাজারে রাস্তায় ডিজেল কোথা থেকে আসে? সিমেন্টের ব্যাপারটা সুধীন বাবু জবাব দেবার সময় বলবেন, সিমেন্টের ডিলাররা বলে যে শতকরা ৭৫ ভাগ সিমেন্ট সরকারি ডেভেলপমেন্টের জন্য সরকার রেখে দিয়েছে, আর ২৫ ভাগ জনসাধারণের ব্যবহারের জন্য দিয়েছে। কিন্তু এই ২৫ ভাগ সিমেন্ট দেখা গেল কাগজে-কলমে সব শেষ হয়ে গেল, সিমেন্ট আর নেই। ঐ সিমেন্ট আবার ঘুরিয়ে আপনি ডিলারদের কাছে যান ৫০ টাকা দরে সিমেন্ট পাওয়া যাচ্ছে। আমি কালিয়াচকের কথা বলছি। ৫০ টাকা বস্তা যদি চান অজস্র সিমেন্ট আপনি পাবেন। এই অবস্থাটা, এটা কি জন্য? প্রশাসনের এই যে অবস্থা, সুধীন বাবু, আপনার অফিসে অনেক লোক আছে কিন্তু তারা কি করছে জানতে চাই এই অবস্থাটা কেন? যদি অভাব থাকে তাহলে অভাবই থাকবে। পেট্রোল কোথায়ও পাওয়া যাবেনা, র‍্যাশনে পাওয়া যাবেনা, কিন্তু রাস্তায় বেশি দাম দিয়ে পাওয়া যাবে এটা কোন ধরনের কথা হল। আপনি দ্রব্যমূল্যের কথায় আসুন, কয়লার ব্যাপারে আসুন, কয়লা অন্যান্য প্রদেশে পাচার হয়ে যাচ্ছে এখান থেকে। আজকে কাগজে একটা জায়গায় দেখলাম, অধ্যক্ষ মহাশয়, আমি কাগজের কথাটা একটু বলছি, দক্ষিণ-পূর্ব রেলের আন্দুল, শাকরাইল, বাউড়িয়া, উলুবেড়িয়া বাগনান এবং পূর্বরেলের হাওড়া, ব্যান্ডেল, তারকেশ্বর এবং শেয়ালদার বনগাঁ, কৃষ্ণনগরের মধ্যে বিভিন্ন স্টেশনগুলিতে কয়লা বোঝাই হয়ে চলে যাচ্ছে পাঞ্জাব, হরিয়ানা এবং উত্তর প্রদেশে। এইভাবে হাজার হাজার মণ কয়লা অন্য রাজ্যে চলে যাবার দরুন এই অবস্থা। এটা যাচ্ছে, কোথা থেকে যাচ্ছে? আনন্দবাজার পত্রিকা থেকে পড়ছি। এই যে অবস্থা, কয়লা পাচার হয়ে যাচ্ছে এটা দেখবার দায়িত্ব কি কেন্দ্রীয় সরকারের, না কে দেখবে?

আইনমন্ত্রী মহাশয় বলুন কে দেখবে এই যে পাচার হয়ে যাচ্ছে অন্যান্য রাজ্যে কয়লা। তারপর এখানে আবার দ্রব্যমূল্য হু হু করে জিয়োমেট্রিক্যাল প্রগ্রেশনে এগিয়ে যাচ্ছে, জ্যোতি বাবু নিজেই কঠোর আইন চান কিন্তু বুঝতে পাচ্ছিনা কঠোর আইন বলতে তিনি কি চাচ্ছেন। তিনি বলেছেন সাধারণ আইন প্রয়োগ করে অনেক কেস করা হয়েছে, অনেক কান্ডকারখানা করা হয়েছে, আমি জানতে চাই ক'টা কালোবাজারি আজ পর্যন্ত শাস্তি পেয়েছে, একথা তিনি বলেন নি। তারপর কঠোর আইন বলতে পি,ডি,অ্যাক্টের মত আইন যেখানে চালু আছে সেটা তিনি প্রয়োগ করছেন না কেন। এখনও ২৫ কোটি টাকা কালোবাজারিদের হাতে আছে এবং কালোবাজারির টাকা উদ্ধার করার জন্য একজন মাননীয় সদস্য বললেন যে ঘরবাড়ি ক্রোক অমুক কর, তমুক কর, কিন্তু কে করবে সেটা? আইন মন্ত্রী মহাশয় আইনের ব্যাখ্যা দিয়ে বলবেন কি কে করবে? সুতরাং সেই আইন ব্যবহারে কেন এত অনীহা, এতে কি রহস্য আছে, কালোবাজারিদের সঙ্গে কোন আঁতাত আছে কিনা আপনাদের সঙ্গে যার জন্য আপনারা পি,ডি,অ্যাক্ট প্রয়োগ করতে এত দ্বিধা বোধ করছেন? কেন করছেন না? তাদের সঙ্গে কি এমন আঁতাত থাকতে পারে আপনাদের যে আপনারা করছেন না? চিনির ব্যাপারে রিসেন্টলি আনন্দবাজার, ১২ই ফেব্রুয়ারিতে জ্যোতিবাবু বলেছেন যে ব্যবসায়ীরা চড়া দামে লেভিলব্ধ চিনি বিক্রি করছে, অভাবই এর কারণ, আবার আর এক জায়গায় দেখছি যে গোডাউনে চিনি এসে পড়ে আছে খালাস হচ্ছেনা। দু'জায়গায় দু'রকম কথা, পরস্পরবিরোধী। গোডাউন থেকে খালাস করা হচ্ছেনা, কেন খালাস হচ্ছেনা সুধীন বাবু খালাস করছেন না কেন? চিনি খালাস না করে কৃত্রিম অভাব সৃষ্টি করছেন। এখানে রেপসিড সরিষার তেল বলে চলছে।

[3-30— 4-10 P.M.] (Including Adjourment)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কতকগুলো প্রস্তাব রাখতে চাইছি। কথা উঠেছে, ২৫ কোটি টাকা এই কালো টাকা উৎপাদনে নাকি খাটছে। একে উদ্ধার করতে না পারলে বা একে কব্জা করতে না পারলে কিছু করা যাবে না। আমি প্রস্তাব রাখছি, রাজ্য সরকারের যেটুকু করার আছে করুন। আর ২৫ কোটি কালো টাকার জন্য কিছু করার যদি এক্তিয়ার না থাকে, এই হাউসে তাহলে একটা রেজলিউশনে আনুন যে এই যে কালোটাকা বাজারে আছে তার জন্য আমরা কিছু করতে পারছি না, এটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে, কেন্দ্রীয় সরকার এরজন্য ব্যবস্থা নিন। এই রেজলিউশান আসুক, আমরা তাকে সমর্থন করব। দ্বিতীয় প্রস্তাব হচ্ছে, আপনি দয়া করে আপনারা প্রশাসনকে দেখুন। চিনি গুদাম থেকে খালাস করার জন্য আপনি সক্রিয় ব্যবস্থা নিন। যেন গুদামে চিনি পড়ে না থাকে। গুদামে চিনি ফেলে রেখে চিনি দিচ্ছেন না? এই সব যেকথা বলছেন তা মামুলী কথা। হ্যাঁ, নিশ্চয় অভাব আছে। চিনির ক্ষেত্রে ৫ লক্ষ টনের রিজার্ভ ভাণ্ডার আছে। তাতে মূল উৎপাদন সব কিছু হিসাব করলে দেখা যাবে দু লক্ষ টন কম পড়বে। কিন্তু আজকে ৫ লক্ষ টন রিজার্ভ রয়েছে। তাতে দেখা গেল গড়ে দু লক্ষ টন কম পড়বে সারা ভারতবর্ষে। কাগজে দেখবেন এই সম্পর্কে স্টেটমেন্ট বেরিয়েছে মন্ত্রী মহাশয় শ্রী প্রণব মুখার্জ্জীর। তৃতীয় প্রস্তাব হচ্ছে, সিমেন্টের ব্যাপারে। আপনারা করবেন কি করে ৭৫ ভাগ সিমেন্ট চলে যাচ্ছে মাটির তলায়। মন্ত্রী মহাশয় সুধীনবাবু বলছেন, ঐযে করবেন ডিলাররা। আমি বলি, ডিস্ট্রিবিউশন যেখানে ডিলারদের করেন, সেখানে দয়া করে বিশ্বস্ত অফিসারদের বসিয়ে দিন। ঐভাবে যেভাবে করছেন লিখে দিচ্ছেন, তা না করে বিশ্বস্ত অফিসার ডিস্ট্রিবিউশন যেখানে হচ্ছে সেখানে বসান। চিনি সম্বন্ধে

আপনি দয়া করে এমন ব্যবস্থা নিন যাতে গুদামে চিনি না থাকে। আপনি রেশন করবেন কিনা জানি না, কিন্তু যা করবার তা করুন। চিনি সবাই খায় না। চিনির প্রয়োজন হয় পেটের গোলমাল হলে সরবত খাবার জন্য এবং প্রয়োজনে যাতে চিনি পাওয়া যায় তার ব্যবস্থা নেই। কয়লা সম্বন্ধে বলব, অভাব নেই, অথচ বন্টনের ব্যবস্থা ত্রুটিপূর্ণ। আপনি দেখবেন না, এটা তো রাজ্য সরকারের দায়িত্ব? পাঞ্জাবে চলে যাবে কেন, হরিয়ানায় চলে যাবে কেন? আপনি এইটা দেখুন যারা রান্নার কাজে কয়লা ব্যবহার করেন, তারা যাতে ন্যায্য মূল্যে কয়লা পেতে পারেন তার ব্যবস্থা করুন। তা না হলে জঙ্গল কেটে লোপাট হয়ে যাবে। জঙ্গল কাটা আরম্ভ হয়ে গিয়েছে। আজকে পুরুলিয়াতে জঙ্গল কাটা হচ্ছে বলে মেনশন হয়েছে। এইটা উত্তর বাংলাতে হবে, দক্ষিণ বাংলাতেও হবে। এই ডি-ফরেসটেশন হবে। তাই কয়লার দিকে নজর দিতে বলছি। আপনি বলছেন, সরষের তেল সাড়ে সাত টাকা, আট টাকা হবে কিন্তু কি চলছে? ১৪ টাকার নিচে নেই।

সুতরাং সেখানে আপনি দেখুন সত্যিকারের সরষের তেল যেন পাওয়া যায়। ১৪ টাকা হোক কিন্তু রেপসিডকে সরষের তেল বলে বাজারে চালাবেন এটা যেন না হয়। কেরোসিন সম্পর্কে আমি আগেই বলেছি, আবার বলছি গ্রামে যতই বিদ্যুতের লাইন যাক সেখানে গ্রামবাংলাতে কেরোসিন না হলে চলবে না। স্যার, এই প্রসঙ্গে আমার মুর্শিদাবাদ জেলার কালিয়াচকের কথা একটু বলি। স্যার, আপনি জানেন, সেই এলাকাটি বিড়ি শিল্পের একটি এলাকা এবং স্বভাবতই বিড়ি শিল্প শ্রমিক অধ্যুষিত এলাকা। আমার দাবি হচ্ছে, সেই এলাকার জন্য আলাদা কেরোসিন বরাদ্দ করা হোক। কারণ স্যার, বিড়ি শ্রমিকরা কন্ট্রাক্টে বিড়ি বাঁধেন প্রতি হাজার বিড়ি বাঁধলে এত টাকা করে তারা পাবেন এই হচ্ছে চুক্তি। কিন্তু কেরোসিনের অভাবে রাত্রিবেলাতে তারা বিড়ি বাঁধতে পারছে না ফলে তারা মজুরি পাচ্ছে না এবং এইভাবে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এটা হাতের কাজ, তাদের বাড়ির মেয়েরাও এই বিড়ি বাঁধার কাজ করে কাজেই আমি বলব, কেরোসিনের অভাবে যাতে তারা ক্ষতিগ্রস্ত না হন সে দিকে লক্ষ্য রেখে সেই এলাকার জন্য আলাদা কেরোসিন বরাদ্দ করুন। তারপর ঐ সি.আই শিট-ঘর ছাউনির জন্য যেটা কাজে লাগে সেটাও মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তরের অধীনে আছে, সেদিকেও দৃষ্টি দেওয়া দরকার। এ ছাড়া গ্রামে হাসকিং মিলগুলির ব্যাপারে আমরা দেখছি, যে যেখানে খুশি এই হাসকিং মিল চালাচ্ছে। আমার প্রস্তাব, প্রতি অঞ্চলে অন্তত একটি/দুটি করে হাসকিং মিল যাতে চলে বৈধ ভাবে তার ব্যবস্থা করুন, কারণ হাসকিং মিলের দরকার আছে বর্তমানে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েকটি সাজেশনস আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখলাম। পরিশেষে বলি, এই বিভাগ সম্পূর্ণ ব্যর্থতার পরিচয় দিয়েছে। স্যার, বামফ্রন্ট সরকারের প্রতিটি বিভাগ যেমন ব্যর্থতার পরিচয় দিয়েছেন তার সঙ্গে সঙ্গতি রেখে এই বিভাগও ব্যর্থতার পরিচয় দিয়েছেন কাজেই এই বিভাগের ব্যয়বরাদ্দকে আমি সমর্থন করতে পারলাম না।

At this statge the house was adjourned 4-10 P.M.

[4-10— 4-20 P.M.] (After Adjournment)

**শ্রী সুনীতি চট্টরাজ :** অন এ পয়েন্ট অব ইনফরমেশন স্যার, আমি আপনার কাছে একটা পিটিসন দিচ্ছি, এটা দিয়েছেন শ্রী ধরণী ধর মণ্ডল, বেলবনী গ্রামে ঢুকতে দিচ্ছেনা সি

পি এম ক্যাডাররা, এদের থেকে বাঁচান।

**Mr. Speaker :** Now.Shri Santosh Kumar Das may like to speak.

**শ্রী সন্তোষ কুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় খাদ্যমন্ত্রী যে বাজেট ১৯৮০-৮১ সালের উত্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে কিছু কথা বলতে চাই। আমাদের এই সরকার আসার পরে সাধারণ মানুষ বিশেষ করে গ্রামের মানুষ এঁরা কাজে কতটা সাফল্য লাভ করেছেন, তা উপলব্ধি করেছে। আজকে গ্রামে একটাই বড় কথা—অনেক জিনিসের দাম বেড়েছে কিন্তু চালের দাম বাড়েনি। লোকে বলছে অন্য কিছু আমরা খেতে পাই বা না পাই শুধু নুন ভাত খেয়ে থাকি, ভাতের সঙ্গে শাক এবং ডাল পাই, তাহলে অন্য কিছু চাইনা। এটা অন্তত বামপ্রন্ট সরকারের খাদ্য দপ্তর করেছে। আপনি জানেন বিগত নির্বাচনকালে আমাদের বিরোধী দল একটা বিরাট ফিরিস্তি তৈরি করেছিলেন। ১৯৭২ সালে ডালের দাম কি ছিল, তেলের দাম কি ছিল, নুনের দাম কি ছিল, নানা ভোগ্য পণ্যের দাম কি ছিল. কিন্তু সেই তালিকায় চালের দাম লিপিবদ্ধ করেনি। অর্থাৎ পরোক্ষভাবে এই বামফন্টের নীতিকে মেনে নিতে বাধ্য হয়েছে। আমরা জানি ভোগ্য পণ্য সামগ্রী দর বেড়েছে, এই দর বাড়ার জন্য বিরোধী পক্ষের সদস্যগণ আজকে সরকারকে দোষারোপ করছেন, কিন্তু এটা যেন মনে থাকে এর জন্য রাজ্য সরকার দায়ী নন, এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সরকার তাঁদের সত্যিকারের পথে অগ্রসর হলে, একথা বলেছিলেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার তৈরি হবার পরে তিনি বলেছিলেন কয়েকটি পণ্য সামগ্রী এবং তার বন্টন নীতি যদি কেন্দ্রীয় সরকার নিজের হাতে নেয় তাহলে সারা ভারতবর্ষের আপামর জনসাধারণ উপকৃত হবেন। কিন্তু তাকে ন্যাস্ত করে দেওয়া হল. এই প্রস্তাব গ্রহণ করলেন না। মোরারজী সরকার এই প্রস্তাব গ্রহণ করেন নি, তার পরবর্তী চরণ সিং সরকার গ্রহণ করেন নি, বর্তমান স্বৈরতন্ত্রী কেন্দ্রীয় সরকার গ্রহণ করবেন না। আজকে যিনি দেশের প্রধানমন্ত্রী তিনি রায়বেরিলী থেকে জিতে এসেই ব্যবস্থা করলেন—ডিজেলের সঙ্কট করেছিল চরণ সিং সরকার, অতএব রায়বেরিলী থেকে জিতে এসেই সেখানে ডিজেল পাঠাবার ব্যবস্থা করলেন। রায়বেরিলী কি সমস্ত ভারতবর্ষ? যেখানে যেখানে তাদের দল সরকার গঠন করেছেন সেইগুলিকে তিনি দেখবেন। পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যেগুলি বিরোধীদল করায়ত্ব করেছে সেখানে যোগান কিন্তু কমে যাবে। এই রাজ্যগুলিকে বঞ্চিত করা হচ্ছে, তার যা প্রয়োজন দেওয়া হচ্ছে না। এই নীতিতে যদি কেন্দ্রীয় সরকার বিশ্বাসী থাকেন তাহলে আমাদের এই রাজ্যে সম বন্টন নীতি কি করে করা যাবে? এই কথা আজকে বিরোধী সদস্যদের মনে রাখতে হবে। ইন্দিরা গান্ধী যেদিন থেকে প্রধানমন্ত্রী হলেন তারপর থেকে দেখতে পাচ্ছি আমরা মাত্র ২ লক্ষ ৮৬ হাজার মেট্রিক টন সিমেন্ট পেলাম। মহারাষ্ট্র পেল ৪ লক্ষ ৩৫ হাজার ৬০০ মেট্রিক টন, তামিলনাড়ু পেল ৩ লক্ষ ৮ হাজার মেট্রিক টন। আমাদের যা প্রয়োজন সেই অনুযায়ী পাচ্ছি না, মাননীয় খাদ্যমন্ত্রী সেই কথা বারে বারে এখানে বলেছেন। কেরোসিন তেলের কথাও তিনি এখানে বলেছেন। তেলের পাত্র নিয়ে এসে আমাদের মুখ্যমন্ত্রীকে অপদস্থ করবার জন্য একটা চেষ্টা চালানো হল। এখানে মনে রাখা উচিত এই কেরোসিনের জন্য কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের বঞ্চিত করছেন। জনতা দলের সদস্যদের এটা জানা উচিত যে আমাদের যে তেল প্রয়োজন সেই অনুযায়ী পাচ্ছি না। গত

জানুয়ারি মাসে ৫০ হাজার মেট্রিক টন কেরোসিন পেয়েছি। আর মহারাষ্ট্র পেল ১ লক্ষ ৪ হাজার ৭৩০ মেট্রিক টন, গুজরাট পেল ৫২ হাজার ৬২৮ মেট্রিক টন, তামিলনাড়ু পেল ৬৬ হাজার ৩৬০ মেট্রিক টন। এতে কি বোঝা যাচ্ছে? আমাদের প্রয়োজন মত তারা তেল দিচ্ছে না। অবশ্য গুজরাট, মহারাষ্ট্র বা তামিলনাড়ুকে একটু বেশি দেবার প্রয়োজন আছে। কারণ ওখানে তেল না দিলে কংগ্রেস(ই) সরকার গঠন করতে পারবেন না। এইভাবে কেন্দ্রীয় সরকার আমাদের বঞ্চিত করে শুধু বন্টন ব্যবস্থা যদি রাজ্য সরকারের হাতে রেখে দেয় তাহলে আমরা দুর্ভোগের সম্মুখীন হব, এটা সকলের জানা দরকার। এফ.সি.আই.-ফুড করর্পোরেশন অব ইন্ডিয়া থেকে যেসব মালপত্র রাজ্য সরকারকে দেওয়া হয় তার মধ্যে অনেক সামগ্রী অখাদ্য হয়ে পড়ে রয়েছে, সেগুলি গ্রহণ করা যায় না, কিন্তু রাজ্যসরকারকে সেগুলি নিতে বাধ্য করা হয়। কেন্দ্রীয় সরকার যা দেবে রাজ্য সরকারকে তা নিতে হবে।

[4-20—4-30 P.M.]

তার আর গত্যন্তর না। এই রকম অবস্থা যদি চলতে থাকে এই রকম বৈষম্যমূলক নীতি যতদিন চলবে ততদিন আমাদের দূরবস্থায় চলতে হবে। আজকে ভাববার দিন এসেছে যে এই ব্যাপারে কি করে কি করা যায়। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে কয়লা আমরা পাই সেই কয়লা কেন্দ্রীয় সরকার কতকগুলি লাইসেন্স প্রাপ্ত ডিলারের হাতে দেন। আমাদের রাজ্য সরকার সেই কয়লা বন্টন করেন। আমাদের রাজ্য সরকার যাকে যাকে বলে দেবে তাদেরকে ঐ ডিলাররা দিয়ে দেয়। এই সব ডিলারের নানা রকম অজুহাত দেখিয়ে দাম বাড়িয়ে দেয়। অবশ্য কিছু কিছু অসুবিধা আছে। তারা বলে আমরা এই দামে কিনেছি অনেক দাম বেড়েছে আমরা এত কম দামে দিতে পারব না। এখন তাদেরকে বন্ধ করে দিয়ে রাজ্য সরকার যে নিজের হাতে নেবে এমন আইন নেই। যদি আইন করা হয় তাহলে আবার সেই আদালতের সম্মুখীন হতে হবে। এখানে একটা কথা বলা দরকার বন্যার সময় আমাদের খাদ্য মন্ত্রী তাঁর যোগ্যতার যথেষ্ট প্রমাণ দিয়েছেন। এখানে কতকগুলি ব্যাপার আছে। আমরা লক্ষ্য করেছি এবং বলতে বাধ্য হচ্ছি যে কতকগুলি লাইসেন্স পারমিটের ব্যাপার আছে। দেখা যায় ২।৩।৪ বছর পর্যন্ত চালিয়ে যাচ্ছে অথচ তাদের পাওয়া যায় না। এমন কতকগুলি লোক আছে পঞ্চায়েতের রেকমেন্ডেশন না নিয়ে নিজেরা ঘুষ দিয়ে এগুলি তারা পেয়ে যাচ্ছেন অথচ তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয় না। আজকে আমি মন্ত্রী মহাশয়কে বলব যে কঠোর হস্তে এই দুর্নীতির বিরুদ্ধে তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন। আমরা এই দাবিতে সোচ্চার হয়ে উঠেছি। এক শ্রেণীর সরকারি কর্মচারী আছে তারা এই রকম অত্যাচার করে যাচ্ছে মানুষের উপর দিনের পর দিন। একটু কঠোর তিনি যেন হন তাহলেই তিনি তাদের শায়েস্তা করতে পারবেন। এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ণ রূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সে সম্পর্কে আমাকে কিছু বক্তব্য বলতে হচ্ছে। বছর বছর ধরে এই খাদ্য দপ্তর প্রথম থেকে এ পর্যন্ত বলা যেতে পারে একটা দুর্নীতির চক্র হয়ে চলেছে। এর আগে যিনি খাদ্যমন্ত্রী ছিলেন তাঁকে দুর্ভিক্ষ মন্ত্রী বলে আক্ষায়িত করেছিলেন বর্তমানে যারা শাসন ক্ষমতায় আছেন। এই খাদ্য দপ্তর সম্বন্ধে আজকে খাদ্যমন্ত্রী যে বিবৃতি আমাদের সামনে

দিয়েছেন তাতে একটা হতাশাই দেখতে পাচ্ছি। সেই দপ্তরের লাইসেন্সপ্রাপকদের ব্যাপারে খাদ্য সিমেন্ট ইত্যাদি ব্যাপারে তাদের কোন কন্ট্রোল নাই। তারা এগুলিকে কোন কন্ট্রোলেই আনতে পারছেন না, তাদের নিজেদের করায়ত্বের মধ্যে আনতে পারছেন না। এবং তা না করতে পেরে কেন্দ্রের উপর দোষ চাপাচ্ছেন, কেন্দ্রের জনতা দলের উপর দোষ চাপাচ্ছেন, চরণ সিংয়ের উপর দোষ চাপাচ্ছেন এমন কি এখনকার স্বৈরতন্ত্রের উপর তেমন দোষ চাপাচ্ছেন না ভয়ে ভয়ে দোষ চাপাতে পারছেন না। আজকে ওঁরা ভয় পেয়েছেন বলে মনে হচ্ছে। কেন্দ্রের বরাদ্দের ব্যাপারে বলি ১৯৭৬ সালে চাল বরাদ্দ ছিল ৫ লক্ষ ৩১ হাজার ১৭১ মেট্রিক টন সেটা বেড়ে আজকে ১৭ লক্ষ ৯০ হাজার হয়েছে এবং সেই তুলনায় ১৯৮০ সালে দেখলাম অনেক বেশি বেড়েছে এবং সমস্ত জিনিসই তুলনামূলকভাবে অনেক বেশি বেড়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় শহরাঞ্চল ছাড়া গ্রামে যে বরাদ্দ দেওয়া দরকার সেটা কেন হচ্ছে না। মাসের মধ্যে হয়তো ১০০ গ্রাম করেও গ্রামের মানুষ চিনি পাচ্ছে না, সেটা মন্ত্রী মহাশয় জানেন কি না জানি না। শহরকে নিয়েই তিনি আছেন, শহরের মানুষের সুখ সুবিধা তিনি দেখেন, এটাই যদি তাঁর একমাত্র নিত্য কর্ম হয় এটাই যদি তিনি কার্যকর করার চেষ্টা করেন তাহলে গ্রামবাংলার মানুষ মন্ত্রী মহাশয়কে দুর্ভিক্ষ মন্ত্রী বললে তারা ভুল করবেন না। মন্ত্রী মহাশয়. কয়লা, সিমেন্ট এই সব ব্যাপারে তাঁর বিবৃতি দিতে গিয়ে, তিনি হাতাশার পরিচয় দিয়েছেন, তিনি হতাশার কথা বলেছেন, কিন্তু নুন তো কেন্দ্রের কাছ থেকে আসেনা. নুন তো পশ্চিমবাংলার সমুদ্রোপকুলে উৎপাদন হতে পারত, মাটি থেকে নুন উৎপাদন হতে পারত, নদী উপকুল থেকে উৎপাদন হতে পারত, কিন্তু তা কেন তিনি বাড়াতে পারছেন না. এই ব্যাপারে তিনি কেন কোন পরিকল্পনা নিতে পারেন নি, কেন তা করতে পারছেন না, নুনের ব্যাপারেও কেন তিনি হতাশার কথা বলছেন? আজকে চিনি, কাপড়, চাল, গমের ব্যাপারে তিনি হতাশার কথা শুনিয়েছেন। কিন্তু পক্ষান্তরে দেখা যায় কৃষিমন্ত্রী তাঁর বাজেটে বলেছেন এখানে আমরা আজকে খাদ্যে স্বাবলম্বী হয়েছি, ধান উৎপাদনে স্বাবলম্বী হয়েছি, তিনি বলেছেন গম উৎপাদনে হরিয়ানা পাঞ্জাবের থেকে বেশি উৎপাদন করছি, আর এখন দেখছি খাদ্যমন্ত্রী হতাশার কথা বলছেন। আমি দেখেছি, মেদিনীপুরে যে চালের মিলগুলো আছে, তার উপর খাদ্যমন্ত্রী কোন কন্ট্রোলের ব্যবস্থা রাখেন নি। খাদ্য দপ্তরের যে সমস্ত ইনস্পেক্টর আছেন তাদের দিয়ে কোনওদিন তদারক করতে পাঠাননি, যার ফলে সেখান থেকে হাজার হাজার, লক্ষ লক্ষ মণ চাল বাইরে পাচার হয়ে যায় বাংলার বাইরে পাচার হয়ে যায়, এই ব্যাপারে যদি তিনি সতর্ক থাকেন তাহলে চালের ব্যাপারে আমি মনে করি পশ্চিমবাংলার অভাব অনটন থাকতে পারে না। আর একটা ব্যাপার মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে লক্ষ্য করতে বলছি, সরকার ৯০ টাকা কুইন্টাল ধান কিনছেন কিন্তু সেই ধান সরকারি গুদামে আসছেনা। সরকারি এজেন্ট কিন্তু ধান কিনছেন, সেই চালটা মিল মালিকরা নিচ্ছেন, সেই চালটা রেশন দোকানে বিক্রি হয় ১ টাকা ৭০ পয়সা কিলো, তার মানে ১৭০ টাকা কুইন্টাল। ৯০ টাকা কুইন্টাল নিচ্ছেন, ১।। কুইন্টাল ধানে এক কুইন্টাল চাল হয়, তার মানে পড়তা হচ্ছে ১৪৫ টাকা। সেখানে রেশন দোকানে বিক্রি করা হচ্ছে ১৭০ টাকা কুইন্টাল। তাহলে কত টাকা মুনাফা হচ্ছে সরকারি তরফে, সরকার যদি এত মুনাফা করে তাহলে বাইরে যাদের লাইসেন্স দেওয়া হয়েছে তারা তো কি পরিমাণ মুনাফা করবে, সেটা সকলেই বুঝতে পারছেন। মানধাতার আমলে যাদের লাইসেন্স দেওয়া হয়েছে, তাদের গায়ে হাত দিতে

পারছেন না। তাদের বাদ দিয়ে নুতন কোন এজেন্ট করতে পারছেন না, যারা দিনের পর দিন খাদ্য দপ্তরকেই শুধু নয়, পশ্চিমবাংলার জনসাধারণকে উপেক্ষা করেছে, বঞ্চিত করেছে। তারা আজকে ব্ল্যাক মার্কেটে চালগুলো পাচার করে দিয়ে মানুষকে ক্ষুধায় রেখেছে। তাদের বাঁচাবার কোন পরিকল্পনা এই সরকার করছেন না। নুতন নুতন কো-অপারেটিভের মাধ্যমে যদি হোলসেলার দেন, তাদের মাধ্যমে খাদ্য বন্টনের যদি ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয়, যে অবিচার চলছে, যে হতাশার কথা তিনি বলেছেন সেটা হতে পারত না। সেদিকে লক্ষ্য দেওয়া দরকার। সিমেন্টের কথায় আসছি, সিমেন্ট ২৫ পার্সেন্ট ফ্রিসেলের ব্যবস্থা করেছেন। আমি জানি যাদের কোন টাকা পয়সা নেই, অর্থ নেই দোকান করার, তাদেরকে লাইসেন্স দেওয়া হয়েছে। সেই লাইসেন্সের মাধ্যমে পার্মিটগুলো যখন আসে তখন ধনী ব্যাপারীরা, ফাটকাবাজরা সেইগুলো নিয়ে নেয়।

[4-30— 4-40 P.M.]

তারা নিয়ে গিয়ে এই ভাবে ফাটকাবাজি করছে। কাজেই সেই দিকে আজকে তীক্ষ্ণ দৃষ্টি দিতে বলব। তা যদি দেওয়া হয় তাহলে আপনার সরবরাহ দপ্তরে এবং খাদ্য দপ্তরে নিশ্চয়ই সঠিকভাবে যেটা চেয়েছেন সেটা হতে পারবে। আজকে বামফ্রন্ট সরকার মানুষের কাছে জনপ্রিয় হতে যাচ্ছে, জনপ্রিয়তা অর্জন করতে পারে কিন্তু সেই দিকে তারা যাচ্ছে না। সেই দিকে তাদের কোন কর্মপদ্ধতি নেই বলে, সেই দিকে কোন অগ্রহ নেই বলে এই বাজেটকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে উথাপন করেছেন আমি তা সমর্থন করছি এবং এই প্রসঙ্গে যে কথা বলতে চাই সেটা হচ্ছে, এখানে বলা হয়েছে যে এই রাজ্যের সব কয়টা ভোগ্যপণ্যের ভীষণ ঘাটতি রয়েছে। কিন্তু তা সত্বেও তার দপ্তরের বা বামফ্রন্ট সরকারের সাফল্যের যে দিক সেটা হচ্ছে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পরে পশ্চিমবাংলায় কোন খাদ্য আন্দোলন হয়নি। খরা গেছে, বন্যা হয়েছে কিন্তু তা সত্বেও খাদ্য নীতির সফলতা প্রমাণিত হয়েছে। সেই জায়গায় আমরা দেখেছি পুরনো কংগ্রেস আমলে প্রতি বছর গ্রাম থেকে শুরু করে শহরের গরিব মানুষকে খাদ্য আন্দোলনে প্রাণ বিসর্জন দিতে হয়েছে এবং এই রকম ঘটনা বহু ঘটেছে পশ্চিম বাংলার রাজনীতিতে। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পরে সংবাদ পত্রে কোথাও দেখা যায়নি যে খাদ্যাভাবের জন্য মানুষ মিছিল করেছে। কাজেই এটা হচ্ছে এক নম্বর সাফল্য। আর ব্যার্থতার দিক হচ্ছে, খাদ্য সম্পর্কে আমরা আবহমানকাল থেকে শুনে আসছি যে এই দপ্তরের মধ্যে দুর্নীতি, ঘুষ ইত্যাদি বহু অপার্থিব ঘটনা ঘটেছে। আমরা শুনেছি যে খাদ্য দপ্তরের উটও ঘুষ খায়। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় মন্ত্রিত্বে আসার পর সেই ক্ষেত্রে কোন পরিবর্তন আনতে পারেন নি বলে মনে করি। আজও খাদ্য দপ্তরে ঘুষ, দুর্নীতি চলেছে। কাজেই সেই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে বলব। আজকে যে প্রসঙ্গে কংগ্রেস সদস্য, সামসুদ্দিন আহম্মেদ এবং বঙ্কিমবিহারী মাহতী বক্তব্য রাখলেন এবং যে বিষয়ে তারা জোর দিয়ে বলেছেন, সেই বিষয়গুলি রাজ্যের এক্তিয়ারে নেই। কেরোসিনের কথা, সিমেন্টের কথা, পেট্রোলের কথা, ডিজেলের কথা, চিনির কথা ইত্যাদি এই সম্পর্কে বহু বিবৃতির মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় দেখিয়েছেন যে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি

বৈষম্যমূলক আচরণ করেন। পশ্চিমবাংলার জন্য যে পরিমাণ বরাদ্দ সেটা এখানে আসেনা। আমরা দেখেছি যে অন্যান্য রাজ্যকে তার থেকে অনেক বেশি বরাদ্দ করা হয়। কাজেই পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাবে এখনও আছে। জনতা সরকার হোক, চরণ সিংয়ের সরকার হোক, ইন্দিরাগান্ধী হোক, পশ্চিমবাংলার প্রতি যে বৈষম্যমূলক আচরণ, সেটা আজও দুর হয়নি। সামগ্রিকভাবে কেরোসিন, সিমেন্ট, পেট্রোল, চিনি ইত্যাদির যে অপ্রতুলতা এবং তার থেকে যে সঙ্কট সৃষ্টি হয়েছে সেই সম্পর্কে কংগ্রেস সদস্যরা বলুন, সেখানে ইন্দিরা গান্ধী রয়েছেন, তাদেরই নেত্রী দিল্লিতে ক্ষমতায় প্রতিষ্ঠিত হয়েছেন, তারা বলুন যে পশ্চিমবাংলাকে বেশি করে বরাদ্দ দিতে হবে এবং স্বাভাবিক ভাবে মানুষের চাহিদা পূরণ করার জন্য যেটা বন্টন ব্যবস্থা সেটা পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করবেন। যখন নিয়মিত ভাবে খোলা বাজারে পাওয়া যায় না তখন দেখা যায় ব্যাপক ভাবে ঐ খোলা বাজারে বেশি দাম দিয়ে দিলে পাওয়া যায়। আমি আর একটি বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বন্যাবিধ্বস্ত এলাকায় শিক্ষা দপ্তর থেকে গৃহনির্মাণ-এর জন্য, ঘরগুলি মেরামত করার জন্য সিমেন্ট দেওয়া হচ্ছে না এবং তার ফলে সেই সমস্ত কাজগুলি অসম্পূর্ণ থেকে যাবে। যদি এই সমস্ত থেকে যায়, মার্চ মাসের মধ্যে সম্পন্ন না হয়, গৃহ-নির্মাণের কাজে যদি টাকা লাগানো না যায়, তাহলে তা ফেরত চলে যাবে বা ফেরত দিতে হবে। সেই জন্য আমি সেদিকে দৃষ্টি দিতে বলব। এই সমস্ত স্কুলগুলিকে, প্রাথমিকই হোক, আর মাধ্যমিকই হোক অগ্রাধিকারের ভিত্তিতে সিমেন্ট বরাদ্দ করা হোক।

হাসকিং মেশিন বা ধান-ভানার কল সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, আজকে গ্রাম বাংলায় ঢেঁকি যেহেতু উধাও হয়ে গেছে সেহেতু হাসকিং মেশিনের প্রয়োজনীয়তা আছে। এ ব্যাপারে একটা বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে একমত যে, অনেক দুর্নীতিগ্রস্ত লোক নানাভাবে, অন্যায়ভাবে হাসকিং মেশিন পরিচালনা করছে। সেগুলি বন্ধ করতে হবে, এব্যাপারে কোনো দ্বিমত নেই। কিন্তু সঙ্গে নতুন নতুন হাসকিং মেশিনের লাইসেন্স দিতে হবে। এ ব্যাপারে মন্ত্রী মহাশয় প্রথম অবস্থায় পঞ্চায়েত সমিতিগুলির কাছে একটা সার্কুলার পাঠিয়ে দিয়েছিলেন যে, গ্রামের কোন মৌজায় ধান-কল বসবে সে সম্পর্কে জানিয়ে দাও। অর্থাৎ তিনি পঞ্চায়েত সমিতিকে মৌজা নির্ধারণের দায়িত্ব দিলেন, আর লাইসেন্স প্রদানের দায়িত্ব তাঁর দপ্তরের হাতে রেখে দিলেন। তার মানে এ ক্ষেত্রে দুর্নীতি দুর হওয়া দূরে থাক, যে দুর্নীতি, যে ঘুষ আবাহমানকাল থেকে চলে আসছে তাকে আরো অব্যাহত গতিতে করবার সুযোগ দেওয়া হল। সেইজন্য আমি বলব যে, আপনি পঞ্চায়েত সমিতির উপর মৌজা নির্ধারণের যেমন দায়িত্ব দিয়েছেন তেমনই সুপারিশ করবার দায়িত্ব ও ন্যাস্ত করে দিন। কারণ আজকে আমরা বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গি প্রত্যেক মন্ত্রীর বক্তব্যের মধ্যে দিয়ে প্রতিফলিত হতে দেখছি এবং সেটা হচ্ছে পঞ্চায়েত ভিত্তিক, পঞ্চায়েতমুখী কর্মসূচী আজকে বামফ্রন্ট সরকার গ্রহণ করেছে। এর ফলে আজকে গ্রামবাংলার হাজার হাজার দারিদ্র লাঞ্ছিত মানুষ বামফ্রন্টের পিছনে এসে দাঁড়িয়েছে। স্বভাবতই বামফ্রন্ট সরকারের খাদ্যমন্ত্রী ব্যতিক্রম হতে পারেননা, তাঁকেও পঞ্চায়েতমুখী কার্যসূচী গ্রহণ করতে হবে। এই দাবি আমি জানাচ্ছি।

এই সঙ্গে আমি আর একটা কথা বলব। সেটা হচ্ছে যে, রেশন কার্ডের ব্যাপারে এখনো পর্যন্ত আমাদের সেই প্রফুল্ল সেনের বিধি-ব্যবস্থা থেকে কোনো ব্যতিক্রম ঘটেনি। শুধু

মাত্র নতুন সংযোজন হচ্ছে মাথা পিছু কার্ডের ব্যবস্থা। অবশ্য এটা নিশ্চয়ই অভিনন্দন যোগ্য। কিন্তু "ক" থেকে "ঙ" পর্যন্ত যে বিধি ব্যবস্থা আছে তার পরিবর্তন ঘটাতে হবে। তা না হলে আজকে যেখানে একজন ভূমিহীন কৃষক "ক" শ্রেণীভুক্ত হবেন সেখানে একজন শিল্পপতি বা মিল-মালিক ও "ক" শ্রেণীভুক্ত হয়ে যাবে, যেহেতু সে ল্যান্ড লেস। এই যদি হয়, তাহলে এটা আমাদের ভাবতে হবে এবং সেখানে আজকে আমাদের আয়-ভিত্তিক রেশন কার্ড বিলি বন্টনের ব্যবস্থা করতে হবে।

এরপর যে কথা, সেটা হচ্ছে ডিলার সম্বন্ধে। মাননীয় খাদ্যমন্ত্রী জানেন যে, অনেক ছোট গ্রাম আছে আবার অনেক বড় গ্রাম আছে। কিন্তু একজন নতুন ডিলার নিয়োগ করবার জন্য যে সমস্ত শর্ত আরোপ করা আছে তাতে অনেক ছোট গ্রামকে বঞ্চিত হতে হচ্ছে। সেই সমস্ত গ্রামে জনসংখ্যার যে শর্ত আছে তা পূরণ করতে পারছে না। ফলে সেই সমস্ত গ্রামের মানুষদের ২/৩ মাইল দূরে যেতে হবে এবং তাদের অসুবিধা হবে। সুতরাং গ্রাম-ভিত্তিক একটা করে ডিলার দেওয়ার ব্যবস্থা করা হোক। আমরা জানি আমরা যখন এই দাবি করি তখন খাদ্য দপ্তরের অফিসাররা বলে, শর্ত পূরণ হচ্ছে না। আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে বলব যে, আপনি বামফ্রন্ট সরকারের মন্ত্রী এবং আপনি নিজে বহু বামপন্থী আন্দোলনের সঙ্গে মেহনতী মানুষের আন্দোলনের সঙ্গে যুক্ত, এসবগুলি আপনার অজানা নয়, কিন্তু আমরা অত্যান্ত দুঃখের সঙ্গে বাস্তবে দেখছি যে, আপনি পুরনো নীতিই অনুসরণ করছেন। আজকে সেই নীতির পরিবর্তন ঘটাতে হবে এবং সেটা ঘটাবার দায়িত্ব আপনার উপর থেকে যাচ্ছে।

আমার পরের কথা হচ্ছে, আজকে ডি.পি. এজেন্টের সংখ্যা বাড়াতে হবে। কংগ্রেসের আমলের যে সংখ্যা, সেটাই আজও থেকে যাচ্ছে, এই সংখ্যা বাড়াতে হবে এবং ডিলার বাড়াবার দিকেও নজর দিতে হবে।

আর একটি বিষয়ে আমরা সর্বস্তর থেকেই অভিযোগ পেয়ে থাকি এবং সেবিষয়ে আপনার বিশেষ করণীয় নেই। সেটা হচ্ছে আজকে পশ্চিমবাংলায় চিনির অভাব দেখা দিয়েছে। চিনি সরবরাহে ঘাটতি আছে ঠিকই, কিন্তু সেই সঙ্গে আমাদের কাছে সংবাদ আছে যে, রেলওয়ে ওয়াগানে এখানেও চিনি জমে পড়ে আছে। সেসবগুলি ছাড়াবার কোনো ব্যবস্থা নেই। আজও ওয়াগান থেকে চিনি খালাস করাবার সেই বিলম্বিত পদ্ধতিই থেকে গেছে। এর ফলে সঙ্কট আরো তীব্রতর হয়েছে। এক্ষেত্রে দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এখন কেন্দ্রে কংগ্রেস(ই) সরকার, সুতরাং আমাদের এখানকার কংগ্রেস(ই)-র লোকেরা এ বিষয়ে চেষ্টা করতে পারেন যাতে এগুলি তাড়াতাড়ি ছাড়ানো যায়। তাঁদের নেতারা প্রতি দিন বড় বড় বিবৃতি দেন। গণিখান চৌধুরী বিদ্যুতের বিষয়ে প্রতিদিন বিবৃতি দিচ্ছেন। আজকের কাগজেও দেখলাম প্রণব মুখার্জী বিবৃতি দিয়েছেন। ইন্দিরা গান্ধী বেশ কয়েক মাস হয়ে গেল ক্ষমতায় এসেছেন, কিন্তু তা সত্ত্বেও দেখছি চিনি, কেরোসিন, ডিজেলের ক্ষেত্রে পশ্চিমবাংলার যে হাল সেই হাল সমভাবেই থেকে গেছে।

[4-40— 4-50 P.M.]

সেইজন্য আমি বলছি আজকে বামফ্রন্ট সরকারের তরফ থেকে ঐ ইন্দিরা কংগ্রেসি বা উল্লসিত হয়ে পশ্চিমবাংলার মানুষদের অভাব-অনটনের সুযোগ নিয়ে যে সমস্ত বড় বড় প্রতিশ্রুতির কথা রেখেছেন কিন্ত বাস্তবে রূপায়িত করছেন না— এই কথাটা দেশের মানুষের

কাছে স্পষ্ট করে বলে দিতে হবে। বিধানসভায় বড় গলায় বড় কথা বললে হয়না বাস্তবে কার্যকর করতে হবে। আজকে বামফ্রন্ট সরকারে তরফ থেকে দিল্লির নেতাদের বলুন, পশ্চিমবাংলার চাহিদা পূরণ করতে হবে, পশ্চিমবাংলার মানুষকে এইভাবে বিভ্রান্ত করা যাবে না। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রেণুপদ হালদার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছেন এবং তাঁর বাজেট বক্তৃতায় লিখিতভাবে যেটা আমাদের কাছে পরিবেশন করেছেন এর আগে যে সমস্ত বাজেট পাশ হয়ে গেছে এবং সেই সেই বাজেটের মন্ত্রী মহাশয়রা তাঁদের যে বক্তব্য রেখেছিলেন তাঁদের বাজেট বিবৃতিতে সেই বাজেট বিবৃতির চেয়ে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের লিখিত বাজেট বিবৃতি বড় করে রেখেছেন অর্থাৎ ১৮ পৃষ্ঠা ব্যাপী। অথচ সময় নির্দিষ্ট করা হয়েছে মাত্র ২ ঘন্টা। খাদ্য পরিস্থিতি নিয়ে আলোচনা করতে গেলে এবং এই দপ্তর সর্ম্পকে আলোচনা করতে গেলে আরও যথেষ্ট সময় থাকা উচিত ছিল কিন্তু তা করা হয়নি। যাই হোক, আমি এই বিষয়ে দু-একটি কথা বলব। অতীতে খাদ্য সমস্যা ছিল, দ্রব্য-মূল্য বৃদ্ধির সমস্যা ছিল, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সেই দ্রব্য-মূল্য বৃদ্ধি যে স্তরে ছিল তার থেকে দিনের পর দিন বেড়ে চলেছে। তারা আসবার আগে যে মূল্যবৃদ্ধি ছিল তারা আসবার পর সেই জায়গায় ধরে রাখতে পারেন নি, সেই মূল্যমান আরও বেড়ে গেছে, স্থিতিশীল করতে সক্ষম হন নি। বামফ্রন্ট সরকার আজকে বলছেন কেন্দ্রের কাছ থেকে যা পাওয়া যাচ্ছে চাহিদার তুলনায় কম, সময়মত সরবরাহ করা হয়না, কোয়ালিটির দিক থেকে খারাপ— এটা তাঁর ভাষণের মধ্যে আছে। আমি বলছি, চাহিদাকে পূরণ করবার জন্য কেন্দ্রে চাপ সৃষ্টি করতে হবে। আমি মনে করি, পশ্চিমবাংলায় যে সমস্ত নিত্যপ্রয়োজনীয় জিনিসের প্রয়োজন সেগুলি যাতে কেন্দ্র পুরোপুরি সাপ্লাই দেন তার ব্যবস্থা হওয়া দরকার। কিন্তু আপনারা যেটা পাচ্ছেন সেগুলি ন্যায্যমূল্যে বিক্রি করবার জন্য-আপনারা যে নির্দিষ্ট দর করেছেন সেই ন্যায্য দরে জনসাধারণ পাচ্ছে কিনা সেটা আপনাদের দেখা দরকার। সে কেরোসিন তেলই বলুন কয়লা বলুন, চিনিই বলুন বা অন্যান্য যে সমস্ত নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র আছে সেইগুলি আপনারা ন্যায্য দামে বিক্রি করতে পারছেন না। বাজারে এর থেকে অনেক বেশি দামে বিক্রি হচ্ছে। আপনারা সেটা রদ করতে পারছেন না। যেখানে কেরোসিন তেল দেড় টাকায় বিক্রি হওয়ার কথা সেখানে বিক্রি হচ্ছে আড়াই টাকা ৩টাকায়। আপনি মাথা পিছু রেশন কার্ড দেওয়ার কথা বলেছিলেন কিন্তু তা এখন পর্যন্ত দেওয়া হয়নি। পুরনো কার্ডগুলি যেগুলি আছে সেগুলি পরিবর্তন করা উচিত ছিল কিন্তু সেগুলি পরিবর্তন করা হয়নি। ফলে গ্রামাঞ্চলের গরিব মানুষেরা এই সমস্ত সুযোগ গ্রহণ করতে পারছেন না। এই রেশন কার্ডের অভাবের জন্য যতটুকু সুযোগ পাওয়া উচিত ছিল সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ফলে অতিরিক্ত দাম দিয়ে তাদেরকে তেল সংগ্রহ করতে হচ্ছে। আর যারা অতিরিক্ত দামে বাজারে বিক্রি করছে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার। সরকারের হাতে অত্যাবশ্যক পণ্য আইন রয়েছে, অতি মুনাফা নিরোধক আইন রয়েছে কিন্তু তা সত্বেও তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

উনি আমাদের সামনে যে ভাষণ রেখেছেন তাতে দেখছি ১২ হাজারের মত অ্যাকিউজড

পার্সন ছিল, তার মধ্যে ১ হাজারের মত শাস্তি হল, বাকিগুলোর আর কিছুই হল না। এ ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে বড় বড় যারা চোরাকারবারি, কালোবাজারি, মুনাফাখোর তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা কঠোর করা হচ্ছে না বলেই সমস্ত দিক থেকে কৃত্রিম সভাব সৃষ্টি হয়ে বাজারে জিনিসপত্রের দাম বাড়ছে। জয়ন্ত বাবু বললেন আমাদের খাদ্যনীতি সফল হয়েছে, কেননা কেউ এর বিরুদ্ধে আন্দোলন করেন নি, তিনি বোধহয় খবর রাখেন না যে আমাদের দলের পক্ষ থেকে জিনিষপত্রের দাম কমানোর জন্য কেরোসিনের অভাব দূর করার জন্য রাইটার্স বিল্ডিং অভিযান করা হয়েছিল এবং বিভিন্ন জেলা, মহকুমা ও ব্লক স্তরে ডেপুটেশন দেওয়া হয়েছিল। গত ১৫ই জুনের সেই ইতিহাস নিশ্চয় আপনাদের মনে আছে। কংগ্রেস আমলের মত এই সরকারের পক্ষ থেকেও সেদিন আমাদের দলের সেই মিছিলের উপর পুলিশি অত্যাচার হয়েছিল। আজকে যে মূল্য বৃদ্ধি হচ্ছে তার জন্য পাইকারী ক্ষেত্রে সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন কিন্তু খুচরা ব্যবসায়ীদের ক্ষেত্রে কোন নিয়ন্ত্রণ নাই। সেই হিসাবেই আমরা বলেছিলাম অল আউট স্টেট ট্রেডিং চালু করতে, তা না হলে জিনিসপত্রের দাম কমানো যাবে না। ডিজেল কেরোসিন বা অন্যান্য যে সমস্ত জিনিসের সরবরাহের অভাবে চাষীরা চাষ করতে পারছে না সে ক্ষেত্রে চাষীদের জন্য ডিজেল প্রভৃতি জিনিসের অগ্রাধিকার সরবরাহের ব্যাপারে থাকা দরকার। কলকাতা শহরে রেশনের ক্ষেত্রে যে সুযোগ সুবিধা দেওয়া হয়েছে গ্রামাঞ্চলে ঠিক সেইভাবে দেওয়া হচ্ছে না। গ্রামের চিনি, চাল কম পরিমাণে সরবরাহ করা হচ্ছে। এম.আর.ডিলাররা আগে যেসব মাল নিয়ে যেত তার একটা হিসাব অধ্যক্ষের কাছে দিতে হোত যে কতটা মাল সে নিয়ে গেছে কতটা বিলি করেছে এবং কতটা আছে। কিন্তু এখন পঞ্চায়েতের কাছে সেইরকম কিছু দেবার ব্যাপার নেই, কারণ তাদের সে রকম ক্ষমতা দেওয়া হয়নি। ফুড ডিপার্টমেন্টের অফিসাররাই এসবের হিসাব নিকাশ করছেন ফলে বেশ কারচুপি চলছে। এই ব্যবস্থা পরিবর্তনের কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50— 5-00 P.M.]

**শ্রী গুরুপ্রসাদ সিংহরায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন শুধু সমর্থনই করছি তা নয়, আমি দৃঢ়তার সঙ্গে বলছি তাকে সকলেরই অভিনন্দন জানান উচিত। আমরা সকলেই জানি কি সীমাবদ্ধতার মধ্যে রাজ্য সরকারকে কাজ করতে হচ্ছে। আমাদের সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিস বাইরে থেকে আনতে হয়, কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক আচরণের মধ্যে দাঁড়িয়েও এই সরকার এবং তার সরবরাহ মন্ত্রী যেভাবে কাজ করছেন তাতে অভিনন্দন পাবার যোগ্য। আমাদের দেশের মানুষের খাদ্যের ব্যাপারে দুঃখকষ্ট আছে ঠিকই, কিন্তু এই সরকার তা লাঘব করার জন্য চেষ্টা করছেন। আমাদের যেসব জিনিস প্রয়োজন তার অধিকাংশই বাইরে থেকে আনতে হয় এবং এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব সে দায়িত্ব তাঁরা ঠিকমত পালন করেন না। কেন্দ্রে যখন জনতা সরকার ক্ষমতাসীন ছিলেন তখন এই সরকারের পক্ষ থেকে বার বার বলা হয়েছিল যে চিনির উপর থেকে নিয়ন্ত্রণ তুলে নেওয়া উচিত নয় কিন্তু সেদিন তাঁরা কোন কর্ণপাত করেন নি। সেদিন তাঁরা বলেছিলেন যে দুটাকা পঁচাশী পয়সার উপর যদি দাম ওঠে তাহলে আমরা আবার নিয়ন্ত্রণ করব। যেখানে ৩৩ হাজার টনের প্রয়োজন সেখানে বরাদ্দ হল ১৩ হাজার টন। অর্থাৎ চাহিদার তুলনায় যদি যোগান কম থাকে তাহলে সঙ্কট হবেই। চিনির

ব্যাপারেও তাই হয়েছে। অথচ আমরা দেখতে পাচ্ছি পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় সমস্ত জিনিসই টাকা দিয়ে কেনা যায় এবং অসাধু ব্যবসায়ীরা ফাটাকাবাজি করবে না তা হতে পারে না। ৩০ বছর ধরে যে ঘুণ ধরা প্রশাসন ব্যবস্থা হয়ে উঠেছে সেই ঘুণ ধরা প্রশাসনকে দিয়ে সমস্যার সমাধান করা যাবেনা। আমি সমর্থন করছি এই কারণে যে এই সরকার ক্ষমতায় আসার আগে বিধিবদ্ধ এলাকায় চিনি ছাড়া আর কিছু দেওয়া হোত না। এখন ৫০০ গ্রাম করে খাদ্যশস্য গ্রামবাংলায় দেওয়া হচ্ছে। ১৯৬৭ সালে কংগ্রেস কে পর্যুদস্ত করে যুক্তফ্রন্ট যখন ক্ষমতায় এলেন তখন পশ্চিমবাংলার ভীষণ খাদ্য সঙ্কট সৃষ্টি হয়েছিল কারণ কেন্দ্রীয় সরকার খাদ্য তখন দিল না। নদীয়া থেকে তখনই দাবি করেছিল যে আমরা চাল চাইনা ৫০০ গ্রাম মাইলো দেওয়া হোক, কিন্তু আজকে এই সরকার প্রতিটা মানুষের জন্য ৩০০ গ্রাম করে খাদ্যশস্যের গ্যারানটি করেছেন। আগে কংগ্রেসের সময়ে যদি ধান ধরা হোত তাহলে তার জন্য হাইকোর্টে মামলা হয়ে যেত কিন্তু এখন আর তা খুব বেশি হচ্ছে না। খাদ্যমন্ত্রী তাঁর বিবৃতিতে কত সিমেন্ট, কত চিনি, কত কেরোসিনের প্রয়োজন তার একটা হিসাব দিয়েছেন। ৭৬ সালে কি পরিমাণ গম ও চাল দিয়েছেন এবং ৮০ সালে সেসব কত দিয়েছেন তারও একটা হিসাব দিয়েছেন। তা দেখলে দেখা যাবে তা প্রায় তিনগুণের বেশী। ডিজেলের কথা বলেছেন, সেই ডিজেলের একদিকে যেখানে আমাদের প্রয়োজন ৫০ হাজার মেট্রিক টন, সেখানে আমরা পাচ্ছি ৩০/৩১ হাজার মেট্রিক টন। কংগ্রেস(ই) সদস্যরা বলবেন আপনারা তো জন দরদী, অ্যাসেম্বলীতে সেই চিৎকার না করে আপনাদের দল নেত্রীকে গিয়ে বলুন বাংলাদেশের মানুষকে যদি ভালবাসেন তা হলে বাংলাদেশের সরবরাহ বাড়ান। সে সাহস, সে হিম্মত আপনাদের নেই শুধু তেল দেওয়া ছাড়া। তাই আমি অ্যাসেম্বলীর ভেতরে এবং অ্যাসেম্বলীর বাইরে সমস্ত দেশপ্রেমিক মানুষের কাছে এই দাবি রাখতে চাই যে আমাদের সামনে জাতীয় জীবনে যে দুর্যোগের কালো ছায়া নেমে এসেছে তার বিরুদ্ধে গর্জে উঠুন। কিছুদিন আগে দিল্লির সংবাদপত্রে পাযণ্ড সঞ্জয় গান্ধী বলেছেন যে যেসব প্রদেশে ইন্দিরা কংগ্রেস সরকার নেই সেই সব প্রদেশে সরবরাহের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের নেই। তাই আজকে সমগ্র সরবরাহ ব্যবস্থার উপর একটা সঙ্কট নেমে এসেছে। আমি তাই সমস্ত দেশপ্রেমিক মানুষের কাছে আবেদন রাখব বাংলাদেশের মানুষকে শুকিয়ে মারবার এই যে চক্রান্ত চলেছে এর বিরুদ্ধে আপনারা গর্জে উঠুন যাতে এই চক্রান্ত সফলতা লাভ করতে না পারে। চিনির কলের মালিকদের কাছ থেকে কোটি কোটি টাকা নিলেন নির্বাচনের জন্য, আর এখন বলছেন নিবর্তনমূলক আটক আইন চালু কর। যদি সরবরাহ না থাকে তা হলে মিসায় নিবর্তন মূলক আটক আইনে মানুষগুলিকে গ্রেপ্তার করলেই কি সমস্যার সমাধান হবে? যেখানে আমাদের ৫০ হাজার মেট্রিক টন দরকার সেখানে যদি ১৩ হাজার টন আসে তা হলে নিবর্তন মূলক আটক আইনে গ্রেপ্তার করলে কোন লাভ হয় না, তাতে আরো ক্রাইসিস বাড়ে। রজনী দোলুই মহাশয় এখানে নেই, অন্যান্য কংগ্রেস কর্মী যেমন তিনিও তেমনি অন্যান্য কংগ্রেস কর্মীর মতো, তাঁকেও নিবর্তন মূলক আটক আইনে গ্রেপ্তার করা হয়েছিল। আপনারা যাকে না দেখতে পারতেন তাকেই মিসায় ঢুকিয়ে রেখেছিলেন। সুতরাং নিবর্তন মূলক আটক আইন একটা পথ নয়, চাহিদা মতো যোগান না হলেই এই সঙ্কট আসতে বাধ্য। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ একটা প্রদেশ যে ১৬টা প্রদেশের মধ্যে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে, কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের মধ্যে দাঁড়িয়ে, ঘুণধরা ৩০ বছরের প্রশাসনকে নিয়ে নিত্য

প্রয়োজনীয় জিনিস রেশনের মাধ্যমে বিক্রি করছে এত বেশি জিনিস এত বেশি লোককে আর কোথাও দেওয়া হয় না। এইজন্য আমরা গর্ব বোধ করি এবং পশ্চিমবঙ্গ সরকারের এই কৃতিত্বের জন্য সকলেরই গর্ব বোধ কার উচিত। আমি মনে করি যেভাবে সঙ্কট চলছে, যেভাবে কেন্দ্রের বৈষম্যমূলক আচরণ চলছে যেভাবে যোগান কম, তারজন্য ডিজেল, চিনি, নুন, সিমেন্ট ইত্যাদি অনেক কিছু জিনিসের জন্য মানুষের কষ্ট হচ্ছে। এখানে গলাবাজি করে এই সঙ্কটের সুযোগ নিয়ে রাজনৈতিক ফয়দা তুলবার চেষ্টা করে কোন লাভ হবে না, সত্য সত্যই যদি দেশপ্রেমিক হন তাহলে বাংলাদেশের মানুষ যাতে না খেয়ে মরে, বাংলাদেশের উন্নয়ন যাতে ব্যাহত না হয়, বাংলাদেশের কৃষি যাতে ডিজেলের অভাবে ফেল না করে তারজন্য সমস্ত দেশপ্রেমিক শক্তির কাছে আহ্বান জানাই আসুন, কেন্দ্রের কাছে দাবি তুলি বাংলাদেশের ন্যায্য দাবি দিন। এই কথা বলে মাননীয় খাদ্যমন্ত্রীর উত্থাপিত বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00— 5-10 P.M.]

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী হাউসের কাছে যে বাজেট বিবৃতি রেখেছেন সেই বাজেট বিবৃতি পড়ে দেখলাম যে সব দায়িত্ব যেন কেন্দ্রের, রাজ্যের যেন কোন দায়িত্ব নেই। পশ্চিমবঙ্গ বলে যে একটা রাজ্য আছে তার একটা রাজ্য সরকার চলার যে প্রয়োজন আছে তা এই জিনিস পড়ে মনে হচ্ছে না। আজকে যে বাজেট বিবৃতি তিনি হাউসের কাছে রাখলেন তাতে তিনি সমস্ত দোষ কেন্দ্রীয় সরকারের উপরেই তুলে দিয়েছেন যে এটা দিচ্ছেনা, ওটা দিচ্ছেনা এইভাবে সমস্ত জিনিসের ঘাটতি। অথচ অন্য বাজেট যখন এই হাউসে রাখা হচ্ছে তখন সেই বাজেটে বলা হচ্ছে, কৃষি বাজেট যখন আনা হচ্ছে তখন বলা হচ্ছে কৃষিতে আমরা স্বয়ংসম্পূর্ণ হতে চলেছি অথচ আজকে এই বাজেট বিবৃতিতে বলেছেন যে বর্তমানে চিনিজাত পণ্য সামগ্রী সেই সঙ্গে কলকারখানায় উৎপাদিত জিনিসপত্রের প্রচন্ড ঘাটতি দেখা যাচ্ছে। ঘাটতি তো লক্ষ্য করা যাবেই। আজকে কলকারখানায় যদি ৩৬৫ দিনের মধ্যে ২০০ দিন বন্ধ থাকে তাহলে ঘাটতি তো দেখা যাবেই। তাই আইন শৃঙ্খলার প্রস্তুতির সঙ্গে সমস্ত রকম পণ্য জড়িত আছে, তাই আমরা দেখতে পাচ্ছি আজকে আমাদের মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে কলকারখানায় উৎপাদিত জিনিসপত্রের প্রচন্ড রকম ঘাটতি লক্ষ্য করা যাচ্ছে। আর একটি কথা মাননীয় জয়ন্ত বাবু এখানে বলেছেন যে এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর এই পশ্চিমবঙ্গে কোন ব্যাপক খাদ্য আন্দোলন হয়নি। জয়ন্তবাবু হয়ত খবর রাখেননা জেলায় জেলায় ব্লকে ব্লকে খাদ্য আন্দোলন হয়েছে ঠিকই কিন্তু একথা স্বীকার করি যে খাদ্য আন্দোলনের নামে ট্রাম বাস হয়ত আমরা পুড়াতে পারিনি সেইজন্য তাঁর কাছে ঐ জিনিসগুলি লক্ষিত হয়নি। কিন্তু পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে আমরা দেখতে পাচ্ছি খাদ্য আন্দোলন চলছে। আজকে যে সমস্ত জিনিস বাজারে নেই অথচ একটু পরেই দেখতে পাচ্ছি সমস্ত জিনিস বেশি দামে পাওয়া যাচ্ছে। সিমেন্ট তো পশ্চিমবঙ্গে যেন অনেক দিন ধরেই আসেনি, গ্রামাঞ্চলে মানুষ আজ এক বৎসর ধরে সিমেন্ট চোখে দেখেনি, কিন্তু ৪০ টাকা, ৫০ টাকা বস্তা দিলে বাজারে সিমেন্ট প্রচুর পাওয়া যাচ্ছে। যাদের পয়সা আছে তারা ঐ ৪০ টাকা, ৫০ টাকা দরে ১০০ বস্তা সিমেন্ট নিয়ে যাচ্ছে। আর ডিজেলের ক্রাইসিস, সুধীন বাবু এদের যে ডিজেলের প্রয়োজন সে সম্বন্ধে এই বাজেটে বিবৃতির মধ্যে

কোন উল্লেখ করেন নি। আজকে বেশি দামে গাড়ির মালিকরা ডিজেল নিয়ে যাচ্ছে। অথচ চাষের জন্য চাষীদের কিছু ডিজেলের প্রয়োজন আছে সেইজন্য একটা কমিটি করে, সর্বদলীয় কমিটি করে বা যেকোন ভাবেই হোক, সরকার পক্ষের লোক দিয়েই হোক বা পঞ্চায়েতের মাধ্যমেই হোক, কমিটি করে চাষীদের মধ্যে কিছু ডিজেল বন্টনের ব্যবস্থা করে দিতে হবে সেকথা তিনি বলেন নি। ডিজেল যেন চাষীরা পাবেনা, চাষীদের ডিজেলের প্রয়োজন নেই। অথচ কৃষি বাজেটে বলা হচ্ছে যে কৃষকদের মেশিন কেনার জন্য লোন দেবার ব্যবস্থা আমরা করেছি। কিন্তু লোন দেবার ব্যবস্থা করলেই হবেনা মেশিন যাতে চলবে সেই জিনিসের তো প্রয়োজন। তাইআজকে আমরা দেখতে পাচ্ছি আজকে পশ্চিমবঙ্গে খাদ্য দপ্তরের বন্টন ব্যবস্থা সম্পূর্ণরূপে বিপর্যস্ত হয়ে পড়েছে, পশ্চিমবঙ্গে বন্টন ব্যবস্থা বলতে আজকে কিছু নেই। আর একটা জিনিস, আজকে স্টেট গভর্নমেন্ট থেকে যে সাড়ে চার হাজার এমপ্লয়ি ফুড কর্পোরেশনে টেমপোরারি ডেপুটেশনে গিয়েছিল তারা ১০ বৎসর ধরে কাজ করে আসছে কিন্তু তাদের এখানে কনফার্ম করার কোন পরিকল্পনা আমরা সুধীনবাবুর কাছ থেকে জানতে পারলাম না। সাড়ে চার হাজার এমপ্লয়ি আজকে তারা ১০/১২ বৎসর ধরে ঐভাবে কাজ করে আসছে, এতদিন ধরে কাজ করার পরেও তারা কনফার্মড হয়নি তারজন্য সুধীনবাবুর কিছু করার প্রয়োজন আছে এবং আমি অনুরোধ করব তিনি যেন এই সাড়ে চার হাজার কর্মীর কং চিন্তা করে দেখেন। আর একটা কথা, কয়লা। পেপারে আমরা দেখছি যে কয়লা অন্য প্রদেশে চলে যাচ্ছে। আমরা শুনেছি যে সুধীনবাবু তিনি অনেক অভিজ্ঞ মানুষ কয়লা সম্বন্ধে, সেই কয়লা আজকে অন্য প্রদেশে চলে যাচ্ছে তার জন্য খাদ্য দপ্তর থেকে বা আমাদের রাজ্য সরকারের তরফ থেকে কিছু করা প্রয়োজন। এই যে কয়লা অন্য প্রদেশে চলে যাচ্ছে তারজন্য সরবরাহ দপ্তর থেকে কোন রকম ব্যবস্থা নিতে দেখছিনা যে কয়লাকে আটক রেখে আমাদের গ্রামাঞ্চলে জ্বালানীর যে অভাব আছে তা মেটান। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। কয়লা আটকে রেখে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে জ্বালানীর যে অভাব আছে, তা মেটানোর জন্য আমাদের কিছু করতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রেণুপদ হালদার :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, যাত্রী সমিতির পক্ষ থেকে কয়েক হাজার লোকের একটা মিছিল আজকে এসেছে পরিবহন ব্যবস্থা সম্পর্কে পরিবহনমন্ত্রীকে ডেপুটেশন দেওয়ার জন্য। আমি আশা করব, যাত্রী সমিতির সামনে আমাদের যিনি পরিবহন মন্ত্রী তিনি যেন গিয়ে কথাবার্তা বলেন। তাদের সমস্যার প্রতি বিশেষ দৃষ্টি আরোপ করেন।

**Shrimati Renu Leena Subba :** [* * * *]

**Mr. Deputy Speaker :** Please take your seat Shrimati Subba you please resume your seat আমি বলছি বসার জন্য I will not allow you. Please take your seat.

**Shrimati Renu Leena Subba :** [* * *]

**Mr. Deputy Speaker :** I will not allow you. Please take your seat.

**শ্রী দীনেশ মজুমদার :** On a point of order sir, ডেপুটি স্পিকার মহাশয়, এইটা

বিধানসভা, নাট্যশালা নয়। বিধানসভা আর নাট্যশালা এক নয়। উনি যা করছেন এগুলো বিধানসভায় করার কথা নয়। আমি এই সম্পর্কে আপনাকে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীমতী রেণুলীনা সুব্বা :** [* * *]

[At this stage many honourable members rose to speak]

(গোলমাল)

**শ্রী ডেপুটি স্পিকার :** Please take your seat Shrimati Subba.

**শ্রী অমলেন্দ্র রায় :** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার। আপনি দেখুন এইভাবে কোন জিনিস হাউসে ডেমোনস্ট্রেট করা যায় না। এইভাবে বাক্স ওমুক, তমুক, উনি দেখাচ্ছেন। এটা পারলামেনটারী প্রাকটিসে চলে না। এটা নজীর আছে, সুতরাং নূতন বলার কিছু নেই। সুতরাং আপনার কাছে আবেদন জানাচ্ছি যেন নজীর অনুযায়ী হাউসের কাজকর্ম চলে সেটা দয়া করে দেখুন।

[At this stage Shrimati Renu Leena Subba again rose to speak]

(Noise)

**মিঃ ডেপুটি স্পিকার :** Shrimati Renu Leena Subba you please take your seat.

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল :** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার। উনি খাদ্য বরাদ্দের উপর বলছেন, খাদ্যের উপরই বলবেন। উনি যেসব জিনিস দেখিয়েছেন, দেখানো শেষ করেছে, সেটা কি করা যায়? দয়া করে খাদ্যের উপর বক্তব্য রাখার জন্য বলুন। তা না হলে হাউসের অসম্মান হচ্ছে। এইভাবে হাউসের অসম্মান হতে দেবেন না আপনি। হাউসের অসম্মান হচ্ছে।

**শ্রীমতী রেণুলীনা সুব্বা :** [* * *]

[5-10— 5-20 P.M.]

**শ্রীহাসিম আব্দুল হালিম :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই মাননীয় সদস্যা জিনিসপত্র সব হাউসে এনেছেন, এটা আমাদের রুলস অনুযায়ী অবৈধ। এটা করা যায় না। এতে হাউসকে অবমাননা করা হয়েছে ইচ্ছাকৃতভাবে। যা উনি করেছেন এবং যেভাবে করেছেন, উদ্দেশ্যমূলকভাবে নিশ্চয়ই, খবরের কাগজওয়ালারা ছাপবেন ওঁর নামধাম চতুর্দিকে বাইরের লোকে দেখবে। কিন্তু এভাবে হাউস চলতে পারেনা। আমি আপনাকে অনুরোধ করব যে যতটা রুলসে বে-আইনি সেটা একস্পাঞ্জ করুন এবং মাননীয় সদস্যাকে বারণ করুন, আর যদি তিনি না শুনেন, আইনে যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা গ্রহণ করুন, হাউস যাতে সুষ্ঠুভাবে চলতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী শশাঙ্ক শেখর মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই

হাউসের মাননীয় সদস্যবৃন্দ এবং মাননীয়া সদস্যাগণকে একটা কথা বলতে চাই যে বিরোধী পক্ষ থেকে উনি হাউসের সামনে যে সমস্ত জিনিস করেছেন, এটা সম্বন্ধে, আমাদের প্রেস গ্যালারীতে যাঁরা আছেন, তাঁদের কাছে আপনার মাধ্যমে এই অনুরোধ করব যে তাঁরা যেন এটাকে বিশেষভাবে স্থান না দেন, নইলে পরবর্তী সময়ে অন্যান্য সদস্যরা এভাবে করবেন।

নয়েজ

**Shrimati Renu Leena Subba :** [* * *]

**Mr. Deputy Speaker :** Please take your seat. Please take your seat.

[At this stage Shri Debi Prasad Basu rose to speak

**Mr. Deputy Speaker :** Mr. Basu, I will not allow you to speak. Please take your seat.

Now, honourable members, I am very sorry to say that in this session on three or four occasions I noticed Shrimati Renu Leena Subba speaking in such a manner which is unconstitutional and today she has also displayed such things, particularly, tea cup and other things in a manner which is beneath the dignity of the House. I at this stage simply warn her and say that if in fiture she repeats this thing then I will be bound to name her. I order that the entire speech and the exhibits she demonstrated in this House be expunged.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** ওঁকে ওঁর বক্তব্য বলতে দেবেননা স্যার?

**শ্রী অমলেন্দ্র রায় :** স্যার, উনি যদি এটা বলেন তাহলে কনটেম্প্ট অব ডেপুটি স্পিকার হবে। উনি যদি এটা করেন তাহলে আপনি ওঁর বিরুদ্ধে প্রসিডিংস ড্র করুন।

নয়েজ অ্যান্ড ইন্টারাপশন

**মিঃ ডেপুটি স্পিকার :** Honourable members, please take your seats, I am on my legs. The time for discussion of this Budget will expire at 5.20 P.M.

কিন্তু আমি দেখছি এই টাইমের মধ্যে এর ডিস্‌কাশন শেষ করা যাবে না। আমি তাই রুল ২৯০ অনুযায়ী মাননীয় সদস্যদের অনুরোধ করছি, এরজন্য আরো আধঘন্টা সময় বাড়ানো হোক। আমি আশা করি মাননীয় সদস্যগণ এতে সম্মত হবেন।

ভয়েসেস — ইয়েস, ইয়েস

Half an hour's time is extended. Now the Hon'ble Minister will reply.

---

Note : [*** Expunged as Ordered by the Chair]

সুধীন কুমার রোজ টু স্পিক

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** বসুন, দালালী করার একটা সীমা আছে।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার,...

**মিঃ ডেপুটি স্পিকার :** Mr. Bapuli, what is your point of order?

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, আপনি এখানে একটা রুলিং দিয়েছেন, সেই রুলিং সম্পর্কে আমি কোন আলোচনা করতে চাই না, সেটা ফাইনাল, কিন্তু স্যার, এখানে একজন সদস্য 'দালাল' বলছেন, এরজন্য আমি দুঃখিত। স্যার আপনার ক্ষমতা বলে আপনি হাউসের প্রসিডিংস বাদ দিতে পারেন, সে ক্ষমতা আপনার আছে কিন্তু আমার কথা হল, মাননীয়া সদস্যা, তিনি যখন বক্তব্য রাখছেন এবং তাঁর যখন টাইম আছে....

**মিঃ ডেপুটি স্পীকার :** Your point of order covers my ruling. I will not allow you to speak.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** স্যার, আপনার রুলিংকে চ্যালেঞ্জ করে, আমি কিছু বলছি না। I shall not say against your ruling. I want to say that the members has time to speak, so she may be allowed to speak.

**শ্রী সুধীন কুমার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা যে সমস্ত প্রশ্ন তুলেছেন...

নয়েজ অ্যান্ড ইন্টারাপশন

সেভারেল মেম্বারস রোজ টু স্পিক

**মিঃ ডেপুটি স্পিকার :** Mr. Doloi, please take your seat. I wan't hear you now. I will hear you after the Hon'ble Minister finishes his speach.

নয়েজ অ্যান্ড ইন্টারাপশন

মিঃ বাপুলী, আপনি এই হাউসের একজন সিনিয়ার মেম্বার, আপনার যেমন আইন সম্বন্ধে জ্ঞান আছে সেই রকম আমারও আইন সম্বন্ধে একটু একটু জ্ঞান আছে। আপনাদের সহযোগিতাতে আমি তিন বছর ধরে হাউস চালাচ্ছি। আপনারা নিশ্চয় এটা মার্ক করেছেন যে যদি কোন মেম্বার বক্তৃতা দিতে থাকে এবং ইন দি মিডস্ট অব দি স্পিচ যদি কোন সভ্য পয়েন্ট অব অর্ডার রেজ করেন তাহলে জেনারেলি আমি সেটা অ্যালাউ করি না। সেখানে মেম্বার কনসার্নি-এর বক্তৃতা শেষ হয়ে যাবার পর আমি পয়েন্ট অব অর্ডার শুনি। তাই আমি বলছি, মন্ত্রী মহাশয় যখন রিপ্লাই শেষ করে দেবেন তারপর আমি আপনাদের সকলের পয়েন্ট অব অর্ডার শুনবো।

[5-20— 5-30 P.M.]

(Several members rose to speak)

(Noise)

**Mr. Deputy Speaker :** Kindly take your seat. I will not allow you to speak. Since three years I am following this procedure and I will not go back.

**শ্রী সুধীন কুমার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ধরনের আওয়াজের কোন জবাব দেবার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। কিন্তু বিরোধী পক্ষ থেকে যারা আমাদের জনসাধারণের বিভিন্ন অসুবিধার কথা তুলেছেন তাদের সেই অসুবিধাগুলি সম্পর্কে আমাদের গভর্নমেন্টের যে বক্তব্য তা আমি আপনাদের সামনে রাখব। আমি এখানে যে সমস্ত কথা উল্লেখ করেছি সেগুলি পরিষ্কার করে বলেছি যে আমরা কোন অজুহাত চাইনা, কেবল বর্তমান পরিস্থিতিতে কোন অবস্থায় জিনিসটা চলছে সেটা বর্ণনা করেছি এবং সেই বর্ণনায় যে অজুহাত নেই সেটা যে সমস্ত দলের সদস্যরা এখানে বক্তৃতা করেছেন তারা যদি তাদের নেতৃস্থানীয় ব্যক্তি অথবা কেন্দ্রীয় সরকারের স্বীকৃতির কথা জানতেন, এই ব্যয় বরাদ্দ সম্পর্কে আলোচনার পূর্বাহ্নে যদি কোন দায়িত্ব নিতেন তাহলে জানতে পারতেন যে আমাদের প্রত্যেকটি সমালোচনা বিগত এবং বর্তমান কেন্দ্রীয় সরকার দ্বারা স্বীকৃত তাদের দ্বারা যে স্বীকৃত আজকে যারা বর্তমান কেন্দ্রীয় মন্ত্রীর উদ্ধৃতি উল্লেখ করেছেন তারা এই কথা ঐ উদ্ধৃতির মধ্যে খুঁজে পাবেন— কেন্দ্রীয় সরকার বলেছেন যে হ্যাঁ, দায়িত্ব আমাদের আছে এবং সেই জন্য আমরা একটা ক্যাবিনেট কমিটি করেছি। এই ক্যাবিনেট কমিটির মধ্যে ত্রুটি বিচ্যুতিগুলি খুঁজে পেয়েছি, আমরা ব্যবস্থা অবলম্বন করব এবং ব্যবস্থা অবলম্বন করে আশা করি আর এক মাসের মধ্যে আমরা ফল দিতে পারব— এটা আজকের সংবাদপত্রেই আছে। (ভয়েস ঃ রজনীকান্ত দোলুইঃ — আপনারা তো অনেকবার এই কথা বলেছেন) আপনাদেরই নেতা বলেছেন। আপনারা নিশ্চয় লেখাপড়া জানেন, আজকের কাগজে যে বিবৃতি আছে, যেটা থেকে আপনারা পড়েছেন তার মধ্যে ঐ কমিটির কথা আছে। আমরা কমিটি করেছি এটা বলেছেন। তারা যে দায়িত্ব স্বীকার করেছেন, যে দায়িত্বগুলি তাদের বর্তেছে সেই দায়িত্বগুলি আমাদেরও বর্তায়। সেই সম্পর্কে তারা যদি খোঁজ নেন তাহলে জানতে পারবেন এক সরকার হয়েছিল, আর এই সরকারও স্বীকার করেন যে ভারতবর্ষের কোথাও কোন সুষ্ঠু বন্টন ব্যবস্থা থেকে থাকে তো বৃহত্তর শ্রেষ্ঠতম বন্টন ব্যবস্থা এই পশ্চিমবঙ্গে আছে। এটা কেন্দ্রীয় সরকারের স্বীকারোক্তি। আপনারা যদি অজ্ঞানতার বর্ম পরে থাকেন তাহলে তাতে কিছু এসে যায় না। কিন্তু আমাদের দেশের লোক জানেন যে প্রয়োজনীয় সব সামগ্রী একজায়গায় উৎপন্ন হয় না। আমাদের কৃষিমন্ত্রী বলেছেন যথেষ্ট ধান উৎপন্ন হয়েছে। কিন্তু আপনারা জানেন না আগেকার দিনে এক একটি রাজ্যে যে জোন ছিল সেটা তুলে দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকার এখন সারা ভারতের সমস্ত সামগ্রী অবাধে চলাচলের ব্যবস্থা প্রবর্তন করেছেন। যার ফলে অন্য রাজ্য থেকে আসা এবং আমাদের রাজ্য থেকে অন্য রাজ্যে চলে যাওয়া সম্পর্কে রাজ্য সরকারের নিয়ন্ত্রণ করবার কোন ক্ষমতা নেই। কনসটিটিউশনের কথা আপনারা জানেন, এসেনসিয়াল কমোডিটিজ অ্যাক্টের কথা আপনারা জানেন। তাতে কোন জায়গায় কোন নিয়ন্ত্রণ

কেন্দ্রীয় অনুমতি ব্যতীত করা যায় না এবং তারা চলাচল নিয়ন্ত্রণ সম্পূর্ণ নিষিদ্ধ করেছেন এটা আপনাদের জানা উচিত ছিল। সেগুলি যদি আপনারা জানতেন— সেগুলি সংবাদ হিসাবে আপনাদের কাছে দিয়েছি, অজুহাত হিসাবে দিই নি এবং আমি বলে দিয়েছি এগুলি অজুহাত হিসাবে আপনাদের সামনে উপস্থিত করছি না। বর্তমান অবস্থায় এগুলি আপনারা জানেন না। আমাদের বক্তব্য শুনে যদি আপনারা সমালোচনা পড়ে করতেন তাহলে বুঝতাম। সমস্ত ভারতবর্ষের এক তৃতীয়াংশ চিনি মহারাষ্ট্রে উৎপন্ন হয়, অথচ বম্বেতে ৯টাকা কেজি দরে চিনি বিক্রি হয়। সেখানে কেন্দ্রীয় সরকারের বর্তমানে শাসন আছে, সেখানে পি.ডি.অ্যাক্টের শাসন আছে। আপনারা বিচার না করে আটক করতে পারেন। কিন্তু আমরা সেটা চাই না। আপনারা বিচার করবেন যে পি.ডি.অ্যাক্ট আমরা চালু করতে চাই না। টাইফয়েড রোগ হলে সেখানে থানা থেকে পুলিশ নিয়ে গেলে সেখানকার টাইফয়েড রোগ সারানো যায় না। অর্থনৈতিক দুরবস্থাকে অর্থনৈতিক ব্যবস্থা গ্রহণ করে তার মোকাবিলা করতে হয়। যেখানে ঘাটতি আছে সরবরাহ দিয়ে তা পূরণ করতে হয়। তারজন্য আইনের ব্যবস্থা করতে হয়। আমাদের একজন মাননীয় সদস্য বললেন ১ হাজারের শাস্তি হল বাকি লোকগুলি ছাড়া পেল কেন। বাকি লোকগুলি ছাড়া পায়নি। এখানে লেখা আছে ১০ হাজার মামলা বিচারাধীন আছে। এই মামলা নিষ্পত্তি করা হাইকোর্টের এক্তিয়ার। এবং সেখানে যে যে ব্যবস্থা গ্রহণ করা দরকার আমরা তা করছি তাদের সঙ্গে পরামর্শ করছি। এসেনসিয়াল কমডিটি অ্যাক্টের ৩নং ধারায় যে সমস্ত শাস্তির ব্যবস্থা আছে আদালতের বিধানে সেই সব শাস্তি হবে গভর্নমেন্টের বিধানে কোন শাস্তি হবে না। তাদের আমলে গভর্নমেন্টেই শাস্তি দিয়ে দিত। কিন্তু আমরা তা করতে পারি না আমাদের সে নীতি নয়। আদালতের উপর বিচারের ভার দেওয়া আছে। তিন মাসের কম সাজা হয় না। আমরা কেন্দ্রীয় সরকারকে বার বার বলছি গত সপ্তাহেও বলেছি যে এসেনসিয়াল কমডিটি অ্যাক্টে পানিসমেন্টের ব্যবস্থা করুন যাতে বিচারকের খানিকটা বাধ্যবাধকতা থাকে যাতে একটু সাজা দেন কমপালসারি পানিসমেন্ট দেন তাহলে ভাল হয়। আমরা দেখতে পাচ্ছি এই অ্যাক্টকে যথাযথভাবে প্রয়োগ করা যায় না। পি.ডি.অ্যাক্টের কথা উঠেছে—আমরা পি.ডি.অ্যাক্ট ব্যবহার করছি না কেন। আমি বলব ভারতবর্ষে যত এই রকম এ্যাক্ট আছে পি.ডি.আক্ট ডিটেনশন— সেই ১৮১৮ সাল থেকে শুরু করে দেখে আসছি প্রত্যেকটি অত্যন্ত মিথ্যা প্রসূত। কংগ্রেসের সময় আমাদের প্রত্যেক সদস্য ডিটেনশনে জেল খেটে এসেছে ১০।১৫।২০ বছর ধরে এবং যে অ্যাক্টে রজনী দোলুই মহাশয় গিয়েছিল। আমরা দেখেছি বিচার না করেই অ্যাডমিনিসট্রেশন সাজা দিয়ে দিয়েছে। আজকে এই শাস্তির জন্য কেন্দ্রীয় সরকার এসেনসিয়াল কমডিটি অ্যাক্ট করেছেন এবং সেই আইনকে আমরা কঠোরোতর করার জন্য সুপারিশ করেছি। আমরা বলেছি বিনা বিচারে বন্দী করার নীতিকে আমরা ভাল মনে করি না এবং আমাদের পশ্চিমবাংলার দীর্ঘ যে ইতিহাস সেই ইতিহাসকে আমরা আর পুনরাবৃত্তি করতে চাই না। আমরা ১২ হাজার লোককে গ্রেপ্তার করেছিলাম তার মধ্যে ১০ হাজার লোকের সাজা হয়েছে আর যাদের সাজা হয় নি তাদের মামলা আমরা ত্বরান্বিত করার চেষ্টা করছি। আগেকার রাজত্বে অ্যাডমিনিসট্রেশন সাজা দিয়ে দিল আমরা সেটা পারি না। ওঁরা এই রকম নানা কাজ করেছেন আমি আর সেদিকে যাব না। আমরা পরিষ্কারভাবে বলেছি এবং সারা ভারত এ বিষয়ে নিশ্চয় পর্যালোচনা করবেন। আশা করি কেন্দ্রীয় সরকার এটা বুঝবেন যে টাইফয়েড রোগকে পুলিশ দিয়ে সারানো যায় না যেখানে

ঘাটতি আছে সেখানে তা পূরণ করতে হবে। এই গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে ২৫ কোটি কালো টাকা আছে।

[5-30— 5-40 P.M.]

সেটা আমাদের নিয়ন্ত্রণে নেই, সেটা কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণে আছে। তারা সেখানে ডিমনিটাইজড করতে পারেন, অন্যান্য ব্যবস্থা করতে পারেন। আমি তার দীর্ঘ ফিরিস্তি দিতে আসিনি। তাদের কাছে আমি বলেছি জিনিসপত্রের দাম কি কি ব্যবস্থার দ্বারা কমানো যায় তার লিস্ট আপনাদের কাছেও দিয়েছি এবং কেন্দ্রীয় সরকারের কাছেও দিয়েছি। গত কেন্দ্রীয় সরকারের কাছে দিয়েছি এবং এই কেন্দ্রীয় সরকারের কাছেও দিয়েছি। কারণ বস্তুগুলি উৎপন্ন হয় ভারতবর্ষের সর্বত্র, সেখান থেকে আনতে হয়। সেখানে পশ্চিমবঙ্গ সরকারের এক্তিয়ার নেই। সেখানে একমাত্র কেন্দ্রীয় সরকার বাজার নিয়ন্ত্রণ করতে পারেন, সংগ্রহ করতে পারেন মূল্য নির্ধারণ করতে পারেন এবং রেলের যে ব্যবস্থা সেটাও কেন্দ্রীয় সরকারের অধীনে। আপনারা কাগজে দেখেছেন, সেখানে বলা হয় যে রেল ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। আপনারা জানেন যে আজকে সড়ক পরিবহন ব্যবস্থা ফাটকাবাজিতে পরিণত হয়েছে এবং সেই ব্যবস্থার মাধ্যমে পশ্চিমবঙ্গের যা প্রয়োজন তা পৌঁছায়নি। চিনির পাহাড়ের কথা শোনা গেল। চিনির পাহাড়ের গল্পটা হল এই যে কেন্দ্রীয় সরকার চিনি দেবেন ৭২ হাজার টন যেটা আমাদের পাওনা হয়েছে। তার মধ্যে আজ পর্যন্ত পৌঁচেছে ২২ হাজার টন। এই ২২ হাজার টন যেহেতু পৌঁছাতে হবে সেজন্য তারা ঠিক করেছেন যে পশ্চিমবঙ্গের জন্য যত চিনি সব কলকাতায় নিয়ে যাও এবং কলকাতা থেকে যত চিনি সব কাশীপুরে দাও। জিনজিরাপুলে, যেখানে দিনে দুটো করে র‍্যাক খালাস করা যায়, সেখানে পাঠান হয়নি। এটা পাঠাবেন কেন্দ্রীয় সরকারের এফ.সি.আই দপ্তর, যাদের সেটা বুক করার কথা। তারা পাঠাচ্ছেন কোথায়? তারা পাঠাচ্ছেন কাশীপুরের গুদামে। সেখানকার গুদামে ৩ হাজারের মত রাখা সম্ভব, তার বেশি রাখা যায় না। অন্য গুদাম আছে, সেখানে বুক করার কথা। কিন্তু তা না করে যদি কাশীপুরে পৌঁছায় তাহলে আবার রিবুকিং করতে হবে এবং সময় লাগে। রিবুকিং হচ্ছে, জিনজিরাপুলের কাছে খালাস হবে। এই যে ব্যবস্থা, যেখানে লক্ষ লক্ষ টনের ব্যাপারে এবং যেখানে দিল্লি থেকে হয়, বোম্বে থেকে হয়, অন্যান্য রাজ্য থেকে হয় সেখানে চট করে হয়ত তারা ঠিক করেন নি। পুরুলিয়ায় খাদ্যাভাব, সমস্ত খাদ্য পুরুলিয়ায় চলতে লাগল। পুরুলিয়ার প্রয়োজন মিটিয়ে বাড়তি যা হল সেটা পুরুলিয়ায় রাখার জায়গা নেই। অতএব রিবুকিং কর। কাগজে সেটা ফলাও করে বলতে পারে যে অব্যবস্থা কিন্তু এর জন্য আমরা দায়ী নই। এই সব চিনি যেটা কাশীপুরে আসবার কথা নয়, এটা যাওয়া উচিত ছিল জিনজিরাপুলের গুদামে। জিনজিরা পুলে একদিনে খালাস করা যায়। এগুলি খুব সামান্য ব্যাপার। এটাকে নিয়ে তিলকে তাল করলে সমস্যাটা বোঝা যায় না এবং সমস্ত জিনিসটাকে বিকৃত করলে আপনারা যেখানে আছেন, সেখানেই থাকবেন এবং আমরা যেখানে আছি সেখানে থাকব। আপনারা যদি জানতে চান আজ পর্যন্ত কলকাতায় যে চিনি এসেছে, আপনারা জেনে নিন, কলকাতায় চিনি এসেছে ১৬।। হাজার টন। কিন্তু আমাদের জেলায় গেছে কত? সেখানে গেছে ৫ হাজার ৩৫৪ টন। অথচ কলকাতা এবং এই এলাকায় বাস করেন ১ কোটি লোক এবং বাকি ৩।। কোটি আমাদের জেলায় বাস করে। আমাদের ৪।। কোটি লোকের জন্য কি ভাবে সরবরাহ করব বুকিং যদি এইভাবে করা হয়? জেলার বদলে যদি কলকাতায় বুকিং হয়, কলকাতায় যদি সব জমা করে দেন

তাহলে তাকে আবার পরিবর্তন করতে হবে। কাজেই এই ব্যবস্থার দায়িত্ব আমাদের বলে দিলেই হয়না। জিনিসটা একটু বোঝা দরকার। তারপর কয়লা সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন, এবং কাগজেও বেরিয়েছে, এখানেও উপস্থিত হয়েছে। তারা যেমন শুনেছেন, যেমন খবরের পড়েছেন তেমনি বলেছেন। এই ব্যাপারে আমাদের কোন অপরাধ নেই। গত পরশুদিন আমি দিল্লি গেছি—এতগুলি কথা হল, বক্তৃতা হল এর আসল কথায় আসুন। আপনারা কি করতে পারেন সেটা বলুন এবং আমরা কি করতে পারি এবং দেখি কি করা যায়। সেখান থেকে পূর্বে বলা হল যে আমরা সারা পশ্চিমবাংলায় সরবরাহ করতে পারব না। তাকে পরিষ্কার দেখিয়ে দিলাম, তিনি স্বীকার করেছেন। আমাদের ১ লক্ষ ৫০ হাজার টন মাসে কয়লার তারা শতকরা ২ ভাগ মাত্র রেলে সরবরাহ করেছেন এবং সেটা হাওড়া থেকে সাত টাকা ৫০ পয়সা বিক্রয় করে—একথা বলে দিলেন যে সারা পশ্চিমবাংলায় ৮ টাকা ৮।। টাকায় বিক্রয় হতে পারত। কিন্তু ব্যাপারটা কি, তারা কি সারা পশ্চিমবাংলায় এই কয়লা রেল যোগে বিক্রি করেন? কখনও করেন না। শুধু তাই নয়, এখন একটা প্রস্তাব এসেছে, কলকাতা এবং হাওড়ার চাহিদা মিটিয়ে দেবেন, কোল ইন্ডিয়ার তরফ থেকে সেখানে ডিরেক্টার গিয়ে যেটা বলে এসেছেন, যেটা সম্বন্ধে আমরা বলেছি, আপনারা লিখিত ভাবে দিন। তারা বলে গেলেন দিতে গেলে কিছু অ্যাডমিনিস্টার্ড প্রাইস দিতে হবে। ৭।। টাকায় দেওয়া যাবে না, ১১ টাকায় ডেলিভারি নিয়ে ওখান থেকে কলকাতায় নিয়ে যাবার খরচ নিয়ে দোকানের ভাড়া দিয়ে অনেক খরচ পড়ে যাবে। সেই জন্য আমরা কেন্দ্রীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করেছি, আপনারা কি করবেন, তারা বলেছেন, একটা অ্যাডমিনিস্টার্ড প্রাইস ঠিক হবে, ৭।। টাকায় দেওয়া যাবে না। এবং দামটা কি হবে সেটা কোল ইন্ডিয়ার চেয়ারম্যান কয়েকদিনের মধ্যে কলকাতায় আসবেন, সেই সময় তিনি লিখিত ভাবে দেবেন বলেছেন। সেটা কিন্তু ৭।। টাকা হবে না। আমরা গত ২।। বছর ধরে কয়েকটি ডাম্প থেকে কয়লা আনার কথা বলছি, কোল ইন্ডিয়া তা বারবার অস্বীকার করছেন। আজকে যদি কেন্দ্রীয় সরকার একটা ন্যায্য দামে কোন একটা এলাকার জন্য একটা নির্দিষ্ট দামে কয়লা সরবরাহ করতে প্রস্তুত থাকেন, অন্তত সেই এলাকায় সাময়িক ভাবে যতদিন তারা দিতে পারবেন, ততদিন একটা নির্দিষ্ট দামে কয়লা বিক্রি করতে পারি। আমরা বলেছি আপনারা লিখিতভাবে সেটা বলুন। রেপসিড অয়েল সম্পর্কে বলি,—

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আন্ডার রুল ২৯০, ১৫ মিনিট হাউসটা একস্টেন্ডেড করা উচিত, আমি মনে করি হাউস এটা এগ্রি করবেন। দি হাউস ইজ একস্টেন্ডেড ফর ফিপটিন মিনিটস।

**শ্রী সুধীন কুমার ঃ** রেপসিড সম্পর্কে প্রশ্ন উঠেছে। ৩২ হাজার টিন, তার মানে দু হাজার টন রেপসিড অয়েল এসেছে। কিন্তু যতক্ষণ না পর্যন্ত এস.টি. সি.'র সার্টিফিকেট পাওয়া যাচ্ছে ততক্ষণ আমরা সরবরাহ করতে পারছি না। এর আগেও আমরা পেয়েছি তেল, আমরা দেখেছি সেই তেলে ভেজাল ছিল, সেই জন্য আমরা সরবরাহ করিনি। এস.টি.সি. সার্টিফিকেট দেবে, স্পেসিফিকেশন অনুযায়ী এসেছে কি না, সেটা না দিলে সেই তেল আমরা সরবরাহ করতে দেব না। তেল এসেছে অতএব সরবরাহ কর, এটা হতে পারে না। আমরা যতক্ষণ না সার্টিফিকেট পাচ্ছি ততক্ষণ আমরা সরবরাহ করতে পারব না।

[5-40— 5-50 P.M.]

তবে কেন্দ্রীয় সরকার বর্তমানে স্বীকার করেছেন এবং আমাদের বলেছেন যেখানে দরকার হবে সেখানে ১২০০ টন ব্যবহার করতে, তারা আমাদের অন্য রাজ্য থেকে ৫০০০ টন সরবরাহ করবেন। আমরা তাঁদের লিখে জানিয়ে দিয়েছি, যদি আপনারা সেটা সরবরাহ করতে পারেন তা হলে আমাদের এখানে বন্টন ব্যবস্থা আছে, আমরা তার সাহায্যে বন্টন করতে পারব। আমাদের বন্টন ব্যবস্থা কেন্দ্রীয় সরকারের দ্বারা স্বীকৃত বন্টন ব্যবস্থা এবং ভারতের যে কোনো রাজ্যের চেয়ে বৃহত্তম বন্টন ব্যবস্থা। অবশ্য তার মধ্যে ত্রুটি থাকতে পারে, নিশ্চয়ই ত্রুটি আছে, এটা আমরা অস্বীকার করি না। ত্রুটি-বিচ্যুতি যেহেতু আছে সেহেতু তার মানে এই নয় যে, এই বন্টন ব্যবস্থাকে ফেলে দিতে হবে। রেশন ব্যবস্থায় ত্রুটি আছে, কিন্তু রেশন ব্যবস্থার ত্রুটি আছে বলে যদি কেউ রেশন ব্যবস্থাকে বাতিল করে দিতে বলেন, তাহলে আমি বলব তিনি দেশের লোকের প্রয়োজন বোঝেন না, জানেন না। আজকে গরিব মানুষের কাছে গিয়ে জিজ্ঞাসা করুন, স্ট্যাচুটরি রেশন তুলে দেওয়া উচিত, কি উচিত নয়। গ্রামের মানুষের কাছে গিয়ে জিজ্ঞাসা করুন উচিত, কি উচিত নয়। মাননীয় সদস্য বলেছেন, কলকাতার রাস্তায় সস্তায় চাল পাওয়া যায়। কিন্তু কেন পাওয়া যাচ্ছে? যদি তাঁর অর্থনীতির সামান্য জ্ঞান থাকত তাহলে বুঝতে পারতেন যে, রেশন তুলে দিলে আজকে যে দরে চাল পাওয়া যাচ্ছে ঐ দরে চাল পাওয়া যেত না। রেপ-সিড সম্বন্ধে আমি ইতিমধ্যেই বলেছি যে, আমাদের যেটা সরবরাহ করা হবে সেটা আমরা দেখে সরবরাহ করব। কেরোসিন সম্বন্ধে গ্রামে ও শহরে যে একটা পার্থক্য রয়েছে, সেটা আমি স্বীকার করি এবং এই পার্থক্য দূর করতে হবে। আপনারা জানেন যে, আসামের জন্য তেল সরবরাহ ব্যাহত হচ্ছে। আমরা এ বিষয়ে সচেষ্ট আছি, যত তাড়াতাড়ি সম্ভব আমরা তেল সরবরাহ বাড়াবার চেষ্টা করব এবং সেই সঙ্গে সঙ্গে শহরের চেয়ে গ্রামে, বিশেষ করে যেখানে ইলেকট্রিসিটি পৌঁছায়নি সেখানে বেশি করে সরবরাহ করবার ব্যবস্থা করব। চিনি যেটা পাচ্ছি সেটা বন্টন করা হচ্ছে এবং হবে। তবে যেটুকু তফাত আছে, ঐ ১০০ এবং ৭৫ করে যেটা করা হয়েছে, সেটা সম্বন্ধে আমি ইতিমধ্যেই উল্লেখ করেছি যে, সমানভাবে ভাগ করতে গেলে ৮২ গ্রাম করে দিতে হয় এবং তাতে অসুবিধা হবে। সেই জন্যই ঐভাবে ভাগ করতে হয়েছে। আমরা ২০,০০০ টন পুরো পেতে চাই, সেটা পেলে সমস্ত জায়গায় ১০০ গ্রাম করে দেওয়া সম্ভব হবে। আমরা গ্রামের প্রতিটি পঞ্চায়েত সমিতিকে লিখে জানিয়েছি যে, এই যে, ১০০ গ্রাম করে চিনি সরবরাহ করা হচ্ছে, এটা সেখানে যাচ্ছে কিনা, দয়া করে লিখে জানান। কয়লা সরবরাহ সম্পর্কে আমি আগেই বলেছি, আর বলছি না মাননীয় সদস্য হাসকিং মেশিন সম্পর্কে বলেছেন। সে সম্পর্কে আমাদের চিন্তাধারা আছে। মাননীয় সদস্য বার বার বলেছেন হাসকিং মেশিনগুলিকে লাইসেন্স দেওয়ার কথা। কিন্তু মাননীয় সদস্যের অবগত হওয়া উচিত যে, এবিষয়ে আমরা একটা নির্দেশ দিয়েছিলাম, কিন্তু কোর্টের ইনজাংশনের ফলে আমাদের সেই নির্দেশনামার ব্যবহার স্থগিত আছে এবং তার ফলেই যত গন্ডগোল দেখা দিয়েছে। আমি আমাদের উকিলদের বলেছি যে, আপনারা যত তাড়াতাড়ি সম্ভব হাইকোর্টকে দিয়ে এটার একটা নিষ্পত্তি করে দিন। সেটা হলে আমরা নতুন বিধি-প্রণয়ন করে বর্তমান ব্যবস্থার মধ্যে দিয়েই সমস্ত গন্ডগোল মিটিয়ে ফেলতে পারি। ডিপার্টমেন্টাল ব্যবস্থাপনায় দুর্নীতির অভিযোগ অনেকেই করেছেন কিন্তু এটা নতুন নয়, দীর্ঘদিন ধরে চলে আসছে। যারা সমালোচনা করছেন জোর গলায়—একটা

কথা আছে—চোরের মায়ের বড় গলা— তারাই দীর্ঘদিন ধরে পুষে রেখেছেন এই সমস্ত দুর্নীতি। আমি সদস্যদের কাছে একটা অনুরোধ করবো নির্দিষ্ট যদি কোন দুর্নীতি দেখেন তাহলে লিখিতভাবে নালিশ করবেন। এখানে মুশকিল হচ্ছে, অযথা হয়রানি, পুলিশ এনকোয়ারি এইসবের জন্য সাক্ষী দিতে লোক এগিয়ে আসেন না। তাঁরা সাধারণভাবে নালিশ করবেন অমুক লোক টাকা নিয়েছে কিন্তু লিখে দিতে কেউ এগিয়ে আসেন না, সাক্ষী দিতে কেউ এগিয়ে আসেন না। সেইজন্য বলছি, নির্দিষ্টভাবে কেউ যদি দুর্নীতির অভিযোগ করেন-আমি বলতে পারি—২৪ ঘন্টার মধ্যে তার এনকোয়ারীর ব্যবস্থা এই সরকার করতে বদ্ধ পরিকর। কাগজে খালি ফলাও করে লিখবে অমুক জায়গায় অমুক লোক করেছে কিন্তু সাক্ষ্য দিতে রাজি আছে কি? রাজি নেই। এইজন্য দুর্ভাগ্য, দুর্নীতির সঙ্গে লড়াই করা মুশকিল হচ্ছে। যারা সমালোচনা করছেন তাঁরা বলছেন, ৭৫ পারসেন্ট সিমেন্ট নাকি ডেভেলপমেন্ট কোটার জন্য রাখা হয়েছে। মোটেই তা নয়, ডেভেলপমেন্ট কোটা একই। ডিলারসদের কোটার মধ্যে শতকরা ৭৫ ভাগ রাখা হয়েছে পারমিটের মাধ্যমে দেবার জন্য আর বাকি ২৫ ভাগ রাখা হয়েছে ফ্রি সেলের জন্য। হিসাব করে যদি দেখেন তাহলে দেখবেন, সমগ্র পশ্চিমবাংলায় যতটা সিমেন্ট আছে তার শতকরা ১২ ভাগের বেশি কালোবাজারে যেতে পারে না। এ ছাড়া আরও সিমেন্ট গভর্নমেন্টের বিভিন্ন ডেভেলপমেন্টের জন্য উন্নয়নমূলক যেসব সংস্থা আছে তাদের কাছে নিদ্ধারিত মূল্যে দেবার ব্যবস্থা আছে। সেই ডেভেলপমেন্টের জন্য কোটা রাখতে হবে এটা আপনারা জানেন। আমি আর সময় নিতে চাই না, আপনাদের সব সমালোচনার জবাব আমার বাজেট বক্তৃতায় দিয়ে রেখেছি, সেটা যদি একবার পড়েন আপনাদের প্রশ্নের সমস্ত জবাব পেয়ে যাবেন। আপনাদের যে সমস্ত সমালোচনা তা ঐ চিরাচরিত সংবাদ পত্র থেকে নিয়ে এসে বলেন, ব্যক্তিগত অভিজ্ঞতার প্রচেষ্টা আপনাদের নেই সেটা আমি জানি। সেইজন্য সংবাদ পত্রে যে সমস্ত প্রচলিত সংবাদ বেরোয় তারই জবাব লিখিতভাবে দিয়েছি এবং আপনারা যদি বাজেট বিবৃতিটা পড়েন— আপনারা যে প্রশ্নগুলি রেখেছেন তার সবগুলি জবাব পেয়ে জাবে এই কথা বলে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব এসেছে সেই গুলি গ্রহণ যোগ্য নয়, তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** There is no cut motion on the Demand No.43. So I put the main demand for grant to vote.

The motion of Shri Sudhin Kumar that a sum of Rs.37,23,000 be granted for expenditure under demand No.43, Major Head : "283-Social Security and Welfare (Civil Supplies)", was then put and agreed to.

There are six cut motions on Demand Nŏ.54. So I put all the cut motions to vote.

The motions of Shri Sasabindu Bera that the amount of the Demand be reduced to Re.1, was then put and lost.

The motions of Sarbashree Balailal Das Mahapatra, Shri A.K.M. Hassan Uzzaman, Shri Renupada Halder, Shri Prabodh Purkait and Shri Sasabindu Bera, that the amount of the Demand be reduced by Rs. 100, were then put and lost.

[5-50 — 6-00 P.M.]

The motion of Shri Sudhin Kumar that a sum of Rs. 22,99,05,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "309-Food, 509-Capital Outlay on Food and 709- Loans for Food, was then put and agreed to.

## DEMAND NO 55 AND 56

**Shri Amritendu Mukherjee :** Sir, I beg to move that a sum of Rs. 14,49,36,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "310—Animal Husbandry, 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings), and 710 Loans for Animal Husbandry".

Sir, I also beg to move that a sum of Rs. 24,23,28,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads: "311-Diary Development, 511-Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings), and 711-Loans for Dairy Development (Excluding Public Undertakings)".

The written speech of Shri Amritendu Mukherjee is taken here as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামীণ অর্থনীতি এবং জাতীয় জীবনের ক্ষেত্রে অতি পুষ্টিকর প্রোটিন খাদ্য উৎপাদনে পশুপালন আমাদের দেশে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। তাই বর্তমান পরিকল্প সময়ের জন্য প্রস্তাবিত বিবিধ পশুপালন কর্মসূচীর মূল লক্ষ্য হল এ রাজ্যে আরও বেশি পরিমাণ দুধ, ডিম, মাংস এবং পশমের উৎপাদন; উৎপাদনের সহযোগী পরিবেশ ও উপকরণগত কাঠামোর প্রবর্তন; এবং প্রকল্প ও বাস্তব উদ্যোগের মধ্যে ব্যবধান কমিয়ে আনা। এই প্রস্তাবিত পরিকল্পের আরও [illegible] হল এ রাজ্যে গ্রামীণ বেকারসমস্যা কমানোর প্রচেষ্টা, বিশেষত তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায় সহ অর্থনীতিতে দুর্বল জনগণের মধ্যে আংশিক কর্মসংস্থানের পরিপূরক ব্যবস্থা সৃষ্টি করা।

**গো উন্নয়ন**

পশ্চিমবঙ্গে গরু-মহিষের সংখ্যা প্রায় এক কোটি সাতাশ লক্ষ, যার মধ্যে গরুর সংখ্যা এক কোটি আঠার লক্ষ সত্তর হাজার। এ রাজ্যে দেশি গরুর দুধ উৎপাদনের পরিমাণ বাৎসরিক মাথাপিছু গড়ে ২৮০-২৯০ লিটার। দেশি গরু জন্মের পর প্রায় সাড়ে তিন বছর পরে বাচ্চা দেবার উপযোগী হয়; এবং দুই বিয়ানের মাঝের বিরতিকাল প্রায় ১৮ মাস।

দেশি গরুর উৎপাদনক্ষমতা বাড়াতে বিদেশি উন্নত জাতের ষাঁড়, যথা হলস্টিন, ফ্রেজিয়ান, জার্সি এবং রেড ডেন প্রভৃতির দ্বারা প্রজনন করিয়ে সংকর গরু উৎপাদনের কাজ চালু হয়েছে। এই প্রজননজাত সংকর গরু একদিকে পায় অধিক গরু উৎপাদনের সামর্থ্য; অন্যদিকে রোগ-ব্যাধি প্রতিরোধের ক্ষমতা। সংকর প্রজননের সুফল ইতিমধ্যেই উৎসাহব্যাঞ্জক পর্যায়ে পৌঁছেছে। সংকর গরু বছরে গড়ে মাথাপিছু ১,৫০০-২,০০০ লিটার দুধ দেয়, জন্মের আড়াই বছরেই বাচ্চা দেয় এবং দুই বিয়ানের ব্যবধান মাত্র ১৩-১৪ মাস।

সংকর প্রজনন কর্মসূচীর সফল রূপায়ণে প্রয়োজন প্রশাসন ও পরিচালনগত সহযোগী কাঠামোর যথাযথ উন্নয়ন যাতে গো-বীজ সংগ্রহ, বিজ্ঞানসম্মত সংরক্ষণ, বন্টন, গো-প্রজনন

প্রভৃতি স্তরভিত্তিক কাজগুলি সুষ্ঠভাবে সম্পাদিত হতে পারে। এই উদ্দেশ্যে রাজ্যের বিভিন্ন এলাকায় গো-প্রজনন কেন্দ্র ও উপ-কেন্দ্র স্থাপিত হয়েছে। এইসব কেন্দ্র ও উপ-কেন্দ্রের এলাকাধীন প্রজননক্ষম গাভীর সংখ্যা যথাক্রমে ১০ হাজার ও এক হাজার। বর্তমান সময়কাল পর্যন্ত এ রাজ্যে ৩৫টি কেন্দ্রীয় গো-বীজ সংগ্রহ ও সংরক্ষণ কেন্দ্র, ১১৫টি গো-প্রজনন কেন্দ্র এবং ১,০৬১টি উপ-কেন্দ্র স্থাপিত হয়েছে। মোট দশ লক্ষ একান্ন হাজার প্রজননক্ষম গাভী এই সংকর প্রজনন কর্মসূচীর আওতাভুক্ত হয়েছে। সমগ্র পরিকল্পনা রূপায়িত হচ্ছে নিবিড় গো-প্রজনন প্রকল্প, কি ভিলেজ প্রকল্প এবং বিশেষ প্রকল্প যথা পার্বত্য এলাকা উন্নয়ন ও খরাপীড়িত অঞ্চল উন্নয়ন কর্মসূচীর সমবায়িক সহযোগিতায়।

এতাবৎকাল সাতটি নিবিড় গো-উন্নয়ন প্রকল্প এ রাজ্যে চালু হয়েছে; এবং আশা করা যায় ১৯৭৯-৮০ সালের মধ্যে হুগলি জেলায় আর একটি প্রকল্প চালু হবে। সমভাবে দার্জিলিং জেলায় নিবিড় পার্বত্য এলাকা উন্নয়ন প্রকল্পের অন্তর্গত চারটি গো-প্রজনন কেন্দ্র ও ৩২টি উপ-কেন্দ্র স্থাপনের প্রস্তাব গৃহীত হয়েছে। এর ফলে ৭২ হাজার প্রজননক্ষম দেশি গরু সংকর-প্রজনন কর্মসূচীর আওতাভুক্ত হবে।

পশ্চিমবঙ্গে সংকর-প্রজনন কর্মসূচী ব্যাপক এবং বহুমুখী করার উদ্দেশ্যে ১৯৮০-৮১ সালে হাওড়া ও বাঁকুড়া জেলায় দুটি নিবিড় গো-উন্নয়ন প্রকল্প চালুর প্রস্তাব করা হয়েছে। এর ফলে ২ লক্ষ প্রজননক্ষম গাভী এই কর্মসূচীর আওতাভুক্ত হতে পারবে।

এই পরিপ্রেক্ষিতে ১৯৮০-৮১ সালে এ রাজ্যের সমগ্র নিবিড় গো-উন্নয়ন প্রকল্প খাতে ৫২ লক্ষ টাকা ধরা হয়েছে। পূর্ববর্তী বছরে এই বাবদ ধার্য হয়েছিল ৪৩ লক্ষ টাকা।

দুরধিগম্যতার জন্য যেসব প্রত্যন্ত অঞ্চলে বৈজ্ঞানিক গো-প্রজননের কাজে নিয়মিত গো-বীজ সরবরাহ সম্ভব নয় সেসব অঞ্চলে প্রাকৃতিক উপায়ে গো-প্রজননের উদ্দেশ্যে হরিণঘাটা-কল্যাণী খামার থেকে বিনামূল্যে ষাঁড় বিতরণ করা হয়। বর্তমান আর্থিক বছরে ২১৮টি ষাঁড় বিতরণ করা হয়েছে। ১৯৮০-৮১ সালে ২০০ টি ষাঁড় বিতরণের লক্ষ ধার্য হয়েছে। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে ১৯৭৮-৭৯ ও ১৯৭৭-৭৮ সালে যথাক্রমে ১৬০টি এবং ১৫০টি ষাঁড় বিতরণ করা হয়েছিল। আগামী দিনে ষাঁড় বিতরণ পদ্ধতি পরিবর্তনের কথা চিন্তা করা হচ্ছে; তা হ'ল ব্যক্তিগত মালিকানার পরিবর্তে পঞ্চায়েত মাধ্যম।

সংকর প্রজননের কাজ প্রসারিত করার এবং আংশিক স্বনির্ভর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে স্থানীয় এলাকার ইচ্ছুক তরুণদের বৈজ্ঞানিক গো-প্রজনন পদ্ধতির প্রশিক্ষণ দেবার প্রস্তাব করা হয়েছে।

সমগ্র পশ্চিমবঙ্গে সংকর প্রজননের বিপুল কর্মসূচী যথাযথ সম্পাদন করতে নিয়মিত উন্নত জাতের ষাঁড় সরবারহের প্রয়োজন। এজন্য ভারত সরকারের প্রাথমিক সহায়তায় মেদিনীপুর জেলার শালবনীতে উন্নত জাতের ষাঁড় উৎপাদনের খামার স্থাপিত হয়েছে। উক্ত খামার প্রস্তুত। এখন যে মুহূর্তে ভারত সরকার মারফত অস্ট্রেলিয়া থেকে মাদার স্টক (উৎপাদনের জন্য বিদেশি গাভী ও ষাঁড়) পাওয়া যাবে তখন থেকেই পরিকল্পিত কর্মোদ্যোগ চালু হবে।

দেশি গরুর তুলনায় সংকর গরু প্রতিপালন বেশি নিয়ম-নির্ভর। এদের বাড়-বাড়ন্ত বেশি; অল্পদিনের বাচ্চা দেবার উপযুক্ততা অর্জন করে; দুধ উৎপাদনের সামর্থ্যও অধিক। তাই দেশী গরুর তুলনায় সংকর গরু প্রতিপালনে খরচও বেশি। ফলে ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী এবং কৃষিমজুরদের আর্থিক কাঠামোয় সংকর গরুর জন্ম থেকে প্রথম দুধ দেবার

সময়কাল পর্যন্ত সুষ্ঠ প্রতিপালন অসম্ভব। এ কারণে বিশেষ পশুপালন প্রকল্প এবং খরাপীড়িত অঞ্চল প্রকল্প মারফত এই ধরনের ২,৭৪০ জন খামারীকে বর্তমান আর্থিক বছরে অনুদান দেবার লক্ষ্য স্থিরীকৃত হয়েছে। সংকর গরু প্রতিপালনে চার থেকে ২৮ মাস পর্যন্ত খরচের শতকরা ৫০ ভাগ অনুদান এবং বাকি অংশ ব্যাঙ্ক মারফত ঋণদানের ব্যবস্থা এই কর্মসূচীতে আছে। ১৯৭৯ সালের অক্টোবর পর্যন্ত এই কর্মসুচীতে মোট ১,৪৪৭টি বকনা অর্ন্তভুক্ত হয়েছে; বাকি অংশের নির্বাচন অথবা ঋণদান প্রস্তুতির পথে।

এই কর্মসূচীতে এ রাজ্যের দুর্বল শ্রেণীর কাছে জনপ্রিয় হবার ফলে জলপাইগুড়ি ও মেদিনীপুর জেলায়, যেখানে সম্প্রতি নিবিড় গো-উন্নয়ন প্রকল্প চালু হয়েছে, সেখানেও উক্ত কর্মসূচী চালু করার প্রস্তাব করা হয়েছে। এজন্য ১৯৮০-৮১ সালের বাজেটে ১৩.৬১ লক্ষ টাকা রাখা হয়েছে।

১৯৭৯ সালের নভেম্বর পর্যন্ত, ১,৯৩,৬৮৪টি গাভীকে বৈজ্ঞানিক উপায়ে নিষিক্ত করা হয়েছে। জন্মলাভ করেছে ৫১,৬৫৫টি সংকর বাছুর। আশা করা যায় বর্তমান আর্থিক বছরে এই সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ৩ লক্ষ ও ৮৮ হাজার। অবশ্য বর্তমান আর্থিক বছরে এই লক্ষ্যমাত্রা ধার্য ছিল যথাক্রমে ৩.৫০ লক্ষ ও ৯০ হাজার। এ ছাড়া পশু হাসপাতালের সঙ্গে যুক্ত গো-প্রজনন কেন্দ্র মারফত সংকর প্রজননের ব্যবস্থা আছে। সেসব কেন্দ্র থেকে ১৯৭৯ সালের ডিসেম্বর পর্যন্ত ৫৭,৮৩৩ গাভীকে নিষিক্ত করা হয়েছে। সংকর প্রজনন কর্মসূচীর সফলতা অনেকখানি নির্ভর করে উন্নত ধরনের পশুখাদ্যশস্য উৎপাদনের সাফল্যের ওপর। বর্তমান আর্থিক বছরে হরিণঘাটা-কল্যাণী খামারে পশুখাদ্যশস্য উৎপাদনের কাজ সুষ্ঠভাবে সম্পাদনের ব্যবস্থা গৃহীত হয়েছে এবং যতটা বেশি সম্ভব জমি অর্থাৎ প্রায় ১ হাজার একর জমি চাষ ও সেচব্যবস্থায় আওতায় আনার প্রস্তাব করা হয়েছে। সেচের জন্য আরও ডিপ-টিউবওয়েল স্থাপন এবং চাষের জন্য পুরানো ট্রাক্টরের পরিবর্তে নতুন জমিতে বৃষ্টির জলে পশুখাদ্যশস্য উৎপাদনের কাজ চলছে। অবশ্য এই একটি অংশে ডিপ-টিউবওয়েল, টিউবওয়েল ইত্যাদি মারফত সেচের ব্যবস্থা করা হয়েছে। উক্ত খামারে সেচের ব্যবস্থা আরও প্রসারিত করতে খামার নিকটবর্তী নদী থেকে সেচের প্রস্তাব করা হয়েছে যার দরুন আগামী আর্থিক বছরের বাজেটে প্রয়োজনীয় ধার্য করা হয়েছে।

এ ছাড়া শস্যবীজ, কাটিং ইত্যাদি সহজলভ্য এবং নিয়মিত সরবরাহের উদ্দেশ্যে বিভিন্ন জেলায় নার্শারী প্লট স্থাপনের ব্যবস্থা নেওয়া হচ্ছে। এ ছাড়াও বাঁকুড়া জেলায় ৫০ একরের একটি পশুখাদ্যশস্য খামার এবং বাল্লিগুড়ি, পেডং, রসুলপুর, ফুলিয়া ও বেলডাঙ্গায় পাঁচটি বীজ উৎপাদন ও পরিবর্ধন খামার স্থাপিত হয়েছে। ১৯৭৯ সালের নভেম্বর পর্যন্ত উক্ত খামারে প্রায় ১৯,০০০ মেট্রিক টন পশুখাদ্যশস্য উৎপাদন হয়েছে। বিগত বছরের তুলনায় উৎপাদনের পরিমাণ প্রায় ২,৬০০ মেট্রিক টন বেশি অর্থাৎ এই বৃদ্ধি প্রায় ১৬ শতাংশ।

খামারীদের মধ্যে পশুখাদ্যশস্য উৎপাদনে উৎসাহ ও উদ্যোগ বৃদ্ধির জন্য বর্তমান আর্থিক বছরে ৩,৩০০ মিনিকিট, ৭৩৭ কুইন্টাল সবুজ ঘাসের বীজ ও কাটিং ২৮৬ চাফ্ কাটার সরবরাহ করা হয়েছে। ১১,৮৫০ কাঠা পশুখাদ্যশস্য প্রদর্শন ক্ষেত্র খামারীদের নিজস্ব জমিতে স্থাপিত হয়েছে ও ৬০ টি কুয়ো খনন করা হয়েছে।

সুতরাং আশা করা যায় বর্তমান আর্থিক বছরের বাজেটে পশুখাদ্যশস্য উৎপাদন সম্পর্কে ধার্য ৬.৮২ লক্ষ টাকা পুরোপুরি ব্যয় হবে। সার্থক গো-পালনে পশুখাদ্যশস্য উৎপাদনের প্রয়োজনীয়তার কথা মনে রেখে ১৯৮০-৮১ সালের বাজেটে এই খাতে ১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। দার্জিলিং জেলায় একটি বিশেষ পশুখাদ্যশস্য উৎপাদন ইউনিটকে বিশেষজ্ঞের পরিচালনায় উৎপাদনের কাজে নিয়জিত করার প্রস্তাব করা হয়েছে। এই কর্মসূচীতে ১২ লক্ষ টাকা বাজেটে প্রস্তাবিত হয়েছে। উপরন্তু খরাপীড়িত অঞ্চলে পশুখাদ্যশস্য উৎপাদন কর্মসূচীতে ২.৪৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

দৈনিক ১০০ মেট্রিক টন উৎপাদন উপযোগী গরুর সুষম খাদ্য উৎপাদনের একটি প্ল্যান্ট শিলিগুড়িতে স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এজন্য আর্থিক সহায়তা পাওয়া গেছে বিশ্বখাদ্য সংস্থার ৬১৮ প্রকল্প মারফত। বিদ্যুৎ ঘাটতির দরুন প্ল্যান্টের কাজ চালু রাখতে ডিজেল চালিত জেনারেটর বসানো; আশা করা যায় খুব শীঘ্রই প্ল্যান্টের কাজ চালু হবে।

মুর্শিদাবাদ জেলার বহরমপুর দৈনিক ১০০ মেট্রিক টন উৎপাদনক্ষমতা আর একটি প্ল্যান্ট স্থাপনের কাজ চলছে। এর দরুন ব্যয় ধার্য হয়েছে ৭৪ লক্ষ টাকা। প্ল্যান্ট তৈরির কর্মসূচী ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ড এর ওপর ন্যস্ত করা হয়েছে। প্ল্যান্টটি তৈরি হবে "টার্ন কী" প্রথায়।

বিশ্বখাদ্যসূচীর অধীনে গো-উন্নয়ন সম্পর্কিত অন্যান্য যে সমস্ত কার্যসূচী নেওয়া হয়েছে সে সম্বন্ধে আমি আমার দোহ-উন্নয়ন সংক্রান্ত বাজেট বক্তৃতায় পর্যালোচনা করেছি।

ওয়েস্ট বেঙ্গল ডেয়ারী অ্যান্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন সুষম পশুখাদ্য উৎপাদনে রাজ্য সরকারকে সাহায্য করছেন। কল্যাণীতে তাদের পশুখাদ্য উৎপাদন কারখানা চালু আছে। আমার দোহ উন্নয়ন সংক্রান্ত বাজেট বক্তৃতায় এই কর্পোরেশন যেসব কর্মসূচী গ্রহণ করেছেন, সে সম্পর্কে আমি পর্যালোচন করেছি।

**মুরগিপালন**

পশ্চিমবঙ্গে মোরগ-মুরগির সংখ্যা ১.৫৪ কোটি। দেশি মুরগির মাথাপিছু বছরে ডিম উৎপাদনের ক্ষমতা গড়ে প্রায় ৭০টি। মুরগি শিল্পের উন্নতির জন্য প্রয়োজন মুরগির উৎপাদন ক্ষমতা বাড়ানো এবং নিয়মিত নির্ভরযোগ্য বিপণন ব্যবস্থা চালু করা। আমাদের মুরগি উন্নয়ন পরিকল্পে আছে উন্নত জাতের বাচ্চা ও প্রজননক্ষম মুরগি সরবরাহ, আদর্শ পরিচলনা-পদ্ধতি প্রদর্শন এবং বিপণনের সুনিশ্চিত ব্যবস্থা।

পশ্চিমবঙ্গ বর্তমানে ১৩টি রাষ্ট্রীয় মুরগি খামার, দুইটি মুরগি পরিবর্ধন কেন্দ্র, চারটি আঞ্চলিক খামার, নয়টি মুরগি সম্প্রসারণ কেন্দ্র এবং ১০টি ব্লক মুরগি খামারে আছে। এখানে উন্নত জাতের মুরগি উৎপাদন হয় এবং আদর্শ প্রতিপালন পদ্ধতি প্রদর্শনের ব্যবস্থা আছে। টালিগঞ্জে রাষ্ট্রীয় খামারে মুরগির উৎপাদন সামর্থ্য বাড়ানোর উদ্দেশ্যে নির্বাচিত (সিলেক্টিভ) প্রজনন কর্মসূচী চালু আছে। অন্যান্য খামারেও এই কর্মসূচী চালুর ব্যবস্থা হয়েছে; যাতে গ্রামাঞ্চলের খামারীগণ এই সুযোগ গ্রহণ করতে পারেন। এ রাজ্যে পাঁচটি নিবিড় ডিম সংগ্রহ ও বিপণন কেন্দ্র আছে। রেজিস্টার্ড খামারীগণ তাঁদের খামারে উৎপাদিত ডিম-মাংস

সরকারি মুরগি বিপণন প্রকল্পে সরবরাহ করেন এবং খামারীগণ নিয়ন্ত্রিত মূল্যে সুষম খাবার সংগ্রহ করেন। ১৯৭৯ সালে নভেম্বর পর্যন্ত ৩৩ লক্ষ ৬০ হাজার ডিম ও ২৬.২৫ মেট্রিক টন মাংস ১,২০০ রেজিস্টার্ড খামারর কাছ থেকে সংগ্রহ করা হয়েছে; এবং তাদের ২,০০০ মেট্রিক টন সুষম খাবার সরবরাহ করা হয়েছে।

বর্তমান আর্থিক বছরের প্রথম আট মাসে ৬০ লক্ষ ডিম এবং ১৬ মেট্রিক টন মাংস ৮০টি বিক্রয়কেন্দ্র ও ১০ জন এজেন্ট মারফত ক্রেতাসাধারণের কাছে বিক্রি করা হয়েছে। এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য যে, কলকাতার হাসপাতাল ও জেলাসমূহে এই সরকারি বিপণন সংস্থা মারফত ডিম-মাংস সরবরাহ করা হয়। রেজিস্টার্ড খামারীগণ ডিপ-লিটার পদ্ধতিতে মুরগিপালন করে ডিমের উৎপাদন বৃদ্ধি করেন। এই পদ্ধতি চালু করতে প্রাথমিক খরচ একটু বেশি। তাই বেশি সংখ্যাক দরিদ্র শ্রেণীর মানুষ খোলা জায়গায় ছেড়ে রেখে মুরগি পালন করেন এবং অল্প আয়বিশিষ্ট পরিবারগুলি যাতে এই উপায়ে মুরগি পালনে উৎসাহিত হন, সেজন্য সরকার সহায়তা দান করবেন। বর্তমান আর্থিক বছরে পরিবারপিছু ১০টি হারে মোট ৩,০০০ মুরগি দার্জিলিং জেলায় বিনামূল্যে সরবরাহ করা হয়েছে। সমভাবে খরাপ্রবণ বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় মোট ৩০,০০০ মুরগি সরবরাহের কাজ চলছে।

বিশেষ পশুপালন প্রকল্পের আওতায় বর্তমান আর্থিক বছরে (প্রতিটি ইউনিটে ৫০-১০০টি হিসেবে) ডিম-পাড়া মুরগির ৪,০০০ ইউনিট—ডিপ-লিটার পদ্ধতিতে ২৪ পরগনা, নদীয়া এবং হুগলি জেলায় স্থাপনের লক্ষ্য স্থিরীকৃত হয়েছে। এর দ্বারা সমাজের দরিদ্র শ্রেণী উপকৃত হতে পারবেন। ছোট ও প্রান্তিক চাষী খামার স্থাপনে ব্যাঙ্ক ঋণের সুযোগ এবং খরচের ২৫ শতাংশ অনুদান হিসাবে পাবেন। কৃষিমজুররা পাবেন ৩৩১/৩ শতাংশ। ইতিমধ্যে ২ হাজারের ওপর ইউনিট স্থাপিত হয়েছে; বাকি অংশের কাজ চলছে। এ ছাড়ও বর্তমান আর্থিক বছরে দার্জিলিং, বাঁকুড়া, বর্ধমান, মালদা, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, ২৪ পরগনা এবং হুগলি জেলার উপজাতি-অধ্যুষিত এলাকায় উপজাতি কল্যাণে হাঁস-মুরগির ৫৬০টি ইউনিট (প্রতি পরিবারে ১০টি পাখি এবং দাম বাবদ কেন্দ্রীয় সহায়তায় ৫০ শতাংশ অনুদান) এবং ডিপ-লিটার পদ্ধতিতে মুরগির ১১৬টি ইউনিট (প্রতি ইউনিটে ৫৫টি পাখি এবং দাম বাবদ রাজ্য সহায়তায় ৫০ শতাংশ অনুদান) স্থাপনের প্রস্তাব করা হয়েছে। ইতিমধ্যেই ১১৬টি মুরগি ইউনিট স্থাপনের কাজ চালু হয়েছে। সমভাবে, রাজ্যের তফসিলি শ্রেণীর কল্যাণে ৪৫০টি মুরগির ইউনিট স্থাপনের প্রস্তাব করা হয়েছে। ডিপ-লিটার পদ্ধতিতে পরিচালিত এই ইউনিটগুলির প্রতিটিতে ৫০টি করে ডিম-পাড়া মুরগি থাকবে। এই কর্মসূচী রূপায়ণে মুরগির দাম, ঘর নির্মাণ, খাবার, রোগ-প্রতিরোধ প্রভৃতির খরচ বাবদ ৫০ শতাংশ অনুদান এবং পরিবহন ও বিমা খরচের ১০০ ভাগ অনুদান হিসাবে দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

বর্তমান আর্থিক বছরের প্রথম আট মাসের মধ্যেই প্রায় ২.৫ লক্ষ বাচ্ছা ও প্রজননক্ষম মুরগি খামারীদের মধ্যে সরবরাহ করা হয়েছে। আশা করা যায় পুরো আর্থিক বছরে এই সংখ্যা দাঁড়াবে প্রায় ৪.৫ লক্ষ। ১৯৮০-৮১ সালের লক্ষ্য স্থিরীকৃত হয়েছে ৫.০০ লক্ষ।

বর্তমান আর্থিক বছরে এ রাজ্যে ডিম উৎপাদনের লক্ষ্য ছিল ৭৯ কোটি ১০ লক্ষ।

কিন্তু উৎপাদনের পরিমাণ দাঁড়াবে ৭৯ কোটি। ১৯৮০-৮১ সালে ডিম উৎপাদনের লক্ষ্য ৮২ কোটি ১০ লক্ষ। ঐ বছরে মুরগি উন্নয়ন পরিকল্প বাবদ খরচ মোট ১,৩৮,৩৯,০০০ টাকা ধরা হয়েছে।

**শূকর উন্নয়ন**

হরিণঘাটার আঞ্চলিক শূকর খামারে বাচ্ছা সহ শূকরের সংখ্যা ১,২৩৫টি হরিণঘাটার আঞ্চলিক খামার ছাড়াও আরও তিনটি শূকর খামার আছে। এর দুইটি দার্জিলিং জেলায়, একটি হরিণঘাটায়। গ্রামাঞ্চলে খামারীদরে প্রতিপালিত শূকর উন্নয়নের জন্য উন্নত জাতের শূকর সরবরাহ করা হয়। উদ্বৃত্ত শূকর হরিণঘাটা বেকন ফ্যাক্টরিতে সরবরাহ করা হয়। এখানে শূকরজাত মাংস উৎপাদিত হয়ে থাকে।

১৯৭৯ সালের নভেম্বর পর্যন্ত প্রায় ৮০০ শূকর প্রজননের কাজে খামারীদের সরবরাহ করা হয়েছে, ১০০টি পাঠানো হয়েছে দার্জিলিং এবং আর ১০০ সরবরাহ করা হয়েছে বেকন ফ্যাক্টরিতে।

বিশেষ পশুপালন প্রকল্পের অধীনে ২৪-পরগনা জেলায় ক্ষুদ্র/প্রান্তিক চাষী এবং কৃষি মজুরদের সহায়ক আয়ের জন্য ১০টি করে "ফ্যাটেনার", নিয়ে ১০০টি শূকর খামার স্থাপনের লক্ষ্য স্থিরীকৃত হয়েছে। শূকরের দাম, ঘর তৈরি, খাবার বাবদ মোট ব্যয়ের ২৫ শতাংশ অনুদান ক্ষুদ্র/প্রান্তিক চাষীকে এবং ৩৩⅓ শতাংশ অনুদান কৃষিমজুরদের দেওয়া হবে। বর্তমান আর্থিক বছরের নভেম্বর পর্যন্ত ৪৯টি ইউনিট এই প্রকল্পের আওতায় স্থাপিত হয়েছে।

এ ছাড়া বর্তমান আর্থিক বছরে জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মেদিনীপুর, ২৪-পরগনা এবং হুগলি জেলায় নিবিড় উপজাতি উন্নয়ন প্রকল্পের আওতাভুক্ত এলাকায় উপজাতি শ্রেণীর অর্থকরী কল্যাণের উদ্দেশ্যে ১৩৮টি শূকর উৎপাদন ইউনিট রাজ্য পরিকল্পনা মারফত এবং ৭৫টি ইউনিটে বিশেষ কেন্দ্রীয় সহায়তায় স্থাপনের প্রস্তাব করা হয়েছে। প্রতি ইউনিটে চারটি শূকরী ও একটি শূকর থাকবে। শূকরের দাম ও ঘর নির্মাণ খরচের ৫০ ভাগ অনুদান দেওয়া হবে। প্রতি ইউনিটের জন্য খাবার বাবদ ৩০০ টাকা, পরিবহন বাবদ ৭০ টাকা, ওষুধপত্র ও বিমা বাবদ ৭০ টাকা অনুদান দেওয়া হবে। ১৩৮ টি ইউনিট স্থাপনের কাজ চালু হয়েছে। কেন্দ্রীয় সরকারের বিশেষ আর্থিক সহযোগিতায় যে প্রকল্পের কর্মসূচী গ্রহণ করা হচ্ছে সে সম্বন্ধে সরকারি অনুমোদন এখনও পাওয়া যায় নি।

ঐ একই ধরনের কর্মসূচী এ রাজ্যের তফসিলি শ্রেণীর আর্থিক কল্যাণের জন্য রাজ্যের পরিকল্পনার আওতায় প্রস্তাবিত হয়েছে। ঐ কর্মসূচীতে এ রাজ্যের ২৪০টি শূকর উৎপাদন খামার স্থাপন করা হবে। প্রস্তাবটি এখনও সরকারের বিবেচনাধীন। ১৯৮০-৮১ সালে আরও কিছু প্রকল্প রূপায়িত হবে। এজন্য মোট ২ লক্ষ টাকা ধরা হয়েছে। এ ছাড়া বিশেষ কেন্দ্রীয় সহায়তায় দার্জিলিং জেলায় দুটি শূকর খামার স্থাপিত হবে।

**মেষ এবং ছাগ উন্নয়ন**

মেষ ও ছাগল গ্রামীণ অর্থনীতিতে এক বিশিষ্ট ভূমিকা পালন করে। হরিণঘাটা এবং দার্জিলিং জেলায় পেডঙে দুটি মেষ উৎপাদন খামার আছে। এ ছাড়া পুরুলিয়া, বাঁকুড়া,

মেদিনীপুর, বর্ধমান, মালদা এবং মুর্শিদাবাদ জেলায় অবস্থিত মেষ সম্প্রসারণ খামারে উন্নত জাতের মেষ প্রতিপালিত হয়। প্রজননের কাজে বিনামূল্যে এই মেষ খামারীদের দেওয়া হয়ে থাকে। তা থেকে খামারীগণ তাঁদের প্রতিপালিত মেষের উন্নয়ন করান। হরিণঘাটা এবং পেড়ঙে দুটি ছাগ-উৎপাদন খামার আছে। এছাড়া উপজাতি সম্প্রদায়ের আর্থিক কল্যাণের উদ্দেশ্যে সিউড়ি ও বাঁকুড়া জেলার রঞ্জিতপুরে ছাগ প্রদর্শন খামার আছে। এখানে উপজাতি সম্প্রদায়ের লোকেরা ছাগ-পালনের পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ নেন। বর্তমান আর্থিক বছরে বর্ধমান, বীরভূম, পুরুলিয়া বাঁকুড়া এবং দার্জিলিং জেলায় ১২১ জন ছোট প্রান্তিক চাষীকে শতকরা ৩৩'/. হারে অনুদান সহ ছাগ বিতরণের জন্য নির্বাচিত করা হয়েছে। প্রতি পরিবারকে পাঁচটি ছাগী ও একটি ছাগ দেওয়া হবে। এর দ্বারা তাঁদের বাড়তি আয়ের সুযোগ হবে। সমভাবে বর্তমান আর্থিক বছরে এ রাজ্যের তফসিলি ও উপজাতি সম্প্রদায়ের আর্থিক কল্যাণের জন্য যথাক্রমে ৫০০ এবং ১,৩৫৭ ছাগল প্রতিপালন ইউনিট এবং ২০০ ও ৪০৮ মেষ প্রতিপালন ইউনিট স্থাপনের প্রস্তাব করা হয়েছে। এই কর্মসূচীতে প্রতিটি তফসিলি পরিবারকে ১০টি ছাগী/মেষী ও একটি ছাগ/মেষ দেওয়া হবে। পশুর দাম, ঘর নির্মাণ ও খাবার বাবদ ৫০ ভাগ ভরতুকি এবং পরিবহণ, ওষুধপত্র ও বিমা বাবদ ১০০ ভাগ অনুদান দেওয়া হবে। আর উপজাতি সম্প্রদায়ের ক্ষেত্রে পরিবারপিছু পাঁচটি ছাগী/মেষী ও একটি ছাগ/মেষ দেওয়া হবে। এদের ক্ষেত্রে দাম বাবদ ৫০ ভাগ ভরতুকি এবং ওষুধ ও বীমা বাবদ ৯৩ টাকা ও তৎসহ পরিবহন খরচা বাবদ ১০০ টাকা এবং সফল প্রতিপালনে উৎসাহ সাহায্য হিসেবে ৩০ টাকা দেওয়া হবে। রাজ্যের উপজাতি-অধ্যুষিত এলাকায় উপজাতি সম্প্রদায়ের আর্থিক কল্যাণে মোট ১,৩৫৭ ছাগ প্রতিপালন ইউনিট এবং ৪০৮টি মেষ প্রতিপালন ইউনিট স্থাপনের কাজ এগিয়ে চলেছে।

খরাপ্রবণ এলাকা প্রকল্পের আওতায় মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম অঞ্চলে বর্তমান আর্থিক বছরে ১২৫টি ছাগ ইউনিট স্থাপনের প্রস্তাব করা হয়েছে। প্রতি ইউনিটে থাকবে পাঁচটি ছাগী ও একটি ছাগ। খরাপ্রবণ এলাকা বাঁকুড়া এবং পুরুলিয়ার ছোট, প্রান্তিক চাষী ও কৃষিমজুরদের মধ্যে ৪২৫টি করিডেল ও উন্নত জাতের মেষ এবং ছয় হাজার দেশি মেষ বিতরণের কাজ চালু হয়েছে। ১৯৮০-৮১ সালের জন্য ঐ একইরূপ প্রকল্পের প্রস্তাব করা হয়েছে। এজন্য ১৯৮০-৮১ সালের আর্থিক বছরে ছাগ ও মেষ উন্নয়ন খাতে ৫,৭৫,০০০ টাকা ধরা হয়েছে; অর্থাৎ বর্তমান আর্থিক বছরের তুলনায় ৩,৯১,০০০ টাকা বেশি।

**খরাত্রাণ ও সেবা**

বর্তমান আর্থিক বছরে গোটা পুরুলিয়া জেলা এবং বাঁকুড়া ও মেদিনীপুর জেলার অংশবিশেষ খরার দরুন সাংঘাতিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতির তালিকায় আছে ৫৪টি ব্লক, ১৩,৯৬৮টি গ্রাম। এরই ফলে দুর্দশাগ্রস্ত গরুবাছুরের সংখ্যা প্রায় ৩,৯৩,০০০টি।

সমস্যার তীব্রতা অচিন্তনীয়। সমস্যার মোকাবিলায় সংগৃহীত ত্রাণসামগ্রী দুর্দশাগ্রস্ত গরুবাছুরের সামান্যতম অংশেরই প্রয়োজন মিটিয়েছে। আন্তরিক প্রয়াস সত্ত্বেও সমগ্র দুর্দশাগ্রস্ত গরুবাছুরের প্রয়োজনীয় ত্রাণসামগ্রী যোগান দেওয়া সম্ভব হয় নি।

যা হোক খরাজনিত দুর্দশার মোকাবিলায় এইসব জেলায় দু'ধরনের ত্রাণের ব্যবস্থা করা হয়েছে। যথা—

(ক) পঞ্চায়েতের মাধ্যমে বিনামূল্যে গো-খাদ্য সরবরাহ ঃ

(খ) ত্রাণ-শিবির স্থাপন এবং সেখান থেকে বিভাগীয় পরিচালনায় গো-খাদ্য সরবরাহ।

'ক' বর্ণিত ত্রাণব্যবস্থার পদ্ধতি হল পঞ্চায়েত কর্তৃক নির্বাচিত দরিদ্রতম খামারীর গ্রামপিছু দশটি গরুকে খাবার সরবরাহ হিসেবে দেওয়া হয়েছে গরুপিছু দৈনিক ২ কেজি বিচালী এবং ২৫০ গ্রাম সুষম খাবার। এই পকল্পের লক্ষ্যমাত্রা ছিল পুরুলিয়া, বাঁকুড়া, এবং মেদিনীপুর জেলায় যথাক্রমে ২৫,০০০, ১৭,৭১০ এবং ৩,০০০ গরুর ত্রাণসামগ্রীর যোগান। 'খ' বর্ণিত কর্মসূচী অনুসারে পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় দুটি করে মোট চারটি ত্রাণ-শিবির খোলা হয়েছে। প্রতি ত্রাণ-শিবিরে দৈনিক ২০০টি গরুর খাদ্য ও পানীয় জলের যোগান দেওয়া হয় এবং তৎসহ রোগব্যাধির প্রয়োজনীয় ওষুধপত্র।

এই প্রকল্পের জন্য বর্তমান আর্থিক বছরে উপরি-উক্ত তিনটি জেলার দরুন ১৪,৫৪,৫০০ টাকা মঞ্জুর হয়েছে। উক্ত জেলাগুলি ছাড়াও মুর্শিদাবাদ জেলায় গরুবাছুরের জন্য খরা-ত্রাণের ব্যবস্থা নেওয়া হয়েছে। এ কারণে এক লক্ষ টাকা মঞ্জুর হয়েছে। ইতিমধ্যেই ১৯৫ মেট্রিক টন বিচালী এবং ২৫ মেট্রিক টন সুষম খাবার ঐ জেলায় সরবরাহ করা হয়েছে।

হিসাব অনুযায়ী বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলায় খরা-ত্রাণ কর্মসূচী অনুসারে মোট ৩৮৭ মেট্রিক টন সুষম খাবার, মানুষের অনুপোযোগী ২২৫ মেট্রিক টন দানাশস্য এবং ৩৮৪ মেট্রিক টন বিচালী সরবরাহ করা হয়েছে। এ পর্যন্ত ২২,০০০ গরুবাছুরের খাদ্য, পানীয় জল ও প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করা হয়েছে। ত্রাণের কর্মসূচীতে বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলায় এখনও চালু আছে।

খরা, বন্যা জাতীয় আকস্মিক ও অভাবনীয় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত গবাদি পশুর ত্রাণ এবং সেবার দরুন আগামী আর্থিক বছরে পশুপালন দপ্তরের পরিকল্পনা খাতে ২ লক্ষ টাকা এবং পরিকল্পনা-বহির্ভূত ত্রাণ খাতে ২০ লক্ষ টাকা ধরা হয়েছে।

**শিক্ষা ও প্রশিক্ষণ**

দেশে আজকাল পশুপালনে মানুষের আগ্রহ বেড়েছে। পশুপালনের দিকে গ্রামের বেকার মানুষও আয়ের জন্য এগিয়ে আসছেন। এদের মধ্যে তাই প্রতিপালন, প্রজনন, খাদ্য, রোগব্যাধির প্রতিকার ইত্যাদি বিষয়ে প্রাথমিক এবং আবশ্যিক জ্ঞান বিস্তারের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে। এই উদ্দেশ্যে এবং গ্রাম ও শহরের বেকার যুবকরা যাতে স্বনির্ভরতার পথ খুঁজে পান সেজন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম চালু আছে ঃ—

| | |
|---|---|
| ১। সরকারি মুরগি খামার, টালিগঞ্জ | মুরগি-প্রতিপালন |
| ২। সরকারি মুরগি খামার, মেদিনীপুর | |
| ৩। সরকারি মুরগি খামার, কার্শিয়াং | |
| ৪। হরিণঘাটা-কল্যাণী খামার | |
| ৫। ডেয়ারী ডিমনস্ট্রেশন-কাম-ফার্মার্স ট্রেনিং সেন্টার, | গো-পালন |

সেন্ট মেরি, কার্শিয়াং

৬। আঞ্চলিক শূকর প্রজনন খামার, হরিণঘাটা — শূকর-পালন

৭। মেষ প্রজনন খামার, কল্যাণী — মেষ ও ছাগ-প্রতিপালন

গ্রামের বেকার শিক্ষার্থীদের নির্বাচনের ব্যাপারে সরকারকে সাহায্যের জন্য অনুরোধ করা হবে। বর্তমান আর্থিক বছরের নভেম্বর পর্যন্ত ৫৯১ জন শিক্ষার্থীকে পশুপালন প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আশা করা যায় ১,৫৬০ জন শিক্ষার্থীর প্রশিক্ষণ দেবার লক্ষ্য পূরণ হবে। এর মধ্যে ৬৯০ জন তফসিলি সম্প্রদায়ভুক্ত। ১৯৮০-৮১ সালের লক্ষ্য ২,০০০ শিক্ষার্থী।

**পশুচিকিৎসা**

পশু ও পাখির স্বাস্থ্যরক্ষার সঙ্গে তাদেরলাভজনক উৎপাদনবৃদ্ধি ওতঃপ্রোতভাবে জড়িত। পশু ও পাখির স্বাস্থ্যরক্ষার কর্মসূচী সম্প্রসারণ করা একান্ত দরকার—এই নীতির ভিত্তিতে পশু ও পাখির স্বাস্থ্যরক্ষার বিষয়ে নানা প্রকল্প গ্রহণ করা হয়েছে।

**গ্রামাঞ্চলে পশুচিকিৎসা সাহায্য ও সেবা**

পশুচিকিৎসা অধিকার গ্রামাঞ্চলে ৩৩৫টি ব্লক ডিসপেনসারী, ৫৯৭টি পশুচিকিৎসা সাহায্য কেন্দ্র এবং ৭৮টি ভ্রাম্যমাণ ক্লিনিকের সাহায্যে পশু ও পাখির চিকিৎসার কাজ চালিয়ে যাচ্ছেন। বর্তমান আর্থিক বছরে রাজ্যের বিভিন্ন অঞ্চলে আরও ২১০টি সাহায্যকেন্দ্রকে পশুচিকিৎসা ডিসপেনসারীতে উন্নীত করার অনুমোদন পাওয়া গিয়েছে। এর দরুন সহায়ক কেন্দ্রের বর্তমান সংখ্যা কমে যাচ্ছে। সঙ্গে সঙ্গে সহায়ক কেন্দ্র বৃদ্ধি করে সংখ্যাপূরণ করা হবে। সাধারণ পরিকল্পনার অধীনে আটটি এবং বিশেষ উপজাতি উন্নয়ন কর্মসূচীর অধীনে আরও চারটি ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্র স্থাপনের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। সুন্দরবন এলাকায় স্পিডবোটের উপর দুটি ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্র খোলার প্রস্তাব অনুমোদিত হয়েছে। আশা করা যায় শীঘ্রই এগুলির কাজ শুরু হবে। এ ছাড়া তাঁবুতে আরও দুটি ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্র খোলার প্রস্তাব করা হয়েছে। ১৯৮০-৮১ সালে আরও বেশি সংখ্যক পশুচিকিৎসা সেবা কেন্দ্র এবং ছোট গাড়িতে ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্র খুলে দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলের পশুপাখিদের চিকিৎসার ব্যবস্থা করা হবে। এজন্য আগামী আর্থিক বছরে ২৩ লক্ষ টাকা ধরা হয়েছে।

**শহরাঞ্চলের পশুচিকিৎসা ও সেবা**

শহরাঞ্চলে সাধারণত পশুচিকিৎসা হাসপাতাল থেকে পশু ও পাখির চিকিৎসা করা হয়। হাসপাতালগুলি বিভিন্ন জেলা ও মহকুমা শহরে অবস্থিত হলেও গ্রামাঞ্চলে পশুপাখির চিকিৎসাও এই হাসপাতালগুলি থেকে চালানো হয়। এ রাজ্যে বর্তমানে ৮৪টি পশুচিকিৎসা হাসপাতাল আছে। আরও তিনটি হাসপাতাল স্থাপনের প্রস্তাব গ্রহণ করা হয়েছে। আগামী বছরে আরও ছয়টি হাসপাতাল স্থাপনের পরিকল্পনা আছে। সেই সঙ্গে হাসপাতালগুলির নবীকরণ, নতুন গৃহনির্মাণ ও প্রসারিত করার প্রস্তাব রয়েছে। ১৯৮০-৮১ সালের বাজেটে এ বাবদ ৫৫ লক্ষ টাকা ধরা আছে। পশুপাখি চিকিৎসা সম্প্রসারণ করার লক্ষ্য নিয়েই এ বরাদ্দ টাকা ধরা হয়েছে।

**পশুরোগ নিয়ন্ত্রণ ও রোগ প্রতিরোধ কর্মসূচী**

"প্রতিরোধ আরোগ্য অপেক্ষা শ্রেয়ঃ"—এই নীতিবাক্যটি "ভাইরাস" জনিত রোগ সম্বন্ধে বিশেষভাবে প্রযোজ্য। কারণ এই রোগ থেকে আরোগ্যলাভ নিশ্চিত নয়। পশু ও পাখির মধ্যে এই রোগ নিয়ন্ত্রণের একমাত্র নির্ভরযোগ্য উপায় হল সংগঠিতভাবে ব্যাপকহারে টিকাদান।

এই নীতির ভিত্তিতেই পশুপক্ষীর রোগ প্রতিকার এবং উচ্ছেদের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এই আর্থিক বছরে পশ্চিম বাংলার কতকগুলি জেলা খরাক্লিষ্ট হয়েছিল। খরাক্লিষ্ট এলাকা বাঁকুড়া এবং পুরুলিয়া জেলাতে ক্যাম্প করে পশুচিকিৎসার কাজ তড়িৎগতিতে সম্পাদিত হয়েছে এবং বিনামূল্যে পশুখাদ্য বিতরণ করাও হয়েছে। মহামারী প্রতিরোধ, সংক্রামক রোগের প্রতিকার এবং রোগ অনুসন্ধানের কাজও হাতে নেওয়া হয়েছে। রিন্ডারপেস্ট রোগ উচ্ছেদ, ফুট অ্যান্ড মাউথ রোগের টিকাদান, পার্বত্য এলাকার বিশেষ রোগব্যাধি প্রতিকার সম্পর্কিত বিভিন্ন প্রকল্প এবং দৈনন্দিন অনুসন্ধান ও গবেষণার কাজ চালু আছে। পশু থেকে মানুষে যে সমস্ত রোগ সংক্রামিত হয় তার মধ্যে ব্রুসেলোসিস অন্যতম। সেজন্য ব্রুসেলোসিস কন্ট্রোল ল্যাবরেটরী স্থাপনের প্রস্তাব বর্তমান আর্থিক বছরে অনুমোদিত হয়েছে। ল্যাবরেটরী দুটি যথাক্রমে বর্ধমান ও জলপাইগুড়ি জেলায় স্থাপিত হবে। "ম্যাসটাইটিস" রোগ পশুপালন শিল্পে আর্থিক ক্ষতি করে। বর্তমান আর্থিক বছরে এ বিষয়ে একটি প্রকল্প অনুমোদিত হয়েছে। ১৯৮০-৮১ সালে এই প্রকল্পের কাজ বিভিন্ন জেলায় চালু হবে। বর্তমান আর্থিক বছরে দুটি প্যারাসাইটিক কন্ট্রোল ইউনিট অনুমোদিত হয়েছে। আরও চারটি ক্লিনিক্যাল ল্যাবরেটরীর প্রস্তাব সরকারের বিবেচনাধীন।

"ফুট অ্যান্ড মাউথ" অত্যন্ত সংক্রামক রোগ। বিশেষত সংকর গরুবাছুরের পক্ষে খুবই ক্ষতিকারক। এ রোগে মৃত্যুর হার কম হলেও ইহা উৎপাদনশক্তি বিনষ্ট করে। এ রোগ প্রতিরোধের টিকাদান প্রকল্প চালু আছে। অনুসন্ধান ও পর্যালোচনা কর্মসূচী অনুসারে পশু মহামারী রোগ সংক্রান্ত প্রতিকার ও প্রতিরোধের কাজ চলছে।

গরু-ভেড়া-ছাগলের ক্ষেত্রে রিন্ডারপেস্টও একটি ভয়াবহ রোগ। এই রোগ উৎপাদন ব্যাহত করে। রিন্ডারপেস্ট উচ্ছেদ কর্মসূচী চালু আছে। রিন্ডারপেস্ট উদ্দেশ্যে গোট-টিসু ভ্যাকসিন উৎপাদনের কর্মসূচীও চালু আছে।

**পশুরোগ অনুসন্ধান ও গবেষণা**

এই পকল্পে প্যারাসাইট ব্যাকটিরিয়া ঘটিত এবং অন্যান্য রোগ ও ফুট অ্যান্ড মাউথ রোগ সম্পর্কে সুসংবদ্ধভাবে অনুসন্ধানের কাজে হাত দেওয়া হয়েছে। এ ছাড়া শূকর, মেষ ও ছাগলের বিশেষ রোগ সম্পর্কে অনুধাবন ও প্রতিকারের কাজে হাত দেওয়া হয়েছে। এই প্রকল্পে কিছু সংখ্যক সরকারি কর্মীকে রোগ প্রতিরোধ বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

**জৈব দ্রব্য সমূহের উৎপাদন ও বন্টন**

বর্তমানে পশুচিকিৎসা অধিকার আওতায় বায়োলজিক্যাল প্রোডাক্ট ডিভিসনে পশু ও মুরগির রোগ সংক্রান্ত ১২টি প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ টিকা তৈরি হয়। ডিভিসনটি সম্প্রসারণের কর্মসূচী চালু আছে। নিচের হিসাব অগ্রগতির পরিচয় দেবে ঃ

জৈব দ্রব্য প্রস্তুতের পরিমাণ—ডোজের হিসাবে

| | | | |
|---|---|---|---|
| এপ্রিল, ১৯৭৮—মার্চ, ১৯৭৯ | ... | ... | ১,৩৯,৭১,৯২৬ |
| এপ্রিল, ১৯৭৯—ডিসেম্বর, ১৯৭৯ | ... | ... | ১,১৭,৭০,৭৯৭ |

**কেন্দ্রীয় ঔষধালয়**

দ্রুত উৎপাদন, সংগ্রহ ও বন্টনের সুবিধার জন্য এ রাজ্যে পশুচিকিৎসা অধিকারের আওতায় একটি কেন্দ্রীয় ঔষধালয় এবং ১২টি সাব-ডিপো রাজ্যের বিভিন্ন এলাকায় চালু আছে। ১৯৭৯-৮০ সালে আরও দুইটি সাব-ডিপো স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**কসাইখানা আধুনিকীকরণ**

ওয়েস্ট বেঙ্গল লাইভস্টক প্রসেসিং ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড কর্তৃক এ রাজ্যের কসাইখানাগুলি আধুনিকীকরণ ব্যবস্থা চলছে। এই কর্পোরেশনকে শেয়ার ক্রয়ে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। আন্দুলমৌরী গ্রামে একটি আধুনিক কসাইখানা এবং দুর্গাপুরে একটি "মিট প্রসেসিং প্ল্যান্ট" স্থাপনের কাজ চলছে। বর্তমান আর্থিক বছরে ২০ লক্ষ টাকার ইকুইটি শেয়ার ক্রয়ের প্রস্তাব সরকারের অনুমোদন লাভ করেছে। কর্পোরেশন কর্তৃক গৃহীত কর্মসূচী সুসম্পাদনার সহায়তায় ১৯৮০-৮১ সালে সরকার কর্তৃক ৪১ লক্ষ টাকার শেয়ার ক্রয়ের প্রস্তাব আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশুপালন ও পশুচিকিৎসা বিভাগ কর্তৃক সম্পাদিত কার্যসমূহের সংক্ষিপ্ত পর্যালোচনা আমি করেছি। এবং পশুসম্পদ রক্ষা ও তার উন্নতিবিধানের উদ্দেশ্যে ১৯৮০-৮১ সালের প্রস্তাবও আমি রেখেছি। আমি উল্লেখ করতে চাই যে আমার বিভাগের অফিসার ও কর্মিবৃন্দ পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও মুর্শিদাবাদ জেলার খরাপীড়িত অঞ্চলে পঞ্চায়েতগুলির সহায়তায় পশুপক্ষীর জীবনরক্ষায় প্রশংসনীয় ভূমিকা গ্রহণ করেছিলেন। ১৯৮০-৮১ সালে কর্মসূচীর সফল রূপায়ণের জন্য আমি এই বিভাগের অফিসার ও কর্মিবৃন্দকে আহ্বান জানাই। আমার আন্তরিক বিশ্বাস যে, বিধানসভার মাননীয় সদস্যগণ তাঁদের সহযোগিতা প্রসারিত করে ১৯৮০-৮১ সালের জন্য প্রস্তাবিত কর্মসূচী সফল করতে সাহায্য করবেন।

মহাশয়, আমি প্রস্তাব করছি যে, ৫৫নং দাবির অন্তর্ভুক্ত "৩১০—অ্যানিম্যাল হাজব্যান্ড্রী", "৫১০—ক্যাপিটাল আউটলে অন অ্যানিম্যাল হাজব্যান্ড্রী (এক্সক্লুডিং পাবলিক আন্ডারটেকিংস)" এবং "৭১০—লোনস ফর অ্যানিম্যাল হাজব্যান্ড্রী" খাতে ১৯৮০-৮১সালের জন্য ১৪,৪৯,৩৬,০০০ (চৌদ্দ কোটি উনপঞ্চাশ লক্ষ ছত্রিশ হাজার) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদন করা হোক।

সরকারি দুগ্ধ প্রকল্পগুলি চালু রাখা এবং দোহ উন্নয়ন প্রকল্পগুলির রূপদানের জন্য এই ব্যয়মঞ্জুর প্রয়োজন।

**কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প**

বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারী এবং হরিণঘাটা ডেয়ারীর দৈনিক দুধ উৎপাদন ক্ষমতা

৩.৫০ লক্ষ লিটার। এই দুটি ডেয়ারী থেকে হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠান সমেত প্রায় ২ লক্ষ ৭০ হাজার ক্রেতাকে ৭৪৭ বিতরণ কেন্দ্রের মাধ্যমে দৈনিক প্রায় ২,১৬,৭০০ লিটার দুধ কলিকাতা এবং ২৪-পরগনা, হাওড়া, হুগলি, নদীয়া ও মেদিনীপুর জেলার মফস্বল অঞ্চলে সরবরাহ করা হচ্ছে।

সীমিত মাত্রায় ফ্লেভার্ড মিল্ক এবং ঘি সরবরাহ করা হচ্ছে।

কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের অন্তর্ভুক্ত ডেয়ারী ফ্যাক্টরীগুলির কাজের উন্নতির জন্য হরিণঘাটা ডেয়ারীর রেফ্রিজারেশন প্ল্যান্টের কন্ডেনসার এবং স্টিম পাইপ লাইনের নবীকরণ করার ব্যবস্থা হয়েছে। এ ছাড়া আছে বয়লার স্থাপন, পলিথিনের থলিতে দুধ বিতরণের জন্য "স্যাচেট ফিলিং মেশিন" স্থাপন, গৃহাদির সংস্কার ও পরিবর্ধন, দুধের গাড়ি রাখবার স্থানের এবং লোডিং ডকের সম্প্রসারণ। সল্ট লেক অঞ্চলে গাড়ি মেরামতের কারখানা ও গাড়ি রাখবার জন্য গ্যারেজ স্থাপন, কর্মচারীদের জন্য বিশ্রামাগার ও ক্যান্টিন স্থাপন, হরিণঘাটায় হিমঘরের নবীকরণ এবং ডেয়ারীর উৎপাদন ক্ষমতা অনুযায়ী অতিরিক্ত দুধ আনা নেওয়ার জন্য প্রয়োজনীয় দুধের গাড়ির ভারি মেরামতি সুবিধার সম্প্রসারণ।

**দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প**

দুর্গাপুর ডেয়ারী থেকে বর্তমানে প্রায় ২০,০০০ ক্রেতাকে দৈনিক গড়ে ১৪,০০০ লিটার দুধ সরবরাহ করা হচ্ছে। /হিমক্রিম* সহ যে সমস্ত দুগ্ধজাত দ্রব্য দুর্গাপুর ডেয়ারীতে উৎপন্ন হয়, সেগুলি এজেন্ট মারফত বিক্রয় করা হয়।

বর্তমান পরিকল্পনায় এ ডেয়ারীতেও "স্যাচেট ফিলিং" ব্যবস্থা প্রবর্তনের প্রস্তাব রয়েছে ক্রেতাসাধারণের কাছে যে দুধ সরবরাহ করা হয় তাতে যে কোন রকম ভেজালের বিরুদ্ধে এ ব্যবস্থা একটা রক্ষাকবচ। সম্প্রসারণ কার্যসূচির মধ্যে এ ছাড়া আছে যন্ত্রপাতির নবীকরণের ব্যবস্থা এবং অফিসার ও কর্মচারীদের জন্য বাসগৃহের সংস্থান।

**নতুন ডেয়ারী স্থাপন**

বর্ধমান ডেয়ারী নির্মাণের ভার দেওয়া হয়েছে ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের উপর। কারখানা-গৃহ স্থাপন, যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপনের কাজের বেশির ভাগই সম্পন্ন হয়েছে। বর্তমান পরিকল্পনার কার্যসূচির মধ্যে আছে গৃহনির্মাণ, যন্ত্রপাতি স্থাপন, বৈদ্যুতিকরণ ও অন্যান্য আনুষঙ্গিক কাজের অসমাপ্ত অংশ শেষ করা। বড় কোন অসুবিধা না হ'লে বর্ধমান ডেয়ারীটি আগামী আর্থিক বছরের মধ্যে চালু হওয়ার আশা আছে।

কৃষ্ণনগর ডেয়ারী স্থাপনের জন্য কৃষ্ণনগরের রুইপুকুরে একখণ্ড জমি অধিগ্রহণ করা হয়েছে। অনুমতি ১১৬.৩০ লক্ষ টাকা ব্যয়ে ঠিকার ভিত্তিতে এই ডেয়ারী নির্মাণের ভার ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের উপর ন্যস্ত করা হয়েছে। কারখানা-গৃহ-নির্মাণ, যন্ত্রপাতি ক্রয় ও স্থাপনের জন্য বর্তমান বৎসরে উক্ত কর্পোরেশনকে ৫২ লক্ষ টাকা ইতিমধ্যেই হস্তান্তর করা হয়েছে। আগামী আর্থিক বছরে এ বাবদে বাজেটে ৪৩ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে।

**উদ্বৃত্ত নিম্নমানের দুধের অর্থকরী ব্যবহারের জন্য গবেষণা প্রকল্প**

দোহশালায় সংগৃহীত, উদ্বৃত্ত ও নিম্নমানের দুধের অর্থকরী ব্যবহারের জন্য যে গবেষণা প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে, সেখানে বিস্কুট, টফি, ইন্ডাস্ট্রিয়াল কেজিন প্রভৃতি তৈরি করে কিছু পরিমাণে নষ্ট দুধ কাজে লাগানো সম্ভব হয়েছে। ঘোলের সাহায্যে ল্যাকটিক অ্যাসিড তৈরি এবং নিম্নমানের দুধের সাহায্যে পনির তৈরির জন্য একটি গবেষণা প্রকল্প চালু করার কথা চিন্তা করা হচ্ছে।

**ঘি উৎপাদন ব্যবসায়ে ঘিয়ের মান নির্দিষ্টকরণের জন্য গবেষণা প্রকল্প**

ঘি উৎপাদন ব্যবসায়ের ক্ষেত্রে ঘিয়ের নির্দিষ্টকরণের জন্য একটি গবেষণা প্রকল্পের কাজ শুরু করা হয়েছে। এই গবেষণা প্রকল্পের ব্যয়ের ৫০ শতাংশ ভারতীয় কৃষি গবেষণা পর্ষদের কাছ থেকে পাওয়া যাবে।

লবণ হ্রদ দৈনিক ৫,০০০ লিটার আইসক্রীম তৈরির একটি প্রকল্পের জন্য ১৯৮০-৮১ সালের বাজেটে অর্থবরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পের অধীনে দীর্ঘস্থায়ী জীবাণুমুক্ত দুধ তৈরির ব্যবস্থাও রয়েছে।

এ ছাড়া কলিকাতা দুগ্ধ প্রকল্প, দুর্গাপুর ডেয়ারী ও বর্ধমান ডেয়ারীর কর্মচারীদের বাসগৃহ নির্মাণ প্রকল্পের অসমাপ্ত কাজ শেষ করার জন্য, গ্রামীণ দোহ সম্প্রসারণের কাজ চালু রাখার জন্য, দোহ সমবায় সমিতি স্থাপন বিষয়ে সহায়তা দান এবং হরিণঘাটা মিল্ক কলোনীতে দুধের উৎপাদন বৃদ্ধির জন্য গাভী ক্রয়ের সুবিধার্থে ঋণদানের ব্যবস্থা চালু রাখার জন্য বাজেটে অর্থবরাদ্দ করা হয়েছে।

দোহ উন্নয়নের অধিকারের অধীনে বর্তমানে আর্থিক বৎসরে সম্পাদিত কার্যাবলীর পরিসংখ্যান তত্ত্ব

| | |
|---|---|
| ১। বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প— | |
| (ক) বেলগাছিয়া এবং হরিণঘাটা দোহশালা থেকে দৈনিক দুগ্ধ সরবরাহের পরিমাণ | ২,১৬৭০০ লিটার |
| (খ) দুগ্ধজাত দ্রব্যাদি সরবরাহের দৈনিক পরিমাণ— | |
| (১) ফ্লেভার্ড মিল্ক . .. | ৫৫০ বোতল (প্রতিটি ২৫০ মিলিলিটার) |
| (২) ঘি .. .. | ২০০ কিগ্রাঃ |
| (গ) গ্রাহক সংখ্যা .. . | ২,৬৯৮৪২ |
| (ঘ) দুগ্ধ বিতরণ কেন্দ্রের সংখ্যা .. . | ৭৪৭ |
| (ঙ) সরকারি দুগ্ধ সরবরাহ ব্যবস্থার (কলিকাতা-বহির্ভূত) অঞ্চল | হুগলি জেলার অন্তর্গত উত্তরপাড়া, শ্রীরামপুর, চন্দননগর, চুঁচুড়া, ব্যান্ডেল, |

ও হুগলি, হাওড়া জেলার অন্তর্গত বালি; ২৪-পরগনা জেলার অন্তর্গত টিটাগড়, বারাকপুর, সোদপুর, খড়দহ, রহড়া, নিমতা, বেলঘরিয়া; নদীয়া জেলার অন্তর্গত কল্যাণী, কাঁচরাপাড়া, কৃষ্ণনগর, শান্তিপুর ও রানাঘাট; ওয়েস্ট বেঙ্গল ডেয়ারী অ্যান্ড পোল্ট্রী করপোরেশন লিমিটেডের মাধ্যমে মেদিনীপুর জেলার অন্তর্গত খড়গপুর, মেদিনীপুর এবং হলদিয়া।

(চ) দুগ্ধ সংগ্রহ কেন্দ্রের সংখ্যা . . ১৮

(ছ) ১৯৭৮-৭৯ এবং ১৯৭৯-৮০ সালে (জানুয়ারি, ১৯৮০ পর্যন্ত) বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের অধীনে সরবরাহকৃত বিভিন্ন প্রকার দুগ্ধের দৈনিক পরিমাণ—

| | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ (জানুয়ারি, ১৯৮০ পর্যন্ত) |
|---|---|---|
| | লিটার | লিটার |
| গোদুগ্ধ . . . . . . | ২১,৭২৯ | ২০,৮০০ |
| টোনড দুধ . . . . | ১,৬৫,৯২২ | ১,৬২,১০০ |
| ডাবল টোনড দুধ . . . . | ৩১,৭৩৪ | ৩৩,৮০০ |
| মোট | ২,১৯,৩৮৫ | ২,১৬,৭০০ |

২। দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প—

(ক) দৈনিক দুগ্ধ সরবরাহ পরিমাণ . . ১৪,০০০ লিটার

(খ) হিমক্রীম (দুগ্ধজাত দ্রব্য) সরবরাহের মাসিক পরিমাণ . . ১,৫০০ কাপ

অতিরিক্ত পরিমাণ দুগ্ধ সংগৃহীত হইলে
হিমক্রীম উৎপাদন পরিমাণ বৃদ্ধি পাইবে।

(গ) গ্রাহক সংখ্যা . . . . ২০,০০০ প্রায়

(ঘ) দুগ্ধ সংগ্রহ কেন্দ্রের সংখ্যা . . ৩টি

**বিশ্বখাদ্য সূচীর ৬১৮ নং প্রকল্প**

বিশ্বখাদ্য সূচির ৬১৮ নং প্রকল্পের (অপারেশন ফ্লাড-১) অধীনে দোহ উন্নয়ন ও দুগ্ধ সরবরাহ সংক্রান্ত বিভিন্ন প্রকল্প এই রাজ্যে নেওয়া হয়েছে এবং এই বিভাগের অধীনস্থ প্রোজেক্ট অফিস কর্তৃক এই প্রকল্পটি রূপায়িত হচ্ছে।

১৯৭৯-৮০ সালে ডানকুনির মাদার ডেয়ারী থেকে দুধ সরবরাহের পরিমাণ বৃদ্ধি পেয়েছে এবং এই দুধ সরবরাহের পরিমাণ বর্তমানে দৈনিক গড়ে প্রায় ৪২,০০০ লিটার। পলিথিনের প্যাকেটে এবং কলকাতার বিভিন্ন অঞ্চলে অবস্থিত সাতটি "বাল্ক ভেন্ডিং বুথের" মাধ্যমে এই দুধ সরবরাহ করা হচ্ছে। কলকাতা শহরে দুধ বিতরণের এই ব্যবস্থা সম্পূর্ণ নতুন এবং বৃহত্তর কলকাতার বিভিন্ন অঞ্চলে এই প্রকার আরও ২০০টি বুথ স্থাপনের জন্য উপযুক্ত স্থান অনুসন্ধান করা হচ্ছে। মাদার ডেয়ারী সম্বন্ধে জ্ঞাতব্য তথ্যাদি মাননীয় সদস্যগণের অবগতির জন্য টেবিল রাখা হয়েছে।

বহরমপুরে দৈনিক ১ লক্ষ লিটার দুধ উৎপাদন ক্ষমতাবিশিষ্ট একটি শাখা ডেয়ারী স্থাপনের কাজ আরম্ভ হয়েছে। এই ডেয়ারীটি স্থাপনের অনুমিত ব্যয় ধরা হয়েছে দুই কোটি আট লক্ষ টাকা। ঠিকার ভিত্তিতে গোটা পরিকল্পনার কাজের ভার ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের উপর ন্যস্ত করা হয়েছে।

মেদিনীপুর জেলার অন্তর্গত চন্দ্রকোণা রোডে একটি চিলিং প্ল্যান্ট স্থাপন করা হয়েছে এবং ঐ প্ল্যান্টের কাজ শুরু করা হয়েছে। ঐ জেলার আরও একটি চিলিং প্ল্যান্ট স্থাপনের প্রস্তাব রয়েছে।

বেলডাঙ্গা চিলিং প্ল্যান্ট সম্প্রসারণের কাজ অগ্রসর হচ্ছে এবং আশা করা যায় যে, এই কাজ বর্তমান বছরের মধ্যে শেষে হবে।

শংকর প্রজননের কাজে ব্যবহারের উদ্দেশ্যে তরল নাইট্রোজেন উৎপাদনের জন্য প্রতি ঘন্টায় ৬ লিটার উৎপাদন ক্ষমতাবিশিষ্ট তিনটি তরল নাইট্রোজেন প্ল্যান্ট সংগ্রহ করা হয়েছে। এই প্ল্যান্টগুলি মাটিগাড়া, বেলডাঙ্গা এবং মেদিনীপুরে স্থাপন করা হবে। বেলডাঙ্গায় নাইট্রোজেন প্ল্যান্ট স্থাপনের কাজ সম্পূর্ণ হয়েছে। মাটিগাড়ার কাজ হাতে নেওয়া হয়েছে এবং গৃহনির্মাণের কাজ শেষ হলে মেদিনীপুরে প্ল্যান্ট স্থাপনের কাজে হাত দেওয়া হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হয়েছে।

বিদ্যুৎ ঘাটতিজনিত সমস্যা সমাধানের জন্য ডানকুনি মাদার ডেয়ারী এবং মাটিগাড়া ডেয়ারীতে বিদ্যুৎ উৎপাদন যন্ত্র বসানো হয়েছে। অনুরূপ যন্ত্র শিলিগুড়িস্থিত পশুখাদ্য উৎপাদন কারখানাতেও বসানো হয়েছে।

শিলিগুড়িতে পুংবীজ শুষ্ককরণের একটি কেন্দ্র স্থাপন করা হচ্ছে। আমদানি-করা যন্ত্রপাতি নির্মাণ কেন্দ্রটির হস্তগত হয়েছে। এর ফলে বকেয়া কাজ শীঘ্রই শেষ করা যাবে।

দুগ্ধ উৎপাদকের সমবায় সমিতিসমুহের মাধ্যমে দার্জিলিং, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, নদীয়া এবং মেদিনীপুর জেলায় নিবিড় গো-উন্নয়ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে। আমলের অনুসরণে গঠিত দুগ্ধ উৎপাদক সমিতিসমূহের তিনটি ইউনিয়ন বর্তমানে পশ্চিমবঙ্গে কর্মরত রয়েছে। এই তিনটি ইউনিয়নের অধীনে ৫১২টি প্রাথমিক সমিতি রয়েছে। সমিতিগুলির মাধ্যমে সদস্যদের কাছ থেকে দৈনিক প্রায় ২৪,০০০লিটার দুধ স্থানীয় চাহিদা পূরণের উদ্দেশ্যে এবং ডেয়ারীগুলির প্রয়োজন পূরণের জন্য সংগৃহীত হয়।

নদিয়া জেলার রাণাঘাটে দুগ্ধ সম্ভাবনাপূর্ণ অঞ্চলে আরও একটি সমবায় দুগ্ধ ইউনিয়নের স্থাপনের কাজের সূত্রপাত হয়েছে।

শিলিগুড়ি অঞ্চলে "হিমুল" কিছু পরিমাণ দুগ্ধ পলিথিনের থলিতে বিক্রি করছে। এছাড়া আছে ক্যানেন্সর দুধ। প্রতিরক্ষা বাহিনীকেও এখান থেকে পাইকারী হারে দুধ বিক্রি করা হয়।

তিনটি দুগ্ধ ইউনিয়নেই দুধ উৎপাদন বৃদ্ধির কাজ হাতে নেওয়া হয়েছে এবং এজন্যে এইসব অঞ্চলে সংকর প্রজননের কাজ নিবিড়ভাবে করা হচ্ছে। দার্জিলিং, মুর্শিদাবাদ এবং মেদিনীপুরের দুগ্ধসম্ভাবনাপূর্ণ অঞ্চলে নিবিড় সংকর প্রজননের কাজ চালানো হচ্ছে। এবং এইসব অঞ্চলে প্রায় ৫,৫০০ সংকর বাছুর জন্মেছে, যেগুলির আনুমানিক বাজারদর ৮ থেকে ১০ লক্ষ টাকা হওয়া সম্ভব। গো-পালকদের যেসমস্ত সুযোগসুবিধা দেওয়া হচ্ছে সেগুলি হল শুষ্ক ও তরল পুংবীজের সাহায্যে সংকর প্রজননের ব্যবস্থা, টিকাদানের মাধ্যমে পশুরোগ প্রতিরোধ, এবং রোগগ্রস্ত গবাদির চিকিৎসা ব্যবস্থা করা। এ পর্যন্ত ইউনিয়নগুলির নিজস্ব পশুচিকিৎসকগণ ৯৫,০০০ অসুস্থ পশুর চিকিৎসা করেছেন। উন্নত গবাদির জন্য উপযুক্ত পরিমাণ পশুখাদ্যের প্রয়োজন। সেই প্রয়োজন পূরণের জন্য প্রাথমিক সমিতিসমূহের মাধ্যমে সদস্যগণকে ৩,৩৫৭ মেট্রিক টন সুষম পশুখাদ্য সরবরাহ করা হয়েছে। শিলিগুড়ির পশুখাদ্য প্রস্তুতের কারখানা চালু হবার সঙ্গে সঙ্গে সুষম পশুখাদ্য সংগ্রহের সমস্যার অনেকটা সমাধান হবে বলে আশা করা যায়। পশুদের জন্য কাঁচা ঘাস জাতীয় খাদ্য উৎপাদনের জন্যও ব্যবস্থা নেওয়া হয়েছে। দুগ্ধ উৎপাদকদের এ পর্যন্ত ৭.৩ মেট্রিক টন পশুখাদ্য-বীজ, ২,২৬,০০০ চারাও সরবরাহ করা হয়েছে। এ ছাড়া প্রদর্শন খামারেও পশুখাদ্যশস্য চাষ করা হচ্ছে।

কলকাতা ও হাওড়া শহরের খাটাল থেকে অপসারিত গবাদির পুনর্বাসনের জন্য কলোনী স্থাপনের কাজ অগ্রসর হচ্ছে। গঙ্গানগর, গার্ডেনরিচ এবং পূর্ব কলকাতার "ক্যাটল কলোনী" তে ১৪,০০০ গো-মহিষের পুনর্বাসনের ব্যবস্থা হবে। হুগলি নদীর পশ্চিম তীরে চতুর্থ "ক্যাটল কলোনী"র জন্য জমির খোঁজ করা হচ্ছে। গঙ্গানগর এবং গার্ডেনরিচে "ক্যাটল কলোনী"র নির্মাণকাজ চলছে।

রাজ্য সরকার এই রাজ্যে "অপারেশন ফ্লাড-২" প্রকল্পটি কার্যকরি করার প্রস্তাব অনুমোদন করেছেন। এই প্রকল্পের অধীনে সমবায় সমিতির মাধ্যমে ৪,০০,০০০ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের ৮,০০,০০০ গবাদির উন্নয়নসাধনের কর্মসূচী চূড়ান্ত করা হচ্ছে। এই প্রকল্পটি "ক্লাস্টার

ফেডারেশন", দুগ্ধ ইউনিয়নের এবং প্রাথমিক দুগ্ধ উৎপাদক সমিতি সংগঠনের মাধ্যমে রূপায়িত করা হবে। এ ছাড়াও পশুপালন বিভাগীয় কর্মসূচী অনুযায়ী কাজ চলছে।

অপারেশন ফ্লাড-২ প্রকল্পের মাধ্যমে সাত বৎসর সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে ৩০ কোটি টাকা বিনিয়োগ করা হবে। "ক্লাস্টার ফেডারেশন" এবং দুগ্ধ ইউনিয়নের রেজিস্ট্রি করার ব্যবস্থা নেওয়া হয়েছে। ফেডারেশন উৎপাদকদের উৎপাদনের উপাদনসমূহ যোগাবার ব্যবস্থা করবে এবং প্রাথমিক সমিতি এবং মিল্ক ইউনিয়নের মাধ্যমে দুগ্ধ সংগ্রহ করে সেই দুধের উপযুক্ত বিপণনের ব্যবস্থা করবে। অপারেশন ফ্লাড-২ প্রকল্পের অধীনে প্রস্তাবিত ব্যয়সম্পর্কিত তথ্যাদি মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য টেবিলে রাখা হয়েছে।

**ওয়েস্টবেঙ্গল ডেয়ারী অ্যাণ্ড পোল্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন**

দোহ উন্নয়ন সংক্রান্ত দাবির অধীনে ১৯৭৯-৮০ আর্থিক বছরে রাজ্য সরকার ওয়েস্ট বেঙ্গল ডেয়ারী অ্যাণ্ড পোল্ট্রী ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের শেয়ার ক্রয় করার জন্য ৪০ লক্ষ ২২ হাজার টাকা বরাদ্দ করেছেন। ১৯৮০-৮১ সালের বাজেট এ বাবদ বরাদ্দ করা হয়েছে ৪৮ লক্ষ টাকা। এই কর্পোরেশনের পরিচালকমণ্ডলীর অনুমোদনসাপেক্ষে নিম্নলিখিত প্রকল্পগুলি রূপায়ণের মাধ্যমে এই টাকা খরচ করা হবে ঃ

(লক্ষ টাকার হিসাবে)

| | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ |
|---|---|---|
| ১। কল্যাণী ফিড মিলিং প্ল্যান্ট . . . . | ৬.০০ | ১৮.০০ |
| ২। এ আর ডি সি কর্মসূচীর সহায়তার জন্য পোল্ট্রি ফিড মিলিং প্ল্যান্ট | ১৪.০০ | . . |
| ৩। কোল্ড স্টোর . . . . . . | ৪.১৫ | ১২.০০ |
| ৪। ক্যাটল স্টক ইয়ার্ড . . . . . . | ৪.০৭ | ৬.০০ |
| ৫। তৃতীয় ফিড মিলিং প্ল্যান্ট . . . | ১২.০০ | ১২.০০ |
| মোট . . | ৪০.২২ | ৪৮.০০ |

উক্ত প্রকল্পগুলি ছাড়া এই কর্পোরেশন লগ্নিকারী প্রতিষ্ঠানের আর্থিক সহায়তায় নিম্নবর্ণিত প্রকল্পগুলি কার্যকর করার জন্য গ্রহণ করেছে।

হাওড়া এ আর ডি সি পোল্ট্রি প্রোজেক্টের জন্য রাজ্যসরকার এই কর্পোরেশনকে ৫ লক্ষ টাকা "সিড মানি" হিসাবে প্রকল্পটি রূপায়ণের জন্য দিয়েছেন। এই প্রকল্পের অধীনে যে ২০০টি পোল্ট্রি ইউনিট স্থাপন করা হবে তার মধ্যে শতকরা ২৫টি ক্ষেত্রে প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে এবং ঋণদান শুরু হয়েছে। আশা করা যায় বাকি ইউনিটগুলি স্থাপনের কাজ আগামী বছরে শেষ করা যাবে।

মিল্কটোন প্রকল্পটি রূপায়ণের কাজেও যথেষ্ট অগ্রগতি ঘটেছে। এই কাজের জন্য হাওড়ায়

একখণ্ড সরকারি জমি নির্বাচিত করা হয়েছে এবং নির্মাণ সংক্রান্ত প্রাথমিক কাজ শেষ হয়েছে।

ওয়েস্টবেঙ্গল ডেয়ারী অ্যান্ড পোল্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড বর্তমান বৎসরে (জানুয়ারি, ১৯৮০ পর্যন্ত) ৮,৩২৩ মেট্রিক টন "এপিক" পশুখাদ্য উৎপাদন করেছে এবং ২২,২৪,০০০ লিটার দুধ সরবরাহ করেছে। ১৯৮০-৮১সালের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৫,০০০ মেট্রিক টন এবং বিকল্প ব্যবস্থা না হওয়া পর্যন্ত করপোরেশন দুধ বিক্রয় ব্যবস্থা চালিয়ে যাবে।

ওয়েস্ট বেঙ্গল ডেয়ারী অ্যান্ড পোল্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশনের জন্য বরাদ্দীকৃত অর্থ ৫৬নং দাবির অন্তর্ভুক্ত করা হয়েছে তবে এই কর্পোরেশনের কাজের বিস্তার দোহ উন্নয়ন এবং পশুপালন উভয় ক্ষেত্রেই চলছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশুপালন ও পশুচিকিৎসা বিভাগ ১৯৭৯-৮০সালে দোহ উন্নয়নের যেসমস্ত কাজ করেছে এবং ১৯৮০-৮১ সালে সম্পাদনের জন্য যে সমস্ত কর্মসূচী গ্রহণ করেছে যে সম্পর্কে আমি একটি সংক্ষিপ্ত বিবরণ দিলাম।

বৃহত্তর কলকাতা দুগ্ধ প্রকল্পের ক্ষেত্রে দুধের বোতলের ঢাকনি হিসেবে ব্যবহৃত অ্যালুমিনিয়ম "ফয়েল" যোগাড় করার বিশেষ অসুবিধার জন্য কোন কোন সময়ে কতকগুলি সরবরাহ কেন্দ্রে "ক্যানে" দুধ পাঠাতে আমরা বাধ্য হচ্ছি। "ক্যান"গুলি ডেয়ারী থেকে যথারীতি "সীল" করেই পাঠানো হয় এবং সরবরাহ কেন্দ্রের কর্মীরা সেই /সীল* খুলে ক্রেতাদের নিজ পাত্রে অথবা বোতলে দুধ সরবরাহ করেন। যে সমস্ত ক্রেতা কোন কোন দিন এইভাবে সরকারি দুধ পান তাঁরা অসন্তুষ্ট হন এবং অভিযোগ করেন। তাঁদের অভিযোগগুলি প্রতিকারের জন্য আমরা সর্বতোভাবে চেষ্টা করছি। কিন্তু "ফয়েলের" যে ব্যবসায়ী সংস্থা কলকাতা থেকে সরকারকে কয়েক সরবরাহ করতেন সেই সংস্থা থেকে সরকার এখন "ফয়েল" পাচ্ছেন না। ফলে বোম্বাই এবং যুগোশ্লোভিয়া, অস্ট্রেলিয়া প্রভৃতি দেশ থেকে অনেক বেশি দামে ফয়েল সংগ্রহ করতে হচ্ছে এবং তার জন্যই এই সাময়িক অসুবিধা সৃষ্টি হয়েছে। আমরা আশা করছি শীঘ্রই এই অসুবিধা কাটিয়ে ওঠা যাবে এবং হাসপাতাল ও অন্যান্য কয়েকটি সেবামূলক সংস্থা ছাড়া সরকারি দুধ, সরবরাহ কেন্দ্রগুলি মারফত আগের মতো ঢাকনা-দেওয়া বোতলে সরবরাহ করা সম্ভব হবে। একথাও বলা দরকার যে, দুধ বিশুদ্ধিকরণ ও সরবরাহ সংক্রান্ত কাজকর্মের মধ্যে মাঝে মাঝে নানা জটিলতার সৃষ্টি হয়; কোন কোন সময় সরবরাহ অনিয়মিত হয়ে যায়। অতীতে কংগ্রেস শাসনের সময় যে সমস্ত কু-নীতি চালু ছিল এ ব্যাপারগুলি তারই জের। দুটি ডেয়ারীর কর্তব্যনিষ্ঠ ও দক্ষ কর্মীদের আন্তরিক কর্মপ্রয়াসের সাহায্যে অতীতের এইসমস্ত জটিলতা দূর করার কাজ ধারাবাহিকভাবে চলছে।

আমি এই সভায় দুগ্ধ সরবরাহ প্রকল্প সম্বন্ধে কয়েকটি বক্তব্য পেশ করতে চাই। এই প্রকল্পটি যেমন একদিকে দক্ষতার সহিত পরিচালিত হওয়া বাঞ্ছনীয় অপরদিকে এ কথাও মনে রাখা প্রয়োজন যে, এটি একটি সমাজকল্যাণমূলক প্রকল্প এবং দুধের মত একটি অত্যাবশ্যক সামগ্রী সরবরাহ করা ছাড়াও এই প্রকল্প দুধের মূল্যের উর্দ্ধগতি রোধে বিশেষ সহায়তা করছে। এই পরিপ্রেক্ষিতে, শুধুমাত্র এর আর্থিক দিকটা বিচার করলে প্রকল্পটির নির্ভুল মূল্যায়ন

করা যাবে না। দেশের মধ্যে আমরাই দুধের সর্বাধিক সংগ্রহ মূল্য দিয়ে থাকি দুধ তৈরির ব্যাপারে আমরা মাখন-তোলা গুঁড়ো দুধ এবং বাটার অয়েলের উপর নির্ভরশীল এবং কর্মীদের কল্যাণের ব্যাপারে আমারা প্রগতিশীল নীতি অনুসরণ করছি। এই বিষয়গুলি কেবলমাত্র ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে না দেখে এর গুরুত্বপূর্ণ সামাজিক এবং অর্থনৈতিক দিকগুলিও বিবেচনা করতে হবে। দুধের উৎপাদনমূল্য বৃদ্ধি সত্বেও আমরা দুধের বিক্রয়মূল্য বৃদ্ধিকরা থেকে বিরত রয়েছি। এ বিষয়ে সকলেই অবগত আছেন. এজন্য আমার বিবৃতিতে এ কথা বিস্তারিতভাবে বলার প্রয়োজন নাই। এই পরিপ্রেক্ষিতে এই প্রকল্পের মধ্যে কিছু পরিমাণ ভরতুকি বা সরকারি আনুকূল্যে থাকা অপরিহার্য।

এখানে আমি উল্লেখ করতে চাই যে. দোহ অধিকারের একশ্রেণীর পরিবহনকর্মীর গণছুটি নেওয়ার ফলে উদ্ভুত পরিস্থিতিজনিত অসুবিধা সত্বেও কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের কাজ চালু রাখার ব্যাপারে ঐ অধিকার সকল শ্রেণীর অফিসার, কর্মী, দুধের ডিপোগুলি এবং সুরভীতে কর্মরত মেয়েরা উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছিলেন।

আমি আশা করি যে ১৯৮০-৮১ সালে যে সমস্ত কর্মসূচি গ্রহণ করার প্রস্তাব করা হয়েছে সেগুলি রূপায়ণে মাননীয় সদস্যবৃন্দ তাঁদের সহযোগিতার হাত প্রসারিত করবেন এবং দোহ উন্নয়ন অধিকারের সমস্ত অফিসার ও কর্মী এই কার্যসূচির লক্ষ্যপূরণে সচেষ্ট হবেন।

মহাশয়, আমি প্রস্তাব করছি যে, ৫৬নং দাবির অন্তর্ভুক্ত "৩১১—ডেয়ারী ডেভলপমেন্ট" "৫১১—ক্যাপিট্যাল আউটলে অন ডেয়ারী ডেভেলপমেন্ট (এক্সক্লুডিং পাবলিক আণ্ডারটেকিংস)" এবং "৭১১—লোনস্ ফর ডেয়ারী ডেভেলপমেন্ট (এক্সক্লুডিং পাবলিক আণ্ডারটেকিংস)" খাতে ১৯৮০-৮১ সালের জন্য ২৪,২৩,২৮,০০০ (চব্বিশ কোটি তেইশ লক্ষ আঠাশ হাজার) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদন করা হোক।

**অপারেশন ফ্লাড সম্পর্কিত তথ্যাবলী**

পশুপালন ও পশুচিকিৎসা দপ্তরের প্রকাশিত গত বৎসরের তথ্যাবলী পুস্তিকাতে বিশ্বখাদ্য প্রকল্প-৬১৮ এর অধীনে অপারেশন ফ্লাড ১-এর কার্যক্রমের বর্ণনা দেওয়া আছে। অপারেশন ফ্লাড ১-এর কার্যকাল ১৯৮০ সালের ৩০এ জুন শেষ হইবে। তবে এই প্রকল্পের অবশিষ্ট কার্যের জন্য বরাদ্দ অর্থ ও কার্য সম্পূর্ণ না হওয়া পর্যন্ত ব্যয়িত হইবে। ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশন অপারেশন ফ্লাড ১-এর জন্য ২৩.০৮ কোটি টাকা ব্যয়বরাদ্দ করিয়াছে। এই অর্থের শতকরা ৭০ ভাগ ঋণ ও ৩০ ভাগ অনুদান।

পশ্চিমবঙ্গ সরকার ১৯৭৮ সালের ফেব্রুয়ারি মাসে ডানকুনি মাদার ডেয়ারীর পরিচালনভার ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের উপর ন্যস্ত করেন। ঐ ডেয়ারীকে দুগ্ধ সঞ্চালন সংক্রান্ত যন্ত্রপাতি ১৯৭৮ সালের ডিসেম্বর মাসে চালু করা হয়। কিন্তু দুগ্ধ বিপণনের সহিত সংশ্লিষ্ট সমস্ত কাজ এখনও সমাপ্ত হয় নাই।

মাদার ডেয়ারীর দৈনিক দুগ্ধ সঞ্চালন ক্ষমতা ৪ লক্ষ লিটার। এই দুগ্ধ মূলত "বাল্ক ভেণ্ডিং বুথ" তথা মিনি ডেয়ারীর মাধ্যমে বিতরণ করাই উদ্দেশ্য। "বাল্ক ভেণ্ডিং" ব্যবস্থা সম্পূর্ণরূপে কার্যকরি করা সাপেক্ষে অন্তবর্তিকালীন ব্যবস্থা হিসাবে পলিথিন প্যাকেটে ৪২,০০০

লিটার দুগ্ধ বিতরণ করা হইতেছে। দৈনিক ১ লক্ষ লিটার পর্যন্ত দুগ্ধ পলিথিনের থলিতে ভর্তি করা যাইতে পারে।

**দুগ্ধ সংগ্রহ**

মুর্শিদাবাদ জেলায় স্থাপিত ভাগীরথী সমবায় দুগ্ধ ইউনিয়ন হইতে এবং ডানকুনি মাদার ডেয়ারীর পার্শ্ববর্তী অঞ্চলের দুগ্ধ সমবায় সমিতিগুলি হইতে মাদার ডেয়ারীর জন্য প্রতিদিন ৫০,০০০ লিটার কাঁচাদুগ্ধ পাওয়া যাইতেছে। হিমালয়ান কো-অপারেটিভ দুগ্ধ ইউনিয়নও দুধ সরবরাহ আরম্ভ করিয়াছে এবং এখান হইতে সপ্তাহে প্রায় ১৪,০০০ লিটার দুধ পাওয়া যাইবে। ইহা ছাড়া মাদার ডেয়ারী "ন্যাশনাল মিল্ক গ্রিড"-এর সহিত সংযোগ স্থাপন করিয়াছে এবং গুজরাট কো-অপারেটিভ মিল্ক মার্কেটিং ফেডারেশন হইতে ৪২,০০০ লিটার অধিক স্নেহ-পদার্থ সমন্বিত দুধ পাইতেছে। এই দুধ আনন্দ হইতে সপ্তাহে একবার শীততাপনিয়ন্ত্রিত ট্যাঙ্কারের সাহায্যে রেলযোগে আসিতেছে। গুন্টুর জেলা সমবায় দুগ্ধ ইউনিয়নের কর্তৃত্বাধীন সঙ্গম ডেয়ারী হইতেও দুধ আনিবার ব্যবস্থা করা হইতেছে। এই সূত্র হইতে প্রাথমিকভাবে মিল্কট্যাঙ্কার যোগে রেলওয়ের মাধ্যমে সপ্তাহে ৪২,০০০ লিটার দুধ পাওয়া যাইবে।

**বিপণন**

মাদার ডেয়ারীতে উৎপন্ন দুধের অধিকাংশই বর্তমানে ৫০০ মিলিলিটারের পলিথিন প্যাকেটে করিয়া গ্রাহকদিগকে ৯৪টি খুচরা বিক্রয় কেন্দ্র হইতে সরবরাহ করা হয়। এইভাবে দৈনিক প্রায় ৪২,০০০ লিটার দুধ সরবরাহ করা হইতেছে। মাদার ডেয়ারী বর্তমানে সাতটি "বাল্ক ভেণ্ডিং বুথ" চালু করিয়াছে যাহাদের মাধ্যমে দৈনিক প্রায় ২,০০০ লিটার দুধ বিতরণ করা হইতেছে। সম্প্রতি ১২টি "প্যাকেজ ভেণ্ডিং ইউনিট" চালু করা হইয়াছে যাহাদের মাধ্যমে দৈনিক ১,২৫০ লিটার দুগ্ধ বিতরণ করা হইতেছে। ১৯৮০ সালের ফেব্রুয়ারি-মার্চ মাসে আরও "প্যাকেজ ভেণ্ডিং ইউনিট" এবং ভ্রাম্যমান "প্যাকেজ ভেণ্ডিং ইউনিট" স্থাপনের ব্যবস্থা করা হইতেছে।

**ক্রেতাসাধারণের জন্য প্যাকেটে গুঁড়ো দুধ বিক্রয়**

দুধের চাহিদা ও যোগানের মধ্যে বিপুল ব্যবধান রহিয়াছে। তাই ক্রেতাসাধারণের সুবিধার জন্য "সুগম" ট্রেডমার্ক-সমন্বিত মাখন-তোলা গুঁড়ো দুধ ৫০০ গ্রামের পলিথিন প্যাকেটে বিক্রয় করা হইতেছে। বর্তমানে মাসে প্রায় ৫৬ মেট্রিক টন গুঁড়ো দুধ এই প্রকার প্যাকেটে বিক্রয় করা হইতেছে। এই পরিমাণ গুঁড়ো দুধ মাসে ৫ হইতে ৬ লক্ষ লিটার অথবা দৈনিক প্রায় ১৮,০০ লিটার দুধ বিতরণের সম-পরিমাণ।

**রন্ধনের মাধ্যম হিসাবে "বাটার অয়েল"**

রন্ধনের সস্তা অথচ পুষ্টিকর মাধ্যম হিসাবে কলিকাতা শহরে ১ কিগ্রা সীলকরা পাত্রে "বাটার অয়েল" বিক্রয় আরম্ভ করা হইয়াছে। বর্তমানে মাসে প্রায় ৯.৫ মেট্রিক টন "বাটার অয়েল" বিক্রয় করা হইতেছে। খোলা "বাটার অয়েল" বিক্রয় করার কথাও চিন্তা করা হইতেছে। ইহাতে আরও হ্রাস মূল্যে ক্রেতাগণ "বাটার অয়েল" ক্রয় করিতে পারিবেন।

**ভবিষ্যৎ কার্যক্রম**

কলিকাতায় তরল দুধের যোগান বৃদ্ধির জন্য সরবরাহ ব্যবস্থার যথাশীঘ্র সম্ভব সম্প্রসারণ ঘটাইতে হইবে। ইহা নির্ভর করিবে প্রধানত "বাল্ক ভেণ্ডিং সিস্টেম" এবং "প্যাকেজ ভেণ্ডিং ইউনিট" গুলির উপর। বিপণন ব্যবস্থার সম্প্রাসারণের ক্ষেত্রে ডেয়ারী নির্মাণের জন্য জমি সংস্থান করার অসুবিধাই হইল একটি প্রধান সমস্যা। মিনি ডেয়ারীর জন্য জমি নির্বাচন এবং ঐ জমি যথাসত্বর ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের নিকট হস্তান্তরের কাজকে সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী একটি আলোচনা সভায় মিলিত হইয়াছিলেন। আরও দুইটি মিনি ডেয়ারী নির্মাণের কাজ চলিতেছে এবং সাত খণ্ড জমি ন্যাশানাল ডেয়ারী ডেভলপমেন্ট বোর্ডের নিকট হস্তান্তর করা হইয়াছে। "বাল্ক ভেণ্ডিং" ব্যবস্থার মাধ্যমে ২০০ মিনি ডেয়ারী হইতে দৈনিক প্রায় ২ লক্ষ লিটার দুধ বিতরণের জন্য বিকল্প ব্যবস্থা হিসাবে সরকার একটি "প্যাকেজিং স্টেশন" স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

দেখা গিয়াছে যে, মাদার ডেয়ারীর পরিচালন-বায় ইহার নিজ আয় হইতেই মিটানো যাইতেছে। দুগ্ধের উৎপাদন ও বিক্রয় বৃদ্ধির সঙ্গে সঙ্গে এই ডেয়ারী ক্রমশ লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হইতেছে।

**অপারেশন ফ্লাড —২**

গত বছরের প্রকাশিত তথ্যাবলী পুস্তকে অপারেশন ফ্লাড —২ সম্বন্ধে জানানো হইয়াছে অপারেশন ফ্লাড —২ এর জন্য সমগ্র ভারতে বিশ্বব্যাঙ্কের নিকট হইতে পাওয়া ৪৮৫.৫ কোটি টাকা খরচ নির্ধারিত হইয়াছে।

অপারেশন ফ্লাড —২ প্রকল্পে অংশগ্রহণের জন্য একটি পরিকল্পনা ও কর্মসূচীর খসড়া ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ড কর্তৃক প্রস্তুত করা হইয়াছে। ইণ্ডিয়ান ডেয়ারী ডেভেলপমেন্ট কর্পোরেশন এই পরিকল্পনার খসড়া বিবেচনা করিয়া পশ্চিমবঙ্গের জন্য অপারেশন ফ্লাড —২ এর ৩৩.২৮ কোটি টাকা ব্যয় নির্ধারিণ করিয়াছে। ১৯৮০-৮৬ সালের মধ্যে এই ৩৩.২৮ কোটি টাকা নিম্নলিখিত খাতে ব্যয় হইবে

| | |
|---|---|
| (ক) ক্যাপিটাল ইনভেস্টমেন্ট (মূলধন বিনিয়োগ) | কোটি টাকা |
| (১) ডেয়ারী মেশিনারী (দোহশালার যন্ত্রপাতি) | ১৪.৯২ |
| (২) ক্যাটল ফিড প্ল্যান্ট (পশুখাদ্য উৎপাদন যন্ত্র) | ১.০৫ |
| (৩) টেকনিক্যাল ইনপুটস (কারিগর সাহায্য) | ৩.২৫ |
| (৪) ইউনিয়ন অপারেটিং ডেফিসিট (সমবায়গুলির ক্ষতিপূরণ) | ৩.০৫ |
| (৫) সেন্ট্রালইজড টেকনিক্যাল ইনপুটস (কেন্দ্রীয় কারিগরি সাহায্য) | ২.১২ |
| (৬) অ্যাসিস্টান্স টু কো-অপারেটিভস (দুগ্ধ সমবায়গুলিকে সাহায্য) | ৩.০৯ |
| (৭) প্রাইস কন্টিনজেন্সি- ৫% হারে ১ ও ২ এর উপর (মূল্যবৃদ্ধি জাত ব্যায়) | ৩.০৮ |

| | |
|---|---|
| | ৩১.৩২ |
| (খ) এন ডি ডি বি/আই ডি সি সরাসরি ব্যয় | ১.৯৫ |
| মোট | ৩৩.২৮ |

অপারেশন ফ্লাড —২ এর অধীনে দুগ্ধ পশুপালন সমবায় ইউনিয়ন গঠিত হইবে—দার্জিলিং জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগনা, হাওড়া, হুগলি, বর্ধমান, মেদিনীপুর এবং বাঁকুড়া জেলা বা জেলার অংশ লইয়া। এই কার্যক্রমে গ্রাম পর্যায়ে প্রাথমিক দুগ্ধ উৎপাদন সমিতি, জেলায় সমবায় দুগ্ধ ইউনিয়ন এবং রাজ্যে একটি সমবায় দুগ্ধ ফেডারেশন গঠিত হইবে। এই প্রসঙ্গে অপারেশন ফ্লাড সম্পর্কে তথ্যাবলী মাননীয় সদস্যদের অবগতির জন্য উপস্থাপিত করলাম।

**Mr. Deputy Speaker :** There are five cut motions on Demand no. 55 and four cut motions on Demand No. 56. All these cut motions are in order.

## DEMAND No. 55

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri A.K.M.Hassan Uzzaman :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

## DEMAND NO. 56

**Shri Sasabnindu Bera :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

**Shri A.K.M.Hassan Uzzaman :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই প্রসঙ্গে দু-একটি কথা বলতে চাই। এই পশুপালন ও কৃষি দপ্তর প্রায় অঙ্গাঙ্গীভাবে জড়িত বেকার সমস্যা সমাধানে এই বিভাগের একটা বিশেষ ভূমিকা আছে বলে আমরা মনে করি। এই ব্যাপারে এই দপ্তরকে বিশেষভাবে গতিশীল এবং উন্নয়নমুখী করা যায়। এই দপ্তরে যেসব কর্মচারী আছে তাদের বিরুদ্ধে আজকের আনন্দবাজারে একটা খবর বেরিয়েছে যে রোজ গড়ে ৫০০০ লিটার দুধ পাচার হচ্ছে এবং বেলগেছিয়া ও হরিণঘাটা ইত্যাদিতে প্রায় ১৫০ টি কেস কর্মচারীর বিরুদ্ধে ঝুলছে। এর ফলে সমস্ত প্রকল্প এবং সরকারের প্রচেষ্টা ব্যর্থ হতে চলেছে।

[6-00 — 6-10 P.M.]

অতএব আমাদের এই যে সমস্ত প্রকল্প আছে সেগুলির সম্বন্ধে যদি একটা পরীক্ষামূলক ব্যবস্থা অবলম্বিত না হয় তাহলে কিছুই হবে না। কলকাতার দুগ্ধ প্রকল্প প্রায় ভেঙ্গে পড়েছে বামফ্রন্টের চেয়ারম্যান প্রমোদবাবু বলেছেন যে এই দুধ ভাল নয়। আরও জানা গেছে যে ডেলী ৩ ডজন করে বোতল উধাও হয়ে যাচ্ছে। কিন্তু এ বিষয়ে কোন রকম ব্যবস্থা আজও হল না। এই জিনিস যাতে আর না হতে পারে তার জন্য ভিজিলেন্সের ব্যবস্থা থাকা উচিত এবং স্ক্রুটনি করার জন্য আরও লোক নিযুক্ত করা উচিত তা না হলে কলকাতার দুগ্ধ প্রকল্প একেবারে ব্যর্থ হয়ে যাবে। গ্রামের অবস্থা খুব খারাপ। সেখানে কোন দুধই পাওয়া যায় না। এ ক্ষেত্রে আমার প্রস্তাব হচ্ছে বিভিন্ন জায়গায় যেসব সার্ভিস কো-অপারেটিভ আছে তাদের মাধ্যমে কনসেশন রেটে একটা করে ষাঁড় ও একটা করে গাভী যদি দিতে পারেন তাহলে গ্রামের বেকাররাও কিছু উপকৃত হতে পারে এবং গ্রামের মানুষও কিছুটা দুধ পেতে পারে, এই ব্যবস্থার কথা বাজেটের মধ্যে কোথাও নেই। ইউরোপে স্কটল্যান্ড, নরওয়ে, সুইডেন ইত্যাদি জায়গায় বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য চূর্ণ ও মাংস ইত্যাদি দিয়ে পশুখাদ্য তারা তৈরি করছে, স্কটল্যান্ডে সামুদ্রিক মাছের ভেতর থেকে তারা খাদ্য তৈরি করার ব্যবস্থা করছে, এইভাবে প্রচেষ্টা গ্রহণ করলে পশু খাদ্য আরও শক্তিশালী হত এবং এগিয়ে যাবার জন্য আরও বলিষ্ঠ পদক্ষেপ হত। সেটাও মন্ত্রী মহাশয়ের বাজেটে দেখতে পাচ্ছি না। আর একটা বিশেষ কথা হচ্ছে এই পশুপালন করতে গেলে গো—চারণ ভূমির দরকার। কিন্তু গো—চারণ ভূমি র..ার জন্য কোন ব্যবস্থা বা তার কোন উল্লেখ মন্ত্রী মহাশয়ের বাজেটের ভেতরে নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার বিশেষ আবেদন যাতে প্রত্যেক গ্রাম পঞ্চায়েতকে বলে ১ ১ টা গো—চারণ ভূমি রাখবার ব্যবস্থা করেন বা সেই ভাবে ব্যবস্থা অবলম্বিত হয় সেই বিষয়ে তিনি নিশ্চয়ই চিন্তা করবেন এবং কৃষি বিভাগের সাহায্যে সেটা হতে পারে বলে আমি মনে করি। আর একটা বিষয় হচ্ছে পশু ট্রিটমেন্ট করতে গেলে প্যাথোলজিক্যাল ট্রিটমেন্ট যেটাকে আমরা বলি সেই প্যাথোলজিক্যাল ট্রিটমেন্ট কোন ব্যবস্থা নেই। প্যাথোলজিক্যাল ট্রিটমেন্টকে উন্নত করতে হলে যে যন্ত্রপাতি ইকুইপমেন্টস দরকার তার কোন উল্লেখ মন্ত্রী মহাশয়ের বাজেটের ভেতর নেই বা তার উন্নয়নের কোন উল্লেখ আমরা দেখতে পাচ্ছি না। এই প্যাথোলজিক্যাল ট্রিটমেন্ট ছাড়া পশু চিকিৎসা বা মড়কের হাত থেকে পশুদের রক্ষা করার কোন উপায় নেই এবং এই প্যাথোলজিক্যাল ট্রিটমেন্ট সুষ্ঠভাবে বৈজ্ঞানিক সম্মত হওয়া চাই। আর একটা বিষয় হচ্ছে এই ভেটারিনারী ডিপার্টমেন্টে অ্যাম্বুলেন্স অত্যন্ত প্রয়োজন। আমরা গ্রামে গঞ্জে দেখেছি গরিব মানুষ দূর-দূরান্তে যে হসপিটাল, এডসেন্টার আছে যেখানে দ্রুত গতিতে তাদের পশুদের নিয়ে যেতে পারে না হঠাৎ কলেরা হলে। সেখানে যথেষ্ট এ্যাম্বুলেন্সের অভাবে দেখেছি যেটা ভেটারিনারি ডিপার্টমেন্ট বিশেষভাবে থাকা দরকার। যা আছে তা অত্যন্ত অপ্রতুল্য, তার দ্বারা কোন কাজ সুষ্ঠভাবে হয় না। আমার মনে হয় এখানে মাননীয় মন্ত্রী মহাশয়ের বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার, এ্যাম্বুলেন্সের বিশেষ ব্যবস্থা করা দরকার। আর একটা কথা হচ্ছে পোল্ট্রি আমাদের অবশ্যই থাকা দ..ার এবং প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে পোল্ট্রি হতে পারে অত্যন্ত সহজে এবং সুন্দরভাবে। গ্রামের মানুষকে একটু মাংস, ডিম খাওয়ানর ব্যাপারে পোল্ট্রির অ্যাটেম্পটা বিশেষ দরকার। এটা করলে গ্রামের মানুষকে কিছু পুষ্টিকর খাদ্য খাওয়ান যেতে পারে। কিন্তু পোল্ট্রি করবার জন্য যে উৎসাহ উদ্দী না মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণে আমরা দেখতে পাচ্ছি সেটা অত্যন্ত অপ্রতুল

এবং সেইভাবে যদি চলা যায় তাহলে পোল্ট্রি ডেভেলপমেন্ট ঠিকভাবে হবে না। আমার মনে হয়, মন্ত্রী মহাশয়ের কাছে আমার বিশেষ আবেদন যাতে প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে এই যে পোল্ট্রি উন্নয়ন করার জন্য যত কিছু লোন বা ইত্যাদি সেখানে যাতে ভাল করে দেওয়া যায় এবং তারজন্য যথেষ্ট ব্যবস্থা অবলম্বিত হয় এবং সেই ব্যাপারে যদি লোক নিয়োগ করা যায় যাতে বাস্তবিক তারা যে টাকা পেলে তা দিয়ে পোল্ট্রির কাজ করছে কিনা বা পোল্ট্রি হল কিনা তাহলে পর আমার মনে হয় এই ডিপার্টমেন্টের ভাল হবে এবং তার দ্বারা কিছু কিছু পুষ্টিকর খাদ্য গ্রামের মানুষ পাবে। আর একটা বিশেষ কথা সেটা হচ্ছে যে আমরা দেখতে পাচ্ছি যে কৃষির উন্নয়নের সঙ্গে সঙ্গে আজকে এই পশুপালন এ তার উন্নয়নের অঙ্গাঙ্গিভাবে জড়িত। আর কৃষির সম্পর্কে যা আমরা বলেছি এবং আমরা দাবিও করেছিলাম যে প্রত্যেক জায়গায় এগ্রিকালচার ট্রেনিং সেন্টার করা হোক এবং এগ্রিকালচার ট্রেনিং সেন্টার না করলে কৃষির এই রকম ধরনের কোন উন্নয়ন হবে না। আজকে আমরা দেখতে পাচ্ছি এই ভেটারিনারি ডিপার্টমেন্ট যারা চিকিৎসা করবে গ্রামে গঞ্জে সেখানে বিভিন্ন রকমের ট্রেনিং সেন্টার যদি না করা যায়, কারণ প্রত্যেক জায়গায় ভেটারিনারি কলেজ দেওয়া যায়না বা ভেটারিনারি কলেজ দেওয়া অসম্ভব সীমিত ক্ষমতার মধ্যে এটা আমরা জানি, কিন্তু যদি আজকে কিছু ট্রেন্ড মানুষ তৈরি করা না যায়, ট্রেনিং সেন্টার অন্ততপক্ষে যদি তৈরি করা না যায়, ট্রেনিং সেন্টার গড়ে তোলা না যায় তাহলে পরে গ্রামে গঞ্জে মানুষ তাদের পশু চিকিৎসার ব্যাপারে কোন সহায়তা পাবেনা বা সহযোগিতা পেতে তাদের অসুবিধা হবে। কারণ হেলথ সেন্টার আমাদের অত্যন্ত কম এবং ভেটারিনারি হাসপাতাল প্রায় নেই বললেই চলে, ভেটারিনারি হাসপাতাল আরো বাড়ান দরকার যেটা মন্ত্রী মহাশয়ের প্রস্তাবে বেশি নেই। তিনি জানেন আমরাই এলাকায় তিনি নিজেই বলেছিলেন যে এখানে দেওয়া দরকার এবং তিনি একটু চেষ্টাও করেছিলেন কিন্তু সেখানে অর্থ অপ্রতুল হওয়ার জন্য তিনি তা করতে পারেন নি। আশা করি তিনি তা করবেন এবং এইভাবে তিনি যদি চেষ্টা করেন বিভিন্ন সাব ডিভিসন সাব ডিভিসনে বা বিভিন্ন ডিস্ট্রিক্টে এইভাবে যদি গড়ে তোলেন ভেটারিনারি হাসপাতাল তাহলে আমার মনে হয় অন্তত সাব ডিভিসন থেকে কিছু হেল্প পাবে। এখন সাব ডিভিসন বা ব্লকে এটা অত্যন্ত অপ্রতুল যার জন্য কোন ব্যবস্থা করা যাচ্ছে না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী অমৃতেন্দু মুখার্জ্জী পশু পালন ও পশু চিকিৎসার জন্য ৫৫নং দাবির অর্ন্তভুক্ত অ্যানিম্যাল হাসব্যান্ড্রী খাতে এবং ৫৬নং দাবির অন্তর্ভুক্ত ডেয়ারী ডেভেলপমেন্ট খাতে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তা পূর্ণ সমর্থন করছি। এই ব্যয় বরাদ্দের দাবি সমর্থন করতে উঠে আমি বলতে চাই যে, পশ্চিমবঙ্গের কৃষি, কৃষি ব্যবস্থায় ও গ্রামীণ অর্থনীতিতে নূতন গতি বেগ সৃষ্টির জন্য পশ্চিমবঙ্গের বামফ্রন্টের সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়েও যে সন্নিবদ্ধ পল্লী উন্নয়ন কর্মসূচী নিয়েছেন তার সঙ্গে পুরাপুরি সংগতি রেখে মাননীয় মন্ত্রী মহোদয় তার ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন। ৫৫নং দাবিতে মন্ত্রী মহাশয় পুষ্টিকর প্রোটিন খাদ্য উৎপাদন কর্মসূচীর মধ্যে দুধ উৎপাদন বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। সেজন্য তিনি সংকর জাতীয় গাভীর সংখ্যা বৃদ্ধির কর্মসূচী নিয়েছেন। মন্ত্রী মহোদয়ের বাজেট বিবৃতিতে উল্লেখ আছে যে, ১৯৭৯ সালের নভেম্বর পর্যন্ত

১ লক্ষ ৯৩ হাজার গাভীকে কৃত্রিম প্রজনন উপায়ে নিষিক্ত করা হয়েছে। এই উপায়ে ইতিমধ্যেই ৫১ হাজার ৬৫৫টি শংকর জাতীয় বকনা বাছুর জন্মেছে। পশু পালনের সঙ্গে যুক্ত গো প্রজনন কেন্দ্র থেকেও শংকর প্রজনন প্রকল্পে কাজ চালান হচ্ছে। এর ফলে যে সমস্ত কৃষকদের গোয়ালে সংকর বকনা বাছুর জন্মেছে তাদের ঘরে এখন বেশি দু উৎপাদনের সম্ভাবনা হয়েছে এবং অল্প দিনের মধ্যেই তারা বেশি দুধ পাবেন।

[6-10 — 6-20 P.M.]

এতে দুগ্ধের যোগান বৃদ্ধি হবে এবং গরিব কৃষক পরিবারের আর্থিক অবস্থার উন্নতি হবে। কারণ এই দুগ্ধের মধ্যে শিশু সন্তানদের পুষ্টিকর খাদ্য খাওয়াতে পারবে, অন্যদিকে গরিব কৃষকের ঘরে সংসারের বাজেটের ঘাটতি কিছুটা পূরণ হবে। দুধ বিক্রয় করে সে অনেকটা আর্থিক দৈন্য লাঘব করতে পারবে। এই ব্যবস্থা মাননীয় মন্ত্রী মহাশয় করেছেন। আমি বলতে পারি যে, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পশু পালন ও দোহ উন্নয়ন বিভাগের এই কর্মসূচী গ্রামের কৃষকদের বিশেষ করে গরিব কৃষকদের মধ্যে বিশেষ জনপ্রিয় হবে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অনুরোধ যে তিনি যেন এই কর্মসূচীর প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায় অতি দ্রুত কার্যকর করা যায় সেদিকে দৃষ্টি দেন। শংকর প্রজনন কর্মসূচীর পাশাপাশি উন্নত ধরনের পশু খাদ্য উৎপাদন কর্মসূচী একান্ত দরকার। বাজেটে শালবনী এবং হরিনঘাটা কল্যানী সরকার খামারে পশুখাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ভাল কথা। এই খাদ্য সরকার খামারের সংকর গাভী ও ষাঁড়ের জন্য ব্যবহার হবে। দেখা যাচ্ছে যে জেলায় জেলায় নাশারী প্লট তৈয়ারি করে সেখান থেকে পশুখাদ্য বীজ ও সবুজ ঘাসের কাটিং কৃষকদের দেওয়া হবে। তাই আমার অনুরোধ জেলায় জেলায় পশুখাদ্য উৎপাদনের জন্য নাশারী প্লট তৈয়ারি করার পরিকল্পনাটিকে পঞ্চায়েত সমিতি পর্যায়ে নিয়ে চলুন। পশ্চিমবাংলার প্রতিটি পঞ্চায়েত সমিতি এলাকায় যদি এই নাশরী প্লট হয় তাহলে গ্রামের কৃষকরা তা দেখে নিজ জমিতে এমন কি বাড়ি সংলগ্ন ছোট জায়গাতেও নিজেদের শংকর গাভীর জন্য উন্নত পশুখাদ্য বুনতে উৎসাহ পাবেন। তার ফলে যাদের গরু শংকর জাতীয় গাভী আছে তাদের উন্নতি সাধন করতে পারবে। আমাদের দেশে শংকর গাভীর জন্য সুষম পশু খাদ্যের চাহিদা খুবই বেশি হওয়ায় বাজারের অনেক বড় ব্যবসায়ীরা সুষম পশু খাদ্যের দাম ক্রমাগত বৃদ্ধি করছে। গরিব কৃষকরা এতদামে সুষম খাদ্য কিনতে পারছেন না। তাই পশুখাদ্য বৃদ্ধির জন্য মিনিকিট বন্টন আরও অনেক বেশি করা দরকার। তিনি যেন এই মিনিকিট আরও অনেক বেশি বিতরন করেন। অপারেশন ফ্লাড প্রকল্পের মাধ্যমে প্রতি জেলায় সুষম পশু খাদ্য উৎপাদন করে নায্যদামে কো-অপারেটিভ দুধ উৎপাদক সদস্যদের যাতে দেওয়া যায় সে ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি। মুরগি উৎপাদনের ক্ষেত্রে মন্ত্রী মহোদয়ের পরিকল্পনা খুবই জনপ্রিয় হয়েছে। তারজন্য তাঁকে আন্তরিক সাধুবাদ জানাচ্ছি। মন্ত্রী মহাশয়ের ভাষণে আছে যে, বর্তমান আর্থিক বছরের আট মাসের মধ্যেই প্রায় ২ লক্ষ ৫০ হাজার বাচ্ছা ও ডিম দেওয়ার মত মুরগি খামারিদের মধ্যে বন্টন করা হয়েছে এবং ১৯৮০-৮১ সালের লক্ষ্যমাত্রা ৫ লক্ষ ধরা হয়েছে। এই লক্ষ্যমাত্রা আরো বৃদ্ধি করা দরকার। কারণ গ্রামের কৃষকঘরের বেকার ছেলেরা এই প্রকল্পের মধ্যে দিয়ে স্বনির্ভর কর্মনিযুক্তির এক নূতন সুযোগ পাবে। মন্ত্রী মহোদয় এই পোল্ট্রি উন্নয়নের পরিকল্পনা করেছেন বলে তাঁকে

আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বাজেট ভাষণে দেখা যায় যে এ বছর ডিম উৎপানের লক্ষ্য মাত্রা প্রায় পূর্ণ হয়েছে। প্রায় ৭৯ কোটি ডিম পশ্চিমবাংলায় উৎপন্ন হয়েছে এবং আগামী বৎসরে ৮২ কোটি ১০ লক্ষ লক্ষ্যমাত্রা খুবই যুক্তি সংগত বলে মনে করি। তিনি যে এই লক্ষ্যমাত্রা ধার্য করেছেন একথা জেনে কৃষকরা খুসি হবে।

মন্ত্রী মহাশয়ের আর একটি পরিকল্পনা হচ্ছে, শূকর উন্নয়ন পরিকল্পনা। এর মাধ্যমে গরিব আদিবাসী এবং তপসিলি জাতির লোকেরা উপকৃত হবে। তাদের মধ্যে এই ব্যবস্থা যদি আরও প্রসারিত করেন তাহলে আমাদের আদিবাসী জনসাধারণ যারা আর্থিক দৈন্যতার মধ্যে ভুগছে, না খেয়ে থাকতে, এই পরিকল্পনার মাধ্যমে তাদের আর্থিক উন্নতি হতে পারে। এবং আমি সঙ্গে একটি জিনিস লক্ষ্য করছি তিনি যে সাদা শূকর দেবার চেষ্টা করছেন, আদিবাসী জনসাধারণ তা আন্তরিকভাবে গ্রহণ করতে পারছে না, কারণ এদের ভরণপোষণ করা অত্যন্ত ব্যয়সাধ্য ব্যাপার। তাই মাননীয় মন্ত্রী মহাশয় সাদা শূকর দেওয়ার পরিবর্তে দেশি শূকর দেওয়া যায় কিনা বিবেচনা করে দেখবেন এবং তিনি নিশ্চয়ই সেই ব্যবস্থা করবেন।

বাজেটের প্রস্তাবে পশুপক্ষীর স্বাস্থ্য রক্ষা ও চিকিৎসার কর্মসূচীর সম্প্রসারণের উল্লেখ করা হয়েছে। বাজেট বিবৃতিতে দেখা যায় গ্রামাঞ্চলে এখন ৩৩৫ ডিস্পেনসারি, ৫৫৭টি পশুচিকিৎসা সহায়ক কেন্দ্র, ৭৮টি ভ্রাম্যমান ক্লিনিক মারফত চিকিৎসা চলছে। ১৯৮০-৮১ সালে আরও ২১০টি ডিস্পেনসারি খোলার প্রস্তাব রয়েছে এবং ২১০টি সহায়ক ডিস্পেনসারি উন্নীত করা হবে এবং ক্রমশঃ সহায়ক সংখ্যাও বাড়ানো হবে। এই প্রস্তাব খুবই ভাল এবং সকলেই এই প্রস্তাবে খুশি হবেন।

দুধ উৎপাদনে ও কৃষিকাজে গো-সম্পদ একান্ত অপরিহার্য, কৃষকদের কাছে গৃহপালিত পশু বড় সম্পদ, সেদিক দিয়ে পীড়িত পশুর চিকিৎসা এবং তাদের সুস্থ সবল রাখার জন্য পশু চিকিৎসা সম্প্রসারণের সুনির্দিষ্ট কর্মসূচী এই বাজেটে উপস্থিত করা হয়েছে বলে মাননীয় মন্ত্রী মহোদয়কে আমি অভিনন্দন জানাই। এই সম্প্রসারণ কর্মসূচীর প্রয়োগের ক্ষেত্রে যদি কোন বাধা আসে তবে পশ্চিম বাংলার কৃষক সমাজ সে বাধা অতিক্রম করার জন্য সরকারকে পরিপূর্ণ সাহায্য করবেন, এই বিষয়ে কোন সন্দেহ নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী ৫৬নং দোহ উন্নয়ন দাবির খাতে দীর্ঘ মেয়াদী ও স্বল্প মেয়াদী দুটি পরিকল্পনা উপস্থিত করেছেন। স্বল্প মেয়াদী পরিকল্পনায় কলকাতার অন্তর্ভুক্ত বেলগাছিয়া ও হরিণঘাটা ডেয়ারি-এর উন্নতির জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে, তা সময়োপযোগী পরিকল্পনা বলে মনে করি। মন্ত্রী মহোদয় প্রস্তাব করেছেন যে কলকাতায় দুগ্ধ সরবরাহের জন্য পলিথিন থলিতে দুধ বন্টন চালু করা হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে তা যেন দ্রুত কার্যকর হয়, তার ব্যবস্থা অবশ্যই তিনি করবেন। অনেক সময় বিরোধীরা সমালোচনা করেন যে মফস্বল অঞ্চল সমূহে দুধ সরবরাহের কোন পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের নেই। আমি বলতে চাই যে তাদের বক্তব্য ঠিক নয়। কেন না কলিকাতার বহির্ভূত অঞ্চলেও তরল দুধ সরবরাহ হচ্ছে। বাইরে সরবরাহ করার যে সব পরিকল্পনা গ্রহণ করেছেন সেগুলি যাতে তাড়াতাড়ি কার্য্যকরী হয়, তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। অপারেশন ফ্লাড যা মন্ত্রী মহোদয় আমাদের কাছে উপস্থিত করছেন, তাতে দেখা যায় দুধ উৎপাদনের পরিমাণ আরও বাড়বে। তাই আমি বলতে চাই একথা যে পাশাপাশি পশুপালন ও পশুচিকিৎসা

মারফত গ্রামীণ অর্থনীতিতে একটি গতিবেগ সৃষ্টি হয়েছে, ফলে গ্রামীণ বেকারদের স্বনির্ভর কর্মসূচীর সুযোগ বৃদ্ধি করছে। দুগ্ধ বিপনণ ব্যবস্থাকে শিল্পের ভিত্তিতে দাঁড় করাবে। সর্বশেষে একথা বলছি যে একমাত্র পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকারের পক্ষেই এই রকম বিপুল কর্মকাণ্ড কার্যকরি করার প্রস্তাব গ্রহণ করা সম্ভব, কারণ জনগণের সহযোগিতায় জনস্বার্থবাহী কর্মসূচি রূপদান করাই বামফ্রন্ট সরকারের লক্ষ্য। অমি সেজন্য পুনরায় মন্ত্রী মহোদয়ের ব্যয় বরাদ্দের দাবিকে পূর্ণ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[6-20 — 6-30 P.M.]

**শ্রী কাজী হাফিজুর রহমান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট এই সভায় পেশ করেছেন এবং তা করতে গিয়ে যে বক্তব্য রেখেছেন তাতে বিশেষ কোন ভাল কাজের কথা আমরা দেখতে পাচ্ছি না এবং বিশেষ কোন ভাল কাজ এই দপ্তর করতে পারে নি সে কথা প্রথমেই বলতে চাই। স্যার, আমরা জানি মানুষের সবচেয়ে প্রয়োজনীয় জিনিস হচ্ছে এই পশু, পাখি এবং এই পশু পাখির মধ্যে গরু অন্যতম। মানুষের বেঁচে থাকার প্রয়োজনে এই গরু সব সময়েই প্রয়োজন। খাদ্য উৎপাদনের কাজেও এই গরুই প্রধান সম্বল, গরু ছাড়া খাদ্য উৎপাদনের কাজ হয়না, গরুই সেখানে একমাত্র হাতিয়ার। আজকে এই বিজ্ঞানের যুগেও আমাদের দেশে এই গরু দিয়েই আমরা চায করছি। কাজেই এই গরু যদি ভাল ভাবে পালন করতে না পারি তাহলে চাষবাসেও আমরা ভাল ফল করতে পারব না। এই যে এত প্রয়োজনীয় জিনিস গরু এই গরুর জন্য এই বামফ্রন্ট সরকারের যা করার দরকার ছিল তার কিছুই তারা করেন নি। আমাদের দেশে গরুগুলি এখনও যা অবস্থায় আছে সেটা দেখলে আমরা দেখব সাধারণত গরুগুলি রোগা, তাদের স্বাস্থ্য খারাপ। তাদের ঔষধ দিতে পারা যায় না। যে সমস্ত হাসপাতাল বা ডাক্তারখানা আছে সেখান থেকেও ঔষধ পাওয়া যায়না কারণ ঔষধ সেখানে দেওয়া হয়না। এই গরুর সম্পর্কে যদি একটা সুষ্ঠ ব্যবস্থা হয় তাহলে আমরা অনেক দিক দিয়ে উপকৃত হতে পারি। কিন্তু সে দিকে এই সরকারের দৃষ্টি কতটুকু আছে এই বাজেট দেখে তা বুঝতে পারছি না। শংকর জাতীয় যে গরুর ব্যবস্থা এ সরকার করেছেন সেখানে এই সংকর জাতীয় গরুর বীজ যে সমস্ত ফ্রিজে রাখা হয় সেখানে বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হবার জন্য সেগুলি নষ্ট হয়ে যায়, আবার যে সমস্ত কেরোসিন তেলের ফ্রিজ আছে সেগুলিও কেরোসিনের অভাবে কাজ করতে পারে না ফলে সেখানেও যে সমস্ত বীজ রাখা হয় সেগুলিও নষ্ট হয়ে যায়। এর ফলে দেখা যাচ্ছে শতকরা ১০টিও ভালভাবে ব্রিড হতে পারছে না। এর ফলে আমাদের দেশে ভালভাবে এটা প্রচলিত হতে পারছে না এবং তার ফলে মানুষের অসুবিধা হচ্ছে। সেখানে তারা ঘুরে আসছে কিন্তু কাজ হচ্ছে না ফলে মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই ক্ষেত্রে ক্ষতিপূরণ দেবার কোন ব্যবস্থাই নেই। এ ক্ষেত্রে আমার কথা হচ্ছে, যদি সেখানে ষাঁড় দিয়ে উৎপাদন স্বাভাবিক করা যায় সেটা দেখা দরকার এবং এরজন্য প্রতি পঞ্চায়েতে একটি করে ষাঁড় যাতে দেওয়া যায় সেটা দেখা দরকার। এটা যদি করা যায় তাহলে কাজের উন্নতি হবে। এরপর আমি দুধের কথায় আসছি। স্যার, যে দুধ খেয়ে শিশুরা, বৃদ্ধরা, রোগীরা বেঁচে থাকে সেই দুধের ব্যাপারে আমরা দেখছি দুধের যোগান অত্যন্ত অপ্রতুল। দুধ যা পাওয়া যায় তা শহরেই পাওয়া যায়, গ্রামের লোক দুধ পায়না। এই দুধের যোগান বাড়ানোর জন্য যে ব্যবস্থা করা দরকার এই

সরকার সে ব্যবস্থা করতে পারেন নি। তা ছাড়া যে সমস্ত ডেয়ারী আছে সেখানকার নানান রকমের কলঙ্কের কথা আমরা প্রায়ই খবরের কাগজগুলিতে দেখতে পাই। আমাদের দেশের শিশু, বৃদ্ধ, রোগীরা যাতে দুধ পেতে পারে সে ব্যবস্থা অবিলম্বে করা দরকার। তারপর আমি ছাগল, মুরগি, মোষের কথায় আসি। আমাদের গ্রামবাংলার লোকেরা প্রোটিন বলতে যা কিছু তা এর থেকেই পেয়ে থাকে কিন্তু আমরা দেখেছি, সেখানে গ্রামবাংলাতে এগুলির অবস্থাও খারাপ। সেখানে ভাল জাতের মুরগি দেওয়া হয়না। ভাল জাতের মুরগি যদি গ্রামবাংলাতে সরকারের পক্ষ থেকে দেওয়া যায় তাহলে আমরা একদিকে যেমন তার থেকে বেশি ডিম পেতে পারবো অন্য দিকে মাংস বেশি পেতে পারব। এর সঙ্গে সঙ্গে ভাল জাতের ছাগলও দেওয়া দরকার। ভাল জাতের ছাগল দিলে বছরে দুবার করে বাচ্চা দেবে এবং ৪টি করে ভাল জাতের বাচ্চা প্রতিটি ছাগল থেকে আমরা পেতে পারব। এটা পেলে আমাদের এই কৃষিপ্রধান দেশের লোকদের অনেক উপকার হতে পারবে। মেষ, ভেড়া গ্রামের মধ্যে দিলে অনেক উপকার হবে। ভেড়ার মাংস বেশি দামে বিক্রি হয়, ভেড়ার লোমও অনেক দামে বিক্রি হয় এবং এতে অনেক পয়সা পাওয়া যায়। সেদিকে আপনাদের লক্ষ্য দিতে অনুরোধ করব। শুয়োর দিতে পারলে অনেক উপকার হবে। ক্ষুদ্র ও প্রন্তিক চাষীদের গরু দিয়েছেন বলেছেন। সেটা কাদের দিয়েছেন, কোথায় দিয়েছেন বুঝতে পারলাম না। ৩ হাজার ৪৪৫টি বকনা বাছুর দিয়েছেন। কিন্তু তাদের কি অবস্থা হয়েছে সেটা আপনিও জানেন না, আমরাও জানি না। বর্তমানে এই সব গরু, ছাগলদের বাঁচিয়ে রাখার জন্য যে খাবার দরকার হবে সেই খাবার আমাদের দেশে নেই বললেই চলে। সাধারণভাবে ছাগল, গরু, বাছুরদের মাঠে ঘাটে চরাবার জায়গা নেই বললেই চলে। গোচারণভূমি থাকা দরকার। বর্তমানে জমি চাষ করার জন্য এমন অবস্থা হয়েছে যে রাস্তার ধারে যেটুকু জমি পড়ে থাকত সেটাও আর পড়ে নেই, ফলে গরু বাছুর যেটুকু খাবার ঘাস পেত সেটাও পাচ্ছে না, কিনে খাওয়াতে হচ্ছে। গরিব মানুষ, চাষীদের পশু খাদ্য দেবার কোন ব্যবস্থা নেই। এই বছর ৪০/৫০ টাকায় এক হাজার খড় কিনতে পাওয়া যাচ্ছে, কিন্তু ফ্লাডের সময় ১০০ টাকার উপরে কিনতে হয়েছে। শুধু খড় খাওয়ালে গরুর ঠিকমত পুষ্টি হবে না। তার সঙ্গে খৈল, ভুষি, চুন ইত্যাদি দরকার। সুষম খাদ্য আপনি দেবার ব্যবস্থা করুন প্রত্যেক অঞ্চলে। এটা করলে ছোট চাষীদের সুবিধা হবে। ফুট অ্যাণ্ড মাউথ বলে গরুর একটা অসুখ হয়। এর সঙ্গে বাঁট পর্যন্ত ফুলে যায়। এর জন্য যে ওষুধ পাওয়া যায় সেটার দাম অত্যন্ত বেশি। এই বেশি দাম দিয়ে ওষুধ কিনে গরুর অসুখ ভাল করা সাধারণ মানুষের পক্ষে অত্যন্ত কষ্টসাধ্য ব্যাপার। ফ্লাডের সময় আমরা দেখেছি এই ফুট অ্যাণ্ড মাউথ রোগের জন্য যে ইনজেকশন দেওয়া হয়েছিল সেটা বেশী দামী গরুর জন্য দেওয়া হয়েছিল। এই বেশি দামী গরু সাধারণ গরিব লোকে পোষে না, বড় লোকেরাই পোষে। এই গরুগুলির দাম এক একটি ৪/৫ হাজার টাকা, শঙ্কর জাতের গরু এগুলি। যারা পয়সা দিয়ে ওষুধ কিনতে পেরেছিল তারাই পেয়েছিল, আর যারা কিনতে পারেনি তারা পায় নি। অর্দ্ধেক দাম দিয়ে কেনার জন্য আপনি বলেছেন। আমার বক্তব্য এগুলি সম্পূর্ণ ফ্রিতে দেবার ব্যবস্থা করুন। এই ফুট অ্যান্ড মাউথ রোগে গরু সম্পূর্ণ অচল হয়ে যায়, কাজ করতে পারে না। এর জন্য আপনি বিনা পয়সায় চিকিৎসার ব্যবস্থা করুন। রাণীক্ষেত ডিজিজ বলে মুরগির একটা অসুখ আছে। এই রোগ যখন আক্রমন করে তখন এক সঙ্গে হাজার হাজার মুরগিকে আক্রমণ করে থাকে। খবর পেলে তারপর ভেটেরিনারি

ডাক্তার ইনজেকশন দেন। এর একটা সিজন আছে। সেই সময় অসুখ করার আগে যদি ইনজেকশন, টিকা দেওয়া হয় তাহলে অসুখ হয় .না। আমাদের যত ডাক্তার দরকার তত ডাক্তার নেই। আপনারা ডাক্তারখানা খুলতে চাইছেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে আরো বেশি করে হেলথ এড সেন্টারের ব্যবস্থা করুন। এটা গ্রামের ভিতরে যদি চলে যায় তাহলে গ্রামের লোকের অনেক উপকার হবে। যারা এই কাজ করবে, এগিয়ে নিয়ে যাবে তাদের সম্বন্ধে যেভাবে ব্যবস্থা হয়েছে তাতে অফিসের কাজ ভালভাবে করতে পারেন না।

[6-30 — 6-40 P.M.]

কারণ তাদের যেভাবে ট্রান্সফার করা হচ্ছে তারা একেবারে অসহনীয় অবস্থার মধ্যে পড়ছে। এইভাবে তাদের বদলী করা হয় তাহলে তাদের ছেলেমেয়েদের পড়াশুনা হবে কি করে। আবার দেখা যাচ্ছে কো-অর্ডিনেশন কমিটিতে যারা আছে তাদের সব কলকাতার লোক কলকাতাতে বদলি করা হয় আর অন্য লোকদের বিভিন্ন জায়গায় বদলি করা হচ্ছে। এতে তাদের উৎসাহ নষ্ট হয়ে যাচ্ছে। তারপর ভেটারেনারী ফিল্ড অ্যাসিসটেন্টদের অ্যাসিসটেন্ট এক্সটেনশন অফিসার করার কথা ছিল। কিন্তু দেখতে পাচ্ছি এখনও সেটা করা হয় নি। আগে বলেছিলেন যে ২১০টি অ্যাডিশনাল ভেটারেনারী ডিসপেনসারী খুলবেন। আমি মনে করি তার চেয়ে যদি ৫০০টি অ্যাড সেন্টার করতেন তাহলে এই একই টাকাতে সেটা হতে পারত এবং তাতে আরও অনেক বেশি উপকার হত। এনিম্যাল হাসবেন্ডারী ডাইরেক্টরের ও ভেটেরেনারী ডাইরেক্টরেট ফিল্ড অ্যাসিসটেন্টদের বেতন হার ১৯৭০ সালে একই রয়েছে এর পরিবর্তন হচ্ছে না। এই দিকে একটু দেখা দরকার। আপনারা এক সঙ্গে ৩০০ লোককে ট্রান্সফার করেছেন। এইভাবে ট্রান্সফারের কি অর্থ হয় জানি না। আমার মনে হয় এটা কো-অর্ডিনেশন কমিটির ইচ্ছায় এটা হয়েছে বলে মনে করি। এই বলে এই সমস্ত অকাজের জন্য আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অমাদের বিরোধী দলের সদস্য ইন্দিরা গান্ধীর দলের লোক যিনি তিনি প্রথমেই সেই ভেস্টেড ইন্টারস্টের কথা বলতে শুরু করলেন। ৩০ বছর ধরে যে ভেস্টেড ইন্টারেস্টটে কাজ হয়েছে এই মন্ত্রিত্বে সেটা থাকুক এইটাই ওঁরা চাইছেন। আমি খবরের কাগজে দেখেছি এবং সরকারের ভুল ত্রুটি থাকলে আমরা সেটা সমালোচনা করি। দুধে জল দেবার যে প্রবণতা সেটা দুধের যেসব প্রকল্প গড়ে উঠেছে সেই সব পরিকল্পনাতে মন্ত্রী হাত লাগিয়েছেন। তিনি বাস্তুঘুঘুদের উপর আঘাত হেনেছেন। এইটাই কংগ্রেসের উত্তেজনার কারণ হচ্ছে। যে সমস্ত ভেস্টেড ইন্টারেস্টেটে লোকে কাজ করে তাদের ট্রান্সফার করছেন হাওড়ায় অফিসারকে ট্রান্সফার করেছেন এবং এই সব কাজ করছেন যেসব বাস্তুঘুঘুদের বাসা গত ৩০ বছর ধরে গড়ে উঠেছিল সেগুলি তিনি ভাঙ্গতে শুরু করেছেন। স্বভাবত তাদের একটু গায়ে লাগতে পারে। কলকাতা থেকে হাজার হাজার মণ দুধ কলকাতার বাইরে চলে যাচ্ছে তাদের দমন করা হচ্ছে ট্রান্সফার ইত্যাদি করে ঐ সমস্ত বাস্তুঘুঘুদের বাসা ভেঙ্গে দেবার মন্ত্রী মহাশয় চেষ্টা করছে। তখন ওঁরা বলে উঠেছেন কিছুতেই ট্রান্সফার করা চলবে না। এবং সঙ্গে সঙ্গে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় স্বাভাবিকভাবে মিস্টার সেনের মত লোকজনও আছে যারা অর্ডার করে পাঠিয়ে দিচ্ছেন সেই ট্রান্সফার বন্ধ করার জন্য। অবশ্য এগুলি সাবজুডিস এখানে আলোচনা করা উচিৎ নয়। খবরের কাগজে বেরিয়েছে। মাননীয়

সদস্য এটা নিশ্চয়ই লক্ষ্য করেছেন কিভাবে হাওড়ার অফিসারকে ট্রান্সফার করা হল। আজকে পশ্চিমবাংলায় দুধকে কেন্দ্র করে একটা বিরাট ব্যবসা চলছে এবং তার মধ্যে বড় বড় আমলাও আছে। সাসপেন্ড ট্রান্সফার ইত্যাদি করে মন্ত্রী মহাশয় সেই ব্যবসা ভাঙ্গতে চাচ্ছেন। অমনি ওনারা চিৎকার করে মন্ত্রী মহাশয়কে বাধা দিচ্ছেন। ওনাদের এই জিনিস করার জন্য একটু দুঃখ হচ্ছে। ৩০ বছর ধরে এই সব জিনিস হচ্ছে। অমি মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন করতে গিয়ে দু-একটা কথা বলব। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন তাকে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই বিশেষ করে বাঁকুড়া এবং পুরুলিয়ার যেখানে খরা ত্রাণ এবং শিবির সম্পর্কে বলেছেন। বাঁকুড়া এবং পুরুলিয়ায় সাংঘাতিক ভাবে খরা দেখা দিয়েছে। ইতিমধ্যে বহু পুকুরে শুকিয়ে গেছে। সাধারণ ভাবে বাঁকুড়া এবং পুরুলিয়া খরার জায়গা কিন্তু এই বছর আরো ব্যাপক ভাবে সেটা দেখা দিয়েছে। মন্ত্রী মহাশয় এই ব্যাপারে তার বাজেটে বলেছেন। গ্রামে খরা ত্রাণে মানুযেরা সেবা করার জন্য সেখানে ত্রাণ শিবির গঠন করার ব্যবস্থা হয়েছে। এই বিভাগ থেকে আগেও করা হয়েছে। কিন্তু সেখানে যেটা রয়েছে, যে পরিমাণ খরা বাঁকুড়া এবং পুরুলিয়াতে হয়েছে বা হবে আগামী ৩ মাসে তার তুলনায় সাহায্যটা নগণ্য। সেই দিকে লক্ষ্য রাখতে হবে। কারণ প্রথমত একটা দরিদ্র জেলা, যে জেলায় বিরাট এবং ব্যাপক খরা, তার উপর বর্গাদার এবং গরিব চাষী, ক্ষুদ্র ক্ষুদ্র চাষী, তাদের যে সমস্ত গরু, বাছুর ইত্যাদি আছে তাদের খাবার জুটছে না। কারণ নদী শুকিয়ে গেছে, মাঠে ঘাস নেই, সব মরুভূমির আকার ধারণ করেছে। অতএব এখন থেকে চেষ্টা করে সেখানে তাদের গরু বাছুরের খাদ্য পৌছে দেওয়া দরকার এবং যেখানে শিবির করেছেন তাতে কত লোক লাগবে তার পরিমাণ জেনে সেই সম্পর্কে কাজ করুন তাহলে আরো ভাল হবে। দ্বিতীয় কথা হচ্ছে, বাঁকুড়া এবং পুরুলিয়ার খরা পীড়িত অঞ্চলে বেকারদের জন্য একমাত্র পথ হল ডায়েরী এবং অ্যানিম্যাল হাসব্যান্ডারী। আমরা দেখেছি বাঁকুড়া জেলায় যে সব শিল্প আছে তার চেয়ে বন এবং তার সঙ্গে পশুপালন, দুগ্ধ প্রকল্প, অ্যানিম্যাল হাসব্যান্ডারী গড়ে উঠে তাহলে বেকারদের সেখানে বিরাট কর্মসংস্থানের সম্ভাবনা হবে। কিন্তু দুঃখের বিষয় ব্যাঙ্কের থেকে তারা সেই সুযোগ পাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় যদি দেখেন তাহলে দেখবেন যে প্রকল্পগুলি বর্তমানে আছে সেই প্রকল্পে বেকার ছেলেরা গরু পায়না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নিবেদন করব যে, বেকার ছেলেদের ৪।। হাজার টাকা, আমি জানি হরিয়ানায় গরু কেনার জন্য দেবার প্রকল্প আছে। এখানে যেটা ৩৩ পারসেন্ট বলা আছে, সেই ৩৩ পারসেন্ট গভর্নমেন্ট সাবসিডি দিলেও বাকি থাকে ৬৭ পারসেন্ট। তারা যখন ব্যাঙ্কে যায়, আমি বাঁকুড়ায় নিজের ছেলেদের পাঠিয়েছি, তাদের আমি বলেছি যে তোমরা এটা কর। কিন্তু করতে গিয়ে সেখানে ডাইরেক্টর, জয়েন্ট ডাইরেক্টর ইত্যাদি বিরাট ষড়যন্ত্র চলছে। সেই জায়গায় কিছু কিছু আমলা বসে আছে, তারা চিৎকার করছে। তাদের কাছে ফর্ম চাইলে পাওয়া যায় না। তারা প্রায়ই কো-অর্ডিনেশন কমিটিতে এসে বক্তৃতা করেন। কিন্তু কাজের বেলায় যখন আমরা তাদের কাছে পাঠাই তারা বাস্তবে রূপ দিতে চান না এবং ফর্ম নিয়ে এসে ব্যাঙ্কের কাছে হয়রান হতে হয় টাকা পায়না। একটা বেকার যুবক যখন তাদের প্রকল্প নিয়ে ব্যাঙ্কের কাছে যায় তখন ব্যাঙ্ক তাদের সঙ্গে সহযোগিতা করেনা। আমি জানিনা এই ব্যাপারে কেন্দ্রের কোন নির্দেশ আছে কি না। সহজভাবে গরু পাইয়ে দেবার ব্যবস্থা যদি ডিপার্টমেন্টে থাকে—আমি এই সরকার আসার পরে দীর্ঘ ৩ বছর

ধরে চেষ্টা করে একটা ছেলেকে পাইয়ে দিতে পারিনি। বাঁকুড়ায় যে প্রশাসন রয়েছে, তারা মুখে এত প্রগতিশীল কথা হলে কিছু কাজের বেলায় আমরা দেখছি যে আমাদের কোন কাজকে তারা কার্যকরি করতে চায় না। এটা একটা অদ্ভুত ব্যাপার। আমি সে জন্য মন্ত্রী মহাশয়কে বলব, এই যে পশুপালন বিভাগ আছে, এখান থেকে বাস্তুঘুঘুদের, আমলাদের উৎখাত না করে যদি নুতন ভাবে উদ্যোগ নেন তাহলে আপনার এত দুরদৃষ্টি থাকা সত্ত্বেও, এত পরিকল্পনা নেওয়া সত্ত্বেও সেগুলিকে কার্যকরি করবে না। আমি নিজে দেখেছি যে আমরা অভিযোগ দেবার পরে আপনি ব্যবস্থা নিয়েছেন। আপনি জানেন যে কি ভাবে দুর্নীতি চলেছে, কি ভাবে দুধে জল দেওয়া হচ্ছে। গাড়ি থেকে শুরু করে, পাউডার থেকে শুরু করে সব কিছুতে। এতে আমার সেই তর্ক রত্ন মাহেশের কথা মনে পড়ছে। আজকে সমস্ত বিভাগে টাকার জন্য তারা গাড়ি থেকে শুরু করে, দুধের পাউডার থেকে শুরু করে বোতল থেকে শুরু করে এই দুর্নীতি চালিয়ে যাচ্ছে। ৩০ বছর ধরে এই ইন্দিরা কংগ্রেসের লোকেরা তাদের এমন ভাবে তৈরি করে দিয়েছে।

[6-40 — 6-50 P.M.]

আমরা যদি সেই আমলাতান্ত্রিকতা সরিয়ে দিয়ে নুতন করে ভাল ভাবে পরিকল্পনা করতে না পারি তাহলে কোন কাজই হবে না। ওরা আগের আমলে হাজার হাজার লক্ষ লক্ষ টাকা রোজকার করেছে। আমি জানি এই পশ্চিমবাংলায় পোল্ট্রি হয়েছে, নিশ্চয়ই অনেক ডিম উৎপাদন হচ্ছে। কিন্তু পুরাতন যে রীতি পদ্ধতি, বাঁকুড়ায় এ.এম.পি. স্কীমে যে পোল্ট্রি হল, সেই পোল্ট্রির মুরগি মারা গেল। বাঁকুড়ার মুরগির খাবার দুর্গাপুর থেকে এল না। সেখানে এ.এম.পি. স্কীমে পোল্ট্রি কার্যকরি হল না। মুরগির রোগ যখন হয়, সেই ভ্যাকসিন দেওয়া বা অন্যান্য যে সমস্ত ব্যাপার আছে, সেই সব কাজগুলো ঠিক মত হয় না। যখন আমরা রুর‍্যাল ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট প্রোগ্রাম করতে যাচ্ছি, তাতে শুয়োর, মুরগি, ছাগল পাশাপাশি দিয়ে, সঙ্গে সঙ্গে আর একটা প্রোগ্রাম নিয়েছিলাম, এখান থেকে সত্যব্রত সেন সেখানে গিয়েছিলেন, সেখানে যাতে ছেলেদের ট্রেনিং দেওয়া যায়, সেই রকম একটা ব্যবস্থা করা হয়েছিল। ছেলেরা ট্রেনিং দিল কিন্তু সেই রুর‍্যাল ইন্টিগ্রেটেড প্রোগ্রাম চালু করতে পারলেন না। ভেটারিনারী ডাক্তার যারা আছেন, আর্টিফিশিয়াল ইনসিমিনেশন এই সব কাজ তাদের মাধ্যমে হয়। কিন্তু গরুর রোগ হলে তারা প্রচুর পরিমাণে টাকা নেয়। মেডিক্যাল কলেজে যেমন প্রাইভেট প্র্যাকটিস করার ব্যাপার আছে, প্রাইভেট প্র্যাকটিসে তারা সাংঘাতিক ভাবে চার্জ করেন, গরিব কৃষক, বর্গাদার, প্রান্তিক চাষী, তাদের কাছ থেকে যাতে এই ভাবে টাকা না দেওয়া হয়, এই বিষয়ে মন্ত্রী মহাশয় দেখবেন। এবং আরও বেশি করে যদি সেন্টার এবং যদি এই রকম প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করতে পারেন—এটা একটু ভেবে দেখবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বাঁকুড়া এবং পুরুলিয়া খরা এলাকা। ওখানে ডেয়ারী ফিডার স্কীম করার কথা। কিন্তু সেই ফিডার ফার্ম কার্যকরি করা হচ্ছে না। গ্রামের মানুষ যারা গরু রাখে, তারা কিন্তু গ্রামের খাদ্য খাওয়ায়। বাঁকুড়া জেলার গ্রামে ফিডার তৈরি করার জন্য যে গ্রান্টের ব্যবস্থা আছে, কৃষকেরা ফিডার তৈরি করার জন্য যে ইনসেন্টিভের ব্যবস্থা আছে, সেই কথাই তারা জানেন না। আমি দু-একটা গ্রামে মিটিং করে দেখেছি, জিজ্ঞাসা করেছি, তোমারা ফিডার তৈরি কর না কেন, এতে গরু অনেক বেশি দুধ দেবে, এই

রকম কোন যে প্রভিসন আছে, তা তারা জানে না। সুতরাং আমি বলতে চাই, সাইকোলজি একটা বড় জিনিস। এই সমস্ত ব্যবস্থাগুলো ঠিক মত করা উচিত। এই বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহোদয় যে বরাদ্দ পেশ করেছেন তাকে সমালোচনা করার কোনো প্রশ্ন ওঠেনা। সাংগঠনিক দিক দিয়ে একে আমাদের সকলের পূর্ণ সমর্থন করা একান্ত দরকার। সেই জন্য আমি এই খাতের ১৪ কোটি ৪৯ লক্ষ ৩৬ হাজার টাকার ব্যয় বরাদ্দকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সেটা জানাতে গিয়ে আমার কয়েকটি পরামর্শ আমি মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। সেই পরামর্শগুলি যদি তিনি গ্রহণ করেন তাহলে আমি আনন্দিত হব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন আমাদের প্রতিটি মহকুমায় একটি করে হাসপাতাল আছে এবং সেখানে একজন করে ডাক্তার আছে। কিন্তু ঔষুধ-পত্র সেখানে খুবই কম থাকে। আমরা জানি আমাদের তমলুক মহকুমায় একটি মাত্র হাসপাতাল আছে, সেখানে দূর-দূরান্ত থেকে রোগাক্রান্ত পশুদের, বিশেষ করে গরু, ছাগলদের সেখানে আনা সম্ভব হয় না। অ্যাম্বুলেন্স বা কোনো যানবাহনের ব্যবস্থা নেই। সেই জন্য আমরা দেখছি পুরনো আমলের যে ব্যবস্থা গ্রামাঞ্চলে ছিল, সেই ব্যবস্থাই এখনো চলে আসছে। আজকে গ্রামের মানুষকে এ বিষয়ে আধুনিক পদ্ধতিতে পরিচালিত করার প্রয়োজন আছে। সুতরাং হাসপাতাল এবং ডাক্তার বাড়ানোর প্রয়োজন রয়েছে। গ্রামে সাধারণ জ্ঞানের যে সমস্ত ডাক্তার আছে, তাদের আমরা গ্রামে বলে থাকি গো-বদ্দি। আজও গ্রামের মানুষের গরুর অসুখ হলে এদের নিয়ে যাওয়া হয়। কারণ সরকারি ডাক্তার পাওয়া যায় না। প্রতি ব্লকে একজন করে সরকারি ডাক্তার আছে, কিন্তু তারা ব্লক/অফিস ছেড়ে যেতে চায় না। সাধারণত তারা আউট-ডোরে বসে কাজ করে। ব্লক অফিসের বাইরে ৫/৬ মাইল দূরে যদি তাদের যেতে বলা হয় তাহলে তাদের ফি ইত্যাদি নিয়ে তাদের পেছনে যে ব্যয় বরাদ্দের দরকার হয় তার পরিমাণ প্রায় ১৮/২০ টাকা। যার ফলে গ্রামের গরিব লোকেরা তাদের নিয়ে যেতে পারেনা। সুতরাং আমি এদিকে একটু মাননীয় মন্ত্রী মহোদয়কে দৃষ্টি দিতে বলছি।

আমি আর একটা পরামর্শ দেব। আজকে আমাদের মেদিনীপুর জেলায় হলদিয়া মহানগরী গড়ে উঠছে। আমি মনে করি সেখানে হরিণঘাটা এবং কল্যাণীর মত একটা প্রকল্প গ্রহণ করা উচিত। সেটা করলে মেদিনীপুর জেলার উপর একটু সুনজর দেওয়া হবে। যদিও আমরা জানি মেদিনীপুরের শালবনী-তে একটা দুগ্ধ প্রকল্প আছে আর দাসপুরে ডেয়ারী কর্পোরেশনের মাধ্যমে কিছু কাজ হচ্ছে ঠিক কথা। কিন্তু তবুও হরিণঘাটা বা কল্যাণীর মত একটি বৃহৎ প্রকল্প মেদিনীপুর জেলার জন্য হলদিয়াতে প্রয়োজন। বামফ্রন্ট সরকার যদি এই রকম একটা উদ্যোগ গ্রহণ করেন তাহলে মেদিনীপুর জেলার বিশেষ উপকার হবে।

তারপর মন্ত্রী মহাশয় তার বক্তৃতার মধ্যে শংকর জাতের গাভীর কথা বলেছেন। এটা নিশ্চয়ই ভাল কথা। কিন্তু দরিদ্র লোকেরা অর্থনৈতিক অক্ষমতার জন্য এটা নিতে পারে না। আমরা জানি আমাদের গ্রাম বাংলায় বহু গরিব বিধবা, যাঁদের কেউ নেই তাঁরা তাঁদের গাভীর সাহায্যে সংসার প্রতিপালন করেন। গ্রামের সদস্যরা সকলেই এটা জানেন। কিন্তু

তাঁদের সেই গাভীগুলি সবই দেশিয় গাভী। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, শংকর গাভী কেনবার জন্য এঁদের আপনি আর্থিক অনুদান দেওয়ার জন্য যদি একটা প্রকল্প গ্রহণ করেন তাহলে ভাল হয়।

[6-50 — 7-00 P.M.]

আমি আপনার বাজেট দেখলাম মুরগির ক্ষেত্রে মেদিনীপুর বাদ পড়েছে বলে মনে হল অনেক রাষ্ট্রীয় খামার, মুরগির সম্প্রসারণ কেন্দ্র, আঞ্চলিক খামার, মুরগির প্রশিক্ষণ কেন্দ্র নানান অঞ্চলে আছে কিন্তু মেদিনীপুর বাদ পড়েছে। এই মেদিনীপুর থেকে প্রচুর ডিম কলকাতায় আসে। কাঁথি তমলুক থেকে ঝুড়ি ভর্তি করে কলকাতা শহরে হাঁস ও মুরগির ডিম প্রচুর আসে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, আপনি ওখানে যদি খামার করেন তাহলে পরে হাঁস মুরগি চাষের প্রকল্প সম্প্রসারিত হবে। এ ছাড়া আর একটি কথা বলি, বন্যার সময়ে প্রচুর গরু এবং মহিষ মারা গেছে। যে সমস্ত দুস্থ পরিবার আছে তাদের অনুদানের মাধ্যমে কিছু গাই, ছাগল এবং মহিষ দেওয়ার ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। আমার জেলাতে যে অধিকর্তা আছে আপনার বিভাগের তাঁর সঙ্গে আমরা এম.এল.এ. হয়েও এখন পর্যন্ত পরিচিতি হল না। আপনার বিভাগের কাজকর্ম কি হচ্ছে না হচ্ছে সেটা যদি এম.এল.এ.দের নিয়ে একসঙ্গে মিটিং করা হয় তাহলে আমার মনে হয় খুব ভাল হবে। তিনি কি প্রকল্প কিভাবে রূপায়িত করতে যাচ্ছেন এই সমস্ত জিনিস যদি আমরা একসঙ্গে বসে মিটিং-এর মাধ্যমে আলোচনা করতে পারি তাহলে কাজের দিক থেকে ভাল হয়। আপনি যদি এইরূপ নির্দেশ দেন তাহলে বিভাগের কাজকর্ম আরও দ্রুতগতিতে এগিয়ে যাবে। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবশরন ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় দুটি খাতে সংশ্লিষ্ট দপ্তরের যে ব্যব-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তা আমি সমর্থন করছি। আমি খুব মন দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তৃতা পড়েছি এবং পড়ে আমার এই ধারণা স্পষ্ট হয়েছে তিনি কি পশুপালন ক্ষেত্রে, কি চিকিৎসার ক্ষেত্রে, কি দুগ্ধ সংগ্রহ তথা বিপণনের ক্ষেত্রে সর্বস্তরে গভীরভাবে চিন্তা-ভাবনা করছেন এবং কিছু কিছু নতুন নতুন পরিকল্পনার কথা তিনি ঘোষণা করেছেন। তিনি অপারেশন ফ্লাড সম্পর্কিত একটি বুক-লেট দিয়েছেন। তাতে তিনি বলেছেন, বর্তমান সরকারের মূল লক্ষ্য হচ্ছে, দুগ্ধ সংগ্রহের ক্ষেত্রে সমবায়কেই মাধ্যম হিসাবে বেছে নেওয়া হয়েছে। সরকার ইতিপূর্বে সরাসরি দুগ্ধ উৎপাদকদের কাছ থেকে ব্যাপকভাবে দুগ্ধ সংগ্রহ করতেন, ক্রয় করতেন কিন্তু বর্তমানে লক্ষ্য হচ্ছে, সমবায়ের মাধ্যমে দুগ্ধ সংগ্রহ করার উপর জোর দেওয়া হচ্ছে। আমি সমবায়ের বিপক্ষে নিশ্চয়ই নই কিন্তু কিছু আশঙ্কার কথা ভেবে এই সর্ম্পকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে সরকারি নীতির বিশদ ব্যাখ্যা চাইছি। এই জন্য বলছি,—আমরা জানি, আমাদের দেশের সমবায় যে অবস্থার মধ্য দিয়ে চলছে এবং সমবায়ের আইনে যে ক্রটি-বিচ্যুতি আছে তার ভিতর দিয়ে সর্বক্ষেত্রে কতটা সাফল্য লাভ করা যাবে আমার সন্দেহ আছে। কারণ সমবায়েতে কৃষক সমিতির মার্কেটিং এগ্রিকালচারে সেখানে কৃষকেরা থাকে না, কৃষকদের পরিপূরক থাকে এক শ্রেণীর লোক তারাই সমবায় করে। ঠিক তেমনি দুগ্ধ সমবায় যারা দুগ্ধ উৎপাদনকারী যারা দুগ্ধ উৎপাদন করছে এমন লোকেরা যদি সমবায় গঠন করে এবং সেই ধরনের সমবায়ের মাধ্যমে

দুগ্ধ ক্রয় করা হয়, যদি সেই ধরনের সমবায়কে উৎসাহ দেওয়ার উদ্দেশ্য থাকে তাহলে নিশ্চয়ই সমর্থন যোগ্য কিন্তু যতটুকু আমি জানি এবং যতটুকু আমার অভিজ্ঞতা আছে, দু-একটি সমবায় যে ধ্যান-ধারণা আছে, সেই সম্পর্কে দু-একটি কথা বলছি।

আমরা জানি এ সমবায়গুলো ওপরতলার কিছু পয়সাওয়ালা দুগ্ধ ব্যবসায়ীকে ভিত্তি করে গড়ে উঠেছে এবং এঁরা এগুলিকে ব্যবসায়ী প্রতিষ্ঠানে পরিণত করছেন। এই সমস্ত কো-অপারেটিভগুলিকে উৎসাহ দেবার পেছনে আমলাতান্ত্রিক একটা অভিসন্ধি আছে। সরকার প্রত্যক্ষভাবে দুগ্ধ উৎপাদনকারীদের কাছ থেকে দুগ্ধ ক্রয় করা ব্যবস্থা বন্ধ করে দিয়ে ব্যবসায়ীদের সুযোগ করে দেবার একটা চেষ্টা করছেন এর পিছনে আমলাতান্ত্রিক মনোভাব আছে। আমার কেন্দ্রে কালীগঞ্জ থানা পলাশীর দুটো চিলিং প্ল্যান্ট আছে, বর্তমানে যেটা চালু আছে তার ক্যাপাসিটি কম, আর যেটা বন্ধ হয়ে আছে তার ক্যাপাসিটি বেশি। যাদব সমাজ এখানে অনেক থাকে এবং এখানে প্রচুর পরিমাণ দুধ পাওয়া যায়। কিন্তু কোটা নির্ধারিত থাকার জন্য সেই এলাকার লোকেরা দুধ পাচ্ছে না। যাই হোক যেটার ক্যাপাসিটি বেশি সেটা কেন বন্ধ আছে আশাকরি সে বিষয়ে আপনি নিশ্চয় তদন্ত করবেন। পশ্চিমবাংলার বাইরে থেকে দুধ নিয়ে আসছেন অথচ পশ্চিমবাংলার ভেতরে দুধ উৎপাদনকারীরা দুধ বিক্রি করতে পারে না। এ সম্পর্কে কি ব্যবস্থা করবেন সেটা আমাদের জানাবেন। হরিণঘাটা দুধ নিয়ে আসার জন্য যে মিল্ক ভ্যান আছে তার সংখ্যা খুব কম, দু-নম্বর হচ্ছে দুধ বিতরণের ক্ষেত্রে কোন পরিবর্তন এখন লক্ষ্য করা যাচ্ছে না। গ্রাম থেকে দুধ নিয়ে এসে শহরের লোককে দুধ, ঘি, মাখন, খাওয়ানোর যে প্রচেষ্টা সেটা এখন পর্যন্ত আছে। শহরের হাসপাতালগুলিতে সরকারি ব্যবস্থায় দুধ সরবরাহ করা হয়, কিন্তু মফস্বল প্রাইমারী হেল্‌থ সেন্টার বা সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টারগুলিতে সরকার থেকে দুধ সরবরাহ না করার ফলে সেখানে দুধ মিশ্রিত জল সরবরাহ করা হয়। আপনি বলবেন এটা আমার দপ্তরের নয় স্বাস্থ্য দপ্তরের ব্যাপার, কিন্তু আমি অনুরোধ করব প্রাইমারী হেল্‌থ সেন্টার এবং সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টারগুলিতে সরকারি ব্যবস্থায় যাতে দুধ সরবরাহ করা হয় সেদিকে আপনি লক্ষ্য রাখবেন। পশুচিকিৎসার ব্যাপারে প্রয়োজনের তুলনায় এই সংখ্যা খুব কম। অনেকে অ্যাম্বুলেন্সের কথাও বলেছেন কিন্তু আমার সাজেশন হচ্ছে ব্লক স্তরের হাসপাতালগুলিতে একটি করে এমার্জেন্সী বিভাগ করা দরকার। এখানকার ডাক্তার বাবুরা ১০টা থেকে ৫টা পর্যন্ত অফিস ডিউটি করেন, ১০টার আগে বা ৫টার পরে কোন পশু অসুস্থ হয়ে এলে তার কোন চিকিৎসা হয়না। সেইজন্য এইসব জায়গায় এমার্জেন্সী বিভাগ করা দরকার। আরেকটি কথা হচ্ছে মানুষ অসুস্থ হলে তাকে রিকসায় বা খাটিয়া করেও আনা যায় কিন্তু গরু, মোষ অসুস্থ হলে হাসপাতালে নিয়ে আসা অসম্ভব হয়ে পড়ে, আবার এর জন্য ডাক্তার নিয়ে গেলে তাকে গাড়ি ভাড়া, সাইকেল ভাড়া দিতে হয় যেটা তিনি ইচ্ছামত চার্জ করেন। এ বিষয়ে সরকারি কোন নিয়ম আছে কিনা জানাবেন। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-00 — 7-10 P.M.]

**শ্রীমতী রেণু লীনা সুব্বা :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি সব সময় লেফটফ্রন্ট গভর্নমেন্টের বিরুদ্ধে বলব। এখানে যে বাজেট পেশ করা হয়েছে তা আমি স্বীকার করি না। দার্জিলিং সম্বন্ধে এর মধ্যে কিছু নেই। আমাদের ফরেস্ট মন্ত্রী আমার এলাকায় সমস্ত ফরেস্ট

শেষ করে দিয়েছেন। আমার এলাকা খাস মহল এরিয়া, সেখানকার লোকের আর্থিক অবস্থা খুব খারাপ এবং তারা খুব ব্যাকওয়ার্ড। সেখানকার লোকের প্রধান জীবিকা হচ্ছে পশুপালন —অর্থাৎ পিগারী, পোল্ট্রি এবং গরুপালন। প্রায় সকলের বাড়িতেই গরু আছে। কো-অপারেটিভ থেকে এইসব গরু নেওয়ার জন্য তাদের বিরুদ্ধে সার্টিফিকেট কেস করা হচ্ছে। সুতরাং আমার রিকোয়েস্ট গরু কেনার জন্য যারা ঋণ নিয়েছে তাদের সেটা মকুব করে দেন। আমার এলাকায় খুব ভাল ভাল গরু পাওয়া যায়, কিন্তু ফিডার নেই, মেডিসিন নেই, ভেটেরিনারী সার্জন নেই, ইনজেকশন নেই, ভিটামিন নেই। আপনি জানেন অয়েল কেক সেখানে খুব বেশি দামে বিক্রি হচ্ছে। দার্জিলিং একটা এগ্রিকালচার এরিয়া, এগ্রিকালচারের সঙ্গে অ্যানিম্যাল হাসব্যান্ড্রির যোগাযোগ খুব আছে। ফিডার করতে গেলে সেখানে ইরিগেশন প্রোগ্রাম নিতে হবে। আমাদের ফরেস্ট মিনিস্টার আমার এলাকায় বন সম্পদ একেবারে নষ্ট করে দিয়েছেন। সেখানে যে পাইন, ধুপী লাগান হয়েছে তার ফলাফল হচ্ছে যে ধুপীতে ভীষণ আয়রণ থাকে তার ফলে সেই গাছের পাতা পড়ে জমি নষ্ট হয়ে যাচ্ছে এবং তা গরুও খায় না। এই সমস্যা দেখা দিয়েছে, এই সমস্যার কথা গতবারে আমি গভর্নমেন্টের কাছে কো-অর্ডিনেশন কমিটির কাছে তুলেছি, কিন্তু মন্ত্রী মহাশয় চুপ করে আছেন। আপনি অনেক টাকা খরচ করেছেন পশ্চিমবঙ্গের জন্য, কিন্তু আমাদের দার্জিলিং জেলা অবহেলিত হয়ে রয়েছে। মন্ত্রী মহাশয়ের কাছে আমার নিবেদন আমার হিল এরিয়ায় পঞ্চায়েত আছে, জেলা পরিষদের চেয়ারম্যান আছে, আমি জন প্রতিনিধি আছি, সেখানে মন্ত্রী মহাশয়কে গিয়ে ট্যুর করে দেখতে হবে বহু লোকের জীবন কি অবস্থায় কাটছে, গরিব লোকেরা কি রকম কষ্ট করে জীবন যাপন করছে। মন্ত্রী মহাশয়কে যেতে হবে একটা প্রোগ্রাম করে আমার এলাকায়, সেখানে কি কি প্রবলেম আছে, অ্যানিম্যাল হাসব্যান্ড্রির কি প্রবলেম আছে সেগুলি দেখে তার সমাধানের ব্যবস্থা করতে হবে। সেখানে ব্লকে দেখা যাচ্ছে একজন। ডাক্তার আছে, কিন্তু গ্রামে গ্রামে ডাক্তার নেই, এড সেন্টার নেই, অ্যাম্বুলেন্স নেই, কোথাও কোথাও যদিও বা অ্যাম্বুলেন্স আছে পেট্রোল নেই, ডাক্তার নেই, মেডিসিন নেই, ইনজেকশন নেই। সেজন্য আমার রিকোয়েস্ট আমার হিল এরিয়ার যদি উন্নয়ন চান, ব্যাক-ওয়ার্ড এরিয়ার যদি উন্নতি চান, গরিব মানুষের অর্থনৈতিক উন্নতি যদি চান তাহলে থ্রু গ্রাম পঞ্চায়েত আপনাকে সোস্যাল এড, মেডিসিন, ভিটামিন, ইনজেকশন, ঔষুধ সব দিতে হবে। গ্রামে গ্রামে পঞ্চায়েত মাধ্যমে একটা করে ভেটারিনারী এড সেন্টার করে দিতে হবে, তা না হলে কিছু উন্নতি হবে না। আমার এলাকার গরিব চাষীরা ১ টাকা, ১.২৫ কেজি দরে দুধ বিক্রি করছে, আর সেই দুধ শিলিগুড়িতে এসে ৩ টাকা কে.জি. দরে বিক্রি হচ্ছে। আমার গরিব মানুষ কত কষ্ট করে দুধ উৎপাদন করল, তার ফল তারা কিছু পাচ্ছে না।

I request the Hon'ble Minister to visit my area, particularly our hill area because we were very much neglected. Our Ministers are not paying any attention to our hill areas. So we are very sorry that we have to fight against the Left-Front Government as they are not paying any attention to our problems. We are very backward. In our hill areas there are so many poor farmers who are not getting adequate loans from the co-operatives and who are also unable to take those loans and

[24th March, 1980]

Government has also filed certificate cases against the poor farmers. So I request the Hon'ble Minister to take proper care of our backward area. If they do so we will support the Government; Otherwise we will not support you. We will fight against this Left-Front Government.

**শ্রী অমৃতেন্দু মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাত জন আলোচনা করেছেন, তার মধ্যে ৫ জন আমার প্রস্তাব সমর্থন করেছেন, ২ জন সমর্থন করতে পারেননি। কংগ্রেস(আই) এর পক্ষ থেকে এবং জনতা পার্টির পক্ষ থেকে ওঁরা পুরাপুরি সমর্থন করতে পারেননি, সমালোচনা করেছেন। আমার জবাব ওঁরা যা বলবেন তা অনুমান করে আমার বিবৃতির মধ্যে সব লিখে দিয়েছি, কাজেই আমি আর মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার এবং মাননীয় সদস্যদের সময় নষ্ট করতে চাই না। কয়েকটি সাজেশন এর মধ্যে আছে, আমি শুধু সেগুলির জবাব দেব। সাজেশনের মধ্যে পশু খাদ্য উৎপাদনের জন্য একটা গুরুত্বপূর্ণ সাজেশন আছে প্রস্তাবের মধ্যে। আপনারা দেখেছেন শালবনী ফার্ম এবং হরিণঘাটা ফার্ম এই দুই জায়গায় যে জমি আছে তারমধ্যে শালবনী ফার্মে ১৫শত একর, হরিণঘাটায় এক হাজার একর, তার মানে ২৫শত একর জমিতে আমরা চাষ আবাদ করছি। এখানে অসুবিধা আছে জল সেচের তাহলেও জল সেচের ব্যবস্থা করা হচ্ছে যাতে পশু খাদ্য উৎপাদিত হয়। একথা ঠিক পশ্চিমবঙ্গে উন্নত জাতের শংকর জাতের ভাল গরু যদি বাড়াতে হয় তাহলে যেমন কৃত্রিম প্রজনন দরকার, সেই ব্যবস্থা রাখতে হবে তার সঙ্গে সঙ্গে সুষম পশু খাদ্য তাও দিতে হবে। কাজেই দুটি পাশাপাশি যাচ্ছে। পশ্চিমবঙ্গে গো চারণ মাঠ অনেক দিনই নষ্ট হয়ে গিয়েছে। যখন জমিদারী আইন পাশ হল তখনকার জমিদাররা ও জোতদাররা তারা গো চারণ মাঠকে আবাদী জমিতে রূপান্তরিত করেছিল কাজেই তার অভাব রয়েছে। কিন্তু আমাদের পরিকল্পনা হচ্ছে এই পশু খাদ্য চাষ করার জন্য পশু খাদ্য যাতে মানি ক্রপ হয়, অর্থকরী পণ্য হিসাবে কৃষকেরা গ্রহণ করে তারজন্য আমরা উৎসাহ দেব। আমাদের প্রথম প্রস্তাব হচ্ছে যে আমরা নার্সারি প্লট করে উৎসাহিত করব যা আগে পশ্চিমবঙ্গে হয়নি। নার্সারি প্লট মানে হচ্ছে এই যে প্রত্যেক জেলায় জেলায় কৃষি দপ্তরের সঙ্গে একত্রে মিলে আমরা কিছু কিছু জমি সংগ্রহ করব এবং সেখানে পশু খাদ্য উৎপাদনের জন্য বিভাগের বরাদ্দকৃত অর্থ নিয়ে পশু খাদ্য তৈরি করার জন্য প্রদর্শনী খামার তৈরি করব। সুকুমার বাবু প্রস্তাব করেছেন যে এটা গ্রামাঞ্চলে নিয়ে যেতে হবে। পঞ্চায়েত স্তরে যাতে এই রকম প্রদর্শনী খামার তৈরি হতে পারে নিশ্চয়ই আমরা সেটা বিবেচনা করব, সীমিত অর্থ বরাদ্দ আপনারা করে দিচ্ছেন তার মধ্যে আমরা চেষ্টা করব যাতে এটা করা যায়। কিন্তু আমরা যেটা চাচ্ছি সেটা হচ্ছে প্রত্যেক কৃষক শংকর জাতের গরু চান তিনি নিজে কিছু পশু খাদ্য উৎপাদন করার চেষ্টা করবেন। জমি নেই একথা ঠিক তবুও বাড়ির কাছে যেটুকু জমি আছে সেখানে যদি পশু খাদ্য উৎপাদন করে তাহলে পশু খাদ্যের সমস্যা একসঙ্গে সমাধান না হলেও কিছুটা সমাধান হবে। এর সঙ্গে সঙ্গে সুষম পশু খাদ্য উৎপাদনের জন্য আমরা নির্দিষ্ট প্রস্তাব রেখেছি। ছোট প্রস্তাব হলেও আমরা এটা খুব খুঁটিয়ে খুঁটিয়ে করছি। বাজেট ভাল করে পড়লেই দেখবেন মেদিনীপুর জেলায় কনসেনট্রেটেড ফিল্ডে সুষম পশু খাদ্য তৈরি করার জন্য একটা প্ল্যান্ট করেছি তাতে ১০০ মেট্রিক টন প্রডাকশন করতে পারবে। তার সঙ্গে সঙ্গে আরো সব বিভিন্ন উপায়ে পশু খাদ্য তৈরি হতে পারে—উনি ভুল বলেছেন মেস গরুতে খায় না, ওটা মুরগির খাদ্য,

এইগুলি আমরা করবার জন্য চেষ্টা করছি। শ্রীমতী রেণু লীণা সুব্বা যে কথা বলে গেলেন, উনি জানেন না এটা ওঁদেরই ব্যাপার, শিলিগুড়িতে আছে, শুধু তাই নয় দার্জিলিংএর বিভিন্ন জায়গায় হিমুলের কো-অপারেটিভ রয়েছে সেখানে দুধ সংগ্রহ করা হয় এবং দেওয়াও হয়। সেখানে ভেটারিনারি সার্ভিস, পশু চিকিৎসার ব্যবস্থা খুব সম্প্রসারিত করা হয়েছে। উনি এত খবর জানেন না, ওঁর নির্বাচন, কেন্দ্র কালিংপংএও আছে। সেখানে আরো নজর দেব। হিমুলের ভবিষ্যত অত্যন্ত উজ্জ্বল এবং সেটা ক্রমশ বাড়ছে। মেদিনীপুর জেলার কথা, সুনির্মলবাবু বলেছেন এবং আর একজন মাননীয় সদস্য বলেছেন, শিল্প কম এবং যেহেতু শিল্প কম, সেই হেতু মেদিনীপুরে বিশেষ পশুপালন কর্মসূচীর মারফত কিছু করা উচিত। আমি বলতে চাই, অপোরেশন ফ্লাড ১ এবং ২ তার মাধ্যমে হিমুল মিল্ক তৈরি করা হয়েছে এবং কো-অপারেটিভ ইতিমধ্যে কাজ শুরু করছে। অনেকগুলো কো-অপারেটিভ হয়েছে এবং সেখানে একটা তরল নাইট্রোজেনের একটা ছোট যন্ত্র এবং কারখানা বসাচ্ছি যার মধ্যে সিমেন্স রাখা যাবে এবং এইগুলি নষ্ট হবে না এবং সেগুলোর দ্বারা বৈজ্ঞানিক প্রজননের কাজ করা যাবে। সে কর্মসূচী কার্যকরি করতে আমি আশা করব, মেদিনীপুরের যেসব এম.এল.এ. আছেন, তিনি যে দলেরই হন না কেন, সকলেই সহযোগীতা করবেন। বিশেষ করে পশু পালন কর্মসূচীর মধ্যে এইগুলো আছে। মুরগি উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে আমার বক্তব্য লিখিত বিবৃতিতে আছে, এটার পুনরুক্তি করতে চাই না। এটা সমর্থন করেছেন, সবাই, কেউ বিরোধিতা করেন নি। শুধু কংগ্রেস (আই)য়ের সদস্য রাণীক্ষেত অসুখ যাতে না হয় তার ব্যবস্থা করতে অনুরোধ করেছেন। আমরা নিশ্চয় চেষ্টা করব। মুরগি পালন অসম্ভব হয়ে ওঠে এই অসুখের জন্য। আমাদের Biological Product Division-এ বিশেষ ওষুধ উৎপাদনের চেষ্টা চলছে। তাড়াতাড়ি সম্পূর্ণ হয়ে যাবে। আপনারা দেখবেন ১১ লক্ষ ডোস ওষুধ আমরা তৈরি করেছি এবং এটা আরও বাড়বে। রাণীক্ষেত, foot and mouth disease এই সমস্ত রোগ প্রতিরোধ করবার জন্য আমরা ব্যবস্থা করব এবং তারজন্য dispensary বিস্তৃত করছি। আপনারা দেখেছেন প্রথমত ৩৩৫ টা ব্লকে ডিসপেনসারী ছিল। তার সঙ্গে আরও ২১০টা যোগ করলাম। তার মানে প্রতিটি ব্লকে ডিসপেনসারী আছে, আরও ডিসপেনসারী হবে এবং সেই সঙ্গে হেল্‌থ ক্লিনিক যাতে ধাপে ধাপে বাড়ে সেটার চেষ্টা করছি। এক সঙ্গে বাড়ানো সম্ভব হবে না, কারণ টাকার অভাব। এই ভাবে পশু চিকিৎসা ব্যবস্থা সম্প্রসারণ করার চেষ্টা করছি। যেমন প্রজননের মাধ্যমে শংকর জাতের গাভী উৎপাদন ব্যবস্থা করা হবে। Breed, Seed and health coverage —

এই হচ্ছে পরিকল্পনার মূল নীতি গ্রহণ করেছি। সেই নীতি নিয়ে আমরা চলেছি এবং সেইগুলো সম্প্রসারণ করবার চেষ্টা করছি। দুধ সম্পর্কে অনেক প্রশ্ন উঠেছে। সুনির্মলবাবু দুধ সম্পর্কে না জেনে, আনন্দবাজারে যে খবর বেরিয়েছে সে সম্পর্কে বলেছেন। আমি এখানে কোন পত্রিকার ব্যাপারে আলোচনা করব না। কিন্তু একটা কথা বলতে চাই। ওই পত্রিকায় এক জায়গায় আছে, পশুপালন বিভাগের একজন মুখপাত্রের কাছ থেকে শুনেছি—এইটা সর্বৈব ভিত্তিহীন। এই দপ্তরের কোন অফিসার আনন্দবাজারকে এই খবর দেন নি। আমি আজকে তাঁদের সঙ্গে কথা বলেছি, তাঁরা বলেছেন, আমি নিঃসন্দেহে বিধানসভায় বলতে পারি, আমার দপ্তরের কোন অফিসার এই খবর দেন নি। এইটা মনগড়া খবর লেখা হয়েছে যে ৫ লক্ষ লিটার দুধ প্রতিদিন পাচার হচ্ছে। আসলে কিছু দুধ পাচার হচ্ছে। সেটা কোথা

থেকে পাচার হচ্ছে? মিল্ক ডিপো থেকে পাচার হতে পারে, গাড়ি থেকে পাচার হতে পারে জল মিশিয়ে, কিন্তু বেলগাছিয়া ডিপো থেকে ৫ লক্ষ লিটার প্রতিদিন পাচার হচ্ছে, এটা বামফ্রন্ট সরকারকে অপদস্থ করার জন্য, ভারতবর্ষের পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করার জন্য প্রচার করা হয়েছে। আমি খবরের কাগজকে বলব, আপনাদের কাছে যদি প্রকৃত তথ্য থাকে তা নিয়ে আসুন, আমাদের কাছে দিন, তাহলে নিশ্চয় আমরা তদন্ত করব।

[7-20 — 7-30 P.M.]

গরুর দুধ চুরি হয়েছিল, মাননীয় সদস্য সত্য বাপুলি প্রশ্ন করেছিলেন, আমি তার জবাব দিয়েছি। তার জন্য কিছু লোককে সাসপেন্ড করা হয়েছে। কি বলব এগুলি আমি আমার বাজেট বক্তৃতার সময় বলেছি, আমাদের কংগ্রেস(আই) বন্ধুরা বিরক্ত হবেনা, এই হচ্ছে ঘটনা, এই যে আনহেল্দী প্রসিডিওর আপনারা অ্যাড্‌পট্ করে গেলেন, সেটা আমি পুরোপুরি ব্যাখ্যা করেছি, আমার প্রস্তাবের মধ্যে চুরি যেটা বলেছেন, সেগুলির প্রতিকার এবং প্রতিরোধ করার জন্য নিচে থেকে উপর পর্যন্ত প্রাণপণ অভিযান চালিয়ে যাচ্ছি। তারজন্য আমরা এগিয়েছি। মাননীয় অনিল বাবু ঠিকই বলেছেন, ভিখারী সব রাজা হয়েছে, মাথা ঘুরে গিয়েছে, আদালতে মামলাও হয়েছে, এই যে ভেটারিনারী সার্জেনদের ট্রান্সফার হয়েছে, তারজন্য আমার উপর নোটিশ জারি হয়েছে। আমি কিছু বলতে পারছিনা। আমার বিভাগীয় কর্মকর্তাদের উপর নোটিশ জারী করা হয়েছে। কিন্তু আমি কি করেছি? তিন বছর ধরে এক জায়গায় যারা আছে, তাদের বদলি করেছি অন্য জায়াগায়। কলকাতায় ভেটারিনারী সর্জেন থাকলে চলবেনা, তাদের গ্রামে যেতে হবে, কলকাতা পশুচিকিৎসার জায়গা নয়, ঔষধপত্র যে সব উৎপন্ন হবে তার জন্য যে বিশারদরা আছেন, সেই সমস্ত লোকই কলকাতায় থাকবেন, কিন্তু ভেটারিনারী সার্জেনদের গ্রামে যেতে হবে এবং গ্রামে পশু চিকিৎসা করতে হবে এবং যদি না করে তবে নিশ্চয়ই পশ্চিমবঙ্গের জনসাধারণ নিশ্চয়ই তাদের বিরুদ্ধে মতামত ঘোষণা করতে পারে, যে কথা মাননীয় অনিলবাবু ঘোষণা করেছেন, এটা শুধু মাননীয় অনিলবাবুর কথা নয়, পশ্চিমবঙ্গের জনসাধারণের কথা। এ নিয়ে আমি আর আলোচনা করতে চাইনা, আদালতের নির্দেশ মেনে নিয়েছে। আদালতের যে ইনজাংশন আছে, তা তোলার চেষ্টা করছি। যাই হোক অপারেশন ফ্লাড টু পরিকল্পনা নিয়ে ৩৩,২৮,৮০,০০০ টাকা খরচ করে কলকাতায় নতুন করে দুগ্ধ সরবরাহ কেন্দ্র করার চেষ্টা করছি। আমার বিভাগ থেকে নতুন মেশিন এনে পলিথিনের প্যাকেটে দুধ সরবরাহ করার চেষ্টা করছি। কিন্তু আমাদের সমস্যা হচ্ছে ফয়েল পাইনা। যুগোশ্লাভিয়া থেকে ফয়েল আনা হচ্ছে, অস্ট্রেলিয়া থেকে আনা হচ্ছে। আমি আশ্বাস্ত হয়েছি যে আজকে আমাদের ১৭ টন ফয়েল এসে পৌঁছেছে, তিন মাসের জন্য সেসব বোতলে ব্যবহার করতে পারব। আরও অনেক দরকার। অস্ট্রেলিয়া থেকে নতুন করে আমাদের আনতে হবে। এখানে যে একমাত্র ফয়েল কোম্পানী ছিল, তারা উৎপাদন বন্ধ করে দিয়েছে, শ্রমিকদের বিরুদ্ধে অমনীয় মনোভাব নেওয়ার জন্য এবং শ্রমিকদের ন্যায্য দাবি না মানার জন্য উৎপাদন বন্ধ আছে। যার ফলে আমরা পাচ্ছিনা। কিন্তু আমাদের শুধু মিল্ক বিভাগই নয়, স্বাস্থ্য দপ্তরের ঔষধের মনোগ্রাম তৈরি করতে পারছেনা। চা বাগানেও ফয়েল যাচ্ছেনা, চায়ের উপর যে রাঙতা সেগুলি তৈরি করে অ্যালুমিনিয়াম ফয়েল থেকে। এইভাবে বৃটিশ কোম্পানী যাদের বেশিরভাগই শেয়ার, তারা একটা অচল অবস্থার সৃষ্টি করে রেখেছে। আমি

মাননীয় সদস্যদের কাছে আবেদন করি যে তাঁরা বিবেচনা করুন, আমাদের দেশে যেসব তরুণ শিল্পপতি আছেন, তাঁরা এগিয়ে আসুন ফয়েল কারখানা করুন, আমরা চেষ্টা করব কেন্দ্রীয় সরকার থেকে কাঁচামাল আনবার জন্য এবং এই ব্যাপারে রাজ্য সরকার থেকে চাপ দেব যাতে অ্যালুমিনিয়াম নিয়ে এদের ফয়েল তৈরি করতে পারে। এতো শুধু আমার বিভাগের জন্যই নয়, দুধ সরবরাহের জন্যই নয়, অন্যান্য ব্যবসার জন্যও যাতে ফয়েল বেশি করে তৈরি হয় তার চেষ্টা করব। এই বলে আমি আশা করব আমি যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছি— ৫৫নং দাবি এবং ৫৭নং দাবি তা সমর্থন করবেন। বহু সদস্য সমর্থন করেছেন, দুই একজন বিরোধিতা করেছেন আমি তাঁদের অনুরোধ করব যে আপনাদের বিরোধ প্রত্যাহার করে নিন, এবং আমার এই ব্যয় বরাদ্দ সর্বসম্মতিক্রমে গ্রহণ করুন। আমি অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যে সমস্ত কাটমোশন এসেছে তার বিরোধিতা করতে বাধ্য হচ্ছি কারণ তাঁরা যে নীতি নিয়েছেন, তাঁদের সেই বিরোধিতা মানতে পারিনা, আমি ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার ব্যয় বরাদ্দ হাউসের গ্রহণের জন্য উপস্থিত করছি।

**Mr Speaker :** I put all the cut motions under Demand No.55 to vote.

The motion of Shri Sasabindu Bera that the amount of the Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The motions of Shri Balailal Das Mahapatra and Shri A.K.M.Hassan Uzzaman that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Shri Amritendu Mukherjee that a sum of Rs. 14,49,36,000 be granted for expenditure under Demand No.55, Major Heads: "310—Animal Husbandry, 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings), and 710—Loans for Animal Husbandry", was then put and agreed to.

**Mr. Speaker :** Now, I put all the cut motions under Demand No. 56. to vote.

The Motion of Shri Sasabindu Bera that the amount of the Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The motion of Shri A.K.M.Hassan Uzzaman that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Shri Amritendu Mukherjee that a sum of Rs. 24,23,28,000/- be granted for expenditure under Demand No. 56, Major Heads: "311—Dairy Development, 511-Capital out pay on Dairy Development (Excluding Public Undertakings), and 711—Loans for Dairy Development (Excluding Public Undertakings)", was then put and agreed to.

## 55TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE.

**মিঃ স্পিকার ঃ** আমি কার্য উপদেষ্টা কমিটির ৫৫তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির বৈঠক আজ ২৪শে মার্চ, ১৯৮৩ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ২৭শে মার্চ হইতে ১লা এপ্রিল, ১৯৮০ তারিখ পর্যন্ত বিধানসভার কার্যক্রম ও সময় সূচী নিম্নলিখিত ভাবে নির্ধারণের সুপারিশ করা হয়েছে।

| | |
|---|---|
| Thursday, 27th March, 1980 : | Discussion and Voting on Demand for Supplementary Grants.— 4hrs |
| Friday, 28th March, 1980 : | (i) The West Bengal Appropriation Bill, 1980 (Introduction, Consideration and Passing)<br>(ii) The West Bengal Appropriation (No.2) Bill, 1980 (Introduction, Consideration and passing). — 4hrs. |
| Monday, 31st March, 1980 : | (i) The Bengal Legislative Assembly (Member's Emolument) (Amendment) Bill, 1980 (Introduction, Consideration and passing). — 1/2 hour.<br>(ii) The West Bengal Court Fees (Amendment) Bill, 1980 (Introduction, Consideration and passing). — 1 hour.<br>(iii) Motion under rule 185 (regarding assistance for development of economy of rual areas- Notice given by Shri Janmejoy Ojha). — 1½ hrs. |
| Tuesday, 1st April, 1980 : | (i) The Calcutta Hackney Carriage (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing). — 1 hour.<br>(ii) The Motor Vehicles (West Bengal amendment) Bill, 1980 (Introduction, consideration and passing). — 1 hour. |

(iii) The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1980 (Introduction. Consideration and passing) -- 1 hour.

There will be no Questions for Oral Answers on Friday, the 28th March, 1980.

[7-30 — 7-40 P.M.]

**শ্রী দীনেশ মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান সভার কার্য উপদেষ্টা সমিতির ৫৫তম প্রতিবেদন যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করছি।

**মিঃ স্পিকার :** আমি ধরে নিচ্ছি প্রস্তাবের বিপক্ষে কেউ নেই। সুতরাং এই প্রস্তাব গৃহীত হল।

## LEGISLATION

### The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1980.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1980.

(Secretary then read the title of the Bill.)

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1980, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে পশ্চিমবঙ্গ করধান সংশোধনী বিধেয়ক, ১৯৮০ এই সভার বিবেচনার জন্য গৃহীত হোক এই প্রস্তাব আমি রাখছি। রাতও হয়েছে, মাননীয় সদস্যরাও ক্লান্ত কিন্তু আমাদের কর্মসূচী অনুযায়ী এই সংশোধনী বিলটি আজকে সন্ধ্যাবেলায় আমাদের পাশ করতে হবে। আমি অত্যন্ত সংক্ষেপে আমার বক্তব্য রাখছি। আমার বাজেট বিবৃতিতে পশ্চিমবাংলার রাজস্ব নতুন করে পুনর্বিন্যাস করবার যে যে প্রস্তাব আমি করেছি সেই অনুযায়ী গত শনিবার দুটি সংশোধনী বিল এনেছিলাম এর উদ্দেশ্যে ৪টি আলাদা আলাদা বিলকে সংশোধন করা। প্রথম হচ্ছে বেঙ্গল অ্যামিউজমেন্ট ট্যাক্স অ্যাক্ট, ১৯২২—প্রমোদ করের ক্ষেত্রে, ঘোড়দৌড়ের ক্ষেত্রে ৩টি আলাদা করের প্রস্তাব আমরা করছি। এক নং হল, এতদিন পর্যন্ত ঘোড়দৌড়ের মাঠে প্রবেশ মূল্যের উপর যে কর ছিল সেই কর ঢুকলে শতকরা ৫০ ভাগ ছিল। আমরা সেটা পাল্টে টিকিট মূল্যের উপর, প্রবেশ মূল্যের হারের উপর কতকগুলি কর আরোপ করব—শতকরা ২৫ ভাগ থেকে ৭৫ ভাগ পর্যন্ত এই করের হার হবে। ২নং প্রস্তাব করের ব্যাপারে আগে যা ছিল টোটালাইজার ট্যাক্স সেটা একটু বেশি ছিল, বেটিং ট্যাক্স কম ছিল আমাদের যারা পরামর্শদাতা তারা বলছেন এই দুটি করের হার যদি পাল্টে দেওয়া হয়, বেটিং ট্যাক্স যদি বাড়িয়ে দেওয়া হয় টোটালাইজার ট্যাক্স কমিয়ে দেওয়া হয় তাহলে এই ট্যাক্সের ব্যাপারে কর আদায়ের ব্যাপারে যে কারচুপি হয়, কর ফাঁকি যে দেওয়া হয় সেই ফাঁকি বন্ধ করা যাবে, অন্তত কমিয়ে আনা যাবে। সেই অনুযায়ী প্রস্তাব রাখা হচ্ছে। তারপরে প্রস্তাব হচ্ছে বাংলাদেশের যুদ্ধের সময় শতকরা অর্দ্ধেক হারে একটা সার চার্জ বসানো হয়েছিল সেটা তুলে নেওয়া হচ্ছে। তারপর বেঙ্গল ফাইনান্স সেলস ট্যাক্স

অ্যাক্ট, ১৯৪০ সালের যে বিক্রয় কর আইন আছে তাতে ৩টি পরিবর্তন করা হচ্ছে। একটি হচ্ছে কিছু কিছু দ্রব্যাদি আছে যাদের কর সমস্যা ছিল, এই করের আওতায়, তাদের কোন কর দিতে হত না কিন্তু জিনিসগুলি তৈরি করতে অন্যান্য সামগ্রীর কর ছিল, তাতে শতকরা ৩ভাগ কর আসত। দু দিকে কর ছাড় দেওয়ার কোন স্বার্থকতা নেই। তৈরি জিনিসের কর মুক্ত করে উৎপাদনের জন্য কর দেওয়া হোক। সেই জন্য শতকরা ৩ভাগ হারের যে ব্যবস্থা ছিল সেটা তুলে দেবার ব্যবস্থা করা হচ্ছে। আমরা প্রস্তাব করছি যে যদি কোন সংস্থা সরকারি প্রতিষ্ঠান কিম্বা কোন পরিবহন সংস্থার কাছে জিনিস বিক্রি করে তাহলে বিক্রয় করের হারটা একটু সস্তা হবে, এর পরিমাণ হবে শতকরা ৪ভাগ, এমনি করের হার ৮ ভাগ। অর্ধেক করে দেওয়া হয়েছে। তৃতীয় প্রস্তাব আমি করেছি বিক্রয় করের ক্ষেত্রে মাদক দ্রব্যের ব্যাপারে অনেকে কর ফাঁকি দেওয়া হত। সেইজন্য আমি বিক্রয় করকে তুলে দিয়ে আমি ওটাকে আন্তঃশুল্কের সঙ্গে যোগ করে দিয়েছি এবং সেইভাবে এই সংশোধনীতে ব্যবস্থা করা হয়েছে। আর একটা ব্যাপারে আইনটাকে একটু পাল্টানো হচ্ছে—সেটা হচ্ছে কাঁচা পাটের উপর করের যে আইন ১৯৬৬ সালে প্রবর্তন করা হয় সেই কর অনুযায়ী ১৯৬৬ সাল থেকে সেই করের পরিমাণ ছিল তিন ভাগ এখন সেটাকে চার ভাগ করা হচ্ছে। পাট শিল্পে প্রচুর লাভ হচ্ছে—কিছুটা অংশ পশ্চিমবাংলা যাতে পেতে পারে তার ব্যবস্থা করেছি। আর একটা হচ্ছে বিক্রয় করের আইন যেটা আছে সেটাকে পাল্টে দেওয়া হচ্ছে। ১৯৫৪ সালের বিক্রিয় করের যে আইনটা ছিল সেটা পাল্টে দেওয়া হচ্ছে। এবং একটু সস্তা কনসেশানাল করের ব্যবস্থা করা হচ্ছে। সেই সেই জিনিসের ক্ষেত্রে যে জিনিসগুলি এবং অন্যান্য জিনিস এই করের আওতায় আসে এবং অন্যান্য জিনিস তৈরি করতে ব্যবহৃত হয় এই রকম জিনিসগুলির ক্ষেত্রে করের হার কমিয়ে শতকরা ২০ ভাগ করে দিয়েছি। এইগুলিই আমার প্রস্তাব—আমি আপাতত এখানে পেশ করেছি এবং সন্দীপবাবুর বক্তব্য আমি শুনব তার পর আমি উত্তর দেব।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গ করধান বিধি (সংশোধন) বিধেয়ক, ১৯৮০ বিল এই সভায় উপস্থিত করেছেন। এটা বাজেট প্রস্তাবে যে সমস্ত কর প্রস্তাব করেছেন তাকে বিধিবদ্ধ করবার জন্য এটা এখানে উপস্থিত করেছেন। রাজ্যের অর্থমন্ত্রীর সীমাবদ্ধতা সম্পর্কে আমরা সচেতন এবং তাঁকে কর সংগ্রহ করার চেষ্টাও করতে হবে। কারণ রাজস্ব খাতে আয় না বাড়িয়ে তিনি ব্যয় বরাদ্দ বাড়াতে পারেন না। আবার কেন্দ্র-রাজ্য সম্পর্ক সেটা অব্যবস্থার মধ্যে রয়েছে। সে সম্বন্ধেও আমরা সচেতন। তা সত্বেও আমার মনে হচ্ছে যে এই বিধেয়কটি যদিও কিছু কিছু কথা যৌক্তিকতা আছে—কিন্তু অনেকগুলি ব্যাপার সমর্থন যোগ্য নয় বলে মনে হওয়ায় আমি এটা সমর্থন করতে পারছি না। আমি আগে একটা কথা বলে নিচ্ছি মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় বলেছেন তাঁর বক্তৃতার মধ্যে এক জায়গায় তিনি বলেছেন ওয়ান মেম্বারস কমিটি করেছেন, নাম অবশ্য উল্লেখ নাই, কর ব্যবস্থা পুর্নবিন্যাস প্রসঙ্গে। কিন্তু টার্মস অব রেফারেন্স খুব সীমিত বলে মনে হল। এই প্রসঙ্গে আমি একটা পরামর্শ দিতে চাই। ১৯৬৯ সালে কেরল গভর্নমেন্ট একটা ট্যাক্সেসান এনকোয়ারী কমিটি করেছিলেন এবং পশ্চিমবাংলা রাজ্যের পক্ষ থেকে এইভাবে একটা এনকোয়ারী কমিটি করা দরকার এবং তাতে বিক্রয় কর সম্পর্কিত আন্তঃশুল্ক সম্পর্কিত সমস্ত বিষয়গুলি খুঁটিয়ে দেখা দরকার। আমার মনে হচ্ছে না শ্রী নিবাস কমিটির

যা টার্মস অব রেফারেন্স তাতে সমস্ত কিছু কভার করবে। সেখানে ওয়ান ম্যান কমিটি না করে নন অফিসিয়্যাল ইকনমিস্ট থাকা দরকার ছিল এবং বিধানসভার সভা থাকলে ভাল হয়। তার প্রস্তাবের মধ্যে আর এক জায়গায় বলেছেন বাজেটের মধ্যেও বলেছেন যে উনি তেমন করে ট্যাক্স করতে চান না যাতে সাধারণ মানুষের জীবন যাত্রার উপর আঘাত পড়ে। এটা কিন্তু আমার মনে হচ্ছে না। উনি মোটর গাড়ির ট্যাক্স ১০% থেকে ৮% করেছেন। নিশ্চয় পশ্চিমবঙ্গের প্রস্তুত গাড়ি ভালভাবে বিক্রি হোক আমরা চাই। কিন্তু আশে পাশের রাজ্যে এই ট্যাক্স হচ্ছে ৬%।

[7-40 — 7-50 P.M.]

এবং মোটর পার্টস অ্যান্ড কম্পোনেন্টস যে পশ্চিমবাংলায় যেখানে ট্যাক্স হয়েছে ১৫ পারসেন্ট, সেখানে আশেপাশের রাজ্যগুলিতে ৬ পারসেন্ট থেকে ১২ পারসেন্ট ট্যাক্স লেভী করছে মোটর পার্টস অ্যান্ড কম্পোনেন্টস। সেখানে উৎপাদিত দ্রব্য যদি বাইরে চলে যায় তাহলে পশ্চিমবাংলার রাজস্ব খাতে ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং বর্তমান সাংবিধানিক নিয়মে এটা বলা যায় কিনা, আমি বলেছিলাম লাইসেন্স ফি অন্য রাজ্যের ক্ষেত্রে বাড়ান যায় কি না? এখানে হয়ত ২২৬ এর প্রশ্ন আসবে। কাজেই এখানে সেলস ট্যাক্স কমানোর প্রয়োজনীয়তা আছে। অবশ্য আমার নীতিগত বক্তব্য হচ্ছে যে এই অবস্থায় অর্থমন্ত্রী মহাশয়ের পক্ষে সম্ভব নয়। কিন্তু এমন কর কাঠামো হওয়া উচিত যাতে ডাইরেক্ট ট্যাক্সেশান বেশি হয়। সেলস ট্যাক্সটা সম্পূর্ণ ভাবে যদি তুলে দেওয়া সম্ভব হত তাহলে হয়ত হত। কিন্তু এই অবস্থায় সেটা সম্ভব হচ্ছে না। কাজেই তিনি এই যে মোটর গাড়ির উপর সেলস ট্যাক্স কমিয়েছেন সেটাকে আমি সমর্থন করছি। সেই ভাবে আমি সমর্থন করছি মাল্টি পয়েন্ট ট্যাক্সেশান যেটা জুটের উপর ছিল সেটাকে সিঙ্গল পয়েন্ট ট্যাক্সেশান করেছেন, ৫৪ অ্যাক্ট থেকে ৫১ অ্যাক্টে এনেছেন, সেটাও সমর্থনযোগ্য। ফার্টিলাইজারের, কেমিক্যাল ফার্টিলাইজারের উপর টার্নওভার ট্যাক্সেশান তুলে দিলেও সেখানে ৪ পারসেন্ট থেকে ৫ পারসেন্ট ফার্টিলাইজারের উপর সেলস ট্যাক্স বাড়িয়ে দিলেন যেখানে আশেপাশের কোন রাজ্যে ফার্টিলাইজারের উপর ট্যাক্স নেই। সেখানে পশ্চিমবাংলায় ৪ পারসেন্ট বেশি ছিল—২ পারসেন্ট থেকে ৪ পারসেন্ট, আবার ৪ পারসেন্ট থেকে ৫ পারসেন্ট হল। কাজেই আমার মনে হয় এই ব্যাপারটা গ্রহণযোগ্য নয়। তারপর বড় কথা যেটা আমার মনে হয়েছে সেটা হচ্ছে Rule 3- sales by newly setup small scale industry of goods manufactured by it during the period of three years since the date of its first sale of such manufactured goods. অর্থাৎ এটা তিনি তুলে দিচ্ছেন। নূতন যে সমস্ত এন্ট্রাপ্রেনার্স ৩ পার্সেন্ট হিসাবে একটা ট্যাক্স দিচ্ছিলেন বেঙ্গল ফিনান্স সেলস ট্যাক্স অ্যাক্ট ১৯৪১ এর রুল ৩, সাব রুল ৬৬-তে থ্রি ইয়ারস, এটা আমার মনে হয় এমনিতেই পিরিয়ডটা খুব কম ছিল। কারণ একটা স্মল এন্ট্রাপ্রেনার্স যখন ব্যবসা করতে এসেছে তখন তাকে ভায়েবল হতে গেল, কমার্সিয়াল এস্ট্যাবিলশমেন্ট হতে গেলে ২ বছর, ২।। বছর, ৩ বছর চলে যাচ্ছে। কাজেই এটা ৫ বছর অবিলম্বে করা দরকার সেখানে আপনি সেটা তুলে দিচ্ছেন এবং নানা প্রিটেক্টসট অফিসাররা—আপনি জানেন, আপনার কাছে বার বার কর ফাঁকির কথা বলা হয়েছে। আপনার দপ্তরের অকর্মণ্যতার সম্পর্কে আপনি অবহিত আছেন যে কি ভাবে ব্যাপক কর

ফাঁকি চলছে। ট্যাক্সেশানের কোন বেনিফিট থাকেনা যদি এই ভাবে ট্যাক্স ইভায়েশন চলে এবং ট্যাক্সেশান ডিপার্টমেন্ট যদি এত দুর্নীতি থাকে। সমস্ত পর্যায়ে এই রকম দুর্নীতি চলেছে। সেখানে আপনি জানেন যে স্মল এন্ট্রাপ্রেনার্সদের উপর যে সমস্ত ট্যাক্স রিলিফ পুরানো অ্যাক্টে ছিল সমস্ত ক্ষেত্রে আবার নানা প্রিটেক্টের অফিসাররা পয়সা নিয়ে থাকে। তার পর ফার্স্ট শিডিউলডে যেটা আমি বলেছিলাম, আপনি ক্লিয়ার করেছেন যে সাধারণ মানুষের জীবন যাত্রার উপর আঘাত লাগে এই রকম ধরনের জিনিসপত্রের উপর ট্যাক্স চাপাতে চান না। কিন্তু ফার্স্ট শিডিউলডে যে সমস্ত জিনিস ছিল সেকশান ৫(১), ক্লজ বি বি তাতে ফার্স্ট শিডিউল্ডে যে সমস্ত জিনিসে ট্যাক্সেবল নয়, সেগুলির মেটেরিয়াল কেনার ক্ষেত্রে ব্যবসায়ীরা, শিল্পপতিরা, সরকারী উদ্যোগে যে শিল্প আছে সেখানে ট্যাক্স রিলিফ ছিল। কিন্তু আপনার যে ব্যবস্থা তাতে ফার্স্ট শিডিউলে যে জিনিস তৈরি করবে, তার ট্যাক্স রিলিফ পায়, ফার্স্ট শিডিউলে তাদের এখন ট্যাক্স দিতে হবে। থ্রি পার্সেন্ট ট্যাক্স তাদের উপর পড়বে। ফলে রাইস মিল থেকে আরম্ভ করে তেলের মিল—সব কিছুর মেটিরিয়্যালের দাম বেশি পড়বে এবং নিত্য প্রয়োজনীয় প্রত্যেকটি জিনিসের মূল্য বৃদ্ধি ঘটবে। কাজেই এই যে চেঞ্জ, যেটা সাজেস্ট করছেন, আমি এটা সমর্থন করতে পারছি না। তারপর আপনাকে কয়েকটি কথা বলতে চাই, মদের উপর সমস্ত আপনি বিক্রয় কর তুলে দিলেন এবং বললেন লিটারেজ ফি এবং অন্তত শুল্ক আপনি বসাবেন। এখানে একজিসটিং সেলস ট্যাক্সের রেট কি ছিল? ৫০ পার্সেন্ট ফরেন লিকারের উপর এবং দেশে তৈরি বিদেশি মদের উপর ২১ পার্সেন্ট। কোন বারে, কোনও শপে কোথাও মদ অবিক্রিত থাকছে না। মদ বিক্রি বেড়ে যাচ্ছে। সরকারের নীতি কি হবে, সেটা বোঝা দরকার এবং কর ফাঁকি হচ্ছে, সেটা আপনি নিজে স্বীকার করছেন। ১৯৩১ সালে করাচী কংগ্রেস থেকে আমরা বলে এসেছি যে আমার প্রহিবিশনের দিকে যাব। ১৯৩৭ সালে যেটা করেছিল, সেটা শর্ট পিরিয়ডের মধ্যে পারেনি, কিন্তু লংরানে আপনাদেরকে লক্ষ্য রাখতে হবে যাতে আপনারা প্রহিবিশনে যেতে পারেন। আজকেই বলছি না যে সব বন্ধ করে দিন, কিন্তু বাই ফেজ, আপনাকে টোটাল প্রহিবিশনের দিকে যেতে হবে। কিন্তু সেটা করতে গিয়ে আপানারা তো ইনসেন্টিভ দিচ্ছেন। আপনারা বলছেন যে অন্তঃ শুল্ক বাড়াচ্ছি। আমি জিজ্ঞাসা করছি, পশ্চিমবাংলায় তৈরি হয় এমন কটা মদ আছে? বেশির ভাগ মদ হয় বিদেশ থেকে আসছে, বা অন্য রাজ্যের তৈরি মদ অসছে। তার উপর আপনি একসাইজ ডিউটি কি করে বসাবেন। কাজেই লিটারেজ ফি যেটা বলছেন, লিটারেজ ফির ব্যাপারটা বিদেশি মদের উপর, সেটার সঙ্গে সামঞ্জস্য করে ৮ কোটি টাকা রাজস্ব খাতে আয় বেড়ে যাবে আমাদের কাছে এটা বিশ্বাস যোগ্য হচ্ছে না। ক্যালকুলেশনে আপনি আট কোটি টাকা বলেছেন, আমি নিশ্চিত যে এতে রাজস্ব কমবে। আমি তাই আপনাকে অনুরোধ করব, আপনি লিটারেজ ফি বসান, আপনি একসাইজ ডিউটি বাড়ান। কিন্তু সেলস ট্যাক্স আপনি সব জিনিসে কমিয়ে দিয়ে তারপর মদে কমাতে আসছেন। এখন আমি মদে সেল ট্যাক্স কমাবেন না, আপনার অন্তঃশুল্ক থাকুক, আপনার লিটারেজ ফি থাকুক, সেলস ট্যাক্স যেমন আছে থাকুক। কারণ মদ যারা খাচ্ছে তারা খাবে। সুতরাং সেলস ট্যাক্স কমানো উচিত নয়। রাজস্ব খাতে কোন হাত বাড়াবেন না। কাজেই অপনি সেলস ট্যাক্স তুলবেন না। অন্তত বিদেশি মদের ক্ষেত্রে, দেশি মদের ক্ষেত্রে, আপনি কোন রকম সেলস ট্যাক্স ছাড় দেবেন না। ৫০ পার্সেন্ট সেলস ট্যাক্স আমরা বিদেশি মদের উপর পাচ্ছি। ২১ পার্সেন্ট যেটা দেশে তৈরি

বিদেশি মদের উপর পাচ্ছি, তাতে কোন রকম হলিডে দেওয়া চলবে না। এই হচ্ছে আমার স্পষ্ট বক্তব্য। তারপর আর একটা কথা বলতে চাই, ঘোড় দৌড়ের উপর—আপনারা অপসংস্কৃতির কথা বলেন, কিন্তু ঘোড় দৌড়—এই ব্যবস্থার মধ্য দিয়ে প্রসারিত হচ্ছে। আপনি হাফ পার্সেন্ট সারচার্জ তুলে দিয়েছেন। আর যেটা ছিল ২২।। পার্সেন্ট টোট্যালাইজারের উপর ট্যাক্স, সেটাকে ১৮ পার্সেন্ট করলেন। তারপর আবার হাফ পার্সেন্ট সারচার্জ বাদ যাবে, তাহলে ২২।। থেকে সেখানে ১৭।। পার্সেন্টে দাঁড়ালো আর এদিকে আপনি ২ পার্সেন্ট বাড়িয়েছেন, তার মানে আবার সারচার্জ বাদ যাবে অ্যাকচুয়ালি বেটিং এর উপর ট্যাক্স বাড়লো ১।। পার্সেন্ট এবং টোটালাইজারের উপর ট্যাক্স বসিয়ে দিলেন ৪।। কাজেই আপনার ঘোড় দৌড়ও তো বেড়ে যাবে। সবই এনকারেজড্ হচ্ছে, ঘোড় দৌড়ও এনকারেজড্ হচ্ছে। সরকারের রাজস্ব খাতে আয় মদ থেকেও কম হচ্ছে এবং ঘোড় দৌড়েও কম হচ্ছে এবং নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর দাম বাড়বে এটা আমি আগেই বলেছি। সেই জন্য অমি এই বিধেয়কটি গ্রহণ করতে পারলাম না, এতে কিছু কিছু ভাল জিনিস থাকা সত্বেও।

[7-50 — 8-02 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গ করধান বিধি (সংশোধন) বিধেয়ক, ১৯৮০; যেটা হাউসে রাখলেন সি.পি.এম.এল.-এরা সেটা হাসির-ছলে আধ-ঘন্টার মধ্যে পাশ করিয়ে নিয়ে যেতে চাইছেন। কিন্তু আমি জানি স্যার, এই বিলের মধ্যে দিয়ে কোটি কোটি টাকা ওঁরা আমদানি করছেন। স্যার, কি করে সেটা আমদানি করছে, তা আমাকে দয়া করে একটু বলতে দিন। এই বিলের দ্বারা সর্বহারা মানুষের কোন উপকার হবে না। গরিব মানুষের কোন উপকার হবে না। ওঁরা বলেন, ওঁরা গরিবের বন্ধু। ওঁরা বলেন, ওঁরা সর্বহারাদের নেতা। কিন্তু এই বিলের মধ্যে দিয়ে ওঁরা তাদের কোন উপকার করছেন না। স্যার, বীরেনবাবু আমাকে বাধা দেবার চেষ্টা করছেন, কিন্তু এই মদের উপর সেলস ট্যাক্স কমাবার জন্য ওঁরা যখন চুক্তি করেছিলেন সেই সময়ে বীরেনবাবু সেখানে উপস্থিত ছিলেন কিনা আমি জানি না, আমদানির সময়ে তিনি ছিলেন কিনা জানিনা। আমি শুনেছি হাই ক্লাশ সোসাইটিতে যারা বাস করে তাদের সঙ্গে ওঁদের একটা চুক্তি হয়েছে। এবং তার মাধ্যমে ওঁরা কিছু আমদানি করে নিচ্ছেন। তার কারণ ওঁরা আর দু'বছর এখানে আছেন, তারপর ওঁদের আবার ইলেকশনে যেতে হবে, তখন টাকার দরকার হবে। সেই জন্য আজকে মদের উপর থেকে সেলস ট্যাক্স তুলে দিয়ে, তার ৫০% টাকা নিজেরা আমদানি করে নিচ্ছেন। এটা দিয়ে ওঁরা পার্টি ফান্ড বাড়াবার চেষ্টা করছেন। মাননীয় স্পিকার স্যার, আমি দায়িত্ব দিয়ে বলছি, এর পিছনে গভীর রহস্য আছে। সুতরাং আমাদের এবিষয়ে চিন্তা করার সময় দেওয়া হোক, তদন্ত করার সময় দেওয়া হোক, আজকে এই বিল উইথড্র করে নেওয়া হোক, এটা কার স্বার্থে ওঁরা করছেন এবং কার ক্ষতি হবে সেটা একটু দেখতে হবে। এতে বড়লোকেদের উপকার হবে। তারপর সেই রকম ঘোড়দৌড়ের মাঠের থেকে যে ৫০% সেলস ট্যাক্স আদায় হয়, সেটাও কমিয়ে দেওয়া হচ্ছে এবং ওখানে আর একটা ১/২% যে ট্যাক্স ছিল, সেটাও তুলে দেওয়া হচ্ছে। অপর দিকে পাট চাযের ক্ষেত্রে যেটা ৩% ট্যাক্স ছিল, সেটাকে বাড়িয়ে ৪% করা হচ্ছে উইথ হোয়াট ইন্টারেস্ট? কেন করছেন? এটা অন্তত বাদ দিয়ে দিন। আপনাদের পার্টি ফান্ডে আমদানি হোক, তাতে আমাদের বিশেষ কিছু আপত্তি

নেই, ইলেকসন আসছে, টাকার দরকার হবে। কিন্তু পাট চাষীদের মেরে পার্টি ফান্ডে টাকা আমদানি করাটা কখনই উচিত নয়। কেন তাদের এভাবে সর্বনাশ করছেন, তা আমি বুঝতে পারছি না! তাই অমি অর্থমন্ত্রীকে বলছি যে, আপনি দয়া করে এই বিলটা উইথড্র করে নিন, দিস ইজ মাই রিকোয়েস্ট। আমি আর কিছু বলতে চাইনা। এখানেই আমার বক্তব্য শেষ করছি।

**অধ্যক্ষ মহোদয় :** এই বিধেয়কের উপর আলোচনা ৮টায় শেষ হবার কথা। কিন্তু আমার মনে হচ্ছে আরো কিছু সময় লাগবে। সেই জন্য আমি আমাদের নিয়মাবলির ২৯০ নং ধারা অনুসারে প্রস্তাব করছি যে, আরো ১০ মিনিট সময় এই বিধেয়কের উপর আলোচনার জন্য বড়িয়ে দেওয়া হোক। আশা করি এই প্রস্তাবে কারো আপত্তি নেই। সুতরাং সময় আরো ১০ মিনিট বৃদ্ধি করা হল। এখন মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণ দেবেন।

**ডঃ অশোক মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অমি খুব সংক্ষেপে দু একটি কথার জবাব দেব। মাননীয় সদস্য সন্দীপ বাবু ৮/৯-টি বিষয়ে আলাদা করে বলেছেন। তার মধ্যে ২-টি কি ২।। টি বিষয় এই সংশোধনী সম্পর্কে বলেছেন। তাঁর বাকি বক্তব্যগুলি বাজেট বিতর্ক সম্পর্কে এবং সেগুলির উত্তর আমি বাজেট বিতর্কের সময়ে দিয়েছি। উনি প্রথমেই বলেছেন কেরালায় একটা কমিটি করা হয়েছিল। কেরালায় সেই কমিটির যিনি চেয়ারম্যান ছিলেন, তিনি আপনাদের এখানকার অর্থমন্ত্রীর ব্যক্তিগত বন্ধু। তিনি ১৯৭৭ সাল থেকে প্রতি বছর আমাদের বাজেটের আগে একবার করে আমাদের এখানে আসছেন এবং আমার সঙ্গে কথা-বার্তা বলে যাচ্ছেন যে, কি করে কি বিষয়ে কতটা উন্নতি করা যায়। সেটা আলাদা কথা। কিন্তু আমাদের এখানেও কমিটি করা হয়েছে। বিভিন্ন স্তরে কর বিভাগের যে সমস্ত কর্মচারী তাঁদের নিয়ে বিক্রয় কর পুনর্বিন্যাসের জন্য একটা কমিটি করা হয়েছে এবং আরো একটা কমিটি করা হয়েছে। আমরা অভিজ্ঞতার ভিত্তিতে যদি দেখি আরো কমিটি করা প্রয়োজন তাহলে নিশ্চয়ই আরো হবে। এখানে উনি একটি তথ্য ভুল দিয়েছেন। সেটা হচ্ছে উনি বললেন আমরা সারের উপর করের হার ৫ থেকে ৬ শতাংশ করেছি। কিন্তু পাশাপাশি টার্ণ-ওভার ট্যাক্স কমিয়ে দিয়েছি, ফলে কর বাড়ছে না, করভার কমে যাবে। আমি মাননীয় সদস্যাকে বলব যে, আপনি খোঁজ নিয়ে দেখবেন আমাদের আশে-পাশের রাজ্যগুলিতে, বিহার, উড়িষ্যা, আসামে সারের উপর ট্যাক্সের হার শতকরা ৬ ভাগ থেকে ৭ ভাগ। আমাদের এখানে এটা তাদের চেয়ে কম আছে। এটা তথ্যের ব্যাপার। আমি পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি ঐসব রাজ্যে ন্যূনতম ৬ থেকে ৭ ভাগ। তিন নম্বর আপনি বলেছেন যে, জিনিসপত্রের দাম বাড়বে এবং এই প্রসঙ্গে আপনি একটা দৃষ্টান্ত দিলেন। কিন্তু আমি একটা জিনিস বলে দিচ্ছি, কনসেশান করে ছেড়ে দিতে রাজি নই। ১৯৪১ সালে আইনের আওতায় কর মুক্ত ছিল, বিক্রয় কর দিতে হত না। কিন্তু ছেড়ে দিয়ে দেখেছি—তাছাড়া কাঁচামাল যখন কিনবেন কেন তারা সস্তায় কিনবেন? বাজারের যে দাম, বাজারের যে মুনাফা সেটা জিনিসের উপর নির্দ্ধারিত হয় না, বাজারে একচেটিয়া পুঁজিপতির প্রকোপ আছে। তার সঙ্গে বাজারের দামের সঙ্গে সম্পর্ক নেই। আর একটি কথা বললেন, রেস, ক্যাবারে, ঘোড়দৌড় তুলে দেওয়ার ব্যাপারে। কংগ্রেসের ৩০ বছর রাজত্ব ছিল তারা তুলে দিতে পারেনি। আমরাও তুলে দিতে পারিনি। সংবিধানের ১৪ ধারা আছে, ১৫ ধারা আছে, ১৯ ধারা আছে। সেইজন্য আমরা

তুলে দিতে পারি না। ক্যাবারে তুলে দিতে পারি না। সংবিধান না পাল্টালে আমরা তুলতে পারি না, স্বাধীনতায় হস্তক্ষেপ করতে পারি না। এর আগে আমরা চেষ্টা করেছি এগুলিকে আওতায় এনে করভার বেশি করে চাপানোর। বিগত ৩০ বছর কংগ্রেস এইসব চেষ্টা করেনি, অতীতে টাকার প্রচুর লেন-দেন হয়েছে, মাত্র ৫/৬ জন লোক যথেচ্ছাচার করে যাচ্ছিলেন। আমরা গত বছর আইন পাশ করিয়ে সেখানে ৩জন প্রতিনিধি পাঠিয়েছি। আমি আগেই এই সম্পর্কে বলেছিলাম। এদের মধ্যে একজন হচ্ছে, আয় কর বিশেষজ্ঞ, আর একজন হচ্ছেন, হিসাব পরীক্ষক, আর একজন হচ্ছেন অর্থ দপ্তরের প্রতিনিধি। এদেরকে আমি বলেছি, আপনারা আমাকে পরামর্শ দিন, কি করা যাবে না যাবে। তাঁরা পরামর্শ দিলেন, এই যে নানা ধরনের কারচুপি হচ্ছে তার একটি কারণ হচ্ছে, বেটিং ট্যাকস এবং টোটালাইশার ট্যাক্স—এইটা পাল্টে দিন, পাল্টে দিলে আপনি দেখবেন কারচুপি কমে যাবে এবং করভার বেড়ে যাবে। এদের পরামর্শ শুনে দেখি, কর বাড়ে কিনা, ফাঁকি, চুরি কমে কিনা। এদেরকে আমি বলেছি, আপনারা হিসাব দিন, এই যে টার্ফ ক্লাব আছে তার হিসাব নিন। এই হিসাব নিয়ে আমি অ্যাসেম্বলীতে আপনাদের কাছে রিপোর্ট করব। মাননীয় সদস্য সুনীতিবাবু বলছেন, আপনাদের অনেক গভীর অভিসন্ধি আছে। আমি বলছি, আপনারা পশ্চিমবাংলার বুকে বিগত ৩০ বছর ধরে যে দুর্নীতি চালিয়েছিলেন, ঘোড়দৌড়ের মাঠে যে দুর্নীতির আখড়া তৈরি করেছিলেন তা আর বলার নেই। আমরা এইসব দমন করবার চেষ্টা করছি। উনি বললেন, মদকে সস্তা করে দেওয়া হচ্ছে। কিন্তু আমি বলছি, সস্তা করে দেওয়া হচ্ছে না। আন্তঃশুল্ক বাড়ানো হয়েছে এবং ৮ কোটি বাড়তি টাকা আমরা উপার্জন করব মাদক দ্রব্য থেকে। সেলস ট্যাক্স উঠিয়ে দিয়ে আন্তঃশুল্কের সাথে যোগ করে দিয়ে দিয়েছি যাতে আপনাদের মতন লোকেরা ফাঁকি না দিতে পারে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1980, be taken into consideration, was then put and agreed to.

## Clauses 1 to 5 and preamble

The question that clauses 1 to 5 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr Ashok Mitra :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1980, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 8.02 p.m. till 1 p.m. on Tuesday, the 25th March, 1980 at the "Assembly House", Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta on Tuesday, the 25th March, 1980 at 1.00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 17 Ministers, 6 Ministers of State and 157 Members.

**Adjournment Motions**

[1-00— 1-10 P.M.]

**মিঃ স্পিকার ঃ** আমি আজ শ্রী সত্যরঞ্জন বাপুলী মহাশয়ের কাছ থেকে একটি এবং শ্রী নানুরাম রায় ও শ্রী অজয়কুমার দে মহাশয়ের কাছ থেকে একটি সর্বসমেত দুটি মূলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবে শ্রী বাপুলী যুব কংগ্রেস (ই) ও ছাত্রপরিষদের কর্মীদের উপর পুলিশের লাঠিচার্জ ও কাঁদানে গ্যাস প্রয়োগের অভিযোগ সম্পর্কে, এবং দ্বিতীয় প্রস্তাবে শ্রী রায় ও শ্রী দে আরামবাগে ডিজেলের জন্য অপেক্ষারত দরিদ্র চাষীদের উপর পুলিশের অত্যাচারের অভিযোগ সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। উভয় বিষয়ই আইন ও শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে।

তাই আমি দুটি মুলতুবী প্রস্তাবেই আমার অসম্মতি জানাচ্ছি।

তবে সদস্যেরা ইচ্ছা করলে কেবলমাত্র সংশোধিত প্রস্তাবগুলি পাঠ করতে পারেন।

**শ্রী শচীন সেন ঃ** স্যার, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আসামে বাঙালি নির্যাতনের নাম করে উত্তর বাংলায় যে সব বিশৃঙ্খলা করান হচ্ছে তাতে সেই জায়গায় যেখানে সেখানে অবরোধ করা হচ্ছে, ট্রেন আটকে দেওয়া হচ্ছে, যাত্রী সাধারণের দুর্ভোগ বৃদ্ধি করান হচ্ছে এবং তাদের মালপত্র লুঠপাট করা হচ্ছে ও রাহাজানি করা হচ্ছে। অর্থাৎ আসামে বাঙালি নির্যাতনের প্রতিবাদের নাম করে বিশৃঙ্খলা করা হচ্ছে। এদিকে দেখছি প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন এমন কোন কান্ড করা যাবেনা যাতে আসামে উত্তেজনার সৃষ্টি হয়। কিন্তু কার উসকানিতে এই সব করতে তারা সাহস পাচ্ছে? আমাদের মুখ্যমন্ত্রী সঠিকভাবে সঠিকসময়ে প্রতিবাদ করেছিলেন বলে তাঁর কুশপুত্তলিকা সেখানে তারা দাহ করেছিল। ইন্দিরা গান্ধীর চেলারা সেখানে এই ঘটনা করেছিল আমি আবেদন করব যে এই ঘটনার প্রতিবাদ করা উচিত কিন্তু বিশৃঙ্খলা করে নয়। আমাদের বামপন্থী যুব সংগঠন এই আন্দোলনের পথে পা বাড়িয়েছে এবং তারা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করবে। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রী নানুরাম রায় ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এহং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবী রাখছেন। বিষয়টি হল—

বিগত ১৯।৩।১৯৮০ তারিখে আরামবাগ শহরে ইণ্ডিয়ান অয়েল পাম্পের সম্মুখে সরকারি ভাবে ডিজেল সরবরাহের প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও ডিজেল প্রদান করিতে না পারায় অপেক্ষমান দরিদ্র গ্রাম্য বোরো চাষীদের মধ্যে বিক্ষোভের সৃষ্টি হয়। স্থানীয় প্রশাসন তখন পুলিশ দিয়ে দরিদ্র চাষীদের উপর অত্যাচার চালায়। ফলে ১৮ জন হাসপাতালে ভর্তি হয় এবং পুলিশ দরিদ্র চাষীদের টাকাকড়ি ছিনতাই করে থানায় সেগুলি নিয়ে যায় এবং দরিদ্র চাষীদের বিরুদ্ধে কেস দায়ের করে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গতকালের একটা অত্যন্ত মর্মান্তিক নৃশংস হত্যাকান্ডের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ক্যানিং থানার অন্তর্গত গোপালপুর অঞ্চলের গ্রাম পঞ্চায়েতের অঞ্চল প্রধান এবং স্থানীয় এস.ইউ.সি দলের সংগঠক নেতা সুজাউদ্দিন আখখাঁদ তাকে হত্যা করা হয়েছে। ওই আখখাঁদ গতকাল গোসাবায় আমাদের দলের রাজনৈতিক শিক্ষা শিবির থেকে যখন বাড়ি ফিরছিলেন তখন আনুমানিক ৫ কি ৫.৩০, সেই সময় তার অঞ্চল আমতলা গ্রামে কিছু দুর্বৃত্ত তার উপর বন্দুক সহ অতর্কিত আক্রমণ করে তাকে গুলি করে রাস্তায় ফেলে দেয় এবং এই গুলি বিদ্ধ অবস্থায় তাকে টানতে টানতে নিয়ে যায় এবং তাকে কুপিয়ে কুপিয়ে অত্যন্ত নৃশংস ভাবে হত্যা করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেটা আরও দুঃখজনক সেটা হচ্ছে যারা হত্যা করেছে তারা হচ্ছে স্থানীয় কুখ্যাত ডাকাত ও সমাজ বিরোধী। আকবর মন্ডল, ওয়াজেদ মন্ডল, কাসেম মন্ডল প্রমুখ এই সমস্ত সমাজবিরোধীরা গত কয়েকমাসে ওই ক্যানিং থানার আমাদের দলের তিনজন কর্মীকে খুন করেছে। তাদের বিরুদ্ধে শাস্তি বিধানের জন্য আমাদের দলের পক্ষ থেকে আমি থানা স্তর থেকে শুরু করে হোম সেক্রেটারি বিভিন্ন স্তরে জানিয়েছি, ডেপুটেশন দিয়েছি, এমনকি মাননীয় মুখ্যমন্ত্রীর সাথে আমাদের দলের রাজ্য সেক্রেটারি এবং আমি নিজে এই বিষয়ে আলোচনা করেছি। কিন্তু অত্যন্ত দুঃখজনক ব্যাপার হচ্ছে সরকারের নিষ্ক্রিয়তার জন্য পুলিশের নিষ্ক্রিয়তার জন্য পুনরায় এইরকম একটা মর্মান্তিক হত্যাকান্ডের ঘটনা ঘটে গেল। স্থানীয় জোতদার, কংগ্রেস এবং সি.পি.এম যোগসাজসে এই যে রাজনৈতিক হত্যাকান্ড ঘটছে আমি এই বিধানসভায় আমাদের দলের পক্ষ থেকে এর তীব্র বিরোধীতা জ্ঞাপন করছি এবং প্রতিকার চাচ্ছি সরকারের কাছে এবং অবিলম্বে দোষীদের কঠোর শাস্তি বিধানের দাবি জানাচ্ছি।

**Supplementary Estiamtes for the year. 1979-80**

**Dr. Ashok Mitra :** I beg to present the Supplementary Estimates of the Government of West Bengal for the year 1979-80.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে সংবিধানের ২০৫ ধারা অনুসারে আমি পশ্চিমবঙ্গ সরকারের ১৯৭৯-৮০ সালের অতিরিক্ত ব্যয় বরাদ্দের হিসাব পেশ করছি। প্রতি বছর এই ধরনের অতিরিক্ত ব্যয় বরাদ্দের হিসাব পেশ করতে হয় এবং এই যে হিসাব আজকে উপস্থাপন করা হল তা নিয়ে আগামী পরশু দিন বিধানসভায়

আলোচনা হবে। আপনারা লক্ষ্য করে দেখবেন যে হিসাবে মোট ৫১২ কোটি টাকা বাড়তি ব্যয় বরাদ্দের মঞ্জুরি চাওয়া হয়েছে। এর মধ্যে ২টি ভাগ আছে, একটা হচ্ছে ৪৫৬ কোটি টাকা যেটার বিধানসভার মঞ্জুরির প্রয়োজন নেই। কারণ সংবিধান অনুসারে বছরের যে কোন সময়ে একটি রাজ্য সরকার দেশের সেন্ট্রাল ব্যাঙ্ক থেকে প্রয়োজনে কিছু টাকা ধার করতে পারেন। সেই টাকা যখন ফেরত দেওয়া হবে তখন সেই টাকা খরচের খাতায় লেখা হয়, কিন্তু এই খরচের জন্য কোন বাড়তি মঞ্জুরির বিধানসভার প্রয়োজন হয়না। ৪৫৬ কোটি টাকা এই যে রাজস্ব মাসের শেষে কিছু সংগৃহীত হয় মাসের প্রতি সপ্তাহে সেই টাকা খরচ করতে হয়, কোন বিশেষ সময়ে আমরা দেখি যখন আমাদের টাকা নেই তখন রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে সাময়িকভাবে টাকা ধার করি, বছরে ৫৭ বার ১৯ কোটি টাকা করে ধার করি, সেটা ৫৭ বার যোগ করলে ৪৫৬ কোটি টাকার হিসাব হয়। বাকি ৫৬ কোটি টাকা সেটা আমাদের অতিরিক্ত খরচ করতে হয়েছে। এইটা প্রতি বছর হয়। কারণ, আমরা প্রতি বছরের গোড়ায় যে মঞ্জুরির হিসাব দিই তারপর দেখি এখানে ওখানে অঘটন ঘটার জন্য ব্যয় এবং আয়ের তারতম্য ঘটে। আমাদের তখন প্রতি বছরের শেষে অতিরিক্ত মঞ্জুরির জন্য অনুরোধ রাখতে হয়।

[1-10— 1-20 P.M.]

এবছর যে ৫৬ কোটি টাকা বাড়তি ব্যয়ভার চেপেছে তারজন্য আপনাদের বলছি, গত লোকসভার নির্বাচনে ৬/৭ কোটি টাকা খরচ করতে হয়েছে গত নভেম্বর মাসে যে অতিরিক্ত মাগ্নীভাতার ব্যবস্থা করেছি তারজন্য অনেক টাকা বাড়তি খরচ করতে হয়েছে, বিদ্যালয়গুলোকে অনুদান দিতে হয়েছে এবং মহার্ঘভাতা বাবদ মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনকে দিতে হয়েছে। শুধু তাই নয়, ভয়াবহ খরায় ৩টি জেলা ভীষণভাবে আক্রান্ত হওয়ায় সেখানেও বাড়তি খরচ করতে হয়েছে এবং খরা ত্রাণ ও কৃষিজীবিদের স্বল্প মেয়াদী ঋণ দিতে হয়েছে এবং এই সমস্ত নিয়ে ওই ৫৬ কোটি টাকা হয়েছে। আর একটা জিনিস আপনাদের বলি, এবারে পণ্য প্রবেশ কর থেকে আমাদের কিছু বাড়তি উপার্জন হয়েছে। এই উপার্জন হলে আমাদের সেটা মিউনিসিপ্যালিটিকে দিতে হয়। কাজেই এই যে বাড়তি উপার্জন হয়েছে সেটাও কিন্তু আমাদের খরচের মধ্যে দেখাতে হয়েছে। যাহোক, এটা নিয়ে বিশদভাবে পরে আলোচনা হবে।

## DEMAND FOR GRANTS

### Demand No. 67

**Major Head :** 734 - Loans for Power Projects

**Shri Jyoti Basu :** Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs. 57,30,58,000 be granted for expenditure under Demand No. 67, Major Head : "734-Loans for Power Projects".

(The written speech of Shri Jyoti Basu is taken as read.)

The demands comprises loans to the given to West Bengal State

[25th March, 1980]

Electricity Board and to the Calcutta Electric Supply Corporation for executing various schemes both within the plan and outside the plan.

This Government ever since coming into office in the later half of 1977 has continued to attach very high priority to the power sector on which the economy of this State depends, in a very large measure. The level of expenditure and investment in this sector during this period has been higher than ever before in the past. During the current financial year we have witnessed certain important developments which I will now highlight.

The gestation period of coal-based thermal plant and hydroelectric projects are quite long. It was hence necessary to find a short-term solution to the continuing crisis. In this connection I am happy to recount that the Gas Turbine Project involving the setting up the five gas turbine of 20 MW each has been completed in a record time. Two gas turbine installed at Kasba started functioning in August, 1979, two turbine at Haldia started in February this year and one gas turbine in Siliguri started in November last year. These turbine have made their presence felt in reducing shortage at peak times and also coming to the rescue at crisis times when the large thermal plants suffer sudden outages. There are problems in getting adequate fuel for these turbines and a considerable expense is also involved. However, there was no other alternative in the short run to meet the crisis and we expect that even later on these turbines would be useful at peak demand and as an insurance against sudden outages.

The third unit at Santaldih which had numerous problems that affected its stable operation was subjected to a perfomance test early this year. Although final report of the test is yet to come we have gathered very useful information regarding the constraints in the various components of the unit and it is expected that this information will be helpful in assisting the operating staff and in helping generation to stabilise. Corrective measures to remove the deficiencies will also be taken wherever possible.

The increase in the installed capacity and its effective utilisation has helped us in achieving better generation by the West Bengal State Electricity Board. Thus in 1975-76 the West Bengal State Electricity Board genetated 1,831 million units. In the successive years it generated 2,344, 2,486 and 2,676 million units. In the current year this figure is expected to rise further to 2,746 million units.

Although the performance of West Bengal State Electricity Board

has thus steadily improved the total availability of power in West Bengal has not improved in the same proportion on account of poor contribution by DVC. The generation of the DVC has been very adversely affected in the current year. The drought has robbed the DVC of hydroelectric generation. The perfomance of its thermal units has far below expectations. The consequence is that the supply of DVC to Calcutta has been between 20-30 MW generally as against their contracted supply of 95 MW. The poor supply from DVC has also affected adversely other areas in the valley such as in the district of Burdwan and in Midnapore where the Board distributes the power received from DVC. The generation of DPL has also been low on account of defects in the plant and machinery requiring major repairs and reconstruction which are expected to be carried out soon.

In the current year we expect that the fourth unit of Santaldih Thermal Power Station and the fifth unit of 210 MW at Bandel will be commissioned. The schedule of their commissioning has been recently delayed on account of delays in the supply and erection of essential components by the BHEL and the Instrumentation Limited, Kota. We have already taken up with the Government of India and the Union Minister of Energy the case for expediting delivery and erection of these important components and for the importation of critical components like valves, etc. We have received assurance from all concerned of expeditious action but we are aware that even the big Central Government Undertakings and private industries have their limitations and their output in their plants in other State is also affected by labour unrest and by shrotage of power which is experienced almost all over the country.

The Titagarh Project of Calcutta Electric Supply Corporation of 4X60 MW station has also been proceeding smoothly with the help and assistance of the Government of West Bengal. One of the conditions laid down by financing institutions for giving loans to Calcutta Electric Supply Corporation for this project is that the Calcutta Electric Supply Corporation must be able to earn reasonable return for servicing the loans. Power generation companies are not permitted to earn huge profits and the law prescribes a ceiling on return on the capital. On account of heavy inflation in the country and rise in wages the costs of Calcutta Electic Supply Corporation have gone up making it necessary to increase their rates. The increase has, however, been kept to a marginal increase only for the domestic sector at the instance of the State Government and some assistance may have to be given by the Government if the Calcutta Electric Supply Corporation is unable there-

*by to attain the reasonable return.*

The construction of the Kolaghat Project comprising of three units of 210 MW each is also progressing in spite of some groups of local persons trying to stop the work. We expect the first of these units to be ready towards the end of 1981 and the subsequent units at intervals of six months. We had been pressing the Central Government for early clearance of lolaghat Expansion Project for the fourth, fifth and sixth units of 210 MW each. The problem was to get coal linkage with assurance of coal similar to that for the first three units. I have just received information from the Union Minister for Energy and Coal assuring supplies of coal from a new mine in West Bengal to be taken up provided the land for that mine is acquired by this Government and made available to the Government of India immediately. With assurance of this help we shall proceed to get formal clearance and to start work of the Kolaghat Extension Project so that in five years from now a gap between supply and demand does not cripple the economy of this State.

In addition to the material and other constraints mentioned above there are certain human elements also affecting the work of the on-going projects. As work tends to get completed the contractors' workers have a tendency to slow down their work so as to prolong their employment. Sometimes certain workers are induced to start an agitation and adopt go-slow demanding their absorption in the Board. While we have sympathy with all the workers it is obvious that if demands are made for employment in areas where jobs don't exist or where there are other more deserving persons it is not feasible to concede such demands. We shall certainly try to help workers who have helped in building a project and had to face retrenchment on its completion but there can obviously be no guarantee for continued employment. Those who have tried to do their work well and have acquied skills and talents will certainly be preferred when some work is taken up elsewhere and it should hence be in the interest of such workers avoid any impression of indiscipline or lowering the quality or pace of their work.

We have set up committees of local persons to decide the question of giving jobs and contracts for petty works to those who have lost their lands on account of new projects. Obviously jobs cannot be found for everyone at the same time. We have come across cases where groups of irresponsible agitator have tried to intimidate the project staff, management and other workers on this issue. Such agitation is highly prejudicial to their own interest and has thwarted the progress of the projects. Sometimes certain unions try to capitalise on these issues and

raise fresh demads not made before and halt the progress of work. I would urge that a constructive approach to arrive at a rational solution to the problems of large numbers of unemployed local land losers and contractors'workers should be adopted by all concerned so that the projects can be completed without further delay.

The Government of India has also started work of the Farakka Super Thermal Project through its undertaking the National Thermal Project Corporation. This station will have three units of 210 MW followed by one unit of 500 MW in the first phase and another two units of 500 MW in the second phase. The State Government has already made available necessary land for the project.

We hope that the Government of India will proceed with this work expenditiously. Our share of the power from this plant which will provide power to Bihar, Orissa, DVC and Sikkim also is about one-third of their generation.

The position of power supply in North Bengal has been difficult during this year. The generation from Jaldhaka Hydroelectric Project stopped on account of accidents to the machinery. After necessary repairs it is expected that the Jaldhaka Hydroelectric Project will recommence generation in April this year. Two diesel sets of 3.5 MW along with a number of smaller diesel sets have been providing some amount of power. The installed capacity from diesel went up with the commissioning of the gas turbine at Siliguri as mentioned earlier. But a fresh crisis developed with the stoppage of flow of diesel from Assam which has affected the gas turbine and all other diesel-based generating stations. The other hydroelectric project in North Bengal are also making slow progress on account of difficulties of communication, etc. The hydroelectric generation will be susceptible to various uncertainties of monsoon, etc. We have hence proposed to the Government of India to set up a coal-based thermal station in North Bengal of 4X60 MW size. The clearance to this project is awaited. Meanwhile work is progressing on 132 KV transmission line which will extend all the way up to Birpara. The line has already been completed up to Malda town. The work up to Birpara via Maynaguri is in progress.

The demand for power continues to increase and hence in spite of rising generation shortages continue to persist. In April last year we had been obliged to curb the demand of high tension industrial consumers by another 10 per cent. and also restricted their drawal between the period 6 p.m. to 10 p.m. These restrictions have made possible a better supply to the domestic sector specially in the evening. As our generation

*improves further with the commissioning of new units and with better operational efficiency we shall certainly consider during the current year* relaxation of the restrictions imposed earlier. However, until then I would request the co-operation of all concerned to strictly abide by such restrictions and any violation thereof shall be taken serious note of. Discipline in the energy sector is very important so that various sections of consumers can be given selective supply in times of shortages. It is also necessary that the scarce of energy should be utilised in the most careful manner, to conserve energy and to optimise the benefits from energy utilisation in various plants and processes.

Extension of electrification to the rural sector continues to be set with difficulties on account of shortage of aluminium conductors which is felt all over the country. There is also shortage of structural steel and cement which has held back progress in this area during the current year. Till the end of November 1979 as many as 12,543 mauzas had been electrified in this State. The number of minor irrigation pumps energised till that time was, 19,968 shallow tubewells, 2,519 deep tubewells and 816 river lift irrigation pumps. 385 Health Centres, 115 Harijan bustees and 470 tribal villages have also been electrified. Althouth progress during the current year has been somewhat slow on account of shortage of materials mentioned above we hope to achieve comparatively a higher figure of 1,600 villages to be eletrified in the next year and energisation of 8,125 pumpsets. We hope that the Government of India will make it possible for us to resolve the problems of shortage of materials specially aluminium conductors. Accordingly a provision of Rs. 13.10 crores has been made for rural electrification during the next year, 1980-81.

We have also been conscious of the need to improve the operational and technical performance of the West Bengal State Electricity Board. The capital assets of the Board will soon be exceeding Rs. 500 crores and it is necessary that there should be adequate organisational structure to cope with the increase in magnitude complexities and sophistication of the work involved. The newer units of high capacity and sophisticated design require much higher technical efficiency and expertise. One of the problems in the Eastern Region which was largely dependent upon thermal generation has been the unstable operation and the poorer plant availability of thermal sets. We have also to gear up the distribution arrangements in the rural areas which have for long been neglected. In view of these factors the Government has issued a directive to the West Bengal State Electricity Board to separate the generation and extra high tension wing.

It is necessary for me to say a few words here regarding the decision taken by Government to reorganise the structure of the Board. It is universally accepted that the increasing complexity and magnitude of power industry require an improved form of organisation and management. The complexity and sophistication of larger capacity units in the field of generation require development of expertise and experience. The two completely dissimilar functions of generation and distribution require to be separated in order to improve the specialisation in all areas so that each sector functions more efficiently and with greater responsibility. All experts are agreed on this point that experience and continued service with dedication in an area is necessary for development of suitable expertise. It is on these considerations that Government proceeded to direct the West Begal State Electricity Board to segregate generation from distribution.

At present the total number of workers in the Board is a little over 31,000 of whom more than 25,000 are in transmission and distribution and about 6,000 are in generation. In a space of three years the generation capacity of the major thermal plans will rise from the present 600 MW to around 1,600 MW and further increase will follow when Kolaghat Expansion Project is commissioned. There will hence be clearly proportionate expansion in the requirement of manpower at all levels in the generation side. Along with generation the extra high tension transmission, i.e., 132 KV and above such as 220 KV and 400 KV will also require large number of highly qualified and experienced personal.

While the generation of the Board will rise by 50 per cent this year and another 100 per cent in the next year and a half, the increase in the power to be distributed amongst Board's direct consumers will be even more spectacular. The power to be distributed by the Board to its consumers will rise from the present small base of 200 MW to about 400 MW in this year and will again double itself in another year and a half, reaching around 800 MW by the end of 1982. There will thus be a tremendous increase in the work-load of the distribution system. It will be possible for the Board to distribute this large power only if the quality of work in the distribution section improves. Lines have to be maintained properly, new lines have to be laid quickly and system of billing has to be modernised.

With the expected doubling of the cadres in the generation side and even greater proportionate growth on the distribution side there need be no apprehension that the segregation of generation from distribution wing will adversely affect the prospect of any individual.

Nobody's pay-scale is going to be lower. The promotion prospect in both sides will certainly improve, especially for the existing personnel.

All this growth will be possible only if the talent and expertise in both the wings grow. It will hence be our endeavour to see that starting with this measure to separate generation form distribution other measures are taken, so that the Board's working in all its departments improves in quality and quantity and that they become more responsive to the public need and help the economy to grow rapidly. Opposition to this most well-meaning measure is borne only out of misapprehension or motivated politically to try and appose any good work taken in hand by this Government. We have noticed that from time to time sections of employees under the influence of some unions have been trying to hamper work and harass the officials. Such attitudes and actions only harm the interests of the people. I would hence like to take this opportunity to allay misapprehesions on this account in the mind of any worker or Engineer and to request co-operation of all concerned and help in this task.

The present Government set up in November, 1977 a Wage Committee for the Class III and Class IV employees of the West Bengal State Electricity Board. In January, 1979 the Wage Committee submitted to the State Government its interim recommendations and on the basis of those recommendations revised pay-scale for the Class III and Class IV employees were announced by the Government in April, 1979. On the receipt of the final report of the Wage Committee the State Government announced its decisions in February, 1980. One important feature of these decisions is to ensure at least one higher scale for each employee in his service career. At the same time to improve the efficiency in the administration it has been decided that movement from one level to the higher one would be made through selection. The departmental candidates possessing the prescribed qualifications would be eligible for consideration for selection and the successful employees would be given preference.

Another important feature is that the pay-scales have been revised with effect from 1st April, 1974 and payment of arrears on account of revision of pay has been given with effect from 1st December, 1977. The rates of variable Dearness Allowance has been enhanced to Rs. 1.30 per point of rise in the consumer price index. Rates of Hill Compensatory Allowance, Difficult Area Allowance, construction Project. Allowance, etc., have also been rationalised. Daily allowances like Special Allowance, Night Shift Allowance and Dust Allowance have been raised from Re. 1 to Rs. 2. The rate of House-rent Allowance for the low

income group employees has been raised to 15 per cent of pay. Complete confidence in the quality of our employees, their work and their dedication and I expect that they will continue to work with determination to provide betters and more adequate power for improving the economy and condition of living of the people of this state.

**Mr. Speaker :** There is one cut motion on this Demand which is in order.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিদ্যুৎমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি বিরোধিতা করছি এই জন্য নয় যে, তিনি আমাদের বিদ্যুতের চাহিদা মেটাতে পারেননি। আমার বিরোধিতা করার কারণ হচ্ছে আমাদের বিদ্যুতের উন্নতির জন্য যে সমস্ত কাজ করা উচিত তাতে এই মন্ত্রক সম্পূর্ণভাবে অক্ষম এবং অপারগ হয়েছে। অদ্ভুত কয়েকটি কথা মুখ্যমন্ত্রীর মুখে শুনলে কি রকম অনুভূতি হয় সেটা আপনার কাছে পেশ করবার জন্য আমি আপনার অনুমতি চাইছি। গত বছর তিনি যখন ব্যয় বরাদ্দ পেশ করেছিলেন তখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাজের সম্বন্ধে বলেছিলেন, শুধু তাই নয়, একই সঙ্গে আমরা কর্মচারীদের মধ্যে সঙ্গত কারণে যে সমস্ত ক্ষোভ ছিল সেগুলির দিকেও আমরা নজর দিয়েছি এবং এইভাবে কাজ করে আমরা ভালই ফল পেয়েছি। সাধারণ কর্মচারী এবং ইঞ্জিনিয়ারদের সক্রিয় সহযোগিতায় ১৯৭৮ সালের জুন মাস থেকে সাঁওতালদিহির বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কাজ বেশ ভালভাবেই চলেছে। ব্যান্ডেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কার্যোপযোগী পরিস্থিতি যথাযথভাবে বজায় রাখা হয়েছে। ফলে এই কেন্দ্রের কাজকর্ম বেশ ভালভাবেই চলেছে। একথা তিনি বলেছেন ১৯৭৯ সালের ১৬ই মার্চ এই বিধানসভায়। তারপর একটা অদ্ভুত ঘটনা আপনাদের কাছে বলছি। সি.ই.এস.সি-র টিটাগড়ে নূতন প্রকল্পের ভিত্তি ন্যাস করবার সময় জ্যোতিবাবু যে সমস্ত কথা বলেছেন সেটা স্টেটস্‌ম্যান কাগজে বেরিয়েছিল। আমি সেটা আপনাদের পড়ে শোনাচ্ছি।

"No management at Electricity Board, says Basu— "Mr. Jyoti Basu alleged at Titagarh on Sunday that management was virtually non-existent in West Bengal State Electricity Board. He said no one in the Board shouldered any responsibility and, in the event of trouble, they passed the blame one to others."

১৬ই মার্চ যে সমস্ত ভাল কাজ ছিল সেই কাজগুলিই ২৩শে এপ্রিল অদ্ভুতভাবে উলটে গেল, কোন ম্যানেজমেন্ট নেই, টপ টু বটম প্রত্যেকেই ইরেসপন্সিবিল, এই রকম কথা মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। তারপর এই যে আজকে পেশ করেছেন তাতে উনি বলছেন, 'সুতরাং পশ্চিমবঙ্গে রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাজ কর্ম ক্রমাগত উন্নতি হতে থাকলেও দামোদর ভ্যালি কর্পোরেশনের থেকে খুবই কম আসায় এই রাজ্যে বিদ্যুতের সামগ্রিক পরিস্থিতির উন্নতি হয়নি'। যেকথা তিনি ২৩শে এপ্রিল বলেছিলেন তার সম্পূর্ণ বিরোধী কথা এখানে বলছেন আজকে। আর আমাদের বিশ্বাস করাতে চাচ্ছেন যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ক্রমাগত

উন্নতি হয়েছে। আমার মনে হয়, অধ্যক্ষ মহাশয়, প্রলাপ হলে একটা কথা আছে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিলাপ করছেন যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে কিছুই হচ্ছে না, আর এখানে বাহবা লুঠবার জন্য একটু প্রলাপ করে বলছেন যে আমাদের উন্নতি হয়েছে শুধু ডি.ভি.সির উন্নতি হয়নি তাতে সত্যের অপলাপ ঘটেছে। এই বিলাপ বা প্রলাপের মধ্যে যে সত্যকার অপলাপ হচ্ছে সেটা তাঁদের কার্যকলাপ দিয়ে আমি প্রমাণ করতে চাই। আজ আপনারা দেখুন যে কিরকম কাজ চলছে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী দাবি করেছেন যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের খুব ভালভাবে কাজ চলছে, ক্রমাগত উন্নতি হচ্ছে এবং তিনি তাঁর সমস্ত সহকর্মীদের সম্পর্কে, কর্মচারীদের সম্পর্কে উচ্চ আশা পোষণ করেন সেটা শেষে বলেছেন, আমাদের কর্মচারীদের গুণের ব্যাপারে আমাদের পূর্ণ আস্থা রয়েছে তাদের কাজ এবং তাদের একনিষ্ঠাতার উপরে আস্থা আছে এবং আশা করেছেন যে এই রাজ্যের অর্থনীতির উন্নতির জন্য, জনসাধারণের উন্নতির জন্য, উন্নততর অধিক বিদ্যুৎ সরবরাহের জন্য তারা নিরলস প্রচেষ্টা চালিয়ে যাবেন। বাজে কথা, একই লোক বলছেন যে ম্যানেজমেন্ট নেই, একই লোক বলছেন যে টপ থেকে বটম পর্যন্ত কেউ রেসপন্সিবিল নয়, একদিকে বলছেন আমাদের কাজ ভাল চলছে, ক্রমাগত উন্নতি হচ্ছে, আর এই উন্নতির ফলে উনি বিশ্বাস করেন যে আমাদের সমস্যা দূর হবে। হচ্ছে না কেন? না, ডি.ভি.সি. তে উন্নতি হচ্ছে না। আমরা কি অনুভব করছি, মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তৃতা সত্ত্বেও আমাদের প্রত্যেকের নিজস্ব অনুভূতি আছে, আমাদের প্রত্যেকের নিজস্ব দুর্ভোগ আছে, ফলেন পরিচয়তে বলে একটা কথা আছে সেটা হাড়ে হাড়ে প্রমাণ করছে যে পশ্চিমবঙ্গের সর্বত্র সামগ্রিকভাবে তাঁরা অপারগ হয়েছেন এবং আমাদের যে বিদ্যুৎ সমস্যা তা প্রতি পদক্ষেপে বেড়ে চলেছে। আমি কয়েকটি উদ্ধৃতি তুলে দিচ্ছি স্টেটসম্যান থেকে যেটা আমাদের রাজ্যে সর্বাধিক সোবার এবং রিলায়েবেল কথা বলতে পারে, আপনারা দেখুন এতে বলা হয়েছে কি পরিস্থিতি আমাদের পশ্চিমবঙ্গের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের আছে। তিনি বলেছেন যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের যে পরিস্থিতি আছে সাঁওতালদিহিতে যেসমস্ত কাজ চলছে সেটা হচ্ছে - ফেব্রুয়ারি ১৫,১৯৮০, স্টেটসম্যানের প্রথম পাতা, তাতে গৌতম চৌধুরী লিখেছেন, তাতে তিনি বলেছেন যে সাঁওতালদিতে যে সমস্ত কাজ চলছে সেটা একটা ভুতুড়ে ব্যাপার, আপনারা কেউ বিশ্বাস করতে পারেন যে সাঁওতালদির যে সর্বোচ্চ উচ্চাধিকারিক যে ওখানকার সব চেয়ে বড় আধিকারিক, তার বেতন, তার মাইনে সেই প্ল্যান্টের ৪২ জনের চাইতে কম Income wise, the additional chief engineer, the head of the Plant, is in the 43rd place. He is behind some drivers and khalasis most of whom earn Rs. 2500/- or Rs. 3,000/- a month. একটা অদ্ভুত ব্যাপার, ২ হাজার, ৩ হাজার টাকা একজন খালাসী পাচ্ছে, একজন ড্রাইভার পাচ্ছে ওভারটাইম করে, আর আমাদের মুখ্যমন্ত্রী বলছেন আমাদের কর্মীরা খুব ভাল কাজ করছে, খুব ভালভাবে উন্নত হয়ে চলেছে। এই খবরের কাগজে আপনারা দেখবেন যে এস.কে. রায় যে বক্তব্য রেখেছেন তাতে তিনি প্রমাণ করছেন যে অলটাইম থ্রু এত খারাপ প্রডাকশন কোনদিনই ছিলনা।

[1-20 — 1-30 P.M.]

তিনি বলছেন, স্টেটসম্যান পত্রিকায় বেরিয়েছে ২২শে মার্চ, ১৯৮০ তে যে ম্যানেজমেন্ট

এবং বোর্ড ইঞ্জিনিয়ারদের যে বিরোধ রয়েছে তার দরুন প্রোকাডশনের ক্ষেত্রে যা উৎপাদন হওয়ার কথা তার অর্ধেক উৎপাদন হচ্ছে না। সেখানে কোন জব স্পেসিফিকেশান নেই, ব্রেক ডাউন হবার পর কার দায়িত্ব, সেটা ঠিক নেই। কারণ সারভিস ম্যানুয়েল নেই। পাওয়ার ডিপার্টমেন্টের অনুরূপ একটা ম্যানুয়েল হওয়া উচিত। ব্যান্ডেল এবং সাঁওতালদিহিতে পুরো এক বছরের মধ্যে এক সপ্তাহও যায় নি যে যে সপ্তাহে ওখানে নির্বিঘ্নে কাজ হয়েছে। ব্রেক ডাউন, টিউব লিক, অন্তর্ঘাত, অগ্নিকান্ড হয়েছে। আর বলেছেন, অল টাইম লো প্রডাকটিভিটি। জানুয়ারি, ১৯৭৯ থেকে ফেব্রুয়ারি, ১৯৮০ সাল পর্যন্ত ব্যান্ডেল ৩ হাজার ১৫০ ঘন্টা ক্ষতি হয়েছে, সাঁওতালদিহিতে ১০ হাজার ৫০৮ ঘন্টা নষ্ট হয়েছে, শাট ডাউন হয়েছে। এই যে অবস্থা, এই যে ভয়াবহ পরিস্থিতি এইটা ব্যান্ডেল বা সাঁওতালদিহিতে নয়, অন্যত্রও হয়েছে। তিনি বলছেন ১লা জানুয়ারি, ১৯৭৯ থেকে ২১শে ডিসেম্বর পর্যন্ত প্রথম ইউনিটে ১ হাজার ১৪৯ঘন্টা ক্ষতি হয়েছে, দ্বিতীয় ইউনিটে ৬৫৬ ঘন্টা, চতুর্থ ইউনিটে ৯৭৪ ঘন্টা ক্ষতি হয়েছে। যদি এই রকম ক্ষতি হতে থাকে, তাহলে কি করে মুখ্যমন্ত্রী বললেন, উন্নতি হচ্ছে, উন্নতিক্রমে তিনি বিশ্বাস করছেন, আমাদের বিশ্বাস করতে বলছেন? আমি আপনাদের কাছে দাবি করবো, কোথায় সত্যের অপলাপ হচ্ছে সেদিকে আপনারা নজর দিন। আমরা হাড়ে হাড়ে অনুভব করছি, পশ্চিমবঙ্গে বিদ্যুতের এই হালের জন্য ভয়াবহভাবে ক্ষতি হচ্ছে। আমরা সবদিকে পিছিয়ে যাচ্ছি। সেই পিছিয়ে যাওয়ার কোন স্বীকৃতি, কাজে অপদার্থতার জন্য কোন অনুতাপ, কোন অনুশোচনা, তাঁর গত বছরের বিবৃতিতে নেই, এই বছরের বক্তৃতাতেও নেই। তাঁর একটা ব্রহ্মাস্ত্র আছে, দুটি রক্ষাকবচ আছে। পূর্বেকার কংগ্রেস গভর্নমেন্ট যা করে গিয়েছেন, তারজন্য আমরা আর কিছু করতে পারছি না। তাদের পরিচালন ব্যবস্থার যে দোষ ছিল, তারজন্য এই অবস্থা। দ্বিতীয় কথা বলেছেন, সীমাবদ্ধ ক্ষমতার কথা। এই সীমাবদ্ধ ক্ষমতার জন্যই কি আড়াই হাজার টাকা ওভার টাইম দিতে হয়? এই সীমাবদ্ধ ক্ষমতার জন্যই কি ব্যান্ডেল, সাঁওতালদিহিতে গরু ঢুকছে এবং গরু ঘাস খাচ্ছে বলে একটা ইউনিট ভেঙ্গে যায়? আশ্চর্যের ব্যাপার, ওখানে গরু কি করে যায় জানি না। কিন্তু আপনার খবর দেখবেন, গরু খাচ্ছিল ঘাস, সেইজন্য ভেঙ্গে গেল, ৯ ঘন্টা শাট ডাউন হয়ে গেল, হাজার হাজার টাকার ক্ষতি হোল। সেটা কি সীমাবদ্ধ ক্ষমতার জন্য হয়েছে? আমাদের সরাসরি অভিযোগ যে রকম ১৯৪৩ সালে ম্যান মেড ফেমিন হয়েছিল এবং সেই ম্যান মেড ফেমিনের জন্য সমস্ত বাংলা বিধ্বস্ত হয়ে গিয়েছিল, আজকেও তেমনি পশ্চিমবাংলায় বিদ্যুতের ম্যান মেড ফেমিন হচ্ছে। এইটা মানুষের দ্বারা তৈরি, মানুষের দ্বারা সৃষ্টি, মানুষের স্বার্থে তার বৃদ্ধি হচ্ছে। আপনাদের কাছে আমি কয়েকটা তথ্য পেশ করতে চাই, আপনারা একটু নজর দেবেন। আপনারা সকলেই জানেন ১৯৭৭ সালে যখন এই সরকার কাজ আরম্ভ করেন, তখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের চেয়ারম্যান ছিলেন ব্রিগেডিয়ার মালিক। বোর্ড ভেঙ্গে দেওয়া হল। তারপর নূতন বোর্ড গঠন করা হল। যারা এলেন তাদের উপর দায়িত্ব বর্তালো তারা এটা সুষ্ঠ পরিচালনা করবেন। বোর্ডে মেম্বাররা আছেন, আর তার চেয়ারম্যান হচ্ছেন শ্রী এস.এস. দাশগুপ্ত। উনি একজন রিটায়ারড ইঞ্জিনিয়ার। তাঁর সম্বন্ধে অনেক কথা আছে, যেখানে গিয়েছেন, সেই সেই প্রতিষ্ঠানগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে। তা সত্বেও বোর্ডের চেয়ারম্যান হলেন কেন বলুন? আমি জানি, আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে, — অন্ধকারের চার রাজা। তাতে তিনি স্বীকার করেছেন, তিনি মাননীয় মুখ্যমন্ত্রীর সহপাঠী ছিলেন ইংল্যান্ডে । সেই বন্ধুত্বের জন্য তাঁকে

বোর্ডের চেয়ারম্যান করেন। আমি জানতে চাই, শ্রী এস.এস. দাশগুপ্ত কি ডিগ্রি হোলড করেন? আমি যতদূর জানি, তিনি ফ্যারাডে হাউসের একজন ডিপ্লোমা হোলডার। তাঁকে সমস্ত রাজ্যের বিদ্যুৎের পর্ষদের চেয়ারম্যান করে দেওয়া হয়েছে।

আমি জানতে চাই তাঁর কি হাই টেনশনের ব্যাপারে, বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে কিছু অভিজ্ঞতা ছিল? কোন অভিজ্ঞতা না থাকা সত্বেও তাঁকে বোর্ডের চেয়ারম্যান করা হয়েছে। যেখানে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন টপ থেকে ডাউন পর্যন্ত রেসপন্সিবিলিটি থাকা দরকার, আপনিই তো আপনার বন্ধুকে টপে বসিয়েছেন, যদি তাঁর কোন রেসপন্সিবিলিটি না থাকে তবে তার কৃতিত্ব আপনারই। আপনিই তো তাঁকে বসিয়েছেন। আপনি স্যার, শুনলে আশ্চর্য হয়ে যাবেন, বিদ্যুতের ব্যাপারে দুটো ভাগ, একটা হচ্ছে জেনারেশন আর একটা হচ্ছে ডিস্ট্রিবিউশন। বোর্ডের মেম্বারদের জেনারেশন এবং ডিস্ট্রিবিউশন-এর দায়িত্ব থাকা দরকার। একজন মেম্বারেরও জেনারেশন এবং ডিস্ট্রিবিউশন সম্বন্ধে দায়িত্বজ্ঞান সম্পন্ন নন। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, বোর্ডের মেম্বারদের জেনারেশন এবং ডিস্ট্রিবিউশনের দায়িত্ব নাই। চীফ ইঞ্জিনিয়ার (থার্মাল) জেনারেল সুপারিনটেন্ডডিং ইঞ্জিনিয়ার, ডেপুটি চীফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং (থার্মাল) এই সমস্ত কি-পজিশন ভ্যাকেন্ট, কেন নিয়োগ করা হচ্ছে না? কার স্বার্থে? আমি জানিনা এই সঙ্গে আমি বলব যে অনেক ভাল ভাল সেরা ইঞ্জিনিয়ার পশ্চিম বাংলা ছেড়ে চলে যাচ্ছে, আমি তাঁদের নাম করে দিতে পারি। বিশেষ করে মিঃ ঘটক, জেনারেল সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার ছিলেন। মিঃ গাঙ্গুলী আর একজন, তাঁরা আমাকে বলেছেন এখানে সার্ভিস কন্ডিশন ভাল নয়, সেখানে কাজ করতে পারছিনা, তাই কাজ ছেড়ে চলে যাচ্ছি। আমার কাছে বলেছেন ডি.পি. গাঙ্গুলী, এন.আর. ব্যানার্জী এই রকম সেরা সেরা ইঞ্জিনিয়ার কাজ ছেড়ে চলে যাচ্ছেন, পশ্চিমবাংলার এই দুর্ভোগের দিনে দুঃসময়ে, কেন? সার্ভিস কন্ডিশন কেন ভাল নয়? সেটা আমাদের জানার প্রয়োজন আছে, এই সার্ভিস কন্ডিশন ভাল করার প্রয়োজন আছে, যাঁরা বোর্ড পরিচালনা করছেন, তাঁদের ক্ষমতা কি তাঁদের যোগ্যতা, কি, তাঁদের পারস্পরিক সম্বন্ধে কি আছে? কো-অর্ডিনেশন বলে একটা ব্যাপার আছে, যারা বুরোক্রেট যারা টেকনোক্রেট, তাঁদের মধ্যে একটা কো-অর্ডিনেশন থাকার দরকার আছে। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ডিপার্টমেন্টে কোন অর্ডিনেশন বলে কোন জিনিস আছে কি? এটা দুঃখের কথা যে সেখানে নাই। সেক্রেটারি এবং বোর্ডের মেম্বারদের মধ্যে কথা বলা বন্ধ, বোর্ডের মেম্বারদের মধ্যে গভীর অর্ন্তকলহ চলছে, কেন সেটা জানার প্রয়োজন আছে। আমি আপনার কাজে এই সমস্ত জিনিস রাখতে চাই। এই বোর্ডের মেম্বার মিঃ ঘোষ আমার কাছে বলেছেন ডি.ডি.পি.এল. বলে বোর্ডের কনসালটেন্ট ফার্মি আছে, তার বিরুদ্ধে সাঙ্ঘাতিক চারটি অভিযোগ আছে, আমি জানতে পেরেছি এই অভিযোগগুলির সঙ্গে বোর্ডের চেয়ারম্যান মিঃ দাশগুপ্ত জড়িত। এই সম্বন্ধে বিচার করার কথা ছিল, বিচারের জন্য দিন স্থির হল, কিন্তু যেহেতু চেয়ারম্যান নিজে অভিযোগের সঙ্গে ইনভল্বমেন্ট আছে, তার জন্য তিনি এক্সপ্ল্যানেশন দেবার জন্য টাইম চেয়েছিলেন, চার মাস চলে গেল আজ পর্যন্ত এ সবের বিচার হয়নি। একটা অভিযোগের ক্ষেত্রে চেয়ারম্যানের পার্সোনাল ইনভলভ্‌মেন্ট আছে, বাকি তিনটির সঙ্গে নয়, সেক্ষেত্রে কেন বিচার হচ্ছে না? এই বিচার কবে হবে জানিনা। এই হচ্ছে পরিস্থিতি। পার্সোনাল ম্যানেজমেন্ট মিঃ দাশগুপ্ত দেখতে পারেননা বলে এটা দেখার ভার মিঃ মুখার্জীর

উপর ন্যস্ত ছিল। মিঃ মুখার্জী যখন কাজ করাবার জন্য ডিসিপ্লিন ইম্পোজ করতে চাইলেন সিটু থেকে বিরোধিতা করে এবং মিঃ মুখার্জীর উপর থেকে কাজ করাবার দায়িত্ব কেড়ে নেওয়া হল এবং তাঁকে উইদাউট পোর্টফলিও করে রেখে দেওয়া হল। মাননীয় মুখ্যমন্ত্রী জানেন এখানে ৩১ হাজার লোক কাজ করে, এই ৩১ হাজার লোককে ভালভাবে কাজ করাতে গেলে স্পেশালাইজড ক্ষমতা থাকা দরকার। এটা প্রত্যেকে পারেনা।

[1-30— 1-40 P.M.]

ফলে যা হবার তাই হচ্ছে। মিঃ এ.কে. গাঙ্গুলী, তিনি মেম্বার হয়ে আজকে পারসোনাল ম্যানেজমেন্ট করছেন। সারা জীবনে তিনি যে কাজ করেন নি বুড়ো বয়সে সেই কাজ যদি করতে দেওয়া হয় যেটা একটা হাইলি স্পেশালাইজড কাজ সেই কাজ করতে পারছেন না। তাতে দোষ দেবার কিছু নেই। আজকে টপ টু বটম অব্যবস্থা দেখা যাচ্ছে এবং মাননীয় মুখ্যমন্ত্রী নিজে বলেছেন ইররেসপনসিবিলিটির বীজ রয়েছে বোর্ডের মধ্যে। মাননীয় মুখ্যমন্ত্রীর দ্বারা নিযুক্ত বোর্ডের সদস্যদের মধ্যে যে বীজ রয়েছে সেখানে কার উপর সেই দায়িত্ব আসবে? আমরা যখন বলি তখন মাননীয় মুখ্যমন্ত্রী রেগে বলেন—এই দায়িত্ব আপনার বহন করার সময় যদি না হয় তাহলে অন্য একজনকে দিন, তিনি তো ক্ষেপে লাল হয়ে যান। আমি জানতে চাই বোর্ডের মধ্যে নিযুক্ত লোক যারা এই সমস্ত কাজ করছেন তার জন্য দায়ী কে? সেখানে নিজেদের মধ্যে কথা বলাবলি নেই। মিঃ ঘোষ, মিঃ ভার্মা, পাওয়ার সেক্রেটারি, আমি শুনেছি তাদের রিজাইন করার জন্য বলেছেন। তিনি অস্বীকার করেছিলেন। মিঃ মুখার্জীর মত লোক যারা পাওয়ারের লোক তাদের মধ্যে যদি এই কাজ থাকে তাহলে তার ইমপ্লিমেন্টেশনের ব্যাপারে নিচের তলার লোকদের উপর তার যে কি প্রতিচ্ছবি হবে সেটা আমরা উপলব্ধি করতে পারছি, বুঝতে পারছি। আমরা দেখছি এমন কোন দিন যায় না যেদিন লোড শেডিং হয় না, প্রত্যেকটি দিনই লোড শেডিং হচ্ছে। কেন হচ্ছে? তার একটি কারণ হচ্ছে পলিটিক্যাল ইনভল্‌ভমেন্ট। প্রত্যেকটি প্রোডাকশান সেন্টারে ইন্ট্রা ইউনিয়ন রাইভ্যালরি আছে। আর এই ইন্ট্রা-ইউনিয়ন রাইভ্যালির ফলে কোথাও কাজ হচ্ছে না। কোথাও আর.এস.পি., সি.পি.এম. ইউনিয়ন আছে, দলাদলি হচ্ছে। অমলবাবু আপনি স্বীকার করেন সি.পি.এম. এর সঙ্গে আপনাদের গোলমাল হচ্ছে, বলতে শুনেছি। আমি আশ্চর্য হয়ে গেলাম সি.আই.টি.ইউ.র সুখময় রায় আর ফটিক ঘোষের মধ্যে টানাটানি হয় নি, দলাদলি হয় না? সেই খবরও আমি পেয়েছি এবং এই সব কথা অস্বীকার করার উপায় নেই। প্রত্যেকটি জায়গায় ইন্ট্রা-ইউনিয়ন রাইভ্যালরি থাকার ফলে কি রকম কাজ চলছে সেটা আপনারা দেখবেন। আমি আপনার কাছে আবেদন করছি পশ্চিমবঙ্গের বিদ্যুৎ কেন্দ্রগুলি একটি জাতীয় সংস্থা, এটা কোন পলিটিক্যাল পার্টির কাছে বাঁধা নেই। পলিটিক্যাল পার্টি তাদের নিজস্ব সুবিধা করার জন্য, তাদের নিজস্ব ইউনিয়নের সেবা করার জন্য অন্য ইউনিয়নের অধিকার ক্ষুন্ন করবে। কাজেই ওখানে মনোমালিন্য হবে। ডিসিপ্লিন অক্ষুন্ন থাকবে কি করে? আমি শুনেছি একজন ফোরম্যানকে একজন ক্লিনার মেরেছে। ৬ মাস হয়ে গেল এর মধ্যে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আপনারা মুস্তাক মুর্শেদের নাম জানেন। গত ১ বছরের মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের ভাল কাজ কেউ যদি করে থাকেন সেটা তিনি করছেন এবং তিনি গ্যাস টারবাইনে কাজটি করে গেছেন। ২০ মেগাওয়াটের ৫টি গ্যাস টারবাইনে মোট ১০০

মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে প্রত্যেকটি ক্ষেত্রে। সেই মুস্তাক মুর্শেদকে বহিস্কার করা হল। তিনি সমস্ত জায়গায় ঘুরে ঘুরে ঐ ফার্মকে এনে এখানে ব্যবস্থা করলেন। গত বছর মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে তিনি দাবি করেছিলেন যে তাদের রাজত্বে এই প্রথম উড়িষ্যা থেকে বিদ্যুৎ আমদানি করা হয়েছে এবং তখন তিনি কোন নাম উল্লেখ করেন নি। তিনি বলেছিলেন আমাদের রাজত্বে আমরা এই সব ভাল কাজ করেছি, আগে তো কখন এই সব কাজ করা হয়নি। সেখানে কোন্ লোক ছিল, কে করেছিল যার জন্য আমরা উড়িষ্যা থেকে এবং পরে অন্ধ্র থেকে ১০০ মেগাওয়াট পর্যন্ত বিদ্যুৎ পেয়েছিলাম? সেখানে ঐ মুস্তাক মুর্শেদ ছিলেন এবং এই ক্রেডিট মুস্তাক মুর্শেদেরই প্রাপ্য। আজকে তিনি নেই কেন? কেন না ডাঃ অশোক মিত্র বলেছিলেন, ডাঃ অশোক মিত্র ইজ নট এ জেন্টেলম্যান, ডঃ অশোক মিত্র ইজ এ কমুনিস্ট - আশ্চর্য ব্যাপার মাননীয় মুখ্যমন্ত্রী ইংল্যান্ড যাবার আগে মিঃ মুস্তাক মুর্শেদকে প্রস্তাব দিয়েছিলেন ভারতের সব চেয়ে বড় ইঞ্জিনিয়ার মিঃ জি.সি.জৈন. যার নেতৃত্বে এখানে ৯০% কোথাও কোথাও ১০০% আউটপুট হয়, তাকে ওখানে নিয়ে যেতে বলেছিলেন এবং সেই মত তিনি মিঃ জি.সি. জৈনকে ডেকে এনেছিলেন।

তিনি এসে আমাদের সাঁওতালদির যে সমস্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র আছে সেগুলি নিরীক্ষা করে আমাদের বলে যান যে কোথায় কোথায় ত্রুটি আছে। মাননীয় মুখ্যমন্ত্রী সে ব্যাপারে স্বীকৃতি দিয়েছিলেন, কিন্তু মিঃ জৈন সাঁওতালদির দরজা পর্যন্ত গিয়ে ফিরে আসতে বাধ্য হলেন কারণ ডঃ অশোক মিত্রের অহংকার, সেখানে তাঁর অহংকারে আঘাত লেগেছে। সেখানে তিনি বলেছিলেন, আমি কমিউনিস্ট, আমি জেন্টেলম্যান নই। আমি জানি না কমিউনিস্টরা জেন্টেলম্যান হয় কি হয়না কিন্তু আমার বিশ্বাস হয়, আমি মানতে রাজী আছি, আমি বিশ্বাস করি কমিউনিস্টরা জেন্টেলম্যান হয় এবং হওয়া উচিত কিন্তু তারা যদি না হতে চান তাতে আমার কোন আপত্তিও নেই। এটা তাদের বেছে নেবার ব্যাপার কিন্তু এরজন্য সারা পশ্চিমবাংলা ক্ষতিগ্রস্ত হচ্ছে। মিঃ জৈন, যিনি ভাবতবর্ষের সবচেয়ে সেরা মাথাওয়ালা লোক এবং যাঁকে জ্যোতিবাবুও স্বীকার করে নিয়েছিলেন সেই মিঃ জৈন, তিনি যদি এখানে এসে নিরীক্ষা করে কিছু নির্দেশ দিয়ে যেতেন তাহলে তাতে কমিউনিস্টদের কি ক্ষতি হত বা ডঃ অশোক মিত্রের অহংকারেই বা কি আঘাত লাগতো সেটা আমি বুঝতে পারছি না। কিন্তু তার ফল হল, মুর্শেদ সাহেব, তিনি আজকে সেখানে নেই। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু মহাশয়কে আজকে আমি জিজ্ঞাসা করতে চাই - উড়িষ্যা, অন্ধ্র প্রভৃতি জায়গা থেকে কত মেগাওয়াট বিদ্যুৎ পাচ্ছেন? যদি না পান তাহলে কেন পাচ্ছেন না? গত বছর যদি পেতে পারেন তাহলে এ বছর পাচ্ছেন না কেন? কার দরুন বা কোন অফিসারের দরুন সেদিন বিদ্যুৎ পেয়েছিলেন এবং আজকেই বা কার জন্য পাচ্ছেন না সেটা আজ জানবার দরকার আছে, বোঝবার দরকার আছে। এটা শুধু বলে দিলেই হবে না যে আমাদের সব দিক দিয়ে অগ্রগতি হচ্ছে, কাজ খুব ভাল হচ্ছে। সেখানে কাজ যে কত ভাল হচ্ছে তা আমরা হাড়ে হাড়ে অনুভব করছি। আপনারা জানেন, কত ক্ষতি পশ্চিমবাংলার হয়েছে? মিঃ আর.সি. মহেশ্বরী, তিনি একটা বক্তব্য রেখেছিলেন এবং স্টেটসম্যান কাগজে সেটা বেরিয়েছে। প্রতিদিন লোকসান হচ্ছে। এটা আমার কথা নয়, শ্রী আর.সি. মহেশ্বরী, যিনি অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইঞ্জিনিয়ার্সের অধ্যক্ষ তিনিই এই কথা বলেছেন। তারপর জুট ইনডাস্ট্রিসের কথা বলি। সেখানে এখন একটু লাভ হচ্ছে কারণ জুট ইনডাস্ট্রির শতকরা ৮০ ভাগেরই নিজস্ব

জেনারেটার আছে এবং তারজন্য সেখানে এই বিদ্যুৎ ঘাটতির চাপ এত প্রচন্ড নয়। সেখানে শতকরা ৮০ ভাগই নিজস্ব জেনারেটার দিয়ে এই ইনডাস্ট্রিজ তারা চালাচ্ছে। কিন্তু সেখানে বিদ্যুৎ তৈরি করার জন্য যে ডিজেলের দরকার হয় তাতে বিদ্যুৎ উৎপাদনের খরচ ৫ গুণ বেশি হয়। কয়লা দিয়ে বিদ্যুৎ উৎপাদন করতে যে খরচ হয় এ ক্ষেত্রে নিজস্ব জেনারেটার দিয়ে বিদ্যুৎ উৎপাদন করতে গেলে ৫ গুণ বেশি খরচ হয়। তাই তিনি বলেছেন, সেখানে এক কোটি টাকা অতিরিক্ত খরচ পশ্চিমবাংলাকে বহন করতে হচ্ছে। জুট ইনডাস্ট্রিজ'র মতন টি ইনডাসস্ট্রিজ - এর দিকেও লক্ষ্য করলে আপনারা সেটা দেখতে পারেন। এই যে ইনডাস্ট্রিজে ৫/৬ কোটি টাকা ক্ষতি হচ্ছে এই ক্ষতি সহ্য করতে হবে কাকে? কার ক্ষতি হচ্ছে? এটা তো কারুর নিজস্ব ক্ষতি নয়, এই ক্ষতি হচ্ছে পশ্চিমবাংলার জনসাধারণের। এইসব দায়িত্বের কথা স্বীকার না করে যদি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেন সব কাজ ভালভাবে হচ্ছে, কাজের উন্নতি হচ্ছে এবং তা বলে যদি তিনি এই আশ্বাস দিতে চান যে আমরা যা উৎপাদন করছি তার চেয়ে উৎপাদন বাড়াচ্ছি এবং আরো ভালো ভাবে কাজ হবে তাহলে বলব কে বিশ্বাস করবে সেকথা? আমি জানি না ওদিকে যাঁরা বসে আছেন তাঁদের মধ্যে কতজন একথা বিশ্বাস করবেন। কারণ আমি জানি, রাত্রিবেলাতে যখন তাঁদের বাড়ির ছেলেরা পড়াশুনা করতে পারেন না তখন তাঁরাও মনে মনে অভিশাপ দেন। যখন তাঁদের বাড়িতে তাঁদের আত্মীয়স্বজনরা অন্ধকারে বসে থাকেন আমি জানি তখন তাঁরাও অভিশাপ দেন। আজকে এরজন্য আমাদের রাজ্যের শিক্ষা জগতে কি সংকট দেখা দিয়েছে সেটা আপনারা জানেন।

[1-40— 1-50 P.M.]

স্যার, আপনি জানেন একজন ভাইস প্রিন্সিপ্যাল তিনি একজন প্রতিনিধি তিনি বক্তৃতা দিয়ে বলেছিলেন যে পশ্চিমবাংলায় যে সমস্ত নৈশ কলেজ আছে সেগুলি প্রায় বন্ধ। মোটামুটিভাবে ১৫০টি এই রকম কলেজ আছে তার মধ্যে মুষ্টিমেয় কিছু কিছু টিম টিম করে কলকাতায় চলছে বাকি সব বন্ধ প্রায়। স্যার ইভিনিং কলেজগুলি বন্ধ হয়ে গেছে। সামনে আমাদের ছেলেমেয়েদের পরীক্ষা। তারা আজকে যে রকমভাবে পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে সে আর বলার কথা নয়। তারা জানে যে পশ্চিমবাংলায় বিদ্যুতের উন্নতি হয় নি বিদ্যুতের ঘোরতর অবনতি হয়েছে। মুখ্যমন্ত্রীর বক্তৃতা পাঠ করেছি তিনি বলেছেন যে আমাদের বোর্ডের উন্নতি হয়েছে কিন্তু দুর্গাপুরের উন্নতি হয় নি বলে আমাদের এই ক্ষতি। কাকে তিনি বোকা বানাতে চাচ্ছেন? এটা আমরা অস্বীকার করি। ফলেন পরিচয়তে বৃক্ষ বলে একটা কথা আছে —— আমরা জানি বৃক্ষের পরিচয় ফল হতেই পাওয়া যায়। আজকে যে ফল আমরা প্রত্যেকে দৈনন্দিন জীবনে দেখছি এবং অনুভব করছি সেটা হচ্ছে এই সরকারের ক্ষেত্রে অপদার্থতার সবচেয়ে প্রমাণ হচ্ছে এই বিদ্যুৎ। এটা একটা নিষ্ঠুর উপহাস। মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন যে আমাদের সময়ে অনেক উন্নতি হয়েছে। এর চেয়ে নিষ্ঠুর নিষ্কলঙ্ক পরিহাস আর কি হতে পারে। এইভাবে সমস্ত পশ্চিমবাংলার জনগণকে খেলাবেন না। আমি তাই বলছি পশ্চিমবাংলার উন্নতির জন্য আরও সুষ্ঠভাবে পরিচালনা করা উচিত এবং তার জন্য পরিকল্পনা করা উচিত। আপনি সেটা উপেক্ষা করছে। স্যার, আপনি জানেন যে সিঙ্গেল ক্যাডারকে উনি বিভক্ত করে দিতে চাচ্ছেন। একটা থারম্যাল আর একটা ডিসট্রিবিউশন। কিন্তু কি প্রয়োজন আছে? এর জন্য হার্ট বারণিং হচ্ছে যে সমস্ত ইঞ্জিনিয়ার আছে তাদের আপত্তির বন্যা বয়ে

যাচ্ছে। নিশ্চয় এটা ওঁদের অগোচর হবার কথা নয়। তারা প্রকাশ্যভাবে দিনের পর দিন বক্তৃতা দিয়ে জানাচ্ছে যে - ৭৩৫ জনের মধ্যে ৬৫০ জন ইঞ্জিনিয়ার এই অ্যাসোসিয়েশনের মেম্বার তারা এর বিরোধিতা করছেন। তারা বলছেন কেন সিঙ্গল ক্যাডার ভাগ হবে। আজকে এটা আশ্চর্যের ব্যাপার স্যার, আপনি জানেন যারা মেন্টেনেন্স করে তারা হল মেক্যানিক্যাল ইঞ্জিনিয়ার। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারের চেয়ে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারের সুবিধা একটু বেশী। অনেক ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার মেকানিক্যাল ইঞ্জিনিয়ার হিসাবে কাজ করছে। এই বাছাই করা দরকার। আমাদের অনেক দোষ ত্রুটি আছে কি করে আমরা ডিসিপ্লিন আনতে পারি কি করে আমরা এই ক্যানসারাস গ্রোথ এই যে ক্যানসার লেগে গেছে কি করে তার প্রতিবিধান করতে পারি তার জন্য গভীর প্রচেষ্টার কোন প্রমাণ মুখ্যমন্ত্রীর বক্তৃতায় পাই নি। এই যে বোর্ডের কথা তিনি সিরিয়াসলি বলেন নি যে আমাদের এই সমস্ত ত্রুটি আছে এবং সেই ত্রুটিবিচ্যুতি দূর করার জন্য আমরা এই সমস্ত কাজ করছি। আর একটা কথা আপনাদের জানার প্রয়োজন আছে যে আমরা কলকাতায় বাস করি - আমরা কলকাতার ভোক্যাল লোক আমরা চেঁচিয়ে বলতে পারি এবং কলকাতায় যে সমস্ত বড় বড় খবরের কাগজ আছে কলকাতায় যে সমস্ত পরিস্থিতিগুলি আছে খবরের কাগজে সেগুলি প্রকাশ হয়। কিন্তু গ্রামের কি অবস্থা? রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশসন বলে একটা বোর্ড আছে। আমরা জানতে চাই মুখ্যমন্ত্রীর কাছ থেকে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের জন্য পশ্চিমবাংলা সরকার কি করেছেন। আমরা জেনেছি যে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন বলে করপোরেশন ভারত সরকারের। এই রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন করপোরেশন খুব দুঃখ প্রকাশ করেছেন যে পশ্চিমবাংলা এই দিকে সবচেয়ে পিছিয়ে আছে। উনি কি আমাদের আশ্বাস দিয়েছিলেন এর ভিতর অনেক কিছু আছে - (গতবারের বাজেট বক্তৃতা দেখাইয়া) গত বছরের বক্তৃতা ৮।৯ পাতায় অনেকগুলি কথা বলেছিলেন যে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে আমরা রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন-এর জন্য গ্রামের বিদ্যুৎ সমস্যার উন্নতির অনেক কাজ করবো। আমাকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে গত এক বছরে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের ব্যাপারে কোন উল্লেখযোগ্য কাজ করা হয় নি। কোথাও কোথাও দু একটা পোল হয়তো দাঁড় করিয়ে দেওয়া হয়েছে। কিন্তু গ্রামের লোকজনের বক্তব্য যে সেখানে টিউবওয়েল পাম্প সেটেরও কাজ হচ্ছে না। এর জন্য আমাদের কৃষি আমাদের ছোট ক্ষুদ্র শিল্প মার খাচ্ছে। পশ্চিমবাংলার উন্নতির চাবিকাঠি হচ্ছে পাওয়ার এবং সেই চাবিকাঠি যার হাতে তিনি যদি সেই চাবি নিয়ে সুষ্ঠু প্রয়োগ না করেন তাহলে পশ্চিমবাংলার শিল্প পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নতি কি করে হতে পারে তা আমি জানি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার নিবেদন যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাতে ২ কোটি টাকা তিনি কম করে দিয়েছেন। এটা খুই আশ্চর্যের বিষয়। গত বছর আমরা দেখেছি যে উনি চেয়েছেন ৫৯ কোটি ৫৩ লক্ষ টাকা। এই বছর তিনি চেয়েছেন ৫৭ কোটি ৩০ লক্ষ টাকা। এক বছরের দুর্মূল্য স্থিতি আপনারা সকলে জানেন। উনি পুলিশ বাজেট বাড়িয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পুলিশ বাজেট বাড়িয়েছেন এই বলে যে সমস্ত কর্মচারীদের মাইনা বাড়াতে হবে, তাদের ডি.এ. দিতে হবে। আর বিদ্যুতের বাজেটে তিনি ঘাটতি দেখিয়েছেন। এটা একটা অদ্ভুত ব্যাপার। এই যে ২ কোটি টাকা বিদ্যুৎ বাজেটে ঘাটতি দেখিয়েছেন তার কি যুক্তি আছে সেটা আমি বুঝতে পারিনা। যদি তিনি পশ্চিমবাংলার উন্নতি করতে চান তাহলে আরো বেশি টাকা খরচ করতে

হবে, আরো বেশি নিয়োগ করতে হবে বিদ্যুতের ব্যাপারে। কিন্তু তিনি বিদ্যুতের ব্যাপারে ২ কোটি টাকা কম করেছেন। উনি কি করে আমাদের পশ্চিমবাংলার যে সামগ্রিক সমস্যা আছে, তার সমাধান করতে পারবেন সেটা আমি জানতে চাই। আপনারা জানেন, আমি আপনাদের সামনে বলেছিলাম যে মাননীয় অর্থমন্ত্রী, তার বাজেট পেশ করার সময় বলেছিলেন যে মানুষের সৃষ্ট সমস্যাগুলি যদি আমাদের সম্মুখীন হয় তাহলে চিত্তের স্থৈর্য থাকেনা। আমি স্বীকার করি। আমাদের ও চিত্তের স্থৈর্য নেই। কেননা, আমরা দেখেছি মানুষের সৃষ্ট সমস্যাগুলি — আমাদের কি এফিসিয়েন্স নেই? পশ্চিমবাংলার এফিসিয়েন্সি নিয়ে আমরা গর্ব করতাম। আমরা জানি যে পশ্চিমবাংলার যে সমস্ত ইঞ্জিনিয়ার আছেন, তারা সমস্ত ভারতের কোন প্রদেশের ইঞ্জিনিয়ারদের তুলনায় কম নয়। কিন্তু তারা কাজ করতে পারছেন না কেন? আমাদেব প্রোডাকশন ক্যাপাসিটি সাঁওতালদিতে ৩৬০ মেগা ওয়াট, উৎপাদন গড়পড়তা ১৫০ মেগা ওয়াট। ব্যান্ডেলে উৎপাদন ক্ষমতা ৩৩০ মেগা ওয়াট, উৎপাদন ১৬০ মেগা ওয়াট। দুর্গাপুরে উৎপাদন ক্ষমতা ২৫০ মেগা ওয়াট, উৎপাদন ৭০ মেগা ওয়াট। গ্যাস টার্বাইনে আশ্চর্য হয়ে যাবেন, উৎপাদন ক্ষমতা ৮০, উৎপাদন ৮০। কেন হয়? এটা একটু লক্ষ্য করার প্রয়োজন আছে। গ্যাস টার্বাইন - এটা আমাদের বলতে লজ্জা বোধ হয় কিন্তু বলতে বাধ্য হচ্ছি। গ্যাস টার্বাইন নুতন আছে, এটা ঠিক। কিন্তু আমাদের সাঁওতালদির থার্ড ইউনিট যেটা সেটাও তো নুতন। এটাও তো কমিশন করা হয়েছে এবং কমিশন করার পর সাঁওতালদির তৃতীয় ইউনিটে ২১ বার কাজ বন্ধ হয়েছে। মেন্টেনেন্সের দারুণ অভাব আমাদের বোর্ডের
১ ইঞ্জিনিয়ারদের মধ্যে আছে, এটা লক্ষ্য করা প্রয়োজন আছে। আর জন ব্রাউন কোম্পানীর যিনি গ্যাস টার্বাইনের কাজ দেখছেন, মেন্টেনেন্স করছেন, তাদের ১০০ পারসেন্ট উৎপাদন ক্ষমতা। এটা আমাদের লজ্জার কথা যে একটা বিদেশি কোম্পানী এখানে উৎপাদন ক্ষমতা ১০০ পারসেন্ট রাখতে পারে, আর আমাদের নুতন ভাল ভাল দামে টাকা খরচ করে মেশিন আনা হচ্ছে, নুতন কমিশন করা হয়েছে— এটা আপনাদের রাজত্বেই কমিশন করা হয়েছে, কংগ্রেসের রাজত্বে কমিশন করা হয়নি। আপনাদের রাজত্বে কমিশন করা হয়েছে তাতেও ২১ বার কাজ বন্ধ হয়েছে। কেন এটা হয় মেন্টেনেন্স-এর অভাব হয় কেন? এবং তার ফলে ৫০ পারসেন্ট উৎপাদন হয় কেন? এটা কি কেন্দ্রীয় সরকারের জন্য, এটা কি সীমাবদ্ধ ক্ষমতার জন্য, এটা কি কংগ্রেসের দরুন হয়েছে? আপনাদের স্বীকার করতে হবে যে এটা আপনাদের অপাত্রতার দরুন, অক্ষমতার দরুন, এটা আপনাদের অপারাগতার দরুন। আপনারা সমস্ত পশ্চিমবাংলার জনগণের সঙ্গে ছিনিমিনি খেলা খেলছেন। আপনার অহংকার আছে যে আপনারা জনসমর্থন পেয়েছেন। হ্যাঁ, আপনারা জনসমর্থন পেয়েছেন, কিন্তু এই যদি আপনাদের যোগ্যতা হয়, এই যদি আপনাদের কাজের প্রমাণ হয় তাহলে আপনারা সমর্থন পাবেন না। এটা জেনে রাখবেন যে পশ্চিমবঙ্গের জনগণ আপনাদের দেখছে। কাজেই শুকনো কথায় চিড়ে ভেজেনা। কাজ করুন তাহলে আপনারা সমর্থন পাবেন। ৩ বছর যে কাজ করেছেন সেটা হাসার কাজ, সেটা দুভার্গ্যজনক কাজ। আমি আপনাদের সাবধান করে দিতে চাই যে পশ্চিমবাংলার জনগণ আপনাদের অবসর দিচ্ছেন। আপনাদের প্রতি তাদের আস্থা আছে, তারা সহ্য করছেন। কিন্তু সহ্যের একটা সীমা আছে।

[1-50 — 2-00 P.M.]

কিন্তু সহ্য করার একটা সীমা আছে। যে বিদ্যুৎ উৎপাদনের সঙ্গে পশ্চিমবাংলার জনগণের নাড়ির যোগ আছে, যে বিদ্যুৎ উৎপাদনের উপর পশ্চিমবাংলার কল্যান নির্ভর করে সেটা নিয়ে যদি এই রকম খেলা খেলতে থাকেন তাহলে পশ্চিমবাংলার জনগণ আপনাকে ক্ষমা করবে না, এটা আপনার জানা উচিত। এত সহজ ভাবে এত আশ্বস্ত ভাবে, এত উদার পন্থা নিয়ে আপনার এই বক্তব্য রাখা উচিত হয়নি বলে আমি মনে করি। তাই মাননীয় অধ্যক্ষ বিদ্যুৎমন্ত্রী যে ব্যয়বরাদ্দ আপনার সামনে পেশ করেছেন, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মীচরণ সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয় ৬৭ নং দাবির অর্ন্তভুক্ত যে ব্যয় বরাদ্দের প্রস্তাব মাননীয় মুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন আমি সে ব্যয় বরাদ্দের দাবি সর্বান্তকরণে সমর্থন করছি। আমি প্রথমেই যে কথা বলতে চাই তা হলো এই যে, পশ্চিমবাংলায় এক নিদারুণ বিদ্যুৎ সংকট চলছে এবং এই সংকটের ফলে বিভিন্ন কলকারখানা এবং প্রতিষ্ঠানের শ্রমিক কর্মচারীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। বিদ্যুৎ ঘাটতির ফলে শিল্পের ক্ষেত্রে নানা সমস্যা দেখা দিয়েছে, উৎপাদন ব্যহত হচ্ছে। কৃষি ও সেচের কাজেও সমস্যা দেখা দিয়েছে। আমাদের রাজ্যের লক্ষ লক্ষ খেটে খাওয়া মেহনতী মানুষ, ব্যাপক জনগণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন এই বিদ্যুৎ সংকটের জন্য। দেশের জনজীবনে আজ বহু সমস্যা। স্বাধীনতা লাভের পর বিগত ৩০ বছর পর্যন্ত কংগ্রেসি শাসনকালে একটি সঠিক দৃষ্টিভঙ্গি, একটি সঠিক নীতি এবং একটি সঠিক পরিকল্পনা না থাকার ফলে জনজীবনের সমস্যাগুলি, ক্রমশ তীব্র ও জটিলতম হয়েছে। বিদ্যুৎ সমস্যা বা বিদ্যুৎ সংকট জনজীবনের বিভিন্ন সমস্যা থেকে কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। যে সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থা থেকে জনজীবনের বিভিন্ন সমস্যাগুলির সৃষ্টি হয়েছে, ঠিক সেই একই কারণেই বিদ্যুৎ সংকটের সৃষ্টি হয়েছে। এতক্ষণ ধরে আমি মাননীয় সদস্য শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রীর বক্তব্য শুনছিলাম। তিনি বলেছেন যে পশ্চিমবাংলার মানুষ বিদ্যুৎ ঘাটতির জন্য অভিশাপ দেবে হ্যাঁ, পশ্চিমবাংলার মানুষ, অভিশাপ দিচ্ছে তাদেরই যারা কেন্দ্রে শাসন থেকে ৩০/৩২ বছর পর্যন্ত বিদ্যুতের মত একটি গুরুত্ব পূর্ণ বিষয় চরম অবহেলা করেছেন, সেই কংগ্রেস ও জনতা দলকেই পশ্চিমবাংলার মানুষ অভিশাপ দিচ্ছেন। শাস্ত্রী মহাশয় যা বললেন তাতে মনে হয় বিদ্যুৎ সংকট শুধু পশ্চিমবাংলায়। বিদ্যুৎ সংকট কি শুধু পশ্চিমবাংলায়? শুধু পশ্চিমবাংলায় নয়, বিদ্যুৎ সংকট আজ সারা দেশে এবং এই সংকট হঠাৎ সৃষ্টি হয়নি।

খবরের কাগজে প্রকাশিত হয়েছে যে তামিলনাড়ুতে বিদ্যুৎ সংকট চলছে। প্রকাশিত খবরে বলা হয়েছে —

60 percent cut in power supply for non-continuous industries and 30 per cent cutting for continuous process industries imposed by Tamil Nadu Government.

অর্থাৎ, তামিলনাড়ুর ১৫ লক্ষ শিল্প শ্রমিকের মধ্যে ৫ লক্ষ শ্রমিক বিদ্যুৎ সংকটের ফলে লে-অফ হয়েছে। একমাত্র কোয়েম্বাটুরেই ২৮ হাজার টেক্সটাইল শ্রমিক লে-অফ হয়েছেন। স্টেটস্‌ম্যান পত্রিকাতে ২৭শে অক্টোবর, ১৯৭৯ রমেশ চন্দর লিখেছেন যে সম্প্রতি উত্তর প্রদেশ সরকার রাজ্যের সর্বত্র ৫০ শতাংশ বিদ্যুৎ ছাঁটাই-এর কথা ঘোষণা করেছে। তিনি

আরো লিখেছেন যে বিদ্যুৎ সংকট উত্তর প্রদেশে নতুন নয়। রাজ্যের বিদ্যুৎ গ্রাহকেরা বিগত ৭ বছর ধরে বিদ্যুৎ সংকট-জনিত দুর্ভোগে ভুগছেন। শাস্ত্রী মহাশয় স্টেটস্‌ম্যান থেকে উদ্ধৃতি দিয়েছেন, তাই আমিও স্টেটস্‌ম্যান থেকে উদ্ধৃতি দিলাম। কতগুলি ইউনিট একযোগে বন্ধ হয়ে যাওয়ায় গত কয়েকদিন ধরে গুজরাট অভুতপূর্ব বিদ্যুৎ সংকটের কবলে পড়েছে। বিদ্যুৎ কর্তৃপক্ষ শিল্প সংস্থা সমূহের বিদ্যুৎ সরবরাহ মারাত্মকভাবে কমিয়ে দিতে বাধ্য হয়েছে - একথাও ১৮ই সেপ্টেম্বর, ১৯৭৯ স্টেটস্‌ম্যান কাগজে প্রকাশিত হয়েছে। কেবলমাত্র তাই নয় ঐ রাজ্যের শিল্প ও শ্রম মহলের মুখপাত্রও বলেছেন যে শতকরা ৪০ থেকে ৫০ ভাগ বিদ্যুৎ ছাঁটাইয়ের ফলে কলকারখানাগুলির প্রতিদিন ৮ কোটি টাকার উৎপাদন ক্ষতি হচ্ছে। আমেদাবাদের ৬৫টি কাপড়ের কল প্রতিদিন মাত্র একটি শিফ্‌ট চালু রাখতে পারছে। মধ্য প্রদেশে যে বিদ্যুৎ ঘাটতি ছিল - তা আরো বেড়েছে। অন্ধ্র এবং কর্ণাটকের বিদ্যুৎ পরিস্থিতিও মধ্য প্রদেশের মতই খারাপ। অন্ধ্র থেকে কর্ণাটক ও পশ্চিমবঙ্গে যে বিদ্যুৎ দেওয়া হচ্ছিল তা বন্ধ করে দেওয়া হয়েছে। অন্ধ্র চেম্বার অব কর্মাসের মুখপাত্রের মতে বিদ্যুৎ ঘাটতির ফলে ২০ শতাংশ উৎপাদন হ্রাস ঘটছে। এসব ঘটনা মাননীয় সদস্য বিষ্ণুকান্ত শাস্ত্রী জানেন কি? না জানলে জানবার চেষ্টা করুন। মহারাষ্ট্রে অভূতপূর্ব বিদ্যুৎ সংকটের ফলে ১৫ লক্ষ শ্রমিক লে-অফ হয়েছেন। ১৭ই জুন, ১৯৭৯ সংবাদ পত্রে এ খবর প্রকাশিত হয়েছে। মহারাষ্ট্রের অবস্থা এমন যে সমস্ত কারখানার ক্ষয়ক্ষতি এড়ানোর জন্য যন্ত্রপাতি নিয়মিত সচল রাখা অপরিহার্য সেগুলিতে মোট চাহিদার শতকরা ২৫ ভাগ মাত্র বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা হচ্ছে।

মহারাষ্ট্রের বিদ্যুৎ সরবরাহের অবস্থা এত খারাপ যে, মহারাষ্ট্র সরকার প্রতিরক্ষা মন্ত্রকের কাছে জানতে চেয়েছে, এ রাজ্যের কোন কোন শিল্প অত্যাবশ্যকীয় এবং কোন কোন শিল্পকে বন্ধ করে দেওয়া যেতে পারে।

বিহারের পরিস্থিতি আরো ভয়াবহ। ১১ই এপ্রিল, ১৯৭৯ পেট্রিয়ট কাগজে বিহারে যে কি নিদারুণ অবস্থা তা প্রকাশিত হয়েছে। বিদ্যুৎ ও জলাভাবে গত দুই সপ্তাহ যাবত বিহারের জনজীবন স্তব্ধ হয়ে আছে। রাজ্যের রাজধানী পাটনায় মন্ত্রী ও উচ্চ পদস্থ কর্মচারীদের বাড়িতে ও জল তো নেই, বিদ্যুৎ নেই। উত্তর বিহারের অবস্থা আরো খারাপ। মজঃফরপুর, দ্বারভাঙ্গা প্রভৃতি শহরের অধিবাসীরা ২৪ ঘন্টার মধ্যে মাত্র দুই থেকে তিন ঘন্টা বিদ্যুতের দেখা পান।

আমাদের কথা নয়, ফেডারেশন অব ইন্ডিয়ান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের এক সমীক্ষা অনুযায়ী ১৯৭৯ সালের নভেম্বর ও ডিসেম্বর মাসে বিভিন্ন রাজ্যে শিল্প সংস্থাগুলিতে যে বিদ্যুৎ ছাঁটাই হয়েছে তার একটি হিসাব পাওয়া গেছে। দেখা যাচ্ছে - অন্ধ্র প্রদেশে ৬০ শতাংশ, আসাম ২৫ শতাংশ, দিল্লি ১০ শতাংশ, হরিয়ানা ৪০ থেকে ৫০ শতাংশ, কর্ণাটক - ২০ থেকে ৬০ শতাংশ, মহারাষ্ট্র ৩৫ থেকে ৫৫ শতাংশ, ওড়িশা ৪ শতাংশ, পাঞ্জাব ৪০ শতাংশ, উত্তর প্রদেশ ১০০ শতাংশ, মধ্য প্রদেশ ১০ থেকে ২৫ শতাংশ এবং পশ্চিমবাংলা ২০ শতাংশ বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে। এই সমস্ত ঘটনা ও তথ্য বিচার করলে দেখা যাবে যে পশ্চিম বাংলাতেই শুধু নয়, আজ সারা দেশেই চরম বিদ্যুৎ সংকট চলছে, বিদ্যুৎ পরিস্থিতির চরম অবনতি ঘটেছে। ২৬ শে ফেব্রুয়ারি, '৮০ দিল্লি থেকে প্রচারিত এক

সংবাদে জানা গেছে এবং কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রক বলেছে যে সারা দেশেই বিদ্যুৎ পরিস্থিতির অবনতি ঘটেছে এবং এই সংকট জনক পরিস্থিতি নাকি আগামী জুন মাস পর্যন্ত চলবে। শাস্ত্রী মহাশয়কে আমি এই সব ঘটনার প্রতি নজর দিতে অনুরোধ করছি, আর তারই সাথে সাথে তাদের নিজেদের দিকেও একটু নজর দিতে বলছি। গত ৬ই জানুয়ারি পশ্চিমবাংলার মানুষ আপনাদের কি চোখে দেখেছেন তাও স্মরণ রাখার জন্য অনুরোধ করছি।

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রক সাম্প্রতিক সমীক্ষায় বলেছে যে উত্তরাঞ্চল, দক্ষিণাঞ্চল, পশ্চিমাঞ্চল ও পূর্বাঞ্চলে বিদ্যুৎ ঘাটতির অনুপাত যথাক্রমে ১৪, ১৩, ১৮ এবং ২২ শতাংশ। সমস্ত দেশে বিদ্যুৎ ঘাটতির গড় হার ১৭ শতাংশ।

পশ্চিমবাংলার বিদ্যুৎ পরিস্থিতি সম্পর্কে রাজ্যের বামফ্রন্ট সরকার সচেতন। একথাও অনস্বীকার্য যে আমাদের রাজ্যে বিদ্যুৎ পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। শাস্ত্রী মহাশয় কথায় কথায় গত আড়াই বছরের উল্লেখ করেন। আমিও শাস্ত্রী মহাশয়কে বলতে চাই যে আপনারা অর্থাৎ জনতা সরকার যখন কেন্দ্রে ছিল তখন তাদের কাজকর্ম এবং কংগ্রেসের নেতৃত্বে পরিচালিত সরকারের কাজকর্মের মধ্যে নীতিগত কোনই পার্থক্য ছিল না। জনতা সরকারেও ১৯৭৭-৭৮ সালে তাদের কর্তব্য এক্ষেত্রে পালন করতে পারেনি। আজকের এই বিদ্যুৎ পরিস্থিতি দীর্ঘ দিনের অবহেলা, পরিকল্পনা ও দূরদৃষ্টির অভাবেরই অনিবার্য পরিণতি।

আমি মাননীয় বিষ্ণুকান্ত শাস্ত্রী মহাশয়ের এবং বিরোধী দলের বিশেষভাবে কংগ্রেস(আই) দলের সদস্যদের কয়েকটি তথ্যের ও ঘটনার প্রতি দৃষ্টি আর্কষণ করতে চাই। ১৯৬৫ সালে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের দশম বার্ষিকী উদযাপন উপলক্ষে প্রকাশিত পুস্তিকাতে উল্লেখ করে বলা হয়েছে - "আগেই বলা হয়েছে যে পশ্চিমবঙ্গে ২য় যোজনায় বিদ্যুৎ প্রকল্প নির্মাণের কর্মসূচী চাহিদা মেটানোর পক্ষে আদৌ যথেষ্ট ছিল না। দেশের শিল্পোন্নয়নের ফলে বিদ্যুতের চাহিদা ক্ষমতার তুলনায় দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। রাজ্যের সবকটি প্রকল্পই বিশ্রাম না দিয়ে চালানো হয়েছে। সংস্কার করা হয়নি। বিদ্যুৎ ব্যবহারের উপর নানা নিষেধ আরোপ করেও অবস্থার কোন উন্নতি হয়নি। ১৯৬১ সালের প্রথম দিকে সি.ই.এস.সি. এবং ডি.ভি.সি.-র কতিপয় ইউনিট একযোগে খারাপ হয়ে যাওয়ায় পূর্বাঞ্চলে তীব্র বিদ্যুৎ সংকট দেখা দেয়। অবস্থা এত খারাপ হয়ে দাঁড়িয়েছিল যে বিদ্যুৎ সংকটের কারণ অনুসন্ধান এবং তার সমাধানের পথ বাতলাবার জন্য একটি এনকোয়ারী কমিটিও বসাতে হয়েছিল।'

'১৯৭৩-৭৪ সালে বিদ্যুৎ ঘাটতির জন্য সারা দেশের আর্থিক ক্ষতি হয়েছিল এক হাজার কোটি টাকা।' একথা বলেছেন প্রাক্তন কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী ডাঃ কে.এল.রাও। এ খবর প্রকাশিত হয়েছে ২৫শে নভেম্বর, ১৯৭৩ সালে ইলাস্ট্রেটেড উইকলিতে।

প্রথম পঞ্চবার্ষিকী যোজনার নতুন প্রকল্প নির্মাণের লক্ষ্যমাত্রা ২০ শতাংশ অপূর্ণ ছিল; ২য় যোজনার অপূর্ণ ছিল ৩৬ শতাংশ। তৃতীয় যোজনায় ৩৫ শতাংশ অপূর্ণ ছিল। ৪র্থ যোজনায় দেশে নতুন ৯২৫০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন উৎপাদন প্রকল্প গড়ে ওঠার কথা। নির্মিত হয়েছিল মাত্র ৪২৬০ মেগাওয়াট। অর্থাৎ লক্ষ্য মাত্রার ৫৪ শতাংশই অপূর্ণ ছিল। ৫ম যোজনায় লক্ষ্য মাত্রা স্থির হয়েছিল ১৬,৫০০ মেগাওয়াট। গড়ে উঠেছিল মাত্র ৪৪১০ মেগাওয়াট অর্থাৎ লক্ষ্যমাত্রার ৭৩ শতাংশই অপূর্ণ থাকে। এ তথ্য স্টেটস্‌ম্যান কাগজে

প্রকাশিত হয়েছে। কেন্দ্রীয় সরকারের অধীন সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটি কর্তৃক প্রকাশিত বুলেটিনে বলা হয়েছে যে ১৯৭৩-৭৪ সালে গোটা দেশে প্রতিদিনকার বিদ্যুৎ ঘাটতি দাঁড়াতো ৩ কোটি ইউনিট। (কিলো ওয়াট আওয়ার্স)

কেন্দ্রীয় যোজনা মন্ত্রী শ্রী ডি.পি.দার ১৯৭৩ সালে ২৫শে আগস্ট বিদ্যুৎ সংকট সম্পর্কিত এক আলোচনাচক্রে বলেছেন যে গত ১৫/১৬ বছর ধরে দেশে প্রয়োজনীয় বিদ্যুৎ উৎপাদন প্রকল্প নির্মাণের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থতার ফলেই দেশে আজ এই চরম বিদ্যুৎ সংকট ।

[2-00— 2-10 P.M.]

কাজেই বিদ্যুৎ সংকট ১৯৭৭ সাল থেকে শুরু হয়নি। বিদ্যুৎ সংকট সারা দেশে চলছে তা এইসব ঘটনা থেকে স্পষ্ট হলো এবং সে সংকট বহুদিন আগেই শুরু হয়েছে। পশ্চিমবাংলার ক্ষেত্রেও সেই একই ঘটনা। আমার কথার সত্যতা প্রমাণ করার জন্য কিছু তথ্য উপস্থিত করতে চাই। ১৯৭৪ সালে পশ্চিমবঙ্গে নিদারুণ বিদ্যুৎ সংকট দেখা দেয়। এ সংকট কেন, কিভাবে বিদ্যুৎ সংকট সমাধান করা যাবে তার জন্য একটি কমিশন পশ্চিমবাংলার তদানিন্তন সরকার গঠন করেছিল। উক্ত কমিশনের নাম বর্মন কমিশন। উক্ত কমিশন রিপোর্টে উল্লেখ করা হয়েছে —

On April 11, 1974, in the midst of acute power shortage in West Bengal resulting in widespread load-shedding in Calcutta, with its serious impact, particularly, on the industries which have been greatly suffering due to the power crisis, in a such as 60% of capacity of major industries were stated to remain idle, the Chief Minister of West Bengal Shri S.S. Roy, while expresing serious concern, announced the composition of the Commission consisting of -

Shri S. Barma, former Chief Justice of Orissa High Court, Chairman.

Shri A.K. Ghosh, Member,
Dr. A. Bhattacharyya, Member.

কেন?

To ascertain the causes of the power crisis in the State and suggest ways to overcome it. The Chief Minister said that the Calcutta system was still short of about 90 M.W. of power every day.

On April 26, 1974 in the House of the West Bengal Legislative Assembly there was a discussion on the subject of the power crisis in the State on urgent notice given by some Members of the Assembly. The Chief Minister and the Power Minister were present. During the long discussion which continued till late hours of the night, there was reference to the appoinment of the proposed Commission in the speeches made by the Members as also in the replies from the Treasury Bench on the floor of the House of the Assembly.

এখানেই শেষ নয়, কমিশনের রিপোর্ট উল্লেখ আছে — In December, 1972 certain restrictions for power consumption were imposed on high tension industrial consumers and the staggering of the weekly off days way introduced. But this failed to meet the requirement of the industrial and domestic consumers located in areas supplied by the CESC system; the power shortage became so acute that eratic (also called ad-hoc) load shedding was resorted to resulting in massive loss of production and sometime even causing damage to sophisticated plant and machinery, wastage of semi-processed materials and also hardship to workers because of frequent lay-off.

কি বিপুল ক্ষতি হয়েছিল, তাও কমিশনের রিপোর্টে আছে, বলা হয়েছে —

| Loss in production | | Quantity | | | Value |
|---|---|---|---|---|---|
| a) Jute | : | 1972 | - | Rs. | 15.5 Crores |
| | : | 1973 | - | " | 25.2 " |
| | : | 1974 (January to March) | - | " | 18.1 " |
| b) Bata | : | 1972 | - | Rs. | 0.80 " |
| | : | 1973 | - | " | 1.69 " |
| | : | 1974 (January to March) | | " | 3.19 " |

(Report of Barman Commission page 18-19)

আমি পূর্বেই উল্লেখ করেছি - বিদ্যুৎ সংকট দীর্ঘদিনের। পরিকল্পনার অভাব, দূরদৃষ্টির অভাব ও অবহেলার পরিণতিতে এই নিদারুণ সংকট। বর্মন কমিশনও তাই বলছে। কমিশন রিপোর্টে উল্লেখ করে বলা হয়েছে —

Power needs increased from year to year and power crisis in West Bengal started in 1970-71. In the middle of 1974 standing on the line of economy driving the State to desperation, people wondered how much longer would they live in darkness, why did it happen, why something could not be done about basic infrastructure needs - power. It is the result of failure of vision, foresight, planning and execution.

তা হলে কেন এই বিদ্যুৎ সংকট এবং কে বা কারা এই সংকটের জন্য দায়ী তা পরিষ্কার। আজ যারা বিরোধী দলে সেই কংগ্রেস (আই) দলই দায়ী, দায়ী তাদের পরিচালিত সরকার যারা এতদিন শাসন ক্ষমতায় ছিল। পশ্চিমবাংলার বিদ্যুৎ সংকটের জন্য, সারা দেশের বিদ্যুৎ সংকটের জন্য দায়ী কংগ্রেস পরিচালিত সরকারই। আমরা জানি ১৯৬০-৬৩ সালেও বিদ্যুৎ সংকট দেখা দিয়েছিল, তা ছিল প্রথম সংকট, দ্বিতীয় বার বিদ্যুৎ সংকট হলো ১৯৭৩-৭৪ সালে। তাছাড়া - ব্যান্ডেল প্রকল্পের অজুহাত দেখিয়ে দুর্গাপুরের ষষ্ঠ ইউনিট বাতিল করেছিল তদানিন্তন কংগ্রেস সরকার। সাঁওতালদিহি প্রকল্পে প্রথমে এক হাজার মেগাওয়াট

বিদ্যুৎ উৎপাদনের কথা ছিল কিন্তু তা কমিয়ে ৪৮০ মেগাওয়াট করেছে কংগ্রেস সরকারই। ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই করপোরেশনকে ২০০০ সাল পর্যন্ত ব্যবসা করার লাইসেন্স দিয়েছিল কংগ্রেস সরকার, কিন্তু ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটাবার জন্য তাদের এক মেগাওয়াট ও বাড়তি বিদ্যুৎ উৎপাদনেরও অনুমতি কংগ্রেস সরকার দেয়নি। এ সব কি কংগ্রেস সরকারের দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় নয়? ১৯৬৪ সাল থেকে ১৯৭৭ সাল এই ৯ বছর এক মেগাওয়াট বিদ্যুৎ বাড়াবার কোন ব্যবস্থা কংগ্রেস সরকার করেনি। কংগ্রেসের দলীয় কোন্দলের ফলে ফারাক্কার ২১০ মেগাওয়াটের ৩টি ইউনিট পরিত্যক্ত হয়েছে। কংগ্রেস সরকারের ব্যর্থতা ও অপদার্থতার ফল আজ রাজ্যের জনসাধারণ ভোগ করছেন।

১৯৪৮ সালে ইলেক্ট্রিক সাপ্লাই অ্যাক্ট হয়। উক্ত আইন অনুযায়ী প্রতিটি রাজ্যে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড গঠন করার কথা। কিন্তু পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকার রাজ্য বিদ্যুৎ পর্ষদ গঠন করে ১৯৫৫ সালে। যথাসময়ে বিদ্যুৎ পর্ষদ গঠনেও কংগ্রেস সরকার ব্যর্থ হয়েছিল।

১৯৫৫ সালে যে পর্ষদ গঠিত হলো তা ১৯৪৮ সালে আইন পাশ হবার পর সাত বছর সময় অতিবাহিত হয়েছিল পর্ষদ গঠনের ক্ষেত্রে।

প্রতি বছর বিদ্যুতের চাহিদা বাড়ছে। ঘাটতি পূরণ এবং নতুন চাহিদা পূরণ এই দুটো দিকে নজর রেখে কংগ্রেস দলের সরকার কখনই পরিকল্পনা গ্রহণ করেনি। একথা যেমন পশ্চিমবাংলার ক্ষেত্রে, তেমনি সারা দেশের ক্ষেত্রে সত্য। কংগ্রেসি শাসনের ৩০ বছর এইভাবেই চলছে। বিদ্যুতের মত এমন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে, যথাযথভাবে বরাদ্দকৃত টাকা খরচ না করে আমোদ-প্রমোদের জন্য, স্টেডিয়াম তৈরি করার জন্য খরচ করা হয়েছে। বর্মন কমিশনের কাছে তদানিন্তন বিদ্যুৎ মন্ত্রী শ্রী গণি খাঁন চৌধুরী বলেছিলেন সাঁওতালদিহির দ্বিতীয় ইউনিট ১৯৭৪ সালের ডিসেম্বর মাসে বসবে, কিন্তু বসেনি। তৃতীয় ইউনিট ১৯৭৫ সালের ডিসেম্বর মাসে বসবে - তাও বসেনি, চতুর্থ ইউনিট চালু হবার কথা ছিল ১৯৭৬ সালের জুন মাসে, তাও চালু হয়নি। অর্থাৎ বিভিন্ন ইউনিট চালু করার যে টারগেট তাঁরা এমনকি কমিশনের কাছে ঘোষণা করেছিলেন তাও কংগ্রেস সরকার পালন করতে ব্যর্থ হয়েছেন। কংগ্রেস সরকারের চরম অবহেলা ও ব্যর্থতার জন্যই আজ পশ্চিমবাংলায় এই নিদারুণ বিদ্যুৎ সংকট। এঘটনা সকলের জানা দরকার। নির্দ্ধারিত সময়ে যদি প্রকল্পগুলি চালু করা না যায়, এবং প্রতিবছর যেখানে ৪০/৫০ মেগাওয়াট করে বিদ্যুতের চাহিদা বাড়ছে এই সব কিছু বিবেচনার মধ্যে নিয়ে যদি পরিকল্পনা না করা হয়, তাহলে সমস্যার সমাধান হতে পারে না।

স্বাধীনতা প্রাপ্তির সময়ে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান ছিল প্রথম, আর বর্তমানে লিস্টের শেষে। এর জন্য দায়ী কারা? গত আড়াই বছরে কি তা হয়েছে? না তা হয়নি। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে, দেশের বিদ্যুতের চাহিদা মেটাবার ক্ষেত্রে দায়িত্ব কার? রাজ্য সরকারের না কেন্দ্রীয় সরকারের?

Organisation — The responsibilities of the central government in the field of power development and supply can be classified broadly under the following heads : legislation; formulation of policy; planning and co-ordination; arranging for funds, foreign exchange and scarce material; establishment of operation of regional grids; design and

consultancy services for power generation schemes; rural electrification expansion; resolution of inter-state aspects relating to power generation and supply; co-operation with heighbouring countries in the field of power development; exploitation of non-controversial sources of energy other than nuclear power, and manufacture of equipment for power plants and power systems INDIAN 1976, page 239.

বিদ্যুতের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব কতটা তা পরিষ্কার হলো। কিন্তু এখানেই শেষ নয়, ইলেক্ট্রিক সাপ্লাই অ্যাক্ট কি বলছে দেখুন,-

Electricity Supply Act, 1948 — The Electricity, Supply Act of 1948 forms the basis of the administrative structure of the electricity supply system in the country. The Act provided for setting up of a Central Electricity Authority, with responsibility, inter alia, to develop a national power policy and to co-ordinate the activities of the various planning agencies. The Act also provided for setting up of the State Electricity Board with responsibilities, inter alia, for preparing and carrying out schemes for designing power stations, for arranging transmission and supply.

অর্থাৎ 'এনটায়ার রেস্‌পন্সিবিলিটি' কেন্দ্রীয় সরকারেরই। আমাদের অভিজ্ঞতা কি? আশু পরিকল্পনার অংশ হিসাবে ৫টি গ্যাস টারবাইন আনার জন্য মাসের পর মাস অপেক্ষা করতে হয়েছে। বিদ্যুতের মত এমন একটি গুরুত্বপূর্ণ প্রশ্নে এবং যখন সংকট চলছে, রাজ্য সরকার আর্থিক সীমিত ক্ষমতার মধ্যেও যখন বিদ্যুৎ সংকট মোকাবিলা করার জন্য টারবাইন আনার ব্যবস্থা করছে তখন কেন মাসের পর মাস কেন্দ্রীয় সরকারের অনুমতির জন্য অপেক্ষা করতে হলো? বিরোধী সদস্যরা এ সম্পর্কে কোন কথা বলছেন না কেন?

সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটি বিদ্যুৎ ব্যবস্থার সমন্বয় সাধনের জন্য দেশটির পাঁচটিকে রিজিওনে বিভক্ত করে। এবং রিজিওন্যাল বোর্ড গঠন করে। উত্তরাঞ্চল, পশ্চিমাঞ্চল, দক্ষিণাঞ্চল, পূর্বাঞ্চল রিজিওন্যাল বোর্ড। এই পূর্বাঞ্চলের রিজিওন্যাল ইলেক্ট্রিসিটি বোর্ডের আওতায় আছে - বিহার, ওড়িশা, পশ্চিমবাংলা এবং দামোদর ভ্যালি সিস্টেম। কি সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটি, কি রিজিওন্যাল ইলেক্ট্রিসিটি বোর্ড - কেহই তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করেনি। বরং বৈষম্যমূলক আচরণ করেছে। পরিকল্পনা, সমন্বয় দূরের কথা এমন কি, প্রয়োজন ও বর্তমান চাহিদা কোন কিছুরই বিচার তারা করেননি। পূর্বাঞ্চলের বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য মাত্রা পরিকল্পনায় কমিয়ে দেবার মধ্যেই এই বৈষম্যমূলক আচরণ নগ্ন হয়ে উঠেছে। বিদ্যুৎ সমস্যা দীর্ঘদিনের, এবং দুরদৃষ্টির অভাব ও সঠিক পরিকল্পনার অভাব সর্বোপরি চরম অবহেলার জন্যই আজ এমন নিদারুণ বিদ্যুৎ সংকট।

[2-10— 2-20 P.M.]

কংগ্রেস সরকারের জনস্বার্থ বিরোধী নীতির অনিবার্য পরিণতি দেশের জনজীবনের বিভিন্ন সমস্যা। বছরের পর বছর এই সমস্যা তীব্রতা লাভ করছে। দেশের, বিশেষ ভাবে

পশ্চিমবাংলার বিদ্যুৎ সংকটও কংগ্রেস সরকার সৃষ্ট সংকট। কংগ্রেস সৃষ্ট সংকটের দায়ভার আমাদের বহন করতে হচ্ছে। যেমন জনজীবনের অন্যান্য ক্ষেত্রে, তেমনি বিদ্যুৎ সংকট থেকে পরিত্রাণ পাবার জন্য বামফ্রন্ট সরকার তার আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও চেষ্টা করছে এবং ভবিষ্যতেও করবে। ব্যয় বরাদ্দের প্রতি নজর দিলেও বামফ্রন্ট সরকারের বলিষ্ঠ প্রচেষ্টা সুস্পষ্টভাবে দেখা যাবে। মেনটেন্যান্স সম্পর্কে কথা বলা হয়েছে। কে না জানে যে দেশের জরুরী অবস্থা কালে ২০ মাস ধরে মেশিনগুলির মেনটেন্যান্স করা হয়নি, ওভার হলিং হয়নি। 'রাউন্ড দি ক্লক' বয়লারগুলি চালানো হয়েছিল। ফলে বয়লার ও অন্যান্য মেশিনপত্রের অবস্থা এত শোচনীয়। একথা বার বার মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। সাঁওতালডিহির তৃতীয় ইউনিট বামফ্রন্টের আমলে চালু হয়েছে। কেন ১৯৭৪, বা ১৯৭৫ সালে বসেনি তার জবাব তো কংগ্রেস সদস্যদের দিতে হবে। বাড়িতে চাল-ডাল না থাকলে টাকা দিয়ে বাজার থেকে কিনে আনা যায়, কিন্তু বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে তো তা সম্ভব নয়। তার জন্য দরকার পরিকল্পনা, আমরা তা করছি। পরিকল্পনা বাস্তবায়িত করার জন্যও কয়েক বছর সময় দরকার। কমপক্ষে ৩/৪ বছর দরকার একটি বিদ্যুৎ প্রকল্পের কাজ শেষ করতে। রাতারাতি হয় না। শ্রীমতী ইন্দিরা গান্ধী তো ক্ষমতায় এসেছেন দু-তিন মাস হলো - কেন তিনি দেশের বিদ্যুৎ সংকটের সমাধান করতে পারছেন না? সাঁওতালডিহির ৪র্থ ইউনিট ৮০ সালের মধ্যেই চালু হবে তেমন ব্যবস্থা করা হয়েছে। ব্যান্ডেলের ৫ম ইউনিট-এর কাজও এ বছরই শেষ যাতে হয় তার জন্য সর্বপ্রকার চেষ্টা করা হচ্ছে। এখান থেকে ২১০ মেগাওয়াট পাওয়া যাবে। ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই করপোরেশনের জন্য টিটাগড় প্রকল্প মঞ্জুর করানো গিয়েছে, কেবলমাত্র তাই নয়, প্রয়োজনীয় অর্থ বরাদ্দও করা হয়েছে এবং এই প্রকল্পের কাজ তরান্বিত করার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থাই গ্রহণ করা হয়েছে। এখানে চারটি ইউনিটে ২৪০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাবে। কোলাঘাট প্রকল্প অনুমোদিত হয়েছিল ১৯৭৩ সালে, কিন্তু ১৯৭৭ সাল পর্যন্ত প্রকল্পের কাজে হতেই দেওয়া হয়নি। বামফ্রন্ট সরকারকেই জমি অধিগ্রহণের কাজ থেকে শুরু করতে হয়েছে। কোলাঘাট প্রকল্পের কাজ তরান্বিত করা হচ্ছে। এখানকার ৩টি ইউনিট চালু হলে ৬৩০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাবে। কোলাঘাটের প্রথম ইউনিট চালু করার কথা ছিল ১৯৭৮ সালে। কংগ্রেস সরকার তারজন্য কোন ব্যবস্থাই করেনি। কেবলমাত্র তাই নয়, বামফ্রন্ট সরকার কোলাঘাটে যাতে আরো তিনটি ইউনিটের অনুমোদন পেতে পারে তারজন্যও ইতিমধ্যেই প্রচেষ্টা শুরু করেছে। কোলাঘাটের একটি ২১০ মেগাওয়াটের ইউনিট চালু হলে রাজ্যে আজ কোন বিদ্যুৎ সংকটই থাকতো না। ফরাক্কা প্রকল্প যা কার্যত পরিত্যক্ত হয়েছিল, বামফ্রন্ট সরকার তারও কাজ শুরু করছে এবং কাজ তরান্বিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করছে। আরো কয়েকটি প্রকল্পের পরিকল্পনা সরকার করছে। আমি যে কথা বলতে চাই তা হলো এই যে, বামফ্রন্ট সরকার এত কম সময়ের মধ্যে এতগুলি প্রকল্পের কাজ শুরু করেছে কারণ বামফ্রন্ট সরকার বিদ্যুৎ সংকটের সমাধান করতে বদ্ধপরিকর। কংগ্রেস আমলে কখনও এতগুলি প্রকল্পের কাজ হাতে নেয়নি। বামফ্রন্ট সরকারের এই প্রকল্পের কাজ শেষ হলে আমরা আশা করি ১৯৮২-৮৩ সালের মধ্যেই পশ্চিমবাংলার জনসাধারণ বিদ্যুৎ সংকট থেকে পরিপূর্ণভাবে মুক্ত হবে। যে প্রকল্পগুলি চালু আছে কিন্তু চরম অবহেলা ও অযত্নে আজ ধংসম্মুখ - তার যন্ত্রপাতি বয়লারগুলি যাতে রক্ষণাবেক্ষণ করা যায় তার জন্য পাঁচটি গ্যাস টারবাইন আনা হয়েছে—আশু পরিকল্পনার কাজ হিসাবে। এই

পাঁচটি টারবাইনে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাবে। এই ব্যবস্থার ফলে কিছু বিদ্যুতেরও উৎপাদন বাড়লো, আর অপরদিকে বিভিন্ন প্রকল্পের যন্ত্রপাতির মেনটেন্যান্সের সুবিধা হবে। প্রকল্পগুলি রক্ষা করা যাবে। বামফ্রন্ট সরকার এইভাবে আশু ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করেছে। লক্ষ্য বিদ্যুৎ সমস্যার স্থায়ী সমাধান। কংগ্রেস সরকার যে অপরাধ করেছে বিদ্যুৎ উৎপাদন ও যন্ত্রপাতিগুলির যথাযথ রক্ষণাবেক্ষণ না করে, তারজন্য কংগ্রেস সদস্যদের উচিত ছিল হাঁটু ভেঙ্গে, মাথা নিচু করে পশ্চিমবাংলার জনগণের কাছে ক্ষমা প্রার্থনা করা। বিরোধী সদস্যরা বরাদ্দের কথা বলেছেন, এদের লজ্জাও নেই। কংগ্রেস সরকার কেবলমাত্র প্রয়োজন, চাহিদা উপলব্ধি করতে যে ব্যর্থ হয়েছে তাই নয়, তাদের দূরদৃষ্টি ছিল না শুধু তাও নয়, বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে তাদের অপরাধ বিদ্যুতের জন্য অর্থ বরাদ্দের ক্ষেত্রেও প্রকট। অপরদিকে বামফ্রন্ট সরকার বিদ্যুৎ সংকট সমাধানের জন্য যে ব্যপক প্রচেষ্টা শুরু করেছে তাও তাদের অর্থ বরাদ্দের মধ্যেও সুষ্ঠ হয়ে উঠেছে।

১৯৭১-৭২ সালে বরাদ্দ ছিল - মাত্র ১৬ কোটি ৯ লক্ষ টাকা, ১৯৭২-৭৩ সালে কিছু বেড়ে দাঁড়াল ২৫ কোটি ৪ লক্ষ টাকা। ৭৩-৭৪ সালে - ৩৮ কোটি; ৭৪-৭৫ সালে ৪৬ কোটি, ৭৫-৭৬ সালে মাত্র - ৫৪ কোটি টাকা। হাঁটি হাঁটি পা-পা। বামফ্রন্ট সরকারের আমলে ১৯৭৭-৭৮ সালে - ৯৯ কোটি ৮১ লক্ষ, ৭৮-৭৯ সালে ১১১ কোটি ৫০ লক্ষ, ৭৯-৮০ সালে ১৩৬ কোটি এবং এ বছর ১৯৮০-৮১ সালে ১৪৫ কোটি টাকা বরাদ্দ করেছেন। এ ঘটনা থেকে কী প্রমাণিত হয়? বিরোধী সদস্যরা নিছক বিরোধীতা করার জন্যই ঘটনার বিকৃতি ঘটিয়ে বলেছেন বরাদ্দ নাকি ৩ কোটি কমানো হয়েছে। প্ল্যান্ড এবং নন্-প্ল্যান্ড এর জন্য মোট কতটাকা বরাদ্দ করা হয়েছে তা দেখতে মাননীয় বিরোধী দলের সদস্য অপারগ হয়েছেন। এসব কথা না বলাই ভাল যা বললে মাননীয় বিরোধী দলের সদস্যের বুদ্ধি-বিবেচনা সম্পর্কে লোকে কথা বলবে, এবং হাসবে।

এখন আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি কয়েকটি বিষয়ের প্রতি আর্কষণ করতে চাই। ওঁদের বক্তব্যের জবাব শুধু আমরাই দিয়েছি তা না। জনসাধারণও দিয়েছে। কিন্তু তাতে ওঁদের শিক্ষা হয়নি। মিঃ স্পিকার স্যার, আমার এবার প্রথম কথা হচ্ছে এই যে শ্রমিকদের মধ্যে যে অসন্তোষ তা দূর করা প্রয়োজন। বিদ্যুৎ শিল্পের শ্রমিকদের যে সকল ন্যায্য দাবি-দাওয়া ছিল তা পূরণ করা হয়েছে। এ একটি উল্লেখযোগ্য ঘটনা, কেননা শ্রমিকদের ন্যায় সংগত দাবি-দাওয়া এইভাবে এর আগে কখনও পূরণ করা হয়নি। কিন্তু সমস্যা মেটেনি। কারণ কাজ নেই অথচ সাড়ে দশ হাজার বাড়তি লোক নিয়োগ করা হয়েছিল, কংগ্রেসি আমলে। বামফ্রন্ট সরকারের একটি রিক্রুটমেন্ট পলিসি আছে, কংগ্রেসের তা ছিল না। তাই এই নিয়োগ হয়েছিল শুধু দল করার জন্য। তাদের কোন কাজ নেই অথচ তাদের জন্য এক কোটি করে খরচ হচ্ছে। সরকার যখন বিদ্যুৎ সংকট সমাধান করার জন্য সর্বোতোভাবে চেষ্টা করছেন, তখন এই বাহিনী কংগ্রেস(ই) দলের নির্দেশে তা বানচাল করার চেষ্টা করছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করবো যারা বিদ্যুৎ শিল্পে অরাজকতা সৃষ্টি করতে চাইছে তাদের প্রতি তীক্ষ্ণ নজর রাখতে এবং সরকারের প্রচেষ্টা যাতে না ব্যহত করতে পারে, যাতে না তারা কোন বাধা সৃষ্টি করতে পারে তার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে এবং আমি মনে করি, বিদ্যুৎ শিল্পে দুস্কৃতিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করাই

দরকার। আমি শুনেছি একাংশ শ্রমিক গুরুত্ব উপলব্ধি করে যখন গায়ে ভিজে চট জড়িয়ে গরম বয়লারের মধ্যে নেমে তা মেরামত করছে, তখন অপরাংশ যারা কংগ্রেস(ই) সমর্থনপুষ্ট তাঁরা মেরামতি কাজে বাধা দিচ্ছে। এ সব চলতে পারে না। তাছাড়া শিল্পে একটা নিয়ম-নীতি থাকা দরকার। কার কি দায়িত্ব, কোন প্রশ্ন দেখা দিলে, কোন কাজ না হলে, কে কার কাছে কৈফিয়ত চাইবে, কে কার কাছে কৈফিয়ত দেবে, কোন অফিসার তার দায়িত্ব পালন না করলে, কোন্ অফিসার কৈফিয়ত চাইবেন। এসব সুস্পষ্ট ভাবে নির্ধারণ করা দরকার। বাইরে, জনজীবনে কংগ্রেস(ই) প্ররোচনা সৃষ্টি করছে, অরাজকতা সৃষ্টি করার অপচেষ্টা করছে। যেমন অন্যান্য ক্ষেত্রে তেমনি বিদ্যুৎ শিল্পে অরাজকতা সৃষ্টির সমস্ত অপচেষ্টা ব্যর্থ করতে হবে। একদিকে রাজ্যের সমস্ত মানুষ যখন অসীম ধৈর্যের সঙ্গে বিদ্যুৎ সংকট মোকাবিলা করছেন, তখন আমরা দেখছি বিদ্যুৎ সংকটের জন্য যারা দায়ী, তারাই এই প্রশ্ন নিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করে গোলমাল সৃষ্টি করার পথ অবলম্বন করেছে। এরা সহজে বিদ্যুৎ সংকটের সমাধান করতে দেবে না। কোন দিন যারা কোন জনকল্যানমূলক কাজ করেনি, তারা অপরকেও জনকল্যাণমূলক কাজ করতে দেবে না। কাজেই আমি যা বলতে চাইছি তাহলো এই যে অ্যাকাউন্টেবিলিটির প্রশ্নটি পরিষ্কার হওয়া প্রয়োজন।

মাননীয় মুখ্যমন্ত্রী একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করেছেন, তার বাজেট বক্তৃতায়। বিষয়টি হলো কনট্রাক্টরদের ওয়ারকার সম্পর্কে। সাধারণত অন্যান্য শিল্পের মত বিদ্যুৎ শিল্পের কন্ট্রাকটরদের দ্বারা নিয়মিত শ্রমিকদের দিয়ে কাজ করানো হয়। গুরুত্বপূর্ণ কাজও করানো হয়। নির্দিষ্ট কাজটি শেষ হলে আর তাদের কাজের অর্থাৎ চাকুরীর নিরাপত্তা থাকে না। এই কারণেই একটি কাজ কমপ্লিট করতে দেরী হয়। কন্ট্রাকটরের শ্রমিকদের কাজ মন্থরগতিতে চলেণ যদি দ্রুততার সাথে কাজ শেষ করতে হয়, যদি বিদ্যুৎ প্রকল্পগুলির কাজ দ্রুত সুসম্পন্ন করতে হয়, তাদের কন্ট্রাকটরদের শ্রমিকদের কাজের ধারাবাহিকতার গ্যারান্টি দিতে হবে। বামফ্রন্ট সরকারকে কন্ট্রাকটরদের দ্বারা নিয়োজিত শ্রমিকদের প্রশ্নটি যথাযথ গুরুত্ব সহকারে বিবেচনা করতেই হবে। প্রকল্পগুলির কাজ দ্রুত শেষ করার প্রশ্নের সাথে বিষয়টি যুক্ত। কাজেই এই গুরুত্বপূর্ণ সেক্টরে যে সমস্যাগুলি আছে তার সমাধান করতে হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রকল্পের কাজগুলি শেষ করার চেষ্টা করতে হবে।

স্যার, রুরাল ইলেক্ট্রিফিকেশনের কথা বলা হয়েছে। কাজেই আমকেও ডি.ভি.সি.র প্রশ্নে আসতে হচ্ছে। কংগ্রেস(ই) সদস্য আপনারা, বলুন না কেন্দ্রীয় সরকারকে ডি.ভি.সি.র দিকে একটু নজর দিতে। পশ্চিমবাংলাকে প্রতিদিন ৯৫ মেগাওয়াট বিদ্যুৎ দেবার কথা, কিন্তু ডি.ভি.সি. তা দিচ্ছে না। আমি বিরোধী দস্যদের কিছু তথ্য দিতে চাই। ডি.ভি.সি. এ মাসে ১৭ই মার্চ সকালে দিয়েছে ১৯ মেগাওয়াট, রাত্রে দিয়েছে - মাত্র ১০ মেগাওয়াট, কম দিয়েছে গড়ে ৮০ মেগাওয়াট, ১৮ই মার্চ কম দিয়েছে - ৭৫ মেগাওয়াট, ১৯শে - মোট ৭৫ মেগাওয়াট, ২০শে মার্চ, কম দিয়েছে - ৭০ মেগাওয়াট, ২২শে মার্চ সকালে দিয়েছে - ২৯ মেগাওয়াট বিকালে দিয়েছে মাত্র ৩০ মেগাওয়াট ঘাটতি ছিল ৬৫ মেগাওয়াট। লজ্জা কিসের? এত কথা কংগ্রেস(ই) সদস্য আপনারা দিল্লিতে গিয়ে বলতে পারেন, আর একথাটা বলতে পারছেন না যে ডি.ভি.সি. বিদ্যুৎ না দেবার ফলে এ রাজ্যে এত বিদ্যুৎ সংকট।

মাননীয় বিভাগীয় মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী তার বাজেট প্রস্তাবে রুরাল ইলেক্ট্রিফিকেশনের

কথা বলেছেন। ১৯৭৯ সালের নভেম্বর মাস পর্যন্ত এই রাজ্যে ১২,৫৪৩ টি মৌজায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হয়েছে, ৩৮৫টি স্বাস্থ্যকেন্দ্রে এবং ১১৫টি হরিজন বস্তিতে ও ৪৭০ টি আদিবাসী গ্রামেরও বৈদ্যুতিকরণ হয়েছে। আগামী বছরে ১৯৮০-৮১ সালে আরো ১৬০০ গ্রামে বিদ্যুৎ দেবার লক্ষ্য ধার্য করা হয়েছে এবং গ্রামীণ বৈদুতিকরণের জন্য ১৩ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। তবে এক্ষেত্রে নানা অসুবিধাও আছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে অ্যালুমিনিয়াম কনডাকটরের স্বল্পতা। অভাব আছে, সমগ্র দেশেই এই অভাব। তাছাড়া ইস্পাত ও সিমেন্টেরও অভাব আছে। বিরোধীরা বাজেট বক্তৃতা হয় পড়ে না, অথবা উদ্দেশ্য নিয়ে বিরোধীতা করছেন। আমি মুখ্যমন্ত্রীকে আবেদন করবেন যাতে এক্ষেত্রেও অর্থাৎ গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রেও কন্ট্রাকটরদের কাজ যাতে যথাযথভাবে চলে এবং তরান্বিত হয় তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য। অসুবিধা আরো আছে—যেমন, সুপারভাইসরি পোস্টে লোক নিয়োগ বন্ধ আছে হাইকোর্টের ইনজাংশন থাকার জন্য। এসব অসুবিধা আমাদের কাটিয়ে উঠতে হবে।

মিঃ স্পিকার স্যার, আমি প্রথমেই বলেছি যে বিদ্যুৎ সংকট আছে, এবং এই সংকটের জন্য ক্ষতি হচ্ছে। কাজেই এ সংকট সমাধান করতেই এবং বামফ্রন্ট সরকার সাধ্যানুযায়ী চেষ্টাও করছেন। যেমন প্রতিটি জনকল্যাণমুখী কাজে বামফ্রন্ট সরকার বিপুল জনগণের সমর্থন পেয়েছে, তেমনি বিদ্যুৎ সংকট সমাধানের ক্ষেত্রেও বামফ্রন্ট সরকার যে প্রচেষ্টা চালাচ্ছেন তার পেছনে রাজ্যের লক্ষ লক্ষ মানুষের সমর্থন আছে, এবং আগামী দিনেও থাকবে। পশ্চিমবাংলার রাজনৈতিক সচেতন সংগ্রামী মানুষের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতাই বামফ্রন্ট সরকারের সাফল্য সুনিশ্চিত করবে, এ দৃঢ় বিশ্বাস আমাদের আছে।

মিঃ স্পিকার স্যার, কানা লোকের নাম যেমন পদ্মলোচন হতে পারে, তেমনি দুর্নীতিগ্রস্থ লোকের নামও সুনীতি হতে পারে। আবার, অহরহ যারা অসত্য কথা বলে তাদের নামও সত্যরঞ্জন হতে পারে। তাই আমি বলতে চাই, ঠিক এইভাবেই যারা স্বৈরতন্ত্রী তাদের মুখেও গণতন্ত্রের বুলি উচ্চারিত হচ্ছে পারে। এবং তা হচ্ছে। কিন্তু রাজনৈতিক সচেতন মানুষকে বিভ্রান্ত করা সহজ নয় একথা বিরোধী কংগ্রেস (ই) সদস্যদের মনে রাখা উচিত। আজ বিদ্যুৎ সংকটের অজুহাত তুলে যারা সমস্ত জনকল্যাণমূলক কাজ স্যাবোতাজ করতে উদ্যত হয়েছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। এবং আমি বিশ্বাস করি এমন প্রতিটি ক্ষেত্রেই বামফ্রন্ট সরকার জনগণের অকুণ্ঠ সমর্থন পাবে।

এই বক্তব্য দেখে মাননীয় মুখ্যমন্ত্রী ব্যয়বরাদ্দের যে দাবি উত্থাপন করেছেন সেই দাবির প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20— 2-30 P.M.]

**শ্রী ভোলানাথ সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎমন্ত্রী যে বাজেট..................................

**শ্রী বিনয় কোনার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুনীতিবাবু বিদ্যুতের উপর বলবেন বলে অনেক খেটে কাগজপত্র তৈরি করেছিলেন। সুনীতিবাবুকে সরিয়ে দিয়ে ভোলাবাবু যে বলছেন তাতে আমি মনে করি সুনীতিবাবুর প্রিভিলেজ ভঙ্গ করা হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** স্যার, অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্লানেশন। সি.পি.এম. সদস্যদের অনেক বাজে কথা বলার অভ্যাস আছে। আমাদের পার্লামেন্টারী পার্টি আগেই ঠিক করে রাখেন কে বলবেন। এটা প্রমোদবাবু এবং জ্যোতিবাবুর ঝগড়ার ব্যাপার নয়। আমরা আগে থেকেই ঠিক করে রাখি।

**শ্রী ভোলানাথ সেন :** মাননীয় স্পিকার মহাশয়, সি.পি.এম. বেঞ্চে এবং সি.পি.এম. মিনিস্টারদের কথা শুনলে আমার মনে হয়,

Full of sound and fury signifies nothing. All promises no performance stock execuses. This is C.P.M., this is our Jyoti Babu, this is our Chief Minister.

আমরা জ্যোতিবাবুর কথা ইতিপূর্বে শুনেছি। তিনি বলেছিলেন, আমি যখন সরকারে আছি তখন একদিনে আমি বিদ্যুৎ সমস্যার সমাধান করব।

**শ্রী অমলেন্দ্র রায় :** কোথাও তিনি একথা বলেননি।

**শ্রী ভোলানাথ সেন :** জ্যোতিবাবু সরকারে এসে এস্.ই.বি -র মেম্বারদের ডাকলেন এবং তাঁদের বললেন, আপনারা অপদার্থ, আপনারা রিজাইন করুন। তিনি তাঁদের রিজাইন করতে বললেন এবং তাঁরাও রেজিগনেশনের সম্মুখীন হলেন। কিন্তু আজকে কি অবস্থা হয়েছে? স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের চেয়ারম্যান, যাঁকে উনি রঘু বলে ডাকেন, ওঁনার বাল্যবন্ধু তিনি হচ্ছেন একজন মেক্যানিক্যাল ইঞ্জিনিয়ার, ডিপ্লোমা হোল্ডার। স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের মেম্বারদের দিকে তাকিয়ে দেখুন।

There is not a single member who knows anything about transmission or distribution, there is not a single member who knows anything about thermal generation, there is no Chief Engineer for thermal generation. One very old Electrical Engineer has been given the charge of personnel management. That is the special type of Marxistman - our Chief Minister. Nobody is functioning. The previous Board have been removed because they were incompetent.

আমাদের সম্মুখে বলা হয়েছে প্ল্যানিং নাকি পশ্চিমবাংলায় খারাপ ছিলনা। ১৯৬৭ সালে জ্যোতিবাবু ক্ষমতায় আসার পূর্বে পশ্চিমবাংলায় ৪টি ইউনিটের স্যাংশন হয়েছিল। জ্যোতিবাবু বললেন বিদ্যুৎ কি খাব? ৪টি ইউনিটে ৫০ মেগাওয়াট। উনি মনে করলেন, ডিম্যান্ড উইল রিমেন স্ট্যাটিক। তিনি বললেন, আমরা কি বিদ্যুৎ খাব?

এলেন ধরমবীরা তিনি একটা করলেন, এইভাবে ধাবন তিনি এসে আরো দুটি করলেন, চারটা স্যাংশন হল। এটাই দূরদৃষ্টির প্রমাণ। পশ্চিমবঙ্গেই আমরা দেখলাম, জ্যোতিবাবু বললেন ১৯৭৩ - ৭৪ সালে নাকি সিদ্ধার্থ বলেছিলেন যে কলকাতায় ৯০ মেগাওয়াট কম - বর্মণ কমিশন, আজকে ১০০ মেগাওয়াট এক্সট্রা হয়েছে, ১২০ মেগাওয়াট এক্সট্রা হয়েছে, সাঁওতালডিহিতে ২২০ মেগাওয়াট হয়েছে, তারও বেশি হচ্ছে। আপনারা কাজ করেননা, জানেন না করতে। তা সত্ত্বেও কাল রাত্রে সারা রাত অন্ধকার গিয়েছে, আজও ১২টা-

১২।টা পর্যন্ত লোডশেডিং হয়েছে। এটা কি বলব অ্যাডমিনিস্ট্রেশন? আমি বলতে চাই প্ল্যানিং যেটা দরকার সেই প্ল্যানিং করতে গেলে দূরদৃষ্টির প্রয়োজন খালি দলবাজি করে হয়না, খালি রাজনীতি করে হয়না, এখানে দূরদৃষ্টির প্রয়োজন এবং এই দূরদৃষ্টির অভাব ঘটেছিল জ্যোতিবাবুর এবং সেই জন্য আজকে আমরা দুর্ভোগ ভোগ করছি।

(নয়েজ)

**শ্রী সুনীতি চট্টোরাজ :** স্যার, এইভাবে যদি ওঁরা আমাদের ডিসটার্ব করেন তাহলে হাউসের লিডারকেও আমরা বলতে দেবনা।

**শ্রী ভোলানাথ সেন :** তারপর একটা টাস্ক ফোর্স তৈরি হল, মিঃ জৈন অব রেনুসাগর পাওয়ার প্ল্যান্ট অব বিড়লাস যার............production 90 per cent to 105 per cent of the rated capacity.

একটা টাস্ক ফোর্স তার লিডারশিপে তৈরি হল। যিনি বলেন আমি ভদ্রলোক নই, জানে মানুষ, আমাদের অর্থমন্ত্রী মহাশয় সেটা বন্ধ করে দিলেন। শুধু নয়, তখন বুরোক্র্যাসিকে কি করে সাহায্য করতে হয় তা তিনি জানেন এই সব কথা বললেন। কিন্তু তারপর কি হল? তারপর কি সেই টাস্ক ফোর্সকে পাঠাতে পারলেন? তারপর টেকনিক্যাল অ্যাড সার্ভিস তারা বললেন যে আমরা ফ্রি সার্ভিস দেব, আমরা দেখিয়ে দেব কি করে মেনটেন করতে হয়, কি করে প্রডাকশন বাড়াতে হয়। হল কি? হলনা, আর দিনে দিনে কমে গেল বিদ্যুৎ। একদিক থেকে জেনারেশন, ক্যাপাসিটি ইনস্টলেশন বেড়ে যাচ্ছে আর একদিক থেকে অপদার্থতার জন্য মানুষ পাচ্ছেনা বিদ্যুৎ, পাচ্ছেনা গ্রামের মানুষ, বিদ্যুৎ পাচ্ছে না শিল্পের মানুষ, বিদ্যুৎ পাচ্ছেনা ননী বাবুর হাসপাতাল। এরা বলছে ৩০ বৎসরের কংগ্রেসের অপশাসন, এবার সত্যি কথা গোয়েবেলসদের শুনবার সময় এসেছে। এই ৩০ বছরে কংগ্রেসের শাসনের জন্য উড়িষ্যা থেকে পাওয়ার ভায়া বিহার নেবার কথা গত বৎসর শুনেছিলাম, ৩০ বৎসর কংগ্রেস শাসনের জন্য চেন্নারেড্ডী অন্ধ্র প্রদেশ থেকে বলেছিলেন যে আমি পাওয়ার দিতে রাজি আছি। কোন দিন সি.পি.এম. সেখানে রুল করেনি। মাদ্রাজে পাওয়ার সারপ্লাস, মধ্য প্রদেশে পাওয়ার সারপ্লাস, এভরি হোয়ার কংগ্রেস গভর্নমেন্ট। সেখানে সি.পি.এম. এর জ্যোতিবাবু ছিলেন না তাই সেখানে দূরদৃষ্টির অভাব ঘটেনি এবং সেখানে সময়মত কাজ হয়েছে এবং সেখানে লেবার নিয়ে ছেলেখেলা হয়নি। আমাদের এখানে লেবার নিয়ে কি হচ্ছে? আমি একটা উদাহরণ দিচ্ছি। জলঢাকাতে স্যালারি পাচ্ছে, হাউস রেন্ট অ্যালাউন্স পাচ্ছে, ডিয়ারনেস অ্যালাউন্স পাচ্ছে, হিল অ্যালাউন্স পাচ্ছে, ডিফিকাল্ট টেরেন অ্যালাউন্স পাচ্ছে, কনস্ট্রাকশন অ্যালাউন্স পাচ্ছে যদিও কনস্ট্রাকশন ১০ বৎসর আগে শেষ হয়েছে, ওভার টাইম দেখলে দেখা যাবে কিছু কিছু লোক ২০ ঘন্টা রেকর্ড করিয়েছে ওভার টাইম পাওয়ার জন্য, অ্যাজ এ রেজাল্ট ৪২ জন লোক জেনারেল ম্যানেজারের থেকে বেশি মাইনে পায়। সাঁওতালদিতে এই রকম চলছে। এই হচ্ছে অ্যাডমিনিস্ট্রেশন।

[2-30— 2-40 P.M.]

চলছে এই রকম অ্যাডমিনিস্ট্রেশন। অ্যাডমিনিস্ট্রেশন এই রকম যে সাঁওতালদিহির ৪র্থ ইউনিটের পার্টসগুলো ক্যানিবেলাইজ করা হচ্ছে। তার পার্টস নিয়ে প্রথম, দ্বিতীয়, তৃতীয়

ইউনিটের স্পেয়ার পার্টস হিসাবে ব্যবহার করা হচ্ছে। সাঁওতালদিহির চতুর্থ ইউনিট কবে হবে ভগবান জানেন। বলা হচ্ছে, আমরা নাকি খুব খারাপ কাজ করেছিলাম। আমার কাছে রেকর্ড আছে, সাঁওতালদিহিতে আমাদের সময় দুটো ১২০ মেগাওয়াট ছিল। আমার ১১০ থেকে ১১৮ মেগাওয়াটের এক-একটা আমরা করেছিলাম। অর্থাৎ ২২০ থেকে ২৩৬ মেগাওয়াট প্রতিদিন তৈরি হচ্ছিল। আর আজকে থার্ড ইউনিট করা সত্ত্বেও তিনটে ১২০ হওয়া সত্ত্বেও প্রোডাকশান কত হচ্ছে? প্রডাকশান হচ্ছে ১৫০ থেকে ১৬০ মেগাওয়াট। এইটা কি কংগ্রেসের দোষ? আমাদের সময় দুটো মেশিনে দুশোর উপর মেগাওয়াট তৈরি হচ্ছিল। আর মার্কসিস্টের সময়ে তিনটে ইউনিটে ১২০ মেগাওয়াট করে হওয়া সত্ত্বেও ১৫০ থেকে ১৬০ মেগাওয়াট তৈরি হচ্ছে। আমাদের সময়ে কিলোওয়াট পার আওয়ার তার তত্ত্ব আমি আপনাদের দিচ্ছি উদাহরণ হিসাবে। সাঁওতালদিহিতে ১৯৭৪-৭৫ সনে ৫ হাজার, ১৯৭৫-৭৬ সনে ৭ হাজার, ৭৬-৭৭ সনে ৪ হাজার ৪৮৫ কিলোওয়াট, ১৯৭৭-৭৮ সনে ৩ হাজার ৪শো কিলোওয়াট। ওঁরা এলেন, প্রমাণ দিলেন, আমরা ধ্বংসের লীলা খেলছি। ১৯৭৭-৭৮ সনে ৩৪০০ কিলোওয়াট, ১৯৭৮ সালে সাঁওতালদিহিতে ইউনিট হয়ে গেল, ১৯৭৮-৭৯ সনে ৩ হাজার ৮শো কিলোওয়াট, ১৯৭৯-৮০ তে ৩১০০ কিলোওয়াট। আর আমদের সময়ে ৫ হাজার কিলোওয়াট দুটো মেশিন নিয়ে। আর ওদের সময়ে ৩১০০ কিলোওয়াট তিনটে মেশিন নিয়ে। এইটা কি কংগ্রেসের দোষ? সাঁওতালদিহি আমাদের সময়ে ..........best run power station all over India)হয়েছিল। ১৯৭৬-৭৭ সনে স্বীকৃত হয়েছিল। কিন্তু আজ আমরা শুনছি, হয় কংগ্রেসের দোষ, না হয় কর্মচারীদের দোষ, নয় ইতিহাসের দোষ, আমাদের কিছু দোষ নয়। আমরা ভাল মানুষ। আপনারা ভাল মানুষই থাকুন। অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে নিজেদের জাহির করবেন না। আপনারা ফেল করেছেন।

You are not worth to sit on the administration, where you are running?

টিউব লিকেজ সম্পর্কে বলছি, সাঁওতালদিহিতে তিনটে ইউনিটের মধ্যে ১৯৭৩ সালে একটা ইউনিটে মাত্র দু বার টিউব লিকেজ হয়েছে। ১৯৭৪-৭৫ সালে ইউনিট নম্বর ওয়ানে মাত্র একবার হয়েছে, ১৯৭৫-৭৬ সালে ইউনিট নম্বর ওয়ানে একবার মাত্র হয়েছে, সাঁওতালদিহিতে ইউনিট নম্বর টুতে তিনবার হয়েছে। ১৯৭৬-৭৭ সনে ইউনিট নাম্বার ওয়ানে দুবার লিকেজ হয়েছে। একবারও লিকেজ হয় নি ইউনিট নাম্বার টুতে। ১৯৭৭-৭৮ সনে ইউনিট নাম্বার ওয়ানে চারবার, ইউনিট নাম্বার টুতে একবার। এলেন আপনারা, তারপর আরও বাড়লো। ১৯৭৮-৭৯ সালে ইউনিট নাম্বার ওয়ানে দুবার, ইউনিট নাম্বার টুতে ৬ বার, ইউনিট নাম্বার ৩তে দুবার। ১৯৭৯-৮০ সনে ইউনিট নাম্বার ওয়ানে ৬ বার, ইউনিট নাম্বার টুতে তিনবার টিউব লিকেজ হয়েছে। অর্থাৎ কিনা আমাদের সময়ে ১৯৭৬-৭৭ সনে দুবার টিউব লিকেজ হয়েছে এই প্ল্যান্টে। ওঁদের সময়ে ১৯৭৭-৭৮ সালে ৫ বার, ১৯৭৮-৭৯ সালে ১০ বার, ১৯৭৯-৮০ সালে ১৩ বার টিউব লিকেজ হয়েছে। এই ১৯৭৮-৭৯ সনের জন্য কি আমরা দায়ী? প্ল্যানিং থেকে দেখিয়ে দিলাম, আপনাদের পারফরমেন্সও দেখিয়ে দিলাম।

আপনারা ট্যাক্স বাড়াচ্ছেন ২০ পারসেন্ট বাড়াতে চাচ্ছেন ৫/৭ দিনের মধ্যে, অপদার্থতার

একটা লিমিট আছে। ২০ পারসেন্ট. বাড়ান কিসের জন্য? না, আজকে কোল আনলোডিং না করার জন্য ডেমারেজ দিতে হয়। আমরা ১৯৭৩-৭৪ সালে ২ লক্ষ টাকা দিয়েছিলাম, ১৯৭৫-৭৬ সালে ২ লক্ষ টাকা দিয়েছিলাম ডেমারেজ, ১৯৭৬-৭৭ সালে ডেমারেজ এক পয়সাও দিইনি, তারপরে এলেন বিধ্বংসী জ্যোতি বসু, তাঁরা আসার সঙ্গে সঙ্গে ৩ লক্ষ টাকা প্রতি মাসে যাচ্ছে। (কংগ্রেস বেঞ্চ থেকে - শেম, শেম) বছরে দিচ্ছেন ৩৬ লক্ষ টাকা এটাও কি কংগ্রেসের দোষ? সাঁওতালদির রিপেয়ার, আপনাদের অবগতির জন্য বলছি—যার লাইফ চলে গেছে সেই সব মেশিন ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই চালিয়ে যাচ্ছে, তারা এইট্টি টু নাইন্টি পারসেন্ট ডিরেটড ক্যাপাসিটি প্রডিউস করছে, আর ওভারঅল কিনা দু মাস সাট ডাউন করছেন। ক্যালকাটাও অভারহল করে বিটুইন টু পিক আওয়ার্স, যখন নাকি ডিমান্ড কম থাকে ১২ থেকে ৫টা পর্যন্ত আর আমাদের? দুমাস বসে থাকবে? ম্যাক্সিমাম কোন বারে হচ্ছে ৩ মাস কোনবার হচ্ছে ৪ মাস কোনবার হচ্ছে ৬ মাস, কেউ বলতে পারছেনা, করে কি হবে, কবে কাজ শেষ হবে। এই প্ল্যান্ট তিনটি ইউনিট মোর দ্যান সেভেন হান্ড্রেড ডেজ্ চলেনা এক সঙ্গে। আমাদের পাওয়া উচিত আড়াই ইউনিট কন্টিনিউয়াস্‌লি থ্রুআউট দি ইয়ার, যদি দু মাস করে বয়লার লিকেজ থাকে, তাহলে তিনটিতে ৬ মাস, তাহলে টোটাল রইল আড়াই বছর, আমরা পাচ্ছিনা, আমরা আগেকার দুটি ইউনিটে যা পেতাম তার চেয়ে কম পাচ্ছি। এটা কার দোষ? জ্যোতিবাবুর দোষ,..............

Bad administrator only knows 'dalbaji'. He cannot seat tight on the bench.

এই যে এক নম্বর ইউনিটে ওভারঅল চলেছে ১৬ ডিসেম্বর, ৭৯ সাল থেকে, আমরা জানিনা কি অবস্থা? ৩ নং ইউনিট ২২শে ডিসেম্বর, ৭৯ সাল থেকে শুরু হল - সাড়ে তিন মাস লাগল, লাগার কথা ম্যাক্সিমাম দুমাস, যে ইউনিটে হওয়া উচিত ১১০ থেকে ১২০ মেগাওয়াট, হচ্ছে ম্যাক্সিমামে রিচ্ করেছেন ৮০ মেগাওয়াট । তাই আমি সেদিন বলেছিলাম, যার উপর ভিত্তি করে একটা মামলা হয়েছে। পাওয়ার সাপ্লাই জ্যোতি বসুর এলাকায়, তাঁর পাড়ায় এই লোডশেডিং-এর ব্যাপারে একটু পক্ষপাতিত্ব চলেছে। আধ ঘন্টা থেকে এক ঘন্টা তাও ৬ থেকে ৭টা লোডশেডিং হয় এবং শুধু তাই নয়, ৭ই মে, ১৯৭৯ সমস্ত কলকাতা অন্ধকার একর্ডিং টু দি নিউজপেপার অ্যাডভার্টাইজমেন্ট জ্যোতি বসুর বাড়ি এবং পাড়া, এক মুহুর্তের জন্যও লোডশেডিং হয়নি। একর্ডিং টু দেয়ার ওন অ্যাড্‌ভার্টাইজমেন্ট, আমার কাছে ফটোস্ট্যাট কপি আছে। জ্যোতি বসুকে ভুলিয়ে রাখার জন্য, উইকনেস ঢাকা দেবার জন্য এ জিনিস করা হয়েছে। জ্যোতিবাবু ভাবছেন খুব ভাল চলেছে। আমি বলছি আর বোগির কথা, এই বোগি তোলা হয়েছিল আপনারা প্ল্যান্ট করতে পারেননা কারণ কোল খদা, ন্যাশ অন্ট, এমন কি সাংবাদিকদের দিয়ে লিখিয়ে দিলেন—এর জন্য কি জ্যোতি বসু দায়ী? কিন্তু ফোর্টি পার সেন্ট অ্যাশ নটেন্ট থাকা সত্ত্বেও যে কোন মেশিন চলতে পারে, এর চেয়ে খারাপ কোল দিয়ে রাণী সাগরে জৈন চালিয়ে যাচ্ছে, নাইন্টি টু নাইন্টি ফাইভ পার সেন্ট ক্যাপাসিটিতে এবং রাণী গঞ্জে অ্যাশ নটেন্ট টুয়েন্টি ফোর টু টুয়েন্টি এইট পারসেন্ট, মোগমায়ায় থার্টিফাইভ টু ফর্টি পারসেন্ট, রূপনারায়ণে থার্টিফাইভ টু ফর্টি ফাইভ পারসেন্ট, ঝরিয়াতে টুয়েন্টি ফাইভ টু থার্টি ফাইভ পারসেন্ট ।

[2-40— 2-50 P.M.]

এটা ঠিকই যে ওপন কাস্ট মাইন যখন প্রথম শুরু হয় তখন কিছু অ্যাশ কন্টেন্ট বেশি হয় because of the over burden. মাটি বেশি থাকে, কিন্তু কিছুদিন বাদে মাটি সরিয়ে দেওয়া হয় এবং ঘাস জন্মে যায় তখন আর ধুলো আসে না এবং তখন অ্যাশ কন্টেন্ট কমে যায়। সেখানে ৪০ পার সেন্টের কম, খুব যদি বেশি হয় ৪১ কি ৪২ পারসেন্ট হয়। তারজন্য কোল প্রিপারেশান বেড আছে, প্ল্যান্ট আছে। ঐ অ্যাশ কন্টেন্টের কথায় লোকে আর আজকাল ভুলছে না। মেশিন যদি ওভার বার্ডেনড হয়, মেশিন যদি এগজস্ট করা হয়ে থাকে ডিউরিং এমারজেন্সী এবং তখন যদি চলতে পারে তাহলে এখন চলবে না কেন? এই কথাটা আজকে মানুষ জেনে ফেলেছে, সুতরাং ঐ অ্যাশ কন্টেন্টের কথা বলে মানুষকে আর ভাঁওতা দেওয়া যাবে না। প্ল্যানিং সম্বন্ধে আপনারা যা অভিযোগ করলেন তার উত্তর আমি দিয়ে দিলাম। তারপর আপনারা বললেন, স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডে আমাদের অফিসাররা খুব খারাপ ছিল। তাঁদের বদলে কি পেয়েছেন আপনারা? সেখানে থারমাল জেনারেশনে তার মেম্বার নেই। বর্মন কমিশন কি বলেছেন? ডেকেছেন একবারও মিঃ ঘোষকে? ঐ থারমল জেনারেশানের চিফ ইঞ্জিনিয়ার নেই, মেম্বার নেই, ট্রান্সমিশান, ডিসট্রিবিউশানের মেম্বার নেই, আছেন একজন মেকানিক্যাল ইঞ্জিনিয়ার রঘুবাবু। আর আছেন একজন ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার অ্যাবাউট টু রিটায়ার, হি হ্যাজ বিকাম দি ইনচার্জ অব দি পারসোনেল ডিপার্টমেন্ট। ৩৫ হাজার ওয়ার্কার সেখানে। স্পেশালাইজড লোক নিলেন, মিঃ মুখার্জীকে সরিয়ে দেওয়া হল,
১ হি হ্যাজ নাউ বিকাম এ মেম্বার উইদাউট পোর্টফোলিও, কেন, না রাজনীতি। রাজনীতি করে করে দেশটাকে একেবারে খেয়ে নিলেন। তারপর আর একটি অভিযোগ করা হল যে আরো নাকি একসেস ইউজ করেছি। এসেই খুব হৈ চৈ করে দিলেন যে এমারজেন্সীর সময় একসেস ইউজ হয়েছে এবং তারজন্য একেবারে নষ্ট হয়ে গিয়েছে মেশিনগুলি। কিন্তু ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনে কি হচ্ছে? সেখানে তো মেশিনগুলির লাইফ চলে গিয়েছে কিন্তু তা সত্ত্বেও তারা কোনদিন শাট ডাউন করে না, সেখানে ডেলি তারা সেগুলির মেন্টেন্যান্স করেন। তারা কি করে চালাচ্ছেন? সেখানে শাট ডাউন করার সব সময় দরকার হয়না। যদি লোক থাকে সে বুঝতে পারে। কিন্তু সেই লোক যোগাড় করার ক্ষমতা জ্যোতিবাবুর নেই। তিনি সকলের মধ্যেই ভুত দেখেন সকলের মধ্যেই কংগ্রেসি দেখেন, সকলের মধ্যেই চক্রান্ত দেখেন, সকলের মধ্যেই অ্যান্টি সি.পি.এম. মনোভাব দেখেন এবং সকলকেই ভাবেন কেউ কিছু বোঝেন না, জ্যোতিবাবুই পশ্চিমবাংলার একমাত্র লোক যিনি সব কিছু বোঝেন। তার কি রেজাল্ট হয়েছে সেটা আপনারা দেখেছেন। সেখানে Both Home Department and Power Department have failed. I have never seen such worst administrator.

তারপর আরো দেখুন, পুলিশ দিয়ে সাঁওতালদির লেবারদের পেটাতে শুরু করলেন। সেখানে জেনারেশন প্ল্যান্টের কন্ট্রাক্টর লেবারদের সব কটা ইউনিয়ন হচ্ছে সি.পি.এম. এর ইউনিয়ন।

Why they are going slow—why they are going to the tactics of go slow.

দু বছরের কাজ ৫ বছরে করার প্ল্যান কেন? তার কারণ হচ্ছে ৫ বছর বাদে তারা স্পেশালাইজড করবে এবং যাতে বোর্ড অ্যাবজর্ভ করে, সেটা করলে তখন সি.আই.টি.ইউ. এর ইউনিয়নের মেজরিটি হবে সেইজন্য এটা করছে। সেখানে দেশের লোক চুলোয় যাক আমাদের দল থাক আর আমাদের রাজনীতি থাক এই হচ্ছে মনোভাব। এ' যে সবাই বলে আসি যাই মাহিনা পাই কাজ করলে ওভার টাইম চাই সেটা সব জায়গাতেই দেখা যাচ্ছে। সেখানে বিকেল ৫ টার আগে সাঁওতালদিতে মেন্টেন্যান্সের কোন কাজ হয় না, ব্যান্ডেলেও তাই। রাইটার্স বিল্ডিং—এই শুধু ১২ টার সময় লোক আসে তাই নয়, সাঁওতালদিতেও তাই। সাঁওতালদিতে অর্ধেক মেশিন - ইন্ডিকেটিং মেশিন, মনিটরি মেশিন যে সমস্ত দিয়ে টেস্ট করা হয় - অকেজো হয়ে পড়ে আছে। কেউ সেখানে কাজ করে না। হরিয়াণা, পাঞ্জাব, উত্তর প্রদেশ সব জায়গায় এগ্রিকালচারে যে পাওয়ার লাগে তাতে সাবসিডি দেয়।

আর আমরা এগ্রিকালচারে তো সাবসিডি দিই-ই না। কলকাতায় যে ইন্ডাস্ট্রিয়াল হাই টেনসন পাওয়ার দেওয়া হয় তার থেকে প্রায় ৪গুণ দিতে হচ্ছে। ৪ গুণ তো নয়ই, তাদের মাত্র প্রয়োজন ছিল ২০ মেগাওয়াট । ওরা মানুষের জন্য কেঁদে সারা, তাদের জন্য এত দরদ দেখাচ্ছেন, পশ্চিমবাংলার জন্য গম পাঠাও এই সব বলছেন, খালি পরের ধনে পোদ্দারি অথচ ২০ মেগাওয়াট বিদ্যুৎ সাবসিডি দিয়ে গ্রামে দিতে পারছেন না। সেখানে ডিজেল পাওয়া যাচ্ছে না, কিন্তু সাবসিডি দেব না। সাবসিডাইসিং রেটে মাত্র ২০ মেগাওয়াট পাওয়ার দিতে পারছি না। আমাদের এখানে রুরাল ইলেক্ট্রিফিকেশানের জন্য আমি শুনেছি ৬ কোটি ২১ লক্ষ টাকা ফিরে গেছে। বিরাট অ্যাডমিনিস্ট্রেশনের কাজ করেছেন, খরচ কম হয়েছে। ধন্যবাদ জ্যোতিবাবু - এই ইকনমি আমি বুঝতে পারছি না, ৬ কোটি ২১ লক্ষ টাকা ফিরে যাবে আর ট্যাক্স চাপানো হবে আমাদের উপর - ২০% বেড়েছে এবং তাই নিয়ে আবার কথা হচ্ছে, কাগজে বেরোচ্ছে, নানা ব্যাপার চলছে । ননীবাবুকে হেনস্থা করবার চেষ্টা চলছে; ননীবাবু যখন অভিযোগ করলেন হাসপাতালগুলিকে রেহাই দাও বিদ্যুৎ ঘাটতি থেকে তখন তা দেওয়া হল না, সেই একই ব্যাপার চলছে। দেশে বহু হাসপাতাল আছে, কিন্তু রেহাই দেওয়া হয়নি। (ভয়েস : শ্রী কমল কান্তি গুহ : মায়ের চেয়ে মাসীর দরদ বেশি।) আমাদের এখানে এগ্রিকালচার মন্ত্রী আছেন, তিনি নিজেকে মেসো বলেন, মাঝে মাঝে আস্তিন গুটিয়ে ফ্লোরে নেমে পড়েন মারপিট করবার জন্য। তিনি জানেন না, এই ২০ মেগাওয়াট গ্রামের জন্য সাবসিডাইজড্ যদি করা হত তাহলে ওর ডিপার্টমেন্ট সাকসেসফুল হত । সেটা বোঝবার ক্ষমতা কমলবাবুর নেই। ভাগ্য ভাল যে লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেন্ট আপনাদের পেয়েছে, তাই আপনাদের কাঁধে বন্দুক রেখে চালাচ্ছে। এটা বোঝবার ক্ষমতা তো আপনাদের নেই। আমরা এই কথা বলছি পরিকল্পনার দোষ, কেন্দ্রের দোষ, কয়লার অভাব ইত্যাদি। এই সব বাজে কথাগুলি আর বলবেন না। আপনারা যা পেয়েছেন তাই দিয়ে আপনাদের কর্মক্ষমতা বাড়াবার চেষ্টা করুন। এখন দেখা যাচ্ছে প্রোডাক্সান কমে গেছে। প্রোডাক্সান কমে গেলে ওরা আবার সিক ইন্ডাস্ট্রি করে নিয়ে নেন। আমি তাই ভাবছি এই স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের কতটা সিক করে এটাকে আবার কার হাতে তুলে দেবেন - অবস্থাটা তাই দাঁড়িয়েছে। আমি দেখতে পাচ্ছি ল অ্যান্ড অর্ডারের অভাবে কোলাঘাটের থার্মাল পাওয়ার প্ল্যান্টের কাজ নষ্ট হচ্ছে। সেখানে কাজ করতে পারছে না। টেক্সম্যাকার লোকদের পেটানো হচ্ছে। একটি মানুষকে ১২ বার আঘাত করে তার ১২টি মেজর ফ্রাকচার করে দেওয়া হল। জ্যোতিবাবু বলবেন ল অ্যান্ড

অর্ডার ভালই আছে। কোন জায়গায় কাজ হচ্ছে না। করবে কেন? তারা জানে সি.আই.টি.ইউ.তে নাম লেখালেই হল, কারো ক্ষমতা নেই তার গায়ে হাত দেয়, কেশাগ্র স্পর্শ করে। তারা জানে কো-অর্ডিনেশন কমিটিতে নাম লেখালেই হল, কারো ক্ষমতা নেই তাদের কেশাগ্র স্পর্শ করে। কিন্তু এর বাইরে যে কমিটি আছে তাদের সভ্যদের কেশাগ্র স্পর্শ হয়েছে। যেমন হয়েছে সি.পি.এম. পার্টি ছাড়া অন্য কিছু কিছু মন্ত্রীর। ১০০ মেগাওয়াট যদি লস হয়, যদি লেস প্রোডাক্সান হল তার মানে আমাদের দেশে ডেলি মিনিমাম প্রোডাক্সান লেস ১ কোটি টাকার হচ্ছে এগ্রিকালচার এ্যান্ড ইনডাস্ট্রিতে। কাজেই ১ কোটি টাকার প্রোডাক্সান লস হচ্ছে। তার মানে নন-প্রোডাক্সান ইজ ইকোয়াল টু ১ কোটি টাকায় প্রোডাক্সান - ম্যানুফ্যাকচার, এগ্রিকালচারাল এন্ড ইন্ডাস্ট্রিয়াল প্রোডাক্সান কমে যাবে।

[2-50— 3-00 P.M.]

তাই যদি হয় তাহলে তার সঙ্গে যদি চক্রবৃদ্ধি হার ধরি তাহলে দেখব আপনারা এই ১৯৭৭ সাল থেকে কতশত কোটি টাকার উন্নয়ন নষ্ট করেছেন, কতশত কোটি টাকা উন্নতি আপনারা নষ্ট করেছেন কতশত কোটি টাকার সম্পদ নষ্ট করেছেন আপনাদের ব্যর্থতার ফলে। আমি অনুরোধ করি পশ্চিমাবাংলার স্বার্থে জ্যোতিবাবু গদি ছেড়ে দিন। আপনাদের দলের অন্য কাউকে খুঁজে বের করুন কিংবা পঞ্চায়েত মন্ত্রীর উপর খবরদারী করার জন্য যেমন আপনারা একটা কমিটি করেছিলেন সেই রকম আপনার দপ্তরে খবরদারী করার জন্য একটা কমিটি করুন যাতে আপনার ডিপার্টমেন্ট ঠিকভাবে চলতে পারে। শুধু অন্য লোকের উপর দোষ চাপিয়ে দিলে চলবে না। আপনারা এই তিন বছর কি কাজ করলেন - আপনারা কি নাবালক আপনারা কি অন্ধ যে দেখতে পান না। until Hitler committed suicide in the bunker. Until he was thrown out. ততক্ষণ কি কিছুই হবে। আপনারা কেবল চিৎকার করে যাবেন। সমস্ত দায়িত্ব কংগ্রেসের উপর চাপিয়ে আপনারা মনে করছেন এগিয়ে যাবেন? আপনি দেখে আসুন মধ্যপ্রদেশে কি হয়েছে - সেখানে কোন দিন সি.পি.এম. তো সরকার গড়তে পারে নি মাদ্রাজে মহারাষ্ট্রে কি হয়েছে দেখে আসুন। অবশ্য মহারাষ্ট্রে আনফরচুনেটলি হাইডেল প্রোজেক্ট থাকার জন্য প্রাকৃতিক দুর্যোগে কিছু অসুবিধা হয়। আপনারা যদি ১৯৬৭ সালে না আসতেন আপনারা যদি ১৯৬৯ সালে এই রকম তান্ডব নৃত্য না করতেন তাহলে বিদ্যুতের ব্যাপারে কলকাতা তথা পশ্চিমবাংলার এই রকম অবস্থা হোত না। আপনারা কেবল দলবাজি করছেন। তা না করে আপনাদের যে টুকু ক্ষমতা আছে তাকে যদি ঠিকমত কাজে লাগাতেন তাহলে আজকে এই হাল হোত না। দেশের উন্নতি আপনাদের লক্ষ্য নয়, দলকে বাঁচানোই হচ্ছে আপনাদের লক্ষ্য। আমি বলি এই জিনিস আপনারা করবেন না। আমি এই বিদ্যুৎ বরাদ্দকে বিরোধিতা করছি। এবং এই কারণে করছি যে আপনাদের কোন পলিসি নেই, কোন প্রিন্সিপ্যাল নেই in competent administators are sitting here. Money is not safe in their hands.

**শ্রী সুনীতি চট্টরাজ :** অন এ পয়েন্ট অব ইনফরমেশন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলছি যে পশ্চিমবাংলার মানুষের ইচ্ছা এবং আমাদেরও ইচ্ছা যে আমাদের লোডশেডিং মিনিস্টারকে নোবেল প্রাইজ দেওয়া হোক ।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইন্দিরা কংগ্রেসের সদস্য শ্রী সেন যে বক্তৃতা রাখলেন তাতে দেখলাম আসল যে কথা পশ্চিমবাংলার বিদ্যুৎ সমস্যার কথা সেটা দেখতে পেলাম যে। উনি হয়তো গত ৩০ বছরের চিত্র জানেন না, ভোলাবাবু তখন হয়তো কংগ্রেসে ছিলেন কিনা জানি না। কংগ্রেস যা করে গিয়েছিল সেদিকে দেখবার চেষ্টা উনি করেন নি। ১৯৫১ সালে বিদ্যুতের ক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান সর্বশ্রেষ্ঠ ছিল। পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদন হোত ৫৪৬ মেগাওয়াট আর বোম্বেতে সেই সময় ছিল ৪৪১ মেগাওয়াট ।

ইউ.পিতে ২ শত মেগাওয়াট এবং ইউনাইটেড মাদ্রাজে ১৮৩ মেগাওয়াট । পাঞ্জাব, হরিয়ানা এবং পেপসুতে সেখানে ৭০ মেগাওয়াট অর্থাৎ ভারতবর্ষের মধ্যে ১৯৫১ সালে পশ্চিমবঙ্গ শীর্ষস্থানে ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারপরে সেই কংগ্রেস ১০ বছর রাজত্ব করেছিল। বিধানচন্দ্র রায়ের মত দক্ষ, ওরা যা বল্লেন, একজন মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলায় থাকায় ১৯৬২-৬৩ সালে সেখানে ৫২৭ মেগাওয়াট উৎপন্ন হল। অথচ বোম্বেতে তৈরি হল ১০ শত ৫০ মেগাওয়াট , ইউ. পিতে ২ শত থেকে ৭২৬ মেগাওয়াট হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রের অবহেলা কি ভাবে বিদ্যুৎ উৎপাদন করতে গিয়ে হয়েছে এবং এর জন্য যদি তাদের বিন্দুমাত্র লজ্জা থাকতো তাহলে এরা বলতেন যে আমরা পাপ করেছি, কেন্দ্র আমাদের প্রতি অবহেলা করেছে, আসুন, আমরা যৌথভাবে কেন্দ্রের সঙ্গে লড়াই করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোম্বের ৪৪১ মেগাওয়াট ১৯৫১ সালে গিয়ে দাঁড়াল ১০ শত মেগাওয়াট এবং ইউ. পি-র ২ শত মেগাওয়াট থেকে ৭২৬ মেগাওয়াট হয়ে গেল। সম্মিলিত মাদ্রাজে তখন তাদের ১৮৩ মেগাওয়াট ছিল সেটা বেড়ে গিয়ে ৫৫৭ মেগাওয়াট হল। রাজস্থান, হরিয়ানা এবং পেপসুতে ৭০ মেগাওয়াট বেড়ে ৬৮০ মেগাওয়াট । কিন্তু পশ্চিমবঙ্গে তখন বিধানচন্দ্র রায়ের আমলে যে ৫৪৬ মেগাওয়াট যেটা ১৯৬২ সালে ছিল সেটা ৫২৭ মেগাওয়াট হল। এক মেগাওয়াট বিদ্যুৎ বাড়ালো না, অপর দিকে বিদ্যুৎ কমে গেল। তারপর ১৯৬২-৬৩ সালে বিধানচন্দ্র রায় অনেক দরবার করলেন, অনেক চিৎকার করলেন কেন্দ্রের কাছে এবং সেইসব চিৎকার করতে করতে ইতিমধ্যে তিনি মারা গেলেন। ১৯৬২-৬৩ সালের পরে ১৯৬৭ সালের মধ্যে চিৎকার করার ফলে, কেন্দ্রের সঙ্গে ঝগড়া করার ফলে পশ্চিমবাংলার কিছু বিদ্যুৎ বাড়লো ১৯৬২-৬৩ থেকে যেটা প্রফুল্ল চন্দ্র সেনের সময় হয়েছিল। পশ্চিমবাংলার বিদ্যুৎ ৫২৭ মেগাওয়াট বাড়লো, ১২২৭ মেগাওয়াট হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করুন, সেই সময়ে অন্যান্য প্রদেশে কত গুণ বিদ্যুৎ বেড়েছে। পশ্চিমবাংলায় ১৯৫১ সালের থেকে ১৯৬৭ সালের মধ্যে বিদ্যুৎ বাড়লো ৫২৭ থেকে ১২২৭ মেগাওয়াট । আর বম্বেতে, মহারাষ্ট্রে এবং গুজরাটে তাদের ১০১৫ থেকে ১৪৩৭ মেগাওয়াট এবং ৩৬৮ থেকে ৬৫৮ মেগাওয়াট । অর্থাৎ দুটো যদি আমরা যোগ করি তাহলে ১৯৫১ সাল থেকে ১৯৬৭ সালের মধ্যে বম্বেতে বিদ্যুৎ ৪৪১ থেকে বেড়ে প্রায় ২ হাজার ২১ শত মেগাওয়াট বিদ্যুৎ বম্বেতে বেড়ে গেল গুজরাট এবং মহারাষ্ট্রকে নিয়ে। ইউ. পিতে প্রচুর বিদ্যুৎ বেড়ে গিয়ে সেখানে ১৬ শত মেগাওয়াট হল এবং সম্মিলিত মাদ্রাজ, যেটা পরে তামিলনাড়ু হয়েছে সেখানে ৫২৭ থেকে বেড়ে ১৩৫৪ মেগাওয়াট হল। আর পাঞ্জাব, হরিয়ানা এবং পেপসুতে বিগত পরবর্তী সময়ে তারা বিভিন্ন প্রদেশে ১০৮৭ মেগাওয়াট হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার ভাগ্য কিন্তু এখানেই শেষ। ১৯৬৭ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত সেখানে আর

কোন বিদ্যুতের নুতন প্রকল্প ১০ বছরের মধ্যে এ সাত্তার সাহেবের দল চালু করলেন না। অথচ পশ্চিমবাংলায় যেখানে প্রতি বছর ৪৫ মেগাওয়াট তার অতিরিক্ত বিদ্যুৎ লাগছে। এই পরিকল্পনাহীন, এই অপদার্থ তদানিন্তনকালের ইন্দিরা কংগ্রেস, তারা সেখানে বসে ছিলেন, তারা নিজেদের মধ্যে গুলি চালালেন, মারামারি করলেন এবং ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার গঠিত হল তাদের ভাঙ্গবার জন্য ষড়যন্ত্রে লিপ্ত হল। পশ্চিমবাংলায় কোন গঠন মুলক কাজ করার ওদের মন নেই।

[3-00— 3-10 P.M.]

পশ্চিমবাংলার গঠনের কাজে ওদের মন নেই। নিজেরা কে গদিতে বসবে, কে চাকরি বিক্রি করবেন, কে কতলা বাড়ি তৈরি করে নেবেন, এই তারা চিন্তা করেছেন। পশ্চিমবাংলার বিদ্যুৎ সমস্যা নিয়ে তারা কোন চিন্তা করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় ১৯৬৯-৭০ সালে পশ্চিমবাংলার তদানিন্তন মুখ্যমন্ত্রী অজয় মুখার্জী মহাশয়, দিল্লির ইন্দিরা কংগ্রেসের সঙ্গে কথা বলেছিলেন, যদিও এই সরকার মাত্র ৯ মাস ছিল। সেই সময় এই সরকার চেষ্টা করেছিল পশ্চিমবাংলার বিদ্যুৎ উন্নয়নের জন্য এবং ইন্দিরা গান্ধীর কাছে চিঠি লিখেছিলেন যে আমাদের এখানে বিদ্যুৎ প্রকল্প চালু কর। তার উত্তরে মাননীয় ইন্দিরা গান্ধী পশ্চিমবাংলার তদানিন্তন মুখ্যমন্ত্রীকে লিখেছিলেন, যেটা পশ্চিমবঙ্গে পত্রিকায় বেরিয়েছিল সেখানে তিনি লিখেছেন প্রিয় অজয় বাবু এই ভাবে সম্বোধন করে তিনি লিখেছেন - ১৭ই মে তারিখের চিঠি-সাঁওতালদিহির বিদ্যুৎ প্রকল্প সর্ব প্রধান প্রকল্প হিসাবে বিবেচনা করা উচিত বলে তিনি উল্লেখ করেছেন, এই
১ ধরনের প্রকল্পে কেন্দ্রীয় সরকার কর্তৃক শতকরা ১০ ভাগ ব্যয় ভার বহনের কথা তিনি বলেছেন। আপনি রাজ্যের বিদ্যুৎ ঘাটতির জন্য উদ্বেগ প্রকাশ করেছেন, বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে নুতন ব্যবস্থা—ইত্যাদি করে শেষকালে তিনি না করে দিয়েছেন। তিনি দেননি। পুরো চিঠিটা পড়ার আমার সময় নেই, মুখ্যমন্ত্রীর কাছে এটা আছে, তিনি হয়তো সময় পেলে পড়বেন। আগে তিনি এই হাউসের সামনেও বলেছিলেন যে তদানিন্তন অজয় বাবুর মুখ্যমন্ত্রিত্বের সময় পশ্চিমবাংলার উপর বিমাতৃসুলভ আচরণ করা হয়েছিল ঐ ইন্দিরা কংগ্রেসের তরফ থেকে। এবং ১৯৬৭ সালের পরে তাদের যে বিমাতৃসুলভ নীতি পশ্চিমবাংলার উপর ছিল, সেই ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করুন সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে, এই সময় নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট যে সমস্ত তৈরি হয়েছিল, সেই সমস্ত পাওয়ার প্ল্যান্টগুলো যদি লক্ষ্য করেন তাহলে দেখতে পাবেন, প্রথম পাওয়ার প্ল্যান্ট তৈরি করেছেন ওরা তারাপুরে, সেন্ট্রাল এক্সপেন্‌ডিচার সেখানে ৪২১ কোটি টাকা হয়েছে। মহারাষ্ট্রের তারাপুরে আনবিক শক্তির বিদ্যুৎ কারখানা তারা সেখানে তৈরি করেছে। তারপর দ্বিতীয় যেটা হলো নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট ২২০ মেগাওয়াটের রাজস্থানে এবং তৃতীয়টি তৈরি হলো মাদ্রাজে। পশ্চিমবাংলার ভাগ্যে একটাও নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট জুটলো না। অথচ পশ্চিমবাংলায় যে ভাবে জনগণের বিদ্যুতের দাবি বেড়ে চলেছিল দিনের পর দিন, কেন্দ্রীয় সরকার একটাও নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট করলেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্টগুলো এই মাদ্রাজ, মহারাষ্ট্র, গুজরাটে তারা করলো। শুধু পশ্চিমবাংলায় নয়, সারা পূর্ব ভারতের দিকে তাকিয়ে দেখুন এই পূর্ব ভারতীয় অঞ্চলে সমস্ত দিকে ওরা বিমাতৃসুলভ আচরণ করেছিল। কোন পাওয়ার প্ল্যান্ট এই ১০ বছরে ১৯৬৭ সালের পর থেকে কিছু

করলেন না। থর্ম্যাল পাওয়ার প্ল্যান্ট যেগুলো তৈরি হোল এবং যে পরিকল্পনাগুলো গ্রহণ করা হলো প্রথম মির্জাপুর-এ ২ হাজার মেগাওয়াটের পরিকল্পনা তৈরি করলেন, দ্বিতীয় উত্তরপ্রদেশের খোড়বাড়ে তৈরি হলো ২১ শ মেগাওয়াটের এবং মধ্যপ্রদেশে যে পাওয়ার প্ল্যান্টটি তৈরি হবে তাতে প্রধানত মহারাষ্ট্র এবং গুজরাট উপকৃত হবে। তৃতীয়ত পরিকল্পনা তৈরি হলো অন্ধ্রে ১১ শ মেগাওয়াটে । সর্বশেষ পরিকল্পনা, সেটা হলো পশ্চিমবাংলার ফারাক্কায়, এবং এটা ওদের সময় হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি আজকে লক্ষ্য করেন তাহলে দেখবেন নিউক্লিয়ার পাওয়ার প্রোজেক্ট এবং থার্মাল পাওয়ার প্ল্যান্ট সুপরিকল্পিত ভাবে গুজরাট, মহারাষ্ট্র, মাদ্রাজ প্রভৃতি জায়গায় করার ব্যবস্থা করা হয়েছে। আমি একটা তথ্য যদি আপনাদের দিই তাহলে এই ব্যাপারটা আরও পরিষ্কার হয়ে যাবে। এই চিত্র হোল আজকে দেখুন সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে - এদের এই বিমাতৃসুলভ আচরণ এবং নীতি অনুসৃত হবার ফলে ভারতবর্ষের বিদ্যুৎ প্রকল্প তৈরির যে ভারসাম্য, আজকে তা কোথায় গিয়ে দাঁড়িয়েছে?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটা লক্ষ্য করে দেখুন যে, গুজরাটে ২২৫১ মেগাওয়াট তৈরি হচ্ছে। মহারাষ্ট্রে আজকে ৩৮২৪ মেগাওয়াট তৈরি হচ্ছে। তামিলনাড়ু - ২৭১৯ মেগাওয়াট তৈরি করছে। এবং বিহার ৮৪৫ মেগাওয়াট তৈরি করছে, তার সঙ্গে ডি.ভি.সি. আছে। কিন্তু ডি.ভি.সি. কত দেবে তা বিহার জানেনা। আর পশ্চিমবাংলায় আজকে ১৬৩৯.২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। পশ্চিমবাংলায় এত কম হওয়ার কারণ হচ্ছে ১৯৫১ সাল থেকে ১৯৬৭ সালের মধ্যে মাত্র একবার সামান্য কিছু বৃদ্ধি করা হয়েছিল। আর এবারে সেখানে ১২০০ মেগাওয়াট বাড়াবার ব্যবস্থা করা হয়েছে। পূর্বে যেখানে মাত্র ৫৫ মেগাওয়াট বাড়ানো হয়েছিল। সেখানে ১২০০ মেগাওয়াট বাড়ানো হয়েছে এবং তার মধ্যে একটি মাত্র প্রকল্পর সাহায্যে ৪০০ মেগাওয়াট বাড়ানো হয়েছে। অথচ এই প্রোজেক্টের পরিকল্পনার জন্য পশ্চিমবাংলাকে কেন্দ্রীয় সরকার কোন টাকা দেয়নি। কারণ তারা পশ্চিমবাংলার অগ্রগতি চায় না। পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নতি তারা চায় না। যে পশ্চিমবাংলা বিদ্যুৎ উৎপাদন শীর্ষ স্থানে ছিল সুপরিকল্পিতভাবে সেই পশ্চিমাবাংলাকে আজকে সর্বনিম্ন স্থানে নিয়ে আসা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, ইন্দিরা কংগ্রেসের নেতা সেন সাহেব বললেন বিদ্যুৎ ছাঁটাই-এর কথা এবং সেই প্রসঙ্গে তিনি প্রশ্ন রাখলেন যে, আজকে এই সরকার কি কি করেছে? আমি তাঁকে বলব যে, এই সরকার যা করেছে তা তথ্যের মধ্যে পরিস্ফুট হয়ে রয়েছে। সরকারি যে রিপোর্ট প্রকাশিত হয়েছে, সেই রিপোর্ট উনি পড়ে দেখেননি। উনি বললেন, জরুরী অবস্থার সময়ে কি পরিমাণ বিদ্যুৎ উৎপন্ন হয়েছে, সেকথা। আমি ওঁকে বলব যে, তখন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে মেশিনগুলিকে না থামিয়ে, বৈজ্ঞানিক নিয়ম-নীতিকে অবহেলা করে ২৪ ঘন্টা মেশিনগুলি চালিয়েও সাঁওতালদি এবং ব্যান্ডেলে যে পরিমাণ বিদ্যুৎ উৎপন্ন হত, আজকে সেখানে প্রত্যেকটি মেশিনকে ঠান্ডা করে নিয়ম-মাফিকভাবে চালিয়ে তার চেয়ে অনেক বেশি পরিমাণ বিদ্যুৎ উৎপন্ন করতে আমরা পারছি। এটা আমাদের প্রকাশিত রিপোর্টের মধ্যেই উনি দেখতে পেতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৯-৮০ সালের ইকোনমিক রিভউ-র যেখানে টাকার অঙ্ক দেওয়া আছে সেখানে পরিষ্কার দেখানো হয়েছে যে, জরুরী অবস্থার সময়ে পশ্চিমবাংলা বিদ্যুৎ উৎপাদন করেছিল ৩৪.৩ কোটি টাকার। আমাদের এই সরকারের সময়ে এই অবস্থায়ও আজকে আমরা ৩৫.৮৪ কোটি টাকার বিদ্যুৎ উৎপাদন

করেছি। আজকে এটা বামফ্রন্ট সরকার করেছে। সুতরাং এ সমস্ত ভূয়া এবং অসত্য ভাষণ দিয়ে ইন্দিরা কংগ্রেসের নেতারা মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা যতই করুন না কেন, আজকে মানুষ ওঁদের কথায় বিভ্রান্ত হবে না। আজকে যদি ওঁরা পড়াশুনা করতেন তাহলে দেখতে পেতেন যে, এই সরকার সমস্ত রকম সীমাবদ্ধতার মধ্যে, সমস্ত অসুবিধার মধ্যে কেন্দ্রীয় সকরারের সম্পূর্ণ অসহযোগিতা সত্বেও সুপরিকল্পিতভাবে দুটি পরিকল্পনা গ্রহণ করেছে এবং তার দ্বারা বিদ্যুতের উৎপাদন পশ্চিমবাংলায় বাড়িয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষের অন্যান্য প্রদেশে হাজার হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার জন্য থার্মাল পাওয়ার প্ল্যান্ট, নিউক্লিয়ার পাওয়ার স্টেশন করা হয়েছে। কিন্তু আজকে আমরা দেখছি সেই সব রাজ্যেও বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে, ইলেক্ট্রিসিটি কাট হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওঁদের আর একটি তথ্য আপনার মাধ্যমে দিতে চাই। সেন-সাহেব বললেন, আমরা পশ্চিমবাংলায় অন্ধকারে রয়েছি। আমি তাঁকে একটু উত্তর-প্রদেশের হরিদ্বারের কথা চিন্তা করতে বলব। সেখানে কোন শিল্প বা কল-কারখানা নেই, সেখানে সকাল ৮ টায় লোডশেডিং শুরু হলে রাত্রি ৮ টা পর্যন্ত লোডশেডিং চলে। এ ছাড়াও মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরো কয়েকটি তথ্য আপনার মাধ্যমে পরিবেশন করতে চাই।

[3-10— 3-20 P.M.]

একমাস আগে আমাদের মাননীয় মন্ত্রী শ্রী কানাই লাল ভট্টাচার্য মহাশয় তামিলনাড়ুতে গিয়েছিলেন, সেখানে ৬০ পারসেন্ট পাওয়ার কাট হয়। হরিয়ানায় ৫০ পারসেন্ট কাট for heavy industries and 40% cut for other industries. মহারাষ্ট্রে ৩৫ পারসেন্ট কাট for continuous processing industries and 55% cut for textile and general industries. পাঞ্জাবে ৪০ পারসেন্ট কাট হয়। উড়িষ্যায় কি হয়, যে উড়িষ্যা থেকে আমাদের বিদ্যুৎ দেবার কথা বলেছেন, তাদের থিওরি হচ্ছে সব চেয়ে বেশি বিদ্যুৎ সরবরাহ করবো সেই উড়িষ্যায় আমরা দেখছি ৪৫ পারসেন্ট কাট হচ্ছে বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরপ্রদেশ যেখানে আমরা প্ল্যান্টের পর প্ল্যান্ট দেখেছি, কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ মনোভাব গ্রহণ করে উত্তরপ্রদেশে প্ল্যান্টের পর প্ল্যান্ট, পাওয়ারের পর পাওয়ার বসিয়েছে সেই উত্তরপ্রদেশে যদি লক্ষ্য করা যায় তাহলে দেখা যাবে সেখানে 100% cut on all industries for a period ranging from 7 to 15 days in a month. মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরপ্রদেশ, তামিলনাড়ু, উড়িষ্যা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, গুজরাট, হরিয়ানা, কর্নাটক সমস্ত জায়গায় আজকে মারাত্মকভাবে পাওয়ার কাট হচ্ছে । ইন্দিরা কংগ্রেসের চেলা-চামুন্ডারা যেসব রাজ্যে রাজত্ব করছেন সেই সব রাজ্যে ভীষণভাবে বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে। গুজরাট, মহারাষ্ট্রে যেখানে নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট আছে থারমাল পাওয়ার স্টেশন আছে - প্রায় ২ হাজার থেকে ৩ হাজার মেগাওয়াট বিদ্যুৎ যেখানে উৎপাদন করার কথা সেই গুজরাট এবং মহারাষ্ট্রে ৪০ পারসেন্ট থেকে ৫০ পারসেন্ট পাওয়ার কাট হচ্ছে। অথচ এই পশ্চিমবাংলা যেখানে অবহেলিত যেখানে কেন্দ্রীয় সরকার গত ৩০ বছর ধরে বিমাতৃসুলভ মনোভাব পোষণ করে এসেছেন যেখানে বিধানচন্দ্র রায়কে এর জন্য যুদ্ধ করতে হয়েছে, প্রফুল্লচন্দ্র সেনকে যুদ্ধ করতে হয়েছে সেখানে এই পশ্চিমবাংলায় অন্যান্য রাজ্যের তুলনায় ২০ পারসেন্ট থেকে ৪০ পারসেন্ট বিদ্যুৎ ছাঁটাই হয়েছে। ২০ থেকে ৪৪ পারসেন্ট কাট

উইথ পিক আওয়ার রেসট্রিকশান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার পশ্চিমবাংলার বিদ্যুৎ সংকট মোচনের জন্য কতকগুলি ব্যবস্থা নিয়েছেন। কোলাঘাটে ৩টি ইউনিট তৈরি করার কথা হয়েছে ২১০ মেগাওয়াট সম্পন্ন। সাঁওতালদিহিতে চতুর্থ ইউনিট ১২০ মেগাওয়াট সম্পন্ন, ব্যান্ডেলে ২১০ মেগাওয়াটের পঞ্চম ইউনিট যেটা ১৯৮০ সালের মাঝামাঝি শেষ হওয়ার কথা। দুর্গাপুরে সিক্সথ ইউনিট ১১০ মেগাওয়াট সম্পন্ন যেটা ১৯৮২ সালের মধ্যে শেষ হচ্ছে। আর ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাইয়ের টিটাগড়ে ৪টি ইউনিট করবে প্রত্যেকটি ৬০ মেগাওয়াট করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ কংগ্রেসিরা দীর্ঘ ৩০ বছর ধরে পশ্চিমবাংলার বিদ্যুৎ উৎপাদনকে পঙ্গু করে রেখেছিল, ওদের এ বিষয়ে সমালোচনা করা উচিত নয়, লজ্জা করা উচিত। এই সরকার চেষ্টা করছেন বিদ্যুৎ শক্তিকে আরও বাড়িয়ে ১৯৮২-৮৩ সালে পরিপূর্ণ করে তুলবেন যা কোনদিন কংগ্রেসিরা পারেনি। সেইজন্য এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে :** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, অনিল বাবু তাঁর বিবৃতিতে বললেন যে ভোলাবাবু এখানে যে বিবৃতি দিয়েছেন তাতে তিনি হাউসকে বিভ্রান্ত করেছেন এবং এর আগে বামফ্রন্ট সরকার যা বলে আসছেন তাতে ৩০ বছরের কংগ্রেস অপশাসনের ফলে এটা হয়েছে বলে তিনি বললেন। অতএব ভোলাবাবু যে স্পিচ দিয়েছেন এবং উনি যা বলছেন তার সঙ্গে এটা মিলছে না। এইজন্য মুখ্যমন্ত্রী যদি পরিষ্কার করে বলেন যাতে করে আমরা জিনিসটা যাচাই করে নিতে পারি।

**শ্রী গোপাল বসু :** স্যার, অনিলবাবু বক্তৃতা শেষ করার পরই একজন সদস্য নিজের ব্যক্তিগত এক্সপ্ল্যানেশন নয়, অথচ দাঁড়িয়ে উঠে হঠাৎ একটা ছোট বক্তৃতা করলেন। এটা হাউসের অর্ডার? মাননীয় সদস্যের জানা উচিত যে এই জিনিস চলে না।

**মিঃ স্পিকার :** হ্যাঁ, এরকম জিনিস চলে না, এটা ঠিক।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থের প্রয়োজনে মুখ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দটি এনেছেন আমি তার সমর্থন করছি। ৫৭ কোটি টাকার জায়গায় তিনি যদি আরও ৪ গুণ বৃদ্ধি করতেন তাহলে আনন্দিত হতাম। কৃষি ও ক্ষুদ্র শিল্পের জন্য বিদ্যুতের প্রয়োজন। কংগ্রেস এই সব কাজের জন্য বিদ্যুৎকে ঠিকভাবে ব্যবহার করেন নি। যুক্তফ্রন্টের আমল থেকেই বিদ্যুৎ কৃষি এবং ক্ষুদ্র শিল্পের প্রয়োজনে ব্যবহৃত হচ্ছে। জনতা এবং কংগ্রেস থেকে যে সমস্ত কথা বললেন তার উত্তরে সরকার পক্ষ থেকে যে দুজন বক্তব্য রেখেছেন তাতে তাঁরা শুধু কৈফিয়তই দিয়ে গেছেন, প্রগতির কথা বেশি বলেন নি। এখানে বিভিন্ন প্রদেশের কথা বলা হয়েছে কিন্তু আমাদের কি হওয়া উচিত সেসব কিছুই তাঁদের বিবৃতির মধ্যে নেই বলে আমি হতাশ হয়েছি। তাঁরা যদি বলতেন যে আমাদের এই এই কারণে বিদ্যুতের আরও প্রয়োজন তাহলে মুখ্যমন্ত্রীর হাতকে আরও শক্তিশালী করা হোত। কোলাঘাট বিদ্যুৎ প্রকল্প যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সেজন্য আমরাও চেষ্টা করছি। এখানকার বিধানসভার সদস্য স্বদেশবাবু কয়েকবার মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে সেখানকার সহযোগী

কমিটির কথা বলেছিলেন, তিনি তাঁকে বলেছিলেন সেদিনকার কংগ্রেসের যারা তাঁবেদারী করত তাদেরই সেখানে আবার রাখা হয়েছে। একজনকে সম্পাদক হিসাবে রাখা হয়েছে যার বিরুদ্ধে ৩/৪ টি ফৌজদারী মামলা আছে।

[3-20— 4-00 P.M.] (Including adjournament)

অবশ্য ২ বছর পর তাকে বাদ দিয়ে নূতনভাবে কমিটি করা হয়েছে। বিদ্যুৎ পরিকল্পনায় এবং উন্নয়নমূলক কাজে জনসাধারণের প্রয়োজন আমরা যে সহযোগিতার হস্ত প্রসারিত করেছি, তা আপনারা গ্রহণ করেন নি। কোলাঘাট বিদ্যুৎ পরিকল্পনা যদি তাড়াতাড়ি হয় তাহলে শুধু মেদিনীপুর নয়, বর্ধমান হাওড়ার সমস্ত কৃষি এবং ক্ষুদ্র শিল্প উপকৃত হবে। নন্দীগ্রাম থানার একটি গ্রামেও বিদ্যুৎ নেই বলে আমি যে প্রশ্ন করেছিলাম তার উত্তরে মুখ্যমন্ত্রী সেদিন এখানে বলেছিলেন যে ৫ খানা গ্রামের বিদ্যুৎ গেছে। আমি তাঁকে চ্যালেঞ্জ নিয়ে বলতে পারি ৫ খানা গ্রাম কেন, একটি বাড়িতেও যদি বিদ্যুৎ যায় তাহলে আমি পদত্যাগ করব, কিংবা যিনি তাঁকে বলে দিয়েছেন তার শাস্তি তিনি দেবেন, ১৯৭৭ সালে নির্বাচন ভিত্তিক খুঁটি গাড়া হয়েছিল কিন্তু একটিও লাইন সেখানে দিয়ে যায় নি এবং বর্তমানে সে খুঁটিগুলিও নেই। তমলুক মহকুমার একের তিন অংশ গ্রামে বিদ্যুৎ যায় নি। এইভাবে বিদ্যুৎ যদি না যায় তাহলে হলদিয়ার পরিপূরণ হিসাবে সমস্ত গ্রামে যে ক্ষুদ্রশিল্প হবে তার কাজ ব্যহত হবে। সেইজন্য মনে করি কোলাঘাটের উপর খুব বেশি জোর দেওয়া দরকার এ ব্যাপারে সেখানকর সেক্রেটারি এবং চিফ ইঞ্জিনিয়ার যাঁরা আছেন তাঁদের বক্তব্য শুনলে ভুল করবেন। সেই চিফ ইঞ্জিনিয়ারকে সরিয়ে নিয়ে এসে পার্সোনাল ম্যানেজার করেছেন কিন্তু আমি বলব সেখানকার যিনি বিধানসভার সদস্য তাঁর সহযোগিতা এ বিষয়ে গ্রহণ করা উচিত। আজকে গ্রাম বা ছোট ছোট শহরে বিদ্যুৎ না গেলে গ্রামীণ পরিকল্পনাগুলি নষ্ট হয়ে যাবে এবং কৃষি উৎপাদন ব্যহত হবে। ডিপ টিউবওয়েলের জন্য বিদ্যুতের খুব প্রয়োজন। ডিপ টিউবওয়েলের মাধ্যমে কৃষি উন্নতি হতে পারে। মেদিনীপুরকে শস্য ভাণ্ডার বলা যায় এবং বর্তমানের চেয়েও দু-তিন গুণ সেখানে শস্য উৎপাদন বৃদ্ধি হতে পারে যদি সেখানে ডিপ টিউবওয়েল এবং স্যালো টিউবওয়েল করা যায়। আমি বলব চণ্ডীপুরের ওসমানপুর ইত্যাদি ৫ খানা গ্রামে তদন্ত করার জন্য আপনি একটা টিম পাঠান, আমিও সেখানে থাকব এবং মুখ্যমন্ত্রী যদি যান তাহলে ভালই হবে সেখানে গিয়ে দেখে আসবেন একটা গ্রামেও বিদ্যুৎ যায় নি। অনেক গ্রাম দেখান হয়েছে যেখানে বিদ্যুৎ গেছে কিন্তু তা ঠিক নয়। রাস্তার পাশ দিয়ে গেছে কিন্তু গ্রামের মধ্যে যায়নি এটাই সত্য ঘটনা। আমি আপনাদের কাছে বলব ১৯৬৮-৬৯ সালে আমাদের সুশীল বাবু যখন বিদ্যুৎ মন্ত্রী ছিলেন তখন এই তমলুক মহকুমায় কিছু বিদ্যুতের লাইন গিয়েছিল, তারপর থেকে এই মহকুমায় এক ইঞ্চি বিদ্যুৎ লাইনও যায়নি। এই বছরে কয়েকটি খুঁটি পোঁতা হচ্ছে, বিদ্যুৎ যাবার পরিকল্পনা হচ্ছে। কিন্তু গত ৩ বছর বিদ্যুৎ মন্ত্রী হিসাবে আপনি ঐ মহকুমাকে এত অবহেলা করেছেন কেন? আমরা আপনার পক্ষের সদস্য নয় বলে জনতা পার্টির সদস্য বলে কি আমাদের ওখানে বিদ্যুৎ যাবে না? কংগ্রেসের কথা বলবেন না, ওঁরা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত সরকারে ছিলেন, ওঁরা দলবাজি ছাড়া আর কিছু করেননি। ১৯৬৭-৬৮ সালে ওখানে যা বিদ্যুৎ গিয়েছিল, তারপর আর বিদ্যুৎ যায়নি। আপনার দপ্তরে যারা আছে তাদের সম্পর্কে

আপনি সজাগ হবেন। এই বিভাগের যারা অফিসার, কর্মচারী আছে তাদের কাছে জনসাধারণ তো দূরের কথা আমরা এম.এল.এ.-রা পর্যন্ত ঠাঁই পাই না। আমরা যখন যাই তখন আমাদের কি চোখে দেখেন সেটা বলা যাবে না। আমাদের কথার উত্তর দিতে চায় না, আমাদের বলেন যখন হবে তখন হবে, মুখ্যমন্ত্রী বললেও কিছু হবে না, এই রকম বক্তব্য বলে থাকেন। এই যে দপ্তরে এই দপ্তর সর্ম্পকে আপনাকে সজাগ হতে বলব। এই দপ্তরে যে সব কর্মচারী আছে তাদের ঐ আগেকার বাস্তুঘুঘুরা বসিয়েছে, তাদের নিজেদের বন্ধুবান্ধবদের ঢুকিয়েছে, বিদ্যুতের অগ্রগতির জন্য যাদের প্রয়োজন সেইসব ইঞ্জিনিয়ারদের ঢোকান নি। দেশের কল্যাণের জন্য, গ্রামের কল্যাণের জন্য, গ্রামের কৃষি উৎপাদনের প্রয়োজনে, কুটির শিল্পের উৎপাদনের প্রয়োজনে সেইসব ইঞ্জিনিয়ারদের তাঁরা ঢোকাননি। সেইজন্য আজকে এই বিদ্যুতের সংকট। আপনি নিজে যখন এই দপ্তরের দায়িত্ব নিয়েছেন তখন এই বিদ্যুতের দায়িত্ব বিদ্যুৎ গতিতে পালিত হওয়া উচিত, তবেই দেশের মঙ্গল হবে, দেরী করলে ভুল করবেন। আমি জানি বিদ্যুৎ বিভাগের কর্মচারীরা অনেক অঘটন ঘটানোর চেষ্টা করছে। কর্মচারী হিসাবে নতুন নিয়োগ করা হচ্ছে আমি জানি আপনাদের মতের বিরোধী আমাদের মতের বিরোধী অনেক ছেলেকে ঢোকান হচ্ছে, তারা এই সরকারকে জনসমক্ষে হেয় করবার জন্য বিদ্যুৎ বিভাগের কাজকে অচল করে দেওয়ার চেষ্টা করছে। এটা আপনাকে খোষামোদ করার জন্য বলছি না, আপনাদের সমর্থন করছি আমাদের স্বার্থ সিদ্ধি করার জন্য নয়, জনসাধারণের কল্যাণের জন্য এই দপ্তরের ব্যায়-বরাদ্দ সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে দাবি করছি এই বিভাগের আরো ব্যায়-বরাদ্দ বাড়িয়ে আরো দ্রুত অগ্রগতির পক্ষে দেশকে এগিয়ে নিয়ে যাবেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-00— 4-10 P.M.]

**শ্রী সন্তোষ রানা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী বিধানসভায় বিদ্যুৎ খাতে যে বাজেট পেশ করেছেন সে সম্পর্কে আমি কিছু বলতে চাই। বিদ্যুতের ব্যাপারে যে দুটি প্রশ্ন আছে তার একটি হচ্ছে বিদ্যুৎ উৎপাদনের প্রশ্ন এবং আর একটি হচ্ছে সেই উৎপন্ন বিদ্যুৎ বন্টন করবার প্রশ্ন। বিদ্যুৎ উৎপাদন এবং বন্টন এই উভয় ক্ষেত্রেই রাজ্য সরকার যে নীতি গ্রহণ করেছেন সেই নীতির আমি সম্পূর্ণরূপে বিরোধিতা করি। আমি কেন বিরোধিতা করছি সেকথা আমি পরে বলছি। আমাদের দেশে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ খুবই কম।

**শ্রী সুনীতি চট্টরাজ :** ভারপ্রাপ্ত মন্ত্রী ফেল করেছেন এরকম একটি গুরুত্বপূর্ণ দপ্তর সম্বন্ধে মাননীয় সদস্য বক্তব্য রাখছেন অথচ মুখ্যমন্ত্রী হাউসে নেই।

**শ্রী সন্তোষ রানা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবাংলায় মাথাপিছু গড়পড়তা বিদ্যুৎ উৎপাদনের যে হিসেব দেওয়া হয়েছে তাতে দেখছি ১১৪ ইউনিট। অর্থাৎ পশ্চিমবাংলার প্রতিটি লোক গড়ে একটি ৬০ পাওয়ারের বাল্ব মাত্র দু'ঘন্টা জ্বালাতে পারে। ১৯৭৭ সালে যখন কংগ্রেস সরকারের অবসান ঘটে তখন অবস্থাটা এর চেয়ে ভাল ছিলনা। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে জেনারেটিং ক্যাপাসিটি যে বাড়ান হয়নি একথা ঠিক। ১৯৭৭ সালে যখন এই সরকার ক্ষমতায় এলেন তখন তাঁরা কি অবস্থায় এসে পড়লেন? একদিকে বিদ্যুতের প্রচণ্ড চাহিদা অথচ অভাব এবং অন্যদিকে যে সমস্ত জেনারেটিং সেট ছিল সেগুলি

ক্রমাগত ফেইল করছে, একটার পর একটা ফেইল করছে, কাজেই কিছু করা দরকার। সরকার যেটা করছেন সেটা হল তাঁরা তাড়াতাড়ি করে কিছু নূতন ক্ষমতা বাড়াবার চেষ্টা করেছেন। তাড়াহুড়ো করেই বলতে হয় নূতন ক্ষমতা বাড়াবার চেষ্টা করেছেন। অপর দিকে যে ক্ষমতা আগে থেকে ছিল, ভালভাবে চালনোর ক্ষেত্রে অনেক অসুবিধা দেখা গিয়েছে। সেগুলির যে ক্যাপাসিটি ছিল সেই অনুযায়ী ক্যাপাসিটি অনুযায়ী সেগুলিতে বিদ্যুৎ উৎপাদন হয়নি। এখন ব্যাপার হচ্ছে যে রকম চাহিদা বেড়েছে, তাড়াহুড়ো করে গ্যাস টারবাইনগুলি করা ছাড়া কি অন্য কোন উপায় ছিলনা? আমি মনে করি এখানে একটা দৃষ্টিভঙ্গীর প্রশ্ন জড়িত রয়েছে। দৃষ্টিভঙ্গীটা হচ্ছে যে গ্যাস টারবাইন ৪টি যা বসান হয়েছে তাতে ৮০ মেগাওয়াট বিদ্যুৎ তারা দিচ্ছে এগুলি সবই ঠিক কথা, তারা এফিসিয়েন্টলি কাজ করছে সেটাও আমি মানলাম কিন্তু এইরকমভাবে আমরা টারবাইন বসাতে থাকি, একটা গ্যাস টারবাইন বসাতে গেলে তার যে ফুয়েল বলুন, প্রযুক্তি বিদ্যা বলুন, এই সমস্তর জন্য আমাদের বিদেশের উপর নির্ভর করে থাকতে হয়। একে তো গত ৩০ বৎসরে শিল্পনীতির ক্ষেত্রে, বিদ্যুতের ক্ষেত্রে যে নীতি গ্রহণ করা হয়েছে সে নীতিটাই ভুল, প্রযুক্তিবিদ্যা বা ফুয়েলের সমস্যা, এই সব ব্যাপারে আমাদের দেশের মধ্যে যা পাওয়া সম্ভব সেগুলিকে আরো বেশি করে ব্যবহার করা এই নীতির বদলে আরো বেশি করে বিদেশের উপর নির্ভর করা হয়েছে যে কারণে আমাদের দেশের যে ইঞ্জিনিয়ার তাদের যে দক্ষতা যেটুকু আছে তা পুরোপুরি কাজে লাগান হয়নি, আমাদের যে প্রাকৃতিক সম্পদ তাকে আমরা ঠিকভাবে কাজে লাগাতে পারিনি এবং এখন আমাদের স্বনির্ভরতা বেড়েছে, আত্ম নির্ভরতার রাস্তায় আমরা এগুতে পারিনি, সেই কারণে এই যে ৮০ মেগাওয়াটের গ্যাস টারবাইন বসান হল নীতিগতভাবে দৃষ্টিভঙ্গীর দিক থেকে এই ব্যাপারটার আমি বিরোধিতা করছি। আমার মনে হয় এইভাবে কাজ করা উচিত নয়, একটা নূতন রাস্তা দেখান দরকার। সমস্যাগুলি এই সরকার ক্ষমতায় আসার দু'দিনের মধ্যেই সব সমাধান করে দেবেন এটা কেউই আশা করিনা কিন্তু নূতন দৃষ্টিভঙ্গী একটা পরিলক্ষিত হবে, যে পথে এই ব্যবস্থা চলছে সেই পথে আর চলা হবেনা, নূতন পথে চলা সম্ভব হবে এটাই মানুষ দেখতে চায়। অর্থাৎ আমাদের চেষ্টা করা উচিত, হতে পারে ২০০ মেগাওয়াটের একটা বিদ্যুৎ কেন্দ্র যদি স্থাপন করতে হয় তারজন্য ফরেন টেকনোলজি লাগবে এবং অনেক অসুবিধার মধ্যে দিয়ে আমাদের এগুতে হবে কিন্তু ছোট ছোট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র যেগুলি আমাদের প্রযুক্তি বিদ্যা দিয়ে, আমাদের ইঞ্জিনিয়ারদের যে কারিগরিক জ্ঞান আছে, দক্ষতা আছে, সেটাকে ব্যবহার করে আমরা অনেকগুলি ছোট ছোট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র করতে পারি এবং এই ক্ষেত্রে গ্যাস টারবাইন নয়, বরং তাপ বিদ্যুৎ কেন্দ্র এবং জল বিদ্যুৎ কেন্দ্র এর উপর আমাদের বেশি বেশি করে নির্ভর করা উচিত। এই দৃষ্টিভঙ্গীটা রাজ্য সরকার যদি গ্রহণ করেন তাহলে শেষ পর্যন্ত দেশের ভাল হবে। এখন আমি বলবো যে এই তাড়াহুড়ো না করে যদি এই গ্যাস টারবাইন বসান না হতো তাহলে যে রকম অসুবিধার মধ্যে আমরা পড়েছি, যে রকম সংকট দেখা দিয়েছে, যে রকম অভাব দেখা দিয়েছে, সেই অভাবটা আমরা কিভাবে পূরণ করতে পারি। কলকারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে, গ্রামাঞ্চলে যেটুকু বিদ্যুৎ গিয়েছে কোন কোন জায়গায় সেই সব জায়গায় ডিপ টিউবওয়েলে বিদ্যুৎ পাচ্ছেনা, ফলে চাষীরা চাষ করতো মাঠে বিদ্যুৎ পাবে এই আশায়, বিদ্যুৎ তারা পাচ্ছেন, তাদের মাঠে ফসল শুকিয়ে যাচ্ছে, নষ্ট হয়ে যাচ্ছে, এই অবস্থায় এই

যে সমস্যা দেখা দিয়েছে তার সমাধান কিভাবে করা যায়। এই সমস্যা সমাধান করার জন অন্য রাস্তা নিতে হবে এবং সেই রাস্তাটা হল যে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে, বিদ্যুৎ বন্টনের ক্ষেত্রে প্রায়রিটি ঠিক করতে হবে এবং প্রায়রিটি অবশ্যই দিতে হবে। শিল্প, কৃষি এবং হাসপাতাল, এইগুলিকে প্রায়রিটি অবশ্যই দিতে হবে। অর্থাৎ অমি বলতে চাই বাড়ির ব্যবহারের জন্য ধরুন আলো, পাখা বা এয়ার কন্ডিশন বা ফ্রিজ যদি বন্ধ হয়ে যায় বিদ্যুতের অভাবে তাহলে তা বন্ধ হয়ে যাক। সাধারণত আমাদের যে পরিমাণ বিদ্যুৎ আছে সেটা দিয়ে যেটা আমাদের মানুষের কাজের সঙ্গে, রুজি রোজগারের সঙ্গে সম্পর্কিত অর্থাৎ শিল্প, কৃষি, হাসপাতাল ইত্যাদি এইগুলিকে অগ্রাধিকার দেন। এইগুলিকে অগ্রাধিকার দিয়ে সেইভাবে বিদ্যুতকে ব্যবহার করুন। সেইভাবে যদি ব্যবহার করা যায় তাহলে এখন যে পরিমাণে বিদ্যুৎ তৈরি হচ্ছে তাই দিয়ে অন্তত:পক্ষে কলকারখানাগুলি চালান যাবে এবং গ্রামাঞ্চলে যে পরিমণ বিদ্যুৎ পৌছে দেওয়া সম্ভব হয়েছে তার থেকে অনেক বেশি পরিমাণ বিদ্যুৎ পৌছে দেওয়া সম্ভব হবে, অনেক বেশি জমিতে চাষের ব্যবস্থা করা সম্ভব হবে। গ্রামাঞ্চলে অনেক ক্ষুদ্র শিল্প, পোলট্রি বা অন্যান্য ধরনের পশু পালন, এই সমস্ত ক্ষেত্রে বিদ্যুতের ব্যবহার বাড়ান যাবে। অর্থাৎ বন্টনের ক্ষেত্রে একটা নূতন দৃষ্টিভঙ্গী আনা উচিত। বলতে পারেন শহরের লোকেরা যেভাবে বিদ্যুত অভ্যস্ত, আলো জ্বালাতে, পাখা জালাতে, এই গরমের মধ্যে কি করে মানুষ বাস করবে, হ্যাঁ, এই রকম কষ্ট স্বীকার মানুষকে করতেই হবে তাছাড়া কোন উপায় নেই।

[4-10— 4-20 P.M.]

যদি রেশনিং করতে হয় তাহলে এইরকম রেশনিং করা উচিত। কিন্তু দেখলাম সরকারের দৃষ্টিভঙ্গীতে যা করা হয়েছে, যেভাবে রেশনিং করা হয়েছে, তাতে কল-কারখানা বন্ধ করে দেওয়া হয়েছে। কলকারখানার বিদ্যুৎ সরবরাহ ছাঁটাই করা হয়েছে, অথবা কৃষকদের বিদ্যুৎ সরবরাহ ছাঁটাই করা হয়েছে। আমার মনে হয় এই দৃষ্টিভঙ্গী সম্পূর্ণভাবে ভুল। আমি যেকথা বলতে চাইছিলাম সেটা হচ্ছে, উৎপাদন এবং বন্টনের যে নীতি নেওয়া হয়েছে সার্বিক দিক থেকে সেটা আমাদের দেশের চূড়ান্ত স্বার্থের দিকে না তাকিয়ে কাজ করা হয়েছে। এই নীতিগুলি অবশ্যই পাল্টানো উচিত। উৎপাদনের ক্ষেত্রে আরও আত্মনির্ভরশীল হতে হবে গ্যাস টারবাইন থেকে জল বিদ্যুৎ অথবা তাপ বিদ্যুতের দিকে নজর দেওয়া উচিত এবং বন্টনের দিকে শিল্প এবং কৃষিকে অগ্রাধিকার দেওয়া উচিত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** মিঃ ডেপুটি স্পিকার মহাশয়, অনেকক্ষণ ধরে বিরোধী দলের বক্তৃতা অমি শুনলাম। বিরোধী দলের মাননীয় বক্তা শ্রী ভোলানাথ সেন মহাশয় বললেন পশ্চিমবঙ্গে প্ল্যানিং করার ব্যাপারে কোন ত্রুটি ছিল না। সিদ্ধার্থ শংকর রায় ওঁদেরই নেতা ছিলেন। আজকে তাঁকে নেতা না মানতে পারেন। সেই সময়ে যে বর্মন কমিশন বসানো হয়েছিল, সেই বর্মন কমিশন কি বলেছেন, শুনুন, Problem of power shortage in West Bengal has arisen mainly due to faulty planning and non-implementation of power project during the 4th five year plan wide gap between the installed capacity and generation by the existing power stations. সুতরাং এইটা আমাদের কথা নয়। ওঁনারা যে কমিশন বসিয়েছিলেন, সেই কমিশন

বলছে যে চতুর্থ পরিকল্পনা, পরিকল্পনার মধ্যে ত্রুটি ছিল এবং যা ছিল তাও কার্যকর ব্যাপারে ত্রুটি ছিল এবং যেটা বসানো হল সেটা ইনস্টল ক্যাপাসিটি অনুযায়ী কাজ হচ্ছে না। উনি বলেছেন, খবর-টবর রাখেন না বলেই বোধ হয় বলেছেন। কোর্টের বক্তৃতা দেন এবং এখানেও বক্তৃতা দেন। তিনি অনেক কথা বলেছেন। ওভার টাইম সম্পর্কে যেসব কথা বলেছেন আমি অনুরোধ করবো, সাঁওতালদিহির গেটে গিয়ে ওভার-টাইম-এর বিরুদ্ধে বক্তৃতা দিন, তাহলে সাঁওতালদিহির ওঁনাদের চেলারা যারা তারাই ওঁর চামড়া তুলে নেবে। কারণ তারাই এই ব্যবস্থা করেছে। এই ব্যবস্থা ওঁনাদের আমলেই সৃষ্টি হয়েছিল এবং এই ব্যবস্থায় একটা গাড়ি ২৪ ঘন্টা ড্রাইভারের কাছে থাকবে এবং যে সময়টা থাকবে সেই সব সময়ের জন্য ওভার টাইম দিতে হবে। এইটা এই সরকার করেন নি, আমাদের সরকার করেন নি, ওঁদের সময়েই করা হয়েছিল। এখন আই,এন,টি,ইউ,সির নেতারা বলছেন, কাজ না করলেও ওভার টাইম দিতে হবে, গাড়ি ড্রাইভারের কাছ থেকে শিফ্‌ট করা যাবে না। শুধু তাই নয়, ব্যান্ডেলে জানি, ব্যক্তিগতভাবে জানি, যারা ওভার-টাইম নিচ্ছেন, অনেকেই বেলা ১২ টার সময় কাজে আসেন। সেইজন্য ভোলানাথ সেন যে অভিযোগ করেছেন সেটা ঠিকই। ওখানে অ্যাডিশন্যাল চীফ ইঞ্জিনিয়ার বোধ হয় ১৪ জনের পরে মাইনে পান। এই ব্যবস্থা দীর্ঘদিনের। এই ব্যবস্থা নিশ্চয় চলতে দেওয়া উচিত নয়। এইটা নিশ্চয় মোকাবিলা করতে হবে এবং শ্রী ভোলানাথ সেন এবং কংগ্রেসি বন্ধুরা যদি সাহায্য করতে চান, তাহলে তাঁরা দয়া করে তাদের কর্মীদের বলুন না, তারা যেন এই রকম আন্দোলন না করেন৷ এছাড়া, ড্যামারেজের কথা বলা হয়েছে। কয়লা ড্যামারেজ ভাল করে জানেন কিনা, জানি না, এই বিদ্যুৎ পর্ষদ কেন্দ্রীয় সরকার পরিচালিত কয়লা পাওয়ার জন্য বেশি টাকা দেয় এবং তাতে বলা হয়, যে কয়লা দেওয়া হবে তার ওজন কত হবে, সাইজ কত হবে। তার সাইজ কত হবে এটা বলে দিতে হয়, তাদের বেশি টাকা দিতে হয়, তার যে সাপ্লাই করে দু-তিন মাস সাপ্লাই করে, আপনি জানেন যে ওয়াগান আসে সেটা উল্টে দেওয়া হয়, ট্রিপলার মেসিনে, বেশির ভাগ ক্ষেত্রে দেখা যায় ব্যান্ডেলে দু-তিনটে মেশিন খারাপ হয়ে যায়, কারণ মাঝে মাঝে কয়লা পাথর যেভাবে পাঠায় তার জন্যই খারাপ হয়ে যায়। শুধু তাই নয় পাথরও পাঠিয়ে দেয়, ফলে মেশিন খারাপ হয়ে যায়। ফলে মেকানিক্যাল পদ্ধতি আছে সেই সুযোগ বন্ধ হয়ে যায়। এখন তো মিঃ গণিখান চৌধুরি মন্ত্রী হয়েছেন কেন্দ্রে, এই কয়লার ব্যাপারে চুক্তি অনুযায়ী যদি দিতে পারেন তো এই ব্যাপারে একটা সুরাহা হতে পারে। ডি.পি.এল. সম্পর্কে মিঃ ডি.পি.ধর যখন ইউনিয়ন মিনিস্টার ছিলেন, তখন এখানে ছিলেন শ্রী সিদ্ধার্থ শংকর রায়, তাঁকে এখন আপনারা নেতা বলে গ্রহণ করবেন কিনা জানিনা, তখন অ্যাকশন কমিটি ডি.পি.এল দেখে রিপোর্ট দিয়েছিলেন যে এখানে একটা যুদ্ধ ক্ষেত্রের মত অবস্থা চলছে, সেখানে ছাইয়ের গাদা এমন যে নী-ডীপ, কিন্তু চিরকাল যা হয়, এই সিদ্ধার্থবাবু স্টান্ট মাস্টার একটা চিঠি লিখে দিলেন যে রিপোর্টে কথাটা ঠিকই তবে ৩/৪ মাস পরে যদি কোন কমিটি আসেন তো দেখবেন সব ঠিক হয়ে গেছে। কিন্তু ঠিক হয়নি। আর একটা কথা জেনে রাখুন যন্ত্রপাতির জন্য বিদেশ থেকে পার্টস আনার কথা। কিন্তু তখনকার যে কংগ্রেস সরকার তাঁরা ফরেন এক্সচেঞ্জ ডিফিকাল্টি এসব কথা বলে পার্টস বিদেশ থেকে আনতে দেননি। এখানে বলা হয়েছে যে আমরা বিদ্যুতের ব্যাপার কিছু করিনি, কিন্তু এটা বলেছেন বক্তৃতার মধ্য দিয়ে যে গ্যাস টারবাইন করা হয়েছে বটে এটা অস্বীকার করতে পারিনি, কিন্তু মাননীয় শাস্ত্রী

মহাশয় বলেছেন যে আমাদের এই সরকার নাকি ইন্সটল ক্যাপাসিটি অনুযায়ী উৎপাদন করতে পারছেন না, কিন্তু বামফ্রন্ট সরকার তো কোন নতুন জেনারেশন মেশিন ইন্সটল করেননি। এটা তাঁর জানার কথা। ভোলাবাবু বলেছেন—জ্যোতিবাবু নাকি কবে বলেছিলেন একদিনে সব ফয়সলা করতে পারেন, জ্যোতি বাবুর হাতে ম্যাজিক আছে, একদিনে সব সমস্যার ফয়সলা করে দিতে পারেন, একথা তিনি কোনদিন বলেননি। তিনিতো কোর্টেও এই ধরনের কথা বলেন। কিন্তু তাঁর এটা বিচার করা উচিত যে তিনি দায়িত্বপূর্ণ ব্যাপারে কথা বলছেন যেটার সাথে লক্ষ লক্ষ মানুষের স্বার্থ যুক্ত আছে। শাস্ত্রী মহাশয়ের খেয়াল করা উচিত যে বামফ্রন্ট সরকার আসার পরে কোন নতুন জেনারেশনের জন্য প্ল্যান্ট ইনস্টল করেননি। যা করেছেন তাতে ক্যাপাসিটি অনুযায়ী হচ্ছে। এই ক্যাপাসিটির ব্যাপারটা বামফ্রন্ট সরকারের প্রস্তুতির উপর নির্ভর করেনা। নির্ভর করে কেন্দ্রীয় সরকারের বি.এইচ.ই.এল. যখন যন্ত্রপাতি দেবে তার উপর নির্ভর করা ডি.ভি.সি.র ও এই প্রশ্ন এই বি.এইচ.ই.এল সম্পর্কে। আমাদের ৫ম ইউনিট হওয়ার কথা ব্যান্ডেলে এই বছর কিন্তু হবে কিনা যথেষ্ট সন্দেহ আছে। যদি বি.এইচ.ই.এল প্রতিশ্রুতি অনুযায়ী যন্ত্রপাতি না দেয় আই.এল. কোটা- যে সমস্ত জিনিস দরকার তা না দেয়, তাহলে আমরা পশ্চিমবঙ্গে যতই পরিশ্রম করিনা কেন সেটা সম্ভব হবেনা। আজকে মিঃ আব্দুল গণিখান চৌধুরি বড় বড় কথা বলছেন, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ মন্ত্রী ছিলেন, কি অপকর্ম করেছেন।

[4-20— 4-30 P.M.]

কোলাঘাটের জন্য যে টাকা নির্দিষ্ট ছিল সেই টাকা দিয়ে তারা এখানে স্টেডিয়াম করেছেন। ওরা এতই দায়িত্বশীল ছিলেন যে সেটা নিয়ে আবার এখানে বক্তৃতা দিয়ে দিলেন। কেন্দ্রীয় মন্ত্রী বলেছেন সারা ভারতবর্ষের সমস্ত প্রদেশের বিদ্যুৎ জেনারেশনের ইউনিটগুলি নিয়ে নেবেন। কিন্তু প্রশ্নটা হচ্ছে একটু নিজের চরকায় তেল দিলে খুব ভাল হোত। কারণ এই ডি.ভি.সি. নিয়ে যা করেছেন তাতে ওখানকার অবস্থা খুব ভাল নয়। আমি একটা হিসাব দিচ্ছি এই ডি.ভি.সি.-র ব্যাপারে, সেটা আপনারা টুকে নিন, খুব আস্তে আস্তে বলছি। ডি.ভি.সি-র ইনস্টল ক্যাপাসিটি হচ্ছে ১ হাজার ২৯৫ মেগাওয়াটের, কিন্তু তারা ৪৫০ মেগাওয়াটের বেশি উৎপাদন করতে পারছেন না। তারা যদি আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং জেনারেশনের পিছনে না লেগে ডি.ভি.সি-র পিছনে লাগেন তাহলে খুব উপকার হবে। আমরা গ্যাস টারবাইনে যেই ১০০ মেগাওয়াট উৎপাদন করতে আরম্ভ করলাম অমনি ডি.ভি.সি কমাতে শুরু করে দিয়েছে। আপনারা জানেন এমন অনেক দিন গেছে যেদিন ১১/১৪ মেগাওয়াটের বেশি বিদ্যুৎ তারা দেয় নি। তাদের একটা চক্রান্ত আছে। ডি.ভি.সি.র সাথে আমাদের চুক্তি ছিল পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ এবং পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে যে তারা ৯৫ মেগাওয়াট করে বিদ্যুৎ দেবে। তারপর তারা একটা চক্রান্ত করলেন প্রায়রিটি বেসিস এই প্রায়রিটি বেসিস মানে কি? আগে দেবেন কোলিয়ারিকে, তারপর দেবেন রেলওয়েকে, তারপর দেবেন স্টীল প্ল্যান্টকে, তারপর যদি থাকে তবে পশ্চিমবঙ্গ সরকার পাবে। কিন্তু পশ্চিমবঙ্গের কলকাতাকে অগ্রাধিকার দেওয়া হল না, পশ্চিমবঙ্গের চটকলগুলিকে অগ্রাধিকার দেওয়া হল না, পশ্চিমবঙ্গের ইঞ্জিনিয়ারিং শিল্পগুলিকে প্রায়রিটি দেওয়া হল না। এটার মানে কি? তখন তো ওরা এই সব

কথা বলেন নি। তখন যিনি মুখ্যমন্ত্রী ছিলেন তিনি চিঠি লিখেছিলেন এই সব কথা শুনছেন না—গণিখান চৌধুরি ওদের খুব নিকটের লোক। তিনি খুব খাটছেন, অনেক পরামর্শ দিচ্ছেন, অনেক কথা বলছেন। তাকে যদি বলা হয় যে কলকাতাকে প্রায়রিটি দেওয়া হোক, ইঞ্জিনিয়ারিং শিল্পকে প্রায়রিটি দেওয়া হোক তাহলে আমরা পেতে পারি তা না হলে দেখা যাবে ডি.ভি.সি. ধীরে ধীরে শূণ্যতে নিয়ে আসবে। এছাড়া আমি আর একটি কথা বলতে চাই পশ্চিমবঙ্গ সরকার ঠিক করেছেন জেনারেশন আর ডিস্ট্রিবিউশন এই দুটোকে আলাদা করে হবে। ইঞ্জিনিয়ারা প্রচার চালাচ্ছেন এতে ভীষণ খারাপ হয়ে যাবে। আমি কংগ্রেসি বন্ধুদের বলছি, তারা ভিতরে ভিতরে সব উসকানি দিচ্ছেন কিনা জানি না, জেনারেশনের স্বার্থে টি.ডি. আলাদা করা দরকার। এটা আমাদের দেশে প্রথম নয়, ইউরোপ, বৃটেনে এটা আছে। আমাদের ভারতবর্ষেও আছে, কর্ণাটকে আলাদা আছে, মহীশূরে দুটি সংস্থা আছে। পশ্চিমবঙ্গে এটা হলে কোন কর্মচারী, কোন ইঞ্জিনিয়ার কিছু কম পয়সা পাবেন না। এমন কি প্রচার করে দেওয়া হচ্ছে যারা ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশনে থাকবেন তারা নাকি কম টাকা পাবেন। ইঞ্জিনিয়ারদের কিছু কম টাকা পাবার ব্যাপার নেই। আমি গভর্নরের সারকুলার দেখেছি তাতে খুব পরিষ্কার বলা আছে দুটি আলাদা আলাদা ভাবে চলবে। আজকে তারা স্ট্রাইক ঘোষণা করেছেন। তারা ধর্মঘট করবেন। কংগ্রেসি আই.এন.টি.ইউ.সি. ইউনিয়ন, কেবল নকশালী নামে বলেন—ওরা এক নামেই আছেন কিনা জানি না, ওদের ইউনিয়ন আছে—তারা আজকে এই বিদ্যুৎ শিল্পকে ধ্বংস করার জন্য স্যাবোর্টেজ করছেন। আপনি শুনলে আশ্চর্য্য হবেন ব্যান্ডেলে যা করা হয়েছিল সেটা যদি ঠিক সময় মত দেখা না হোত তাহলে ব্যান্ডেলেও ৬ মাসের জন্য বন্ধ থাকত। স্যাবোর্টেজ তো আর হাতে হাতে ধরা যায় না, পুলিশ বাহিনী কি করছে জানি না। জলঢাকায় আমি গিয়েছিলাম। সেখানে যে নেট আছে তা দিয়ে পাথর যেতে পারে না, পাথর যাওয়া সম্ভব নয়। কিন্তু বড় বড় পাথর গিয়ে টারবাইন ভেঙ্গে দিয়েছে টুকরো টুকরো করে দিয়েছে। টারবাইনে পাথর কোনভাবেই যেতে পারে না। নেটের ভিতর দিয়ে গলে। কাজেই এই ভাবে স্যাবোর্টেজ করা হচ্ছে এবং তার বিরুদ্ধে কোন কিছু করার ব্যাপার হলেই ওরা অন্য রকম কথা বলেন। শুধু তাই নয় আমরা দেখেছি সেখানে ট্রেড ইউনিয়ানের নামে একটা অরাজকতা তারা সৃষ্টি করবাব চেষ্টা করছেন। কোন অফিসের কোন ইউনিয়ন কোন কিছু বলতে গেলে সেখানে ২জন/৫জন বা ৭জন যেতে পারেন কিন্তু আমরা দেখেছি সেখানে ৫০/৬০ জন ঢুকে গেলেন এবং টেবিলের উপর দাঁড়িয়ে তারা তাদের কথাবার্তা বলতে আরম্ভ করলেন। সেখানে এমনও দেখা গিয়েছে যে নানা রকমের অশালীন কথাবার্তা তারা সেখানে বলছেন। বিদ্যুৎ পর্ষদের যে সমস্ত অফিসাররা আছেন আমি বুঝি না তাঁরা এসব সহ্য করেন কি করে? জানি না কেউ কেউ এটা উস্কে দেন কিনা কিন্তু আমি বলব, সেখানে তার বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা অবলম্বন করা হয়না। এ জিনিস কিন্তু কিছুতেই চলতে পারে না। একে ট্রেড ইউনিয়ন বলে না। এইভাবে সেখানে ট্রেড ইউনিয়নের নাম করে একটা অরাজকতা সৃষ্টি করার চেষ্টা চলছে। ব্যান্ডেলে আমি নিজে দেখেছি, তারা প্রতিবাদ জানাবেন, আসলেন সকাল ১০টার সময়, সই করলেন কি করলেন না তারপর ঐ অ্যাডিশনাল চিফ ইঞ্জিনিয়ারের ঘরে বসে গেলেন এবং ৪টে/৫টে পর্যন্ত শ্লোগান দিতে শুরু করলেন, তাদের অ্যাটেন্ডডেন্স হয়ে গেল। আমি জানি না বিদ্যুৎ পর্ষদের যারা অফিসার তাদের কোন অধিকার

আছে কিনা জনসাধারণের টাকা নিয়ে এইভাবে ছিনিমিনি খেলার। যারা কাজ করবে না তারা টাকাও পাবে না, কাজ করলে টাকা পাবে এবং যোগ্য লোকরাই টাকা পাবে এটাই হওয়া উচিত। তারপর ব্যান্ডেলের কন্ট্রাক্টর শ্রমিকরা, তার ৫/৭ শো জন শোভাযাত্রা করে গণডেপুটেশন দিচ্ছেন। তারা বলছেন, ফিফথ ইউনিটের কাজ তাড়াতাড়ি হচ্ছে না। তারা জানেন, ফিফথ ইউনিটের কাজ যদি শেষ হয় তাহলে তারা ছাঁটাই হবেন কিন্তু তাদের চেতনার মান এমনই পর্যায় গিয়েছে যে—সুনীতিবাবু দের দলবলরা সেখানে তাদের ভাঙ্গিয়ে তাদের দিয়ে গুন্ডাবাজি করাবার চেষ্টা করছেন এবং ভেতরে ভেতরে শাসাচ্ছেন যে আমাদের অমুক লোককে কাজে নিতে হবে, তমুক লোককে কাজে নিতে হবে ইত্যাদি। সেইসব কন্ট্রাক্টর শ্রমিক যারা আছেন জ্যোতিবাবু তাদের সম্বন্ধে বলেছেন যে এই কন্ট্রাক্টর শ্রমিকদের মধ্যে একটা অংশ তারা মাটি কাটতে কাটতে টেকনিক্যাল হ্যান্ড হয়ে যায়, তাদের একটা অংশের কথা ভাবা উচিত। আমি পশ্চিমবঙ্গ সরকারকে তাদের কথা ভাবতে বলব। তারপর আমি গৌরিপুরের কথা বলব। গৌরিপুরের কথাটাই হয়ত অনেকের খেয়াল থাকে না। এই গৌরীপুরে ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত কোন কাজ করা হয়নি। সেখানকার শ্রমিক কর্মচারীরা দাবি করেছেন যে ওখানকার সমস্ত টিউবের পরিবর্তন করতে হবে সেব। সেখানকার শ্রমিক কর্মচারীরা বলেছেন, যদি সহযোগিতা করা হয় তাহলে মে মাসের মধ্যে ১৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা যাবে। তারপর ঐ ফরাক্কার কথা বলা হয়েছে স্যার ঐ বরকত গণিখান চৌধুরি এবং অন্য মন্ত্রীরা ঝগড়া করে করে এটা হতে দেন নি। সেখানে এটা ডালখোলাতে হবে, না ফরাক্কাতে হবে এটা নিয়ে তারা ঝগড়াঝাটি করতেই ব্যস্ত ছিলেন। এসব কথা কি তাঁরা অস্বীকার করতে পারেন? বামফ্রন্ট সরকার আসার পর সেই প্রকল্পের কাজে হাত দেওয়া হয়েছে। কোলাঘাটে করা হচ্ছে এবং অন্যান্য জায়াগাতেও কাজ করা হচ্ছে। স্যার, আমি এই বিদ্যুৎ প্রসঙ্গে বলব, এই বিদ্যুতের কাজ ভালো ভাবে করতে গেলে এখানে ডিসিপ্লিন আনা দরকার। এই ডিসিপ্লিনের কথা বলতে গিয়ে আমি বলব, সেখানে সিকিউরিটি অফিসার এবং কর্মচারী যারা আছেন তারা কিভাবে কাজ করেন দেখুন। স্যার, যে কেউ এখান থেকে রওনা হয়ে ব্যান্ডেলে গিয়ে সেখানে ঢুকে সমস্ত ইউনিট দেখে বেরিয়ে আসতে পারেন, সেখানে কেউ কিছুই জিজ্ঞাসা করবেন না।

[4-30 — 4-40 P.M.]

অথচ সিকিউরিটি আছে। সেখানে সাবোর্টেজ হয়েছে এবং নানা রকমভাবে অনেক জিনিস চুরি গেছে। আপনি যদি হেড অফিসে যান দেখতে পাবেন কে কোথায় সব যাচ্ছে একজনের ঘরে ৫০/৬০জন লোক স্লোগান দিতে দিতে ঢুকে গেল। আজকে বিদ্যুৎ শিল্পকে যদি ঠিক জায়গায় আনতে হয় তাহলে বিদ্যুৎ শিল্পে ডিসিপ্লিন একটা নিয়মানুবর্তিতা আনতে হবে। এবং ঐ কংগ্রেসিরা যারা তথাকথিত নকশালরা তারা অনেক সময় ভাল ভাল কথা বলেন তারা কিন্তু একথা ঘোষণা করেন না যে ঐ ইউনিয়নের সাথে আমাদের কোন সম্পর্ক নেই। তাদের মধ্যে একথা বলতে শুনেছি যে আমরা নকশালপন্থী, আমরা নকশাল সমর্থক। আজকে সেই দিক থেকে এই ব্যাপারটা দেখা দরকার। এই কথা বলে আমি এই ব্যায় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী তাঁর বাজেট এখানে উপস্থিতি করেছেন। আমার বক্তব্য হচ্ছে বামফ্রন্ট সরকারের আমলে বিগত ৩৩ মাসে পশ্চিমবাংলার বিদ্যুৎ সমস্যা যে রকম বিদ্যুৎ গতিতে নিম্নগামী হয়েছে এবং যার ফলে পশ্চিমবাংলার জনজীবন তথা এই রাজ্যের অর্থনীতি শুধু বিপর্যস্তই হয় নি বিধ্বস্ত হয়েছে। আজকে এই বিদ্যুৎ সংকটের ফলে শুধু মাত্র গৃহস্থের ঘর বলে নয়, আজকে এই বিদ্যুৎ সংকটের ফলে হাসপাতালের অপারেশন বন্ধ হয়ে যাচ্ছে ছাত্রদের পরীক্ষার আগে যে পড়াশুনার দরকার লোডশেডিংয়ের ফলে লেখাপড়া ডকে উঠতে শুরু করেছে রাস্তাঘাটে যান-বাহন ট্রাম এই সব একটা সংকটময় অবস্থার মধ্যে এসেছে যার ফলে যাত্রী সাধারণের সমস্যা দিন দিন বেড়ে চলেছে। এই বিদ্যুৎ সংকটের ফলে লক্ষ লক্ষ শ্রমিক কর্মচারীদের রুজির উপর টান পড়ছে। আজকে বিদ্যুৎ রেশনের ফলে বিশেষ নির্দিষ্ট সময় কারখানা বন্ধ থাকার ফলে সেখানে লেঅফ-এর ব্যবস্থা হচ্ছে যার ফলে বিদ্যুৎ সংকটের মধ্যে পড়ে লক্ষ লক্ষ শ্রমিকদেরকে আধা মজুরিতে দিন গুজরাণ করতে হচ্ছে। আজকে শ্রমিকদের উপর নূতন করে আঘাত নেমে এসেছে। আজকে মুখ্যমন্ত্রী বিদ্যুৎ মন্ত্রী উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত বিদ্যুৎ সংকট এই অভিযোগ করে বিদ্যুৎ সমস্যা সমাধানের ব্যর্থতা ঢাকতে পারবেন না। বরং বিগত ৩৩ মাসে বিদ্যুৎ সংকট বিদ্যুৎ সমস্যা যে ভাবে ঘনীভূত হয়েছে এই সরকারের নীতি গত যে দায়িত্ব ছিল তা না করে এই তিন বছরে এই সমস্যাকে এমন জায়গায় নিয়ে এলেন যে সেটা একটা চরম অবনতি বলা যেতে পারে। কয়েকজন বলেছেন ওয়েস্টবেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড—এর চরম অপদার্থতা রয়েছে এর ম্যানেজমেন্টের অবস্থা, প্রশাসনের উপর থেকে নিচে পর্যন্ত টপ টু বটম একটা চূড়ান্ত অব্যবস্থার মধ্যে চলেছে। এতে আপনারা ক্রেডিট পেতে পারেন আমাদের কিন্তু দুঃখ হয়। আপনারা কি করছেন? আপনারা প্রথমেই আসার পর স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের চেয়ারম্যানকে পাল্টে দিয়েছেন এবং সেখানে যে নূতন চেয়ারম্যান বসিয়েছেন তাঁর পাওয়ার ইঞ্জিনিয়ারিং সম্বন্ধে কোন অভিজ্ঞতা নেই। এমন একটা লোককে বসিয়েছেন সম্প্রতি তিনি সাঁওতালদিহিতে গিয়েছিলেন। সেখানে আমরা কি দেখতে পাচ্ছি? সেখানে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ইঞ্জিনিয়ারিং অ্যাসোসিয়েশনের সেক্রেটারি বলছেন যে আজকে সাঁওতালদিতে রিডিউসড প্রোডাকশন রেটে উৎপাদন হচ্ছে। সেখানে যারা এই সমস্ত বিদ্যুৎ প্রকল্প দেখাশুনা করছেন, তারা মেকানিক্যাল ইঞ্জিনিয়ার তারা এই সম্পর্কে কিছু জানেনা। এখানে এমন কান্ড হচ্ছে যে যারা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার তারা শুধু পদোন্নতির জন্য মেকানিক্যাল ইঞ্জিনিয়ারের সাইডে অপসান দিচ্ছেন। এই অপসান দেবার ক্ষেত্রে সেখানে চূড়ান্ত দলবাজি চলছে। সেখানে অভিজ্ঞতা কার কতটুকু আছে সেটা ওয়াচ করা হচ্ছে না, দলীয় রাজনীতির ভিত্তিতে প্রমোশন দেওয়া হচ্ছে। তার ফলে সেখানে একটা চূড়ান্ত অব্যবস্থা চলেছে। যারা এই সব ব্যাপারে এক্সপার্ট নয়, সেই সব হাতুড়েদের উপর এই সব জিনিস আজকে ছেড়ে দেওয়া হয়েছে এবং তার ফলে বিভিন্ন বিভাগে যন্ত্রপাতি নষ্ট হচ্ছে। অথচ এই রাজ্যে এই রকম চূড়ান্ত বিদ্যুৎ বিভ্রাট দেখা দিয়েছে। আজকে প্রশাসনের মধ্যে একটা চূড়ান্ত অব্যবস্থা চলছে। আজকে এমন কান্ড হচ্ছে যে ঘন্টার পর ঘন্টা ওভার টাইম হচ্ছে এবং এক একজন টেকনিসিয়ান ২।। হাজার টাকা মাছুলি ওভার টাইম ড্র করে। এই সব জিনিস সেখানে চলছে। কাজেই এই যে একটা চূড়ান্ত অব্যবস্থা, এটাকে এই ভাবে উড়িয়ে দেওয়া যায়না। দ্বিতীয় কথা হচ্ছে, আজকে

[25th March, 1980]

মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণে তিনি বলার চেষ্টা করেছেন, তার দায়িত্ব এড়িয়ে যাবার জন্য যে বিদ্যুৎ সংকট—এই সংকট সারা দেশে অনুভূত হচ্ছে। সারা দেশে কি রকম অনুভূত হচ্ছে তার একটা তুলনা দিয়ে বলছি যে কি রকম এফিসিয়েন্ট বিদ্যুৎ প্রশাসক। অন্যান্য রাজ্যগুলিতে তাদের ইনস্টলড ক্যাপাসিটির নিহিত উৎপাদন ক্ষমতার যেখানে ৭০ পারসেন্ট ইউটিলাইজ করছে, সেখানে পশ্চিমবঙ্গের যে ইনস্টলড ক্যাপাসিটি তার ৪০ পারসেন্ট ব্যবহৃত হয়। সুতরাং এই একটা ডাটা, একটা স্ট্যাটিসটিক্সই যথেষ্ট যে পশ্চিমবঙ্গের বিদ্যুৎ প্রশাসন কি রকম অবস্থা চলছে। আজকে বিদ্যুৎ সংকটের ফলে পূর্বাঞ্চলীয় যে কয়লাখনিগুলি তাতে একটার পর একটা সংকট দেখা দিয়েছে। আপনি কয়েকদিন আগে কাগজে দেখেছেন, গত ফেব্রুয়ারি মাসে লক্ষ লক্ষ টন কয়লা উৎপাদন খনিগুলি বন্ধ হয়ে গেল, রাণীগঞ্জ বেল্টে কয়লা উৎপাদন বন্ধ হয়ে গেল। এর এফেক্ট কি? রাজ্যের অর্থনীতি আঘাত দিল। বিদ্যুৎ সংকটের ফলে শিল্পগুলিতে আঘাত দিল এবং এইভাবে নানাদিক থেকে সংকটের সৃষ্টি করছে। আজকে বিদ্যুৎ সংকটের ফলে লেখাপড়া ডকে উঠেছে। আপনি দেখেছেন যে কিছুদিন আগে পশ্চিমবাংলার বিভিন্ন সান্ধ্য কলেজগুলিতে প্রিন্সিপাল—১২৫ টি সান্ধ্য কলেজের লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যত যার উপর জড়িয়ে রয়েছে, আগামী কিছু দিনের মধ্যে ডিগ্রী পরীক্ষা শুরু হবে, অথচ সান্ধ্য কলেজগুলিতে দিনের পর দিন লোড শেডিং হচ্ছে এবং তার ফলে ক্লাস বন্ধ হয়ে যাচ্ছে। অথচ জনজীবনের সমস্যা সম্পর্কে বলছেন যে এই সরকার তৎপর। মাননীয় শিক্ষা মন্ত্রী এবং তার দপ্তর প্রতিশ্রুতি দিয়েছিলেন যে গত এক বছরের মধ্যে কলেজে কলেজে জেনারেটর বসাবেন। এটা একটা বিরাট কিছু ফাইন্যান্সিয়াল ইমপ্লিকেশন নয়। এক বছর অতিক্রান্ত হতে চলেছে আজ পর্যন্ত এই কলেজগুলিতে কোন বিকল্প ব্যবস্থা করা হলনা, সমস্যাগুলি এই ভাবে বেড়ে চলেছে। আর একটা কথা আমার মনে আছে সেটা হচ্ছে, গত বাজেট ভাষণে বিদ্যুৎ মন্ত্রী তার হিসাব নিকাশ দিতে গিয়ে বলেছিলেন এবং কলকাতার বিদ্যুৎ ঘাটতি সম্পর্কে বলেছিলেন যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন থেকে যেখানে কলকাতার চাহিদা ৫৬০ মেগাওয়াট বিদ্যুৎ দেবার কথা সেখানে সাপ্লাই হচ্ছে ৪৯০ মেগাওয়াট। অর্থাৎ ৭০ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি। কলকাতায় খুব একটা চূড়ান্ত অব্যবস্থা, শোচনীয় অবস্থা হলেও ৭০ মেগাওয়াট ঘাটতি হতে পারে। কিন্তু তখন উনি বলেছিলেন যে গ্যাস টার্বাইন তৈরি হবে ৫টি এবং ৪টি গ্যাস টার্বাইন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে দেবেন এবং তাতে ৮০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। গ্যাস টার্বাইন ৪টি বসে গেছে সুতরাং ৮০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে।

[4-40— 4-50 P.M.]

আপনি গত বছর বাজেটে বলেছিলেন যে ম্যাক্সিমাম ঘাটতি যেটা হতে পারে সেটা ৭০ মেগাওয়াট। আজকে ৪টি গ্যাস টার্বাইন বসা সত্ত্বেও ৮০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হওয়া সত্ত্বেও এই রকম বিদ্যুৎ ঘাটতি হওয়ার কারণ কি সেটা আপনার এই হিসাব থেকে আমি বুঝতে পারছি না। দ্বিতীয়ত একটা অত্যন্ত আপত্তিকর কথা তিনি বলেছেন, এই বাজেট ভাষণের তৃতীয় পৃষ্ঠায় তিনি বলেছেন দায়িত্বজ্ঞানহীন আন্দোলন কারীরা—কিছু গোষ্ঠী, প্রকল্প কর্মচারী, পরিচালন কর্মী এবং অন্যান্য শ্রমিকদের ভীতি প্রদর্শন করতে চেষ্টা করে থাকেন, এই ধরনের ঘটনার সম্মুখীন আমাদের হতে হয়েছে। ল্যান্ড লুজারদের সম্পর্কে, বেকার

ভূমিহারাদের সম্পর্কে আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় দেখেছি কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্র যে কান্ড ঘটছে গত কয়েক বছর ধরে, সেখানে যারা ল্যান্ড লুজার, শত শত ল্যান্ড লুজার দীর্ঘদিন ধরে এই তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের ফলে গরিব মানুষ তারা বাস্তুহারা হয়ে সর্বস্ব হারিয়ে পথে বসেছে, সরকারের প্রতিশ্রুতি ছিল ল্যান্ড লুজারদের ঘরে ঘরে মাথা পিছু প্রতি পরিবারে একটি করে চাকরি দেবেন। এই ব্যবস্থা ছিল ক্ষতি পূরণের ব্যাপারে। আজকে সেই ল্যান্ড লুজারদের নিয়ে কংগ্রেসি আমলে যেমন হয়েছে বামফ্রন্টের আমলেও চূড়ান্ত দলবাজি করা হচ্ছে এবং সেই দলবাজির বিরুদ্ধে দলীয় সংকীর্ণতার বিরুদ্ধে ঐ কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্রে ল্যান্ড লুজাররা আন্দোলন করতে এসেছিল, আমি সেই আন্দোলনেব সমর্থনে তাদের একটি কনভেনশনে গিয়েছিলাম। আমার সামনে ঐ কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্রে মেছেদায় কনফারেন্স থেকে আপনাদের পুলিশ ঐ অন্দোলনকারীর কয়েকজনকে বিনা ওয়ারেন্টে অ্যারেস্ট করে নিয়ে চলে যায়। আমি তাদের জিজ্ঞাসা করি, কিন্তু তারা কোন জবাব দিতে পারেন নি। ন্যায় সংগত আন্দোলনকে দলবাজির জন্য দমন করেছেন আর বলছেন এই আন্দোলন দায়িত্বজ্ঞানহীন হয়েছে। আমি এর প্রতিবাদ জানাচ্ছি! সব শেষে আমি একটি কথা বলতে চাই, আজকে পশ্চিমবাংলা যে বিদ্যুৎ সংকট, তা এমন একটা পর্যায়ে গেছে, যেটা আজকে একটা সমগ্র জাতীয় সমস্যায় রূপ নিয়েছে। জনজীবন আজকে বিপর্যস্ত, রাজ্যের অর্থনীতি আজকে বিপর্যস্ত, বিধ্বস্ত, তাই আমরা আমাদের দলের তরফ থেকে দাবি রেখেছিলাম এমন একটা সমস্যার মোকাবিলা করার জন্য আজকে একটা ব্যাপক পলিসি নেওয়া দরকার। এই কমিটির মধ্যে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি থাকবেন। সেই কমিটিতে সংবাদপত্রের সাংবাদিকরা থাকবেন, বিভিন্ন ইনডিভিজুয়ালাস থাকবেন, যাদের সমন্বয়ে একটা ব্যাপক তদন্ত কমিটি করে আজকে এই যে বিদ্যুৎ সমস্যা, এই সমস্যার কারণগুলো কি, তা উদ্ঘাটন করা এবং সেই সমস্যার সমাধানের ব্যবস্থা নেবেন, এই দাবি আমরা রেখেছিলাম। কিন্তু আপনারা সেই দাবি আপনারা উপেক্ষা করেছেন, নাকচ করে দিয়েছেন। তাই আজকে এই বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী এবং বিদ্যুৎমন্ত্রী যে বিদ্যুৎ শিল্পের উপর বাজেট প্রস্তাব পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা আমি রাখতে চাই, সেটা হচ্ছে বিদ্যুৎ শিল্প আজকে আমাদের কাছে দেশে অর্থনীতির ক্রমবিকাশের ক্ষেত্রে একটা অপরিহার্য অঙ্গ, এই কথা আমরা সবাই স্বীকার করছি। কিছুক্ষণ আগে বিরোধী দলের এক বন্ধু আমাদের সম্বন্ধে কিছু কটাক্ষ করলেন, কিন্তু আজকে যে কথাটা আমরা বলতে চাই, যে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি পশ্চিমবঙ্গে আছে, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে বাদ দিলে—যেগুলো রাজ্য সরকারের পরিচালনাধীন, সেইগুলোর অধিকাংশই সৃষ্টি হয়েছিল কংগ্রেসি রাজত্বে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো, তিনি বিদ্যুৎ মন্ত্রী হিসাবে অতীতে সানতালডি এবং ব্যান্ডেলে বিদ্যুৎ প্রকল্পগুলি চালাতে গিয়ে যে পরিচালন ব্যবস্থা তারা সৃষ্টি করে গেছেন, সেই পরিচালন ব্যবস্থা এত ত্রুটিপূর্ণ, আজকে যদি সেটাকে শোধন করে একটা নিয়ম মাফিক জায়গায় আনতে হয় তাহলে আরও কিছু সময়ের দরকার। বিরোধী দলের বন্ধুরা বলছেন যে আমরা বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ব্যর্থ হয়েছি—কিন্তু পাবলিক আন্ডারটেকিং কমিটির সদস্য হিসাবে আমরা যে তথ্য পেয়েছি ১৯৭৯

সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত কোটি কোটি টাকা বিদ্যুৎ দপ্তরে অপচয় হয়েছে, কন্ট্রাক্টরদের পকেটে সেই টাকা চলে গেছে মাল পর্যন্ত আসেনি। মাল সাপ্লাই না করে কন্ট্রাক্টররা বিদ্যুৎ দপ্তরের নামে মামলা করে লক্ষ লক্ষ টাকা নিয়ে গেছে। বহু টাকা আজও বিদ্যুৎ দপ্তরে অনাদায়ি হয়ে পড়ে রয়েছে। তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা আজও নেওয়া হয়নি। আমরা যখন আলোচনা করে তাদের বলেছিলাম যে, সমস্ত কাগজ-পত্র, বিশেষ বিশেষ ফাইল আমাদের কাছে পেশ করা হোক, তখন দেখা গিয়েছে বিদ্যুৎ দপ্তরের পক্ষ থেকে তারা বলেছে যে, ফাইলের এখনো হদিশ পাওয়া যাচ্ছে না। এর দ্বারাই কি ইঙ্গিত করে না যে অতীতে যে পদ্ধতিতে কাজ হত সেই পদ্ধতিটা ছিল ত্রুটিপূর্ণ? আজকে আমি বিরোধী দলের বন্ধুদের মনে করিয়ে দিতে চাই যে, মানুষের দেহে জীবন থাকলেই সে দেহ সচল হয় না। পোলিও রোগীর দেহে জীবন থাকে, সে কথা বলতে পারে, কিন্তু তার দেহকে চালনা করার ক্ষমতা তার থাকে না। কারণ জন্ম থেকেই সে এমনভাবে পোলিও রোগে আক্রান্ত হয়ে গেছে যে, সে আর চলাফেরা করতে পারে না। সুতরাং তার রোগ যদি সারাতে হয় তাহলে তার জন্য বিশেষ চিকিৎসার ব্যবস্থা করা দরকার। আজকে বিদ্যুৎ দপ্তরেরও ঠিক সেই অবস্থা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী অবশ্য তাঁর পক্ষ থেকে চেষ্টা চালাচ্ছেন। কিন্তু আমি তাঁকে অনুরোধ করব যে, এ বিষয়ে আমাদের একটু আত্ম-সমালোচনার দরকার আছে। আজকে তিন বছর হতে চলল, কিন্তু এখন পর্যন্ত বিদ্যুৎ দপ্তরের কর্মী, অফিসার এবং টেকনোক্রাটদের মধ্যে যে সমন্বয় প্রয়োজন ছিল, সেই সমন্বয় স্থাপিত হয়নি। সেটা হলে বিদ্যুৎ উৎপাদন আরো বাড়ত। বিদ্যুৎ পর্ষদের যারা পরিচালক তারা আজ পর্যন্ত সেই সমন্বয় গড়ে তোলার কাজে হাত দিতে পারেনি। সেই সঙ্গে আমি আর একটি কথা বলব যে, অন্যান্য রাজ্য ঘুরে আমরা সেখানকার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি যে ভাবে পরিচালিত এবং রক্ষণাবেক্ষণ করতে দেখে এসেছি, সেই ভাবে আমাদের রাজ্যের কেন্দ্রগুলিকে পরিচালিত করা হচ্ছে না। আমাদের স্টেটের একটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সঙ্গে একই সময়ে গুজরাটের গান্ধীনগরেও একটি বিদ্যুৎ প্রকল্প তৈরি হয়েছে, সেটি আমরা দেখেছি এবং সেটি দেখার পর আমাদের প্রকল্পটি দেখলে আমাদের লজ্জা হয়। আমি এবিষয়ে মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে, আমরা যাঁরা কমিটি মেম্বার হিসাবে আমাদের প্রকল্পটি দেখতে গিয়েছিলাম, তাঁরা সেখানকার অফিসারদের সঙ্গে আলোচনা করেছিলাম, কর্মচারীদের সঙ্গে আলোচনা করেছিলাম, ইঞ্জিনিয়ারদের সঙ্গে কথা বলেছিলাম, সকলের মুখে একটাই ভাষা, এই কাজে আমার কোনো দায়িত্ব নেই। টেকনোক্রাটদের জিজ্ঞাসা করেছিলাম, তাঁরা বলল, এবিষয়ে আমাদের কোন দায়িত্ব নেই, বড় বড় অফিসাররা রক্ষনণবেক্ষণের ব্যাপারে নির্দেশ দিয়ে থাকে। আজকে সেই জন্য আমাদের বলতে হচ্ছে যে, পশ্চিম বাংলার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি যথাযথভাবে পরিচালিত হচ্ছে না, অফিসার, টেকনোক্রাট এবং এক-শ্রেণীর কর্মীদের অসহযোগিতার মনোভাব আছে বলে। আজকে এটা একটা কারণ বলে আমি মনে করি। ফলে আমরা দেখছি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির রক্ষণাবেক্ষণের জন্য স্পেয়ার পার্টস থেকে আরম্ভ করে প্ল্যান্ট অ্যান্ড মেশিনারির যে সমস্ত জিনিস-পত্র কেনা হয় সেই সমস্তর ব্যাপারেও চূড়ান্ত একটা বিশৃঙ্খলা চলছে। আজও সেই সমস্ত সমস্যার সমাধান হয়নি। আমি জানি কলকাতায় স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের একটা স্টোর আছে, সেখানে লক্ষ লক্ষ টাকার মাল-পত্র এমন ভাবে ফেলে রাখা হয়েছে যে, সেগুলি নষ্ট হয়ে যাচ্ছে। অথচ সেগুলি কাজে লাগাতে পারলে সেগুলির দ্বারাও কিছুটা কাজ হোত।

আবার এমন জিনিস কেনা হয়েছে যেগুলির আজকে আমাদের কোনা প্রয়োজন নেই। আজকে এখানে আমাদের বিরোধী দলের বন্ধু যাঁরা বসে আছেন, তাঁরা যখন ক্ষমতায় ছিলেন, তখন তাঁরা এই কাজগুলি করে গেছেন। পার্চেস করার ক্ষেত্রে তাঁদের কোনো পরিকল্পনা ছিল না। প্ল্যান্টের সাথে পার্চেসের যে সমন্বয় থাকা দরকার, সেই সমন্বয় নেই। অফিসারদের স্বেচ্ছাচারী মনোভাব সেই ক্ষেত্রে অনেকটা কাজ করেছে। আজকে সেই অবস্থার পরিবর্তন করতে হবে।

দ্বিতীয় কথা হচ্ছে, আজকে কলকাতার জন্য আমরা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন, স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবং ডি.ভি.সি.র কাছ থেকে যে বিদ্যুৎ পাই সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, এই তিনটি প্রতিষ্ঠানের মধ্যে উপযুক্ত সমন্বয় এবং সঠিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে কিনা সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। কারণ স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কর্মকর্তারা আমাদের বলেছে যে, যে পরিমাণ বিদ্যুৎ উৎপাদন হয় সেই পরিমাণ ডিস্ট্রিবিউশন করার ক্ষেত্রেও আমাদের অনেক বাধা-বিপত্তি আছে। যার ফলে কলকাতা এবং শিল্পাঞ্চলের লোকেরা বিদ্যুৎ উৎপাদন হওয়া সত্ত্বেও বিদ্যুৎ পায় না। জেনারেশন অ্যান্ড ডিস্ট্রিবিউশনের সমন্বয় সঠিকভাবে থাকলেই এই জিনিস সুষ্ঠভাবে করা যায়। সুতরাং সেদিকেও আজকে মুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎ মন্ত্রীকে সজাগ দৃষ্টি দিতে হবে এবং শক্ত হাতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

[4-50— 5-00 P.M.]

কারণ কেন অমি এই কথা বলছি, একশ্রেণীর কর্মচারীদের অসহযোগিতা থাকতে পারে। বিদ্যুৎ দপ্তরের বড় বড় যারা আমলারা, যারা বড় বড় টেকনোক্রাট তাদের মধ্যে একটি গোষ্ঠী আছে যারা এই বামফ্রন্ট সরকারকে হেয় করার জন্য দায়িত্ব-জ্ঞান হীনের পরিচয় দিচ্ছেন। আবার তাদের মধ্যে কিছু লোক আছেন কিছু কিছু অফিসার আছেন, টেকনোক্রাট, বুরোক্রাট এবং এক শ্রেণীর কর্মচারীরা আছেন যারা গোটা পশ্চিমবাংলার স্বার্থে তাঁদের যে দায়িত্ব সেই দায়িত্বকে যথাযথভাবে পালন করার জন্য আপ্রাণ কাজ করছেন। সরকারের স্বার্থে এবং সরকারের নির্দ্দেশ অনুযায়ী তারা কাজ চালিয়ে যাচ্ছেন। সেই কারণে আজকে আমাদের মনে রাখতে হবে আজকে এমন একটা সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা চলেছি যে সমাজ ব্যবস্থাকে ওরা দীর্ঘদিন ধরে দূষিত করে দিয়েছে, মানুয়ের জীবনকে প্রতিটি দিক থেকে কলুষিত করে দিয়েছে, মানুষের মনকে, মানুষের চিন্তাধারাকে, মানুষের কর্ম-ক্ষমতাকে নষ্ট করে দিয়েছে। সেই কারণে এই অবস্থার মধ্যে যতটুকু আমাদের সীমাবদ্ধ সুযোগ আছে সেই সুযোগটাকে কাজে লাগাতে হবে। বিদ্যুৎ শিল্পের সাথে যে সমস্ত কর্মচারীরা নিযুক্ত আছেন তাদের পরিশ্রমের দ্বারা আমাদের বিদ্যুৎ শিল্পকে নতুন রূপে যাতে গড়ে তুলতে পারি এবং শ্রীবৃদ্ধি ঘটাতে পারি তারজন্য চেষ্টা করতে হবে। আর একটি দিক মনে রাখতে হবে, শুধু মাত্র কলকাতা শহরের শ্রীবৃদ্ধি ঘটালেই হবে না কলকাতা শিল্পাঞ্চলে বিদ্যুৎ শিল্পের গুরুত্ব সবচেয়ে বেশি একথা যেমন আমরা মানি তেমনি আমাদের মনে রাখতে হবে কলকাতার বাইরে যে সমস্ত জেলাগুলি আছে যেমন উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ সেখানে আজকে নতুন শিল্প গড়ে তোলার ক্ষেত্রে, কুটির শিল্পের সম্প্রসারণের ক্ষেত্রে এবং সব চেয়ে যেটা ভয়াবহ বেকার সমস্যা সেই বেকার সমস্যার সমাধানের ক্ষেত্রে আজকে মফঃস্বলের জেলাগুলিকে শ্রীবৃদ্ধি ঘটাবার পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং তারজন্য নতুন নতুন শিল্প গড়ে তুলতে হবে। এই

নতুন নতুন শিল্প গড়ে তোলার ক্ষেত্রে সবচেয়ে বেশি বিদ্যুতের প্রয়োজন। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, কলকাতা মেট্রোপলিটন এরিয়ার বাইরে যে জেলাগুলি আছে সেখানে সম-দৃষ্টি এবং সম-গুরুত্ব দিয়ে সেই ব্যবস্থা গ্রহণ করবেন। অমি কিছু দিন আগে উত্তরবঙ্গে গিয়েছিলাম, সেখানে দেখেছি, বিদ্যুতের অভাবে অনেক টিউবওয়েল অকেজো হয়ে আছে। বিদ্যুতের অভাবে জলসেচের ক্ষতি হচ্ছে, কোথাও কোথাও এক শ্রেণীর কর্ম্মচারীরা এই সুযোগ নিয়ে জনসাধারণকে খেপিয়ে তোলার চেষ্টা করছেন। এস.ইউ.সি. বন্ধুরা এই রকম করে থাকেন। তাদের চিন্তাধারা হচ্ছে বামফ্রন্ট সরকার যে কর্মসূচী নিয়ে, যে সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে যতটুকু কাজ করার সুযোগ পাচ্ছে তা যাতে সঠিক ভাবে কাজে লাগাতে পারে সেইদিকে গঠনমূলক সমালোচনা না করে বিভ্রান্তিমূলক সমালোচনা করছেন। এই সমস্ত সমালোচনা আমরা কংগ্রেসিদের কাছ থেকে আশা করতে পারি। কারণ তাদের রাজনীতি হচ্ছে এই বিদ্যুৎ সংকট বাড়িয়ে মালিকদের সুযোগ করে দেওয়ার। কারখানা মালিকেরা এই বিদ্যুৎ সংকটের সুযোগ নিয়ে কর্ম্মচারীদের ছাঁটাই করছেন। আমি দেখেছি, জেনারেটর আসা স্বত্বেও ডিজেলের অভাবের কারণ দেখিয়ে কর্ম্মচারীদের কাজ ব্যহত করার চেষ্টা করছে। তাদের রুজি-রোজগারের পথ বন্ধ করছে। আমরা জানি, মালিক শ্রেণীর চরিত্র কি? মালিক শ্রেণী বিদ্যুৎ সংকট-এর কারণ দেখিয়ে শ্রমিকদের উপর চাপিয়ে দিতে চায়। তাই আজকে শ্রমিক কর্ম্মচারীদের সংগঠনকে শক্তিশালী করে তুলতে হবে যাতে মালিক শ্রেণীর বিরুদ্ধে আমাদের যে আন্দোলন সেই আন্দোলনের মাধ্যমে আমাদের দাবি আদায় করার ক্ষেত্রে আমাদের সামর্থ থাকবে। এঁরা বলেছেন বামফ্রন্ট সরকার হবার পর কোন কিছুর উন্নতি হয়নি। আমি তথ্যের মধ্যে দিয়ে না গিয়ে বলতে চাই দিনের পর দিন বিদ্যুতের চাহিদা যে পরিমাণে বাড়ছে সেই পরিমানে বিদ্যুৎ উৎপাদন আমরা করতে পারছি না এটা ঠিক এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের মনোভাব আমাদের বিশেষভাবে বিচার করতে হবে। অতএব পশ্চিমবাংলায় যদি শিল্প গড়ে তুলতে হয় তাহলে যে পরিমাণ বিদ্যুতের দরকার তার জন্য যে অর্থের প্রয়োজন সে ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে। আগামী দিনে তাঁরা সেটা পূরণ করবেন কিনা সে বিষয়ে সন্দেহ আছে বিদ্যুৎ দপ্তরের অভ্যান্তরীণ ক্ষেত্রে যে বিশৃঙ্খলা আছে পি.ই.উ.সি-র মেম্বার হিসাবে প্রবীর বাবু যেকথা বলেছেন আমিও সেই কথাই বলছি যে তা আমাদের ভেঙ্গে দিয়ে প্রশাসন যন্ত্রকে যদি আমরা দুর্নীতি মুক্ত করতে পারি তাহলে বিদ্যুতের ব্যাপারে যে অরাজকতা চলছে সেটা অনেকখানি দূর করতে পারব। আমি আরও বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাব, উত্তর বাংলায় যে সমস্ত নদী আছে সেগুলিকে সদ্ব্যবহার করা উচিত। জলঢাকা বিদ্যুৎ প্রকল্প যা হয়েছে সেটা এমনই ত্রুটিপূর্ণ যে তাতে যদি নদীর স্রোত বেশি হয় তাহলে জেনারেশন হয় না, এর জন্য জ্যোতিবাবু দায়ী নন, দায়ী হচ্ছে অতীতের কংগ্রেস। উত্তরবাংলায় হাইজেল প্রোজেক্টের মধ্যে দিয়ে বিদ্যুৎ সরবরাহের যদি কোন সুযোগ থাকে তাহলে সেদিকে দৃষ্টি দেবেন। বিদ্যুৎ দপ্তরে যে দুর্নীতি অরাজকতা আছে জাতীয় স্বার্থে পশ্চিমবাংলার মানুষের স্বার্থে অফিসার টেকনোক্রাট এবং কর্মচারীদের মধ্যে সমন্বয় সাধন করা দরকার। আমি যখন সাঁওতালডিহিতে গিয়েছিলাম তখন তারা আমাকে বলেছিল বামফ্রন্ট সরকারের সঙ্গে আমাদের সহযোগিতা করার কোন প্রশ্ন আসে না, আমরা এই প্রকল্পকে বিকল করে দেব। এর পর তাদের কাছ থেকে ভাল জিনিস আশা করা যায় না। কারণ তারা যাঁদের সেবক তাদের হয়েই তারা কাজ করবে, সেই জন্য

মুখ্যমন্ত্রীকে বলব পশ্চিমবাংলার শিল্পের স্বার্থে, চাষীর স্বার্থে, গরিব মানুষের স্বার্থে বিদ্যুৎ উৎপাদন যাতে বাড়ে সেইজন্য বিদ্যুৎ দপ্তরকে ঢেলে সাজাতে হবে। এই কথা বলে মুখ্যমন্ত্রীর বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

[5-00 — 5-10 P.M.]

**শ্রী জ্যোতি বসু :** ডেপুটি স্পিকার স্যার, জবাবের মধ্যে প্রথমে সাধারণভাবে কয়েকটি কথা বলব তারপর মাননীয় সদস্যরা যেসব বক্তব্য রেখেছেন তার মধ্যে যেগুলি জরুরী সেগুলির জবাব দেব। প্রথম কথা হচ্ছে বিদ্যুতের ব্যাপারে সংকট শুধু কি পশ্চিমবাংলায় আছে? সেটা নয় সমস্ত ভারতবর্ষ ব্যাপী এই সংকট। কিন্তু কেন? এটা খুব সহজ কথা যে পরিকল্পনা সঠিকভাবে করা হয়নি, কত টাকা এতে নিয়োগ করতে হবে, কত বছরে হবে সেসব সিদ্ধান্ত ঠিক হয় নি, ভুল হয়েছিল এবং চাহিদা বোঝা যায়নি ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করা হয়নি। এটাই আমাদের ধারণা এবং যা কিছু তথ্য তা থেকেই এটা হয়েছে। জনতা পার্টি যখন সরকারে ছিলেন তখন তাঁদের সঙ্গে আলোচনা করে দেখেছি তাঁরাও এটা উপলব্ধি করেছিলেন যার জন্য অনেক বেশি বেশি টাকা তাঁরা বিদ্যুতের ব্যাপারে নিয়োগ করবেন বলে ঠিক করেছিলেন এবং প্ল্যানিং কমিশনের সঙ্গে আলোচনায় সেই জিনিস আমরা বোঝাতে পেরেছিলাম। একটা চিঠির কথা আমাদের অর্থমন্ত্রী বলেছিলেন সেটা আমি একটু পড়ে শুনিয়ে দিচ্ছি। তবে তার বিশেষ পুনরাবৃত্তি না করে শুধু উল্লেখ করছি যে ৬৯ সালে যখন আমরা যুক্ত ফ্রন্ট সরকারে ছিলাম তখন সাঁওতালডি সম্বন্ধে সমস্ত রকম বিবেচনা করে আমরা যেটুকু সিদ্ধান্তে আসতে পেরেছিলাম হয়ত সেখানে কিছুটা গলদ থাকতে পারে কিন্তু তখন এ বিষয়ে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কাছে আমাদের মুখ্যমন্ত্রী অজয় মুখার্জী যা লিখেছিলেন সেটা In your letter, you have also expressed concern regarding shortage of power and have asked additional assistance to augment capacity for generation এটা সাঁওতালডি সম্বন্ধে বিশেষ করে লেখা হয়, এইভাবে দেওয়া যাবে না কারণ তাহলে অন্যদেরও দিতে হবে—..As regards the possible shortage of power towards the end of the Fourth Plan, I understand that a fresh survey has been undertaken of the needs of power in different regions. We also feel that through greater efficiency in utilisation of available capacity and integrated operation of regional power groups, it will be possible to overcome any shortage which may arise. The position should, of course, be kept under constant review.... এইভাবে কন্সট্যান্ট রিভিউ আর হয়নি। প্ল্যানিং কমিশনে যাঁরা উপদেষ্টা ছিলেন তাঁরাও মনে করেছিলেন চাহিদা বুঝেই চাওয়া হচ্ছে। অর্থাৎ আমরা যতটুকু বুঝেছিলাম সেই অনুযায়ী আমরা চিঠি দিয়েছিলাম এটা ১৯৬৯ সালের কথা। তারপর আমরা ১৯৭৭ সালে সরকারে এসে আমরা এই বিষয়টা আবার পর্যালোচনা করার চেষ্টা করছি। আমাদের পরিকল্পনার মধ্যে যেটুকু টাকা আছে, তার মধ্যে যে টাকা ধার করব, তার মধ্যে যে টাকা কেন্দ্রীয় সরকারের কাছে চাইব এইসব আলোচনা করে আমরা এটাই মনে করি যে আমরা কিছুই বুঝতে পারছি না তা নয়, আমরা জানি ১০,১৫,২০ বছর পর গ্রামে বা শহরে কত বিদ্যুতের চাহিদা বাড়বে সেইসব হিসাব নিকাশ আমরা করেছি। এই সমস্তর উপর নির্ভর করে কেন্দ্রের কাছে, প্ল্যানিং কমিশনের কাছে

আমরা সমস্ত দিয়েছি। ন্যাশানাল ডেভেলপমেন্ট কাউন্সিলের কাছেও আমরা যেসব কথা বলেছি সেসব লিপিবদ্ধ করা আছে বলে সময় নষ্ট করতে চাইনা। ৭৮ সালের আগস্ট মাসে আমরা প্ল্যানিং কমিশনের কাছে অনেক কথার মধ্যে বিদ্যুতের কথা বলেছিলাম। Similarly while there is provision for the generation of 5855 mega watt of power in the Western, 4756 mega watt in the Northern, and 4260 in the Southern region, for the Eastern and North Eastern region the total provision is only for 3407 mega watt.. পশ্চিমবঙ্গ সহ আমাদের ইস্টার্ন রিজিয়নে এত কম কেন দেওয়া হল? অথচ আগেও কম হয়েছে। এখন যে আমরা এগিয়ে যাব তার কোন ব্যবস্থা হল না। থিসিস কি—কোথায় আলোচনা করে এটা সিদ্ধান্ত করলেন সেটা ওঁরা আমাদের বোঝাতে পারেন নি। অতএব এই সবের ফলাফল আমাদের ভোগ করতে হবে। ধরুন আগে যদি অন্য জায়গায় বেশি দিয়ে থাকেন, বেশি টাকা নিয়োগ করে থাকেন বেশি বিদ্যুৎ উৎপাদনের জন্য, আমাদের যদি কম দিয়ে থাকেন তাহলে এখন বেশী দেওয়া উচিত, কিন্তু সেটা দিলেন না। তার মানে ওঁদের যে পরিকল্পনা, ওঁরা যে হিসাব করেছেন তাতে ওঁরা মনে করেছেন আমাদের প্রয়োজন হবে না এর থেকে বেশি। কাজেই সেখানে পরিকল্পনার কথায় সর্ব ভারতীয়ের কথা আসে, আমাদের কথা আসে, এটা অবান্তর কিছু নয়। এটা ঠিক সব কিছু আমাদের উপর নির্ভর করে না। এই কথা বললে আমাদের কিছু বিরোধী পক্ষ বিশেষ করে কংগ্রেস (আই) এ যাঁরা আছেন তাঁরা ক্ষিপ্ত হয়ে উঠেন। এতে ক্ষিপ্ত হয়ে যাওয়ার কিছু নেই, এটাই কেন্দ্র-রাজ্য সম্পর্ক যে সব কিছু আমাদের উপর নির্ভর করে না। কিন্তু আমাদের যা করণীয় কাজ তার উপর আমরা হাত দিয়েছি কিনা সেটা বিচার্য বিষয়। আমরা এখানে বলতে পারি বিদ্যুতের টাকা নিয়ে আমরা স্টেডিয়াম করব না, বিদ্যুতের জন্য টাকার অভাব হবে এটা হতে দেব না, যে রকমে পারি আমরা টাকার যোগাড় করছি, এই ৩ বছরে আমরা যে টাকা যোগাড় করেছি সেটা বিদ্যুতে দিয়েছি, তারজন্য সুদ দিচ্ছি সব কিছু করছি । আমরা দেখছি যেগুলি নির্মিয়মান আছে সেগুলি ঠিকমত হচ্ছে কিনা। আমি বারে বারে বলেছি কোন একটা দায়িত্ব থাকলে সরকারের এটা কি করে হতে পারে, বিগত সরকারের দায়িত্ব ছিল না, যে ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের মেয়াদ বাড়িয়ে দিলেন ৩০ বছর টিল দি ইয়ার ২০০০, সঙ্গে সঙ্গে ওরা যখন বলল যে আমরা তো সরবরাহ করতে চাই না, উৎপাদন করতে চাই, পুরান মেশিন ইত্যাদি জানেন এটা করে দিন, তখন সেটা করা হল না। আমরা এসে দেখলাম ফাইলে ধূলো পড়ে আছে। সেই সঙ্গে সঙ্গে যদি তাঁরা সেই অনুমোদন পেতেন উৎপাদন করার জন্য, যেমন টিটাগড়ে যেটা করার শুরু করেছেন, যেটা ওঁরা সাহায্য করছেন, তাহলে এই দুরবস্থা ১৯৭৭, ১৯৭৮, ১৯৭৯ সালে এবং এখনও হত না। কিন্তু কিছু করা হল না। কেন্দ্রে যখন গেলাম তখন শুনলাম ওঁরা বললেন দু'একবার এসেছিলেন বটে, কিন্তু আমরা কিছু জানি না। আমাদের সেজন্য নতুনভাবে করতে হোল, এক বছর লেগেছে, আমরা বসে ছিলাম না। বিদ্যুৎ সংকট এমনই যে এটা একটা জাতির পক্ষে, অর্থনীতির পক্ষে অত্যন্ত ক্ষতিকারক। কোলাঘাটে ১/২/৩টি ইউনিট নয় ৪/৫/৬টা ইউনিটের জন্য জনতা সরকারের সঙ্গে আলোচনা করেছি, তাঁরা রাজি হয়েছিলেন। গনি খাঁন চৌধুরী যখন মন্ত্রী হলেন, পুরান এসব চিঠিপত্র আছে দেখবেন, তখন উনি বলেছেন যে আমি আপনাদের সাহায্য করব, যেটা আগামী দিনে হবে তারজন্য ব্যবস্থা করব।

সব নির্ম্মিয়মান হলেও বিদ্যুতের ঘাটতি চলবে। আমরা যখন ১৯৭৭ সালে এলাম দেখলাম কোলাঘাট মরুভূমি, জায়গা নাই, ঘর-বাড়ি নাই, কোন ব্যবস্থা নাই, এমন কি কোন অর্ডার পর্যন্ত দেওয়া হয়নি। কেন করেননি? যেটা ১৯৭২ সালে বা ১৯৭৩ সালে অনুমোদন পেয়েছিল ১৯৭৭ সালে আমরা যখন এলাম তখন সেটা শেষ হয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু এক ইঞ্চি কাজও এগোয়নি। এমনই দায়িত্বজ্ঞানহীন যে এই সবের জবাব দেওয়ার কোন প্রয়োজন নেই, শুধু গালিগালাজ করব। কিছু জানেন না, যা খুশি এখানে এসে বলে দিচ্ছেন। সাঁওতালদিহির ৪র্থ ইউনিটে আগেই হাত দেওয়া উচিত ছিল। তৃতীয় ইউনিট যেটা করার কথা ছিল সেই তৃতীয় ইউনিটের ব্যবস্থা করে যাননি। আমরা সেইসব ব্যবস্থার মধ্যে হাত দিয়েছি, সেটা কমিশন্ড হয়েছে। এটা কেন হচ্ছে, ওটা কেন হচ্ছে বলছেন, সেটা ভেলকে জিজ্ঞাসা করবেন, ওদের হাতে এতদিন ছিল, কত মাসে কতবার মেরামত করতে হয়েছে, দেখতে হয়েছে কোথায় গলদ হয়েছে। ভেলকে আমি অনুরোধ করেছিলাম, ওঁরা সাঁওতালদিতে এসে বসেছিলেন।

[5-10 — 5-20 P.M.]

এবং আরও যে স্টাডি হয়েছে সেটা আমি এখনও পাইনি। ওখানকার ইঞ্জিনিয়ার আমাকে বলেছেন, ওটায় আমরা হাত দিয়েছি। কোথায় গলদ রয়েছে, কোথায় সাবধানতা অবলম্বন করতে হবে সেটা অমি এখনও পাইনি। তারপর, গ্যাস টার্বাইন। আমরা ১৯৭৭ সালে এসে এটা বুঝেছি যে, স্বল্প মেয়াদী করা ছাড়া কিছু হবে না। এখানে একজন দায়িত্ব জ্ঞানহীন লোক বলেছেন আমি নাকি কোথায় বলেছি একদিনে সব ঠিক করে দেব। আমি কি শয়তান না মুর্খ লোক যে ওই রকম কথা আমি বলব—নাকি যিনি এটা বললেন তিনি তাই। যাহোক, অমি দেখেছি স্বল্প মেয়াদী ছাড়া এখন আর কিছু করা যাবেনা। তবে এই গ্যাস টার্বাইনে ভয়ানক খরচ এবং তাছাড়া আর একটা সমস্যা হচ্ছে হাই স্পীড ডিজেল কোথায় পাব? আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে শেষ পর্যন্ত তাদের রাজি করিয়েছি এবং আমরা গ্যাস টার্বাইন বসিয়ে দিয়েছি। আমরা ওখান থেকে ১০০ মেগা ওয়াট পাচ্ছি। তবে এগুলোতে ভয়ানক খরচ হয় বলে কথা ছিল পিক পিরিয়ডে আমরা এগুলো চালাব। কিন্তু এখন দেখছি সেগুলো সারাদিন ধরে চালাতে হচ্ছে। আসাম থেকে আমাদের তো বন্ধ হয়ে গেছে। উত্তরবঙ্গে ২০ মেগাওয়াট বসিয়েছি, কিন্তু তেলের অভাবে সেটা কখনও কখনও বন্ধ হচ্ছে। ইন্দিরা কংগ্রেস আসামের ব্যাপারে কিছু করতে পারছেনা, এখানে আইন ভাঙবার চেষ্টা করছে। আসাম থেকে যে তেল আসছেনা সেটা তো বলছেনা। শিলিগুড়িতে মারামারি করছে, বিভিন্ন জায়গায় মারামারি করছে, কিন্তু ওই কথার কোন জবাব নেই। আপনাদের আমি বলছি এই ব্যাপারে আমরা খুবই চেষ্টা করছি। তারপরের কথা হচ্ছে এগুলোর রক্ষণাবেক্ষণ। ওঁরা তো এই ব্যাপারে কিছুই করেনি। ভোলাবাবু বলেছেন, ১৯৭৫/৭৬ সালে এত বেশি আমরা পেতাম, আপনারা কেন পাচ্ছেন না? আমরা তো আপনাদের জন্যই পাচ্ছিনা। একটা মেশিনকে যদি ৩/৪ বছর ফেলে রাখি তাহলে কি সেটা চলবে? আমরা সেরকম অপরাধমূলক কাজ করি না। আমরা বলেছি একটা একটা করে বসিয়ে দাও। আমরা লক্ষ্য করেছি ৪৫ দিন/৬০দিন লাগে একটাকে মেরামত করতে। তাহলে আমার রিজার্ভ কোথায়? ১৯৭৪ সালে দারুণ সংকট হয়েছিল একথা অনেকে বলেছেন। তারপর দেখা গেল জরুরী অবস্থার সময় মেশিন, মানুষ কিছু বুঝিনা—মানুষকে চাবুক মেরে কাজ করাতে হবে,

মেশিনকে মেরামত ছাড়াই কাজ করাতে হবে, যতদিন চলে চলুক। এই অবস্থায় আমরা এসে পড়েছি। তারপর এই যে ওঁরা ১০/১২ হাজার শ্রমিক এবং কর্মচারী নিয়োগ করেছিলেন তাতে দেখছি নিয়োগের ব্যাপারে ওঁরা কোন নিয়ম মানলেন না। কংগ্রেসের লোক সবই খারাপ এটা আমি বলছিনা, তবে দেখা গেছে প্রচুর সমাজবিরোধী লোক ঢুকছে। এখন আমাদের লোক রিক্রুট করতে হচ্ছে কারণ এক গাদা লোক সেখানে বসে রয়েছে যাদের কোথাও ফিটিং করতে পারছিনা। তাদের এখন বেকার ভাতা দিচ্ছি। এই ধরনের লোকগুলো আবার অসহযোগিতা করে এবং বিদ্যুৎ উৎপাদন যাতে ব্যাহত হয় তার চেষ্টা করে। অন্যান্য শ্রমিক যারা রয়েছে তারা কখনও ওই পথে যেতে চায় না। ওঁরা আবার বছরে ১/২ বার স্ট্রাইক করে। তবে মানুষ বলছে ওই স্ট্রাইকের দিনে আমরা বেশি করে বিদ্যুৎ পেয়েছি। আমি এটা উত্তরবঙ্গেও দেখেছি। এটা উত্তরবঙ্গে হয়েছে, আমাদের এখানেও হয়েছে। আমাদের কর্মচারীদের সহযোগিতা ছাড়া ইঞ্জিনিয়ার, টেকনিসিয়ানদের সহযোগিতা ছাড়া আমরা এটা কি করে পারি? সেইজন্য আমরা কৃতজ্ঞ তাদের প্রতি। সেজন্য আমরা একথা বলতে চাই—এস.ই.বি.তে সব কিছু হয়ে গিয়েছে একথা বলতে চাইনা, আমরা শুধু একথাই বলতে চাই, তুলনা করতে চাই যে আমরা কোথা থেকে পাবো বিদ্যুৎ। পেপার গুলিয়ে দেয়, কাগজে এমনভাবে লেখা হবে এবং বক্তৃতাতেও তাই শুনলাম, কাগজকে তো ছড়িয়ে ছড়িয়ে বলতে হবে যে বিদ্যুতটা আমাদের কোথা থেকে আসছে পশ্চিম বাংলায়? আমাদের কিছু আছে, অথরিটির কিছু আছে, দুর্গাপুর থেকে ডি.পি.এল.এর কিছু আছে, অল্প স্বল্প তাদের দেবার কথা, ডি.ভি.সি.আছে। তাদের সঙ্গে আমাদের চুক্তি অনুযায়ী ৯৫ মেগাওয়াট দেওয়ার কথা আমাদের বিহার থেকে আসবে ১০ মেগাওয়াট উত্তরবঙ্গে, আর আমাদের জলঢাকা ইত্যাদি যা আছে তা আছে, এইগুলি দিয়ে যদি আমরা উত্তরবঙ্গে—আমি হিসাব করে দেখেছি, গত দু'বৎসরের কথা আমি বলতে পারি ৩-৪ এর বেশি আমরা পাইনি। তাহলে ৫-৬ আমি কোথা থেকে যোগাড় করবো। কাজেই প্ল্যানিং করলেও আমাদের অন্ধকার হয়ে যাচ্ছে। এইজন্য আমরা গ্যাস টার্বাইন করে বাঁচাবার চেষ্টা করছি উত্তরবঙ্গকে। আর ডিজেল সেটাও আমরা কিছু কিছু দিয়েছি তাও ডিজেলের অভাবে অনেক সময় চলেনা। ঠিক সেই রকমভাবে ডি.ভি.সি.থেকে আমাদের ৯৫ মেগা ওয়াট পাবার কথা, তা আমরা দেখছি, একটা উদাহরণ স্বরূপ বলছি, যে মার্চ মাসের ১৭,১৮,১৯,২০,২১,২২ যদি আমরা দেখি তাহলে আমরা দেখবো যে কত কম পেয়েছি, ৬৬ থেকে ৭৭ কম পেয়েছি। আমি কোথা থেকে দেবে যদি ডি.ভি.সি না দেয়? সকাল বিকাল প্রায় একই আছে আমি আর তা পড়ে সময় নষ্ট করতে চাইনা। কাজেই ঐ ১৯,২৩,১৪, একদিন পেয়েছিলাম ৩৫, এই যদি পাই তাহলে বিদ্যুৎ দেওয়া যাবেনা। আমি গণিখান চৌধুরিকে বলেছিলাম—উনি আমাকে ভাল ভাল পরামর্শ দিয়েছেন এবং বলেছেন যে আমি নিশ্চয়ই দেখবো, আমি বলেছিলাম যে আপনি এখন বিদ্যুৎ মন্ত্রী ও ডি.ভি.সি.টা আপনার আওতায় পড়ে, ওখানে যে সমস্ত সমস্যা আছে তা দেখবেন। তিনি আমাকে চিঠি লিখে বললেন যে সব ঠিক করে দিচ্ছি। আমি ওঁকে বলেছিলাম যে কি করে করবেন? আপনি ইঞ্জিনিয়ারদের ডাকুন, শ্রমিকদের ডাকুন, আপনার বোর্ডকে ডাকুন, আলোচনা করুন, এটা অত সহজ নয় এখানে নানা সমস্যা আছে। আমি কাউকে দোষারোপ করছিনা কিন্তু উনি যেহেতু মন্ত্রী হয়েছেন অমনি ৬৫০ মেগাওয়াট হয়ে যাবে এটা কখনো হয় নাকি? এটা কখনও হতে পারেনা। এখানে নানা রকম সমস্যা আছে এইগুলি সমাধান

[5-20— 5-30 P.M.]

করতে হবে। কাজেই এই হচ্ছে আমাদের কথা, এই সমস্যা জড়িয়েই হচ্ছে আমাদের বিদ্যুৎ এবং এর থেকে আমাদের চাহিদা পূরণ করতে হবে, উত্তরবঙ্গে করতে হবে, পশ্চিম বাংলায় করতে হবে, কলকাতায় করতে হবে আমাদের ডি.পি.এল. সেটার একটু উন্নতি হয়েছিল কয়েক মাস আগে এবং আমরা আশা করেছিলাম যে ডি.ভি.সি. থেকে যখন কিছু পাওয়ার সম্ভাবনা নেই তখন ডি.পি.এলকে যদি আমরা ঠিক করতে পারি যা আমাদের আওতার মধ্যে আছে, তাহলে আমরা আর একটু ভাল অবস্থার মধ্যে, স্থিতিশীল অবস্থার মধ্যে যেতে পারবো। আমরা যে এক্সপার্ট লাগিয়েছি তাদের প্রথম রিপোর্ট আমরা পেয়েছি এবং সেই অনুযায়ী কাজ শুরু করতে হবে। আমাদের এই যে অগ্রগতি যেটা আমরা করতে চাচ্ছি সেটা কেন ব্যাহত হচ্ছে সেটাই আমাদের বের করতে হবে। কারণ অসুখ হলে তা পরীক্ষা করে দেখতে হবে যে কি হয়েছে নইলে কোথায় হাত দেবো। কি অসুখ হয়েছে সেটা দেখে তবে তার প্রতিকার করতে হবে। সেটা করাও মুশকিল আছে। আমি উদাহরণ স্বরূপ বলছি, সাঁওতালদির ৪ নং ইউনিট আর ৫ নং ইউনিট ব্যান্ডেলের এই দুটির টাইম টেবেল হচ্ছে সেপ্টেম্বর মাস নাগাদ। কিন্তু এইটা নির্ভর করছে। কিসের উপর? একটা হচ্ছে কোটাতে ইনস্ট্রুমেন্টেশন লিমিটেড—তারা যন্ত্রপাতি দেবেন কিনা সময়মত। তাদের সঙ্গে মিটিং হয়েছে, কথা হয়েছে, সব লিপিবদ্ধ হয়েছে, পাওয়ার দপ্তরের অফিসারদের সঙ্গে। কিন্তু তারা বিপদে পড়তে পারেন, ইতিমধ্যে বিপদে পড়েছেনও। কোটায় সমস্ত অন্ধকার, এক ফোঁটাও পাওয়ার নেই। কিছুদিন ধরে চলছে। আমাদের অফিসারেরা আবার ছুটেছেন, তাদের সঙ্গে আলোচনা করছেন, কিছু অন্তত পাওয়ার দিন, এরা যাতে অন্তত আমাদের সরবরাহ করতে পারেন। যদি হয় ভাল, আনতে পারি, তা নয়তো দেরি হবে। ব্যান্ডেলেও ঠিক তাই। আমাদের ভেল থেকে যে জিনিস দরকার অন্য জায়গা থেকে দরকার, সেগুলো পাবো কিনা জানি না—এগুলো সব আমাদের উপর নির্ভর করে না। আমাদের জিনিস চলে এলো সময়মত, কিন্তু ব্যবহার করতে পারলাম না, সেইটা আমাদের অপরাধ আমাদের কোথায় গাফিলতি আমাদের কোথায় নেতিবাচক দিক যেটা আমায় দেখতে হবে—এইটা একটা কথা উঠেছে। সত্যই তো লিখেছি আমি বক্তৃতায়। আমরা কিছু জিনিস তৈরি করতে, প্রকল্প তৈরি করতে শ্রমিক লাগে, শ্রমিকেরা আমাদের নিজস্ব নয়, কন্ট্রাক্টরের লেবার থাকে। কন্ট্রাক্টরের যে লেবার থাকে তাদের এই ভয় যে কাজ যদি দু মাস পরে শেষ হয়ে যায় বা ৪ নং বা ৫ নং ইউনিটের কাজ যদি শেষ হয়ে যায়, আমরা খাব কি? এইটা অমূলক নয়। এইটাও তো ঠিক কতগুলো লোক ওখানে কাজ করছেন কন্ট্রাক্ট লেবারের, আমি তো আর সবাইকে কাজ দিতে পারি না। যাই হোক, এইটা আলোচনা করছি যে কিছু পারসেন্ট ওদের মধ্যে ব্যবস্থা করা যায় কিনা। এটা ঠিক ওরা দক্ষ হয়ে যায় কাজ করতে করতে। ওরা বলেন, ওদের যুক্তি ঠিকই, ওরা বলছেন, আপনারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে আনবেন বা অন্যভাবে নেবেন, কিন্তু আমরা তো সেখানে অ্যাপ্লাই করতে পারছি না। কারণ, আমরা তো কাজ করছি, আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম আসবে না। এইটায় খানিকটা যুক্তি আছে। আমরা দেখছি, কর্মচারীদের সঙ্গে আলোচনা করছি, কিন্তু আমরা বলছি দেরী করবেন না, দেরী করে তো লাভ নেই। দুমাস পরে হলেও তো আপনাদের কাজ যাবে। দেরী করে দেশকে ভুগিয়ে কি হবে? এখন আলোচনার বিষয় আছে। এখানে ছোট ছোট গোষ্ঠী আছে, যারা অনবরত গোলমাল করে

চলেছে, তারা কোন কথা মানবে না। নিয়ম আছে ইউনিয়ন করলে চিঠি লিখবে, আলোচনা করবে। আমরা তো ট্রেড ইউনিয়ন করেছি সারা জীবন। কিন্তু দলবেঁধে ঢুকে গেলো অফিসারদের ঘরে, ইঞ্জিনিয়ারদের ঘরে, তারা কাজ করতে পারবে না। এই রকম দু-চারটে ঘটনা হয়েছে। আমি বলেছি, আমাদের জানাবেন, পাবলিককে জানাবো, তারপরে যা ব্যবস্থা নেওয়ার নেবো। এই বিদ্যুতের ব্যাপারে আমরা কোন ঝুঁকি নিতে পারবো না। আমরা কোন ট্রেড ইউনিয়নের কাজে হস্তক্ষেপ করি নি এবং করব না। এই তিন বছরে তিন কোটি টাকা দেওয়া হয়েছে এই কর্মচারীদের যারা এখানে কাজ করেন। তাদের আরও কিছু দাবি-দাওয়া আছে, সেগুলি দেখছি। অন্য কোন জিনিস দেখতে পারি না। ওটা ইউনিয়ন নয় যে একজন ইঞ্জিনিয়ারকে মেরে দেওয়া হল, ২৫ ঘন্টা ধরে রেখে দেওয়া হল। এই রকম হলে এরা ভীত হয়ে যান, এরা কোন ডিসিপ্লিন আনতে পারে না। এইটা দেখছি। আর অমি ওই রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন সম্বন্ধে বলছি যে এটা ঠিক যে গতবারে আমরা প্রায় তিন কোটি টাকা ড্র করতে পারি নি, খরচা করতে পারি নি। এইবারে যার জন্য প্রায় সাড়ে ১৩ কোটি টাকা রেখেছি। তার কারণটা কি? কিছু আমাদের গাফিলতি থাকতে পারে, কিছু পর্ষদের গাফিলতি থাকতে পারে। নিশ্চয় আছে, আমি বলবো না যে, নেই। কিন্তু তার সঙ্গে যদি জিনিসপত্র না পাওয়া যায়, তাহলে আমি কি দিয়ে করবো? এইটা সব জায়গায়, শুধু আমাদের এখানে নয়। অ্যালমিনিয়াম কন্ডাক্টার খুঁজে খুঁজে পাওয়া যাচ্ছে না। এইটা না পেলে তো হবে না। আগে ছিল পুল পাওয়া যেতো না। জঙ্গল থেকে তৈরি করে যে পোলগুলো আসতো সেগুলোর খানিকটা সুব্যবস্থা হয়েছে। কিন্তু পুরোটা হয় নি। কিন্তু সঙ্গে সঙ্গে এইটার অভাব হয়ে গিয়েছে। তাই আমাদের দেখতে হবে, এই অবস্থা কি করে অতিক্রম করতে পারি। আমরা কেন্দ্রীয় সরকার বা অন্য যারা সাপ্লাই করেন, তাদের সঙ্গে আলোচনা করেছি। আমাদের সিদ্ধান্ত নিতে হবে, তা না হলে অসুবিধা থেকে যাবে। যে কারণে সাড়ে তেরো কোটি টাকা আমরা রেখেছি। তাও খরচ করতে অসুবিধা হয়ে যাবে। আমাদের আগে থেকে নজর রাখতে হবে। কারণ সবে শুরু হয়েছে এই অর্থনৈতিক বছর। আর আমি যে কথা বলছি সাধারণভাবে সেটা লক্ষীবাবু বলেছেন, আমার তাই বিশদভাবে বলার প্রয়োজন নেই। সেটা হচ্ছে এমন একটা ভাব দেখানো হচ্ছে, আলোচনার সময় বিরোধী সদস্যরা বলোছেন, পশ্চিমবাংলায় নাকি সংকট, অন্য কোথাও এই রকম সংকট নেই, এই অবস্থা নেই। সেটা কি ঠিক? সব জায়গায় তো বিদ্যুতের ঘাটতি আছে। এটা বোধ হয় অঙ্কের হিসাব দেওয়া হয়েছে, তাহলে এগুলি কি করে হল? ভোলাবাবুর সুবিধা আছে, তিনি কোর্টে কেস করে, এসে কারও কাছ থেকে নোট নিয়ে যা খুশি বলে দিলেন। সারপ্লাস এনার্জি? অন্ধ্রপ্রদেশে 60 per cent cut on high tension uses; Assam- 25 per cent, Delhi- 10 per cent. cut on energy and staggering of holiday Goa- 10 per cent, cut and on fertilizer 30 per cent cut, Gujrat- 8 per cent for all industries and staggering of holidays, Haryana- 50 per cent, cut for heavy industries and 40 per cent, cut for other industries: conductor cut- 20 per cent., high tension- 60 per cent, cut on other industries and staggering of holidays, M.P.- 10.25 per cent. cut on energy and demand, Maharastra- 35 per cent. cut for continuous process of industries and 55 per cent. cut on textile and general industries, Orissa- 45 per cent cut, Punjab- 40 per cent. cut,

Tamil Nadu- 50 per cent cut on power, U.P.- 100 per cent. cut for periods ranging from seven to fifteen days a month, West Bengal- 20 to 40 hours cut with peak hour restriciton....state

এখন এই সম্বন্ধে একটা না বললে ভুল হবে, সেটা হচ্ছে কিছু কিছু স্টেট আছে, যাদের হাইডেল যেখানে আছে, সেখানে যদি খরা হয়, অন্য কিছু হয়, তাহলে তাদের অসুবিধা হবে, আমি যে ফিগারগুলি বললাম খরার ব্যাপার নয়, নিজে গিয়ে দুই একজন মুখ্যমন্ত্রীর সঙ্গে—তামিলনাড়ুতে, অন্ধ্রপ্রদেশে আলোচনা করেছি। উড়িষ্যা থেকে কেন আনবেন না বলা হচ্ছে। উড়িষ্যা থেকে আমরা নিতে চেষ্টা করেছিলাম, কয়েকদিনের জন্য তারা পাঠিয়েছিল, অন্ধ্র থেকেও পাঠিয়ে ছিল। উত্তর প্রদেশ থেকে ও পাঠিয়ে ছিল। তাদেরই নেই যখন কি করে পাঠাবে, আশা করে লাভ কি? শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী, মুস্কিল হচ্ছে নিজেরা কিছু জানবেন না, কাগজে কি লিখে দিল, বাড়তে আরম্ভ করলেন, কাগজে যা বেরোয় সব ঠিক নাকি? (নয়েজ)... কাগজে যা বেরুচ্ছে সব ঠিক হবে না, আমি বলেছি এটা ঠিক নয়। আমরা কিছু লুকোইনা, লুকোবার দরকার কি? আমি এক বছর আগে একটা সভায় বলেছিলাম—ম্যানেজমেন্ট বলতে যা বুঝায়, তা আমাদের অভাব আছে। সভায় যেটা বুঝিয়ে ছিলাম যেটা বুঝবার, সেটা কিন্তু কাগজে বেরোয়নি। ম্যানেজমেন্ট মানে কি হওয়া উচিত। শুধু কি উপরে কিছু বসিয়ে দেওয়া, তাতে ম্যানেজমেন্ট হয় না। ম্যানেজমেন্ট হচ্ছে a system of organisation which must grow up. আমি যে ভাষা ব্যবহার করেছিলাম সেটা হচ্ছে a system of organisation with responsibility of each individual and each group. এই জিনিসের অনেক অভাব আছে, কিছুটা হয়তো শুধরেছে, অভাব এখনও আছে, এটা বসে প্রতিনিয়ত আলোচনা করে ঠিক করতে হবে। তারপরে উনি বললেন এস.ই.বি.সব ঠিক আছে, ডি.ভি.সি.-এর উপর চাপ দিলেন, আমি আগেও বলেছি দোষ কাকে দেব, যতটা পেরেছি বলেছি, যা পারিনি তাও বলেছি এবং এটাও বুঝি আমাদের জনসাধারণের কতটা অসুবিধা হচ্ছে, আমাদের শিল্পের অসুবিধা হচ্ছে, কৃষির অসুবিধা হচ্ছে। আপনাদের থেকে নিশ্চই বেশি বুঝি, কারণ আমাদের প্রভাব মানুষের উপর অনেক বেশি, আপনারা তো মানুষ থেকে বিচ্ছিন্ন (নয়েজ)

এখানে বিরোধীদের শুনছি ছাত্রদের জন্য দরদ কত। আপনারা টুকতে শিখিয়েছেন, মাস কপিং, তাদের জন্য দরদ, পাখা নাই, লাইট নাই, আমাদের আসার পরে, উনি তো একজন শিক্ষক জানেন, এখন পরীক্ষা হচ্ছে এবং লক্ষ লক্ষ ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছে, কষ্ট করে হলেও দিচ্ছে, আমাদের সঙ্গে ছেলেমেয়েরা সহযোগিতা করছে, আমরা সহযোগিতা দিচ্ছি।

[5-30— 5-40 P.M.]

তারপর উনি আবিষ্কার করলেন, এটা বিরোধী পক্ষের সবাই আবিষ্কার করছেন যে ওভার টাইম পাচ্ছে সাঁওতালদি এবং অন্যান্য জায়গাতে। জিজ্ঞাসা করলেন, কি করে হোল? এটা কি ১৯৭৭ সালে হয়েছে নাকি? কেন এসব করে গিয়েছিলেন আপনারা? সেখানে স্বজনপোষণ করে নিজেদের লোকদের ঢুকিয়ে দিয়েছেন, তারা কাজ করবে না ওভারটাইম পাবে এইসব পাঁক আপনারাই সৃষ্টি করে গিয়েছেন এবং এটা এখনও আমাদের ঘাড়ে চেপে

আছে। আমরা বুঝিয়ে শুনিয়ে (শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ আপনারা কি করছেন সেটা বলুন)। উত্তেজিত হবেন না, মাস্টারমশাই আপনি, আপনি একটু ধৈর্য ধরে আমার কথা শুনুন আপনার বক্তৃতাও আমি শুনেছি। কাজেই আমার কথা হচ্ছে, আমাদের যা করণীয় আছে সেটা আমরা করবার চেষ্টা করছি। গলদ নিশ্চয় আছে, আপনারা পরামর্শ দেবেন, আমাদের বলবেন। একজন বললেন, আমি উত্তরে বলেছি—মেদিনীপুরের কথাই বললেন হয়ত, সেখানে উনি এখনও বলছেন, আমি যে উত্তর দিয়েছি সেটা ঠিক উত্তর নয়—ঐ ৫টি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে এটা ঠিক নয়। এ সম্বন্ধে ওঁকে আমি বলছি, আমি এখনই এটার খোঁজ দিতে পারলাম না, দু/চার দিনের মধ্যে বলে দেব কি ব্যাপার। হতে পারে, কারণ, দুটি খুঁটি নিয়ে গেলাম আর সরকারি রিপোর্টে বেরিয়ে গেল যে বৈদ্যুতিকরণ হয়েছে এ আমি নিজেই জানি এসব অনেক জায়গায় হয় নি। ঐ যে ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ এসব হয়নি। তারপর একই বস্তাপচা কথা উনি বললেন যে আনন্দবাজারে বেরিয়েছে জ্যোতিবাবুর সহপাঠী ঐ মিঃ দাশগুপ্ত কি করে আমার সহপাঠী হবে? আরে আমি তো প্রায় বুড়ো হয়ে গেলাম, ওঁনার তো আমার থেকে অনেক কম বয়স, ৭/৮ বছরের ছোট আমার থেকে আর বলছেন আমার সঙ্গে পড়তো। কি করবো বলুন? এই হচ্ছে জনপ্রতিনিধি, এই বক্তৃতা তাঁরা দিচ্ছেন। কাগজে যদি এটা এক লাইন বেরিয়ে যায় ব্যাস হয়ে গেল, এটাই থেকে গেল। তারপর বলা হল এর সঙ্গে ও কথা বলে না, পাওয়ার সেক্রেটারির সঙ্গে খাতির নেই ইত্যাদি ইত্যাদি, আমি বলছি, আমি এসব কথা ধর্তব্যের মধ্যেই ধরি না, এসবই অসত্য কথা। আমি বলছি, সংগঠনকে শক্তিশালী করার জন্য আমরা চিন্তা করছি। আমরা সেই সমস্ত ইঞ্জিনিয়ার যাঁদের আমরা চাই তাঁদের সঙ্গে এখনও কন্ট্রাক্ট করে চলেছি, দু/একজনকে পেয়েছি, আরো নিশ্চয় আগামী দিনে পাবো এই আশা করছি। তাঁদের যখনই পাবো নিয়ে আসবো এ বিষয়ে আপনারা নিশ্চিন্ত থাকতে পারেন। তারপর বলা হল ঐ জুট ইন্ডাস্ট্রিতে যেহেতু তাদের ৮০ পারসেন্টের নিজেদের জেনারেটার আছে, ক্যাপ্টিভ প্ল্যান্ট আছে সেইহেতু সেখানে উৎপাদন হচ্ছে। হয়ে গেল কথা। ৮০ পারসেন্টের অবশ্য নেই, সেটা ওঁদের জিজ্ঞাসা করবেন কিন্তু আমার কথা হল ওঁরা কি কিছুই আমাদের উপর নির্ভর করেন না? এই যে রেস্ট্রিকশন করে ওঁদের সঙ্গে বসে আলোচনা করে যাতে শ্রমিকদের লে-অফ করতে না হয় তার জন্য যাতে স্পেশাল শিফ্ট করে নেয়, দরকার হলে রাত্রি ১০ টার পরে—যখন আমাদের অসুবিধা হয় কিন্তু হোক কিন্তু তা সত্ত্বেও ইন্ডাস্ট্রিজ চলুক, এই যে সব ব্যবস্থা আমরা করলাম এটার কি কোন মূল্য নেই? এসব তো বিজ্ঞাপনে দেওয়া হয়েছে, বলা হয়েছে, কাজেই জেনে শুনে এইসব অসত্য কথাগুলি ওঁরা বলছেন। তারপর বলা হয়েছে সাঁওতালদির তৃতীয় ইউনিট এতবার খারাপ হয়েছে। আমি বলছি, এটা বি.এইচ.ই.এল.-এর হাতে ছিল, গত মাসে ওরা আমাদের দিয়েছেন, তার আগেই অনেকবার এটা বসিয়ে দিতে হয়েছে যাতে এর যে অসুবিধাগুলি আছে সেগুলি দূর করা যায়। অমি রিপোর্ট এখনও পাই নি যে কি কি সেখানে ধরা পড়েছে। এটা ঠিকই বলেছেন শাস্ত্রীমশাই যে পশ্চিমবাংলার জনগণ তারা দেখছেন—দে আর ওয়াচিং। ঠিকই তো, তারা দেখছেন এবং দেখে আপনার অনেককে বর্জন করেছেন এবং আমাদের অনেককে সমর্থন করেছেন। শ্রী ভোলা সেন মহাশয়ের কথার বেশি উত্তর দিতে হবে না, কারণ উনি কি বললেন? ওঁর বিদ্যে বুদ্ধিটা আপনারা দেখুন। উনি বললেন, উড়িষ্যা, অন্ধ্র, তামিলনাড়ু অমুক তমুক কয়েকটি নাম করলেন এবং করে বললেন এরা সব

সারপ্লাস। এর আমি কি উত্তর দেব? কোন উত্তর দেবার নেই। আমি এটা বলছি নিজেদের অসুবিধা করে। এটা জেনে রাখবেন দে আর নট সারপ্লাস, এটুকু আপনাদের নলেজে নেই। আপনাদের সব বিদ্যা বুদ্ধি ধরা পড়ে গেছে, এর চেয়ে বেশি কথা বলার নেই। তারপর ওদের আপত্তি এত রকম অ্যালাওয়েন্স আমরা দিচ্ছি কেন—আমার বক্তৃতায় আছে, পে কমিটি রিপোর্ট দিয়েছে আমরা অ্যালাওয়েন্স দিচ্ছি। এতে আপত্তি? ওদিকে আই.এন.টি.ইউ.সি.-র লোকদের খেপাচ্ছেন বিরোধিতা কর, অ্যালাওয়েন্স দিতে হবে, আর আমাদের বলছেন কেন অ্যালাওয়েন্স দিচ্ছেন। শ্রমিকরা সব ব্যারিস্টার নাকি? ওদের অ্যালাওয়েন্স দিতে হবে না?

**মিঃ ডেপুটি স্পিকার :** ডিমান্ড নং ৬৭ এর জন্য যে টাইম অ্যালটেড ছিল তা ৫.৪২ মিনিটে শেষ হয়ে যাবে। আমার মনে হয় এই টাইমের মধ্যে ডিবেট শেষ হতে পারছে না। তাই রুল ২৯০ অনুসারে আমি হাউসের টাইম আরো আধ ঘন্টা বাড়াবার জন্য অনুরোধ করছি।

(ভয়েস ঃ ইয়েস)

সো, দি টাইম ইজ এক্সটেন্ডেড বাই হাফ অ্যান আওয়ার।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যত তাড়াতাড়ি পারি শেষ করার চেষ্টা করছি। আমরা সরকারে আসার পরে প্রথমে দিল্লি গিয়ে এই কথা শুনে অত্যন্ত লজ্জা পেতাম ওভারহল-এর ব্যাপারে—অন্যান্য জায়গায় যেখানে ৪৫ দিনে বয়লার রেডি করে দেন সেখানে আপনাদের ওখানে ২/৪বছর ধরে দেখছি ৬০/৯০ দিন সময় লেগে যাচ্ছে, কিছুই ঠিক নেই। আমাদের সময় লাগছে ঠিক, কিন্তু এখন একটু ইম্প্রুভ হয়েছে। তারপর আমি শ্রমিক ইউনিয়নের সঙ্গে ডেকে আলোচনা করেছি, কথা বলেছি যারা দায়িত্ব নিয়ে কাজ করেন এবং এখন ৪৫ দিনের জায়গায় ৫০/৫২দিনের মধ্যে রেডি করে দিচ্ছে। এই জিনিস আজকে হয়েছে। ছোট খাট জিনিস যেগুলির জন্য ৪/৫ দিন সময় লাগত, এখন দু দিন তিন দিনের মধ্যে মেরামত হয়ে যাচ্ছে। এই ব্যবস্থাগুলি আমরা করেছি, সুফল পাচ্ছি। আমাদের আরো কিছু করতে হবে। তারপর একটি অসত্য কথা ভোলাবাবু বলে গেলেন জ্যোতিবাবুর বাড়িতে লোড শেডিং নেই। আমার বাড়িতে থাকবে না, আমি তো সিদ্ধার্থ রায় নই? তখন অর্ডার ছিল সিদ্ধার্থ রায়ের বাড়িতে কোন লোডশেডিং হবে না। কারণ উনি জনগণের মন্ত্রী ছিলেন না, আপনাদের মন্ত্রী ছিলেন। তিনি তো জনগণ বিরোধী মন্ত্রী ছিলেন। কাজেই আমি এই বিষয়ে আর বিশেষ কিছুই বলতে চাই না। আর একটি কথা না বলে পারছি না, কারণ যেটা ফ্যাক্টস সেই পরিসংখ্যান জানানো ভাল। আমরা এতে বড়াই করছি না, আমাদের যদি একটু উন্নতি হয়ে থাকে তাহলে সেটা তো বলতে হবে। যেমন অবনতি হলে, অসুবিধা হলে সেগুলি বলতে হবে আত্মসমালোচনা করতে হবে। অ্যাভেলিবিলিটি ফ্যাক্টরের যে চার্ট করেছিলাম তাতে দেখছি জানুয়ারি, '৮০, ব্যান্ডেলে হয়েছে ৭৬, সাঁওতালডিতে ৬৭, ইস্টার্ন রিজিয়নে ৬৭.৬, নর্দার্ন রিজিয়নে ৬৫.২, সাউদার্ন রিজিয়নে ৮৫.২, ওয়েস্টার্ন রিজিয়নে ৮০.৬—এটার সঙ্গে কমপেয়ার করে দেখুন, আমরা খুব নিচে নেই, আগে আরো খারাপ অবস্থা ছিল। ডিসেম্বর, ১৯৭৯ তে ছিল ব্যান্ডেল ৫৯, সাঁওতালদি, ইস্টার্ন ৬৯.৬, ৬১.৫ ইত্যাদি। আগস্ট,

[25th March, 1980]

সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর মাসে প্রায় একই রকম। অক্টোবর, ১৯৭৯ প্রায় ১০০ অ্যাভেলিবিলিটি। এটা আমি যদিও করিনি, কিন্তু যারা করেছেন তাদের উৎসাহ দিতে হবে। তারা এই জিনিসটা করেছেন, একটু অ্যাডভান্স হয়েছে, আরো একটু আমাদের করতে হবে। কাজেই এই সব অনর্থক কতকগুলি জিনিস বলে কোন লাভ নেই।

[5-40 — 5-50 P.M.]

তারপর ভোলানাথবাবু একটা হাস্যকর কথা বলেছেন—টিউব লিকেজের কথা বলেছেন। কি সব হিসাব দিলেন ৬ দিন ১০ দিন ১৫ দিন—এই সব কি বললেন। তারপর বললেন সি.ই.এস.সি. তার ইউনিটগুলি বিকাল ৫ টা থেকে সকাল পাঁচটা পর্যন্ত ওভারহল করে। আমি বলছি না, করে না—সি.ই.এস.সি. কখনও তা করে না, এ কথার কোন মানে হয় না। এরা কখনও সাট ডাউন করে না। কারণ এদের ওয়াসিং সিস্টেম থাকার ফলে ওভারহলের সময় একটা বয়লার খুললেও অন্য টারবাইন চালু থাকে। এটা ওঁর ভাল করে জানা দরকার। আপনি কি এই রকমভাবে হাইকোর্টে মামলা করেন?

(গোলমাল)

ওনারা যা বলছেন আর তা পুনরুক্তি আমি করছি না। কিন্তু আমি বলতে চাই যে আমাদের নানা অসুবিধার মধ্যে চলতে হচ্ছে এবং জনগণের এতে অসুবিধা হচ্ছে—এটা আমি আমার বক্তব্যের শেষের দিকে বলেছি। আমরা পৃথক করছি উৎপাদন এবং বন্টন এই দুটোকে। আমরা যে পৃথক করছি তাতে কিছু ইঞ্জিনিয়ার এ নিয়ে আন্দোলন করছে এবং শ্রমিকদেরও বোঝাচ্ছে যে তোমরা আমাদের সঙ্গে লড়াই করো। শ্রমিকদের এতে কোন স্বার্থ নেই। আমি এদের নিশ্চয় ডাকবো। এক আধ বার দেখা হয়েছিল। অমি বলেছিলাম আমরা নিশ্চয় আপনাদের যে দাবি-দাওয়া আছে আমরা দেখবো। এ সম্বন্ধে স্টেটসম্যানে আর্টিকেল বেরিয়েছে আমরা কমিটিও বসিয়েছি। কিন্তু কিছু দিন চুপ-চাপ থাকার পর এই ব্যাপার নিয়ে আবার আন্দোলন শুরু করেছে। ওঁরা বুঝতে পারবেন যে ওঁদের একমাত্র প্রমোশনের ব্যাপার আছে। অমি বলেছিলাম যে সেটা যদি গ্যারেন্টেড হয় আপনাদের প্রমোশন কমে যাবে না তাহলে আপনাদের আর কি আছে। কারণ এতো টাকা নিয়োগ করছি এতে আমাদের উৎপাদন বাড়বে এবং বাড়ার সঙ্গে সঙ্গে আরও অনেক ইঞ্জিনিয়ার দরকার হবে। ডিস্ট্রিবিউশনটা আমাকে দেখতে হবে। আরও বেশি হওয়া উচিত। তাহলে সেখানে ইঞ্জিনিয়ারদের প্রমোশনের কি অভাব হবে। আমি অনেককে জিজ্ঞাসা করেছি গণিখান চৌধুরিকে জিজ্ঞাসা করেছি এবং অনেকের সঙ্গে আমি কথাবার্তা বলেছি। আমি জিজ্ঞাসা করেছিলাম যে এই যে আমরা করতে যাচ্ছি এটা ঠিক না এটাতে খারাপ হবে। প্রত্যেকেই আমাকে বলেছেন এমন কি দিল্লি থেকে একজন এসেছিলেন তিনিও বলেছেন এটাই করা উচিত। কারণ এতো টাকা ইনভেস্ট হবে এতো টাকা নিয়োগ হবে এবং এটা এতো বাড়বে এবং ওঁরাই স্প্যাশালাইজড ওঁরাই উৎপাদন করবেন। তাহলে তাদেরকে আজকে এখানে রাখলাম উৎপাদনে কালকে ডিস্ট্রিবিউশনের জন্য গ্রামে পাঠিয়ে দিলাম বা হেড অফিসে পাঠিয়ে দিলাম কিংবা প্ল্যানে পাঠিয়ে দিলাম। আমি মনে করি ঠিক পথই আমরা নিয়েছি। শ্রী গণিখান চৌধুরী বললেন সমস্ত ভারতবর্ষে নাকি তিনি এটা করবেন। কে কি করবেন এবং তা পারবেন কিনা জানি না। তবে কতকগুলি

জায়গায় ইতিমধ্যে আছে। দিল্লিতে যে বিশেষজ্ঞ আছে আমি তাকেও জিজ্ঞাসা করেছি। আমরা না জিজ্ঞাসাবাদ করে এটা করি নি। অনেক অভিজ্ঞতার পর আমরা করেছি এবং এতে অসুবিধা হবে না। অনর্থক ওঁরা ব্যাজ পরছেন স্ট্রাইক করবেন বলছেন। এই সব কথা কেন বলছেন? আমি ওঁদের বলেছিলাম যে আপনাদেরও তো ছেলেমেয়ে আছে পরিবার বর্গ আছে আপনারা এটা ভাবেন না যে সব অন্ধকার হয়ে যায়। এই রকম অবস্থায় আমরা সাবপ্রেস করে রেখেছি। আমাদের এখানে যে চাহিদা রয়েছে সেগুলির তো উন্নতি করতে হবে। আমাকে ওঁরা বললেন নিশ্চয় আমরা ভাবি এবং অনেক কথা বললেন। কাজেই আমি আশা করবো সত্যিই যদি তারা সেটা ভাবেন তাহলে ওঁদের আমি বলবো আমরা বামফ্রন্ট সরকার আমরা তাঁদের কি কিছু অপকার করতে পারি? কখনই তা পারি না। এবং শুধু নিজেদের স্বার্থ দেখবেন না এটা আমার পূর্ণ বিশ্বাস আছে। আমি বলেছি সব কিছুতে আমাদের একমত হতে হবে এটা নাও হতে পারে। কিন্তু আমরা বসবো আপনাদের সঙ্গে বা কোন সংস্থার সঙ্গে বসবো আলোচনা করবো এবং তাতে যা মানতে পারি মানবো। এই পদ্ধতি নিয়ে আমরা তিন বছর সরকার চালাচ্ছি। আমরা যা পারি না সেটা পরিষ্কার ভাবে বলবো এবং তার পরে যদি কিছু বলার থাকে তাহলে জনগণের কাছে সেটা বলবো যে এই জন্য এই দাবি আমরা পূরণ করতে পারি নি—এবং জনগণের মতামত নেবো সেই পদ্ধতি আছে। আমরা দেখবো কি করা যায়। পশ্চিমবাংলায় শিল্পের জন্য কৃষির জন্য জনসাধারণের জন্য আমরা নূতন নূতন সেন্টার গড়ে তোলার চেষ্টা করছি ক্ষুদ্র শিল্প ছোট শিল্প সব জায়গাতেই বিদ্যুতের গুরুত্ব অনেক বেশি। আমি আশা করি সাবই এর সহযোগিতা আমরা পাবো যেসব কর্মী ইঞ্জিনিয়ার টেকনিশিয়ান আমাদের আছে তাদের কাছ থেকে। আমি যত নাম পাচ্ছি বিশেষজ্ঞদের তাদের আনবার চেষ্টা করছি এবং এইভাবে আমরা একে ঢেলে সাজাচ্ছি এবং তার জন্য ক্রমাগত চেষ্টা করে চলেছি যাতে উন্নতি হয়। আমাদের যেটা বাকি আছে আমার স্থির বিশ্বাস যে আমরা সেটা পূর্ণ করবো মানুষের সহযোগিতায়। এই কথা বলে যেসব কাটমোশন আছে তার বিরোধিতা করে আমি বলবো যে আমি আশা করি আমার এই ব্যায় বরাদ্দ আপনারা অনুমোদন করবেন।

**Mr. Speaker :** The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 57,30,58,000 be granted for expenditure under Demend No. 67, Major Head; "734 Loans for Power Projects", was then put and agreed to.

DEMAND NO. 50

Major Heads: 298-Co-operation, 498-Capital Outlay on Co-operation, and 698-Loans for Co-operation.

**Shri Bhakit Bhusan Mondal :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 22,07,32,000 be granted for expenditure under Demand No. 50, Major Head : "298 co-operation, 498-Capital outlay on co-operation, and 698-Loans for Co-operation".

(The written speech of Shri Bhakti Bhusan Mondal is taken as read)

বিগত দিনের অনুষ্ঠিত কাজকর্ম এবং আগামী দিনের পরিকল্পিত কার্যাবলীর হিসাব করতে গেলে বিধ্বংসী বন্যা এবং তার পরেই অভূতপূর্ব খরার আক্রমণের কথা অবশ্যম্ভাবীরূপে এসে পড়ে। নিষ্করুণ প্রকৃতির এই দুটি সর্বনাশা আক্রমণ দেশের জনজীবনে বিরাট ক্ষতচিহ্ন এঁকে দিয়ে গেছে, যা মুছে ফেলতে আমাদের বেশ কিছুদিন সময় লাগবে। তবু বলতে পারি পুনর্গঠনের কাজ দ্রুতগতিতেই চলছে। কৃষিঋণ বন্টন, সেচব্যবস্থা প্রসার, রাসায়নিক সার বন্টন, উন্নত মানের বীজ ও কৃষি সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সরবরাহ সমবায় প্রথায় আবশ্যক ভোগ্যপণ্য সরবরাহ, ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসার প্রভৃতি কাজগুলি সমবায়ের মাধ্যমে জনগণের মধ্যে সম্প্রসারিত করার প্রচেষ্টায় সমবায় বিভাগ উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে পেরেছে। গ্রামীণ অর্থনীতিকে সম্পূর্ণরূপে সুসংহত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। দীর্ঘকালব্যাপী কায়েমী স্বার্থবাদীদের প্রভাবাধীন সমবায় আন্দোলনকে বন্ধনমুক্ত করে দেশের জনসাধারণের অর্থনৈতিক জীবনে এর সুফলকে চিরস্থায়ী রূপ দেবার কাজকে আমরা আমাদের পবিত্র কর্তব্য বলে মনে করি।

## স্বল্প ও মধ্য-মেয়াদী ঋণ ঃ

১৯৭৮-৭৯ সমবায় বৎসরের জন্য স্বল্পমেয়াদী ঋণদানের পরিমাণ ছিল ৪৯ কোটি ৮৬ লক্ষ টাকা—যার মধ্যে ১৭টি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং রাজ্য সমবায় ব্যাঙ্কের তিনটি শাখার লগ্নিকৃত অর্থের পরিমাণ ছিল ৪৫ কোটি ৭৪ লক্ষ টাকা এবং ব্যবসায়িক ব্যাঙ্ক ও আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কসমূহের অর্থলগ্নির পরিমাণ ছিল ৪ কোটি ১২ লক্ষ টাকা। ১৯৭৯-৮০ সালের জন্য স্বল্পমেয়াদী ঋণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৮০ কোটি ৫২ লক্ষ টাকা-যার মধ্যে ব্যবসায়িক ব্যাঙ্ক ও গ্রামীণ আঞ্চলিক ব্যাঙ্কের প্রদেয় অংশ ৯ কোটি ১৭ লক্ষ টাকা। উক্ত ৮০ কোটি ৫২ লক্ষ টাকার মধ্যে রবিশস্যের জন্য বরাদ্দ ধরা হয়েছিল ২৫ কোটি টাকা। রাজ্যের অধিকাংশ জেলায় খরার প্রভাবে মাটির অভ্যন্তরস্থ জলের ঘাটতি এবং দামোদর উপত্যকা প্রকল্প কর্তৃক সরবরাহকৃত খালের জলের অপ্রতুলতার দরুন রবিশস্যের জন্য নির্ধারিত দাদনের লক্ষ্যমাত্রা পূর্ণ নাও হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। আগামী ১৯৮০-৮১ সালের জন্য স্বল্পমেয়াদী ঋণ দাদনের লক্ষ্যমাত্রা অবশ্য ১০১ কোটি ১৬ লক্ষ টাকা নির্দিষ্ট করা হয়েছে।

১৯৭৮-৭৯ সালে রাজ্য সমবায় শাখাসমূহ এবং কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক সমূহ ৩৬ কোটি ৬১ লক্ষ টাকা ঋণ আদায় করেছিল। বাৎসরিক দাবির তুলনায় আদায়ের পরিমাণ ছিল ৪৮.১ শতাংশ। পূর্ববর্তী বছরের আদায় ছিল দাবির ৫৬.২ শতাংশ। কিস্তীর টাকা আদায়ের ক্ষেত্রে এই অবনতির জন্য দুটি বিষয় দায়ী—(১) উপর্যুপরি বন্যা ও খরা এবং (২) নির্বাচনের কাজে সমবায় বিভাগের এবং সমিতিসমূহের কর্মীবৃন্দের নিয়োগ। এইসব কারণ বর্তমান থাকা সত্ত্বেও আশা করা হচ্ছে যে, চলতি সমবায় বৎসরের শেষে আদায়ের পরিমাণ যথেষ্ট বৃদ্ধি পাবে। তবে ৫০০ টাকার কম ঋণ যাঁদের কাছে পাওনা আছে তাঁদের ওপর কোন বাধ্যতামূলক ব্যবস্থা আরোপ করা হবে না।

বিগত সমবায় বৎসরের শেষে প্রাথমিক কৃষিঋণদান সমিতির সদস্য-সংখ্যা ছিল ২১ লক্ষ ৯২ হাজার—যার মধ্যে ১৪ লক্ষ ২৬ হাজার ছিল দুর্বলতর শ্রেণীর সদস্য। ১৯৭৯-৮০ সমবায় বৎসরের শেষে এইসব প্রাথমিক সমিতির সদস্য-সংখ্যা ২৫ লক্ষ ৯৩ হাজার হবে বলে আশা করা হচ্ছে। আগামী ১৯৮০-৮১ সালে সদস্য-সংখ্যার লক্ষ্য ধার্য করা হয়েছে ২৭ লক্ষ ৬৩ হাজার। এই সংখ্যা রাজ্যের মোট কৃষক পরিবারের ৪৯ শতাংশ। এদের মধ্যে ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে দুর্বলতর শ্রেণীর মানুষদের সদস্যসংখ্যা বাড়িয়ে যথাক্রমে ১৭ লক্ষ ৩৭ হাজার এবং ১৯ লক্ষ ৩৪ হাজার করা হবে। আশা করা যায়, আগামী ৩০এ জুনের মধ্যে ২৫ লক্ষ ৯৩ হাজার কৃষক পরিবারকে সদস্যভুক্ত করাব লক্ষ্য পূর্ণ হবে। ১৯৭৮-৭৯ সালের সমবায় বৎসরে স্বল্পমেয়াদী ঋণ দুর্বলতর শ্রেণীর মানুষদের মধ্যে বণ্টিত হয়েছিল ২৯ কোটি ৬৬ লক্ষ টাকা। ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে এর পরিমাণ হবে যথাক্রমে ৫৩ কোটি ৯৫ লক্ষ টাকা এবং ৭০ কোটি ৮১ লক্ষ টাকা।

গ্রামাঞ্চলে অধিকতর তহবিল সংগ্রহের উদ্দেশ্যে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কসমূহ এবং রাজ্য সমবায় ব্যাঙ্কের আঞ্চলিক কার্যালয়ের প্রত্যেকটির একটি করে শাখা প্রতিটি ব্লকে স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ১৯৭৮-৭৯ সালের সমবায় বৎসরের শেষে এরূপ শাখার সংখ্যা ছিল ১৮৫টি । ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে এই ব্যাঙ্কসমূহ যথাক্রমে ৩৯টি এবং ৩৪টি এরূপ শাখা খুলবে বলে স্থির হয়েছে। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং রাজ্য সমবায় ব্যাঙ্কের আঞ্চলিক কার্যালয়সমূহ ১৯৭৮-৭৯ সালের শেষে ৫১ কোটি টাকা সংগ্রহ করেছিল। ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে এই সংস্থাগুলির মাধ্যমে যথাক্রমে ৫৮ কোটি ৫০ লক্ষ টাকা এবং ৬৬ কোটি ৮৫ লক্ষ টাকা সংগ্রহ করা হবে বলে স্থির করা এ ছাড়াও নির্বাচিত কতকগুলি প্রাথমিক কৃষিঋণদান সমিতির সহায়তায় গ্রামাঞ্চলের তহবিল সংগ্রহের একটি নতুন প্রকল্প গ্রহণ করা হয়েছে। আগামী সমবায় বৎসরে এই প্রকল্পটি সাফল্যের সঙ্গে কাজ করতে পারবে বলে আশা করা হচ্ছে । ষষ্ঠ যোজনার শেষে এইসব নির্বাচিত প্রাথমিক কৃষিঋণদান সমিতি ২৫ কোটি টাকার গ্রামীণ তহবিল সংগ্রহ করতে পারবে বলে হিসাব করা হচ্ছে।

স্বয়ম্ভরতা কার্যসূচী রূপায়িত হবার পর রাজ্যে মোট ৬,৭৫৫টি স্বয়ম্ভর প্রাথমিক কৃষিঋণদান সমিতি গড়ে উঠবে বলে মনে করা হচ্ছে। এই সমিতিগুলি নিজ নিজ ক্ষেত্রে যাতে কৃষকদের সেবায় কাজ করতে পারে তার জন্য সরকার এই সমিতিগুলির অংশীদারী মূলধন ১৫,০০০ টাকা থেকে আরম্ভ করে উপযুক্ত ক্ষেত্রে ৫০,০০০ টাকা পর্যন্ত বিনিয়োগ করছে ।

প্রাথমিক কৃষিঋণদান সমিতিগুলি পরিচালন ব্যবস্থার উন্নতিকল্পে পূর্ণ সময়ের জন্য বেতনভূক এবং প্রশিক্ষণপ্রাপ্ত ম্যানেজার নিয়োগের প্রকল্প অনুসারে ১৯৭৯ সালের ৩০এ জুন পর্যন্ত ৫,১৭৫ জন ম্যানেজার নিযুক্ত হয়েছেন। কমপক্ষে মাসিক ২৫০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত বেতন দেওয়া হবে এই ম্যানেজারগণকে । বিনিয়োগের ১ শতাংশ এবং ০.৫ শতাংশ অর্থ দিয়ে যথাক্রমে প্রাথমিক কৃষিঋণদান সমিতিগুলি এবং কেন্দ্রীয় ব্যাঙ্কগুলি একটি বন্টন কমন ক্যাডার তহবিল তৈরি করবে এইসব ম্যানেজারগণের বেতন যোগাবার জন্য। এতেও টাকার সঙ্কুলান না হলে কেন্দ্র ও রাজ্য সরকার ৫০ : ৫০ অনুপাত ঘাটতি পূরণ

করবে।

চলতি বৎসরে খরাপীড়িত ক্ষুদ্র ও প্রান্তিক চাষীগণকে সুদ-অনুদান (ইন্টারেস্ট সাবসিডি) দেবার জন্য ভারত সরকার, রাজ্য সরকারের সঙ্গে সমান সমান ভাগে অর্থ সাহায্য দেবার উপযোগী একটি প্রকল্প গ্রহণ করেছে । এর জন্য অবশ্য ঐসব চাষীর দেয় স্বল্পমেয়াদী ঋণকে মধ্যমেয়াদী ঋণে রূপান্তরিত করতে হবে এবং চাষীগণকে ঐ পুনর্নির্ধারিত সময়সূচী অনুযায়ী ঋণ শোধ করতে হবে।

সম্প্রতি অর্থ দপ্তর সুদ-অনুদান বিষয়ে একটি প্রকল্প গ্রহণ করেছে। এই প্রকল্প অনুসারে কোন মরশুমের কৃষিকার্যের জন্য যেসব ভাগচাষী নিযুক্ত হবেন এবং যেসব ক্ষুদ্র চাষীর সেচ এলাকাভুক্ত ৪ একর পর্যন্ত অথবা সেচবিহীন এলাকাভুক্ত ৬ একর পর্যন্ত জমিতে দ্বিতীয় ফসল উৎপন্ন করতে চান তাঁরা ২ হাজার টাকা পর্যন্ত ঋণের জন্য সুদের টাকাটা পুরোপুরি অনুদান হিসাবে পাবেন—যদি অবশ্য তাঁরা ঋণের কিস্তি সময়মত শোধ করেন। এর দ্বারা সমবায় ব্যাঙ্ক থেকে যাঁরা ঋণ নিয়েছেন তাঁদের মধ্যে কিস্তির টাকা শোধ করে এই সুদ-অনুদানের সুযোগ গ্রহণ করবার প্রভূত উৎসাহ সৃষ্টি হবে। তা ছাড়া, বাণিজ্যিক ব্যাঙ্কগুলির মতো সমবায় ব্যাঙ্কগুলির মাধ্যমে ৪ শতাংশ হার সুদে দুর্বলতর শ্রেণীর চাষীদের জন্য একটি বিশেষ ছাড়-যুক্ত কৃষিঋণ প্রকল্প (স্কীম ফর ডিফারেন্সিয়াল রেট অব ইন্টারেস্ট) সমবায় দপ্তরের বিবেচনাধীন রয়েছে ।

## দীর্ঘমেয়াদী ঋণ ঃ

১৯৭৮-৭৯ সালের জন্য দীর্ঘমেয়াদী কৃষিঋণদানের লক্ষ্য মাত্রা যদিও ১৮ কোটি টাকা ধার্য করা হয়েছিল, তবু ১২ কোটি ৬ লক্ষ টাকার বেশি ঋণ দাদন করা সম্ভব হয় নি। কারণ ২৬টি ভূমি উন্নয়ন ব্যাঙ্কের মধ্যে ১৬টি ব্যাঙ্ক সর্বগ্রাসী বন্যায় দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। তাই ঐ বৎসরে আদায়যোগ্য কিস্তির ৬২.১৪ শতাংশের মত কিস্তির টাকা ঋণগ্রাহী সদস্যগণের কাছ থেকে আদায় করা গিয়েছিল। প্রকৃতপক্ষে ঐ ১৬টি ভূমি উন্নয়ন ব্যাঙ্কের দাবিকৃত আসলের কিস্তির মধ্যে ৮০ লক্ষ ২৪ হাজার টাকার কিস্তি পুনর্নির্ধারণ করতে হয়েছিল যাতে করে ঋণগ্রাহী সদস্যগণ ঐ বছরে তাদের দেয় কিস্তির টাকা ১৯৭৯-৮০ সাল থেকে আরম্ভ করে ৪ বছরের মধ্যে পরিশোধ করতে পারেন। বন্যাকবলিত সদস্যগণের দেয় সুদের কিস্তি পুনর্নির্ধারণ করা রিজার্ভ ব্যাঙ্কের পক্ষে সম্ভব হয় নি বলে রাজ্য সরকারকে ৪০ লক্ষ টাকা বিনা সুদে কেন্দ্রীয় ভূমি উন্নয়ন ব্যাঙ্ককে দিতে হয় যাতে বন্যাকবলিত ভূমি উন্নয়ন ব্যাঙ্ক তাদের ঋণগ্রাহী সদস্যগণের দেয় সুদের টাকা ঐ টাকার সাহায্যে মিটিয়ে দিতে পারে।

ঐ বৎসর দীর্ঘমেয়াদী লগ্নির লক্ষ্যমাত্রা হল ২০ কোটি টাকা। গত ১লা জুলাই থেকে ৩১এ জানুয়ারি পর্যন্ত ২০ শতাংশের বেশি লক্ষ্য পূর্ণ করা সম্ভব হয়েছে। ঋণের কিস্তি আদায়ের ক্ষেত্রেও গত বৎসরের তুলনায় এ বৎসরের চিত্র উজ্জ্বলতর—গত বৎসরের ৮.৩২ শতাংশের স্থলে ইতিমধ্যে ৮.০২ শতাংশ আদায় করা হয়েছে।

বিশ্বব্যাঙ্ক কর্মসূচীর অধীনে বর্ধমান, হুগলি, নদীয়া, মুর্শিদাবাদ, মালদা ও পশ্চিম দিনাজপুর ভূমি উন্নয়ন ব্যাঙ্কের কার্যকলাপ উৎসাহব্যঞ্জক । এই জেলাগুলিতে অবস্থিত ১০টি ভূমি

উন্নয়ন ব্যাঙ্কের ওপর রাজ্যের মোট বন্টনযোগ্য ঋণের ৪২.৭৫ শতাংশ বন্টন করার দায়িত্ব আরোপ করা হয়েছে। চলতি বৎসরে অন্যান্য জেলাগুলিতে এই কর্মসূচী সম্প্রসারিত করা হবে। ভূমি উন্নয়ন ব্যাঙ্ক ও অন্যান্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির মাধ্যমে বিশ্বব্যাঙ্ক প্রকল্পের সহায়তায় যে ৬০ হাজারটি অগভীর নলকূপ বসাবার সংশোধিত লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে তার মধ্যে ৩২ হাজার ১০০টি বসাবার দায়িত্ব ভূমি উন্নয়ন ব্যাঙ্কের। এ পর্যন্ত ১০ কোটি ১২ লক্ষ টাকা ব্যয়ে ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি মোট ১৯ হাজার ৭৮৬টি এরূপ নলকূপ বসাতে পেরেছে। ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলির নতুন নতুন শাখা স্থাপন এবং তদারকি ব্যবস্থাকে জোরদার করার উদ্দেশ্য ইতিমধ্যেই প্রয়োজনীয় কর্মসূচী হাতে নেওয়া হয়েছে যাতে করে ঋণলগ্নির কাজ এবং অপরদিকে কিস্তি আদায় এই দুই কাজকেই নবশক্তিতে সঞ্জীবিত করে তোলা যায়। জমি বন্ধকী ব্যবস্থার জটিলতা এবং বিলম্ব এড়াবার জন্য সমবায় আইনকে সংশোধন করে ইতিমধ্যেই "গেহান" ব্যবস্থার প্রচলন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। লগ্নিকৃত ঋণের অধিকাংশই যাতে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীগণের হাতে পৌঁছায় সেদিকে বিশেষ জোর দেওয়া হচ্ছে—বস্তুত গত বৎসরে বন্টিত ঋণের ৬০ শতাংশেরও বেশি পেয়েছেন এই শ্রেণীর কৃষকগণ। রাজ্যের কোন কোন অংশে খরার প্রকোপে যেসব চাষী ভূমি উন্নয়ন ব্যাঙ্কের কিস্তি শোধ করতে পারছেন না উপযুক্ত ক্ষেত্রে ঋণ শোধের সময়সীমা তাঁদের জন্য বৃদ্ধি করা হবে।

## সমবায় বিপণন ঃ

দেশের কৃষি উৎপাদনের সঙ্গে রাসায়নিক সার, বীজ, কীটনাশক ঔষধ ইত্যাদি বিতরণ, পাট, গম, তৈলবীজ প্রভৃতির বিপণন, আলু সংরক্ষণ প্রভৃতি গভীরভাবে যুক্ত। এইসব কাজ রাজ্য সমবায় বিপণন ফেডারেশন এবং তার অনুমোদিত ২৬৬টি প্রাথমিক বিপণন সমিতি সন্তোষজনকভাবে করে যাচ্ছে। এইসব সমবায় প্রতিষ্ঠানের মাধ্যমে গত বৎসর ১৫ কোটি টাকার সার এবং ২ কোটি টাকার বীজ, কীটনাশক ঔষধ প্রভৃতি বন্টন করা হয়েছে।

সমবায় বিভাগ ৮ লক্ষ গাঁট পাট ক্রয়ের লক্ষ্যমাত্রা ধার্য করেছিল। ভারত সরকারের সঙ্গে আলোচনা করেই এই লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছিল। দৃঢ়ভাবে আশ্বাস দেওয়া হয়েছিল যে, পাট ক্রয়ের সাত দিনের মধ্যে জুট কর্পোরেশন সমস্ত সংগৃহীত পাট প্রাথমিক বিপণন সমিতিগুলি থেকে তুলে নেবে এবং ৯০ শতাংশ দাম সঙ্গে সঙ্গে শোধ করে দেবে। দুর্ভাগ্যবশত জুট কর্পোরেশন প্রাথমিক বিপণন সমিতিগুলি থেকে শর্তানুযায়ী পাট তুলে নিতে পারে নি বলে পাট ক্রয়ের লক্ষ্যমাত্রা পূর্ণ হয়নি। এ যাবৎ মাত্র ২ লক্ষ গাঁট পাট সংগৃহীত হয়েছে যার মধ্যে ৬০ হাজার গাঁট এখনো বিপণন সমিতিগুলির গুদামে আবদ্ধ আছে যা জুট কর্পোরেশন এখনো তুলে নেয় নি।

কাঁচা পাটকে পাটচাষীদের স্বার্থে সংগ্রহ করার কার্যসূচী তখনই সার্থক হতে পারে যখন সেই পাট বিপণনের নিশ্চিত ব্যবস্থা থাকবে। পাট শিল্প এখন বড় বড় পুঁজিপতিদের নিয়ন্ত্রণে হয়েছে যাঁরা এ বিষয়ে আমাদের বিপণন ফেডারেশনের সঙ্গে কোন চুক্তিতে আবদ্ধ হতে চান না। এই কারণে পাট উৎপাদনকারী সমস্ত রাজ্যের বিপণন ফেডারেশনগুলি সম্মিলিতভাবে একটি বহু-শাখাযুক্ত সমিতি গঠন করতে চান যে-সমিতি পাটকলগুলিকে সমবায়ের আয়ত্বে আনতে এবং পাটজাত দ্রব্যগুলিকে চিনিকস, অন্যান্য বিপণন ফেডারেশন এবং বিভিন্ন সমবায়

সংস্থাকে বিক্রয়ের ব্যবস্থা করবে।

আলু সংরক্ষণ সমস্যার সমাধানকল্পে ইতিমধ্যেই ১০টি সমবায় হিমঘর স্থাপিত হয়েছে, যাদের মোট ধারণ-ক্ষমতা ২০ হাজার মেট্রিক টন। পরের মরসুম আরম্ভ হতে হতে আরও ২১টি হিমঘর স্থাপন করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিশ্বব্যাঙ্কের অর্থানুকূল্যে পরবর্তী কয়েক বৎসরের মধ্যে আরও ৪৫টি হিমঘর স্থাপন করা হবে। এইসব হিমঘরের মোট ধারণক্ষমতার ৬৬ শতাংশ ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য নির্ধারিত করা হবে।

সমবায় চালকলগুলির কার্যকলাপ ও সমস্যাবলী খতিয়ে দেখবার জন্য একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। শীঘ্রই রিপোর্ট পাওয়া যাবে আশা করা হচ্ছে। সমবায় চালকলগুলিকে দৃঢ় ভিত্তির ওপর দাঁড় করাতে সরকার বদ্ধপরিকর। সমবায় বিপণন সমিতিগুলির পরিচালন ব্যবস্থা শক্তিশালী করবার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের দ্বারা একটি কমন ক্যাডার ব্যবস্থা চালু করার বিষয়টি খতিয়ে দেখার জন্য সমবায় নিয়ামক মহোদয়ের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছিল যার রিপোর্ট সরকার এখন বিবেচনা করে দেখছে।

খড়-বিচালীর সাহায্যে বোর্ড তৈরি করার জন্য ৪৫ লক্ষ টাকা ব্যয়ে কল্যাণীতে একটি কারখানা স্থাপন করা হচ্ছে এন সি ডি সি-র অর্থানুকূল্যে। এর সাফল্য রাজ্যের অনগ্রসর অঞ্চলে অনুরূপ সংস্থা স্থাপনে উৎসাহ যোগাবে এবং এর সাহায্যে ভবিষ্যতে বেকার সমস্যার কিছুটা সমাধান সম্ভব হবে। দুর্বল এবং নিষ্ক্রিয় বিপণন সমিতিগুলির পুনরুজ্জীবনের জন্য এন সি ডি সি-র সাহায্যে একটি প্রকল্প হাতে নেওয়া হচ্ছে। চলতি আর্থিক বৎসরে প্রতিটি জেলার অন্ততপক্ষে দুটি করে এরূপ বিপণন সমিতিকে পুনরুজ্জীবিত করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। বিপণন সমিতিগুলির আর একটি উল্লেখযোগ্য পদক্ষেপ হল গ্রামাঞ্চলে ভোগ্যপণ্য বিতরণ। এই নতুন কর্মোদ্যোগের মাধ্যমে বিপণন সমিতিগুলি গ্রামাঞ্চলে ইতিমধ্যেই সাড়া জাগাতে পেরেছে। জলপাইগুড়ি জেলায় একটি চায়ের কারখানা ইতিমধ্যেই শ্রমিক-কর্মচারীদের সমবায় সমিতি কর্তৃক পরিচালিত হচ্ছে। আরও চা-উৎপাদনকারী সমবায় সমিতি গঠন করার উদ্যোগকে আমরা স্বাগত জানাচ্ছি। যেসব ক্ষুদ্র ক্ষুদ্র চা-বাগিচার মালিক কোন চা-কোম্পানীর আওতায় পড়েনা তাঁদের জমিতে উৎপন্ন চা সমবায়ের মাধ্যমে প্রসেসিং করা চলতে পারে।

**ক্রেতা সমবায় :**

রাজ্যের ক্রেতা সমবায় আন্দোলন এখন একটা স্থিতিশীল পর্যায়ে এসে দাঁড়িয়েছে। পাইকারি ক্রেতা সমবায় সমিতিসমূহ এবং প্রাথমিক ক্রেতা সমবায়গুলি যৌথ প্রচেষ্টায় শহরাঞ্চলে জনসাধারণের মধ্যে এবং বিপণন সমিতিগুলি ও সেবা সমবায় গ্রামাঞ্চলের জনগণের মধ্যে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের যোগান অক্ষুন্ন রাখবার কাজে আত্মনিয়োগ করেছে। এই সব সমবায়ের মাধ্যমে বন্টিত ভোগ্যপণ্যের মোট মূল্য বিগত ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ সালে ছিল যথাক্রমে ৫৭ কোটি টাকা, ৫৯ কোটি ৭৭ লক্ষ টাকা এবং ৭০ কোটি ১০ লক্ষ টাকা। এই রাজ্যে মোট ২৬ টি পাইকারি ক্রেতা সমবায়ের মধ্যে ২০টি বিগত বৎসরে লাভ করেছে, পাঁচটি সমিতি লোকসান দিয়েছে। অলাভজনক বিবেচনায় হাওড়া পাইকারি ক্রেতা সমিতির কাজ গুটিয়ে ফেলা হচ্ছে।

ক্রেতা সমবায়ের সুযোগ সুবিধা সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষদের মধ্যে আরও বেশি

বেশি ক'রে ছড়িয়ে দেওয়া প্রয়োজন। গ্রামাঞ্চলের ৭৯টি বিপণন সমিতি এবং ১,৪৪০টি সেবা সমিতির সাহায্যে ভোগ্যপণ্য বন্টনের প্রকল্পকে আর্থিক সাহায্য পুষ্ট করতে রাজ্য সরকারের সঙ্গে সঙ্গে এন.সি.ডি.সি.-ও এগিয়ে এসেছে। অপরপক্ষে শহরাঞ্চলে যেসব দুর্বলতর শ্রেণীর মানুষ বস্তি এলাকায় এবং অসংগঠিত শিল্প শ্রমিক এলাকায় বাস করছেন তাঁদের কাছে স্বল্পমূল্যে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য পৌঁছে দেবার জন্য ইতিমধ্যেই ৮৮টি জনতা দোকান খোলার ব্যবস্থা হয়েছে।

ছাত্র সমাজে এই ক্রেতা সমবায় আন্দোলন জনপ্রিয় হয়ে উঠেছে। বর্তমানে স্কুল-কলেজ গুলিতে ছাত্র সমবায়ের সংখ্যা ৩১৫। এইসব সমবায়ের মাধ্যমে পাঠ্যপুস্তক, খাতা, নিয়ন্ত্রিত মুল্যে কাপড় ইত্যাদি যোগান দেওয়া হচ্ছে যার ফলে ছাত্ররা যথেষ্ট উপকৃত হচ্ছে।

বিগত ১৯৭৯ সালের জুলাই মাস থেকে জন-সরবরাহ ব্যবস্থা (পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম) চালু ক'রে ভারত সরকার ক্রেতা সমবায়গুলির উপর অধিকতর দায়িত্ব অর্পণ করেছে। এই প্রকল্প অনুসারে রাজ্য ক্রেতা সমবায় ফেডারেশন নিত্যপ্রয়োজনীয় নানা প্রকারের দ্রব্য—যেমন সুবিধা দরে কাগজ থেকে তৈরি খাতা, দিয়াশলাই, নিয়ন্ত্রিত মূল্যের কাপড়, লবণ, সোডা অ্যাস, গায়ে মাখা সাবান ইত্যাদির আপৎকালীন মজুত ভাণ্ডার গ'ড়ে তুলেছে। পাইকারি ক্রেতা সমবায়গুলি এইসব পণ্যের বিতরণের দায়িত্ব গ্রহণ করেছে। এই দায়িত্ব পালনের উপযোগী ক'রে পাইকারি ক্রেতা সমবায়গুলিকে প্রস্তুত করা হচ্ছে। কলিকাতা পাইকারি ক্রেতা সমবায় সমিতি যেটি এতদিন নানারূপ দুর্বলতায় ভুগছিল—ভারত সরকারের পুনর্বসতি প্রকল্প অনুসারে সহায়তাদানের ফলে ধীরে ধীরে উন্নতির সূচনা করেছে। এন.সি.সি.এফ. কর্তৃক নিযুক্ত বৈদেশিক বিশেষজ্ঞের সাহায্যে কলিকাতার সমবায়িকা সমূহ কি পুর্ণগঠিত করা হচ্ছে যাতে আগামী দিনগুলিতে এইসব সমিতি জনগণের সেবায় অধিকতর আত্মনিয়োগ করতে পারে।

ক্রেতাসাধারণের কাছে কয়লা সরবরাহ করা জন-সরবরাহ ব্যবস্থার একটি অতি গুরুত্বপূর্ণ অঙ্গ। এ পর্যন্ত বাঁকুড়া, নবদ্বীপ প্রভৃতি কয়েকটি পাইকারি ক্রেতা সমিতি তাদের অনুমোদিত কয়েকটি ক্রেতা সমবায় সমিতির মাধ্যমে কয়লা সরবরাহ করছে। কলকাতা এলাকার জন্য একটি প্রকল্প তৈরি করা হয়েছে যাতে রেলের সাহায্যে আনীত কয়লা প্রাথমিক ক্রেতা সমিতিগুলি তুলে নিয়ে নিয়ন্ত্রিত মূল্যে ক্রেতাসাধারণের কাছে বিক্রি করতে পারে। আমাদের ইচ্ছা, কয়লা সরবরাহে আরও বেশি বেশি ক'রে ক্রেতা সমবায়গুলি অংশগ্রহণ করুক।

**সমবায় আবাসন :**

কলকাতা তথা পশ্চিমবঙ্গ বহুবিধ সমস্যার অন্যতম জ্বলন্ত সমস্যা হ'ল আবাসন। রাজ্যের আবাসন সমিতিগুলি রাজ্য সমবায় আবাসন ফেডারেশনের নেতৃত্বে তাদের সীমিত স্বার্থে এই সমস্যার সমাধানে উল্লেখযোগ্য ভূমিকা পালন ক'রে চলেছে। রাজ্যে আবাসন সমিতি গত ডিসেম্বর ১৯৭৮-এ যেখানে ১৫ কোটি ৬০ লক্ষ টাকা গৃহনির্মাণে বিনিয়োগ করেছিল, সেখানে ১৯৭৯ সালের ডিসেম্বর পর্যন্ত বিনিয়োগ করেছে কিঞ্চিধিক ১৭ কোটি টাকা এবং এর সাহায্যে শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে যথাক্রমে ৩,৬৩৪টি এবং ৩,৮৮৫টি বাসস্থান নির্মাণ করেছে। এই বিনিয়োগ কার্যসূচী পালনে সাহায্য করবার জন্য উক্ত রাজ্য

সমবায় অবাসন সমিতিকে এল.আই.সি. ১৯৭৯ সালের ডিসেম্বর পর্যন্ত ১৮ কোটি ১০ লক্ষ টাকা ঋণ দিয়েছে। এল.আই.সি-র কাছ থেকে আরও বেশি আর্থিক সাহায্য-লাভে সহায়তার উদ্দেশ্যে রাজ্য সরকার উক্ত রাজ্য সমবায় আবাসন সমিতিকে অংশীদারী মূলধন হিসাবে এযাবৎকাল পর্যন্ত মোট ১ কোটি ২৫ লক্ষ টাকা দিয়েছে যাতে ঐ সমিতির অংশীদারী মূলধনের ভাণ্ডার শক্তিশালী হয়। ১৯৮০-৮১ সালে অতিরিক্ত আরও ৪,৫০০টি আবাসগৃহ নির্মাণের জন্য উক্ত রাজ্য আবাসন সমিতি ৯ কোটি টাকা বিনিয়োগ করবে ব'লে স্থির হয়েছে। এর মধ্যে প্রথম কিস্তিতে প্রতিটি ৭ হাজার টাকা হিসাবে মোট ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে ১,৬০০টি বাড়ি দুর্বলতর শ্রেণীর মানুষদের জন্য তৈরি করা হবে।

১৯৭৮ সালে বিধ্বংসী বন্যায় গ্রামবাংলার ঘরবাড়ির অভূতপূর্ব ক্ষতি সাধিত হয়েছে। রাজ্য সমবায় আবাসন সমিতি ক্ষতিগ্রস্ত সেইসব এলাকায় অল্প খরচে বাড়ি তৈরি করবার একটি প্রকল্প তৈরি করেছে। এই প্রচেষ্টার ফলশ্রুতি হিসাবে বিভিন্ন জেলায় ১৪০ টি গ্রামীণ প্রাথমিক আবাসন সমিতি গঠিত হয়েছে। ১৯৭৯ সালের ডিসেম্বর পর্যন্ত ৩৮ লক্ষ ৪০ হাজার টাকা ঋণ বন্টন করা হয়েছে যা দিয়ে ১,৯৮২ টি আবাস তৈরি হয়েছে। এখানে উল্লেখ করা বোধহয় অপ্রাসঙ্গিক হবে না যে, বাড়ি করার মালমশলা যথা—সিমেন্ট, লোহা, কাঠ ইত্যাদির অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ও যোগানের অভাব যেমন গ্রামাঞ্চলের এইসব কর্মোদ্যোগকে বহুল পরিমাণে ব্যাহত করেছে, তেমনি শহরাঞ্চলে ভূমির উর্ধ্বসীমা সংক্রান্ত যে আইনটি ১৯৭৬ সাল থেকে চালু হয়েছে সেটির নিয়মকানুন পালন ক'রে নতুন সমবায় আবাসন সমিতি গঠন করতে অস্বাভিক দেরী হচ্ছে। তবুও আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখবার দিকে সজাগ দৃষ্টি রয়েছে।

**বিবিধ প্রকারের সমবায় সমিতি :**

শিল্প সমবায় সমিত, মৎস্যজীবী সমবায় সমিতি, সমবায় দুগ্ধ উৎপাদন ইত্যাদি বিভিন্ন ধরনের সমবায় সমিতির কার্যকলাপও ধীরে ধীরে অগ্রসর হচ্ছে। গত ১৯৭৮-৭৯সালে বেকার ইঞ্জিনিয়ারদের একটি রাজ্যস্তরে শীর্ষ সমিতি গঠিত হয়েছে যাকে ইতিমধ্যেই অংশীদারী ও কার্যকরী মূলধন ঋণ বাবদ ১ লক্ষ টাকা ক'রে মোট ২ লক্ষ টাকা এবং পরিচালন ব্যয় বাবদ অনুদান দেওয়া হয়েছে ১৮ হাজার ৭ শত টাকা। রাজ্যস্তরের একটি মৎসজীবী সমবায় সমিতিও কলকাতায় গঠন করা হয়েছে যার সদস্য হ'ল পূর্বের আটটি এবং নবগঠিত ১০টি কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি। এই রাজ্য মৎস্যজীবী সমবায়টি মৎস্যচাষের সরঞ্জাম সরবরাহ করবে, নৌকা তৈরি ক'রে দেবে, হিমঘরের ব্যবস্থা করবে এবং মৎস্য বিপণন ও বিদেশে চালানোর বন্দোবস্ত করবে। এন.সি.ডি.সি-র কাছে আর্থিক সাহায্যের জন্য যেসব প্রস্তাব পাঠানো হয়েছে সেগুলি অনুমোদিত হ'লে পশ্চিমবঙ্গের মৎস্যচাষ এবং উৎপাদন যে বৃদ্ধি পাবে তাতে কোন সন্দেহ নেই। বিশ্ব খাদ্য কর্মসূচীর আওতাভুক্ত ও প্রকল্প অনুসারে রাজ্যে ইতিমধ্যেই তিনটি দুগ্ধ ইউনিয়ন গঠিত হয়েছে। এই তিনটি ইউনিয়নের সদস্যভুক্ত ৫০০টি প্রাথমিক দুগ্ধ উৎপাদন সমবায় গঠিত হয়েছে। গত জুলাইতে অপারেশন ফ্লাড ২ প্রকল্প অনুসারে পশ্চিমবঙ্গে কাজ আরম্ভ হয়েছে। ইন্ডিয়ান ডেয়ারি কর্পোরেশন থেকে ৩৩ কোটি টাকা সাহায্য লাভ ক'রে পশ্চিমবঙ্গে আরও পাঁচটি সমবায় দুগ্ধ ইউনিয়ন গঠন করা হবে। এইভাবে প্রায় তিন হাজারটি দুগ্ধ উৎপাদন সমিতি গঠন করা হবে। এইভাবে প্রায়

তিন হাজারটি দুগ্ধ উৎপাদন সমিতি যেমন রাজ্যের দুগ্ধ উৎপাদন বাড়ানোর প্রচুর সাহায্য করবে, তেমনি বহু চাকুরির সুযোগও সৃষ্টি হবে।

**সমবায় প্রশিক্ষণ ও শিক্ষা ঃ**

মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, সমবায় আন্দোলনের সার্থকতা নির্ভর করে সদস্য ও জনসাধারণের সমবায় নীতি সম্পর্কে ব্যাপক সচেতনতার উপর। এই সচেতনতা বৃদ্ধির জন্য রাজ্য সমবায় ইউনিয়ন নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। স্বল্পমেয়াদী ঋণ, সমবায় বিপণন, ইত্যাদি প্রসঙ্গে যে কমন ক্যাডার প্রকল্পের কথা বলেছি সেইসব প্রকল্প অনুযায়ী সমবায় প্রতিষ্ঠানের সাধারণ সদস্যগণের ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে রাজ্য সমবায় ইউনিয়নের বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে। ইউনিয়নের কার্যকলাপ বৃদ্ধি পাওয়ায় ১৯৭৯-৮০ সালে দু'টি এবং ১৯৮০-৮১ সালে আরও দুটি সমবায় প্রশিক্ষণ কেন্দ্র খোলা হয়েছে এবং হবে।

**সমবায়ের গণতন্ত্রীকরণ ঃ**

গণতন্ত্রের মূল কথাই হ'ল প্রতিনিধি নির্বাচন এবং সেই নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা প্রশাসন চালানো। সমবায় সমিতিগুলিতে কায়েমী স্বার্থবাদীরা নির্বাচনকে পরিহার ক'রে সমিতিগুলির সুখসুবিধাগুলি কুক্ষিগত ক'রে ফেলে। এই অবস্থার প্রতিকারের জন্য সমবায় আইনের ২৬ ধারাকে সংশোধন করা হয়েছে যার ফলে যেসব সমিতিতে বিগত ১৫ মাসের মধ্যে নির্বাচন হয় নি সেগুলির পরিচালন সমিতি আপনা আপনিই খারিজ হয়ে যাবে। কিন্তু দুর্ভাগ্যবশত হাইকোর্টে মামলা ক'রে এই সংশোধনকে অংশত অকেজো ক'রে রাখা হয়েছে। চারটি রাজ্যস্তরে সমিতি, ১৬টি কেন্দ্রীয় সমিতি, ১৩টি প্রাথমিক ভূমি উন্নয়ন ব্যাঙ্ক, সাতটি প্রাথমিক সমিতি প্রভৃতি এই আইনের আওতায় পড়েছিল। তার মধ্যে ১১টি সমিতিতে আইনানুসারে নিযুক্ত স্পেশ্যাল অফিসারগণ ইতিমধ্যেই নির্বাচন অনুষ্ঠানে ক'রে কার্যভার নবনির্বাচিত প্রতিনিধিদের হাতে দিয়ে দিয়েছেন এবং ১৪টির নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করা হচ্ছে। অন্য সমবায়গুলিতে নির্বাচন অনুষ্ঠানে করা সম্ভব হচ্ছে না আদালতের আদেশের ফলে—যার কথা পূর্বেই উল্লেখ করা হয়েছে।

সমবায় আন্দোলনকে গণমুখী ক'রে তোলা, আপামর জনসাধারণকে এর সুফল সম্পর্কে সচেতন ক'রে তোলা এবং এই আন্দোলনের মাধ্যমে সাধারণ মানুষের জীবনধারণের সমস্যাকে বহুলাংশে লাঘব করতে হ'লে কায়েমী স্বার্থবাদীদের কবল থেকে একে মুক্ত করতেই হবে। অর্থ দিয়ে সরকারি কর্মচারীদের সেবা দিয়ে, প্রয়োজনীয় আইনের বিধান ক'রে সরকার এই কাজে সর্বদাই সাহায্য করতে প্রস্তুত। কিন্তু সরকারি প্রচেষ্টার সঙ্গে সমবায়ী বন্ধুগণ, এই সভার মাননীয় সদস্যগণ, সমবায় সমিতিগুলিতে কর্মরত কর্মচারীবৃন্দ-সকলেরই অকুণ্ঠ সহযোগিতা প্রয়োজন। আমি সংশ্লিষ্ট সকলের কাছে তাই আবেদন করছি আপনারা সকলেই আপনাদের সাহায্য ও সহযোগিতার হাত বাড়িয়ে দিন এবং এই রাজ্যের সমবায় আন্দোলনকে শক্তিশালী ক'রে তুলুন।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমাদের মাননীয় সমবায় বিভাগের

[25th March, 1980]

মন্ত্রী মহাশয় যে বাজেট বিবৃতি দিয়েছেন, সেটা আমি পড়েছি এবং বোধ হয় কো অপারেটিভ সম্পর্কে একটা উচ্চ ধারণার সৃষ্টি করার চেষ্টা সেখানে হয়েছে কিন্তু তার বক্তব্য স্পষ্ট ভাবে বোঝা যায়নি। স্বাভাবিক ভাবে বিরোধী দলের সদস্য হিসাবে আমি সরকারের ত্রুটি-বিচ্যুতিগুলি তুলে ধরে তাকে সঠিক পথে চালিত করবার চেষ্টা করবো। সমবায়ের ক্ষেত্রে আমরা যা দেখছি, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় বাজেট বিবৃতিতে যে চিত্র রেখেছেন এবং বাইরে তাদের পক্ষ থেকে যে উক্তিগুলি শুনছি এদুটি সেটা বিপরীতমুখী। ৭ই মার্চ তারিখে স্টেটসম্যান পত্রিকায় আমরা দেখছি যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, তিনি লিন্ডসে স্ট্রীটে যে নবায়িত সমবায়িকাটি হয়েছে, তাঁর উদ্বোধন করতে গিয়েছিলেন।

[5-50 — 6-00 P.M.]

সেখানে স্পষ্টভাবে এই উল্লেখ তিনি করেছেন দ্রব্যমূল্য সম্পর্কে যে দ্রব্যমূল্য বৃদ্ধি পেত না, দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করা যেত, যদি সমবায় সমিতিগুলিকে আমরা ঠিক ভাবে চালাতে পারতাম। কিন্তু সমবায় সমিতগুলো তাঁরা সঠিক ভাবে চালাতে পারছেন না। তাঁর বিশ্বাস যে সমবায়ের মধ্যে দিয়ে কিছুটা দ্রব্য মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণ করা যায় আমরাও সেটা বিশ্বাস করি। কাজেই তিনিও এটা স্বীকার করেছেন যে সমবায় আজকে ঠিক ভাবে চলছে না। মাননীয় সমবায় মন্ত্রী, তিনি ছিলেন সেখানে, তাঁর মুখ থেকেও কোন আশ্বাস শোনা যায়নি। তিনি এই কথাই বলেছিলেন যে সমবায়গুলো যতদিন পর্যন্ত না আত্মনির্ভর হচ্ছে ততদিন পর্যন্ত এদের বাঁচানো যাবে না। আমরা দেখছি এরা বাঁচছে না এদের বাঁচানো যাচ্ছেনা। এর সঙ্গে আরও কথা আছে ঐ দিন ৭ তারিখের স্টেটসম্যান সমবায় বিভাগের একটি চিত্র আমাদের কাছে উদ্ঘাটিত হয়েছে সংবাদের মধ্য দিয়ে এবং পশ্চিমবঙ্গের স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্কের সভাপতি, তিনি যা বলেছেন সভাপতি শ্রী অজিত সাহা, তাঁর উক্তি থেকে।

সমবায়ের একটি সুস্পষ্ট চিত্র আমাদের কাছে উদ্ঘাটিত হয়েছে। সমবায়, আমাদের রাজ্যে বিশেষ করে কৃষিকে অগ্রাধিকার দিয়ে থাকে, কৃষি ঋণ বন্টন সমবায়ের একটি প্রধান দায়িত্ব। সেখানে যা চিত্র পাওয়া গেছে, তাতে দেখা যাচ্ছে কৃষি ঋণ আদায় হচ্ছে না। এবং কৃষি ঋণের ব্যবস্থা প্রায় একেবারে বাতিল হয়ে যাবার উপক্রম হয়েছে। বিধি অনুযায়ী সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কগুলো রিজার্ভ ব্যাঙ্ক থেকে বা স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্ক থেকে যে লোনগুলো নেবে, সেইগুলোর মার্চ মাসের মধ্যে সেটার অন্তত শতকরা ৪০ ভাগ আদায় হবে, আদায় দিলে তবে তারা ঋণের টাকা পাবে। সেদিন কাগজে যা চিত্র উদ্ঘাটিত হয়েছে, তাতে দেখা যাচ্ছে সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কগুলো কেউ ৬ পার্সেন্ট, কেউ ১১ পার্সেন্ট, ১২ পার্সেন্ট, এই রকম ঋণের টাকা আদায় দিতে পেরেছেন। তাদের কৈফিয়ত হচ্ছে, তারা প্রাথমিক সমবায় সমিতিগুলো থেকে ঋণের টাকা আদায় পাচ্ছে না। এর ফলে দেখা যাচ্ছে ১৯৭৯-৮০সালে রিজার্ভ ব্যাঙ্ক সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কগুলোকে যে লোন দিয়ে থাকে তাঁর ক্রেডিট লিমিট, সেই ক্রেডিট লিমিট, ৪৫ কোটি টাকা থেকে কমিয়ে ৩৬ কোটি টাকায় নামিয়ে দিয়েছেন। কোঅপারেটিভের কোথায় প্রসার ঘটছে? ক্রেডিট লিমিট এই যে ৩৬ কোটি টাকা, এই ৩৬ কোটি টাকাও সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কগুলো পাবে না এবং এইগুলো থেকে আমাদের দেশের কৃষক, যারা প্রাথমিক সমিতির মাধ্যমে ঋণ পান, তারাও পাবেন না। কারণ ঋণ আদায়ের যে নিয়ম, সেই ৪০ পার্সেন্ট আদায়ের সম্ভাবনা দুস্তর।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই অবস্থা কোঅপারেটিভের। আমরা যা পেয়েছি সংবাদ ইত্যাদি থেকে, আমার কাছে ইকনমিক রিভিউ আছে তাতে কোঅপারেটিভের যে একটা চিত্র দেওয়া হয়েছে সেটা আমার বিস্তৃতভাবে পড়বার সময় নেই, তাতে ১৯৬০-৬১ সাল থেকে ১৯৭৭-৭৮ সাল পর্যন্ত কোঅপারেটিভের যে অগ্রগতি বা অধোগতি,তার যে চিত্র সেটা লক্ষণীয়। তাতে দেখা যাবে ক্রেডিট সোসাইটির সংখ্যা ক্রমশ কমে আসছে। হয়তো বলা হবে ভায়েবিলিটি প্রোগ্রাম অনুযায়ী অনেক ক্ষেত্রে অনেক ক্রেডিট সোসাইটিকে একসঙ্গে করে দেওয়ার জন্য সংখ্যা কমে আসছে। তাতে দেখা যাবে যে ক্রেডিট এবং নন-ক্রেডিট সেসাইটিগুলির যে ওয়ার্কিং ক্যাপিটাল এবং এদের জন্য প্রদত্ত ঋণের পরিমাণ সেটা বাড়ছে কিন্তু অত্যন্ত মন্থর গতিতে বাড়ছে। মন্ত্রী মহাশয় এখানে যে পার্ট আমাকে দিলেন তার সঙ্গে এর সঙ্গতি নেই। কিন্তু সবচেয়ে লক্ষণীয় বিষয় হচ্ছে যে কোঅপারেটিভ সোসাইটিগুলোতে সদস্য সংখ্যা বৃদ্ধির আদৌ লক্ষণ নেই। আমি সকলকে ৭৯ পৃষ্ঠায় স্ট্যাটিসটিক্যাল রিপোর্টের দিকে দৃষ্টি দিতে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করবো। কোঅপারেটিভের অগ্রগতির একটা মর্মন্তুদ চিত্র সেখানে পরিস্ফুট হয়ে উঠেছে।

সমবায় অর্থনীতি দরিদ্র জনগণের বাঁচবার অর্থনীতি বলে আমরা বিশ্বাস করি। তাদের অর্থনৈতিক উন্নয়নের জন্য সমবায় বিভাগ যদি দায়িত্ব গ্রহণ করত এবং সেই ভাবে যদি সমবায়কে চালানো হত তাহলে আমি বিশ্বাস করি তাদের আর্থিক দুর্দশা অনেকখানি লাঘব হ'ত। কিন্তু তা হয়নি সমবায় বিভাগ তাদের এই অর্থনৈতিক দুর্দশা থেকে মুক্ত করার জন্য কি কি করেছে, তা দু একটি দৃষ্টান্ত আমি দিতে চাই। বিগত বন্যার সময়ে যাদের বাড়ি-ঘর ভেঙে গিয়েছিল তাদের সরকার থেকে ১০০/২০০/৪০০ টাকা করে সাহায্য দেওয়া হয়েছিল। আমি অবশ্য এই সরকারি দানের এখানে সমালোচনা করতে চাই না। দেশের অগণিত মানুষ যারা আজকে আত্ম-নির্ভরশীল নয়, তারা একটা চালাঘর পর্যন্ত নিজেরা বানাতে পারেনা। কিন্তু যাদের এই অবস্থা নয়, যারা অনেকটা আত্মনির্ভরশীল কৃষক, তাঁরা প্রত্যাশা করেছিলেন যে, কিছু কম সুদে সমবায়ের কাছ থেকে এব্যাপারে ঋণ পাওয়া যেতে পারবে এবং তা দিয়ে তারা নিজেদের বাস করবার জন্য একটা চালাঘর বা চলন সই ঘর বানাতে পারবেন না। সে আশা তাদের পূরণ হয়নি। অবশ্য সমবায় বিভাগ থেকেও ঋণ দেওয়ার জন্য একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, কিন্তু তাতে যে সমস্ত নিয়ম বা বিধিনিষেধ আরোপ করা হয়েছিল সেই সমস্ত বিধি-নিষেধ মেনে নিয়ে কোথাও কোন সমবায় সমিতি বন্যা বিধ্বস্ত মানুষদের বাড়ি-ঘর করে দেবার কোন ব্যবস্থা করে দিয়েছে বলে কোন খবর আমার জানা নেই। অবশ্য হাউসিং ফেডারেশন-এর মাধ্যমে সম্পন্ন মানুষদের জন্য কোথাও কোথাও কিছু কিছু ব্যবস্থা হয়েছে এবং সেই হিসাবও আমার কাছে আছে। উপরতলার মানুষদের সমবায়ের মাধ্যমে কিছু কিছু সাহায্য দেওয়ার ব্যবস্থা আছে।

এই প্রসঙ্গে আমি মেট্রোপলিটন কো-অপারেটিভ হাউসিং সোসাইটির ভূমিকাটা আপনার কাছে নিবেদন করতে চাই। এই মেট্রোপলিটন হাউসিং সোসাইটি ১৯৬৬ সালে কলকাতার বুকে প্রতিষ্ঠিত হয়েছিল। তারা একটা বিচিত্র লোভনীয় স্কীম গ্রহণ করেছিল। তাদের স্কীমটা ছিল ৫,০০০ টাকায় ৪ কাঠা বাস্তু জমি পাওয়া যাবে। তার উপরে দ্বিতল বাড়ি তৈরি হবে। সেখানে পার্ক থাকবে, বাজার থাকবে, স্কুল থাকবে, বিভিন্ন অ্যামিনিটিস থাকবে, অ্যামিনিটিস

*অফ্ মডার্ন লাইফ সমস্ত কিছুই থাকবে। কোথায় হবে? বেলেঘাটার কাছে সল্টলেকে। কি করে হবে? না, সেখানে অনেক বাড়তি জমি পাওয়া যাবে, তার বৃহৎ অংশের কিছু কিছু* বিক্রি করে দিয়ে তার থেকে যে টাকাটা লাভ হবে, সেই লাভের টাকা দিয়ে সমিতির সদস্যদের অনেক সুযোগ-সুবিধা দেওয়া হবে, কম টাকায় তারা বাড়ি-ঘর পাবে। সেই হিসাবে সেখানে ২৫০ বিঘা ভেড়ি কেনা হয়েছিল, যার ১২ বিঘার কোনো পাত্তাই পাওয়া যায়নি। আর হঠাৎ দেখাগেল তার থেকে ৭৪ বিঘা জমি সমিতির কর্তা ব্যক্তিরা স্থানীয় জেলেদের নিয়ে বেনামে নিজেরা ভেড়ি তৈরি করে মাছের কারবার আরম্ভ করে দিল। বাকি জমির আরো ২৫ বিঘা বে-আইনিভাবে অন্য একটি সমিতিকে তারা বিক্রি করে দিল। তারপর সেখানে ঠিকাদারের মাধ্যমে লক্ষ লক্ষ টাকার কাজ আরম্ভ হলো। হাউসিং ফেডারেশন থেকে সেসব কাজ দেখবার জন্য কোন ব্যবস্থা ছিলা না, যার ফলে লক্ষ লক্ষ টাকা সেখানে খরচ হলেও হিসাব-নিকাশ দেখবার কোন সুব্যবস্থা হয়নি। এই সব ক্ষেত্রে ঠিকাদারের মাধ্যমে যা হয় তাই হলো। জায়গা-জমি গুলিতে বাড়ি-ঘর কিভাবে হবে তা আমরা বুঝতে পারলাম না। কিন্তু আসল কথা হচ্ছে সেখানে প্রথমে ৪৬৫-জন সদস্যর জন্য ৪৬৫টি প্লট দেওয়ার সিদ্ধান্ত হয়েছিল এবং প্রথমে ২৬১-জনকে প্লট দেওয়া হয়েছিল। জমি যা ছিল তাইতে আরো ১৯৫-জনকে দেওয়া যেতে পারতো। পরবর্তীকালে ঠিক হয়েছিল যে, আরও ৯৫-জনকে জমি দেওয়া যেতে পারে, কিন্তু বাকিদের আর জমি দেওয়া যাবেনা। ৪৬৫ জন সদস্যর মধ্যে কর্তা ব্যক্তিরা কায়দা করে কারো কারো সদস্য পদ বাতিল করে নিজেদের লোকদের জমি দেবার চেষ্টা করছে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে আজকে এদিকে সমবায় দফতরের লক্ষ্য রাখা উচিত এবং এই সব অন্যায় কাজ বন্ধ করা উচিত। এগুলো যদি বন্ধ করি, তাহলে আমরা সমবায়ের মাধ্যমে মানুষকে কিছু কিছু উপকার দিতে পারব। কিন্তু তা হয়নি, বাস্তবে তা হচ্ছে না।

এ তো গেল হাউসিং কো-অপারেটিভের চিত্র। এরপরে আমরা কনসিউমার্স কো-অপারেটিভের কি চিত্র দেখছি? সেটাও আমি এখানে একটু তুলে ধরছি। এবিষয়ে আমি হাওড়া জেলার একটা চিত্র এখানে রাখছি হাওড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি হাল লিকুইডিশনে গিয়েছে। কারবারে ৫৭ লক্ষ টাকা ক্ষতি হয়েছে। আমার দুর্ভাগ্য ১৯৭৫ সালে যখন আমি হাওড়া জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান ছিলাম, তখন আমি প্রতিবাদ করা সত্বেও এখানকার সেক্রেটারি এবং ডাইরেক্টরিয়েটের যাঁরা অফিসার ছিলেন তাঁদের চাপে আমাদের সমিতি ওখানে ২ লক্ষ টাকা লোন দিতে রাজি হয়েছিল। তার মধ্যে এখন পর্যন্ত মাত্র ১০ হাজার টাকা ইন্টারেস্ট আদায় হয়েছে, আর বাকি টাকা আদায় হয়নি। সেখানে পুলিশ নিয়ে সার্টিফিকেট জারি করে টাকা আদায়ের চেষ্টা করা হয়েছিল। কিন্তু সেই চেষ্টার কথা যখন এমপ্লয়িরা আগে থাকতে জানতে পেরেছিলেন তখন তাঁরা সেখানে তালা দিয়ে সব কিছু নিয়ে সরে পড়ে। আজও কনজিউমার্স কো-অপারেটিভ হোলসেলস সোসাইটির লিকুইডেটর সেখানকার চার্জ পাননি। এই অবস্থা চলছে। সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের টাকাগুলো জলের তলায়।

[6-00— 6-10 P.M.]

আপনার ভাষণটি বিস্তৃতভাবে, গভীরভাবে মনোযোগ দিয়ে পড়ার অবকাশ পাইনি।

আপনি ফ্ল্যাড অ্যান্ড ড্রট অ্যাফেক্টেড ফারমারদের ইন্টারেস্ট সাবসিডির কথা বলেছেন। বন্যা বিধ্বস্ত এলাকায় এবং খরা পীড়িত এলাকায় যারা দুস্থ কৃষক তাদেরকে ইন্টারেস্ট সাবসিডি দেওয়া হবে। কিন্তু কি পলিসিতে? এদের পরিশোধ্য যে ঋণ তার মধ্যে যে ইন্টারেস্ট কম্পোনেন্ট সেটা সরকার আদায় দেবেন এবং তার দেয় আসল এবং ইন্টারেস্ট দুই-এ মিলে তার ঋণ হিসাবে দাঁড়াবে। তাতে যে ঋণ সেটা সাবসিডি দেবেন এবং সেটাও ক্যাপিটালে রূপান্তরিত হয়ে মোট মিডটার্ম লোনে রূপান্তরিত হবে। কিন্তু এই যে দুস্থদের ইন্টারেস্ট সাবসিডি দেওয়া হবে এটা কারা পাবেন? বর্গাদার এবং স্মল অ্যান্ড মারজিনাল ফারমার্সরা পাবেন। কি করে? অন্তরায় বহু। প্রথম কথা হচ্ছে আইডেন্টিফাই করবেন কে? যে সমস্ত জেলায় স্মল ফারমার্স ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন আছে তারা অবশ্য দায়িত্ব নেন কিন্তু যেখানে নেই সেখানে জে.এল.আর.ও এর উপর নির্ভর করতে হয়। সাধারণভাবে তিনি তার কাজকর্ম ফেলে রেখে সেই দায়িত্ব পালন করতে রাজি নন। রেকর্ড অফ রাইটার্স এ সকল বর্গাদারের নাম নেই। কাজেই এগুলি বন্টন করার সুযোগ সুবিধা নেই। এখানে মুশকিল হচ্ছে আইডেন্টিফাই করবার ফিক্সড অথরিটি নেই, সুতরাং উপযুক্ত চাষীরা সুযোগটা পাবেন কি করে?

নিয়ম করা হয়েছে যারা বর্গাদার চাষী তারা সাবসিডি পাবেন কিন্তু কোন বর্গাদারের যদি নিজস্ব জমি থাকে তিনি পাবেন না। ধরুন একজন বর্গাদার ১০ বিঘা বর্গা জমি চাষ করেন, তার হয়তো ১ বিঘা নিজস্ব জমি আছে, তিনি বর্গা চাষী হতে পারেন কিন্তু তিনি ইনটারেস্ট সাবসিডি পাবেন না। আবার যারা কো-অপারেটিভের সঙ্গে সু-সম্পর্ক রাখবার জন্য ভবিষ্যতে ঋণের সুযোগ পাবার জন্য কষ্ট করে বাইরে দেনা করে ঋণ শোধ করেছেন তারাও পাবেন না। আবার স্মল অ্যান্ড মারজিনাল ফারমারদের বেলায়ও বাধা আছে। ইন্টারেস্ট সাবসিডি টু বি রেস্ট্রিক্টেড টু সেকেন্ড ক্রপ আফটার ডেভেলপমেন্ট। অর্থাৎ ঋণের টাকা দিয়ে ল্যান্ড ডেভেলপমেন্ট করতে হবে। সাধারণ আমন ইত্যাদি চাষ করে ক্রপ পাওয়ার পর যখন সেকেন্ড ক্রপ পাওয়ার পর যখন সেকেন্ড ক্রপ করবেন তখন পাবেন। না হ'লে নয়।

আজকে পাম্প সেটের কি অবস্থা? সরকার পাম্প সেটের ব্যবস্থা নিয়েছেন। ব্যাঙ্কের মাধ্যমে-ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক বা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে ৫ হর্স পাওয়ারের পাম্প সেট নেবার জন্য ঋণের ব্যবস্থা আছে। সরকার বলেছেন একটা সর্বোচ্চ নির্দিষ্ট দামের পাম্পসেটের জন্য ঋণ পাওয়া যাবে। সরকার দাম নির্দিষ্ট করে দিয়েছেন। সরকারি নির্দ্ধারিত দামে ভাল পাম্প সেট পাওয়া যায় না। সরকার এমন দাম দিয়েছেন যে সে দামেতে চাষীরা বাজে পাম্প সেট কিনতে বাধ্য হন। গ্যারান্টি থাকে এক বছরের, এক বছর গেলেই আর চলে না। তার ফলে চাষীরা ক্ষতিগ্রস্ত হন, পাম্প কাজে লাগে না, তাদের ঋণ শোধ করবার সামর্থ থাকে না রুর‍্যাল গো-ডাউনের ক্ষেত্রে দেখা যাবে মাত্র ২৫ হাজার টাকা করে সরকার দেবেন। গোডাউন করতে হবে, ১০০ মেট্রিক টন হবে তার ক্যাপাসিটি, তার সঙ্গে ওয়ান অফিস রুম থাকবে এবং এই সবের জন্য মাত্র ২৫ হাজার টাকা মঞ্জুর এই বাজারে। এটার তদারকি করবেন অ্যাপেক্স মার্কেটিং সোসাইটি, তার জন্য আড়াই পারসেন্ট সার্ভিস চার্জ তারা পাবেন। প্রতি পদে বেনফেডের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করতে হবে, তাদের মত নিয়ে

কাজ করতে হবে, যার ফলে ডিলে হতে বাধ্য। কিন্তু আড়াই পারসেন্ট করে তাদের তদারকি ফি দিতে হবে। কাজেই আমাদের দেশের কো-অপারেটিভ নিয়ে গর্ব করার কিছু নেই।

এবার আমি ফিশারম্যান কো-অপারেটিভ সম্বন্ধে দু-একটি কথা বলব, রিভারাইন ফিশিং, কোস্ট্যাল ওয়াটার ফিশিং এবং ট্যাঙ্ক ফিশিং ইত্যাদি আছে। একটা কো-অপারেটিভের দৃষ্টান্ত দিলেই মন্ত্রী মহাশয় এর অবস্থা বুঝতে পারবেন। ডিহিমন্ডলঘাট অঞ্চল ফিশার মেন্স কো-অপারেটিভ সোসাইটির কথা বলব। হাওড়া জেলার শ্যামপুর থানার একটি সোসাইটি সেখানে ১৯৭৭ সালে ৫০ হাজার টাকা ব্যয় করে দুটো মোটর লঞ্চ ফিশারী ডিপার্টমেন্ট থেকে তাদের দেওয়া হয়েছিল। ১৯৭৮ সালে ১৫,৫০০ টাকা সাবিসিডি এবং ২২,৫০০ টাকা লোন দেওয়া হোল। ১৯৭৯ সালে পূজোর আগে ঘটা করে লঞ্চ ভাসান হবে, তাঁরা বঙ্গোপসাগরে মাছ ধরতে যাবেন, কিন্তু দেখা গেল একটি রাজনৈতিক দল জোর জুলুম করে তাদের আটকে দিলেন। এই সম্বন্ধে বার বার মুখ্যমন্ত্রীর ও ফিশারী ডিপার্টমেন্টের কাছে আবেদন জানিয়েছি মাননীয় মন্ত্রী মহাশয়কেও চিঠি লিখেছি; কিন্তু কোন কিছু হয়নি। ফলে গভর্নমেন্টের ৫০ হাজার টাকা যেটা দিয়ে লঞ্চ কিনে দেওয়া হয়েছে এবং ১৫ হাজার ৫ শত টাকা এবং ২২ হাজার ৫ শত টাকা লোন এবং সাবসিডি হিসাবে যেটা দেওয়া হয়েছে তা সব আইডিল হয়ে পড়ে আছে। লঞ্চ দুটো পড়ে থেকে নষ্ট হচ্ছে। আপনারা তমলুকে গিয়ে দেখবেন কাছাকাছি রূপনারায়ণের অপর পারে লঞ্চ দুটো দেখবেন সেখানে আছে। ট্যাঙ্ক ফিশারী বা রিভারিন ফিশিং বা কোস্ট্যাল ওয়াটার ফিশিং বলুন সেখানে যথেষ্ট সংখ্যক অ্যাসিসটেন্ট ফিশারী অফিসার না থাকায় একজিকিউটিভ অফিসার থাকেন না, যাঁরা সোসাইটি দেখাশুনা করতে পারেন। অর্থাৎ তাদের স্বাভাবিক কাজের সঙ্গে এই বাড়তি কাজের দায়িত্ব বহন করতে তাঁরা রাজি নন। এর ফলে সব বাঞ্চাল হচ্ছে।

যেখানে ট্যাঙ্ক ফিশারী স্কীম আছে সেখানে যায়, যে সমস্ত ট্যাঙ্ক ফিশারি কো-অপারেটিভ সমিতি আছে তাঁদের নেতৃত্বে যাঁরা আছেন—দে মে বি ফিশার মেন তাঁদেরই দু-একজন হয়ত লীজ নিয়ে প্রফিট করছেন, কিন্তু সাধারণ সভ্যরা সেই লাভের অংশটা পাচ্ছেন না।

এই রকম ক্ষেত্রে মহারাষ্ট্রে কো-অপারেটিভ দ্বারা চালিত যে সুগার মিলস আছে তা থেকে আমাদের শিক্ষা নিতে বলব। মহারাষ্ট্রে অনেক কো-অপারেটিভ সুগার মিলস আছে। এটা একটা তালুকে ২০টা পর্যন্ত কো-অপারেটিভ সুগার মিলস আছে। সেখানে প্রতিটা কেন গ্রোআর অর্থাৎ আখচাষী ঐ সব সুগার মিলের মেম্বার। তাঁরা নিজেরা যে আখ উৎপাদন করেন, সেগুলি সরাসরি সুগার মিলকে বিক্রি করেন। সরকারি নির্দিষ্ট দামে, না হয় বাজারে যে দাম থাকে সেই দামে। আবার সুগার মিল থেকে যে সুগার হল, তার বিক্রয় থেকে যে লাভ, তা প্রতিটা সুগার কেন গ্রোয়ার, আখ সরবরাহে যার কন্ট্রিবিউশন আছে, তাদের আনুপাতিক হিসাবে লাভের ভাগ দেওয়া হয়। সকলের কো-অপারেটিভ, সকলেই লাভের ভাগ পান।

[6-10— 6-20 P.M.]

এইরকম না হলে কো-অপারেটিভ করে কোন লাভ নেই। এইভাবে কো-অপারেটিভ করলেই সকলের জন্য কিছু লাভ আশা করা যায়।

এবার আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব কোঅপারেটিভ অ্যাডমিনিস্ট্রেশনের উপর। এ বিষয়ে অন্যান্য ক্ষেত্রে আমাদের দেশের যে বৈশিষ্ট্য আছে তা এখানেও আছে। দি প্যারাডক্স অফ পভার্টি লিভিং সাইড বাই সাইড উইথ প্লেনটি। কো-অপারেটিভ অ্যাডমিনিস্ট্রেশনের স্ট্রাকচারটা একবার দেখুন। স্টেটে কো-অপারেটিভ থেকে বিভিন্ন ডিফারেন্সিয়াল হারে সুদ ক্রমশ নিচের সোসাইটির দিকে চলে যায়। স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্ক থেকে সেন্ট্রাল ব্যাঙ্ক তা থেকে প্রাইমারী সোসাইটি এবং তাদের সদস্য পর্যন্ত সুদের হার ক্রমশ নিচের দিকে বাড়তে থাকে। এ ব্যাপারে স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্কের মার্জিন অব ইন্টারেস্ট খুব কম। রিজার্ভ ব্যাঙ্ক থেকে যে টাকা তাঁরা পান তারও সুদের হার মার্জিন খুব কম। কিন্তু তাঁরা পেয়ে থাকেন। আর নিচের দিকে দেখবেন এমনই অবস্থা প্রাইমারী সোসাইটিগুলোর রোজকার অ্যাডমিনিস্ট্রেশন চালানোর মত অবস্থা তাদের থাকে না। প্রাইমারী সোসাইটির জন্য ম্যানেজার রিক্রুটমেন্টের ব্যবস্থা কখন যে কি ধারায় হচ্ছে তা বোঝা যায় না। একবার বলা হচ্ছে ম্যানেজার রিক্রুট কর, আবার বলা হচ্ছে এখন থাক পরে করা হবে। এদের পে-স্কেল একটা আছে, তা মানা হয় না। নামমাত্র মাইনে এদের কাজ করতে হয়।

সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কের পে-স্কেল সম্বন্ধে একটু বলি। ৬৯-৭০ সালে বিভিন্ন সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সঙ্গে তুলনামূলক ভাবে পশ্চিমবাংলার সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কের সমস্ত কর্মচারীদের বেতনের হার কি রকম হওয়া উচিত সেটা ঠিক করা হয়। তাও ব্যাঙ্কের অবস্থা দেখে বিভিন্ন ব্যাঙ্ক বিভিন্ন রকম। কিন্তু তারপর আজও পর্যন্ত আর কিছু করা সম্ভব হয়নি। এদিকে অন্যান্য ক্ষেত্রে পে-কমিশন রয়েছে, বাজারে দামের সঙ্গে তাল রেখে সরকার ও বেসরকার কর্মচারীদের বেতন বৃদ্ধি এবং ডি.এ. বৃদ্ধি করা হচ্ছে, কিন্তু কো-অপারেটিভ গুলিকে বাঁচাবার দায়িত্ব যাদের হাতে আছে তাদের অবস্থায় দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে না, এদিকে দৃষ্টি দেওয়া দরকার বলে আমি মনে করি।

একটি লক্ষণীয় বিষয় হল আজকে কো-অপারেটিভ যে অবস্থায় এসে পৌঁচেছে বিশেষ করে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে উপরের স্তরে এই কো-অপারেটিভ ব্যাঙ্কগুলিকে পুরোপুরি ব্যাঙ্ক বলে। গণ্য করা উচিত। দে আর ব্যাঙ্কস, ব্যাঙ্কের সব ফাংশান তারা করে কিন্তু অ্যাডমিনিস্ট্রেশনে যাঁরা থাকেন ব্যাঙ্ক সম্বন্ধে ব্যাঙ্কিং সম্বন্ধে তাঁদের জ্ঞান থাকেনা, আমি নিজে থেকে দেখেছি তাদের ব্যাঙ্কিং এ জ্ঞান থাকা সব সময় সম্ভবও নয়। বিভিন্ন সময়ে যাঁরা ম্যানেজার হন তাঁরা কাজ কোনরকম ভাবে চালিয়ে যান। কো-অপারেটিভ ব্যাঙ্কগুলোর স্বার্থের দিকে দৃষ্টি দেবার দরকার তাঁরা মনে করেন না। সেইজন্য বলব সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলিকে ফুল ফ্লেজেড ব্যাঙ্ক বলে বুঝতে হবে। এর পরিচালনায় ব্যাঙ্কিং নলেজ, ব্যাঙ্কিং এক্সপিরিয়েন্স এবং ব্যাঙ্কিং সায়েন্সকে যুক্ত করতে হবে। আমি দীর্ঘকাল হাওড়া সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান ছিলাম। আমরা প্রায় জোর করে আমাদের ব্যাঙ্কের উদ্বৃত্ত টাকা আমরা কৃষিঋণের বাইরে অন্যপ্রকার ঋণদানে কাজে লাগিয়েছিলাম। কৃষককে আমরা ঋণ দোব, সেখানে লাভের অঙ্ক কম, যেখানে অনাদায় হবার সম্ভাবনা বেশি, সেখানে উদ্বৃত্ত অর্থ ব্যাঙ্কের প্রভিসন অনুযায়ী আমরা যদি লাভজনক ক্ষেত্রে লগ্নি করতে পারি এবং তা থেকে বাড়তি লাভের টাকা যদি ব্যাঙ্কের তহবিল জমা হয়, তাহলে সেই টাকা দিয়ে দরিদ্র কৃষকদের আমরা অনেক উপকার করতে পারি। কিন্তু সে ব্যবস্থা হয় না। দেখা যায় ব্যাঙ্কের

নলেজ যাদের নেই এমন যারা সব চাকরি করেন তাঁরা সেইভাবেই চাকরি করে যান, ব্যাঙ্কের স্বার্থের দিকে দৃষ্টি রেখে দায় দায়িত্ব পালন করেন না। করতে পারেনও না। এই অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে আমি আমার নিজের অভিজ্ঞতার কথা বলছি, এখানে হাওড়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে যে সমস্ত ঘটনা হয়েছে তার দায়দায়িত্ব থেকে আমি মুক্ত নই, কারণ সামগ্রিকভাবে এই কো-অপারেটিভ ব্যাঙ্কের সঙ্গে আমিও যুক্ত ছিলাম। অবশ্য এখন সেখান থেকে মুক্ত হয়েছি। এ বিষয়ে আমি একটা বিচিত্র অভিজ্ঞতার কথা বলব। হাওড়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের পক্ষ থেকে বঙ্গবাসী সিনেমার পাশে একটা ইমপরট্যান্ট ব্যাঙ্ক কর্ণারে ১২কাঠা একটি জমি কিনেছিলাম। জায়গাটা একটা লিটিগেশনে ইনভলভ ছিল বলে খুব সস্তায় মাত্র দেড়লাখ টাকায় সেই জমিটা কিনেছিলাম। আজকে সেই জমি বিক্রি করতে গেলে অনেক গুণ দাম বেশি পাওয়া যাবে। সেটাতে আমরা বাড়ি করে কমার্সিয়াল পারপাসে ব্যবহার করব ঠিক করেছিলাম, সেই কমার্সিয়াল ওয়েতে আমরা কিছু করতে পারিনি। আজকের দিনে এই উদ্দেশ্য নিয়ে একটা পাঁচ সাত তলা বাড়ি করতে টাকার অভাব হয়না, কিন্তু এখানে চিন্তামণি রোডে একটা জমি কিনে দীর্ঘ ক-বছর ফেলে রেখে দেওয়া হয়েছে। আর রাস্তার অপর পারে ব্রাঞ্চ ব্যাঙ্ক করা হয়েছে। এক লাখ টাকা অ্যাডভান্স দিয়ে উচ্চ ভাড়ায় ঘর ভাড়া নিয়ে। অথচ এদিকে দেড় লক্ষ টাকা লগ্নি করা যে হয়েছে তার সুদ ব্যাঙ্ক দিয়ে যাচ্ছে। কো-অপারেটিভ অ্যাডমিনিস্ট্রেশন ভালভাবে চলছে না, কো-অপারেটিভের বিভিন্ন স্তরে যে কার্যকলাপ তাতে করে কো-অপারেটিভ অর্থনীতির মধ্য দিয়ে দেশের মানুষের যে কল্যাণ করা যায় সেই অগ্রগতির দিকে কো-অপারেটিভ যাচ্ছে না। এই বাজেট ভাষণের মধ্যে যে আত্মতৃপ্তির ভাব দেখতে পাচ্ছি, অনেক টাকার অঙ্ক দেখিয়ে ধরার যে চিত্র আমাদের সামনে রাখার চেষ্টা করা হয়েছে সেই চিত্র ভ্রান্ত। আমি আশা করব কো-অপারেটিভ যাতে সুনিশ্চিতভাবে দেশের দরিদ্র মানুষের কল্যাণ করতে পারে, কো-অপারেটিভ অর্থনীতি যাতে সুষ্ঠভাবে চলে সেই দিকে দৃষ্টি দেবেন, এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিংহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় আজকে যে বাজেট বরাদ্দ আমাদের কাছে পেশ করেছেন আমি তাকে সমর্থন করতে পারছি না। স্যার, আপনি জানেন সমবায় আন্দোলন নিঃসন্দেহে এমন একটা আন্দোলন যে আন্দোলনের মাধ্যমে সত্যিকারের একটা শোষণহীন সমাজ প্রবর্তন করা যায়। যদি সত্যিকারের চেষ্টা করা যায় তাহলে এই আন্দোলনের মাধ্যমে আমাদের সমাজ ব্যবস্থাকে, অর্থনৈতিক ব্যবস্থাকে অনেক দূর এগিয়ে নিয়ে যাওয়া যায়। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর থেকে আমরা লক্ষ্য করছি যে এই সমবায় আন্দোলনকে সেই দিক থেকে গুরুত্ব দেওয়া হচ্ছে না। গত ৩ বছরে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন এক চুলও এগোয়নি। আপনি যদি বিশ্লেষণ করে দেখেন তাহলে দেখবেন এই আন্দোলন ক্রমশ পিছনের দিকে চলে যাচ্ছে। মন্ত্রী মহাশয় অনেক বার বিধানসভায় বলেছেন, বামফ্রন্টের অন্যান্য শরিক তাঁরা প্রায়শই অন্যান্য জায়গায় বলে থাকেন যে সমবায় আন্দোলন বাস্তু ঘুঘুদের আড্ডা, এই সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার কথা চিন্তা করতে হবে। বাস্তুঘুঘুদের হাত থেকে যুক্ত করতে হবে। তারপর এই অন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার কথা চিন্তা করতে হবে। বাস্তুঘুঘুদের সরাবেন তার জন্য সাধুবাদ জানাব। কিন্তু দীর্ঘ ৩ বছরে যদি সেই কাজ মন্ত্রী মহাশয় সম্পন্ন করতে না পেরে থাকেন তাহলে তার ব্যর্থতার দায়িত্ব নিশ্চয়ই মন্ত্রী মহাশয় এবং বামফ্রন্ট সরকারকে

গ্রহণ করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সমবায় আন্দোলনের ক্ষেত্রে সব চেয়ে বড় মাপকাঠি হচ্ছে কৃষি ক্ষেত্রে স্বল্প মেয়াদী ঋণ কতখানি আমরা চাষীদের মধ্যে বিতরণ করতে পারি। যদিও সমবায় আন্দোলনের অন্যান্য বহু দিক আছে তবুও আমরা মনে করি, মন্ত্রী মহাশয় নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন, এটা একটা বিশেষ বড় ক্রাইটেরিয়ান আমাদের পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের সমবায় আন্দোলন কতদূর এগিয়ে যাচ্ছে তার একটা মাপকাঠি। তার কারণ, ভারতবর্ষ প্রধাণত কৃষি প্রধান দেশ, এখানকার চাষীদের চাষের সময় ঋণের টাকার প্রয়োজন, সেই টাকা যদি আমরা সমবায় আন্দোলনের মাধ্যমে তাদের যোগান দিতে পারি তাহলে যারা দেশের দরিদ্র মানুষ, যারা দেশের সম্পদ, তাদের একটা বড় অর্থনৈতিক সুবিধা করে দেওয়া হবে এই বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু আমরা দেখতে পাচ্ছি সমবায় আন্দোলনের মাধ্যমে চাষীদের স্বল্প মেয়াদী ঋণ দেওয়ার কোন সুষ্ঠু পরিকল্পনা এই সরকারের নেই। অমি পরে পরিসংখ্যান দিয়ে দেখাব যেটা আমাদের সময়ে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত খুব হু হু করে বেড়ে গিয়েছিল গত ৩ বছরে তার পরিমাণ ক্রমশ কমতে শুরু করেছে, অনেক নিচে নেমে গেছে। তার পরিবর্তে আমরা দেখতে পাচ্ছি আপনাদের সরকারের কৃষি দপ্তরের মাধ্যমে যাকে গ্রুপ লোন বলে সেই ধরনের ঋণ চাষীদের মধ্যে দেবার একটা প্রবণতা দেখা দিয়েছে।

[6-20— 6-30 P.M.]

এই রাস্তা সহজ এবং এটা দিলে পর পাইয়ে দেবার একটা পরিবেশ সৃষ্টি করা যায় এবং কিছুদিন পর ১/২ বছর পর আইনে এই লোন মুকুব একথা ঘোষণা করা যায় এবং তারজন্য চাষীদের কাছ থেকে বাহবা পাওয়া যায়। কিন্তু এতে সমবায় আন্দোলন এগিয়ে যাবেনা। সমবায় আন্দোলনকে এগিয়ে নিতে হলে টাকা দেওয়া যেমন প্রয়োজন ঠিক তেমনি সময়মত সেই টাকা আদায় দেবার ব্যবস্থাও থাকা দরকার। এই ব্যবস্থা না হলে এই আন্দোলনকে এগিয়ে নেওয়া যাবেনা। আপনারা যদি এই ভয়ে টাকা আদায়ের উপর জোর না দেন যে তাহলে আমাদের ভোট কমে যাবে, আমাদের গদি চলে যাবে, আমাদের সমর্থন কমে যাবে তাহলে কিন্তু এই আন্দোলনকে কোনদিন এগিয়ে নিতে পারবেন না। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। কিছুদিন আগে আমাদের কৃষিমন্ত্রী একটা বিবৃতির মাধ্যমে বলেছিলেন, সমবায়ের মাধ্যমে যে ঋণ দেওয়া হয়েছে সেগুলি আদায় করবার ব্যাপারে আমরা বাধা দিচ্ছিনা, বরং আমরা বলেছি এগুলি আদায় দেওয়া উচিত। আমি এই ব্যাপারে একটা উদাহরণ রাখতে চাই হাউসে। ইটাহারে সংযুক্ত কিষাণ সমিতির সেক্রেটারি শান্তি সরকার জয়েন্ট রেজিস্ট্রারকে একটা ডেপুটেশন দিয়েছিলেন এবং সেই ডেপুটেশনের একটা কপি লিফলেট আকারে প্রকাশ করেছিলেন। তাতে বহু দাবি ছিল, আমি তার মধ্যে ৪ নং দাবিটি এখানে পড়ে শোনাচ্ছি। এই ৪ নং দাবিতে আছে, 'গরিব চাষীদের সর্বপ্রকার ঋণ মুকুব করতে হবে এবং ঋণ আদায় বন্ধ করতে হবে। এটা পাবার পর রায়গঞ্জ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের ডেপুটি ম্যানেজার জয়েন্ট রেজিস্ট্রারকে একটা চিঠি লিখে বলেছেন, We beg to draw your kind attention to item 4 of the enclosed leaflet dt. 22.2.1980 issued by Shri Santi Sarkar, Secretary, Sanjukta Kisan Samiti, Itahar Thana Committee. The leaflet will speak for itself and it has

been one of the main constraints for collection of crop loans from the bank এই ধরনের দাবি দাওয়া যদি আপনাদের দলের তরফ থেকে করা হয়, সমবায়ের ঋণ আদায়ের পথে যদি বাধাসৃষ্টি করা হয় তাহলে সমবায় আন্দোলন কিভাবে এগুবে? এই কারণে এগুচ্ছেওনা। কাজেই আমি আপনাদের বলছি, আপনারা এই মিঠে মিঠে বুলি বলা ছেড়ে দিন। আপনারা বলবেন সমবায়ের ঋণ আদায়ের পথে আমরা বাধা সৃষ্টি করছিনা, অথচ কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে আপনারা বাধা সৃষ্টি করছেন। আমরা দেখছি বিভিন্ন কিষাণ সভার ডেপুটেশনের জন্য এই ঋণ আদায় হতে পারছেনা। কাজেই এই দিকটায় নজর দেওয়া দরকার। ১৯৭২ সালে আমরা যখন সরকারে এলাম তখন আদায় হোত মাত্র শতকরা ২০ভাগ বা ২৫ ভাগ এবং আদায় এত কম ছিল বলে রিজার্ভ ব্যাঙ্ক থেকে সমবায় আন্দোলনে টাকা দেওয়া বন্ধ করবার প্রস্তাব দিয়েছিল। তারপর আমরা অনুরোধ করার পর রিজার্ভ ব্যাঙ্ক সেই টাকা দিতে রাজি হল এবং আমরাও ব্যবস্থা গ্রহণ করে সেই আদায়কে শতকরা ৮০/৯০ভাগে নিয়ে যেতে সক্ষম হয়েছিলাম। ১৯৭১/৭২ সালে ৪/৫ কোটি টাকা স্বল্পমেয়াদী ঋণ নিয়েছিল আমরা সেটাকে বাড়িয়ে ৫০ কোটি টাকা করেছিলাম। ১৯৭২/৭৩ সালে যেখানে সমবায় ঋণ ছিল ৬ কোটি টাকা, ১৯৭৩/৭৩ সালে আমরা সেটাকে ৪৬ কোটিতে আনলাম। কিন্তু আপনাদের আমলে ১৯৭৭/৭৮ সালে ছিল ৩৮ কোটি টাকা, ১৯৭৮/৭৯ সালে ছিল ৩৪ কোটি টাকা এবং ১৯৭৯/৮০ সালের ২৯শে ফেব্রুয়ারি পর্যন্ত সেটা এসে দাঁড়াল ১৫ কোটি টাকা। কাজেই স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে দেখা যাচ্ছে এই সরকারের আমলে তার অবনতি হয়েছে। তারপর, পারসেন্টেজ অব কলেশসন এগেনস্ট ডিম্যান্ড ১৯৭২/৭৩ সালে হল ৬৭ পারসেন্ট এবং ১৯৭৬/৭৭ সালে সেটা এসে দাঁড়াল শতকরা ৯৬ ভাগে। কিন্তু এখন দেখছি সেটা কমতে কমতে এসে দাঁড়িয়েছে ৬৮ পারসেন্ট। যদি আদায় না হয় তাহলে স্বাভাবিকভাবেই রিজার্ভ ব্যাঙ্ক আপনাদের টাকা দিতে অস্বীকার করবে কিছুদিন বাদে। সুতরাং টাকা না দিলে স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে যে সুযোগ সুবিধা চাষীদের দেওয়া যায় সেই সুযোগ সুবিধা ক্রমশ সঙ্কুচিত হতে থাকবে। সুতরাং সেই দিকে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী সভার এবং সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যাতে তিনি এই বিষয়ের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। সেটা না হলে কখনই সমবায় আন্দোলন জোরদার হতে পারেনা। আমি বলছি না যে আপনি জোর করে আদায় করুন কিন্তু আদায়ের একটা আবহাওয়া, একটা পরিবেশ সৃষ্টি করা দরকার। আজকে সেই পরিবেশ থেকে আপনারা ক্রমশ সরে যাচ্ছেন। আজকে চাষীদের মনে একটা ধারণা হয়েছে যে টাকা তো পাওয়া যাবে, কৃষি দপ্তর থেকে গ্রুপ লোন আমরা পাবো এবং দু'বৎসর পরে সরকার সেটা মুকুব করে দেবেন, ঋণ তাদের শোধ দিতে হবেনা এই রকম মনোভাবের সৃষ্টি হয়েছে। যার ফলে আপনার সমবায় অন্দোলন আজকে মুখ থুবড়ে পড়েছে এবং একেবারেই এগুতে পারছেনা। আমরা আরও অত্যন্ত আশ্চর্যের সঙ্গে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, লক্ষ্য করছি যে এই দপ্তরের গুরুত্ব যেন বামফ্রন্ট সরকার একেবারেই দিতে চাচ্ছেননা। বিশেষ করে অত্যন্ত দুঃখের সঙ্গে আমি লক্ষ্য করেছি এই দপ্তরের যিনি মন্ত্রী আছেন সেই মন্ত্রীর উপর বামফ্রন্ট কমিটির চেয়ারম্যান রুষ্ট হয়ে আছেন, কি জানি কি কারণে সমবায় আন্দোলন ঠিকমত এগিয়ে নিয়ে যেতে পারছেন না তিনি, তার জন্য হয়তো প্রমোদ দাশগুপ্ত মহাশয়—কিছুদিন আগে কাগজে দেখেছিলাম যে কয়েকজন মন্ত্রীকে ডেকে পাঠিয়েছেন তাঁদের দপ্তর সম্বন্ধে

আলোচনার জন্য এবং তার মধ্যে সমবায় দপ্তরের মন্ত্রীও একজন। আমি নিশ্চয়ই আশা করবো যে এতে সমবায় মন্ত্রী মহাশয় যিনি আছেন তিনি তাঁদের দপ্তর সম্বন্ধে আরও সচেতন হবেন এবং সমবায় আন্দোলনকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তিনি কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। আমরা দেখেছিলাম যে দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে আমাদের সময়ে বিভিন্ন ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে আমরা অনেক স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল বসাবার ব্যবস্থা করেছি, আজকে কি জানি কি কারণে সেই ধরনের আন্দোলন, সেই ধরনের ব্যবস্থা বা পরিকল্পনা একেবারে যেন বন্ধ হতে বসেছে। কেন ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের মাধ্যমে কোন স্যালো টিউবওয়েল বা ডিজেল টিউবওয়েল বসবেনা? কৃষি দপ্তরের মাধ্যমে আগে যে বসানোর পরিকল্পনা ছিল সরকারের তাতো আপনারা বন্ধই করেছেন, এই তিন বৎসরে আপনারা পশ্চিম বাংলায় কোন স্যালো বা ডিপ টিউবওয়েল স্থাপন করেননি। চাষীদের একটা সুযোগ ছিল, যদিও তাদের নিজস্ব অনেক বেশি টাকা দিতে হোত এবং তাদের জলকর সেটাও অনেক বেশি দিতে হোত, তা সত্ত্বেও কিছু কিছু জায়গায় চাষীদের রাজি করিয়ে আমরা দেখেছি কিছু কিছু জায়গায় ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের মাধ্যমে স্যালো টিউবওয়েল বা ডিপ টিউবওয়েল স্থাপন করতে আমরা সক্ষম হয়েছিলাম। কিন্তু সেই যে মুভমেন্ট সেই মুভমেন্ট এই সরকারের আমলে, এই তিন বৎসরের মধ্যে একেবারে স্তব্ধ হয়ে গিয়েছে। আপনারা জানেন যে কৃষির উন্নতি করতে গেলে নিশ্চয়ই সেচের ব্যবস্থা করা দরকার এবং সেই জলের ব্যবস্থা যদি আমরা করতে পারি তাহলে কৃষি উন্নয়ন সহজেই সম্ভব। সুতরাং এই ধরনের যে প্রকল্প ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের মাধ্যমে আমরা গ্রহণ করেছিলাম সেটা এই আমলে একেবারে বন্ধ হয়ে গিয়েছে। আপনি নিশ্চয়ই পরিকল্পনা করবেন যাতে সেই ব্যবস্থা কার্যকরি হয় এবং সাধারণ কৃষক চাষীরা যাতে আবার এই ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের মাধ্যমে দিয়ে স্যালো এবং ডিপ টিউবওয়েল স্থাপন করতে পারে। এই সমবায় অন্দোলনের ক্ষেত্রে আমি একটা সাজেশন আগেরবারেও দিয়েছিলাম এবারও আপনাকে দিচ্ছি—শশবিন্দু বাবু যা বলেছেন, ক্রেতা সমবায় একটা আন্দোলন যে আন্দোলনের মাধ্যমে যেমন চাষীদের স্বল্প মেয়াদী ঋণ দিয়ে চাষীদের অনেক উন্নতি করতে পারেন তেমনি ক্রেতা সমবায়ের ক্ষেত্রে এই জিনিসপত্রের যে উর্দ্ধগতি সেই উর্দ্ধগতিকে অনেকটা তার নিয়ন্ত্রণে আনতে পারে যদি ক্রেতা সমবায় আন্দোলনকে গ্রামে গঞ্জে বিস্তৃত করতে পারে। কিন্তু দুঃখের বিষয় আমরা লক্ষ্য করছি যে সেই ক্রেতা সমবায় আন্দোলন সেইভাবে এগুচ্ছেনা। এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে গেলে অনেক কিছু অসুবিধা হয় আমরা স্বীকার করি, যেমন মেন ম্যানুফাকচারার্স তাদের কাছ থেকে যদি আপনারা জিনিসগুলি আদায় করতে না পরেন—তারা সাধারণত জিনিসগুলি ক্রেতা সমবায়কে দিতে চায়না কিন্তু সেইগুলি যদি আদায় করতে পারেন কোন আইনের মাধ্যমে তাহলে নিশ্চয়ই অপনাদের বন্টন করবার জন্য যে মূল জিনিস অর্থাৎ যে জিনিসগুলি আপনারা বন্টন করবেন সেইগুলি আপনাদের হস্তগত হতে পারে। তাছাড়া আর একটা জিনিস এই ক্রেতা সমবায় অন্দোলনের সঙ্গে যে সমস্ত বিপনীগুলি জড়িত তাদের অর্থনৈতিক বনিয়াদ খুব শক্ত নয়, আমরা সেইজন্য ১৯৭৬-৭৭ সালে একটা পরিকল্পনা গ্রহণ করেছিলাম সেটা কার্যকর হয়নি, যে ক্রেতা সমবায় বিপনীগুলি অনেক সেলস্ ট্যাক্স পশ্চিমবঙ্গ সরকারকে দেয়, আপনারা জানেন বিভিন্ন জায়গায় যে সমস্ত দোকনগুলি আছে পশ্চিমবঙ্গ সেখানে সব জায়গায় সেলস্ ট্যাক্স তারা ঠিক আদায় করেনা

প্রথমত এবং সেলস্ ট্যাক্স ফাঁকি দেয়, সেইজন্য পশ্চিমবঙ্গ সরকারের ভান্ডারে সে টাকা জম হতে পারেনা। কিন্তু ক্রেতা সমবায় বিপনীগুলি যেগুলি এই কাজে লিপ্ত নয় তারা যা বিক্রি করে তার সবটা দিয়েই সেলস্ ট্যাক্স ভান্ডার তৈরি হয় এবং সেলস্ ট্যাক্স যা আদায় হয় সেই সেলস্ ট্যাক্স পশ্চিমবঙ্গ সরকার পান সেইজন্য আমরা সাজেস্ট করেছিলাম, আপনি নিশ্চয়ই মন্ত্রী মহাশয় ভেবে দেখবেন, যে সেলস্ ট্যাক্স এই ক্রেতা সমবায় আন্দোলনের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার পেয়ে থাকেন তার অর্ধেকটা যদি শেয়ার ক্যাপিটাল হিসাবেই হোক বা অন্য কোনভাবে তাদের এই সমস্ত বিপনীগুলি অর্থনৈতিক বনিয়াদ শক্ত করার জন্য আপনি সেই টাকার অর্ধেক দপ্তর থেকে আনতে পারেন, সবটা না হোক অন্তত শতকরা ২৫ ভাগ বা ৫০ ভাগ আনতে পারেন তাহলে ক্রেতা সমবায় আন্দোলন এখানে অনেকখানি জোরদার হতে পারে এবং যার ফলে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের যে উর্দ্ধগতি সেই উর্দ্ধগতি অনেকখানি হ্রাস পেতে পারে।

[6-30— 6-40 P.M.]

আর একটা জিনিস লক্ষ্য করে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখিত এবং ব্যথিত হয়েছি। সেই জিনিস এই যে বাস্তুঘুঘুর নাম করে আমরা দেখছি, বিভিন্ন সমবায় সমিতিগুলি যারা এই বামফ্রন্টের দলভুক্ত নয়, তাদের সরাবার একটা প্রয়াস লক্ষ্য করেছি, যদিও সব জায়গায় আপনারা সমর্থ হন নি। কিন্তু তাদের সরাবার একটা প্রচেষ্টা আপনারা সব সময় করে যাচ্ছেন। আপনারা কো-অপারেটিভ অ্যাক্টের সেকশান ২৬ পরিবর্তন করে আইন করেছেন ১৫ মাস পরে যদি ইলেকশান না হয় তাহলে অফিস বিয়ারেরা অটোমেটিক্যালি চলে যাবেন এবং সেই ম্যানেজিং কমিটি ডিসলভড হয়ে যাবে। ভাল কথা। কিন্তু সঙ্গে দেখতে হবে অ্যাডমিনিস্ট্রেশন যাদের করে রেখেছেন তারা যেন ১৫ মাসের বেশি না থাকেন। ইলেকটেড রিপ্রেজেন্টেটিভের ১৫ মাস পরে অটোমেটিক্যালি ডিসলভড হয়ে যাবেন, কিন্তু আপনার দলের লোক নলিনী বাবু এখানে আছেন, তিনি দীর্ঘ তিন বছর ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের চেয়ারম্যান হয়ে আছেন। তাঁর সময়কাল আরও বৃদ্ধি করবার পরিকল্পনা আপনাদের আছে। ইলেকটেড রিপ্রেজেন্টেটিভদের ১৫ মাসের বেশি রাখছেন না, অথচ যারা অ্যাডমিনিস্ট্রেটর তাদের তিন বছরের বেশি রেখে দিচ্ছেন। আপনারা কি এদিকে নজর দেবেন? যেখানে অ্যাডমিনিস্ট্রেটর রেখেছেন তাদের সরিয়ে দিয়ে ইলেকশানের ব্যবস্থা করা যাতে নূতন ম্যানেজিং কমিটি গঠন করা যায় সেদিকে নজর দেবেন। কিভাবে দলবাজি করছেন, তার কয়েকটি উদাহরণ দিয়ে, আমি আমার বক্তব্য শেষ করবো। সম্প্রতি Cooch Behar Central Fishermen Co-operative society তে সরকারি নির্দেশ গেল যে যেন অ্যানোয়ল জেনারেল মিটিংয়ের নোটিশ দেওয়া হয়। সেখানে বর্তমানে একজন অ্যাডমিনিস্ট্রেটর আছেন। যেদিন ইলেকশান রেজাল্ট বেরোল তাতে দেখা গেলো বামফ্রন্টের কোন লোক ৯ জনের মধ্যে ইলেক্টেড হতে পারেন নি। অত্যন্ত আশ্চর্যের বিষয়, আপনারা প্রথমে যে নোটিশ দিয়েছিলেন যে, তোমরা অ্যানোয়াল জেনারেল মিটিং করো, আপনাদের দলভুক্ত কোন লোক ফিশারমেন কো-অপারেটিভে যখন এলো না তখন ২৭.২ তারিখে আবার একটা নোটিশ দিয়ে আগে যে নোটিশ দিয়েছিলেন সেটা প্রত্যাহার করে নিলেন। এই ধরনের কার্যকলাপ যদি আপনার দপ্তরে চলতে থাকে তাহলে নিশ্চয়ই এটাই প্রমাণিত হয় যে প্রকৃত বাস্তুঘুঘুদের আপনারা

সরাতে চান না এবং সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে চান না। বাঁকুড়া প্রাইমারী ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের জেনারেল মিটিং ডাকা হল নির্বাচনের জন্য ফেব্রুয়ারি মাসে। সেটা হেডঅফিসে না ডেকে, ডাকা হলো একটা ব্রাঞ্চে—বিষ্ণুপুরে এবং এমনভাবে ডাকা হল যাতে প্রকৃত সমবায়ীরা আসতে না পারেন। তারপর চেয়ারম্যান নানা বৈধতার প্রশ্ন উঠালেন এবং মিটিং বাতিল করে দিয়ে চলে যান। সকালে মিটিং বাতিল হয়ে গেল, কিন্তু বিকালের দিকে কিছু বামপন্থী লোক একই জায়গায় সমবেত হয়ে নিজেদের মধ্যে একজনকে চেয়ারম্যান মনোনীত করে ঘোষণা করলেন। এইভাবেই বাঁকুড়া প্রাইমারী ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের নূতন ম্যানেজিং কমিটি হোল। এইভাবে চলতে থাকলে আপনার দপ্তরে মান মর্যাদা বাড়বে না, সমবায় আন্দোলন না, সমবায় আন্দোলন পিছিয়ে যাবে। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে এইসব বিষয়ে সজাগ দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করবো এবং সঙ্গে সঙ্গে বলবো, তিন বছরে তো আন্দোলন এগিয়ে নিতে পারেন নি, এগিয়ে নিয়ে যাওয়ার কথা তো দূরের কথা, পিছিয়ে নিয়ে গিয়েছেন বলে মনে করি। আর পিছিয়ে যাতে না যায় সেজন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পান্নালাল মাঝি :** মাননীয় উপ'ধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে আমাদের সমবায় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, সমবায় দপ্তরের, আমি সমর্থন করতে গিয়ে দুই একটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় যে দপ্তরে, সমবায়ের যে অবস্থা, সেই অবস্থা দুর্দশাই বলুন আর যাই বলুন, সেটাতো বহুদিন আগে থেকেই শুরু হয়েছে, পশ্চিম বাংলায় নতুন ঘটনা কিছু নয়, পুরাতনের জের, যেটা বলবার চেষ্টা করা হয়েছে এবং প্রচার করা হয়েছে পশ্চিমবাংলার সমবায় সমিতির কাজ ভালমত চলছেনা, সঠিক উন্নতি হচ্ছেনা। বা তার যে সম্ভাবনা তা কাজে পরিণত করা হচ্ছে না। অবশ্য এখানে সমাজের যে চাহিদা, তা করা সম্ভব হয়নি, কারণ বুর্জোয়া সমাজ ব্যবস্থায় ব্যক্তিগত মালিকানায় ধনতান্ত্রিক ব্যবস্থায় বাস করে, সেই ধরনের কাঠামোয় বাস করে, এর সমাধান হতে পারে এটা অমি বিশ্বাস করিনা। তবে সমাধানের পথে নিয়ে যাবার জন্য যে সংগ্রাম, সেই সংগ্রাম সংগঠন করা এবং পরিচালনা করার যে আমাদের কর্মসূচী এবং লক্ষ্য সেই সংগ্রামী জনসাধারণের জীবনে এবং জীবিকায় যে সমস্যা আছে সাময়িকভাবে যাতে কিছু কিছু রিলিফ পান এবং সাহায্য পান সেই ব্যবস্থা করার ব্যাপার আমাদের কর্মসূচীর মধ্যে আছে। মাননীয় অতীশ বাবু অনেক কথা বলে গেলেন, শোষণহীন সমাজ গঠন ইত্যাদি অনেক কথা বললেন। এই সমাজ ব্যবস্থার মধ্য দিয়ে কেন শোষণহীন তিনি করে গেলেন তা বুঝলাম না। তিনিতো সমবায় মন্ত্রী ছিলেন, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তিনি সমবায় মন্ত্রী দপ্তরের মিনিস্টার অব স্টেট ছিলেন, জয়নাল সাহেব ছিলেন, কেন তাঁরা করে গেলেন না শোষণহীন রাষ্ট্র এবং সমাজ ব্যবস্থা, বুঝলাম না। এঁরা এসব বলতে পারেন, কোন জিনিসের ধার ধারেন না। কিন্তু আমি একটা কথা বলতে চাই। আমরা শোষণহীন করব, কাদের করব, গরিবদের কয়েকজন মুষ্টিমেয় ধনী বাদ দিয়ে যারা গরিব তাদের শোষণহীন করার জন্য সাহায্য করা উচিত যেটা আমরা মনে করি, সেই চেষ্টা কি আপনারা করেছেন? শোষণহীনতা দূরের কথা, অতীশবাবু দুটি প্রতিষ্ঠানের, বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটর এর চেয়ারম্যান ছিলেন, একটা শিশু তন্তুবায় সমিতি, তাকে শোষণমুক্ত করার জন্য কি ব্যবস্থা করে গেলেন? তার যদি হিসাব নেই ওঁর আমলে দেখতে পাব তাদের যে শেয়ার অব প্রফিট, মূলধন যেটা ছিল ১৭ লক্ষ

৪৮ হাজার টাকা, আর সব কাপড় নিয়ে ব্যবসা করে, ২ কোটি ৪১ লক্ষ টাকা। পশ্চিম বাংলায় অনেক তাঁতী আছে, এই ১৭ লক্ষ ৪৮ হাজার টাকায় কি শোষণমুক্ত তারা হতে পারে বা তাদের সাহায্য হতে পারে সেটা ভাবতে হবে। বামফ্রন্ট সরকারের সেই দৃষ্টি ভঙ্গী নয়, শোষণমুক্ত করা তো দূরের কথা তাঁত শিল্পীদের কিছুটা সাহায্য করা যায় কিনা, তাঁত শিল্পীরা যাতে বামফ্রন্ট সরকারের সাহায্য পেয়ে দাঁড়াতে পারে, তার জন্য বামফ্রন্ট সরকার প্রতিনিধি হবার পরে সরকারের যে সাহায্য বা শেয়ার সেটা হল ২ কোটি ৫৪ লক্ষ টাকা।

[6-40 — 6-50 P.M.]

যারা শোষণ মুক্ত সমাজ গঠনের স্বপ্ন দেখেন এবং তার কথা বলেন সমবায়ের মধ্যে দিয়ে এই সমাজ ব্যবস্থায় তারা যখন সরকারে ছিলেন তখন সরকারের শেয়ার ছিল ১৭ লক্ষ টাকা আর বামফ্রন্ট সরকার যারা বলছেন এই সমাজ ব্যবস্থায় সমাবায়ের মধ্যে দিয়ে শোষণ মুক্ত সমাজ গঠন দূরের কথা তার ধারে কাছেও যাওয়া যাবে না তারা গরিব তাঁতীদের সাহায্যের জন্য সেই শেয়ার বাড়িয়ে করেছেন ২ কোটি ৫৪ লক্ষ টাকা এবং ১৯৭৯/৮০ সালে ব্যবসা দাঁড়াচ্ছে ১২ কোটি টাকার মতন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকাল সমবায়ের নানান উন্নতির কথা বলা হচ্ছে এবং তার মধ্যে নিয়ে নানান রকম কাজ করার কথা বলা হচ্ছে যেমন কনজিউমার্স গুডস—নিত্য প্রয়োজনীয় দ্রব্য ক্রেতাদের মধ্যে সমবায়ের মাধ্যমে বিক্রি করার কথা বলা হচ্ছে। এটা তো সবাই জানেন যে গত বৎসরে মিটিং-এ এই সভা থেকে আমরা একটা রেজলিউশান নিয়েছিলাম এবং তাতে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করে আমরা বলেছিলাম, এই সমস্ত জিনিসের দাম অত্যাধিক বেড়ে যাচ্ছে, এগুলির দাম কমাতে হবে এবং কতকগুলি নিত্যপ্রয়োজনীয় জিনিস সমবায়ের মাধ্যমে সরবরাহ করতে হবে। কিন্তু কি হয়েছে তাতে? শোষণ মুক্ত সমাজের কথা বলে যারা বাজিমাৎ করতে চাইছেন- তা অবশ্য তারা করতে পারবেন না কোনদিন—তারাই কিন্তু শোষণের ব্যবস্থাকে আরো জোরদার করছেন, সেখানে ব্যক্তিগত মালিকানাকে আরো বেশি করে প্রসারিত করছেন। কেন্দ্রীয় সরকারেরও তাই লক্ষ্য এবং এরা যখন রাজ্য সরকারে ছিলেন এদের একমাত্র লক্ষ্যও ছিল তাই। অতএব আমি বলব, এসব বড় বড় কথা বলে কোন লাভ নেই। এখানে সব কিছু হয়ে গিয়েছে তা বলছি না কিন্তু কিছুই হয়নি তাও ঠিক নয়। যদিও শর্ট টার্ম লোনের ব্যাপারে একথা ঠিকই অবস্থা খুবই গুরুতর রূপ নিয়েছে কিন্তু তারও কতকগুলি কারণ আছে। সেখানে যে সমস্ত কারণ আছে তার মধ্যে একটা কারণ হচ্ছে প্রাকৃতিক দুর্যোগ। সেই যে ভয়ঙ্কর বন্যা হয়ে গেল সেই বন্যার সময় ওঁরা কোথায় ছিলেন আমি জানি না কিন্তু পশ্চিমবাংলার লোক সবাই জানেন যে কি ভয়াভয় বন্যা সেদিন হয়েছিল। সেদিন আমাদের পশ্চিমবাংলার চাষীদের সর্বনাশ হয়ে গিয়েছিল। অধিকাংশ জেলা সেদিন বারে বারে ক্ষতিগ্রস্ত হয়েছিল। সেই চেহারা বোধহয় ওঁরা দেখেন নি। তারপর কৃষকদের পক্ষে উঠে দাঁড়ানোটাই শক্ত ছিল, ওঁরা থাকলে বোধহয় উঠতো না, ওঁরা আশাও করেছিলেন তাই যে মানুষ বিক্ষুদ্ধ হবে, ভুখা মিছিল আসবে কলকাতা শহরে, রাস্তায় রাস্তায় লোকে অনাহারে মারা যাবে কিন্তু সেসব কিছুই হয়নি। ওঁরা চেয়েছিলেন সেসব হলে বামফ্রন্ট সরকারকে চক্রান্ত করে বিপদে ফেলা যাবে। কিন্তু ওঁদের স্বপ্ন সার্থক হয়নি, গ্রামের কোন মানুষ শহরে আসে নি। বন্যার পর সেই বিধ্বস্ত কৃষককুল তারা নিজেদের পায়েই দাঁড়িয়েছে। সেখানে অন্যান্য দপ্তর থেকেও

যেমন তাদের সাহায্য করা হয়েছিল এই সমবায় দপ্তর থেকেও তেমনি তাদের সাহায্য করা হয়েছিল। সেখানে চাষীদের জন্য যে সব ব্যবস্থা করা হয়েছে অতীতে তার কোন নজীর নেই। বহু কোটি টাকার মিট টার্ম লোন কনভার্ট করা হয়েছে। শর্টটার্ম লোন বাকি থাকা সত্ত্বেও আরো কোটি কোটি টাকা দেওয়া হয়েছে। তা যদি না দেওয়া হত তাহলে গ্রামাঞ্চলের চাষীদের এইভাবে দাঁড় করানো যেত না। এর পর আবার এল খরা। খরার যে তান্ডব সেটা না দেখলে কল্পনা করা যায়না। এই অবস্থায় চাষীরা সেখানে নিতান্তই মার খেয়ে গিয়েছে কিন্তু তা সত্ত্বেও সেখানে ঋণ পরিশোধ করার দিকে একটা ক্যারেক্টার গড়ে উঠেছে। বামফ্রন্ট সরকারের সহযোগী মনোভাব, মানবিক দৃষ্টিভঙ্গী, গরিবদের প্রতি সরকারের সহানুভূতি সেগুলি উপলব্ধি করে প্রতিটি উন্নয়নমূলক কাজকে সফল করার জন্য মানুষ এগিয়ে আসছে, সমবায় বিভাগের ব্যাপারেও পিছিয়ে নেই। তারা ঋণ পরিশোধ করতে চেয়েছে, যেখানে পেরেছে সব জায়গায় ঋণ পরিশোধ করতে চেয়েছে। কিন্তু এখানে কাগজ থেকে কি সব বলে গেলেন, শশবিন্দুবাবুও বললেন—কিভাবে ওরা সব বললেন জানি না। স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান মাঝেমাঝে কাগজে বিবৃতি দিচ্ছে, বহু জায়গায় এম.এল.এ.দের বলছেন ঋণ নিয়ে দেয় নি। এটাই কি ঘটনা, ঘটনা কি তাই? ঘটনা মোটেই তা নয়। কারণ একটা চক্রান্ত আছে। বামফ্রন্ট সরকারকে হেয় প্রতিপন্ন করার জন্য একটা চক্রান্ত কাজ করছে। একটা হ্যান্ডবিল থেকে কি সব পড়েও গেলেন। গ্রামের গরিব মানুষের উন্নয়নমূলক কাজগুলি যাতে ব্যর্থ হয়, সরকার সঠিকভাবে যাতে কাজগুলি করতে না পারে তার জন্য একটা ব্যাপক চক্রান্ত চলেছে। আগে থেকেই চলে আসছে এবং এখনো চলেছে, শেষ হয়নি। এটা থাকবে। কারণ বামফ্রন্ট সরকার প্রতিটি ক্ষেত্রেই যাতে ব্যর্থ হয় সেই চেষ্টা করা হচ্ছে, চক্রান্ত করা হচ্ছে। আজকে পাওয়ার বাজেট হয়ে গেল। এত তো বিবৃতি শুনছি, কত মিটিং, মিছিল হবে। কিন্তু কই তারা তো ডিভিসন ডাকলেন না? ডিভিসন না ডেকেই তারা সব নীরব হয়ে গেলেন। কালকে আবার নানা কথা বলবেন। ডিভিসন ডাকার মত, বলার মত তাদের কিছু নেই। প্রত্যেকটি ক্ষেত্রে ওরা ব্যর্থ করার চেষ্টা করছেন। ঋণ আদায়ের ক্ষেত্রে মুখে বলছেন এক, কিন্তু মোটেই তা নয়। আমাদের মন্ত্রী এম.এল.এ., প্রত্যেকটি কর্মী যারা সমবায়ের সঙ্গে যুক্ত আছেন তারা গ্রামে গ্রামে দেখছেন, বুঝছেন কৃষকের মস্ত বড় ভরসা হল এই সমবায় ঋণ। কাজেই একে অবহেলা করা যায় না। ব্যাঙ্ক বা মহাজনের ঋণ পরিশোধ না করলে পাওয়া যাবে না, সব শেষ হয়ে যাবে। কিন্তু মানুষ বুঝতে পারছে সমবায় সমিতির ঋণ মহাজনের ঋণ নয়, তার থেকে আকাশ পাতাল পার্থক্য আছে। একে যদি ঠিক সময় মত শোধ করে দেওয়া যায় তাহলে, অনেক উপকার হবে, সময় মত ঋণ আবার পাওয়া যাবে। কাজেই একে টিকিয়ে রাখতেই হবে। এই বিষয়ে তারা যথেষ্ট আগ্রহী এবং এর অন্যতম প্রমাণ হচ্ছে দীর্ঘমেয়াদী ঋণ ১৯৭৬/৭৭ সালে আমাদের ৮কোটি ৫লক্ষ টাকা ইনভেস্টমেন্ট ছিল, ১৯৭৮/৭৯ সালে সেই ইনভেস্টমেন্ট ১২ কোটি টাকাকেও ছাপিয়ে গেছে। কালেকশানও যথেষ্ট হচ্ছে, তারা ঋণ শোধ দিচ্ছে। এতে আশ্চর্য হবার কিছু নেই। কৃষকরা এই ব্যাপারে খুব সচেতন। সমবায় সমিতিকে বাঁচিয়ে রাখতে হবে গরিব কৃষকদের স্বার্থে। শোষণ মুক্ত না হলেও শোষণকারীর বিরুদ্ধে সংগ্রাম করার জন্য এই সমবায় সমিতিকে বাঁচিয়ে রাখতে হবে এবং এই সমবায় সমিতিকে আরো শক্তিশালী করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইউনিভার্সাল মেম্বারশিপের কর্মসূচী বামফ্রন্ট সরকার নিয়েছেন। সার্বজনীন মেম্বারশিপ এতদিন

[25th March, 1980]

ছিল? এটা তো এতদিন ছিল না। এই বিষয়ে আরো মনোযোগ দিতে হবে, তা না হলে কিছু হবে না। আজকে ব্যাপকভাবে লোকের মনে উৎসাহ সঞ্চার করেছে। কো-অপারেটিভ তো আমাদের দেশে বহু বছর চলছে, কিন্তু এই রকম প্রচেষ্টা কোনদিন নেওয়া হয়নি। জনসাধারণ কো-অপারেটিভের মধ্যে যাতে অংশ গ্রহণ করতে পারেন তার ব্যবস্থা হয়েছে। এটাতো আগে ছিল না? বামফ্রন্ট সরকার প্রথম এই কাজ করেছেন। গরিব কৃষক, ক্ষেত মজুর, দুস্থ লোকদের শেয়ারের টাকা সরকার দেবে এবং তারা ভর্তি ফিজ দিয়ে সমস্ত জায়গায় মেম্বার হবেন। যার ফলে আজকে গ্রামাঞ্চলে দারুণ উৎসাহ উদ্দীপনা সৃষ্টি হয়েছে। এটা ঠিক যে আমরা এখনো পর্যন্ত সমবায়কে সঠিকভাবে কাজে লাগাতে পারিনি। আগমীদিনে আমাদের এর থেকে শিক্ষা গ্রহণ করতে হবে। ব্যাপক ভাবে কাজে লাগিয়ে সমবায় সমিতিগুলিকে সচেতন করে তুলতে হবে। কারণ সমবায় সমিতিগুলি গরিবের প্রতিষ্ঠান। কতকগুলি লুঠেরা একে লুঠপাট করে খাচ্ছে। অতীশবাবু বললেন বাস্তুঘুঘুর আড্ডা আমরা তাদের তাড়াবার চেষ্টা করেছি। বামফ্রন্ট সরকার নাকি সেই চেষ্টা করছেন। এটা বেঠিক কথা নাকি? এটা মোটেই বেঠিক কথা নয়। সত্যিই কতকগুলি জায়গায় বাস্তুঘুঘুর আড্ডা রয়েছে। আমি তার একটি দৃষ্টান্ত দিচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মামলায় সব কোর্ট ফেল করছে। এমন ভাবে মামলা তৈরি করা হচ্ছে যে মামলা থেকে বেরিয়ে আসা মুশকিল। লাস্টলি হাই কোর্টের রায়ে দেখছি ৬ মাসের মধ্যে নির্বাচন করতে হবে। কিন্তু তার যে কি ব্যবস্থা সেই ব্যাখ্যা আজ পর্যন্ত যারা করতে চান তারা করতে পারলেন না।

[6-50 — 7-00 P.M.]

সেখানে দেখা যাচ্ছে মামলাগুলি ওরা করছে। কেন করছে কোথা থেকে করছে কাদের বিরুদ্ধে করছে? স্যার আমার কাছে একটা তথ্য আছে আমি এখানে দিতে পারি। স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে আইন বাবদ খরচ হয়েছিল ১৯৭৭-৭৮ সালে ৩১ হাজার টাকা এবং ১৯৭৮-৭৯ সালে ১লক্ষ ১৮হাজার টাকা। এক বছরের মধ্যে এতো বেশি খরচ হোল। যখন আইন হোল নির্বাচন করে নূতন কমিটি তৈরি করা হোল তখন থেকে এই রকম বাবদ খরচ হোল। এবং তার জন্য টি.এ.খরচ হোল ১৯৭৭-৭৮ সালে ১ লক্ষ ১৬ হাজার ৮১৭ টাকা আর ১৯৭৮-৭৯ সালে ১ লক্ষ ৮০ হাজার টাকা। এরা কারা? কাদের জন্য এই খরচ গরিব চাষীদের এই রকমভাবে টাকা নিয়ে মামলা করতে বলা হয়েছিল? আপনারা গরিবদের নাম করে নিজেরা আত্মসাৎ করেছিলেন সেই টাকা বার করতে এই টাকা খরচ হয়েছিল। আপনারা কেবল মামলা করে সেখানে গেড়ে বসে থাকবার চেষ্টা করেছেন। নির্বাচনের দিকে না গিয়ে নির্বাচনকে ঠেকাবার চেষ্টা করেছেন। এই সব ঘুঘুর বাসাকে যদি ভাঙ্গা না হয় যদি একটা সুষ্ঠ আবহাওয়া সৃষ্টি না করা হয় সমস্ত পশ্চিমবাংলা জুড়ে তাহলে কো-অপারেটিভ আন্দোলনকে কোন দিনই এগিয়ে নিয়ে যাওয়া যাবে না। আমি গতবারে এই কো-অপারেটিভ বাজেটের সময় এই কথা বলেছিলাম। সমগ্র কো-অপারেটিভ ব্যবস্থা একটা কায়েমী স্বার্থের কব্জার মধ্যে আছে। তা থেকে একে বের না করতে পারলে এই আন্দোলনকে জনগণের কাজে লাগানো যাবে না। ইউনিভারশ্যাল মেম্বারশিপ ব্যবস্থা অনেক জায়গায় আরও একটু ত্বরিত হওয়া দরকার। এবং তার জন্য আরও কতকগুলি নির্দিষ্ট কার্যকরি পন্থা অবলম্বনের কথা আমাদের ভাবতে হবে। এবং সেটা কার্য্যকরী করতে হবে। আমার আরও একটা কথা যে আমাদের

পশ্চিমবাংলায় রেশম শিল্প মহাসংঘ আছে আমাদের অতীশবাবু তার বোর্ড অব ডিরেক্টারের চেয়ারম্যান ছিলেন এবং চেয়ারম্যান থাকা সত্ত্বেও কেন সেখানে এই রকম হয়েছে? ওখানে কাপড় কেনা হোল ৩৪ লক্ষ টাকা এবং সেটা বিক্রি হয়েছে ২৮ লক্ষ টাকা ৮। লক্ষ টাকা লোকসান হয়েছে গভর্নমেন্টের শেয়ার ছিল ১ লক্ষ টাকা। খাদি কমিশন একটা অ্যাফিলিয়েটেড প্রতিষ্ঠান সেখানে লোকসান হোল ৮ লক্ষ টাকা। আজকে সেখানে মূলধন নাই। গতবারে ১৯৭৮-৭৯ সালে কাপড় কেনা হয়েছিল ৩৩ লক্ষ ৩৩ হাজার টাকা আর সেটা বিক্রি হয়েছে ৪১ লক্ষ ৬৬ হাজার টাকা। আমাদের বামফ্রন্ট সরকার ১০ লক্ষ টাকার শেয়ার দিতে চেয়েছিলেন। কিন্তু সেখানকার অবস্থা এমন যে অবস্থাটা কি দাঁড়াবে তাতে সন্দেহ আছে। তার কোন নিশ্চয়তা দেখতে পাওয়া যাচ্ছে না। সেখানে অডিট হচ্ছে স্পেশাল অডিট এবং সেই অডিট রিপোর্ট পাওয়া গেলে দেখা যাবে কি করা যায়। আমি দেখতে পাচ্ছি আমাদের সমবায় দপ্তর অত্যন্ত দায়িত্বের সঙ্গে কাজ করছে যদিও অনেক চাহিদা আছে, অনেক প্রয়োজন আছে, অনেক সমস্যা আছে এবং এগুলিকে আমাদের কঠোর হস্তে মোকাবিলা করতে হবে এবং সেই রকম কর্মসূচী আমরা নিয়েছি। এই কথা বলে আমাদের সমবায় মন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অরবিন্দ ঘোষাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অনেক দিন আগে একটা প্রবন্ধ পড়েছিলাম। সেই প্রবন্ধ সমবায় কাকে বলে তার ছোট্ট একটা স্টেটমেন্ট দেওয়া ছিল এবং তাতে বলা ছিল যে দেশের সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে বিভিন্ন মানুষের কর্মধারাকে যুক্ত করে যৌথভাবে অগ্রগতির যে অভিযান তাকে আমরা বাস্তবে সমবায়ে রূপান্তরিত করবো। এটা ঠিক কথা যে কৃষির ক্ষেত্রে উন্নতি করার জন্য, কৃষকশ্রেণীর দুর্গতি মোচনের জন্য উপায় নির্ধারণের কথা এবং ক্ষুদ্র কুটির শিল্প জনসাধারণকে নিয়োগ করে বেকারী দুর করার জন্য এই ভাবে স্বল্প ঋণ দানের মাধ্যমে, গৃহনির্মাণ কল্পে ঋণদানের মাধ্যমে সমবায় প্রথাকে আমরা মাধ্যম বলে গ্রহণ করি। এখন এই যে সমবায় প্রথা, এই সমবায় প্রথা সর্ম্পকে আমাদের অতীশ বাবু বলেছেন যে সমবায়ের মাধ্যমে কৃষকশ্রেণীর শোষণকে মুক্ত করা যায়, সমাজতন্ত্র স্থাপন করা যায়। কিন্তু সারা পশ্চিমবাংলা কেন, সারা ভারতবর্ষে সমবায় এখন ঋণ প্রদান পর্যন্ত ভাল ভাবে এগিয়ে গেছে। স্বল্প ঋণদান করে কৃষকশ্রেণীকে সাহায্য করার যে ব্যবস্থা তাতে তারা নিবদ্ধ আছে। কিন্তু আসল কথা হচ্ছে, কো-অপারেটিভ ফার্মিং বা সার্ভিস কো-অপারেটিভ করে যে কৃষকশ্রেণীকে মুক্ত করার যে উপায় সেই ব্যবস্থা আজ পর্যন্ত ভারতবর্ষে হয়নি। পণ্ডিত জওহরলাল নেহেরু যখন জীবিত ছিলেন তখন ভুবনেশ্বর কংগ্রেসে এই কো-অপারেটিভ ফার্মিং এর প্রস্তাব গৃহীত হয়েছিল। কিন্তু কংগ্রেসের মধ্যে যারা সামন্ততান্ত্রিক গোষ্ঠী রয়েছে তারা কোন দিন তাদের স্বার্থে আঘাত লাগবে বলে এই কো-আপরেটিভ ফার্মিংকে রূপায়িত করতে দেন নি। সে জন্য কেবল মাত্র ঋণ প্রদানের মাধ্যমে সমাজতন্ত্র স্থাপন করা যায় না। তবে একথা ঠিক যে উৎপাদন বাড়ান যায় কিন্তু কৃষকশ্রেণীর অর্থনৈতিক দায়-দায়িত্ব তা থেকে তাদের মুক্তি দেওয়া যায় এবং তাদের বেকারী দুরীকরণের জন্য নানা রকম এর মাধ্যমে সাহায্য করা যায়। আমাদের সমবায় পদ্ধতির মধ্যে যেটুকু অনগ্রসরতা আছে তার কারণ হচ্ছে কংগ্রেস সরকারের এতদিনের পরিচালনা। এই একটি মাত্র বিভাগ, যে বিভাগ কংগ্রেসিরা এমন ভাবে নিজেদের আজ পর্যন্ত এন্ট্রি করে রেখেছেন যার ফলে আজকে বামফ্রন্ট সরকারের ৩ বছর প্রচেষ্টার মাধ্যমে তা থেকে মুক্ত করা সম্ভব

নয়। আমরা দেখেছি যে এই ডিপার্টমেন্টে যে অ্যাপেক্স বডিগুলি আছে, সেই অ্যাপেক্স বডিগুলিকে আজ পর্যন্ত কংগ্রেসিদের হাত থেকে মুক্ত করা যায়নি। তারা বিভিন্ন ভাবে বারে বারে আমাদের বামফ্রন্ট সরকারের নীতির বিরুদ্ধাচরণ করেন। সেই অ্যাপেক্স বডিগুলিকে আমরা যখন গণতান্ত্রিক উপায়ে পরিচালনা করার চেষ্টা করছি তখনই তারা হাইকোর্টে গিয়ে, বিভিন্ন আদালতে গিয়ে সেগুলিকে ইনজাংশন করে নানা ভাবে সেই অগ্রগতিকে বন্ধ করে দিচ্ছে। আপনারাও জানেন এবং কাগজে আমারা দেখেছি যে অজিত সাহা, একজন উচ্চপদস্থ ব্যক্তি, তিনি বিভিন্ন জায়গায় যাচ্ছেন এবং কো-অপারেটিভ ব্যাঙ্কের যেসব উদ্বোধন হচ্ছে সেখানে গিয়ে বক্তৃতা করছেন। আমি একটা ব্যাঙ্কের উদ্বোধন সভায় উপস্থিত, ছিলাম। তিনি বামফ্রন্ট সরকারকে, কৃষিমন্ত্রীকে সমবায় মন্ত্রীকে গালিগালাজ করেন। আমাদের এমনই দুর্ভাগ্য যে এই সব সভায় আমাদের কর্মচারীদের, অফিসারদের যেতে হয়। এই যে দ্বৈত শাসন কো-অপারেটিভ অ্যাক্টের মধ্যে আছে যে কমিটি করবে নির্বাচিত ব্যক্তিরা অথচ পরিচালনা করবেন সরকারি অফিসাররা। নির্বাচিত ব্যক্তিরা যা ইচ্ছে তাই বলতে পারেন, সরকারি নীতির বিরুদ্ধে বলতে পারেন, অফিসারদের তা শুনতে হয়। এটা একটা দ্বৈত শাসনের অপকারিতা। এই অপকারিতা আজকে সমবায় আন্দোলনকে দুর্বল করে রেখেছেন। সে জন্য মাননীয় সমবায় মন্ত্রীকে অনুরোধ করবো যে শীঘ্র আপনি কো-অপারেটিভ আইন সংযোজন করুন।

[7-00 — 7-10 P.M.]

ঐ ছোট খাট সংশোধন দিয়ে কোঅপারেটিভ আইন সংশোধন করলে হবে না। আমরা আশ্চর্য হচ্ছি, এত আইন সংশোধন হচ্ছে, কোঅপারেটিভ আইন যতবার হাইকোর্টে যাচ্ছে ততবার একটি একটি করে নিষেধাজ্ঞা জারি হয়ে যাচ্ছে। আমরা কি ভাল উলকি দিয়ে, ভাল আইনজ্ঞ দিয়ে এই আইন সংশোধন করতে পারি না? সেই ভাবে প্রচেষ্টা করা উচিত। আজ পর্যন্ত সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার জন্য যে সব কাজগুলো করার দরকার সেইগুলো হচ্ছে না। যার ফলে সমবায় আন্দোলন ব্যহত হচ্ছে। এই সব করছে ঐ অজিত বাবুর মত গ্রুপের লোক যাদের আমরা জানি। আমি একটি বিশেষ ঘটনায় এটা জানতে পেরেছি হাওড়া ডিস্ট্রিক্ট সেই সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কে যখন কোন স্পেশাল অফিসার নিযুক্ত হলো তার আগে হাইকোর্টে ইনজাংশন করে বন্ধ করে রাখা হলো। এবং আমি ব্যাঙ্কের মধ্যে গিয়ে দেখলাম যে আমাদের মন্ত্রী মহাশয় যেদিন সই করেছেন তার পাঁচ দিন আগে সেই চিঠির খসড়া সেই ব্যাঙ্কের একজিকিউটিভ অফিসারের কাছে চলে গেছে। মাননীয় মন্ত্রী মহাশয় সই করার আগে, পাঁচ দিন আগে এটা কি করে ব্যাঙ্কে যায়? আমি অনুসন্ধান করে যতটুকু জানতে পেরেছি, এক শ্রেণীর ইন্দিরা কংগ্রেসের কর্মচারী আছে তাদের মধ্যে কিছু পরিচালক আছেন এবং ব্যাঙ্কের দু একজন অফিসার তারা এক সঙ্গে একটা বিরাট তহবিল করেছে। যেখানে যা কিছু হোক, সেখানে কোন রকম অশান্তি করতে দেওয়া হবে না, সেখানে আইনের সাহায্য নিয়ে যে কোন রকম প্রগতিকে আটকে রাখতে হবে, এই তাদের কর্ত্তব্য বলে তারা মনে করে। অতীশ বাবু তাদের কথা বলছেন। সমবায় মন্ত্রী এবং কৃষিমন্ত্রী নাকি সব জায়গায় বলে বেড়াচ্ছেন যে ধার দিতে হবে না। কিন্তু আমি আজকে এই বাজেট বক্তৃতায় দেখতে পাচ্ছি, সেখানে আদায়ের যে হার হচ্ছে - দু বছর খরা এবং বন্যা হয়ে যাবার পরও আদায়ের হার সামান্য কমেছে। যেখানে আগে ছিল ৫৬.২ শতাংশ, এই

বছর আদায়ের হার হচ্ছে ৪৮.৮ শতাংশ। আজকে কৃষক শ্রেণী সমবায়ের উদ্দেশ্য, সাফল্য এবং উপকারিতা সম্বন্ধে বুঝতে পেরেছে সেই জন্যই তারা এগিয়ে এসেছে, তারা সমবায়ের সভ্য হতে চায়। কিন্তু দুঃখের বিষয় আজকে সমবায় বিভাগের কর্মচারীরা সেই ভাবে এগিয়ে আসতে পারেনি। যার জন্য আজকে আমাদের এই দুরবস্থা। সেই জন্য সমবায় মন্ত্রীকে জানাবো, আজকে কনজিউমার্স কোঅপারেটিভ হাওড়া সম্পর্কে আমাদের শশবিন্দু বেরা মহাশয় যা বলেছেন যে হাওড়া কনজিউমার্স কোঅপারেটিভ উঠে গেছে এবং মন্ত্রী মহাশয় তাঁর বাজেটে বলেছেন অলাভজনক বলে বন্ধ করে দেওয়া হয়েছে, অলাভজনক তো হচ্ছে, এটা কাদের জন্য হচ্ছে? সেখানে অনুসন্ধান করলে দেখা যাবে, এটা সরকারি দপ্তরও জানে - ওখানে যে কর্মচারী ছিল এবং যে বোর্ড সেখানে ছিল, সেটা ছিল কংগ্রেসি বোর্ড এবং ৯৯ জন কংগ্রেসি মস্তান কর্মচারী হিসাবে ছিল, তারা একত্রে মিলে চেষ্টা করেছিল, কি করে বীজ বুক প্রায় ৭৭ লক্ষ টাকা দেনা করে চলে যায়। আমরা চেষ্টা করেছিলাম বীজ বার করার জন্য, আমরা চাবিটা চেয়েছিলাম - চাবিটা বিশ্বাস করে আমাদের দাও, আমরা সেই বীজ বার করে হাওড়া হোল সেল কনজিউমার্স কোঅপারেটিভটা চালু করবো। যখন তারা দেখলো যে কনজিউমার্স কোঅপারেটিভের কর্তৃত্ব তাদের হাত থেকে চলে যাবে, তখন তারা চাবি না দিয়ে পালিয়ে গেল। আজ পর্যন্ত সেই কোঅপারেটিভ বন্ধ হয়ে পড়ে রয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে করে আপনার ডিপার্টমেন্টে যারা এই সব ষড়যন্ত্রকারী রয়েছে, তাদের সম্বন্ধে আপনি অবহিত হবেন এবং যাতে করে এই কোঅপারেটিভের মাধ্যমে এই কৃষক শ্রেণী, দুর্গত শ্রেণী, যারা এগিয়ে এসেছে সাহায্য নেবার জন্য এবং দেবার জন্য, তাদেরকে অনুপ্রাণিত করবার জন্য আপনি এগিয়ে যাবেন। এই কথা বলে যে বাজেট বরাদ্দ আজকে এখানে মন্ত্রী মহাশয় এখানে রেখেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটের সমর্থনে বক্তব্য রাখছি। এতক্ষণ ধরে আমি বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী অতীশ সিংহ মহাশয়ের বক্তৃতা শুনছিলাম। তিনি সমবায় আন্দোলনের লক্ষ্য শোষণ মুক্তি, ইত্যাদি কয়েকটি বড় বড় কথা আমাদের শোনালেন। কিন্তু আমার প্রশ্ন তাঁর কাছে, তাঁরা দীর্ঘ দিন ধরে, প্রায় ৩০/৩২ বছর ধরে সমবায়ের কার্য যেভাবে পরিচালনা করে এসেছেন, তাতে তাঁরা কি সেই লক্ষ্য নিয়েই চালিয়ে এসেছেন? তাই যদি হয় তাহলে আমরা আজকে সমবায়ের এই হাল দেখছি কেন? কেন প্রতি বছর বেশ কিছু সংখ্যক করে সমবায় সমিতি লিকুইডেশনে চলে যাচ্ছে? জন্ম হতে না হতেই অকাল-মৃত্যুর কোলে ঢলে পড়ছে কেন? আসলে সমবায় সমিতিগুলির যারা প্রকৃত নিয়ামক তারা এই প্রতিষ্ঠানগুলিকে শোষণ মুক্তির উপায় হিসাবে কোনো দিনই গ্রহণ করেন নি, শোষণের যন্ত্র হিসাবে এবং শোষণের ক্ষেত্র হিসাবে তারা এগুলিকে বেছে নিয়েছিল এবং সেইভাবে কাজ করছে, পরিচালনা করেছে। তাই হঠাৎ এই দুর্নীতির ক্ষেত্র থেকে মুক্তি পাওয়ার খুব একটা সহজ কথা নয়। ওঁরা সমাজের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতির বীজ বপন করেছেন। তার ফলই আজকে আমাদের ভোগ করতে হচ্ছে এবং আরো অনেক দিন করতে হবে। যত দিন না আমরা এই সমাজের মূলচ্ছেদ করতে পারছি, আমূল পরিবর্তন করতে পারছি, তত দিন এটা আমাদের ভোগ করতে হবে। তবে মাননীয় মন্ত্রী মহাশয় বিভিন্ন বিষয়ে কয়েকটি পদক্ষেপ নিয়েছেন যাতে করে এই সমবায় প্রতিষ্ঠানগুলিতে একটা প্রাণচাঞ্চল্য আসে। সেই

[7-00— 7-10 P.M.]

কারণেই কতগুলি উল্লেখযোগ্য পদক্ষেপ তিনি নিয়েছেন। ইদানিংকালে প্রায়ই বলা হয় এবং আমরা শুনতে পাই যে, সমবায়গুলিকে ঋণ আদায় করার ক্ষেত্রে বাধা দেওয়া হচ্ছে, যার ফলে ছোট কৃষকরা ঋণ পরিশোধে এগিয়ে আসতে আগ্রহী হচ্ছে না। যারা এসব কথা বলেন, হয় তাঁরা জেনে শুনে অসত্য কথা বলছেন অথবা তাদের ভুল বোঝান হয়েছে যে ঋণ পরিশোধে বাধা দেওয়া হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানি প্রকৃত অবস্থা কিন্তু সেরকম নয়। অনেক সমিতি আছে যেগুলিতে সেই পুরোনো বাস্তু-ঘুঘুরা এখনো পর্যন্ত বহালতবিয়তে রাজত্ব করে যাচ্ছে সরকারের সমস্ত রকমের আইন-কানুনকে উপেক্ষা করে। আমার বলতে দ্বিধা নেই যে, আমরা সমস্ত জায়গা থেকে সেই সমস্ত বাস্তু-ঘুঘুদের বাসা ভাঙতে পারিনি। বিভিন্নভাবে, বিভিন্ন অপকৌশল করে তারা আজও গরিব কৃষকদের কাছ থেকে টাকা আদায় করছে এবং তা দিয়ে দু-নং কারবার করছে। ডুপ্লিকেট রসিদ ছাপিয়ে টাকা আদায় করা হচ্ছে এবং তার বেশ কিছু দিন পরে আবার ঋণশোধের নোটিশ যাচ্ছে। আমি এ বিষয়ে একটি কংক্রিট উদাহরণ দিতে চাই, পশ্চিম দিনাজপুর জেলার তপন থানার শংকর-বাটি কো-অপারেটিভ সোসাইটিতে এই রকম কান্ড ঘটেছে। সেখানে ডুপ্লিকেট নোটিশের মাধ্যমে কৃষি ঋণ আদায় করা হয়েছে, তারপর আবার ঋণ বাকি আছে বলে নোটিশ দেওয়া হয়েছে। সেটা নিয়ে বিশেষ তদন্ত হয়েছিল, এনকোয়ারী হয়েছিল এবং ৭০ পৃষ্ঠাব্যাপী এনকোয়ারী রিপোর্ট পেশ করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত সেবিষয়ে কিছু হয়নি। আজকে বিরোধী দলের বন্ধুরা বড়-মুখ করে এই সমস্ত দুর্নীতির কথা বলছেন এবং যে সমস্ত কথা সত্য নয়, সেই সমস্ত অতিরঞ্জিত মিথ্যা বিবৃতি দিচ্ছেন। কতগুলি ক্ষেত্রে সোসাইটি গুলির একটা সীমাবদ্ধতা আছে, আইন-কানুনের ক্ষেত্রে কিছু অসুবিধা আছে। তাই আমরা যে কাজ করতে চাই, সব সময়ে সেই কাজ করে উঠতে পারছি না, বিভিন্ন ক্ষেত্রে আইন তার প্রতি-বন্ধক হয়ে দাঁড়াচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি, সমবায় সমিতির আইনগুলি ভালভাবে কার্যকরি করে যাতে করে দুর্নীতির মূল উৎপাদন করা সম্ভব হয় সেইদিকে দৃষ্টি দেবেন। আপনারা জানেন, বিগত সরকারের আমলে ১৯৭৪।৭৫।৭৬ সালে বিভিন্ন জেলায় সমবায় সমিতিগুলির গো-ডাউন নির্মাণের জন্য লক্ষ লক্ষ টাকা দেওয়া হয়েছিল কিন্তু বেশ কয়েক জায়গায় সেই সমস্ত টাকা অপচয় হয়েছে, গো-ডাউন হয়নি এবং টাকার হদিশ পাওয়া যায়নি। আমি পশ্চিম দিনাজপুরের কথা জানি, ২ বৎসরে যে পরিমাণ টাকা দেওয়া হয়েছে তাতে গো-ডাউন নির্মিত হয়নি এবং বেশির ভাগ ক্ষেত্রে সেই সমস্ত টাকার হদিশ মেলেনি। আপনাকে এই ব্যাপারে অনুসন্ধান করে দেখতে হবে, সেই টাকা কোথায় গেল এবং কারা এরজন্য দায়ী এবং উপযুক্ত ব্যবস্থা যাতে গ্রহণ করা হয় সেইজন্য দাবি জানাচ্ছি। এ ছাড়া আরও কতকগুলি কান্ড ঘটেছে, আমরা ইউনিভার্সালি মেম্বারশিপের কথা কার্যত যে উদ্দেশ্য নিয়ে বলেছি সেই উদ্দেশ্য নিয়ে হচ্ছে না - এখন পর্যন্ত ভুতুড়ে সোসাইটি গজিয়ে উঠেছে। আমরা যারা এখানে প্রতিনিধি বা গ্রাম পঞ্চায়েত কিম্বা পঞ্চায়েত সমিতির সমস্ত সদস্য তারা কেউই জানতে পারছেন না - কোন্ সোসাইটির রেজিস্ট্রেশন হয়ে গেল, সেই সোসাইটির সরকারি অনুদান দেওয়া হলো, স্টেট শেয়ার দেওয়া হলো, গো-ডাউনের জন্য টাকা দেওয়া হলো, উইভার্স কো-অপারেটিভের জন্য টাকা দেওয়া হয়ে গেল - এ ব্যাপারে আমরা কিছুই জানতে পারছি না। এই টাকা দেওয়ার ব্যাপারে যারা সরকারি কর্ম্মচারী, যারা

কো-অপারেটিভ ইন্সপেক্টর তাদের হাত আছে। তারা এই ষড়যন্ত্রের অংশীদার এবং তারা এই সমস্ত অনুমোদনের ক্ষেত্রে মোটা টাকা ইনকাম করছে। আমি এ বিষয়ে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন হঠাৎ গজিয়ে ওঠা সোসাইটিকে রেজিস্ট্রেশন না দেন। ইতিমধ্যে যে সমস্ত সোসাইটিগুলির রেজিস্ট্রেশন হয়েছে আমি বলব-তাদের সম্বন্ধে একটা সামগ্রিক সার্ভে কার হোক এবং এই সমস্ত সমিতিগুলি যাতে ডি-রেকগনাইজ করা হয় তারজন্য আমি অনুরোধ করছি অথবা পাশা-পাশি যে ভ্যায়াবেল সোসাইটি আছে তার সঙ্গে মার্জ করে দেওয়ার জন্য অনুরোধ করছি। মাননীয় অতীশবাবু সংযুক্ত কিষাণ সভার নামে একটা হ্যান্ডবিল দেখিয়ে মন্তব্য করলেন। আমি বলতে চাই, তিনি ধনীর সন্তান, ঐ সমস্ত গরিব কৃষকদের দুঃখের কথা তিনি বুঝতে পারবেন না এবং তাঁর কাছ থেকে এটা আশাও করা যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, গত ২ বছর আমরা কি রকম অবস্থার মধ্য দিয়ে চলছি, পর পর বন্যা এবং খরায় গরিব কৃষকেরা বাঁচবে কি মরবে এই যখন অবস্থা তখন ওনারা বলতে পারেন এই সমস্ত গরিব কৃষকদের গলায় বাঁশ দিয়ে টাকা আদায় করে নাও কিন্তু আমরা এই কথা বলতে পারবো না। তাই আমি বলছি, ছোট ছোট চাষীদের ক্ষেত্রে ঋণ আদায় স্থগিত রাখা হোক। এ ছাড়া আর একটি কথা বলছি, যে সমস্ত সমবায় সমিতিগুলি সমস্ত আইন-কানুন উপেক্ষা করে ১৫ মাসের জায়গায় ৩৫ মাস ধরে ক্ষমতা আঁকড়ে আটকে আছে সেইগুলিকে কি ভাবে আইন প্রয়োগ করে ক্ষমতা থেকে অপসারণ করা যায় এবং নুতন ভাবে কমিটি নির্বাচন করা যায় সেইদিকে আপনি ব্যবস্থা নেবেন। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সদাকান্ত রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রীর বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। কিছুক্ষণ আগে মাননীয় অতীশবাবু বললেন সমবায়ের মাধ্যমে নাকি - উনি আশা করেছিলেন - একটা শোষণহীন সমাজ গঠন করবেন। ওনার কথা শুনে মনে হলো উনি বোধ হয় ১৯৭৭ সালের আগে বোধ হয় হাউসে ছিলেন না, নতুন নির্বাচিত হয়ে এসেছেন। সেইজন্য উনি আবিষ্কার করলেন সমবায় একমাত্র শোষণহীন সমাজ গঠন করতে পারে। ওনারা গত ৩২ বছর রাজত্ব করেছেন এবং উনি নিজে ৫ বছর মন্ত্রী সভায় ছিলেন। সুতরাং ওনার মুখে কি করে এই কথা বলা শোভা পায় তা আমি বুঝতে পারছি না। বাস্তু-ঘুঘু বাসা সম্বন্ধে উনি যে কথা বললেন তাতে আমার মনে হয় উনি সত্যি কথাই বলেছেন।

সেই সমস্ত বাস্তু-ঘুঘুদের সরকার তাড়ানোর চেষ্টা করছেন। কিন্তু তাঁরা হাইকোর্টের শরণাপন্ন হয়ে এখন আছেন এবং যথেচ্ছাচার করছেন কাজেই অনুরোধ করব এবিষয়ে আইনগত পরামর্শ নিয়ে কিছু না করলে সমবায়ের মূল উদ্দেশ্য ব্যহত হবে। সমবায় আন্দোলনের কিছু কিছু পরিবর্তন হয়েছে এবং ক্ষুদ্র প্রান্তিক চাষীকে শেয়ার কেনার জন্য লোন দেওয়া হয়েছে। আমরা যদি সমবায়কে এইভাবে কাজে লাগাতে পারি তাহলে তাদের আর্থিক উন্নতি করাতে পারব। স্টেট কো-অপারেটিভ, ল্যান্ড কো-অপারেটিভ, হোলসেল কনজিউমার্স ইত্যাদি যে সমস্ত কো-অপারেটিভ আছে এইগুলির মাধ্যমে ভাল কাজ করা যায়। এখানে বলা হয়েছে নলিনী বাবু কেন ৩ বছর আছেন? অতীশবাবু জানেন না যে হাইকোর্ট করে অনেকে এইসব জায়গায় বহু বছর ধরেই আছেন। অতএব মন্ত্রী মহাশয়কে অনুরোধ

করব আপনি একটু তৎপর হয়ে আইনগত আলোচনা করে যাতে প্রয়োজনীয় ব্যবস্থা করা যায় তা করুন এবং সমবায়ের মাধ্যমে যাতে সাধারণ কৃষকদের সাধারণ মানুষের অর্থনৈতিক উন্নতি করা যায় সে ব্যবস্থা করুন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

[7-20— 7-30 P.M.]

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী পক্ষকে একটু ধন্যবাদ দিয়ে কিছু বলবার চেষ্টা করব, কারণ তাঁরা কিছু বলবার চেষ্টা করেছেন। শশবিন্দু বাবু যা বলেছেন সেইগুলি একটু বিশ্লেষণ করে বলতে হয় যে তিনি বলবার চেষ্টা করলেও মিসকনসেপশন অফ ফ্যাক্টস হওয়ার জন্য ঠিক কথাগুলি বলতে পারেন নি, - তা না হলে উনি বিশ্লেষণ করবার চেষ্টা সাধুভাবেই করেছেন। কতকগুলি মিসকনসেপশন অফ ফ্যাক্টসের জন্য সব গোলমাল হয়ে গেছে। কো-অপারেটিভ মুভমেন্ট আজ ৩ বছর কোয়ানটিটেটিভ এবং কোয়ালিটেটিভ উন্নতি করেছে। এটা আমি স্ট্যাটিসটিক্স দিয়ে রাখবার চেষ্টা করছি। এটার যদি কোয়ানটিটেটিভ হোতো তাহলে কিছু বলতে পারতেন, কিন্তু কোয়ালিটেটিভ উন্নতিও যে কিছু হয়েছে সেটা আপনাদের দেখতে বলব। চিফ মিনিস্টারের একটা কথা তিনি বলেছিলেন যেটা স্টেটসম্যানে বেরিয়েছে কিন্তু আমি তাঁকে বলব প্রাইস লেবেল কন্ট্রোল প্রেজেন্ট যে হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ আছে তা দিয়ে করা সম্ভব নয়। কেননা ভলিয়ুম অফ ট্রেড যা আছে তাতে খুব কম পারসেন্টেজ কনজিউমার্স কো-অপারেটিভ করে। সেন্ট্রাল গভর্নমেন্টের মানি মার্কেটিংয়ের কথা ছেড়েই দিলাম কিন্তু ভলিয়ুম অফ ট্রেড হোলসেল কনজিউমার্স কো-অপারেটিটভ যেটা করে সেটা খুব বেশি নয় এবং তা দিয়ে প্রাইস লেবেল কন্ট্রোল করা যায় না। তিনি নিশ্চয় জানেন যে কনজিউমার্স গুডস্ যতগুলি আছে তার অধিকাংশই অন্য স্টেটের উপর নির্ভরশীল। সেজন্য সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে আমাদের ধর্না দিতে হয় এবং সেন্ট্রাল গভর্নমেন্ট অপারগ হয়ে আমাদের দিতে পারেন না। এ বিষয়ে একটা উদাহরণ আমি দেবো। মোহন ধাড়িয়ার কাছ থেকে তার ডিপার্টমেন্ট কেড়ে নিয়েছিল কেননা তিনি যখন বলেছিলেন ম্যানুফাকচারিং ইউনিট যেগুলি আছে তাঁদের এত পারসেন্টেজ দিতে হবে কিন্তু ধনতান্ত্রিক রাষ্ট্রে এন্ট্রাপ্রেনিওর তারা যদি এর আপত্তি করে তাহলে তাঁর মন্ত্রিত্ব থাকেনা। এটা জনতা গভর্নমেন্টের সময়ে আমরা দেখেছি। অবশ্য এখনকার কথা বলতে চাইনা কারণ এখন ম্যানুফ্যাকচারাররা আরও বড় হবে। সুতরাং তাদের পাওয়ার কার্টেল করে আমাদের দেবে এটা চিন্তা করতে পারিনা। এর মধ্যে কতকগুলি স্ট্যাটিসটিক্স কোট করে আমি দেখাব। ভলিয়ুম অফ ট্রেড কতটা বেড়েছে। আমরা যখন আসি তখন ফেডারেশন অফ হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভের ৩ কোটি টাকা ট্রানজাসক্সন ছিল সেটা এখন ১২/১৪ কোটি টাকা করেছে - প্রায় ৪ গুণ বেশি। অর্থাৎ স্ট্যাটিসটিক্স থেকে দেখা যাবে আমরা কোয়ালিটেটিভ এবং কোয়ানটিটেটিভ দুই দিক থেকেই উন্নতি করতে পেরেছি। এ.আর. সাহার কথা বলেছেন কিন্তু নানা কারণের জন্য ঐ *** আমরা ধরতে পারছি না সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে। কারণ আমরা সংবিধানের মধ্যে আছি এবং হাইকোর্ট সেখানে নানাভাবে ইনজাংশন দিচ্ছে। আমরা আইনকে ভায়োলেট করতে পারি না, যাইহোক আমরা

*** Note : [Expunged as ordered by the chair]

চেষ্টা করে দেখব। কত টাকা সে নষ্ট করেছে সেসব এখন বলতে পারছি না। কারণ হাইকোর্ট থেকে কতকগুলি ব্যাপারে ইনজাংশন দিয়ে রেখেছে এবং ইন্দিরা গান্ধী আসবার পর সে চিন্তা করছে যে তার দিন এসে গেছে। সেজন্য সে নানারকম বিভ্রান্তিকর কথা বলছে। ওঁরা রিজার্ভ ব্যাঙ্কে ক্রেডিট লিমিটেশন সম্বন্ধে যে কথা বলেছেন সে সম্বন্ধে আমি বলব। উনি হয়ত কোথাও এ বিষয়ে স্ট্যাটিসটিক্স পেয়েছেন কিন্তু অসুবিধা হচ্ছে আমার সঙ্গে তাঁর মিলবে না। আমার কাছে পাবলিশ বুক আছে সেটা নিয়ে আপনি পরে আমার সঙ্গে আলোচনা করে দেখবেন। তিনি বলেছেন কতগুলি ক্রেটিড সোসাইটির রিডাকশন আমরা করেছি।

হ্যাঁ করেছি, ১১ হাজারের মধ্যে ৫/৬ হাজারে নিয়ে এসেছি, অন্যায় করেছি কিনা সেটা পশ্চিমবঙ্গের জনগণ দেখবেন। কারণ, কো-অপারেটিভের জামা পরে গভর্নমেন্টের টাকার ফেসিলিটিজ নিচ্ছিল, সেগুলিকে ভেঙ্গে চুরমার করে দিয়েছে, আসল যে কো-অপারেটিভ তাদের সংখ্যা ৫/৬ হাজারে নিয়ে এসেছি। কিন্তু মেম্বারশিপ ২/৩ লক্ষ করে প্রতি বছর বেড়ে যাচ্ছে। মেট্রোপলিটন হাউসিং সোসাইটি সম্বন্ধে এখানে বলেছেন, কিন্তু নিশ্চয়ই জানেন আমি তাদের ক্ষমা করিনি, রিপোর্ট নিয়ে দেখবেন যারা দুষ্কৃতকারী তাদের ওখান থেকে হঠিয়ে দেওয়ার ব্যবস্থা হয়েছে। আইনত যা করার তা করছি, কারণ, হাইকোর্টে যে কোন মুহূর্তে যাবে যদি সাবধানতা অবলম্বন না করি। আমি বলছি দেখবেন আমরা কতদূর এগিয়ে গেছি। আর একটা কথা বলেছেন হোলসেল কনজিউমার্সের ব্যাপারে, সে সম্বন্ধে আমি দেখিয়ে দেব যে কত ভলিউম অব ট্র্যানজাকশন হয়েছে আমি যখন স্ট্যাটিসটিক্সগুলি কোট করব। স্মল অ্যান্ড মার্জিন্যাল ফারমারসের যে কথা বলেছেন সে সম্বন্ধে বলছি স্মল মার্জিন্যাল ফারমাররা যে ঋণ নেবে সেই ঋণ যদি সেই বছরে শোধ করে তাহলে এস.এফ.ডি.এ. যেগুলি আছে সেখানে কোন সুদ লাগবে না। আপনারা জানেন আমরা যখন গভর্নমেন্টে আসি তখন ১৪ পার্সেন্ট সুদ ছিল সেন্ট্রালের ক্ষেত্রে, ঝগড়া করে সেটাকে কমিয়ে আমি ১১ পার্সেন্ট নিয়ে এসেছি, ৩ পার্সেন্ট অন্তত কমিয়েছি সেটা বলতে পারি। আরো কিছু কমানোর কথা ভাবছি, সেটা যতক্ষণ পর্যন্ত রিজার্ভ ব্যাঙ্ক আরো কিছু কম না করবে আমরা ততক্ষণ পর্যন্ত এটা করতে পারছি না। আমরা আশা করি এটা করতে পারব এইটুকু আপনাদের কাছে বলছি। তারপর পাম্প সেটের দাম বাড়ানোর ব্যাপাবে বললেন, আপনি কি বলতে চান আমরা দাম বাড়ানটা মেনে নেব? ইট ইজ এ ফাইট বিটুইন দি ম্যানুফ্যাকচারিং গ্রুপস অ্যান্ড দি পেজ্যান্টস এবং আমরা অলওয়েজ ইন ফেভার অব দি পেজ্যান্টস। সেজন্য দাম বাড়ানোর যে চেষ্টা করছিল আমি দামটা যাতে না বাড়ে তারজন্য তাদের সঙ্গে অনেক ঝগড়া-ঝাটি করে দামটা কিছুতেই বাড়তে দিই নি। ভাল-মন্দ পাম্প সেটের কথা যেটা বলেছেন কিরলোস্কার ভাল পাম্প সেট আপনাদের সঙ্গে একমত হতে পারি, কিন্তু তাদের দামটা অতিরিক্ত করা আছে, অর্থাৎ ৪৮০০ করা আছে, এর উপর আর ফারদার বাড়ানো যায় না এটা আমার মনে হয়েছে। অন্তত কৃষকদের স্বার্থে তাদের যদি বলি আমরা দেব না তাহলে তারা তা করতে পারবে না, হুমকি দিতে পারে কিন্তু আমাদের দৃষ্টিভঙ্গির দিক থেকে তারা দিতে বাধ্য হবে। আমি দাম বাড়াতে চাইনি, এটা যদি না করতাম তাহলে হু হু করে ৫/৬ হাজার টাকা দাম করে গ্রামের কৃষকদের উপর সেটা আদায় করার চেষ্টা করতেন। আমি সেজন্য কৃষকদের স্বার্থে এটা কিছুতেই বাড়তে দিইনি, দাম বাড়ার ব্যাপারে বাধা দিচ্ছি। তবে হয়ত কিছু বাড়াতে হবে, সেটা এখন পর্যন্ত স্থির হয়নি, কারণ, অনেক দাম বেড়েছে। সেজন্য আমার

মনে হয় আমরা যেটা করেছি সেটা ঠিকই করেছি। ফিশারমেন কো-অপারেটিভ সম্বন্ধে বলেছেন, উনি অবগত আছেন যে কতকগুলি ফিশারমেন কো-অপারেটিভের ফেক সোসাইটি ছিল। যেমন আমি মুর্শিদাবাদের কথা বলছি, সেখানে আমাদের ৮৪ টি ফিশারমেন কো-অপারেটিভ সোসাইটির মধ্যে আমি হিসাব করে দেখলাম ৩৪ টির বেশি নেই। ৫০টি কো-অপারেটিভের জামা পরে গভর্নমেন্টের টাকা লুঠে নিয়েছে, সেজন্য আমি বন্ধ করে দিলাম। সেজন্য আমি কতকগুলি নর্মস অ্যান্ড ফর্মস দিয়েছি যারা ফিশারমেন কো-অপারেটিভ সোসাইটি করবে তাদের টাকা যা লাগবে আমি দেব, তবে তাদের দেখাতে হবে ডিস্ট্রিক্টে যে হেডকোয়ার্টার এর স্টল থাকবে সেখানে মাছ দিতে হবে। অর্থাৎ নাও এবং দাও মধ্যে আসতে হবে। সেই রকম লেবার কো-অপারেটিভ। দুর্গাপুরে একজন এম.এল.এ. ২৬টি কো-অপারেটিভে ছিলেন। আমি দেখলাম এতে সর্বনাশ হয়ে যাচ্ছে। সেখানে সেগুলিকে ভেঙ্গে দিয়ে এখন আইন করেছি যে এই রকমভাবে ফ্রড পারপেট্রেটেড করতে পারবে না। আমি আর.সি.এসকে বলেছি যখন লেবার কো-অপারেটিভ করবে তখন সেগুলিকে যেন ক্লোজ স্ক্রুটিনি করে দেখা হয়। কিন্তু এই অর্থে লেবার কো-অপারেটিভ করে দিলাম সেটা হবে না। সেজন্য প্রিকসনারি মেজার্স নিয়েছি।

[7-30— 7-40 P.M.]

আপনারা লেবার কো-অপারেটিভ করতে পারেন, যেমন অনেকে করেছেন, তবে সেটা বোনাফাইড হওয়া উচিত। লেবার কো-অপারেটিভের নাম করে টাকা খেয়ে নেবে এতে আমরা রাজি নই। আপনারা যদি লেবার কো-অপারেটিভ করতে চান এবং নিচু তলায় ফেইল করেন তাহলে আমার কাছে আসবেন, আমি ব্যবস্থা করব। তবে আগে যেটা বলেছি আবার সেটা বলছি, বোনাফাইড হওয়া উচিত। তারপর, এখানে এমপ্লয়ীদের বেতনের কথা বলেছেন। আমরা একটা ফ্যাক্ট ফাইনডিং কমিটি করেছি, তাঁরা ২/১ মাসের মধ্যেই রিপোর্ট দেবেন এবং সেটা পেলে আমরা ঠিক করব ওই সমস্ত ছোট ছোট ইউনিটের ক্যাপাসিটি আছে কি না। আমরা হয়ত বলে দিলাম ৫০০ টাকা বেতন হবে, কিন্তু প্রাইমারী সোসাইটির হয়ত ২০০ টাকার বেশি ইনকাম নেই। তাহলে কি করে হবে? সেইজন্যই ফ্যাক্ট ফাইনডিং কমিটি করা হয়েছে। আগেকার দিনের কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্টে যে সমস্ত ফাঁক ছিল সেটা বন্ধ করবার জন্য কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট অব ১৯৭৩ যেটা রয়েছে তাকে থরোলি, কমপ্লিটলী রিমডেল করা হয়েছে। এর জন্য একটা কমিটি করা হয়েছে এবং সেই কমিটি হেডেড বাই এ হাইকোর্ট জাজ মিঃ এ. কে. দে। তাঁরা থার্টিফাস্ট মার্চের মধ্যে আমাদের কাছে রিপোর্ট দেবে এবং সেটা যদি ছাপাতে পারি তাহলে এই সেশনেই আনবার চেষ্টা করব। মাননীয় সদস্য অতীশবাবু বলেছেন শোষণহীন সমাজ তৈরি করা যেতে পারে। আমি এটা বিশ্বাস করিনা। কো-অপারেটিভের ভেতর দিয়ে শোষণহীন সমাজ হবে এটা আমি বিশ্বাস করিনা, আমি বিশ্বাস করি দুর্বলতর শ্রেণীর জন্য কিছু উপকার করতে পারি, তাদের হয়ত কিছু অর্থনৈতিক সুযোগ সুবিধা দেওয়া যেতে পারে এবং সেটা আমরা কিছু কিছু দিয়েছি। উনি যে ফর্মুলা দিয়েছেন তাতে দেখা যাবে কতটা উন্নতি হয়েছে। উনি এস.টি.লোনের কথা বলেছেন দ্যাট ইজ দি মেইন ক্রাইটেরিয়ান অব দি ইমপ্রুভমেন্ট অব দি কো-অপারেটিভ সোসাইটি। তারপর, উনি বলেছেন, আমরা পেছনের দিকে চলে গেছি। কিন্তু আমার কাছে যে ফিগার আছে তাতে আপনারা দেখবেন আমরা অনেক দূর এগিয়েছি। আমার মনে হয়

আন্ডার মিস্‌কনসেপসন অব ফ্যাক্টস উনি এই কথাগুলি বলেছেন। শর্ট টার্ম লোন ওঁনারা দিয়েছিলেন ৩ বছরে ১০৪ কোটি টাকা। এই ৩ বছর বলতে আমি ১৯৭৪/৭৫,১৯৭৫/৭৬, এবং ১৯৭৬/৭৭ সালের কথা বলছি। কিন্তু আমরা শর্ট টার্ম লোন গত দুবছরে দিয়েছি ৯২ কোটি টাকা এবং এবছরটা ধরলে সেটা হবে ১৬২ কোটি টাকা। এবারে আপনারা বিচার করুন এটা প্রোগ্রেসিভ ট্রেন্ড হয়েছে, না রিগ্রেসিভ ট্রেন্ড হয়েছে? এটা আপনারা বিবেচনা করে দেখছেন, উনি থাকলে হয়তো দেখতেন, এটা আমি আপনাদের কাছে মোটামুটি রাখছি আর রবি ফসলের জন্য তিন বৎসরে ওনার সময়ে ২২ কোটি টাকা দেওয়া হয়েছে আর আমরা দুই বৎসরে ৩৬ কোটি টাকা দিয়েছি। কাজেই এটা আপনারা ভেবে দেখবেন যে এটা এগিয়ে যাচ্ছে, না পিছিয়ে যাচ্ছে। আমি বন্যা বা খরার কথা তুলিনি আমি শুধু ফিগারে আসছি। কারণ উনি বলেছেন এইগুলি যদি করতেন তাহলে ভাল হোত, আমি সেইজন্য বলছি ওঁর কথা দিয়ে, উনি থাকলে এটুকু বুঝতেন, যেমন লং টার্মস লোন তিন বৎসরে উনি দিয়েছিলেন ১৫ কোটি টাকা, আমি দুই বৎসরেই ২৩ কোটি টাকা দিয়েছি। আরো এই বৎসর বাকি আছে এর মধ্যে আমরা আরো খানিকটা এগিয়ে যাবো, ১৫ কোটি টাকার জায়গায় ৩৫ কোটি টাকা পর্যন্ত যাবে। এটা বেড়েছে, কি কমেছে সেটা আপনাদের ভেবে দেখতে হবে। কারণ উনি বলেছেন দ্যাট উইল বি দি ব্যারোমিটার যে এগিয়ে যাচ্ছে, না পিছিয়ে যাচ্ছে। এই রকম ধরনের আমি প্রত্যেকটি জিনিস আপনাদের দিতে পারি। মার্কেটিং সোসাইটি সম্বন্ধে আমি এক একটা করে বলতে পারি তবে অনেক সময় লাগবে। গোডাউন স্যাংশনের ব্যাপারে উনি ১৯৭৪ থেকে '৭৭ সাল পর্যন্ত ২৬৬টা স্যাংশন করেছিলেন আর আমরা সেই জায়গায় ১৯৭৭-৭৮ আর ১৯৭৯-৮০ সালে ৭৮৫টি করেছি, আর এই কয়েকদিনে আরো ২০০টা অর্থাৎ ৯৮৫টা করেছি। ২৬৬টার পরিবর্তে ৯৮৫টা করলাম, আপনারা দেখুন, বেড়েছে, না কমেছে সেটা আপনারাই বিবেচনা করবেন। কোল্ড স্টোরেজ তিন বৎসরে ওরা করেছেন ৫টি আর আমি এই তিন বৎসরে ২০টি অলরেডি করেছি আরো ১০টি স্যাংশন হয়েছে অর্থাৎ ৩০টি। বেড়েছে না কমেছে সেটা আপনারাই দেখবেন যেখানে ছিল ৫টা সেখানে আমরা প্রায় ৩০টা করেছি এবং উত্তরবঙ্গে শিলিগুড়িতে একটা করা হয়েছে। এবার আপনাদের কাছে হোলসেল কনজিউমারের কথাটা বলি, হোলসেল কনজিউমার্সএ যেখানে উনি ব্যবসা করেছিলেন ৩বৎসরে ১৮০ কোটি টাকা সেখানে আমি আড়াই বৎসরে, ডিসেম্বর পর্যন্ত বলছি, ১৬৩ কোটি টাকা পেরিয়ে গিয়েছে, অর্থাৎ ১৮০ কোটি টাকার কিছু বেশি হবে। আর ওটা আগেই বলেছি যখন অ্যাডমিনিস্ট্রেটার ছিল তখন ওখানে টার্ণওভার ছিল ৩ কোটি টাকা, আজকে সেটা ১২ কোটি টাকায় পৌঁচেছে এবং প্রায় ৪গুণ বেড়ে গিয়েছে। আমি আপনাদের কাছে বলতে চাচ্ছি আগেকার দিনে যেমন দুর্নীতি ছিল এখন একথা বলতে পারি যে একেবারে দুর্নীতিমুক্ত করা যায়নি কিন্তু একথা আপনাদের কাছে বলতে চাই যে অনেক দুর্নীতি রদ করছি এবং করতে পেরেছি। কতকগুলি জায়গায় ভেস্টেড ইন্টারেস্ট থাকায় কিছু করতে পারিনি তবুও ১৩টি কেসের মধ্যে দুটি আমরা ফাইনাল করেছি।

[7-40— 7-54 P.M.]

তেরোটা অ্যাপেক্সের মধ্যে দুটো-তিনটেতে আমরা ফেল করেছি, ফেল করার কারণটা হচ্ছে, হাইকোর্টের ইনজাংশান। সেগুলো হচ্ছে, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক, অ্যাপেক্স মার্কেটিং সোসাইটি, ফেডারেশন ব্যাঙ্ক। এই রকম ধরনের কোর্ট থেকে আটকে দিয়েছে। যেখানে

আমাদের কোন হাত নেই, সেখানে ফেল করেছি। তাছাড়া উচ্চস্তরের যেগুলো ছিল দুর্নীতিবাজ ছিল তাদের তাড়িয়েছি। যাদের বসিয়েছি, তাদের যদি দুর্নীতি থাকতো, তাহলে ওঁনারা নিশ্চয় বলতেন। কারো কাছ থেকে সে কথা শুনলাম না, ওমুক অ্যাডমিনিস্ট্রেটর এই করেছেন, কি তমুক অ্যাডমিনিস্ট্রেটর এই করেছেন। কন্সট্রাকটিভ ক্রিটিসিজম যদি করতেন তাহলে ভাল হোত। দুর্নীতিপরায়ণ লোক হিসাবে যাদের তাড়িয়েছি, তাদের জায়গায় যাদের বসিয়েছি তারা দুর্নীতিমুক্ত হয়ে কাজ করছে না। এইটা বলতে চাইছি যে কো-অপারেটিভ কতকগুলো প্রিন্সিপলের উপর করতে চেষ্টা করছি। আমি বলতে চাইছি, যে কোন লোক ইরেসপেকটিভ অফ পারটি এইটা যদি মেনে নেন যে নিচু তলা থেকে গণতন্ত্র করতে হবে তাহলে তাকে সেইভাবে এগোতে হবে। গণতন্ত্রের কথা অনেকেই বলেন, কিন্তু কিছুই গণতন্ত্রের করেন না। তার কারণ বলছি। যেখান ২০ হাজার লোকের জুরিসডিকশন সেখানে তিনশো মেম্বার করে ভাবছেন গণতন্ত্রীকরণ হচ্ছে। আমি নিশ্চয় বলবো গণতন্ত্রীকরণ হচ্ছে না। ওই ২০ হাজার লোকের মধ্যে অন্তত ৪ হাজার ফ্যামিলি বা ৪ হাজার লোককে যদি ইনভলভড করতে পারি, যদি আনতে পারি, তাহলে বুঝবো আমরা কো-অপারেটিভ গণতন্ত্রীকরণ করেছি। আমরা চেষ্টা করে অনেক মেম্বার বাড়িয়েছি, কিন্তু সেটা সাফিসিয়েন্ট নয়। সেজন্য বিরোধী দলের যারা মুখে বলছেন গণতন্ত্রের কথা তাঁদের বলবো, গণতন্ত্রের কথা মুখে বললেই হবে না। মেম্বারশিপ করে দেখান। আর নিজেরা দু-তিনশো মেম্বার করে কর্মকর্তা হয়ে বসে আছেন আর দেখাচ্ছেন গণতন্ত্র করছেন, নিশ্চয় সেটা চলতে দেবো না, ভেঙ্গে দেবো, থাকতে দেবো না।

**মিঃ ডেপুটি স্পিকার :** মিঃ মন্ডল একটু বসুন। নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী আজকের ব্যয়-বরাদ্দের উপর আলোচনা ৭ টা ৪৮ মিনিটে শেষ হওয়ার কথা। কিন্তু মন্ত্রীর উত্তর দেওয়া এবং এই দাবির উপর ভোট গ্রহণের জন্য আরও কিছু সময় প্রয়োজন। অতএব পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর ২৯০ নম্বর ধারা অনুযায়ী আজকে এই ব্যয়-বরাদ্দের উপর আলোচনার সময় আরও ১৫ মিনিট বাড়াবার জন্য সভার অনুমতি চাইছি। আশাকরি, মাননীয় সদস্যগণ এতে সম্মত হবেন।

(সদস্যগণ এক যোগে -হ্যাঁ।)

সভার সময় ১৫ মিনিট বাড়ানো হল।

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** তারপরে আমি একটা কথা বলতে চাই, কারণ আপনাদের শোনার প্রয়োজন, যদি এস কে এস-গুলিকে ঠিক না করতে পারি, তাহলে হবে না, সেজন্য একটা আইন করেছি-ইউনিভার্সাল মেম্বারশিপ, আগে ইউনিভার্সাল মেম্বারশিপ বললেও এর ভিতর ঢুকতে দিতনা, সেজন্য এখন সেই আইনটাকে অ্যামেন্ড করতে বলা হয়েছে, যখনই দরখাস্ত করবে সঙ্গে সঙ্গে হয়ে যাবে এই সুযোগে যদি টাকা নাও দিতে পারে, গরিব মানুষও আসতে পারে, এই ব্যাপারে ১০টাকা গভর্নমেন্ট থেকে দেওয়া হবে আর নিজে দেবে ১ টাকা। একটা ডিফিকাল্টি আছে, সেটাও ভেবে দেখছি, সেটা হচ্ছে এই লোন হচ্ছে প্রডাকশন লোন, এবং যারা ক্ষেতমজুর তাদের কথাও ভেবে দেখছি, একটা টেকনিক্যাল ডিফিকাল্টি আছে তাদের ক্ষেত্রে। ক্ষেতমজুর যারা তাদের প্রডাকশন লোন দেওয়া হচ্ছেনা, বর্গাদার পর্যন্ত দিতে চাচ্ছি কিন্তু ক্ষেত মজুরকে দেওয়া হচ্ছেনা, দেওয়ার অসুবিধা হচ্ছে বলে বলছি। আমরা

কনজাম্পশন লোন ইন্ট্রোডিউস করতে পারিশ কিনা তার জন্য চিন্তা ভাবনা করছি। এবং এটা করতে পারলে নিচের তলে যারা আছে, ক্ষেত মজুর তাদের যাতে দিতে পারি তার জন্য আমরা চেষ্টা করছি। তাতে এটা গণতন্ত্রীকরণ করা হবে, ২০ হাজার লোকের ভিতর ২০০ লোককে নিয়ে গণতন্ত্রীকরণের কথা উঠবেনা, অন্তত দু হাজার আড়াই হাজার লোক মেম্বার হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** সবাই লোন পাবে কিনা?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :** কনজাম্পশন লোন যতক্ষণ পর্যন্ত করে দিতে না পারলে এবং এই ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে কন্সাল্ট করতে হবে, অলরেডি আমরা দিয়েছি, এখন তাঁরা মত দেননি, কারণ আপনারা জানেন ফাইনান্সের ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্কের উপর থেকে হয়। অমি আর একটা কথা বলেই শেষ করছি, কালেকশনের কথা বলছি, বাস্তু ঘুঘুদের জন্য কালেকশন হচ্ছে না, সেজন্য একটা স্ট্রিক্ট মেজার নিচ্ছি। ৫০০ টাকা পর্যন্ত যাদের লোন, তাদের উপর আমরা কোন রকম ফোর্স ইউজ করবনা, তাতে যদি আদায় নাও হয় রাজি আছি। আর ৫০০ টাকা থেকে ১০০০ টাকা পর্যন্ত ঋণ যাদের তাদের ব্যাপারে আদায়ের জন্য লোকাল অথরিটির ডিস্ক্রিশনের উপর দিয়েছি। কারণ ভ্যারাইটিজ অব ম্যান হতে পারে। হয়ত একজন ঋণ নিয়েছে, তার হয়ত ১৬ বিঘা জমি আছে, বড়চাকুরে, দুহাজার টাকা মাইনে পায়, তাকে ছাড় দেওয়া যায় না। সেজন্য ডিস্ট্রিক্ট লেভেলে অথরিটি কন্সার্নের ডিসক্রিশনের উপর এটা থাকবে। আর এক হাজারের উপর যারা ঋণ নিয়েছে, তাদের টাকা আদায় করতে হবে যত রকম কোয়ার্সিভ মেজার নিতে হয় নেবে, আমি বলে দিয়েছি আমার ডিপার্টমেন্টকে। এটাও বলে দিয়েছি আমার ডিপার্টমেন্ট এর যারা ৫০০ টাকা লোন নিয়েছেন বা তার নিচে তাদের কাছ থেকে আদায় করতে গিয়ে কোন সিনক্রিয়েট করে তাহলে that should be treated as an act of indiscipline (2). কারণ জানি যারা গরিব মানুষ ছাগল কিম্বা ভেড়া বিক্রি করে বা ঘটি বিক্রি করে টাকা দেবে তাদের কাছ থেকে টাকাও আদায় হবে না, সেজন্যই তাদের ক্ষেত্রে যাতে সেরকম চাপাচাপি না করা হয়, সেটা বলে দিয়েছি, অর্থাৎ ৫০০ টাকা পয্যন্ত যাদের এটা তাদের গুড উইলের উপরই ছেড়ে দিয়েছি, ঋণ আদায় দেওয়া তাদের উপরই নির্ভর করবে, এই রকম করে একটা এক্সপেরিমেন্ট করার জন্য একটা নতুন পদক্ষেপ নিয়েছি। আর অন্যান্য জিনিসও আছে, তিনটি জিনিস করার চেষ্টা করছি। পশ্চিমবাংলায় যাদের সব চেয়ে বেশি আছে, মোটামুটি তিনটি করতে পেরেছি, সব পারিনি। টি ইন্ডাস্ট্রিতে আমরা কো-অপারেটিভ করেছি, কারণ পশ্চিমবাংলার এটা হচ্ছে একটা বড় রকমের, এই একটিমাত্র আমরা নিয়েছি জলপাইগুড়িতে করেছি সোনারগাঁ, এবং আরও কয়েকটি নেব, এটা পাইলট হিসাবে নিচ্ছি। আর একটা হচ্ছে পশ্চিমবাংলার সব চাইতে বেশি উৎপাদন হয় সেটা হচ্ছে পাট, জুটে আমরা বড় কো-অপারেটিভ করেছি, তাতে সেন্ট্রাল গভর্নমেন্ট আছে, আমরা আছি জুট গ্রোয়ারস অব অল দি স্টেটস আছে এফ সি আই আছে, সব মিলিয়ে আমরা একটা বড় কো-অপারেটিভ তৈরি করেছি এবং সেন্ট্রাল, যেহেতু হেড কোয়ার্টার্স আছে অ্যাক্ট ক্যালকাটা, সেটা অনেক ঝগড়াঝাঁটি করে ঠিক করা হয়েছে, কিন্তু রেজিস্ট্রেশন সেন্ট্রালে হবে, কারণ যতগুলি ইনভলভমেন্ট আছে, এটা আমরা জুট সম্বন্ধে করছি। তার কোল সম্বন্ধে ডিস্ট্রিবিউশন এর জন্য কো-অপারেটিভ করার চেষ্টা করছি এ

তিনটি জিনিস নতুনভাবে আমরা করার চেষ্টা করছি, যেটা পশ্চিম বাংলার নিউ ফিচার এবং লাক্ষা সম্বন্ধে ভেবে চিন্তে দেখছি, এগুলি এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি।

এই কো-অপারেটিভ নিয়ে অনেকেই চিৎকার করেন। তারা চিৎকার করুন আর যাই করুন আমি একথা বলব, অনেকেই হয়ত এটা বোঝেন না —কো-অপারেটিভ সব লোক বোঝেন না। সব লোক এটা বোঝেন না বলেই নানান রকমের কথাবার্তা বলেন। ইট ইজ এ ভেরি টেকনিক্যাল সাবজেক্ট তাই তারা হয়ত না বুঝে চিৎকার করেন। কিন্তু আমি বলব, এই চিৎকার করার কোন দরকার হয়না। আমার কাছে যে কোন লোক এসে জিজ্ঞাসা করলেই আমি বুঝিয়ে দেবার চেষ্টা করি, তখন তারা বোঝেন এবং বুঝে বলেন, আমার ভুল হয়েছিল। পরিশেষে আমি শুধু এইটুকু বলতে চাই যে আমাদের যে সীমাবদ্ধ ক্ষমতার ভেতর দিয়ে যতটা আমরা পারি সেটা করার দিকে আমরা এগিয়ে যাবার চেষ্টা করছি। এই কথা বলে আমি যে ব্যয় বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছি সেটা মাননীয় সদস্যগণ মঞ্জুর করবেন এই আশা করে এবং সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** I understand that during the reply Shri Bhakti Bhudsan Mandal had used the word "scoundrel" in connection with an outsider. I am of opinion that the word is unparliamentary. Hence, I order that the word "Scoundrel" be expunged from the proceedings.

The motions of Shri Sasabindu Bera and Shri Balailal Das Mahapatra that the amount of the demand be reduced to Re.1, were then put and lost.

The motions of Shri A.K.M. Hassan Uzzaman, Shri Sasabindu Bera and Shri Prabodh Purkait that the amount of the demand be reduced by Rs. 10, were then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that a sum of Rs. 22,07,32,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "298-Co-operation, 498-Capital Outlay on co-operation, and 698-Loans for co-operation, was then put and agreed to.

## Adjournment

The House was then adjoured at 7.54 p.m. till 1 p.m. on Wednesday, the 20th March, 1980 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta,
on Wednesday, the 26th March, 1980 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair,
19 Ministers, 5 Ministers of State and 175 Members.

[1-00—1-10 P.M.]

**Held over Starred Questions**
**(to which oral answers were given)**

**পুরুলিয়ার লাক্ষা শিল্প**

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৬।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার লাক্ষা শিল্পকে বাঁচানোর জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন; এবং

(খ) রাঁচীর ল্যাক রিসার্চ ইনস্টিটিউট-এর একটি শাখা পুরুলিয়া জেলার ঝালদায় স্থাপন করার ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোন প্রস্তাব পাঠিয়েছেন কিনা?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) পুরুলিয়া জেলার লাক্ষা শিল্পকে বাঁচানোর জন্য নিম্নলিখিত ত্রিবিধ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে : -

(১) দরিদ্র আদিবাসী লাক্ষাচাষীদের বিনামূল্যে লাক্ষাবীজ বিতরণের জন্য ৮টি বীজাগার পুরুলিয়ায় স্থাপন করা হয়েছে ;

(২) লাক্ষা থেকে নানাধরনের জিনিস তৈরির জন্য বলরামপুরে একটি শিক্ষা কেন্দ্র স্থাপিত হয়েছে । এই কেন্দ্রে প্রতি বছর ১০ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করে ;

(৩) উন্নত পদ্ধতিতে লাক্ষাচাষ শিক্ষাদানের জন্য মানবাজার, বাগমুণ্ডি ও ঝালদায় তিনটি কেন্দ্র স্থাপিত হয়েছে ।

(খ) না ।

**মেদিনীপুর জেলার বাঘুই খালের প্লাবন**

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৭১১।) **শ্রী কৃষ্ণদাস রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার দক্ষিণ অংশে দাঁতন ও নারায়ণগড়ের মধ্য দিয়া যে 'বাঘুই খাল' প্রবাহিত তাহা বর্ষাকালে শত শত চাষীকে ক্ষতিগ্রস্ত করে ;

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ;

(গ) ইহা কি সত্য যে, এই খালের পরিকল্পনার জন্য "কেয়ার" অর্থ বরাদ্দ করিয়াছিলেন ; এবং

(ঘ) সত্য হইলে (১) এই অর্থের পরিমাণ কত এবং (২) এই অর্থ কবে সরকারের হাতে আসিয়াছে ?

**শ্রী প্রভাসচন্দ্র রায়**

(ক) হ্যাঁ ।

(খ) বাঘুই বা বাঘাই নদীর দক্ষিণতীর উঁচু করিয়া বাধিয়া দিতে পারিলে এই বন্যা প্রতিরোধ করা সম্ভব হইবে । এই কাজের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের প্রস্তাব L. A Collector এর নিকট প্রেরণ করা হইয়াছে এবং ইতিমধ্যেই কিছু কিছু জমি অধিগ্রহণ করা হইয়াছে । জমি অধিগ্রহণ শেষ হইলে বাঁধ উঁচু করার কাজ আরম্ভ হইবে ।

(গ) না ।

(ঘ) এই প্রশ্ন উঠে না ।

**ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক শিল্প স্থাপন**

*১৬৩ । (অনুমোদিত প্রশ্ন নং *৬৯১। ) শ্রী [illegible] বসু ঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক গত ১৯এ সেপ্টেম্বর ১৯৭৯ তারিখের লিখিত প্রশ্ন নং ৭৬০-এর উত্তরের উল্লেখপূর্বক জানাইবেন কি—

(ক) কবে নাগাদ এই পরিকল্পনাগুলির কাজ শুরু হবে ;

(খ) এই পরিকল্পনাগুলিতে অর্থ বিনিয়োগের মোট পরিমাণ কত ; এবং

(গ) সম্ভাব্য কর্মসংস্থান কত ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) West Bengal Industrial Development Corporation Ltd. শিল্প প্রকল্পগুলি রূপায়ণের জন্য উপযুক্ত উদ্যোক্তার (entrepreneurs) অনু[illegible]ান এখনও করিতেছেন ।

(খ) অর্থবিনিয়োগের মোট পরিমাণ অনুমানিক টাঃ ৩৩৫.২৫ লক্ষ ।

(গ) সম্ভাব্য কর্মসংস্থান প্রায় ৩৬৩ ।

**পুরুলিয়া জেলার বিড়ি শিল্প**

*১৭১ । (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৭) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) পুরুলিয়া জেলায় বিড়ি শ্রমিকের সংখ্যা কত ;

(খ) পুরুলিয়া জেলায় সমবায় ভিত্তিক বিড়ি কারখানা আছে কিনা ; এবং

(গ) থাকিলে, উহার সংখ্যা কত ?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) পুরুলিয়া জেলায় বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা প্রায় ২০,০০০ (কুড়ি হাজার)।

(খ) হ্যাঁ - আছে ।

(গ) উহার সংখ্যা ৪টি

**Starred Question**

**(To which oral answers were given)**

**Setting up of new Industries by Monopoly Houses**

*372. (Admitted question No. *79.) **Shri Rajani Kanta Dolol :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state ;

(a) If it is a fact that some Multinational Companies and Monopoly Houses are now taking interest in setting up of industries in the State ;

(b) If so, the names of those companies ;

(c) Types of industries proposed to be set up by them ; and

(d) What is the State Government's contemplation in the matter of allowing the Multinational Companies and Monopoly Houses to set up industries in the State ?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) Yes.

(b) and (c)

(i) M/s. BASF India Ltd. (Styrene Monomer, Optical whiterners for Polyester Fibre, Dye Staff).

(ii) M/s. Shaw Wallace Co. Ltd., (Pesticides).

(iii) M/s. Chloride India Ltd. (Automotive Batteries).

(iv) M/s. Indian Oxygen Ltd. (Hydrogen Gas, Submerged Arc Welding Fluxes).

(v) M/s. Dunlop India Ltd. (Truck & Bus Tyres).

(vi) Jay Shree Chemicals & Fertilizers, (Super Phosphate Fertilizers).

(vii) M/s. Metal Box India Ltd. (Ball Bearings).

(viii) M/s. Hindusthan Heavy Chemicals (Caustic Soda)

(ix) M/s. Indian Rayon Corporation Ltd. (H. T. Insulators).

(x) M/s. India Foils Ltd. (Aluminium Foils).

(xi) M/s. Standard Pharmaceuticals Ltd. (Different Drugs).

(xii) M/s. Gramophone Company of India Ltd., (Prerecorded Cassettes and Cartridges).

(xiii) M/s. Philips India Ltd., (now renamed as M/s. Peico Electronics & Electricals Ltd.) (Walkie-Talkie Sets, Record Player Decks) etc.

(xiv) M/s. Guest Keen Williams Ltd. (Pressed Metal Components and Assemblies, H. T. Bolts and Nuts).

(xv) M/s. Hindusthan Gas Ltd., (Hydrogen Gas).

(xvi) M/s. Bowreah Cotton Mills Ltd. (Cotton blended Fabrics).

(xvii) M/s. Asiatic Oxygen Ltd., (Welding & Outting Blow pipes and Regulators, Nitrogen Gas).

(xviii) M/s. National Insulated Cable Co. of India Ltd. (Class Fibre/braided Conductors etc.)

(xix) M/s. Machinery Manufacturing Corporation Ltd. (Matrix Printers).

(xx) M/s. General Electric Comp. India Ltd., (Electrical Equipments.)

(xxi) M/s. Air Conditioning Corporation Ltd. (Air Pollution Control Equipment).

(xxii) M/s. Pfizer India Ltd., (Different Drugs).

(d) Subject to the approval of the Central Government

under the present Industrial Licensing Policy of the Government of India, the State Government would have no objection to allow Multinational Companies and Monopoly Houses to set up industries in the State.

**শ্রী দেবপ্রসাদ সরকার** :- বামফ্রন্ট সরকারের নির্বাচনের সময় প্রতিশ্রুতি ছিল মাল্টি ন্যাশানল করপোরেশনের প্রভাব তাঁরা খর্ব করবেন । এখন দেখছি তাদের স্বাগত জানাচ্ছেন। তাহলে তাদের এই নীতি কি পরিবর্তন করেছেন ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : মাননীয় সদস্য আমার প্রশ্নের জবাবে আমরা স্বাগত জানাচ্ছি এটা কোথা থেকে পেলেন । এটা তার মনগড়া কথা । এর জবাব হয় না। তবে আমি বলতে পারি যে আমরা স্বাগত জানাচ্ছি না ।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : আপনি বললেন স্বাগত জানাচ্ছেন না। বামফ্রন্ট সরকারে যে খর্ব করার নীতি সেটা বজায় আছে। তাহলে এই মাল্টি ন্যাশানালরা বিনিয়োগ বৃদ্ধি করার উৎসাহ পাচ্ছে কি করে?

**মিঃ স্পিকার** : এর থেকে এ প্রশ্ন আসে না । This is a discussion আমি এটা ডিসঅ্যালাউ করছি ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী** : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি ১৯৬৭, ১৯৬৯ সালে টাটা এই পশ্চিমবাংলায় সব চেয়ে বেশি ক্যাপিটাল তৈরি করতে পেরেছে? এবং এ সম্বন্ধে পার্লামেন্টে প্রশ্নও উঠেছিল ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : মাননীয় সদস্য যদি এ সম্পর্কে প্রশ্ন করেন তাহলে তার জবাব দেবো ।

**শ্রী সুনীতি চট্টরাজ** : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই মাল্টি ন্যাশানাল কোম্পানীজ এবং মনোপলি কনসার্ট এর কতগুলি বিগ হাউস ইনটারেস্ট নিয়েছে । আই ওয়ান্ট দি নাম্বার অনলি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : এর নম্বর হচ্ছে ২২টি হাউস ।

**শ্রী সুনীতি চট্টরাজ** : এই ২২ টি হাউসকে বামফ্রন্ট সরকারের ইনডাস্ট্রি ডিপার্টমেন্ট কি কি বিষয়ে সাহায্য করছেন ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : সাহায্য করার প্রশ্ন নাই । প্রশ্ন হচ্ছে যে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছ থেকে এরা লেটার অব ইনটেন্ট পেয়েছে এবং আমাদের যে শিল্প নীতি ঘোষণা করা হয়েছিল সেই শিল্প নীতির মধ্যে আছে যে আমরা যেখানে বিগ হাউস, মাল্টি ন্যাশানল আছে তারা যদি উইদিন FERRA and MRTP অপারেট করে তাহলে অন্যান্য সংস্থা যে ইনসেনটিভ বা সুযোগসুবিধা পায় এদেরও তা দেওয়া হবে ।

**শ্রী সুনীতি চট্টরাজ** : কি কি সাহায্য কি কি ইনসেনটিভ আপনার ডিপার্টমেন্ট থেকে এ পর্যন্ত ওদের দিয়েছেন ?

[ 26th March, 1980 ]

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য জানেন ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের তরফ থেকে কি কি ইনসেনটিভ দেওয়া হচ্ছে এবং সেই সমস্ত ইনসেনটিভ অন্যান্য সংস্থা যেমন পাচ্ছে ওরা তাই পাচ্ছে ।

[ 1-10—1-20 P.M. ]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে উত্তর দিলেন তাতে আমি কোন আইডিয়া করতে পারছি না ।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আপনি যদি আইডিয়া করতে না পারেন, দয়া করে আলাদা প্রশ্ন করবেন, আমি সমস্ত প্রশ্নের জবাব দিয়ে আপনার আইডিয়া পরিষ্কার করে দেব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, আপনাদের দুই বছরের আমলে মনোপলি হাউস এবং মাল্টিন্যাশানাল কোম্পানীর ক্ষেত্রে এদের লেটার অব ইনটেন্ট দেওয়া, এদের স্বার্থ দেখার জন্য যেটুকু ইন্টারেস্ট নিয়েছেন, এর আগে কোন সরকার তা নেয়নি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এটা প্রশ্ন হল না । এটা আপনার ওপিনিয়ন হল। কিন্তু আমাদের ওপিনিয়ন তা নয় । আমাদের ওপিনিয়ন Multinational and big houses, if they operate under FERRA and MRTP they are not looked upon.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ছোট ছোট ইন্ডাস্ট্রিয়ালিস্টরা এই সুযোগ পায়নি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** ছোট ছোট ইন্ডাস্ট্রিয়ালিস্টরা খুব সুযোগ সুবিধা পাচ্ছে। আপনি একটা উদাহরণ দিয়ে দেখান যে কে পায়নি, আই শ্যাল টেক অ্যাকশন ।

**মিঃ স্পিকার ঃ** Mr. Chattaraj, it is your opinion. This is not a question.

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে ১৯৪৭ সালে স্বাধীনতার পর থেকে কংগ্রেস রাজত্ব যখন এল, পন্ডিত জওহরলাল নেহেরুর তস্য কন্যা শ্রীমতী ইন্দিরা গান্ধীর সময় থেকে মনোপলিকে ডাকা হয়েছে এবং তাদের ইনসেন্টিভ দেওয়া হয়েছে এবং সেই সময় থেকে আজ পর্যন্ত এটা চলে আসছে কিনা সেটা জানাবেন কি ?

**মিঃ স্পিকার ঃ-** This question is disallowed.

**দীঘা সমুদ্রতীর সংরক্ষণ**

*৩৭৩ । (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪) **শ্রী কিরণময় নন্দ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) দীঘা সমুদ্রতীর সংরক্ষণের কাজ শেষ হইতে আর কত সময় লাগিবে;

(খ) ঐ কাজে এ পর্যন্ত কত অর্থ ব্যয়িত হইয়াছে ;

(গ) কাজটি শেষ করিতে আনুমানিক আর কত টাকার দরকার হইবে ; এবং

(ঘ) এ পর্যন্ত কাজ হওয়ার পর কোন সুফল পাওয়া গিয়াছে কি ?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) এখনই বলা সম্ভব নয় যেহেতু তাহা কবে শেষ করা যাবে, সেটা আর্থিক সংগতির উপর নির্ভর করে ।

(খ) ৮৪ লক্ষ ৭১ হাজার টাকা ।

(গ) আনুমানিক ১ কোটি ৩০ লক্ষ টাকা ।

(ঘ) যেখানে কাজ হইয়াছে সেখানে সমুদ্রের ভাঙ্গন বন্ধ করা সম্ভব হইয়াছে ।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই দীঘার সমুদ্র সৈকতে পূর্ব পাশে বর্তমানে সমুদ্র ভাঙনের কবলে পতিত হবে কি না?

(no Reply)

**তথ্য ও সাংস্কৃতিক দপ্তর পরিচালিত**
**'সংগস্ অ্যান্ড ড্রামা ইউনিট'**

*৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৭।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তথ্য ও সাংস্কৃতিক দপ্তর কর্তৃক পরিচালিত সংগস্ অ্যান্ড ড্রামা ইউনিট কোথায় কোথায় আছে ;

(খ) নূতন ইউনিট কোথাও খোলার প্রস্তাব সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে, কোথায় কোথায় ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) Song and Drama Unit এর মত ইউনিট এই বিভাগের অধীনে কলিকাতার লোকরঞ্জন শাখা এবং দার্জিলিং এ সং এবং ড্রামা ইউনিট আছে । ইহা ছাড়া ঝাড়গ্রামে আদিবাসীদের জন্য লোকরঞ্জন ইউনিট এবং শিলিগুড়িতে একটি নাট্য ইউনিট সম্প্রতি সৃষ্টি করা হয়েছে ।

(খ) বর্তমানে কোন নতুন ইউনিট খোলার প্রস্তাব সরকারের নেই ।

(গ) কোন প্রশ্নই ওঠে না ।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে বর্তমানে আর কোন নতুন ইউনিট খোলার প্রস্তাব সরকারের নেই। কিন্তু আপনি জানেন যে এই ইউনিটগুলি বিশেষ করে মফঃস্বলে খোলার প্রয়োজন আছে । এটা যদি খোলেন তাহলে কতদিনের মধ্যে খুলবেন সেটা জানাবেন কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নতুন করে শিলিগুড়িতে খোলা হচ্ছে । জেলায় জেলায় করা

সম্পর্কে এখনই কিছু ভাবা যাচ্ছে না।

**সুন্দরবন উন্নয়ন উপদেষ্টা কমিটি**

*৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৯) **শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** উন্নয়ন এবং পরিকল্পনা (সুন্দরবন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন এলাকার উন্নতির জন্য কোন উপদেষ্টা কমিটি আছে কিনা;

(খ) থাকিলে, কবে উহা গঠন করা হইয়াছে ; এবং

(গ) উক্ত এলাকার কৃষি ও সেচের উন্নতির জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ।**

(ক) হ্যাঁ, উপদেষ্টা কমিটি আছে। সুন্দরবন উন্নয়ন পর্ষদ সেই উপদেষ্টা কমিটি। সংশ্লিষ্ট অফিসারগণ, রাজ্য পরিকল্পনা উপদেষ্টা, সুন্দরবনের সমস্ত এম. এল. এ. ও এম. পি-রা এই পর্ষদের সদস্য।

(খ) ১৯৭৩ সালে সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠন করা হইয়াছিল।

(গ) হ্যাঁ।

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের অধীনে সুন্দরবন উন্নয়ন পর্ষদের দপ্তর ১৯৭৪-৭৫ সাল হইতে রবি মরশুমে বিকাশ কেন্দ্র মারফত দ্বিতীয় ফসল উৎপাদনের অভিযান চালাইতেছে। ১৯৭৭ সাল থেকে এই কর্মসূচীর ব্যাপক বিস্তৃতি ঘটিয়াছে ও বর্তমান বছরে ৪০ হাজার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এই অভিযানে অংশ গ্রহণ করিয়াছেন।

সুন্দরবন উন্নয়ন পর্ষদের উদ্যোগে ভারতীয় কৃষি গবেষণা পরিষদ (ICAR) সুন্দরবনে তাঁহাদের কার্যকলাপ প্রসারিত করিতেছেন। ইতিমধ্যে নিমপীঠে একটি কৃষি বিজ্ঞান কেন্দ্র স্থাপিত হইয়াছে ও কাকদ্বীপে আর একটি কৃষি বিজ্ঞান কেন্দ্র শীঘ্রই স্থাপিত হইতে চলিয়াছে। কাকদ্বীপ কৃষি বিজ্ঞান কেন্দ্র বাবদ ভারতীয় কৃষি গবেষণা পরিষদ প্রায় ১৮ লক্ষ টাকা বরাদ্দ করিয়াছেন এবং এই উপলক্ষে রাজ্য সরকার প্রয়োজনীয় ৮০ একর জমি দিতেছেন। হাসনাবাদ বা ন্যাজাটেও আর একটি কৃষি বিজ্ঞান কেন্দ্র গঠন করিবার প্রচেষ্টা চলিতেছে।

ইহা ছাড়া সুন্দরবনের সেচ, জলনিকাশি, কৃষি, মৎস্য, পশুপালন, যোগাযোগ ইত্যাদির উন্নতির জন্য একটি সুসংহত প্রকল্প রচনা করা হইয়াছে। এই প্রকল্প বাবদ পাঁচবছরে প্রায় ৩০ কোটি টাকা খরচ হইবে। প্রকল্প রূপায়ণে আন্তর্জাতিক কৃষি তহবিলের (IFAD) কাছ থেকে ৩০ কোটি টাকা আর্থিক সাহায্য পাওয়া যাইবে বলিয়া জানা গিয়াছে বিশ্বব্যাঙ্কের একটি প্রতিনিধিদল এই প্রকল্পের মূল্যায়ন ইতিমধ্যেই করিয়া গিয়াছেন। তাঁহাদের কাছ থেকে এই প্রকল্পের অনুকূলে মত

পাওয়া গিয়াছে । আশা করা যায় যে আগামী জুন মাস থেকে এই প্রকল্প রূপায়ণের কাজ শুরু হইবে ।

**ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানীর "রোড রোলার"**

*৩৭৭ । (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৮। ) **শ্রী সরল দেব ঃ** রুগ্ন ও বন্ধ শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানী মাসিক কত "রোড রোলার" উৎপাদন করিতে পারে এবং বর্তমানে মাসিক কত উৎপাদন হইতেছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** বর্তমান অবস্থায় ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানী মাসিক ১২১ টি রোড রোলার উৎপাদন করিতে পারে । এখন প্রতিমাসে গড়ে ৬টি রোড রোলার উৎপাদন হয়।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানীর উৎপাদন ক্ষমতা কি ৪০—টি ?

**ডঃ কানাই লাল ভট্টাচার্য্য ঃ** ৪০ টি নয়, উৎপাদন ক্ষমতা ১২টি, এখন করছে ৬টি।

**শ্রী সরল দেব ঃ** ১২টি উৎপাদন না হওয়ার পিছনে কোন কারণ আছে বলে আপনি জানেন কি ?

**ডঃ কানাই লাল ভট্টাচার্য ঃ** কারণ ওয়ার্কিং ক্যাপিটাল আমরা সরকারের পক্ষ থেকে এত দিন ওদের জোগাড় করে দিতে পারিনি । এখন আমরা ওদের ১০৯ কোটি টাকা ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে ঋণ দিয়েছি। আমরা আশা করছি ওরা আগামী আগস্ট সেপ্টেম্বর মাস থেকে ১২-টি রোড রোলার উৎপাদন করতে পারবে ।

**অপারেশন বর্গা ও বর্গাদারের সংখ্যা**

*৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, শ্রী কিরণময় নন্দ ও শ্রী নানুরাম রায় ঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) 'অপারেশন বর্গা' কার্যক্রমের মাধ্যমে ৩১এ ডিসেম্বর, ১৯৭৯ পর্যন্ত তালিকাভুক্ত (রেকর্ডেড্) বর্গাদারের সংখ্যা কত ;

(খ) এই কার্যক্রম কতদিনে শেষ হবে বলে অনুমান করা যায় ;

(গ) এই কাজ শেষ হলে আনুমানিক কতজন বর্গাদার তালিকাভুক্ত হবেন; এবং

(ঘ) ৩১এ ডিসেম্বর, ১৯৭৯ পর্যন্ত 'অপারেশন বর্গার' ফলে উদ্ভূত কতগুলি মামলা হাইকোর্টে বিচারাধীন আছে ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ**

(ক) "অপারেশান বর্গা" জরিপের কাজ ত্বরান্বিত করার প্রশাসনিক প্রচেষ্টা । অপারেশান

বর্গার মাধ্যমে কত বর্গাদার নথিভুক্ত হয়েছেন আলাদা করে পরিসংখ্যান দেওয়া সম্ভব নয়। তবে ৩১শে ডিসেম্বর, ১৯৭৯ পর্যন্ত সর্বমোট ৭,৮৫,১০৮ জন বর্গাদার নথিভুক্ত হয়েছেন ।

(খ) কতদিনে শেষ হবে সুনির্দ্দিষ্টভাবে বলা সম্ভব নয় ।

(গ) পশ্চিমবঙ্গে মোট বর্গাদারের সংখ্যা কত হতে পারে বলার মতো তথ্য আমাদের হাতে নেই ।

(ঘ) এই রকম কোন পরিসংখ্যান আমাদের কাছে নেই ।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমরা দেখছি অপারেশন বর্গার দায়-দায়িত্ব সব রয়েছে সব রয়েছে সরকারী কর্মচারীদের উপর, তাদের সাথে পঞ্চায়েত সমিতির যে ভূমি উপদেষ্টা কমিটি করা হয়েছে তাদেরও যুক্ত করা যায় কিনা?

**শ্রী বিনয় কৃষ্ণণ চৌধুরী ঃ** বর্গাদারের নাম আইনমাফিক রেকর্ড ভুক্ত করার কাজে পঞ্চায়েত সমিতি এবং সমস্ত গণসংগঠনকে দলমত নির্বিশেষে আমরা সাহায্য করতে অনুরোধ করেছি । সর্বসাধারণের সহযোগিতা বার বার আমরা কামনা করি এবং এর জন্য সর্বস্তরেই আমরা জানিয়েছি। এমন কি বর্গা অপারেশনের সময় ছাড়াও যে কোন সময়ে কোন এলাকার যে কোন ইন্টারেস্টেড্ পারসন প্রকৃত বর্গাদারের নাম লিস্ট করে দরখাস্ত দিতে পারেন এবং আইনমাফিক সেই দরখাস্তের শুনানী হবে, অপোজিশন-ও হিয়ারিং-এর সুযোগ পাবে। যাতে সর্বসাধারণ এই কাজে যুক্ত হতে পারেন তার ব্যবস্থা আছে । কোন বাধা নেই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় বললেন বর্গা রেকর্ড করার ব্যাপারে ব্যাপক জনগণের সহযোগিতা নেওয়া হচ্ছে । এটা খুব ভাল কথা ।

এটা থাকা দরকার । কিন্তু সঙ্গে সঙ্গে নির্দিষ্ট দায়-দায়িত্ব দিয়ে কোন জন-প্রতিনিধিত্ব যদি না থাকে তা হলে বর্গাদারদের স্বার্থ ব্যাহত হতে পারে, এবিষয়ে মন্ত্রী মহাশয় কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আমি তো আগেই বললাম যে, সমস্ত গণ-সংগঠনের সাহায্য নেওয়া হচ্ছে । পঞ্চায়েত হচ্ছে একটা স্ট্যাচুটারি বডি এবং সেটা ইন গ্রাম পঞ্চায়েত লেভেল অ্যান্ড ইন পঞ্চায়েত সমিতি লেভেল, সুতরাং সে কাজ তারা করতে পারেন। যাঁরা এবিষয়ে ইন্টারেস্টেড তাঁরাই এটা করতে পারেন । কারণ এটা সবাই অনুভব করেন যে, এই বর্গাদাররা এত দিন ধরে সামাজিক ন্যায়-বিচার পায়নি, তাদের সামাজিক ন্যায়-বিচার পাওয়া উচিত। প্রতিটি দরদী মানুষের এ বিষয়ে কাজ করার সুযোগ রয়েছে ।

[ 1-20 — 1-30 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে গ্রাম পঞ্চায়েত হচ্ছে স্ট্যাচুটারী বডি এবং তাদের দায় দায়িত্ব আছে । কিন্তু বিশেষ করে আমার জেলায় দেখছি, কোথাও গ্রাম পঞ্চায়েতের সদস্যদের ডাকা হচ্ছে না। তারা নিজেদের কতৃত্বই করছেন, এই সম্পর্কে কোন প্রতিবিধান করতে পারেন কি ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** আমাকে বলবেন, আমি সাধারণ ভাবে নির্দেশ দিয়ে দেব ।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে অপারেশন বর্গা এটা একটা অ্যাডমিনিসট্রেটিভ অর্ডার । যেটা হাইকোর্টে চ্যালেনজড হয়ে আছে ইনডিভিজুয়্যাল নোটিশে - অপারেশন বর্গার একটা নোটিশ দেওয়ার পদ্ধতি আছে, সেই পদ্ধতিটা অ্যামেন্ড করে অ্যাক্টের মধ্যে ঢুকিয়ে দেবার কোন কথা ভাবছেন কি ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** কথাটা হচ্ছে অপারেশন বর্গায় রেকর্ড একটু তরান্বিত করার প্রশাসনিক প্রচেষ্টা, এই শব্দটা যদি ব্যাখ্যা করতে হয়–তার কথা হচ্ছে আমাদের পশ্চিমবাংলার সমস্ত জেলার, সমস্ত থানায় বর্গাদার সমভাবে বণ্টিত হওয়া নয় । কোন কোন এলাকায় বর্গাদারের কনসেন্ট্রেশন বেশি, সেই জন্য অল্প সময়ে রেকর্ডের কাজ ঠিক ভাবে করতে গেলে সেই কনসেন্ট্রেটেড এলাকা আইডেন্টিফাই করে ঠিক করে নেয় । সেখানে একটা টিম পাঠিয়ে সকলকে জানিয়ে দেওয়া হয় যাতে দ্রুত করা যায়, এটা একটা বিশেষ প্রচেষ্টা, আইনের সমস্ত বিধি মেনে করা হয়। এছাড়া অপারেশন বর্গার সময় কখনও বলা হয়নি সাধারণ ভাবে দরখাস্তের মাধ্যমে কাজ হবে না । অপারেশন বর্গা ডাজ নট এক্সক্লুড নর্মাল আদার প্রসিডিয়োর ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, অপারেশন বর্গায় প্রকৃত বর্গাদদারের নাম রেকর্ড না করে আপনাদের পার্টির লোকেদের অফিসাররা অপারেশন বর্গার নামে ভুল এবং জাল সমস্ত লোককে রেকর্ড করে নিচ্ছে ?

**মিঃ স্পিকার :** I disallow this question because it is speculative and it is presumption.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কথা ঠিক বুঝতে পারলাম না, যে অফিসার বর্গা অপারেশন করবেন, তার উপর কোন আইনগত ক্ষমতা প্রদত্ত আছে কি না ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** তা না হলে তিনি করতে পারবেন না ।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** তাহলে আপনি যেটা বললেন, পঞ্চায়েত করবে, তাহলে ক্ষমতা কার হাতে ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** আইনে আছে, আধিকারিকের উপর ক্ষমতা দেওয়া আছে, কিন্তু তার কাজে সহায়তা করার অধিকার পঞ্চায়েতের আছে ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মন্ত্রী মহাশয় বললেন পঞ্চায়েতের সঙ্গে কনসাল্ট করে করা হচ্ছে। এটা আমি কোথাও দেখিনি । গভর্নমেন্টের কোন সার্কুলার আছে টু দি অফিসার, টু এফেক্ট দ্যাট দে মাস্ট কনসাল্ট দি অঞ্চল প্রধান অর দি বর্গাদার কমিটি ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** এই রকম ভাবে সমস্ত সংস্থার সাহায্য নেবার জন্য অর্ডার দেওয়া হয়েছে । নির্দিষ্ট ভাবে প্রশ্ন করবেন জবাব দেব ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** আপনার কাছ থেকে পরিষ্কার ভাবে জানতে চাইছি, পঞ্চায়েতের সঙ্গে পরামর্শ করবার বা পঞ্চায়েতকে ডাকবে এই রকম কোন সার্কুলার আছে কি ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** নির্দ্দেশ মানেই হচ্ছে সার্কুলার । সমস্ত সংগঠনের এবং পঞ্চায়েত ইত্যাদি সবাইয়ের সহযোগিতা নিতে হবে এই নির্দ্দেশ আছে ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** কৃষক সংগঠনের সঙ্গে পরামর্শ করতে হবে এই রকম ধরনের কোন সার্কুলার আছে কি ?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** সকল সংগঠন এর মধ্যে পড়েন । আপনি যদি চান - প্রকৃত বর্গাদারের যে সুযোগ আছে আপনারও সেই সুযোগ আছে, আপনি সেই সুযোগ গ্রহণ করতে পারেন কিন্তু সেটা আপনার ইচ্ছা ।

**সরকার কর্তৃক প্রকাশিত পুস্তিকার পুনর্মুদ্রণ**

*৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬) **শ্রী অনিল মুখার্জী ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার কর্তৃক প্রকাশিত ও বর্তমানে নিঃশেষিত বিভিন্ন ধরনের পুস্তিকাগুলি পুনঃপ্রকাশনের বা পুনর্মুদ্রণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) রাজ্য সরকার কর্তৃক প্রকাশিত ও বর্তমানে নিঃশেষিত বহু আইন পুস্তক পুনরায় প্রকাশের বা মুদ্রণের কোন ব্যবস্থা বর্তমানে সরকার চিন্তা করিতেছেন কি না ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

ক) সরকারি মুদ্রিত কোন্ কোন্ পুস্তকগুলি নিঃশেষিত হইয়াছে তাহার একটি তালিকা তৈরি করা হইতেছে এবং এই তালিকা দৃষ্টে কোন্ কোন্ পুস্তক পুনর্মুদ্রণের প্রয়োজন তাহা বিবেচনা করিবার পর যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হইবে ।

**শ্রী অনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, পশ্চিমবাংলার সমস্ত আইনে ওয়েস্ট বেঙ্গল কোড বলে একটা বই আছে তাতে একটা ভলিউম আছে। এই ওয়েস্ট বেঙ্গল কোড গত ১০ বছরের মধ্যে নিঃশেষিত হয়েছে । এটার পুনঃপ্রকাশের ব্যবস্থা আপ-টু-ডেট করে করবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** বিভাগকে যদি বলেন পুনঃমুদ্রণ করবার জন্য তাহলে করে দেবেন। আমরা হচ্ছি একজিকিউটিং ডিপার্টমেন্ট ।

**শ্রী অনিল মুখার্জী ঃ** আপনি বললেন আপনার ডিপার্টমেন্টকে করতে বললে করবেন। আইন বিভাগ আপনাদের দিলে আপনারা করবেন। তাহলে আমরা কার কাছে পুন-মুদ্রন করবার জন্য আবেদন করবো ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আপনি আইন বিভাগের কাছে ছাপিয়ে দিতে বলবেন, ছাপিয়ে দেবে ।

**স্লুইস গেট**

*৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৬।) **শ্রী হবিবুর রহমান ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার দুর্জনখালি নালার উপর কোন স্লুইস গেট করার প্রস্তাব সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত স্লুইসের কাজ (১) কতদিনে আরম্ভ হইবে ও (২) কতদিনে শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) স্লুইস নির্মাণের কাজ ১৯৭৮ সালেই শেষ হইয়াছে ।

(খ) (১) ও (২)

এই প্রশ্ন উঠে না ।

**মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক স্থান সংরক্ষণ**

*৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১০১০।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** তথ্য এবং সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদের ঐতিহাসিক দ্রষ্টব্য স্থানগুলি সংরক্ষণ ও মুর্শিদাবাদকে 'টুরিস্টস্ সেন্টার' হিসাবে আকর্ষণীয় ক'রে গড়ে তোলার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না;

(খ) ১নং প্রশ্নের উত্তর 'ইতিবাচক' হলে পরিকল্পনার মূল অংশগুলি কি কি; এবং

(গ) মুর্শিদাবাদের ঐতিহাসিক দ্রষ্টব্য স্থানগুলির উপর কোন 'ডকুমেন্টারি ফিল্ম' তৈরির বে-সরকারি প্রস্তাব সরকারের গোচরে এসেছে কি না, এসে থাকলে সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা করেছেন ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

১) হ্যাঁ

২) যে সমস্ত ঐতিহাসিক সৌধ ভারত (ক) সরকার কর্তৃক সংরক্ষিত নয় সেগুলি পশ্চিমবঙ্গ ঐতিহাসিক সৌধ সংরক্ষণ আইন অনুযায়ী প্রয়োজন অনুসারে এই সরকারের তত্ত্বাবধানে আনা হয়। (খ) পর্যটকদের জন্য আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য ঐতিহাসিক দ্রষ্টব্য স্থানে বাগানের শোভা বর্দ্ধন বিশ্রাম কক্ষের সংস্কার করা ও হাজার দুয়ারীর দর্শনার্থীর যানবাহন রাখার জন্য প্রয়োজনীয় স্থান সংস্কার করার কাজ পর্যটক বিভাগের পর্যটক উন্নয়ন পর্ষদ আগামী বছর হাতে নিয়ে নিতে যাচ্ছেন।

৩) না, প্রশ্ন ওঠে না।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আমরা জানি, মুর্শিদকুলি খাঁর এক মেয়েকে জ্যান্ত কবর দেওয়া হয়েছিল। সেই কবরটি অনাদৃত অবস্থায় পড়ে আছে। তাকে সংরক্ষণ করবার জন্য গভর্নমেন্ট কোন চেষ্টা করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** লিখিতভাবে দেবেন।

[ 1-30—1-40 P.M. ]

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** সরকারিভাবে কোন ডকুমেন্টারী ফ্লিম করবার চিন্তা করছেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এ বছরে নয়, নূতন বছরে চিন্তা করব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মুর্শিদাবাদে ঐতিহাসিক দ্রষ্টব্য স্থানগুলির মধ্যে সিরাজের কবর যেটা খোসবাগে আছে এবং মুর্শিদাবাদে যেটা মীরজাফরের বাসস্থান যেটাকে হাজার দুয়ারী বলে এই দুটার মধ্যে কোনটাকে গুরুত্ব দিয়ে আপনাদের দপ্তর রক্ষণাবেক্ষণ করছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** দুটোই কেন্দ্রীয় সরকার করেন, আমরা শুধু তাঁদের ম্যানেজমেন্টে সাহায্য করি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** কেন্দ্রীয় সরকারের কাছে নির্দিষ্ট ভাবে আমাদের সরকারের তরফ থেকে এ বিষয়ে কোন প্রস্তাব কি রাখা হয়েছে - বিশেষ করে খোসবাগ সম্বন্ধে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের যে পরামর্শদাতা কমিটি আছে তারা এই সব বিষয় নিয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনা করছেন, তবে এ সম্বন্ধে স্পেসিফিক প্রশ্ন করলে উত্তর দেব।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মতিঝিল সম্বন্ধে কি চিন্তা করছেন?

**মিঃ স্পিকার ঃ** নোটিশ দেবেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি কি জানেন যে পলাশীর মাঠে বহু ঐতিহাসিক স্মৃতি চিহ্ন অনাদৃত আবস্থায় ভেঙ্গে পড়ছে এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমার কাছে এসব খবর নেই, আপনি নোটিশ দিলে খবর নিয়ে বলব।

*382-Held over

## কুলপী থানাকে সুন্দরবন এলাকার অন্তর্ভুক্তি

*৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৭।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুলপী থানাকে সুন্দরবন এলাকার অন্তর্ভুক্ত করার বিষয়টি বর্তমান সরকার বিবেচনা করছেন কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, কবে ঐ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে ব'লে আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) না।

(খ) প্রশ্নই উঠে না।

**Plan for Consolidation of fragment holdings of cultivators**

***384.** (Admitted question No. *1304). **Shri Lutfal Haque and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department be pleased to state what action has been taken by the Government to consolidate the fragmented holdings of the cultivators in this State ?

**Sri Benoy Krishna Chowdhury :**

In view of the peculiar circumstances prevailing in West Bengal consolidation of fragmented holdings is likely to ultimately benefit the richer sections of the land owners. Besides, such consolidation may prejudice the interests of a large number of share croppers. The Government does not, therefore, intend to go in for a full scale consolidation at this stage in the State. It is, however, considering a proposal for consolidation of holdings of marginal farmers and assignees of vested lands through co-operatives.

**Renovation of Quinine Factory**

***385.** (Admitted question No. *1062). **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state the steps taken by the Government for renovation of the Government Quinine Factory at Munpoo ?

**Dr. Kanailal Bhattacharya :** The Scheme was provided in the budget under the State Plan and the Hill Areas Development Plan

for the current financial year. A high power Committee consisting of technical experts of the Govt. of India, State Govt. and private organisations has been constituted to programme and over see the work of modernisation of the Govt. Quinine Factory.

A Project Report on the scheme has since been obtained from a consultant firm on the advice of the said Committee. To meet the increased requirement of power for the factory on proposed modernisation, a Project Report for a Hydel Power installation has also been obtained. Both the reports are under examination of the said Committee.

**শ্রী কমল সরকার ঃ** মংপুতে যে সিংকোনা চাষ কংগ্রেস আমলে বন্ধ করে দিয়েছিল, ইতিমধ্যে ম্যালেরিয়ার প্রকোপ বাড়ায় আবার সেই চাষের প্রয়োজন হয়েছে। আগে বিনা পয়সায় সরকারি ব্যবস্থায় কুইনিন দেওয়া হোতো, সেই কারণে এখন বিনা পয়সায় দেবার জন্য প্রোডাক্‌শন বাড়াবার কোন পরিকল্পনা আছে কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** প্রোডাক্‌শান বাড়াবার পরিকল্পনা আছে বলেই একে আধুনিকীকরণ করা হচ্ছে, কারণ ম্যালেরিয়া দেখা দিয়েছে এবং কুইনিনের প্রয়োজন হয়েছে।

**শ্রী কমল সরকার ঃ** মাদ্রাজের ফ্যাক্টরী এখানকার চেয়ে বেশী উন্নত ধরনের কুইনিন যেখানে প্রস্তুত করছে সেখানে তাদের সঙ্গে জ্ঞানের আদান প্রদান করে কি সেইমত ব্যবস্থা করা হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাদ্রাজে উন্নত ধরনের হয়েছে এটা ঠিক আমাদের ১০০ বছরের পুরানো কারখানা কোনদিনই আধুনিকীকরণ হয়নি। মাদ্রাজে ক্লোজ সার্কিট করার পরিকল্পনা নিয়েছেন এবং আমরাও সেই মাদ্রাজের ধরনের করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মংপুতে কত একরে প্ল্যান্টেশন হয়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** নোটিশ দেবেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমাদের পশ্চিমবাংলা থেকে কুইনিন এক্সপোর্ট হয় কি না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এক্সপোর্ট হয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** কারখানা বন্ধ করবার কোন প্রশ্ন হয়েছিল কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমাদের সময়ে হয়নি।

### ম্যাকউইলিয়াম ইন্সটিটিউট অধিগ্রহণ

*৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৯।) **শ্রী মনোহর তিরকী ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ইহা কি সত্য যে, আলিপুরদুয়ার শহরে অবস্থিত ম্যাকউইলিয়াম ইনস্টিটিউট হলটি অধিগ্রহণ করার কথা সরকার চিন্তা করছেন; এবং

(খ) সত্য হইলে উক্ত হলটি অধিগ্রহণের ব্যাপারে কত অর্থ বরাদ্দ করা হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

(ক) আপাতত না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** ম্যাকুলিয়াম ইনস্টিটিউট জনসাধারনের প্রতিষ্ঠান হওয়া সত্বেও একজন সিনেমা মালিক এটাকে জোর জবরদস্তি করে দখল করে রেখেছে, এটিকে উদ্ধার করবার ব্যবস্থা করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটাকে উদ্ধার করে লাভ নেই, তাহলে ঢাকের দায়ে মনসা বিকিয়ে যাবে। সুতরাং আমরা অন্য জায়গায় একটা হল করবার চেষ্টা করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** একটা জনসাধারণের প্রতিষ্ঠান সেটাকে জবরদখল করে রাখবে সেটা কি চাচ্ছেন?

**মিঃ স্পিকার :** এটা গ্রহণ করতে পারছি না।

**কালিঘাট-ফলতা রেল লাইনের পার্শ্ববর্তী জমি বাস্তুহীনদের বন্টন**

*৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৬।) **শ্রী সত্যরঞ্জন বাপুলী :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) কালিঘাট-ফলতা রেল লাইনের পার্শ্ববর্তী জমি বাস্তুহীনদের মধ্যে বিলি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, (১) ঐ পরিকল্পনাটির রূপায়ণের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে এবং (২) উক্ত জমি কাহাদের মধ্যে বিলি করা হইবে বলিয়া স্থির করা হইয়াছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :**

(ক) ও (খ) কালিঘাট-ফলতা রেল পথের জন্য অধিগৃহীত জমির মধ্যে মোট ৩০০.৫৩ একর উদ্বৃত্ত হয়েছিল। তারমধ্যে ৫৮.০৭ একর বিভিন্ন সরকারি দপ্তরকে দেওয়া হয়েছে এবং ২.১৭ একর দীর্ঘমেয়াদী বন্দোবস্তে দেওয়া হয়েছে। আরও ৪৩.৩৬ একর জমি বিলি বন্দোবস্ত করার বিষয়টি সরকারের বিবেচনাধীন হয়েছে। বাকি ১৯৬.৯৩ একর জমি জবর দখল হয়ে আছে। সেইসব জমির এবং জবরদখল কারীদের তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে। তারপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

[1-40—1-50 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আমতলার কাছে কোন জায়গায় রেল ডিপার্টমেন্ট থেকে কিছু কিছু লোককে ইতিমধ্যে বন্দোবস্ত দিয়েছে, সেই জায়গার উপর আর কাউকে বন্দোবস্ত দেওয়ার জন্য রেকমেন্ড করেছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আমি ডিটেল্ড বলে দিচ্ছি শুনুন। পি.ডব্লু. ডিপার্টমেন্ট, গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল তাকে দেওয়া হয়েছে ৩৮.২৩ একর, পোস্ট অ্যান্ড টেলিগ্রাফ ডিপার্টমেন্ট, গভর্নমেন্ট অব ইন্ডিয়া তাকে দেওয়া হয়েছে '৮৩ একর ফিশারিজ ডিপার্টমেন্ট ৫.৩৭ একর, হেল্‌থ ডিপার্টমেন্ট ১৩.৬৪ একর। তারপর দীর্ঘ মেয়াদী যেটা দেওয়া হয়েছে সেটা হচ্ছে মিলিটারী পার্সোনেল যাঁরা গ্যালান্ট্রির জন্য পেয়েছেন এই রকম কিছু মিলিটারী পার্সোনল, ভারত স্কাউট্‌স এন্ড গাইডস সংস্থা প্রভৃতি আছে, টোটাল হচ্ছে ৫৮.০৭ একর।

**শ্রী সত্য রঞ্জন বাপুলি ঃ** রেলকে তো কিছু দেওয়া আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** উত্তরটা শুনুন। এখানে প্রথমে বলা হয়েছে কালিঘাট-ফলতা রেলপথের জন্য অধিগৃহীত জমির মধ্যে মোট ৩০০.৫৩ একর উদ্বৃত্ত হয়েছিল।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমার প্রশ্ন হচ্ছে যে জায়গাটা রেল আপনাদের দিয়ে দিয়েছে তার মধ্যে রেল কিছু নিজে সেটলমেন্ট দিয়েছে এই বছরের জন্য। সেইগুলির জন্য আপনারা কিছু করেছেন কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এটা আপনার প্রশ্নে ছিল না, আবার নোটিশ দেবেন, আমি ওর ডিটেল উত্তর দিয়ে দেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** এই যে বললেন কিছু জায়গা এখনও রয়েছে যারা ফোরসিবল অকুপেশনে আছে, তাদের বিরুদ্ধে কি করবেন এখনও ঠিক করেননি। জানতে পারি কি কত দিনের মধ্যে এটা সম্বন্ধে একটা পরিকল্পনা গ্রহণ করতে পারবেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** যথা শীঘ্র সম্ভব। ওখানে যদি আপনাদের লোক জবর দখল করে থাকেন তাহলে তাদের দায়িত্ব আপনারা নেবেন।

**রামনগর ও দীঘার উপকূলে লবণ শিল্প**

*৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯২।) **শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর ও দীঘার সমুদ্র উপকূলে লবণ শিল্প প্রসারের কাজ বর্তমানে কতদূর অগ্রসর হইয়াছে ;

(খ) কেন্দ্রীয় সরকারের পক্ষে হিন্দুস্থান সল্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিঃ-কে রামনগর থানা এলাকার লবণ উৎপাদন উপযোগী সরকারি খাস জমি বন্দোবস্ত দেওয়ার কার্য সম্পাদিত হইয়াছে কি; এবং

(গ) যদি না হইয়া থাকে তাহা হইলে কতদিনে তাহা কার্যকরী হইবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর ও দীঘার সমুদ্র উপকূলস্থ লবন উৎপন্ন উপযোগী এলাকায় সরকার নিয়ন্ত্রিত কারখানা স্থাপনের প্রাথমিক কাজ সম্পন্ন হইয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** কেন্দ্রীয় সরকার কিছু জমি চেয়েছিলেন, সেই জমি দেওয়ার কোন ব্যবস্থা হয়েছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হ্যাঁ, দেওয়া হয়েছে।

**লোকরঞ্জন শাখায় কলাকুশলীর সংখ্যা**

*৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮১।) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের লোকরঞ্জন শাখায় কতজন কলাকুশলী আছেন;

(খ) ঐ শাখায় অন্যান্য কর্মচারী সংখ্যা কত;

(গ) ১৯৭৮-৭৯ সালে ঐ শাখা মোট কতগুলি স্থানে কয়টি প্রদর্শনীর আয়োজন করিয়াছিল; এবং

(ঘ) ঐ বর্ষে উক্ত শাখায় কলাকুশলী ও অন্যান্য কর্মচারীদের বেতন ভাতা ও প্রদর্শনী করিবার জন্য মোট খরচের পরিমাণ কত ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) লোকরঞ্জন শাখায় বর্তমানে ৩৪ জন কলা কুশলী আছেন।

(খ) ঐ শাখায় অন্যান্য কর্মচারীর সংখ্যা ১১২ জন এদের মধ্যে শিল্পী সংখ্যা ৯৯ এবং অন্যান্য ১৩ জন।

(গ) ১৯৭৮-৭৯ সালে ঐ শাখা মোট ২২৫টি স্থানে ২৫৯টি প্রদর্শনীর আয়োজন করেছিল।

(ঘ) ঐ বছরে এই শাখার কলাকুশলী ও অন্যান্য কর্মচারীদের বেতন ভাতা ও প্রদর্শনী বাবদ মোট খরচের পরিমাণ ১৪,৪৩,০০০্ টাকা মাত্র।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলায় লোকরঞ্জন শাখার অনুরূপ আর কোন শাখা স্থাপনের পরিকল্পনা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা প্রসার করবে কিনা সেটা বোধহয় আপনি জানতে চাচ্ছেন আমরা শিলিগুড়িতে একটা করছি নূতন করে।

## Starred Questions
## (to which written answer were laid on the table)

### BLEACHING AND SURGICAL PLANT

*375. (Admitted question No. *1000) **Shri. A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) Whether the State Government has any proposal to set up a Bleaching and Surgical plant near Basirhat to serve the surgical dressings producting co-operative; and

(b) if so, the present position thereof ?

**Minister in charge of cottage and small scall Industries Deptt.:**

(a) No.

(b) Does not arise

### প্রতাপখালী খাল সংস্কার

*৩৮৬. (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৫।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মহিষাদল থানার প্রতাপখালী খালের সংস্কারের জন্য ১৯৭৮-৭৯ এবং ১৯৭৯-৮০ সালে কি পরিমাণ টাকা খরচ হয়েছে; এবং

(খ) খালটির সংস্কারের কাজ সমাপ্ত হয়েছে কি?

**Minister in a charge of Irrigation and water ways Deptt. :**

(ক) ১৯৭৮-৭৯ সালে কোন খরচ হয় নাই। ১৯৭৯-৮০ সালে এ পর্যন্ত ৫লক্ষ ২৭ হাজার টাকা খরচ হয়েছে এবং আনুমানিক ২লক্ষ ৮৮ হাজার টাকার পাওনা পরিশোধ বাকি আছে অর্থাৎ liability আছে।

(খ) হ্যাঁ।

### পুরুলিয়া জেলার টৌটকা বাঁধ নির্মাণ

*৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১৭।) **শ্রী সুধাংশুশেখর মাঝি :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পুরুলিয়া জেলার টৌটকা বাঁধ (পারগেলা) নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) উক্ত নির্মাণ কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত বাঁধের ক্যানেলের কাজ কবে নাগাদ আরম্ভ ও শেষ হবে?

**Minister-in-charge of Irrigation and water ways Deptt. :**

(ক) পুরুলিয়া জেলার টোটকো বাঁধের ড্যাম ও ভাইক এর কাজ সমাপ্তির মুখে। সিপলওয়ের ফাউন্ডেশ্ন, পাথর কাটার কাজও প্রায় শেষ, শীঘ্রই ফাউন্ডেশন—কংক্রীটের ঢালাই ও সম্পূর্ণ হয়েছে।

(খ) ড্যাম ও সিপলওয়ের কাজ ১৯৮১ সালে জুন মাস এবং খাল কাটার কাজ ১৯৮৪ সালের মে মাস নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

(গ) প্রয়োজনীয় জমি অধিগৃহীত হলেই খালের কাজ আরম্ভ হবে এবং আশা করা যায় ১৯৮৪ সালের মে মাস নাগাদ উক্ত কাজ শেষ হবে।

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার :** আজ আমি সর্বশ্রী জন্মেজয় ওঝা ও শ্রী সত্যরঞ্জন বাপুলী মহাশয়ের কাছ থেকে দুটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবে শ্রী ওঝা কংগ্রেস (ই) ছাত্র ও যুব সংগঠন কর্তৃক উত্তরবঙ্গে ট্রেন ও ট্রাক অবরোধ ও দ্বিতীয় প্রস্তাবে শ্রী বাপুলী বিহার সড়কে কংগ্রেস (ই) কর্মীদের আন্দোলনে পুলিশের লাঠি চালনা সর্ম্পকে আলোচনা করতে চেয়েছিন। প্রথম প্রস্তাবের বিষয়টি সাধারণ প্রশাসন সম্পর্কিত। প্রশাসন যন্ত্রের মাধ্যমে এর প্রতিকার সম্ভব। তাছাড়া এই প্রস্তাবে সদস্যমহাশয় ঘটনার কোন সময় উল্লেখ করেননি। দ্বিতীয় প্রস্তাবের বিষয় শ্রী বাপুলী গতকাল একটি মূলতুবী প্রস্তাব দিয়েছিলেন এবং আমি অসম্মতি জ্ঞাপন করেছিলাম। ঘটনার দৈনন্দিন পরিবর্তনের সঙ্গে পরিবর্তিত পরিস্থিতির উপর এই রকম মূলতুবী প্রস্তাব আনা যায় না। তাই আমি উভয় প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে ইচ্ছা করলে সদস্যগণ কেবলমাত্র সংশোধিত প্রস্তাবগুলি পাঠ করতে পারেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতুবী রাখছেন। বিষয়টি হল ঃ—

গতকাল বিহার সড়কে পুলিশ কংগ্রেস(ই) যুব ও ছাত্র পরিষদের এবং মহিলা কংগ্রেস ও চা শ্রমিক কর্মীদের শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলনের উপর লাঠিচার্জ করেছে। কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার করেছে এবং তাদেব গ্রেপ্তার করেছে। বর্তমান সরকার পশ্চিমবাংলায় বাঙালির আন্দোলন প্রতিহত করার চেষ্টা করছে ও আসামে বাঙালি নির্যাতন ও বিতাড়নের ষড়যন্ত্রে সাহায্য করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশের লাঠিচার্জের ব্যাপার নিয়ে আমি যে মূলতুবী প্রস্তাব দিয়েছিলাম তাতে দেখছি আমার প্রস্তাবের অনেকগুলো লাইন কেটে বাদ দেওয়া হয়েছে। আমি আমার প্রস্তাবে বলেছি এই সরকারের পুলিশ লাঠিচার্জ করেছে কংগ্রেসিদের উপর একটা গণতান্ত্রিক আন্দোলনকে স্তব্ধ করবার জন্য এবং সেটা কি, না বাঙালিদের উপরে আসামে যে অত্যাচার হচ্ছে সেটাই আমি বলতে চেয়েছি।

(নয়েজ)

স্যার, এরকম একটা সিরিয়াস ব্যাপারে বলতে দেওয়া হবেনা?

(নয়েজ)

আমি তো বাঙালিদের জন্যই বলছি।

[1-50 — 2-00 P.M.]

(নয়েজ)

**শ্রী জন্মেজয় ওঝা :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরী এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখবে। বিষয়টা হল কংগ্রেস(ই)র ছাত্র ও যুব সংগঠন আসাম অবরোধের নামে উত্তরবঙ্গে ট্রেনে এবং চা বাগানের সামনে বিক্ষোভ শুরু করেছে। এই আন্দোলন ক্রমশ অশান্ত হয়ে উঠছে। পুলিশের সঙ্গে খন্ড যুদ্ধ শুরু হয়েছে। অবরোধের ফলে সমস্ত উত্তরবঙ্গে ও ভারতবর্ষের রাজ্যগুলিতে খাদ্য ও নিত্য প্রয়োজনীয় জিনিসের সরবরাহ বিঘ্নিত হচ্ছে। পশ্চিমবাংলার ন্যায় সমস্যাবহুল রাজ্যে এইরূপ আন্দোলন আইন শৃঙ্খলার অবনতি ঘটাবে এবং পশ্চিমবঙ্গ সরকারকে ও বিধানসভা ভাঙ্গবার জন্য কেন্দ্রীয় সরকার একটা অজুহাত খুঁজে পাবে। সেই জন্য এটা আলোচনা করতে দেওয়া উচিত। শুধু তাই নয়, এখন পশ্চিমবঙ্গে ও উত্তরপূর্ব ভারতে একটা গৃহ যুদ্ধের ভূমিকা সৃষ্টি করা হচ্ছে এবং সেইজন্য বলছি এটা আলোচনা করতে দেওয়া উচিত সেদিন আলোচনা করতে দেওয়া হয়নি আজকে আলোচনা করতে দেওয়া উচিত।

**শ্রী প্রবোধচন্দ্র সিংহ :** এটা একটা গুরুত্বপূর্ণ সমস্যা, আমি আপনার কাছে আবেদন করছি অন্তত কিছুক্ষণের জন্য, হাফ অ্যান আওয়ার, এই সমস্যাটা আলোচনা করার জন্য ব্যবস্থা করুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা খুব সেনসিটিভ, আমি নিজেও জানি যে অ্যাডজর্নমেন্ট মোশন ইজ এ ফর্ম অব Censure although I do not share the same view but I share the concern তবুও আমি চাইবো সরকার পক্ষের মাননীয় মুখ্যমন্ত্রী বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ নিয়ে এই বিষয়টা নিয়ে যদি আলোচনা করেন তাহলে বোধহয় আমরা কিছু পথ খুঁজে পেতে পারি। কারণ এর গ্রেভ কনসিকোয়েন্স সম্বন্ধে বিভিন্ন মহলের বিভিন্ন মত আছে কিন্তু একটা জিনিস দেখছি যে বিষয়টা খুব গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর। যদি আপনি সরকার পক্ষকে বলেন, মুখ্যমন্ত্রী নেই, এটা যদি একটু পরামর্শ করেন তাহলে বোধ হয় আমরা নিজেরা কিছুটা আশ্বস্ত হতে পারি যে এটা অন্য রূপ নেবে না যেটা অন্য পথে যেতে চলেছে। এই দিক দিয়ে আমি আপনাকে অনুরোধ করবো।

**মিঃ স্পিকার :** এখানে চিফ হুইপ আছেন, আমি নিজেও একথাটা তাঁকে কনভে করব এবং দেখব যে এটা কিভাবে কি করা যায়।

**শ্রী সুনীতি চট্টরাজ :** আমরাও চাচ্ছি যে আসামের সমস্যাটা মিটে যাক, নো কোশ্চেন অব সিভিল ওয়ার।

## Calling Attention on Matters of Urgent Public Importance

**অধ্যক্ষ মহোদয় :** আমি নিম্নলিখিত বিষয়গুলির উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি।

১। উপযুক্ত পরিমাণ কয়লা দেওয়া সত্ত্বেও বিদ্যুৎ ঘাটতি— শ্রী সুনীতি চট্টরাজ।

২। বর্তমান সরকারের প্রশাসনে খুন, ডাকাতি, রাহাজানি প্রভৃতি ঘটনা বৃদ্ধি পাওয়া— শ্রী সুনীতি চট্টরাজ।

৩। ভেটরীনারী ডাক্তারদের ব্যাপক হারে বদলি করা— শ্রী সুনীতি চট্টরাজ।

৪। মালদহ্ জেলায় কালাজ্বরের প্রসার ও দশ জনের মৃত্যু— শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র।

৫। কলিকাতা হাসপাতালগুলিতে দুরারোগ্য রোগীদের জন্য কোটা রাখার দাবি— শ্রীমতী ছায়া ঘোষ।

৬। সিমেন্ট এর বিলিবন্টনের দুর্নীতি— শ্রী কৃষ্ণদাস রায়।

৭। মেদিনীপুরে টুরিস্ট বাস ও লরিতে ডাকাতি— শ্রী সেখ ইমাজুদ্দিন, শ্রী জন্মেজয় ওঝা।

৮। ডিজেল বিক্রয় বন্ধের হুমকি- শ্রী কাজী হাফিজুর রহমন।

৯। কলকাতার পূর্ব শহতলীর ডি.সি.র বিরুদ্ধে দুর্নীতির আভিযোগ— শ্রী সেখ ইমাজুদ্দিন।

১০। কল্যাণী বিশ্ববিদ্যালয় চত্বরে ১৪৪ ধারা জারি— শ্রী সেখ ইমাজুদ্দিন।

১১। ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীতে কর্মী বিক্ষোভ— শ্রী সেখ ইমাজুদ্দিন।

১২। Proposed for closure of Petrol pumps frðm 1.4.80- Shri Janmejoy Ojha.

আমি মালদহ জেলায় কালাজ্বরের প্রসার ও দশজনের মৃত্যু বিষয়ের উপর শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র কর্তৃক আনিত নোটিশ মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**Shri Bhabani Mukherjee :** 3rd April, 1980

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ মোতাহার হোসেনের দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে জানাই যে, ময়ূরাক্ষী জলাধার থেকে এ বছর খারিফ মরশুমে পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার একর জমিতে জল সরবরাহ্ করার পর মাত্র ৯৭,০০০একর ফুট জল জলাধারে সঞ্চিত ছিল। তাই সিদ্ধান্ত করা হয় যে, শুধু রবি মরশুমেই বীরভূম জেলায় ৪০,০০০ একর এবং মুর্শিদাবাদ জেলায় ২০,০০০ একর জমিতে জল সরবরাহ করা হবে এবং বিভিন্ন প্রচার মাধ্যমে একথা জানিয়ে দেওয়া হয় যে, এ বছর বোরো চাষে কোন জল সরবরাহ করা সম্ভব হবে না। নির্দ্ধারিত কর্মসূচী অনুসারে রবি মরশুমে উক্ত ৬০,০০০ একর জমিতে ২৯.২.৮০ তারিখ পর্যন্ত যথারীতি জল সরবরাহ করা হয়েছে। কিন্তু দেখা গিয়েছে যে, অনেকেই সরকারি নিষেধ সত্ত্বেও জল বোরো চাষের জন্য ব্যবহার করেছেন। এইরূপ

কর্মসূচী বহির্ভূত বোরো চাষের জন্য প্রয়োজনীয় জল ময়ূরাক্ষী জলাধারে নেই। কাজেই এক্ষেত্রে সেচ বিভাগের পক্ষে বোরো চাষের জন্য জল দেওয়া সম্ভব নয়।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ আপনাদের একটা অনুরোধ জানাচ্ছি। চার ঘন্টা লেবারের উপর নির্দিষ্ট হয়েছে আলোচনার জন্য। কিন্তু এটা সংক্ষিপ্ত করতে হবে। কারণ আমাদের গিলোটিন শুরু হচ্ছে সাড়ে ছটায়। অন্তত সাতটার মধ্যে হাউস শেষ করতে হলে বক্তব্য সংক্ষিপ্ত করতে হবে। তা না হলে এটা করা যাবে না। অসুবিধার সৃষ্টি হবে। আজকে যে উল্লেখ বিষয়গুলো আছে, আমি অনুরোধ করব, সদস্যগণ অতি সংক্ষেপে তাঁদের বক্তব্য রাখবার চেষ্টা করবেন।

## MENTION CASES

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৪২/৪ নং আচার্য জগদীশচন্দ্র বসু রোডে একটি পরিচিত জাতীয় পাঠাগার আছে সেটি হচ্ছে প্রজ্ঞানন্দ পাঠগৃহ। বামফ্রন্ট সরকার আসার পর থেকে বারে বারে এই পাঠাগারের আর্থিক সাহায্য প্রাপ্তিতে অনেক রকম অসুবিধা সরকারি দপ্তর করছেন। আর্থিক সাহায্য আসে ভারত সরকার থেকে, পশ্চিমবঙ্গ সরকার সুপারিশ করেন মাত্র। ১৯৭৭-৭৮ সালে অনেকবার তাগাদা দেওয়ার পর কাগজপত্র দিল্লি যায়। এই আর্থিক বছরে দরখাস্ত দাখিল করা হয়েছে আগস্ট মাসে। সরকারি দপ্তর বলছেন দিল্লি কাগজ পাঠিয়েছেন। দিল্লিতেও কাগজ যায় নি এবং এখানেও সরকারি দপ্তর থেকে কাগজ উধাও। পরিকল্পিত ভাবে পাঠাগার বিভাগ এই কাজে বাধা সৃষ্টি করছেন। আমি মন্ত্রী শ্রী পার্থ দে মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-00— 2-10 P.M.]

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখের এবং ক্ষোভের সঙ্গে এই সভায় মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই।

১৮৫৭ সালে ভারতের স্বাধীনতা রক্ষার্থে যে ঐতিহাসিক সংগ্রাম বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজদৌলার নেতৃত্বে পলাশীর প্রান্তরে পরিচালিত হয়েছিল এবং সেই যুদ্ধে দেশপ্রেমিক বীর সেইসব সৈনিকের স্মৃতি স্তম্ভ নেই কেন? আমি দাবি করছি অবিলম্বে পলাশীর সেই নির্দিষ্ট স্থানে বীর দেশপ্রেমিক সৈনিক মীরমদন এবং মোহনলালের স্মৃতি স্তম্ভ অত্যন্ত মর্যাদার সঙ্গে প্রতিষ্ঠিত করা হোক।

**শ্রী বনমালী দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে স্বাস্থ্যমন্ত্রীর নিকট কিছু বলতে চাই।

বীরভূম জেলার নানুর গ্রামে একটা স্বাস্থ্য কেন্দ্র আছে। সেখানে প্রতিদিন ৫০০ লোক চিকিৎসার জন্য আসে আউটডোরে, ইন্ডোর খুললেও রুগীদের সেখানে অপেক্ষা করার স্থান নেই, লাইন দিয়ে রোদে দাঁড়িয়ে থাকতে হয়। ইন্ডোর খুললে রাঁধুনি দরকার তার এখনও এপয়েন্টমেন্ট হয়নি। হাসপাতাল থেকে স্টাফ কোয়াটার দূরে অবস্থিত হওয়ায় কল বুক নিয়ে রাস্তা ক্রস করে আসতে হল নার্স কিম্বা জি.ডি.এ-র নিরাপত্তা ক্ষুন্ন হতে পারে। স্টাফ কোয়াটারে এখনও ইলেকট্রিক কনেকশন দেয় নাই। ইন্ডোরে যে সমস্ত সাজ সরঞ্জাম দরকার

তাও দেওয়া হয়নি। হাসপাতালে কোন অ্যাম্বুলেন্স নাই।

**শ্রী যোগেন্দ্রনাথ সিংহ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় বিভাগের জনৈক কর্মচারী দুর্নীতি ধরিতে গিয়ে কুচবিহার এ.আর.সি.এস কর্তৃক হয়রানি হইতেছে। আলিপুর দুয়ার দু নং ব্লকের কো-অপারেটিভ অডিটর শ্রী মহেশ চক্রবর্ত্তী পূর্ব চেপানী এস.কে.ইউ.এস.লিঃ প্রশাসক নিযুক্তির পর ঐ সমিতির ১ লক্ষ ২০ হাজার টাকা তছরূপের ঘটনা উদ্ঘাটন করায় এবং সোনাপুর এস.কে.ইউ.এস লিঃ এর প্রশাসক সদস্য হিসাবে তাদের বিশেষ প্রচেষ্টায় মাত্র ৬ মাসের মধ্যে ৩০ হাজার টাকা আয় করে এবং ব্যাঙ্কে জমার ব্যবস্থা করে এবং ঐ সমিতি ১৩/১৪ বিঘা জমি যাহা ঐ সমিতির ভূতপূর্ব সম্পাদক নীলাম ডাকে আত্মসাৎ করার ঘটনা উদ্ঘাটন করেন এসব ঘটনায় কায়েমী স্বার্থবাদীরা বিপন্ন বোধ করায় কুচবিহার এ.আর.সি.এস.উক্ত অডিটরকে আলিপুর দুয়ার দু নং ব্লক থেকে ১ নং ব্লকে ট্রান্সফার করে এবং মাত্র ১৭ দিনের মাথায় সুদুর কুমার গ্রাম ব্লকে ট্রান্সফার করে। আরও বহু গুরুতর অভিযোগ আছে। বহু বাস্তু ঘুঘুর সাথে এ.আর.সি.এস যুক্ত। শীঘ্র এই আমলাটিকে বিতাড়নের জন্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী এবং স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অহীন্দ্র সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারী থানার বুনিয়াদপুরের সরকারি স্টোরিং এজেন্ট ২৫০ কুইন্টাল গম বিক্রি করে দিয়ে মেয়ের বিয়ে দিয়েছেন। এর পরে ডিলারগণ ডি ও নিয়ে গেলে গম দেওয়া হয় না এবং এফ.এফ.ডব্লিউ. গমও না দেওয়ার জন্য এফ.এফ.ডব্লিউ এর প্রায় ২২২৫ মেনডেজ কাজ বন্ধ হয়ে গেছে। ঐ স্টোরিং এজেন্ট ইন্দিরা কংগ্রেসের লোক। উক্ত স্টোরিং এজেন্ট এর বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেবার জন্য মুখ্যমন্ত্রী ও খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Md. Ramzan Ali :** Sir, I want to draw the attention of the Chief Minister over the atrocities committed by the D.P.Camp in-charge of Makhanpukur under P.S. Chakulia of West Dinajpur. On 21st of the month while he was returning from an adibashi bustee after drinking the local distilled wine he was highly intoxicated. On the way he caught hold of one Murshed, took him to the camp and assaulted him mercilessly. The Hatt-going people protested. On the protest of the people that very in-charge became furious and fired about 26 rounds from his rifle and people were terrorised.

The created havoc in the area and they also tried to concept a story of attacking the camp involving the people in a criminal case which is totally baseless and false. Therefore, I request the Minister concerned to take immediate action over the issue. A letter has already been submitted to the Hon'ble Chief Minister for taking necessary action.

Thank you.

**শ্রী সন্তোষকুমার রাণা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি

আপনার মাধ্যমে এই সভার এবং সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, গত কাল আমাদের পার্টি— সি.পি.আই.(এম.এল.)-এর নদীয়া জেলা কমিটির সম্পাদক সমর পালচৌধুরী কে খুন করা হয়েছে। শিয়ালদহ থেকে কৃষ্ণনগরের দিকে যে লোকাল ট্রেনটি যায় সেই লোকাল ট্রেনে তিনি বাড়ি ফিরছিলেন। সেই সময় ব্যারাকপুর স্টেশান পার হয়ে যাওয়ার পর ট্রেনের মধ্যেই কংগ্রেস(ই) এর গুন্ডারা তাকে খুন করে এবং খুন করে তাকে গাড়ির নিচে ফেলে দেয়। যে গুন্ডারা খুন করেছে তারা আনন্দ মোহন বিশ্বাসের লোক। তাদের নাম হচ্ছে সাধন, মন্টু ঘোষ, তাদের চেনাও গিয়েছে। ট্রেনের লোক রেজিস্ট করার চেষ্টা করে কিন্তু যেহেতু তাদের কাছে ফায়ার আর্মস ছিল তারা টেরোরাইজ করে এবং সেই লোকজনদের বাধা দেয়। দিনের বেলাতেই এইরকম একটা ঘটনা ঘটে গলে, একটা পার্টির লিডারকে এইরকমভাবে খুন করা হল। স্যার, এটা কোন ছোটখাট ঘটনা নয়, একটা সাংঘাতিক বিপদ এর মাধ্যমে আসছে। একটা ফ্যাসিস্ট আক্রমণ সামগ্রিকভাবে পশ্চিমবাংলার মানুষের উপর কংগ্রেস নামিয়ে দেবার যে চেষ্টা করছে এটি তারই একটি প্রমাণ। আমি আশা করছি রাজ্য সরকারের পক্ষ থেকে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে এবং পশ্চিমবাংলার সমস্ত গণতান্ত্রিক মানুষ আক্রমণ প্রতিরোধ করতে এগিয়ে আসবেন, ঐক্যবদ্ধ হবেন।

**ডাঃ বিনোদবিহারী মাজি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনৈক ডাক্তারের উপর দুষ্কৃতকারী কিছু কংগ্রেস কর্মী পুলিশের সহযোগিতায় কি নির্মম অত্যাচার করেছে তারই একটি ঘটনার কথা উল্লেখ করতে চাই। স্যার, নদীয়া জেলার ইন্দপুর ব্লকের হরিডি গ্রামের একজন স্থায়ী বাসিন্দা ডাঃ গণেশ চন্দ্র হাজরা, উক্ত থানার জামমুড়ি গ্রামে বহুদিন যাবত ডাক্তারি করে আসছিলেন। গত পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেস প্রার্থীদের সমর্থন না করার জন্য গত ৩.৭.৭৮ তারিখে রাত্রি ২।। টার সময় কয়েকজন দুষ্কৃতকারী তাঁর ডাক্তারখানা পুড়িয়ে দেয়। ডাঃ হাজরা ও.সি. এস.পি. ডি.এম. কে জানান কিন্তু কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তারপর তারা আবার উত্তেজিত হয়ে গত ১৯.৯.৭৯ তারিখে রাত্রি ১।। টার সময় তাঁর ডাক্তারখানা সম্পূর্ণভাবে পুড়িয়ে দেয়, ফলে ডাক্তারখানা ঔষধপত্র নষ্ট হয়ে যায়। ও.সি. এস.পি, ডি.এমকে জানান হয়েছে, মাননীয় মুখ্যমন্ত্রীকেও জানান হয়েছে কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। তিনি বাধ্য হয়েছেন সেই গ্রাম ছেড়ে তাঁর বাড়িতে চলে আসতে এবং তিনি ডাক্তারখানাও বন্ধ করে দিয়েছেন। তিনি একটি দরখাস্ত দিয়েছেন সেটা স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে দিচ্ছি এবং অনুরোধ করছি, অবিলম্বে যেন তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জাতীয়তাবাদী একটি সংস্থার উপর এই সরকার কিভাবে অত্যাচার চালাচ্ছেন তারই একটি দৃষ্টান্ত আপনার মাধ্যমে এই সভায় তুলে ধরছি। স্যার, সংস্থাটির নাম হচ্ছে প্রজ্ঞানন্দ পাঠগৃহ। যখন প্রশান্ত শূর মহাশয় কলকাতা কর্পোরেশনের মেয়র ছিলেন সেই সময় এই সংস্থাটি যে প্লট অব ল্যান্ডের উপর আছে সেই প্লট অব ল্যান্ডের লিজ ক্যানসেল করে দিয়ে সি.পি.এম-এর একটি অর্গানাইজেশন এর নামে সেই লিজ করে দিয়েছিলেন। কংগ্রেস সরকার আসার পর সেটা আবার নাকচ করে এই অর্গানাইজেশনের নামেই সেই লিজ দেওয়া হয়। স্যার, এইরকম একটি চ্যারিটেবল

ইন্সটিটিউটশনকে সাধারণভাবে ইলেকট্রিকসিটি ডিউটি দিতে হয়না কিন্তু সেইভাবে দরখাস্ত করা সত্বেও অর্থমন্ত্রীর কাছ থেকে কোন সুরাহা পাওয়া যায়নি। অনেক দরখাস্ত এবং অনুনয় বিনয় করার পর ৪টি মিটারের মধ্যে মাত্র একটির যাতে ইলেকট্রিক ডিউটি দিতে না হয় তার ব্যবস্থা করা হয়েছে কিন্তু বাকি তিনটি মিটারের উপর ইলেকট্রিসিটি ডিউটি মুকুব করার কোন ব্যবস্থা করা হয়নি। এই পাঠগৃহকে যে গ্র্যান্ট সরকারের তরফ থেকে দেওয়া হয়— শিক্ষা দপ্তর থেকে— সেই গ্র্যান্টও দেওয়া হচ্ছে না। তাঁরা মাননীয় শিক্ষামন্ত্রী শ্রীপার্থ দে মহাশয়ের কাছে বারবার অনুনয় বিনয় করেছেন কিন্তু কিছু হয়নি। যাতে তারা সরকারের কাছ থেকে তাদের ন্যায্য পাওনা পান এবং তাদের উপর যাতে কোন অন্যায় অবিচার করা না হয় সেটা দেখবার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করছি এবং তাঁদের একটি দরখাস্ত আপনার কাছে জমা দিচ্ছি।

[2-10— 2-20 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য রমজান আলি সাহেব যে কথা উল্লেখ করলেন তার সঙ্গে এই টেলিগ্রামে বিষয়টিতে একই ঘটনার উল্লেখ আছে কিনা আমি জানিনা—আমি শুধু টেলিগ্রামটি আপনার কাছে পড়ে দিচ্ছি।

on 21.3.80 at about 3.15 p.m. four AP of Makhan Pokhar P.S.Chakulia West Dinajpur forcibly and illegally arrested four innocent persons of Kona and issued iacdom at 23-26 percent rounds fire two persons received serious injuries 746 panic and havoc situation is prevailing in the locality required immediate protection of local people...

স্যার, এই জায়গায় মানুষজনের উপর একটু অত্যাচার হয় সব সময়। আমি অন্যান্য ব্যাপারে দেখেছি আপনি এগুলি পাঠিয়ে দেন এবং এর প্রতিকার পেয়ে থাকি। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন বিষয়টি ভাল ভাবে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন। আমি আপনার কাছে টেলিগ্রামটি পাঠিয়ে দিচ্ছি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট একটি অভিনব চুরির পদ্ধতি উপস্থিত করছি। এই অভিনব পদ্ধতি পশ্চিমবাংলার অন্যান্য জায়গায় আছে কিনা আমি জানি না, কিন্তু আমার এলাকায় এই পদ্ধতিতে চুরি হচ্ছে। গত ১২.৩.৮০ তারিখ রাত্রে ভগবানপুর থানার ২ নং ব্লকের অন্তর্গত ইক্ষুপত্রিকা গ্রামের অধিবাসী শ্রী গোপীনাথ করণ মহাশয়ের ধান ভাঙা মূল্যবান পার্টসগুলি চুরি যায়। পরদিন সকালে মালিক ঐ মেশিন ঘরে একটি চিঠি কুড়িয়ে পায়। লেখকের নাম নেই। তাতে লেখা ছিল ঐ ভগবানপুর থানার ২নং ব্লকেরই অধীন গড়বাড়ী গ্রামের অধিবাসী শ্রী বাদল চন্দ্র প্রধানের নিকট অনুসন্ধান করলে শ্রী করণ মহাশয়ের মেশিনের পার্টসগুলি পাওয়া যাবে। তখন সে ঐ বাদল প্রধানের কাছে যায়। তার কাছে জানতে পারে যে শ্রী প্রধানেরও মেশিনের মূল্যবান পার্টস এইভাবে চুরি করে নিয়ে গেছে। যে লোকটি পার্টস ফিরিয়ে দিয়েছিল ২হাজার টাকার বদলে শ্রী প্রধান তার নামটি বলে দিল। তখন সে তার কাছে যায়। সে বলল ঠিক আছে ভগবানপুর থানায় তোমার মাল চুরি হয়েছে খেজুরী থানায়

তোমার মাল সাপ্লাই দেব ১৫০০ টাকা দিতে হবে। তখন সে নিজ মাল উদ্ধার করবার জন্য খেজুরী থানার একটি নির্জন গ্রামে গিয়ে গভীর রাত্রে ১৫০০ টাকার বিনিময়ে তার সমস্ত মালপত্র ফিরে পায়। একটা জিনিস দেখা যাচ্ছে ৭/৮ বছর ধরে এক জায়গায় মেশিন চুরি হচ্ছে আর অন্য থানায় টাকার বিনিময়ে মাল ডেলিভারী দেওয়া হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি এই জিনিসগুলি যে ঘটে যাচ্ছে তার কোন সুরাহা হচ্ছে না, চোরকে ধরতে পারা যাচ্ছে না। চোরকে ডিটেক্ট করতে পারা যাচ্ছে না। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব আপনি স্পেশ্যাল ইনটেলিজেন্ট ব্রাঞ্চকে দিয়ে এগুলি ধরার ব্যবস্থা করুন। যেখানে চুরি হয়ে গেছে তার ঠিকানা বলে দিলাম, সেখানে যোগাযোগ করলে প্রত্যেকটি জিনিস বেরিয়ে যাবে বলে আমি মনে করি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমতলার উপর একটি হাসপাতাল তৈরি হচ্ছে। হাসপাতাল হোক এটা আমরা সকলেই চাই। হাসপাতালের জন্য যেখানে মাটি ফেলা হচ্ছে সেই হাসপাতালের জায়গা অধিগ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী প্রভাস রায় মহাশয় ৪০০ পুলিশ বাহিনী নিয়ে সেখানকার ৮জন লোকের বাড়ি ঘর ভেঙ্গে দিয়েছে। সেখানে একজন সংখ্যালঘু সম্প্রদায়ের লোক ছিল। ভিক্ষা করাই হচ্ছে তার একমাত্র উপজীবিকা এবং তার ঘরটি ভেঙ্গে দেওয়া হয়েছে। জোর জবরদস্তি করে মন্ত্রী নিজে উপস্থিত থেকে ৪০০ পুলিশ নিয়ে ৮জন লোকের ঘর ভেঙ্গে দেওয়া হয়েছে। এই ব্যাপারে এস.পি.,ডি.এম.কে ম্যাপ দেখিয়ে বলতে চেয়েছিলাম যে জায়গাটিতে রেল থেকে ওদের সেটেলমেন্ট দিয়েছে। এই বছর রেল থেকে লাইসেন্স ফি নেবার পরে তাদের নোটিশ দেওয়া হল না, কয়েকশত পুলিশ নিয়ে গিয়ে দিনের বেলায় তাদের বাড়িঘর ভাঙ্গতে আরম্ভ করে দিলেন স্বয়ং মন্ত্রী উপস্থিত থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পারসোন্যালি ডি.এম.কে বললাম এবং ডি.এম.কে দেখলাম ম্যাপস এ্যালং উইথ দি লাইসেন্স ফি ডিপোজিটেট দিস ইয়ার টু দি রেলওয়ে ডিপার্টমেন্ট আপনি এই ভাঙ্গাটা বন্ধ করুন। তিনি বললেন আমি ভাঙ্গা বন্ধ করতে পারব না, কারণ মন্ত্রী বলেছেন— মন্ত্রী যেখানে উপস্থিত আছেন সেখানে আমার কোন ক্ষমতা নেই। আই.এ.এস.অফিসার বেছে বেছে নিরপরাধ লোকদের ঘর ভেঙ্গে দিল। আমি মুখ্যমন্ত্রীকে বলব এই বিষয়ে তিনি যেন তদন্ত করেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জুনিয়ার হাইস্কুলগুলিকে গ্রান্ট ইন এড দেবার যে ব্যবস্থা করেছেন তা ভাল করেছেন। তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তা করতে গিয়ে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সর্বনাশ সাধন করা হয়েছে। প্রত্যেক জুনিয়ার হাইস্কুল একজন করে পিওন স্যাংশন করেছেন কিন্তু একজন পিওনে হয় না বলে সেখানে আরও পিওন ছিল। এখন সেখানে যে অন্যান্য পিওন ছিল তাদের মাইনে বন্ধ করে দেওয়া হয়েছে, তারা মাইনে পাচ্ছে না। এই রকমভাবে গোটা পশ্চিমবাংলায় কয়েক হাজার কর্মচারী তারা মাইনে পাচ্ছে না। এই রকম একটা ঘটনা আমাদের মেদিনীপুর জেলার পাথরবেড়িয়া জুনিয়ার হাইস্কুল ঘটেছে। ঐ স্কুলের পিওন নাম ভূষণ পাত্র সে মাইনে পাচ্ছে না। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে এ বিষেয়ে একটু বিবেচনা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী হাবিবুর রহমন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন দীর্ঘ দিন ধরে সারা

পশ্চিমবাংলায় যে সময়ে চারিদিকে কেরোসিনের হাহাকার চলছে আকাশচুম্বী চিনির বাজারকে নিয়ন্ত্রিত করার জন্য কেন্দ্রীয় রেশনে চিনি সরবরাহ করছেন পশ্চিমবঙ্গ সরকারকে গরিব শ্রমিকদের মুখে অন্ন জোগাবার জন্য কাজের বিনিময়ে খাদ্য সরবরাহ করছেন সেই সময়ে দেখা যাচ্ছে সি.পি.এম.-এর প্রধান ও কমরেড পান্ডাদেরকে তেল, চিনি প্রভৃতি ব্ল্যাক করার ব্যাপারে ডিলারদেরকে মদত দিয়ে যাচ্ছে। মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার হজবিবিডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের এম আর ডিলার মুবাদ আলি প্রায় ৯ মাস আগে কেরোসিন তেল ব্ল্যাক করতে গিয়ে আমাদের লোকদের কাছে হাতে-নাতে ধরা পড়েন। তেল সহ তাকে ধরে তাকে অঞ্চল প্রধানের কাছে নিয়ে যায়। প্রধান তাকে ৫০ টাকা জরিমানা করে ছেড়ে দেন। জনসাধারণ এতে সন্তুষ্ট না হতে পেরে উক্ত ডিলারকে থানায় হাজির করেন। তখন প্রধান এসে ডিলারের পক্ষ অবলম্বন করে থানায় গিয়ে আমাদের ছেলেদের উপর ছিনতাইয়ের কেস করেন। কেস এখনও চলছে। গত ২০.৩.৮০ তারিখে উক্ত ডিলার পাঁচগ্রামের মোড়ের দোকানদার আতাহার সেখের কাছে ১ বস্তা রেশনের চিনি ব্ল্যাক করায় জনসাধারণ অভিযোগ করেন। পরের দিন ২১.৩.৮০ তারিখে উক্ত ডিলার মুবাদ আলি কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের ৪ কুইন্টাল ২৫ কে.জি. আতপ চাল হজবিবিডাঙ্গা গ্রামের মাইজাদ্দিসের মারফত পাঁচগ্রামের দক্ষিণ মোড়ে পাঠান। জনসাধারণ ধরে থানায় খবর দেন। পুলিশ চাল সহ আসামিকে ধরে নিয়ে যায় কিন্তু পরের দিন গ্রামপ্রধান ও সি.পি.এম-এর পান্ডারা থানায় চাপ সৃষ্টি করতে থাকেন এবং পুলিশ ওদের চাপে ও ভীত হয়ে আসামিদের ছেড়ে দিতে বাধ্য হয়। স্যার কালোবাজারি ডিলারদের সি.পি.এম প্রধান ও পান্ডারা যদি এইভাবে প্রশ্রয় দেয় তাহলে কালোবাজারি ব্যাপক রূপ নেবে ও জনসাধারণের দুর্ভোগ ক্রমশ বাড়তে থাকবে। এ জিনিস কঠোর হস্তে বন্ধ করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি।

[2-20— 2-30 P.M ]

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker Sir, there is only one man in the house who is supreme-that is you Sir. But whenever we rise to speak it seems there are so many speakers. Whenever any debate takes place and we take part in that there are so many speakers to disturb and give ruling. You should be the only man to give ruling.

কিন্তু আমার বন্ধুরা এই ভাবে আমাকে ডিসটার্ব করছে, এটা আপনি বন্ধ করবেন। স্যার, আমরা যখন অপোজিশান বেঞ্চ থেকে ডিবেট করি, আমাদের রং হোক, আর রাইট হোক This upto you to decide. We shall always abide by your ruling. But why this distrubance

**মিঃ স্পিকার ঃ** I shall not allow anybody to disturb another.

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি। ১৯৭৮ সালে যে মাধ্যমিক পরীক্ষা হয়েছিল, তার ভিত্তিতে যে সব ছেলেরা ন্যাশানাল স্কলার শিপ পেয়েছে তার মধ্যে একজন কনক বসু রায়, তিনি একটা দরখাস্ত দিয়েছেন আমার কাছে এবং বলেছেন যে অনেক ঘোরাঘুরি করেও আজ পর্যন্ত তিনি সেই স্কলারশিপের টাকা পান নি। কয়েকবার কাউন্সিল হাউস স্ট্রীটের ডেপুটি ডিরেক্টার অব

পাব্লিক ইনস্ট্রাকশনের কাছে যান। সেখানে গিয়েও টাকার কোন সুরাহা করতে পারেনি। সেই লিখছে যে কাউন্সিল হাউস স্ট্রীটে গিয়ে টাকার কথা জিজ্ঞাসা করলে সেখানে কর্মচারীরা তাকে বলে যদি টাকা পেতে হয় তাহলে আগে কিছু টাকা এখানে ঢালো। এই রকম দুর্নীতি সেখানে চলছে। ১৯৭৮ সালের যে সব ছেলেরা স্কলারশিপের টাকা পাবে, তাদের টাকা অবিলম্বে দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার ২২তারিখে সাড়ে পাঁচটার সময়ে বারাসাতে সি.পি.আই.এম.-এর নেতা কদমগাছি স্কুলের কাছে যখন গিয়েছিলেন তখন ঐ স্কুলের হেড্ মাস্টার এবং মুসলীম লীগ যৌথ ভাবে তাকে এবং মোকাব্বার বলে একজন কৃষক সমিতির কর্মীকে এমন ভাবে মেরেছে যে মোকাব্বার হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে এবং কমরেড শ্যামল ব্যানার্জ্জীর অবস্থাও সেই রকম। অথচ পুলিশ সেই স্কুলের হেড্ মাস্টার, যিনি কংগ্রেস (আই)-এর নেতা আমেদ হোসেনকে এখনও গ্রেপ্তার করেনি। সে জন্য যারা কমরেড শ্যামল ব্যানার্জ্জীকে আহত করেছেন, আমি সেই সমস্ত দুষ্কৃতকারীদের অবিলম্বে গ্রেপ্তার করার জন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একজন অনাথা নারী রাবেয়া বেওয়ার কথা জানাতে চাই। আপনি জানেন যে রানাঘাটের পাতিগাছিতে যে বাস দুর্ঘটনা হয়েছিল, তারপরে সরকারের তরফ থেকে মৃত পরিবার বর্গের সাহায্যের কথা বলা হয়েছিল। কিন্তু দেখা যাচ্ছে যে মৃত বদরুদ্দিন মন্ডল এবং আরো মুর্শিদাবাদ জেলার ২/৩জন তারা মৃত বলে ঘোষিত হয়েছে এবং কাগজেও বেরিয়েছে। আমার কাছে কাগজ আছে, থানার ও.সি. বলেছেন এবং পোস্ট মর্টেম হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে বদরুদ্দিন মন্ডল এবং আরো ২জন, যাদের কথা আমি জানি, তাদের অনাথা বিধবারা ঘুরে ঘুরে বেড়াচ্ছেন, কোন সরকারি সাহায্য পাচ্ছেন না। মুর্শিদাবাদের জেলা শাসকের কাছে যে তালিকা গেছে সেই তালিকায় তাদের নাম নেই এবং এরা এত দরিদ্র যে জেলা শাসক এবং অফিসার মহলে তাদের ঘোরাঘুরি করা সম্ভব নয়। আজকে তাদের আত্মীয়রা আমাদের এখানে এসেছেন। আমি আপনার কাছে দাবি জানাচ্ছি যে সরকারের তরফ থেকে বহু ঢক্কানিনাদ করে ঘোষণা করা হয়েছিল যে নিহত পরিবার বর্গদের আর্থিক এবং অন্যান্য সহায়তা দেওয়া হবে। সেই সহায়তা করার ব্যবস্থা অবিলম্বে করা হোক। আমি তাদের আবেদন পত্র আপনার কাছে উপস্থাপিত করছি। আপনাকে দায়িত্ব নিয়ে এই সম্পর্কে মন্ত্রী মহাশয়কে সচেষ্ট করতে হবে।

**শ্রী শান্তিরাম মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন যাবত সমগ্র পুরুলিয়া জেলাতে ব্যাপক ভাবে জলের কষ্ট দেখা দিয়েছে। গ্রামের বেশির ভাগ পুকুর, জলাশয় এবং পানীয় জলের উৎসগুলি শুকিয়ে গেছে। পুরুলিয়া জেলার এই খরা মোকাবিলা যদি না করা যায়, সেচের জল এবং পানীয় জলের ব্যবস্থা যদি না করা যায় তাহলে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। সেই জন্য আমি মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তাঁরা পুরুলিয়া জেলার এই খরাকে মোকাবিলা করুন, এবং সেখানকার সাধারণ মানুষ যাতে পানীয় জল পায় তার ব্যবস্থা করুন।

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে কি বারাসাত এবং বনগাঁ এই দুটি সাবডিভিসনে বর্তমানে ভয়াবহ খরা চলছে। তার ফলে সেখানকার হাজার হাজার বিঘা জমিতো শুকিয়ে যাচ্ছে। যে সব ডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েলগুলো রয়েছে, সেইগুলো অকেজো হয়ে রয়েছে। ডিপ টিউবওয়েলগুলো থেকে জল উঠছে না এবং যে সব ডিপ টিউবওয়েলগুলোর ট্রান্সমিটার চুরি হয়ে গেছে, সেখানে নুতন করে না ট্রান্সমিটার বসানোর ফলে, সেইগুলো কাজ করছে না। আর শ্যালো টিউবওয়েলগুলো ডিজেলের অভাবে চলছে না। এর ফলে হাজার হাজার বিঘা জমির ক্ষতি হচ্ছে। এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার :** বিধানসভার নিয়মাবলী অনুযায়ী সন্ধ্যা ৭।টা পর্যন্ত সভার কাজ চলার কথা। ৬।টার সময় গিলোটিন প্রয়োগ করার কথা আমি ঘোষণা করছি।

## VOTING OF DEMANDS FOR GRANTS

## DEMAND NO. 42

**Major Head :** 287 Labour and Employment.

**Shri Krishna Pada Ghosh :** Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.5,41,24.000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "287-Labour and Employment".

## DEMAND NO. 46

**Major Heads :** 288-Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), and 688-Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes).

**Shri Krishna Pada Ghosh :** Mr. Speaker, Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 45,92,93,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads : "288-Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes), and 688-Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes)."

Printed Speech of Shri Krishna Pada Ghosh is taken here as read.

Mr. Speaker, Sir,

2. As in the past, we have placed before the Hon'ble Members the document "Labour in West Bengal" for the year 1979 wherein we have outlined in detail our efforts in the previous year towards attainment of the avowed objectives of the Left Front Government of maintaining industrial harmony, ensuring a fair deal for the working class and of stepping up the efforts in the fields of industrial safety, social security, labour welfare and employment. Before I proceed to dwell on the salient features of our aims and achievements during the year, I would like to draw the attention of the Hon'ble Members to the steps initiated by us in the previous years towards reorienting the labour policy and programme in the interest and for the betterment of the working class who had earlier suffered under the old order or large-scale victimisation and exploitation and had been smarting under feelings of strong discontent and resentment mainly due to a shrinkage of outlets for ventilating their grievances.

3. The theory propounded in certain quarters that industrial production and growth the impeded only by the so-called industrial unrest, the working class unity and the struggles they wage for betterment of their living conditions and wages, and more often than not for their basic existence and work, is but a malicious attempt to malign working class unity and cover up the machinations of capitalist managements. The uneasy relation between the workers and the employers is the result of basic contradiction inherent in a class-society like ours which sanctifies the private ownership of the means of production. The source of unrest lies in the very mode of production which is profit-oriented and thrives at the expense of toil and bold of the workers. We, of course are committed to the view that the man behind the machine is important and not the machine itself. Growth is not an end in itself; it is the means to ensure better living for the toiling masses. It has accordingly been our endeavour to ensure appropriate and better share of production to the workers, to restore and protect their democratic rights, and to curb the arbitary rights of employers to hire and fire. We have sought to ensure freedom of trade union functioning for everybody and to discourage all attempts and methods that tend to interfere in trade union movements.

4. In the context of necessary measure taken to implement the above policy decisions the year under review has a significant achievement in bringing about economic uplift and better service conditions of thousands of industrial workers in West Bengal. The Government's Policy of encouraging collective bargaining as a mode of settlement of disputes yielded satisfactory results. As will be evident from the statistical data

given in detail in "Labour in West Bengal 1979" a number of industry-wise settlements and hundreds of unit-wise settlement involving some big industries were effected during the year, as a result of which substantial benefits in various forms accrued to the workmen concerned.

5. There has been no noticeable prologned work-stoppage in any major industry during the period under review. As a matter of fact there was a significant decline in incidence of work-stoppage. Also, there was an appreciable fall in cases of closure, lay-off and retrenchment. During the year 1979 there were 145 cases of strike and 151 cases of lock-out in 1978. During the year 4,587 men were affected by closure of 73 units against 6,289 men of 102 units in 1978. 1,120 persons were retrenched in 78 cases during 1979 as compared to 2,109 persons in 96 cases during the previous year. 65,551 workmen were laid of for varying periods during the year in 199 cases of lay-off as against 240 cases affecting 91,797 men in 1978.

6. However, the major problem confronting the workers has been the maintenance of the real value of the benefits earned through continuous struggles, the problem of maintaining their purchasing power. It has to be appreciated that in a situation of constantly high inflationary pressures, the workers do not get in real terms even which has been achieved through settlements. The process of income redistribution operates in the reverse gear in its wake. The inevitable consequence is further accentuation of the already existing social inequalities.

7. I would like to impress upon the Hon'ble Members that for a proper appraisal of the present situation in the field of industrial relations in the State which we have so far been able to keep on an even keel, it is necessary to focus attention on the deepening socio-economic crisis the country is beset with and the sharp rise in the prices of basic and essential commodities caused by the policies vigorously pursued by the Central administration. These factors taken together have created a situation even agreements and settlements are becoming meaningless and at best are palliative measures in an otherwise unstable situation. Due to significant erosion in the value of their real wages as also due to shrinkage of employment potentiality the workers are virtually rendered defenseless in such a situation. This situation is thus exploited by the employers and they are trying to resort to their traditional methods of anti-working class policy. The entire burden of the crisis is thus sought to be passed on to the working class in various ways in the shape of wage-freeze, automation, change of work-norm and work-pattern, etc. Increasing the worked in various ways without changing the method of production has been the latest sinister design of the employ-

ers. In such a situation the workers are bound to be restive and to resist the new onslaughts on their living and working conditions on a united platform.

8. Keeping in view the factors referred to above and the need to provide the necessary corrective measures two committees have been set up for examination of workload and introduction/revision of grades and scales of pay of workers in both the Jute Industry and in the Cotton Textile Industry to start with.

9. As in the previous years general guidelines were formulated by Government in the Labour Department governing payment to bonus prior to the Pujas in 1979. In general, payment of bonus to the industrial workmen was, more or less satisfactorily resolved in most cases following these guidelines. The provisions of the Payment of Bonus Act have been made applicable to all establishments in the Cinema Industry engaged in production, distribution or exhibition of films which employed less than twenty but not less than ten persons from the year under review.

10. The State Government propose to bring in suitable amendments of important labour laws. A proposal to amend the Industrial Disputes Act, 1947, in its application in West Bengal to bring persons employed in supervisory capacity and drawing wages up to Rs. 1,000 p.m., by way of amendment of the definition of "Workman" has already been referred to the Government of India. It has also been decided in principle to amend the provisions of West Bengal Shops and Establishment" with a view to bringing within its fold a large number of establishments.

11. Effective steps were taken by the State Government for enhancing wage rates improving other conditions of service of the employees in the unorganised sectors as well. During the period under review minimum rates of wage were fixed/revised in respect of eight employments. Their working hours, rates of overtime wages, etc., were also specified.

12. During the period under review a large number or undertaking including various Chambers of Commerce were brought within the purview of the West Bengal Workmen's House Rent Allowance Act, 1974. As such the benefit of payment of house rent allowance has been extended to largest section of the workmen.

13. The West Bengal Labour Welfare Board has intensified its efforts for promoting activities connected with the welfare or workers

such as opening of community and social education centres, games and sports, excurtion and tours, entertainments and other forms of recreational activities.

14. In accordance with the decisions of the State Advisory Contract Labour Board, the State Government moved the Central Government, with the proposal for bringing in suitable amendments to the Contract Labour (Abolition and Regulation) Act, 1970, providing for absorption of the contract labour rendered surplus consequent on the issuance of the order prohibiting employment of contract labour. The State Government have set an example in deciding to abolish in phases the system of engaging contract labour for any perennial type of work in State Government Establishments Undertakings and the gradual absorption of contract labour rendered surplus in the process in regular establishments. A large number of casual workers who had been in employment in that capacity in State Government Establishments/Undertakings as on the 3rd August, 1979 and has rendered a certain qualifying period of service have also been greatly benefited in the context of the Government order issued for regularising their services and/or their absorption against regular vacancies.

15. The problem of massive urban unemployment in the State cannot be tackled overnight. Till as long as there is no fundamental restructuring of the Indian economy, there can be no enduring solution to the problem of unemployment and under-employment. Because of historical specificity, the problem has emerged in its acutest form in West Bengal. The shrinkage of employment potentiality in this State is mainly due to the policy being pursued by the monopoly houses and multinational corporations who have dominated the industrial sector. They have followed the traditional mode of exploitation, have extracted profits out of this State and have not ploughed back even a fraction of the fruits of their exploitation. Nevertheless, due to the recruitment policy being pursued by the State Government it has been possible to place more than 15,000 unemployed persons in employment through the Employment Exchange during the period under review. With the re-orientation of Employment Exchanges as a neutral channel for the provision of suitable persons for employment as also in response to the introduction by the State Government of the Unemployment Assistance Scheme, there has been a significant rise in the member of registered unemployed persons in the State. The State Government's decision to cover all the Blocks and Subdivisions in the matter of extending the employment service in a phased manner is under implementation. It is expected that by the next financial year (1980-81) all the subdivisions in the State will

be covered by Employment Exchanges.

16. A Tripartite Committee has been set up with the object of implementing the methods of recruitment in the Haldia Complex.

17. The decision of the State Government to introduce the Unemployment Assistance Scheme is in consonance with the Directive Principles of State Policy referred to in Article 41 of the Constitution. The scheme has the excellent potentiality of relating a redistributive character of State Policy referred to in Article 41 of the Constitution. The scheme has the excellent potentiality of relating a redistributive character of State policy with the process of growth. The State Government is, therefore, making a special effort in devising the organisational arrangements through which the beneficiaries under this scheme can be linked up with the various development programmes being carried out in both urban and rural areas. With this end in view a State Level streering Committee has been constituted with the Chief Secretary as its Chairman and Secretaries of various Government department in this connection is that the beneficiaries under the scheme will be allowed to receive an additional amount of Rs. 200 for one hundred days' work in a year in any scheme sponsored by the State Government, in the shape of remuneration. During the year under review, in all, 2.15 lakhs unemployed persons have been brought under the coverage of the Unemployment Assistance Scheme which was launched in 1978.

18. Besides the normal vocational and apprenticeship training, which are being continued, Advanced Vocational Training System for special training on a modular form has been introduced at ITI, Durgapur, in collaboration with UNDP and ILO. A seven-member Review Committee has been set up by the State Government for the purpose of reorganisation and revitalisation of the present set up of the Training Directorate.

19. It has not yet been possible to bring about the desired level of improvement in the existing arrangements for rendering medical care and attendance to the beneficiaries under the ESI Scheme. However, some important suggestions since made in this respect by the High Power Committee constituted for the propose are being examined. Acute shortage of nursing personnel, which is an All-India feature, is a notable constraint. Non-availability of adequate number of suitably qualified and experienced non-medical technical personnel also poses some problems. Difficulties due to dearth of medical officers have eased to some extent with the setting up of a separate cadre of ESI Medical Officers.

20. Non-availability of medicines round the clock is one of the sore

points in the administration of the ESI (MB) Scheme. By staggering the working hours of the new RBOs., eight of which have already started functioning during the year, it has been possible to meet the long-felt need of the IPs of some areas. With the opening of a few more RBOs with staggered working hours it will be possible to supply medicines to a larger number of beneficiaries round the clock.

21. It has since been possible to extend hospitalisation facilities to the family members of the insured persons of Budge Budge and Mahestola areas by commissioning all the beds in the ESI Hospital at Budge Budge. To extend similar facilities in other implemented areas steps have been taken to construct a 300-bedded ESI Hospital at Shyamnagar (24-Parganas—North) and a 250-bedded hospital at Joka (24Parganas—South). The 250-bedded hospital at Bandel is likely to be commisioned within this year. Administrative arrangements are under way for extension of the ESI Scheme to Asansol and Ranigunge in Burdwan district. The 150-bedded hospital building at Asansol is completed and the scheme will be in operation in these areas with the service-system during 1980. It is also proposed to cover a few selected areas during the year 1980 with Service Dispensaries. The Nurses' Training School at Budge Budge which was set up in 1978 will release its first batch of 49 trained ANMs in 1980. Steps are being taken to start a Nurses' Training School at Manicktala ESI Hospital for training of staff nurses.

22. Before I concluded, I would like to invite the attention of the Hon'ble Members once again to the striking features of the present crisis-situation and the sinister designs of the traditional exploiters in this context. It is needless to elucidate here the depth of the socio-economic crisis the country has been plunged into. The alacrity with which trade unions of all shades of opinion have joined hands to meet the challenge, to resist the impending onslaughts on their living and working conditions and democratic rights shows the awareness of the entire working class about the gravity of the situation and the danger that uses to the class. The organised and matured trade union movement cannot but take note of the nefarious attempts on the part of the forces of reaction to divert the working class movement against the popular Left Front Government in this State. The working class is bound to wage a relentless war against all these moves and organise resistance movements on a united platform to defend their economic interests and democratic rights and to extend them further

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

[ 26th March, 1980 ]

**Mr. Speaker :** There are cut motions on Demand No. 42 which are in order.

**Shri Sasabindu Bera:** Sir, I beg to move that the amount of the damand be reduced to Re.1/-

**Shri Balailal Das Mahapatra :** Sir I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-

**Shri A.K.M.Hasaan Uzzaman :** - Do -

**Shri Renupada Halder :** - Do-

**Shri Bijoy Barui :** - Do -

[2-30—2-40 P.M.]

**শ্রী কিরন্ময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৮০-৮১ সালের শ্রম দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন, সে সম্পর্কে আমি সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই।

পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ায় সাথে সাথে তাঁরা পশ্চিম বাংলার শ্রমিকদের ক্ষেত্রে এবং শিল্পের ক্ষেত্রে কিছু কিছু নতুন কার্যসূচী গ্রহণ করেছেন। যে সমস্ত লোকেরা বেকার আছে, যাদের কর্ম সংস্থান হতে পারছে না, তাদের জন্য বেকার ভাতার ব্যবস্থা করেছেন। এবং শিল্প ক্ষেত্রে শ্রম বিরোধ মেটাবার জন্য আইন প্রণয়নের মাধ্যমে শ্রমিক অসন্তোষ কিছু কিছু কমাবার ব্যবস্থা করেছেন। জেনারেল বাজেটের উপর আলোচনার সময় আমি বামফ্রন্ট সরকারের বেকার ভাতা দেওয়ার দৃষ্টিভঙ্গী এবং সেই কর্মসূচী গ্রহণ করার জন্য তাঁদের সমর্থন জানিয়েছে। আমি তখন বলেছি যে সরকারের যে সমস্ত প্রগতিশীল কার্যসূচী আছে সেগুলিকে আমরা নিশ্চয়ই সমর্থন করব। ভারতবর্ষের সংবিধানের মধ্যেই এটা অন্তর্ভুক্ত আছে যে, যে সমস্ত মানুষ যত দিন কর্মে নিযুক্ত হতে পারবেনা ততদিন পর্যন্ত তাদের বেকার ভাতা দিতে হবে। অতএব পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সেই সাংবিধানিক ধারাকে অনুসরণ করে বেকার ভাতার প্রবর্তন করে ভারতবর্ষের সংবিধানকেই মর্যাদা দিয়েছেন। তার জন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। সেই বেকার ভাতা দিতে গিয়ে নিজেদের দলের লোকেদের দেওয়া হচ্ছে, কি বাইরের লোকেদের দেওয়া হচ্ছে তা নিয়ে যে সমস্ত আইন-কানুন করা হয়েছে তা সঠিক হয়েছে কিনা, সে সমস্ত আলোচনার মধ্যে আমি যাচ্ছি না। কিন্তু যে দৃষ্টিভঙ্গী নিয়ে আজকে বেকার ভাতা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, সেই দৃষ্টিভঙ্গী নিশ্চয়ই সমর্থনযোগ্য।

সারা ভারতবর্ষে মোট ৭৫-টি একচেটিয়া শিল্পপতি পরিবার আছে। তার মধ্যে ৪২-টি পরিবারের পশ্চিমবাংলায় শিল্প— কল-কারাখানা আছে। পশ্চিমবাংলার মোট শিল্প থেকে যে মুনাফা হয় সেই মুনাফার শতকরা প্রায় ৮০ ভাগ মুনাফা এই ৪২-টি পরিবার ভোগ করে এবং সেই ৮০ ভাগ মুনাফার সমস্ত অর্থ পশ্চিমবাংলায় বিনিয়োগ করে না। সেটা তারা বাইরে নিয়ে গিয়ে বিনিয়োগ করে। আজকে পশ্চিমবাংলায় যে সমস্ত শিল্প কল-কারখানা আছে, সে সমস্ত শিল্প কল-কারাখানাগুলির আজ যে দুর্দশা সেই দুর্দশার জন্য এই ৪২-টি

পরিবার দায়ী। এই ৪২-টি একচেটিয়া পুঁজিপতি পরিবার পশ্চিমবাংলায় কল-কারখানা স্থাপন করেছে, এবং এখান থেকে কোটি কোটি টাকা মুনাফা করছে, অথচ এই কল-কারখানাগুলির উন্নতি বিধানের জন্য কোন কিছুই করছে না। তারা সেখানে কোনও নতুন কর্ম-সংস্থানের ব্যবস্থা করছে না। আমাদের যে ইকনমিক রিভিউ তৈরি হয়েছে তাতে দেখছি এই সমস্ত শিল্পপতিরা তাদের কল-কারখানাতে বছর বছর ইউনিটের সংখ্যা বাড়াচ্ছে। পশ্চিমবাংলায় ইউনিটের সংখ্যা বাড়ছে। কিন্তু ইউনিটের সংখ্যা বাড়ার সাথে সাথে যে পরিমাণ এমপ্লয়মেন্ট হওয়া দরকার সেই পরিমাণ এমপ্লয়মেন্ট হচ্ছে না। আবার আমরা এটাও লক্ষ্য করছি যে, কোন কোন ক্ষেত্রে ইউনিট বাড়ছে, কিন্তু এমপ্লয়মেন্ট কমে যাচ্ছে। অর্থাৎ আমরা দেখছি যে, শিল্পপতিরা একদিকে যেমন শিল্প ইউনিট বাড়াচ্ছে তেমন আর একদিকে কোন কোন জায়গায় রিট্রেঞ্চ করছে, লে-অফ্ করছে। নতুন শ্রমিক নিয়োগ তো করছেই না, বরঞ্চ পুরোনো শ্রমিকদের ছাঁটাই করছে। এর দ্বারা তারা শ্রমিক সংকোচনের নীতি গ্রহণ করেছে।

আমি বামফ্রন্ট সরকারকে একটা কথা বলতে চাই যে, পশ্চিমবাংলায় যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত তখন অধিকাংশ কারখানার ইউনিয়ন সিটুর হাতে। সুতরাং আজকে যেভাবে মালিকদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে শ্রমিকদের দাবি-দাওয়াগুলি আদায় করা দরকার ছিল সেইভাবে বামফ্রন্ট সরকার করতে পারছেন না। বরঞ্চ আমরা দেখছি একটা আপসের মনোভাব নিয়ে তাঁরা শ্রমিক মালিক সম্পর্ক বজায় রাখতে চাইছেন, সেদিকেই তাঁরা আগ্রহশীল হয়েছেন। এখানে যখন ডাঃ বিধান চন্দ্র রায়ের মন্ত্রীসভা ছিল তখন হিন্দমোটর কারখানায় ধর্মঘট হয়েছিল। সেখানে তখন কমিউনিস্টদের ইউনিয়ন ছিল। তখন সেই ধর্মঘটকে ভাঙবার জন্য ট্রেনে করে মিলিটারি পাঠানো হয়েছিল এবং ধর্মঘটকে ভেঙে দেওয়া হয়েছিল। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর আমরা কি দেখছি? ঐ হিন্দমোটর কারখানায় নকশালদের একটা ইউনিয়ন আছে, সেই ইউনিয়ন আন্দোলন শুরু করেছিল, সেই আন্দোলনকে ভেঙে দেওয়ার জন্য পুলিশ লেলিয়ে দেওয়া হয়েছিল। সেই আন্দোলনকে ভেঙে দেওয়ার জন্য সিটুর ইউনিয়নের লোকেদের হস্তক্ষেপ করবার ব্যবস্থা করে দেওয়া হয়েছিল।

আমরা দেখছি এই বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর বিড়লা আবার ভারতবর্ষের প্রথম সারির শিল্পপতিদের শীর্ষস্থান অধিকার করেছে। কয়েক দিন আগে লোকসভায় প্রশ্নোত্তরের সভায় কেন্দ্রীয় শিল্প মন্ত্রী জানিয়েছেন বিড়লা আবার শিল্প জগতের প্রথম স্থান অধিকার করেছে। তারা তাদের অধিকাংশ মুনাফাই পশ্চিমবাংলা থেকে লুঠে নিয়ে যাচ্ছে। আজকে বামফ্রন্ট সরকার বলতে পারেন যে, পশ্চিমবাংলায় শিল্প ক্ষেত্রে শান্তি বিরাজ করছে, এখানে শ্রমিক অসন্তোষ কমে গেছে। কিন্তু একথা কি বলতে পারবেন যে, যে পরিমাণ মুনাফা এই শিল্পপতিরা অর্জন করছে তার কতটা শ্রমিক কল্যাণের কাজে, কতটা শ্রমিকদের বেতন বৃদ্ধির কাজে, কতটা গ্র্যাচুইটির কাজে কতটা বোনাস দেওয়ার কাজে ব্যয় করছে? তারা আজকে শ্রমিক স্বার্থে যতটা পরিমাণ অর্থ বিনিয়োগ করে তার চেয়ে অনেক বেশি পরিমাণ অর্থ শ্রমিক শোষণের মাধ্যমে লুঠে নিয়ে যাচ্ছে। আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে এই কথা বলতে চাই যে, পশ্চিমবাংলায় বিভিন্নভাবে প্রতি বছর বিভিন্ন শিল্পে ইউনিটগুলি বেড়েছে যেমন আমরা দেখছি, মেজর ইনডাস্ট্রিতে টেক্সটাইল ইনডাস্ট্রি, টেক্সটাইল অ্যাণ্ড পাওয়ারলুম ইনডাস্ট্রি, জুট ইনডাস্ট্রি, ইঞ্জিনিয়ারিং ইনডাস্ট্রি- এই সমস্ত ইনডাস্ট্রিগুলোতে দেখছি, টেক্সটাইলতে

[2-40—2-50 P.M.]

২৪১ টি ইউনিট হয়েছিল ১৯৭৩ সালে আর ১৯৭৭ সালে হয়েছে ২৫৫ টি ইউনিট। ২৪১ টি যখন ইউনিট হয়েছে তখন আমাদের এখানে এমপ্লয়মেন্টের সংখ্যা ছিল ৫৩ হাজার ৫০৫ জন। আর ২৫৫ টি যখন ইউনিট হলো তখন এমপ্লয়মেন্টের সংখ্যা হলো ৫২ হাজার ১৬১ জন। অর্থাৎ ইউনিটের সংখ্যা বৃদ্ধি পেলো কিন্তু এমপ্লয়মেন্টের সংখ্যা কমে গেল। ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে ২ হাজার ৫৯২ টি ইউনিট ছিল ১৯৭৩ সালে। সেখানে শ্রমিকের সংখ্যা ছিল ২ লক্ষ ৮৪ হাজার ১৭৮ জন। ১৯৭৭ সালে সেই ইউনিট বেড়ে গেল ২ হাজার ৬৬৩ তে আর শ্রমিকের সংখ্যা হলো ৩ লক্ষ ১৮ হাজার ৪৩৯ জন। যদিও ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে কিছু পরিমাণ এমপ্লয়মেন্ট বাড়লো কিন্তু ইউনিটগুলি বেড়ে গেল তার থেকে অনেক বেশি। সেই তুলনায় এমপ্লয়মেন্ট কিন্তু বাড়লো না। লিথো অ্যাণ্ড বুক বাইন্ডিং এটা পশ্চিমবাংলায় একটা বড় শিল্প। ১৯৭৩ সালে ২৮৮ ইউনিট ছিল সেখানে ১৬ হাজার ৭৫৬ জনের এমপ্লয়মেন্ট হয়েছে আর ১৯৭৭ সালে এই ইউনিটগুলি আরো কমে গেল এবং কমে গিয়ে হলো ২৮৪। সেখানে এমপ্লয়মেন্ট ছিল ১৫ হাজার ১৩ অর্থাৎ ইউনিট কমে গেল, এমপ্লয়মেন্টও কমে গেল। আবার কোন কোন ক্ষেত্রে ইউনিট যেমন বেড়েছে পশ্চিমবাংলায় কিন্তু এমপ্লয়মেন্টের প্রসার লাভ ঘটেনি। আবার আমরা দেখেছি, ইউনিট কমে যাচ্ছে এবং এমপ্লয়মেন্টও কমে যাচ্ছে। অর্থাৎ পশ্চিমবাংলায় নতুন করে কর্মসংস্থানের যে ব্যবস্থা হওয়া দরকার— বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় আসবার পর শিল্প ক্ষেত্রে প্রসার লাভ করলেও এমপ্লয়মেন্টের দিক থেকে সেখানে উল্লেখযোগ্য কোন অগ্রগতি হয়নি বরং সেখানে আমি বলবো অধোগতি হয়েছে। মুনাফার পরিমাণ দিনের পর দিন এই সমস্ত ইনডাস্ট্রির ক্ষেত্রে যে সমস্ত বিগ বিগ মনোপলিস্ট আছেন তাদের মুনাফার পরিমাণ দিনের পর দিন বাড়িয়ে নিয়ে যাচ্ছেন। আজকে শ্রমিক অসন্তোষ কমেছে— ঘেরাও কর্মসূচীতে দেখতে পাচ্ছি। যেখানে ১৯৬৯ সালে প্রথম যুক্তফ্রন্ট সরকার যখন প্রতিষ্ঠিত হয়েছিল তখন পশ্চিমবাংলায় ঘেরাওয়ের সংখ্যা ছিল ৫১৭। ১৯৭৯ সালে সেই ঘেরাও কমে গিয়ে দাঁড়িয়েছে ৩৫। ১৯৬৯ সালে যখন ঘেরাও ৫১৭ হয় তখন সারা পশ্চিমবাংলায় হৈ হৈ পড়ে গিয়েছিল— পশ্চিমবাংলার শিল্প ক্ষেত্রে আজকে যে অবস্থা সেই অবস্থা নেই, সেখানে শিল্পের ক্রম বিকাশ ঘটেনি। আজকে বামফ্রন্ট সরকার অধিষ্ঠিত আছে। ১৯৬৯ সালে যখন বামফ্রন্ট সরকার হয়েছিল তখন আজকের অনেকেই সেই সরকারে ছিলেন। বামফ্রন্ট সরকারের এমন কোন দল সেদিন ছিলেন না যেদিন সেই ঘেরাওকে কনডেম করেনি। তাঁরা বলেছিলেন, শ্রমিকেরা তাদের দাবি-দাওয়া আদায়ের জন্য নিশ্চয়ই শিল্পপতিদের ঘেরাও করবে, মালিকদের ঘেরাও করবে এবং তাদের দাবি-দাওয়া আদায় করবে। আজকে কি দেখছি, ১৯৬৯ সালের তুলনায় ১৯৭৯ সালে ঘেরাও অনেক কমে গেছে। ১৯৬৯ সালে যেখানে ৫১৭ টি ছিল ১৯৭৯ সালে সেখানে ৩৫ টি। ১৯৭৪ সালে এই ঘেরাও ছিল ৭৩ টি, ১৯৭৭ সালে ছিল ৭২। আজকে এই ঘেরাও কমে যাওয়ার সাথে সাথে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় কি মনে করেন যে, মালিকদের নৈতিক পরিবর্তন ঘটেছে, মালিকদের মানসিকতার পরিবর্তন ঘটেছে। এবং পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর একচেটিয়া ব্যবসায়ী যারা এই ৪২ টি পরিবার যারা পশ্চিমবাংলায় ব্যবসা করছে কলকারখানা স্থাপন করে তারা যে মুনাফা লুটছে সেই মুনাফা দিয়ে তারা পশ্চিমবাংলার শ্রমিকদের জন্য কলকারখানার শ্রমিকদের জন্য নিয়োজিত করছে? পশ্চিমবাংলার সরকার এটা

কি স্বীকার করে নিয়েছেন ৩৫ টি ঘেরাও যেহেতু পশ্চিমবাংলায় হয়েছে— তার মানে এইকথা কি আজকে বোঝাতে চাইছেন— যে, পশ্চিমবাংলার শিল্প ক্ষেত্রে যেমনি আইন-শৃঙ্খলা ফিরে এসেছে ঠিক তেমনি করে পশ্চিমবাংলার শ্রমিকদের অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে মালিকেরা এই সমস্ত শ্রমিকদের দাবি-দাওয়া মেনে নিয়েছেন। যদি এই কথা সত্যি হয় তাহলে আমি পশ্চিমবাংলার সরকারকে অভিনন্দন জানাবো। এই সরকার মিল মালিকদের এবং একচেটিয়া পুঁজিপতিদের নৈতিক অবস্থার পরিবর্তন ঘটাতে পেরেছেন। কিন্তু মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় বলেছেন যে, একচেটিয়া পুঁজিপতিদের নৈতিক মানের কোন পরিবর্তন ঘটেনি এবং উন্নতি হয়নি। তা যদি হয়ে থাকে তাহলে মালিকদের সাথে এই সরকার সহবস্থান নীতি নিয়েছেন এবং আজকে বামফ্রন্ট সরকার এবং সিটু ইউনিয়ন মিলিত হয়ে উইথ দি কোলাবোরেশন অফ দি মনোপলি ক্যাপিটালিস্ট আজকে শ্রমিকদের সেখানে অল্প কিছু পাইয়ে দেওয়ার মাধ্যমে মালিকদের মুনাফা লুটবার সুযোগ করে দেওয়া হচ্ছে। দুটোর মধ্যে একটা জিনিস হবে। হয় পশ্চিমবাংলায় শিল্প শ্রমিকদের ক্ষেত্রে মালিকেরা দাবি-দাওয়া মেনে নিয়েছে অথবা সরকার এবং তার ইউনিয়ন যৌথভাবে মালিকদের সঙ্গে সহবস্থান নীতির মাধ্যমে অল্প কিছু পাইয়ে দেওয়ার বিনিময়ে মালিকদের আজকে সমস্ত সুযোগ-সুবিধা করে দিচ্ছেন। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় ১৯৬৯ সালের লেবার ইন ওয়েস্ট বেঙ্গল যে বইটা দিয়েছেন তাতে ঘেরাওয়ের যে চিত্র আমরা দেখছি সেই ঘেরাওয়ের যে চিত্র আমরা দেখছি সেই ঘেরাওয়ের চিত্র দেখে এই কথাই আজকে প্রতীয়মান হচ্ছে—আমি তাঁকে বলছি পশ্চিমবাংলায় যেসব বড় বড় ইনডাস্ট্রি আছে তার মধ্যে জুট কোম্পানী অন্যতম। এখানে একবার ধর্মঘট হয়েছিল তাতে সমস্ত কোম্পানীর শ্রমিকরাই লাভবান হয়েছিল। কিন্তু এই কোম্পানীগুলোতে যে সমস্ত মালিক আছেন তাঁদের একজনকে আমি জিজ্ঞাসা করলাম এই যে কারখানা বন্ধ হয়ে গেল তাতে তো আপনাদের ক্ষতি হল, কিন্তু তিনি বললেন যে পরিমাণ টাকা আমাদের শ্রমিকদের দিতে হবে তার চেয়ে বেশি আমরা লাভ করে নেব। কারণ এই জুট ইনডাস্ট্রির জন্য 'র' জুটের প্রয়োজন হয় এই স্ট্রাইকের ফলে 'র' জুট কেনা না হলে'র' জুটের দাম কমে যাবে এবং যখনই বাজারে 'র' জুটের দাম কমে যাবে তখনই আমরা তা কিনে সেগুলো মজুত করে রাখব এবং আর্ন্তজাতিক বাজারে যখন ক্রাইসিস দেখা দেবে তখন আমরা সেই সমস্ত র জুট সরবরাহের অর্ডার নেব এবং তা অনেক বেশি দামে তাদের বিক্রি করব। সুতরাং এই স্ট্রাইকের জন্য যে লাভ হয় সেটা মালিকরা একেবারে তার ফল ভোগ করে। অথচ শ্রমিকদের কিছু পাইয়ে দেবার জন্য সরকার এবং ট্রেড ইউনিয়ন উভয়ই কৃতিত্বের দাবি করেন। কিন্তু জুট ইনডাস্ট্রিতে যারা কাজ করেন তাঁরাই কেবল শ্রমিক নন। যারা উৎপাদনকারী তারাও শ্রমিক, সুতরাং এই জুট ইনডাস্ট্রি স্ট্রাইক হবার সঙ্গে সঙ্গে জুট যদি সরকার কিনে নেন নির্ধারিত মূল্যে এবং জুট ইনডাস্ট্রি খোলার সঙ্গে সঙ্গেই সেটা যদি তাদের বিক্রি করেন তাহলে যারা উৎপাদনকারী তারা ক্ষতিগ্রস্ত হয়না। কিন্তু আমরা দেখছি যাঁরা জুট ইনডাস্ট্রি কন্ট্রোল করেন তাঁরা ইচ্ছা করে শ্রমিকদের মধ্যে একটা টাসল লাগিয়ে দেন, যাতে দীর্ঘদিন ধরে স্ট্রাইক চলতে পারে এবং তারা লাভ করতে পারে এবং কম দামে জুট কিনে বেশি দামে কোটেশান দিয়ে অতিরিক্ত মুনাফা লাভ করতে পারে। অবশ্য এর কিছু অংশ শ্রমিকদের দেয়, এবং এই দেওয়ার জন্য সরকার এবং ট্রেডইউনিয়ন দুজনই গর্ব অনুভব করে মিছিল বার করেন যে তাঁদেরই কৃতিত্বের ফলে এবং সংগঠিত শ্রমিক আন্দোলনের ফলেই শ্রমিকরা

বেশি টাকা পাচ্ছে। কিন্তু আসলে যে অর্থ সেটা তারা জনসাধারণের কাছে বলেন না। শ্রমিক আন্দোলন আমাদের দেশে হচ্ছে শ্রমিকদের পাইয়ে দেবার জন্য। কিন্তু যারা 'র' জুট উৎপাদন করছে সেই সমস্ত ক্ষেত মজুর তারা কিন্তু বঞ্চিত হচ্ছে। অর্থাৎ এই সমস্ত আন্দোলনের মূল উদ্দেশ্য হচ্ছে শ্রমিকদের কিছু পাইয়ে দেবার মাধ্যমে মালিকদের অতিরিক্ত মুনাফা করার ব্যবস্থা করা। আপনি জানেন আন্ডার ইনভয়েসের জন্য জুট ইনডাস্ট্রির মালিকরা কোটি কোটি টাকার বৈদেশিক মুদ্রা ফাঁকি দিচ্ছেন এবং ফরেন ব্যাঙ্কে নিজের নামে আত্মীয় স্বজনের নামে টাকা জমা দিচ্ছে। তাঁদের তরফ থেকে যে সমস্ত কোটেশন দেওয়া হয়েছে সেগুলি ফলস্। এবং আন্ডার ইনভয়েসের মাধ্যমে কোটি কোটি টাকা আত্মসাৎ করা হচ্ছে। আপনি জানেন ইন্টারন্যাশানাল স্ট্যান্ডার্ড ওয়েস্টেজ একটা জুট মিলে কতটা হবে তা বলা আছে। কিন্তু আমাদের জুটমিলগুলো যন্ত্রগুলিকে ইচ্ছামত খারাপ করে দিয়ে ওয়েস্টেজের পরিমাণ বেশি করে দেখান হয় এবং সেটা বেশি করে দেখিয়ে তারা অতিরিক্ত মুনাফা লাভ করছেন। সরকারের দৃষ্টি এদিকে নেই। আমরা দেখছি কেম্পানীগুলোর সঙ্গে যে ক্যাম্প অফিসার আছেন তাঁরা আনপেড অ্যাকুমুলেশন আদায় করছেন না। শ্রমমন্ত্রী যে তথ্য দিয়েছেন তাতে দেখছি ৭৪ সালে ২৬,২০,৭৫৯ টাকা আনপেড অ্যাকুমুলেশন আদায় হয়েছে। কিন্তু ৭৮-৭৯ সালে এই আনপেড অ্যাকুমুলেশন কত আদায় হল সে সর্ম্পকে কোন তথ্য নেই। কেবল আজকে এমপ্লয়ার এমপ্লয়ি এবং গভর্নমেন্ট গ্র্যান্ট কত দেওয়া হল সেই হিসাব দিয়েছেন। ৭৭ সালে যে হিসাব দিয়েছেন তাতে এমপ্লয়ার এমপ্লয়ি কত টাকা কন্ট্রিবিউশন করেছেন, কিন্তু আনপেড অ্যাকুমুলেশন কত তার হিসাব দেওয়া যায় নি। অর্থাৎ ৭৮-৭৯সালে আনপেড অ্যাকুমুলেশন কত তার হিসাব দেওয়া যায় নি। আনপেড অ্যাকুমুলেশন যদি না দেওয়া যায় তাহলে ক্রিমিনাল প্রসিডিওর অ্যাক্টের মধ্যে পড়ে। পশ্চিমবঙ্গ সরকারের আনপেড অ্যাকুমুলেশন কত টাকা তাঁরা বাকি রেখেছেন তার তথ্য প্রকাশ করুন। এই যে আনপেড অ্যাকুমুলেশন বাকি রেখেছে তাদের বিরুদ্ধে কেন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। অর্থাৎ তারা এই টাকা নিজেদের শিল্প বিনিয়োগ করে অতিরিক্ত মুনাফা করছেন। এবার আমি লেবার ওয়েলফেয়ার বোর্ড সম্বন্ধে কিছু বলব। এটি লেবারদের স্বার্থের জন্য ১৯৭৬ সালে এই বোর্ড গঠিত হয় এই বোর্ড গঠিত হবার পর এদের বিরুদ্ধে বহু দুর্নীতির অভিযোগ আছে এখানে লেবার কমিশনার ডেপুটি কমিশনার ইত্যাদি সব ছিলেন কিন্তু এদের দুর্নীতির জন্য কমিশন হয়, একটি এ.জি.বেঙ্গলের একজন সিনিয়ার অডিটর এনকোয়ারি করেন আরেকটা কমিশন বসে ডেপুটি সেক্রেটারি লেবার ডিপার্টমেন্ট মিঃ সরকারকে নিয়ে। তিনি এখন রিটায়ার করেছেন কিন্তু তিনি এই কমিশন সম্বন্ধে যে রিপোর্ট দিয়ে গেছেন সেটি একটি মারাত্মক রিপোর্ট। এটা পূর্বতন সরকারের সময়ে হয়েছিল, এই কমিশন রিপোর্ট কি বলে গেছেন "The then welfare commissioner, one Commissioner, Deputy welfare commissioner, administrative officer of the board should immediately be suspended for gross mismanagement of the accounts which included receipt of contributing from the labour establishment initially without pucca receipt and without maintaining day to day cash book whatsoever and manipulating the papers in such a way it will be difficult to know what huge amount of money was misappropriated." এই রিপোর্ট যিনি সাবমিট করেন সেই মিঃ এন.আর.সরকার তিনি রিটায়ার করে গেছেন, এই কমিশনের সময় যিনি কমিশনার ছিলেন তিনি হঠাৎ রিজাইন

করেন রিজাইন করার সাথে সাথে তাকে সাসপেন্ড করা হয়। এই সরকার গঠিত হবার সেই রিপোর্ট সম্পর্কে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। একজন ডেপুটি কমিশনার ট্রানস্ফার করা হয়েছে। অথচ এই লেবার ওয়েলফেয়ার বোর্ডের লক্ষ লক্ষ টাকা তছনচ করা হয়েছে। সেই দুটো কমিশনের রিপোর্ট হাউসে প্লেস করুন। লেবার ওয়েলফেয়ার বোর্ড গঠিত হওয়ার পর সেখানে শ্রমিকদের কল্যাণের পরিবর্তে কিভাবে তাদের টাকা আত্মসাৎ করা যায় সেই চেষ্টাই করা হয়েছে। মহারাষ্ট্রের প্যাটার্নে এই বোর্ড গঠন করা হয়েছিল, তাদের সেখানকার লেবার ওয়েলফেয়ার বোর্ড শ্রমিকদের জন্য বহুমুখী কল্যান পরিকল্পনা গ্রহণ করেছে। পশ্চিমবঙ্গ সরকার সেই রিপোর্ট সম্পর্কে এনকোয়ারী করুন এবং সেই রিপোর্ট এখানে সাবমিট করুন। সর্বশেষে আমি বলব যে এই সরকার কর্মসংস্থানের ব্যাপারেও সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন।

[2-50— 3-00 P.M.]

**শ্রী রবীন মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করছি, বিশেষ করে তিনি যে পলিসি স্টেটমেন্ট করেছেন, আমাদের দেশের যে ধরনের সামাজিক এবং অর্থনৈতিক কাঠামোর ব্যাখ্যা করেছেন ৩ নং প্যারাগ্রাফে সেটা বুঝতে হবে, সেটা যদি অনুধাবন করে দেখেন তাহলে বক্তব্যটা যে রকমের হবে সেটা প্রধানত বুঝে নিতে হবে যে আমাদের দেশটা হচ্ছে পুঁজিবাদী দেশ, পুঁজিবাদী দেশের মূল কথা হচ্ছে মোটিভ হচ্ছে প্রফিট যেখানে দ্বন্দ্ব অবশ্যম্ভাবী। আমাদের দেশের এই সমাজিক কাঠামোর মধ্যে, যা আছে দেশের কাঠামো তার মধ্যে একটা রাজ্যের মন্ত্রীকে শ্রমিকদের কি পরিমাণ কল্যান করা যায়, আক্রমণের হাত থেকে কি করে রক্ষা করা যায় এই পরিকল্পনা নিয়েই তাঁকে কাজ করতে হবে। এটা জানা দরকার, এটা হচ্ছে কনকারেন্ট সাবজেক্ট, মেজর পলিসি নিয়ে কিছু করার কোন উপায় নেই। কিরণ বাবু অনেক কথা বললেন, তিনি জীবনেও শ্রমিক শ্রেণীর আন্দোলনের সঙ্গে যুক্ত নন, ছায়াও মাড়াননি। তিনি জানেন না যে জুটের কথা বলুন আর অন্যান্য মালিকের কথা বলুন তাদের মুনাফাকে আটকে রেখে গ্রামাঞ্চলে সেটা প্রসারিত করে দেওয়া, সেখানে সেটা ব্যয় করার ক্ষমতা পশ্চিমবঙ্গ সরকারের নেই। মুনাফা বাড়তে দিতে হবে এটাই হচ্ছে আমাদের দেশের আইন, নিয়ম। এটা বুঝে নিয়ে আমাদের সরকার প্রধানত কোন দিকে কাজ করছেন সেটা দেখতে হবে। তাঁরা শ্রমিকদের পক্ষে কাজ করছেন, না মালিকদের পক্ষে কাজ করছেন সেটা দেখতে হবে। আমি জিজ্ঞাসা করছি মালিকদের পক্ষে কাজের ব্যাপার যদি হয় তাহলে মন্ত্রী মহাশয়ের রিপোর্টের মধ্যে যে সমস্ত চুক্তিগুলি হয়েছে গত বছর তার থেকে মালিকরা লাভবান হয়েছে, না, শ্রমিকরা লাভবান হয়েছে? এই যে জুটের ক্ষেত্রে স্ট্রাইকের কথা কিরন্ময় বাবু বললেন সেই স্ট্রাইক যখন হয়েছে তখন আমাদের সরকার আমাদের শ্রমমন্ত্রী কোন পক্ষ অবলম্বন করছেন? তিনি মালিকদের পক্ষ অবলম্বন করছেন এই রকম একটা ঘটনাও দেখাতে পারবেন? আমাদের এই পরিবেশের মধ্যে প্রতিটি ক্ষেত্রে আমাদের সরকার শ্রমিকদের পক্ষে কাজ করেছেন। অনেক সময় স্ট্রাইক লিঙ্গার করেছে দীর্ঘ দিন যাবত তথাপি সামগ্রিক ক্ষেত্রে সরকার পক্ষ, শ্রমমন্ত্রী, মুখ্যমন্ত্রী জ্যোতি বসু প্রত্যেকবার ঘোষণা করে বলেছেন যে আমরা শ্রমিকের পক্ষে। এই সংগ্রামগুলি যেখানে অনুষ্ঠিত হয়েছে প্রতিটি ক্ষেত্রে তাঁরা শ্রমিকদের পক্ষে কাজ করেছেন। জনতা পার্টির যাঁরা বললেন তাঁদের দায়িত্ব কি, নীতি কি আমরা জানি। একথা মনে রাখতে

হবে যে জনতা সরকার ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বিল নিয়ে এসেছিলেন, কেন্দ্রে তাঁদের হাতে ক্ষমতা ছিল, এই রকম সর্বনাশা বিল ভারতবর্ষে ইতিপূর্বে কখনও উত্থাপিত হয়নি। অথচ এখানে তাঁরা এক ধরনের বক্তৃতা করছেন। তাঁরা যে ভূতলিঙ্গম কমিটির রিপোর্ট প্রকাশ করেছেন সেটা রিজেক্টেড হয়েছে কমিশন থেকে। কাজেই একটু শিক্ষা লাভ করবেন। স্যার, যেহেতু সময় সংক্ষেপ সেজন্য আমি কয়েকটি প্রশ্ন এখানে উল্লেখ করছি। আজকে যদি কেউ জিজ্ঞাসা করেন পশ্চিমবঙ্গে আজকে সর্বাপেক্ষা গুরুতর সংকট কি — এই বিষয়ে আমাদের পক্ষই হোক, আর বিরোধী পক্ষই হোক সকলেই বলবেন সর্বনাশা বেকারী। এই বেকারী আমাদের সমগ্র দেশকে প্রায় গ্রাস করে ফেলেছে। সাধারণভাবে আমি জানি এবং আমাদের সরকার পক্ষও জানেন যে বেকারী হচ্ছে একটা আনুষাঙ্গিক ব্যাপার ক্যাপিটালিস্টিক দেশে। এমন কোন পুঁজিবাদী দেশ নেই যেখানে এই বেকারী নেই। সারা পৃথিবীর পুঁজিবাদী দেশগুলিতে বেকার সমস্যা ঘোরতর রূপে দেখা দিয়েছে। গ্রেট বৃটেনে স্ট্রাইকের ফলে সেখানে শ্রমিকদের ২০ পার্সেন্ট কম করাবার চেষ্টা হয়েছে। কাজেই সমাজতান্ত্রিক দেশ ছাড়া বেকার সমস্যার শ্রমিক পক্ষের সরকার কতগুলি দিকে যেভাবে অগ্রসর হয়েছেন তার জন্য আমি তাদের অসংখ্য ধন্যবাদ দিচ্ছি। আমাদের এখানে আনএমপ্লয়মেন্ট প্রবলেম যেভাবে ক্রমাগত বাড়ছে তারজন্য সরকার যা করেছেন তার জন্যও আমি সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। অবশ্য একথা ঠিক যে বেকার সমস্যার পুরপুরি সমাধান করা সম্ভব হচ্ছেনা। এক্ষেত্রে একটা অসুবিধা দেখছি বড়বড় মেজর ইন্ডাস্ট্রির ক্ষেত্রে এমপ্লয়মেন্ট ক্রমাগত কমে আসছে। আমি জানতে চাই এই ব্যাপারে কেন্দ্রের পলিসি কি? কেন্দ্রীয় সরকারের লাইফ রেজিস্ট্রার-এ দেখলাম ১৯৭৮ সালে ৫১ লক্ষের উপর বেকার। আমরা দেখছি কংগ্রেস এবং জনতা পার্টির রাজত্বে প্রতিটি ১০০ জন বেকারের ক্ষেত্রে ১৩ জন কাজ পেত এবং বাকি ৮৭ জনের কোন কাজ নেই, কোন ওপেনিং নেই। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি এবং ১৯৭৮ সালে ওই একই ঘটনা ঘটেছে। আমি দেখেছি আমাদের অনেক বন্ধু এই জিনিস কেয়ার করেনা। আমাদের আজকে বুঝতে হবে আনএমপ্লয়মেন্ট প্রবলেম শুধু ইন্ডাস্ট্রির ক্ষেত্রেই নয়, আমাদের সারা দেশে, গ্রামাঞ্চলে এই বেকার সমস্যা এক ভয়াবহ রূপ ধারণ করেছে। কৈ সেকথা তো আপনারা এবারও বললেন না? আমরা দেখেছি ১৯৭৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে ৭ কোটি এমপ্লয়মেন্ট জেনারেটেড হয়েছে। খাদ্যের বিনিময়ে কাজ তার মাধ্যমে এমপ্লয়মেন্ট জেনারেটেড হয়েছে। কিন্তু আপনারা উল্টো কথা বলেন, আপনারা এই নীতি গ্রহণ করেন না। আপনারা শুধু চেষ্টা করেন কি করে এই ফুড ফর ওয়ার্ক প্রোগ্রামকে বন্ধ করা যায়। আমি মনে করি এটা দেশদ্রোহিতার কাজ। আজকে গ্রামাঞ্চলেও যে এমপ্লয়মেন্ট জেনারেটেড হচ্ছে সেকথা আপনারা কেউ বলেননি। ১৯৬৪-৬৫ সালে মানুষ যে কাজ পেত ১৯৭৭-৭৮ সালে সেটা কমে গেল। তারপর, মহিলা শ্রমিকরা বছরে ১৩৮ দিন কাজ পেত কিন্তু ১৯৭৪-৭৫ সালে সেটা কমে গেল এবং চাইল্ড লেবারের ক্ষেত্রে সেটা কমে গিয়ে হল ১৪৫। কাজেই দেখা যাচ্ছে টোটাল পলিসি অব দি সেন্ট্রাল গভর্নমেন্ট হচ্ছে ক্রমাগত কমিয়ে আনা। আমি কংগ্রেস (আই) এর সদস্যদের একটি সার্কুলারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ফাইনান্স মিনিস্ট্রি থেকে দেয়, এই যদি তাদের পলিসি হয় তাহলে বেকার সমস্যা কিভাবে দূর হবে। স্যার, এই সঙ্গে সঙ্গে আমি আমাদের পশ্চিম বাংলার দু'একটা ঘটনার কথা উল্লেখ করতে চাই কারণ এটা হচ্ছে সমাজ জীবনের বড় কথা। আমি অন্য কথার মধ্যে যাব না, আমি এই কথা তাঁকে জানাতে

[3-00— 3-10 P.M.]

চাই যে যেখানে এমপ্লয়মেন্ট আছে, বিশেষ করে মালটি ন্যাশানাল কম্পানীগুলিতে. তাদের মেজর ডিটারমিন্ড পলিসি হচ্ছে যে এমপ্লয়মেন্ট কমাতে হবে এবং আজকে যেহেতু বামফ্রন্ট সরকার আছে, সোজাসুজি ছাটাই করা যায়না, তারা জানে যে স্ট্রাইক হবে এবং সেই স্ট্রাইকের সমর্থনে সরকার দাঁড়িয়ে যাবে সেইজন্য সোজাসুজি ছাটাই হয়না। আজকে অন্য পলিসি তারা নিয়েছে এবং প্রত্যেকটি মেজর ইন্ডাস্ট্রিতে খোঁজ করে দেখুন লোকসংখ্যা কমে আসছে। ভলানটারি রিটায়ারমেন্ট স্কীম দেখছি কিছু টাকা এক সঙ্গে দিয়ে বলা হচ্ছে যে তোমরা যদি এখান থেকে চলে না যাও তাহলে এই চাকরী চলে যাবে। ফোর্স করা হচ্ছে। এক একটা জায়গা থেকে শ'য়ে শ'য়ে, হাজারে হাজারে লোক চলে যাচ্ছে। ইন্ডাস্ট্রিয়াল ওয়েস্টেজ, মানুষ মরে গেল, সরে গেল সেখানে কোনদিন আর লোক ভর্তি করা হচ্ছেনা। তারপর আসুন, আমরা সবাই জানি ক্রমশ চাপ আমাদের উপর দেওয়া হচ্ছে কম্পিউটার বসানর ক্ষেত্রে যার জন্য অবধারিত ক্ষতি হচ্ছে, এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালে আঘাত করা হচ্ছে, কমিয়ে দেওয়া হচ্ছে। এই ভিত্তিতে আজকে কতকগুলি—বিশেষ করে মাল্টি ন্যাশানালগুলি, এই পথে চলেছে। আমি আপনাকে বলব, অনুরোধ করবো যে এটাকে বাধা দেবার জন্য কোন পরিকল্পনা আমাদের নিতে হবে। আমি ট্রেড ইউনিয়নগুলোকেও বলব, আমরা একটা দীর্ঘ স্ট্রাইক করেছি একটি মালটি ন্যাশানাল কম্পানীতে, শুধু কিসের উপর দাঁড়িয়ে, শুধু এর উপর দাঁড়িয়ে যে আমি বসাতে দেবনা কম্পিউটার যদি না তুমি গ্যারান্টি দাও লোক সরাবার। তারা দেয়নি, স্ট্রাইক চলছে। আমাদের সৌভাগ্য যে পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকার ছিল, তারা আমাদের সমর্থন করেছে, আমরা স্ট্রাইক জয়লাভ করেছি। কিন্তু শুধু এটাই ব্যাপার নয় আন-এমপ্লয়মেন্ট ক্ষেত্রে। কাজেই আমি আর বেশি সময় নিতে চাইনা, আমি আশা করছি সরকার যে নীতিতে অগ্রসর হচ্ছেন সেটাকে আরো দ্রুত গতিতে কিভাবে অগ্রসর হতে পারি সেইভাবে বিধি ব্যবস্থা গ্রহণ করুন আমাদের ইন্ডাস্ট্রিয়াল লেবারদের সম্মুখে আরো একটা ভয়ঙ্কর ব্যাপার আছে সেটা হচ্ছে কন্ট্রাক্ট সিস্টেম। আমি দেখেছি তাঁর বক্তৃতার মধ্যে তিনি এটাকে ধরার চেষ্টা করেছেন, সেই পথে নিয়ে যাবার কথা চিন্তা করেছেন, তবুও আমি বলছি পেরেনিয়াল নেচার অব জবে কেন কন্ট্রাক্ট লেবার থাকবে? এখানে আমি দেখছি একই ফ্লোরে দাঁড়িয়ে, একই রুফের নীচে দাঁড়িয়ে একই প্রডাক্শন করছে, একই রকম প্রডাক্শন হচ্ছে, সেখানে কন্ট্রাক্ট লেবার কাজ করছে এবং রেগুলার লেবারও কাজ করছে। এদের কোন প্রটেক্শন নেই। আমি একথা বলছিনা যে কন্ট্রাক্ট বাড়ছে এবং এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতির ফল। আমি একথা জানাতে চাই যে প্রায় ১০ বৎসর আগে একটা কন্ট্রাক্ট অ্যাবলিশন আইন পাশ হয়েছিল—লোক দেখান ব্যাপার সেটা, অ্যাবলিশনের প্রশ্ন তো উঠছেই না, কোন জায়গায় তারা অ্যাবলিশন করার কথা বলতে পারছেন না। আর একটা থিয়োরি উল্টো দিকে, সেটা হচ্ছে দিস ইজ এ নেসেসারি ইভিল। যদিও এটা নেসেসারি ইভিল তবুও আমি বলব এটার ইনসিডেন্স কেন বাড়বে? কোন কোন ক্ষেত্রে সেটা হয়তো কমতে পারে, কোন কোন জায়গায় সেটা অবশ্যম্ভাবী হতে পারে, আমাদের সেইভাবে যেতে হবে কিন্তু যেখানে পেরিনিয়াল নেচার অব জব আছে সেখানে কেন কন্ট্রাক্ট লেবার থাকবে? তাছাড়া ১০ বৎসর আগে যে আইনটা পাশ হয়ে ছিল, চার বৎসর আগে স্টেট লেবার অ্যাডভাইসরি বোর্ড, গঠিত হল তারা ফাংশানটা করলো কি? এটাও জেনে রাখা ভাল যে আইনটা পাশ করা

হল এবং সেই বোর্ডের লাইফ ১৯৭৯ সালে চলে গিয়েছে, ১০ বৎসরের মধ্যে তারা কোন কাজ করেনি। দু'তিন বার যে রেকমেন্ডেশন দেওয়া হয়েছিল সেই সব রেকমেন্ডেশন সাবোটেজ করে দেওয়া হয়েছিল। কাজেই একটা ইনহিউম্যান এক্সপ্লয়মেন্টেশন আজকে এই কন্ট্রাক্ট লেবারের ক্ষেত্রে হয়েছে। ভাবতে হবে এদের কি করে প্রটেক্শন দেওয়া যায়। যে এক্সপ্লয়টেশন এখানে চলছে সেই ক্ষেত্রে তাদের প্রোটেক্শন দেওয়ার মত কোন সুইটেবেল ল বা যে কোন ভাবে হোক তাদের রক্ষা করা যায় কিনা যেহেতু ইন্সিডেন্স বাড়ছে। পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীকে আমি বিশেষভাবে অনুরোধ করছি এইটা বুঝে দেখার জন্য। এইটা এইভাবে ছেড়ে দেওয়া যায় না। কন্ট্রাক্ট লেবারের ক্ষেত্রে আর একটা কথা এখানে প্রসঙ্গত বলি হিন্দুস্থান কনস্ট্রাক্শন লিমিটেড তৈরি হয়েছিল এর পরিপ্রেক্ষিতে যাতে যারা কন্ট্রাক্ট লেবার তারা কিছুটা প্রোটেক্শান পায়। যাতে কন্ট্রাক্ট লেবার-এর ব্যাপারে একটা সিদ্ধান্ত করতে পারবে। আমরা দেখলাম হিন্দুস্থান কনস্ট্রাক্শন লিমিটেড সরকারি সংস্থা তারা কন্ট্রাক্ট নিতে আরম্ভ করলেন এবং সাব-কন্ট্রাক্ট দিয়ে বিভিন্ন জায়গায় কন্ট্রাক্ট সিস্টেম আরম্ভ করলেন এবং এইটাই দেখা দরকার। একই দেশের মধ্যে একই কাজ করছে, কিন্তু এই শ্রেণী ভীষণ মার খাচ্ছে। আমি অন্য দু-একটা কথা এই প্রসঙ্গে বলতে চাই, হাউস রেন্ট অ্যালাউন্স বলে একটা জিনিস আছে, মাত্র সাড়ে তিন পারসেন্ট অ্যালাউন্স বলে একটা জিনিস আছে, মাত্র সাড়ে তিন পারসেন্ট অ্যালাউন্স, ১৫/২০ টাকা পায় অ্যাভারেজ। এতে পশ্চিমবঙ্গের ইন্ডাস্ট্রিয়াল লেবারদের সমস্যার সমাধান হয় না। যদি সম্ভব হয়, আপনি একটু দেখবেন এই সাড়ে তিন পারসেন্টটা বাড়ানো যায় কিনা। আরও একটা অনুরোধ করবো এই সম্পর্কে। কতকগুলো স্নাগ আছে। এক সঙ্গে ১৫ দিন কাজ না করলে পাবে না। এইটা কি জিনিস? বাড়ি কি ১৫ দিন অন্তর পাল্টানো যায় নাকি? আপনি দেখবেন যদি এটা দূর করতে পারেন। ঠিক তেমনি একটা বাড়িতে ১৫ জন কি ৩০ জন সিকিউরিটি স্ট্যাফকে রেখে দেওয়া হল, একটা ডরমেটরি করে। হাউস রেন্ট অ্যালাউন্স তাদের না দেওয়ার ব্যবস্থা করা হল। আমি শেষে এইটা জানতে চাইছি, ছোট ইঞ্জিনিয়ারিং কারখানা ৫০ এর নীচে তার একটা মিনিমাম ওয়েজেস তৈরি হয়েছে, দীর্ঘদিন হয়ে গিয়েছে। সে সম্পর্কে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করার জন্য আমি অনুরোধ করছি। আমার যে বক্তব্য আছে, সময়ের অভাব সময় নিতে চাই না, কিন্তু যেকথা প্রধানত বলতে চাইছি সেটা হচ্ছে কতকগুলো সমস্যা মালিকেরা ক্রিয়েট করছে এবং সেটার সুযোগ তারা নিচ্ছে। সুনীতিবাবুর নিশ্চয় জানা আছে। বিড়লার বাড়িতে আই, এন, টি, ইউ, সি ইউনিয়ান তৈরি হয়েছে। সেই আই, এন, টি, ইউ, সি ইউনিয়নের নাকি পরিবর্তন হয়েছে জানি না। অনেক জায়গায় মালিকেরা নিজেদের ইন্টারেস্টে অনেকগুলো ইউনিয়ন তৈরি করেন। এটা করেন শ্রমিকের কাজকর্মে বাধা দেওয়ার জন্য। আমি আপনাকে অনুরোধ করব, এইটা বিবেচনা করে দেখবেন যে সিক্রেট ব্যালটের মাধ্যমে যাতে রেকগনাইজেশান অফ ইউনিয়ন হয়। তার মধ্যে প্রচলিত বাধা আছে আমি জানি। কোন কোন কেন্দ্রীয় সংস্থায় বাধা থাকতে পারে। তবে আমি মনে করি আপনি দেখবেন বিষয়টা। যেখানে বিভিন্ন ইউনিয়ন রয়েছে, সেখানে অনুরোধ করছি, বাই সিক্রেট ব্যালট ইউনিয়নের যাতে রেকগনাইজেশান হয় এবং তাদের যাতে বারগেন করার অধিকার দেওয়া হয়। সেদিকে লক্ষ্য রাখতে অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করার আগে আমি পুনরায় এই কথা বলছি, আজকের এই পরিস্থিতিতে, এই সামাজিক কাঠামোতে আমাদের সরকারের ঘোষিত নীতি শ্রমিকের পক্ষে এবং তাদের ঘোষিত নীতি কার্য্যকার করার জন্য

তারা আপ্রাণ চেষ্টা করেছেন। সরকার শ্রমিকদের পক্ষেই আছেন। যারা ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত আছেন, যারা শ্রমিক আন্দোলন করছেন, তাদের বলি আজকে কেন্দ্রীয় সরকারে ইন্দিরা প্রতিষ্ঠিত হওয়ার চূড়ান্ত বিপদ আসন্ন। শ্রমিকদের অধিকার ক্ষুন্ন করার জন্য ষড়যন্ত্র চলেছে। আমি সবাইকে আহ্বান করছি - যারা শ্রমিক শ্রেণীর সঙ্গে যুক্ত যেন সম্মিলিত হয়ে সকলে দাঁড়ান। এছাড়া সহজ কোন পথ নেই। শ্রমিক আন্দোলন নিশ্চয় চলবে। এই কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

[3-10— 3-20 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় স্পিকার স্যার, পশ্চিম বাংলার ভারপ্রাপ্ত শ্রমবিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি বা প্রস্তাব পেশ করেছেন, আমি শুরুতেই তার বিরোধিতা করছি।

(সরকারি পক্ষ থেকে জনৈক সদস্য : কেন ?)

কারণটা অতি সহজ। যে দপ্তরের জন্য এই টাকাগুলি চাওয়া হয়েছে অর্থাৎ শ্রমিকদের জন্য, সেই শ্রমিকদের দাবি এবং শ্রমিকদের স্বার্থ পশ্চিমবঙ্গে পদদলিত হচ্ছে এই অশ্রমিক বামফ্রন্ট সরকারের আচরণের জন্য।

(ফরওয়ার্ড ব্লক জনৈক সদস্য : শ্রমিক মানে কি ?)

শ্রমিক মানে যদি ফরওয়ার্ড ব্লক সদস্যরা বুঝতে চান যারা গলায় লাল রুমাল বেঁধে কারখানা ধ্বংস করে, প্রডাকশন ধ্বংস করে আর স্লোগান দেয় লাল সেলাম জিন্দাবাদ তারাই শ্রমিক, আর যারা কারখানায় উৎপাদন করে বিদ্যুৎ মন্ত্রীর দক্ষতায়, আর যারা স্লোগান দেয় বন্দেমাতরম্, তারা শ্রমিক নয়, তাহলে আমি বলব, তাঁরা মূর্খের স্বর্গে বাস করছেন। কারণ এখানে যে গণতান্ত্রিক পদ্ধতি আছে, লাল সেলামওয়ালাদের শ্রমিক বলছেন আর যারা বন্দেমাতরম্ বলছে, তাদের শ্রমিক বলে না।

(সরকার পক্ষ থেকে জনৈক সদস্য : কে বলেছে?)

আমি একটা ডকুমেন্ট পেশ করছি। মাননীয় শ্রমমন্ত্রী জানেন কিনা জানিনা, তিনি অত্যন্ত ভাল মানুষ। তিনি হয়ত জানেননা আমাদের মুখ্যমন্ত্রী যার উপর পশ্চিম বাংলার বিদ্যুৎ নির্ভর করছে, তিনি শিল্পের শ্রমিকদের ক্ষেত্রে দুমুখো নীতির কথা বলেছেন। তিনি বলেছেন)... " The West Bengal Board, vide order No. 3038 dt. 28.1.80 has directed all its controlling officers to deduct full or proportional wages of the employees if they take part in strike, demonstration, agitation, pen and tool down strikes stay in strikes etc." শ্রমমন্ত্রী মহাশয়, কাইন্ডলি লিখে নিন, আপনার চোখ খুলে যাবে, দয়া করে শুনুন..... অ্যাটেস্টেট বলে এটা প্রযোজ্য করলেন এ, আই, টি, ইউ, সি, আই, এন, টি, ইউ, সি-এর ক্ষেত্রে,.... on the other hand, the Board Vide order No. 2539dt. 12.1.78 has directed to refund the wages of the employees related to C.I.T.U. affiliated unions who had taken part in general strike and Bangla Bandh in the years 1974-75, and 1976. মাননীয় শ্রমমন্ত্রীকে বলছি কি দারুণ বদপরিস্থিতি। উনি কি পশ্চিম বাংলার শ্রম

বিভাগের মন্ত্রী না কি সি. পি. এম সংস্থার শ্রমবিভাগের মন্ত্রী, এটা তাঁকে চিন্তা করতে বলছি। উনি হাসছেন, দিন যখন আসবে দেখবেন, এই রকম আচরণ রাম রাজত্বে নাই। 19 of the constitution of India.

আর্টিকেল ১৯ অব দি ইনডিয়ান কনসটিটিউশান সেখানে স্পেসিফিক্যালি একজন ইনডিয়ান সিটিজেনকে ট্রেড ইউনিয়নের রাইট দেওয়া হয়েছে সেই আর্টিকেল ১৯-এ যেখানে আমাদের রাইট আছে ট্রেড ইউনিয়ন করার সেখান আপনার বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রমিকদের দাবিকে নস্যাৎ করে দিয়ে সি. আই. টি. ইউ'র দাবিকে কাজে লাগাবার জন্য তার ফুলপেমেন্ট ফ্ল্যাটরেটে করে দিলেন আর জাতীয়তাবাদী মানুষের দাবিকে নস্যাৎ করে দেবার জন্য সমস্ত কেটে দিলেন। এ কি দুমুখো নীতি? এটা আমি আপনাকে চিন্তা করতে অনুরোধ করছি। আমি স্যার, আবার গোড়ার কথায় ফিরে আসি। শ্রমিকদের দাবীতো নস্যাত করা হচ্ছেই। আপনারা যতদিন আছেন এ কাজ চলবে সেটা আমরা জানি। আপনারা কানে দিয়েছেন তুলো, পিঠে বেঁধেছেন কুলো। আপনারা জানেন, আপনারা রিগিং করবেন, জাল ভোট করবেন, সেখানে শ্রমিকদের দাবিকে নস্যাৎ করলেও আপনাদের কিছু যায় আসে না। আমি এ' gratuity, provident fund, pension, lay-off, lock-out, retrenchment. এই সমস্তর স্টাটিসটিক্স দিয়ে বা কাদের আমলে ঘেরাও বেশি হয়েছে বা কাদের আমলে কম হয়েছে সেকথায় আমি যাব না। আজকে বাস্তব কথাটা কি? আজকে ইনডাস্ট্রিজ যখন আমাদের এখানে ডেভেলপড হবার কথা, তার এক্সটেনশান হবার কথা, অত্যন্ত স্পষ্ট ভাষায়, আপনি অন্ততপক্ষে ভদ্রলোক, হাউসে যতগুলো আছেন ২/১ জন ভদ্রলোক আছেন, তারমধ্যে আপনি একজন, আপনাকে আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, আপনি নোট করুন।

(নয়েজ)

**শ্রী বিনয় কোঙার ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, উনি বলেছেন হাউসে দু/একজন ছাড়া ভদ্রলোক নেই....

(নয়েজ)

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আমার কথার মানে বুঝতে গেলে আপনাকে আবার পড়াশুনো করতে হবে। আমি যেকথা বলেছি মাননীয় কোঙারবাবু, আপনাকে মনে করিয়ে দিই এ পর্যন্ত হাউসে মাননীয় স্পিকার মহাশয়ও বলতে পারবেন না যে সুনীতি চট্টরাজ কোন আনপার্লামেন্টারী কথা বলেছেন। কিন্তু আপনাদের মুখ্যমন্ত্রীকে এই হাউসে তার থুতু ফেলিয়ে আমি থুতু চাটিয়েছি, তার আনপার্লামেন্টারী কথা আমি উইথড্র করিয়েছি। আমি আনপার্লামেন্টারী কথা বলতে অভ্যস্ত নই। আমি যদি কাউকে গরু বলতে চাই তাহলে আমি ঘুরিয়ে বলব, আপনাদের ক্ষমতা নেই বোঝার। মাননীয় স্পিকার মহাশয়, আমি যেকথা বলছিলাম যে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে আজকে চিন্তা করতে হবে যে কেন ইন্ডাস্ট্রিজের এক্সটেনশান এখানে হচ্ছে না। আজকে কেন লিপটনের এক্সটেনশান মাদ্রাজে চলে যাচ্ছে, কেন বড় বড় ইন্ডাস্ট্রিজ-এর এক্সটেনশান বাইরে চলে যাচ্ছে? এখানে ম্যাক্সিমাম প্রফিট তারা করছে কিন্তু তা হলেও পশ্চিমবাংলার বাইরে চলে যাচ্ছে কেন? Why ? — the only reason is labour

unrest এইরকম উশৃঙ্খল কিছু সদস্য যারা আছেন সেই উশৃঙ্খল সদস্যারা, উশৃঙ্খল মেম্বাররা আজকে কলকারখানায় উশৃঙ্খলতা করছে এবং আজকে লেবার আনরেস্ট পশ্চিমবাংলায় এসেছে, অসন্তোষ এসেছে, লেবারদের নিয়ে একপেশে রাজনীতি হচ্ছে আমি স্যার, উদাহরণ দিয়ে আমার অল্প সময় নষ্ট করতে চাই না কিন্তু একথা বলব, ছোট শিল্প, বড় শিল্প তারা বাইরে চলে যাচ্ছে। আমাদের দেখতে হবে, লক্ষ্য করতে হবে হোয়াট ইজ দি রিজন? শ্রমিক এবং মালিকদের মধ্যে নানান কারণে অসন্তোষ হয়। আপনিও জানেন, আমিও জানি, অল্প বিস্তর ট্রেড ইউনিয়ন আমিও করি, আমি পণ্ডিত নই, আমি বলছি, মেন কারণগুলি যদি আমরা নেগলেক্ট করে যাই— মেন কারণ হচ্ছে ট্রেড ইউনিয়নের কিছু নেতা ঐ শ্রমিকদের ইললিটারেসির সুযোগ নিয়ে কিছু মুনফা লোটবার জন্য, কিছু নেতা এরকম আছেন যারা মালিকদের কাছ থেকে মুনাফা লোটবার জন্য শ্রমিকদের লেলিয়ে দেয়।

[3-20— 3-30 P.M.]

শ্রমিকের ইললিটারেসির সুযোগে কিছু ইললিগ্যাল ডিমান্ড করে বসে যে ডিমান্ড কোনদিনই ফুলফিল করবে না— এটা আপনি চিন্তা করবেন হাউ টু স্টপ দিস। কিছু ন্যায্য ডিমান্ড থাকে, কিছু ইললিগ্যাল ডিমান্ড থাকে। এই ডিমান্ডের মধ্যে ট্রেড ইউনিয়ন নেতারা তাদের মুনাফা লোটার জন্য শ্রমিকদের সঙ্গে মালিককে আলোচনায় বসতে দেয় না। আমরা বাটায় কি দেখলাম? সেখানে গন্ডগোল হল। আমিও জানি, আপনি শ্রমমন্ত্রী আপনিও জানেন বাটার গন্ডগোলের ব্যাপার। সেখানে উইদাউট এনি রিজন কনটিনিউ করছে। কেন উইদাউট এনি রিজন কনিটিনিউ করছে সেটার যুক্তি দেখিয়ে পরে যখন বলব তখন দেখবেন। ওখানে কি দেখলাম? আপনি শ্রমমন্ত্রী, আই ডু নট নো হোয়াই ইউ হ্যাভ বিন ইনসালটেড, মাননীয় মুখ্যমন্ত্রী আপনাকে অযোগ্য ভাবলেন, তিনি বাটার শ্রমিকদের ডাকতে আরম্ভ করলেন। ডেকে একটি জায়গায় বললেন তোমাদের দাবি উপযুক্ত নয়, তোমরা এতদিন দাবি নিয়ে আন্দোলন করছ কিছু হবে না, গো অ্যাহেড। ওখানকার ট্রেড ইউনিয়ন যে দাবি নিয়ে আন্দোলন শুরু করেছিল, সি, আই, টি, ইউ, বলুন বা যাই বলুন তারা আমাদের বন্ধু, মুখ্যমন্ত্রীর ঘরে গিয়েছিলেন, একটি দাবিও মানা হয়নি। আপনি পরে জবাব দেবেন। উষা ইঞ্জিনিয়ারিং-এ একই ট্রেড ইউনিয়ন ক্যাপাসিটিতে ১৫% বোনাস চাই বলে সেখানকার শ্রমিকরা আন্দোলন শুরু করলেন। আন্দোলন শুরু হল, সি, আই, টি, ইউ, এর নেতারা আন্দোলন শুরু করলেন উষা ইঞ্জিনিয়ারিং-এ ১৫% বোনাস চাই বলে। মূল আন্দোলন ১৫% বোনাস চাই— ইট সুড বি স্টপ্‌ড— কিন্তু যখন উষার সলিউশান হল তখন দেখা গেল ৮.৩৩%— এইভাবে সলিউশান হয়ে গেল। এটা আগেই হয়ে যেত যদি শ্রমিকদের ডাইরেক্টলি মালিকদের সঙ্গে বসবার একটা পরিকল্পনা নেওয়া যেত, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের মধ্যে একটা পরিকল্পনা নেওয়া যেত। ট্রেড ইউনিয়ন নেতা যেমন সি, আই, টি, ইউর সব নেতা খারাপ নয়— সি, আই, টি, ইউ,র কিছু কিছু নেতা আছেন, আপনি ভুক্তভোগী আপনি মেনশান করেছেন এই নেতারা শ্রমিকদের ইললিটারেসির সুযোগ নিয়ে, অশিক্ষার সুযোগ নিয়ে কি করছেন। এটাই হচ্ছে মেন ডিজিজ অব দি সোসাইটি। এই ইললিটারেসি সম্পর্কে কোন বক্তব্য আপনার বাজেট বক্তৃতায় কোথাও দেখলাম না। শ্রমিকদের নিরক্ষরতা দূরীকরণের ব্যাপারে কোন বক্তব্য খুঁজে পেলাম না। এদিকে কোন কিছু ভাবব না। শ্রমিক যত অশিক্ষিত থাকবে, গ্রামের মানুষ

যত অশিক্ষিত থাকবে ততই তাদের মাথায় কাঁঠাল ভেঙ্গে রাজনীতি করার সুবিধা হবে। শ্রমিকের ইনডিফারেন্সির সুযোগে ট্রেড ইউনিয়ন মুনাফা লোটার যে ষড়যন্ত্র শ্রমিক মালিক অসন্তোষ বাধিয়ে দেওয়ার চেষ্টা করা, আননেসেসারি লক আউট বৃদ্ধি করা, উইদাউট রিজন ক্লোজার, উইদাউট রিজন রিট্রেঞ্চমেন্ট ইত্যাদি যে চেষ্টা করছে ইউ সুড স্টপ দিস। আমার আরো অনেক কথা বলার আছে, এই অল্প পরিসরে সব কিছু বলা যাবে না। আমি দার্জিলিং-এ চলে যাচ্ছি। এই এলাকা হচ্ছে মোস্ট নেগলেক্টেড এরিয়া আপনি জানেন ওখানে প্ল্যান্টেশান লেবার অ্যাক্ট আছে, কিন্তু পূর্ণভাবে সেটা ইন্টারেস্ট? কারণ মালিকদের কাছ থেকে কিছু কিছু ডোনেশান নেওয়া হয়েছে। মালিকরা শ্রমিকদের বিপক্ষে যাচ্ছে, মালিকদের কিন্তু অ্যারেষ্ট করা হচ্ছে না। মালিকদের বিরুদ্ধে কোন স্টেপ নেওয়া হচ্ছে না। লেবার প্ল্যান্টেশন অ্যাক্ট আপনি ইমপ্লিমেন্ট করুন। প্রভিডেন্ট ফান্ডই বলুন, আর গ্রাচুইটিই বলুন, হাউস রেন্টই বলুন, এটা পেলে শ্রমিকরা লাভবান হবেন। ওখানকার শ্রমিকরা অত্যন্ত গরিব, কুঁড়ে ঘরে থাকে, এটা কার্যকার হলে তারা লাভবান হতে পারে। কিন্তু ইমপ্লিমেন্ট করার কোন চেষ্টা হচ্ছে না। উনি টি ম্যানেজার, মালিকদের অ্যারেস্ট করার দিকে লক্ষ্য দেবেন কি করে? মালিক পক্ষের ইলেকশন ডোনেশন তাহলে কমে যাবে। (ভয়েস ঃ মালিকরা কাদের ডোনেশন দেয় সেটা জানা আছে।) ডোন্ট সাউট, ডোনেশন ইউটিলাইজড্ কিপ ইট পেনডিং। স্যার, আমি টি প্ল্যান্টেশন সম্পর্কে আর বেশি কিছু বলব না, এবার আমি বিড়ি শ্রমিকদের সম্পর্কে বলব। এই বিড়ি শ্রমিকরা বিড়ি বেঁধেই জীবিকা নির্বাহ করে। এই সব ছোট ছোট শিল্প এখানে ছোট ছোট শিল্পী এর মধ্যে আছে। আমি আওরঙ্গাবাদে কিছু দিন আগে এক কনফারেন্সে গিয়েছিলাম। সেখানে বিড়ি সিজার অ্যাক্ট ইম্পলিমেন্ট করলে এ সমস্ত ছোট শ্রমিকরা খুবই লাভবান হোত। মিনিমাম ওয়েজ অ্যাক্ট ঠিকভাবে সেখানে চালু করলে মালিকরা নানাভাবে যে অত্যাচার করছে তা থেকে তারা মুক্তি পেতো। কিন্তু হচ্ছে না কেন? কারণ সেখানে তাদের ডিল করে এন, আই, সি, সি। সি, আই, টি, ইউ সেখানে যায় না। তার কারণ সেখানে চাঁদা কম— মালিকরা মোটা চাঁদা দিতে পারবে না তাই সেখানে নজর নেই। আপনি ভদ্রলোক you try to implement this Biri Cigar Act. why this has not been done?.... কি কারণে আপনি তা করছেন না। ইলেকশনে ঐ সমস্ত মনোপলি হাউস ঐ সমস্ত বিগ বিগ হাউস টাকা দেয় বলে তাদের স্বার্থ বজায় রাখার জন্য শ্রমিক রক্ত তারা চুষে খাবে। তার সুযোগ আপনারা করে দেবেন এ জিনিস চলবে না। আমি আবার বলছি আমি আপনার দোষ দিচ্ছি না আমরা আপনার কর্মক্ষমতার উদাহরণ পেয়েছি। যখন মুখ্যমন্ত্রী লণ্ডনে গিয়েছিলেন তখন বিদ্যুৎ দপ্তরের ওভার অল চার্জ আপনার হাতে ছিল এবং তখন পশ্চিমবাংলার বিদ্যুতের উন্নতি হয়েছিল। তাই আপনার দোষ দিচ্ছি না। আসলে আপনাকে কাজ করতে দেওয়া হচ্ছে না। আপনার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে। যদি কৃষ্ণপদ ঘোষ বিদ্যুৎ বিভাগের শ্রমিকদের অসন্তোষ দূর করে ফেলে ম্যানেজমেন্টের সঙ্গে শ্রমিকের ডিসপিউট দূর করে প্রোডাকশন বাড়িয়ে ফেলেন তাহলে সর্বনাশ হয়ে যাবে কৃষ্ণপদ ঘোষ চীফ মিনিস্টার হয়ে যাবে। I have that assessment. why this nasty politics? আমরা কেন এটা সহ্য করবো? যে কথা বলছি আমাদের শ্রমমন্ত্রী জানেন কিনা জানি না ই, এস, আই, প্রোজেক্ট সম্বন্ধে সি, পি, এম-এর এম, এল, এ-রাও বলেছেন অনেক সময় তারা ভাল কথাও বলেন। দেখবেন সেখানে মেডিসিন নেই— সেখানটা প্রপারলি কেয়ার নেওয়া হচ্ছে

না। ই, এস, আই, স্কীম করে সেখানে শ্রমিকদের নেগলেক্ট করা হচ্ছে। ওরা সব কথা ভাল বলেন না যদিও শ্রমিকদের সম্বন্ধে মাঝে মধ্যে ভাল কথা বলে ফেলেন। আমি বলছি.... I tell you I have still confidence on you আপনার ইচ্ছা আছে আপনি এটাকে ভালভাবে চালু করার চেষ্টা করুন। আমরা জানি আপনার ইচ্ছা আছে কিন্তু আপনাকে কাজ করতে দেওয়া হচ্ছে না। আপনি শ্রমিক আন্দোলনের সঙ্গে অনেকদিন ধরে যুক্ত আছেন। স্যার, আমি একটা ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই। শ্রীরামপুরের ই, এস, আই হাসপাতালের ১০নং বেডে ভর্তি ছিল এক শ্রমিক তার নাম হচ্ছে মহম্মদ কাশিম। ৬।২।৮০ তারিখে তার স্ত্রী স্বামীর জন্য ঔষধ আনতে যায় তখন কো-অর্ডিনেশন কমিটির নেতা শ্রী চক্রবর্তী যিনি ঐ স্টোরের দায়িত্বে ছিলেন তিনি ঐ মহিলাকে ধর্ষণ করেন। পুলিশ কেস করা হয়েছে নো অ্যাকশন কোন অ্যাকশন নেওয়া হচ্ছে না। এদের দু মুখো নীতি। কো-অর্ডিনেশন কমিটির নেতা করেছে অতএব কোন দোষ নেই। আর যদি এটা এন, এল, সি, সি, হোত আই, এন, সি, ইউ, সি হোত তাহলে তিন তিন বার ফাঁসি দেওয়া হোত।

[3-30— 4-00 P.M.] (Including Adjournment)

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে অত্যন্ত দায়িত্ব নিয়ে জানাচ্ছি যে লেবার আনরেস্ট দুর করা আপনার একার দায়িত্ব নয়। লেবার অসন্তোষের সঙ্গে জড়িয়ে আছে আজকে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট। সেন্ট্রাল চিন্তা করছে — উনি ভূতলিংগম কমিটির কথা বলে গেছেন, আমি আর রিপিট করব না। কিন্তু তার মেন কারণ লেবাররা অনেক সময় কাজ পাচ্ছে না। তারা কাজ করতে করতে বসে যাচ্ছে। তাদের যে ডিম্যান্ড সেটা তারা পাচ্ছে না কারণ লোডশেডিং। বিদ্যুৎ বিভাগ এর জন্য কমপ্লিটলি রেসপনসিবল এবং পুলিশ বিভাগও। আপনার একার দায়িত্ব নয়, পুলিশ বিভাগও এর জন্য রেসপনসিবল। পশ্চিমবাংলায় যে ২টি জিনিস সম্পূর্ণ ব্যর্থ রূপে গঠিত হয়েছে, সেটা হচ্ছে বিদ্যুৎ এবং পুলিশ বিভাগ। আজকে শ্রমিক অসন্তোষের জন্য মেন রেসপনসিবল হচ্ছে এদের। অর্থাৎ ২/৩ ভাগ রেসপনসিবিলিটি হচ্ছে তাদের, আর বাকিটা আপনার। আপনার কাছে অনুরোধ, এই বিদ্যুৎ বিভাগ, পুলিশ বিভাগ এবং শ্রম বিভাগের মধ্যে যদি পারেন সমন্বয় সাধন করার চেষ্টা করুন, কোঅর্ডিনেশন কমিটি করার চেষ্টা করুন। অকারণে মধ্যমগ্রামে ফরোয়ার্ড ব্লক নেতা, সরলবাবুকে পুলিশ কেন অ্যারেস্ট করল? শ্রমিকদের দরদ দেখাতে গিয়ে পুলিশ কর্তৃক তিনি অ্যারেস্ট হলেন। ফরোয়ার্ড ব্লক নেতা অ্যারেস্ট হবে, আর সি, পি, আই, এম নেতা হয়ে অ্যারেস্ট হবেনা এটা চলতে পারেনা। কাজেই আপনাকে এটা লক্ষ্য রাখতে হবে। শ্রমিক নেতা সরল বোস যেহেতু ফরোয়ার্ড ব্লক, তিনি ন্যায় করুন, কি অন্যায় করুন, তার বিরুদ্ধে প্রাইমা ফেসি কেস আছে, কি নেই পুলিশ না দেখে তাকে অ্যারেস্ট করল। কিন্তু সেখানে যদি সি, আই, টি, ইউ-এর নেতা হত—আমি দায়িত্ব নিয়ে বলছি, সাঁওতালদির ঘটনা আমার জানা আছে, ব্যান্ডেলের ঘটনা আপনাকে জানিয়েছি, তিনি একজন শ্রমিক সি, আই, টি, ইউ-এর একজন নেতা ব্যান্ডেলের সাবোটেজ করছেন, যে শ্রমিকের কর্তব্য হচ্ছে প্রোডাকশন বাড়ান, ক্ষতি করা নয়। আমরা শ্রমিকদের সেই শিক্ষা দিইনি। কিন্তু সি, আই, টি, ইউ-এর একজন কর্মী যখন সাবোটেজ করছে, তাকে হাতে নাতে ধরে এন, এল, সি, সি এবং আই, এন, টি, ইউ সি'র লোকেরা ধরে থানার হেপাজতে দেওয়া হল। সঙ্গে সঙ্গে উপর থেকে ট্রাঙ্ককল হল যে সি,

আই, টি, ইউ-এর কর্মী ছেড়ে দাও এবং সে ছাড়া পেয়ে গেল। আর সরলবাবু, ফরোয়ার্ড ব্লকের এম, এল, এ, তিনি অ্যারেস্ট হয়ে গেলেন। এই যে দুমুখো নীতি, এটা পশ্চিমবাংলায় চলতে পারে না। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, আমি আপনাকে বলছি যে আপনি যদি শিল্পে অসন্তোষ বন্ধ করতে চান, সেন্ট্রালে যেমন ভুতলিংগম কমিটি আজকে পরিষ্কার পরিবর্তনের চিন্তা নিয়েছে, ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে পরিষ্কার একটা সিদ্ধান্ত নিতে চেষ্টা করছে, আপনিও কিছু ইললিটারেসি দূর করার জন্য, কিছু হাউস রানের পক্ষে, কিছু শ্রমিক এবং মালিকের মধ্যে সন্তোষ সাধনের জন্য, কিছু উৎপাদন বাড়ানোর জন্য, পশ্চিমবাংলার জন্য কিছু করুন। আপনাদের ইউনিভার্সিটি অধিগ্রহণ বিল আসছে, কর্পোরেশন অধিগ্রহণ বিল আসছে। আপনি কিছু বিল আনতে পারেন না যা করলে শ্রমিকের কিছু উন্নতি হবে?....You please do something for the welfare of the labour society. আজকে এই লেবাররা অন্ধকারের মধ্যে আছে। স্টেট ট্রান্সপোর্টের মুষ্টিমেয় লেবার, ২০ পারসেন্ট লেবার আজকে বামফ্রন্টের আশীর্বাদে তর তর এগিয়ে যাচ্ছে। আর ৮০ পারসেন্ট লেবার, তারা কাঁদছে, চিৎকার করছে। তারা তাদের মনের জ্বালায় দেওয়ালে মাথা ঠুকে জানাচ্ছে। তারা কোন প্রতিকার পাচ্ছে না। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, আপনাকে আমি গ্লুকোনেট কম্পানীর কথা পূর্বে লিখিত ভাবে জানিয়েছি। আমি আর সেকথার পুনরাবৃত্তি করতে চাই না, আপনি এটা দয়া করে দেখবেন। সব দিক থেকে বিবেচনা করে কৃষ্ণপদ ঘোষকে আমি রিজেক্ট করতে চাইনা। তবে কৃষ্ণ পদ ঘোষ-এই পুলিশ এবং বিদ্যুৎ অপদার্থতার জন্য, পশ্চিমবাংলায় যে শিল্পে অসন্তোষ হচ্ছে সি, আই, টি, ইউ-এর নেতাদের অত্যাচারের জন্য এবং যে উদ্দেশ্যে শ্রম দপ্তরের বাজেট তিনি এনেছেন, তাকে বিরোধিতা করছি।

(At this stage the House was adjourned till 4 P.M.)

[4-00— 4-10 P.M.] (After Adjournment)

**শ্রী শচীন সেন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয় তাঁর বক্তব্য রাখার সময় অনেকগুলো মন্তব্যের মধ্যে একটি মন্তব্য করেছেন, যেটা আমি নোট করে রেখেছি, তিনি এই কথা বলেছেন আমাদের শ্রমমন্ত্রী মহাশয়কে উদ্দেশ্য করে আপনি অন্তত ভদ্রলোক— এই হাউসে দু একজন ভদ্রলোক আছেন, তার মধ্যে আপনি একজন, এই কথাটা তিনি বলেছেন। মিঃ ডেপুটি স্পিকার স্যার, এই বক্তব্য সমস্ত হাউসের প্রতি এবং হাউসের সদস্যদের প্রতি এবং আপনাকে সহ অবমাননা করা হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করবো, আপনি এটা এক্সপানজ করুন, তা না হলে এই বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠান, কারণ বারবার এই ধরনের উক্তি উচ্চারিত হচ্ছে। আমি এই ব্যাপারে একটা লিখিত বক্তব্যে আপনার কাছে উপস্থাপিত করব, আপনি এটা প্রিভিলেজ কমিটিতে পাঠান, অথবা এটাকে এক্সপান্জ করুন।

**মিঃ ডেপুটি স্পিকার :** আপনি যে প্রিভিলেজের কথা বললেন, সেই প্রিভিলেজ সম্বন্ধে বলতে চাইছি, যেহেতু আমি সেই সময় ছিলাম না, আমি রেকর্ড দেখবো, এটা যদি ঠিক হয় তাহলে ওটা আমি একস্পান্জ করে দেব।

**শ্রী সরল দেব*:** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার মাননীয় শ্রমমন্ত্রী ৪২নং এবং ৪৬

নং দাবীর যে ব্যয় বরাদ্দ চেয়েছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি আপনার মারফত ২/৪-টি কথা বলতে চাই। আমি আশ্চর্য হয়ে বিরোধী পক্ষের সুনীতিবাবু এবং কিরণময় বাবুর বক্তৃতা শুনছিলাম। তাঁরা তাঁদের বক্তৃতার মধ্যে বললেন, আমরা নাকি জুট মালিকদের স্বার্থে পূর্ব ভারতের পাট-চাষীদের বঞ্চিত করার জন্যই স্ট্রাইক্ করি। আমি বিরোধী পক্ষের ঐ দু'জন সদস্যকে বলব যে, যখন জুট স্ট্রাইক্ হয় তখন সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংস্থাগুলি সেই স্ট্রাইকের সামিল হয়েছিল। সেখানে জনতা পার্টি সকলে মিলিতভাবে স্ট্রাইক করা হয়েছিল। তাহলে তাঁরা কি তাঁদের দলের সম্পর্কেও ঐ-কথা বলছেন? তাঁরা কিন্তু সেকথা বলেননি। আবার কি বললেন? আমরা নাকি মালিকদের, মাল্টিন্যাশানালদের মদত দিচ্ছি! পশ্চিমবাংলার ৩২ মাসের বামফ্রন্ট সরকার নাকি বিড়লার টাকা বাড়িয়ে দিয়েছে! সেই তথ্যের মধ্যে আমি পরে আসছি। তার আগে আমি বলতে চাই যে, পশ্চিমবাংলায় যে শিল্পের অগ্রগতি ব্যাহত হচ্ছে— স্বাধীনতার ৩২ বছর পরেও যেটা হচ্ছে—এটার জন্য মূলত কেন্দ্রীয় সরকার দায়ী। এর আগে ৩০ বছর কেন্দ্রে কংগ্রেস ছিল, মাঝে আড়াই বছর জনতা পার্টি ছিল, এখন আবার ইন্দিরা কংগ্রেস এসেছে। কিভাবে কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলায় তাঁর দায়-দায়িত্ব পালন করছেন না, সেটা আমি দেখাচ্ছি। হরিয়ানায় ২২০০ মত ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং শিল্প আছে, আর পশ্চিম বাংলায় ৬,০০০ ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং শিল্প আছে। হরিয়ানার জন্য কেন্দ্র থেকে ৩৮,০০০ মেট্রিক টন স্টীল মঞ্জুর করা হল, আর সেখানে তারা পেল ৪০,০০০ মেট্রিক টন। অথচ পশ্চিম বাংলায়, যেখানে ৬,০০০ ক্ষুদ্র শিল্প আছে সেখানের জন্য মঞ্জুর করা হল ১৯,০০০ মেট্রিক টন, আর পেল মাত্র ১১,০০০ মেট্রিক টন। তাহলেই আজকে বুঝুন অবস্থাটা কি! এ-তো গেল স্টীল ইন্ডাস্ট্রিস বা ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির কথা। সুতা শিল্পের ক্ষেত্রে আজকে বোম্বাই, মহারাষ্ট্র এবং গুজরাটকে ফ্রেট চীপারের সুযোগ দেওয়া হচ্ছে। অথচ কয়লার ক্ষেত্রে —কলকাতায় কয়লার যে দাম মহারাষ্ট্রেও সেই দাম, তাদেরও সেই দামে কয়লা দেওয়া হচ্ছে। আর পশ্চিমবাংলার কটন ইন্ডাস্ট্রি ইকুয়াল ফ্রেটে তুলা আনতে পারছে না। এটা কেন্দ্রের কাজ এবং কেন্দ্রের এটা উচিত ছিল। কিন্তু তারা এটা করেননি। তারপর ওঁরা বলেছেন ১৯৭৭ সাল থেকে বিড়লার সম্পদ বেড়েছে। যেদিন ১৯৭৭ সালে জনতা পার্টি ক্ষমতায় এসেছিল সেদিন বিড়লার সম্পদের পরিমাণ ছিল টাকার অঙ্কে ১০৭০ কোটি ২০ লক্ষ টাকা। অর্থাৎ সেদিন তাদের লাভ হয়েছিল ৮৯ কোটি ৮১ লক্ষ টাকা। আর টাটার সেদিন ছিল ১০৬৯ কোটি ২৮ লক্ষ টাকা, লাভ হয়েছিল ৬৫ কোটি ২৬ লক্ষ টাকা। তাই আমি একথা বলতে চাই যে, ১৯৭৮ সালে যে পরিসংখ্যান বেরিয়েছে তাতে আমরা ভারতবর্ষের বৃহৎ ১০-টি পরিবারের সম্পদের পরিমাণ দেখতে পাচ্ছি। ইন্দিরা গান্ধী জরুরী অবস্থা জারি করেছিলেন বলে যারা তাঁকে সমর্থন জানাতে মিছিল করে গিয়েছিল তাদের সম্পদের পরিমাণটা আমরা এই পরিসংখ্যান থেকে দেখতে পাচ্ছিঃ (১) বিড়লা— ১১৭১ কোটি ১৫ লক্ষ টাকা; (২) টাটা— ১১০২ কোটি ১১ লক্ষ টাকা; (৩) সিংহানিয়া—২৯৯ কোটি ৫৭ লক্ষ টাকা; (৪) থাপার—২৪৪ কোটি ৬ লক্ষ টাকা; (৫) আই সি আই— ২২৮ কোটি ৭৩ লক্ষ টাকা; (৬) বাঙ্গুর—২২০ কোটি ৮৬ লক্ষ টাকা; (৭) অয়েল ইন্ডিয়া —২০৩ কোটি ২৪ লক্ষ টাকা; (৮) সিন্ধিয়া —২০২ কোটি ৮১ লক্ষ টাকা ; (৯) শ্রীরাম—২০৮ কোটি ৭৯ লক্ষ টাকা; (১০) মফত্‌লাল— ৩১৭ কোটি ৮৬ লক্ষ টাকা। মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, যারা ঐ ধরনের প্রফিট করেন, শ্রমিকদের

ঠকিয়ে টাকার পাহাড় করেন তাদের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। আজকে যাঁরা আমাদের শ্রম দপ্তরের সমালোচনা করলেন তাঁদের অবগতির জন্য আমি এখানে আরো একটা পরিসংখ্যান পেশ করতে চাই। ১৯৭৮ সালে পশ্চিমবাংলায় ১৭২-টি ধর্মঘট হয়েছিল এবং ১৯৯-টি লক্ আউটের ঘটনা ঘটেছিল। আজকের ১৯৭৯ সালে সেখানে ১৪৫-টি ধর্মঘট হয়েছিল এবং ১৫১-টি লক্ আউটের ঘটনা ঘটেছে। আর ছাঁটাই-এর পরিসংখ্যান হচ্ছে। ১৯৭৮ সালে কারখানা বন্ধ হয়েছিল ১০২-টি আর ছাঁটাই হয়েছিল ৬,২৮৯-জন শ্রমিক। সেখানে ১৯৭৯ সালে ৭৩-টি কারখানা বন্ধ হয়ে ৪৫,৫৮৭ জন শ্রমিক ছাঁটাই হয়েছিল। ১৯৭৮ সালে ২৪৫-টি ক্ষেত্রে লে-অফ্ হয়েছেন ৯১,৭৯৭জন, ১৯৮৯ সালে লে-অফ্ হয় ৬৫,৫৫১ জন। সুতরাং এটা দেখা যাচ্ছে যে প্রতিটি ক্ষেত্রেই,

[4-10— 4-20 P.M.]

ধর্মঘট, লে-অফ্, ছাঁটাই, লক্-আউট-এর হার কমে গেছে। গত পরশুদিন এই বিধানসভার চত্বরে আমি দেখলাম রজনীবাবু মালিকদের ব্রিফ নিয়ে এসে বললেন নির্বাচন তহবিলে টাকা নেবার জন্য নাকি স্ট্রাইকগুলি অনুষ্ঠিত হয়। তাহলে আই, এন, টি, ইউ, সি তো স্ট্রাইকের অংশীদার ছিলেন স্যার, তাদের পার্টি ফাণ্ডে নিশ্চয়ই টাকা যায় তা নাহলে তারা টাকা নেবার খবর জানলেন কি করে। আমি যে ১০টি পরিবারের টাকার পরিসংখ্যানের কথা এখানে পেশ করলাম—এই টাকা ওদের কৃপায় দীর্ঘদিন ধরে ভারতবর্ষের পুঁজিপতিরা তৈরি করেছে। পশ্চিমবঙ্গে শিল্প শ্রমিকদের অশান্তির কথা বিরোধী পক্ষরা তুলেছেন। মধ্যপ্রদেশে গত ১৯৭৯ সালে ৬ মাস যাবত সুতা শিল্পে ধর্মঘট চলেছে, মাদ্রাজের কোয়েম্বাটুরে ৬ মাস যাবত সুতো শিল্পে ধর্মঘট চলেছে। এগুলি তো বামফ্রন্ট শাসিত প্রদেশ নয়? অথচ সেখানে তো স্ট্রাইক চলেছে। শিল্পে অশান্তির কথা বলা হয়েছে। যেন মনে হচ্ছে পশ্চিমবাংলা একটি রাজ্য যেখানে শুধু শিল্পে অশান্তি আছে, আর সারা ভারতবর্ষে এভরিথিং ইজ ও. কে.। স্যার আমি এই কথা বলতে চাই, পশ্চিমবাংলায় আজকে শিল্পে এই যে পশ্চাৎগতি তারজন্য মূল দায়ী কেন্দ্রীয় সরকার। পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রীয় সরকারের যে বিমাতৃসুলভ মনোভাব তারজন্য আজকে শিল্পের অগ্রগতি ব্যাহত হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এইকথা বলতে চাই, পশ্চিমবাংলায় যে সমস্ত ব্যক্তিগত মালিকানায় পরিচালিত শিল্পগুলি আছে তারা দীর্ঘদিন ধরে লুণ্ঠন করছেন এবং এই লুণ্ঠনের ফলে সেই সমস্ত শিল্পগুলি ঝাঁঝরা হয়ে গেছে এবং তার কিছু কেন্দ্রীয় সরকার নিয়েছেন এবং কিছু রাজ্য সরকার নিয়েছেন। সেই সমস্ত শিল্পগুলি আজও ধুঁকছে। সেখানে দেখা গেছে, প্রাইভেট সেক্টারে সেখানে যে কাজের নর্ম আছে পাবলিক সেক্টরে সেই কাজের নর্ম আমাদের রাজ্য সরকার প্রচেষ্টা চালানো সত্ত্বেও তা বাস্তবায়িত হয়নি। এই শিল্পগুলিতে আমাদের প্রাইভেট সেক্টরের যে নর্ম আছে পাবলিক সেক্টরে সেই নর্মগুলিকে যদি ইনট্রোডিউস করতে না পারি তাহলে সেই শিল্পগুলির মৃত্যু ঘটবে। সেইজন্য পাবলিক সেক্টরগুলি যাতে ভেঙে না যায় সেইদিকে নজর দিতে হবে। আমাদের দেশের যে লেবার অ্যাক্ট, কংকারেন্ট লিস্ট আছে, —বিরোধী দলের সদস্যরা জানেন কিনা আমি জানি না, তাঁরা ট্রেড ইউনিয়ন করেন না বলে আমার ধারণা—আমাদের রাজ্য সরকার শুধু সুপারিশ পাঠাতে পারেন। আমরা দেখেছি, আমাদের দেশের রাজ্য সরকার—যেমন আমরা ফৌজদারী কোর্টে যদি হাজির না হই কোন একটি মামলাতে তাহলে দ্বিতীয় বা তৃতীয় দিনে

তার নামে ওয়ারেন্ট ইস্যু করা হয়। কিন্তু আমরা জানি আমাদের লেবার অফিসার যারা বসে তাদের ক্ষমতা সীমিত—মালিকরা যদি সেখানে গর রাজী হন, ১ মাস, ২মাস, ৩ মাস তারপর দেখা যাবে একজন লেবার অফিসার বা এল.সি.রুল ৪ একটা রিপোর্ট ফর অ্যাডজুডিকেসান। সেইজন্য একটা আইনের সংশোধন করবার কথা রাজ্য সরকারকে ভাবতে হবে যাতে করে শ্রমিকরা তাড়াতাড়ি রিলিফ পেতে পারে। এর আগে আমি লেবার কমিশনারের কাছে গিয়েছিলাম স্যার, ১৯৭৭ সালের একটা মামলা চলছে টিসকো কোম্পানীর, তার নাম হচ্ছে কালিপদ দে। কিন্তু রাইটার্স বিল্ডিং-সে ফাইল পাওয়া যাচ্ছে না। লেবার কমিশনার খোঁজ করেও পেলেন না। টি, ইউ, সির সভাপতি ডঃ কানাইলাল ভট্টাচার্য ৪ বার তার কাছে সুপারিশ করেছেন। এই অবস্থাটা কোথায় গেছে সেটা আজকে দেখবার দরকার আছে। এই দপ্তরগুলিকে যদি গিয়ার-আপ করা না যায় তাহলে তো কিছু হবে না। বামফ্রন্ট সরকার যেমন বর্গাদারদের মামলা লড়বার জন্য আইনগত সাহায্যের ব্যবস্থা করেছেন ঠিক তেমনি শিল্পের শ্রমিকেরা যাতে আইনগত সাহায্য লিগ্যাল হেল্প পায় তারজন্য ব্যবস্থা আপনাকে নিতে হবে। এছাড়া হাউসিং এস্টেটগুলি অপরিকল্পিতভাবে তৈরি হচ্ছে সেইজন্য বিভিন্ন জায়গায় নুতন নতুন শিল্প সেন্টার গড়ে উঠছে। সেখানে নতুন নতুন হাউসিং এস্টেট ফর দি লেবার গড়ে তোলার দরকার। যেমন বারাসাত ইন্ডাস্ট্রিয়াল বেল্ট ডেভেলপ করেছে। সেখানে আপনার কোন পরিকল্পনা আপনার বক্তব্য থেকে পেলাম না। এদিকে আপনি নিশ্চয়ই নজর দেবেন। ই, এস, আই, একটা অদ্ভুত ব্যাপার। আমি নিজে ব্যক্তিগতভাবে জানি, আমার সামনে অফিসার বলছেন এখন চলে যান কালকে পেয়ে যাবেন। ১৯৭৮ সালে একজন শ্রমিকের অ্যাক্সিডেন্ট হলো আর এখন ১৯৮০ সালের মার্চ মাস—এখনও পর্যন্ত শ্রমিক তার কমপেনসেশান পাননি। কারণ সেখানে কেরানী বাবুদের দক্ষিণা না দিয়ে পাওয়া যাবে না। এই সম্পর্কে নজর দেবার দরকার। ই. এস. আই এর যে দুর্নীতি সেই দুর্নীতির দিকে যদি নজর না দেন তাহলে শ্রমিকেরা আমাদের সম্বন্ধে ভুল ধারণার সৃষ্টি করবে। আমরা জানি, সীমিত ক্ষমতার মধ্যে আমাদের কাজ করতে হবে। দীর্ঘ ৩০ বছর ধরে যে দুর্নীতি সারা ভারতবর্ষে জুড়ে ছিল তার লিগ্যাসি হিসাবে আমরা এটা পেয়েছি। আজকে বিরোধী বন্ধুরা মালটি ন্যাশানালের কথা তুলেছেন। আমি ১০টি পরিবারের টাকার পরিসংখ্যান দিয়ে আপনাকে দেখিয়েছি স্যার,। ১৯৭৫/৭৬ সালে জরুরী অবস্থার সময়ে আমাদের দেশের শিল্পপতিরা ওদের সবচেয়ে বেশি অভিনন্দন জানিয়েছিলেন, কারণ ওদের কৃপায় এই সমস্ত শিল্পপতিরা প্রচুর টাকা করেছিল। সুতরাং আজকে চোরের মায়ের বড় গলা, আমাদের গ্রামের একটা প্রবাদ আছে যার এক কান কাটা সে গাঁয়ের বাইরে দিয়ে যায়, আর যার দু'কান কাটা সে গাঁয়ের ভিতর দিয়ে যায়। ঐ কংগ্রেস ৩২ বছর ধরে মালিকদের পদলেহন করে এসেছেন আর আজকে এখানে বড় বড় কথা বলছেন। যে ওয়ার্কস ম্যান ট্রাইবুনাল আছে সেখানে দীর্ঘস্থায়ী ব্যবস্থার মধ্যে জাসটিস ডিলে মিনস জাসটিস ডিনায়েড। অর্থাৎ একটা মামলা শেষ হতে কমপক্ষে ৩ বছর সময় লেগে যায়। এটা ত্বরান্বিত করার দিকে নজর দিতে হবে। সেখানেও দেখছি মালিকরা পেশকার বাবুদের ঘুষ দিয়ে টাইম নেয়। এই অবস্থা বন্ধ করতে হবে। বিভিন্ন কারখানায় যে অ্যাপ্রেনটিস সিসটেম আছে সেদিকে লক্ষ্য দিতে হবে, বেকার যুবকদের দু-তিন বছর অ্যাপ্রেনটিসশিপ পিরিয়ড শেষ হবার পর তাঁরা কাজ পাননা, যদি নূতন লোক

নিয়োগ করা হয় তাহলে তাদের ভেতর থেকে যেন নিয়োগ করা হয়। পশ্চিমবাংলায় একটা আইন আছে ৮টাকা ১০ পয়সা ন্যূনতম মজুরী হবে কিন্তু যে প্রায় ৪৫ লক্ষ ডিস অর্গানাইজড শ্রেণী আছে যেমন ক্ষেত মজুর ইত্যাদি তারা এই আইনের কোন সুযোগ সুবিধা পায় না। এ বিষয়ে আপনার ডিপার্টমেন্টকে তৎপর হতে হবে। সেদিন রজনীবাবুরা কে.পি. ডালমিয়ার দালালী করে ওনার পক্ষে ওকালতি করে গেলেন, তাঁদের পক্ষে এসব সাজে, কারণ তাঁরা হচ্ছেন প্রকৃত মানুষের বন্ধু। ১৯৬৭ সালে ডাইরেক্ট অ্যাকশনের ফলে যখন ঘেরাও হচ্ছিল তখন বলা হচ্ছিল যে পশ্চিমবাংলা থেকে ক্যাপিটাল ফ্লাইট করছে। এর অর্থ যে কি তা ওঁরা নিজেরা জানেন না। বিদ্যুৎ সংকটের কথা বলা হয়েছে, এর জন্য পশ্চিমবাংলার শ্রমিক যে ক্ষতিগ্রস্ত হচ্ছে সে বিষয়ে সন্দেহ নেই, কিন্তু যেন মনে হচ্ছে এই সংকটের জন্য এই সরকারই দায়ী এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এই সংকট কোথাও নেই। মাদ্রাজ, বিহার, উত্তরপ্রদেশে এই সংকট আছে। কিন্তু পশ্চিমবাংলায় বিদ্যুৎ সংকট থাকা সত্ত্বেও যে পিরিয়ডে বিদ্যুৎ থাকে না সেই পিরিয়ডের জন্য মজুরী কাটা হয়না। মালিক পক্ষ এবং ট্রেড ইউনিয়ন সংস্থাগুলি একসঙ্গে বসে ঐ পিরিয়ডের জন্য পয়সা যাতে না কাটা হয় তার চুক্তি করেছেন। প্রভিডেন্ড ফাণ্ড এবং ই, এস, আই,তে ব্যাপকভাবে দুর্নীতি যা চলছে তা যদি বন্ধ না করেন তাহলে লক্ষ লক্ষ শ্রমিক যারা আমাদের আশীর্বাদ দিয়ে পাঠিয়েছেন তাঁদের আমরা বিরাগভাজন হব। সুতরাং এখানকার দুর্নীতি কঠোর হস্তে দমন করতে হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Rabi Shankar Pandey :** माननीय उपाध्यक्ष महोदय, सचमुच में आज सारे देश के श्रमिकों के सामने एक विकट समस्या उत्पन्न हो गई है। ऐसे समय में पश्चिम बंगाल के श्रम-मंत्री आगर जागरुक होकर पूरी मुस्तैदी के साथ अपने श्रम-दफ्तर को चलायेंगे तो निश्चय ही इनको सफलता प्राप्त होगी । खतरा और कालाबाजारी चारों और मँड़रा रही है । पुरे देश में श्रमिकों का विनाश इन्दिरा गाँधी के द्वारा हुआ था । उनकी मजदूरी और वेज सभी काट लिया गया था । आज इन्दिरा गाँधीके सत्ता में आ जाने से पुन: आशंका उत्पना हो गई है । मजदूरों की वढ़ी हुई मजदूरी मँहगाई के नाम पर काट ली गई थी । आज भी श्रमिकों का गला काटा जा रहा है श्रमिकों की उम्मीदों पर पानी फिर जा रहा है । और मालिकों का हौसला बढ़ता ही जारहा है । मजदूर असहाय होता जा रहा है, उसकी उम्मीदें विनष्ट होती जा रही है ।

वजट को समर्थन करते हुए मैं एक वात कहना चाहता हूं । वह यह है कि श्रमिक लोगों को वड़ी उम्मीद थी कि वामफ्रन्टमोर्चा की सरकार उनके सुख-सुविधा की और ध्यान देगी किन्तु यह सरकार तो वाँझ सावित हो रही है । वहुत इन्कलाव जिन्दावाद करने के वाद केन्द्रीय ट्रेडयूनियन के संगठनको कुछ मिला इन्जिनियारिंग विभाग में कुछ वेतन बढ़ा दिया गया । कुछ जूटमिल

के मजदूरों का वेतन बढ़ा । लेकिन जिस अनुपात से बढ़ना चाहिए था, अनुपात से मजदूरों की मजदूरी नहीं बढ़ी ।

[4-20— 4-30 P.M.]

मालिक लाखों रूपया मजदूरों के परिश्रम से कमाता है, उनका शोषण करता है ! मालिकों के शोषण से बचाने के लिए कड़ी निगरानी श्रम-मन्त्री को रखनी चाहिए । मजदूरों की भलाई के लिए कानून बनाना चाहिए । मजदूर अदालत का सहारा लेता है, और केस जीतने की सम्भावना भी हो जाती है किन्तु पैसे की तंगी के कारण केस लड़ना छोड़ देता है । इसके परिणाम स्वरुप मालिक पक्ष विजयी हो जाता है । वह मनमाना ढंग से मजदूरों पर अत्याचार करता है । इसलिए मैं चाहूँगा कि सरकार कानून बनावे और पौवर का इस्तेमाल करे । ताकि मजदूरों का वेतन और वोनस ठीक टाइम से विना किसी झमले मिल जाय ।

जहाँ १० आदमी असंगठित रुपसे काम करते है , वहँ पर न तो ठीक से वेतन मिलता है और न तो ग्रेचुएटी-प्राभिडेण्ट ही मिलता है । उनका शोषण होता है । उनकी छँटाई भी बिना हिचक के हो जाती है । जहाँ संगठित मजदूर हैं वहाँ तो कुछ मिल भी जाता है ।

खेत-मजदूर के लिए कानून बना दिया गया है कि उन को प्रतिदिन ८रु०१० पै० मजदूरी मिलेगी लेकिन वड़ा वाजार में जहाँ करोड़पतियों और लखपतियों का व्यवसायिके अड्डा हैं, वहाँ पर जमादार, दरवान-दुकानकर्मचारी सभी की ४-५रु० में खटायें जाते हैं । इनकी ओर सरकार कुछ भी ध्यान नहीं देती है । वड़ा वाजार मेंगन्दगी का भरमार है इसलिए सभी धनी लोग वालीगंज, टालीगंज में अपनी कोठी वनाकर रहते हैं । हमारे भोला सेन और मुख्य मंत्री भी वहीं रहते हैं । वजार में तो साधारण लोग ही रहते हैं । पहले ग्वालों और दरवानों को रहने के लिए जगह मिलती थी किन्तु अव वह छीन ली गई है और उस जगह को ऊंची सलामी लेकर भाड़े पर दे दी जाती है । मालिक अपने कर्मचारियों को जोर देकर निकाल देता है । काम से निकाल देने पर इनको न तो प्राभिडेण्ड फण्ड ही मिलता है और नतो गेचुएटी ही मिलती है । क्या श्रम मंत्री का यह कर्तव्य नहीं हो जाता है कि वे इन कर्मचारियों की दिक्तों की देखें ? यहाँ मालिक वर्ग श्रमिकों का गला काटकर लाखों रुपया कामाता है और दिन दूना रात चौगुना बढ़ता जाता है । श्रमिकों की भलाई की ओर धयान नहीं देता है । अतएव श्रम-मंत्री से निवेदन करुँगा कि आप इनकी और ध्यान दें । आपका हाथ

वहुत लम्बा है; आप आपने वलिष्ट हाथों से खोज कर निकालें कि कहाँ पर काम मुहैय्या किया जा सकता है ? आप इन कर्मचारियों का वेतन, काम का घण्टा ठीक करावें । इनके रिटायरमेन्ट के वाद उनको ग्रेचुएटी और प्राभिडेण्ट फण्ड भी मिले इसकी व्यवस्था करें । अगर आप मलिक और मजदूर का संवंध ठीककर पाये तो श्रम विभाग दिन दूना रात चौगुना उन्नति करेगा ।

अगर आपका दप्तर ११ वजे खुलेगा तो काम क्या होगा ? मुख्य मंत्री स्वयं कह चुके है कि १२वजे तक सरकारी कर्मचारी काम पर आते ही नहीं है, काम किससे लिया जाय, चेयर से । आपका कर्तव्य हो जाता है कि आप अपने श्रम-दफ्तर पर कड़ी निगरानी रखें ताकि श्रम-दफ्तरका काम ठीक से हो और मजदूर उत्पादन को बढ़ावे मालिकलोग भी मजदूरों के कल्याण का काम करें । केवल आपके कानून बना देने से कुछ काम नहीं होगा । उसका कड़ाई से पालन करवाना पड़ेगा । मालिक लोग जरा सा भी असुविधा अनुभव करने पर हाई कोर्ट का सहारा लेते हैं । मजदूर को केस जीत जाने का सेन्ट परसेन्ट चांस भी हो जाता है, उसे १०-२० हजार रुपया मिलने की आशा भी हो जाती है किन्तु लाचारी वस केस छोड़कर मजदूर भाग जाता है । इसलिए मैं कहना चाहता हूँ कि कानून का मुस्तैदी से पालन कराया जाय ।

आपके श्रम-दफ्तर के अण्डर में शापस्टैवलिशमेन्ट भी आता है । उसमें इन्स्पेक्टर लोग रहते हैं । किन्तु वे लोग अपने कर्तव्य का पालन नहीं करते हैं । वे लोग दुकानों का इंस्पेक्शन करने नहीं जाते हैं । आफिस से निकलकर घूस लेकर चले आते हैं । इसके फलस्परूप गद्दी जो १०$^1/_2$ घण्टा खोलने का नियम है, उसके पहले १२-१८ घण्टा खोलकर रखते हैं, दुकानें की ठीक टाइम से वन्द नहीं होती हैं । कर्मचारियों को अधिक घण्टों तक खटाया जाता है । उसके वदले उसे एक्सट्रा कुछ भी नही मिलता है ।

एक कर्मचारी ३० वर्ष तक सेवा करके चला जाता है । काम के समय आपना खून-पसीना बहाता है परन्तु लाभ पाने के बदले उसका शोषण किया जाता है । नौकरी से चले जाने के वाद उसे कुछ भी नहीं मिलता है इसलिए वुढ़ौती में उसे भूखों मरना पड़ता है । अतएव केवल मालिकों के उपर छोड़ देने से काम चहने वाला नहीं है, इससे श्रमिक कल्याण कुछ भी नहीं होगा । इस संदर्भ में मुझे एक हुआ खक पुराण की वात स्मरण हो आई वह यह है कि सत युग में एक राजा अपनी पत्नि सहित विक

गया । राजा को कल्लू डोम खरीदा और राजा की ड्यूटी मुर्दा जलाने वालों से कर आदायगी करने पर लगी । एकदिन रानी आपने मृत बच्चे को जलाने के लिए पहुँची तो उससे भी वह राजा कर के रूप में रानी का साड़ी का हिस्सा लिया मेरे कहने का तात्पर्य यह है कि मालिक वर्ग उस कलुआ डोम की तरह है ।

उपाध्यक्ष महोदय, सरकार तो सबको कामदिलाने से रही किन्तु वे लोग जो काम नहीं पाते हैं वे छोटे छोटे श्लोग जहाँ खाली जगह पाते हैं - फूट पाथों पर दुकान लगाते हैं और अपनी जीविका का निर्वाह करते हैं । परन्तु उनपर पुलिस डण्डा बरसाती है, इसके आलावा कारपोरेसन वाले भी उनको तंग करते हैं । इनको देखनेवाला कोई नहीं हैं । मैं श्रम-मंत्री से अनुरोध करूँगा कि वे इधर ध्यान दें ।

दूसरी बात यह है कि ठेलावाले, झोंकावाले, रिक्सावाले अपना पसीना बहाकर लोगों की सेवा करते हैं । आजके समय में जबकि डीजल और पेट्रोल का अभाव देखा जा रहा है, ये लोग माल एक जगह से दूसरी जगह में पहुँचाते हैं । फिर भी इनकी मजदूरी बहुत कम मिलती हैं । इन खून और पसीना बहाने वालों पर पुलिस डण्डा चलाती है । इनके लिए कोई भी कायदा कानून नहीं है । इनको देखने वाला कोई नहीं है । मैं श्रम मंत्री से निवेदन करता हूँ कि इनकी भलाई के लिए कोई सुदृढ़ नियम बनावें । साथ ही साथ उन मजदूरो के रैन बसरो के लिए इन्तजाम करें ।

केवल दिल्लीमें श्रम संबंधी कानून बनेगा और आप चुपचाप बैठे रहेंगे इससे काम चलने वाला नहीं है । आपको स्वयं सचेष्ट होकर नियम बनाना होगा । आप ऐसा कानून बनावें कि श्रमिकों का कल्याण हो साथ ही साथ उत्पादनभी ठीक से हो । मैं तो देख रहा हूँ कि यह सरकार मजदूरों के पक्ष में बाँझ ही रही है मैं श्रम-मंत्री से निवेदन करूँगा कि आप वेतन और काम के घण्टे का निर्धारण करावें, प्रामिडेण्ट फण्ड और ग्रेच्यूएटी दिलाने की व्यवस्था करें । गद्दी और दुकान में काम करनेवाले श्रमिकों के हित साधन के लिए कानून बनावें । इसके साथ ही साथ आप अपने दफ्तर पर कड़ी नजर रखे ताकि श्रम संबंधी नियमों का पालन कड़ाई से हो सके । कोई मनमाने ढंग से श्रमिकों का शोषण न कर सके ।

इन शब्दों के साथ मैं इस बजटका समर्थन करते हुए आपन वक्तव्य समाप्त करता हूँ ।

[4-30— 4-40 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি ২/৪ টি কথা এখানে বলতে চাই। মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট ভাষণ আমাদের সামনে রেখেছেন তার প্রথম ৭টি প্যারাগ্রাফে সামগ্রিকভাবে ওয়েজ পলিসি সম্পর্কে কিছু আলোচনা করেছেন এবং সেই ওয়েজ পলিসি সম্পর্কে তিনি যে আলোচনা করেছেন আমি তার সঙ্গে একমত। এই ব্যাপারে লেবার ডিপার্টমেন্টের যে কিছু করণীয় নেই সেটা আমরা সকলেই জানি এবং শুধু লেবার ডিপার্টমেন্টই নয়, পশ্চিমবঙ্গ সরকারেরও কিছু করণীয় আছে বলে আমি মনে করিনা। এই যে ওয়েজ পলিসি এটা টোটাল ইকনমিক পলিসির সঙ্গে জড়িত রয়েছে আমাদের ফিসক্যাল পলিসি, ফাইনান্স পলিসি, মানিটারি পলিসি। কাজেই দেখা যাচ্ছে এর সঙ্গে রাজ্য সরকারের বিন্দুমাত্র সম্পর্ক নেই এবং তাদের লেবার ডিপার্টমেন্টের সম্পর্কের প্রশ্ন তো নেইই। কাজেই এটা একটা বিরাট সমস্যা হিসেবে দেখা দিয়েছে। সোস্যাল জাসটিস্ করতে গেলে আমাদের কিছু কিছু করতে হবে সেটা আমরা সকলেই জানি। ইনইকোয়ালিটি অব রিয়াল ইনকাম এটা আমরা কমাতে চাই, কিন্তু আজকে আমাদের দেশে টোটাল ইকনমির যা অবস্থা তাতে এটা করা সম্ভব হচ্ছেনা। কেন যে হচ্ছেনা তার ২/১ টি উদাহরণ আমি হাউসে রাখতে চাই। ১৯৭৬/৭৭ সালে আমাদের দেশে মানি সাপ্লাই বেড়েছিল সেভেন্টি পারসেন্ট এবং তার সঙ্গে সঙ্গে হোলসেল প্রাইস্ ইনডেক্স বেড়ে গেল সিক্সটি পারসেন্ট, ফুড স্টাফ বেড়ে গেল সিক্সটিটু পারসেন্ট। অর্থাৎ প্রাইসেস্ আর রানিং । এই অবস্থাতে যখন আমাদের বেতন বাড়ল, মাগ্গীভাতা বাড়ল তখন অনেকে বলেছেন বেতন এবং মাগ্গীভাতা বাড়ছে। কিন্তু এতে কি হচ্ছে? যথেষ্ট নিউট্রালাইজেশন হচ্ছে কি? কাজেই ইনইকোয়ালিটি ইন রিয়্যাল ইনকাম এটা থেকেই যাচ্ছে। আমি আগেই বলেছি সোস্যাল জাস্টিস্ যেটা করা দরকার সেটা আমরা করতে পারছিনা। তবে এই অবস্থার মধ্যে আমাদের শ্রমমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তারজন্য আমি তাকে নিশ্চয়ই ধন্যবাদ দেব। মন্ত্রী মহাশয় পাটকল, সূতাকল শ্রমিকদের জন্য যে কমিটি বসিয়েছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তবে আমাদের দেখতে হবে কতখানি নিউট্রালাইজেশন হয়েছে এই অবস্থার মধ্যে এবং কতটা করা সম্ভবপর। ছাপাখানার কর্মচারীর যে আন্দোলন হয়েছিল সেটা তাঁর নেতৃত্বে একটা সুষ্ঠু মীমাংসায় এসেছে বটে, কিন্তু আমি বলব ওই সমস্যা কিন্তু এখনও আধা খেচরা অবস্থায় রয়েছে। ওঁদের এখনও এনটায়ার রিলিফ হচ্ছেনা, কাজেই আরও কি হতে পারে বা হওয়া উচিত সে সম্বন্ধে দৃষ্টি দিতে আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি। আমি অনুরোধ করছি ওঁদের সকলকে ডেকে তিনি যেন বসেন এবং এর একটা হিল্লে করেন। মিনিমাম ওয়েজ আমাদের দেবে একটা সমস্যা এবং হিসেব যা আছে তাতে দেখা যাচ্ছে লার্জেস্ট নাম্বার অব দি ওয়ার্কিং পিপল ইন অর্গানাইজড সেক্টর তার মিনিমাম স্ল্যাব রয়েছে এবং সেকেন্ড লার্জেস্ট নাম্বার হচ্ছে মিনিমামের নিচে এবং ৩০/৩৫কোটি লোক রয়েছে পভার্টি লাইনের নিচে। এদের কোন রকমে মিনিমামে তুলেছি কিন্তু এখনও নিচে অনেকে পড়ে রয়েছে । তবে ওই মিনিমামের উপরে এই কথাটা না বলাই ভাল আমি মনে করি এর হাত থেকে পরিত্রাণ পাবার জন্য আমাদের মিনিমাম ওয়েজ অ্যাক্ট কার্যকর করতে হবে। আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি কারণ অনেক ক্ষেত্রে তিনি

ওই মিনিমাম ওয়েজ চালু করবার জন্য চেষ্টা করেছেন। তবে আমার অনুরোধ তিনি যেন ইমপ্লিমেনটেশনের দিকটা দয়া করে ভাল ভাবে দেখেন। ইমপ্লিমেনটেশন যদি ঠিকভাবে না হয় তাহলে মিনিমাম ওয়েজ অ্যাক্ট চালু হলেও যাঁদের জন্য এটা করা হচ্ছে তাদের কোন উপকার হবেনা। স্যার, এর পাশাপাশি আমি আর একটা সাজেশন মন্ত্রী মহাশয়কে দেব ১০ বছর আগে ইন্দিরা গান্ধীর আমলে কারখানায় কারখানায় কনজিউমার্স স্টোর্স চালু করবার জন্য একটা স্কীম করা হয়েছিল। এটা কেন্দ্রীয় সরকারের স্কীম। আমার অনুরোধ হচ্ছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে পুনরায় সেই স্কীমটি সুকমিটি চালু করা যায় কিনা অর্থাৎ কারখানায় কারখানায় কনজিউমার্স স্টোর্স চালু করা যায় কিনা এবং সেখান থেকে অন্ততপক্ষে চাল, ডাল, তেল, নুন এবং কয়লা যেগুলো একেবারে প্রাইমারী নীড্‌স্ সেগুলি দেওয়া যায় কিনা সেটা চিন্তা করুন। সবগুলো কভার করা যাবে না জানি, তবে খাদ্যের ব্যাপারে যতটুকু কভার করা সেই ব্যাপারে আপনি চিন্তা করুন। এখানে এমপ্লয়াররা ইনভেস্ট করবেন ওই স্টোর্স করবার জন্য। এটা কিছু কিছু হয়ে আবার পরিত্যক্ত হয়েছে, কাজেই আবার একে রিভাইভ করা যায় কিনা সেটা আপনি দয়া করে দেখুন। প্রচলিত আইনগুলির সংশোধন সম্পর্কে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় এখানে যেসব কথা বলেছেন আমি তা সম্পূর্ণ সমর্থন করি। দোকান কর্মচারীদের আইনের সংশোধন খুব সত্তর হওয়া দরকার। এইটুকুতে কি হচ্ছে তা খুব ভাল করে শ্রমমন্ত্রী মহাশয় জানেন, বেশি করে বলার দরকার নেই, আরো ব্যাপকভাবে অনেক আইনের অনেক জায়গায় পরিবর্তন দরকার। সেইজন্য আমি এখানে প্রস্তাব করছি যে একটা লেবার লস রিভিউ কমিটি বা সেল, যাই বলুন না কেন, একটা সেইরকম রিভিউ কমিটি তৈরি করুন। এর মধ্যে অনেকগুলি আমরা পরিবর্তন করতে পারি, অনেকগুলি আইন আমরা পরিবর্তন করতে পারিনা, কেন্দ্রীয় সরকার করবে। সুতরাং তাদের কাছে আমরা সুপারিশ করতে পারি। আজকের দিনে এটা অত্যন্ত জরুরী, বহু আইনের জায়গায় খুঁটিনাটি পরিবর্তন হওয়া দরকার। এইগুলি করলে শ্রমিকরা, কর্মচারীরা যথেষ্ট উপকৃত হতে পারবে কিন্তু সেগুলি বলে নানা প্রকার অসুবিধা দীর্ঘকাল ধরে চলছে। সেইজন্য আমি কনক্রিটলি সাজেস্ট করছি এই ধরনের একটা লেবার লস রিভিউ কমিটি যেন তিনি করার চেষ্টা করেন । আর একটা প্রস্তাব আমি রাখবো মাননীয় শ্রমমন্ত্রীর কাছে যে এগ্রিকালচারাল সেক্টরে যেমন কো-অপরেটিভ ক্রেডিট সোসাইটিস্ আছে ঠিক সেই রকম সেকেন্ডারি সেক্টর ইন্ডাস্ট্রিয়াল এমপ্লইজদের ক্ষেত্রে কো-অপরেটিভ ক্রেডিট সোসাইটিস্ যদি করা যায়, আমি নিজে দেখেছি আমার অভিজ্ঞতা থেকে, ইমেন্সলি বেনিফিটেড হবে শ্রমিকরা, ওয়ার্কাসরা, এমপ্লইজরা। কিন্তু এখানে সাবসিডি দেবার প্রয়োজন আছে, এখানেও উৎপাদন জড়িত। এগ্রিকালচারাল সেক্টরে প্রাইমারি সেক্টরের উপর উৎপাদন নির্ভর করেনা, সেকেন্ডারি সেক্টরে ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে ওয়ার্কাস এবং এমপ্লইজ তাদের উপর প্রডাকশন নির্ভর করছে। কাজেই আজকে যদি এই কো-অপরেটিভ ক্রেডিট সোসাইটিগুলি চালু হয় কো-অপরেটিভ ডিপার্টমেন্টের সঙ্গে যদি আপনারা এটা টেক আপ করেন এবং এর একটা সমন্বয় হয় এবং কো-অপরেটিভ ডিপার্টমেন্ট যেভাবে এগ্রিকালচারাল সেক্টরকে সাবসিডি দিচ্ছে সেই রকমভাবে— আপনি জানেন ওয়ার্কাসরা কিভাবে ম্যানেজমেন্ট করবে, কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে যদি টাকা নিতে হয় তাহলে ৫০ খানা খাতা মেন্টেন করতে হবে, এই সব করা কি সম্ভবপর ওয়ার্কারদের ক্ষেত্রে? তারজন্য যদি কো-অপরেটিভ ডিপার্টমেন্টের সঙ্গে একটা সমন্বয় সাধন করে এই ব্যাপারে সাবসিডি দেবার ব্যবস্থা

করা যায় তাহলে পর আমি মনে করি ওয়ার্কাসরা এখানে ইমেনসলি বেনিফিটেড হতে পারে এখন একটা আইন ওয়ার্কিং সম্বন্ধে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাখতে চাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে, আশা করি তিনি এইদিকে নজর দেবেন প্রভিডেন্টফাণ্ড আইন সম্পর্কে আমি বলবো। আমাদের কোন রেসপনসিবিলিটি আইন নেই কিন্তু আমরা কি করে উদাসীন থাকবো? এই যে লক্ষ লক্ষ শ্রমিক ও কর্মচারী আমাদের রাজ্যে আমাদের অ্যাডমিনিস্ট্রেশন, আমাদের লেবার ডিপার্টমেন্ট কনট্রোল করছে, হতে পারে এটা সেন্ট্রাল অ্যাক্ট কিন্তু আপনি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, খোঁজ নিয়ে জানুন দেখবেন এখানে একটা ভূতের নৃত্য চলছে। এই রকম চরম অরাজকতা, চরম অব্যবস্থা কোথাও আছে কিনা ভূভারতে সন্দেহ হয়। আমার কাছে চিঠি আছে একজনের এই একগোছা। তাতে দেখবেন ৫ বৎসরের পুরান কেস, মারা গিয়েছে, দরখাস্ত করলেন বিধবা, দরখাস্ত করার পর তাঁকে জবাব দিলেন কমিশনার, No. A/015/WB/132/XIV/1037 dt. 17.3.78 জবাব দিচ্ছেন বিধবাকে The claim in form -20 furnished by her is retained at this end. You will be informed as an when the family particulars of the above deceased member is received from the collector' Murshidabad. লাস্ট লেটার লিখছেন কমিশনার ..... D.O. No. A/SPL/Misc/Comt/dt, 11th Dec. 1979. আমি এই যে এক গোছা চিঠি দেখাচ্ছি তার থেকে ৫খানা চিঠি, এই চিঠির মধ্যে কমিশনার সাহেবের ৪টি চিঠি আছে, বারবার উনি বলছেন যে আমি দেখছি খুব তাড়াতাড়ি ব্যবস্থা করে দেবো। কি ব্যবস্থা করলেন, কি লিখলেন? WB/132/708-an interim payment was made to the member in the year 1968. No further application for final settlement of the claim has been received at this end. Wife of the member may now be requested to apply in form-20 for processing the case further.ওরা ইংরাজী জানেনা, গরিব শ্রমিকদের বিধবা পত্নীরা এইভাবে হ্যারাস হবে? এটা সেন্ট্রাল গভর্নমেন্টের, এই প্রভিডেন্ট ফান্ডকে ডিসেন্ট্রালাইজ করার জন্য শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো এইগুলি জোনাল বেসিসে হোক, বহরমপুর, নদীয়া, মুর্শিদাবাদ, মালদহকে ডিসেন্ট্রালাইজ করে জোনাল অফিস করুন।

[4-40— 4-50 P.M.]

হয়তো এইরকমভাবে হবে কিনা জানি না। কিভাবে এর সমাধান হবে? কিন্তু শ্রমমন্ত্রীকে বলবো, আপনি কমিশনার সাহেবকে ডাকুন। এই যে কমিশনার সাহেবের চিঠি সমস্ত। এইগুলো কি হচ্ছে? এর কি ইমপ্রুভমেন্ট হবে না? আমরা উদাসীন থাকবো? শুধু এইটা নয়, final settlement case এই রকম হয়। প্রত্যেক ফাইন্যাল সেটেলমেন্ট কেসে কিংবা অ্যাডভান্সড কেসে কোনটাতেই যে স্ট্যাচুটারি টাইম লিমিট বেঁধে দেওয়া হয়েছে, সেই স্ট্যাচুটারি টাইম লিমিটের মধ্যে একটা কেসও ডিসপোস হয় আমার এই রকম অভিজ্ঞতা নেই। অন্য কারো এই রকম অভিজ্ঞতা হয় কিনা জানি না। এই আইনটা সম্পর্কে যথেষ্ট সচেতন হওয়ার দরকার আছে। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো সেই দিকে দৃষ্টি দিতে। হাউস রেন্টের ব্যাপারে মাননীয় শ্রমমন্ত্রী উল্লেখ করেছেন, আমি বলতে চাই, এইটা সোশ্যাল লেজিসলেশান, সামাজিক ন্যায় বিচার। এইটা কিভাবে ন্যায় বিচার হচ্ছে? শ্রমিকেরা যেখানে থাকে সেখানে ব্যারাক এবং কোয়ার্টারস এক করে দেওয়া হল। এইটাই কি আইনের উদ্দেশ্য ছিল, ওয়াস

দ্যাট দি ইনটেনশান? তিন কামরার কোয়াটারস আলাদা সমস্ত ব্যবস্থা আছে, আর ব্যারাক কমন ল্যাট্রিন, কমন ট্যাপ। ফিফটি পারসেন্ট কাট হয়ে গেলো। কারা করছে? আশ্চর্যের কথা, গভর্নমেণ্ট আনডারটেকিং, ন্যাশানাল টেক্সটাইলস করপোরেশন তারা এই ব্যবস্থা করেছে। এই রকম কোয়াটারস আছে যেটা আসলে ব্যারাক উপরের ফুটো দিয়ে জল পড়ছে ঝরঝর করে। কতকগুলো পায়খানা সেখানে করে দেওয়া হয়েছে, ৫০/১০০ জনকে যেতে হবে। এইতো ব্যবস্থা। এক হাতে দেবো, আর এক হাতে নিয়ে নেবো। এইটা কি ধরনের সামাজিক সুবিচার, ন্যায়বিচার— আমি বুঝতে পারি না। কাজেই এইটা দেখবেন। এইটা অবিচার হচ্ছে। বিশেষ করে govt. undertaking must not be allowed. শ্রমিকদের এইভাবে বঞ্চিত করার। এক হাত দিয়ে দেব, আর এক দিয়ে নেব। ১৫টাকা দিতে পারছেন না। যদি এই অবস্থা হয়, তাহলে বলুন অল আর ক্লোজড, আমাদের পক্ষে চালানো সম্ভব নয়। তারপর লেবার ওয়েলফেয়ার ফাণ্ড করা আছে। সেখানে কি হচ্ছে কাজ? এতো কোন কালে শোনা যায় নি, ইংরাজীতে একটা কথা শুনেছি, পিটার অ্যান্ড পল— কে দেবে, কে নেবে। দিচ্ছে একজন, ওয়েলফেয়ার করা হচ্ছে কার নোবডি নোস। এখানে এই ধরনের অর্গানাইজেশনকে ঢেলে সাজানো দরকার আছে। যারা চাঁদা দিচ্ছেন, যেহেতু লেবার ওয়েলফেয়ার ফান্ড, তাদের যদি অংশীদার করা না হয়, তবে তারা কেন চাঁদা দেবে, কেন পয়সা দেবে? পয়সা দিয়ে যাচ্ছে, কিন্তু কোন বেনিফিট নেই। কি ওয়েল ফেয়ার হচ্ছে, কার ওয়েলফেয়ার হচ্ছে— কেউ জানে না। কাজেই মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করি এই দপ্তরকে যেন ঢেলে সাজানোর ব্যবস্থা করা হয়। আর একটা আইন গ্রাচুইটি আইন, এই আইন সম্পর্কে বিভিন্ন জায়গার অসুবিধা হচ্ছে। বড় বড় কারখানায় অসুবিধা হচ্ছে। আমি দৃষ্টান্ত হিসাবে বলতে পারি রামনগরের যে চিনিকল আছে, সেখানে অন্তত পক্ষে ৫০টা কেস আছে, বহুদিন ধরে তাদের কোন গ্রাচুইটি কেস সেটেলমেন্ট হচ্ছে না। সব স্ট্যাচুটারিলি বলা আছে, কবে দরখাস্ত করতে হবে, বলা আছে, কবে মীমাংসা করতে হবে। তারপর মালিকদের বেশ কয়েকটা টারমিনাল বেনিফিটস দেওয়ার কথা। কিন্তু তা হচ্ছে না। এই রকম জিনিস সহ্য করা যায়? সহ্য করা সম্ভব? কিছু করতে গেলে ওঁদের প্রতিনিধি আছেন চেঁচামেচি করবেন, সব বিশৃঙ্খলা হচ্ছে বলবেন। এই দিকে দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করে মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন করে, আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, আমি তা সম্পূর্ণ সমর্থন করি, তিনি তাঁর বাজেট বক্তৃতায় যে সব কথা বলেছেন, সে সম্বন্ধে মাননীয় সদস্যরা অনেক আলোচনা করেছেন, আমি সেদিকটা আলোচনা করব না, সময় কম। আমি কতকগুলি জিনিস মাননীয় শ্রমমন্ত্রীর কাছে তুলে ধরতে চাই। আপনি পছন্দ করুন আর নাই করুন শ্রমিকদের নানা বেড়াজালের মধ্যে চলতে হয় প্রথমতঃ যে ডাইরেক্টোরেট আছে, একটা করে বলছি। ফ্যাক্টরী ডাইরেক্টোরেট, এর কাজ হচ্ছে কোন কারকানায় ঠিকমত ফ্যাক্টরী আইন মানা হচ্ছে কিনা সেটা দেখা, প্রিভেন্টিভ যে সব জিনিস পত্র আছে, সেগুলি সেখানে আছে কিনা, যাতে কোন অ্যাক্সিডেন্ট না হয় সেটা দেখা। কিন্তু আমি জানিনা এটা কতদূর করা হয়ে থাকে। কোন কমপ্লেন হলে, অফিসার গেল, আমাদের যে অভিজ্ঞতা তাতে এ সম্বন্ধে যত কম বলা যায় ততই ভাল। কমপ্লেন করলে অফিসার গেলে, দেখা যায় কিছু কিছু অফিসার বোনাস পায়। আমি মাননীয়

মন্ত্রীকে বলবো যে এটা কঠোর হস্তে দেখা দরকার। এটা এমন একটা ডিপার্টমেন্ট যে এমন ডিপার্টমেন্ট খুব কমই আছে, যেখানে এত গলদ আছে। কেননা অফিসাররা কমপ্লেনের সাথে সাথেই মালিকের কাছে যায় এবং একটা রফা হয়, যে খবরের ভিত্তিতে কমপ্লেন হয়, তার ভিত্তিতে একটা রফা হয়। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়ও হয়ত জানেন, তিনি মাঝে মাঝে ডিপার্টমেন্ট গুলিতে স্ট্যাটিসটিক্স চাইলেই দেখতে পাবেন, বুঝতে পারবেন। দ্বিতীয়ত হচ্ছে লেবার কমিশনার্স অফিস, এখানেও অনেক বন্ধু আছেন ঐ অফিসের। এই যে লেবার কমিশনার্স অফিস এটাকে শ্রমিকদের কমিশনরাস্ অফিস না বলে এটাকে এমপ্লয়ীজ অফিস বললে ভাল বলা হয়। নিশ্চয়ই কিছু কিছু বিচক্ষণ এবং ভাল অফিসার আছেন। এখানে এমন অবস্থা যে সাড়ে চারটা অনেক অফিসার মালিকের গাড়িতে করে বাজার করতে যান। শ্রমমন্ত্রী যদি চানতো আমি তাঁর কাছে সেসব দেব, এটা আজকের কথা নয়, দীর্ঘদিন ধরে এ রকম চলে আসছে। এটা বন্ধ হওয়া দরকার, তা না হলে এই ডিপার্টমেন্টে কোন কাজ হবেনা। তারপর শপ্স অ্যাণ্ড এস্টাবলিশমেন্ট ডিপার্টমেন্ট। যে আইন আছে দোকানের মালিক সেই আইন মানছে না, এবং দোকানের মালিক আইন যে মানছে না সেটা দোকানের কর্মচারীকে নালিশ করে জানাতে হবে। আমি মাননীয় শ্রমমন্ত্রীকে বলব, দোকান-কর্মচারীকে কেন ব্যবস্থা করতে হবে, প্রতিমাসে প্রতি সপ্তাহে কত লোক কাজ করে কত লোক বেতন পায়, কত ছুটি কত লোককে ছুটি দেওয়া হয়, এটা ফরমে রিটার্ণ দিতে হবে মালিককে, এটা না করলে লাইসেন্স ক্যান্সেল হয়ে যাবে, এটা করা দরকার, তা না করলে সব চাইতে শোষিত যে দোকান কর্মচারী, তাদের কোন উপকার এই আইনে হবেনা। এবং এ আইনের প্রয়োগ না হলে কোন কাজ হবেনা। ছোট ছোট দোকান, এস্টাব্লিশমেন্ট আছে, সারা বছর হরলিক্স পাওয়া গেল না কিন্তু যেই অফিসারকে বলা হল সে খুঁজে পেতে এনে দেবে কারণ তাঁর জানা আছে আইনভঙ্গকারী কে বা কারা। কাজেই অফিসার আছে কিন্তু তাতে কোন প্রতিকারই হয়না, মরে মধ্যবিত্ত শ্রমিক কর্মচারী। আর প্রভিডেন্ট ফান্ডের ব্যাপারে অমলেন্দ্র বাবু বলেছেন। আমাদের যে অভিজ্ঞতা এক একটা প্রভিডেন্ট ফান্ড কেস-এর ফয়সলা করতে এক এক জোড়া নতুন জুতার দরকার, তা না হলে প্রভিডেন্ট ফান্ডের টাকা আদায়ই হয়না। এর অফিস ছিল ১৩নং লিন্ডসে স্ট্রীটে তারপরে গেল ২৪নং পার্ক স্ট্রীটে, এখন ৪৮ নম্বরে হয়েছে। আমি জানি যে, সমস্ত তদারকি সত্ত্বেও একটা কেস-এর টাকা পেতে ৪ মাস কেটে যায়।

[4-50— 5-00 P.M.]

স্যার, আমাদের অভিজ্ঞতা থেকে বলতে পারি, একটা থেকে দেড়টা হচ্ছে তাদের টিফিন টাইম-এই সময় তারা বই পড়েন। দেড়টা থেকে দুটো টিফিনের পর তারা চা খান, কোন ওয়ার্কারকে তারা অ্যাটেন করেন না। আমরাও অনেক সময় গিয়ে তাদের কাছ থেকে কোন কাজ পাই না। যে সাধারণ শ্রমিক কর্মচারীদের পয়সার তাদের বেতন হয়, তাদের রুটি রুজি হয় তাদেরকেই তারা সম্পূর্ণ অবহেলা করে। আমি মনে করি, এই জিনিস অবিলম্বে দূর হওয়া একমত যে এ ক্ষেত্রে অনেক ভুল বোঝার অবকাশ আছে এবং আমাদের সম্বন্ধে যারা সাধারণ মানুষকে ভুল বোঝাবার চেষ্টা করছে তারা এর সুযোগ গ্রহণ করবে। এর পর আমি ই.এস.আই-এর কথায় আসি। সে একটা আলাদা রাজত্ব। আমি এ সম্বন্ধে বলতে গিয়ে

কয়েকটি ঘটনার কথা বলব। অমলবাবু যেহেতু প্রভিডেন্ট ফান্ডের কথা বলেছেন সেই হেতু আমি আর সে সম্বন্ধে বলব না, আমি শুধু কয়েকটি ঘটনার কথা বলব। হাওড়ায় ডেল্টা রোপ ওয়ার্কস বলে একটি কারখানা আছে, আমি সেই কারখানার একটি ঘটনার কথা বলব। গত ৩০.৬.৭৭ তারিখে ওখানে একজন শ্রমিকের কর্মরত অবস্থায় মেজর অ্যাক্সিডেন্ট হয় এবং তাকে হাসপাতালে গিয়ে থাকতে হয়। তারপর তার মেডিক্যাল বোর্ড হল-প্রথম বোর্ড হল ২৫.১.৭৮ তারিখে। তারপর কাগজ হারিয়ে গেল। আমি গিয়েছিলাম সে সম্বন্ধে কথা বলতে, আমাকে বলা হল, এ নিয়ে আর ঝগড়াঝাটি করবেন না, আর একটা দরখাস্ত করে দিতে বলুন। তারপর দ্বিতীয় বোর্ড হল ২৫.১.৭৯ তারিখে কিন্তু আজ পর্যন্ত কোন রিলিফ সেই শ্রমিকটি পায়নি। আমি তখন বাধ্য হয়ে বলেছিলাম, বলুন তাহলে কি দলবল নিয়ে আসতে হবে, যদি তা হয় তাহলে আমাকে জানাবেন, আমি জানতে পারলে খুশি হব। এ সম্বন্ধে হাজার খানেক কেস মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি দিতে পারি। আমি বলছি, সেটা একটা নরক কুণ্ড হয়ে দাঁড়িয়েছে। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যদি এ দিকে গভীর দৃষ্টি দিয়ে এগুলি দেখবার চেষ্টা করেন তাহলে আমি বলব পশ্চিমবাংলার শ্রমিকদের আশীর্বাদ আপনি পাবেন। এরপর আমি আর একটি ঘটনার কথা বলব। দুর্গাপুর প্রজেক্টের একটি ছোট ইউনিট আমাদের বালিতে আছে, সেখানে ১০ জন লোক কাজ করে। তাদের বলা হয় ই.এস.আই-এর মধ্যে আসতে হবে। তারা বলে, আমরা ই.এস.আই-এ আসবো কি করে, আমরা ঔষধ পাই না, কোন বেনিফিট পাই না, এর থেকে আমাদের মুক্তি দেওয়া হোক। ৪/৫ বছর ধরে তারা ঘোরাঘুরি করছে কিন্তু কোন কাজ হচ্ছে না। আমি পারসোনালি বার দশেক গিয়েছি কিন্তু সেই আইনের ব্যাখ্যা আমি বুঝতে পারি নি। আমি রেফারেন্স দিয়ে চিঠি দিয়ে এসেছি এবং বলেছি আইনটা আমাকে বুঝিয়ে দেবেন। তা যদি না দেন তাহলে শ্রমিকরা তাদের হাতিয়ার হাতুড়ি বাধ্য হয়ে প্রয়োগ করবেন। তারপর ঐ যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট, এর মতন জটিল ব্যাপার আর নেই। ঐ আইনের যে ৩৬ সেকশনটা আছে তার ৩৬ প্যাচে শ্রমিকরা জর্জরিত হয়ে যাচ্ছে। সেখানে মামলা হলে লেবার কমিশনের অফিস থেকে রাইটার্স বিল্ডিং-এ যেতেই বহুদিন লেগে যায়, তারপর রেফারেন্স হয় ট্রাইব্যুনালে। ২/৩ বছরের কমে একটা মামলার নিষ্পত্তি হয়না। তারপর নিষ্পত্তি হলেও যদিও শ্রমিকরা জেতে তাহলেও আবার হাইকোর্টে কেস হয়। ঐ সুনীতিবাবুদের দল যারা এখানে শ্রমিকদের জন্য দরদের কথা বলছেন তারাই আবার হাইকোর্টে গিয়ে মালিকদের বলেন এইভাবে শ্রমিকদের কব্জা করুন।

ওয়ার্কমেন'স পেমেন্ট অব কমপেনসেশান অ্যাক্ট সম্পর্কে, মিনিমাম অয়েজেস অ্যাক্ট সম্পর্কে সেই একই কথা, মালিকরা এগুলি মানছে না। আমার বক্তব্য হল যে কোম্পানী মিনিমাম ওয়েজেস অ্যাক্ট মানবে না তাকে লাইসেন্স দেওয়া হবে না, আইনে এই রকম ব্যবস্থা করা যায় কিনা ভেবে দেখা দরকার। মিনিমাম ওয়েজেস অ্যাক্ট মানতে বাধ্য করা দরকার। মুস্কিল হচ্ছে কি আমাদের মধ্যে কো-অর্ডিনেশন নেই। লেবার ডিপার্টমেন্টের আইন কোম্পানী মানছে না, ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট থেকে পারমিট নিয়ে চলে যাচ্ছে। এই ব্যবস্থা কি করা যায় না যে, যারা সম্পূর্ণ আইন না মানবে তাদের পারমিট দেওয়া হবে না? মালিকদের যদি শায়েস্তা করতে হয় তাহলে এছাড়া অ্যাক্টে বলা হয়েছে— মাননীয় শ্রমমন্ত্রী তার বিবৃতিতে বলেছেন কন্ট্রাক্ট লেবার অ্যাক্ট হয়েছে, এটা পারপিচুয়েট হয়েছে যাতে কন্ট্রাক্ট লেবার আরো বেশি থাকে। এটা কেন্দ্রীয় আইন। তারা কন্ট্রাকটরদের শোষণ করতে পারেন এমনভাবে অ্যাক্ট

তৈরি হয়েছে। একটা লাইসেন্স নিতে পারলেই হল কন্ট্রাক্টরদের শোষণ বন্ধ করার কোন আইন নেই, প্রতিকার নেই, এই রকম কন্ট্রাক্ট লেবার অ্যাক্ট হয়েছে। অনেকে মিনিমাম ওয়েজেস অ্যাক্টের কথা বললেন, বিড়ি শ্রমিকদের ব্যাপারে ওদিক থেকে অনেকে বললেন। আমি দেখেছি বিড়ি লেবারদের লাইসেন্স আছে। তারা যেই মাত্র একটু সংগঠিত হল অমনি মালিকরা দোকানের ঝাঁপ বন্ধ করে দিলেন। ওদের কুলো বাড়ি বাড়ি দিয়ে দিলেন বিড়ি তৈরি করার জন্য এবং মালিকরা বিড়ি কিনে নিয়ে এলেন, বিক্রি করলেন। বিভিন্ন প্রদেশ থেকে এই বিষয়ে মিনিমাম ওয়েজ নিয়ে একটা স্টাডি হচ্ছিল এবং কি করে এই জিনিস বন্ধ করা যায় সেই চেষ্টা হচ্ছিল। ওদের মত নির্যাতিত শ্রমিক খুব কমই আছে। বিড়ি শ্রমিকদের অসুবিধাটা দূর করার জন্য মাননীয় শ্রমমন্ত্রী কয়েকবার চেষ্টা করেছেন, এটা ব্যক্তিগতভাবে আমি জানি। তবু আমি বলছি এই আইন ভঙ্গকারীদের কঠোরহস্তে দমন করা দরকার, তা নাহলে সাধারণ শ্রমিকরা এই সম্পর্কে কোন প্রতিকারই পাবে না। অর্গানাইজড্ সেক্টর যেমন জুট, কটন, ইঞ্জিনিয়ারিং, এখানকার শ্রমিকরা অনেক অর্গানাইজড্ তারা যা পায় তার চেয়েও এই বিড়ি শ্রমিকরা অনেক কম পায়। এদের কথা একটু বেশি করে চিন্তা করা দরকার। এই অর্গানাইজড্ শ্রমিক ছাড়া আরো প্রায় ৩০ লক্ষ আন অর্গানাইজড্ শ্রমিক আছে, তাদের কথাও ভাবা দরকার। এছাড়া কটেজ ইন্ডাস্ট্রি স্মল ইন্ডাস্ট্রিতে যে সব শ্রমিক আছে তাদের কথাও ভাববার সময় এসেছে। ওরাই পশ্চিমবঙ্গের বৃহত্তম অংশ, ওদের বাদ দিয়ে কোন কিছু করা যায় না। আমি আপনার কাছে দু একটি পরিসংখ্যান দেবার চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যেভাবে ঘড়ির দিকে তাকাচ্ছেন তাতে আমি সব পরিসংখ্যান দেবার সময় পাব না। শ্রমিকদের বেতন ১৯৫৮/৫৯ সালে যা ছিল তার থেকে আজ পর্যন্ত সাধারণভাবে খুব বেশি বাড়েনি। অথচ মুনাফার কথাটা আপনারা সকলেই শুনেছেন। কারো কারো তাদের মূলধনের শতকরা ৫০০/৬০০ গুণ বেড়েছে, কিন্তু শ্রমিকদের সাধারণ আয় কারো বাড়েনি। আমি একটি মজার উদাহরণ দিচ্ছি। ১৯৫৮/৫৯ সালে বিড়ি শ্রমিকরা পেত ২ টাকা, ১৯৭৩/৭৫ সালে অ্যাভারেজ ইনকাম হয়েছে ৪.৭৫ পয়সা। এই সময় মালিকদের কত মুনাফা হয়েছে সেটা আপনারা সকলেই জানেন। কাঁচে আসুন। ১৯৫৮/৫৯ সালে নিয়োজিত শ্রমিকের শতকরা ১০ ভাগ মাইনে পেত ৪টাকা, ১৯৭৩/৭৫ সালে ৫ টাকা পর্যন্ত বেতন পায় শতকরা মাত্র ১৯% লোক। আমি অন্যান্য জায়গার কথা বলতে পারি। আমি জানি না কত সময় পাব। আমরা ইতিমধ্যেই দেখছি প্রোডাকশন রেট বাড়ছে, প্রত্যেকটি কাজে বাড়ছে। বন্ধুরা খুব চীৎকার করলেন, আমি বলছি ওয়েস্ট বেঙ্গলে রেট অব প্রোডাকশন ইজ হাইয়েস্ট। তরুণবাবুর মুখে শুনলাম এখানে প্রোডাকশান বেড়েছে। অন্যান্য জায়গার সঙ্গে বিচার করে দেখলেই এটা বোঝা যাবে। প্রয়োজন হলে সেই তথ্যাদি আমি সরবরাহ করব। আর একটি কথা ভাবতে হবে এই ডিসপ্যারিটি ইন ওয়েজ লেভেল - মিনিস্ট্রি অব কমুনিকেশনের একটি রিপোর্টে দেখলাম একজন সিনিয়র অফিসারের মাইনের তুলনায় ৫৫ টাইমস কম বেতন পায় একজন পিওন। অফিসার ৩ হাজার টাকা পান, আর পিওন পান ১৫৫ টাকা। এই জিনিস চললে কোন দিন আমাদের দেশে সমতা আসবে না, মুদ্রাস্ফীতি কোনদিন রোধ করা যাবে না। এখানে অন্যান্য শিল্প আছে সেদিকে মাননীয় শ্রমমন্ত্রীকে বিচার করে দেখার জন্য অনুরোধ করছি।

[5-00— 5-10 P.M.]

আর একটা নূতন বিপদ হয়েছে। আমাদের এখানে ইন্ডাস্ট্রিয়াল হাউসিং আছে। বাগানের পাশে অনেকক্ষেত্র ল্যান্ড আছে। আজকাল দেখছি এইসব ইন্ডাস্ট্রিয়াল হাউসিংয়ে যত সব নন ইন্ডাস্ট্রিয়াল ওয়াকার্সরা বসে গেছে। কংগ্রেস গত ৩০ বছরের মধ্যে আর যাই করুক এই কাজ করে গেছে যে যতসব চোরাকারবারী ব্লাক মার্কেটিয়াদের ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কস বলে এই ইন্ডাস্ট্রিয়াল হাউসিংয়ে বসিয়ে দিয়ে গেছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো কঠোর হস্তে এদেরকে যেন উচ্ছেদ করা হয় এবং সেখানে আসল শ্রমিকদের যেন সেই বাড়ি দিয়ে দেওয়া হয়। চা বাগানের পাশে যেসব জায়গা আছে সেই সব জায়গাতে চায়ের চাষ হতে পারে কিনা এটা তিনি যেন অনুসন্ধান করে দেখেন। কারণ এটা যদি না করেন তাহলে চায়ের চাষ যথেষ্ট পরিমাণে ব্যাহত হয়ে যাবে। তিনি যদি মনে করেন এ সম্বন্ধে তথ্য দিতে তাহলে তাঁকে আমি এই সব তথ্য দিয়ে দেব। যে সব শ্রমিক মঙ্গল কেন্দ্র আছে সেগুলি বর্তমানে একটা নরক কেন্দ্রে পরিণত হয়েছে এবং সেইভাবে আজও পরিচালিত হচ্ছে। অবিলম্বে এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার। শ্রমিক মঙ্গল কেন্দ্রগুলি যাতে ট্রেড ইউনিয়ন পরিচালিত হয় তার ববস্থা করা দরকার। তা না হলে সরকারের পয়সা অপব্যয় হয়ে যাবে। আমি আর দু একটি কথা বলবো। আমি আগেই বলেছি যে বিভিন্ন ডিপার্টমেন্টে দেখছি যে সেখানে ল্যাক অব কো-অর্ডিনেশন রয়েছে। আজকে এটা বন্ধ হওয়া দরকার। তাহলে আজকে যদি দেখা যায় যে শ্রমিকদের স্বার্থে যে সে আইন যদি কেউ ভঙ্গ করে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে পারবো। আইনে যেটা আছে সেটা মেনে নিতে বাধ্য হবে। এবং এতে শ্রমিকদের মঙ্গল হবে। আমি শেষ করবার আগে একটি কথা বলবো মাননীয় শ্রমমন্ত্রীকে মাননীয় বন্ধু অমলেন্দ্রবাবু যে কথা বলেছেন যে লেবার ল সংশোধন করার জন্য আপনি ব্যবস্থা গ্রহণ করুন। অনেক আইন এমন আছে যেখানে ছোটখাট পরিবর্তন করলে শ্রমিকদের অনেক উপকার হয়। আর একটা হচ্ছে আজকাল কারখানায় কারখানায় কিছু কিছু শ্রমিক বন্ধুর শ্রমিক দরদীর উদয় হয়েছে। তারা শ্রমিক স্বার্থ রক্ষার নাম করে শ্রমিকদের সর্বনাশ করছে। আজকাল রাজনীতি করলেই নাকি একটা ট্রেড ইউনিয়ন উইং থাকতে হবে। জনসংঘের একটা ট্রেড ইউনিয়ন হয়ে গেছে। এ সম্বন্ধে কিছু না জানলে যে অবস্থা হয় সেই অবস্থা হচ্ছে। কিরণময় নন্দ উত্তপাড়ার হিন্দমোটরের কথা বললেন। সুনীতি বাবুও অনেক কথা বলেছেন। যা হোক উনি আমার স্নেহভাজন লোক আমি কিছু মনে করি না। কিন্তু কিরণময়বাবু যে কথা বললেন যে নকশালরা ইউনিয়ন করলে নাকি সেখানে পুলিশ যায়। আসলে কারখানায় নকশালদের ইউনিয়ন নাই। আপনি ওখানে গিয়ে একবার দয়া করে জেনে আসুন। এখানে বলা যায় এখানে তো কিছু বললে তার উপর আইন প্রয়োগ করা যায় না। জেনে আসতে পারলে ভাল হোত। ওখানে একটা সংঘবদ্ধ শ্রমিকদের উপর গোপাল দাস নাগের লোকেরা আক্রমণ করেছিল। এবং তারা সেটা প্রতিরোধ করেছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার বক্তব্যের আরও কিছু বাকি ছিল। আমি শ্রমমন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন করে আবার বলি আজকে যে আলোচনা হয়েছে সেই দিকে লক্ষ্য রেখে তিনি যেন প্রয়োজনীয় ব্যবস্থা নেন এবং আগামী দিনে আমাদের যে শ্রমিকের কল্যাণ যে উদ্দেশ্য সেই দিকে তিনি যেন দৃষ্টি দেন।

**শ্রী ত্রিলোচন মালঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তার

দপ্তরের কার্য পরিচালনার জন্য যে ব্যয়, বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আমি এই প্রসঙ্গে গ্রামের কৃষি শ্রমিকদের সম্পর্কে দু'একটি কথা বলতে চাই। আজকে গ্রামাঞ্চলে যে কৃষি শ্রমিক আছে তাদের প্রধান সমস্যা হচ্ছে যে তারা বছরে সেচ এলাকায় ৬ মাস এবং অসেচ এলাকায় ৪ মাস কাজ পান। বাকি সময়ে তাদের কাজের অনিশ্চয়তার মধ্যে থাকতে হয় এবং এই অবস্থার মধ্যে তাদের বাস করতে হচ্ছে। তারা শিক্ষা-দীক্ষায়, আচার-আচরণে, অর্থের দিক থেকে পশ্চাৎপদ হয়ে আছে। এদের অবস্থা আজকে খুব ভয়াবহ। কারণ দেখা গেছে যে ব্রিটিশ আমলে যান্ত্রিক যুগের উদ্ভব হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় কুটির শিল্প যেগুলি ছিল সেগুলি আস্তে আস্তে উৎখাত হয়েছে। তারা আজকে চাষের কাজে আশ্রয় নিয়েছে এবং পরবর্তীকালে যে সমস্ত কম জমির মালিক তারা ভূমিহীন হয়ে পড়েছে এবং সমাজের বৃহত্তর অংশ আজকে কৃষি মজুরে পরিণত হচ্ছে। এদের অবস্থা খুব কঠিন হয়ে দাঁড়িয়েছে। এই যে কাজের অনিশ্চয়তা, এর জন্য আমাদের সরকার অনেক ভাবছেন। এদের মজুরী বাড়াবার জন্য আইন করেছেন এবং এদের জন্য ৮.৩০টাকা মজুরী ধার্য করেছেন। কিন্তু কৃষি কাজের জন্য যে পরিমাণ লোকের দরকার তার থেকেও বেশি লোক হওয়ায় অর্থাৎ উদ্বৃত্ত লোক হওয়ার সেই আইন ঠিক মত কার্যকর হচ্ছে না। এই কারণে যাতে এই সমস্ত অসেচ এলাকার জমি আরো বেশি সেচ এলাকায় পরিণত করা যায়, ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনা করে নিবিড় চাষের ব্যবস্থা করা যায় এবং তাদের কাজের দিন বাড়ান যায় তাহলে এই সমস্যার কিছুটা সমাধান হতে পারে। আমাদের সরকার চিন্তা করছেন যে এই উদ্বৃত্ত লোকগুলিকে কিভাবে অন্য কাজে নিয়োগ করা যায়। আমার কেন্দ্র রেশম শিল্প এলাকা। এখানে অনেকে কৃষি মজুরের কাজ করছেন। সেখানে তাঁতও হয়েছে। যদিও তারা অনগ্রসর সম্প্রদায়ের লোক কিন্তু তারা এই সমস্ত কাজ জানে। এই সব লোকদের নিয়ে যদি কাজ করান যায় তাহলে তাদের অনেক উপকার হয়। তেতুঁলিয়া তফসিলি বয়ন শিল্পী সমিতি গত ১৯৭৮ সালে খোলা হয়েছে। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক তাতে ৫০ হাজার টাকা দিয়েছে। সেই টাকা এখন ৯০ হাজারে পরিণত হয়েছে এবং তাতে ৫০ জনকে কাজ দেওয়া সম্ভব হয়েছে। তারা কৃষি মজুরের কাজ করেন এবং ১০ থেকে ১৬ টাকা করে মজুরী পান। বর্তমানে আমাদের সরকার ফাইনান্স কর্পোরেশন থেকে ১ লক্ষ টাকা দিতে চেয়েছেন। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক থেকে আরো ৫০ হাজার টাকা দিতে চেয়েছেন। এর ফলে আরো ১০০ জন ছেলেকে সেখানে কাজ দিতে পারা যাবে। এই সরকার আমার এলাকার ভদ্রপুরে একটা রেশম সুতা কাটার যন্ত্র বসাচ্ছেন। এই রেশমের সুতা কাটার যন্ত্র বসালে ২।। শত থেকে ৩ শত লোককে কর্মে নিয়োগ করা যাবে। আমাদের গ্রামাঞ্চলের মজুরী বাড়াবার জন্য একজন করে অফিসার প্রতিটি ব্লকে আছেন। তারা কি কাজ করেন সেটা বোঝা যায় না। এই সমস্ত ভূমিহীনদের যদি নিশ্চয়তা দিতে হয় তাহলে ভূমির কাজের সঙ্গে সঙ্গে অন্যান্য পশুপালন, হাঁস মুরগী ইত্যাদির কাজে আত্ম নিয়োগ করতে হবে এবং উৎপাদন মুখী কর্মসূচী গ্রহণ করে তাদের কর্মে নিয়োগ করতে হবে। এটা যদি করা যায় তাহলে তাদের সমস্যার কিছুটা সমাধান হতে পারবে। রামপুরহাট সাবডিভিশনের পশ্চিম দিকে পাহাড়িয়া এলাকা এবং সেখানে আদিবাসীদের বাসস্থান আছে। সেখানে মাটির নিচে অনেক পাথর রয়েছে। সেই অঞ্চলে পাথরের কল বসালে অনেক লোকের কাজের ব্যবস্থা হবে।

[5-10— 5-20 P.M.]

এখানে তো অনেকগুলো পাথরের কল করে অনেক আদিবাসীকে কাজে নিয়োগ করা যেতে পারে। আর একটা কথা হচ্ছে এই অঞ্চলে যখন বৃষ্টি হয় তখন কাজ হয়, বৃষ্টি না হলে কাজ থাকে না কারণ এটা অসেচ এলাকা। এখানে অনেক রকম ঝরণা, পুকুর খাল এই সব আছে, এই সব পরিষ্কার করলেও অনেক বেকারের কর্মসংস্থান হতে পারে। আমি একটা গ্রামের কথা বলছি, ভুজুংগ্রাম, সেই গ্রামের লোকেরা একদিন আমাকে ঘিরে ধরলো, বললো আমাদের কোদাল নেই, কাস্তে নেই, জল বৃষ্টি থেকে রক্ষা পাবার জন্য কোন কিছু নেই, আপনারা তো তাঁতিকে লোন দিচ্ছেন, কামারকে লোন দিচ্ছেন, কুমোরকে লোন দিচ্ছেন, আমরা মাটি কাটতে পারছি না, আমাদের কোদাল কেনবার টাকা দিন। আমি তাদের এস.ডি.ও.'র কাছে নিয়ে গেলাম। তিনি বললেন এই রকম কোন বাজেটের ব্যবস্থা নেই। আমি তাঁকে বললাম যাই হোক করে আপনি একটা ব্যবস্থা করুন। তিনি গম বিক্রি করে কোদাল, কাস্তে কেনার ব্যবস্থা করলেন। এটা শুধু ভুজুং গ্রামের সমস্যা নয়, সুতরাং এই ব্যাপারে একটা বাজেট থাকা একান্ত প্রয়োজন। আমার আর সময় নেই, এই কথা বলে, এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী বাজেট এখানে উত্থাপন করেছেন এবং এই বাজেটের মধ্যে অনেক ভাল ভাল কথা বলেছেন, তিনি শ্রমিক শ্রেণীর নিরন্তর সংগ্রামের কথা বলেছেন, মেহনতী মানুষের কথা বলেছেন, সেই সঙ্গে বলেছেন এই রাজ্যে গত বছর স্ট্রাইক কম হয়েছে, লে অফ কম হয়েছে, অর্থাৎ উৎপাদনের গতিটা বেড়েছে। কেবল মাত্র জুট ইন্ডাস্ট্রিতে কিছু ম্যানডেজ নষ্ট হয়েছে স্ট্রাইকের ফলে। তা নাহলে শিল্পে শান্তি ছিল, উৎপাদন বেশি হয়েছে। কিন্তু এই উৎপাদনটা যে বেশি হয়েছে তার মূল্যটা কার পকেটে গেছে? আমি জানি গত বছরের চেয়ে এই বছর প্রাইস ইনডেক্স বেড়েছে ২৬ শতাংশ। শিল্পপতিরা যা উৎপাদন করেছে তার দাম বেশি পেয়েছে, জুট ইন্ডাস্ট্রিতে বাম্পার পেয়েছে, তার কারণ ইয়ুরোপীয়ান কমন মার্কেটের সঙ্গে যে চুক্তি হয়েছে তার ফলে চার বছর খুব মুনাফা লুটবে, তারা রপ্তানী করে। সেই অতিরিক্ত মুনাফাটা কোথায় গেছে, তা কি শ্রমিকরা পেয়েছে? নিশ্চয়ই পায়নি। ২৬ শতাংশ জিনিসপত্রের দাম বেড়েছে এক বছরে এবং তার রপ্তানী মূল্য বেড়েছে, কিন্তু সেই যে অতিরিক্ত রোজগার, সেটা শ্রমিক শ্রেণীর পকেটে যায় না, এটা শ্রমমন্ত্রী নিজেই স্বীকার করেছেন। এই যে বহুজাতিক বড় বড় শিল্পপতিরা, ব্যবসাদার, তারা কি করেছে? অজস্র মুনাফা লুটে নিয়ে যাচ্ছে। তার এক ভগ্নাংশও এই রাজ্যে নিয়োগ করতে চাইছে না। শ্রমমন্ত্রী বলেছেন। সেই জন্য আমি তাঁকে জিজ্ঞাসা করছি, এই যে তারা বাইরে নিয়ে চলে যাচ্ছে, এই রাজ্যে নিয়োগ হচ্ছে না, আমরা জানি এই ব্যাপারে পার্লামেন্টে আলোচনা হয়েছে, সমস্ত সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে বিড়লারা অনেক বেশি মুনাফা লুটছে এবং শীর্ষে উঠেছে, এই টাকাটা শ্রমিকদের পাইয়ে দেবার কি ব্যবস্থা হয়েছে। যাদের তিনি খুব নিন্দাবাদ করেছেন, এরা মুনাফা লুটে নিচ্ছে, কিন্তু বিনিয়োগ করছে না। তাদের শিল্পমন্ত্রী স্বাগত জানিয়েছেন। আজকে কোশ্চেন আওয়ারে বলেছেন, আমি স্বাগত জানিয়েছি। কিন্তু এর ফল কখনও শ্রমিকরা পাচ্ছে না। তারপর রবীন বাবু বললেন জনতা পার্টির কিরণময় নন্দ ট্রেড ইউনিয়ন করেন না— সেইজন্য বুঝতে পারেন না। সত্যি কথা, আমরা ট্রেড ইউনিয়ন করছি না তবে আমরা জানি বর্তমানে ট্রেড ইউনিয়ন নেতারা শ্রমিকদের স্বার্থ নিয়ে কি রকম ছিনিমিনি খেলছেন দীর্ঘদিন যাবত। আমরা এখন জানি যে

বড় বড় ট্রেড ইউনিয়নিস্ট মানেই হচ্ছে বেনামী শিল্পপতি। তাঁরা এখন শিল্পপতিদের ভূমিকা নিয়েছেন। শিল্পপতিদের মতই তাঁদের রোজগার, সবাই বড় বড় বাড়িতে থাকেন বিলাসিতার মধ্যে। আমি অনেকের নাম জানি, দরকার হলে বলে দেব। তাঁরা মালিকের টাকায় বিমান ভ্রমণে যান এবং অনেক জায়গায় অনেক কাণ্ড করেন। আমরা সেরকম কিছুই করছি না। এ বিষয়ে আমি আর আলোচনা করতে চাই না। কিন্তু আমরা শ্রমমন্ত্রীর বাজেটের মধ্যে দেখছি যে, সংগঠিত শ্রমিকদের সম্বন্ধেই তিনি চিন্তা ভাবনা করছেন। কিন্তু যারা সংগঠিত নয়, যারা অসংগঠিত শ্রমিক তাদের সংখ্যা এই সংগঠিত শ্রমিকদের চেয়ে অনেক বেশি। সেকথা শ্রম-মন্ত্রীর বক্তৃতায় নেই। অবহেলিত ক্ষেতমজুরদের সম্বন্ধে কোনো বক্তব্যই আমরা দেখতে পাচ্ছি না। তাদের জন্য মিনিমাম ওয়েজেস অ্যাক্ট পাশ করেই আমরা আমাদের দায়িত্ব পালন করেছি কি? এবং তাদের জন্য বি.ডিও-কে ইন্সপেক্টর নিয়োগ করে দিয়েই সব শেষ হয়ে গেছে। এখন সেই মজুরী তারা পেল, কি পেলনা, সেটা আর কেউ খোঁজ রাখছে না। তার অবশ্য একটা কারণ আছে এবং সেটা আপনারাও জানেন, আমরাও জানি যে, যারা তাদের মজুরী দেবে, তাদের পক্ষে ওটা দেওয়া সম্ভব নয়। সেই জন্য আজকে গ্রামাঞ্চলে ক্ষেতমজুরদের মজুরীর ক্ষেত্রে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট কার্যকর হয় না। আপনারা তা করতে চান না, আমরাও সেদিকে আপনাদের চাপ দিই না। কারণ আমরা সকলেই জানি যে, যারা দেবে, তারা দিতে পারে না। সুতরাং আজকে একটা সামঞ্জস্য করে চলতে হচ্ছে। আমরা অবশ্য একথা বলতে পারি যে, আমাদের এলাকায় অনেক জায়গায় আমরা এটা পাইয়ে দেবার জন্য চেষ্টা করেছি। আরো এক শ্রেণীর শ্রমিকদের কথা মন্ত্রী মহাশয় এখানে উল্লেখ করেননি। সেটা হচ্ছে চা-বাগানের শ্রমিকদের কথা। চা-বাগানে আজকে কি হচ্ছে? আগে এগুলি ব্রিটিশ মালিকদের অধিকারে ছিল। এখন তাদের পরিবর্তে এখানকার স্থানীয় মালিকরা এসেছে। তারা এসে এই শিল্পের উন্নতির কোন চেষ্টা তো করছেনই না, বরঞ্চ একটা হাঁসের পেট কেটে সমস্ত সোনার ডিম একদিনে বের করে নেবার মত চেষ্টা চালাচ্ছে। যার ফলে আজকে সোনা, রূপা, খেমকা, সমস্ত চা-বাগান বন্ধ হয়ে যাচ্ছে। মালিকরা প্রভিডেন্ট ফান্ড থেকে আরম্ভ করে শ্রমিকদের সমস্ত টাকা ব্যাঙ্ক থেকে তুলে নিয়ে মেরে দিয়ে কলকাতায় চলে আসছে এবং এখানে ৫/৬ -তলা হাঁকিয়ে বহাল তবিয়তে আছে। কংগ্রেসি আমলের সময়ে তাঁরা বলেছিলেন, এদের মিসায় গ্রেপ্তার করা হবে। তাদের কিন্তু তা করা হয়নি। এবং আজো কিন্তু ঐ সব খেমকা-রা এই সব চা-বাগানের মাধ্যমে একটা বিরাট পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে নিয়ে এই চা-বাগানগুলিকে শেষ করে দিচ্ছে। অবিলম্বে সরকারের এগুলি অধিগ্রহণ করা উচিত। আমরা জানি রাজ্য সরকার এগুলি গ্রহণ করতে পারবেন না, কিন্তু কেন্দ্রীয় সরকার যাতে গ্রহণ করতে পারেন বা গ্রহণ করতে তারা যাতে বাধ্য হন তার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এই চা-শিল্প আমাদের জাতীয় অর্থনীতির একটা প্রধান স্তম্ভ। সুতরাং সেই শিল্পকে বাঁচাবার জন্য এবং সেই শিল্পের শ্রমিকদের উন্নতির জন্য আজকে আমাদের সেই চেষ্টা করতে হবে। এর দ্বারা জাতীয় অর্থনীতিকে কেন্দ্রীয় সরকার রক্ষা করতে পারতেন, কিন্তু তা তাঁরা করছেন না। আর সে সম্বন্ধে শ্রম মন্ত্রীর বক্তব্যের মধ্যেও কোনো কিছু তিনি উল্লেখ করেননি। তারপর পশ্চিম বাংলায় অসংখ্য বিড়ি শ্রমিক আছে, তাদের কিভাবে সংগঠিত করা যায়, কিভাবে তাদের অবস্থার উন্নতি করা যায় সে সম্বন্ধেও বিশেষ কিছু এখানে মন্ত্রী মহাশয় বলেননি তারপর তিনি এক জায়গায় বলেছেন,

এই রাজ্যে ১৫,০০০ বেকারকে গত এক বছরের মধ্যে চাকুরী দেওয়া হয়েছে। আমি তাঁকে জিজ্ঞাসা করছি যে, গত এক বছরে কত-জন নতুন বেকার হয়েছে? আমার হিসাব অনুযায়ী অন্তত দেড় লক্ষ নতুন বেকার হয়েছে। আর কাজ পেয়েছে মাত্র ১৫,০০০ বেকার। তাহলে সারপ্লাস বেকার থেকে যাচ্ছে। এই বিরাট সংখ্যক বেকারদের জন্য নতুন নতুন কর্মসংস্থানের কি ব্যবস্থা করেছেন? সেসব কিছুই এর মধ্যে আমরা দেখতে পেলাম না। আর একটা কথা হচ্ছে ১৫,০০০ বেকারকে শ্রমিক, কর্মচারী হিসাবে নিয়োগ করা হয়েছে, তাদের কাজ দেওয়া হয়েছে। তাহলে আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, যারা বেকার ভাতা পায় তাদের মধ্যে থেকে কত-জনকে নেওয়া হয়েছে? বেকার ভাতা যারা পায় তাদের কাউকেই নেওয়া হয়নি। তার কারণ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর দুর্নীতি। মন্ত্রী মহাশয় ভাল করে বলতে পারবেন, আমরা এই কিছু দিন আগেই খবর পেয়েছি যে, সমস্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে রেজিস্টার চুরি হয়ে যাচ্ছে।

[5-20— 5-30 P.M.]

কেন চুরি হচ্ছে সেটা যদি দেখা হয় তাহলে আপনারা ধরা পড়ে যাবেন। কেননা লুকিয়ে চুরিয়ে চাকুরী দেওয়া হয়ে যাচ্ছে। আর যারা অনেক দিন থেকে ঝুলছে যেহেতু তারা ঘুষ দিতে পারছে না সেইজন্য তারা চাকুরী পাচ্ছে না। এমপ্লয়মেন্ট একসচেঞ্জে প্রচন্ড রকমের দুর্নীতি চলছে। এই দুর্নীতি রদ করবার জন্য মন্ত্রী মহাশয় ব্যবস্থা নিতে পারছেন না। এই যে রেজিস্টার নষ্ট হয়ে গেল এবং এই যে দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হচ্ছে তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে বা কি নেওয়া উচিত সেটা মন্ত্রী মহাশয় বলতে পারলে খুশি হতাম কিন্তু তিনি তা বলেন নি। তারপর বলছেন মহকুমা স্তর থেকে ব্লক স্তর পর্যন্ত এমপ্লয়মেন্ট একসচেঞ্জ হবে। আমরা ৩টি বাজেট বক্তৃতা শুনলাম। ১৯৭৮ সালে জ্যোতিবাবু বলছেন, গতবারে উনি বলেছেন আর এবারেও এই কথা বলছেন। কিন্তু কি হলো? ব্লক স্তর পর্যন্ত যায়নি। এমনকি মহকুমা স্তর পর্যন্ত ঠিক ঠিকভাবে হয়নি। আমাদের কাঁথি মহকুমায় দু-এক বছর ধরে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ হয়েছে তাতে নাকি একটা কমিটি করা হয়েছে যে, এম.এল.এ সদস্য হিসাবে থাকবে। কিন্তু আমি এখন পর্যন্ত জানতে পারি নি। এখন পর্যন্ত মিটিং হয়নি। বারেবারে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলেও আমরা জানি না কি অবস্থা হয়েছে। তারপর মন্ত্রী মহাশয় ই.এস.আই হাসপাতাল সম্পর্কে লিখেছেন। কিন্তু ই.এস.আই হাসপাতালে দুর্নীতির আড্ডা গড়ে উঠেছে যেমন অন্যান্য হাসপাতালে আছে ঠিক তেমনি ই. এস.আই হাসপাতালে গড়ে উঠেছে। অপরিষ্কার, অপরিচ্ছন্ন, ঔষুধ পাওয়া যায় না, ডাক্তাররা ঠিকমত আসেন না, নার্স সময়মত থাকেন না। তারফলে শ্রমিকরা চিকিৎসার সুযোগ পায়না, চিকিৎসা ভাল করে হয় না। এইসব অভিযোগ বারে বারে করা হয়েছে কিন্তু এর প্রতিকারের ব্যবস্থা হয়নি। তবে সংগঠিত শ্রমিকদের কিছু কিছু ব্যবস্থা আছে কিন্তু অল্পসংগঠিত শ্রমিক যারা গ্রামাঞ্চলের ক্ষেত-মজুরের কাজ করে তাদের জন্য চিকিৎসার কোন ব্যবস্থা এখনও পর্যন্ত করা সম্ভবপর হয়নি। কেন করতে পারেন নি তা আমি জানি না তবে বামফ্রন্ট সরকারের কাছে অন্তত সেটা আশা করা গিয়েছিল। তিনি এ বিষয়ে চিন্তা করবেন। তারপর টি ইন্ডাস্ট্রিতে আমরা দেখছি, আনস্ক্রুপুলাস শিল্পপতিরা একটার পর একটা চা-বাগান ধরেছে তারপর সেটা একেবারে নিঙড়ে শুষে নিয়েছে। যখন তারা দেখলো কিছু করা যাবে না তখন তারা বিক্রি করে দিয়ে

চলে গেলেন এবং সেটা সিক্ হয়ে গেল। ঠিক তেমনি বিভিন্ন শিল্প একইভাবে রুগ্ন এবং দুর্বল হচ্ছে। মালিকরা মুনাফা লুটবার জন্য ভবিষ্যতের দিকে দৃষ্টি না রেখে শিল্পের মঙ্গলের কথা চিন্তা না করে যেমন খুশি দোহন করতে আরম্ভ করেন এবং এই দোহনের ফলে শিল্প দুর্বল হয়ে যায়। শুধু তাই নয় শ্রম ডিপার্টমেন্টের লোকেদের সাথে যোগসাজসের ফলে শিল্পগুলি আরোও রুগ্ন ও দুর্বল হয়ে যায়। আরোও কিছু টাকা কিভাবে লোটা যায় এবং গর্ভনমেন্টের কাছ থেকে কি করে টাকা নিতে পারেন সেটা ওখানকার অফিসাররা ঠিক-ঠাক করে দেন এদের যোগসাজস আছে। সুতরাং এই সম্পর্কে তদন্ত করতে হবে এটা পাবলিক মানি-গৌরী সেনের টাকা বলে যাকে খুশি দেওয়া হবে, দেখবার কেউ নেই, বলবার কেউ নেই—এটা উচিত করা নয়। এটা দেখা উচিত। তা নাহলে দেশের সর্বাঙ্গীন উন্নতি হবে বলে আমি মনে করি না। এই সমস্ত আনস্ক্রুপুলাস শিল্পপতি যারা আছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। তারপর এই দপ্তরে যে সমস্ত ইন্সপেকটররা আছেন যেমন, ফ্যাক্টরী ইন্সপেকটর, বয়লার ইন্সপেকটর, প্ল্যানটেশান ইন্সপেকটর এই রকম অনেক ইন্সপেকটর আছেন।

এই চাকরী সম্পর্কে একটা কথা আছে যে এই চাকরী করতে অনেকে উৎসুক আছেন, একদম মাইনে নেবেন না। কারণ তাঁরা দুহাতে ঘুষ নিতে পারেন। ১৯৪৩ সালে যখন দুর্ভিক্ষ হয়েছিল সেই সময় শুনেছিলাম যাঁরা রিলিফ অফিসার নিযুক্ত হতেন তাঁরা বলতেন আমাদের পয়সার দরকার নেই, বিনা পয়সায় আমরা কাজ করব। তহশীলদাররাও বলেন যে আমাদের পয়সার দরকার নেই, অর্থাৎ তাঁরা এতই ঘুষ পাবেন যে সরকারি মাইনে তাঁদের দরকার নেই। বয়লার ইন্সপেকটর তাঁরা ঠিকমত বয়লার বা প্ল্যানটেশন দেখেন না এবং না দেখেই পয়সা নিয়ে চলে আসেন। এর ফলে শিল্পের ক্ষতি হচ্ছে, দেশের অর্থনৈতিক বুনিয়াদ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই সম্পর্কে অনুসন্ধান করার দরকার আছে এবং এই সম্পর্কে আপনার দপ্তরে যে দুর্নীতি তারও অনুসন্ধান করার প্রয়োজন। তারপর হলিডে হোম সম্পর্কে কিছু বলব। দিঘায় এবং দার্জিলিংয়ে আপনাদের এগুলি আছে, কিন্তু সেখানে শ্রমিকরা থাকতে পারেনা, সেখানে অন্য লোক থাকে। নিয়োগ নীতি সম্পর্কে দেখলাম লেবার ইন ওয়েস্ট বেঙ্গল ৭৯ তে যে এ ব্যাপারে হলদিয়ায় নিয়োগ নীতি সম্পর্কে একটা রূপ রেখা আছে। অর্থাৎ কয়েকটি ট্রেড ইউনিয়ন সংস্থা এবং সরকারি আমলারা মিলে এই নিয়োগ করবেন এমন কি কন্ট্রাকটরের অধীনে যাঁরা কাজ করবেন তাঁদেরও তাঁরা নিয়োগ করবেন। এই সম্পর্কে একটা গাইড লাইন আছে যে জমি থেকে যারা এভিকটেড হয়েছে তাদের পরিবারের একজন করে নেওয়া হবে। হলদিয়া একটা বিরাট শিল্পাঞ্চল হতে চলেছে, সেইজন্য মেদিনীপুরের লোকদের খুব আশা—মেদিনীপুরে কোন শিল্প নেই — সেখানকার বেকার ছেলেদের চাকরি হবে, কিন্তু যে ব্যবস্থা দেখা যাচ্ছে তাতে মেদিনীপুরের কোন ছেলেই চাকরি পাবে না, এমনকি এভিকটেড পরিবারের লোকও পাবে কিনা জানিনা। সেইজন্য অনুরোধ করব মেদিনীপুরের ছেলেদের অগ্রাধিকার দেওয়া হোক — সনস অফ দি সয়েল হিসাবে এই দাবি করছি। কারণ সেখানে বেকার সমস্যা ভয়ানক। ক্যাজুয়েল লেবারের কথা বলব, সরকার বলেন এমপ্লয়মেন্ট একসচেঞ্জের মাধ্যম ছাড়া কোন নিয়োগ তাঁরা করেন না, কিন্তু ক্যাজুয়েল লেবার ১৫দিনের জন্য নিয়মের বাইরে নিয়োগ করা যায়। ১৫দিন শেষ হবার আগে একদিন বসিয়ে দিয়ে আবার ১৫দিনের জন্য নেওয়া যায়। এই রকম ব্যবস্থা চলছে। সেইজন্য আমি বলছি এইভাবে না করে তাদের

পার্মানেন্ট করে নেওয়া উচিত। এই কটি কথা বলে আমাদের বক্তব্য মন্ত্রী মহাশয়কে অনুধাবন করবার জন্য বলে আমি শেষ করছি।

[5-30— 5-40 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ :** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, আমি হাউসে ছিলাম না, এসে দেখলাম আপনি একটা রুলিং দিয়েছেন এবং আপনার রুলিং দেখে আমি খুব আশ্চর্য হলাম আমি হাউসে কোন চিঠির অবতারণা করিনি। আমি প্রসিডিংস পড়ে দেখলাম যে আমি একটা ঘটনার কথা বলেছি, কিন্তু আমি খুব দুঃখ এবং বেদনা পেলাম— চেয়ার কে শিক্ষা দেবার কোন যোগ্যতা আমার নেই কিন্তু চেয়ার যদি ভিনডিকটিভ ওয়েতে রুলিং দেন তাহলে আমার বলবার অধিকার আছে। আমি কোন চিঠির কথা উল্লেখ করিনি। আমি মোশনের আকারে ঘটনার কথা বলেছি। ইউ ট্রাই টু রিভিউ দি রুলিং।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** ৩৫৫ এর প্রতি আমি আপনার অ্যাটেনশন ড্র করছি। আপনি বলেছেন সুনীতি চট্টরাজের কপি আপনি দেখেছেন, তাতে আপনি বলেছেন উনি চিঠি পাঠ করেছেন সেটা একসপাঞ্জ করা হোক, কিন্তু খুবই দুঃখের বিষয় কোন চিঠি পাঠ করা হয়নি। সাধারণভাবে চেয়ার থেকে যে রুলিং দেওয়া হয়....

গোলমাল

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আমি কিছু বলছি না, বা আমি কিছু ইন্টারফিয়ারও করতে চাই না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** আপনার রুলিং সম্বন্ধে আলোচনা করছি, আমি চ্যালেঞ্জ করছি না।

**শ্রী অমলেন্দ্র রায় :** দিস ক্যান নট বি কনটিনিউড। অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, প্রিভিলেজ মানে যদি এই হয় যে কোন মেম্বার যখন তখন উঠে দাঁড়িয়ে আপনার রুলিংয়ের সমালোচনা করবে that sort of privilege is not a privilege at all. এবং তাতে আপনার চেয়ারের উপর অ্যাজপারশন হচ্ছে, আপনি এই আলোচনা এখুনি বন্ধ করে দিন। রুলিংয়ের উপর আলোচনা শুনতে আমরা রাজী নই। এটা হয়না, বা হতেও পারে না।....you should stick to your ruling.

গোলমাল

**মিঃ ডেপুটি স্পিকার :** সুনীতি বাবু যে পয়েন্ট রেজ করেছেন আপনিও সেটা রেজ করছেন কেন? সত্য বাবু প্লীজ টেক ইওর সিট।

গোলমাল

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আমার কথা হচ্ছে একটা রুলিং আপনি দিয়েছেন সেই রুলিং সম্পর্কে কারুর মতে সঠিক হয়েছে, কারুর মতে হতে পারে বেঠিক হয়েছে, দ্যাট ইজ কমপ্লিটলি এ ডিফারেন্ট সাবজেক্ট। সেটা একটা আলাদা কথা। কিন্তু এখানে ক্ল্যারিফিকেশনের নামে রুলিং চ্যালেঞ্জ করার অধিকার কারো আছে কিনা দিস ইজ দি পয়েন্ট। যদি কারো বক্তব্য থাকে সেটা স্পিকারের ঘরে গিয়ে বলতে পারেন। কিন্তু এইভাবে চ্যালেঞ্জ করার

অধিকার কারোর নেই। আপনার যে রুলিং আপনি দিয়েছেন সেটা ঠিক এর উপরে কারোর বলার অধিকার আছে কিনা সে বিষয়ে আপনার ওপিনিয়ন চাই।

গোলমাল

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমার রুলিংয়ের উপর পয়েন্ট অফ অর্ডার রেজ করে কোন ডিসকাশন হতে পারে না। আমি যে রুলিং দিয়েছি তাতেই আমি স্টিক করছি এবং আমি কারেকট রুলিংই দিয়েছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** চিঠির কথা সেখানে নেই। এইটেই আমি চ্যালেঞ্জ করছি এবং আপনার ভুল ধরিয়ে দিচ্ছি।

গোলমাল

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি যে রুলিং দিয়েছি সেটা আমি জাস্টি ফায়েড বলে মনে করি।

গোলমাল

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** এটা কনটেম্পট অফ দি হাউস বলে আমি মনে করি। আপনার রুলিংয়ের সমালোচনা করা মানে শুধু ব্রিচ অফ প্রিভিলেজই হবে না কনটেমপট অফ দি হাউস এবং কনটেমপট অফ দি ডেপুটি স্পিকার হবে। স্যার, উনি মানেন না আপনার রুলিং, তারপর এই সম্বন্ধে এখানে হাউসে আলোচনা হতে পারে না।

**শ্রী গোপাল বসু ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে আপনি কোন একটা সাবজেক্টে একটা রুলিং দিয়েছেন। মাননীয় কৃষ্ণপদ ঘোষ মহাশয় বলেছেন যে এই রুলিং কারোর ভাল লাগতে পারে, মন্দ লাগতে পারে। কিন্তু দ্যাট ইজ নট এ কোয়েশ্চেন অব প্রিভিলেজ ইন দি হাউস, দ্যাট ইজ ফাইনাল। কাজেই এই সম্পর্কে যদি কেউ প্রিভিলেজের কোয়েশ্চেন আনেন....that will be tantamount to no-confidence and if they dare so let them bring a motion of no-confidence. Short of that on any flimsy ground one cannot rise on his legs and challenge the ruling of the Chair, whether he be the Speaker or the Deputy speaker.... কাজেই এইগুলি যে সব হচ্ছে এগুলি প্রিভিলেজ-এর মিসইউজ করা। কাজেই এই জিনিস চলতে পারে না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সুনীতি বাবু, আমি আপনাকে বলি একটু শুনুন, তারপর রুলিং চ্যালেঞ্জ করবেন। আমি কাউল অ্যান্ড শাকদের-এর রেফারেন্স দিচ্ছি— ....if any allegation is made in the House against a particular political party, the leader of the party or group in the House is permitted to make a statement in regard thereto. He is, however, to submit to the Speaker the text of the statement to be made by him and he can make the statement to be made by him and he can make the statement only if the speaker accords him the permission after going through the statement Speaker. আপনি যে চিঠিটা পড়েছিলেন আপনি কি সেটা স্পিকারকে দেখিয়েছিলেন? আমার রুলিং

সেন্ট পার্সেন্ট কারেক্ট। আইস্টিক টু মাই রুলিং।

তুমুল হট্টগোল

**শ্রী সুনীতি চট্টরাজ :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার।

তুমুল হট্টগোল

আর ক'দিনই বা আছেন, আমাদের দিন আসছে

**শ্রী হাসিম আবদুল হালিম :** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় সদস্য শ্রী সুনীতি চট্টরাজ যে প্রিভিলেজের প্রশ্ন তুলেছেন আমি মনে করি এটা বাঞ্ছনীয় নয়। কারণ, স্পিকারের রুলিং যেটা আছে সেটা ফাইনাল। সেটা ভুল হতে পারে কিন্তু সেই রুলিংকে চ্যালেঞ্জ করা যায় না, হাউসকে সেটা মানতে হবে। সুনীতি চট্টরাজ মহাশয় বলেছেন আপনাকে রিভিউ করার জন্য। উনি চিঠি পড়েছেন কি পড়েননি তার মধ্যে আমি যাচ্ছি না, কিন্তু আপনি যে রুলিং দিয়েছেন সেটা ভুল হতে পারে —বিচারকের যেমন অধিকার আছে ভুল রায় দেওয়ার, স্পিকারের তেমনি অধিকার আছে ভুল রায় দেওয়ার। আপনি পার্লামেন্টারী ডেমোক্র্যাসির মেথড জানেন না, এখানে এসে বলবেন ডেপুটি স্পিকারকে.....

**শ্রী সুনীতি চট্টরাজ :** আর্টিকেল ২২৯ ইজ দি মেথড অব অ্যাপিল। দ্যাট ইজ দি প্রোসিডিওর।

**শ্রী হাসিম আবদুল হালিম :** ডেপুটি স্পিকার মহাশয় যে রুলিং দিয়েছেন সেই রুলিং দেওয়ার পর কোন সদস্যের অধিকার নেই সেই রুলিংকে চ্যালেঞ্জ করার। এখন প্রশ্ন হচ্ছে সুনীতি চট্টরাজ মহাশয় অনেক সময় বসে বসে কিছু বলেন, অনেক সময় মাইকে কিছু বলেন, সব রেকর্ড হয় না। কিন্তু যেটুকু শুনেছি উনি ডেপুটি স্পিকারকে বলেছেন আমি আপনার রুলিং মানি না।

**শ্রী সুনীতি চট্টরাজ :** আমি এখনও বলছি ভুল রুলিং মানি না।

**শ্রী হাসিম আবদুল হালিম :** এটা নোট করুন। উনি এর আগেও বলেছেন চোখ রাঙাবেন না, আর ক'দিনই বা আছেন। এরজন্য' আপনি যে উপযুক্ত ব্যবস্থা করা দরকার আশা করি আপনি করবেন। উনি কি আমাদের হুমকি দিচ্ছেন, ভয় দেখাচ্ছেন? এই অধিকার ওঁর আছে কিনা এটা আপনি ঠিক করবেন। স্যার, আমরা বারে বারে শুনি সুনীতিবাবু বলেন, আর কয়টা দিন আছেন, দেখে নেব। উনি কি আমাদের ভয় দেখাচ্ছেন? তাঁর কি সেই অধিকার আছে?

[5-40— 5-50 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ :** আমি আবার বলছি, আর কয়দিন আছেন?

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় একথা ঠিক ...... Once a ruling is declared and given nobody can challenge that ruling given from the Chair. Under rule 229 it is the privilege of the member to draw attention of the Chair during the proceedings if anything arises. And again, under rule 352 you have the residuary power to consider

anything and everything as you think fit for the conduct of business in the House; it is upto you, Sir. There is no authority to challenge your ruling. But you have the residuary power given by convention, given by rulings and given by statute to review or reopen it. স্যার, আমার নিবেদন হচ্ছে এখানে পরস্পরের মধ্যে রিক্রিমিনেশনের কোন অবকাশ নেই, ধমকানির কোন অবকাশ নেই। আমার বক্তব্য হচ্ছে হাউসের ডিগনিটি যেন মেন্টেন হয়। আই উইল অ্যাপিল টু বোথ দি হাউস অ্যান্ড টু অল দি মেম্বার্স। ইট স্যুড মেন্টেন্ড।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি যেকথা বলছিলাম ডাঃ জয়নাল আবেদিন ঠিক ওই কথাই বললেন। আমি আপনার অ্যাটেনশন ড্র করেছি রুল ২৫৫ —এর উপর। সেখানে রয়েছে, If the speaker is of opinion that a word has been used in the debate which is defamatory or unparlimentary or undignified or otherwise he may in his own discretion can expunge it.

**শ্রী ডেপুটি স্পিকার ঃ** আই ডিড ইট অ্যাকর্ডিংলি। আমি হাউসের ডিগনিটি মেন্টেন করবার জন্যই রুলিং দিয়েছি এবং আমি মনে করি আই অ্যাম জাস্ট ইন মাই রলিং। মাই রুলিং ইজ করেক্ট অ্যান্ড ইট ক্যানট বি রিওপেন্ড।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** আপনি যা করছেন মিঃ স্পিকার সেরকম করেন না। আপনার ব্যবহার এবং আচরণের জন্য আমরা হাউস পরিত্যাগ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আপনি ওরকম করে চোখ গরম করবেন না। ইউ ক্যান ডু এনিথিং। আপনি কাকে ভয় দেখাচ্ছেন? আমরা কারুর দয়ায় এখানে নেই। আবার পিপল-এর ভার্ডিক্ট নিয়ে এখানে আমরা আসব।

(নয়েজ)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** শ্রী চট্টরাজ, ডোন্ট কমপেল মি টু নেম ইউ। ইউ প্লীজ টেক ইওর সিট।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ ডেপুটি স্পিকার চেয়ারের মর্যাদা রাখতে পারছেন না। ডেপুটি স্পিকার ইজ পার্সিয়াল।

(নয়েজ)

(অ্যাট দিস স্টেজ দি মেম্বার্স অব কংগ্রেস (আই) বেঞ্চেস ওয়াক্‌ড আউট অব দি চেম্বার।)

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** যেমন নেত্রী তেমন তাঁর চেলা জুটেছে।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে জনৈক সদস্য বর্তমানে যিনি শ্রমমন্ত্রী তাঁর বাজেটের উপর বলতে গিয়ে বললেন যে এখানে নাকি শ্রমিকদের মধ্যে বিভেদ সৃষ্টি করার জন্য এই সরকার একটা দৃষ্টিভঙ্গী নিয়েছেন। জনৈক সদস্যকে আমি কিছুদিন আগে ফ্রিরে যেতে বলে তাদের অনুধাবন করতে বলি যে বর্তমানে কি এমন পর্যায়ে উপস্থিত হয়েছে যে আপনারা যেমন করে রাষ্ট্রযন্ত্রকে দমন পীড়নের যন্ত্র হিসাবে শ্রমিকদের ধর্মঘট ভাঙ্গবার জন্য ব্যবহার করতেন, আপনারা কি দেখাতে পারবেন যেমন করে আপনারা

জবর দখল করে ইউনিয়ন অফিস দখল করতেন, আর কেমন করে আপনারা বাসস্থানের মধ্যে ঢুকে গিয়ে শ্রমিকদের পরিবারের লোকজনের উপর অত্যাচার করতেন খুন করতেন এবং তাদেরকে কর্মসংস্থানে ডেকে নিয়ে গিয়ে আঘাত করতেন, আজকে কি সেই রকম কোন অবস্থার সৃষ্টি হয়েছে? সুতরাং আপনারা যে দৃষ্টিভঙ্গী নিয়ে বলছেন যে আজকের অবস্থা আগেকার দিনের মত শ্রমিকদের মধ্যে সরকার দুটি দৃষ্টিভঙ্গী নিয়ে দেখছেন সেটা ঠিক কথা নয়। এই সঙ্গে সঙ্গে আপনাদের অনুধাবন করতে বলবো যে বাজেট বক্তব্য এখানে উপস্থাপিত হয়েছে সেই বাজেট বক্তব্যের মধ্যে দিয়ে যে অবস্থাটা পূর্বে চালু ছিল সেই অবস্থাকে অন্য অবস্থায় রূপান্তরিত করতে গিয়ে যেটুকু, সমাজ ব্যবস্থার যে কাঠামোর মধ্যে আমরা বাস করছি সেই শ্রেণী বিভক্ত কাঠামোর মধ্যে দাঁড়িয়ে থেকে, একটা বুর্জোয়া, জমিদারী, সাংবিধানিক কাঠামোর মধ্যে থেকে শ্রমিকদের কল্যাণ যেটুকু এই সীমিত ক্ষমতার মধ্যে করা যায় তারই প্রয়াস এই বক্তব্যের মধ্যে উপস্থাপিত হয়েছে। কিন্তু উপস্থাপিত করতে গিয়ে শ্রমিকদের যে সমস্ত দাবি দাওয়া, যে সমস্ত ঐক্যবদ্ধ আন্দোলন তার মধ্যে দিয়ে তাদের যে এগুবার প্রয়াস পেয়েছে তাতে আমরা লক্ষ্য করছি যে বুর্জোয়া, ধনতান্ত্রিক কাঠামোর আমূল পরিবর্তন করে জনগণের গণতান্ত্রিক অধিকারকে কায়েম করার জন্য সেই গণতান্ত্রিক ব্যবস্থার যে কর্মবস্তু শ্রমিক, কৃষক মৈত্রী সেই মৈত্রীকে এগিয়ে নিয়ে যাওয়ার একটা প্রয়াস এই বাজেটের মধ্যে আমরা লক্ষ্য করছি। কিন্তু সেই সঙ্গে আমি বলবো যে এটাকে বাস্তবে প্রয়োগ করতে গিয়ে যে আইন কানুনের সংযোজন করা হয়েছে, সংশোধন করা হয়েছে এবং শ্রমিকদের দুস্থতার হাত থেকে কিছুটা লাঘব করার জন্য যে পরিমাণ ব্যবস্থা নেওয়া হয়েছে সেইগুলি বাস্তবে প্রয়োগ করতে গিয়ে সেইগুলি সঠিকভাবে প্রয়োগ হচ্ছে কিনা এইগুলি দেখা দরকার। আমরা দেখতে পাচ্ছি যে আমাদের মেদিনীপুর জেলার খড়্গপুরে লক্ষী কেমিক্যাল বলে একটা নামকরা কারখানা রয়েছে। সেখানে ৪৫বৎসর ধরে এই কারখানা চলছে, সেই কারখানাতে শ্রমিকদের আজও কোন প্রভিডেন্ট ফাণ্ড হয়নি বা সেখানে তারা কি হারে মজুরী পাবে তা আজ পর্যন্ত নির্ধারিত হয়নি। আমি দেখেছি সেখানে স্কুটার ফ্যাকটরি বলে একটা কারখানা ছিল সেই কারখানা এখন বন্ধের মুখে পড়েছে, সেখানে যাতে সেটা ব্যহত না হয় সেইদিকে তাঁর দৃষ্টি আমি আকর্ষণ করছি। আমরা দেখেছি আমাদের খড়্গপুরে ব্যারাকপুর রোলিং যে কারখানা আছে সেই কারখানাতে শ্রমিকদের মজুরী নির্ধারিত হয়নি, শ্রমিকরা তাতে প্রভিডেন্ট ফান্ড পায়নি এবং সেখানে শ্রমিকদের ছাঁটাই করে কারখানা বন্ধ করার উপক্রম হয়েছে সেইদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই সঙ্গে সঙ্গে আমি একথা বলতে চাই যে বিড়ি শ্রমিকদের যে অবস্থা সেই অবস্থার মধ্যে দিয়ে বিড়ি ফ্যাক্টরি আইন অনুসারে তাদেরকে ফ্যাক্টরি আইনভুক্ত আইনের আওতায় আনা যাচ্ছেনা বলে যে ব্যবস্থা নেওয়া হয়েছে সেই মিনিমাম ওয়েজেস অ্যাক্ট তাদের উপর চালু হচ্ছেনা।

[5-50— 6-00 P.M.]

সেখানে সুচতুর মালিক তার সাব-কন্ট্রাকটের মধ্য দিয়ে নিজেদের মাল-মশলা অন্যজনকে দিয়ে ফ্যাক্টরি আইনের আওতায় যাতে না আসতে হয় তার ব্যবস্থা করেছেন। সেইজন্য দু-চারজন করে শ্রমিক বিভিন্ন জায়গায় রেখে তাদের পয়সা দিয়ে যে ব্যবস্থা করা তার মধ্য দিয়ে বিড়ি শ্রমিকেরা আজকে সবচেয়ে বঞ্চিত। সুতরাং বড় বড় মালিকদের এই যে ব্যবস্থা সেদিকে দৃষ্টি নিবদ্ধ করে ব্যবস্থা নেবেন— আপনার কাছে এই আবেদন রাখছি। মোটর ভিকেলসে যেসব শ্রমিক রয়েছেন তাদের জন্য যে সমস্ত আইন বর্তমানে পাশ হয়েছে, সে

আইন কিন্তু এখনও কোথাও চালু হচ্ছে না। সেখানে তাদের উপস্থিতি, তাদের মজুরী তাদের ছুটি—এই সমস্ত খাতাপত্র রাখার দরকার, তাদের বেতন দেওয়ার জন্য যে অ্যাকিউটেন্স রোল রাখা দরকার— তার ব্যবস্থা নেই। সেই ব্যবস্থা করার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেই সঙ্গে সঙ্গে আপনাকে বলতে চাই, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্পর্কে সরকারের যে নীতি যে শ্রম নীতি, যে নীতির মধ্য দিয়ে পূর্বতন সরকার এম্পলয়মেন্ট ওয়ানটেড অ্যাডভার্টাইজমেন্ট-এ এটাকে পরিণত করেছিলেন, তাদের সেখান থেকে কাজের ব্যবস্থা হত না। এর ফলে বহু বেকার জ্বালায় জ্বলে পুড়ে তাদের নাম লেখান থেকে নিজেদের সরিয়ে নিয়েছিল, হতাশ হয়েছিল। কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিকে তাদের কর্ম নিয়োগের কেন্দ্র হিসাবে চালু করার যে প্রচেষ্টা তার মধ্য দিয়ে সরকারের যে শ্রমনীতি তা কিন্তু আমলারা আমলতান্ত্রিক কায়দায় অন্যদিকে বহনের চেষ্টা করছে। সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখেছি ১৯৬৭ সালে লোকে নাম রেজিস্ট্রি করা সত্ত্বেও, বেকার ভাতা পাওয়া সত্ত্বেও তারা কল পাচ্ছে না। ১৯৭১-৭২ সালের লোকেরা তারা অনেকাংশে বেশি কল পাচ্ছে। আমি দেখেছি যাদের নাম মাঝে মাঝে বন্ধ করে রেখে পাঠানো হল তারা অ্যালাউড হয়ে গেলেন। এইভাবে সেখানে ব্যবস্থা আমরা দেখেছি। আমরা দেখেছি, কোলাঘাট থারম্যাল প্ল্যান্টে গভর্নমেন্টের যে নিয়োগ নীতি ছিল যে যারা জমি দিয়েছে, বিশেষ করে বাস্তুজমি দিয়েছে তাদের চাকুরি পাওয়ার ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে, কিন্তু সে অগ্রাধিকার মিলল না। এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। সেই সাথে সাথে এই কথা বলছি, মেটাল রাইফেলসে যে আদিবাসীরা দীর্ঘদিন ধরে কাজ করছে, তাদের প্রমোশনের ব্যবস্থা হচ্ছে না। সেটা সরকারের নীতির পরিপন্থী হচ্ছে। সেইদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেই সঙ্গে সঙ্গে বলতে চাই, খড়গপুর অয়েল মিল যে রয়েছে, সেখানে প্রভিডেন্ট ফান্ডের টাকা ওয়ারকার্সরা জমা দিলে তাদের কিন্তু রসিদ দেওয়া হচ্ছে না বা প্রভিডেন্ট ফান্ডে টাকা জমা দেওয়া হচ্ছে কিনা, তা শ্রমিকেরা জানতে পারছেনা। সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা আপনাকে বলতে চাই। সরকারি ভাতা দেওয়ার ব্যাপারে সরকারি নীতি হচ্ছে পাঁচশো টাকা মাস মাইনে যে পরিবারের তাদের বাড়ির ছেলেরা বেকার ভাতা পাবেন। কিন্তু সেটা দেখার জন্য কোন নিয়ম নীতি নেই। এমনকি এম্পলয়মেন্ট এক্সচেঞ্জে যে সমস্ত অ্যাডভাইসরি কাউন্সিল আছে তাদের মেম্বারদেরও কোন লিস্ট দেওয়া হয় না। কাজেই তারা সেটা বাছাই করে লোকেট করতে পারেন না বা পয়েন্ট আউট করতে পারেন না যে, পাঁচশো টাকার উপরে যাদের পারিবারিক আয় তারা পাচ্ছে কিনা বা যারা চাকরি পেয়েছে, তারা বেকার ভাতা পাচ্ছে কিনা। এই সম্পর্কে বারবার আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। আমি বিধানসভায় প্রশ্ন করেছিলাম, তার উত্তরে আপনি জানিয়েছিলেন যে সে রকম নিয়ম-কানুন এখনও হয়নি। আমি আপনার কাছে অনুরোধ করবো, এই রকম ব্যাপারে সুষ্ঠ ব্যবস্থা নিয়ে অপচয় বন্ধ করুন। সরকারি ব্যয়কে এমন জায়গায় নিয়ে যেতে হবে যার মধ্যে জনগণের গণতান্ত্রিক অধিকারের যে সচেতনতাবোধ শ্রমিক শ্রেণীর মধ্যে জাগ্রত হয়েছে তাকে মূর্ত্তি রূপে কৃষক, ক্ষেত মজুরদের মধ্যে প্রসারিত করার জন্য ত্রুটিগুলো মুক্ত করে এই প্রয়াসকে এগিয়ে নিয়ে যেতে হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে জানাতে চাই। গত ২৪শে মার্চ ক্যানিং থানার বিশিষ্ট এস এস ইউ সি আই-এর দক্ষিণ ২৪ পরগনা জেলার সদস্য গ্রাম পঞ্চায়েত প্রধান কমরেড সুজাউদ্দিন আকন্দকে সি পি এম এবং কংগ্রেস আইয়ের দুষ্কৃতকারীরা নৃশংসভাবে পিটিয়ে হত্যা করেছে। এই নৃশংস হত্যাকান্ডের প্রতিবাদে কয়েক হাজার মানুষ বিধানসভায় মিছিল করে এসেছে এই হত্যাকান্ডের জবাব নেবার জন্য। তারা এসেছে বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রীর কাছ থেকে জবাব নেবার জন্য। মুখ্যমন্ত্রী মহাশয় এই মিছিলের সামনে হাজির হয়ে এর জবাব দিন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সময় কম সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই। যারা এই প্রস্তাবের বরাদ্দ সমর্থন করেছেন এবং কতকগুলি কংক্রিট সাজেশন দিয়েছেন, গঠনমূলক প্রস্তাব দিয়েছেন আমি এই কথা বলছি, সেগুলি বিবেচনা করা হবে। কিন্তু বিরোধী হিসাবে যাঁরা চলেছেন, আমি প্রথমে কয়েকটি কথা বলতে চাই, বিরোধীরা মানে আমি জনতার কথা বলছিনা, কংগ্রেস (আই) কথায় কথায় চোখ রাঙাচ্ছেন, বলছেন দেখে নেব। অনেকবারতো দেখেছেন, ১৯৭২ সালে দেখেছেন, ১৯৭০ সালে দেখেছেন ১৯৭৬ সালে দেখেছেন, ১৯৭৭ সালে ভরা ডুবিও দেখেছেন, সেসব বিচার করুন। আমি তাঁদের বলি আবার যদি দেখতে চান, দেখে নেবেন, মানুষও তো দেখবে, দেখার জন্য পশ্চিমবাংলার মানুষ তৈরি আছে। কথায় কথায় ট্রেনিং দেবেননা, চোখ রাঙাবেননা। ওঁরা বললেন, সুনীতিবাবু নাকি রিপোর্ট দেখেছেন পুলিশের কাছে সব আছে, আমি কোন দিন দেখিনি, একজন মহিলাকে ধর্ষণ করা হয়েছে কো-অর্ডিনেশন কমিটির লোক, কমপ্লিটলি ইরেস্পন্সিবল স্টেটমেন্ট, কেউ করে এখানে? উনি করেছেন, কি বলব আমি? বলারতো কিছু নাই। যেখানে লেবার বাজেট, হচ্ছে, ধর্ষণের কথা বলা হচ্ছে, আগের দিনেতো ছিল মুখ্যমন্ত্রীর বাজেট, ল অ্যান্ড অর্ডারের কথা বলতে পারতেন, সেখানে বলেননি। অলীক কতকগুলি কথা আমদানি করার চেষ্টা করছেন যাতে পশ্চিম বাংলায় একেবারে আইন শৃঙ্খলা নেই এটা প্রমাণ করার জন্য। যাই হোক জনতা দলের কয়েকজন বলেছেন, তবু সমালোচনা করেছেন, তীব্র সমালোচনা। আমি তাঁদের বলি আপনারাতো তিন বছর ছিলেন, বেকার সম্পর্কে সমালোচনা করলেন, দেশে বেকার বাড়ছে, দেশে মনোপলি বাড়ছে। হ্যাঁ বাড়ছে আমি তো মনোপলি বাড়ছেনা বলিনি, বাড়ছে অনেকদিন আগে থেকে, এমনকি জনতা শাসন আসার আগে থেকে, ইংরেজ চলে যাবার পরে এবং পুঁজিবাদের নেতা হয়েছে, ক্রমশ একচেটিয়া পুঁজিবাদে অংশ গ্রহণ করেছেন এবং তাদের শাসকশ্রেণী লালন পালন করেছেন এবং বিগত ইমার্জেন্সীর কথাগুলি মনে করে দেখবেন, হিসাবগুলি দেখুন, টাটা বিড়লার সব চেয়ে বেশি লাভ হয়েছে। যুক্তফ্রন্ট সরকার মনোপলিকে সাহায্য করছেনা বলে এইকথাগুলি বলা উচিত ছিল।

[6-00— 6-10 P.M.]

যুক্তফ্রন্ট সরকার কি করছেন? মনোপলি আমাদের সাথে প্রকাশ্য সমরে আসছে না, কোন কনফ্রন্টেশন করছে না। কেন? করে দেখেছে, পারে নি। এটাই তো আমাদের নীতি, এটাই হচ্ছে লেফ্‌ট ফ্রন্টের নীতি। বিড়লার তোষণ করা না, সিংহানিয়ার তোষণ করা না। আমি চেয়েছিলাম এইটাই নীতি শ্রমিকদের ন্যায্য দাবি মানা— আমরা আননেসেসারি কোন ঝঞ্ঝাট করতে চাই নি, এটাই নীতি। এই নীতির ফলে আমাকে লোকে ভোট দিয়েছে। চটকল

মালিকদের বোঝানোর চেষ্টা করেছিলাম, তারা শোনে নি। আমি বললাম ঠিক আছে; সংগ্রাম আছে, ওয়ার্কারদের রাইট আছে স্ট্রাইক করার এবং সেই স্ট্রাইক করলে ধর্মঘট করলে আমাদের গভর্নমেন্ট শ্রমিকদের পাশে দাঁড়াবে, মালিকের পাশে দাঁড়াবে না। নীতির পরিবর্তন এটাই, তাই তো হয়েছে। এই নীতির পরিবর্তনে যখন মালিক শ্রেণী দেখল যে তারা পেরে উঠছে না তখন তারা সমঝোতায় এসেছে, কনফ্রন্টেশনের রাস্তায় নয়, মোটামুটি এগ্রিমেন্টের রাস্তায়। আমরা লড়তে চাই না, ঠিক আছে—বহু জায়গায় এগ্রিমেন্ট হয়েছে, কয়েক শত এগ্রিমেন্ট হয়েছে। লেবার কমিশনের অফিসার তাকে ভালভাবে ব্যবহার করা হয়—এক আধটা কেস হতে পারে। কিন্তু আমি বলতে চাই লেবার কমিশনের দপ্তরে বসে শত শত এগ্রিমেন্টে সই হয়েছে, রোজই হচ্ছে এবং আজও হচ্ছে হ্যাঁ, একটা আমলাতান্ত্রিক শাসন ব্যবস্থায় অনেক দুর্বলতা থাকে, কিন্তু হচ্ছে। এই হচ্ছে industrial peace not at the cost of Workers, but at the cost of employers. এমপ্লয়ারসকে দিতে হবে, দাবি মানতে হবে। এই দাবি মানার ভিত্তিতে শিল্পে শান্তি বাজায় আছে। দাবি যদি না মানতেন তাহলে বোধ হয় থাকতো? একজন বললেন, তিনি বোধ হয় কিছু জানেন না, এই জয় ইঞ্জিনিয়ারিং-এ আননেসেসারি স্ট্রাইক চলল কেন, তারা তো ৮.৩৩% বোনাস তো দিতে চেয়েছিল? আরে এই জন্যই কি লড়াই হয়েছিল? এটা জেনে বলা উচিত ছিল। কথা যখন বলছেন তখন জেনে বলাই উচিত। জয় ইঞ্জিনিয়ারিং-এ স্ট্রাইক বলুন, লক আউট বলুন—তাদের মূল কথা ছিল ছাঁটাই কর্মীদের কাজে নেওয়া হবে কিনা এবং যে সমস্ত কাজ বাইরে পাঠানো হয়েছে ইংরাজীতে যাকে বলে টার্মিনাল অর্থাৎ কারখানার ভিতরে যে শ্রমিক আছে সে বসে থাকবে, তাকে সারপ্লাস করা হবে বাইরে কম পয়সায় সেই কাজ করিয়ে আনা হবে। আজকাল বিভিন্ন জায়গায় এটাই হচ্ছে। কারখানায় ফর্জিং আছে, ফাউন্ড্রি আছে অথচ সেই কারখানার ফর্জিং, ফাউন্ড্রি আসতে আসতে বন্ধ করে দিয়ে বাইরে অল্প পয়সায় ফর্জিং, ফাউন্ড্রি করা যায় কিনা, কাজ করিয়ে আনা যায় কিনা, কারখানার শ্রমিকদের বেকার করে দেওয়া যায় কিনা, ছাঁটাই করে দেওয়া যায় কিনা এই হচ্ছে পলিসি—এই পলিসির বিরুদ্ধে জয়ার শ্রমিকরা লড়াই করেছে ১১ মাস ধরে, তারপরে সমঝোতা হয়েছে। ব্যাপার নয় যে ৮.৩৩% — তা তো ছিল না। আমি বলছি জেনে কথা বলা উচিত। না জেনে কথা বলে লাভ কি? আর একটি কথা বলি, আমার স্পিচে লেখা আছে কতকগুলি আইনের জন্য আমি কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি। এটা একটা কংকারেন্ট সাবেজেক্ট, আমি একা কিছু করতে পারব না। আমি একা কি করব? তোমরা মত না দিলে আমি কিছু করতে পারব না। আর মত না নিয়ে যদি কিছু করি তাহলে ওরা শেষ পর্যন্ত সই করবে না। গতবার তাই তো হয়েছে। ট্রেড ইউনিয়ন রাইট বিল, যেটা আমি এই অ্যাসেম্বলীতে পাশ করেছিলাম, তাতে আপনারা সকলে মত দিয়েছিলেন এবং সেই মত আমরা দিল্লিতে পাঠালাম। তারা বললেন না আমরা সই দেব না। এই তো হয়েছে—জনতা সরকার বললেন না, আমাদের আইন করার দরকার নেই— লেবার কনফারেন্সে আমি গিয়েছিলাম, সেখানে ওরা বললেন আমরা একটা কমপ্রিহেনসিভ লেবার লেজিসলেশান নিয়ে আসছি। ইন্ডাস্ট্রিয়াল রেগুলেশান, ইন্ডাস্ট্রিয়াল রিলেশানে সেখানে কি আনলেন? যা আনলেন তার মূল কথাটা কি? সকলকে সেখানে বাধা দিতে হল। আমাদের তো বাধা দিতেই হল এমন কি তৎকালীন জনতা পার্টির যে ট্রেড ইউনিয়ন শাখা তারাও বাধা দিলেন। সেখানে কি বলা হয়েছিল? বলা হয়েছিল, স্ট্রাইক করা

চলবে না, স্ট্রাইক বেআইনী। কমপ্রিহেনসিভ লেবার লেজিসলেশানের নামে জনতা পার্টি যে লেজিসলেশান আনলেন সেটা হচ্ছে স্ট্রাইক বেআইনি করতে হবে। মানা যায় কখনও? তারপর একজন মাননীয় সদস্য বললেন দুর্নীতির কথা। আমি কোন জায়গায় বলি নি যে দুর্নীতি নেই। পুঁজিবাদের সঙ্গে দুর্নীতিও থাকবে, পুঁজিবাদ ধ্বংস হলে দুর্নীতিও যাবে, তা না হলে যাবে না। আমরা যেটা করতে চেষ্টা করি সেটা হচ্ছে, দুর্নীতি কতটা কমানো যায় সেটা দেখা। সেখানে কিছু ইন্সপেক্টার দিয়ে দিলেই দুর্নীতি বন্ধ করা যায় না। মাস অর্গানাইজেশান তারা যদি অ্যালার্ট না থাকেন, সজাগ না থাকেন তাহলে দুর্নীতি বন্ধ করা যায় না। তবে তা সত্বেও একথা ঠিক যে যা হচ্ছে, সামনে যা কিছু দেখছি সবই দুর্নীতিতে ভরা একথাটি কিন্তু ঠিক নয়। এই প্রসঙ্গে আমি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা বলছি। আগে এটা একটা ডেড অর্গানাইজেশান-মৃত সংগঠন। আমরা এসে বললাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে চাকরি দিতে হবে এই হচ্ছে সরকারী নিয়ম। সেখানে আমরা বললাম, সরকারি এবং সরকারি সংস্থায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে চাকরি দিতে হবে। আমাদের বিরুদ্ধে আক্রমণ হল কি? বলা হল, এটা হবে না, আসলে এর মাধ্যমে আপনারা নিজেদের লোকদের ঢুকিয়ে দেবেন। আমি বলি, এটা সিদ্ধার্থ রায়ের গভর্নমেন্টরে মত আমরা ঐ ক্যাবিনেট সাব কমিটি করে চাকরি দিই না। আজ তা না হলে তিন বছরে ৩৫ হাজার লোককে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যম দিয়ে চাকরি দেওয়া হয়েছে। কংগ্রেস আমলে একজনও পেত না আর বামফন্টের আমলে ৩৫ হাজার পেয়েছেন। সেটা কি খারাপ হল? ওঁরা বললেন না, ৩৫ হাজার পেয়েছে কিন্তু আরো বেকার লোক আছে। আমি বলি, এটা আর জিজ্ঞাসা করছেন কেন—এটা শ্রীমতী ইন্দিরা গান্ধীকে জিজ্ঞাসা করুন। বেকার সমস্যার সমাধান করার দায়িত্ব আমার নয়, এ দায়িত্ব শ্রীমতী গান্ধীর। বেকার সমস্যার সমাধান করার দায়িত্ব আর একজন নিয়েছিলেন কিন্তু তিনি চলে গিয়েছেন, তিনি হচ্ছেন শ্রীমোরারজী দেশাই। তিনি বলেছিলেন, ১০ বছরের মধ্যে সব ঠিক করে দেব। এবারে এসেছেন শ্রীমতী ইন্দিরাগান্ধী, তিনিও বলেছেন, বেকার সমস্যার সমাধান হয়ে যাবে। আমি কিন্তু বলছি, তা হবে না। আমরা অসত্য কথা বলতে পারবো না, আমরা ভাঁওতাও দিতে পারবো না, আমরা বলি, এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় দেশ সঙ্কটাপন্ন এবং সেই হিসাবে দেশের মধ্যে শিল্পায়ন হতে পারে না। সামান্য এদিকে ওদিকে কিছু কিছু হতে পারে যেমন বম্বেতে হচ্ছে, সেই রকম আমাদের এখানে হচ্ছে কিন্তু তাতে বেসিক যে সমস্যা—বেকার সমস্যার সমাধান সেই বেকার সমস্যার সমাধান হবে না। একমাত্র সামাজিক কাঠামোর পরিবর্তন ছাড়া বেকার সমস্যার সমাধান হবে না। একজন মাননীয় সদস্য বললেন, আপনি শহরের কথাই শুধু বললেন, গ্রামের কথা কিছুই বললেন না। আমি বলি, গ্রামের কথাও সেই একই। মজুরী বৃদ্ধি আমরা করে দিয়েছি—মিনিমাম ওয়েজ অ্যাক্ট অনেকগুলি মজুরি বৃদ্ধি হয়েছে। তারপর শপ অ্যান্ড এসটাবলিশমেন্ট অ্যাকটের কথা বলা হয়েছে, আমরা বলছি, এই অ্যাক্টের পরিবর্তন করা হবে। দোকানে যারা কাজ করেন, যাদের মিনিমাম ওয়েজেস নেই তাদের সম্বন্ধে আলোচনা হচ্ছে। সেখানে মালিক এবং শ্রমিক উভয়েই বলেছেন, এক মাসের সময় দিন, আমরা এটা একটু বিবেচনা করি। সেখানে সময় দেওয়া হয়েছে, মে মাস নাগাদ হয়ত হয়ে যাবে। বিড়ি শ্রমিকদের ক্ষেত্রে হয়েছে, অন্যান্য জায়গাতেও হয়েছে। সেখানে গেজেট হয়েছে কিনা আমি জানি না কিন্তু গেজেট হলেই কি সেটা গৃহীত হবে? সারা পশ্চিমবাংলায় প্রায় ৪।। লক্ষ বিড়ি শ্রমিক আছেন।

[6-10— 6-20 P.M.]

কিন্তু বিড়ি শ্রমিকদের অর্গানাইজেশন কোথায় সংগঠন কোথায়। ওখানকার কর্মচারীরা আমার কাছে এসেছিল এবং কয়েকজন এসে আমার কাছে আবেদন করলো। কিন্তু কয়েকজন আসলে হবে না। হাজার হাজার মানুষ রাস্তায় না দাঁড়ালে হবে না। কারণ ট্রেডাররা বাধা দেবে বড় বাজারের মালিকরা বাধা দেবে এবং সেই বাধা অতিক্রম করতে হলে আপনাকে রাস্তায় দাঁড়াতে হবে। ই.এস.আই সম্পর্কে বল্লেন অনেকে। আমি বলেছি যে ই এস. আই -এর দুটি বেসিক পরিবর্তন করা দরকার একটি হচ্ছে হাসপাতালের সংখ্যা বাড়ানো দরকার। ই. এস.আই হাসপাতালগুলি দেখবেন তার চারিদিকে কোন দেওয়াল নেই। কিন্তু এটা কি আমরা করেছি? যারা ই. এস. আই হাসপাতাল তৈরি করেছেন তারা দেখবেন যে কেন দেওয়াল নেই। যদি কোন লোক সেখানে যায় দেখবেন সেখানে যে কোন লোক যেখান সেখানে দিয়ে হাসপাতালে ঢুকে যেতে পারেন। যদি একটা প্রোটেকটিভ অ্যারেঞ্জমেন্ট না করা যায় তাহলে সেখানে কিছুই করা যাবে না। নূতন কয়েকটি হাসপাতাল তৈরি হয়েছে। আপনারা অভিযোগ করবেন হাসপাতালের ভিতরে জল পড়ে কেন। মানিকতলায় এই একটা হাসপাতাল তৈরি হয়েছে বাইরে থেকে দেখবেন খুব ভাল কনস্ট্রাকশন হয়েছে—সত্যিই বাইরের থেকে দেখতে খুবই ভাল হয়েছে। জমি কেনা হয়েছে ১৯৭০ সালে আমরা সেই জমি কিনেছিলাম। কিন্তু জমি কেনবার পর আমরা চলে যাই। তার পর সেই বিল্ডিংস কংগ্রেস তৈরি করেছে। কিন্তু ভিতরে দেখবেন সমস্ত সুয়ারেজ পাইপ ঘরের ভিতর দিয়ে নিয়ে যাওয়া হয়েছে। এমন কি অপারেশন থিয়েটারের ভিতর দিয়েও সেই সুয়ারেজ পাইপ নিয়ে যাওয়া হয়েছে। এবং সেখান থেকে জল পড়ে এবং জল পড়ার সম্ভাবনাও আছে বর্ষাকালে। আমি এখন যতীন চক্রবর্তী মহাশয়কে বলেছি অন্তত সুয়ারেজ পাইপগুলি কি করে রিপেয়ার করা যায় দেখুন অন্তত অপারেশন থিয়েটারগুলি যাতে পরিষ্কার থাকে সেদিকে একটু দেখুন। আমরা নিজেরা আর একটা হাসপাতাল খুলছি— সেটা হচ্ছে টি বি হাসপাতাল আসানসোলে সেটা করা হয়েছে। তারপর শ্যামনগরে জোগেতে এই হাসপাতালগুলি বাড়লে আমরা কিছু কিছু যেসব ফ্যামিলি কভারেজ নেই সেগুলি আমরা দিতে পারবো। আর একটা জিনিস করা দরকার সেটা হচ্ছে ই.এস.আই সার্ভিস সিসটেম অব ডিসপেনসারী। এতে ডাক্তারদের আপত্তি আছে। কারণ তারা মনে করেছে এতে তাদের রুজি মারা যাবে। কিছু মারা গেলে ক্ষতি কি? আমি বলেছি যে শ্রমিক স্বার্থে যদি আপনাদের কিছু রুজি মারা যায় কিছুই আপনাদের ক্ষতি হবে না, আপনাদের প্রাইভেট প্র্যাকটিস আছে করতে পারেন। অবশ্য আমরা যতদিন আছি ঐ ১৬০০ ডাক্তারের রুজি মারা যাবে না। আর যেখানে ডাক্তার নেই সেখানে আমরা সার্ভিস সিস্টেম করবো। সার্ভিস সিস্টেমটা কি সেটা অনেকে জানেন আমি বলে দিচ্ছি। একজন রোগী এলে ডাক্তার তাকে দেখবেন দেখে যদি মনে করেন যে এর প্যাথলজিক্যাল একজামিনেশনের দরকার আছে তাহলে তাকে দু এক দিন রেখে দেবে তার জন্য দু একটা বেডও থাকবে। তারপর তাকে ঔষধ মোটামুটি দেওয়া হচ্ছে আমাদের প্রাইমারী হেল্থ সেন্টারের যে সিস্টেম সেই সিস্টেমের মত আমরা এখানে তৈরি করতে চাই। আমি নিজে

মাদ্রাজে গিয়েছিলাম সেখানে দেখলাম যে সেখানে প্যানেল সিস্টেম অব ডাক্তার নেই সার্ভিস সিস্টেম অব ডাক্তার আছে। আমি সেখানে শ্রমমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছি এবং আমি দেখেছি যে প্যানেল সিস্টেম অব ডাক্তারের চেয়ে সার্ভিস সিস্টেম অব ডাক্তার ভাল। এই যে সব দুর্নীতি হয়েছে তা এক দিনে হয় নি এবং এত দিনের এই নর্দমা পরিষ্কার হয় নি জঞ্জাল জমে আছে এক দিনে সাফ হবে না আর সেটা আমার একার পক্ষেও সম্ভব নয়। এটা আমার একার পক্ষে সম্ভব নয়, সকলে মিলে চেষ্টা করলে, এমনকি যারা জঞ্জাল তৈরি করেছেন, তারাও যদি বলেন যে এই ব্যাপারে আপনাকে সাহায্য করবো, আমি রাজী আছি। সকলে আসুন, তার পর দেখা যাক কি হয়। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্বন্ধে কি বলেছেন? সেখানে বলা হয়েছে, এই যে ভাতা দিচ্ছেন, সেটা সি.পি.এম-এর ক্যাডারদের জন্য, তারা পাচ্ছে। কিন্তু এখানে কি দেখা যাচ্ছে? এখানে দেখা যাচ্ছে কংগ্রেসের ক্যাডাররা বেশি পাচ্ছেন। কারণ তখন তাদের ছেলেরাই নাম লিখিয়েছিল। আমাদের ছেলেরা নাম লেখাতে পারেনি, তাদের সামনে ছুরি, রিভলবার ইত্যাদি নিয়ে তারা দাঁড়িয়েছিল এবং বলেছিল যে খবরদার, এই দিকে আসবে না, আমরা চাকুরী করবো —এই কথা বলে তাদের নাম লেখাতে দেয়নি। কিন্তু কি দেখা গেছে? এক বছরে ২।। লক্ষ লোক বেকার ভাতা পেয়েছেন এবং যারা বেকার ভাতা পেয়েছেন তাদের মধ্যে আমাদের লোক খুব কম ছিল। ৩৫ হাজার লোক চাকুরী পেয়েছেন এবং ২।। লক্ষ লোককে বেকার ভাতা দেওয়া হয়েছে। কিন্তু তা সত্ত্বেও বলা হচ্ছে কিছু হয়নি, বেকারী হটাতে পাচ্ছি না। আমি বলেছি যে বেকারী দূর করার দায়িত্ব আমাদের নয়, দিল্লিতে যারা বসে আছেন, তাদের কাছে বলুন, তারা সেটা করবেন। এগুলি দেখার জন্য প্রতি স্তরে একটা করে অ্যাডভাইসরি কমিটি করা হয়েছে। এখন কি হবে? যারা চিরকাল দুর্নীতির আশ্রয়ে ছিল, আপনারা যদি সুপারভাইজ করতে যান তাহলে তারা বাধা দেবে। কিন্তু সুপারভাইজ করতে হবে—এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের প্রতিটি ক্ষেত্রে সুপারভাইজ করতে হবে এবং আপনারা যে সাজেশান দিয়েছেন এবং মাননীয় সদস্য বললেন যে সমস্ত নাম চাকুরীর জন্য পাঠান হয় তার একটা লিস্ট এম.এল.এ'র কাছে দেওয়া সম্ভব কিনা? আমি সেটা বিচার করে দেখবো। তবে দুর্নীতি দমন করার জন্য যা করা দরকার সেটা করবো। কিন্তু বোঝা দরকার যে যদি ওয়ার্কাররা, আমরা, সকলে উদ্যোগ গ্রহণ না করি তাহলে এই দুর্নীতি দমন করা যাবেনা। প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে যে কথা বলা হয়েছে সেটা কি আমাদের দায়িত্ব? প্রভিডেন্ট ফান্ড সংগ্রহ করেন কেন্দ্রীয় সরকার। প্রভিডেন্ট ফান্ডের যেটুকু দায়িত্ব আমাদের হাতে ছিল সেটাকে কেন্দ্রীয় সরকার কেড়ে নিয়েছেন। একমাত্র আমাদের ডিপার্টমেন্টের একজন অফিসার সেখানে আছেন। সমস্ত দায়িত্বটাই কেন্দ্রীয় সরকারের। এখন কেন পাওয়া যায় না, এটা লেবার ডিপার্টমেন্ট কি কিছু করতে পারেন? আপনারা চেষ্টা করে যদি করতে পারেন, আমি সাহায্য করতে পারি। প্রভিডেন্ট ফান্ডের যে অফিস আছে, সেই অফিসকে যদি ডিসেন্ট্রালাইজ করা না যায়, যদি বিভিন্ন জায়গায় অফিস না নেওয়া যায় তাহলে যারা টাকা পাবেন, তাদের সেটা পেতে অনেক দেরি হবে। কিন্তু এর যে আন্দোলন, ট্রেড ইউনিয়ন থেকে যে আওয়াজ তোলা উচিত সেটা দেখছি না। নূতন আইনের জন্য আমি সকলের কাছে বলছি, আপনারা বলুন যে কোন কোন আইন করা দরকার এবং কি কি সাজেশান আছে? আমি জানি করা দরকার। অনেকগুলি ফ্যাক্টরী অ্যাক্ট পরিবর্তন করা দরকার, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট পরিবর্তন করা দরকার, পেমেন্ট অব ওয়েজেস অ্যাক্ট পরিবর্তন করা দরকার, প্রভিডেন্ট ফান্ড অ্যাক্ট পরিবর্তন করা দরকার, অনেকগুলি করা দরকার। সকলে

মিলে বসে ইউন্যানিমাসলি একটা সাজেশান দিন যে এগুলি করুন। এই সাজেশানগুলি যদি

[6-20— 6-30 P.M.]

আসে, তাদের মতামত যদি আসে তাহলে আমি কথা দিতে পারি যে আগামীদিনে আইনগুলির পরিবর্তন করার জন্য হাউসে আমি চেষ্টা করবো। কিন্তু শুধু সমালোচনা করে বেড়াবেন আর আমি সব করে দেব, এটা হয় না। আপনারা নিশ্চয়ই দেবেন আমাকে বিড়ির মিনিমাম ওয়েজ চালু হয়েছে। চালু হয়েছে মানে কি, বিড়ি সিগারেট অ্যাক্ট চালু হয়েছে। কিন্তু ফাঁকিটা হচ্ছে—বিড়ির মালিকরা বলে, আপনারা ধরেন না কেন? এক ভদ্রলোক এই ব্যাপারে বলেন, আজকে তাঁকে দেখছি না, তাঁর সঙ্গে বিড়ির মালিকদের সম্পর্ক গভীর, খুব ভাল সম্পর্ক। তাঁর নাম আমি জানিনা, একজন কংগ্রেসের সদস্য কি বলেন তিনি? আপনারা এটা করেন না কেন। আর বিড়ির মালিকরা কি করে ফাঁকি দেয়? বিড়ির মালিকরা ফাঁকি দেয়—মালিক হলে তো রেজিস্ট্রি করতে হবে ফ্যাক্টরীর। তারা নুতন পদ্ধতি ধরেছে। তারা বলেন, আমরা মালিক নয়, আমরা মার্চেন্ট, চুকে গেল। আমরা কারখানার মালিক নয়, আমরা বিড়ি কিনে বিক্রি করি। মানেটা কি? কারখানা বেআইনী। বেনামে, অন্যের নামে করা রয়েছে। অর্থাৎ আমি কন্ট্রাক্টর নিয়োগ করলাম, কন্ট্রাক্টার আমার নিজের লোক, ভাই ভাতিজা হতে পারে, তাকে আমি কন্ট্রাক্ট দিলাম, তাকে বললাম তুমি তামাক পাতা নাও, তুমি পাতিটা নিয়ে নাও। তারপর বাড়ি বাড়ি তুমি সেইগুলো দাও। এমন কি মেয়েরাও তো বিড়ি ওয়ার্কার, আপনি মুর্শীদাবাদ যান, ধুলিয়ান যান, সেখানে দেখবেন অজস্র বিড়ি ওয়ার্কার, ঘরে বসে কাজ করে, এই রকম শ্রমিকের সংখ্যা অসংখ্য। আমার যতদুর মনে আছে সরকারি মজুরী হচ্ছে ৬/৭ টাকা, এই রকম হবে। কলকাতায় ৯ টাকা প্রায়, আমি জানি। কিন্তু যারা ঘরে বসে বিড়ি বাঁধে - যে মহিলা বিড়ি বাঁধে, তাদের কি বলা হবে? রান্না করে, আবার সময়ে বিড়ি বাঁধে। তাহলে তাদের কি মজুরী দেওয়া হবে? দু টাকা, দেড় টাকা, ২।। টাকা, এই ভাবে মালিকরা ফাঁকি দিচ্ছে। যদি ট্রেড ইউনিয়ন আন্দোলন ওখানে শক্তিশালী না হয় তাহলে বিড়ি শ্রমিকরা ওখানে তাদের ন্যায্য দাবি পাবেন না। এগ্রিকালচারল ওয়েজ সম্পর্কেও তাই। একজন মাননীয় সদস্য বললেন, চাষ করার ব্যাপার নেই, লাঙ্গল নেই, অমুক নেই, ইত্যাদি। সেইগুলো তো আমি কিনে দেবো না, লেবার ডিপার্টমেন্টের এটা দায়িত্ব নয়। সেইগুলো অন্য ডিপার্টমেন্টের দায়িত্ব। সেই বাজেটের সময় আলোচনা করলে পারতেন। আমি বলছি, ওয়েজ পাওয়ার দায়িত্ব, তাও ক্ষেত মজুরের সংগঠন যদি না থাকে, অর্থাৎ কৃষকদের সংগঠনগুলো যদি এই আন্দোলন না করে - অনেক জায়গায় পেয়েছে ওয়েজ, তাতে আমি খুশি। আন্দোলন করেছে পেয়েছে, কিন্তু অনেক জায়গায় তো পায়নি। লেবার ওয়েলফেয়ার - এটা ঠিক, যে আইনটা হয়েছে, সেটাও পরিবর্তন করতে হবে। গত এক বছরে লেবার ওয়েলফেয়ার বিশেষ কিছু করা যায়নি। কারণ আমি যখন খুঁটিয়ে দেখতে চেষ্টা করি। লেবার ওয়েলফেয়ার বোর্ড বাতিল করে নুতন করে বোর্ড করা হয়েছে। তার ইনকাম হচ্ছে বোধ হয় ৩০ লক্ষ টাকা। আইন অনুযায়ী টাকা নিলে ইনকাম হচ্ছে ৩০ লক্ষ টাকা। এবং তার এসটাব্লিশমেন্ট চার্জ হচ্ছে - এমপ্লয়িদের বেতন ইত্যাদি কভার করে দাঁড়াচ্ছে ২৩ লক্ষ টাকা। হাতে থাকে ৭ লক্ষ টাকা। তাতে কি করা যায়? দিঘাতে আছে — উনি বললেন দিঘাতে শ্রমিকরা থাকে কি না, আমি

নিজে গিয়ে দেখে এসেছি শ্রমিক রয়েছে। দার্জিলিং-এ যে হলিডে হোম আছে, তাতে শ্রমিক নেই। আমি আরও দু একটা হলিডে হোম সেন্টার, যেগুলো বাজে সেন্টার, সেইগুলো বাতিল করে দিতে বলেছি। গ্রামে কিছু লাইব্রেরী সেন্টার, ক্লাব এই সব করার কথা বলেছি। আমরা সেইগুলোকে এনকারেজ করবো। সরকার এই বছর কিছু বেশি টাকা দিয়েছে এবং আইনটা পরিবর্তন করতে হবে। মালিকদের কন্ট্রিবিউশন বাড়াতে হবে এবং গভর্নমেন্টের কন্ট্রিবিউশন বাড়াতে হবে। এই কন্ট্রিবিউশন বাড়িয়ে যদি ৫০/৬০ লক্ষ টাকা বছরে ইনকাম না হয় তাহলে ওয়েলফেয়ার এক্টিভিটি করা যায় না। কারণ জিনিসপত্রের দাম তো ক্রমশঃ বাড়ছে। ধরুন আমি বকখালিতে একটা হলিডে হোম করতে চাই। কিন্তু টাকা কোথায়? টাকার যদি দরকার হয় - এক বছর কাজকর্ম না হওয়ার ফলে এবং এই বছর ফাইন্যান্স ডিপার্টমেন্টে থেকে কিছু বেশি টাকা পাওয়ার ফলে এই বছর কিছু কাজ করা সম্ভব হবে। এটাই হলো আমার মোটামুটি বক্তব্য। এটা আমি বলতে চাই না যে বাজেট পেশ করছি সেটা সর্বাঙ্গীন, সুন্দর, তার ভিতর কোন গলদ নেই, ফাঁক নেই। আমরা পশ্চিমবঙ্গের সমগ্র শ্রমিক শ্রেণীর যাবতীয় দুঃখ কষ্ট সমাধান করে দেব তা বলছি না।

আমার কথা হচ্ছে গণতান্ত্রিক অধিকার রক্ষা করার জন্য, শ্রমিকদের অধিকার রক্ষা করার জন্য, তাদের জীবন-ধারণের মান যেটা কমে যাচ্ছে সেটাকে রক্ষা করার জন্য সমস্ত শ্রমিক শ্রেণী যাতে এক হয়ে লড়াই করতে পারে সেটা আমাদের দেখতে হবে এবং বামফ্রন্ট সরকার সেই লড়াইকে সাহায্য করবে, তাদের বিরুদ্ধে পুলিশ লেলিয়ে দেবো না। এটাই হচ্ছে বাজেটের মূল কথা। এই কথা বলে সবাইকে এই বাজেট সমর্থন করতে অনুরোধ জানিয়ে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-30— 6-40 P.M.]

**Demand No. 42**

**Mr. Speaker** : There are six cut motions. I put all the cut motions to vote.

The motion of Shri Sasabindu Bera that the amount of the demand be reduced to Re.1, was then put and lost.

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the demand be reduced by Rs.100, was then put and lost.

The motion of Shri A.K.M. Hassanuzzaman -ditto-

The motion of Shri Renupada Halder -ditto-

The motion of Shri Bijoy Bauri -ditto-

**Mr. Speaker** : I now put the main demand to vote.

The motion of Shri Krishna Pada Ghosh that a sum of Rs. 5,41,24,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "287-Labour and Employment", was then put and agreed to.

**Demand No. 46**

**Mr. Speaker** : There is no cut motion under this demand. I now put the main demand to vote.

The motion of Shri Krishna Pada Ghosh that a sum of Rs. 45,92,93,000 be granted for expenditure under Demand No. 46, Major Head : "288-Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes). and 688-Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies.Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)", was then put and agreed to.

**Demand No. 1**

**Major Head** : 211-State Legislatures

**Shri Bhabani Mukherjee** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 90,92,000 be granted for expenditure under Demand No.1, Major Head : "211-State Legislatures".

**(All this stage the Guilloline bell was rung)**

The motion of Shri Bhabani Mukherjee that a sum of Rs. 90,92,000 be granted for expenditure under Demand No.1, Major Head : "211-State Legislatures", was then put and agreed to.

**DEMAND NO. 6**

**Major Head** : 220—Collection of Taxes on Income and Expenditure

**Dr. Ashok Mitra** : Sir, on the recommedation of the Governor I beg to move that a sum of Rs. 43,49,000 be granted for expenditure

under Demand No. 6, Major Head : "220-Collection of Taxes on Income and Expenditure".

The motion was then put and agreed to.

**Demand No. 9**

**Major Head :** 235—Collection of Other Taxes on Property and Capital Transactions

[6-40— 6-54 P.M.]

**Dr. Ashok Mitra :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,85,000 be granted for expenditure under Demand No. 9, Major Head : "235—Collection of Other Taxes on Property and Capital Transactions".

The motion was then put and agreed to.

**DEMAND NO. 10**

**Major Head :** 239—State Excise

**Dr. Ashok Mitra :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,79,70,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "239—State Excise".

The motion was then put and agreed to.

**DEMAND N0. 11**

**Major Head :** 240—Sales Tax

**Dr. Ashok Mitra :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,33,40,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "240—Sales Tax".

The motion was. then put and agreed ot

**DEMAND NO. 13**

**Major Head :** 245—Other Taxes and Duties on Commodities

and Services

**Dr. Ashok Mitra :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,07,56,000 be granted for expenditure

under Demand No. 13, Major Head : "245—Other Taxes and Duties on Commodities and Services".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 14

**Major Head** : 247—Other Fiscal Services

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 81,75,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "247—Other Fiscal Services".

The motion was then put and agreed to

## DEMAND NO. 16

**Major Head** : 249—Interest Payments

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,80,02,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : "249—Interest Payments".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 20

**Major Head** : 254—Treasury and Account Administration

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,69,49,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "254—Treasury and Account Administration".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 22

**Major Head** : 256—Jails

**Shri Debabrata Bandopadhyay** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,40,82,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "256—Jails".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 27

**Major Head** : 265—Other Administrative Services

**Dr. Ashok Mitra** : With your permission, Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,03,12,000 be granted for expenditure under Demand No. 27, Major Head : "265—Other Administrative Services".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 28

**Major Head** : 266—Pensions and Other Retirement benefits

**Dr. Ashok Mitra** : On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 15,76,41,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "266—Pensions and Other Retirement benefits".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 30

**Major Head** : 268—Miscellaneous General Services

**Dr. Ashok Mitra** : On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,51,95,000 be granted for expenditure under Demand No. 30, Major Head : "268—Miscellaneous General Services".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 32

**Major Head** : 277—Education (Sports)

**Dr. Ashok Mitra** : With your permission, Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,39,86,000 be granted for expenditure under Demand No. 32, Major Head : "277—Education (Sports)".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 33

**Major Head** : 277—Education (Youth Welfare)

**Shri Kanti Chandra Biswas :** On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,64,40,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "277—Education (Youth Welfare)".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 40

**Major Head :** 284—Urban Development, 484—Capital Outlay on Urban Development and 684—Loans for Urban Development

**Shri Prasanta Kumar Sur :** On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 64,56,91,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "284—Urban Development, 484—Capital Outlay on Urban Development and 684—Loans for Urban Development".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 45

**Major Heads :** 288—Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), and 488—Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes Scheduled Tribes and Other Backward Classes).

**Shri Sambhunath Mandi :** On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 13,70,60,000 be granted for expenditure under Demand No. 45. Major Heads : "288—Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), and 488—Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 48

**Major Heads :** 295—Other Social and Community Services, 495—Capital Outlay on Other Social and Community Services, and 695—Loans for Other Social and Community Services.

**Dr. Ashok Mitra :** On the recommendation of the Governor I

beg to move that a sum of Rs. 2,21,62,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "295—Other Social and Community Services, 495—Capital Outlay on Other Social and Community Services, and 695—Loans for Other Social and Community Services".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 49

**Major Head :** 296—Secretariat—Economic Services

**Dr. Ashok Mitra :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,78,29,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "296—Secretariat—Economic Services".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 51

**Major Head :** 304—Other General Economic Services

**Dr. Ashok Mitra :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,42,02,000 be granted for expenditure under Demand No. 51, Major Head : "304—Other General Economic Services".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 57

**Major Heads :** 312—Fisheries, 512—Capital Outlay on Fisheries, and 712—Loans for Fisheries

**Shri Bhakti Bhushan Mandal :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 7,04,80,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads : "312—Fisheries, 512—Capital Outlay on Fisheries, and 712—Loans for Fisheries".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 72

**Major Head :** 339—Tourism

**Shri Bhabani Mukherjee :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 93,75,000 be granted for

expenditure under Demand No. 72, Major Head : "339—Tourism".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 73

**Major Heads** : 544—Capital Outlay on Other Transport and Communication Services and 744—Loans for Other Transport and Communication Services

**Shri Bhabani Mukherjee** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 8,10,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "544—Capital Outlay on Other Transport and Communication Services and 744—Loans for Other Transport and Communication Services".

The motion was then put and agreed to.

## DEMAND NO. 84

**Major Heads** : 766—Loans to Government Servants, etc., and 767—Miscellaneous Loans

**Dr. Ashok Mitra** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 10,51,10,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads : "766—Loans to Government Servants, etc., and 767—Miscellaneous Loans".

The motion was then put and agreed to.

**Mr. Speaker** : The House Stands adjourned till 1-00 P.M. on Thursday, the 27th March, 1980.

## Adjourment

The Assembly was then adjourned at 6-54 p.m. to 1 p.m. on Thursday. the 27th March, 1980 at the Assembly House, Calcutta.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings

## (Official Report)

Vol : 72-No-III, (Seventy Second Session) (February-May, 1980)

(The 17th, 18th, 19th, 20th, 21st, 22nd, 24th, 25th and

26th March, 1980.)

### Bills


The Bengal Agricultural Income Tax (Amendment) Bill, 1980

PP-536-541

The Indian Stamp (West Bengal) (Amendment) Bill, 1980 PP-541-546

The North Bengal University (Temporary Super Session) (Amendment) Bill, 1980

The Kalyani University (Temporary Super Session) (Amendement) Bill, 1980.

The Burdwan University (Temporary Super Session) (Amendment) Bill, 1980

The Jadabpur University (Temporary Super Session) (Amendment) Bill, 1980—PP-269-291

The West Bengal Requisitioned Land (Continuance of Power) (Amendment) Bill, 1980 PP-477-481

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1980. PP-667-673

**Discussion on the Bengal Agricultural Income Tax (Amendment) Bill, 1980.**

- by Dr. Ashok Mitra, PP-536-537, P-539

- by Shri Pradyot Kr. Mahanti, PP-537-539

***Discussion on the Indian Stamp (West Bengal) (Amendment) Bill, 1980***

- by Dr. Ashok Mitra, P-544, P-546
- by Shri Hashim Abdul Halim, PP-543-544
- by Shri Sasabindu Bera, PP-541-543, P-545

**Discussion on (i) The North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1980**

**(ii) The Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1980**

**(iii) The Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1980.**

**(iv) The Jadavpur University (Temporary Supersession) (Amendment) Bill, 1980**

- by Shri Amiya Banerjee, PP-272-275
- by Shri Anil Mukherjee, PP-277-278
- by Shri Jayanta Kr. Biswas, PP-278-279
- by Shri Prabodh Chandra Sinha, PP-270-272
- by Shri Sambhu Charan Ghosh, PP-285-287
- by Shri Samsuddin Ahmed, PP-275-276
- by Shri Sandip Das, PP-279-282
- by Dr. Zainal Abedin, PP-283-285

**Discussion on The West Bengal Requisitioned Land (Continuance of Power) (Amendment) Bill, 1980.**

- by Shri Benoy Krishna Chowdhury, PP-477-479, P-480
- by Shri Pradyot Kr. Mohanti, PP-479-480

**Discussion on West Bengal Taxation Laws (Amendment) Bill, 1980**

- by Dr. Ashok Mitra, PP-672-673

- by Shri Sandip Das, PP-668-671

**Discussion on Demands for Grants—Demand Nos. 4 & 8**

- by Shri Abdus Sattar, PP-67-70
- by Shri Aurabinda Ghoshal, PP-70-71
- by Shri Hashim Abdul Halim, PP-74-78
- by Shri Patit Paban Pathak, PP-71-73
- by Shri Sunirmal Paik, PP-65-67
- by Shri John Arther Baxla, PP-73-74

**Discussion on Demands for Grants—Demand Nos. 7 & 75**

- by Shri Anil Mukherjee, PP-446-450
- by Shri Benoy Krishna Chowdhury, PP-472-477
- by Shri Benoy Krishna Konar, PP-428-437
- by Shri Biswanath Mukherjee, PP-450-454
- by Shri Deo Prakash Rai, PP-438-440
- by Shri Monoranjan Roy, PP-467-468
- by Shri Nathaniel Murmu, PP-456-460
- by Shri Prabodh Purkait, PP-464-467
- by Shri Sandip Das, PP-423-428
- by Shri Sasabindu Bera, PP-468-472
- by Shri Shibnath Das, PP-454-456
- by Shri Sunil Kr. Majumdar, PP-460-464
- by Dr. Zainal Abedin, PP-440-445

**Discussion on Demands for Grants—Demand Nos. 12, 68, 69 & 71**

- by Shri Biren Bose, PP-37-39
- by Shri Birendra Kumar Maitra, PP-26-30
- by Shri Biswanath Chowdhury, PP-42-44
- by Shri Deba Prasad Sarkar, PP-44-48

*- by Shri Md. Amin, PP-52-57*

- by Shri Naba Kumar Roy, PP-30-37

- by Shri Niranjan Mukherjee, PP-48-52

- by Shri Saral Deb, PP-40-42

**Discussion on Demands for Grants—Demand Nos. 26 & 74**

- by Shri Benoy Banerjee, PP-130-134

- by Shri Gopal Krishna Bhattacharyya, PP-134-137

- by Shri Hazi Sazzad Hossain, PP-137-142

- by Shri Matish Roy, PP-147-149

- by Shri Nirmal Kr. Bose, PP-142-146

- by Shri Prasanta Kr. Sur, PP-152-158

- by Shri Samar Kumar Rudra, PP-149-152

**Discussion on Demands for Grants—Demand Nos. 34, 35 & 31**

- by Shri Benoy Krishna Biswas, PP-251-253

- by Shri Deba Prasad Sarkar, PP-241-243

- by Shri Haripada Bharati, PP-216-225

- by Shri Md. Sohrab, PP-230-236

- by Shri Narayan Mukherjee, PP-253-255

- by Shri Neil Aloysius O' Brien, PP-248-251

- by Shri Nirmal Kr. Bose, PP-236-241

- by Shri Partha De, PP-255-262

- by Shri Sambhu Charan Ghosh, PP-262-268

- by Shri Subhas Chakraborti, PP-225-230

- by Shri Swadesh Ranjan Majhi, PP-244-245

- by Shri Upen Kisku, PP-246-248

**Discussion on Demands for Grants—Demand No.41**

- by Shri Asok Kumar Bose, PP-333-338

- by Shri Benoy Banerjee, PP-328-333
- by Shri Bholanath Sen, PP-341-346
- by Shri Deba Prasad Sarkar, PP-365-367
- by Shri Deoprakash Rai, PP-338-341
- by Shri Dipak Sengupta, PP-346-351
- by Shri Jyoti Basu, PP-376-385
- by Shri Kiranmoy Nanda, PP-370-375
- by Shri Nikhilananda Sar, PP-367-370
- by Shri Rabi Shankar Pandey, PP-352-355
- by Shri Sailen Sarkar, PP-362-365
- by Shri Sunil Santra, PP-375-376
- by Shri Tarak Bandhu Roy, PP-356-357
- by Dr. Zainal Abedin, PP-357-362

**Discussion on Demands for Grants—Demand Nos.42 & 46**

- by Shri Amalendra Roy, PP-836-839
- by Shri Janmejoy Ojha, PP-845-849
- by Shri Kiranmoy Nanda, PP-814-819
- by Shri Krishnapada Ghosh, PP-855-861
- by Shri Monoranjan Roy, PP-852-854
- by Shri Patit Paban Pathak, PP-839-843
- by Shri Rabi Sankar Pandey, PP-832-835
- by Shri Rabin Mukherjee, PP-819-823
- by Shri Saral Deb, PP-828-832
- by Shri Suniti Chattaraj, PP-823-828
- by Shri Trilochan Mal, PP-843-845

**Discussion on Demands for Grants—Demands Nos. 43 & 54**

- by Shri Balailal Das Mahapatra, PP-597-601

- by Shri Bankim Behari Maity, PP-608-610

- by Shri Barindra Nath Koley, PP-601-603

- by Shri Guruprasad Singha Roy, PP-614-616

- by Shri Jayanta Kumar Biswas, PP-610-613

- by Shri Renupada Haldar, PP-613-614

- by Shri Sudhin Kumar, PP-621-626

- by Shri Sumsuddin Ahmed, PP-604-606

- by Shri Santiram Mahato, PP-616-617

- by Shri Santosh Kumar Das, PP-607-608

**Discussion on Demands for Grants—Demand Nos. 44 & 47**

- by Shri Bankim Behari Maity, PP-187-188

- by Shri Hazari Biswas, PP-189-192

- by Shri Nani Kar, PP-172-176

- by Shri Nihar Kr. Basu, PP-184-186

- by Shri Prabodh Ch. Sinha, PP-168-172

- by Shri Radhika Ranjan Banerjee, PP-192-197

- by Shri Sk. Imajuddin, PP-176-179

- by Shri Sushil Kujur, PP-188-189

**Discussion on Demands for Grants—Demand No.50**

- by Shri Aurabinda Ghosal, PP-765-767

- by Shri Atish Chandra Sinha, PP-756-761

- by Shri Bhaktibhusan Mondal, PP-770-776

- by Shri Pannalal Majhi, PP-761-765

- by Shri Sadakanta Ray, PP-769-770

- by Shri Sasabindu Bera, PP-749-756

- by Shri Subhas Goswami, PP-767-769

**Discussion on Demands for Grants—Demand Nos. 55 & 56**

- by Shri Amritendu Mukherjee, PP-662-665
- by Shri Anil Mukerjee, PP-655-658
- by Shri Bankim Behari Maity, PP-658-659
- by Shri Deb Saran Ghosh, PP-659-660
- by Shri Kazi Hafizur Rahman, PP-653-655
- by Smt. Renu Leena Subba, PP-660-662
- by Shri Sukumar Mondal, PP-650-653
- by Shri Sunirmal Paik, PP-648-650

**Discussion on Demands for Grants—Demand Nos. 59 & 60**

- by Shri Abdur Rezzak Mollah, PP-526-529
- by Shri Balai Bandyopaddhya, PP-495-498
- by Shri Bankim Behari Maity, PP-505-507
- by Shri Bijoy Bauri, PP-519-521
- by Shri Bimalananda Mukherjee, PP-509-514
- by Shri Biswanath Chowdhury, PP-507-509
- by Shri Debabrata Bandyopaddhya, PP-530-535
- by Shri Haripada Jana, PP-488-495
- by Shri Jayanta Kr. Biswas, PP-529-530
- by Shri Krishnadas Roy, PP-498-501
- by Shri Mahadeb Mukherjee, PP-521-524
- by Shri Ramjan Ali, PP-501-505
- by Smt. Renu Leena Subba, PP-524-526
- by Dr. Zainal Abedin, PP-514-519

**Discussion on Demands for Grants—Demand No.67**

- by Shri Anil Mukherjee, PP-712-716
- by Shri Bankim Behari Maity, PP-716-718

- by Shri Bholanath Sen, PP-705-711

- by Shri Vishnukanta Shastri, PP-685-694

- by Shri Deba Prasad Sarkar, PP-725-727

- by Shri Jyoti Basu, PP-731-741

- by Shri Lakshmi Charan Sen, PP-694-704

- by Shri Matish Roy, PP-727-731

- by Shri Prabir Sengupta, PP-720-724

- by Shri Santosh Rana, PP-718-720

**Demands for Grants**

Statement on Demands for Grants—Demand Nos.7, 75

- by Shri Benoy Krishna Chowdhury, PP-419-422

Statement on Demands for Grants—Demand Nos.4 & 8

- by Shri Hashim Abdul Halim, PP-58-64

Statement on Demands for Grants—Demand Nos.12, 68, 69 & 71

- by Shri Md. Amin, PP-19-26

Statement on Demands for Grants—Demand No.21

- by Shri Jyoti Basu, PP-320-325

Statement on Demands for Grants—Demand Nos. 26 & 74

- by Shri Prasanta Kr. Sur, PP-117-129

Statement on Demands for Grants—Demand Nos. 34, 35 & 31

- by Shri Sambhu Charan Ghosh, PP-209-216

Statement on Demands for Grants—Demand Nos. 42, 46

- by Shri Krishna Pada Ghosh, PP-807-813

Statement on Demands for Grants—Demand Nos. 43 & 54

- by Shri Sudhin Kumar, PP-578-597

Statement on Demands for Grants—Demand Nos. 44 & 47

- by Shri Radhika Ranjan Banerjee, PP-158-168

Statement on Demands for Grants—Demand No.50

- by Shri Bhakti Bhusan Mondal, PP-741-749

Statement on Demands for Grants—Demand Nos. 55 & 56

- by Shri Amritendu Mukherjee, PP-627-648

Statement on Demands for Grants—Demand Nos. 59 & 60

- by Shri Debabrata Bandyopaddhya, PP-487-488

Statement on Demands for Grants—Demand No.67

- by Shri Jyoti Basu, PP-677-685

## Laying of Report

The Annual Report on the Working and Affairs of the Westing House Saxby Farmer Limited for the Financial year ended 30th June, 1977

- by Shri Bhabani Mukherjee, PP-18-19

The First and Second Interim Reports of the Chakraborty Commission of Inquiry

- by Shri Jyoti Basu, P-418

The Fifth Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 1977-78

- by Shri Bhabani Mukherjee, P-320

54th Report of the Business Advisory Committee

- by Mr. Speaker, PP-179-184

55th Report of the Business Advisory Committee

- by Mr. Speaker, PP-666-667

## Mention Cases

Mention Cases, PP-13-18, PP-314-320, PP-412-418, PP-570-578 PP-800-807

## Questions

**Administrators in Urdu Medium Schools**

- by Shri Rajani Kanta Doloi, PP-10-11

**Amount spent for Netaji Indoor Stadium**

- by Shri Rajani Kanta Doloi, PP-105-106

**Appointment in C.S.T.C., N.B.S.T.C., D.S.T.C & C.T.C**

- by Shri Rajani Kanta Doloi, PP-101-102

**Appointment of Class III & IV Posts in Co-operation Deptt.**

- by Shri Rajani Kanta Doloi, PP-99-100

**Appointment of Class III & IV Posts in Food and Supplies Deptt.**

- by Shri Rajani Kanta Doloi, PP-100-101

**Appointment of Group 'B' & 'C' Posts in Commerce and Industries Deptt.**

- by Shri Rajani Kanta Doloi, P-101

**Average daily employment in registered Factories**

- by Shri Rajani Kanta Doloi PP-297-299

**Bleaching and Surgical Plant**

- by Shri A.K.M. Hassan Uzzaman, P-796

**Cultivation of Orange**

- by Shri Rajani Kanta Doloi, PP-107-108

**Deep Sea Fishing**

- by Shri Rajani Kanta Doloi, PP-309-310

**Development of Derelict Water areas**

- by Shri Naba Kr. Roy and Shri Rajani Kanta Doloi, PP-294-295

**Development of Madrasa Education**

- by Shri Rajani Kanta Doloi, PP-1-2

**Development of Jhora Fisheries**

- by Shri Dawa Narbu-La and

Shri Rajani Kanta Dolloi, PP-295-297

**Establishment of Institute of Public Administration and Regional Training Institutes.**

- by A.K.M. Hassan Uzzaman, PP-404-405

**Films exempted from Amusement Tax**

- by Shri Rajani Kanta Doloi, P-8

**General Hospital at Kharagpur**

- by Shri Rajani Kanta Doloi, PP-98-99

**Guidelines for granting route Permits**

- by Shri Rajani Kanta Doloi, PP-85-86

**Increase of Price of Essential Commodities in the Calcutta, Wholesale market.**

- by Shri Dawa Narbu-La, PP-92-93

**Landslides and erosions of Soil in Darjeeling District**

- by Shri Dawa Narbu-La, PP-112-113

**Loans to Films Producers/Technicians and Studios**

- by Shri Rajani Kanta Doloi, PP-106-107

**Pension for Sportsman**

- by Shri Rajani Kanta Doloi, P-107

**Plan for Consolidation of fragment holdings of cultivators**

- by Shri Lutful Haque and

Shri Rajani Kanta Doloi, P-791

**Promotion of Adult Education in hill areas**

- by Shri Dawa Narbu-La, PP-550-551

**Promotion of Adult Education**

- by Shri Naba Kumar Roy, PP-547-549

**Renovation of Quinine Factory**

- by Shri Dawa Narbu-La, PP-791-792

**Rickshaw—Puller's Co-operative Societies**

- by Shri Naba Kr. Roy and

Shri Rajani Kanta Doloi, PP-303-304

**Setting up of new Industries by Monopoly Houses**

- by Shri Rajani Kanta Doloi, PP-779-782

**Setting up of Regional Rural Banks**

- by Shri Naba Kumar Roy and

Shri Rajani Kanta Doloi, PP-559-561

**Supply of Mechanised Boats to Fisherman's Co-operatives Societies.**

- by Shri Rajani Kanta Doloi, PP-300-302

**Supply of oil from Assam to West Bengal**

- by Shri Rajani Kanta Doloi, PP-93-94

**University of Nawab Palace, Murshidabad**

- by Shri A.K.M. Hassan Uzzaman, P-565

**অধ্যক্ষহীন রামপুরহাট কলেজ**

—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল, P-566

**অপারেশন বর্গা ও বর্গাদারের সংখ্যা**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, শ্রী কিরণময় নন্দ ও শ্রী নানুরাম রায়, PP-785-788

**আদিবাসীদের নিকট হইতে জমি ক্রয়**

—শ্রী নানুরাম রায়, P-112

**উদয়ন ছাত্রাবাসের বাড়ি অধিগ্রহণ**

—শ্রী সুমন্তকুমার হীরা, P-551

**উলুবেড়িয়া ই, এম, আই, সি হাসপাতাল**

—শ্রী রাজকুমার মণ্ডল, P-308

**এক হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপন**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-5-6

**এনকেফেলাইটিস রোগে আক্রান্ত ব্যক্তিদের সংখ্যা**

—শ্রী সুনীল বসুরায়, P-115

**ওয়েস্টবেঙ্গল ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক শিল্প স্থাপন**

—শ্রী নীহারকুমার বসু, P-778

**কলিকাতায় তফসিলি ছাত্রাবাস**

—শ্রী কৃষ্ণধন হালদার, P-311

**কলিকাতায় ধীরগতি সম্পন্ন যানবাহন চলাচল নিষিদ্ধ করার পরিকল্পনা**

—শ্রী সরল দেব, PP-95-96

**কয়লার মূল্যবৃদ্ধি**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস. P-86

**কালিঘাট-ফলতা রেল লাইনের পার্শ্ববর্তী জমি বাস্তুহীনদের বন্টন**

—শ্রী সত্যরঞ্জন বাপুলী, PP-793-794

**কালোবাজারে সিমেন্ট**

—শ্রী সরল দেব, P-89

**কিণ্ডার গার্ডেন বা নার্সারী স্কুলগুলির শিক্ষাব্যবস্থা**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-561-562

**কুমারগ্রাম ব্লকে বিদ্যুৎ সরবরাহ**

—শ্রী মনোহর তিরকে, P-398

**কুলপী থানাকে সুন্দরবন এলাকার অন্তর্ভূক্তি**

—শ্রী কৃষ্ণধন হালদার, PP-790-791

**কোচবিহার জেলায় সি এফ সি এস লিমিটেড-এ অব্যবস্থার অভিযোগ**

—শ্রী বিমলকান্তি বসু, PP-310-311

**কোচবিহার জেলায় জলকর**

—শ্রী বিমলকান্তি বসু, PP-304-305

**কোচবিহার জেলায় গ্রাম পঞ্চায়েতগুলিতে জব অ্যাসিসটেন্ট নিয়োগ**

—শ্রী বিমলকান্তি বসু, PP-88-89

**কোচবিহার জেলার বয়স্ক শিক্ষাকেন্দ্র সংখ্যা**

—শ্রী বিমলকান্তি বসু, P-557

**কোচবিহার জেলায় মাধ্যমিক বিদ্যালয়কে ক্যাপিটাল গ্র্যান্ট**

—শ্রী বিমলকান্তি বসু, PP-564-565

**ক্ষেতমজুর**

—শ্রী অনিল মুখার্জি, PP-299-300

**গঙ্গানগর ও মাইকেলনগর এলাকাকে বারাসাত থানায় অন্তর্ভূক্তিকরণ**

—শ্রী সরল দেব, P-397

**ছাত্রছাত্রীদের জন্য কলিকাতায় আবাস নির্মাণ**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-549-550

**ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি**

—শ্রী অনিল মুখার্জি, P-108

**জরুরি অবস্থার বাড়াবাড়ির তদন্তের জন্য কমিশন**

—শ্রী কিরণময় নন্দ, PP-401-402

**জে. এল. আর ও পদের সংখ্যা**

—শ্রী অনিল মুখার্জি, P-110

**জেলা পরিষদগুলিকে রোড সেসের টাকা প্রদান**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-96-97

**টেম্পল সাকী হোটেলে সমাজবিরোধী কার্যকলাপ**

—শ্রী রজনীকান্ত দোলুই, PP-400-401

**তথ্য ও সাংস্কৃতিক দপ্তর পরিচালিত সঙ্গস অ্যাণ্ড ড্রামা ইউনিট**

—শ্রী সত্যরঞ্জন মাহাতো, PP-783-784

**তফসিলি ও আদিবাসী অধ্যুষিত এলাকায় রাস্তা নির্মাণ**

—শ্রী সন্তোষকুমার দাস, PP-293-294

**তুফানগঞ্জ মহকুমায় পুলিশ থানা স্থাপন**

—শ্রী মণীন্দ্রনাথ বর্মা, P-401

দীঘা সমুদ্রতীর সংরক্ষণ

—শ্রী কিরণময় নন্দ, PP-782-783

**ধুলিয়ানে বিড়ি শ্রমিকদের জন্য টি-বি হাসপাতাল নির্মাণ**

—শ্রী আবুল হাসনত খাঁন, P-307

**নিরক্ষর প্রাপ্ত বয়স্কা মহিলা**

—শ্রী অনিল মুখার্জি, PP-553-555

**পশ্চিমবঙ্গে আদিবাসী উপজাতি গোষ্ঠী**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-103-104

**পশ্চিমবঙ্গে কয়লার চাহিদা**

—শ্রী অমলেন্দ্র রায়, PP-87-88

**পশ্চিমবঙ্গের মফঃস্বলে সরকারি দুগ্ধ বিক্রয়**

—শ্রী সন্তোষকুমার দাস, PP-557-559

**পাণ্ডুয়ায় গৃহনির্মাণ বাবদ সাহায্য**

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী, PP-108-109

**পুরুলিয়া জেলার টোটকা বাঁধ নির্মাণ**

—শ্রী সুধাংশুশেখর মাঝি, PP-796-797

**পুরুলিয়া জেলার বিড়ি শিল্প**

—শ্রী সত্যরঞ্জন মাহাতো, P-779

**পুরুলিয়ার লাক্ষা শিল্প**

—শ্রী সত্যরঞ্জন মাহাতো, P-777

**প্রতাপখালি খাল সংস্কার**

—শ্রী বঙ্কিমবিহারী মাইতি, P-796

প্রতি ব্লকে ফুটবল খেলার মাঠ

—শ্রী সন্তোষ কুমার দাস, PP-398-399

প্রবেশ কর

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-94-95

প্রাথমিক শিক্ষার সুযোগপ্রাপ্ত শিশুর শতকরা হিসাব

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, P-11

ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্র

—শ্রী আবুল হাসনত খান, PP-399-400

ফ্রি সেল-এ সিমেন্ট

—শ্রী সন্তোষকুমার দাস, PP-89-91

বহরমপুরে আইন শিক্ষার ব্যবস্থা

—শ্রী অমলেন্দ্র রায়, P-562

বন্যা ও খরাত্রাণে কেন্দ্র প্রদত্ত অর্থের ব্যয়ের হিসাব

—শ্রী নানুরাম রায়, PP-3-5

বর্গা রেকর্ড পরিবর্তন

—শ্রী নানুরাম রায়, P-98

বয়স্ক শিক্ষা কর্মসূচিতে কেন্দ্রীয় সরকারের সাহায্য

—শ্রী সুমন্তকুমার হীরা, P-557

বয়স্ক শিক্ষাকেন্দ্র

—শ্রী বিমলকান্তি বসু, PP-113-115

বয়স্ক শিক্ষার প্রসার

—শ্রী অমলেন্দ্র রায়, PP-556-557

বন্ধ কারখানা

—শ্রী সরল দেব, P-297

বাঁকুড়া জেলার ইন্দপুর গোয়েঙ্কা হাইস্কুল

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়, P-3

**বি. ই. পরীক্ষায় ছাত্রপিছু সরকারি ব্যয়**

—শ্রী নানুরাম রায়, P-112

**বিচারকের স্বল্পতা**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, P-103

**ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানীর রোড রোলার**

—শ্রী সরল দেব, P-785

**বিড়ি শ্রমিকদের মজুরি নির্ধারণ**

—শ্রী আবুল হাসনত খান, PP-305-306

**মফঃস্বল জিলাসমূহে অত্যাবশ্যকীয় পণ্যের সরবরাহ**

—শ্রী সুনীল বসুরায়, PP-83-84

**মৎস্যচাষ উন্নয়ন**

—শ্রী সন্তোষকুমার দাস, PP-307-308

**মাধ্যমিক বিদ্যালয় গৃহ নির্মাণের জন্য অনুদান**

—শ্রী মনোরঞ্জন রায়, PP-555-556

**মাধ্যমিক বিদ্যালয়ের জন্য অতিরিক্ত গৃহনির্মাণ**

—শ্রী সত্যরঞ্জন মাহাতো, PP-566-567

**মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের পদ্ধতি**

—শ্রী বিমলকান্তি বসু, PP-6-8

**মাধ্যমিক স্তরে বৃত্তিমূলক শিক্ষা**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-8-9

**মালয়েশিয়া থেকে আমদানিকৃত তাল-তেল**

—শ্রী জন্মেজয় ওঝা, P-85

**ম্যাক উইলিয়াম ইনস্টিটিউট অধিগ্রহণ**

—শ্রী মনোহর তিরকে, PP-792-793

**মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক স্থান সংরক্ষণ**

—শ্রীমতী ছায়া ঘোষ, PP-789-790

**মুর্শিদাবাদ জেলার কাতালমারী গ্রামে ডাকাতি**

—শ্রী আতাহার রহমান এবং শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, PP-402-404

**মেদিনীপুর জেলায় বাঘুই খালের প্লাবন**

—শ্রী কৃষ্ণদাস রায়, P-777-778

**মেদিনীপুর জেলায় বিদ্যাসাগর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড**

—শ্রী কৃষ্ণদাস রায়, P-306

**মেদিনীপুরের দাঁতনে পশু হাসপাতাল স্থাপন**

—শ্রী প্রদ্যোতকুমার মহান্তি, PP-565-566

**মৌলানা আজাদ কলেজে শিক্ষারত তফসিলি ছাত্র**

—শ্রী নানুরাম রায়, P-111

**রাজনৈতিক নেতা ও কর্মী আটক**

—শ্রী অনিল মুখার্জি, P-396

**রামনগর ও দীঘার উপকূলে লবণ শিল্প**

—শ্রী বলাইলাল দাস মহাপাত্র, PP-794-795

**রামপুরহাট ১নং বৃহদায়তন সমবায় বিপনন সমিতি**

—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল, PP-308-309

**রেগুলেটিং মার্কেট**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-102-103

**রেশনে নিকৃষ্টমানের চাল গম সরবরাহ**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, P-84

**লালবাগে মহকুমা পশু হাসপাতাল**

—শ্রীমতী ছায়া ঘোষ, PP-562-563

**লোকরঞ্জন শাখার কলাকুশলীর সংখ্যা**

—শ্রী সুভাষ গোস্বামী, P-795

**লোকসভার সাম্প্রতিক নির্বাচনের পর সমাজ বিরোধীদের কার্যকলাপ**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, PP-394-396

**মিক কল্যাণ তহবিল**

—শ্রী সত্যরঞ্জন মাহাতো, PP-302-303

**ত্যেন্দ্রনাথ বসু ইনসটিটিউট অফ ফিজিক্যাল সায়েন্স**

—শ্রী সরল দেব, PP-551-552

**রকার কর্তৃক প্রকাশিত পুস্তিকার পুনর্মুদ্রণ**

—শ্রী অনিল মুখার্জি, P-788

**রকারি স্তরে প্রধান শিক্ষকের শূণ্য পদ**

—শ্রী বিমলকান্তি বসু, PP-9-10

**সাঁইবাড়ি ও হেমন্ত বসু হত্যা মামলা প্রত্যাহার**

—শ্রী নানুরাম রায়, PP-81-83

**সাঁওতালডিহি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ভেল এর যন্ত্রপাতি**

—শ্রী সত্যরঞ্জন মাহাতো, PP-397-398

**নার বিতরণ**

—শ্রী রজনীকান্ত দোলুই, PP-104-105

**সি আই টি ফ্ল্যাট**

—শ্রী নানুরাম রায়, P-110

**সুন্দরবন উন্নয়ন উপদেষ্টা কমিটি**

—শ্রী কৃপাসিন্ধু সাহা, PP-784-785

**স্লুইস গেট**

—শ্রী হাবিবুর রহমান, P-789

**সিতাই থানায় বিদ্যুৎ সরবরাহ**

—শ্রী দীপক সেনগুপ্ত, P-399

**স্পেশ্যাল বাসে যাত্রীদের দাঁড়াইয়া যাওয়া সম্বন্ধে নিষেধাজ্ঞা**

—শ্রী দেবপ্রসাদ সরকার, PP-91-92

**হলদিয়া উন্নয়নে কমিটি গঠন**

—শ্রী বঙ্কিমবিহারী মাইতি, PP-563-564

**হাই ও জুনিয়ার স্কুলের সংখ্যা**

—শ্রী নানুরাম রায়, P-111

হাওড়া আমতা রুটে মিনিবাসের ভাড়া

—শ্রী সন্তোষ কুমার দাস, PP-97-98

**Statement on Calling Attention**

Regarding attacked by anti-socials at Refugee Colony in Jamalpur P.S., Burdwan.

- by Shri Jyoti Basu, PP-408-409

Regarding Construction of Teesta Barrage & Mahananda Barrage

- by Shri Pravas Chandra Roy, PP-201-202

Regarding Irrigation in Rabi and Boro Crops

- by Shri Bhabani Mukherjee, PP-799-800

Regarding staying of outsiders in Law College Hostel at 14, Bidhan Sarani

- by Shri Sambhu Charan Ghosh, PP-569-570

Regarding the Cong.(I) Plan to Seal Rail and Road links with Assam

- by Shri Jyoti Basu, PP-409-410

Regarding murdered by bullet to Rabin Bagdi in the village Shihi, Burdwan

- by Shri Jyoti Basu, PP-407-408

**Supplementary Estimates for the year 1979-80**

Statement on Supplementary Estimates for the year 1979-80

- by Dr. Ashok Mitra, PP-676-677

**Statement Under rule 346.**

Regarding appointment of Spl. Officer to Minister in Charge of Health and Family Welfare

- by Shri Nani Bhattacharyya, P-158

Regarding Joint India-Bangadesh Press Release on sharing of the Ganga Water at Farrakka.

- by Shri Pravas Chandra Roy, PP-203-208

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani, Calcutta - 700 006